Vol. 99 No—IV

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Ninety Ninth Session

(March to June, 1992)

(The 1st, 2nd, 3rd, 4th, 5th, 9th, 18th, 19th, 23rd, 24th, 25th & 26th June, 1992)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor
PROF. SAIYID NURUL HASAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj). Department of Hill Affairs. Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.

2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).

3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs, Department of Urban Development and Department of Municipal Affairs (Including Fire Services Branch).

4. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.

5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise.

6. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.

7. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour.

8. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage .and Small Scale Industries.

9. **Shri Subhas Chakraborti,** Minister in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.

10. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.

11. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of

Panchayats and Department of Rural Development.

12. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

13. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

14. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (excluding Audio-Visual Education) and Integrated Education for Disabled Children in the Department of Education.

15. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

16. **Dr. Ambarish Mukhopadhyay,** Minister-in-charge of Department of Environment and Department of Forests.

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001.

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheauled Castes and Tribes Welfare.

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries.

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shaams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt. Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

Ministers of State

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State for Department of Urban Development and Department of Municipal Affairs under the Minister-in-Charge of Department of Urban Development and Department of Municipal Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Animal Resources Development under the Minister-in-charge of Department of Animal Resources Development.

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha,** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings. K.S. Roy Road, Calcutta-700001.

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension.

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Scheduled Castes and Tribes Welfare

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education. Non-formal Education. Audio Visual Education. Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education no. connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.

45. **Shri Madan Bauri,** Minister-of-State for Home (Civil Defence) Department. .

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
PRINCIPAL OFFICERS & OFFICIALS

Speaker: Shri Hashim Abdul Halim

Deputy Speaker: Shri Anil Mukherjee

SECRETARIAT

Secretary: Shri S. R. Chattopadhyay.

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Puruliа]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranaghat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
44. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
45. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
46. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
47. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
48. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
50. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
51. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
52. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
53. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
54. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
55. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
56. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
57. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
58. Chakraborty, Shrimati Tania (135-Panihati—North 24-Parganas)
59. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
60. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
61. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
62. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)
63. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
64. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
65. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
67. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
68. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
69. Chatterjee, Shri Narbahadur (24-Karsiang-Darjeeling)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
72. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
73. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
74. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
75. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
76. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
77. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
81. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
82. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
83. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
84. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
85. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
86. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
87. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
88. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
89. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
90. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
91. Das, Shri S. R. (258-Barabani—Burdwan)
92. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
93. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
94. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
95. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
96. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
97. De, Shri Partha (251-Bankura—Bankura)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
100. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
101. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
104. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
105. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
106. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
107. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
108. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
111. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
112. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
113. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
114. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
115. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
116. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
117. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
118. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
119. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
120. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
121. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
122. Goswami Shri Arun (180-Serampur-Hooghly)
123. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
124. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
125. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
126. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
127. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
128. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)
129. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
130. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
131. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
134. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
135. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
136. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
137. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
138. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
139. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
140. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
141. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
142. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
143. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
144. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
145. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
146. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
147. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
148. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
151. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
152. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
153. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
154. Kumai, Shri Narendra (23-Darjeeling-Darjeeling)
155. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
156. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
157. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
158. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
159. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
162. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
163. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
164. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

165. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
166. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
167. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
168. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
169. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
170. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
171. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
172. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
173. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
175. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
176. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
177. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Manna, Shri Janmejay (125-Patharpratima—South 24-Parganas)
181. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
182. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
183. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
184. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
185. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
186. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
187. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
188. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
189. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
190. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
191. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
192. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
193. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
194. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
195. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
196. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
197. Mondal, Shri Dhiren (98-Sandeeshkhali (SC) Nadia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

198. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
200. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
201. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
202. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
203. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
204. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
205. Mozammel Hoque, Shri (62-Hariharpara—Murshidabad)
206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
209. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
210. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
211. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
212. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
213. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
214. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
215. Mukhopadhyay, Shri Ambarish (243-Hura-Purulia)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Vacant (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
253. Ray, Shri Sidhartha Sankar (146-Chowringhee-Calcutta)
254. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
255. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
256. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
257. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
258. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
259. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
260. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
261. Roy, Shri Sougata (148-Alipore—Calcutta)
262. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
265. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
266. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
267. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
268. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
269. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
270. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
271. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
272. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
273. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
274. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
275. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
276. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
277. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
278. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
279. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
280. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
281. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
282. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
283. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
284. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
285. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
287. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
294. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Vacant (152-Ballygunge-Calcutta)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 1st June, 1992 at 11-00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 2 Ministers of State and 133 Members.

[11-00 – 11-10 A.M.]

DISCUSSION ON CO-INCIDENCE AT CALCUTTA AIR PORT

শ্রী সত্যরঞ্জন বাপুলি : স্যার, আজকে কোয়েশ্চেন আওয়ার সাসপেন্ড করতে হবে। সাংবাদিকদের বন্ধ করে রাখা হয়েছে। তাঁদের ওপর নিগ্রহ হয়েছে। আজকে মুখ্যমন্ত্রীকে ক্ষমা চাইতে হবে। মুখ্যমন্ত্রীকে এখানে বলতে হবে। স্যার, আজকে কোয়েশ্চেন আওয়ার বন্ধ রাখতে হবে।

মিঃ স্পিকার : বসুন, বসুন। দেখছি কি করা যায়।

শ্রী সৌগত রায় : স্যার, এটা আমাদের ডিমান্ড। আজকে কোয়েশ্চেন আওয়ার সাসপেন্ড করতে হবে। সাংবাদিকদের দমিয়ে রাখবার চেষ্টা করা হয়েছে। আজকে স্যার, আমাদের আলোচনা করতে দিতে হবে।

Mr. Speaker : Mr. Ray, What is your demand?

Shri Siddhartha Sankar Ray : Sir, my demand is very clear. I request you to suspend the Question hour immediately and allow a discussion on the issues. The incidence which was happened at Dum Dum Airport is a very serious matter.

Mr. Spaeker : Mr. Ray, I want to know how many persons of your party would speak?

Shri Siddhartha Sanker Ray : Three or four members of my party would speak. Let us discuss the matter clearly. This is not a small thing which can be ignored. This matter should be discussed thoroughly in the House. We want to know who is responsible for this? Who is running the Police Department? Mr. Buddhadev Babu mentioned that it was happened due to অব্যবস্থা. I want to know who is responsible for this? Why the Pressmen were detained in the lounge and were not allowed to meet Begum Zia–of course I do not want to make any reflection on Begum Zia. I want to know who is responsible for issuing the cards to the

Pressmen in this connection and who is responsible for not allowing the Department? I repeatedly mentioned that the Chief Minister is not capable of running the Home Department alone. He should take the assistance of other ministers. Now I request you to suspend the question hour for the day and allow a debate on this issue. You should ask the Chief Minister to come here and tell us who is responsible for the incidence at the Dum Dum Airport.

Mr. Speaker : I cannot give you the guarantee. I cannot assure you that the Chief Minister will come. I can only suspend the Question Hour with the Consensus of the House for the day. Mr. Ray, how many members of the Opposition will speak on this?

Shri Siddhartha Sankar Ray : Sir, I do not know actually how many members from our side will speak on this. It may be three, four or five.

Mr. Speaker : I want to confine the time within one hour not beyond that.

Shri Siddhartha Sankar Ray : Sir, this is a very serious matter. So, I request you to suspend not only the Question Hour but the Mention Hour. This is now All India issue. I saw it in Delhi paper that something bad has been done that is why I am telling it 'All India issue'. This is a very fundamental issue, very important issue. We request you to give us sufficient time for discussion.

Mr. Speaker : Now, considering the importance of the issue I am willing to suspend the Question Hour. I can allow one hour for discussion. Half an hour will go for you and half an hour will go the Rulling party. You confine your debate within half an hour time. But I cannot suspend the Mention Hour at this stage. Now, proceeed with debate.

Shri Zainal Abedin : Sir, on a point of order. There is a prescribed limit for 2 and 1/2 hours for any discussion. While you have come forward to suspend the Question Hour, equally you will maintain the norm that is available to the Opposition, to suspend the Mention Hour also. The time of the Opposition cannot be curtailed.

Mr. Speaker : The convention of the House is one hour and not more than that. I have been following the convention of this House. I am willing to suspend the Qustion Hour taking into consideration the graveity of the situation and the importance of the issue. I am conceded to your demand and the Government has agreed to it. Now, the Question Hour is

suspended and discussion will be held for only one hour. At this stage, I cannot suspend the Mention Hour.

Shri Gyan Singh Sohanpal : Sir, considering the issue involved you have rightly pointed out that this is a very serious and everyone is concerned about it. Sir, it is our desire that a threadbare discussion should take place and so, the minimum time would be required for two hours. The Leader of the Opposition has made submission under Rule 363–Rule relating to Question Hour–that Question Hour should be suspended and in addition to that we submit that the Mention Hour which provides for one hour for Mention Cases be suspended for the present and thus two hours discussion should take place. This is our submission, Sir.

Shri Siddhartha Sankar Ray : Sir, I am grateful to you for having conceded that this is a very serious issue and I do now know how long it will take because it involves various matters. I remind you, one day when I appeared before his lordship in case. His Lordship granted minor interim order and I told His Lordship—Sir, it is not a part of your paternal property. "Now, I say that this is not your paternal property also. Question Hour, Mention Hour all are the properties of the House. If the House admits then only you can suspend the Question Hour as well as Mention Hour. Why you should not be liberal on this? Liberalism is called for and this question has to be discussed thereadbare. Everybody has something to say. We shall take one hour which is the usual rule of this House, and one hour would go to the Rulling Party. This is my request, not my request, request of the Opposition. I believe, this is the request of a large section of the people of Bengal as well as of India. So, I request you to suspend the Question Hour and also the Mention Hour and allow discussion on this important issue for two hours.

[11-10 – 11-20 A.M.]

Mr. Speaker : Mr. Ray, the quesiton is, we have referred to the convention of this House. We have done it in the past when a very contentious issue has taken place and the gravity of the issue demanded that the question Hour be suspended and the debate takes place. We have confined the debate to one hour alloted for question time. We have never gone beyond that. We have not done it. And today also feeling the gravity of the situation, taking the concensus of the House I have agreed to drop the Question Hour on your demand and have a debate on this issue. It is not a question of parting with paternal property or personal property because I have no property paternal property or personal property to give to this House. Whatever property it is, it belongs to you, the members,

not to me. Now, Mention Hour belongs to the House. If the Rulling Party agrees to forego mention Hour, then I can forgo it. If they do not agree I cannot forego it.

Shri Siddhartha Sankar Ray : If I may be permitted, the House is agreeing go the Question Hour being given up, The House is agreeing that the Mention Hour be given up. So we have two hours.

Mr. Speaker : If the House agreed to give up one hour then I can agree. If the House does not agree what can I do? Here is also Ruling Party on that.

Shri Siddhartha Sankar Ray : The House has agreed to give up the Question Hour.

Mr. Speaker : Not uptill now.

Shri Siddhartha Sankar Ray : Let us ask them. Let the Rulling Party say that they are not interested to discuss this. Let the Rulling Party say that they are not willing to discuss this for more than one hour. What is the impertinence? If we are bloody minded we can go on taking this matter in Mention Hour.

Mr. Speaker : Let the Rulling Party have their say on this. Yes, Shri Manabendra Mukherjee.

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাব কারণ একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনি আলোচনা করার জন্য অনুমতি দিয়েছেন। প্রশ্নোত্তর পর্ব স্থগিত রেখে দমদম বিমানবন্দরে সাংবাদিকদের ক্ষেত্রে যে ঘটনা ঘটেছে সে সম্পর্কে আলোচনা হবে। অতীতেও এর নজির আছে যে আমরা প্রশ্নোত্তর পর্ব স্থগিত রেখে আলোচনা করেছি বিভিন্ন বিষয়। কাজেই স্যার, অতীতের মতনই আমার প্রস্তাব হচ্ছে, প্রশ্নোত্তর পর্ব স্থগিত রেখে বিষয়টি আলোচনা করা হোক এবং মেনশন আওয়ার সেটাকে সাসপেন্ড করার কোনও প্রয়োজন নেই। এক ঘন্টা সময় যথেষ্ট এ বিষয়ে যথাযোগ্য আলোচনা করার। সরকার পক্ষ যেহেতু রাজি হয়েছেন এ সম্পর্কে আলোচনা করতে অতএব এ ক্ষেত্রে তারা যা করেছেন সেটা বলবেন। কাজেই এক ঘন্টাই আমার মনে হয় যথেষ্ট এবং এরজন্য মেনশন আওয়ার সাসপেন্ড করার কোনও প্রয়োজন অন্তত আমরা দেখছি না।

(গোলমাল)

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউস শুরু হওয়ার সাথে সাথেই বিরোধীদলের সহকারি নেতা শ্রী সত্য বাপুলি মহাশয় বলতে উঠে যা বললেন তাতে তার ডিমান্ডই ছিল...

(গোলমাল)

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ স্যার, এখানে বিনয়বাবু, বুদ্ধদেবাবু আছেন, আমি জানতে চাই তাঁরা কি বলছেন? উনি একজন জুনিয়র মেম্বার বললেন। আমি শুনতে চাই বিনয়বাবু, বুদ্ধদেববাবু কি বলেন। তাঁরা কি বলতে চান যে ব্যাপারটা এত সিরিয়াস নয়?

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ ব্যাপারটা শুনুন। আমি বুঝেছি যে আপনারা এর একটা এনকোয়রি চান। এনকোয়ারি আমরা করব। এরজন্য এক ঘন্টা সময়ই যথেষ্ট। আমরা রাজি হব যে এনকোয়ারি হোক। এক ঘন্টার ভেতর ৫০ মিনিট আপনারা বলুন, ১০ মিনিট বুদ্ধদেববাবু বলবেন।

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ ঠিক আছে, আমরা ৫০ মিনিট বলব। এখন বলুন, মুখ্যমন্ত্রী আসবেন কিনা? রুলিং পার্টি বলুন যে মুখ্যমন্ত্রী এখানে আসবেন কিনা?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় স্পিকার মহাশয়, বিরোধিদলের পক্ষ থেকে আলোচনা চাওয়া হয়েছে এবং সে আলোচনা হবে। তাদের যা বক্তব্য আছে তা তারা বলবেন এবং আমাদের যা বক্তব্য আছে আমরা তা বলব। বিরোধীদলের নেতা মুখ্যমন্ত্রীর বিষয় বলছেন। মুখ্যমন্ত্রী রাইটার্সে আছেন। আমার ধারণ--এখানে বিনয়বাবু আছেন, আমি আছি, মন্ত্রী সভার অন্যান্য সদস্যরা আছেন, আমরা আলোচনায় আপনাদের খুশি করতে পারব। মুখমন্ত্রী ছাড়া আলোচনা হতে পারে না, এই কথা বলবেন না। আর যদি আমরা আলোচনা করে যদি সিদ্ধান্ত নিই, --আমি সকালে আজকে মুখ্যমন্ত্রীর সঙ্গে এই বিষয়ে কথা বলে এসেছি, এই রকম একটা আলোচনা এখানে হলে, আমাদের সরকারি সিদ্ধান্ত কি হবে। এই বিষয়ে আমরা যখন সময় পাব, তখন আমাদের বক্তব্য আপনাদের কাছে বলব।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা অ্যাবনরম্যাল সিচুয়েশন এখানে হয়েছে। গত ২৮ তারিখে কলকাতা বিমান বন্দরে যে ঘটনা ঘটে গেছে, আপনিও এই ঘটনার গ্রাভিটিটা স্বীকার করেছেন। আমাদের দাবি, হাউসের দাবি অনুযায়ী এখানে আপনি আলোচনা করার সুযোগ দিয়েছেন। আমি আপনার কাছে অনুরোধ করব যাতে এই ব্যাপারটা সকলে মিলে থ্রেড বেয়ার আলোচনা করতে পারি. বিষয়টা যাতে পরিষ্কার হয় এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার কাছে আমি আবেদন করব, সরকার পক্ষের কাছে আবেদন করব এবং পশ্চিমবাংলার জনসাধারণও আশা করবে এই রকম একটা গুরুত্বপূর্ণ আলোচনায় স্বয়ং মুখ্যমন্ত্রী তিনি ঐ দিন বিমানবন্দরে উপস্থিত ছিলেন আজকে এই আলোচনায় তিনি উপস্থিত থেকে বিষয়টা সম্পর্কে বলুন।

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ আমি আজকে রিকোয়েস্ট করছি, আমি মানতে রাজি নই, একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে মুখ্যমন্ত্রী আসবেন না এটা হতে পারে না। আমার দাবি এখানে মুখ্যমন্ত্রীকে আসতে বলতে হবে, কি ঘটেছিল সেটা বলতে হবে।

(গোলমাল)

যদি তিনি না আসেন তাহলে এই বিষয়টা নিয়ে আমরা বাংলার গ্রামে গ্রামে বলব। কাজেই আমি আবার দাবি করছি মুখমন্ত্রী এখানে উপস্থিত হোন এবং আমাদের বিষয়টা জানান, আলোচনা হোক। তাঁকে এখানে আসতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খবর পাঠান মুখ্যমন্ত্রীকে, এই দাবি এখান থেকে উঠেছে। তারপর যদি তিনি না আসেন, আমি দেখে নেব কি করা যেতে পারে।

(গোলমাল)

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা, আমাদের ভয় দেখাচ্ছেন, উনি গ্রামে গ্রামে গিয়ে বলবেন বলছেন। গ্রামে গ্রামে গিয়ে আমরাও বলব, আপনারা গ্রামে গ্রামে গিয়ে যা মিটিং করেন, তার থেকে আমরা অনেক বেশি মিটিং করি। আপনি আমাদের ভর্ৎসনা করবেন না। মুখ্যমন্ত্রীকে প্রয়োজন হলে আমরা এখানে উপস্থিত হওয়ার জন্য ডেকে আনব।

Mr. Speaker : The questions for today will be laid on the Table.

HELD OVER STARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Legal Aid

*14. (Admitted Question No. *190) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state–

(a) whether the progress of implementation of the Legal Aid Schemes in West Bengal is commensurate with the schedule and target fixed for this purpose ;

(b) if not the reasons thereof ;

(c) the number of persons so far benefited through this programmes; and

(d) the number and type of cases so far settled though Lok Adalats in West Bengal?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) কোনও তফসিল বা লক্ষ্যমাত্রা নির্দিষ্ট ছিল না। সরকারের লক্ষ্য মতো বেশি সংখ্যক সম্ভব ব্যক্তিকে আইনগত সাহায্য দেওয়া।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ৩১৩৩৯ (১.১.৮২ হইতে ৩১.১২.৯১ এর মধ্যে)

(ঘ) সংখ্যা -- ২২৭৮ কেবলমাত্র মোটর দুর্ঘটনা জনিত মামলার আপোস মীমাংসা হয়েছে।

মুর্শিদাবাদ জেলায় নবাব এস্টেটের জলকর

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৭) **শ্রী তোয়াব আলি ঃ** বিচার বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) মুর্শিদাবাদ জেলার নবাব এস্টেট-এর জলকরের পরিমাণ কর;

(খ) এই জলকর থেকে বার্ষিক আয় কত ; এবং

(গ) এই জলকর (১) কিভাবে এবং (২) কাদের মধ্যে বিতরণ করা হয়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) সর্বমোট ৪৭৪.৫ একর (চারিশত চুয়াত্তর দশমিক পাঁচ একর)

(খ) বাৎসরিক আয় ২,৭৬,৫২৫.১৯ (দুই লক্ষ ছিয়াত্তর হাজার সাতশ পঁচিশ টাকা উনিশ পয়সা)।

(গ) (১) টেন্ডারের মাধ্যমে

(২) মৎস্যজীবী শ্রেণীর মধ্যে

কালিদাসপুর কোলিয়ারির জন্য অধিগৃহীত জমির ক্ষতিপূরণ

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২০) **শ্রী অঙ্গদ বাউরি ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ইহা কি সত্য যে, কালিদাসপুর কোলিয়ারির জন্য অধিগৃহীত অর্ধগ্রাম ও বাঁকুলিয়া মৌজার বহু জমির মালিক এখনও কোনও ক্ষতিপূরণ পান নি ;

(খ) সত্যি হলে,

(১) এইরূপ ব্যক্তির সংখ্যা কত ; এবং

(২) প্রাপ্য ক্ষতিপূরণ মেটানোর জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন/করছেন?

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রী ঃ– (ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) ১১৫৬ জন (প্রায়)

(২) ভূমি (অধিগ্রহণ ও ভূমিগ্রহণ) ১৯৪৮ আইনের ৪ নং ধারার ১এ উপধারা অনুযায়ী ৫টির মধ্যে প্রজ্ঞাপন ২-টির ক্ষেত্রে সরকারি গেজেটে ছাপানো হয়েছে। বাকি ৩টির ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হইতেছে। ক্ষতিগ্রস্থ ব্যক্তির প্রকৃত সংখ্যা ঐ আইনের ৭ নং ধারা অনুযায়ী নিরূপণ করিয়া ক্ষতিপূরণের টাকা দেওয়ার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

গোকুলপুরে পিগ আয়রণ কারাখানার জন্য জমি

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪৬) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গোকুলপুরে টাটা কোম্পানির পিগ আয়রণ কারখানা তৈরির জন্য সরকার জমি অধিগ্রহণ করছেন?

(খ) সত্যি হলে,

(১) কত পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে ;

(২) অতিরিক্ত কত পরিমাণ জমি অধিগ্রহণের পরিকল্পনা/প্রস্তাব রয়েছে ; এবং

(গ) কি হারে একর প্রতি জমির ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে?

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) হ্যাঁ।

(খ) (১) ২১৭.২৩ একর।

(চ) অতিরিক্ত জমি অধিগ্রহণের কোনও প্রস্তাব এখনও পাওয়া যায়নি।

(গ) কয়েকটি ক্ষেত্রে একর প্রতি ২২,০১৫.৫০ টাকা হিসাবে।

অপর কয়েকটি ক্ষেত্রে উচ্চতর হারে ক্ষতিপূরণসহ একর প্রতি ২৬,৮৯১.০০ টাকা হিসাবে।

Starred Question
(to which written answers were laid on the Table)

Industrial Training Institutes/Centres

*883. (Admitted Question No. *2128) **Dr. Tarun Adhikary and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Technical Education and Training Department be pleased to state–

(a) whether it is a fact that the seating capacity in the industrial training institutes/Centre in West Bengal was not fully utilised during 1990 and 1991 ;

(b) if so–

(i) the seating capacity and the number of such seats which could not be utilised during 1990 and 1991 ; and

(ii) the reasons thereof?

Minister-in-charge of Labour Deptt. :– (a) Yes.

(b) (i) The total seating capacity for 18 ITIs & ITC in W.B. is 9896.

The Nos. of unutilised seats during 1990 & 1991 are 2683.

(ii) The reasons are shortage of Instructors ; Failure of selected trainees to turn up for admission within Schedule date.

(b) After a few months of admission some Trainees lesft thereby creating vacancies.

রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিধানসভায় গৃহীত বিল

*৮৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৯) **শ্রী দিলীপ মজুমদার ও শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ** ঃ আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) এটা কি সত্যি যে, রাজ্য বিধানসভায় গৃহীত কয়েকটি বিল রাষ্ট্রপতির সম্মতি না পাবার ফলে কার্যকর করা সম্ভব হচ্ছে না ;

(খ) সত্যি হলে, বিলগুলি কি কি ; এবং

(গ) সম্মতি পেতে বিলম্বের কারণ কি?

আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) বিলগুলির নাম এইরূপ ঃ–

1. The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1981.

2. The Trade Unions (West Bengal Amendment) Bill, 1983.

3. The Industrial Disputes (West Bengsl Amendment) Bill, 1984.

4. The West Bengal Housing Board (Amendment) Bill, 1986.

5. The Limitation (West Bengal Amendment) Bill, 1986.

6. The Siliguri Municipal Corporation Bill, 1989.

7. The Asansol Municipal Corporation Bill, 1989.

8. The Chandernagore Municipal Corporation Bill, 1989.

9. The Howrah Municipal Corporation (Second Amendment) Bill, 1990.

(গ) জানা নাই।

গাইঘাটা পঞ্চায়েত সমিতিকে উন্নয়নখাতে বরাদ্দ

*৮৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৩) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) উত্তর ২৪-পরগনা জেলার গাইঘাটা পঞ্চায়েত সমিতিকে ১৯৯০-৯১ ও ১৯৯১--৯২ আর্থিক বছরে উন্নয়নমূলক কাজের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(খ) ঐ সময়ে, কোথায় কোথায় কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা পঞ্চায়েত সমিতিকে বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য ১৯৯০-৯১ এর আর্থিক বছরে মোট ৩২,৩৪,৫২৬ টাকা এবং ১৯৯১-৯২ এর আর্থিক বছরে মোট ৪৬,৭৫,৭০৬ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) ১৯৯০-৯১ সালে জহর রোজগার যোজনায় সামাজিক বনসৃজন, ব্রিজ, কুটির, বিদ্যালয় গৃহ এবং রাস্তা নির্মাণ, খালখনন ইত্যাদি জেলা পরিকল্পনার অধীনে প্রাচীর নির্মাণ, অপারেশন ব্লাকবোর্ড প্রকল্পে স্কুলের মেরামতি এবং তাছাড়া পানীয় জলের নলকুপ খনন, উন্নতি সাধন, মেরামত কাজ ইত্যাদি হয়েছে।

এই বছরে জহর রোজগার যোজনায় রাস্তা, গৃহ ইত্যাদি নির্মাণ, খালখনন সামজিক বনসৃজন প্রভৃতি জেলা পরিকল্পনায় সেতু নির্মাণ, নলকুপ খনন, অপারেশন ব্লাকবোর্ড প্রকল্পে স্কুলবাড়ি, গৃহনির্মাণ, মেরামতি এবং তাছাড়া নলকুপের উন্নতি সাধন ইত্যাদি কাজ হয়েছে।

আইনজীবীদের সামাজিক নিরাপত্তা

*৮৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৫) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

আইনজীবীদের সামজিক নিরাপত্তার ব্যাপারে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– পশ্চিমবঙ্গ আইনজীবী কল্যাণ তহবিল আইন, ১৯৯১--নামে একটি আইন পাস হয়েছে।

*** ৮৮৭- হেল্ড ওভার**

চর গোবিন্দরামপুর মৌজার জমির পরিমাণ

*৮৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৯) **শ্রী আবুল হাসনাত খান ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, পূর্বে মালদা জেলার সঙ্গে যুক্ত চর গোবিন্দরামপুর মৌজা

সরকারি গেজেট নোটিফিকেশন বুকে মুর্শিদাবাদ জেলার সাথে যুক্ত হয়েছে ;

(খ) সত্যি হলে, এই মৌজায় জমির পরিমাণ কত ; এবং

(গ) এই চরে মুর্শিদাবাদ জেলার প্রশাসনিক নিয়ন্ত্রণ এসেছে কি?

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) হ্যাঁ।

(খ) ১০০৩.০০ একর।

(গ) হাইকোর্টের আদেশের বলে এই চর মুর্শিদাবাদ জেলার প্রশাসনিক নিয়ন্ত্রণে আনা সম্ভব হয় নাই যদিও সরকারের তরফ থেকে এই নিয়ন্ত্রণে আনার জন্য সব রকম ব্যবস্থা করা হয়েছে।

কুন্দখালি–গোদাবর গ্রাম পঞ্চায়েতে দুর্নীতি

*৮৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮৬) **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪ পরগনা জেলার কুলতলি পঞ্চায়েত সমিতির এলাকাধীন মেরীগঞ্জ ২ এবং কুন্দখালি-গোদাবর গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে সরকারি অর্থ আত্মসাৎ করার আভিযোগ পাওয়া গেছে ; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে কি কি প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) হ্যাঁ, সত্য। বি.ডি.ও কুলতলি একটি অভিযোগ পেয়েছেন।

(খ) বিষয়টি বি.ডি.ও-এর তরফ থেকে তদন্তের জন্য একজন আধিকারিককে নিযুক্ত করা হয়েছে। তদন্তের কাজ চলছে।

দিঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার জন্য জমি অধিগ্রহণ

*৮৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০২। **শ্রী মৃণালকান্তি রায় ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) দিঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ডিপো নির্মাণের জন্য জমি অধিগ্রহণ ও পরিবহন বিভাগকে হস্তান্তরকরণের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) কবে নাগাদ এই কাজ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) বর্তমানে ১.৮৪ একর পরিমিত জমির দখল দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থাকে ৯.১২.৮৯ তারিখে প্রয়োজনীয়

শর্তাবলির স্থিরীকরণ সাপেক্ষে হস্তান্তর করা হইয়াছিল। পরবর্তী পর্যায়ে অবশিষ্ট ১.৩৭ একর পরিমিত জমির দখল উক্ত সংস্থাকে হস্তান্তর করার বিষয়টি উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের বিবেচনাধীন।

(খ) ১.৩৭ একর পরিমিত জমির দখল হস্তান্তরের ব্যাপারটি যথা সম্ভব শীঘ্রই কার্যকর করা হবে। সুনিশ্চিত সময় সীমা বলা কঠিন।

পঞ্চায়েতগুলির অডিট

*৮৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১৯৮৯--৯০ ও ১৯৯০--৯১ আর্থিক বছরের জন্য কতগুলি গ্রাম পঞ্চায়েত/পঞ্চয়েত সমিতি/জেলাপরিষদের অডিট সম্পূর্ণ হয়েছে ; এবং

(খ) উপরের ত্রিস্তর পঞ্চায়েতের কতগুলির অডিট এখনও বাকি আছে?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) ১৯৮৯--৯০ ও ১৯৯০--৯১ আর্থিক বৎসরের জন্য যথাক্রমে ১৯৪০ টি ও ৮৪১টি গ্রাম পঞ্চায়েতের অডিট সম্পূর্ণ হয়েছে।

১৯৮৯--৯০ আর্থিক বছরের জন্য ৩টি পঞ্চায়েত সমিতির অডিট সম্পূর্ণ হয়েছে এবং ১৯৯০--৯১ আর্থিক বছরের জন্য কোনও পঞ্চায়েত সমিতির অডিট সম্পূর্ণ হয়নি। ১৯৮৯--৯০ ও ১৯৯০--৯১ আর্থিক বছরের জন্য শিলিগুড়ি মহকুমা পরিষদ সহ কোনও জেলা পরিষদের অডিট সম্পূর্ণ হয়নি।

(খ) ১৯৮৯--৯০ ও ১৯৯০--৯১ আর্থিক বৎসরের জন্য যথাক্রমে ১৩৬৪টি ও ২৪৬৩টি গ্রাম পঞ্চায়েতের অডিট বাকি আছে। ১৯৮৯--৯০ ও ১৯৯০--৯১ আর্থিক বৎসরের জন্য যথাক্রমে ৩৩৬টি ও ৩৩৯টি পঞ্চায়েত সমিতির অডিট বাকি আছে।

১৯৮৯--৯০ ও ১৯৯০--৯১ আর্থিক বৎসরের জন্য ১৫টি জেলা পরিষদ এবং জেলা পরিষদের সমমর্যাদা ও ক্ষমতাসম্পন্ন শিলিগুড়ি মহকুমা পরিষদের অডিট বাকি আছে।

ডায়মন্ডহারবার মহাকুমায় নতুন আদালত ভবন

৮৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪৫) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ইহা কি সত্যি যে, ডায়মন্ডহারবার মহকুমা শহরে ফৌজদারি ও দেওয়ানি আদালত-এর নতুন ভবন নির্মাণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এবং কোন স্থানে ঐ নির্মাণ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

গ্রামীণ কর্মসংস্থানে বরাদ্দকৃত অর্থ

*৮৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৪৬) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) রাজ্য সরকার (১) গ্রামীণ কর্মসংস্থানের জন্য ১৯৯১--৯২ সালের আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে ;

(২) এই সময়কাল পর্যন্ত কত টাকা ব্যয় করা হয়েছে;

(খ) উক্ত প্রকল্পের মাধ্যমে এই আর্থিক বছরে

(১) কতজন বেকার যুবক-যুবতির কর্মসংস্থান করা হয়েছে ; এবং

(২) কি কি কর্মসংস্থানের মাধ্যমে কত টাকা ব্যয় করা হয়েছে?

গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) (১) ১৯৯১--৯২ আর্থিক বছরে জওহর রোজগার যোজনায় গ্রামীণ কর্মসংস্থানের জন্য রাজ্য সরকার মোট ২২৭৬.৩৬ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। কেন্দ্রীয় সরকার উক্ত প্রকল্পে ১০৪১৩.৯৪ লক্ষ টাকা বরাদ্দ করেছেন।

(২) উক্ত সময়কাল পর্যন্ত মোট ১৯১০৬.১৯ লক্ষ টাকা এই কাজে ব্যয় করা হয়েছে।

(খ) (১) উক্ত প্রকল্পের মাধ্যমে ১৯৯১--৯২ আর্থিক বছরে ৪৭৭.০৯ লক্ষ শ্রম দিবস সৃষ্টি হয়েছে।

(চ) নিম্নলিখিত কর্মসংস্থানের মাধ্যমে মোট ১৯১০৬.১৯ লক্ষ টাকা খরচ করা হয়েছে। সেচের জন্য কুয়ো খনন, সেচের পুকুরখনন, ফিল্ড চ্যানেল, বন্যা প্রতিরোধক কাজ, ভূমি সংরক্ষণ ও ভূমি উন্নয়ন, রাস্তা নির্মাণ, প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ, পঞ্চায়েত গৃহ নির্মাণ, স্যানিটারি পায়খানা নির্মাণ, ইন্দিরা আবাস যোজনা, মিলিয়ন ওয়েলস প্রকল্প, বন সৃজন, গাছ লাগান, সামাজিক বন সৃজন ইত্যাদি। ১৯৯১–৯২ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন প্রকল্পে খরচের হিসাব নিচে দেওয়া হল।

	লক্ষ টাকা
১। সেচের কুয়ো খনন	
২। সেচের পুকুর খনন	
৩। ফিল্ড চ্যানেল	২৪০৩.৬৫

৪। বন্যা প্রতিরোধক ব্যবস্থা	
৫। ভূমি সংরক্ষণ ও ভূমি উন্নয়ন ইত্যাদি	
৬। রাস্তা ও সড়ক নির্মাণ	৪১৫২.৬২
৭। প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ	
৮। পঞ্চায়েত গৃহ নির্মাণ	
৯। স্যানিটারি পায়খানা গৃহ নির্মাণ ইত্যাদি	
১০। ইন্দিরা আবাস যোজনা	৫৯৪.৭৮
১১। মিলিয়ন ওয়েলস প্রকল্প	১৭৭৮.২৬
১২। সামাজিক বন সৃজন ইত্যাদি	১১৭৭.৪১
	১০১০২.৭২

কম্পিউটার প্রশিক্ষণ বিদ্যালয়

*৮৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯০।) **শ্রী দীপক মুখার্জি ঃ** কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) কম্পিউটার শিক্ষার জন্য এই রাজ্যে স্কুল খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কোথায় উক্ত স্কুলগুলি স্থাপিত হবে বলে আশা করা যায়?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) এ রাজ্যের দারিদ্র সীমার নিচে বাস করেন এমন বেকার যুবক যুবতিদের জন্য কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে কম্পিউটার প্রশিক্ষণ ব্যবস্থার প্রবর্তন করার বিষয়টি কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ এবং পুর ও নগর উন্নয়ন দপ্তর আলোচনাক্রমে যৌথভাবে বিবেচনা করছেন।

(খ) বিষয়টি চূড়ান্তভাবে স্থিরিকৃত হলে সিদ্ধান্ত নেওয়া হবে।

* 995- Held Over

সি.এ.ডি.সি. কেন্দ্র

*৮৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৬৭) **শ্রী নটবর বাগদি ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) রাজ্যে সি.এ.ডি.সি.-র কতগুলি কেন্দ্র (সেন্টার) আছে ; এবং

(খ) ১৯৯১--৯২ আর্থিক বছরে উল্লিখিত কেন্দ্রগুলিতে উন্নয়নখাতে ব্যয়ীকৃত অর্থের পরিমাণ কত?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) পশ্চিমবঙ্গের দক্ষিণ দিনাজপুর ও দক্ষিণ ২৪-পরগনা জেলা ব্যতীত সবকয়টি জেলায় মোট ২১টি সুনির্দিষ্ট প্রকল্প অঞ্চল ও বাঁকুড়া জেলার সোনমুখী ব্লকে অবস্থিত একটি কৃষি বিজ্ঞান কেন্দ্র আছে।

৫,৬৯,৩০,০০০.০০ (পাঁচ কোটি উনসত্তর লক্ষ তিরিশ হাজার টাকা)

কুলতলি ব্লকে বে-আইনি ইঁটভাটা

*৮৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৯২) **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪ পরগনা জেলার কুলতলি ব্লকের জালাবেড়িয়া, কীর্ত্তণখোলা এবং মেরীগঞ্জ মৌজায় বে--আইনি ইঁটভাটা চলছে ;

(খ) সত্যি হলে, ঐ বেআইনি ইঁটভাটার বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) উক্ত ইঁটভাটাগুলি কত পরিমাণ কৃষি জমি নষ্ট করেছে?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) হ্যাঁ। তিনটি বেআইনি ইঁটভাটার সন্ধান পাওয়া গেছে।

(খ) বে-আইনি ইটঁভাটার কাছ থেকে মাটির মূল্য আদায় করা হচ্ছে এবং ভবিষ্যতে অবৈধভাবে মাটি কাটা বন্ধ করার জন্য নির্দেশ জারি করা হয়েছে।

(গ) বিস্তারিত বিবরণ খতিয়ে দেখা যাচ্ছে যে অনুমোদিত ইঁটভাটার জন্য ৮.৫২ শতক কৃষি জমি নষ্ট হয়েছে।

এন.টি.সি-র কারখানার জমি বিক্রয়

*৮৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে এন.টি.সি-র কয়েকটি কারখানার জমি বিক্রি করার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন চাওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) হ্যাঁ। রাজ্য এন.টি.সি কয়েকটি কারখানার জমি বিক্রি করার জন্য অনুমোদন চেয়েছে।

(খ) বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

বনগ্রাম পঞ্চায়েত সমিতিকে উন্নয়নখাতে বরাদ্দ

*৮৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৫।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পঞ্চায়েত বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনার বনগ্রাম পঞ্চায়েত সমিতিকে ১৯৯০—৯১ এবং ১৯৯১—৯ আর্থিক বছরে (ফেব্রুয়ারি ১৯৯২ পর্যন্ত) উন্নয়নমূলক কাজের জন্য মোট কত টাকা বরা করা হয়েছে ; এবং

(খ) ঐ সময়ে, কোথায় কি কি উন্নয়নমুলক কাজ হয়েছে?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) ১৯৯০--৯১ আর্থিক বছরে এবং ৯১ -৯২ আর্থিক বছরে বনগাঁ পঞ্চায়েত সমিতিকে উন্নয়নমূলক কাজের জন্য যথাক্রমে মো ২৮,৪২,০০০ টাকা এবং ৬,১০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) ১৯৯০--৯১ আর্থিক বছরে জে.আর. ওয়াই প্রকল্পে কুটির, রাস্তা, ড্রেন নির্মাণ খালখনন, জেলা পরিকল্পনা তহবিল থেকে রাস্তা নির্মাণ, পানীয় জলের নলকূপের উন্নতিসাধন ইত্যাদি কাজ হয়েছে। ১৯৯১--৯২ আর্থিক বছরে জে.আর.ওয়াই প্রকল্পে সামাজিক বনসৃজন জেলা পরিকল্পনা তহবিল থেকে বিদ্যালয় গৃহ মেরামতি, পানীয় জলের নলকূপ বসানো ইত্যাদি হয়েছে।

তফসিলিভুক্ত জাতি/উপজাতিদের জন্য বিশেষ আদালত গঠন

*৯০০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৬) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, তফসিলিভুক্ত জাতি, উপজাতিদের আইনগত সমস্যা সমাধানের জন্য বিশেষ আদালত গঠন করার পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্যি হলে, কোথায় কোথায় তা গঠন করা হবে?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ– (ক) না। তবে ১৫.২.৯০ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ১৭টি জেলা দায়রা আদালতে Prevention of Atrocities Act এর ১৪নং ধারা অনুযায়ী মামলাগুলি বিচার করার জন্য বিশেষ আদালত রূপে চিহ্নিত করা হইয়াছে।

(খ) প্রশ্ন ওঠে না।

DISCUSSION ON THE ALLEGED HARASMENT OF JOURNALISTS AT CALCUTTA AIR PORT

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের কয়েক সহস্র বছরের যে গৌরব সেই গৌরব আজকে ক্ষুন্ন করা হয়েছে। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারি যে

সংবিধান আমরা নিয়েছিলাম, তার ১৯ নম্বর আর্টিকেলে এই কথা পরিষ্কার ভাবে বলা আছে, আমদের এখানে যে অধিকার আছে, সাংবাদিক নয় শুধু, সাধারণ মানুষের যে অধিকার আছে টু অ্যাসেম্বল ফর পিসফুল পারপাস--আপনি জানেন আর্টিকেল ১৯এ এখানে একটা ফ্রীডম অব প্রেসের কথা বলা আছে। সেদিন একজন ফরেন ডিগনিটারি পাশ করছেন, হেড অব দি স্টেট পাশ করছিলেন, এটা আমাদের ভারতবর্ষের গৌরব, আমাদের আতিথেয়তার গৌরব, কিন্তু ওখানে স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্ব পড়েছে বোধ হয় কংগ্রেস পেলে মার, বামফ্রন্টের বিরোধীদের পেলে তাদের মার। এখানে এই আলোচনার সময় স্বরাষ্ট্র দপ্তরের কোনও মন্ত্রী নেই। সেদিন সিকিউরিটি পাশ দেওয়া হয়েছিল সাংবাদিকদের, সেখানে সেদিন লিডার অব দি অপোজিশন এবং আমরা উপস্থিত ছিলাম, সৌগত বাবুও ছিলেন, শ্রীমতী রুবি নুরও ছিলেন, মুখ্যমন্ত্রী তো ছিলেনই উই ওয়্যার ইনভাইটেড। ইট ওয়াজ গ্রেসফুল অব হার্ট। এছাড়াও আদার বিরাট অফিসিয়্যাল বাহিনী ছিলেন।

[11-20 – 11-30 A.M]

আমরা দেখলাম ক্যামেরা এবং অন্যান্য যন্ত্রপাতি সিকিউরিটিতে অ্যালাউ হল হোয়াই উইথ এ স্মল নোট বুক অ্যান্ড এ পেন সাংবাদিকরা অ্যালাও হল না? সাংবাদিকদের লাঠি দিয়ে ঠেলে একটা ঘরের মধ্যে ঢুকিয়ে আটকে রাখা হল। এই ঘটনা বাংলার কলঙ্ক। এরজন্য বুদ্ধদেববাবুকে ক্ষমা চাইতে হবে। সরকার পক্ষ এবং আমাদের পক্ষের লোকদের নিয়ে কমিটি করে এর তদন্ত করতে হবে। অফিসারদের দিয়ে তদন্ত করানো চলবে না। আমি মাননীয় সংস্কৃতি মন্ত্রীর কাছে জানতে চাইছি পশ্চিমবঙ্গে কোনও পুলিশ মন্ত্রী আছে কিনা? পশ্চিমবাংলায় আইনের শাসন আছে কিনা? পশ্চিমবঙ্গে এই সরকার তথা পুলিশের কাছে দুটো লক্ষ্য আছে, কংগ্রেস পেটাও আর সি.পি.এম এর বিরুদ্ধে যে যাবে তাকে পেটাও। কমল গুহ বললে, তাঁকে পেটাও, যতীন চক্রবর্তী বললে, তাঁকে পেটাও, ভক্তিমন্ডল কিছু বললে পেটাও।

(গোলমাল)

রাজ্যে কোনও আইনের শাসন নাই। সংবিধান এখানে প্রযোজ্য হচ্ছে না। সাংবাদিকদের কোনও স্বাধীনতা নেই। আমরা দেখছি মুখ্যমন্ত্রী নিয়মিত পুলিশদের কাছে ঘোষণা করছেন, 'বুর্জোয়া সংবাদপত্রের কন্ঠ রোধ কর'। আমরা নিয়মিতভাবে লক্ষ্য করছি রাজ্যে 'গণশক্তি' ছাড়া সব কটি সংবাদপত্রের কণ্ঠকে দাবিয়ে রাখার চেষ্টা হচ্ছে যাতে সত্য সংবাদ প্রকাশিত না হয়। এই অবস্থার মধ্যে যে ঘটনা ঘটেছে তাতে আমরা অত্যন্ত বিচলিত। স্যার, আপনি জানেন কোনও হেড অফ দি ফরেন স্টেট আমাদের রাজ্যে এলে রাজ্য সরকারের তরফ থেকে একজন মিনিস্টার-ইন ওয়েটিং এবং কেন্দ্রীয় সরকারের তরফ থেকে একজন মিনিস্টার-ইন ওয়েটিং থাকেন। কিন্তু আমরা ওখানে আশ্চর্য হয়ে দেখলাম কার্টসি এক্সটেণ্ডেড টু দি হেড অফ এ ফরেন স্টেট হবার পর মাননীয় মুখ্যমন্ত্রী একটা সিক্রেট ডিস্কাশনে গিয়েছিলেন, কিন্তু সেখানে কেন্দ্রীয় সরকারের যিনি মিনিস্টার-ইন-ওয়েটিং ছিলেন তাঁর সেখানে যাবার অধিকার ছিলনা। তাঁকে সেখানে যেতে দেওয়া হয়নি। এটা কি প্রোটকল অনুযায়ী হয়েছে?

আমি জানি না, আমার এতখানি এক্সপিরিয়েন্সি নেই। স্যার, আপনি গোটা বিশ্ব দেখে বেড়িয়েছেন, আপনি জানেন। কিন্তু আমার মনে হয় আজকে এটা ভারত সরকারের জানা দরকার যে তাঁদের মধ্যে কি করা হয়েছে। উই দাউট দি অ্যাটেনডেন্স অফ দি মিনিস্টার-ইন-ওয়েটিং উইথ দি হেড অফ এ ফরেন স্টেট, তাঁদের মধ্যে কি কথা হল তা ভারত সরকারের জানা দরকার এই কথা বলে আমি দাবি করছি এ বিষয়ে তদন্ত করার জন্য এই হাউসের থেকেই একটা এনকোয়ারি কমিটি তৈরি হোক আন্ডার দি লিডারশিপ অফ দি লিডার অফ দি অপোজিশন। এই দাবি আমি করছি।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয়, অধ্যক্ষ মহাশয়, এই ঘটনায় পশ্চিমবঙ্গ সরকার সাংবাদিকদের এবং ফটোগ্রাফারদের একটা ঘরে আটকে রেখে পশ্চিমবাংলার ভাব-মূর্তি, শিক্ষা, সংস্কৃতি, কৃষ্টিকে বিশ্বের চোখে ধ্বংস করে দিয়েছে। আজকে সাংবাদিকদের সঙ্গে যে ব্যবহার করা হল তাতে আমাদের রাজ্যের মাথা হেঁট হয়ে গেছে। আমরা খুব বড় করে বলতাম--পশ্চিমবাংলা অনেক বিষয়েই সারা ভারতবর্ষকে শিক্ষা দেয়। এই ঘটনার মধ্যে দিয়ে পশ্চিমবাংলা যে শিক্ষা দিল আমি আশা করব ভারতবর্ষের অন্য কোনও রাজ্য এই শিক্ষা গ্রহণ করবেন না। এ রকম ঘটনা এর আগে পশ্চিমবাংলার ইতিহাসে যেমন নেই তেমন ভারতবর্ষের অন্য কোনও রাজ্যের ইতিহাসেও নেই। স্যার, নিঃসন্দেহে ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংবাদিকরা যখন ওখানে গিয়ে আটক হয়ে পড়েন তখন মুখ্যমন্ত্রী ওখানে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী আজকে যদি এখানে এসে প্রথমেই বলতেন যে, পুলিশ যা করেছে তার জন্য আমি দুঃখিত, অনুতপ্ত, তাহলে আমাদের আর এই আলোচনার দরকার ছিল না। আমি লজ্জিত ক্ষমা চাইছি--এই কথা মুখ্যমন্ত্রী হিসাবে হাউসের কাছে বলা কিছুই নয়। তাঁর পুলিশ যে অন্যায় করেছেন নিশ্চয়ই স্বীকার করছি --এই কথা মুখ্যমন্ত্রী বলতে বাধা কোথায়? সত্য কথা তিনি বলতে পারেন না। কেন বলতে পারেন না? গণতন্ত্রকে যে হত্যা করা হয়েছে এই কথা কেন বলতে পারেন না? কেন বলতে পারেন না--আমাদের পুলিশ যা করেছেন তাতে পশ্চিমবাংলার মানুষের মাথা হেঁট করে দিয়েছে এবং এরজন্য আমি ক্ষমা চাইছি। এই কথা বলতে বাধা কোথায়? এখন হাউস চলছে তাই আমরা বলতে পারছি। যেদিন বন্ধ হয়ে যাবে তখন আমরা বলবার জায়গা পাব না। যাঁরা সাংবাদিক বা যাঁরা ফটোগ্রাফার তাঁরা দাঁড়াতে পারবে না। বহুদিন থেকে লক্ষ্য করছি, মার্কসীয় দর্শনে বিশ্বাসী বামফ্রন্ট সরকার সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাস করে না, কিন্তু 'গণশক্তিকে' বিশ্বাস করে! 'গণশক্তি'ই তাঁদের একমাত্র গণতন্ত্রের হাতিয়ার। আর যত সংবাদপত্র আছে সব বুর্জোয়া সংবাদপত্র বলা হয়। কোনও সাংবাদিক যদি সরকারের কোনও সমালোচনামূলক কাজে আঘাত করেন তখনই তাঁকে বলা হয় মিথ্যা কথা বলছেন। এটা বামফ্রন্ট সরকারের ক্ষমতার আসবার পর থেকে সাংবাদিকদের উপর অত্যাচার বেড়ে চলেছে বিশেষ করে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সম্বন্ধে কুৎসিত এবং কুরুচিপূর্ণ কথাবার্তা বলেন তাতে পুলিশ-এর সাহস বৃদ্ধি পেয়েছে। তাঁরা মনে করছেন, সাংবাদিকদের যদি মারা যায় তাহলে কিছু হবে না, কারণ মুখ্যমন্ত্রী আমাদের পাশে আছেন। এটা লজ্জার কথা, দুঃখের কথা। এর প্রতিবাদ করার জন্য আমরা আছি। আমরা জানি, বিরোধী দল যদি প্রতিবাদ না করত তাহলে এই

আলোচনা হত না। বুদ্ধদেববাবু--আমি জানি না--ডি-ফ্যাকটো চিফ মিনিস্টার এবং পুলিশ মন্ত্রী হিসাবে বসে থাকেন। লজ্জার কথা, মুখ্যমন্ত্রী এখন অসহায় হয়ে গেছেন। আমরা দেখছি, মুখ্যমন্ত্রী যদি অসহায় হয়ে বসে থাকেন আর একজন মন্ত্রী যদি শক্তিশালী হয়ে যান তাহলে অত্যন্ত দুর্ভাগ্যের কথা, সেই রাজ্য চলতে পারে না। তাই রাজ্য চলছে না। তাই পুলিশের যেখানে যাওয়া দরকার সেখানে পুলিশ যায় না, অথচ এম.এল.এদের মারতে যায়, সাংবাদিকদের মারতে যায়, সংবাদপত্রের কণ্ঠ রোধ করতে যায়, গণতন্ত্রকে হত্যা করা হয় পুলিশ দিয়ে, ভোটে জয়যুক্ত করা যায় পুলিশ দিয়ে। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বলেছেন, বাংলার পুলিশ ভারতবর্ষের রেকর্ড করেছে। আমি আনন্দিত হতাম, যদি তিনি এই কথা বলতে পারতেন গণতন্ত্রের মন্দিরে, গণতন্ত্রের পূজারি হয়ে, আমার পুলিশ অপরাধী, এই পুলিশের বিচার আমি করব, এবং তাদের অপরাধের জন্য আমি পশ্চিমবাংলার মানুষের কাছে ক্ষমা চাইছি। এই কথা তিনি বলবেন--এটা আমি আশা করেছিলাম, কিন্তু দুর্ভাগ্যের বিষয় তা হয়নি। আলোচনার প্রথম থেকে মুখ্যমন্ত্রীর থাকা উচিত ছিল। বললে বলবেন, ঘরে বসে শুনেছি। বিধানসভার মধ্যে থাকলে আমাদের কথা বলার এবং অঙ্গ-ভঙ্গির ধরণ দেখতে পেতেন। বিধানসভাকে নেগলেক্ট করার হ্যাবিট তার দাঁড়িয়ে গেছে। আমি দীর্ঘ ১৬ বছর ধরে এই জিনিস দেখে আসছি, তাই আমি এর প্রতিবাদ করছি। তাই আমি বলব, পুলিশ ডিপার্টমেন্টের পক্ষ হয়ে, মুখ্যমন্ত্রীকে ক্ষমা চাইতে হবে পশ্চিমবাংলার মানুষের কাছে। গণতন্ত্রকে রোধ করার জন্য, গণতন্ত্রকে হত্যা করার জন্য আমার পুলিশ যা করেছেন তারজন্য আমি ক্ষমা চাইছি--এই কথা বলতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে গত ২৮শে মে, দমদম এয়ারপোর্টে সাংবাদিকদের বে-আইনি ভাবে বন্ধ করে রেখে তাঁদের গণতান্ত্রিক অধিকার এবং সংবাদপত্রের স্বাধীনতা কেড়ে নেবার যে চেষ্টা রাজ্য সরকারের নির্দেশে পশ্চিমবঙ্গের পুলিশ করেছে তার তীব্র নিন্দা করছি। আমি মনে করি, সংবাদপত্রের উপর আঘাত করে যদি কেউ ভুল করে তাহলে ভুলের মূল্য দিতে হয়। আমরা সেই মূল্য আগে দিয়েছি জরুরি অবস্থার পরে।

[11-30 – 11.40 A.M.]

কিন্তু বামফ্রন্ট সরকার অত্যন্ত সুপরিকল্পিতভাবে সংবাদপত্র এবং সাংবাদিকদের ভয় দেখিয়ে তাঁদের কণ্ঠরোধ করার চেষ্টা করেছেন এবং যে অজুহাত আজকে মাননীয় তথ্য মন্ত্রী সরকারের তরফ থেকে দিচ্ছেন সেগুলি আদৌ ধোপে টেকেনা। ২৮শে মে যখন মাননীয় বেগম জিয়া কলকাতা বন্দরে এসেছিলেন তখন আমার সেখানে থাকার সুযোগ হয়েছিল, তখন ভি.আই.পি. লাউঞ্জের এক পাশে, যেখানে দূরদর্শন এবং বিভিন্ন সংবাদপত্রের ক্যামেরাম্যানরা ঢোকার সুযোগ পেয়েছিলেন। তারপর, সেখানে অনেক সিনিয়ার পুলিশ অফিসার, স্বয়ং ডি.জি., দুজন ডি.আই.জি. কে আমি দেখেছি এবং একজন এয়ারপোর্টের এস.পি. ছিলেন, রাজ্যের মুখ্য সচিব মহাশয় সেখানে উপস্থিত ছিলেন। মাননীয় বেগম জিয়া

যখন এসেছিলেন লাউঞ্জে তখন খোলাখুলিভাবে কথা হচ্ছিল, আমরা সবাই তাঁকে পুস্প স্তবক দিয়েছিলাম, সরকারি তরফ থেকেও পুস্প স্তবক দেওয়া হয়েছিল। তখন মাননীয় মুখ্যমন্ত্রীর আপ্ত সহায়ক জয়কৃষ্ণ বাবু মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছিলেন যে আপনার সঙ্গে আলাদা কথা বলার চেষ্টা করা হচ্ছে। আমরা দেখলাম যে মাননীয় মুখ্যমন্ত্রী উঠে গেলেন, মাননীয়া বেগম জিয়া পাশের ঘরে চলে গেলেন, বাংলাদেশের মাননীয় পররাষ্ট্র মন্ত্রীও সেখানে ছিলেন। সাধারণভাবে যদি ওঁদের কথা বার্তা হত তাহলে কিছু বলার ছিল না, কিন্তু যেহেতু বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রী ছিলেন তখন এখানকার একজন মিনিস্টার ইন ওয়েটিং থাকার কথা, এ ক্ষেত্রে মার্গারেট আলভা ছিলেন, তাঁর আলোচনার সময় থাকার কথা। মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয়া বেগম জিয়া যদি আলাদা ভাবে কথা বলতেন তাহলে হয়ত কারও থাকার দরকার ছিল না, কিন্তু এ ক্ষেত্রে মার্গারেট আলভার থাকার কথা, কিন্তু ২০ মিনিট ধরে আলোচনা হল, মার্গারেট আলভা ছিলেন না, তারপর যখন তাঁকে ডেকে নিয়ে যাওয়া হল তখন ২৫ মিনিট আলোচনা হয়ে গেছে। মাননীয়া বেগম জিয়া যখন এয়ারপোর্ট থেকে বেরিয়ে চলে গেলেন, মাননীয় মুখ্যমন্ত্রী তাঁকে সী-অফ করার জন্য টারম্যাক, প্লেন পর্যন্ত গেলেন তখন আমরা ঐ লাউঞ্জে বসে ছিলাম। আমরা মাননীয়া বেগম জিয়াকে অভ্যর্থনা জানাতে গিয়েছিলাম, নিয়ম অনুযায়ী মাননীয় মুখ্যমন্ত্রী তাঁকে অভ্যর্থনা জানিয়েছিলেন। সাংবাদিকরা নেমেছিলেন এবং আমার সামনে তাঁর মুখ্য সচিব এবং পুলিশ অফিসারদের যে প্রশ্ন করেছিলেন তাতে তাঁরা অত্যন্ত ক্ষুব্ধ হয়েছিলেন। প্রকৃতপক্ষে এতবড় নির্লজ্জ ঘটনা আর ইতিপুর্বে কখনও ঘটেনি। বেলা ৪টার সময় সাংবাদিকরা এসে পৌঁছাল এবং তাঁদের বলা হয় যে উপরের লাউঞ্জে অপেক্ষা করুন আপনাদের ঠিক সময়ে ডেকে নিয়ে যাওয়া হবে। মাননীয়া বেগম জিয়া ৬.৩১ মিনিটে গিয়েছিলেন এবং ৭.৫০ মিনিট পর্যন্ত এই ১ ঘন্টা ১৯ মিনিট কোনও সাংবাদিককে নিচে নামতে দেওয়া হয়নি। আমরা এ বিষয়ে চার্জ আছে, অভিযোগ আছে। ওঁদের অবিবেচনাপ্রসূত অব্যবস্থার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন প্রেস দেখা করতে পারেনি, এটা দেখা দরকার, আমার মনে হয় তাঁরা সত্য কথা বলছেন না, সত্যের অপলাপ করছেন। সেদিন সেখানে সাংবাদিকদের ডেলিবারেটলি বেগম জিয়ার কাছে যাওয়ার প্রয়োজনীয়তা থেকে বিরত রাখা হয়েছিল। মাননীয়া বেগম জিয়ার নিভৃত আলোচনা কি হল তা তাঁরা জানতে চাইতেন। তিন বিঘার সম্বন্ধে যে আলোচনা হচ্ছে সেই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে মাননীয়া বেগম জিয়ার কোনও আলোচনা হয়েছে কিনা, সাগরদিঘীর গ্যাস সম্বন্ধে--যেটা এখানে আসার কথা, তাঁরা সেটা জানতে চাইতেন--এই এমব্যারাসমেন্টগুলি মাননীয় মুখ্যমন্ত্রী চান না বলেই সাংবাদিকদের প্রত্যক্ষভাবে আটকে রাখা হয়েছিল। এটা আমার অভিযোগ। সেখানে ডি.আই.জি. ইনটেলিজেন্স ব্রাঞ্চ, ডি.আই.জি. এয়ারপোর্ট, এয়ারপোর্ট সিকিউরিটি প্রভৃতি ছিলেন যাঁরা যথেষ্ট সিনিয়ার অফিসার, তাঁরা যে কেউ মাননীয় মুখ্যমন্ত্রীকে বলে সাংবাদিকদের মাননীয়া বেগম জিয়ার সামনে ডাকতে পারতেন, সেইরকম একটা সমস্যার কথা কেউ বলেন নি, এ কথাটা ঠিক নয়, আমি প্রত্যক্ষ দোষ অনুভব করছি, তাই আমি বলছি সাংবাদিকদের অপমান করার জন্য সেদিন এয়ারপোর্টে সরকার পক্ষ থেকে এই রকম ঘটনা ঘটানো হয়েছিল। তাই আমি সামান্য ক্ষমার ব্যবস্থার কথায় সন্তুষ্ট নই, আমরা চাই হাউসেও একটা কমিটি তৈরি করা

হোক, বিধানসভার সদস্য তাঁদেরও সেখানে নেওয়া হোক, আমরা জানি পার্লামেন্ট, লেজিসলেচার, একজিকিউটিভ ও জুডিসিয়ারি হচ্ছে, গণতন্ত্রের স্তম্ভ, তিনটি আর্ম, ফোর্থ এস্টেটেও তাই, আমাদের সম্মানের উপর অত্যন্ত আঘাত আসছে, বাংলার সুনাম ক্ষুন্ন হয়েছে, সারা দেশের কাছে আমাদের মুখ নস্ট হয়ে গেছে, বাংলার সাংবাদিকরা ন্যূনতম অধিকারও পাচ্ছেন না এটাই প্রমাণিত হয়েছে। তাই আমি সর্বোতভাবে নিন্দা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সাধন পান্ডে ঃ মিঃ স্পিকার স্যার, আপনি শুনেছেন, যে, একটা লজ্জা জনক ঘটনা ঘটে গেছে। স্যার, একটা জিনিস বুঝতে অসুবিধা হচ্ছে যে, এই ঘটনা ঘটে যাবার পর মন্ত্রী সভার একটি সেকশন থেকে বলা হচ্ছে--'পুলিশ ততটা দায়ী নয়। আমরা দেখছি ব্যাপারটা।' আমরা জানতে চাই, মাননীয় মুখ্যমন্ত্রী এসেছেন, তাঁর কাছে, এইরকম একটা অবস্থা সত্যজিৎ রায়ের মৃত্যুর পরও হয়েছে এবং সেখানে একজন তাকে সাহাদা বলায় কমিশনার অফ পুলিশের চাকরি চলে গেছে। একজন আন্তর্জাতিক বিদেশী নেত্রী--তিনি এসেছেন। সেক্ষেত্রে মুখ্যমন্ত্রী বলেছেন--'আমি মিটিং করে চলে গেছি। বাড়িতে গিয়ে খবর পেলাম টেলিফোনে'। আমি অবাক হয়ে যাচ্ছি, যে মুখ্যমন্ত্রী প্রতিটি সভাতে গিয়ে সাংবাদিকরা কোথায় আছেন, ফটোগ্রাফাররা ছবি তুলছেন কিনা খোঁজ নেন, এক্ষেত্রে সেটা হল না। এইরকম ঘটনা তাঁর জীবনে একবারও ঘটেনি। কিন্তু তিনি দেখলেন সাংবাদিকরা নেই, তা সত্ত্বেও গাড়িতে চেপে বাড়িতে চলে গেলেন এবং সেখানে খবর পেলেন যে, সাংবাদিকদের এই অবস্থায় ফেলা হয়েছে--এটা কি বিশ্বাসযোগ্য? কাকে তিনি ডিফেন্স করতে চাইছেন ; কোন পুলিশ অফিসারকে? তাই আমরা হাউস কমিটি চাইছি। আমরা বলছি, আপনারা পুলিশের ক্ষেত্রে ব্যবস্থা নিতে পারছেন না, তারা আপনাদের হাতের বাইরে চলে গেছে। কারণ মুখ্যমন্ত্রী যখন থাকেন না তখন তাঁর দপ্তর আর একজন মন্ত্রী চালান এবং তারজন্য--যে লিডার অফ দি অপোজিশন বলেছেন--আজকে পুলিশের মধ্যে টোটাল কমিউনিকেশন গ্যাপ সৃষ্টি হয়েছে। এর আমরা নিন্দা করছি, সবাই নিন্দা করছেন। আজকে কোনও ইন্টারন্যাশনাল লিডার এলে, সে এয়ারপোর্টই হোক বা অন্যত্র হোক, কার কি স্ট্যাটাস, কি পজিশন হবে সে সম্পর্কে একটা কোড অফ কনডাক্ট হওয়া দরকার, ঐসব জায়গায় কার ক্ষেত্রে কি পদ্ধতি পালন করা হবে সেটা নির্ধারিত হওয়া দরকার, তাহলে আমরা জানতে পারব স্টাটাস পজিশন কার কোথায়? কারণ যা ঘটেছে সেটা অত্যন্ত দুঃখের ব্যাপার, লজ্জার ব্যাপার। এতে পশ্চিমবঙ্গের মাথা নিচু হয়ে গেছে। আজকে সারা ভারতবর্ষে এটা নিয়ে লেখালেখি হচ্ছে। মুখ্যমন্ত্রী সভায় এসেছেন। আমরা তাঁর কাছ থেকে জানতে চাই, কি অবস্থায় একজন ফরেন ডিগনিটারিজের সঙ্গে মিট করতে গিয়ে ইন্ডিয়ান ন্যাশনাল প্রেসের সঙ্গে ঐরকম ব্যবহার করা হল। আমরা মনে করছি, এটা একটা বিগ কনস্পিরেসী। মুখ্যমন্ত্রী প্রতি সভাতেই হুঁসিয়ারি জানান দুই-একটি বিশেষ সংবাদপত্রের প্রতি। সেই সংবাদপত্রের সাংবাদিকদের রুখে দেবার জন্যই সেদিন সমস্ত প্রেসকে ঘরের মধ্যে বন্দি করে রাখা হয়েছিল। যদি পরের দিন ডি.জিকে সাসপেন্ড করতেন, হোম সেক্রেটারির বিরুদ্ধে ব্যবস্থা নিতেন বুঝতাম। এখানে বুদ্ধদেববাবু, স্টেটমেন্ট রাখছেন যেখানে কয়েকজনকে

হটিয়ে দেওয়া দরকার, কয়েকজনের চলে যাওয়া দরকার যারা এইরকম ব্যবহার করছেন। বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সেখানে কি কথা হয়েছে আমরা জানতে চাই। একটা রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে তিনি দেখা করতে এসেছেন, এক্ষেত্রে মনে রাখবেন এই ফরেন ডিগনিটারি সোজাসুজি এসেছেন আপনার কাছে, কিন্তু আপনি সেই আলোচনাটা প্রেসকে রেকর্ড করতে দিলেন না। সেজন্য আমরা মনে করি, এ-ব্যাপারে হাউস কমিটি হওয়া দরকার, তদন্ত হওয়া দরকার। এ-ব্যাপারে একমত হোন, হাউস কমিটি মেনে নিন, কারণ কোন অফিসারকে সাসপেন্ড করা দরকার, কে দোষী--সেটা নির্ধারণ করা দরকার লিডার অফ দি অপোজিশন যে প্রস্তাব করেছেন সে ব্যাপারে রাজি হোন, গণতন্ত্রের পক্ষে ভাল হবে। মুখ্যমন্ত্রী আজকে দয়া করে যদি এ-ব্যপারে বলেন তাহলে অ্যাসেম্বলী এর উপর একটা রেকর্ড থাকে, যা থেকে বহু বছর ধরে মানুষ জানবে। আপনি পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী। এখানে আলাদা পুলিশ মন্ত্রী থাকলে তাঁকেও ক্ষমা চাইতে বলতাম। আপনি এখানে দাঁড়িয়ে ক্ষমা চান যাতে মানুষ বুঝতে পারে, আপনি অনুতপ্ত।

[11-40 – 11-50P.M.]

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ঘটনাকে কেন্দ্র করে এখানে স্বভাবত আমরা সকলে উদ্বিগ্ন হয়েছি, আমি সেই বিষয়টি এখানে উত্থাপন করতে চাচ্ছি। তার কারণ কলকাতা বিমান বন্দরে ২২ জন সাংবাদিক এবং ২ জন আকাশবানীর প্রতিনিধিকে ৩ঘন্টা ধরে আটকে রাখা হল, একটা ঐতিহাসিক ঘটনাকে সাক্ষী আমাদের সংবাদিকরা, আমাদের রাজ্যবাসীরা হতে পারল না। আমার প্রশ্ন খুব স্পষ্ট যে, পশ্চিমবঙ্গে সাংবাদিকদের কি বর্তমান সরকার মনে করেন যে এরা রাজ্যের সিকিউরিটি রিকস? এরা যদি সিকিউরিটি রিকস হয়ে থাকে তাহলে এদেরকে ডিগনিটোরি মিট করার জন্য ভি.আই.পি লাউঞ্জে এলাকায় প্রবেশ করার জন্য অনুমতিপত্র কেন সরকার থেকে দেওয়া হয়েছিল? অনুমতি পত্র যদি সরকার থেকে দেওয়া হয়ে থাকে তাহলে সেই অনুমতি পত্র থাকা সত্ত্বেও তারা কেন মুখ্যমন্ত্রী এবং বেগম খালেদা জিয়ার সঙ্গে যে আলোচনা হয়েছে সেই আলোচনা চাক্ষুস দেখতে পেলেন না? মুখ্যমন্ত্রীর প্রেস সিকিউরিটিকে বারেবারে সাংবাদিকরা অনুরোধ করেছিলেন যে আপনি মুখ্যমন্ত্রীকে গিয়ে বলুন যে আমাদের এই ঘরের মধ্যে আটকে রাখা হয়েছে। মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন, সাংবাদিকরা যদি মুখ্যমন্ত্রীর প্রেস সিকিউরিটির মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে এই সংবাদ পাঠিয়ে থাকেন তাহলে মুখ্যমন্ত্রীর প্রেস সিকিউরিটি মুখ্যমন্ত্রীর কাছে সেই সংবাদ দিয়েছেন কিনা, কিম্বা ৩ ঘন্টা ধরে বিমান বন্দরে সংবাদিকরা যে আটকে আছেন, তারা যেখানে দাবি করেছেন যে মুখ্যমন্ত্রীর কাছে তারা সংবাদ পাঠিয়েছেন সেই সংবাদ যদি মুখ্যমন্ত্রীর কাছে তার অধস্তন কর্মচারিরা পৌছে দিয়ে না থাকেন তাহলে তারা অন্যায় করেছেন কিনা, একথা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই? মাননীয় সৌগত রায় যে কথা বলেছেন, আমি তার পুনরাবৃত্তি করে বলছি যে বাংলা দেশের প্রধান মন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রীর যে আলোচনা সেটা রাজ্য সরকার কি প্রকৃত অর্থে চেয়েছিলেন যে কলকাতার সাংবাদিকরা যেহেতু বাংলা ভাষায় কথা বলে--বাংলা দেশের প্রধান মন্ত্রী বেগম জিয়াকে আমরা দেখেছি যখন দিল্লিতে প্রেস মিট হয়েছিল তখন বাংলায় জবাব দিয়েছিলেন--সে জন্য

বাংলায় কথোপকথন হলে বাংলা দেশের প্রধান মন্ত্রীর কাছ থেকে যে সমস্ত কথা আদায় করে নেওয়া যেতে পারত, কলকাতার সাংবাদিকদের যে সুযোগ ছিল, সে সুযোগের মধ্যে দিয়ে ৩ বিঘার বিষয় আলোচনা হতে পারত, যে বিষয়গুলি নিয়ে দুই বাংলার মধ্যে অনেক অর্থনৈতিক উন্নয়নের প্রশ্ন আছে, সাগরদিঘী গ্যাস প্রকল্পের কথা উঠেছে সে বিষয়ে আলোচনা হতে পারত, সেই রকম আলোচনা বেগম জিয়াকে রাজ্য সরকার করতে দিতে চাননা? এটা গেল রাজ্য সরকারের অংশ। আর রাজ্য সরকার যদি বলেন যে আমরা এই ব্যাপারে কোনও অবস্থাতেই ওয়াকিবহাল নই, কেবল মাত্র পুলিশ তার নিজের ইচ্ছায় এই সিদ্ধান্ত নিয়েছে তাহলে জানাতে হবে যে পশ্চিমবঙ্গে একটা গণতান্ত্রিক নির্বাচিত সরকার থাকা সত্ত্বেও রাজ্যের সেই পুলিশ অফিসার কারা যারা নিজেরা সিদ্ধান্ত নিয়ে ২২ জন সাংবাদিক এবং ২ জন আকাশবানীর প্রতিনিধিকে ভি.আই.পি. লাউঞ্জের ৩ তলায় আটকে রেখেছিল যখন বেগম জিয়ার সঙ্গে মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর একতলায় আলোচনা হচ্ছিল? এই যে হাই হ্যান্ডেডনেস পুলিশের এই যে ঔদ্ধত্ত তাহলে কেউ কোনও একটা জায়গায় নিশ্চয়ই দায়ী। হয় সরকারকে দায় কাঁধে নিয়ে বলতে হবে যে আমরা এটা সিদ্ধান্ত নিয়েছিলাম যেহেতু বেগম জিয়া কথা বলতে চাননি, অথবা সরকার হয়ত চাননি যে জ্যোতি বসুর সঙ্গে বেগম জিয়ার যে আলোচনা তা প্রকাশ্যে সংবাদপত্রের মাধ্যমে সমস্ত বিষয়টা বেরিয়ে আসুক। আর তা না হলে পুলিশের পক্ষে যারা নিজেদের স্ব-ইচ্ছায় এই সিদ্ধান্ত নিয়ে থাকেন তাহলে তাদের আড়াল করার কি অভিপ্রায় আছে? এটা কোনও বিশেষ একটা সংবাদপত্রের ব্যাপার নয়। পশ্চিমবঙ্গের দলমত নির্বিশেষে সমস্ত দল এবং সমস্ত সাংবাদিকরা একজোট হয়ে এই ঘটনার বিরুদ্ধে আজকে সোচ্চার হয়েছেন। এখানে সরকারের কাউকে আড়াল করার কোনও কারণ থাকতে পারেনা। এতবড় একটা ঐতিহাসিক ঘটনার সাক্ষী থাকার থেকে আমরা আজকে বঞ্চিত হলাম। আমাদের একটা পাশের দেশের প্রধান মন্ত্রী যাদের মাতৃভাষা বাংলা, আমাদের মাতৃভাষা বাংলা, এই দুই জন নেতার মধ্যে যে আলোচনা আমরা সেটা জানতে পারলাম না। সেজন্য আমি মনে করি সেদিনকার যে ঘটনা ঘটেছে সেটা সংবাদপত্রের উপর আক্রমণ, অ্যাটাক অন ডেমোক্রাসি এবং ফ্রিডম অব প্রেস-এর উপর একটা ঘৃণ্য আক্রমণ হয়েছে। আমরা চাই যে এই আক্রমণের জন্য মুখ্যমন্ত্রী একমাত্র দুঃখ প্রকাশ করে ক্ষমা চাইতে পারেন বা বিরোধী দলের নেতাকে হাউস কমিটির পক্ষ থেকে একটা দায়িত্ব দিয়ে কারা দোষী তা নির্ধারণ করতে। উন্মুক্ত মনে, খোলা মন নিয়ে, এর মধ্যে কোনও জড়তা না নিয়ে বিষয়টা তদন্ত করার জন্য আমি দাবি জানাচ্ছি এবং সংবাদপত্রের উপর, সাংবাদিকদের উপর এই যে অবহেলা এবং নির্যাতন হয়েছে এর প্রতিকার করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে সংবাদপত্রের স্বাধীনতার কথা বলা হয় কিন্তু সত্যিই এই রাজ্যে সংবাদপত্রের স্বাধীনতা আছে কিনা সেটা আজকে বড় প্রশ্ন হিসাবে দেখা দিয়েছে। গত ২৮শে মে কলকাতা বিমান বন্দরে সাংবাদিকদের উপর যে ঘটনা ঘটল সেই ঘটনা কি প্রমাণ করে পশ্চিমবাংলায় সংবাদপত্রের স্বাধীনতা রয়েছে? আপনি জানেন স্যার, সেই দিন বাংলাদেশের প্রধানমন্ত্রী

এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর উভয়ের কলকাতা বিমান বন্দরে সাক্ষাৎ এবং আলোচনা সম্পর্কে রিপোর্ট সংগ্রহ করতে গিয়ে এই রাজ্যের সাংবাদিকদের হেনস্তার শিকার হতে হয়েছে, এটা নজির বিহীন। তাঁদের যে সিকিউরিটি কার্ড, নিরপত্তা কার্ড সেটা থাকা সত্ত্বেও তাঁরা বিমান বন্দরের মূল দরজা দিয়ে প্রবেশ অধিকার পান নি, অন্য দরজা দিয়ে সেখানে যেতে হয়েছে এবং ভি.আই.পি লাউঞ্জে দোতলায় একটি ঘরে ৪ ঘন্টা আটকে রাখা হয়। তাঁরা বাইরে আসতে চাইলে বাইরে থেকে তাঁদের পুলিশ দিয়ে তাড়া করা হয়েছে। খবরে প্রকাশ, সাংবাদিকরা যে খবর দিয়েছে তাতে জানা গেছে তাঁরা জল পর্যন্ত চাইলে তাঁদের জল পর্যন্ত দেওয়া হয়নি। স্যার, এই ঘটনা আমাদের জরুরি অবস্থার দিনগুলির কথা স্মরণ করিয়ে দেয়। সাংবাদিকদের হেনস্তা করার এই ঘটনাকে নিন্দা করার উপযুক্ত ভাষা খুঁজে পাচ্ছি না। এই যে ঘটনা ঘটল এই সম্পর্কে বলতে গিয়ে বলা হল নিছক প্রশাসনিক অব্যবস্থা বা প্রশাসনিক সমন্বয়ের অভাবজনিত ঘটনা, যেটা বুদ্ধদেববাবু বলছেন। আশ্চর্য ব্যাপার স্বয়ং মুখ্যমন্ত্রী উপস্থিত থাকা সত্ত্বেও এই ঘটনা কি করে ঘটে? সাংবাদিকরা সংবাদ পাঠিয়েছে--এটা খুব আশ্চার্য ব্যাপার। এটা প্রশাসনিক অব্যবস্থা নাকি পরিকল্পিত রাজনৈতিক ডিসিসন যে সাংবাদিকদের মিটিং করতে দেওয়া হবে না, এর সুস্পষ্ট জবাব পশ্চিমবাংলার মানুষ জানতে চায়। আজকে আমি বিধানসভায় দাঁড়িয়ে এই দাবি করছি যে রাজ্য সরকার এই সম্পর্কে একটা নিরপেক্ষ তদন্ত করুন। তদন্তের জন্য তদন্ত নয়, ঘটনাকে ধামা চাপা দেবার জন্য তদন্ত নয় একটা নিরপেক্ষ তদন্ত করা হোক যাতে সত্য ঘটনা উদঘাটিত হয় তার ব্যবস্থা করুন। এবং দোষীদের এই ব্যাপারে কঠোর শাস্তির দাবি জানাচ্ছি। সাথে সাথে ভবিষ্যতে যাতে সাংবাদিকদের উপর এই ধরনের কোনও ঘটনা না ঘটে সেই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে সুস্পষ্ট কার্যকর প্রতিশ্রুতি দাবি করছি। এই রকম ঘটনা ভবিষ্যতে ঘটলে সরকার কি ব্যবস্থা নেবেন সেই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন আমি আশা করব তিনি এই সম্পর্কে বক্তব্য রাখবেন। জরুরি অবস্থার সময় সেই দিন কেন্দ্রীয় সরকার, কেন্দ্রের কংগ্রেস সরকার গোটা দেশের সাংবাদিকদের উপর আক্রমণ চালিয়েছিল, নিগ্রহ চালিয়ে ছিল সেই আক্রমণের বিরুদ্ধে প্রতিটি গণতন্ত্র প্রিয় মানুষ, এমনকি বামপন্থী মানুষ প্রতিবাদ করেছিল, ধিক্কার জানিয়েছিল। সমস্ত অংশের মানুষ ধিক্কার জানিয়েছিল। আজকে বামপন্থীদের যে ঐতিহ্য মন্ডিত আন্দোলন সেটাকে কালিমা লিপ্ত করা হচ্ছে আজকে যাঁরা পশ্চিমবাংলায় নিজেদের বামপন্থী হিসাবে দাবি করেন তাঁরা সাংবাদিকদের উপর আক্রমণ এবং নিগ্রহ চালিয়ে যাচ্ছেন এবং সাংবাদিকদের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করছেন। আমি পশ্চিমবাংলার জনগণের হয়ে এই দাবি জানাচ্ছি যে মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিন তাতে ভবিষ্যতে সাংবাদিকদের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করা হবে না। এই প্রতিশ্রুতি আমি সরকারের কাছ থেকে চাই।

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ Mr. Speaker, Sir, although the matter is extremely serious the time at my disposal is rather short, But I shall try to keep the time.

(ভয়েস ঃ আপনি বাংলায় বলুন)

[11-50 –12-00 A.M.]

আমি ইংরাজিতে বলছি, কারণ শুরু করেছিলাম ইংরাজিতে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়ও ইংরাজিতে বলেছেন। আমি বাংলায় বলতে পারি। যদি দরকার হয় আমি বাঙ্গাল ভাষাতে বলতে পারি। যদিও ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ আমার সময় অত্যন্ত অল্প, তাই যত সংক্ষেপে পারি আমার বক্তব্যটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসের কাছে রাখতে চাইছি। পশ্চিমবঙ্গের একটা বৈশিষ্ট আছে। ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে খালি ছয় জন মুখ্যমন্ত্রী হয়েছেন। আপনি যদি দেখেন, তাহলে দেখেবেন অন্য কোথাও ২৫ জন, কোথাও ১৫ জন, কোথাও ৩০ জন মুখ্যমন্ত্রী হয়েছেন। আমি প্রথমে ডাঃ রায়ের মন্ত্রী সভায় ছিলাম। পরে সেখান থেকে বেরিয়ে এসেছিলাম। সেখানেও বলেছিলাম। ডাঃ রায়ের পর প্রফুল্ল সেন, অজয় মুখার্জি, পি.সি. ঘোষ, জ্যোতি বসু এবং সিদ্ধার্থশংকর নামে একজন ব্যক্তি মুখ্যমন্ত্রিত্তে ছিলেন। আমি কোনও মুখ্যমন্ত্রীকে দেখিনি যিনি হাউসের প্রতি এমন অবহেলা করেছেন। আমি কোনও মুখ্যমন্ত্রীকে দেখিনি যিনি হাউসের প্রতি এমন ক্যালাস ব্যবহার করেছেন। এমন সুপারসিলিয়াস, এমন ইনডিফারেন্ট ব্যবহার অমি দেখিনি। ডাঃ রায়ের সময়ে জ্যোতিবাবু এখানে ছিলেন। ডাঃ রায় সমস্ত সময় বসে থাকতেন, তিনি সব শুনতেন। তাঁকে কত গালাগাল দিয়েছেন, তিনি সব মাথা উঁচু করে উত্তর দিয়েছেন। তাই আমার প্রথম প্রতিবাদ হচ্ছে, দুঃখের বিষয়, আজকে বলাবলি করে, চেঁচামেচি করে মুখ্যমন্ত্রীকে এখানে উপস্থিত করতে হয়েছে। তাও আবার এই ডিবেটের পনের কুড়ি মিনিট হয়ে যাওয়ার পরে গড়াতে গড়াতে এলেন। আমার আপত্তি এই ব্যাপারে। মুখ্যমন্ত্রীর এই অ্যাটিচিউিডকে আপত্তি জানাই। আজকে যে প্রশ্ন উঠেছে, এটার দুটো দিক থেকে গুরুত্বপূর্ণ। একটি হচ্ছে ফ্রিডম অব দি প্রেস, যেটা সম্বন্ধে মাননীয় সদস্যরা বলেছেন। আর একটি হচ্ছে ফান্ডামেন্ট্যাল কোয়েশ্চেন--এই যে রানিং অব দি হোম ডিপার্টমেন্ট, এটা কি করে চলছে? প্রেস সম্বন্ধে বলবেন, আপনি কেন বলবেন। আপনিই তো এমারজেন্সি ধরিয়েছেন। আপনি কেন বলছেন। আপনাদের সময়ে প্রেসের লোকেদের গ্রেপ্তার করা হয়েছিল। আমরা জানি সেটা ভুল হয়েছিল। '৭৭ সালে মানুষ আমাদের শিক্ষা দিয়েছেন, আমরা তা মেনে নিয়েছি। ওটা বলে এবারকার যে পাপ সেটা কাটাতে পারবেন না, এটা জেনে রেখে দিন। মুখ্যমন্ত্রী কে বলুন, তিনি যদি উত্তর দিতে পারেন। কোমর-টোমর যদি ঠিক থাকে, দাঁড়াতে পারেন, যদি বক্তৃতা দিতে পারেন যা আপনারা করেছেন সে সম্বন্ধে। মিঃ স্পিকার, টু রংস নেভার মেক এ রাইট। পিপল মেক মিসটেক। পিপল হ্যাভ একসপ্রেসড দেয়ার সরো ফর দ্যাট। ইভেন অ্যাপোলজি। বাট টু রংস নেভার মেক এ রাইট। আপনাদের সময়ে হয়েছিল, আমরা তাই করছি, তাই-ই বিশ্বাস করছি--তাই বলুন। তাই এখানে বলুন। প্রেসের কথা আমার মাননীয় বন্ধুরা ভালভাবে বলেছেন। আমি প্রত্যেকটা কথা সমর্থন করছি। প্রেসের ব্যাপারে ইন্ডিয়ান এক্সপ্রেসের মামলাতে সুপ্রিম কোর্ট বলে দিয়েছেন প্রেসের যে ফান্ডামেন্ট্যাল রাইট--ফান্ডামেন্ট্যাল রাইট অব মুভিং আারাউন্ড--খালি তাই না, রাইট নো--রাইট টু নো ইজ অলসো এ ফান্ডামেন্ট্যাল রাইট। আনলেস ইউ হ্যাভ দি রাইট টু নো ইউ হ্যাভ নো রাইট অব এক্সপ্রেশন। যা জানলেন না কিছু, আপনি তা এক্সপ্রেশ করতে

পারবেন না। তাই রাইট টু নো, সেই ভাইটাল পার্ট অব দি ফান্ডামেন্ট্যাল রাইট অব এক্সপ্রেশন থেকে আপনারা বঞ্চিত করেছিলেন আমাদের সাংবাদিকদের। কেন করেছিলেন সে সম্বন্ধে নিশ্চয়ই বলবেন। কিন্তু আমি এ সম্বন্ধে, হোম ডিপার্টমেন্টে যে রকম ভাবে কাজকর্ম চলছে, সেই ব্যাপারে দুচারটে প্রশ্ন করতে চাই। আমি এগুলোর উত্তর চাই। (১) এটা ফান্ডামেন্ট্যাল কোয়েশ্চেন--আপনারা প্রেসের সদস্যদের যখন আইডেন্টিটি কার্ড দিলেন তখন কি জানতেন যে বেগম জিয়া প্রেস ইন্টারভিউ দেবেন না? দ্বিতীয়ত তাই যদি জানতেন তবে আইডেনটিটি কার্ড ইস্যু করলেন কেন? তৃতীয়ত তাই যদি জানতেন তাহলে কার্ড ইস্যু করার সময়ে বললেন না কেন যে কার্ড আমরা দিচ্ছি কিন্তু কোনও লাভ হবে না। আপনাদের ইন্টারভিউ কিছু হবে না, খামকা আপনারা যাবেন। আমার পরের প্রশ্ন হচ্ছে যে আপনারা জানতেন কিনা যে বেগম জিয়া প্রেস ইন্টারভিউ করবেন কিনা। তারপরে ৫ম প্রশ্ন হচ্ছে যে, যদি জানতেন যে বেগম জিয়া হয়তো প্রেস ইন্টারভিউ দেবেন কিন্তু শেষকালে জানলেন যে উনি ইন্টারভিউ দেবেন না এই খবরটা শেষ পর্যন্ত জানানো হল না কেন? আপনারা কখন জানতে পারলেন যে বেগম জিয়া প্রেস ইন্টারভিউ করবেন না, যদি না জেনেও থাকেন কখন জানতে পারলেন যে বেগম জিয়া ইন্টারভিউ দেবেন না? সরকার কখন জানতে পারল? এতগুলো পুলিশ এবং চিফ সেক্রেটারি ছিলেন, তারা খবরটা পাওয়ার পরেও প্রেসকে জানাল না কেন এবং তাদের ওপরের ঘরে বন্ধ করে না রেখে তাদের বলে দিল না কেন যে আপনারা থাকবেন না, আপনারা বাড়ি চলে যান, বেগম জিয়া সাক্ষাৎ করবেন না। যদি নাই বলে থাকেন কেন বললেন না কে দায়ী? আমি এবং মুখ্যমন্ত্রী নিজে সেখানে গিয়েছিলাম এবং আমার যতটা মনে হল তাতে মুখ্যমন্ত্রী ঘুম থেকে উঠেই এসেছিলেন। আমি যারজন্য তাঁকে বললাম ঘুমিয়ে টুমিয়ে এলে নাকি যে মুখ টুখ ফুলে গেছে। বেচারি, কিন্তু কাগজে কলমে তিনি বেচারি নন, তিনি মুখ্যমন্ত্রী এবং পুলিশ মন্ত্রী। তিনি কেন এই ব্যাপারটা জানতেন না। আমার সময়ে তো ফিডাল কাস্টো এবং আফ্রিকা থেকে দুজন লিডার এসেছিলেন, তখন আমাকে সমস্ত রকম খুঁটিনাটি বিষয় দেখে কাজ করতে হয়েছিল। আমার সময়ে তো এই জিনিস ঘটেনি। আজকে যে ঘটল এরজন্য কে রেসপনসিবিল? এই রকম একটা খবর মুখ্যমন্ত্রী জানতে পারলেন না মুখ্যমন্ত্রী যদি রেসপনসিবিল না থাকেন তাহলে অন্য কে রেসপনসিবিল? আজকে এই হোম ডিপার্টমেন্ট চালাচ্ছে কে? আমি আপনাকে আগেও বলেছি, এখনও বলছি আপনি একা হোম ডিপার্টমেন্ট চালাতে পারছেন না, একজন স্টেট মিনিস্টার করুন এবং একজন ডেপুটি মিনিস্টার করুন। সেইখানে ওই স্টেট মিনিস্টার এবং ডেপুটি মিনিস্টার আপনারা আর এস পি বা যে কোনও দল থেকে নিতে পারেন। আপনার তো ৭৮ বছর বয়স হল, আমারও তো ৮১ বছর বয়স। আরও বেশি বয়স পর্যন্ত থাকুন, শতায়ু হোন কিন্তু নিজের ওপর অত দায়িত্ব রাখবেন না। আপনি একজনকে হোম ডিপার্টমেন্টের স্টেট মিনিস্টার এবং ডেপুটি মিনিস্টার করুন। যাইহোক লালবাতি জ্বলে উঠেছে, আমার আপনার কাছে ২টি দাবি--যা ঘটেছে তার সমস্ত দিক থেকে এনকোয়ারি করতে হবে এবং সেই এনকোয়ারি কমিটি অফ দি হাউস হতে হবে। ওই কমিটিতে আমাকে চেয়ারম্যান করুন বা অন্য কারুকে চেয়ারম্যান করুন বা স্পিকারকে চেয়ারম্যান করুন সেই ব্যাপারে আই অ্যাম নট ইন্টারেসটেড। কিন্তু কমিটি অফ

দি হাউস ইজ টু এনকোয়ারি। হাউসকে বিচার করতে হবে। এই বিচারের সময়ে হোম ডিপার্টমেন্টের কে ফাইল অর্ডার দিয়েছিল এবং তার সই-সাবুদ সব কিছু রাখতে হবে। মুখ্যমন্ত্রীর সামনেই ঘটনাটা ঘটল। সেখানে মুখ্যমন্ত্রীও বসে আছেন, আমিও বসে আছি, তার সামনে ঘটেছে। আপনাদের জেনে রাখা উচিত যে, প্রত্যেক সাংবাদিকদেরই ক্রিমিন্যাল কেস করার এবং সিভিল কেস করার অধিকার আছে ফর রংফুল অ্যান্ড আন ল ফুল কনফাইনমেন্ট, রংফুল ডিটেনশন অ্যান্ড আন ল ফুল ডিটেনশন। প্রত্যেক সাংবাদিকের ক্রিমিন্যাল এবং সিভিল কেস করার অধিকার আছে সুতরাং কে ফাইলে অর্ডার দিল এই সমস্ত কমিটির কাছে দেখাতে হবে। আমার দ্বিতীয় দাবি হচ্ছে যে মুখ্যমন্ত্রীকে উঠে দাঁড়িয়ে ক্ষমা চাইতে হবে। এবং এইভাবে ঘটবে না, এইবারকারের যে ভুল সেটা ক্ষমা করে দিন শেষবারের মতো, এইসব কথা তাঁকে বলতে হবে। সুতরাং এই দুটি দাবি আমি করছি। যদি মুখ্যমন্ত্রী বক্তৃতা দেন এবং যদি এই দাবিগুলো মেনে না নেন তারপরে বিচার করব কি করব না করব। এই দুটি দাবি আমি রেখে আমরা বক্তব্য শেষ করছি।

[12-00 – 12-10 P.M.]

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমার একটা কাজ ছিল রাইটার্স বিল্ডিং য়ে। সেখানে খবর পেলাম যে প্রশ্ন-উত্তর হবে না, প্রশ্ন-উত্তর বন্ধ হয়ে সাংবাদিকদের ব্যাপারে এয়ারপোর্টে যে সমস্ত ঘটনা ঘটেছিল তাই নিয়ে এখানে আলোচনা হবে। তাই আমি এসেছি এখানে। তবে বিরোধীদলের নেতা সিদ্ধার্থ বাবু আমাকে খুবই পছন্দ করেন, সেইজন্য আমাকে না দেখলে ওর মনটা খারাপ হয়ে যায়। কাজেই উনি কেস করতে কখনও, কখনও যান এবং উনি কখন কখন হাউসে থাকবেন সেটা যদি উনি আনাকে বলে দেন তাহলে আমি দেখব আমার চেহারাটা আমি ওঁকে দেখাতে পারি কি-না? সিদ্ধার্থবাবু কি আমাকে পছন্দ করেন, না করেন না? ইউ ওয়ান্ট টু সি, আই উড সো, আই কেন এভরি ডে? তারপর এখানে একটা অবাস্তব কথা হয়েছে। আমি সেটা প্রথমেই বলে নিই প্রেসের সাংবাদিকদের সম্বন্ধে বলার আগে। এখানে একজন মাননীয় সদস্য বলেছেন যে আমি যখন কথা বলি বাংলাদেশের প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রীর সঙ্গে, তখন নাকি আর কেউ সেই ঘরে ছিলেন না। এটা অসত্য কথা। কারণ দিল্লি থেকে আমাদের কাছে যখন খবর আসে যে, উনি শহরে আসবেন না, তিনি ট্রানজিট প্যাসেঞ্জার দিয়েই বাংলাদেশে চলে যাবেন। তখন আমরা জিজ্ঞাসা করি এইসব প্রোটোকল তো আমাদের জানা নেই, তা এইসব প্রোটোকল কি? আমাদের কি করতে হবে? তখন ওরা আমাদের সমস্ত কিছু বলে দেন। সেখানে সংবাদপত্রের সাংবাদিকদের সঙ্গে সম্মেলন করবে এসব কথা ছিল না। তবু অন্য যেসব কথাগুলি ছিল, সেখানে বলা হয়েছিল যে ওঁরা ৩৫ জন লোক নিয়ে আসছেন, তাঁদের খাওয়া-দাওয়ার ব্যবস্থা করা, আপ্যায়িত করা, ইত্যাদি সৌজন্যমূলক ব্যবস্থা যা প্রয়োজন আমাদের তা করতে হবে। এইগুলি ১,২,৩,৪ করে ওঁরা আমাদের জানিয়ে দিয়েছে ও সেই অনুযায়ী সব ব্যবস্থা হয়েছিল। বিদেশিরা এলে বা দেশের কোনও নেতা এদিক ওদিক গেলে সাংবাদিকরা এয়ারপোর্টে যেখান থেকে করেসপনডেন্ট করে তারা সেখানেই থাকবে। কাজেই আমরা বলেছিলাম যাতে ওরা ঢুকতে পারে সেই ব্যবস্থা আপনারা

করে রাখবেন। উনি যদি ওঁর ইচ্ছা অনুযায়ী বাংলাদেশের প্রধানমন্ত্রী বা বিদেশমন্ত্রী--কিছু বলতে চান তাহলে বলবেন ও সেই সুযোগ আমরা করে দেব, এইরকম একটা কথা হয়েছিল। এর বেশি ডিটেলইস আমি বলতে পারব না। তারপর ওখানে আমরা যখন গেলাম--আগে এটা আমি বলে নিই, খানিকটা খাওয়া-দাওয়া ইত্যাদি হল---অন্য বন্ধুরাও সেখানে ছিলেন যাদের ২/৪ জন এখানে আছেন। তখন হঠাৎ আমাকে বলা হয় যে বাংলাদেশের প্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী আমার সঙ্গে আলাদা করে কথা বলতে চান। পাশে একটা ঘর আছে, আমি বললাম সেখানে চলুন। আমি সেটা অস্বীকার করতে পারিনি। তবু দিল্লিতে আমি খবর পাঠিয়েছিলাম, যে আমার কিছু বলার নেই, যা বলার দিল্লি বলবে। দিল্লির সরকারের সঙ্গে বাংলাদেশ সরকারের আলোচনা হয়েছে, আমার সেখানে তো আর নতুন করে কিছু বলার নেই, এটা আমি খবর পাঠিয়েছিলাম। কিন্তু ওঁরা যখন আমকে ডাকলেন তখন তো আর আমি অস্বীকার করতে পারিনা। আমরা তিন জন যখন ঘরে ঢুকলাম--আমরা এক, দুই মিনিট বসেছি--তখন আমি দেখলাম যে ওঁদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের যে প্রতিনিধি এসেছেন, সেই শ্রীমতী মার্গারেট আলভা--তাঁকে আমি বহুদিন চিনি--তিনি সেখানে নেই। আমি তখন তাঁকে ডেকে পাঠালাম এবং দু-চার মিনিট পর তিনি সেখানে এলেন এবং ইংরাজিতেই সেখানে কথা হল, সুতরাং তাঁর কথা না বোঝার কোনও ব্যাপার নেই।

(শ্রী সৌগত রায় ঃ তিন-চার মিনিট নয়, ১৫ মিনিট আপনারা আলাদা কথা বলেছেন)

আমি ওখানে ছিলাম, তারপর তিন-চার মিনিট পর তিনি সেখানে ঢুকলেন। ওঁনাকে যখন আমি দেখলাম না তখন আমি ওঁনাকে ডেকে পাঠালাম। আর সর্বসাকুল্যে ১৫ মিনিটই আমরা ছিলাম। কি হল না হল সেটা তো লুকোবার কিছু নেই। তারা বললেন --বাংলাদেশের প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রী--দিল্লিতে কোন কোন বিষয়ে কথা হয়েছে। ঐ জল বন্টন, তিন বিঘা, এই রকম যেসব সমস্যা, আমাদের এই রিফিউজিরা আসছে ইত্যাদি। আমাদের যেসব অভিযোগ আছে বাংলাদেশ সম্বন্ধে সেই সম্পর্কে উনি বললেন। তিন বিঘা সম্পর্কে আমরা সবাইতো একমত এবং কেন্দ্রীয় সরকারকে আমরা এই ব্যপারে সাহায্য করব। যদিও চুক্তিটা কেন্দ্রের সঙ্গে, কিন্তু পশ্চিমবাংলায় যেহেতু তিনবিঘার জমিটা সেইহেতু আমরা নিশ্চয় সাহায্য করব। মার্গারেট আলভা সেখানে ছিলেন, সবই শুনলেন পরে তিনি আমাকে বললেন আমি গিয়ে দিল্লিতে বলব। আমি বলেছিলাম প্রধানমন্ত্রীকে সব বলতে, কারণ দায়িত্ব প্রধানত ওঁদেরই। কেন্দ্রীয় সরকার আমাদের সর্বোতভাবে সাহায্য করবে। কংগ্রেসের টিম ওখানে এখনও যায়নি। তারা কিসের জন্য অপেক্ষা করছেন জানিনা। কিন্তু তারা এখনও যাননি। সেটা অবশ্য ওঁদের পার্টির ব্যাপার। তা উনি বললেন, আমি কিছুক্ষণ আছি, এই প্লেনেই ফিরে যাব, তবে আমাদের কয়েকজন আছে আমি বলে যাব। বলেছেন কিনা জানিনা। জল বন্টনের ব্যাপার নিয়ে কোনও কথা হয়নি। এটাতো আমরা প্রথমেই বলে গিয়েছিলাম এত গোপনীয়তার কিছু নেই। কেন্দ্রীয় সরকারের সঙ্গে যে চুক্তি হয়েছে বাংলাদেশের সঙ্গে, এটা আমরা মেনে নিয়েছি, এখানে প্রস্তাবও নিয়েছি। এতে গোপনীয়তার

কিছু নেই। আর কেন্দ্রীয় সরকার যদি না করেন তাহলে আমরা সাহায্য করলেও কিছু করতে পারব না। কেন্দ্রীয় সরকার—সৌভাগ্যবশত টাকা-পয়সার দিক থেকে বা অন্যান্য যে সব প্রয়োজন আছে তারা এখানে প্রচুর সাহায্য করছেন। খালি একটা জিনিস পাইনি, চিফ সেক্রেটারি আজকে সকালেই গেছেন। আমাদের সর্বদলীয় যে মিটিং হয় সেখানে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে ১৯৮২ সালের চিঠি আদান-প্রদানের ভিত্তিতে একটা পুস্তিকা বেরিয়েছে। দিল্লিতে দেওয়া হয়েছে, পার্লামেন্টে সেগুলি একটু পরিষ্কার করে বলে দিন। কেননা ভুল বোঝানোর চেষ্টা করা হচ্ছে। কুচলিবাড়ি এনক্লুড হয়ে যাবে, মামলা হয়ে যাবে, সার্বভৌমত্ব আছে কিনা, থাকবে কি না? এইসব ভুল বোঝাচ্ছে। তাই পুস্তিকা হলে আমাদের পক্ষে সুবিধা হবে। এও বলেছিলাম যে এগুলো আপনারা পরিষ্কার করে দিন এবং আশা করি আমাদের পাঠাবেন। এটা হয়তো কাল-পরশুর মধ্যেই জানতে পারবে যে এই নিয়ে কি হল। দ্বিতীয় কথা হচ্ছে, যে আমাদের এখানে কংগ্রেসের কাছ থেকে জরুরি অবস্থার কথা শুনতে হচ্ছে। সাংবাদিকদের যা হল তা নিয়ে আমি ইতিমধ্যেই দুঃখ প্রকাশ করেছি আপনারা জানেন--'জরুরি অবস্থা' এটা ওদের মুখে মানায় না--যেখানে ১৯৭২ সালে অলিখিত জরুরি অবস্থা ছিল। কংগ্রেসের আমলে মারপিট, দাঙ্গা, আমাদের লোককে খুন করানো, কোনও আইন-শৃঙ্খলা কিছু ছিল না, আমাদের লোককে হত্যা করা হল। তখন কোনও মামলা হত না, এমন কি, এমন জরুরি অবস্থা--কংগ্রেসের ৫০০ লোককে গ্রেপ্তার করে রাখা হয়েছিল। যাঁরা সিদ্ধার্থশঙ্কর রায়ের বিরোধী বা বিরুদ্ধে। এইসব আমরা জানি। এইরকম অবস্থা হয়নি? রবীন্দ্রনাথ, নেতাজী সুভাষচন্দ্র বোস, নেহেরু থেকে--লেখা উদ্ধৃতি কোনও কাগজে লিখতে পারবে না। কি, না রাইটার্স বিল্ডিংয়ে গিয়ে ওদের অফিসারদের মতামত নিতে হত। সেন্সারশিপ এমন জায়গায় গিয়েছিল। যেখানে জনগণের প্রতিনিধি যা বলবেন পার্লামেন্টে, রাজ্যে রাজ্যে বিধানসভায়--সরকারি কর্মচারিদের অনুমোদন না পেলে সেগুলো পাবলিশ হবে না, বা পাবে না। কাগজে লেখা যাবে না। এইরকম অবমাননাকর অবস্থার সৃষ্টি হয়েছিল ভারতবর্ষে। দুনিয়ার সামনে মাথা হেঁট হয়েছিল। সমুচিত জবাব কংগ্রেস সরকার পেয়েছিল। কাজেই জরুরি অবস্থার কথা কংগ্রেস যত কম বলে ততই ভাল। তবে সংবাদপত্রের স্বাধীনতায় আমরা বিশ্বাস করি, নিশ্চয় আমরা বিশ্বাস করি।

[12-10 – 12-20 P.M.]

তবে একটা অঘটন ঘটে গিয়েছে--এই বিষয়ে কোনও সন্দেহ নেই। সেদিন যে ঘটনা ঘটলো, বাংলাদেশের প্রধানমন্ত্রী এবং অন্যান্যরা এসেছিলেন এবং আমি এটা আপনাদের বলছি যে এই খবর আমি যেটুকু বলেছিলাম আগে, আমি যখন এয়ারপোর্টে গেলাম, তখন দেখলাম ওখানে সাংবাদিকদের কেউ নেই। আমরা নিচের ঘরে ছিলাম। সিদ্ধার্থবাবু ছিলেন, সৌগত রায় ছিলেন, আরও অনেকে ছিলেন সেখানে। এমনকি সিদ্ধার্থবাবু স্ত্রীকেও নিয়ে গিয়েছিলেন, ভালই হল, আবার অনেক দিন পরে তাঁর স্ত্রীর সঙ্গে দেখা হল, অনেক দিন দেখা হয় নি। আর ডাঃ জয়নাল আবেদিন ছিলেন, আরও অনেকে ছিলেন। আমাকে বলা হল এখন ওপরে সাংবাদিকরা রয়েছেন, আমরা এখানে আসতে দিই নি, ওপরে বসে আছেন, একটা ঘরে চা-টা দেওয়া হয়েছে। আমি বললাম ওঁরা কি কিছু বলেছেন, এটাতো

আমি জিজ্ঞাসা করি, ওঁরা সাংবাদিকদের সঙ্গে দেখা করবেন কিনা, ওঁরা বললেন জানি না, এখনও দিল্লি আমাদের কিছু বলে নি। ওখানে সাংবাদিকদের সঙ্গে কথা বলেছেন, এখানে আর বলবেন কিনা এই সম্পর্কে আমাদের কাছে কোনও খবর নেই। যেটুকু বলা হয়েছে আমাদের এখানে করছি। পরে জেনে নেব। এঁরা নিশ্চয় চাইবেন ওঁর সঙ্গে কথা বলতে। আমি বললাম, আচ্ছা, আমি দেখছি। তারপর ওই ঘরে যখন আলোচনা করছিলাম, তখন আমি প্রধানমন্ত্রীকে বললাম, বিদেশমন্ত্রীকে বললাম, আপনারা তো জানেন ঢাকায় যাবেন, আপনাদের তো প্রেসের লোক ওখানে থাকবেন, কিছু আপনাদের বলতে হবে। আমিও যখন ঢাকায় গিয়েছিলাম, দু-তিন বছর আগে তখন তো প্রেসের লোক যারা ওখানে ছিলেন আমার সঙ্গে কথা বললেন, একেবারে প্রেস কনফারেন্স হল। ওখানে আপনি বলে এসেছেন। কিন্তু প্রেস যদি দু-চারটে কথা জিজ্ঞাসা করে এবং আপনি যদি কিছু বলতে চান তাহলে আপনি প্রস্থান করবার সময় ওঁদের দাঁড়িয়ে দু-চারটে কথা বলতে পারেন, ওঁরা আছেন এখানে। উনি বললেন সে আমি গাড়িতে উঠবার আগে এয়ার ক্রাফটে যাবার আগে যখন যাব তখন বলব। উনি রাজি হয়েছিলেন। কিন্তু আশ্চর্যের ব্যাপার গাড়িতে উঠবার সময় আমি যখন বেরলাম সবাই মিলে তখন আমি দেখলাম, ওঁরা সব থাকেন করিডরে, ওই করিডরে গাড়িতে উঠতে যাবার সময় যে কেউ নেই, একজনও প্রেসের প্রতিনিধি নেই। ফটোগ্রাফাররা আগে থেকে ছিলেন, অসংখ্য ফটোগ্রাফার, এয়ার-ক্রাফটের কাছে তারা ছিলেন, ছবি-টবি নিয়েছেন, কেউ জিজ্ঞাসা করল না, উনি চলে গেলেন। আমি জিজ্ঞাসা করলাম না, উনি উঠে গেলেন গাড়িতে, বিদায় দিয়ে ফিরে এলাম, বাড়িতে চলে এলাম। কাছেই থাকি। বাড়িতে আসতেই চিফ সেক্রেটারি আমাকে ফোন করলেন, একটা খুব খারাপ ঘটনা ঘটে গিয়েছে, ওপরে প্রেসের লোক ছিলেন, এখন ওপর থেকে যখন নিচে নেমে এসেছেন, ওঁরা অভিযোগ করছেন, পুলিশ ওদের আটকে রেখেছিল, ওঁরা যখন নামতে চান তখন তাঁদের বলা হয় এই সিঁড়ি দিয়ে নামতে পারবে না, অন্য কোন ঘুরে সিঁড়ি দিয়ে নামতে হবে এইসব ফোনে বললেন। আমি বললাম, আমি তো ছিলাম এয়ারপোর্টে। সেখানে থাকলাম, ঘটনা ঘটল, আমাকে তখন কোনও খবর পাঠানো হল না। প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রী কথা বলতে চাইছেন, তাহলে কেউ তো এসে বলতে পারত ওঁদের, এয়ারপোর্টে গেলে ওঁদের সঙ্গে দেখা হয়, সবাইকে জানি, তাহলে আমরা আলোচনা করে একটা ব্যবস্থা করতে পারতাম। আর যখন প্রধানমন্ত্রী রাজি হয়েছিলেন, যখন গাড়িতে উঠতে যাবেন, তখন দু-চার কথা বলে যাবেন, তখন কোনও অসুবিধা হওয়ার কথা নয়। আমি বললাম, ঘটনাটা ঠিক হয় নি। আমি তখনই সাংবাদিকদের বললাম, আমি অত্যন্ত দুঃখিত, এ তো সচরাচর ঘটে না, আগে কোনওদিন ঘটে নি, আমি দুঃখিত, এই কথা বলেছিলাম। যাইহোক, আজকে এখানে আলোচনা হচ্ছে, কিছু দাবি করা হয়েছে। ইতিমধ্যে গতকালই আমি ডাইরেকশন দিয়েছিলাম, এইটা সবটা আমার কাছে পরিষ্কার হচ্ছে না। যেমন একটা কথা আমাকে কেন খবরটা দেওয়া হল না, অনেক অফিস্যার ওখানে ছিলেন, বড় বড় অফিসার ছিলেন, আমাকে একটু বলতে পারতেন, আমি একটু বাইরে গিয়ে দু মিনিটের মধ্যে ব্যবস্থা করতে পারতাম। এইটা না করে এমন একটা ঘটনা ঘটে গেল, সত্যি খুব লজ্জার কথা আমাদের পক্ষে, এটা আমি বললাম এখানে। সেইজন্য আমি কালকেই বলেছি আমাদের.....

শ্রী সিদ্ধার্থশংকর রায় ঃ স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। একটু আগে দুটো কথা বলেছেন। আপনি এলে বলা হল, সাংবাদিকরা উপরে বসে আছেন।.....

(নয়েজ)

শ্রী জ্যোতি বসু ঃ আমি বলি নি। আমি বলেছি যেই মুহূর্তে আমি ' নামলাম, এয়ারপোর্টে ঘরে ঢোকবার জন্য, আমাকে বলা হল, সাংবাদিকদের অ বসিয়ে রেখেছি। এই কথা আমাকে বলা হয়েছিল। তারপর আমি ঘরে ঢুকল..., ... দেখলাম অনেকে বসে আছেন। তারপর এয়ারোপ্লেন এসেছিল, ওখানে গিয়ে নিয়ে এলাম। কাজেই, কিছু পয়েন্ট অফ অর্ডারের মানে হয় না। যা সত্য কথা তাই আমি বলেছি এবং আবার আমি বলছি, এইটা আমার কাছে একটা বিস্ময়ের কথা, আমি যখন নিজে উপস্থিত আছি, ওপরে সাংবাদিকদের সঙ্গে তর্ক-বিতর্ক হচ্ছে। ওঁরা বলছেন, আমরা নামতে দেব না, অন্য সিঁড়ি দিয়ে যান, ওই সিঁড়ি দিয়ে আসবেন না, এই সব যে হল, আমাকে এসে কেউ বলতে পারত, তখন তো বাংলাদেশের প্রধানমন্ত্রী উপস্থিত, বিদেশমন্ত্রী উপস্থিত, আরও ওঁদের ৩০/৩৫ জন ছিলেন, ওঁদের সবাই উপস্থিত। সেখানে আমাকে বললে, যেমন আমাকে বলে অন্য ঘরে নিয়ে যাওয়া হল, এটা বললেও তো আমি দু মিনিট বেরিয়ে গিয়ে ওদের কারুকে ডেকে--আর প্রত্যেককেই আমি ব্যক্তিগতভাবে চিনি যাঁরা ওখানে কাজ করেন সংবাদপত্রের পক্ষ থেকে, আমি সেটা করে দিতে পারতাম। কিন্তু হল না। সেইজন্য আমি গতকাল বলেছি, অবশ্য অন্য দাবি উঠেছে--আমি গতকাল বলেছি যে আমাদের একজন হোম ডিপার্টমেন্টের স্পেশ্যাল সেক্রেটারি--এন.কে.চতুর্বেদিকে যে আপনি ১৫ দিনের মধ্যে আমাকে একটা রিপোর্ট দিন। সমস্ত ঘটনাটা সম্বন্ধে রিপোর্ট দিন।

(গোলমাল)

হোম ডিপার্টমেন্টের স্পেশ্যাল সেক্রেটারি, তাঁকে বলেছি, ১৫ দিনের মধ্যে আমাকে রিপোর্ট দিন সেই রিপোর্ট পাবার পর যদি আমার মনে হয় যে অন্য কোনও কিছু করার দরকার আছে, আমি করব। তা না হলে আজকে ওরা যা বলছেন--এই রিপোর্ট না পেলে আমি সেই পথে যেতে পারব না। আমি দুঃখিত। কংগ্রেস এখন যেটা বলছেন—সর্বদলীয় অমুক করুন, তমুক করুন আমি সেটা করতে পারব না। আগে রিপোর্টটা আমার কাছে আসুক কারণ আমার কাছেও কিছু অস্পষ্ট জিনিস থেকে যাচ্ছে। সেইজন্য আমি বলেছি একজন আমাদের স্পেশ্যাল সেক্রেটারিকে যে আপনি আমাকে রিপোর্ট ১৫ দিনের মধ্যে দিন তারপর আর কি করতে হবে সেগুলি আমি দেখব। আর সাংবাদিক যারা আছেন তাদের সঙ্গে ইতিমধ্যে আমাদের কথা হয়েছে কিছু, আরও কথা সেখানে হবে। আমার শেষ কথা হচ্ছে, এটা কেন আমি বলেছি? আমাদের থেকে একটা রিপোর্ট দেবেন যে কি হয়েছিল, কারা চার্জে ছিলেন, কারা আটকালেন? বলছেন যে দুজন পুলিশ কনস্টেবল, তারা বললেন--কথাটা বেরিয়েছে, সব আমি জানিনা, দুজন পুলিশ কনস্টেবল বললেন যে, না আমাদের হুকুম আছে, আমরা এখানে দাঁড়িয়ে আছি আমরা বেরুতে দেব না। এই যে সব

কথা হচ্ছে এগুলির পুরো তদন্ত করতে হবে। সেটা করে আমার কাছে বলতে হবে। কারণ আমি মনে করি যে এটা অবমাননাকর ব্যাপার যেটা হয়েছে সাংবাদিকদের বিরুদ্ধে। সেজন্য আমি জানতে চাই যে কি ভাবে কি হল। আর কারা সেই উপরে ছিলেন এবং কেন তারা আমার কাছে খবর দিলেন না যখন আমি সেখানে উপস্থিত আছি। এটা বারেবারে আমি বলছি। তারপর যদি আমার মনে হয় আর কিছু করার দরকার আছে, অন্য কোন রকম তদন্ত সেটা আমি দেখব, এখন আমি এখানে প্রতিশ্রুতি দিতে পারছি না। আমি দুঃখিত।

(গোলমাল)

আর এটা মনে রাখবেন যে আমি যে মুহূর্তে এটা টেলিফোনে শুনলাম চিফ সেক্রেটারির কাছে আমি তখনই সংবাদপত্রে ফোন করে বললাম যে এটা সবাইকে বলে দিন আমি অত্যন্ত দুঃখিত যে এরকম ঘটনা হয়েছে। আমি পরবর্তীকালে দেখব। এই হচ্ছে আমার আপনাদের কাছে বক্তব্য। কিন্তু আমি বলছি, সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে কংগ্রেসের কোনও মাথাব্যথা নেই। ওঁরা মনে করছেন এটা রাজনৈতিক ভাবে আমাদের বিরুদ্ধে ওঁরা ব্যবহার করতে পারেন কিনা—এই হচ্ছে কথা। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(তুমুল হট্টগোল)

CALLING ATTENTION

Mr. Speaker : I have received four notices of Calling Attention, namely :– 1. Reported reign of terror let lose by the police and the major ruling party cadres at Rajbalhat under P.S. Jalpaiguri of Hooghly district by Shri Saugata Roy.

2. Alleged mis-behaviour with the Journalists at Calcutta Airport on 28.5.92 by the police–by Shri Tapan Hore and Shri Kshiti Goswami.

3. Alleged murder of one Sanjit Dey a youth congress worker at Amta, Howrah–by Shri Abdul Mannan.

4. Alleged dacoity in 54 Down Gour Express on 31.5.92–by Shri Birendra Kumar Moitra.

I have selected the notice of Shri Birendra Kumar Maitra on the subject of alleged dacoity in 54 down Gour Express on 31.5.92.

The Minister-in-charge may please make a statement to-day if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : On the 4th instant.

Message under rule 181

Secretary, Assembly : Members are informed that a message under rule 181 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly has been received from the Rajya Sabha Secretariat for ratification of the amendment to the Constitution of India falling with the purview of Clause (a) of the proviso to Clause (2) of artical 368 there of, proposed to be made by the Constitution (seventy-sixth amendment) Bill, 1992 as passed by both the House of Parliament. The Message is laid on the Table.

MENTION CASE

[12-20 – 12-30 P.M.]

শ্রী ঈদ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় ক্ষুদ্র সেচ দপ্তরের মাধ্যমে যে মিনি ডিপ টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এবং মিডিয়াম ডিপ টিউবওয়েল বসানো হচ্ছে, এই সব কাজে যে পরিমাণ পাইপ বসানো দরকার তা না বসিয়ে কম পাইপ বসিয়ে ফার্স্ট লেয়ার থেকে জল নেবার একটা ব্যবস্থা হচ্ছে। তার ফলে ঠিকমতো জল উঠছে না। সরকারের কোটি কোটি টাকা খরচ হচ্ছে। সেইগুলো যাতে ফার্স্ট লেয়ারে না বসিয়ে সেকেন্ড থার্ড, এবং ফোর্থ লেয়ারে বসানো হয়, তার ব্যবস্থা করেন। কারণ শ্যালো টিউবওয়েল, যেগুলো আছে, ক্লাস্টার বলুন এবং অন্যান্য শ্যালো টিউবওয়েল যেগুলো আছে, সেইগুলোও এর ফলে জল পাচ্ছে না, সব জল ঐ সব টিউবওয়েল টেনে নিচ্ছে। তারফলে ভূগর্ভে জলের একটা সংকট দেখা দিচ্ছে। এই সম্পর্কে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সব ডিপ টিউবওয়েল-গুলো ফার্স্ট লেয়ার পর্যন্ত না বসিয়ে সেকেন্ড, থার্ড এবং ফোর্থ লেয়ারে বসানো হয় এবং চাষের জল দেবার ভাল ব্যবস্থা করা হয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তর তথা মুখ্যমন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, দক্ষিণ ২৪ পরগনায় এবং পশ্চিমবাংলায় আপনি শুনেছেন বৃষ্টি হওয়ার সঙ্গে সঙ্গে চাষীরা বীজ ধান ফেলার জন্য জমিতে লাঙ্গল দেওয়া শুরু করেছে। চাষের মরশুমের শুরুতে সি.পি.এম দলের সমর্থনপুষ্ট লোকেরা বিভিন্ন জায়গায় জোর করে প্রকৃত চাষীদের জমি দখল করছে। প্রকৃত চাষীদের উচ্ছেদ করবার জন্য চেষ্টা করছে। আমার কুলতলী থানার গোপালগঞ্জ মৌজায় ৫১ বিঘা জমিতে ৩৮ জন চাষী চাষ করে। তাদের সি.পি.এম. দলপুষ্ট লোকেরা বিভিন্ন জায়গা থেকে সমাজ বিরোধীদের নিয়ে এসে সেই জমি থেকে তাদের উচ্ছেদ করার চেষ্টা করছে। আমি এই সম্পর্কে কোনও ব্যবস্থা না নেওয়া যায় তাহলে আসন্ন চাষের মরশুমে একটা শোচনীয় পরিস্থিতির উদ্ভব হবে। আমি তাই বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে কুলতলী থানার গোপালগঞ্জ মৌজার ৩৮ জন চাষীকে সি.পি.এম

দলভুক্ত লোকেরা আক্রমণ না করে তার জন্য তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী নরেন হাঁসদা ঃ "মান্তান্ স্পিকার গংকে জহার" স্যার, আপনি জানেন আগামী ৮ই জুন 'নয়াগ্রাম' সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন। গত ২৬ তারিখ নয়াগ্রাম সংরক্ষিত বিধানসভা এলাকার মধ্যে ঝাড়খণ্ড কর্মী শ্রীকান্ত দণ্ডবতেকে সি.পি.এম.-এর কিছু মানুষ আক্রমণ করে কেটে খন্ড খন্ড করে হত্যা করে। তারপর তার শবদেহ জঙ্গলে নিয়ে পালিয়ে যায়। ২৭ তারিখ নিহতের আত্মীয় স্বজনরা থানায় ডায়রি করে। কিন্তু গতকাল পর্যন্ত পুলিশ তাঁর শবদেহ উদ্ধার করতে পারে নি এবং কাউকে গ্রেপ্তারও করে নি। গতকাল আমি ওখানকার এস.ডি.ও.-র সঙ্গে আলোচনা করে জানতে পেরেছি, যে এফ. আই. আর করা হয়েছিল সেটা পাওয়া যাচ্ছে না। এই ঘটনা থেকেই পরিষ্কার বোঝা যাচ্ছে পশ্চিমবাংলায় একটা উলঙ্গ রাজত্ব চলছে। আমি দাবি করছি অবিলম্বে ঐ ঝাড়খন্ডি নিহত কর্মীর শবদেহ উদ্ধার করে তাঁর আত্মীয় স্বজনের হাতে তুলে দেওয়া হোক এবং ঐ ঘটনার সঙ্গে জড়িত দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করে শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হোক।

শ্রী ইউনুস সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার বহরমপুর থেকে গোপালপুর পর্যন্ত যে সড়ক পথটি আছে সেটি আজকে অচল হয়ে পড়েছে। এ ছাড়া শ্বেতপাড়া থেকে কাহার পাড়া পর্যন্ত যে রাস্তাটি আছে সেটিও অচল হয়ে গেছে। অবিলম্বে এই রাস্তা দুটির সংস্কার করা দরকার। ডিপার্টমেন্টের অবহেলা এবং সতর্কতার অভাবের জন্যই ওখানে কোনও কাজ হচ্ছে না। শুধু মাত্র আর্থিক কারণে রাস্তা গুলির এই অবস্থা নয়, ডিপার্টমেন্টের রাস্তাগুলির প্রতি ঠিকমতো নজর না থাকায় রাস্তাগুলির মেরমতি কাজ হচ্ছে না। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জেলার মূল শহর বহরমপুরের সঙ্গে বিভিন্ন অংশের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। রাস্তা গুলির এমন হাল হয়েছে যে, কয়েকটি রাস্তা দিয়ে সপ্তাহে মাত্র ২/৩দিন যানবাহন চলাচল করতে পারছে। অবিলম্বে রাস্তা সংস্কারের জন্য আমি বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রঞ্জিত পাত্র ঃ স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আইন-ও বিচার বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমাদের মেদিনীপুর জেলার দাঁতনের জনসাধারণের কথা বিবেচনা করে আজ প্রায় ৮/১০ বছর আগে দাঁতনে একটা ফৌজদারি কোর্ট চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে ছিল এবং অস্থায়ী--ভাবে দাঁতন মুনসেফ কোর্টের মধ্যে কাজ চালাবার ব্যবস্থা করা হয়েছিল। মুনসেফ অর্দ্ধেক সময় দেওয়ানি এবং অর্দ্ধেক সময় ফৌজদারি মামলার বিচার করতেন। ফলে সময় মতো বিচার হত না, বিলম্ব হত এবং সে ব্যবস্থা এখনও চলছে। সেখানে দীর্ঘ দিন ধরে ফৌজদারি আদালত খোলার জন্য ঘর বাড়ি তৈরী হয়ে পড়ে রয়েছে, হাকিম বা বিচারক নিয়োগ করা হচ্ছে না। এখনও ঐ এলাকার লোকজনদের ফৌজদারি মামলার জন্য মেদিনীপুরের এস.ডি.জে.এম কোর্টে যেতে হয়। কোনও সময় এস.ডি.জে.এম. কোর্টে ট্রান্সফার করে দেওয়া হচ্ছে

আবার কোনও সময় দাঁতন মুনসেফ কোর্টে ট্রান্সফার করে দেওয়া হচ্ছে। এর ফলে জনসাধরণের ক্ষতি হচ্ছে। সেজন্য আমি মাননীয় বিচার মন্ত্রীর কাছে দাবি করছি দাঁতন মুনসেফ আদালত ফৌজদারি আদালত পুরোপুরি চালু হোক এবং সেখানে উপযুক্ত সংখ্যক বিচারক নিয়োগ করা হোক।

[12-30 – 12-40 P.M.]

শ্রী বাদল জমাদার ঃ মাননীয় স্পিকার স্যার, গত ২৬শে মে, 'গণশক্তি' পত্রিকায় যে সংবাদ বেরিয়েছে তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমার কনস্টিটুয়েন্সিতে পোলেরহাটে জে.সি.আইয়ের একটি পাট ক্রয় কেন্দ্র আছে। এই পাট ক্রয় কেন্দ্রটি নাকি উঠে যাচ্ছে। এটা যদি উঠে যায় তাহলে কৃষকদের প্রচুর ক্ষতি হবে। তাই আমি এই সম্পর্কে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি যেন, ঐ পাট ক্রয় কেন্দ্রটি উঠে না যায়। পশ্চিমবাংলায় এই রকম আরও ১৪টি পাট ক্রয় কেন্দ্র উঠে যাবে বলে সংবাদপত্রে উল্লেখিত হয়েছে।

শ্রী তপন হোড় ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইদানিং দেখা যাচ্ছে রেশন দোকানে যে চাল এবং চিনি দেওয়া হচ্ছে সেগুলি এতই নিম্নমানের যে এর প্রতি সাধারণ মানুষের বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে। আমি একটি স্পেসিফিক অভিযোগ করছি সেটা হচ্ছে, বাগুইহাটি রেশন দোকান নাম্বার ৯০৮। গত সপ্তাহে এই রেশন দোকান মারফত নোংরা মিশ্রিত চিনি সরবরাহ করার জন্য সেখানকার মানুষ প্রতিবাদ জানিয়েছে। কিন্তু আজ পর্যন্ত কিছুই হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, ইদানিং কালে এই যে নিম্নমানের চাল এবং চিনি (নোংরা মেশানো) যেটা নিত্য-নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে সেই ব্যাপারে দৃষ্টি দেবেন। আমি আপনার কাছে স্পেসিফিক কেস রাখলাম। আমার কাছে নমুনা আছে, আমি আপনাকে দেব।

মিঃ স্পিকার ঃ নমুনা দেবার নিয়ম নেই হাউসের মধ্যে, কাগজ দেবার নিয়ম আছে। আপনি মন্ত্রীকে দিয়ে দেবেন।

শ্রী তপন হোড় ঃ আমি স্যার, নিয়ম-কানুন জানি না। আমি নমুনা এনেছি এই কারণে যাতে এটা গুরুত্ব পায়।

শ্রী নরেন দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন আমি তা নোট করে নিয়েছি, রেশন দোকান নাম্বার ৯০৮ (বাগুইহাটি)। আমি এটার তদন্ত করব এবং যদি খুঁজে পাওয়া যায় তাহলে শাস্তির ব্যবস্থা করব।

শ্রী বারীন্দ্রনাথ কোলে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। গত ৩/৪ দিন যাবৎ হাওড়া জেলার আমতা এলাকায় এমন কি হাওড়া জেলার সর্বত্র কংগ্রেস (ই) পক্ষ থেকে একটা বিশৃঙ্খলা সৃষ্টির প্রচেষ্টা চলছে। থানার সামনে জমায়েত করে

নানারকম কাণ্ড-কারখানা করছে। হাওড়া জেলায় বাস, ট্রেন বন্ধ করে দেওয়ার চেষ্টা হচ্ছে। বিভিন্ন এলাকায় গিয়ে আমাদের সি.পি.এমের কর্মী এবং নেতাদের বাড়ির উপর হামলা চালানো হচ্ছে এই আজুহাতে যে ওদের একজন কংগ্রেস কর্মী সঞ্জীব দে খুন হয়েছে এবং তার পচা মৃত দেহটি পাওয়া গেছে খালের জলে। তদন্ত না করে ওরা আমাদের স্থানীয় লোকদের এমন কি নাম করা লোক বিখ্যাত কবি নিমাই মান্না এবং প্রবীণ ৬০ বছরের বৃদ্ধ শিক্ষক, গুণধর মাঝি—এইরকম ভাল লোকেদের বিরুদ্ধে থানায় মিথ্যা অভিযোগ করেছে এবং অত্যাচার করছে। এইভাবে কংগ্রেসিরা সাধারণ মানুষকে বিভ্রান্ত করে আইন-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করছে। এ ব্যপারে যথাযথ ব্যবস্থা নেওয়া হোক।

ZERO HOUR

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না।)

শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টিতে একটি ঘটনাকে আনতে চাই। আই.টি.সি-র মালটি ন্যাশনাল কনসার্ণ তাদের ত্রিবেণী টিস্যুর কারখানাটি গত বুধবার, ২৭ তারিখে রাত্রি নয়টার সময়ে অত্যন্ত অন্যায়, বে-আইনি এবং একতরফাভাবে লক আউট ঘোষণা করে দিয়েছেন এই আই.টি.সি. শ্রমিকদের স্বার্থ নীতির প্রতিবাদে গত ২৮শে এপ্রিল একদিনের প্রতীক ধর্মঘট হয়েছিল। সেই ধর্মঘটে তারা একদিনের বেতন না কেটে ৮দিনের বেতন কাটার হুমকি দিয়েছিলেন। পরে ওদের খিদিরপুর কারখানার ৪ জন কর্মীকে শো-কজ করে ডিসমিস করে দেন এবং যখন হুগলির ত্রিবেণী টিস্যু কারখানার বিরোধ নিয়ে আমাদের মাননীয় শ্রম মন্ত্রী এবং কুটির শিল্প দপ্তরের মন্ত্রী আলাপ আলোচনার মাধ্যমে বিরোধ মীমাংসার চেষ্টা করেন তখন একটা কাল্পনিক অজুহাতে ৪ জন কর্মীকে অন্যায়ভাবে সাসপেন্ড করা হয়। তারপর আমাদের শ্রমমন্ত্রী এবং মাননীয় ক্ষুদ্র কুটিরশিল্প মন্ত্রীর আলোচনার ফলে সাসপেন্ড প্রত্যাহৃত হয়। আই.টি.সি. ম্যানেজমেন্টের ঔদ্ধত্ত এমন পর্যায়ে গেছে যে ওঁরা আমাদের মাননীয় মন্ত্রীদের অনুরোধও প্রত্যাখ্যান করেছেন। তাঁরা দুহাজার কর্মীকে লক—আউটের মুখে ঠেলে দিয়েছেন এবং সরকারি নীতিকে চ্যালেঞ্জ করছেন। এ সম্পর্কে আমি মাননীয় শ্রম মন্ত্রীকে একটা স্টেটমেন্ট দিয়ে অনুরোধ জানাচ্ছি।

শ্রী আব্দুল মান্নান ঃ (উপস্থিত ছিলেন না।)

শ্রী সাধন পাণ্ডে ঃ (উপস্থিত ছিলেন না।)

শ্রী সৌগত রায় ঃ (উপস্থিত ছিলেন না।)

শ্রী ইউনুস সরকার ঃ (উপস্থিত ছিলেন না।)

শ্রী তপন হোড় ঃ মিঃ স্পিকার স্যার, গত ৩০.৫.৯২ তারিখে বোলপুরে বিদ্যুৎ অফিসে কিছু সমাজ বিরোধী ভাঙচুর করে। গত ২৮, ২৯ এবং ৩০ তারিখে এই ৩ দিন

ধরে বোলপুরে প্রচন্ড বিদ্যুত বিভ্রাট এবং সেখানকার মানুষ ক্ষুব্ধ হয়। তারফলে কিছু সমাজবিরোধী সেখানে গিয়ে ভাঙচুর করে। প্রধান অভিযোগটা হল যে বোলপুরের বিদ্যুতের যে ১২ মেগাওয়াট চাহিদা–গতকাল এস.ডি.ও-র অফিসে যে মিটিং হল–তাতে ওরা স্বীকার করে যে বোলপুরে বিদ্যুতের যে কোটা সেই কোটা কেটে নিয়ে অন্য জায়গায় সাপ্লাই করা হচ্ছে এবং এই অভিযোগটা বিদ্যুৎ বিভাগ অস্বীকার করে নি, এই প্রচারের ফলে সেখানকার মানুষের মনে ক্ষোভের সঞ্চার হয় এবং যার ফলে ঐসব গন্ডোগোল হয়। আমি বিষয়টিকে একটু গুরুত্ব দিয়ে দেখার জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

শ্রী নটবর বাগদী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পশুপালন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতবছর আমাদের পুরুলিয়া জেলাতে বৃষ্টিপাতের জন্য ধান চাষ কম হয়েছে। সামনে বিহার স্টেট আমাদের ওখানকার পশু খাদ্য খড় দিনের পর দিন ট্রাকের পর ট্রাক বিহারে চলে যাচ্ছে। বর্ধমান বাঁকুড়া থেকেও যাচ্ছে। যারজন্য ঐ এলাকাতে খড়ের প্রচন্ড অভাব দেখা দিচ্ছে এবং দামও অত্যন্ত বেড়েছে। এই খড়ের পাচার যাতে বন্ধ করা যায়–অন্যান্য বছরে যেমন বর্ডার সীল করে দেওয়া থাকে–এ বছরেও সেই রকম ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। না হলে পশুখাদ্যের খুবই অভাব দেখা দেবে।

[12-40 – 12-50 P.M.]

শ্রী ধীরেন সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরি বিষয়ের প্রতি আমি প্রাথমিক, মাধ্যমিক এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, কয়েক দিন আগে ইলামবাজার ব্লকে বিধ্বংসী ঘূর্ণীঝড় হয়ে গেছে এবং তারফলে ২০টি প্রাথমিক এবং ২টি মাধ্যমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্থ হয়েছে। এদিকে বর্ষা আগতপ্রায়, কিন্তু ঐ স্কুলগুলিতে ছাত্রদের বসবার জায়গা নেই। অপর দিকে সামনেই যে পঞ্চায়েত নির্বাচন তাতে ঐ স্কুলবাড়িগুলি যাতে পুনর্নির্মাণ করা হয় তারজন্য অনুরোধ করছি।

শ্রী মানব মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিনিয়ত ঘটে এমন একটি দুঃখজনক ঘটনার প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যেখানে পরিবহন দপ্তর কলকাতা শহরাঞ্চলে পরিবহন ব্যবস্থার উন্নতির চেষ্টা করছেন, সেখানে হাওড়া স্টেশনের ট্যাকসি স্ট্যান্ডে দাঁড়িয়ে প্রতিদিন সাধারণ মানুষের যে অভিজ্ঞতার মুখোমুখি হতে হয় সেটা তিক্ত, অনভিপ্রেত। হাওড়া স্টেশনে আমরা বিধায়করা যখন আসি, আমরা প্রিভিলেজড ক্লাশ, পুলিশ আমাদের ট্যাকসি ধরে দেয়। কিন্তু সেখানে সাধারণ মানুষের ট্যাকসি ধরা নিয়ে যা ঘটে সেটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। কারণ বাইরে থেকে যে সব মানুষ আসছেন তাদের হাওড়া স্টেশনে তিক্ত অভিজ্ঞতার সম্মুখীন হতে হয়। এমন কি, আমাদের–বিধায়কদের সেখানে পুলিশ ট্যাকসি ধরে দেবার পর কিছু দূর যাবার পর ড্রেস ছাড়া কিছু মানুষ ট্যাকসি আটকান এবং কোথা থেকে আসছি জিজ্ঞাসা করেন। সেখানে আট-দশ বছরের বাচ্ছারাও এটা করে। পুলিশের ড্রেস ছাড়া বেশ কিছু মানুষ সেখানে বেআইনিভাবে ট্যাকসি যুগিয়ে দেবার ব্যবস্থা করে দেন। সেখানে একটা বড় সংখ্যক ট্যাকসি মিটার ডাউন করে দাঁড়িয়ে থাকে। পুলিশ

সেখানে নিজেদের স্বার্থে তাদের বাধ্য করেনা লাইনে দাঁড়াতে। রাত সাড়ে এগারটার পর হাওড়া স্টেশন চত্তরে কোনও পুলিশকে দেখতে পাওয়া যায় না। ঐসব মিটার ডাউন করা ট্যাকসি ড্রাইভাররা হাওড়া স্টেশনের বেশি রাত্রের যাত্রীদের ৫০—১০০ টাকায় ট্যাক্‌সি নিতে বাধ্য করে। আপনার মাধ্যমে এটা সরকারের কাছে জানাতে চাই, অবিলম্বে হাওড়া ষ্টেশন চত্তরে এইসব বেআইনি ঘটনার অবসান ঘটান এবং দিল্লি স্টেশনের মতো প্রি-প্রেড ট্যাক্‌সি সিস্টেম চলু করা যায় কিনা এটা দেখুন। কারণ হাওড়া স্টেশন এলাকায় এক শ্রেণীর মানুষ পুলিশের পরোক্ষ মদতে যে বেআইনি কাজ করছে সেটা সত্বর বন্ধ হওয়া দরকার। দুই দিন আগে একটি বাস্তব অভিজ্ঞতা হয়েছে। রাত সাড়ে এগারটার সময় হাওড়া স্টেশন থেকে এইরকম একটি ট্যাক্‌সি পরিচয় দিয়ে নেবার পর ট্যাকসি ড্রাইভার আবেদন করে বলেন 'যাতে লাইনে না দাঁড়াতে হয় তারজন্য পুলিশকে ১০ টাকা দিয়েছিলাম। কাজেই ঐ ১০ টাকা আমাকে আপনি দিয়ে দিন। বিধায়ক জানা সত্ত্বেও সে যদি আমাকে এই কথা বলতে পারে তাহলে অনুভব করতে পারেন, সাধারণ মানুষের কি অবস্থা। এইরকম সব অপ্রীতিকর বেআইনি ঘটনা হাওড়া স্টেশন চত্তরে হয়ে থাকে। এর বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য বলছি।

(At this stage the House was adjourned till 1-15 P.M.)

[1-15 – 1-25 P.M.] [after adjournment]

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 4

Mr. Speaker : There are 11 cut motions to Demand No. 4. All the cut motions are in order.

Dr. Manas Bhunia : Sir, I beg to move that the amount of Demand be reduced to Rs. 1/-

Shri Abdul Mannan : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

Demand No. 8

Mr. Speaker : There are 4 cut motions to Demand No. 8. All the cut motions are in order.

Shri Abdul Mannan : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs 100/-

শ্রী আবু আয়েস মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিচার ও আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৯২—৯৩ সালের আর্থিক বছরের জন্য যে ব্যয়—বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশান আনা

হয়েছে তার বিরোধিতা করে বাজেট সম্পর্কে কয়েকটি কথা এখানে বলছি। স্যার, আমরা জানি যে সরাসরি বা প্রত্যক্ষ ভাবে জনকল্যাণ মূলক কাজের সঙ্গে এই দপ্তরের যোগাযোগ খুবই কম। কিন্তু অসংখ্য মানুষের দৈনন্দিন জীবনে কোর্ট কাছারীর কাজে যাতে ভাল ভাবে চলে, সাধারণ মানুষ যাতে অযথা হয়রানি না হয় সেটা দেখা এই দপ্তরের দায়িত্ব। কিন্তু আদালতের বিচার ব্যবস্থা বা বিচার পদ্ধতি সম্বন্ধে এই বিভাগের হস্তক্ষেপ একেবারে নেই বললেই চলে। আমরা জানি যে বিভিন্ন দপ্তর বা বিভাগগুলি কাজের জন্য প্রয়োজন বোধ করলে আইন সংশোধন বা নুতন আইন প্রণয়ন করতে পারে। কিন্তু একবার আইন পাস হলে কার্যত তখন আর এই আইন দপ্তরের আইন প্রয়োগের ব্যাপারে কোনও হাত থাকে না। আইন প্রয়োগের ক্ষেত্রে গলদ পদ্ধতি নিয়েও এই দপ্তরের কোনও এক্তিয়ার নেই। এই রকম একটা পরিস্থিতিতে এই দপ্তর যা করতে পেরেছে তাতে বলা যায় নিচের আদালতের সংখ্যা বেড়েছে এবং অধিকতর ক্ষমতা সম্পন্ন মহকুমা কোর্ট এবং ফৌজদারি কোর্ট খোলা হয়েছে। বিগত কয়েক বছরে এই উদ্দেশ্যে মহকুমাগুলিতে অনেক আদালত স্থাপন করা হয়েছে। এ ছাড়াও নুতন নুতন কোর্ট এবং ফৌজদারি কোর্ট স্থাপন করা, নিচের দিকে আদালত বাড়ানোর যে উদ্দেশ্য সাধারণ মানুষের দীর্ঘ পথের যাতায়াতের পরিশ্রম লাঘব করা, মানুষের খরচের লাঘব করা সেটা সফল হয়েছে। এই বিভাগের যেহেতু বিলম্বিত মামলা মকদ্দমা মানুষকে অযথা হয়রানির মধ্যে ফেলেছে সেইজন্য বামফ্রন্ট সরকার আসার পর রাজনৈতিক সদিচ্ছা নিয়ে পুরানো মামলা যেগুলি জমে আছে তার দ্রুত নিষ্পত্তি করার জন্য নূতন ২৯টি আদালত স্থাপন করে। বিচারকে জনসাধারণের স্বার্থে নিয়ে যাওয়ার জন্য বিভিন্ন জায়গায় যেমন শিয়ালদহ, বারাসাত, বর্ধমান, বোলপুর, উলুবেড়িয়া, এই রকম ৬টি সরকারি জেলা আদালত স্থাপন করে। এ ছাড়াও আসানসোল, দুবরাজপুর এবং তমলুকে মুনসেফ আদালত বিচার বিভাগ স্থাপন করে। জনসাধারণের স্বার্থে এই বিভাগ সঠিক দায়িত্ব পালন করছে এবং যথাসাধ্য মানুষের স্বার্থে কাজ করছে। হাই-কোর্টে যে মামলা জমে গিয়েছে সেটাকে কমাবার জন্য নগর দেওয়ানি আদালতের আর্থিক এক্তিয়ার ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১ লক্ষ টাকা করেছেন। ১৯৫৩ সালের সিটি সিভিল কোর্ট আইন সংশোধন করা হয় মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য। ১৯৪৯ সালের ফৌজদারি আইন সংশোধন করা হয়। এসেন্সিয়াল কমোডিটি অ্যাকটের মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য ২৪টি নূতন আদালত এবং ২৪টি অতিরিক্ত বিচারকের পদ সৃষ্টি করা হয়। দুর্গত মানুষদের স্বার্থে এই বিভাগের মাধ্যমে আইনের সাহায্য এবং পরামর্শ যাতে দেওয়া যায় তার জন্য এই সরকার ১৯৮০ সালে একটা প্রকল্প চালু করে। এই প্রকল্পের মাধ্যমে শহরাঞ্চলে যাদের ৭০০০ টাকার নিচে বার্ষিক ইনকাম, গ্রামাঞ্চলে যাদের ৫০০০ টাকার নিচে বার্ষিক ইনকাম তারা আর্থিক সাহায্য বা আইনগত সাহায্য পেতে পারে। বর্তমানে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য বার্ষিক আয়ের সীমা উভয় ক্ষেত্রে ৯০০০ টাকা করা হয়েছে। এর ফলে অসংখ্য মানুষ উপকৃত হবেন। ১৯৯০ সালে এই প্রকল্পের মাধ্যমে ৩৪৫০ জন উপকৃত হয়েছেন, তার মধ্যে ১১৬১ জন মহিলা আছেন, তফসিলি জাতি ৭০৯ জন পশ্চাদ্‌পদ শ্রেণী হচ্ছে ২১৪ জন। ১৯৯১ সালে ৪০০ মতো মানুষ এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন। এই দপ্তরের মাধ্যমে নারী, শিশু, বৃদ্ধ, বর্গাদার এবং সমাজের অন্যান্য

মানুষ আইনগত অধিকার সম্পর্কে যাতে সচেতন হতে পারে তার জন্য সহজ ভাষায় পুস্তক রচনা করা হয়েছে। এ ছাড়া আমাদের দেশের প্রচলিত আইন-কানুন সম্বন্ধে এই দপ্তর মানুষকে সচেতন করে যাচ্ছে বর্তমান সমাজে যখন টাকা দিয়ে আইন কেনা-বেচা হয় তখন মানুষকে আইনগত অধিকার সম্পর্কে, দেশের আইন কানুন সম্পর্কে সচেতন করা একটা গুরুত্বপূর্ণ কাজ। এই দপ্তর সংবিধানকে বাংলা ভাষায় রচনা করে সকলের বোধগম্য করে তুলেছে। আইনের অনেক পুস্তক যেটা ইংরাজি ভাষায় ছিল সেটা বাংলা ভাষায় রচনা করা হয়েছে। এই ধরনের গুরত্বপূর্ণ পদক্ষেপ এই দপ্তর নিয়ে চলেছে। এ ছাড়া এই দপ্তর একটা উদ্যোগ নিয়েছে ফ্যামিলি কোর্ট স্থাপন করার এবং এই ব্যাপারে মহামান্য হাই-কোর্টের মতামত চাওয়া হয়েছে। এই দপ্তর আশা করে আগামী দিনে এই বিষয়ে অগ্রসর হতে পারবে। এটা হলে ভারতবর্ষে এটা প্রথম হবে। এই দপ্তর আরও একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে সেটা হল দিল্লির বিশেষ পুলিশ প্রশাসন আইন ১৯৪৬ এর আওতায় সমগ্র কলকাতা পুর এলাকায় এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার যে সমস্ত কেসের তদন্ত করা হবে সেই কেসগুলি বিচারের জন্য যথাক্রমে দ্বাদশ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, কলকাতা এবং অতিরিক্ত প্রধান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দক্ষিণ ২৪-পরগনাকে জুড়িসিয়াল ম্যাজিস্ট্রেটের বিশেষ আদালত হিসাবে ঘোষণা করে এই বিভাগ কর্তৃক প্রয়োজনীয় বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

[1-25 – 1-35 P.M.]

এইসব গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো নিয়ে চলেছে। আমরা এটা মনে করি যে এই দপ্তরের আরও করণীয় কাজ আছে। যেমন, হাইকোর্টে মামলা জমে যায়। এইজন্য আমাদের এই দপ্তর যদি কিছু পদক্ষেপ নিতে পারে তাহলে মামলা জমে যাচ্ছে ঠিকই, তবে কিছু কিছু মামলাকে নিষ্পত্তি করিয়ে দেওয়া যেতে পারে। যেমন, সারা জীবন ধরে চাকুরি করার পরে দেখা যায় অনেককে কোর্টে যেতে হয়। পেনশনের জন্য যদি কাউকে যেতেই হয়, তাহলে সেই মামলাগুলো সাত আট বছর ধরে চলবে কেন? সরকারের যে পি.পি.রা আছেন, তাঁরা একটা মামলার জন্য বারবার দিন ধার্য করেন। আমার মনে হয়, এই ধরনের মামলার সংখ্যা যদি কমানো যায় তাহলে ক্রমাগত যে মামলা জমে যাচ্ছে সেগুলোকে ঠেকানো যেতে পারে। এই দপ্তর আরও কতকগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বেশ কিছু দিন ধরে এই দপ্তর ভাবছে যে, নিম্ন আদালতে, ফৌজদারি এবং দেওয়ানি আদালতে বাংলা ভাষার মাধ্যমে যাতে কাজকর্ম পরিচালনা করা যায়। ইতিমধ্যে ১৯৮১ সাল থেকে বীরভূমে, মালদহতে এবং হুগলিতে সীমিত ক্ষেত্রে নিম্ন আদালতে বাংলা ভাষাতে পরিচালনা করা হচ্ছে। এই বছরে আরও ৮টি জেলায় বাংলা ভাষার মাধ্যমে যাতে এটা চালু করা যায় তারজন্য এই দপ্তর সিদ্ধান্ত নিয়েছে। এটি গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। তবে আরও খেয়াল রাখাতে হবে যে বিচারকের অনেক পদ খালি রয়েছে। এগুলো পূরণ করতে পারলে অনেক জমে থাকা মামলা কমানো যায়। মুনসেফ কোর্টে ১৮টি পদ খালি রয়েছে। এর মধ্যে পি.এস.সি. থেকে ৯টি পদ পূরণ করার কথা এবং হাইকোর্ট থেকে বাকি ৯টি পূরণ করার কথা। কিন্তু হাইকোর্ট থেকে লিস্ট পাঠাতে বিলম্বিত করছেন, তাঁরা আজ পর্যন্ত লিস্ট পাঠান নি। এগুলো মনে রাখা দরকার। এই দপ্তর তার ভূমিকা পালন করে যাচ্ছে। তার আর

একটি গুরুত্বপূর্ণ দিক হল, রাজ্যের জনসাধারণের প্রয়োজনের তুলনায় কম হলেও এই দপ্তরে ১২টি সাব রেজিস্ট্রি নুতন অফিস খুলছে। রাজ্যে মোট ২২৪টি রেজিস্ট্রি অফিস আছে। আরও ১৫টি অদূর ভবিষ্যতে খোলা হবে বলে সিদ্ধান্ত করা হয়েছে। এখন এই ২২৪টি রেজিস্ট্রি অফিসের মধ্যে মাত্র ৪৬টি ডিপার্টমেন্টাল বিল্ডিং আছে। বেশির ভাগ হচ্ছে রেন্টাল বিল্ডিং। এরফলে রেকারিং একসপেন্ডিচার বেড়ে যাচ্ছে। এগুলো গুরুত্ব দিয়ে দেখা দরকার। আমরা জানি, বিচার বিভাগ এবং প্রশাসন বিভাগ ১৯ বছর আগে আলাদা হয়েছে। কিন্তু আলাদা হওয়ার জন্য বিচার বিভাগের বিল্ডিংয়ের সংকট এমন ভাবে দেখা দিয়েছে যে বিচারকদের আবাসস্থলের খুব সংকট আছে। ক্ষমতায় আসার পর বামফ্রন্ট সরকার এই দপ্তরের মাধ্যমে অনেক গৃহ নির্মাণ করেছেন, আরও নির্মাণ করা দরকার। তা তাহলে বিচারকদের আবাসস্থলের ক্ষেত্রে অসুবিধার জন্য তাঁদের সাহায্য করার ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়াচ্ছে। আমার একটা প্রশ্ন আছে। সাব-রেজিস্ট্রি অফিসে যে সমস্ত দলিলগুলো নিয়মিত হয়ে যাচ্ছে সেগুলোর ঠিকমতো ক্লিয়ারেন্স হচ্ছে না। আমরা জানি, এটা প্রতিবেদনে বলা হয়েছে, আমরা দেখলাম যে, মেজার্স হ্যাভ বিন টেকেন টু এনসিওর কুইকরেজিস্ট্রেশন অ্যান্ড প্রম্পট ডেলিভারি অব দি ডকুমেন্টস, এটা বলা হয়েছে। যে ওল্ড সিস্টেম ছিল যাতে দেরি হচ্ছে দেখে সরকার সিদ্ধান্ত নিয়েছে যে ফাইলিং সিস্টেমের মাধ্যমে এগুলো অনেক হালকা করা হবে এবং ক্লিয়ার্ড হবে। স্ট্যাম্প ফোর্জারি সম্পর্কে যে অভিযোগ এসেছে, এই ডিপার্টমেন্ট তার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। এগুলো গুরুত্বপূর্ণ পদক্ষেপ এই দপ্তর এই পদক্ষেপ নিয়েছে। কিন্তু মামলা মোকর্দ্দমাকে আরও হালকা করা দরকার। সেই রকম রেজিস্ট্রেশন অফিসে যারা দলিল করছে তাদের কাছে দলিলগুলো ঠিকমতো পৌঁছে দিতে গেলে দপ্তরকে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে, দপ্তরকে আরও সচল করতে হবে। নিশ্চয় অনেক ত্রুটি বিচ্যুতি আছে। এখানে ১৯ তারিখে আজকাল পত্রিকায় এই আইন দপ্তর নিয়ে অনেক সমালোচনা বেরিয়েছিল। এই দপ্তরকে নিয়ে বাইরে অনেক সমালোচনা হয়। ১৭.৫.৯২ তারিখে মালদহে রবীন্দ্র ভবনে পশ্চিমবঙ্গ আইনজীবী সমিতির সাধারণ বার্ষিক সভা এবং পাটনা হাইকোর্টের প্রধান বিচারপতি শ্রী বিমল বসাক উপস্থিত ছিলেন। তিনি এইকথা বলেছেন যে, পশ্চিমবঙ্গের বাইরে না থাকলে বোঝাই যায় না পশ্চিমবঙ্গের অবস্থা কত ভাল। সুতরাং আমি তাই বলতে চাই যে, এই দপ্তরের কাজকর্মে অনেক ত্রুটি-বিচ্যুতি থাকলেও সামগ্রিকভাবে এর যথেষ্ট অগ্রগতি হয়েছে। বিশেষ বিশেষ ক্ষেত্রে আরও যথাযোগ্য গুরুত্ব দিয়ে কাজ করতে হবে এবং তার চেষ্টা করতে হবে, তাহলে আরও বেশি করে অগ্রগতি হওয়া সম্ভব। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে আরেকবার সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনীত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনমন্ত্রী তাঁর ব্যায় বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আজকে পশ্চিমবঙ্গে যে বিচারব্যবস্থা চলছে তাতে এটাই প্রমাণিত হয় যে অত্যন্ত বিলম্বিত বিচার ব্যবস্থা এবং এই বিলম্ব হওয়ার জন্যে যারা যথাযোগ্য আইনের শাস্তির অধিকারি, অর্থাৎ অভিযুক্ত তারা

আজকে সমাজের বুকে বুক ফুলিয়ে ঘুরে বেড়াচ্ছে। যারা অভিযুক্ত, তাদের শাস্তি বিধানের ব্যবস্থা হোক এটা সমাজের মানুষ চায়। কিন্তু এই বিচার ব্যবস্থার মধ্যে এমন দীর্ঘসূত্রতা দেখা যাচ্ছে যে, যারা অভিযুক্ত বিশেষ করে খুনি, ডাকাতি, রাহাজানি জনিত ঘটনার সঙ্গে জড়িত আছে, তারা আজকে অপরাধ করার পরেও সমাজের মধ্যে ঘুরে বেড়াচ্ছে। এই বিচার ব্যবস্থার চুড়ান্ত রায় না হওয়া পর্যন্ত এই সমস্ত দাগী অপরাধীরা সমাজের বুকে বুক ফুলিয়ে চলে বেড়াচ্ছে। এবং একটা অপরাধ করার পরেও আরেকটা অপরাধ করে চলেছে। এরফলে মানুষের মধ্যে একটা ধারণা এসে গেছে যে সুষ্ঠ বিচার পাওয়া যাবে না এবং অপরাধিদের শাস্তি হবে না এটা মানুষের মধ্যে একটা দৃঢ় ধারণায় পরিণত হয়ে গেছে। বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে। সেই কারণে আজকে আমি আইনমন্ত্রীর কাছে জানতে চাই যে, আপনি আইনমন্ত্রী হিসাবে রয়েছেন, আপনার রাজত্বকালে বিচার প্রাপ্ত এবং অপারাধীদের শাস্তি বিধানের ক্ষেত্রে আপনি কি কি পদক্ষেপ নিয়েছেন সেটা একটু জানাবেন। আপনার এই ১৪ বছরের রাজত্বকালে এমন কোনও দৃষ্টান্ত দেখাতে পারবেন যাতে অপরাধিদের যথাযোগ্য শাস্তি দেওয়া হয়েছে। আজকে মানুষ আতঙ্কিত, তারা জানে যে অপরাধ করলেও আজকে তাদের কোনও বিচার হবে না। আপনি একটাও উদাহরণ দেখাতে পারবেন না যে অপরাধিদের শাস্তি হয়েছে। তারপরে সমাজের দরিদ্রতম মানুষের তাদের আর্থিক অসচ্ছলতার জন্য আদালত বিচার পরিচালনা করতে পারে না, তাদের টাকা পয়সা না থাকার জন্যে উকিল নিয়োগ করতে পারে না। যারফলে অনেক সময়ে তারা ঠিকমতো বিচার দরবারে হাজির হতে পারে না। সেইজন্য সরকার এই দরিদ্রশ্রেণীর মানুষের আর্থিক সাহায্য দিয়ে বিচার পরিচালনার ব্যবস্থা করেছেন। সরকারি উকিল নিয়োগ করে বিচার পরিচালনার ব্যবস্থা করে থাকেন। কিন্তু এক্ষেত্রে এই দুই সুযোগ সাধারণ মানুষেরা পাচ্ছে কি? এক্ষেত্রে দেখা যায় যে সরকারি উকিল নিয়োগ করা হয়েছে কিন্তু মাসের পর মাস, বছরের পর বছর বারেবারে দিন চেয়ে নেওয়া হচ্ছে, বিচার কিছু হচ্ছে না। অথচ ওইসব উকিলরা মামলার দিন সরকারের কাছ থেকে টাকা নিচ্ছে। কিন্তু দরিদ্র মানুষরা এর দ্বারা উপকৃত হতে পারছে না। আরেকটা ব্যাপারে আমি আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব।

[1-35 – 1-45 P.M.]

অনেক সময় দেখা যায় আদালতে সরকারি উকিল নিয়োগ হলে সেখানে ঠিক ঠিকমতো বিচার হচ্ছে। কুলতলী থানার লক-আপে, সইফুদ্দিন নামে এর ব্যক্তিকে পুলিশ অফিসার পিটিয়ে হত্যা করেছে। তারা সারা দেহে ২১টি আঘাতের চিহ্ন ছিল। এই রকম অবস্থায় এই মামলা পরিচালনা করবার জন্য একজন সরকারি উকিল নিয়োগ করা হয়েছিল তার নাম রঞ্জিৎ মন্ডল। সেই হত্যাকান্ডের সঙ্গে চারজন পুলিশ অফিসার যুক্ত ছিল। সেই রঞ্জিৎ মন্ডলকে পরিবর্তন করে অন্য পি.পি.কে নিয়োগ করা হয়েছে। তাই আমাদের আশঙ্কা ঐ পুলিশ অফিসারকে বাঁচানোর জন্য ঐ পি.পি-কে পরিবর্তন করা হয়েছে। ঐ পুলিশ অফিসার যাতে যথোপযুক্ত শাস্তি পায় তা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই রকম বহু ঘটনা আমরা দেখছি এবং এই রকম পুলিশ অফিসাররা যাতে শাস্তি পায় এবং মানুষ যাতে সুষ্ঠ বিচার পায় এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে উপস্থিত করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, কারণ তার অনেকগুলি কাজ খুব ভাল ও অত্যন্ত প্রগতিশীল বলে মনে করি। সর্বপ্রথম বাংলা ভাষার মাধ্যমে কাজ চালু করতে তিনি মালদহে গিয়েছিলেন বলে তাকে আন্তরিক ভাবে ধন্যবাদ জানাচ্ছি। তবে আপনাকে একটা কথা বলি, আপনি যে বাংলা ভাষা চালু করে এলেন তা দেখতে গিয়েছেন কি? সেটা কিন্তু চালু হচ্ছে না। সেখানে যে বাংলা টাইপ মেশিন নেই, টাইপিস্ট নেই, এইসব কথা বলা হচ্ছে। আপনারা যে পদক্ষেপ নিয়েছেন তার জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি, আরও ধন্যবাদ জানাচ্ছি এই কাজি নিয়োগের ব্যাপারে। আপনাকে ধন্যবাদ জানাই ৪৭ জন বন্দিকে আপনি মুক্তি দিয়েছেন বলে। তবে একটা কথা আমি সরকারকে মনে করিয়ে দিতে চাই, এই যে বন্দিদের মুক্তি দেওয়া হচ্ছে সেই সম্পর্কে। বিহার সংলগ্ন এলাকায় আমি থাকি, সেখানে ওরা বলছে আমরা খুন করলে আমাদের কিছু হবে না, আমাদের ছুটি হয়ে যাবে। এটা কিন্তু একটা ভাববার বিষয়, এই ব্যাপারটায় আপনি নিশ্চয় নজর দেবেন। আইনি বিষয়ে গরিবদের সাহায্য করবার জন্য আপনি বলেছেন এবং কিছু করবার চেষ্টা করেছেন এবং এখানে আপনি বলেছেন ৩,৪৫০ জন লোক সাহায্য পাচ্ছে। কিন্তু আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি, পাঁচজন উকিল নিয়োগ করা হয়েছে, তারা কিন্তু মন দিয়ে কাজ করে না। তারা কাজ করতে এতটুকু উৎসাহী নন, যারা ব্রিফ পাননা, তাদেরই এখানে নিয়োগ করা হয়। আমি আরেকটা কথা মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই, উত্তরবঙ্গে হাইকোর্টের একটা বেঞ্চ হওয়ার কথা আমরা অনেকদিন ধরে শুনে আসছি। উত্তরবঙ্গের লোকেদের কথা ভেবে সেখানে যাতে হাইকোর্টের একটা বেঞ্চ তাড়াতাড়ি হয় সেটা একটু দেখবেন। আমাদের মালদা কোর্টে বছরের পর বছর কোনও মুনসেফ ছিল না। হাইকোর্টের উকিলরা শেষ পর্যন্ত স্ট্রাইক করে, তারপর সেখানে মুনসেফ নিয়োগ হয়। কেন এই অবস্থা হবে? আপনার তো সেক্রেটারি থেকে শুরু করে বহু লোক আছে। আর একটা জিনিস আপনি দেখবেন, রেজিস্ট্রি ফি বেড়েছে, আমরা যে আইনটা পাস করেছি ফাইলিং সিস্টেম সেটা এখনও চালু হয়নি। এবং বহু পুরানো নথিপত্র, দশ বছর আগেকার—সেগুলো পাওয়া যাচ্ছে না। কোর্টে ফাইলিং সিস্টেম চালু করবার জন্য দয়া করে অনুরোধ করছি। আর একটা কথা, কোর্ট হাজতে ১১০ স্কোয়ার ফিটের মধ্যে ভরে দেওয়া হচ্ছে, এই জিনিস চলতে পারে না, এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর নতুন রেজিস্ট্রিগুলি অর্থাৎ কাগজগুলি যাতে পাওয়া যায় সেটা দেখার জন্য বলছি। এটা নিয়ে গ্রামে ভীষণ বিক্ষোভ হচ্ছে। এই বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুলকায়ুম মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী সদস্যদের মধ্যে কয়েকজন ছাড়া আর বিশেষ কেউ উপস্থিত নেই। মোটামুটিভাবে প্রত্যেকেই সমর্থন করেছেন। এখন পুরান দিনের সেই বিচার ব্যবস্থা বৃটিশ আমলের সেটা আমরা প্রায় বহন করে চলছি এর মধ্যে দিয়ে যতটুকু সম্ভব নিজেদের স্বার্থে কিছু করা যায়—আমরা তারই প্রচেষ্টা করে যাচ্ছে। মানুষের সুবিধার্থে যদি কোর্টে বিদেশি ভাষার পরিবর্তে বাংলা ভাষা চালু করা যায়

আমরা তারই চেষ্টা করছি। আমরা তিনটে জেলাতে আরম্ভ করেছি দেখার জন্য এবং কার্যকলাপ কিভাবে চলছে তাও দেখে আসছি। এই বছরের মধ্যে ফৌজদারি এবং দেওয়ানি ও ডিসট্রিক্ট সি.জি.এম. কোর্ট পর্যন্ত আমরা বাংলা ভাষা চালু করে দিতে পারব। এর জন্য ব্যবস্থা করেছি। শুধুমাত্র যে অর্থনৈতিক দায়দায়িত্ব আছে সেটা গ্রহণ করবার পর এই বছরেই চালু করে দিতে পারব। মানুষের মধ্যে কি করে আরও সুবিধা দেওয়া যায় সেটাই আমরা চেষ্টা করছি। প্রশ্ন উঠেছে, আইন পুস্তকগুলি বাংলাতে অনুবাদ করা হচ্ছে কিনা? ৪৩টি কেন্দ্রীয় আইন বাংলায় অনুবাদ করা হয়েছে। এর সঙ্গে রাজ্যের যত আইন ছিল সবই অনুবাদ করা হয়েছে। আমরা বিশেষভাবে তিনটে ভাগে করছি, ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোর্ট, সিভিল প্রসিডিওর কোর্ট, ইন্ডিয়ান পেনাল কোড। এটাও প্রায় হয়ে এসেছে। তা ছাড়া আমরা আর একটা জিনিস বিশেষভাবে করছি, ইংরাজি অর্থের আইনসিদ্ধ বাংলা যা হতে পারে—২৫ হাজার ইংরাজি আইনের ভাষা তৈরি করে আমরা একটা আইনের অভিধান তৈরি করবার চেষ্টা করছি। শীঘ্র আমরা বিভিন্ন কোর্টে, বিভিন্ন বিচারালয়ে দেব এবং বাজারেও পাওয়া যাবে। বাংলা যাতে মানুষের কাছে যেতে পারে তার চেষ্টা করা হচ্ছে। সঙ্গে সঙ্গে বিভিন্ন ধরনের কোর্টে, --অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ কোর্টে, অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট জাজেস কোর্ট, বিভিন্ন সাব--ডিভিসন, এইসবে করা যায় কিনা ব্যাপকভাবে-তারও চেষ্টা করছি। উদ্দেশ্য হল, মানুষের বিচার পাবার জন্য। দূরবর্তী স্থানে যাতে যেতে না হয় এবং সাব ডিভিসন হেড কোয়ার্টারএ যাতে এই সমস্ত বিচারের সুবিধা পেতে পারে তার ব্যবস্থাও করা হচ্ছে। এখন প্রশ্ন উঠেছে যে দরিদ্র ব্যক্তিদের জন্য আপনারা কি করেছেন? দরিদ্র ব্যক্তি যাঁরা বা যাঁদের বাৎসরিক আয় ৯ হাজার টাকা, তাঁরা যদি কেউ মোকদ্দমায় পড়েন তাহলে তাঁরা সরকারের কাছে দরখাস্ত করলে লিগ্যাল এড পাবে। গত বছর ৭৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ বছরও আমরা সেইভাবে করছি। একটা প্রশ্ন উঠেছে, সাহায্যটা ঠিকভাবে করা হচ্ছে কি না? এটা আমার সকলের কাছে অনুরোধ, প্রচারে কিছু অসুবিধা হচ্ছে। যে সমস্ত বিধায়ক আছেন, বিভিন্ন পঞ্চায়েত আছে, তাঁদের মধ্যে দিয়ে ব্যাপকভাবে প্রচারের প্রয়োজন। এটা তদারকি করবার জন্য কমিটি আছে। সাব-ডিভিসান কমিটি আছে। প্রতিটি জেলায় কমিটি আছে। জেলা কমিটিতে অনেক বিধায়ক আছেন। আপনারা যদি লক্ষ্য করেন যে, সঠিকভাবে কাজ হচ্ছে কি না তাহলে অনেক সুবিধা হবে। হাইকোর্ট বিচারকের কিছু পদ খালি আছে। তিনজন হায়ার জুডিশিয়াল সার্ভিস থেকে, ৫ জন অ্যাডভোকেটের নাম চলে গেছে—এই ব্যাপারে যা করণীয় তা কেন্দ্রীয় সরকার করবেন। তাঁদের সঙ্গে যোগাযোগ করে যদি তাঁরা দ্রুতগতিতে দিয়ে দেন তাহলে অনেক সুবিধা হবে। তবে আমরা বিচারকের পদ পূরণ করবার চেষ্টা করছি।

[1-45 – 1-55 P.M.]

তবে বিচার ত্বরান্বিত হচ্ছে না কেন, এইটা আমাদের বেশি কিছু করার নেই। বিচারের সমস্ত দায়-দায়িত্ব বহন করে হাইকোর্ট। তাদের দেখার ত্বরান্বিত হচ্ছে কিনা। ত্বরান্বিত হওয়ার জন্য কি ব্যবস্থা করা যায়, এটা সরকারের কিছু করার নেই। এটা হাইকোর্টকে বারেবারে বলছি, বিভিন্ন অভিযোগ নিয়ে বলছি, বিভিন্ন বিষয় দীর্ঘসূত্রিতা দেখা যাচ্ছে। কিন্তু

সরকার খুব বেশি কিছু করার নেই। এইজন্য এই ক্ষেত্রে খুব বেশি বলার কিছু নেই। এর সঙ্গে আমরা চেষ্টা করছি ফ্যামিলি কোর্ট। এটা প্রায় সব জায়গায় প্রস্তুত হয়ে গিয়েছে। সব জেলায় ফ্যামিলি কোর্ট করতে চাই। কলকাতায় ব্যবস্থা করেছি। চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের কোর্টের এক জায়গায় ব্যবস্থা করেছি। একটা বিষয়ে একটা অ্যামেন্ডমেন্ট হাইকোর্টে পাঠিয়েছি। সেইটা করার পরে ফ্যামিলি কোর্ট করব। অনেকদিন আগে উত্তরবঙ্গে একটা সার্কিট বেঞ্চ করার জন্য হাইকোর্টকে বলা হয়েছে, সুপ্রিম কোর্টকে বলা হয়েছে, কেন্দ্রীয় সরকারকে বলা হয়েছে। তাঁরা নির্দেশ দিয়েছেন রাজ্য সরকার বলুন কোথায় সার্কিট বেঞ্চ হবে। আমাদের রাজ্য সরকার একটা জায়গা নির্দিষ্ট করে হাইকোর্টকে বলা হয়েছে। হাইকোর্ট শুধু 'হ্যাঁ' যদি বলেন তাহলে সেখানে হবে। জায়গাটা হল, জলপাইগুড়ির নবাব বাড়ি কেনা হয়েছে, সেখানে সুবিধা হবে। সেইমতো আমরা হাইকোর্টকে বলেছি সার্কিট বেঞ্চ সেখানে করা হোক এবং হাইকোর্ট যদি 'হ্যাঁ' বলে তাহলে দিল্লিকে জানাতে হবে। তারা 'হ্যাঁ' যদি বলে তাহলে এটা হতে পারে। এটার ব্যাপারে আমাদের রাজ্য সরকারের সবাই একমত। এর সঙ্গে রেজিস্ট্রেশনের কিছু ব্যাপার নেই। নন--জুডিশিয়াল রেজিস্ট্রেশন, জুডিশিয়াল ডিপার্টমেন্টের ব্যাপার নয়। কেন্দ্রীয় সরকার নন--জুডিশিয়াল স্ট্যাম্প সাপ্লাই করে নাসিক থেকে। সাপ্লাই যেটা প্রয়োজন সেটা পাওয়া যাচ্ছে না। আমাদের লোক পাঠানো হয়েছে সেখানে। যতটা সম্ভব নন--জুডিশিয়াল স্ট্যাম্প পাঠানো হোক। একথাও বলা হয়েছে, নন--জুডিশিয়াল স্ট্যাম্প ছাপাবার ক্ষমতা যদি রাজ্য সরকারকে দেওয়া হয়, আমরা ছাপিয়ে নেব। এটা না পাওয়ার জন্য এইটা নিয়ে দুর্নীতি হচ্ছে। তারজন্য একটা কমিটি করেছি, ধরছি। এইসব স্ট্যাম্প নিয়ে দুর্নীতি করছে। এইটা ব্যাপকভাবে করছে। এইজন্য চেষ্টা করছি ফাইলিং সিস্টেম চালু করার। যতক্ষণ না সেটা হবে, ফাইলিং সিস্টেমের মাধ্যমে জেরক্স সিস্টেম করার ব্যবস্থা করছি এবং সেই ফাইলিং সিস্টেমের যে ব্যবস্থা করেছি, তার ফলে বেশ কিছু রেজিস্ট্রেশন কে সপ্তাহে পাচ্ছে। তবে নির্দিষ্ট অভিযোগ থাকলে নিশ্চয় আমরা দেখব। কিন্তু আমরা প্রচেষ্টা করছি। সাব-রেজিস্ট্রি অফিস সম্বন্ধে বলা হয়েছে। পুরানো দিন থেকে অধিকাংশ সাব-রেজিস্ট্রি অফিস ভাড়া বাড়িতে আছে এবং বাড়িওয়ালারা বাড়ি মেরামত করছে না এবং রেকর্ড রাখার জন্য মাইক্রোফিল্ম চালু করা যায় কিনা দেখছি এবং করে রেকর্ড রাখার জন্য কোনও রেকর্ড রাখার স্থান করা যায় কিনা--এই সমস্ত আমরা চেষ্টা করছি। এই সমস্ত কাজের মধ্য দিয়ে জুডিশিয়াল ডিপার্টমেন্টের বিভিন্ন কার্যকলাপকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। অ্যাডভোকেট প্যানেল নিয়ে প্রশ্ন উঠেছে। অ্যাডভোকেট প্যানেল থেকে বিভিন্ন জেলায় তারা নির্দিষ্ট নির্দিষ্ট কেস করেন। প্রতি জেলায় পি.পি অর্থাৎ পাবলিক প্রসিকিউটর আছেন, তারা নির্দিষ্ট কেস করেন এবং প্যানেল অ্যাডভোকেটরা কেস করেন। গভর্নমেন্ট প্লীডার বা পাবলিক প্রসিকিউটরকে নির্দিষ্ট কেস দিলে সেটা জুডিশিয়াল ডিপার্টমেন্ট জানতে পারবে। কোনও অ্যাডভোকেটকে প্যানেল অ্যাডভোকেট থেকে কেস দিলে আমরা জানতে পারব না। সেক্ষেত্রে মাননীয় সদস্য বিরোধী পক্ষকে বলি নাম দিয়ে সঠিকভাবে অভিযোগ না আসলে আমি তো বলতে পারব না। আমার ব্যয়--বরাদ্দ সমর্থন করার জন্য সকলের কাছে অনুরোধ করছি এবং কাট--মোশনগুলোর বিরোধিতা করছি।

DEAMAND NO. 4

The Motions of Dr. Manas Bhunia (1) that the amount of the Demand of the Demand be reduced to Re 1/- was then put and lost.

The Motions of Shri Abdul Mannan (2–11) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motions of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 29,03,76,000/- be granted for expenditure under Demand No. 4, Major Head : "2014–Administrative of Justice"

(This is inclusive of a total sum of Rs. 7,25,94,000/- already voted on account) was then put and agreed to.

DEMAND NO. 8

The Motions of Shri Abdul Mannan that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motions of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 15,33,83,000/- be granted for expenditure under Demand No. 8, Major Head : "2030–Stamps and Registration."

(This is inclusive of a total sum of Rs. 3,83,46,000/- already voted on account) was then put and agreed to.

STATEMENT ON VISIT OF ALL PARTY DELEGATION TO NEW DELHI

Mr Speaker : Now, Hon'ble Minister, Mr. Prasanta Kumar Sur will make a statement under Rule 346 on the subject of an All-Party Delegation of this Assembly who met Shrimati Shiela Kaul, Minister for Urban Development, Government of India to discuss problems relating to development of refugee colonies in West Bengal.

[1-55 - 205 P.M.]

Shri Prasant Kumar Sur : Mr. Speaker Sir, With your permission I have the honour to make this statement before this House on the visit of the All-Party Delegation of this Assembly to New Delhi last month.

2. On September, 3, 1991, a Motions on the subject of development of refugee colonies was unanimously adopted in this House and a decision to send an All–Party Delegation to New Delhi was taken. A list of names of the delegation was also announced, but certain changes were thereafter made and ultimately the following members of the House visited New Delhi as members of the delegation :

(i) Shri Prasanta Kumar Sur
(ii) Shri Prbodh Chandra Sinha
(iii) Shri Lakshmi Kanta De
(iv) Shri Subrata Mukherjee
(v) Shri Rabindra Nath Mandal
(vi) Shri Kripasindhu Saha
(vii) Shri Kshiti Goswami
(viii) Shri Kamakhya Charan Ghosh
(ix) Shri Deba Prasad Sarkar
(x) Shri Prabir Benerjee
and (xi) Shri Subhas Basu

3. In deference to the said Motion the All-Party Delegation met Smt. Sheila Kaul, Minister for Urban Development, Government of India, in New Delhi at Nirman Bhavan on April 23, 1992, at 10 A.M. The delegation submitted a memorandum to the Union Minister signed by all the members along with a booklet named Background papers containing all the relevant facts, figrurs and previous references. Several MPs from West Bengal including Smt. Malini Bhattacherjee also accompained the delegation at the meeting.

4. While submitting the memorandum on behalf of the delegation, I made a pointed reference to the prevailing conditions in the DP colonies which are lacking in civic amenities and infrastructural facilities and how these were contributing to the building up of social tensions. In all there are 2,617 colonies of which 1,008 were approved by the Working Group in 1976; 607 colonies were approved for regularisation in February, 1987 and the remaining 1,002 are bainanama and private colonies. I referred to the report of the Technical Committee appointed at the behest of the Government of India, which submitted its recommendations relating to the development of the DP colonies as far back as 1987. No decision was forthcoming and these recommendations for upward revision of the ceiling costs of development and for including rural colonies also within the ambit of development work had been lying pending with the Ministry of Urban Development, Govt. of India ever since. The Union Minister was told that , on an average of Rs. 10,000/- per plot for 2.50 lakh plots, an amount of Rs. 250 crores was the requirement assessed in 1987. But the updated figure, taking into account the escalation of cost of inputs, would cone to Rs. 400 crores which should be made available to the State Government on long-term basis as a Central Sector Plan Scheme. There was total consensus among the members of the delegation.

5. Shri Subrata Mukherjee even referred to the period when he himself was a Minister in Shri Siddhartha Sankar Ray Ministry (1972–77) and deplored how the situation went from bad to worse since then. He pleaded with the Union Minister that the Government of India which had all these years been showing a step motherly attitude should boldly come forward with a positive attitude to slove the problem on an enduring basis.

6. Smt. Kaul, the Union Minister, expressed her personal concern when she referred to her own experience of the problem of refugees during the Bangladesh war in 1971–72, although at the same time she said that the problem relating to the development work in refugee colonies had entered into the third phase of development , that her Ministry had been trying to help as much as possible, but, then, there was no provision for fund for West Bengal on this account in her Ministry's budget for 1992–93.

7. Mr. Speaker, Sir, this was a stark revelation, no doubt, and, naturally, there was a debate followed by a long discussion over the statement of the Union Minister.

8. Smt. Malini Bhattacherjee stated that two important questions were involved:

(i) One, whether requisite fund for development would be made available to West Bengal Government.

(ii) Second, how soon fresh fund could be found so that the State Government could implement development plan as Agent of the Government of India.

9. At this stage Shri Bhargava, Secretary, MUD, intervened to say that the Government of India would not like to dispute the facts stated in the memorandum, but would make two points clear:

(a) First, no money for development work was available for rural colonies because of resource crunch.

(b) Secondly, because of land scarcity in urban areas, 40 sq. metres in slums in urban areas were considered the normal entitlement per family and nowhere the cost of development could be made to exceed the normal entitlement approved by Ministry of Urban Development. In other words, since there was high cost per sq. metre, whether the State Government would like to revise its cost requirement for development work downwards was the point raised by the Secretary, U.D.

10. These comments evoked a fresh debate and counter arguments were put forward. Other delegation members and myself made it clear that physical reshaping of the colonies in the State including dismantling of strucures in order to conform to smaller entitlement as prescribed by the Secretary, MUD, was not at all physically possible. The Technical Committee, it was pointed out, had gone into the question and there was no question of revision of the ceiling costs of development per family over the Technical Committee's recommendations.

11. Therafter the All–Party Delegation (APD) stressed in the point that in West Bengal the refugee problem was a national problem which had come into being as a direct result of the political decision taken at the national level by the Government of India. In all fairness, therefore, funds should be released in phases and, if necessary, over a period of time for an effective solution of the problem.

12. Shri Subrata Mukherjee then made a vital disclosure referring to his discussions with the Deputy Chairman of the Planning Commission, which revealed that the Urban Development Ministry did not even place their demand for fund for development of refugee colonies in West Bengal before the Planning Commission.

13. It was then clarified by the Joint Secretary of the Urban Development Ministry that the Planning Commission did not earlier agree to include the development of the DP colonies is West Bengal as a Plan Scheme. So, that Ministry again took up the matter with the Finance Ministry as to whether the development work should be taken up as a non-plan Scheme.

14. At this almost all the members of the APD expressed their serious reservation as to whether such a large amount of money required for development of DP colonies in West Bengal would be available in non-Plan category. The members of the APD had serious reservation on availability of fund in non-plan category. All of them strongly felt that the issue of development of DP colonies should be taken up again with the Planning Commission as also with the Ministry of Finance for inclusion as a Central Sector Plan Scheme.

15. I then requested Smt. Sheila Kaul to consider the problem very seriously and in right earnest. Smt. Kaul stated that her Ministry would take up the matter with the Planning Commission and the Finance Ministry again. She would also approach the Union Cabinet, She said, to give her fund for development of refugee colonies in West Bengal. She assured that she would convey the feelings of the All-Party Delegation to her

Cabinet colleagues and also try to do her best solution of the probelm.

16. Smt. Malini Bhattacherjee thae requested Smt. Kaul for obtaining necessary Cabinet approval as early as possible.

17. The meeting thereafter ended with an exchange of thanks between the members of the delegation and the Union Minister for Urban Development.

18. Mr. Speaker, sir, this is the sumtotal of all-out efforts which we concertedly put forward as members of the delegation. What pained us most was the lack of a sense of seriousness and direction on the part of Govt. of India. The Technical Committee Report has been with the Ministry since 1987 and series of correspondences were made on the subject by the State Government and discussions at different levels were held so as to expedite a decision by the Government of India commensurate with the needs of the situation. Even then we were told that there was no provision for fund! Does it reflect any genuine concern for the suffering DPs? Resource crunch was put forward as the reason for non-availability of fund for development work in rural colonies. But when it was pointed out that the Urban Development Ministry did not place their demand for fund for development of colonies before the Planning Commission, the logic that the Commission did not earlier agree to treat the development of DP colonies in West Bengal as a Plan Scheme was advanced. Then, to cap all, there was the most absurd proposal of physical reshaping of the colonies. Any one who has any semblance of practical sense would simply shudder to think of such a proposition which meant dismantling of the structures which the DPs had raised over the years.

19. Sir, I have tried my best to give as factual an account as possible. It is now for this House to decide the furture course of action. I do, however, sincerely believe that, given the will and co-operation, our concerted efforts will succeed and we shall be able to prevail upon the Government of India to do away with its attitude of indifference and neglect to the mounting problems of development of DP colonies in West Bengal.

20. Before I formally conclude I must convey my sincerest thanks to all the members of the All-Party Delegation for the unstinted co-operation they gave.

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND NO. 40

Mr. Speaker : Now Demand No. 40, there are three cut motions. All the cut motions are in order.

1. **Shri Abdul Mannan :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

2. **Shri Saugata Ray :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

[2-05 – 2-15 P.M.]

শ্রী সুভাষ বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্নবাসন মন্ত্রী শ্রী প্রশান্ত কুমার শূর ১৯৯২--৯৩ সালের যে ব্যয়-বরাদ্দের দাবি মঞ্জুরের জন্য পেশ করেছেন আমি তাকে সমর্থন করে এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। এটা খুবই দুর্ভাগ্যজনক, ৪০ বছর পরেও পূর্ব পাকিস্তান থেকে আগত (বর্তমানে বাংলাদেশ) উদ্বাস্তুদের পূনর্বাসন এখনও হল না। কারণ আমরা দেখতে পাই, ১৯৮১ সালে হিসাব করে দেখা গেল, আর. আর. কমিটি যে রিপোর্ট পেশ করলেন তাতে ৮০ লক্ষ উদ্বাস্তুদের পূনর্বাসন এখনও হয়নি। এমন কি যাঁরা নিজের চেষ্টায় জঙ্গল কেটে, কিম্বা অস্বাস্থ্যকর জায়গায় ঘরবাড়ি তৈরি করেছেন সেখানেও আজকে পূনর্বাসন দেওয়া হচ্ছে না। শুধু তাই নয়, এদের উন্নয়নের জন্য যে টাকা দেওয়া দরকার সেই টাকাও কেন্দ্রীয় সরকার মঞ্জুর করছেন না। কিন্তু পাশাপাশি কি দেখি? পশ্চিম পাকিস্তান থেকে যে ৪৭ লক্ষ ৪০ হাজার উদ্বাস্তু, এসেছিলেন সেখানে আমরা দেখলাম, ১৯৫৯ সালে উদ্বাস্তু মন্ত্রক পার্লামেন্টের এস্টিমেটস কমিটির কাছে যে রিপোর্ট পেশ করলেন তাতে বলা হয়েছিল ১২ বছর আগেই পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের পূনর্বাসনের কাজ শেষ করে ফেলা হয়েছে। এই রিপোর্ট তাঁরা পেশ করেছিলেন। তারপর দেখা গেল, তাঁদের ক্ষতিপূরণও দিলেন। এতে আমি আনন্দিত যে পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের পূনর্বাসন করেছেন এবং সাথে সাথে যে টাকার ক্ষতিপূরণ দেওয়া হল সেই টাকার পরিমাণ হচ্ছে ১৯১ কোটি ১৬ লক্ষ টাকা। এতে আমি আনন্দিত কিন্তু দুর্ভাগ্যজনক--যাদের কাছে বলব তাঁরা এই হাউসে নেই, থাকলে বলতাম তাঁরা পূর্বপাকিস্তান থেকে আগত বর্তমানে বাংলাদেশ, কি ক্ষতি করেছেন। নেহেরু ছিলেন জাতীয় নেতা এবং প্রধানমন্ত্রী। বহু বড় বড় কাজ তিনি করেছেন--এটা আমি অস্বীকার করব না। স্বাধীনতা সংগ্রাম করেছেন। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের একটা বড় ক্ষতি করে দিয়ে গেছেন। নেহেরু-লিয়াকৎ প্যাক্ট অনুসারে ঠিক করলেন পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুদের ক্ষতিপূরণ দেওয়া হবে না, কারণ তাঁরা ফিরে যেতে পারে এবং এই চুক্তি গোপনে করলেন। অথচ পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে ১৯১ কোটি ১৬ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিলেন। এরজন্য আমি দুঃখিত নই, আনন্দিত। এই জিনিস পৃথিবীর ইতিহাসে নেই। ইহুদিদের পর্যন্ত পূনর্বাসন হয়ে গেছে। এখনও পি. এল. ক্যাম্পে উদ্বাস্তুরা রয়ে গেছেন। ১২৫ টাকা তাঁদের জীবন-জীবিকার জন্য ধার্য হয়েছে। তাও সেই টাকা দিচ্ছে না। ১৯৬১ সালে কেন্দ্রীয় সরকার ঘোষণা করলেন পূনর্বাসন দপ্তর তুলে দেওয়া হল, কারণ পূনর্বাসনের কাজ শেষ হয়ে গেছে। কত বড় মারাত্মক ক্ষতি করলেন কেন্দ্রীয় সরকার এদের পূনর্বাসন না দিয়ে। ৮০ লক্ষ উদ্বাস্তুর অর্থনৈতিক পূনর্বাসন ব্যবস্থা না করে পূনর্বাসন দপ্তর তুলে দিলেন। পাশাপাশি আমরা, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার

এই দায়িত্ব এড়াতে পারি না। কারণ এই দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের, তারাই এই দেশটাকে ভাগ করেছিলেন। সেদিনের কথা আমার মনে পড়ে, আমি তখন ছোট ছিলাম, উদ্বাস্তু হয়ে এসেছিলাম যশোর থেকে। কলকাতায় যখন স্বাধীনতা উৎসব হচ্ছে, রাজভবনে জাতীয় পতাকা তোলা হচ্ছে, কলকাতার রাস্তায় রাস্তায় ব্যান্ড বাজিয়ে আতস বাজি পোড়ানো হচ্ছে, আমরা পৌনে ২০০ বছর পরে স্বাধীনতা লাভ করেছি, কিন্তু সেই সময়ে যশোর, খুলনা, ঢাকা, বরিশাল, নোয়াখালিতে ভ্রাতৃঘাতি দাঙ্গায় কত উদ্বাস্তু মায়ের সিঁথির সিঁদুর মুছে গেছে কত মায়ের কোল খালি হয়ে গিয়েছিল, সন্তান হারিয়ে চলে এসে উদ্বাস্তু শিবিরে উঠেছিলেন তাঁদের প্রতি কী ব্যবহার করা হয়েছিল? ১৯৪৭ সালের ১৪ই আগস্ট মাননীয় নেহেরু বলেছিলেন হে পূর্ববাংলার অধিবাসী তোমরা চলে এস, তোমাদের নয়া বাংলা গড়ে অর্থনৈতিক পুনর্বাসন দেব। সেই সব কথা কোথায়? তারা শুধু জীবন নিয়ে চলে এসে উদ্বাস্তু শিবিরে উঠে একটা ৭ ফুট—৮ ফুট ঝাঁপের মধ্যে পিতা, মাতা, পুত্র, পুত্রবধু এবং জোয়ান ছেলে বসবাস করতে শুরু করল। আমি যে আশ্রয় শিবিরে ছিলাম সেই আশ্রয় শিবিরে ১০ দিনের মধ্যে প্রায় ৮০০ লোক কলেরায় মারা গেল, একটা ইঞ্জেকশন, একফোঁটা ঔষধও জুটল না। প্রাক্তন চিফ হুইপ শ্রী দীনেশ মজুমদার এবং আমরা দুটি শিশুকে একটা বাঁশে বেঁধে শ্মশানে পুঁতে ফেলেছিলাম, তাদের মৃতদেহ পোড়ানোর ব্যবস্থাও করা হয় নি। এইসব ত্যাগ করেছিলেন পূর্ব বাংলার উদ্বাস্তুরা কিন্তু তাদের জন্য আজও কোনও ব্যবস্থা হল না। আমরা দেখলাম ৫০ এ এই প্যাক্ট করে ক্ষতিপূরণ থেকেও তাদের বঞ্চিত করা হল। শুধু তাই নয়, এই ভারতবর্ষ থেকে যাঁরা চলে গেলেন তাঁদের ১৫০ কোটি টাকার সম্পত্তি প্রায় ছ লক্ষ ৫০ হাজার বাস গৃহ করে দিলেন পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের জন্য, খুব ভাল কথা, পাশাপাশি দেখলাম ৭ লক্ষ একর জমি পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের দিলেন এবং তাদের জন্য আরও কিছু করলেন, প্রায় ১৯ টি শহরে স্কুল, কলেজ, শিল্পনগরী করলেন। আমি ১৯৯০ সালে পাঞ্জাবে গিয়েছিলাম একটা কনফারেন্সে, ওখানকার কলোনিগুলি ঘুরে ঘুরে দেখার সৌভাগ্য হয়েছিল, আর আমাদের বাগজোলায় দেখলে চোখে জল পড়ে, বাগজোলায় রেল লাইনের পাশে আজকে হাজার হাজার উদ্বাস্তু ঝুপড়ি করে বাস করছে। একটি ঝুপড়ির মধ্যে পিতা, পুত্র, পুত্রবধু, জোয়ান ছেলে রয়েছে, আমরা দেখতে পাচ্ছি। শুধু তা নয়, ৩৬টি স্বয়ং সম্পূর্ণ কলোনি তৈরি হল। পশ্চিমবঙ্গে এই সব জিনিস করা হয় নি। স্কুল, কলেজ, শিল্পনগরী ছাড়াও ৪৫৬ কোটি টাকা এক্সট্রা ব্যয় করা হল পশ্চিম পাকিস্তানের জন্য, আর পূর্ববাংলা থেকে যে ৮০ লক্ষ উদ্বাস্তু এল, তাদের জন্য মাত্র ৮৫ কোটি টাকা ব্যয় করা হল। এটা বৈষম্যমূলক আচরণ নয়? মাননীয় সিদ্ধার্থ রায় মহাশয় নেই, ১৯৭৪ সালে স্বাধীনতা দিবসের দিন উনি ঘোষণা করেছিলেন উদ্বাস্তু পুনর্বাসনের কথা, যে ৯৯ বছরের লীজ দেওয়া হবে, যশোর, খুলনা, বরিশাল, ঢাকাতে কি পূর্ববাংলার উদ্বাস্তুরা লীজে বাস করতেন? আমরা দেখলাম আজকে বামফ্রন্ট সরকার আসার পরে ৯৯৯ বছরের লীজের দাবি করা হয়েছে। তাও আমাদের মনঃপূত নয়। আমরা চাই, সম্পূর্ণভাবে তাদের জমি, বাড়ি করে দেওয়া হোক। এটা করা হবে আমরা আশা করেছিলাম। সেন্ট্রাল ক্লেম অর্গানাইজেশন তৈরি করা হল, কিন্তু সেটা মূলত পশ্চিম পাকিস্তান থেকে আগত

[2-15 – 2-25 P.M.]

উদ্বাস্তুদের জন্য; পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের তার থেকে বাইরে রেখে দেওয়া হল। শুধু তাই নয়, আমরা দেখতে পাচ্ছি, ১৯৭৪ সালে মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় মাত্র ১ লক্ষ ৭০ হাজারটি প্লটে ১,০০৮টি কলোনি অনুমোদন করেছিলেন যেখানে উদ্বাস্তুরা এসেছেন ৮০ লক্ষ। ফলে অনেক উদ্বাস্তুকে এর আওতা থেকে বাদ দেওয়া হল। সেই সময় ওরা যে কেন্দ্রীয় কমিটি তৈরি করেছিলেন প্লট উন্নয়নের জন্য, তারা সুপারিশ করেছিলেন যে, প্রতি প্লট উন্নয়নে ৫,০০০ টাকা ব্যয় হবে। কিন্তু কমিটির সেই সুপারিশ বাদ দিয়ে একতরফাভাবে প্লট প্রতি ২,৫০০ টাকা করে দেওয়া হল। এইভাবে ওরা প্রতি পদে পদে বৈষম্যমূলক ব্যবহার করেছেন। আজকে বিরোধী কংগ্রেস সভায় নেই, কিন্তু থাকলেও উদ্বাস্তুদের সম্পর্কে ওদের বলবার কিছু থাকত না। সেদিন মাননীয় মন্ত্রীসহ সর্বদলীয় কমিটি দিল্লিতে গিয়েছিলাম। সেখানে অবাক হয়ে গেলাম, কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমতী শীলা কাউল বলছেন--কোথা থেকে টাকা পাব? আমার বাজেটে এত টাকা নেই। আমরা যেন প্রহসন করতে গেছি। আমরা বলেছিলাম--এই উদ্বাস্তু কলোনি ডেভেলপমেন্টের ব্যাপারটা কেন আপনি প্ল্যানিং কমিশনের কাছে পাঠাননি? তিনি আমতা আমতা করতে লাগলেন। তাই আমার দাবি, এখান থেকে সর্বদলীয় কমিটি প্রধানমন্ত্রীর কাছে পাঠানো হোক এবং সেখানে বলা হোক--উদ্বাস্তুদের সামগ্রিক দায়িত্ব নিতে হবে, বৈষম্যমূলক আচরণ করা চলবে না। পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের সমস্যার অনেকটাই সমাধান করেছেন এবং তাতে আমরা খুশি, কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ওদের মতো অপদার্থ নয়, তাই তাঁরা এই সমস্যার সার্বিক সমাধান চান। এই বলে ব্যয়-বরাদ্দকে সমর্থন করে, ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। পশ্চিমবঙ্গে এই উদ্বাস্তু সমস্যাটা এখনও চলে আসছে। এ-ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সমস্যা সমাধানের ব্যাপারটা সম্পূর্ণ প্রহসন। কয়েকদিন আগে এই হাউসের সিদ্ধান্ত অনুযায়ী এক সর্বদলীয় প্রতিনিধিদল দিল্লিতে দেখা করতে গিয়েছিলেন উদ্বাস্তু সমস্যার স্থায়ী সমাধানের ব্যাপারে। তাঁরা নির্দিষ্ট কিছু প্রস্তাবও নিয়ে গিয়েছিলেন। কিন্তু তারপর এই সভায় মাননীয় মন্ত্রী কয়েকদিন আগে জানিয়েছেন যে, প্রতিনিধিদল কেন্দ্রীয় সরকারের কাছে যেসব দাবি নিয়ে গিয়েছিলেন তাতে আশানুরূপ কোনও ফল তিনি দেখতে পাননি। এবং তারপর তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে যোগাযোগ করেছেন, কিন্তু তারও কোনও উত্তর পাননি বলে তিনি হাউসকে জানিয়েছেন। সেই সময় লক্ষ লক্ষ মানুষ পূর্ব পাকিস্তান, অধুনা বাংলাদেশ থেকে সমস্ত কিছু ত্যাগ করে পশ্চিমবঙ্গে স্থান নিয়েছিলেন। ঐসব উদ্বাস্তুরা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা, বিভিন্ন প্রান্তরে অব্যবহার্য জায়গাগুলিতে কলোনি গড়ে তুলেছিলেন কিন্তু দীর্ঘদিন হয়ে গেল, আজও তারা স্থায়ী অধিকার পাননি। তাদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য বা যে কলোনিগুলি আছে তার উন্নয়নের জন্য প্রচুর অর্থের প্রয়োজন এবং সেটা কেন্দ্রীয় সরকারের

দেওয়া উচিত কারণ এটা জাতীয় সমস্যা। কাজেই জাতীয় দৃষ্টিভঙ্গি নিয়ে যদি এই সমস্যার সমাধান করা না যায় তাহলে এই সমস্যার সমাধান হবেনা। আমরা দেখছি যে পশ্চিম পাঞ্জাবের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সমস্ত দায়িত্ব গ্রহণ করেছিলেন। পশ্চিম পাকিস্তান থেকে যারা ভারতবর্ষে এসেছিলেন তাদের দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছিলেন। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু এখানে এসেছেন তাদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সেইভাবে দায়িত্ব গ্রহণ করেন নি। যেসমস্ত কলোনিতে উদ্বাস্তুরা আছে তাদের জমির শর্ত লীজ দেবার ব্যবস্থা চলছে, কিন্তু আমরা দেখছি যে পশ্চিমবঙ্গে এখনও অনেক কলোনি আছে যেগুলি তাদের লীজ দেবার ব্যবস্থা সম্পন্ন হয়নি। আমার কুলতুলী নির্বাচন এলাকায় এই রকম একটা উদ্বাস্তু কলোনি আছে। তার নাম হচ্ছে দেবীপুর গুড়গুড়িয়া উদ্বাস্তু কলোনি। তৎকালীন জমির মালিক জমিদার দেবা রায়চৌধুরি তার জমিতে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের অসংখ্য মানুষ বর্গাদার ছিল। তারা তেভাগা আন্দোলন করেছিল জমির ফসলের জন্য। তখন জমির মালিক চাষী ও বর্গাদারদের জমি থেকে উৎখাত করার জন্য আর. আর. ডিপার্টমেন্টকে এই জায়গা লিখে দেয়। তারপরে উদ্বাস্তু কলোনি হিসাবে প্রতিটি পরিবারকে ৯ বিঘা জমি দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল এবং দুই শতের উপরে উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসনও দেওয়া হয়েছিল। কিন্তু পুনর্বাসন দেবার ক্ষেত্রে সেই জায়গা দখল করে যখন উদ্বাস্তুদের বসবাস করার জন্য প্লট করে দেবার ব্যবস্থা করা হচ্ছিল তখন স্থানীয় বর্গাদাররা দাবি তোলে যে, এই জমি তারা জঙ্গল কেটে চাষযোগ্য করেছে, এটা যদি উদ্বাস্তুদের দেওয়া হয় তাহলে তাদের কি হবে? তখন স্থায়ী সমস্যা সমাধানের জন্য বলা হয়েছিল যে. উদ্বাস্তু পরিবারকে যে ভাবে জমি দেওয়া হবে. এখানকার যারা বর্গাদার তাদেরও সেইভাবে প্রত্যেককে ৯ বিঘা করে জমি দেওয়া হবে। কিন্তু দেবার সময়ে দেখা গেছে বর্গাদারদের ৬ বিঘা করে দেওয়া হয়েছে. আবার অনেক বর্গাদারকে তাও দেওয়া হয়নি। এই রকম একটা অবস্থা চলছে। সেই সময়ে বিলি বন্টন করার পরে কিছু জলা জমি এবং জঙ্গল জমি ছিল সেগুলি বর্তমানে চাষযোগ্য হয়ে গেছে। সেই জমিগুলি এই উদ্বাস্তু কলোনির কিছু লোক দখল করে নিচ্ছে বসবাস করার জন্য। পরবর্তিকালে দেখা গেছে উদ্বাস্তু কলোনির জমি যারা পেয়েছিল তাদের অনেকে বসবাস করছে না, অনেকে চলে গেছে বিক্রি করে দিয়ে। যে জঙ্গলগুলি পতিত ছিল সেগুলি চাষযোগ্য হওয়ায় এগুলি নিয়ে নানা রকম অসুবিধার সৃষ্টি হয়েছে। যেহেতু আর. আর ডিপার্টমেন্টের অ্যাকোয়ার করা জায়গা, সেখানে উদ্বাস্তু কলোনির কিছু ব্যক্তি দাবি করছে যে এটা আমাদের জমি, আমরা বসবাস করছি। অন্য দিকে ক্ষমতাশালী কিছু ব্যক্তি এটাকে কুক্ষিগত করার চেষ্টা করছে। আবার স্থানীয় কিছু লোক বলছে যে আমরা জঙ্গল কেটে জমি করেছি, এটা আমাদের প্রাপ্য। এই সব নিয়ে নানা গোলমাল চলছে। তাছাড়া নদীর এ্যামব্যাংকমেন্টের ভিতরে এবং বাইরে যে চর জমি আছে সেটাও আর. আর, ডিপার্টমেন্ট অ্যাকোয়ার করেছিল। সেই জমিতেও কিছু লোক মাছ চাষ করার চেষ্টা করছে। এই সব নিয়ে সেখানকার উদ্বাস্তু কলোনির লোক এবং স্থানীয় লোকেদের মধ্যে একটা গোলমালের সৃষ্টি হয়েছে। এটা নিয়ে কয়েক বছর আগে ডিপার্টমেন্ট থেকে কিছু লোকজন এসে সার্ভে করেছিল, কিন্তু পরবর্তীকালে সেগুলি ধামাচাপা

পড়ে যায়। উদ্বাস্তুদের সমস্যার সমাধান করার জন্য লীজ দেবার চেষ্টা করছেন। আপনি এগুলি অবগত আছেন। আপনি সে সম্পর্কে খোঁজ নিয়েছেন। আপনি উদ্বাস্তু সংগঠনের সঙ্গে যুক্ত আছেন। সেজন্য এটা আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় দেবীপুর গুড়গুড়িয়া উদ্বাস্তু কলোনির সমস্যার কথা আপনাকে বললাম। সেখানে উদ্বাস্তু হিসাবে যারা বসবাস করছে সেই পরিবারগুলিকে যাতে নিশর্ত ভাবে স্থায়ী লিজ দেওয়া যায় এবং নদীর বাইরে এবং ভিতরে যে চর জমি নিয়ে বিরোধ আছে সে সম্পর্কে স্থানীয় লোক, পঞ্চায়েত এবং জনপ্রতিনিধি সকলকে নিয়ে আলোচনা করে একটা সমাধান করা যায় তারজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[2-25 – 2-35 P.M.]

এখানে উদ্বৃত্ত জমি যেগুলি আছে সেই জমিগুলি উদ্বাস্তুদের মধ্যে যারা ভূমিহীন আছে তাদের দিয়ে দেওয়া হোক কিংবা স্থানীয় যে ভূমিহীন লোক আছে তাদের দিয়ে দেওয়া হোক। অর্থাৎ একটা স্থায়ী বিলি-বন্টন ব্যবস্থা করা হোক। তা না হলে প্রতি বছর একটা ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন থেকে যাচ্ছে। উদ্বাস্তুদের কলোনির মধ্যে কিছু ধুরন্ধর লোক আছে তারা কুক্ষিগত করছে, স্থানীয় লোকেরা গন্ডোগোল করছে, স্থানীয় আদিবাসীদের বলা হচ্ছে তোমাদের প্রয়োজন আছে তোমরা নেবে এই ভাবে একটা গন্ডোগোল থেকেই যাচ্ছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই কলোনিতে যে সমস্যা আছে সেটা দেখবেন। অবিলম্বে জনপ্রতিনিধিদের নিয়ে যাতে এই সমস্যার সমাধান করা যায় তারজন্য দৃষ্টি আকর্ষণ করছি। সমস্ত দলের প্রতিনিধি নিয়ে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে যে দাবি তোলা হয়েছিল তাতে আশানুরূপ ফল পাওয়া যায় নি মন্ত্রী মহাশয় জানালেন। আমার একটা প্রস্তাব হল এই ব্যাপার নিয়ে যেমন একটা দাবি তোলা হয়েছিল তেমনি এই নিয়ে পশ্চিমবাংলার সবস্তরে এক গন-আন্দোলন গড়ে তোলা দরকার। গণ আন্দোলনের ভিত্তিতেই এই সমস্যা সমাধান হবে বলে আমি মনে করি। একমাত্র গন-আন্দোলনের পটভূমিতে এই উদ্বাস্তু সমস্যার স্থায়ী সমাধান হতে পারে। সর্বশেষে আমি বলতে চাই আমার নির্বাচনী কেন্দ্রে যে কথা আপনার কাছে রাখলাম সেই ব্যাপারে বৈঠক ডেকে কি ভাবে সমাধান করা যায় সেটা দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার শরনার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই! মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে বিবৃতি দিয়েছেন, উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপার নিয়ে সর্বদলীয় প্রতিনিধি দল কেন্দ্রীয় মন্ত্রীর কাছে গিয়েছিল সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন সেই বিবৃতি থেকে পরিষ্কার হয়ে গিয়েছে এটা যে শরনার্থীদের ব্যাপারে ১৯৪৭ সাল থেকে বঞ্চিত হবার আর একটা চিত্র-এর মধ্যে খুঁজে পাওয়া যাবে যা কংগ্রেস পর্যন্ত নিন্দা করতে বাধ্য হচ্ছে। আমি এর আর পুনরাবৃত্তি করতে চাই না। আমি শুধু বলতে চাই আমাদের কিছু কাজ এখানে

আছে, সেটা হচ্ছে জবরদখল কলোনি সম্বন্ধে আমাদের যে অভিজ্ঞতা সেটা হচ্ছে যে এই জবরদখল কলোনির অনেকগুলি স্বীকৃতি পায় নি। কিছু কিছু কলোনি একটা অদ্ভুত পরিস্থিতির মধ্যে দিয়ে চলছে। এই ব্যাপারগুলি দেখার জন্য বলছি। কিছু অসুবিধা রয়েছে ৫ কাটা এবং ১০ কাঠার ব্যাপারে। গ্রামাঞ্চলের ভিত্তিতে পাওয়া যাবে ১০ কাঠা এবং শহরাঞ্চলের ভিত্তিতে পাওয়া যাবে ৫ কাঠা। দেখা গেছে শহরের উপকণ্ঠে একটা রাস্তার এক পাশে পাচ্ছে ৫ কাঠা এবং আর এক পাশের লোক পাচ্ছে ১০ কাঠা। অর্থাৎ একপাশের লোক ১০ কাঠা পাচ্ছে গ্রাম মৌজার ভিত্তিতে এবং ৫ কাঠা পাচ্ছে শহর মৌজার ভিত্তিতে। এই জমি পাওয়ার পর কি দাঁড়াল? একটা ফ্যামিলির মধ্যে ৫ ভাই, তারা ২ কাঠা করে জমি পেল এবং সেখানে তারা বাড়ি করল। কিন্তু এখন কেন্দ্রীয় সরকারের নির্দেশে যে ৫ কাঠা ছেড়ে দিতে হবে। এটা তো চলতে পারে না। ঘর তুলে আবার কিছু করে ছেড়ে দেবে? যার জন্য এরা দলিল পাচ্ছে না. উদ্বাস্তুরা বঞ্চিত হচ্ছে। এই ব্যাপারে উদ্বাস্তুদের একটা আশঙ্কা থেকে যাচ্ছে। আমি একটা কথা বলতে চাই সেটা হল কেন্দ্রীয় সরকারের যে অ্যাটিচুড, এই আরবান ডেভেলপমেন্টের যে প্রস্তাব সেই প্রস্তাবের মধ্যে দিয়ে এই ঘটনাটা আরও নগ্ন হয়ে গেছে। ১৭০০ কোটি টাকার যে দাবি কেন্দ্রীয় সরকারের কাছে রাখা হয়েছে সেই ব্যাপারে শিলা কলের কাছে গিয়ে কোনও লাভ নেই বা অন্য কারও কাছে গিয়ে লাভ নেই। সুভাষবাবু যে প্রস্তাব দিচ্ছেন আমি সেটা সম্পূর্ণ সমর্থন করছি যে বিধানসভা থেকে একটা সর্বদলীয় কমিটি গঠন করে আমাদের প্রধানমন্ত্রীর সঙ্গে বসা দরকার। ১৭০০ কোটি টাকা যদি পাই তাহলে এই অবস্থার খানিকটা মেকাবিলা করতে পারব এই প্রস্তাব নিয়ে একটা রেজলিউশন অন্তত পাস করা হোক। আমরা জানি কেন্দ্রীয় সরকারের এই বঞ্চনা এটা নতুন কথা নয়, গতবারের সেশনে আমি আলোচনা শুনেছি, পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের সঙ্গে পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুদের মধ্যে যে বৈষম্যর ব্যাপারটা আমাদের কাছে পরিষ্কার হয়ে গেছে। কিন্তু বিষয়টি এমন একটা জায়গায় গিয়ে দাঁড়িয়েছে, এটা নিয়ে যদি সোচ্চার হয়ে না বলা যায় তাহলে কিছু হবে না। মাননীয় সুব্রত মুখার্জির মতো লোককে আজকে এই কথা বলতে হয়েছে। মাননীয় মন্ত্রী বলেছেন, সর্বদলীয় কমিটিতে ওঁদের কাছ থেকে সহযোগিতা পেয়েছেন। তার-মানে উদ্বাস্তুদের বিষয়টা এমন বিষয় যাতে আমরা এই ভাবতে পারি যে, এই দপ্তরটা উঠে যাওয়া উচিত ছিল। ১৯৪৭ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত এই দপ্তরের প্রয়োজন ছিল না। কিন্তু বঞ্চনা এমন জায়গায় গিয়ে পৌঁছেছে যে এটাকে রাখতে হয়েছে। ৮০ লক্ষ উদ্বাস্তু তারা কি অবস্থায় বাস করছে তা আমরা রেল লাইন ধরে চলতে চলতে, গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় দেখতে পাই। তারা ছোট একটা চালা করে ছোট কুটিরে বাস করছে। কাজেই, এই পরিস্থিতিতে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে যে ১৭০০ কোটি টাকার দাবি, এই দাবি পূরণের জন্য আমাদের দরকার হচ্ছে সর্বদলীয় কমিটি করে প্রধানমন্ত্রীর সঙ্গে বসা এবং তাঁকে সোচ্চারে এই কথা বলা। এই টাকা কেন্দ্র থেকে নিয়ে আসার যে প্রচেষ্টা দরকার তা আমাদের নিতে হবে। এই ব্যাপারে কোনও রাজনীতির প্রশ্ন নেই। আজকে উদ্বাস্তু সমস্যা যেটা তৈরি হয়েছে, এরফলে আমাদের যে দুর্ভাগ্য তৈরি হয়েছে, এটা থেকে মুক্ত হতে গেলে এছাড়া আর বিকল্প পথ কিছু নেই। এই প্রসঙ্গে আমি অন্য কথা বলব এবং সেই বিষয়ে মাননীয় মন্ত্রী

মহাশয়কে ব্যবস্থা নিতে অনুরোধ জানাব। আসাম থেকে শরনার্থী যারা আসল বাঙ্গাল খেদাও আন্দোলনের পর থেকে এখানে জলপাইগুড়িতে এসে দীর্ঘদিন বাস করছে, এ সম্পর্কে আমাদের মাননীয় বিধায়ক নির্মল দাস এখানে বারবার করে উল্লেখ করেছেন যে, সেখানে একটা অবর্ণনীয় পরিস্থিতি চলছে। যেটা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সৃষ্টি করা হয়েছিল। উদ্বাস্তুরা যে জায়গায় আছে, জলপাইগুড়ি জেলাতে দীর্ঘদিন ধরে অবস্থানের ফলে একটা অর্থনৈতিক বন্ধ্যাকরণ সৃষ্টি হয়েছে। সেখানে অর্থনৈতিক একটা চাপ সৃষ্টি হয়েছে। ইতিমধ্যে আমাদের রাজ্য সরকার তাদের জন্য ১২--১৩ কোটি টাকা খরচ করেছেন। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের বারবার করে দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তাদের পক্ষ থেকে কোনও উদ্যোগ বা ব্যবস্থা গৃহীত হয়নি। আসামে যে বাঙাল খেদাও আন্দোলন এর ফলে পশ্চিমবাংলার উপরে আজকে যে সমস্যা দেখা দিয়েছে এটা নিয়ে কেন্দ্রীয় দপ্তরের সঙ্গে আলোচনা করা উচিত। কারণ এই অবস্থা চলতে থাকলে—বাঙালি খেদাও চলতে থাকলে--আমরা বারবার করে যে জাতীয় সংহতির কথা বলি, এটা জাতীয় সংহতির বিরুদ্ধাচরণ হয়ে যাচ্ছে। কারণ ঘটনাগুলো সেই ভাবেই ঘটছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোনও ভূমিকা দেখতে পাচ্ছি না, তারা এই ব্যাপারে একেবারে নীরব থাকতে পারে না। এই বিষয়টিকে খতিয়ে দেখার জন্য আমি মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ করছি। এইকথা বলে তাঁর আনীত বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় বিধায়ক যাঁরা আলোচনায় অংশগ্রহণ করেছেন এবং আমার বাজেটকে সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ দিচ্ছি। আমার মনে হয়, যাঁরা বিরোধী দলের সদস্য, কংগ্রেসের যাঁরা এই অধিবেশনে উপস্থিত নেই, তাঁরা থাকলে তাঁরাও সমর্থন করতেন। কারণ আমরা যে সর্বদলীয় কমিটি দিল্লিতে গিয়েছিলাম এবং যে বিবৃতি আমি আপনাদের সামনে পেশ করলাম তাতে এটা পরিষ্কার হয়ে গেছে যে, আজকে দীর্ঘ ৪৪/৪৫ বছর হয়ে যাওয়ার পরেও আমাদের পূর্ববঙ্গ -এর-পূর্ব পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু এসেছিলেন তাঁদের কোনও সমাধান হয়নি।

[2-35 – 2-45 P.M.]

শুধু সমস্যার সমাধান হয়নি এই কথা বললে খাটো করে বলা হবে, তারজন্য কোনও ভাবনা-চিন্তাও করা হয় নি। এখানে যে সমস্যা রয়েছে তার যে সমাধান করতে চাপ সৃষ্টি হয়েছে যে ৮০ লক্ষ উদ্বাস্তু তারমধ্যে ধরে নিলাম কিছু দন্ডকারণ্যে বা অন্য রাজ্যে চলে গেছে, কিন্তু তাতে ৬০/৭০ লক্ষ উদ্বাস্তু এখানে সেখানে রয়ে গেছে তাদের কোনও ব্যবস্থা করা হয় নি। সুতরাং আমাদের যে অভিজ্ঞতা হল গত ২৩ তারিখে দিল্লিতে যাবার পরে যে, নন প্ল্যানিং কমিশন বা তার ক্যাবিনেট কেউ কোনও দায়িত্ব নিচ্ছেন না। এমন কি ফিনান্স মিনিস্টার বা আরবান ডেভেলপমেন্ট মিনিস্টার বা স্বরাষ্ট্র দপ্তর তার কোনও সদুত্তর দিতে পারেননি। তারা তো উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরটিকে বহু আগেই উঠিয়ে দিয়েছে এবং বিভিন্ন দপ্তরে ভাগ করে দিয়েছে। কিন্তু আজকে দুঃখের বিষয় যে কোনও দপ্তরই কোনও

রকম প্রচেষ্টা চালাচ্ছে না, এই সমস্যার সমাধান করতে তারা কেউই উৎসাহী নয়। আজকে পশ্চিমবঙ্গের এই লক্ষ লক্ষ উদ্বাস্তু সমস্যা নিয়ে যখন আলোচনা করতে যাই স্বাভাবিক ভাবেই তার কোনও ব্যবস্থা করে উঠতে পারা যায় নি। এই কথাই আমাদের মনে করিয়ে দেয়। উদ্বাস্তু যারা এখানে আছে তাদের কোনও পুনর্বাসনের ব্যবস্থা হয় নি। আমরা যে পুনর্বাসন কমিটি ১৯৮০ সালে সুপারিশ করেছিলাম তাতে বলেছিলাম যে অর্থনৈতিক পুনর্বাসনের জন্য ৪৫০ কোটি টাকা দরকার। আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ঘোষণা করেছিলেন যে উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চলে ছোট ছোট শিল্প গড়ে তুলব। কিন্তু দুঃখের বিষয় যে উদ্বাস্তুরা আজকে যেভাবে জীবন ধারণ করছে সেটা ভাবা যায় না। এমন কি শ্রী সিদ্ধার্থশংকর রায়ও যে মাস্টার প্ল্যান সাবমিট করেছিলেন তাতে বলেছিলেন যে উদ্বাস্তুরা খুব নিম্নমানের জীবন যাপন করে। কিন্তু এত আলোচনা হওয়া সত্ত্বেও উদ্বাস্তুদের সমস্যার সমাধান কোনও রকম হচ্ছে না। আপনারা জানেন যে এই উদ্বাস্তুরা এখানে খুব দ্রুত ছড়িয়ে গেছে এবং সেকথা মাননীয় বিধায়ক শ্রী প্রবোধ পুরকায়েত বললেন। আমি তাঁর সাথে একমত পোষণ করে বলছি যে আজকে গণ আন্দোলনের মাধ্যমে এই সমস্যার সমাধান করতে হবে এবং দলমত নির্বিশেষে সবাইকে মিলে আন্দোলন করতে হবে। এই গণ আন্দোলন ছাড়া এই সমস্যার সমাধান করা যাবে না। মাননীয় বিধায়ক প্রবোধ বাবু যেকথা বললেন এবং যে বিশেষ বিশেষ সমস্যার কথা বললেন তাতে আমি খুবই সহানুভূতিশীল। তিনি যদি সমস্যার কথা বিস্তারিতভাবে লেখেন তাহলে আমি উদ্বাস্তু দপ্তরের দিক থেকে পুনর্বাসন দিতে পারব কিনা দেখব। তাছাড়া যারা বর্গাদার রয়েছে, তারা যদি উদ্বাস্তু না হন তাহলে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরি মহাশয়ের সাথে আলোচনা করে বর্গাদারদের কিভাবে পুনর্বাসন দেওয়া যায় সেটা চিন্তা করে দেখতে পারি। আমরা খাস জমিতে বর্গা দিতে পারি কিন্তু উদ্বাস্তুদের অধিগৃহীত জমিতে বর্গা দেওয়া চলবে না, কেননা সেই জমি কেন্দ্রীয় সরকার দিতে রাজি হচ্ছে না। তারপরে মাননীয় বিধায়ক তপন হোড় যেকথা বলেছেন ঠিকই বলেছেন, এখানে ৫--১০ কাঠা ধরা হয়েছে। এটা হচ্ছে একটা জাতীয় সমস্যা, কেন্দ্রীয় সরকারের তহবিল থেকে যা আসে তাই দিয়ে আমাদের সব কিছু করতে হয়। আমরা পশ্চিমবঙ্গ রাজ্য হলেও একজন এজেন্ট হিসাবে আমরা কাজ করি, কেন্দ্রীয় সরকারের যে নীতি সেই নীতিই আমাদের অনুসরণ করতে হয়। তিনি যে শহরাঞ্চলের জন্য ৫ কাঠা বসত বাটি এবং গ্রামাঞ্চলে ১০ কাঠার কথা বলেছেন ঠিকই বলেছেন। গ্রামাঞ্চলে ওই ১০ কাঠা হওয়ার কারণ হচ্ছে গ্রাম্য পরিবেশের মধ্যে যারা বসবাস করে তাদের ওটা পাওয়া উচিত। কেন্দ্রীয় সরকার এই কঠোর নির্দেশ দিয়েছে। তাই আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়া উচিত। একটা কথা আমি এখানে পরিষ্কার করে বলি, আমাদের মাননীয় বিধায়ক সুভাষ বাবু অনেক কথা এখানে আলোচনা করেছেন। আমি সেসব কথার মধ্যে যেতে চাইছি না। আমরা বিধানসভায় এই বৎসরের বাজেট পেশ করার পর কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনা করেছিলাম। আমরা তাদের বলেছিলাম আপনারা তো কোনও সমধান করতে পারছেন না। আমরা এই ব্যাপারে স্বরাষ্ট্র দপ্তরের সাথেও কথা বলেছিলাম। স্বরাষ্ট্র দপ্তরের সাথে কথা বলতে আমাদের জয়েন্ট সেক্রেটারি এবং আমাদের ডেপুটি কমিশনার অফ পুলিশ গিয়েছিলেন এবং সেখানকার অ্যাডিশনাল সেক্রেটারি এ.কে.

সিনহা এবং জয়েন্ট সেক্রেটারি জে.বি. সাঁধু-র দীর্ঘ আলোচনা হয়। আমরা তাদের বলেছিলাম, আপনারা এই সমস্যার কিভাবে সমাধান করবেন? তারা তখন একটা কথা আমাদের বলেছিলেন যে আপনারা বার বার এখানে আসছেন, আমরা বার বার আপনাদের কথা শুনতে চাই না। আপনাদের প্যাকেজ হিসাবে কত টাকা দরকার এই সমস্যার সমাধান করার জন্য সেটা দেবেন। আমরা সেই অনুযায়ী ১৯৯২ সালের ২৪শে মার্চ তাদের কাছে একটা চিঠি দিই। আমাদের মাননীয় বিধায়ক তপন বাবু ও সুভাষ বাবু যে কথা বলেছেন, সেই ১৭,১১,৫০,০৯,৮৬৫ টাকা প্যাকেট হিসাবে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েছি। ৬০৭ গ্রুপের কলোনীর জন্য ৫,২৯,৮৩,৮২০ টাকা, ১৭৫ গ্রুপের কলোনির জন্য ১২,২৭,২২,৫৭৮ টাকা, ১৪৯ গ্রুপের কলোনির জন্য ৩১,১৩,৪৬৭ টাকা, যোধপুর পার্ক কলোনির জন্য ৪,২২,০০,০০০ টাকা, ভদ্রকালি কলোনির জন্য ১,১১,৪৪,০০০ টাকা ডেভেলপমেন্ট কলোনির জন্য ৪০০,০০,০০০ টাকা, স্টেট ল্যান্ড কস্ট বাবদ ১৩৭,০০,০০,০০০ টাকা, ইকনমিক রিহ্যাবিলিটেশনের জন্য ১১৫০,০০,০০,০০০ ক্যাম্পস ডি.পি.এস., ৮৮৫ ফ্যামিলি ১,০০,০০,০০০ টাকা, বেহালা ট্রিটমেন্ট এর জন্য ২৮,০৬,০০০ টাকা, সর্বমোট ১৭,১১,৫০,০৯,৮৬৫ টাকা। আমাদের বিধায়করা এখানে যে দাবি এনেছেন আমি তাকে সমর্থন করি এবং বিশেষ করে মাননীয় বিধায়ক প্রবোধ বাবু যে কথা বলেছেন, যে কেন্দ্রীয় সরকার গণ আন্দোলন ছাড়া কোনও কথা শুনবে না, তারা চিন্তা-ভাবনা কিছু করে না। আমাদের সঙ্গে তাদের কি অ্যাটিচুড সেটা দেবপ্রসাদ বাবু দেখে এসেছেন, তিনি আমাদের সাথে গিয়েছিলেন উদ্বাস্তুরা পচে মরছে তারা এ নিয়ে কোনও চিন্তাভাবনা করছে না অথচ তারা মুখে বড় বড় কথা বলছে। আপনারা দেখেছেন বর্তমানে যে অর্থনীতি, শিল্পনীতি কেন্দ্র ঘোষণা করেছেন তার মধ্যে দিয়ে ৪৪৪ কোটি টাকার বাজেট আমাদের করতে হয়েছে, এটা আমাদের অর্থমন্ত্রী এখানে বলেছেন।

[2-45 – 2-55 P.M]

এই নিয়ে আমরা কি করে চলতে পারি? অথচ তাঁদের যে দায়, দায়িত্ব সেটা তাঁরা পালন করছেন না। উদ্বাস্তু সমস্যা একটা জাতীয় সমস্যা এবং এর জন্য যে টাকা বরাদ্দ করা দরকার একটা পয়সাও তাঁরা বরাদ্দ করছেন না। সুতরাং মাননীয় বিধায়ক যে প্রস্তাব করেছেন একটা সর্বদলীয় কমিটি এখানে হোক। কলোনিগুলি উন্নয়নের জন্য আটশো কোটি টাকার দাবিতে। ১৭১১ কোটি ৫০ লক্ষ ৯ হাজার ৮৬৫ টাকা বিভিন্ন প্রয়োজনে আমরা যে এই টাকার দাবি রেখেছি এবং কেন এত টাকার প্রয়োজন তাও আমরা বিস্তৃতভাবে বলেছি। কি কারণে বলেছি তাও বলা হয়েছে। আর একটা কথা হল এই যে, ১৯৮০ সালে পুনর্বাসন কমিটি কলোনিগুলিকে স্বীকৃতির কথা বলেছিল। ৮৬০ টা কলোনি প্রয়াত প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী জীবিত থাকাকালীন ৬৬০ টা কলোনিগুলিকে স্বীকৃতি দেওয়ার কথা হয়েছিল। এবং উনি রাজিও হয়েছিলনে। দুশো টা কলোনি এখনও স্বীকৃতি পায়নি। দুশো টা কলোনি বিভিন্ন জায়গাতে ছড়িয়ে আছে। তাঁদের কোনও স্বীকৃতি নেই। সুতরাং আমরা প্রত্যেকে মনে করি, দলমত নির্বিশেষে এই উদ্বাস্তু সমস্যা যেটা জাতীয় সমস্যা হিসাবে চিহ্নিত এটাকে সমাধান করবার জন্য আমাদের একত্র হওয়া উচিত। কেন অন্যগুলো

স্বীকৃতি পায়নি আমি সেই বিতর্কের মধ্যে যেতে চাইছি না। আমরা সবাই মিলে উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য সর্বদলীয় কমিটির মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাব। এই দাবি আদায় করবার জন্য আমরা যাব। এখানে যে সমস্ত কাট মোশন দেওয়া হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 40

The motions of Shri Abdul Mannan and Shri Saugata Roy that the amount of the Demand be reduced to Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 33,88,73,000 be granted for expenditure under Demand No. 40 Major Head: "2235-Social Security and Welfare (Rehabilitation) and 6235-Loans for Social Security and Welfare (Rehabilitation)" (This is inclusive of a total sum of Rs. 8,48,00,000 already voted on account in March,1992), was then put angreed to.

Mr. Deputy Speaker :

শ্রী প্রশান্তকুমার শূর ঃ স্যার, সর্বদলীয় কমিটির মধ্যে যাঁরা যাবেন তাঁদের নামটা একটু ঘোষণা করে দিন।

মিঃ ডেপুটি স্পিকার ঃ এখানে বিরোধী সদস্যরা কেউ নেই, ওঁদের সাথে কথা বলে আগামীকাল কমিটির সদস্যদের নাম ঘোষণা করা যাবে। তাহলে এই সর্বদলীয় কমিটি প্রধানমন্ত্রীর কাছে যাবে। এবং আপনাদের কারও আপত্তি নেই। তাহলে এটা পাশ হল। আগামীকাল এই কমিটির সদস্যদের নাম ঘোষণা করা হবে।

DISCUSSION AND VOTING ON DEMAND NO-54&86

শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী এখানে তাঁর বাজেট বক্তৃতা পেশ করেছেন। এবং এই বাজেট বরাদ্দের উপরেই মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় তিনি কাট মোশন দিয়েছেন আমি তাঁকে সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী তিনি তার দপ্তরের দায়িত্ব নিয়ে তিনি এখানে যে বাজেট পেশ করেছেন এবং তিনি বলেছেন যে আমাদের পশ্চিমবঙ্গে খাদ্য উৎপাদন বৃদ্ধি হচ্ছে। আমাদের কৃষিমন্ত্রী এবং ভূমি সংস্কার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী সবাই বলেছেন যেহেতু পশ্চিমবঙ্গ ভারতবর্ষে অন্যান্য রাজ্যের তুলনায় ভূমি সংস্কারে অগ্রবর্তী ভূমিকা নিয়ে চলছে সেইজন্যই উৎপাদন বৃদ্ধি পশ্চিমবঙ্গে হয়েছে এবং সেটা রেকর্ড। এইটা আপনারা দাবি করে আসছেন এবং ভূমি সংস্কারের ফলে যে খাদ্য উৎপাদন হয়েছে এবং সেই খাদ্য উৎপাদন আমাদের পশ্চিমবঙ্গে যদি হয়ে থাকে বা হয়েছে তাতে সরকারের কৃতিত্ব একটা বিরাট, এটা আমি মনে করি না। আজ বর্তমান ব্যবস্থায় কৃষকেরা নিজেদের উৎপাদনের প্রতি এবং তাদের অর্থনৈতিক দুরবস্থা থেকে বাঁচবার জন্য

নিজেরাই অগ্রণী ভূমিকা নিয়েছে এবং এটাই উৎপাদন বৃদ্ধির মূল কারণ। এর কারণ কৃষেকরা নিজেরাই এবং সরকারের কৃতিত্ব সেখানে নেই। আমার বক্তব্য উৎপাদন বৃদ্ধি হল, কিন্তু পশ্চিমবঙ্গের খাদ্যমন্ত্রী তাঁর যে খাদ্যনীতি সেই নীতির মধ্যে প্রত্যেক বছর তারা খাদ্য সংগ্রহের একটা লক্ষ্যমাত্রা স্থির করেন যে কত খাদ্য সংগ্রহ করবেন। যেহেতু ঘাটতি রাজ্য গণবন্টনের মাধ্যমে সেটা বন্টন করতে হবে। কিন্তু লক্ষ্যমাত্রা আপনাদের যাই থাকুক না কেন তার নগণ্য অংশও খাদ্যমন্ত্রী সংগ্রহ করতে পারেন না। খাদ্য সংগ্রহের ক্ষেত্রে তিনি সম্পূর্ণ ব্যর্থ। বামফ্রন্ট সরকার যতদিন ক্ষমতায় এসেছে বিগত ১৫ বছরে খাদ্য সংগ্রহের ক্ষেত্রে ব্যর্থ হচ্ছে এবং আপনি খাদ্যমন্ত্রীও ব্যর্থ। আপনারা বলছেন, কৃষি এবং ভূমি সংস্কার দপ্তর বলছে আমাদের দেশে বড় বড় জমির মালিক বেনামে জমি রেখেছে, বড় বড় কৃষক স্বনামে-বেনামে জমি আজকে লুকিয়ে রেখেছে। তাহলে এই যে বড় বড় উৎপাদক, ধনী কৃষক, চালকলের মালিক তাদের উপর লেভী ধরেন না কেন। লেভী তারা দেয় না, সামান্য তাদের ইচ্ছার উপর নির্ভর করে দয়া করে দেয় সেইটুকুই নেন। আজকে কৃষি দপ্তর এবং ভূমি সংস্কার দপ্তরের কথায় প্রমাণ হয় যে বড় জমির মালিক, ধনী কৃষক আছে, জোতদার, বৃহৎ মালিক আছে। তাদের উপর লেভী করছেন না কেন, লেভী করে কত সংগ্রহ করছেন? আপনাদের একটা দপ্তর বলছে ধনী কৃষকের কথা, আপনারা আর তাদের উপর লেভী করছেন না। অর্থাৎ ধনী কৃষকদের উপর ধরছেন না, সেটা প্রমাণ করছে, আপনারা গ্রামে ধনী কৃষকদের হাতে রাখতে চাইছেন। বামফ্রন্ট গরিব কৃষকের কথা মুখে বলে, আর রাজ্যে একাধিপত্য রাখার জন্য জোতদার, মহাজন তাদের পক্ষপুটে নির্বাচনী বৈতরণী পার হওয়ার জন্য একটা ব্যবস্থা আপনারা গড়ে তুলেছেন। তারজন্যই ধনী কৃষকদের উপর লেভী করছেন না। কারণ আমরা দেখছি ধনী কৃষকরা তারা বেশি উৎপাদন করছে এবং উৎপন্ন খাদ্য সামগ্রী থেকে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পূরণে প্রতিবারই ব্যর্থ হচ্ছেন। মালিকদের প্রশ্রয় দিয়ে যাচ্ছেন, ধনী কৃষকদের প্রশ্রয় দিচ্ছেন, আর উৎপাদন বৃদ্ধি হওয়া সত্ত্বেও খাদ্যশস্যের দাম বাড়ছে কেন। আমরা জানি, অর্থনৈতিক ব্যবস্থায় যে জিনিসের যোগান বেশি হয়, উৎপাদন বেশী হয়- বাজারে তার দাম নিম্নমান হয়। কিন্তু আমরা প্রত্যেক বছরেই দেখছি খাদ্য সামগ্রী--চাল, গম এই সমস্ত জিনিসের দাম বাড়ছে। তাহলে চাল উৎপাদন হচ্ছে, অথচ দাম বেড়ে যাচ্ছে। তাহলে বুঝতে হবে দেশে উৎপাদন হলেও দেশের জিনিস বাইরে কোনও পথে চলে যাচ্ছে এবং আপনি বলেছেন সীমান্ত থেকে চোরাকারবারীরা এই খাদ্যসামগ্রী চাল এইসব পাচার করছে।

[2-55 – 3-05 P.M]

তাহলে এটা স্বীকার করছেন যে এটা আপনাদের দায়িত্ব আপনাদের সরকারের স্বরাষ্ট্র বিভাগের এটা দায়িত্ব যে পশ্চিমবঙ্গের উৎপাদিত সামগ্রী চাল সেটা যাতে সীমান্ত পেরিয়ে অন্য রাষ্ট্রে বা রাজ্যে চলে না যায় সেটা দেখা। সেটা দেখার ক্ষেত্রে আপনারা কিন্তু ব্যর্থ। একদিকে আপনারা বলছেন যে উৎপাদন বৃদ্ধি পেয়েছে অপর দিকে বলছেন যে সীমান্ত পেরিয়ে তা অন্য জায়গায় চলে যচ্ছে। কারা করছে? চোরাকারবারী, মজুতদার, তারা এগুলি করছে। তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছেন না কেন? আপনাদের প্রশাসন আছে,

পুলিশ আছে, পুলিশের জন্য প্রত্যেকবার বাজেটে বেশি বেশি করে বরাদ্দ হচ্ছে, পুলিশকে ক্ষমতাও দিয়েছেন, সীমান্ত রক্ষী বাহিনী আছে তাহলে সীমান্ত দিয়ে এইসব সামগ্রী বেরিয়ে যায় কি করে? কেন এ ব্যাপারটা আপনারা দেখছেন না? আপনি কি বলতে পারেন, আপনি খাদ্যমন্ত্রীর দায়িত্ব নেবার পর কতজন চোরাকারবারী, ভেজালদার, মজুতদার, পাচারকারীদের আপনি গ্রেপ্তার করেছেন এবং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন? আমরা জানি, দেখা যাবে যে তা আপনি কিছুই করতে পারেন নি। তাহলে উৎপাদন বাড়লে সেখানে সেই উৎপাদিত সামগ্রী বাইরের দেশে সীমান্ত পেরিয়ে যেতে যাতে না পারে সেটা দেখার দায়িত্ব সেই দায়িত্ব পালনে আপনারা ব্যর্থ হয়েছেন একথা বলতে হবে। এরপর আমি অন্য প্রসঙ্গের অবতারণা করব। আপনার খাদ্য দপ্তরের মধ্যে অত্যাবশ্যাক পণ্য নিগম সংস্থা বলে একটি সংস্থা আছে এবং এটি একটি গুরুত্বপূর্ণ বিভাগ। তারা সংগ্রহ এবং বিতরণের ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। আমরা জানি যে আপনারা গণ বন্টন ব্যবস্থার কথা তারস্বরে বলে থাকেন। আপনারা বলেন, পশ্চিমবঙ্গে এই গণবন্টন ব্যবস্থা খুব সুন্দরভাবে চলছে। এই গণবন্টন ব্যবস্থা যদি তুলে দেওয়া হয় তাহলে একদিকে যেমন খাদ্যের সংকট বাড়বে অপর দিকে তেমনি খাদ্যের দামও বাড়বে। ঠিকই আছে। এই গণবন্টন ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে অত্যাবশ্যাক পণ্য নিগম সংস্থা। আপনারা বাইরের রাজ্য থেকে মুসুর ডাল, সরষে সংগ্রহ করছেন। আমরা জানি যে রেশনের মাধ্যমে চাল, চিনি, গম, রেপসিড, দেশলাই, সাবান ইত্যাদি দেওয়া হয় বা বিক্রি করা হয়। কিন্তু সরষে তো গণ বন্টন ব্যবস্থার মাধ্যমে দেওয়া হয়না, সরষের বীজ তো দেওয়া হয়না। অথচ আমরা দেখছি অত্যাবশ্যাক পণ্য নিগম সংস্থা কোটি কোটি টাকায় তা কিনছেন। সেটা কিন্তু রেশনে দেওয়া হচ্ছে না বা সাধারণ মানুষ তা পাচ্ছে না। তাহলে এটা সংগ্রহ করছেন কেন? আর যে যে এজেন্সীর মাধ্যমে এটা সংগ্রহ করছেন সেখানে দেখছি বিশেষ বিশেষ এজেন্টদের নাম আপনার খাদ্য দপ্তরের তালিকাভুক্ত হয়েছে। এগুলি তাদের দিচ্ছেন। এখানেই সন্দেহ দানা বাঁধছে যে এর সঙ্গে একটা কাট মানির যোগাযোগ আছে এই সংস্থার কর্তাদের। ও.সি.সি.এফ., তাদের কিনতে দিয়েছেন সরষের বীজ ৭ হাজার মেট্রিক টন, ইউ.পি. কো-অপারেটিভকে ৫০০ মেট্রিক টন, কনফেডকে ৪ হাজার ২ শো মেট্রিক টন আর এন.সি.সি. এফকে দিয়েছেন ২ হাজার ৮০০ মেট্রিক টন। কনফেড ইত্যাদি যেগুলি সরকারি সংস্থা আমরা দেখছি তাদের আপনারা কম দিচ্ছেন অথচ উড়িশ্যার ও.সি.সি.এফ. তাদের দিচ্ছেন ৭ হাজার মেট্রিক টন। এখানেই সন্দেহ আমাদের জাগছে যে এ ব্যাপারে কাগজে মাঝে মাঝে যা বেরিয়ে পড়ে যে একটা টাকার লেনদেনের ব্যবস্থা আছে। আবার এই সরষের বীজ যেটা সংগ্রহ করছেন, সেটা কিন্তু আপনি রেশনে দিচ্ছেন না, কিছু পরেই দেখা যাচ্ছে এই সংস্থার মাধ্যমে আবার সেইগুলো বিক্রি করে দেওয়া হচ্ছে। কেনই বা সংগ্রহ করছেন, কেনই বা গণ বন্টনের মাধ্যমে দিচ্ছেন না কেনই বা আবার বিক্রি করে দিচ্ছেন এই রহস্যটা আপনি আপনার জবাবি ভাষণে বলবেন। এই দপ্তরের যিনি সচিব আছেন, তাঁর সম্পর্কে এই রকম কথা মাঝে মধ্যে শোনা যায় এবং আমার কাছে সংবাদও আছে, তাঁর ছেলেকে উড়িষ্যাতে একটা মিল করে দেওয়া হয়েছে ও.সি.সি.এফ. এই সংস্থার মাধ্যমে, এই রকম অভিযোগ আছে। এই রকম কোনও অভিযোগ আপনার নজরে এসেছে কি না, আপনি

আপনার জবাবি ভাষণে বলবেন। আমি আর একটি জিনিস বলছি, আপনি ডাল সংগ্রহ করছেন, সেই ডাল সংগ্রহ করবার ক্ষেত্রে একই ব্যাপার আমরা লক্ষ্য করছি, ঐ সংস্থা, বিশেষ করে উড়িষ্যার ঐ সংস্থাকে বিশেষ ভাবে নেক নজর দিয়ে দেখেছেন এবং গণ বন্টনের নাম করে সেটা চালিয়ে যাচ্ছেন, এই সম্পর্কেও আপনি জবাব দেবেন। দ্বিতীয় প্রশ্ন রাখছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পামোলিন তেল সম্পর্কে। যখন সরষের তেলের দাম বেড়ে গেল তখন আমরা দেখলাম খাদ্য দপ্তর বাইরে থেকে পামোলিন তেল আমদানি করছেন। সেই পামোলিন তেল সম্পর্কে আপনাদের জানা আছে। এই তেল দীর্ঘদিন ধরে ট্যাঙ্কারে যদি রাখা যায় তাহলে এর গুণমান নেমে যায়। সেটা ক্রমশ দেখা যায় মানুষের খাবার অযোগ্য হয়ে পড়ে, সেটা খেলে মানুষের জীবন সংশয় পর্যন্ত হয়ে যায়, যে জিনিস আমরা বেহালায় দেখেছি, কী রকম প্রতিক্রিয়া সেখানে হয়েছিল। রেশন শপের মাধ্যমে যে তেল দেওয়া হয়েছিল তা খেয়ে ৫০০ জনের অধিক মানুষ পঙ্গু হয়ে গিয়েছিল। সরকার তাদের কোনও দায়িত্ব নেয়নি, এই রকম জিনিস আমরা দেখেছি। আবার সেই পামোলিন তেল ১৬ কোটি টাকা দিয়ে আপনারা আমদানি করলেন সেটা রেশন শপের মাধ্যমে দেবার নাম করে। কিন্তু দেখা যাচ্ছে সরষের তেলের দাম কমে যাবার পর সেই পামোলিন তেল রেশন শপের মাধ্যমে বিক্রি হচ্ছে না, আপনারা দিচ্ছেন না। দীর্ঘদিন পড়ে থাকার জন্য প্রতি মাসে দু লক্ষ টাকা করে খরচ করতে হচ্ছে সেই তেলকে রক্ষণাবেক্ষণের জন্য। এটা কেন কিনলেন, কেনই বা এই রকম ভাবে রাখছেন। এই যে রাজ্যে নানা বিষয়ে ঘাটতি দেখছি, সরকার থেকে আর্থিক ক্ষেত্রে বিভিন্ন ভাবে এমবার্গো এনেছেন, শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস ছাত্রছাত্রী যারা হস্টেলে থাকে তাদের বছরের পর বছর টাকা দিতে পারছেন না, হস্টেলগুলো অচল হয়ে পড়ছে আর্থিক সংকটের জন্য অথচ দেখা যাচ্ছে এই পামোলিন তেলের জন্য তারা এত টাকা রক্ষণাবেক্ষণে খরচ করছেন, কিন্তু আজ পর্যন্ত বিক্রির ব্যাপারে কোনও পদক্ষেপ গ্রহণ করতে পারেন নি। এই প্রশ্নের জবাব আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় দেবেন। তৃতীয় প্রশ্ন করছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে যে আপনি জানেন, খাদ্য দপ্তরের যিনি মন্ত্রী তিনি খাদ্য দপ্তরেই বসতেন, তিনি তাঁর দায়িত্ব সেখান থেকেই পালন করতেন। এবারে নতুন করে একজনকে চেয়ারম্যান করা হয়েছে যিনি এই দপ্তরের প্রাক্তন মন্ত্রী তাঁকে। এতদিন পর্যন্ত রীতি এই ভাবে চলে আসছিল কিন্তু এখন ই.সি.এস.সি.র একজন চেয়ারম্যান নিয়োগ করেছেন আপনি। যাকে নিয়োগ করলেন, তিনি হচ্ছেন প্রাক্তন খাদ্য মন্ত্রী, যিনি জনগণ থেকে বিচ্যুত হয়েছেন, যাকে জনগণ পরাজিত করেছে, তাঁকে পুনর্বাসন দেবার জন্য চেয়ারম্যান হিসাবে নিযুক্ত করলেন। তার মানে এটা কি রাজনৈতিক ভাবে যিনি পরাজিত, যিনি এতদিন মন্ত্রী হিসাবে সুযোগ সুবিধা পেয়ে এসেছেন, তাকে পুনরায় সুযোগ সুবিধা দিতে হবে সেই জন্য একটা চেয়ারম্যান পদ তৈরি করলেন, তারপর সেখানে তাঁকে বসিয়ে দিলেন। তাঁর জন্য কি করলেন? তাঁর জন্য আলাদা অফিস ঘর ভাড়া নেওয়া হল। কেন? খাদ্য দপ্তরে প্রচুর জায়গা ছিল, সেখানেই তিনি বসতে পারতেন। তিনি সেখানে না বসে তাঁর বাড়িতে বসেই অফিস চালাতে শুরু করলেন এবং সম্প্রতি ৪ নং, হো-চি-মিন সরণীতে তাঁর জন্য একটা

[3-05 – 3-15 P.M.]

অফিস চেম্বার ভাড়া নেওয়া হয়েছে। সেটা ভাড়া নিতে গিয়ে ১ লক্ষ ৪৮ হাজার টাকা সেলামি দিতে হয়েছে এবং ঘরের মালিককে ১৪ বছরে পরিশোধযোগ্য শর্তে সাড়ে তিন লক্ষ টাকা অ্যাডভান্স দেওয়া হয়েছে। আপনাদের চেয়ারম্যান কি ১৪ বছর ধরে চেয়ারম্যানশিপ চালাবেন? একদিকে সরকার বলছেন, -- ব্যয়-সংকোচ করতে হবে, বাড়তি রাহা খরচ বন্ধ করতে হবে, অপর দিকে খাদ্য দপ্তরের মধ্যেই যথেষ্ট স্থান থাকা সত্ত্বেও ই.সি.এস.সি.-র চেয়ারম্যানের অফিস ঘরের জন্য ১ লক্ষ ৪৮ হাজার সেলামি দিতে হল এবং সাড়ে তিন লক্ষ টাকা অ্যাডভান্স দেওয়া হল? আর্থিক অসুবিধার জন্য, ব্যয় সংকোচ হিসাবে হাসপাতালে রুগীদের সুযোগ সুবিধা এ পর্যন্ত যা ছিল তা সঙ্কুচিত করা হল। ভর্তি হবার জন্য এবং বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার জন্য ফি চালু করা হল। আর এইভাবে খাদ্য দপ্তরের একজন রাজনৈতিক মানুষকে পুনর্বাসন দেবার জন্য অকারণ ব্যয় করা হচ্ছে। মাননীয় খাদ্যমন্ত্রী রাজ্যের পরাজিত প্রাক্তন খাদ্যমন্ত্রীকে পুনর্বাসন দেবার ব্যবস্থা করলেন। তাঁর জন্য আলাদা অফিস ঘর তৈরি করলেন। তাঁর নিজের দপ্তরে যথেষ্ট জায়গা থাকা সত্ত্বেও ১ লক্ষ ৪৮ হাজার টাকা সেলামি দিয়ে, সাড়ে তিন লক্ষ টাকা অ্যান্ডভান্স দিয়ে মাসিক ২৮ হাজার টাকা ভাড়ায় অফিস ঘর ভাড়া নিলেন। ৩ লক্ষ টাকা খরচ করে চেম্বার সাজালেন। ই.সি.এস.সি-র চেয়াম্যান হয়ে প্রাক্তন খাদ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে, তিনি মাসিক বেতন নেবেন না। মাত্র ১ টাকা বেতন নেবেন। কিন্তু তাঁর হাত খরচ, রাহা খরচ, প্লেন ভাড়া, গাড়ি ইত্যাদি যাতায়াত খরচ ধরে কত হাজার টাকা প্রতি মাসে খরচ হবে? তিনি মাইনে নিতে চাইছেন না, কিন্তু পিছনের দরজা দিয়ে সমস্ত কিছুই নিচ্ছেন। সামনে মানুষকে দেখাচ্ছেন কত ত্যাগী, কত লোভহীন ব্যক্তি। তারপর মাননীয় মন্ত্রী মহাশয়, ই,সি.এস.সি-তে এডিটরের কি প্রয়োজন? আপনার দপ্তর কি সংবাদ প্রকাশ করছে নাকি? আমাদের খাদ্য দপ্তর দেশের মানুষের কাছে খাদ্য সম্লিষ্ট বিভিন্ন সংবাদ প্রচার করবে নাকি? তা না হলে খাদ্য দপ্তরে এডিটরের কি প্রয়োজন? খাদ্য দপ্তর কি খাদ্য সংগ্রহের ক্ষেত্রে, খাদ্য দ্রব্য বন্টনের ক্ষেত্রে, চোরাকারবারী, মজুতদারী, বন্ধ করার ক্ষেত্রে কি কি ব্যবস্থা গ্রহণ করছেন তা দেশের জনগণকে জানাবার জন্য কোনও পত্র-পত্রিকা প্রকাশ করবে নাকি? রেশন দোকানগুলি ঠিকমতো চালাবার যেখানে কোনও ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না সেখানে দপ্তরে এডিটরের পোস্টের কি প্রয়োজন? বোধ হয় রঞ্জিতকুমার ঘোষ নামে এক ব্যক্তিকে এডিটর নিযুক্ত করছেন। মাননীয় খাদ্যমন্ত্রী, তাঁর দলীয় নেতা এবং ব্যক্তিদের কাজ দেবার জন্য এই সমস্ত জিনিস করছেন। এইভাবে তিনি দপ্তর চালাচ্ছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের কোনও খাদ্য সংগ্রহ নীতি নেই। বিগত কয়েক বছর ধরেই দেখছি চাল-কল মালিকদের কাছে একটা লেভি ধরা হয়, কিন্তু চালকল মালিকরা তা দেয় না। এবং তাদের বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থাও নেওয়া হয় না। কেন হয় না? বড়-জোতদার, বড় চাষীদের গ্রামে যে প্রভাব রয়েছে সেটাকে বামফ্রন্ট রাজনৈতিক-ভাবে নিজেদের স্বার্থে ব্যবহার করছে। ভোটের সময়ে তাদের সেই প্রভাবকে

কাজে লাগাচ্ছে। তাই আজকে বামফ্রন্ট তাদের গায়ে হাত দিচ্ছে না। ফলে চালের উৎপাদন বাড়লেও সংগ্রহ বাড়ছে না। এ বছরে আমরা দেখছি লেভির লক্ষ্য মাত্রা ধার্য হয়েছে ২ লক্ষ টন। গত বছর ১ লক্ষ ৩ হাজার টন লেভি সংগ্রহ করা হয়েছিল। এখন চালকল মালিকরা আপনাকে লেভি দিচ্ছে না। এখন তাদের কাছ থেকে আবার আপনি বলছেন চাল কিনবেন। ১ লক্ষ টন চাল কেনার সিদ্ধান্ত নিয়েছেন। সামনে পঞ্চায়েত নির্বাচন, আমি স্বাভাবিকভাবেই প্রশ্ন করতে পারি, গ্রামের সাধারণ মানুষ ১৪ বছর ধরে আপনাদের দেখে এসেছে, গ্রামের গরিব মানুষদের অবস্থা কাহিল, গ্রামে কোনও কাজ নেই, খাদ্যদ্রব্যের দাম আকাশ-ছোঁয়া অবস্থায়, অর্থনৈতিক দুরবস্থার মধ্যে মানুষ বাস করছে। এই অবস্থায় গ্রামের মানুষের মন জয় করবার জন্য চমক দেখিয়ে রেশনের মাধ্যমে চাল দেবার জন্য যারা চালকল মালিক যাদের উপর আপনারা লেভি করেছিলেন, যারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে আপনাদের চলে গেছে তাদের কাছ থেকে সরকারি টাকা ব্যয় করে ১ লক্ষ টন চাল কিনবেন ঠিক পঞ্চায়েত নির্বাচনের আগে যাতে রেশনে চাল ঠিকমতো দিতে পারেন। আপনাদের চমক ছিল তফসিলি সম্প্রদায়ের মানুষদের ভরতুকি দিয়ে কম দামে রেশন দোকান মারফত চাল সরবরাহ করা। আপনারা ৩ মাস দেবেন বলেছিলেন কিন্তু কার্যত দেখা যায় ৩ সপ্তাহের বেশি ক্ষেত-মজুরদের দিতে পারেন নি। তাও পশ্চিমবাংলার ক্ষেত-মজুররা পায়নি। যারা বামফ্রন্ট সরকারকে তোয়াজ করে চলে না তারা কিন্তু তালিকাভুক্ত হচ্ছে না। যে কোনও লোক বা যে কোনও দল যারা সরকারের সমালোচনা করেন তারা ক্ষেত-মজুর হলেও তাদের নামে ঐ তালিকায় অর্ন্তভুক্ত হয়না। অথচ ক্ষেত মজুরদের যে সংখ্যা তার থেকেও বেশি সংখ্যার লিস্ট আপনারা বানিয়ে ফেলেন। ফলে হচ্ছে কি, সেই তালিকা ধরে বন্টন করেন সেই বন্টন নিয়মিত থাকে না। এটা একটা চমক। বামফ্রন্ট সরকারের তফসিলি মানুষদের মধ্যে প্রেম, ভালবাসা এবং শ্রদ্ধা আছে, তাদের অভাব-অভিযোগের প্রতি বামফ্রন্ট সরকার মর্মব্যথী, সেইজন্য ৩ সপ্তাহ দেয়। আমি বলব, এটা একটা ভণ্ডামি ছাড়া আর কিছু নয়। অথচ পাশপাশি আমরা দেখি, পুলিশকে শস্তায় চাল, গম, চিনি এবং সরষের তেল দেবার জন্য বছরে ৩০ কোটি টাকা ভরর্তুকি দেন। পুলিশের প্রতি এত দরদ কিন্তু ক্ষেত-মজুরদের প্রতি আপনাদের এত দরদ নেই। এই সেশনেই পঞ্চায়েত আইন আসছে। শুধু তাই নয়, জানুয়ারি, ফেব্রুয়ারি, মাসে পঞ্চায়েত নির্বাচন হবে। সেই নির্বাচনে আপনাদের অবস্থা গ্রামে কাহিল। ১৫ বছর ধরে গ্রামের মানুষ আপনাদের দেখে আসছে। তাদের বিরূপ মনোভাবকে জয় করবার জন্য চালকল মালিকদের কাছ থেকে চাল কিনে তাদের মুখে কিছু কিছু ছুঁড়ে দেবেন মুখ বন্ধ করে ভোট কেনবার জন্য। আমি আপনাকে বলি, ক্ষেত-মজুরদের জন্য যদি এতই দরদ তাহলে ৩ সপ্তাহ কেন, সারা বছর চাল দিতে পারছেন না কেন? আপনি যেখানে বলছেন দেশে উৎপাদন বেড়েছে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলার রেকর্ড উৎপাদন। যেখানে ভূমিসংস্কার হয়ে গেছে বলে আপনারা গর্ব করেন, যারফলে উৎপাদন উর্ধ্বগামী হয়েছে। তাই যদি হয় তাহলে আপনারা সারা বছর ক্ষেত-মজুরদের নিয়মিতভাবে রেশনের মাধ্যমে তফসিলিদের দিতে পারছেন না কেন? কারণ অনেক দুর্নীতি সেখানে বাসা বেঁধে উঠেছে। এই ভর্তুকি দেওয়া চাল রাজ্য সরকারের রেশন

দোকান থেকে ব্লাকে বেরিয়ে যাচ্ছে, সীমান্ত পেরিয়ে যাচ্ছে। রেশনসপ যেগুলি আছে, দেখা গেছে নানা দুর্নীতিতে ভরা। এখানকার সব বিধায়করা এই কথাই বলবেন। এই কিছুক্ষণ আগে আর.এস.পির মাননীয় সদস্য শ্রী তপন হোড় মহাশয় রেশনসপে কিভাবে নিম্নমানের চিনি বিক্রি হচ্ছে এবং তা জবরদস্তি করে রেশন হোল্ডারদের দিচ্ছে সেই কথা বললেন। অবশ্য মাননীয় মন্ত্রী মহাশয় এটা খোঁজ নেবেন বলে বলেছেন। খুবই ভাল কথা।

[3-15 – 3-25 P.M.]

শুধু তপন বাবুই উল্লেখ করেছেন, তা নয়। পশ্চিমবঙ্গে অনেক রেশনশপ আছে বেশিরভাগ রেশনশপেই দুর্নীতি চলছে। আপনি হয়ত বলবেন যে এফ.সি.আই. সবরবাহ করছে, আমি কি করব, আমার করণীয় কিছু নেই। আপনার যদি কিছু করণীয় না থাকে তাহলে আপনি মন্ত্রী হিসাবে রয়েছেন কেন? এফ.সি.আই. যা দেবে তাই যখন আপনাকে গিলতে হবে তখন বসে আছেন কেন? ভাল মালটা মাঝপথে খারাপ হয়ে যাচ্ছে কিনা সেটা দেখা দরকার। আমরা জানি গুদাম থেকে রেশন ডিলার নিয়ে যাবার পরে মন্দ জিনিস দিয়ে ভালটা অন্য জায়গায় বিক্রি করে দেয়। এখানে চিৎকার করলে কি হবে আপনারা অনেকেই এই কথা বলবেন সেটা আমি জানি। গ্রামে সপ্তাহে দুদিন রেশন বিলি করে, বাকি সময়টা দেয় না, আপনার করার কিছু নেই। আপনি তো বলছেন গ্রাস রুট লেবেল পর্যন্ত পঞ্চায়েতের ভূমিকা, কিন্তু রেশনশপ ডিলারদের কন্ট্রোল করার এক্তিয়ার পঞ্চায়েতের নেই। তারা হাইকোর্ট করে ব্লাক করবে, সেটা আপনাকে মেনে নিতে হবে, সপ্তাহে দুদিন দিলে সেই দুদিনই মেনে নিতে হবে। এটাই বাস্তব ঘটনা। কেরোসিন তেলের ডিলারদের একই অবস্থা, একবার যদি সাপ্লাই বন্ধ হয়ে যায় তাহলে পরবর্তীকালে সেই সুযোগ নিয়ে তারা বলে যে দিতে পারছি না। গ্রামের এই অবস্থার দিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ডিলারদের কিভাবে কন্ট্রোল করা যায়। আপনারা গণ বন্টনের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা বলেন, গণবন্টনের মাধ্যমে জিনিসপত্র--কেন্দ্রীয় সরকার তুলে দেওয়ার কথা বললে, আপানার তার বিরোধিতা করেন--গণবন্টনের উপর এত গুরুত্ব দিচ্ছেন তখন রেশনশপের ডিলাররা সরকারি গুদাম থেকে মালটা নিয়ে যথার্থভাবে জনগণের কাছে পৌঁছে দিচ্ছে কিনা সেটা কে দেখবে? সেটা দেখার অধিকার গ্রাম পঞ্চায়েতের নয়, ডিলাররা যেমন খুশি তেমনি কে.জি.বা লিটারে ৩০/৪০ পয়সা বেশি দামে বিক্রি করছে। তারা বলে সমস্ত জিনিসের দাম বেড়েছে, আমাদের ক্যারিং কস্ট বেড়েছে, ১৪ বছর আগে যে দামে ক্যারিং করা যেত এখন বেড়েছে, তারা বলছে যে সরকার তো আমাদের বলছে চুরি করতে। সর্বশেষে মাননীয় মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি তাহল কেরোসিন ডিলারদের যারা সাপ্লায়ার, এজেন্ট আছে সেটার সম্পর্কে দেখা যায় যে ৩/৪টি ব্লক মিলিয়ে একটা এজেন্ট আছে, দূরবর্তী জায়গায় মাল পৌঁছাতে দেরি হয়, ডিলাররা বলে। সেজন্য আমার সাজেশন প্রতিটি ব্লক ধরে যদি এই রকম একজন এজেন্ট করা যায় তাহলে সুবিধা হয়। আমাদের কুলতলি এবং জয়নগর—২, এলাকার জন্য যে এজেন্ট আছে সে জয়নগর—১ নম্বরে থাকে, নদীবহুল এলাকা কাজেই অনেক সময় অসুবিধা হয়। তাই আমার প্রস্তাব কুলতলি এবং জয়নগর--২ মিলিয়ে যদি একজন এজেন্টের হাতে

দেওয়া যায়, সেজন্য আমি মাননীয় মন্ত্রী এবং খাদ্য দপ্তরের অন্যান্য দায়িত্বশীল ব্যক্তি যাঁরা রয়েছেন তাঁদের কাছে বলছি যে তাহলে নিয়মিত ওখানে তেল সরবরাহ করা যেতে পারে। এই কথা বলে মাননীয় দেবপ্রসাদ বাবু যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তার সমর্থন করে এবং খাদ্যমন্ত্রী মহাশয়ের এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সেখ খবিরুদ্দিন আহমেদ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের খাদ্য সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়েয় ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি এবং বিরোধী দলের কাট মোশনের বিরোধিতা করছি। প্রবোধবাবু বলেছিলেন যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কার এবং বৈজ্ঞানিক কৃষি নীতির কোনওরকম এফেক্ট বা ফল হয় নি। সমস্ত কিছু এমনি এম-নি হয়ে গেছে--ভাবটা এই রকম। স্বাধীনতা লাভের পরবর্তীকালে কং গ্রেস শাসনে আমরা দেখেছি রাজ্যের অবস্থা কি ছিল। সেই সময় প্রতি বছর কৃষকদের খাদ্য আন্দোলনে অংশীদার হতে হত। ঐ আন্দোলনে ১৯৬৬ সালে নদীয়া জেলাতে আনন্দ হাইত, হরি বিশ্বাস, বসিরহাটের নুরুল ইসলাম মারা যায়। ঐ সালেই কলকাতায় ৮০ জন কৃষককে পিটিয়ে মারা হয়। আমি বলতে চাই, সেই সময় কি অবস্থা ছিল। ১৯৭৪--৭৫ সালের বাজেট বক্তৃতায় অংশগ্রহণকারী কংগ্রেস এবং বিরোধী পক্ষের বক্তাদের বক্তৃতা যদি একটু দেখি তাহলে সেই সময়কার অবস্থা আমরা বুঝতে পারব। এক জায়গায় প্রফুল্লচন্দ্র সেন বলছেন--'আমি ৭৮ বছরের বৃদ্ধ, থাকি একটি ফ্ল্যাটের চার তলায়। কালকে তিনবার উঠেছি, তিনবার নেমেছি। কেরোসিন তেল নেই--খেতে পাচ্ছি না। গ্যাসও জ্বলছে না।' কাশীকান্ত মৈত্র বলছেন --'আপনি কি জানেন না যে, ১৯৬৫ সাল ছিল খাদ্য আন্দোলনের বছর? আমার নদীয়া জেলায় ভয়াবহ খাদ্য আন্দোলন হয়েছিল। সেই আন্দোলনে আমরাও গ্রেপ্তার হয়েছিলাম। আমরা দ্বিতীয় শ্রেণীর আসামী হিসাবে জেলে ছিলাম।' এছাড়া বিমল দাস বলছেন-- 'আমার নির্বাচনী এলাকায় কাজিগ্রাম বলে একটি গ্রামে ক্ষেতমজুর খতরু মন্ডলের স্ত্রী না খেতে পেয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে। সারা রাত সে একাই মরা বউ নিয়ে বসে ছিল। আমি যখন অন্যান্য ক্ষেতমজুরদের বলি--তোমরা গেলে না কেন? তারা বলে--যাব কি করে? কারণ আমাদের ঘরের বউরাও তো সব না খেয়ে আছে, তারাও তাহলে এই পথে যাবে।' এক মাননীয় সদস্য নন্দদুলাল ব্যানার্জি বলেছিলেন-- 'আমার মনে হয় খাদ্য সংকট কতগুলো কারণে দেখা দিয়েছে। আমি মনে করি যে, গ্রামে প্রকিওরমেন্টের সময় মিলিটারি কায়দায় পুলিশকে ভারী ভারী বুট পরিয়ে যদি ঐ সবুজ ধানের মাঠে না ঘোরাতেন তাহলে যারা খাদ্য ফলিয়েছে তাদের মনে সন্ত্রাস সৃষ্টি হত না। যদি পঞ্চায়েত এবং এম.এল.এদের সঙ্গে যৌথভাবে লেভি নির্ধারণ করা হত তাহলে আদায় বেশি হত এবং তাহলে সমস্যার সমাধান করা যেত।' তিনি আরও বলেছেন --'এই ধান চাল ঢালাও পাচারের কাজে ছাত্র মহিলা শিক্ষক সবাই এই কারবারে যেন নেমে গেছে। হাজার হাজার সাইকেল চোরাই ধান চাল নিয়ে যাচ্ছে। সব ছেড়ে ছাত্ররা এবং গৃহিনীরা ঐ গ্রামের দিকে এই কাজে নেমে গেছে।' সুতরাং দেখা যাচ্ছে, সেই সময় অবস্থাটা ভয়াবহ ছিল। সেই সময় প্রফুল্ল সেন পশ্চিমবঙ্গের মানুষকে কাঁচকলা খাইয়েছিলেন। আজকে পশ্চিমবঙ্গের যে ভূমি নীতি এবং বৈজ্ঞানিক খাদ্যনীতি তাতে চাল উৎপাদনের ক্ষেত্রে এই

রাজ্য ভারতবর্ষের মধ্যে এক নম্বর স্থানে পৌঁছে গেছে। এটা নিশ্চয়ই বামফ্রন্ট সরকার এবং কৃষকদের মধ্যে সহযোগিতার ফলে সম্ভব হয়েছে।

[3-25 – 3-35 P.M.]

আমরা দেখেছি ইকনমিক রিভিউয়ের (১৯৯১—৯২) স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেন্ডিক্স-এর পেজ ৯৩--তে যে চাল উৎপাদনে আমরা এক নম্বরে আছি, একটা স্থিতিশীলতা লক্ষ্য করা গেছে। গমের উৎপাদনও একটা উল্লেখযোগ্য স্থানে আমরা রয়েছি। আলুতে আমরা দ্বিতীয় স্থানে আছি। পাট, চা, তৈলবীজ ইত্যাদি উৎপাদনে বিশেষ অগ্রগতি ঘটেছে। তাছাড়া ইকনমিক রিভিউয়ের পেজ ২০তে আমরা দেখছি যে মাছ উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম, ডিম উৎপাদনে, বয়লার মুরগি উৎপাদনে এই রাজ্য দ্বিতীয় স্থানে রয়েছে। দুধের উৎপাদনও এই রাজ্যে উল্লেখযোগ্য ভাবে বেড়েছে। এগুলি হঠাৎ আকাশ থেকে পড়েনি। এছাড়াও আমরা দেখছি ভারতবর্ষের মেট্রোপলিটান টাউনগুলির মধ্যে ইন্ডিয়া স্ট্যাটিস্টিক্যাল অ্যাবস্ট্রাক্ট পেজ ৪০৩, সেখানে দেখানও আছে যে কনজিউমার প্রাইস ইনডেকস-এতে একমাত্র কলকাতায় সব চেয়ে কম। সুতরাং এই যে অবস্থা এসেছে, এটা পশ্চিমবঙ্গের বামপন্থী সরকারের যে ভূমি সংস্কার নীতি, যে কৃষি নীতি এবং সামগ্রীক যে খাদ্য নীতি তার ফল হিসাবে সংগঠিত হয়েছে। এটা এমনিতেই সংগঠিত হয়নি। আমি একথা বলতে চাই যে আমাদের পশ্চিম বঙ্গ খাদ্যে ঘাটতি রাজ্য। ১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হবার পরে আমাদের পশ্চিমবঙ্গের বেশির ভাগ ধানী জমি পূর্ববঙ্গে চলে যায়। আমাদের পাটকলগুলিকে চালাবার জন্য ধানী জমিকে পাট চাযে রূপান্তরিত করতে হয়। তখন কেন্দ্রীয় সরকার বলেছিলেন যে, যা ঘাটতি হবে সেটা তারা দেবেন। কিন্তু কেন্দ্রীয় সরকার তাদের দেওয়া প্রতিশ্রুতি পালন করেন নি। বর্তমানেও আমরা দেখেছি যে কেন্দ্রীয় সরকার চাল, গম অন্যান্য যেসব বরাদ্দ তারা দেবেন বলেন, সেটা তারা দেন না, সেটার থেকে কম দেন এবং এই সবের ফলে তারা নানা রকম সমস্যার সৃষ্টি করেন। এছাড়াও আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাদের খাদ্য সরবরাহের বিভিন্ন বিভাগগুলির ক্ষেত্রে নতুন নতুন উদ্যোগ গ্রহণ করেছেন। সুসংহত উপজাতি উন্নয়ন প্রকল্প বিভিন্ন জায়গায় রূপায়িত হয়েছে। আমরা তাতে দেখেছি যে ভর্তুকী দিয়ে কম দামে খাদ্য সরবরাহ করা হচ্ছে। ১৯৯১ সাল পর্যন্ত ৫,৮২৩টি মৌজায় ২৪ লক্ষ ব্যক্তি উপকৃত হয়েছে। ১৯৯০ সালে ২৩,৪৯৪ মেট্রিক টন চাল সরবরাহ করা হয়, গম সরবরাহ করা হয় ৬৯,৫০০ মেট্রিক টন। ১৯৯১ সালে চাল সরবরাহ করা হয় ২৪,৩৯৯ মেট্রিক টন এবং গম সরবরাহ করা হয় ৫৩,৩৩৪ মেট্রিক টন। তাছাড়া আমরা দেখেছি যে আমাদের গ্রাম বাংলায় যে ভূমিহীন কৃষি শ্রমিক আছে তাদের পঞ্চায়েতের মাধ্যমে বিভিন্ন রকম সাহায্য দেওয়া হচ্ছে। আমরা জানি যে পঞ্চায়েতের মাধ্যমে বিভিন্ন রকম কাজ কর্ম হচ্ছে। সেখানে যেমন নির্বাচিত কংগ্রেস পঞ্চায়েত রয়েছে, তেমনি মার্কসবাদী পঞ্চায়েতও রয়েছে, আবার অন্যান্য বামপন্থী পঞ্চায়েতও থাকতে পারে। আজকে বহু পঞ্চায়েতে এবং পৌরসভায় স্ট্যান্ডিং কমিটি আছে। তারা খাদ্য সরবরাহের ব্যাপারে পরামর্শ দেন, গ্রামের ক্ষেতমজুরদের ব্যাপারে লিস্ট করেন, বিভিন্ন বিষয়ে তারা সাহায্য করে থাকেন। এই জিনিস আগে কখনও হয়েছে? আগে দুর্দিনের সময়ে মানুষকে আত্মহত্যা করতে হয়েছে।

আমরা দেখেছি যে ভূমিহীন কৃষি-শ্রমিকও তাদের পরিবারগুলিকে সাহায্য দেবার জন্য ১৯৮৯ সালে এই প্রকল্প গ্রহণ করা হয়েছিল। ১৯৮৯ সালে ৩৫ হাজার ৯৩৮—০৬৬ মেট্রিক টন, ১৯৯০ সালে ৫২ হাজার মেট্রিক টন এবং ১৯৯১ সালে ৪৮ হাজার ৫২ মেট্রিক টন চাল সরবরাহ করা হয়। তার উপরে আমরা দেখেছি যে রেশনের মাধ্যমেও সেখানে চাল, গম, চিনি সরবরাহ করা হয়ে থাকে। এগুলি আমাদের পশ্চিমবঙ্গের খাদ্য সরবরাহ বিভাগ সাফল্যের সঙ্গে করে থাকেন। এছাড়াও আমরা দেখেছি যে আমাদের রাজ্যে যে বিধিবদ্ধ মডিফায়েড রেশনের দোকানগুলি আছে তার মাধ্যমে সমস্ত জায়গায় বিলিবন্টন সুষ্ঠুভাবে পালন করা হচ্ছে সেটা জঙ্গল এলাকা হোক, আর ২৪ পরগনার সুন্দরবন এলাকা হোক, আর পাহাড়ী এলাকাই হোক। আমরা দেখেছি যে শহরাঞ্চলে চাল, গম, সাবান, কাপড়, দেশলাই ইত্যাদি সরবরাহ করা হচ্ছে। আমরা দেখেছি যে ভারতবর্ষের কোনও জায়গায় এই ধরনের সরবরাহ করা হয় না। আমরা চাই সমস্ত জায়গায় সমস্ত রকম জিনিস ভর্তুকী দিয়ে সরবরাহ করব। কিন্তু কেন্দ্রীয় সরকারের বরাদ্দ ঠিক না থাকায় এটা সম্প্রসারণ করা যাচ্ছে না। আমরা দেখেছি এফ.সি.আই. বিভিন্ন রকম সমস্যার সৃষ্টি করে। এখানে বিরোধী দলের মাননীয় সদস্যরা কেরোসিন তেলের সরবরাহের ব্যাপারে কথা বললেন। কিন্তু তাদের জানা উচিত যে, তেল সরবরাহের যে কোম্পানিগুলি আছে তারাই এজেন্ট নিয়োগ করেন। এই ব্যাপারে রাজ্যের কোনও হাত নেই, এরা রাজ্যের নিয়ন্ত্রনাধীন নয়। এই বন্টন করার ব্যাপারে আমরা দাবি করেছি যে এগুলির ব্যাপারে রাজ্যের অনুমোদন নেওয়া হোক। আমাদের রান্নার গ্যাসের ক্ষেত্রে একই অবস্থা হচ্ছে, আমাদের এখানে বরাদ্দ কম হচ্ছে, আমাদের এখানে গ্রাহকের সংখ্যা কম। এই অবস্থার মধ্যে আমরা এসে পৌঁছেছি। লবণের দাম অন্য জায়গার তুলনায় আমাদের পশ্চিমবাংলায় বেশি। লবন কি সারাভারতবর্ষের মধ্যে এক মূল্যে সরবরাহ.করা যায় না? সেই জায়গায় বামফ্রন্ট সরকার বেশ কিছু এলাকায়, বিশেষ করে মেদিনীপুর এলাকায়·যেখানে গলগন্ড রোগ বেশি হয়·সেখানে আইডিন যুক্ত লবণ সরবরাহ করার ব্যবস্থা করছে। এ ছাড়া আমরা দেখতে পাচ্ছি কয়লায় ব্যাপারে অত্যন্ত অদ্ভুদ ব্যাপার। পশ্চিমবাংলায় উৎপন্ন হয়, আমাদের যে বরাদ্দ যদি স্টাটিস্টিক্স নেওয়া যায় তাহলে দেখা যাবে আমাদের চাহিদার তুলনায় সরবরাহ করা হয় না। তা ছাড়া ওয়াগান সঠিক সময় আসে না, ঠিকমতো সরবরাহ করা হয় না—এই অবস্থার মধ্যে আমরা আছি। আমারা দেখতে পাচ্ছি খাদ্য সরবরাহের ক্ষেত্রে যে ওয়াগান ব্যবহার করা হয় সেইগুলি যথা সময়ে আসে না, ফলে বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আমার দেখতে পাই সেই অবস্থা মোকাবিলা করা যায় না অনেক সময়। এই অবস্থায় দাঁড়িয়ে যে ওয়াগান আমাদের জন্য অ্যালোটমেন্ট করা হয় সেই অ্যালোটমেন্টও আমরা পাচ্ছি না। নানা রকম অসুবিধার মধ্যে তাঁরা আমাদের ফেলেন। আমি যেটা বলতে চাই সেটা হল ভুয়ো রেশন কার্ড, কংগ্রেস আমলে প্রচুর ভুয়া রেশন কার্ডের সৃষ্টি করা হয়েছিল। সেই সময়কার দুর্নীতির কথা আমরা সকলে জানি। তার পরিসংখ্যান দেওয়া আছে সেটা

দেখা উচিত। আমি আশা করি এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে, এই পুঁজিবাদি ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে ...

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী নিশিকান্ত মেহেতা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই সভায় পশ্চিম-বাংলার খাদ্যমন্ত্রী ১৯৯২--৯৩ সালের জন্য খাদ্য সরবরাহ বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি কয়েকটি বক্তব্য রাখতে চাই। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় আজকে গোটা পৃথিবীতে যেখানে খাদ্যের বিষয় একটা গুরুত্বপূর্ণ বিষয় সেই বিষয়ে আলোচনার সময় বিরোধী পক্ষ উপস্থিত নেই। ফলে বাজেট সম্পর্কে সঠিক ভাবে আমরা এখানে আলোচনা করতে পারলাম না। বিরোধী পক্ষের বক্তব্য আমার শোনার ইচ্ছা ছিল। তাঁরা বিগত দিনে কি করেছেন, বর্তমানে কেন্দ্রের কংগ্রেস সরকারের খাদ্য নীতি কি এই বিষয়ে আমার অনেক কিছু শোনার ছিল। তাঁদের বক্তব্য শুনে আমার বক্তব্য রাখার ইচ্ছা ছিল। যাই হোক খাদ্যের বিষয়ে আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়, খাদ্য সংকটের বিষয় শুধু পশ্চিমবাংলার বিষয় নয়, গোটা ভারতবর্ষের বিষয়। স্বাধীনতার পর কেন্দ্রীয় সরকার সঠিক ভাবে খাদ্য উৎপাদন এবং খাদ্য বন্টন করতেন তাহলে আজকে গোটা ভারতবর্ষের মানুষকে এই অবস্থার মধ্যে এসে পৌছাতে হত না। কারণ আমরা সবাই জানি গোটা ভারতবর্ষ একটা কৃষি প্রধান দেশ এবং কৃষির উপর নির্ভর করে গোটা ভারতবর্ষের অর্থনীতি। কেন্দ্রীয় সরকারের সঠিক কোনও উৎপাদন নীতি এবং গণবন্টন ব্যবস্থা নীতি নেই। উৎপাদনের জন্য যে সমস্ত জল সম্পদ আছে সেইগুলিকে সঠিকভাবে যুক্ত করে কৃষির উৎপাদন বাড়াতে পারতেন তাহলে গোটা ভারতবর্ষকে আজকে এই অবস্থার মধ্যে যেতে হত না। আজকে সমস্যা অত্যন্ত শোচনীয় অবস্থায় পৌছেছে। পশ্চিমবাংলায় অন্যান্য জায়গার তুলনায় লোকসংখ্যা বেশি। তার উপর আমাদের আরও একটা দায়িত্ব ভার গ্রহণ করতে হয়েছে। একটু আগে আলোচনা হয়েছে, ৮০ লক্ষ উদ্বাস্তু আমাদের এখানে আছে। ৮০ লক্ষ মানুষ পূর্ববাংলা থেকে পশ্চিমবাংলায় এসেছে।

[3-35 – 3-45 P.M]

এখনও এটা আছে। তাদের সব সমস্যার সমাধান করা যায় নি। পশ্চিমবাংলার ঘাড়ে একটা বাড়তি সমস্যা দেখা দিল এর ফলে। ভারতবর্ষ যেদিন স্বাধীন হল, বাংলাদেশে ভাগ হয়ে গেল, পাটকলগুলো এখানেও পাটের চাষ হত বাংলাদেশে। তখনকার কেন্দ্রীয় সরকারে যাঁরা ছিলেন, কংগ্রেস নেতারা এখানে এসে তখন প্রতিশ্রুতি দিয়েছিলেন--পাটশিল্প নষ্ট হয়ে যবে, অনেক শ্রমিক না খেয়ে মারা যাবে, তোমরা কৃষি জমির পরিবর্তন করে পাট চাষ কর। আমাদের তখন কৃষিজমিকে পাট চাষের জমিতে রূপান্তরিত করতে হল, আমরা পাট চাষ করতে বাধ্য হলাম। আমাদের সঙ্গে এরজন্য একটা শর্ত ছিল। পাটচাষ করতে, পাট শিল্পকে রক্ষা করতে আমার পাটচাষ করব, কিন্তু এরজন্য প্রয়োজনীয় যে খাদ্য দরকার সেটা তারা দেবেন। এইভাবে পশ্চিমবাংলার গুরুত্বপূর্ণ সমস্যা আরও একটা আছে। এখানে

বিভিন্ন রাজ্য থেকে মানুষ আসেন, তারা এখানে বসবাস করেন স্থায়ীভাবে। কারণ এখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অন্য রাজ্যের তুলনায় অনেক ভাল এখানে হিন্দু মুসলমান বিরোধ নেই, সাম্প্রদায়িক সম্প্রীতি আছে। যাইহোক, এটা একটা বাড়তি চাপ। এই পরিস্থিতির মধ্যে দিয়েও বামফ্রন্ট সরকার যেটা করেছেন সেটা প্রশংসারযোগ্য। তবে আরও কাজ করতে হবে। আমরা দেখেছি ১৯৭৭ সালের আগে পশ্চিমবাংলার অবস্থা কি ছিল. তখন খাদ্য আন্দোলন হয়নি? হাজার হাজার মানুষ তখন আন্দোলন করে নি? বসিরহাটের নুরুল ইসলাম কেরোসিনের জন্য গুলি খেয়ে মারা যায়নি? হাজার হাজার মানুষ তখন না খেয়ে মারা যায়নি? আমরা যারা রাজনৈতিক কর্মী, যারা বিভিন্ন গণ সংগঠনের সঙ্গে যুক্ত, তখন আমাদের মূল স্লোগান ছিল-'না খেয়ে মানুষ মরছে কেন, কংগ্রেস তুমি জবাব দাও।' আজকে এই জিনিস কেউ দেখাতে পারবেন না। ওদের আমলে মানুষ না খেয়ে মারা গেছে। আমরা কিন্তু মানুষকে না খেয়ে মরতে দিইনি। ওদের আমলে কোনও ব্যবস্থা ছিল না। ওদের আমলে গ্রামাঞ্চলে ডিলার ছিল, প্রধান রেশন কার্ড দিয়ে দিতেন। তাতে লেখা থাকত পাঁচ জন। ডিলার সেটা নিয়ে এসে তারপাশে শূন্য বসিয়ে দিত। এইভাবে হাজার হাজার টন খাদ্য এরা বিলি করত। ঠিকমতো বিলি হচ্ছে কিনা তা দেখার কোনও ব্যবস্থা তখন ছিল না কারা দেখবে এম আর ডিলারদের? তারা ছিল এদের এজেন্ট, ওদের ভোটের এজেন্ট। ফলে এইসব অব্যবস্থা দেখার কোনও ব্যবস্থা ছিল না। গোটা দেশটাকে কংগ্রেস নষ্ট করে দিয়েছিল। আমরা এসে দেখলাম ভয়ঙ্কর অবস্থা। খাদ্যদ্রব্য গণ-বণ্টন ব্যবস্থার মাধ্যমে যদি গ্রামাঞ্চলে মানুষের কাছে খাদ্য না পৌঁছে দেওয়া যায় তাহলে গরিব মানুষকে আমরা বাঁচাতে পারব না। আমরা প্রথম ভুয়ো রেশন কার্ড বন্ধ করলাম। আমরা বন্ধ করেছি পারিবারিক রেশন কার্ড। আমরা ঠিক করেছি যে রেশন কার্ড-এর মাধ্যমে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি করানো যাবে। গ্রামে গ্রামে ডিলারদের মাল পৌঁছে দেবার ব্যবস্থা করতে হবে এবং তা পৌঁছালো কিনা তা দেখতে হবে—আমরা এইসব করেছি. গ্রাম পঞ্চায়েতের সদস্যরা সেটাকে নিয়ন্ত্রিত করেন। আমার এখানে অনেক কথা বলার ছিল। আমার কয়েকটা সাজেশনস আছে। এই পরিস্থিতির মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার গণবণ্টন ব্যবস্থাকে সঠিকভাবে চালু করেছেন। এখন পশ্চিমবাংলায় অনেক বেশি খাদ্য উৎপাদন হচ্ছে। তবে পশ্চিমবঙ্গের যে চাহিদা সেই জায়গাতে এখনও পৌঁছানো যায় নি। বিরোধী পক্ষের প্রবোধবাবু নিশ্চয়ই এটা দেখেছেন যে, আমরা ভুয়া রেশন কার্ড ধরেছি, অসাধু ব্যবসায়ীদের অ্যারেস্ট করেছি। এই দপ্তরের অফিসাররা গ্রামে গ্রামে জোতদারদের কাছ থেকে এবং শহরের অনেক জায়গায় এই সমস্ত কাজ করে সরকারের ঘরে টাকা আদায় করে এনেছেন। কেন্দ্রীয় সরকার যে অবস্থা সৃষ্টি করে চলেছেন তাতে আর কিছু দিন পরে দেখা যাবে আমরা আর কিছুই পাব না, কোনও রাজ্যও পাবে না।

কোনও রাজ্য সরকারই পায় না, ফলে আজকে পশ্চিমবঙ্গ সরকারকে নিজ উদ্যোগ নিয়ে উৎপাদন এবং বণ্টন ব্যবস্থাকে নিজের নিয়ন্ত্রণে করতে হবে। তারজন্য কয়েকটি প্রস্তাব আছে, কৃষি দপ্তর, সেচ দপ্তর, খাদ্য দপ্তর এবং বিদ্যুৎ দপ্তরকে একসাথে উদ্যোগ নিতে হবে, সেই উদ্যোগ নিতে পারলেই আজকে উৎপাদন বাড়বে। তারপরে এম আর ডিস্ট্রিবিউটার

এফ সি আই থেকে মাল তোলে। সেখানে জেলায় থেকে জেলায় চলে যায় এবং গ্রামে পৌঁছাতে দেরি হয়ে যায়। সেখানে যদি ব্লকে ব্লকে এম আর ডিস্ট্রিবিউটারদের রাখার ব্যবস্থা করা যায় তাহলে খুব সুবিধা হয়। সেক্ষেত্রে এই দপ্তরের আরও কিছু রেভিনিউ কি করে আদায় করা যায় সেইদিকটা দেখতে হবে। পশ্চিমবঙ্গে যে হাক্সিং মিলগুলো আছে সেগুলো ইললিগ্যালভাবে চালাচ্ছে হাইকোর্টের থেকে অর্ডার নিয়ে। তাদের পারমিট দেওয়ার ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল দিয়ে তাদের কাছ থেকে কিছু রেভিনিউ আদায় যদি করা যায় তাহলে পশ্চিমবঙ্গে অনেক রেভিনিউ আসতে পারবে। এবং নিজেরা উদ্যোগ নিয়ে যদি চাল উৎপাদন করে বণ্টন ব্যবস্থা করা যায় তাহলে পশ্চিমবঙ্গ একটা নজির সৃষ্টি করতে পারবে। এইকথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে কতগুলি বক্তব্য রাখছি। এই সভার বিরোধীপক্ষরা নেই, আধা বিরোধী মাননীয় সদস্য শ্রী প্রবোধ পুরকায়েত আছেন, তিনি অনেকগুলো পয়েন্টে বলেছেন। তার পয়েন্টগুলো মূলত কুলতলী এবং জয়নগরে একজন ডিস্ট্রিবিউটার কে কেন্দ্র করে। এছাড়া তেমন কিছু বক্তব্যের মধ্যে লক্ষ্য করিনি। তিনি তো অনেক কথা বললেন কিন্তু কোথাও কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে একটি কথাও বলতে শুনলাম না আমাদের রাজ্যে যা চাল, গম লাগে কেন্দ্রীয় সরকার প্রতি মাসে তার বরাদ্দ কমাতে কমাতে কোথায় নিয়ে এসেছেন সেই কথাতো একবারও বললেন না। যেখানে আমাদের প্রতিমাসে চালের প্রয়োজন হচ্ছে ন্যূনতম ৯৬ হাজার মেট্রিক টন এবং গমের ১ লক্ষ ৮ হাজার মেট্রিক টন বরাদ্দের দরকার সেখানে আমরা পাই কত? সেখানে আমরা পাচ্ছি চালের ক্ষেত্রে ৮০ হাজার মেট্রিক টন এবং গমের ক্ষেত্রে ৯০ হাজার মেট্রিক টন। এই বরাদ্দ কমাতে কমাতে এমন অবস্থায় এসেছে যে সরবরাহের ক্ষেত্রে একটা অসামঞ্জস্য দেখা যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় খুবই যুক্তিপূর্ণ কথা বলেছেন যে, আমাদের পশ্চিমবঙ্গ খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হতে পারেনি এবং পশ্চিমবঙ্গ হচ্ছে একটি ঘাটতি রাজ্য অত্যাবশ্যক পণ্যের ক্ষেত্রেও। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যেহেতু খাদ্যে ঘাটতি আছে সেইজন্য শুধু খাদ্যের উপরে জোর দিলেই হবে না, খাদ্যের সঙ্গে যুক্ত করতে হবে সংশ্লিষ্ট ভূমি-সংস্কার, কৃষি সেচ এবং খাদ্য এই ৪টি দপ্তরের সমন্বয় ছাড়া খাদ্যের ক্ষেত্রে যে সমস্যা তার সামগ্রিক সমাধান করে স্বয়ংসম্পূর্ণ হওয়া খুবই মুশকিল। সুতরাং এই ৪টি বিভাগের সমন্বয় থাকা খুবই প্রয়োজন বলে মনে করি। তারজন্য একেবারে নিচের দিক থেকে উপরের দিকে অর্থাৎ গ্রাম থেকে একেবারে জেলা পর্যন্ত কিভাবে যাওয়া যায় সেই চেষ্টা করতে হবে। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার ভূমি নীতির মাধ্যমে যেভাবে এগোচ্ছে সেই পদ্ধতিকে আরও বেশি করে কার্যে লাগাতে হবে। তবে একটা খবর শুনেছি যে প্রায় ২৩ কোটি টাকা খাদ্য দপ্তরের লাভ হয়েছে। আমার মাননীয় মন্ত্রীর কাছে এই যে কথাটি উঠেছে যে ২৩ কোটি টাকার খাদ্য সরবরাহে লাভ হয়েছে, এই লাভটা কি করে হল? কর্পোরেশন থেকে প্রাপ্য সররবরাহে লাভ কিভাবে হল সেটা একটু জানাবেন আমার আরেকটি জিজ্ঞাসা সেটা হচ্ছে যে, আমাদের রাজ্যে চাল এবং গমের ক্ষেত্রে রেশনে যে মূল্য ধরা হয় তার থেকে মাদ্রাজে এবং

অন্ধ্রপ্রদেশে অর্দ্ধেক মূল্যে সরবরাহ করা হয়ে থাকে। আমাদের রাজ্যে অন্ধ্রপ্রদেশ এবং মাদ্রাজের থেকে চাল এবং গমের মূল্য বেশি হওয়ার কারণ কি? আমাদের রাজ্যে কিসের প্রতিবন্ধকতা আছে যে এই দামের এত তারতম্য অন্য রাজ্যের থেকে?

[3-45 — 3-55 P.M.]

এই ব্যাপারে কেন্দ্রের কোনও প্রতিবন্ধকতা আছে কি না সেটা মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের একটু ব্যাখ্যা করে বলবেন। সীমান্তে চোরাচালানের বিষয়টা আপনি বিস্তারিতভাবেই বলেছেন। সীমান্তে চোরাচালান আমাদের দেশের থেকে বাংলাদেশে জিনিসপত্র চলে যাচ্ছে এবং আমাদের বিধায়করা বার বার এখানে বলেছে যে এই ঘটনার ক্ষেত্রে বেশিরভাগই দেখা যায় যে বি এস এফের লোকজন যুক্ত আছে। আমাদের রাজ্যে যে খাদ্য ঘাটতি এটা একটা সাংঘাতিক বিষয়, এটা কিভাবে কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনা করে বন্ধ করা যায় এটা আমাদের দেখা দরকার। আরেকটা বিষয় আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব আমাদের রাজ্যে বৃহৎ মহকুমা হচ্ছে আলিপুর। এখানকার গো-ডাউন তুলে দেওয়ার জন্য একটা চক্রান্ত হচ্ছে এবং আলোচনা চলছে। এটা কতটুকু সত্য, এবং যদি সত্য হয় তাহলে ঐ মহকুমার ১৬২ খানা চা-বাগান ও ঐ এলাকার মানুষ রেশন ব্যবস্থা থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে পড়বে বলে আমরা আশঙ্কা করছি। সেখানকার লোকেদের যাতে এই রকম বিপর্যয়ের সম্মুখীন হতে না হয় সেই ব্যবস্থা আপনি করবেন বলে আমরা আশা রাখি। মাননীয় শ্রমমন্ত্রী, মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী এখানে আছেন, আমাদের রাজ্যের কৃষি শ্রমিক, ভূমিহীন মানুষের পাশে আমরা বামপন্থীরা দাঁড়িয়েছি বলেই আজকে এখানে আমরা বামপন্থীরা প্রতিষ্ঠিত হতে পেরেছি। এই ভূমিহীন, কৃষি শ্রমিকদের ভরতুকি দিয়ে চার সপ্তাহ রেশন দেবার যে ব্যবস্থা চালু আছে আমার মনে হয় অসুবিধার কারণেই সরকার বেশি দিতে পারছে না। অনেক জায়গায় একটা ফসল হয়, অনেক জায়গায় সেচের ব্যবস্থা নেই, এই রকম এলাকায় ঐ বরাদ্দর পরিমাণ বাড়ানো যায় কিনা ও চার সপ্তাহের জায়গায় দু মাস করা যায় কি না সেই ব্যাপারে আপনি একটু চিন্তাভাবনা করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় ও এই ব্যাপারে আরও যারা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় আছেন তাদের সাথে এই ব্যাপারে আলোচনা করবেন ও একটা সিদ্ধান্ত নেবেন। রেশন কার্ডের ব্যাপারে আপনি উল্লেখ করেছেন। এটা ঠিকই যে অনেক ভুয়ো রেশন কার্ড আছে। আরেকটা অসুবিধা হল, নব জাতক শিশু যারা আছে, যারা গ্রামে জন্ম নেয়, শহরে হাসপাতাল, নার্সিংহোম ইত্যাদি আছে, কিন্তু গ্রামে গ্রামে হাজার হাজার, লক্ষ লক্ষ প্রসূতিদের সন্তান বাড়িতে জন্ম নিচ্ছে, কিন্তু তার রেকর্ডের কোনও ব্যবস্থা নেই। স্বাস্থ্য। দপ্তর এই বিষয়ে কিছু করেন না। ফলে সেই সংশ্লিষ্ট সার্টিফিকেট না পাওয়ার ফলে তারা রেশন কার্ড পাচ্ছে না ও সেইসব শিশুদের বয়স সাত, আট, নয় বছর হয়ে যাচ্ছে এবং প্রতি পরিবারে এই রকম সংখ্যা প্রায় ২,৩,৪টি। এই ব্যবস্থাটা পরিবর্তন করে কি করে সহজ করা যায় ও তাদের রেশন কার্ড দেওয়া যায় সেই ব্যাপারে আপনি একটু ভাবনা-চিন্তা করবেন। আরেকটা ব্যবস্থা আমরা দেখছি গ্রামে মাথাপিছু ১০০ গ্রাম করে গম দেবার ব্যবস্থা আছে। এই ১০০ গ্রাম গমে গ্রামের লোকদের কিছু হয় না। তারা হয়ত এক মাসের গম জমিয়ে ভাঙ্গিয়ে তাদের কাজে লাগায়। নইলে বেশিরভাগ

ক্ষেত্রেই দেখা যায় হাঁস, মুরগির কাজে তারা এই ১০০ গ্রাম গম কাজে লাগিয়ে দিচ্ছে। এটা বাড়ানো হোক এবং যদি নাও দেওয়া হয় তাও ভালো, কিন্তু ঐ অল্প পরিমাণ গম গ্রামের মানুষের কিছু হয় না।

এটা আমার মনে হয়েছে যে এটা কাজে লাগছে না। অন্যভাবে সরকারের কাছে প্রযোজ্য হচ্ছে কিন্তু কাজে লাগানো হচ্ছে না। আর একটা অসুবিধা দেখা দিচ্ছে এবং একটা টেনডেন্সী গ্রো করছে বিশেষ করে গ্রামাঞ্চল থেকে ইন্সপেকশন আর সাব ডিভিসন কন্ট্রোলারের মধ্যে। এম. আর. ডিলারের ভ্যাকেন্সি হলে সেই জায়গাতে দীর্ঘদিন ধরে ভ্যাকেন্সি ফিল আপ করা হচ্ছে না। আমি বিষয়গুলি মাননীয় মন্ত্রী মহাশয় নজরে আনতে চাইছি। দীর্ঘদিন ধরে ভ্যাকেন্সি পড়ে রয়েছে। এটা যদি অন্য ডিলারের সঙ্গে ট্যাগিং করে দেওয়া হয় তাহলে ভালো হয়। তিন , চারটে দীর্ঘদিন ধরে খালি পড়ে আছে। এইগুলিকে তাড়াতাড়ি যাতে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। গ্রামে বিদ্যুত নেই ভালো রাস্তা নেই, কেরোসিন পাওয়া যায় না গ্রামে। কেরোসিন পাওয়া না গেলে তারা বাতি জ্বালবে কি করে। এইসব বিষয়গুলি একটু দেখার দরকার আছে। ভালো ফসল না ফললে রেশনে কি করে চাল বা অন্যান্য জিনিস দেওয়া যাবে। ঐগুলি দয়া করে দেখবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি। সবশেষে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধীরেন সেন ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী ব্যয়বরাদ্দের যে দাবি রেখেছেন আমি তাকে সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। স্যার, পশ্চিমবঙ্গের, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় ৬ কোটি লোকের খাদ্যের ভার নিয়েছেন। এক কোটি বিধিবদ্ধ এলাকায় থাকেন এবং বাকি পাঁচ কোটি লোক এম. আর. এলাকায় থাকেন। এটা গৌরবের কথা যে, ভারতবর্ষের সব রাজ্যের চেয়ে, পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থা এখনও অনেক ভালো। আলোচনা করতে গিয়ে একজন মাননীয় সদস্য বললেন, ভূমি সংস্কার সম্পর্কে। ভূমি সংস্কার তো এখানে সাফল্যের সঙ্গে হয়েছে। এখানে কৃষি ক্ষেত্রেও অনেক উন্নতি হয়েছে। আমাদের খাদ্যের উৎপাদনও অনেক গুণ বৃদ্ধি পেয়েছে। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। তবে সামগ্রিকভাবে যদি আরও ভাল করে নজর দেওয়া যায় তাহলে উৎপাদন আরও বৃদ্ধি পেতে পারে। এখানে বামফ্রন্ট সরকার আসার পরে, সেচ এবং বিদ্যুতের ক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। সবই আজকে ভূমিসংস্কারের উন্নতির ফলেই হয়েছে। আজকে খাদ্যের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব নেওয়া উচিত ছিল, প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু শেষ পর্যন্ত দায়িত্ব নেননি। যে কোনও কারণেই হোক তারা আর দায়িত্ব নেননি। কেন্দ্রীয় সরকারের দায়িত্ব না নেওয়ার ফলে খাদ্যে আমরা ঠিকভাবে স্বয়ংসম্পূর্ণ হতে পারছি না, কিছু কিছু ক্ষেত্রে ঘাটতি থেকে যাচ্ছে। বন্টনের ক্ষেত্রেও কিছু গলদ থেকে যাচ্ছে। গ্রামে যাতে দ্রব্যমূল্য ঠিক থাকে তার জন্য অনুরোধ রাখছি। মাননীয় মন্ত্রী বিধিবদ্ধ রেশন এলাকায় অনেক জিনিস দিয়েছেন কিন্তু সংশোধিত এলাকায় সেই জিনিস দিতে পারছেন না। মাঝে মাঝে প্রতিশ্রুতি দেওয়া হয় যে চাল দেওয়া হবে কিন্তু

শেষ পর্যন্ত পাওয়া যায় না। প্রতিশ্রুতি দেওয়ার ফলে অনেক সময় গন্ডগোল হয়। এইরকম ভাবে প্রতিশ্রুতি দেওয়াটা অনেক ক্ষেত্রেই ঠিক হয় না। এরপর বলি কয়লার নিশ্চয় ডিলারশিপ আছে, কিন্তু, আমার বক্তব্য হচ্ছে কয়লার ডিলারশিপ নিয়েছেন তারা কয়লা ঠিকমতো সরবরাহ করছেন না। এটা দেখার দরকার আছে। কয়লা তারা কোলিয়ারিতে বা অন্য জায়গাতে পাচার করে দিচ্ছেন। এফ সি আই-এর নীতি ঠিক না। বীরভূম জেলাতে দুটি গো-ডাউন আছে। কিন্তু সেখানে অনেক সময় মাল থাকে না। অন্য জায়গায় চলে যায়। এর ফলে অনেক ক্ষেত্রে ঝামেলায় পড়তে হয়। পরিবহনের খরচটাও বেড়ে যায়। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যাতে পরিবহনের খরচাটা কম করা যায় তার দিকে লক্ষ্য রাখতে।

[3-55 — 4-05 P.M.]

এই খরচটা যদি কমানো যায় তাহলে ভাল হয়। কারণ এইটা তো গ্রাহকের উপর পড়ে। একটু আগে বললেন অনেক সময় দোকান অর্থাৎ এম, আর, শপ ঠিকমতো অনুমোদন দেওয়া হয় না। একথা সত্য আমরা দেখেছি দুর্নীতি পরায়ণ দোকানদার তাকে ধরা হয় এবং দোকান সিল করার অর্ডার দেওয়া হয়, কিন্তু সে হাইকোর্টে চলে যায়। এমনকি বড় বড় লোক বেশি আমদানি করেন যারা হোল সেল ডিলার তারা হাইকোর্টে মামলা করেন এবং মামলা ঝুলিয়ে রাখেন। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব প্রসেসটা যাতে ঠিক থাকে মামলার ব্যাপারে সেদিকে দৃষ্টি রাখুন। গভর্নমেন্ট দোকান, হোল সেল ডিলার দুর্নীতির অভিযোগ থাকা সত্ত্বেও মামলা ঝুলিয়ে রেখে বছরের পর বছর মাল পেয়ে যায়। ই সি এস সি আছে, সেটা ভাল চলছে। আমরা অনুরোধ করব, পশ্চিমবঙ্গের চাল এদের দিয়ে কিনতে পারেন, আমাদের খরচ কম হবে। জানি না, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে কিনতে হবে কিনা। যে ২৩ কোটি টাকা লাভ হয়েছে সেই লাভ রাখতে পারবেন। যে ২৩ কোটি টাকা লাভ হয়েছে সেটা ই সি এস সিকে দেবেন এবং পশ্চিমবঙ্গের যে ভাল চাল হয়, সেটা যেন ক্রয় করেন। আই, আর, ডি.পি এরিয়ায় চাল আছে, সেটা সফল হচ্ছে। কিন্তু আাই টি ডি পি এরিয়ায় চাল দেওয়া হচ্ছে না। এটা কেন্দ্রীয় সরকারের পড়ে আপনাদের পড়ে না। আই টি ডি পি যদি এর মধ্যে অন্তর্ভুক্ত করতে পারেন তাহলে ভাল হয়। সর্বশেষে আমি একথা বলতে চাইছি, সাব ডিভিসনাল কন্ট্রোলার আপনাদের সুপারভিসন স্টাফ। ওঁকে যদি জিজ্ঞাসা করেন, কাজ করেন না কেন, উনি বলেন, গাড়ি নেই। সাব ডিভিসনাল কন্ট্রোলার বলেন, আমাদের এফ সি আই-এর তেল দেয়। আর কলকাতায় রাজ্য সরকার দেয়। তারা পাঁচ লিটারের বেশি তেল পায় না প্রতিদিন। পাঁচ লিটারে ৪০ কিলোমিটার যাওয়া যায় মাত্র। কাজেই গোটা সাব ডিভিসন তিনি কি করে সুপারভিসন করবেন? এই সাব-ডিভিসনাল কন্ট্রোলারদের অনেক সময় নিজের খরচে যেতে হয়। এই জিনিসগুলো নজরে তুলতে চাইছি। বলতে চাইছি, সুপারভিসনের অভাবে। এই কটি কথা বলে ব্যয়-বারদ্দ সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

[4-05 — 4-15 P.M.]

শ্রী রঞ্জিত পাত্র ঃ ডেপুটি স্পিকার স্যার, খাদ্য সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী আজকের সভায় যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি কয়েকটি বক্তব্য রাখতে চাই। আমি এই বাজেটকে সমর্থন করি এই কারণে যে আজকে যারা বিরোধিতা করছেন তাদের স্মরণ করিয়ে দিতে চাই পুরানো দিনের কথা। স্মরণ করি, এই পশ্চিমবাংলায় খাদ্যের জন্য বিক্ষোভ মিছিল হত, পশ্চিমবঙ্গের খাদ্যের জন্য হাহাকার চলত, পশ্চিমবঙ্গবাসীর উপর কংগ্রেসি রাজত্বের সময় গুলি চলত। সেইসব আজ পশ্চিমবাংলায় নেই। আজকের বামফ্রন্ট শাসিত পশ্চিমবঙ্গে বামফ্রন্টের আমূল ভূমি সংস্কার, পঞ্চায়েত এবং খাদ্য সরবরাহ দপ্তরের কৃতিত্বের ফলে পশ্চিমবঙ্গের মানুষ খাওয়ার জন্য মিছিল করছে না, না খেয়ে কেউ মরছে না। আর আমাদের সমর্থনের এটাই হচ্ছে প্রধান কথা। কংগ্রেস আমলে এক সময় চাল, গমের কথা তো লোকে বলতেই পারত না, এমন কি অবস্থাটা একটু তুলনা করুন। তা যদি তুলনা করেন তাহলে বামফ্রন্টের আমলে লোকে কি অবস্থায় আছে আর কংগ্রেসের আমলে তারা কি অবস্থায় ছিল সেটা সহজেই বুঝতে পারবেন। সেখানে সেই পার্থক্যটা সহজেই ধরতে পারবেন। কংগ্রেসের আমলে পশ্চিমবাংলার অভুক্ত মানুষ এক মুঠো অন্নের জন্য মিছিল করেছে, বুকের রক্ত দিয়েছে কিন্তু তারা তা পায় নি। তারা তাদের অভিজ্ঞতা দিয়েই বাস্তব অবস্থাটা বুঝে বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় বসিয়েছে এবং বামফ্রন্ট ও তাদের মর্যাদা দিয়েছে। এখানে বামপন্থী বলে যারা নিজেদের পরিচয় দেন সেই এস.ইউ.সি.আই. সদস্য অনেক কথা বলে গেলেন। আমি আজকে তাকে কংগ্রেস আমলের সেইসব কথা স্মরণ করতে বলব। তবে এই প্রসঙ্গে তাকে স্মরণ করিয়ে দেব যে এটা তার জানা উচিত যে পশ্চিমবাংলা খাদ্যে ঘাটতি রাজ্য। খাদ্যে ঘাটতি হলেও বামফ্রন্টের আমলে পশ্চিমবাংলায় উৎপাদন কি ভাবে বেড়েছে সেটা এই প্রসঙ্গে একটু উল্লেখ করতে চাই। ১৯৭৭ সালে যেখানে পশ্চিমবাংলায় খাদ্যের উৎপাদন ছিল ৭১ লক্ষ ১ হাজার টন সেখানে '৯২ সালে সেটা হয়েছে ১ কোটি ৯ লক্ষ ২২ হাজার টন। আমাদের চাল, গম, তেল প্রভৃতি অত্যাবশ্যক দ্রব্য অন্য রাজ্য থেকে আনতে হয়। এ ব্যাপারে আমাদের কেন্দ্রের উপর অনেকখানি নির্ভর করতে হয়। কিন্তু এ ক্ষেত্রে আমার দেখি যে আমরা যা কেন্দ্রের কাছে চাই তা তো পাইনা, উপরন্তু কেন্দ্র যে বরাদ্দ দেয় সেটাও তারা কাটছাঁট করে। এই অবস্থায় আমাদের এই ডিপার্টমেন্টকে চলতে হয় এবং এই অবস্থার মধ্যে থেকেও এই ডিপার্টমেন্ট এই ভাল অবস্থা তৈরি করেছে। পরিশেষে মাননীয় মন্ত্রী মহাশয়কে কয়েকটি সাজেশন দেব বিবেচনা করার জন্য। গ্রামাঞ্চলের এম.আর. ডিলাররা অনেক সময় বলে যে মাল সঠিক সময় পৌঁছায় নি ফলে সেখানে সাধারণ মানুষ দু/এক সপ্তাহ মাল পায়না। এ দিকে নজর দেবেন। ক্ষেতমজুরদের অভাবের সময় দুমাস যাতে শস্তা দরে চাল সরবরাহ করা যায় সেটা দেখবেন। অত্যাবশ্যক পণ্য নিগম যারা ৯১/৯২ সালে লাভ করেছে ৬ কোটি ৫২ লক্ষ টাকা। শোনা যাচ্ছে এই অবস্থায় কর্মচারিদের ৩৯ মাসের বেতনের অংশ বাকি। এটা সত্য হলে ভয়াবহ ব্যাপার। এ ব্যাপারে সঠিক পদক্ষেপ নেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

এই বলে এই বাজেটকে সমর্থন করে ও সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষের একজনই বক্তা, প্রধান এবং প্রথম বক্তা মাননীয় সদস্য প্রবোধবাবু কতকগুলি দুর্বল যুক্তি তুলে ধরার চেষ্টা করলেন যেমন আমি ভেবেছিলাম। কারণ এই খাদ্য দপ্তরের বাজেটের বিরোধিতার কোনও যুক্তি তার ছিলনা। আমার মনে হয় অন্যের কাছে শুনে তিনি কিছু কথা বলার চেষ্টা করেছেন এবং তারজন্যই দেখা গিয়েছে যে কিছু কিছু মিসকনসেপশন তারমধ্যে রয়েছে। উনি প্রথমে এই বলে বক্তব্য শুরু করলেন যে আমাদের পশ্চিমবাংলা খাদ্যশস্য উৎপাদন যে বৃদ্ধি পেয়েছে এরজন্য আমরা যে বলেছি ভূমিসংস্কারের একটা অবদান রয়েছে এটা নাকি ঠিক নয়। জানি না তিনি বামপন্থী চিন্তাধারার মানুষ বলে নিজেকে বলেন তাহলে কি করে ভাবতে পারলেন যে ভূমিসংস্কারের কোনও অবদান নেই খাদ্যশস্যের উৎপাদনের ক্ষেত্রে। তিনি বলেছেন যে খাদ্যশস্য উৎপাদন হচ্ছে, অথচ প্রকিয়োরমেন্ট হচ্ছে না। আমাদের প্রকিয়োরমেন্ট গত বছর যা হয়েছে, তার আগের বছরও তাই হয়েছে দু লক্ষ টন আমরা টার্গেট ঠিক করেছিলাম কিন্তু গত বছর ১ লক্ষ ৩ হাজার টন আমরা সংগ্রহ করতে পেরেছি। এই বছর সংগ্রহের কাজ চলছে, এখনও শেষ হয়নি, বোরো ধান উঠেছে, সংগ্রহ আরও বাড়বে আশা করছি। কিন্তু যে কথা আগেই বলেছি, আমাদের পশ্চিমবাংলায় ধানের যে দাম থাকে বাজারে আর এফ.সি.আই যে চাল নেয়, কমন ভ্যারাইটি তারা নেয়, তাতে এক লরি চাল-এ প্রচুর ক্ষতি হয়, অনেক টাকা লস হয় মিল মালিকদের। তবু আমরা চেষ্টা করছি। এছাড়াও কিছু কিছু অসুবিধার জন্য লেভি আদায় কমেছে। আমরা নিশ্চয়ই এই কথা বলি, আরও বেশি আদায় হওয়া দরকার। কিন্তু খাদ্য দপ্তরের তরফ থেকে উদ্যোগের কোনও অভাব নেই। উনি বলেছেন যে এত চাল উৎপাদন হচ্ছে অথচ জিনিসপত্রের দাম, চালের দাম কমছে না। এই কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমরা জানি, জিনসপত্রের দাম ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য পশ্চিমবাংলায় আলাদা ভাবে বাড়াতে পারে না। জিনিসপত্রের দাম বাড়ার কারণ অনেক কিছু বিষয়ের উপর নির্ভর করে, যেমন টাকার অবমুল্যায়ন বিভিন্ন ক্ষেত্রে তেলের উপর ট্যাক্স, মাশূল বৃদ্ধি, ইনফ্লেয়শন, ইত্যাদির উপর নির্ভর করে। তাসত্ত্বেও আমাদের পশ্চিমবাংলায় জিনিসপত্রের দাম অন্যান্য জায়গার চেয়ে অপেক্ষাকৃত ভাবে কম। এই কথাটা আমি আগেও বলেছি, আবার বলছি, আমি এক বছরের একটা হিসাব দিলেই বুঝতে পারবেন, যে ১৯৯১ সালে ফেব্রুয়ারি থেকে ৯২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এই এক বছরের মধ্যে আমরা দেখছি যে সারা ভারতবর্ষে জিনিসপত্রের দাম বেড়েছে শতকরা ১৩.৪. তখন আমাদের কলকাতায় বেড়েছে কত ১১.১। বোম্বেতে বেড়েছে ১৪.৮, দিল্লিতে বেড়েছে ১২.৪, মাদ্রাজে বেড়েছে ১৫.৯, আর সারা ভারতবর্ষে ১৩.৪, এই তথ্য তো এই কথা বলছে। বড় বড় শহরগুলো এবং সারা ভারতবর্ষের যে অ্যাভারেজ তার থেকে কলকাতায় জিনিসপত্রের দাম কম ছিল। আর একটা তথ্য তুলে ধরছি, চালের দাম সম্পর্কে যে কথা আপনি বললেন, চালের দাম আমরা দেখেছি এই সময়ের মধ্যে যেখানে ২৪.৭ অল ইন্ডিয়া অ্যাভারেজ বেড়েছে, সেখানে পশ্চিমবাংলায় ১৭.৯। আমাদের যে তথ্য বিশেষ করে যে

আমাদের গণ বন্টন ব্যবস্থা, তাকে ঠিকভাবে যদি রাখতে পারি—আমরা কেন্দ্রের কাছে দিল্লিতে বারবার বলেছি যে খাদ্যে ভর্তুকি দিয়ে গণ বন্টন ব্যবস্থাকে জোরদার করি তাহলে জিনিসপত্রের দাম-এর যা উর্ধ্বগতি তাকে রোধ করা যাবে। বিশেষ করে আমাদের পশ্চিমবাংলায় এই নীতি অবলম্বন করে গণ বন্টন চালাবার উদ্যোগ আমরা নিচ্ছি। আপনাদের এই ব্যাপারে সহযোগিতা চাইছি। আপনি বলেছেন যে বাংলাদেশে চাল পাচার হয়। আমি বলছি শুধু চাল কেন, চাল পাচার হয়, নুন পাচার হয়, ডিজেল পাচার হয়, এই সমস্ত জিনিস পাচার হয়। এখানে একটা বিরাট সীমান্ত রয়েছে, ওপারে জিনিসপত্রের দাম বেশি, চালের দাম বেশি, নুনের দাম বেশি। স্বাভাবিকভাবে ঐ পারে পাচার হয়ে চলে যাবার একটা প্রবণতা রয়েছে। তা সত্ত্বেও এটাকে রোধ করার জন্য আমরা বিভিন্ন ব্যবস্থা নিয়েছি। গত মার্চ মাসে রোটণ্ডায় সভা করেছি। ঐ সভায় সমস্ত জেলা শাসক, এস.পি. এবং বি.এস.এফ. কমানডেন্টদের ডাকা হয়েছিল। শিলিগুড়িতে আলাদা ভাবে উত্তর-বঙ্গের পাঁচটি জেলার জেলা শাসকদের, এস.পি.-দের এবং বি.এস.এফ. কমানডেন্টদের নিয়ে সভা করেছি। বিভিন্ন স্তরে বিভিন্ন কমিটি করা হয়েছে। জেলা স্তরে এস.পি., ডি.এম. এবং বি.এস.এফ-এর প্রতিনিধিদের নিয়ে কমিটি তৈরি হয়েছে। মহকুমা স্তরে এস.ডি.ও., এস.ডি.পি.ও এবং বি.এস.এফ-এর রিপ্রেজেনটেটিভদের নিয়ে কমিটি গড়া হয়েছে। ব্লক স্তরে বি.ডি.ও., ও.সি. এবং বি.এস.এফ.-এর প্রতিনিধি নিয়ে কমিটি গড়া হয়েছে। প্রতিটি কমিটির সভা হয়েছে। তাঁদের সঙ্গে সভা করে আমরা তাঁদের বলেছি যে, কাজ পর্যালোচনা করে সাপ্তাহিক রিপোর্ট দিতে হবে। তাঁরা ঘন ঘন আলোচনা করে আমাদের কাছে রিপোর্ট দেবেন। এই ব্যবস্থা করা হয়েছে। শুধু এই নয়, তাঁদের আরও বলা হয়েছে যে, এলাকার জন-প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করতে হবে। সে ভাবেই কাজ করার চেষ্টা করা হচ্ছে। এই সমস্ত ব্যবস্থার যে ফল পাই নি তা নয়। একটা সময়ে আমরা দেখেছি এই ধরনের ব্যবস্থা নেওয়ার ফলে চোরাচালান অনেক কমে গেছে এবং আমাদের পশ্চিমবাংলায় চালের দামের যে উর্ধ্বগতি ছিল সেটা অনেকটা স্থিতিশীল হয়ে গিয়েছিল। ১-১-৯২ থেকে ২৬-৫-৯২ পর্যন্ত —এই সময়ে ই.সি.অ্যাক্টে ৬,১৩,৩৭,৬৯২ টাকার জিনিসপত্র আটক করা হয়েছে। ১০৯২-টি জায়গা রেড করা হয়েছে। ৪৯৫টি ক্ষেত্রে অভিযোগ দায়ের করা হয়েছে এবং গ্রেপ্তার করা হয়েছে ৪৮৭ জনকে। সুতরাং এ ব্যাপারে খাদ্য দপ্তর চুপ করে বসে নেই। চোরাচালান হচ্ছে, এটা ঘটনা। এই বাস্তবকে আমরা মেনে নিচ্ছি। কিন্তু এটাকে বন্ধ করার জন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি, আমরা চুপ করে বসে নেই। আমরা সমস্ত রকম সম্ভাব্য ব্যবস্থা গ্রহণ করছি।

এস ইউ সি দলের মাননীয় সদস্য বললেন, ই সি এস সি ডাল, সর্ষে কিনছে কেন? ডাল কেনা হচ্ছে বণ্টন করার জন্য এবং তা বণ্টন করা হচ্ছে। আমরা চেষ্টা করছি সর্ষে ভেঙে তেল করে গণ-বণ্টন ব্যবস্থার মাধ্যমে বিক্রি করতে। তথাপি সর্ষে সরাসরি বন্টন করার মধ্য যুক্তি আছে। আমরা গত বৃছর সর্ষে কেনার ফলে সরষের তেলের দাম একটা জায়গায় গিয়ে থমকে গিয়েছিল। ই সি এস সি-র হাতে সরষে থাকার জনাই ঐ ঘটনা ঘটেছিল। এ বারেও আমরা ডাল এবং সরষে কিনছি। গতবারে ডাল এবং সরষে বিক্রি করে

নিশ্চয়ই ই সি এস সি-র কিছু লাভ হয়েছে। গতবারের মতো এবারেও গণ-বণ্টন ব্যবস্থার মধ্যে দিয়ে ডাল এবং সরষে জনগণের জন্য সরবরাহ করা হবে। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে আমরা গতবার মোট ৭,২৪১ মেট্রিক টন ডাল কিনেছিলাম, কিন্তু আমরা মোট ৭,৩৭৮ মেট্রিক টন ডাল বিক্রি করেছি। অর্থাৎ ১৩৭ মেট্রিক টন সয়েসচার গেইন করে সেটা বিক্রি করেছিলাম। সরষের ক্ষেত্রেও অনুরূপ ভাবে ৯,৯৮৮ মেট্রিক টন ক্রয় করে ১০,১৩৮ মেট্রিক টন বিক্রয় করেছি। গণ-বণ্টন ব্যবস্থার মধ্যে দিয়ে ডাল, তেল আমরা দিতে পেরেছি। এবারেও আমরা ডাল রেশন দোকান মারফত মানুষের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা করছি। তা যদি করতে পারি তাহলে এবারেও আমরা ডালের দামের উর্ধ্বগতি কিছুটা রোধ করতে পারব।

মাননীয় সদস্য পাম তেলের কথা বলেছেন। বিশেষ করে তিনি বেহালার ঘটনার কথা এখানে উল্লেখ করেছেন। বেহালার একটা দোকানের তেলে ভেজাল ছিল। ই সি এস সি যে তেল সরবরাহ করেছিল সে তেলে ভেজাল ছিল না। পার্টিকুলার দোকান, তাদের দোকানের তেলে ভেজাল দিয়েছিল। তাদের বিরুদ্ধে সমস্ত রকম আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ঐ ঘটনার জন্য ই সি এস সি-কে দায়ী করে কোনও লাভ নেই। ই সি এস সি থেকে যে তেল সমস্ত রেশন দোকানগুলিতে সরবরাহ করা হয়েছিল সে তেলে কোনও ভেজাল ছিল না। নির্দিষ্ট ঐ বেহালার দোকানটি ছাড়া আর অন্য কোনও দোকানের তেলে ভেজাল ধরা পড়ে নি। পার্টিকুলার একটা দোকানের দোকানদার অন্যায় করেছে, তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এখানে প্রসঙ্গ ক্রমে বলা দরকার যে, ভারত সরকার এ বছর 'পামোলিন' আনার জন্য—বাইরে থেকে বিভিন্ন রাজ্যকে ৮০ হাজার টন পামোলিন আনার জন্য দায়িত্ব দিয়েছেন।

[4-15 – 4-25 P.M.]

নভেম্বরের প্রথম দিকে তামিলনাড়ু কেরল এবং কর্ণাটক যথাক্রমে ১৮ হাজার, ১৫ হাজার, ১৫ হাজার টন পামোলিন আনার অনুমতি পেয়েছে। পরবর্তীকালে আরও ৪টি রাজ্য, তার মধ্যে পশ্চিমবাংলা, গুজরাট, মহারাষ্ট্র এবং অন্ধ্র ৮ হাজার টন করে পামোলিন আনার অনুমতি পায় ডিসেম্বর মাসের শেষে। নভেম্বরের শেষে যদি অনুমতি পেতাম তাহলে স্বল্প দরে আনা সম্ভব হত। ইনটারন্যাশনাল মার্কেট প্রাইস বাড়তি অবস্থার দিকে থাকে। একথা ঠিক, পরবর্তী পর্যায়ে যে ৪টি রাজ্য পামোলিন আনার দায়িত্ব পেয়েছিল তারমধ্যে পশ্চিমবাংলা সব থেকে কম দামে পামোলিন কেনার ব্যবস্থা করতে পেরেছিল। আমরা ৮ হাজার টন তেল সবটাই আনতে পেরেছি। ৩টি রাজ্য সেই তেল আনতে পেরেছে। এই ৮ হাজার টন তেল—তার মধ্যে এস.টি.সি. যে পামোলিন তেল দিয়েছে, তাদের যে দাম ছিল তার থেকে ১ টাকা কম দামে বিক্রি করব। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারকে বলেছি, আমরা পামোলিন তেল মালয়েশিয়া থেকে এনেছি এবং তারজন্য যে কাস্টম ডিউটি দিতে হয়েছে সেটা হচ্ছে ৪০ পারসেন্ট আর স্টেট ট্রেডিং কর্পোরেশন, কেন্দ্রীয় সরকারের সংস্থা তারা যে পামোলিন আনে তারজন্য কাস্টম ডিউটি দিতে হয় ২০

পারসেন্ট। আমি কেন্দ্রীয় সরকারকে বলেছি, গণবন্টনের মাধ্যমে যে তেল দেব সেই তেল আনার জন্য ২০ পারসেন্ট কাস্টম ডিউটি দেবার সুযোগ দেওয়া হোক। আপনারা জানেন, মার্কিন ডলারের যে এক্‌সচেঞ্জ রেট তা ২ রকমের। একটা হচ্ছে, রিজার্ভ ব্যাঙ্ক এবং আর একটি হচ্ছে মার্কেট রেট। আমাদের ক্ষেত্রে অর্থাৎ রাজ্য সরকারগুলির ক্ষেত্রে বলা হয়েছে মার্কেট রেটে টাকা দিতে হবে এবং সেটা রিজার্ভ ব্যাঙ্কের যে রেট তার থেকে ৫/৬ টাকা বেশি। অথচ এস.টি.সি. যে তেল আনে তা রিজার্ভ ব্যাঙ্কের রেটে টাকা দেয়। আমি কেন্দ্রীয় সরকারকে এটাও বলেছি, যেহেতু পি.ডি.এস. আইটেম সেইজন্য আমাদের এই সুযোগ দেওয়া হোক, আমরা রিজার্ভ ব্যাঙ্কের রেটে টাকা শোধ করব। কিন্তু কেন্দ্রীয় সরকার এই বিষয়ে সাড়া-শব্দ দেননি এবং দেবে বলেও বিশ্বাস করি না। এস.টি.সি. ২০ পারসেন্ট কাস্টম ডিউটি দিয়ে এবং রিজার্ভ ব্যাঙ্কের রেটে টাকা দিয়ে তারা তেল কেজি প্রতি ২৭ টাকা ৬০ পয়সা দরে বিক্রি করছে আর আমরা ২০ পারসেন্টের পরিবর্তে ৪০ পারসেন্ট কাস্টম ডিউটি দিচ্ছি, মার্কেট রেটে টাকা শোধ করছি ডলারে, তাতেও আমরা ১ টাকা কম দরে তেল দিতে সক্ষম হয়েছি এবং সেই তেল ইতিমধ্যে আমাদের রেশন দোকানে দেওয়া শুরু হয়ে গেছে। এর পর আমার বক্তব্য হচ্ছে, ই.সি.এস. সি-র অফিস সম্পর্কে। হ্যাঁ, হো-চি-মিন সরণীতে নেওয়া হয়েছে। মির্জা গালিব স্ট্রিট ২টি বিল্ডিং পি.ডাব্লু.ডি কনডেম বলে ডিক্লিয়ার করেছে। আমরা ছেড়ে দিয়েছি। কর্মচারী বন্ধুরা অনেক কষ্ট করে অফিস করছেন। তার বদলে আলাদা বিল্ডিং—ই,সি.এস.সি-র মিটিং রুম এবং অন্যান্য ঘরের জন্য নিতে হয়েছে। তারপর উনি বলেছেন, একজন অডিটর কেন নিয়োগ করা হয়েছে? ই.সি.এস.সি সিদ্ধান্ত গ্রহণ করেছেন একটা করে পত্রিকা প্রকাশ করব এবং সেই পত্রিকায় সমস্ত রকমের তথ্য থাকবে। সেই পত্রিকা প্রকাশ করার সিদ্ধান্তকে কার্যকর করার জন্য একজন সম্পাদককে নিয়োগ করা হয়েছে। তারপর উনি আর একটি বিষয়ে বলেছেন সেটা হচ্ছে পুলিশকে এত কম দরে দেওয়া হচ্ছে কেন? মাননীয় সদস্য প্রবোধ পুরকাইত মহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি, পুলিশকে যে চাল, গম এবং চিনি দেওয়া হয় তাতে আমি কোনও ভরতুকি দিই না। খাদ্য দপ্তর পুলিশকে ভরতুকি দিয়ে রেশন দেয় না। আর একটি বিষয়ে বলেছেন। কুলতুলিতে কেরোসিনের এজেন্ট নিয়োগ করার ক্ষমতা রাজ্য সরকারের নেই, এজেন্ট নিয়োগ করার ক্ষমতা কেন্দ্রীয় সরকারের, তাঁরা এজেন্ট নিয়োগ করেন, তবুও আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে একটা মার্কেট প্লেসের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে, বিভিন্ন জায়গায় এই বিষয়ে রাজ্য সরকারের অভিযোগ আছে যে বিভিন্ন জায়গায় এজেন্ট নিয়োগ করার সময়ে রাজ্যের সাথে পরামর্শ করেন না, ফলে কিছু অসুবিধা দেখা দেয়। সে বিষয়ে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই কথা বলেছি যে আমাদের সাথে পরামর্শ করে যেন এজেন্ট নিয়োগ করা হয়। আমরা একটা মার্কেট প্লেসের কথা বলে এখন পর্যন্ত সেটার কোনও অনুমোদন পাইনি। এই হচ্ছে মোটামুটি মাননীয় সদস্য শ্রী প্রবোধ পুরকাইত মহাশয় অভিযোগের উত্তর, তাঁর প্রত্যেকটি দুর্বল যুক্তি আমি খন্ডন করেছি, উনি বলেছিলেন আমার বাজেটে মাত্র এক টাকা অনুমোদন করতে পারেন, আমার বক্তব্য শোনার পর উনি বলবেন যে না, পুরোটাই অনুমোদন করা যেতে

পারে। আরে দু একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। রেশনকার্ডের কথা উঠেছে। রেশন কার্ড দেওয়ার ব্যাপারে আমাদের একজিসটিং নীতি আছে। তা সত্ত্বেও আমার কানে কখন কখন অভিযোগ আসে তাই রেশন কার্ডের আইডেনটিটি সম্পর্কে আমরা নুতন সিদ্ধান্ত করতে চলেছি। তাতে মুল ব্যাপারটাতেই আমরা জোর দিচ্ছি। একজন নতুন রেশন কার্ডের জন্য দরখাস্ত যদি করেন তাহলে ৩০ দিনের মধ্যে তাঁকে রেশন কার্ড দেওয়া হবে, তা না হলে কেন দেওয়া হবে না, সেটা বলে দেওয়া হবে। এই জায়গায় আমরা যাবার চেষ্টা করছি। আমরা রেশন কার্ডের ফর্ম সাপ্লাই করা বন্ধ করে দিয়েছি। নির্দিষ্ট প্রোফর্মা ঠিক করে দেওয়া হবে, বিভিন্ন পাবলিক প্লেসে জানিয়ে দেওয়া হবে যে এর সঙ্গে আমরা দুটি জিনিস চাই। একটি হচ্ছে যাদের রেশন কার্ড নেই তাদের রেশন কার্ড হোক, আর দুটি হচ্ছে যাদের রেশন কার্ড আছে তার এগেনস্টে মানুষ নেই সেটা বাতিল করা হোক। ভুয়া রেশন কার্ড বাতিলের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে, আরও করা হবে। গত জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল এই ৪ মাসে ২ লক্ষ ১৩ হাজার ৬২১টি ভুয়া রেশন কার্ড বাতিল করা হয়েছে। আমরা জানি যে এখন অনেক ভুয়া রেশন কার্ড আছে, সেজন্য বাতিল করার কাজটা আরও জোরদার করতে হবে। এর সঙ্গে সঙ্গে আমাদের ভারতবর্ষের নাগরিক, অথচ রেশন কার্ড নেই, এই রকম যারা আছেন তারা যাতে রেশন কার্ড পান তার জন্য উদ্যোগ গ্রহণ করা হবে।

[4-25 — 4-38 P.M.]

আর একটি কথা বলি, এতদিন পর্যন্ত এফ সি আই-এর সঙ্গে আমাদের ডিস্ট্রিবিউশনের *ব্যাপারটা যেভাবে ছিল তার দায়িত্বটা কার্যকরভাবে আমরা নিজেরা নিয়েছি। এরজন্য আমরা সারা রাজ্যে গো-ডাউন তৈরি করছি যাতে সেখানে ৮৭,২১৩ মেট্রিক টন চাল গম চিনি রাখতে পারি। চিনিটাও আমরা নেবার চেষ্টা করছি। আমরা যেসব গো-ডাউন তৈরি করছি* সেখানে এফ সি আই থেকে চাল গম চিনি নিয়ে রাখব। এরফলে মাঝে মাঝে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অভিযোগ ওঠে যে, যত পরিমাণ অ্যালট করা হয় তার সবটা রাজ্য তোলে না, সেটা দূর হবে। অফ-টেক যেটা সেটা রাজ্যের হাতে হলেও অ্যালটমেন্টটা এফ সি আই তাদের গো-ডাউন থেকে আমাদের দিচ্ছে। কিন্তু আমরা জিনিসপত্র রাখব কি করে? তারজন্য রাজ্য সরকার ৬৫০ মেট্রিক টনের উপযোগী গো-ডাউন এখানে তৈরি করবেন বলে প্রস্তাব আমাদের আছে। কেন্দ্রীয় সরকার নতুন গণ-বন্টন ব্যবস্থাকে জোরদার করবার জন্য গত অক্টোবর মাসে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে যে সভা হয়েছিল তাতে বলা হয়েছিল যে, দেশের চারটি এলাকা আই টি ডি পি, হিল এরিয়া, খরা অঞ্চল এবং মরু অঞ্চল, আমাদের মরু অঞ্চল নেই তাই বাকি তিনটি অঞ্চলে কম দামে চাল গম চিনি দেওয়া হবে। এতে প্রায় ৪৮ হাজার মেট্রিক টন চাল গম চিনি লাগবে বলে তাদের জানিয়েছি। কিন্তু আপনারা ইতিমধ্যে দেখেছেন যে, জুন মাসে থেকে আমাদের কোটা ৯০ থেকে ৮০ হাজার মেট্রিক টন করে দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের নতুন নীতির ফলে আমাদের ৮২৬টি দোকান বাড়াতে হবে। ইতিমধ্যে সেটা কিছুটা বাড়িয়েছি। নতুন রেশন কার্ড ২ লক্ষ ৮৭ হাজারটি দিতে হবে, ইতিমধ্যে ২৮,৮৭৬টি দিয়েছি। এর আওতার মধ্যে

১৬২টি ব্লকের ৭০,১৬,৭৮০ জন মানুষ পড়বেন। আমরা তাদের বলেছিলাম—আপনারা যে টার্গেট এরিয়া করেছেন তাতে আই টি ডি পি এলাকার বাইরে যেসব গরিব মানুষ রয়েছেন, আদিবাসীরা রয়েছেন, ক্ষেত-মজুররা রয়েছেন, শহরাঞ্চলে বস্তিবাসীরা রয়েছে, তাদের কি হবে? একটি রাস্তার এপারটা আই টি ডি পি অঞ্চল, কিন্তু রাস্তার ওপারটি নন আই টি ডি পি অঞ্চল হওয়ায় সেখানকার গরিব মানুষ সবাই বঞ্চিত হবেন। এ বিষয়ে তারা কোনও মতামত দেন নি। আমরা কেন্দ্রীয় সরকারকে রেশনে চাল গম চিনি ছাড়া বামফ্রন্ট সরকারের যে স্লোগান—১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস রেশনের দোকান মারফত ভারতের সমস্ত রাজ্যকে এক দামে এবং কম দামে দেবার ব্যবস্থা করতে হবে বলে যে দাবি রেখেছিলাম, কেন্দ্রীয় সরকার সে বিষয়েও কোনও কিছু স্বীকার করেন নি। আমরা এখানে ম্যানুফ্যাকচারারদের সঙ্গে কথা বলে চাল গম চিনি ছাড়া আরও কয়েকটি প্রয়োজনীয় জিনিস ডাল, তেল , গুঁড়ো হলুদ, মোমবাতি, খাতা, বিস্কুট, সাবান, দেশলাই, নুন ইত্যাদি দেবার ব্যববস্থা করেছি। সম্প্রতি ধুতি, শাড়ি এবং লুঙ্গি দেওয়া শুরু করেছি এবং কয়েক দিনের মধ্যে চা এবং আরও কিছু দেবার কথা ভাবছি। কেরোসিনের ক্ষেত্রেও আমাদের প্রবেলম আছে। আমরা প্রয়োজনভিত্তিক কেরোসিন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাচ্ছি না। প্রয়োজনের ৬০-৬৫ শতাংশ কেরোসিন আমরা পাচ্ছি। চাষের সময় কিছু কেরোসিন বাড়তি দিচ্ছেন। তবে কেরোসিনের ক্ষেত্রে যে কেন্দ্র আমাদের সঙ্গে বৈষম্য করেন সেটা আমরা লক্ষ্য করে দেখেছি। মহারাষ্ট্র এবং গুজরাট এই দুটি রাজ্যের লোকসংখ্যা যেখানে সারা ভারতের লোকসংখ্যার শতকরা ১৪.১৩ ভাগ, সেখানে বরাদ্দকৃত কেরোসিনের ২৭ ভাগ দেওয়া হয়েছে ঐ দুটি রাজ্যে। দিল্লির লোকসংখ্যা যেখানে মোট জনসংখ্যার ২.০৮ ভাগ, সেখানে দিল্লিতে দেওয়া হচ্ছে ৯ ভাগ কেরোসিন। দিল্লিতে ১৪ লক্ষ এল পি জি কানেকশন আছে। পশ্চিমবঙ্গের সারা রাজ্যের দ্বিগুণ দিল্লিতে এই কানেকশন আছে। চিনি দিল্লিতে প্রত্যেক মানুষকে ৮ শত গ্রাম করে দেওয়া হয়। হরিয়ানাও ৮ শত গ্রাম করে দেওয়া হয়। কিন্তু পশ্চিমবাংলায় সেখানে ৫ শত এবং ৪ শত গ্রাম করে দেওয়া হয়। দিল্লিকে আমরা বলেছি যে চিনি ৮ শত গ্রাম করে না দিলেও অন্তত ছ শত গ্রাম করে দেওয়া হোক, কিন্তু তারা দেন না আমরা বলছি না যে গুজরাট, মহারাষ্ট্রে কোরোসিন তেলের পরিমাণ কমিয়ে দেওয়া হোক। আমরা যে ৬৫ ভাগ পাচ্ছি, এটা ১০০ পারসেন্ট করে দেওয়া হোক— একথা আমরা বলেছি। কিন্তু তারা দিচ্ছে না। এই সমস্ত বৈষম্য রয়েছে। আমরা এই সম্পর্কে দিল্লির দৃষ্টি আকর্ষণ করেছি। আমি আমার বক্তব্যে বলেছি যে আমরা চেষ্টা করছি এই গণবন্টন ব্যবস্থাটাকে আরও জোরদার করতে। শুধু মাত্র চাল, গম, চিনি নয়, এ ছাড়াও অন্যান্য জিনিসগুলিও যাতে দেওয়া যায় সেগুলির উদ্যোগও আমরা গ্রহণ করেছি এবং অন্যান্য মাননীয় সদস্যরা যে সব কথা বলেছেন সেগুলি আমার মনে আছে। এম আর ডিলার, ডিস্ট্রিবিউটর, হোল সেল ইত্যাদি সমস্ত ব্যাপারে আমাদের যথাযথ মর্যাদার সঙ্গে বিষয়গুলি দেখতে হবে যাতে ত্রুটিগুলি থেকে মুক্ত হতে পারি তার জন্য উদ্যোগ নিতে হবে। এই কথা বলে যে বাজেট বরাদ্দ আমি পেশ করেছি তাকে ধ্বনি ভোটে গ্রহণ করার জন্য অনুরোধ করছি এবং বিরোধী পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন দেওয়া হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : There are 14 Cut motions to Demand no. 54. All the Cut motions are in order and taken as moved.

The motions of Dr. Manas Bhunia (1) that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions excepting no.4 and 5 that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motions (Cut Motion Nos. 4 & 5) that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following results :

NOES

Abdul Quiyom Molla, Shri

Abu Ayes Mondal, Shri

Abul Basar, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Basu, Shri Nihar Kumar

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath

Bauri, Shri Madan

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Kamalakshmi

Chakraborty, Shrimati Kumkum

Chottopadhyay, Shri Santasri

Chowdhury, Shri Benoy Krishna

Das, Shri Bidyut Kumar

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nirmal

Das, Shri Paresh Nath

Das, Shri Trilochan

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

Doloi, Shri Siba Prasad

Duluy, Shri Krishnaprasad

Dutta, Dr. Gouri pada

Gayen, Shri Nripen

Ghosh, Shri Susanta

Goswami, Shri Subhas

Hore, Shri Tapan

Jamadar, Shri Badal

Jana, Shri Manindra Nath

Joardar, Shri Dinesh

Kisku, Shri Lakshi Ram

Konar, Shrimati Maharani

Mehta, Shri Nishikanta

Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Dhiren

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Sailendranath

Mánna, Shri Janmenjoy

Md. Mahamuddin, Shri

Md. Yakub, Shri

Mitra, Shri Biswanath

Murmu, Shri Debnath

Naskar, Shri Subhas

Nath, Shri Monoranjan

Oraon, Shri Jagannath

Paik, Shri Sunirmal

Pakhira, Shri Ratan Chandra

Pathak, Shri Patit Paban

Patra, Shri Ranjit

Phodikar, Shri Probhas Chandra

Roy, Shri Dwijendra Nath

Roy, Shri Sattik Kumar

Ray, Shri Subhash Chandra

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Sisir

Shaikh Khabiruddin Ahmed, Shri

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha Shri Prabodh Chandra

Sur, Shri Prasanta Kumar

Ayes

Purkait, Shri Probodh Chandra

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 2 and Noes 67. The motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 89,66,04,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2408–Food, Storage and Warehousing and 4408–Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" (This is inclusive of total sum of Rs. 2,41,55,000 already voted on account), was then put and agreed to.

Demand No. 86

The motions that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,83,30,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456–Civil Supplies" (This is inclusive of a total sum of Rs. 47,10,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4.38 p.m. till 11. a.m. on Tuesday, the 2nd June, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 2nd June 1992 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 9 Ministers of State and 156 Members.

[11-00—11-10 A.M.]

Held Over Starred Questions

(to which oral answers were given)

বাস দুর্ঘটনা

*৬২২। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৪।) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৭ থেকে ১৯৯১ সাল পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে বাস দুর্ঘটনার সংখ্যা কত;

(খ) উক্ত দুর্ঘটনাগ্রস্ত বাসগুলির মধ্যে (১) সরকারি ও (২) বেসরকারি বাসের সংখ্যা কত; এবং

(গ) দুর্ঘটনায় হত ও আহতদের পরিবারবর্গকে সরকারের পক্ষ থেকে কোনও আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

(ক) ১৭,২৬৯।

(খ) সরকারি বাস ৭,৪৬৮, বেসরকারি বাস ৯,৮০১।

(গ) সরকারের থেকে হত ও আহতদের এই সময়ে মোট ২,০৭,৪২,৫১৭ টাকা সাহায্য প্রদান করা হয়েছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—এই বাস দুর্ঘটনার সংখ্যা আপনি বললেন সতেরো হাজারের কিছু বেশি হয়েছে—এর মধ্যে কতজন ব্যক্তি নিহত হয়েছেন এবং কতজন ব্যক্তি আহত হয়েছেন তার ইয়ার ওয়াইজ উত্তর যদি আপনার কাছে থাকে তাহলে বলবেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এখানে এগুলো যেভাবে আমাদের কাছে হিসাব আসে—আমরা সাধারণ ধরে থাকি যাঁরা হাসপাতালে চিকিৎসিত হন, অর্থাৎ কারও একটু ছড়ে গেল, কেটে গেল, এগুলো হিসাবের মধ্যে সাধারণভাবে রেকর্ড করা হয় না। এইভাবে সব মিলিয়ে ৯,৭৮০ জন মোট ভিকটিমাইজড হয়েছেন।

আপনি ইয়ার ওয়াইজ যে হিসাব চেয়েছেন সেটা আমি বলে দিচ্ছি। ১৯৮৭-৮৮ সালে—১,৯২৩ জন; ১৯৮৮-৮৯ সালে—১,৭৪৩ জন; ১৯৮৯-৯০ সালে ২,২৫১ জন; ১৯৯০-৯১ সালে—২,১৭৮ জন এবং ১৯৯১-৯২ সালে ১,৬৮৫ জন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যদি অনুগ্রহ করে জানান যে, আপনি দু'কোটি টাকার উপরে যে এক্স-গ্রাশিয়া দিয়েছেন, এই যে টাকাটা দেওয়া হয়েছে, ইয়ার ওয়াইজ এই টাকাটা কিভাবে দিয়েছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ ১৯৮৭-৮৮ সালে দিয়েছি ৪৩ লক্ষ ১১,৯৬৮ টাকা। আপনারা এগুলো তো বোঝেন যে, আগের বছরের কিছু থাকে যেগুলো পেন্ডিং থাকে, যেগুলো একেবারে বছরের শেষে ঘটে। এইভাবে ১৯৮৮-৮৯ সালে দিয়েছি ৪০ লক্ষ ১০ হাজার ৭১৫ টাকা, ১৯৮৯-৯০ সালে দিয়েছি ৩২ লক্ষ ৭৩ হাজার ৯৮২ টাকা, ১৯৯০-৯১ সালে দিয়েছি ৫৪ লক্ষ ৭৭ হাজার ৬৪৩ টাকা এবং ১৯৯১-৯২ সালে দিয়েছি ৫৬ লক্ষ ৬৮ হাজার ২০৯ টাকা।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের হিসাব থেকে দেখা যাচ্ছে যে, হাজার সংখ্যক লোক এই সরকারি এবং বেসরকারি বাসের দুর্ঘটনার বলি হয়েছে। মোট বলির সংখ্যা ১৭ হাজার ২৬৯ এবং সরকারি বাসে ৭ হাজারের উপরে, এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, সরকারি বাসে যাতে দুর্ঘটনা কমে এবং আরও কম সংখ্যক লোক এই সরকারি বাসের বলি হন এরজন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন, দুর্ঘটনার কারণ কি? রাস্তা খারাপ, ড্রাইভারের অসাবধানতা কিংবা ব্রেক ফেলিওর এইরকম কোনও কারণ কি? কেননা রেলের ক্ষেত্রে হিসাব দেওয়া হয়, যেমন হিউম্যান ফেলিওর না মেকানিক্যাল ফেলিওর না ইনফ্রাস্ট্রাকচারাল ফেলিওর ইত্যাদি সব কিছু বলে দেওয়া হয়। এক্ষেত্রে কোন হিসাবে এই দুর্ঘটনাগুলো ঘটছে তার কারণ আপনি জানেন কি এবং এগুলো কমাবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আপনি যতগুলি কারণ বললেন যথা ড্রাইভারের অসাবধানতা, রাস্তা খারাপ বা যান্ত্রিক ফেলিওর ইত্যাদি যেসব কারণে অ্যাক্সিডেন্টের ভিকটিম হচ্ছে এই লোকেরা তারমধ্যে একটি ক্ষেত্রেও কিন্তু যান্ত্রিক কারণে দুর্ঘটনা ঘটেছে এইরকম ঘটনা নেই। সরকারি বাসে প্রধানত দেখা যাচ্ছে যে এখনো পর্যন্ত অতগুলি তদন্ত হয়েছে তাতে যান্ত্রিক ফেলিওরের জন্য একটি দুর্ঘটনাও ঘটেনি। অন্যান্য বাকি কারণে দুর্ঘটনা ঘটতে পারে এবং ড্রাইভাররা যাতে বেশি স্পিডে গাড়ি চালাতে না পারে তারজন্য ব্যবস্থা নিয়েছি।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, রেলে যেমন

দুর্ঘটনার কারণ হিসাবে ব্রেক আপ দিয়ে দেওয়া হয় সেইরকম সিস্টেম আপনার আছে কিনা, যাতে করে দুর্ঘটনাটি কোন কারণে হয়েছে ভাল করে জানতে পারা যায়? এবং কি কি কারণে দুর্ঘটনা ঘটছে তাও জানতে পারেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমি তা সবে কম্পিউটারাইজেশন করেছি, একেবারে প্রাথমিক অবস্থা, সবে শুরু হয়েছে।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনি বছর ভিত্তিক যে অ্যাক্সিডেন্টের হিসাব দিলেন তাতে দেখা যাচ্ছে যে প্রথম দুই বছর অ্যাক্সিডেন্টের হার খুব বেড়েছিল। কিন্তু তারপর পর পর ৩ বছর স্বাভাবিকভাবেই এই দুর্ঘটনার পরিমাণ কমেছে। এই ব্যাপারে সরকারি পক্ষ থেকে কোনও উদ্যোগ ছিল না কি নিজের থেকেই কমেছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ রোডের দুর্ঘটনার খবর নিশ্চয় আপনারা রাখেন। সর্বভারতীয় ক্ষেত্রেই এই দুর্ঘটনার পরিমাণ বেড়েছে। এই তো কিছুদিন আগে সিমলাতে যে বাস দুর্ঘটনা ঘটল তাতে আমাদের পশ্চিমবঙ্গের কয়েকজন ছিলেন বলে আমাদের যেতে হয়েছিল। বাসের গতি নিয়ন্ত্রণ করার জন্য আমরা ক্রমশ চেষ্টা করছি এবং এরজন্য কতগুলি পরিকল্পনাও নেওয়া হয়েছে এবং তারমধ্যে থেকে খানিকটা নিয়ন্ত্রণও করতে পেরেছি। বিশেষ করে কলকাতায় একমুখী রাস্তা প্রবর্তন করার পর থেকে আমাদের অ্যাক্সিডেন্টের পরিমাণ কমেছে।

[11-10—11-20 A.M.]

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, তার উত্তরে দেখা যাচ্ছে প্রায় ৪০ শতাংশ দুর্ঘটনা হচ্ছে সরকারি বাসে। পশ্চিমবাংলায় সরকারি বাসের আনুপাতিক সংখ্যা কত পারেসেন্টেজ?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাদের এখনো পর্যন্ত সরকারি বাসের পারসেন্টেজ, অ্যাজ অন টু ডে ২২-২৩ ভাগ।

ডাঃ মোতাহার হোসেন ঃ সরকারি বাসে এইরকমভাবে দুর্ঘটনা বেশি, এই ব্যাপারে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কি?

মিঃ স্পিকার ঃ ডাঃ মোতাহার হোসেন আপনাকে এই প্রশ্নের অনুমতি দেওয়া হয়নি।

শ্রী নির্মল দাস ঃ ক্ষতির পরিমাণের যে পরিসংখ্যান আপনি দিলেন এবং যে পরিমাণে দুর্ঘটনা ঘটছে বা মানুষের মৃত্যু হচ্ছে এই মৃত্যুজনিত কারণে কমপেনসেটারি গ্রাউন্ডে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টে বা দক্ষিণবঙ্গ স্টেট ট্রান্সপোর্টে কোনও লোকের চাকরির ব্যবস্থা আপনি করেছেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ সাধারণত কমপেনসেটারি গ্রাউন্ডে আমাদের কোনও চাকরি দেওয়া হয় না। দু-একটা ঘটনায় অনেক টাকা হয়ত আমাদের দিতে হয় এবং সেখানে আমরা

যখন দিতে পারি না তখন দু-একটা ক্ষেত্রে ওরা আমাদের সঙ্গে কম্প্রোমাইজ করে নেয় এব তখন আমরা তাদের জন্য দু-একটা পোস্টে লোক নিই। তবে বর্তমানে আমরা চেষ্টা করা সমস্ত বাসকে এখন ইনসিওর করবার।

শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা জানার বিষয় আছে আমরা পেপারে দেখি ও বিভিন্ন সময়ে সমালোচনাও শুনি যে এক সময় সি. এস. টি. সি. প্রত্যেক বাস পিছু ২৭ জন করে কর্মচারী ছিল। আপনারা এটাকে কতটা রিডিউস করতে পেরেছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ যখন ওরা ছিলেন তখন সংখ্যাটা আপনি যা বললেন তাই-ই কিন্তু বর্তমানে এখন সংখ্যাটা এসে দাঁড়িয়েছে প্রত্যেক বাস পিছু ১৩-১৪ জন।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরকারি বাস মানে তে পাবলিক প্রপার্টি। এই রকম দুর্ঘটনা ঘটার জন্য কতগুলি সরকারি বাসের ক্ষয়ক্ষতি হয়েছে সরকারি বাস ভাঙচুর হয়েছে বা আগুনে পুড়িয়ে দেওয়া হয়েছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ গত কয়েক বছর ধরে পশ্চিমবাংলায় যেখানে যা কিছুই হোব না কেন আপনারা যে পরিমাণ বাস পুড়িয়েছেন তার হিসাব রাখা হয়নি।

ইস্টার্ন বাইপাস সংলগ্ন জমির ডেভেলপমেন্ট ম্যাপ

***৬২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮২।) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সি. এম. ডি. এ. ইস্টার্ন বাইপাসের দু'পাশে ১৩,৩৭৮ একর জমির পরিকল্পিত উন্নয়ন নিয়ে একটি আউটলাইন ডেভেলপমেন্ট ম্যাপ প্রকাশ করেছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত উন্নয়ন প্রকল্পের কারণে পরিবেশ দূষণ জনিত সমস্যা রোধে রাজ্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী বুদ্ধদেব ভট্টচার্য ঃ

(ক) এটা সত্যি যে, সি. এম. ডি-এর কলকাতার পূর্ব প্রান্ত এলাকার জন্য একটি আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যান প্রস্তুত ও প্রকাশ করেছেন।

(খ) আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যানে ২,০০০ বর্গ মিটার বা ততোধিক পরিমিত জলাজমি ভরাট নিষিদ্ধ করা হয়েছে। তাছাড়া চাষযোগ্য জমির বৃহৎ অংশে উন্নয়নমূলক কাজও নিষিদ্ধ করা হয়েছে। এসব কারণে পরিবেশ অবনমনের সম্ভাবনা নেই।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, চাষযোগ্য জমির বৃহৎ অংশ বলতে আপনি কি কোনও স্পেসিফিক বা নির্দিষ্ট কোনও পরিমাণ আছে কিনা? এটা যদি বলেন এবং এর সঙ্গে সঙ্গে জিজ্ঞাস্য লিমিটটা করে দিয়েছেন ২০০ স্কোয়ার মিটার, এর নিচে যে জলাভূমি আছে সেগুলোতে যথেচ্ছভাবে ভরাট করা যাবে বা হতে পারে। এতে কি পরিবেশ দূষণের কোনও আশঙ্কা নেই? কারণ বাঙ্গুরের বাড়ি ভেঙে পড়ে যাওয়ার পর নানান দিক থেকে ইকোলজিক্যাল ব্যালেন্সের কথা চিন্তা করে পুকুর ভরাট করা নিষিদ্ধ করে দেওয়া হয়েছিল। বিজ্ঞপ্তিটা অবশ্য ছিল পুরসভার। এখন সেই সমস্ত জায়গা থেকে ডিপারচার হচ্ছে কিনা? এর যদি যথাযথ জবাব দেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে, আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যান—একটা পাবলিক ডকুমেন্ট। প্রত্যেকে এই ব্যাপারে মতামত দিতে পারেন। যদি মাননীয় সদস্যর আগ্রহ থাকে যে, এই বিষয়টা কি, এটা কিভাবে হবে তাহলে আমি পাঠিয়ে দিতে পারি। আপনাদের উৎসাহ থাকলেও আমি পাঠিয়ে দিতে পারি। কলকাতার পূর্ব প্রান্ত নিয়ে খুব বিতর্ক হচ্ছে মূলত তিনটে বিষয় নিয়ে ওয়াটার বডিজ, ওয়েট ল্যান্ড—এই দুটোর মধ্যে পার্থক্য আছে। আপনি যদি ইস্টার্ন বাই পাস ধরে যান গড়িয়ার থেকে স্টেডিয়াম পর্যন্ত, এই দু'পাশে দেখবেন মূলত জলাভূমি এবং জলাজমি, আর কৃষিযোগ্য জমি যেখানে চাষবাস হচ্ছে—এটা নষ্ট করা যাবে না। টি. এন. সি. পি. অ্যাক্টে হয়েছে। প্রতিটি মৌজা ধরে ধরে বলে দেওয়া হয়েছে কোন জায়গায় কি করা যাবে না। এটাকেই বলে আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যান। এখনো তিনমাস শেষ হয়নি, যে কোনও মানুষ মতামত দিতে পারেন। এক মাস বাদে এটা চূড়ান্ত আইন হয়ে যাবে। আর আপনি যে প্রশ্ন করেছেন, বিস্তীর্ণ এলাকার মধ্যে কয়েকটি এলাকা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে, অল্প পরিমাণ পরিবেশ দূষণ করবে না এই ধরনের কিছু শিল্প, পরিবেশ দূষণ করবে না অথচ প্রয়োজন আছে এই ধরনের কিছু হাউসিং। আরও কিছু অ্যাকটিভিটিজ যেমন পার্ক, আশ্রম, অনেক কিছু প্রস্তাব আছে, এয়ারপোর্ট করা যায় কিনা সেটাও দেখা হচ্ছে। তবে বড় বড় স্ট্রাকচার হবে না। আমরা জোর দিচ্ছি, কিছু হাউসিং, কিছু ইন্ডাস্ট্রি যেগুলো পলিউশন করবে না।

[11-20—11-30 A.M.]

এই সমস্তর পিছনে আমরা একটা আলোচনা করে এক্সপার্ট ওপিনিয়ন নিয়ে চলছি। আমরা তো যে কোনও লোকের মত নিয়ে চলতে পারি না। কলকাতা শহর এবং পশ্চিমবঙ্গে যারা এক্সপার্ট তাদের নিয়ে একাধিক সেমিনার করে, বিতর্ক করে কোন এলাকা থাকা উচিত, কোন এলাকায় কি করা উচিত, এই বিষয়ে একমত হয়ে, নির্দিষ্ট জমি দু'হাজার একর করেছি। কলকাতা শহরে আরও ছোট করে আরও জলাজমি ভরতে দেবো না। তা পরে হবে। ২ হাজার একর বিস্তৃত এলাকা এখন হবে না। আর ভায়াবেল করার জন্য ছাদের কথা ভেবেছি। তার পিছনে একটা এক্সপার্ট ওপিনিয়ন আছে। আমরা দেখছি, আমাদের পূর্বদিকের পরিবেশের কোনও পরিবর্তন না হয়ে যায় যাতে কলকাতা শহরের ক্ষতি হয়ে যেতে পারে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ তিনি বিস্তৃত জবাব দিয়েছেন। আপনি

যেটা বলেছেন, আপনাদের আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান নিতে বা সামগ্রিক পরিকল্পনা জানতে চাইলে দেবেন। আমি উৎসাহী। আরও যদি কিছু সাজেশন থাকে দেব। কিন্তু আমার একটা প্রশ্নের উত্তর পাইনি। চাষযোগ্য ব্যবহৃত জমির গড় বলেছেন। এইসব নির্দিষ্ট সীমা আছে কিনা। দ্বিতীয় আমার প্রশ্ন প্রাথমিক যে পরিকল্পনা নিয়েছিলেন তাতে ২৯টি মৌজা ইনক্লুডেড ছিল। তার থেকে ৮৮ সালে ডিনোটিফাই করে ১০ মৌজা বাদ দিয়ে দিয়েছে কসবা ইত্যাদি। আমি যেটা বুঝেছি অপরিকল্পিতভাবে জলাজমি যাতে বুজিয়ে না দেওয়া হয়, প্রোমোটাররা না করতে পারে সেইজন্য করেছেন। কিন্তু এই যে ১০টা মৌজা ডিনোটিফাই করা হল, সেই ডিনোটিফাই জায়গায় দেখা যাচ্ছে জলাজমি বুজিয়ে প্রোমোটারদের স্বর্গরাজ্য বানাচ্ছে। প্রাথমিকভাবে যেগুলো ছিল এই যে ১০টা বাদ দেওয়া হল, আবার সেগুলো ইনকর্পোরেট করবেন কিনা? চিন্তাশীল, মুন্সিরবাড়ি টাউনশিপ প্ল্যানে এইসব হচ্ছে। এইটা কন্ট্রাডিকটরি হচ্ছে কিনা?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ ও. ডি. পি. শুরু করলে একটা নোটিফাই করতে হয়। একজন-দু'জনও কেউ কোনও বাড়ি করতে পারবে না। ও. ডি. পি. হয়ে গেলে সেইটা ডিনোটিফাই করতে হয়। যে এলাকায় হয়েছে, ও. ডি. পি. হয়ে যাওয়ার পরে ছেড়ে দেওয়া হয়েছে। আবার আইন হবে, সি. এম. সি. সেটা করবে। আপনি ডিনোটিফাই অঞ্চলে বাড়ি করেছেন সেই রকম বাড়ির দু'একটা ঠিকানা দিতে পারেন তাহলে ভাল হয়। আমি সম্প্রতি চারটে বাড়ি ভাঙার ব্যবস্থা করেছি। সল্ট লেক অঞ্চল সম্পর্কে, উত্তর দেওয়ার অসুবিধা আছে, কোর্ট কেস আছে, যে কোনও দিন রায় বেরোবে, তাই সে সম্পর্কে আলোচনা করার অসুবিধা আছে।

শ্রী সৌগত রায় ঃ মন্ত্রী মহাশয় বিস্তৃত জবাব দিলেন। এর আগে একটা প্রশ্নের উত্তরে বিস্তৃত জবাব দিয়ে গেলেন তারপর জবাব দিতে গিয়ে মুন্সীরবাড়ি, চিন্তাশীল সম্পর্কে কিছু বলতে পারব না বললেন। মামলা যেটা চলছে সেটা পূর্ব কলকাতার ওয়েটল্যান্ড নিয়ে চলছে এবং স্পেসিফিক্যালি ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের জন্য সল্ট লেকের জলাজমির ব্যাপারটাও আছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাইছি, বিশ্ব বাণিজ্য কেন্দ্র, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার যেটার কথা, সেই জায়গার আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান কি আছে? সে জায়গায় আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান থাকা সত্ত্বেও সেই জায়গায় ইকোলজিক্যাল ব্যালান্স নষ্ট হচ্ছে। জলাজমি ভর্তি হয়ে যাচ্ছে এবং জমির ক্ষুধা যে মানুষের সেটা আরও প্রকাশ পাচ্ছে। এরজন্য আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান রিকনসিডার করবেন কিনা? এ নিয়ে পিপলের অ্যাজিটেশন হচ্ছে ওই এলাকায় জলাজমি বুজিয়ে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার করা হচ্ছে বলে। ওখানে টাউনশিপ হবে, ইন্ডাস্ট্রি হবে—এই ব্যাপারে ফ্রেশ থট দিলে ভাল হয়।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় সদস্য একটু কাগজপত্র দেখে প্রশ্ন করলে সুবিধা হয়। আমি আবার বলছি, প্রশ্নটা ছিল ইস্টার্ন ক্যালকাটার ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের দু'পাশের এলাকা নিয়ে। এই প্রসঙ্গ নিয়ে মামলা হচ্ছে না ঐ মামলাতে এই প্রসঙ্গগুলি এসেছে কলকাতা এলাকার পরিবেশের প্রশ্নে এবং তার উত্তরে সব সময় আমরা আমাদের গভর্নমেন্টের পলিসি-ডিক্লিয়ার্ড পরিষ্কারভাবে বলেছি। আপনি যে নির্দিষ্ট জায়গাটির কথা বললেন এটা

আপনার জানা উচিত যে ওয়ার্ল্ড ট্রেড সেন্ট্রার হবার যে প্রস্তাব এসেছে এই এলাকাটা ও. ডি. পি. এলাকার বাইরের এলাকা। এটা জেনে নিয়ে প্রশ্ন করলে সুবিধ হত। সুতরাং ও. ডি. পি. ভায়োলেশনের প্রশ্ন এখানে নেই। এই বাইরের এলাকায় সেখানে আমরা কেন করতে চাইছি? অরিজিন্যাল প্রস্তাবে কি ছিল? অর্থাৎ যে প্রস্তাব তদানিন্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় করেছিলেন সেটা হচ্ছে ৭শো একরে তিনি করতে চেয়েছিলেন। আমি সেখানে ২শো একরে করেছি। অরিজিন্যাল সিন তাহলে আমার নয়, অরিজিন্যাল সিন তাহলে তিনিই করেছিলেন। এই দুশো একরে কেন করছি, কি করছি সেখানে এক্সপার্ট অপিনিয়নের বাইরে—পরিবেশ সম্পর্কে আমাদের রাজ্যে যে শ্রেষ্ঠ মতগুলি আছে তার বাইরে করছি না। তাদের মত না নিয়ে কিছু করছি না। আমরা তো রাস্তাঘাটের যে কোনও লোকের কথা শুনে চলতে পারি না।

Total value of State Government's advertisements

***632.** (Admitted Question No. *1054.) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

the total value of State Government advertisements released to Daily Newspapers during the years 1989-90 and 1990-91?

Shri Buddhadeb Bhattacharjee : During the years 1989-90 and 1990-91 advertisements worth Rs. 1,92,29,712.00 and Rs. 2,46,19,621.00 respectively were released to the daily Newspapers.

Shri Saugata Roy : Will the Hon'ble Minister be pleased to give the break-ups of the advertisements for the years, for the major daily Newspapers in Calcutta?

Shri Buddhadeb Bhattacharjee : I have the break-ups of some major Newspapers during the current year i.e. only for 1990-91.

The Statesman — Rs. 27,84,590.00

Amritabazar — Rs. 7,73,600.00

Ananda Bazar — Rs. 20,79,780.00

Aajkal — Rs. 17,43,861.00

Ganasakti — Rs. 17,28,690.00

Bharatkatha — Rs. 55,000.00

Jugantar — Rs. 26,14,000.00

Bartaman — Rs. 5,23,835.00

Shri Saugata Roy : Hon'ble Minister, I would like to know the criterian adopted for giving advertisements—whether it is on the basis of circulation as per Audit Bureau circulation or the circulation is calculated by the State Government or there are some other factors mixed with this circulation figures e.g. social commitments etc. because from the figures, it is not quite clear. Some Newspapers like Anandabazar are supposed to be highest circulation. So, circulationwise it should be the maximum. Does really the difference between Ganasakti and Bartaman represents the difference between their circulations? So, the answer is not clear. Will the Hon'ble Minister be pleased to state the detail of the criteria for releasing advertisements through Newspapers?

Shri Buddhadeb Bhattacharjee : Our policy is based on the actual circulations of each paper. It is our declared policy to consider on the basis of circulation of all these Newspapers. So far as Anandabazar is concerned, we have a court case with them in regard to their rates of advertisement. They went to the court and take a somewhat illegal decision to publish any Government advertisements. But the problem is being sorted out. The figures for Bartaman could have some discrepencies.

[11-30—11-40 P.M.]

Looking at the figures, I have to take that from my department. (noise) There's a court case about the whole Ananda Bazar Group of Publications.

Shri Saugata Roy : So this figure of Rs. 20,79,780/- includes Telegraph also?

Shri Buddhadeb Bhattacharjee : May be. Ananda Bazar Group of Publications. (noise) I told you they stopped taking our advertisements. দুটো মিলে তাঁদের ২০ লক্ষ ৭৯ হাজার ৭৮০ দিয়েছি। কিন্তু তাঁরা বিজ্ঞাপন ছাপেনি। বিজ্ঞাপন ছাপালে আনন্দবাজার পত্রিকাকে আরও তিনগুণ বিজ্ঞাপন দেওয়া যেত। এটা শুনে আপনাদের খুশি হওয়ার কথা। আমাদের পলিসির মধ্যে কখনও কোনও রাজনীতি এইসব হয় না।

শ্রী সৌগত রায় : বর্তমানে ফিগারটা কি, যা বলেছেন সেটা কি ঠিক আছে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : বর্তমানের ফিগারটা মনে হচ্ছে দু'একটা জায়গায় যেমন স্মল সেভিংস, স্টেট লটারি এইসব ইনক্লুডেড হয়, আমার মনে হচ্ছে কোনও একটা অসুবিধা আছে, এত নিচে এই ফিগারটা থাকতে পারে না।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন সার্কুলেশনের ভিত্তিতে

বিজ্ঞাপন দিয়ে থাকেন। কিন্তু যে সমস্ত বড় বড় সংবাদপত্র বড় বড় মালিকদের কাছ থেকে সাহায্য পেয়ে থাকেন, এমন কি সাম্রাজ্যবাদী দালালদের কাছ থেকে সাহায্য পেয়ে থাকেন, সেইসব সংবাদপত্রের সার্কুলেশনের উপর ভিত্তি করেন তাহলে অনেক ছোট, মাঝারি সংবাদপত্র, যারা প্রকৃত তথ্য পরিবেশন করে, শ্রমজীবী মানুষের পক্ষে লেখে, তারা ক্ষতিগ্রস্ত হবে। এই সার্কুলেশনের ভিত্তির নীতিটা পরিবর্তন করে যারা সামাজিক দায়িত্ব পালন করছে, তাদের বেশি করে দেবার কোনও ব্যবস্থা করবেন কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ সামাজিক দায়িত্বটা একটা প্রশ্ন, তবে সরকারেরও একটা স্বার্থ থাকে। এখানে বিজ্ঞাপন দুই ধরনের হয়, একটা হচ্ছে টেকনিক্যাল আর একটা হচ্ছে স্ট্যাচুটরি। একটা হচ্ছে চাকরি বাকরির ব্যাপারে আর একটা হচ্ছে ডিসপ্লে অ্যাডভার্টাইজমেন্ট। এই ব্যাপারে সরকারের একটা নীতি থাকে। প্যাট্রনাইজ করার সময় সার্কুলেশন না দেখে শুধু সামাজিক স্বার্থ-র কথা মনে রাখলে সব কিছু গোলমাল হয়ে যাবে।

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট দিলেন তাতে দেখতে পাচ্ছি গণশক্তিকে সবচেয়ে বেশি বিজ্ঞাপন দিয়েছেন ১৭ লক্ষ ২৮ হাজার ৬৯০ টাকা—

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ আপনি সিম্পলি অঙ্ক বোঝেন না, কি করে বলব?

শ্রী জটু লাহিড়ী ঃ আমার প্রশ্ন সবচেয়ে বেশি টাকা দিয়েছে, সেটা সার্কুলেশনের ভিত্তিতে না, দলীয় মুখপাত্র বলে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় স্পিকার মহাশয়, উনি আমাকে বলছেন পৃথিবীটা চৌকো, তারপরই উনি প্রশ্ন করছেন এটা চৌকো কেন? আমি একবারও বলিনি যে গণশক্তিকে সবচেয়ে বেশি টাকা দেওয়া হয়। উনি ফিগারগুলো ফলো করেননি।

শ্রী নটবর বাগদি ঃ রাজ্য সরকার পরিচালিত ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (ডব্লু. বি. আই. ডি. সি.) এবং ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন (ডব্লু. বি. এফ. সি.) থেকে আনন্দবাজার পত্রিকা গোষ্ঠীকে গত আর্থিক বছরে বিভিন্ন প্রকল্পের জন্য কয়েক কোটি টাকার ঋণ হিসাবে আর্থিক সাহায্য করা হয়েছিল, এটা কি মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ এ প্রশ্নের উত্তর আমার দেওয়ার কথা নয়, এর উত্তর অর্থমন্ত্রী দেবেন।

শ্রী নটবর বাগদি ঃ গত আর্থিক বছরে আনন্দবাজার পত্রিকা গ্রুপকে ১ কোটি টাকার আর্থিক সাহায্য করা হয়েছে, এ তথ্য কি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আছে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ এটা বলতে হলে আমাকে তথ্য দেখে বলতে হবে। আজকে প্রশ্নের তালিকায় হেল্ড ওভার প্রশ্ন হিসাবে এটা এক নম্বরে ছিল এবং অর্থমন্ত্রীর উত্তর দেবার কথা ছিল। তিনি আজকে উত্তর দিতে পারেননি। নিশ্চয়ই যথা সময়ে উত্তর দেবেন।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় সরকারি বিজ্ঞাপন বিভিন্ন পত্র-পত্রিকায় দেবার বিষয়ে আপনি যে তথ্য এখানে পরিবেশন করলেন তার বাইরেও পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামাঞ্চলে, জেলা শহরে, মহকুমা শহরে, থানা শহরে বেশ কিছু দৈনিক পত্রিকা, সাময়িক পত্রিকা, মাসিক পত্রিকা প্রকাশিত হয়, তাদের বিজ্ঞাপন দেওয়ার কোনও ব্যবস্থা আছে কি; যদি থাকে তাহলে তাদের কি পরিমাণ বিজ্ঞাপন দেওয়া হয়?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ আমরা মোট যে পরিমাণ বিজ্ঞাপন দিই তার ১৭ শতাংশ পশ্চিমবাংলার বিভিন্ন জেলার গ্রাম-বাংলার ছোট ছোট দৈনিক, সাময়িক, সাপ্তাহিক এবং মাসিক পত্রিকাগুলিকে দেওয়া হয়। মাননীয় সদস্যের জেলায় ৮০টি পত্রিকা প্রকাশিত হয়, প্রত্যেকটিকেই বিজ্ঞাপন দেওয়া হয়।

শ্রী সুভাষ বসু ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের অফিসে নিশ্চয়ই রেকর্ড আছে যে, '৭৭ সালের আগে 'গণশক্তি' পত্রিকাকে—বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে দিয়ে রাজ্যের সমস্ত পত্রপত্রিকাকে সরকারি বিজ্ঞাপন দিচ্ছে—তখনকার রাজ্য সরকার আনন্দবাজার বা অন্যান্য পত্রপত্রিকার সঙ্গে সমতা রক্ষা করে সুনির্দিষ্ট নীতি অনুসারে বিজ্ঞাপন দিত কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ যতদূর জানি দেওয়া হত না।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Minister be pleased to state the Govt's policy regarding release of advertisement to newspapers outside the state, which have wide circulation throughout the country?

Shri Buddhadeb Bhattacharjee : We release advertisements to all major newspapers regularly.

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বড় বড় পত্রিকাগুলিকে অ্যাডভার্টাইসমেন্ট দেবার নিয়ম-কানুন হিসাবে তাদের সার্কুলেশনকে ভিত্তি হিসাবে নির্দিষ্ট করেছেন বললেন। কিন্তু ৭৫,০০০ কপির কম যে সমস্ত সাময়িক পত্রর সার্কুলেশন তারা আপনার দপ্তরের কাছে উপযুক্ত গুরুত্ব পায় না। সরকারি দপ্তরের কাছে অ্যাডভার্টাইসমেন্ট পাওয়ার ক্ষেত্রে দৈনিক পত্রিকগুলিকে বাদ দিয়ে যে সমস্ত সাময়িক পত্রিকাগুলি আছে, মাসিক পত্রিকাগুলি আছে তাদের জন্য—বিশেষ করে যাদের সার্কুলেশন খুব বেশি নয়—নতুন কোনও নীতি নির্ধারণের বিষয় আপনার বিবেচনায় আছে কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় সদস্য যা বললেন তার মূল কারণটাই হচ্ছে আর্থিক। ইচ্ছে থাকলেও আমরা খুব বেশি বিজ্ঞাপন কাউকে দিতে পারছি না। কলকাতার দৈনিক কাগজ, সাময়িক কাগজ, রাজ্যের বিভিন্ন অংশের বিভিন্ন পত্রপত্রিকা, বাইরের রাজ্যের কাগজ ইত্যাদিকে মোট ২ কোটি আড়াই কোটি টাকার আর্থিক সামর্থের মধ্যে থেকেই বিজ্ঞাপন দেওয়া হয়। এটা ঠিকই এই অর্থের পরিমাণ আরও বেশি হলে আরও ভাল হত এবং আমরা বেশি বিজ্ঞাপন বিভিন্ন পত্রপত্রিকাকে দিতে পারতাম।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ শুধু সার্কুলেশনই বিচার না করে, অন্যভাবে নিয়ম নীতি নির্ধারণ করার কথা কি চিন্তা করছেন?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ না, এটা ঠিক নয় যে, কেউ একটু বেশি সার্কুলেশনের জন্যই শুধু বেশি অ্যাডভার্টাইজমেন্ট পায়।

[11-40—11-50 A.M.]

শ্রী নির্মল দাস ঃ রাজ্য সরকারের পরিচালিত বসুমতী পত্রিকা আর্থিক কারণে ধুঁকে ধুঁকে চলছে। কিন্তু এই পত্রিকাটি ঐতিহ্যশালী পত্রিকা। এই পত্রিকা যাতে ভালভাবে চলে তারজন্য বিজ্ঞাপনের হার কিছুটা বাড়িয়ে দেওয়ার কোনও সিদ্ধান্ত রাজ্য সরকারের আছে কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ আমি বসুমতীর অ্যাডভার্টাইজমেন্টের কথা বলতে পারি। বসুমতী পত্রিকাকে অ্যাডভার্টাইজমেন্ট সাপোর্ট বলতে যা বোঝায় সেটা বেশি দেওয়া হয়। আমি যে ফিগার পেয়েছি সেটা হচ্ছে, ১৯৯০-৯১ সালে বসুমতী পত্রিকাকে ১৯ লক্ষ ৬৩ হাজার টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছে। অন্যান্য যে প্রসঙ্গের কথা বললেন আমি সেই প্রসঙ্গে যেতে চাই না। তবে বিজ্ঞাপন আমরা বেশি দিই সাপোর্ট দেবার জন্য।

Starred Questions

(to which oral answers were given)

আরামবাগে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন

*৯০২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭১।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার আরামবাগ মহকুমাতে একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কিনা?

শ্রী নীহারকুমার বসু ঃ না।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ আরামবাগ মহকুমায় শতকরা ৯০ ভাগ মানুষ কৃষির সঙ্গে যুক্ত। সুতরাং না হওয়ার কারণ কি?

শ্রী নীহারকুমার বসু ঃ কোনও মহকুমায় বিশ্ববিদ্যালয় করা যায় না।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ কোচবিহারে কল্যাণীর মতন কৃষি গবেষণা কেন্দ্র আছে। এইরকম আরামবাগ মহকুমায় করবেন কি?

শ্রী নীহারকুমার বসু ঃ কৃষি বিশ্ববিদ্যালয়ের একটা কেন্দ্র আছে, কোনও বিশ্ববিদ্যালয় হিসাবে আলাদা নেই। এটা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস। এইরকম ধরনের প্রস্তাব আরামবাগে

করবার কথা বিবেচনা করছি না।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কৃষির ক্ষেত্রে যখন মানুষের ক্রমশ আগ্রহ বাড়ছে, তখন আরামবাগ মহকুমায় যদি আপনি নাও করার সিদ্ধান্ত নেন তাহলে পশ্চিমবাংলার আর কোনও জায়গায় বিশ্ববিদ্যালয় স্থাপন করার কোনও পরিকল্পনা আছে কি?

শ্রী নীহারকুমার বসু ঃ বর্তমানে নেই।

দমকল কর্মীদের নিরাপত্তা বিধান

***৯০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৮।) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** পৌর বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে দমকল কর্মীদের নিরাপত্তা বিধানের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন;

(খ) অষ্টম যোজনাতে দমকল কর্মীদের মধ্যে বেতন বৈষম্য দূর করার জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন কি না; এবং

(গ) করে থাকলে, উক্ত বিভাগের আধুনিকীকরণের জন্য রাজ্য সরকার যোজনা কমিশনের কাছে কোনও প্রস্তাব পেশ করেছেন কিনা?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ

(ক) দমকল কর্মীদের নিরাপত্তা বিধানের জন্য রাজ্য সরকার প্রয়োজন অনুসারে পুলিশ ফোর্স দিয়ে সাহায্য করে থাকে। এছাড়া আধুনিক যন্ত্রপাতি ও পোশাকের ব্যবস্থা করা হচ্ছে।

(খ) না।

(গ) অষ্টম যোজনায় দমকল কর্মীদের ট্রেনিং সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তার জন্য এই আর্থিক বছরে ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি (খ) প্রশ্নের উত্তরে 'না' বললেন। এই বেতন বৈষম্য দূর করার কোনও চিন্তা করছেন কি? আপনার পে-কমিশনের যে রিপোর্ট এসেছে এবং সেদিনও মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বললেন, ২২৭টি রিপ্রেজেন্টেশন পেয়েছি। ওদের তরফ থেকে রিপ্রেজেন্টেশন কি পাননি কিম্বা অ্যানোমালি নেই এইরকম মনে করছেন কি?

মিঃ স্পিকার ঃ মনে করেছেন, ওটা রেলিভিন্ট নয়, আপনি কি করতে চান তাই বলুন।

শ্রী অশোক ভট্টাচার্য ঃ প্রশ্নটা ছিল অষ্টম যোজনাতে দমকলবাহিনীর কর্মীদের বেতন

বৈষম্য দূর করার জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন কিনা? উত্তর দেওয়া হয়েছে, এ পর্যন্ত কোনও বেতন বৈষম্য থাকলে সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবার প্রয়োজন নেই, রাজ্য সরকারের অর্থদপ্তর-এ পে-কমিশন আছে। তবুও কোনও বৈষম্য থাকলে পে-রিভিউ কমিটিতে যাবে, সেটা অর্থ দপ্তর বিবেচনা করবে। কাজেই দিল্লিতে পাঠাবার দরকার নেই।

ডাঃ জয়নাল আবেদিন ঃ দিল্লিতে পাঠাবেন না, কিন্তু কি কি বৈষম্য দেখেছেন এবং সেগুলির প্রতিকার করার কি কি চেষ্টা করছেন?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ কি কি বৈষম্য দেখতে পাওয়া গেছে সেটা প্রশ্ন নয়, আমাদের কাছে কেউ কোনও স্পেসিফিক বৈষম্যের কথা বললে তার জবাব পাবেন এবং সেই বৈষম্যগুলি দূর করার চেষ্টা করব।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—আধুনিকীকরণের জন্য কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ আধুনিকীকরণের জন্য সব সময়েই চেষ্টা চালানো হচ্ছে। ইদানিং আধুনিকীকরণের জন্য ৯ কোটি ৬ লক্ষ টাকা ব্যয় করে জাপান থেকে নানা ধরনের সরঞ্জাম আমদানি করা হয়েছে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে যে চুক্তি ছিল সেই চুক্তি অনুযায়ী, কিন্তু এই বাবদে যে ৯ কোটি ৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে বিশেষ করে দমকল কর্মীরা যখন আগুন নেভাতে যাবেন তাতে যাতে তাঁদের জীবনের ঝুঁকিটা কম থাকে তার জন্য হাইরাইজ বিল্ডিংসে—১৬ তলা বাড়িতে—সেখান থেকে যাতে উদ্ধার করা যায় তার জন্য এরিয়েল ল্যাডার, পোর্টেবল ল্যাডার, হাইড্রোলিক ল্যাডার ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে। নানা ধরনের আগুন থেকে দমকল কর্মীরা যাতে জীবন বাঁচাতে পারেন তার জন্য বিশেষ ব্যবস্থা করা হয়েছে। দুর্ভাগ্যবশত এসবের জন্য যে ৯ কোটি ৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে কেন্দ্রীয় সরকার তার ৪ কোটি ৫৯ লক্ষ টাকা কাস্টম ডিউটি কেটে নিয়েছেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে এই কাস্টম ডিউটি বাতিল করার কথা বলেছিলেন কিন্তু মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে না, কাস্টম ডিউটি দিতেই হবে। শুধু মাত্র এই ৪ কোটি ৫৯ লক্ষের শতকরা ৭০ ভাগ দিতে রাজি হয়েছিলেন কিন্তু এখনও পর্যন্ত সেই অর্থ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যায়নি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—প্রকৃতপক্ষে যখন নগর উন্নয়ন শুরু হয়েছে তখন প্রতিটি নগরের জলাশয়গুলি এক্সক্লোজার করা হচ্ছে, যার জন্য দমকলবাহিনীর অগ্নি নির্বাপনে অনেক সময় বাধার সম্মুখীন হতে হয়। মন্ত্রী মহাশয়ের পরিকল্পনার সঙ্গে সাযুজ্য রেখে দমকলবাহিনী যথাযোগ্য ব্যবস্থা নিতে পারে সেই রকম কোনও আইনগত ব্যবস্থা নিয়েছেন কি?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ চিন্তাভাবনা করেই যাতে হাইরাইজ বিল্ডিং-এ আগুন লাগতে না পারে তার জন্য বিল্ডিংস রুলসের ব্যবস্থা করা হয়েছে। কলকাতা এবং অন্যান্য শহরে এইজন্য যেটা সবচেয়ে বেশি প্রয়োজন সেটা হল আগুন লাগবার এবং নেভাবার ক্ষেত্রে

নাগরিক সাহায্য এবং সহযোগিতা। দমকলবাহিনী ঠিক সময়ে খবর পেলে অগ্নি নির্বাপনের কাজে নিজেদের নিয়োজিত করবেন।

শ্রী সুনির্মল পাইক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—ফায়ার স্টেশনের ব্যাপারে মেদিনীপুরের খেজুরিতে একটি ফায়ার স্টেশন করার পরিকল্পনা ছিল...

মিঃ স্পিকার ঃ ওটা হবে না, ওভাবে হয় না, নোটিশ দিতে হবে।

বেসরকারি হিমঘরগুলি অধিগ্রহণের পরিকল্পনা

*৯০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬২১।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার বেসরকারি হিমঘরগুলি অধিগ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে গৃহীত পদক্ষেপগুলি কি?

শ্রী কলিমুদ্দিন শামস ঃ

(ক) রাজ্য সরকার বেসরকারি হিমঘরগুলি অধিগ্রহণের বিষয়ে কোনও সিদ্ধান্ত নেননি।

(খ) প্রশ্ন ওঠে না।

[11-50—12-00 Noon.]

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ অধিগ্রহণের কোনও প্রস্তাব নেই বলছেন, কিন্তু নতুন করে সরকারি উদ্যোগে কোনও হিমঘর তৈরির পরিকল্পনা আছে কিনা?

শ্রী কলিমুদ্দিন শামস ঃ আমার দপ্তরের কাছে কোনও নতুন হিমঘর তৈরি করবার উদ্যোগ নেই, কিন্তু নর্থ বেঙ্গলে আমরা চেষ্টা করছি এই ব্যাপারে। কারণ, জলপাইগুড়ি এবং ধূপগুড়িতে হিমঘরের প্রয়োজন আছে। যদি কেউ এগিয়ে আসতে চান, সেখানে এটা করা হবে। তা না হলে, কো-অপারেটিভের মাধ্যমে ওখানে হিমঘর করবার পরিকল্পনা নিয়েছি।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ এইভাবে বিচ্ছিন্নভাবে না করে, যেহেতু হিমঘর একটা খুব গুরুত্বপূর্ণ বিষয় এবং চাষীদের স্বার্থ এর সঙ্গে জড়িত, রাজ্যব্যাপী সমীক্ষা করে কোথায় কোথায় প্রয়োজন আছে সেটা দেখে হিমঘর করবার পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা?

শ্রী কলিমুদ্দিন শামস ঃ আপনার জেলাতে তো নেই। কারণ ঐ জেলায় যেগুলো আছে সেগুলোই চালু রাখা যাচ্ছে না। নর্থ বেঙ্গলে একটা হিমঘরের প্রয়োজন আছে। জলপাইগুড়ি, শিলিগুড়ি, আলিপুরদুয়ার—এসব জায়গায় কোনও হিমঘর নেই। সেজন্য আমরা চেষ্টা করছি কো-অপারেটিভের মাধ্যমে হিমঘর করার। এক্ষেত্রে টাকা-পয়সার অভাবের

কথা কেন্দ্রীয় সরকারকে বলেছি এবং এক্ষেত্রে আমাদের সঙ্গে সহযোগিতা করতে বলেছি কেন্দ্রীয় মন্ত্রী শ্রী বলরাম জাখরকে। আমরা সাউথ বেঙ্গলে মাল্টিপারপাস কোল্ড স্টোরেজ করতে চাই। নর্থ বেঙ্গলে শিলিগুড়ি থেকে আলিপুরদুয়ার পর্যন্ত কোনও হিমঘর নেই, তাই সেখানে হিমঘর করতে চাই। তিনি কথা দিয়েছেন সহযোগিতা করবেন। এ-ব্যাপারে কেন্দ্রীয় সরকার এগিয়ে এল তো ভাল, না হলে আমরা কো-অপারেটিভের মাধ্যমে চেষ্টা করে যাচ্ছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ বেসরকারি হিমঘর অধিগ্রহণের পরিকল্পনা নেই বলেছেন। মাননীয় মন্ত্রী নদীয়া এবং কৃষ্ণনগর গিয়েছিলেন। সেখানকার হেমন্ত হিমঘর সরকারি অর্থে এবং ব্যাঙ্কের সাহায্যে তৈরি হয়েছিল। আপনি সেই হেমন্ত হিমঘরকে খোলার জন্য কোনও পরিকল্পনা নিয়েছেন কিনা?

শ্রী কলিমুদ্দিন শামস ঃ ঐ হিমঘর খোলার কোনও প্রশ্ন নেই, কারণ ঐ হিমঘর বেআইনিভাবে অনেকরকম মালপত্র রেখেছিল। সরকার নিশ্চয়ই অ্যাকশন নিত এর বিরুদ্ধে, কিন্তু সেই অ্যাকশন নেওয়া হয়নি। সবচেয়ে দুঃখের বিষয়, অনেক হিমঘর এগ্রিকালচার প্রোডাক্টস যা রাখা উচিত তা না রেখে নদীয়াই বলুন, আর মুর্শিদাবাদই বলুন, সেখানে গুড় রাখছে, কিন্তু আইনগত কোনও ব্যবস্থা নিতে পারছি না। সরকার চেষ্টা করছেন, আইন করে এই জিনিসটা বন্ধ করার।

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ আপনি লক্ষ্মণ শেঠের প্রশ্নের উত্তরে বলছিলেন যে, ওঁর জেলাতে এই সম্পর্কে কোনও প্রস্তাব নেই। কিন্তু আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, মেদিনীপুর জেলার পান চাষের মেইন সেন্টার। ওখানকার মেচেদা, হলদিয়া অঞ্চলে প্রচুর পানচাষ হয়। সেখানকার পান বম্বে হয়ে চলে যাচ্ছে আরব কান্ট্রিতে। সেখানকার মার্কেটের কথা চিন্তা করে কোল্ড স্টোরেজ করবার কথা চিন্তা করছেন কিনা?

মিঃ স্পিকার ঃ এই প্রশ্ন এখানে উঠে না—দিস কোয়েশ্চেন ইজ ডিস-অ্যালাউড।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে বেসরকারি হিমঘরগুলি আছে, সরকারের কেয়ারের অভাবে এই কোল্ড স্টোরেজের মালিকরা আলুর সিজনে চাষীদের কাছ থেকে আলু না নিয়ে বড় বাজারের আলু রাখছে, এতে চাষীরা ক্ষতিগ্রস্ত এবং এছাড়াও এই হিমঘরের মালিকরা বেপরোয়াভাবে এই কোল্ড স্টোরেজের রেট বাড়িয়ে দিচ্ছে। এই ব্যাপারে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা?

শ্রী কলিমুদ্দিন শামস ঃ হিমঘর সম্পর্কে আমাদের সরকারের যে ব্যবস্থা আছে তাতে একটা পারসেন্টেজ ঠিক করা আছে। চাষীদের জন্য ৩০ পারসেন্ট কোল্ড স্টোরেজে রাখতে দিতে হবে। ওনারদেরও একটা কোটা ফিক্সড আছে। কেউ নিজেদের ইচ্ছামতো সেখানে রাখতে পারবেন না।

শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে সমস্ত বেসরকারি হিমঘর ১৯৭৮ সালের ফ্লাডের পরে অহেতুক বন্ধ করে রেখেছে, বহু চাষী আলু রেখে পয়সা

পায়নি। আমাদের বীরভূম জেলার চাতরা, নলহাটি, অবিনাশপুর, এইসব জায়গায় চাষীরা তাদের পয়সা পায়নি। সেই হিমঘরগুলি সরকার অধিগ্রহণ করবেন কিনা জানতে চাচ্ছি?

শ্রী কলিমুদ্দিন শামস ঃ হিমঘরগুলিতে যারা আলু বা অন্যান্য জিনিস রাখেন, হিমঘরের মালগুলির জন্য ইন্সিওর করার ব্যবস্থা আছে। ইন্সিওর যদি করা থাকে তাহলে যদি ক্ষতি হয় তারা ক্ষতি পূরণ পাবে। তবে সরকারের কাছে এই রকম কোনও রিপোর্ট যদি আসে যে কোনও পার্টিকুলার হিমঘর চাষীদের ক্ষতিপূরণ করছে না তাহলে তার জন্য সরকার নিশ্চয়ই ব্যবস্থা করবেন। সরকার প্রয়োজন হলে ম্যানেজমেন্ট টেক ওভার করতে পারে ৩ বছরের জন্য। কিন্তু এখন পর্যন্ত এইরকম কোনও রিপোর্ট আসেনি। সেজন্য কিছু করা যায়নি।

ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকি

*৯০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৬।) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯১-৯২ আর্থিক বছরে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের স্বার্থে কেন্দ্রীয় সরকার ভর্তুকি হিসাবে কিছু অর্থ বরাদ্দ করেছেন;

(খ) সত্যি হলে, উক্ত বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত;

(গ) উক্ত অর্থ সম্পূর্ণরূপে ব্যয় করা সম্ভব হয়েছে কিনা; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'না' হলে, কারণ কি?

শ্রী নীহারকুমার বসু ঃ

(ক) হ্যাঁ।

(খ) মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৩৭ কোটি ২০ হাজার টাকা। প্রথম দফায় এ বাবদ প্রাপ্ত অর্থের পরিমাণ ৯ কোটি ১৩ লক্ষ ৬০ হাজার টাকা। দ্বিতীয় দফায় অর্থ মঞ্জুরির জন্য ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানানো হয়েছে।

(গ) এ পর্যন্ত প্রাপ্ত অর্থে অনুদান পাবার যোগ্য চাষীরা যাতে ভর্তুকিতে সার ক্রয় করতে পারেন তার জন্য প্রয়োজনীয় সরকারি আদেশ করা হয়েছে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

[12-00—12-10 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে ৩৭ কোটি টাকা পেয়েছে—আপনি দফায় দফায় বলে গেলেন—এই টাকা কৃষকদের মধ্যে ব্যয়িত হয়েছে কিনা, না হলে কারণটা কি?

শ্রী নীহারকুমার বসু ঃ পুরো টাকা ব্যায়িত হয়েছে কিনা জানতে গেলে নোটিশ দিতে হবে। আমি টাকাটা বন্টন করবার গভর্নমেন্ট অর্ডার দিয়ে দিয়েছি। বিভিন্ন ব্লকে বিলি করা হচ্ছে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় প্রকৃত (ক) প্রশ্নের উত্তর দিলেন না। কারণ (ক) প্রশ্নে ক্যাটাগরিক্যালি প্রশ্ন করেছেন যে পরিমাণ অর্থ আপনি পেয়েছেন সেটা আপনি দিতে পেরেছেন কিনা। আমি জানতে চাই যে ঠিক সময়ে আপনি টাকা পেয়েছেন কিনা এবং ঠিক সময়ে প্রান্তিক চাষীদের মধ্যে টাকাটা ব্যয় করতে পেরেছেন কিনা? যদি না পারেন কতটা বাকি আছে?

শ্রী নীহারকুমার বসু ঃ এই প্রকল্প হচ্ছে সারে ভর্তুকি। ২-১ হেক্টর যাদের জমি আছে তাদের এই ভর্তুকি দেওয়া হচ্ছে। ৮১ লক্ষ চাষী এই ভর্তুকি পাবে। আমরা ব্লক স্তরে তালিকা তৈরি করেছি, সরকারি অর্ডার দিয়ে দিয়েছি এবং বন্টনও হচ্ছে। গভর্নমেন্ট অর্ডার দিয়ে দিয়েছে, বন্টন এখনও চলছে।

Starred Questions

(to which written answers were laid on the Table)

বাঁকুড়া-দামোদর রেলপথ বন্ধ করার প্রস্তাব

*৯০১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৬।) **শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া-দামোদর রেলপথটি বন্ধ করে দেওয়া হবে—এই মর্মে কোনও সংবাদ রাজ্য সরকারের কাছে আছে কিনা; এবং

(খ) থাকলে, এ সম্পর্কে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছেন কিনা?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

নেতাজীর নামে মেট্রোরেলের ভবানীপুর স্টেশনের নামকরণ

*৯০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৮।) **ডাঃ দীপক চন্দ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নেতাজীর নামে মেট্রোরেলের ভবানীপুর স্টেশনের নামকরণ করার কোনও প্রস্তাব

সম্পর্কে রাজ্য সরকার অবগত আছেন কিনা?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

হ্যাঁ, এই মর্মে একটি প্রস্তাব রাজ্য সরকার গত সেপ্টেম্বর মাসে কেন্দ্রীয় রেল মন্ত্রকের কাছে পাঠিয়েছেন। প্রস্তাবটির উপর কোনও সিদ্ধান্ত হয়েছে কিনা, তা রাজ্য সরকারের জানা নেই।

রাজ্যের পুরসভাগুলির জন্য মহার্ঘভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ

*৯০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৭।) **ডাঃ মানস ভুঁইয়া :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে রাজ্যের পুরসভাগুলির জন্য মহার্ঘভাতা বাবদ সরকার কর্তৃক দেয় অর্থের পরিমাণ কত;

(খ) এটা কি সত্যি যে, রাজ্য সরকার উক্ত আর্থিক বছরে পুরসভার কর্মচারিদের ভাতা বাবদ অনুদান দেওয়া বন্ধ করে দিয়েছেন; এবং

(গ) সত্যি হলে, এর কারণ কি?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) ৭৫.৩৩ কোটি টাকা।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলির নতুন বাস চালানোর পরিকল্পনা

*৯০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯১।) **শ্রী মনোহর তিরকি** এবং **শ্রী সুভাষ বসু :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে (১) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা, (২) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা ও (৩) কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কতগুলি নতুন বাস চলাচল শুরু করবে বলে আশা করা যায়; এবং

(খ) জলপাইগুড়ি জেলার জয়গাঁ বা আলিপুরদুয়ার থেকে গ্যাংটক পর্যন্ত সরকারি বাস চলাচলের কোনও উদ্যোগ নেওয়া হবে কিনা?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) বর্তমান বৎসরের আর্থিক সঙ্কট কাটিয়ে উঠতে পারলে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে;

(খ) বর্তমানে কোনও প্রস্তাব নেই।

জনসাধারণ কর্তৃক নিগৃহীত দমকল কর্মীর সংখ্যা

***৯০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫৭।) শ্রী সোমেন্দ্রনাথ মিত্র ঃ** পৌর বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জানুয়ারি ১৯৯১ থেকে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত জনসাধারণ কর্তৃক নিগৃহীত দমকলবাহিনীর কর্মীর সংখ্যা কত?

পৌর বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

জানুয়ারি ১৯৯১ থেকে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত জনসাধারণ কর্তৃক নিগৃহীত দমকল বাহিনীর কর্মীর সংখ্যা ৬২ (বাষট্টি)।

কৃষি শ্রমিকদের স্থায়ীভাবে নিযুক্ত করার পরিকল্পনা

***৯১০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭৮।) শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কৃষি খামারগুলিতে নিযুক্ত শ্রমিকদের স্থায়ীভাবে নিযুক্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ কার্যকরি হবে বলে আশা করা যায়?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, নিয়মিত নিয়োগপত্র দেওয়া হচ্ছে।

(খ) ইং ১৫-১১-৯১ তারিখ থেকে কার্যকরী ব্যবস্থা নেওয়া হয়েছে।

উত্তর-পূর্বাঞ্চলের লোক-সংস্কৃতি উৎসব

***৯১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭২।) শ্রী নটবর বাগদী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর-পূর্বাঞ্চলের লোক-সংস্কৃতি উৎসবে (পুরুলিয়ায় অনুষ্ঠিত) ছৌ-নৃত্যে অংশগ্রহণকারী দলের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে পশ্চিমবঙ্গ বাদে অন্যান্য রাজ্যের ছৌ-নৃত্যের দলের সংখ্যা কত; এবং

(গ) এই অনুষ্ঠানের জন্য ব্যয়িত অর্থের মোট পরিমাণ কত?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) উত্তর-পূর্বাঞ্চল লোক সংস্কৃতি উৎসব নামে কোনও অনুষ্ঠান হয়নি। পুরুলিয়ায় গত ৭-৯ মার্চ একটি জাতীয় ছৌ-উৎসব অনুষ্ঠিত হয়েছিল পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র ও পশ্চিমবঙ্গ সরকারের যৌথ উদ্যোগে।

(খ) এই উৎসবে অংশগ্রহণকারী দলের সংখ্যা ছিল ১৮টি।

বিহার এবং ওড়িশা থেকে ১টি করে এবং পশ্চিমবঙ্গ থেকে ১৬টি ছৌ-নাচের দল অংশগ্রহণ করেছিল।

(গ) রাজ্য সরকারের বরাদ্দ অর্থের পরিমাণ ছিল ৭১,০০০ টাকা (একাত্তর হাজার টাকা) এবং পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের বরাদ্দ ছিল ৭৬,০০০ (ছিয়াত্তর হাজার) টাকা।

সেচের অভাবে ক্ষতিগ্রস্ত বোরো চাষ

***৯১২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৯।) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে ২৯শে ফেব্রুয়ারি '৯২ পর্যন্ত সেচের অভাবে কত পরিমাণ জমির বোরো চাষ ক্ষতিগ্রস্ত হয়েছে; এবং

(খ) উক্ত ক্ষতির আর্থিক পরিমাণ কত?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে ২৯শে ফেব্রুয়ারি ৯২ পর্যন্ত সেচের অভাবে বোরো ধান চাষের ক্ষতির কোনও তথ্য কৃষি দপ্তরে নাই।

(খ) প্রশ্নই ওঠে না।

দুঃস্থ লেখক ও শিল্পীদের সাহায্য প্রদান

***৯১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯৬।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে দুঃস্থ লেখক ও শিল্পীদের সৃজনশীল প্রয়াসকে উৎসাহিত করার ক্ষেত্রে রাজ্য সরকার কর্তৃক সাহায্য প্রদানের কোনও ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) থাকলে, পদ্ধতি কিরূপ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) বার্ষিক এককালীন আর্থিক সাহায্য প্রদান এবং পুস্তক প্রকাশে আর্থিক সহায়তা প্রদান।

স্টার থিয়েটার অধিগ্রহণের পরিকল্পনা

***৯১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৮।) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার কলকাতার স্টার থিয়েটারটি অধিগ্রহণ করার বিষয়ে কোনও চিন্তা-ভাবনা করছেন কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত বিষয়ে কি পদক্ষেপ গৃহীত হয়েছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এইরূপ কোনও পরিকল্পনা রাজ্য সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

পান থেকে ভেষজ শিল্প গড়ে তোলার পরিকল্পনা

***৯১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৮।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পান থেকে ভেষজ শিল্প গড়ে তোলার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, উক্ত শিল্প কোন কোন স্থানে গড়ে তোলা হবে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

কলকাতায় পার্ক, উদ্যান বাবদ জমির পরিমাণ

***৯১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০৯।) **ডাঃ দীপক চন্দ ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে কলকাতা শহরে পার্ক, উদ্যান ইত্যাদি বাবদ জমির মোট আয়তন কত;

এবং

(খ) উক্ত জমির পরিমাণ ১৯৫০ সালের তুলনায় বেশি না কম?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমানে কলকাতা পুরসভার অধীনে পার্ক উদ্যান ইত্যাদি বাবদ জমির মোট আয়তন ৭৫০ বিঘা এবং নতুন অধিগৃহীত বেহালা, যাবদপুর ও গার্ডেনরীচের উদ্যান এলাকা ১২৫ বিঘা। অর্থাৎ বর্তমানে কলকাতা শহরে পার্ক ও উদ্যানের জমির মোট আয়তন ৮৭৫ বিঘা।

(খ) ১৯৫০ সালের তুলনায় কলকাতা শহরে পার্ক ও উদ্যানের জমির পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পেয়েছে।

Adjournment Motion

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motions. The first is from Shri Abdul Mannan on the subject of alleged murder of Shri Sanjeet Dey, a Youth Congress worker at P.S. Amta of Howrah district and the second is from Shri Ajoy Dey on the subject of alleged deplorable condition of Rationing system in the State.

The Subject matters of the Notices do not merit adjournment of the business of the House. Moreover, the Members may call the attention of the Ministers concerned on the subjects through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Notices.

One Member may, however, read out the text of his motion as amended.

শ্রী অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের উপর আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

মফঃস্বলে আংশিক রেশন এলাকায় চাল, গম, চিনি সরবরাহ প্রায় বন্ধ হয়ে যাচ্ছে। যদিও বা কোনও সপ্তাহে দেওয়া হয় তা একেবারে মানুষের খাওয়ার অনুপয়োগী। কেরোসিন তেলের ক্ষেত্রেও একই অবস্থা। সরকারি বরাদ্দকৃত মাথাপিছু পরিমাণের ক্ষেত্রেও চলছে চরম অসাম্য। সরকারি বেঁধে দেওয়া দামের চেয়েও কোথাও কোথাও বেশি দাম নেওয়া হচ্ছে। এক কথায় রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। সরকার আজ চরমভাবে ব্যর্থ।

Calling Attention to matters of urgent Public importance :

Mr. Speaker : I have received seven notices of Calling Attention, namely :

1.	Alleged malpractice in the production, procurement and selling of janata cloth at Nabadwip and Shantipur of Nadia district.	:	Shri Ajoy De
2.	Present policy of the government of India to close down 38 sick industries in West Bengal.	:	Shri Birendra Kumar Maitra
3.	Continued lock-out at Kelvin Jute Mill Ltd.	:	Shri Saugata Roy
4.	Alleged failure in fulfilling the target of Rural Electrification.	:	Shri Lakshman Seth
5.	Reported illegal lock-out of Tribeni Tissue Company at Bansberia, Hooghly.	:	Shri Abdul Mannan
6.	Reported out-break of Malaria at Different Places of Dooars area.	:	Shri Nirmal Das
7.	Reported charge of molestation against a Presidency College Professor.	:	Shri Saugata Roy

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of reported illegal lockout of Tribeni Tissue Company at Bansberia, Hooghly.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 5-6-92.

Laying of Accounts

Annual Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd. together with the Audit Report and Audit Certificate thereon

for the year 1988-89.

Shri Shyamal Chakraborty : Sir, I beg to lay the Annual Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd., together with the Audit Report and Audit Certificate, thereon for the year 1988-89.

MENTION CASES

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক বিভাগের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুদিন আগে মাধ্যমিক এবং প্রাথমিক বিভাগের স্টেট মিনিস্টার, আনিসুর রহমান সাহেব একটা প্রশ্নের উত্তর দিয়েছিলেন। তিনি বলেছিলেন যে, এবারে কোনও নতুন স্কুল মঞ্জুর হবে না বা স্যাংশন হবে না। কিন্তু পুরানো জুনিয়র হাইস্কুল যেগুলো আছে সেগুলোর আপ-গ্রেডেশন হবে। আমার বক্তব্য হচ্ছে, এখন সামার ভ্যাকেশন চলছে। ছাত্রদের অ্যানুয়াল পরীক্ষার রেজাল্ট আউট হয়ে গেছে। সুতরাং যে স্কুলগুলো দরখাস্ত করে অপেক্ষা করে আছে এবং যাদের নাম জেলা পরিষদ থেকে স্টেটে এসেছে, সেই স্কুলগুলোর কোনটা স্যাংশন হবে বা স্যাংশন হবে কিনা। ঐসব স্কুলগুলোর আপ-গ্রেডেশন বা স্যাংশন যদি না হয়—কোনটা হয়ত এখন স্যাংশন পাবে না, কিন্তু পরবর্তীকালে যদি স্যাংশন হয়, তাহলে সেইসব স্কুলগুলো ছাত্র পাবে না। যে সমস্ত স্কুলগুলোর আপ-গ্রেডেশন হবে না এবং সেই সমস্ত স্কুলের ছাত্রদের যাদের রেজাল্ট আউট হয়েছে, তারা অন্যত্র চলে যাবে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, এই সামার ভ্যাকেশনের মধ্যে সরকার বিবেচনা করুন যে জুনিয়র স্কুলগুলোকে উন্নীত করা যাবে কিনা। তা নাহলে ঐ স্কুলগুলো সাফার করবে, তারা ছাত্র পাবে না এবং সব বেসলেস হয়ে যাবে। পরবর্তীকালে সরকার অন্যভাবে ভাববেন যে তারা কেন ছাত্র পাচ্ছে না। আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, তাঁরা যেন মিটিং করে সিদ্ধান্ত নেন যে কোন জুনিয়র স্কুলগুলোকে হাইস্কুল করা হবে এবং কোনগুলোকে করা হবে না। আমি মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছে এই আবেদন জানাচ্ছি।

[12-10—12-20 P.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে যে, হুগলি জেলার শ্রীরামপুর থেকে শ্যামবাজার এই বাস রুটটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বাস রুট। এই বাস রুটটিতে অস্বাভাবিক ভাড়া বৃদ্ধির ফলে যাত্রী সাধারণের মধ্যে একটা ক্ষোভ দেখা দিয়েছে। এখনও পরিবহন দপ্তর থেকে বৃদ্ধির কোনও ব্যবস্থা হয়নি। কিন্তু এই বাস রুটটিতে বেআইনিভাবে ভাড়া বৃদ্ধি করা হয়েছে এবং যাত্রী সাধারণ এই বর্দ্ধিত ভাড়া দিতে অস্বীকার করায় গত শনিবার থেকে ওই রুটে অনির্দিষ্টকালের জন্য বাসটি চালানো বন্ধ করে দেওয়া হয়েছে। এর ফলে শ্রীরামপুর থেকে শ্যামবাজার আসার যোগাযোগ বন্ধ হয়ে গেছে। এই বাসটিই এখানে একটিমাত্র পরিবহন এবং এতে যাত্রী সাধারণ খুবই অসুবিধার মধ্যে পড়েছে। কিছুক্ষণ আগেই আমি পরিবহন মন্ত্রীর সঙ্গে এই নিয়ে আলোচনা করছিলাম এবং যাতে ওই বর্দ্ধিত ভাড়া ওই বাসরুটটি প্রত্যাহার করে নেয়। আমরা পুনরায় তাঁর কাছে অনুরোধ রাখছি অবিলম্বে যাতে ওই ৩ নং

রুটে বাস চলাচল করে তার ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী সুভাষ বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত সপ্তাহে আমার রাণাঘাট কেন্দ্রে বৈদ্যপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে রুইদাসপুরে একটি বিয়ের অনুষ্ঠান হচ্ছিল। বিয়ের অনুষ্ঠান চলাকালীন ৮-১০ জন মস্তান এসে ওখানে দাবি করে যে আমাদের খেতে দিতে হবে এবং ভি. ডি. ও. দেখাতে হবে। তখন বেপাড়ার লোকেরা এসে বলেন যে আপনারা খেতে চান খান কিন্তু বিয়ে চলছে এর মধ্যে ভি. ডি. ও. দেখানো যাবে না। বিয়েরপর পর্ব সব মিটে যাক তারপরে রাত্রিবেলা ভি. ডি. ও. দেখবেন। ওই মস্তানরা তখন গণ্ডগোল করতে গেলে পাড়ার লোকেরা এসে পড়ে এবং তারা পালিয়ে যায়। কিন্তু তার পরের দিনই তারা ওই বাড়িতে এসে সবাইকে মারধোর করে। শুধু পুরুষদেরই নয়, মেয়েদেরও মারধোর করে। পরবর্তী সময়ে জানা গেল যে ওই মস্তানরা হচ্ছে কংগ্রেস গুণ্ডাদের মদতপুষ্ট এবং কেসও হয়েছে একজনের। বেপাড়ার থেকে যারা প্রতিবাদ করতে এসেছিল তাদের মধ্যে একজন আহত হয়ে হাসপাতালে রয়েছে। আপনাদের দলে তো একজন মাতঙ্গিণী আছেন, যিনি মেয়েদের উপরে অত্যাচার হলেই সেখানে ছুটে আসেন। এই যে মেয়েদের উপরে অত্যাচার হল এবং জুলুম হল তার যে একটা জ্বলন্ত দৃষ্টান্ত ওই বৈদ্যপুরের গ্রামপঞ্চায়েতের রুইদাসপুর, সেখানে তিনি যান, তাহলে বুঝব তিনি সত্যিকারের মেয়েদের পক্ষের হয়ে কাজ করেন।

শ্রী নরেন হাঁসদা : মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। স্যার, বেলপাহাড়িতে চরম যোগাযোগের ব্যবস্থার অভাব। বিশেষ করে গর্ভবতী মহিলা এবং শিশুদের এত মৃত্যুর হার বেড়েই চলেছে। বেলপাহাড়ি থেকে ওদালচোয়া হয়ে চিরাকুটি পর্যন্ত রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। সুতরাং আমি অবিলম্বে আপনার কাছে দাবি করছি যে, ওই রাস্তাটিতে পীচ রাস্তায় পরিণত করা হোক এবং মেরামতি করা হোক। তা না হলে ওখানে অর্থনৈতিক বৈযম্য দূর করা খুবই কঠিন হবে। গর্ভবতী মায়ের এবং শিশুর মৃত্যুর হার ক্রমশ বেড়েই চলবে। সুতরাং আমি মাননীয় স্পিকারের মাধ্যমে আপনার কাছে দাবি করছি অবিলম্বে যাতে ওই বেলপাহাড়ি থেকে ওদালচোয়া হয়ে চিরাকুটি পর্যন্ত রাস্তাটিতে পীচ রাস্তায় মেরামতি করা হয়। এই বিষয়ে কৃপা দৃষ্টি আপনার কাছে দাবি করছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ও মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। মালদহ জেলায় চাষীরা এবার অনেক কষ্টে ডিজেল সংগ্রহ করেছে। মালদহ জেলায় কোনও মিল নেই বলে ঐ জেলার বোরো ধান বীরভূম ও বর্ধমানের চাষীরা খরিদ করে। মালদহ থেকে সেই ধান ঐ দুটি জেলায় নিয়ে যাবার পারমিট চাষীদের আছে। কিন্তু কিছু দুর্নীতি পরায়ণ পুলিশ অফিসার ফায়দা তোলার জন্য তাদের রাস্তায় আটকাচ্ছে এবং প্রচুর পয়সার বিনিময়ে তাদের ছেড়ে দিচ্ছে। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি এবং আই. জি., ডি. জি. ও মুখ্য সচিবকেও বলেছি। ওখানে ধানের দাম ২৮০ টাকায় উঠেছিল, কিন্তু এর ফলে ধানের দাম কমে ১৭০ টাকায় এসেছে। চাষীরা ধান বিক্রি করার লোক পাচ্ছে না। মিলগুলিতে ধান না

গেলে গভর্নমেন্ট লেভি পাবে না। মার্কেটিং সোসাইটি যে ফি পায়, সেই ফিও পাচ্ছে না। এইভাবে বিভিন্ন দিক দিয়ে গভর্নমেন্ট মার খাচ্ছে। আমি বিভিন্নভাবে খবর নিয়ে দেখেছি যে কোনও আইনেই এই ধান আটকানো যায় না। আমি মুখ্যমন্ত্রীকে বলব এই বিষয়টা ভালো করে তদন্ত করে দেখতে এবং খাদ্যমন্ত্রীকে বলব এই হাউসে এসে এই ব্যাপারে একটা স্টেটমেন্ট দিন যে এই ধান, মিলগুলো কিনতে পারবে কি না? তাদের বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও তাদের রাস্তায় আটকানো যাবে কিনা? আজকে ওখানকার লোকেরা ভীষণভাবে বিপর্যস্ত ও বিভ্রান্ত হচ্ছে। বর্তমানে সরকারের খাদ্য পলিসি কি?

শ্রী সাধন পাণ্ডে ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন এই রাজ্যে আগামী আট তারিখ উপ-নির্বাচন হচ্ছে বালিগঞ্জ কেন্দ্র ও অন্যান্য দুটি কেন্দ্রে। আমরা চাই এই নির্বাচনে নিরপেক্ষভাবে, স্বাধীনভাবে, মানুষ তার গণতান্ত্রিক রায় দিক। কিন্তু দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি এবং সংবাদপত্রেও ছবি বেরিয়েছে, মমতা ব্যানার্জি যখন সন্ধ্যেবেলা ইলেকশন দপ্তরে যায় তখন দেখা যায় সেখানে জটলা করছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কিছু লোক ও ইলেকশন অফিসারের সঙ্গে তারা আলোচনা করছিল। আমরা চাই এই নির্বাচন যেন প্রহসন না হয়, সুষ্ঠুভাবে মানুষ যেন তার রায় দিতে পারে। কিন্তু আমরা দেখছি যে আগামী নয় তারিখে ব্রিগেডে জনসভা ডাকা হয়েছে। আট তারিখে গ্রাম বাংলার মানুষকে নিয়ে এসে ঐ বালিগঞ্জ কেন্দ্রে কংগ্রেস প্রার্থীকে যাতে ফ্লাট করে দিতে পারে তার জন্যই এটা করা হচ্ছে। এর আগে কোনও নির্বাচনের পরের দিন জনসভা ডাকা হয়নি এবং ওই নির্বাচনটাকে প্রহসন করবার জন্যই এটা করা হয়েছে। ওরা রিগিং-এর সমস্ত মেশিনারি তৈরি করছে। এই জিনিস বন্ধ কার দরকার। মুখ্যমন্ত্রীকে বলছি, আপনি অ্যাসিওর করুন, যাতে সুষ্ঠুভাবে সেখানে নির্বাচন হতে পারে এবং বালিগঞ্জের মানুষ যেন সেদিন সুষ্ঠুভাবে তাদের রায় দিতে পারে। বিধানসভা চলাকালীন এই নির্বাচন হচ্ছে এবং ভারতবর্ষের সমস্ত মানুষ এই নির্বাচনের দিকে তাকিয়ে আছে।

শ্রী ঈদ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে খাদ্য দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সামনেই মুসলিমদের পরব, ইদুজ্জোহা আরম্ভ হচ্ছে। ইদুজ্জোহা পরব উপলক্ষ্যে রেশনের মাধ্যমে চিনির যে বরাদ্দ আছে এখন তা যাতে বাড়ানো যায় সেই দাবি আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বোটানিক্যাল লঞ্চ ঘাট থেকে একদিকে মেটিয়াবুরুজ যায় এবং অপর দিকে ফেয়ারলি প্লেস যায়। এই লঞ্চে প্রত্যেকদিন হাজার হাজার মানুষ যাতায়াত করেন। কিন্তু দুর্ভাগ্যের কথা লঞ্চঘাটে কোনও পাকা জেটি নেই। একটা ভাঙা নৌকাকে জেটি হিসাবে ব্যবহার করা এবং তক্তার উপর দিয়ে যেতে গিয়ে রোজ একটা না একটা অ্যাক্সিডেন্ট হচ্ছে। পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ অবিলম্বে এই লঞ্চঘাটের জন্য পাকা জেটির ব্যবস্থা করুন এবং সেই সঙ্গে সঙ্গে এখন ১১টা থেকে ৩.৩০ অবধি লঞ্চ চলাচল বন্ধ থাকে এটাকে অবিলম্বে সকাল সাড়ে সাতটা থেকে রাত্রি আটটা পর্যন্ত যাতে লঞ্চ চলে

সেই ব্যবস্থা করবার জন্য অনুরোধ করছি। কারণ হাওড়ার সঙ্গে কলকাতা বলুন, মেটিয়াবুরুজ বলুন যাতায়াতের অবস্থা খুব সঙ্গীন। রাস্তাঘাট একেবারে ভাঙা এবং যাতায়াত করা সম্ভব হচ্ছে না। লঞ্চ হয়ে অনেকটা সুরাহা হয়েছে এবং এর জন্য পাকা জেটির দাবি করছি।

শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ অনারেবল স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা দেখতে পাচ্ছি, সংবাদপত্রেও প্রকাশিত হয়েছে যে, এন. টি. সি.র মিলগুলোতে কেন্দ্রীয় সরকার—তাঁরা বিদায়নীতি গ্রহণ করেছেন। এই মিলগুলোতে প্রায় ১৪ হাজার শ্রমিক কাজ করেন। ৫ হাজারের নাম তালিকাভুক্ত করে ভি. আর. স্কীমে পাঠানো হয়েছে। পূর্বাঞ্চলের ম্যানেজিং ডিরেক্টার, তাঁর এই প্রস্তাবকে কেন্দ্রীয় সরকার সম্মতি জানিয়েছেন বলে প্রকাশিত। কিছুদিন আগে ত্রিপাক্ষিক বৈঠকও হয়েছিল সেখানে, এই মিলগুলির দুর্দশার কথা চিন্তা করে শ্রমিক, কর্মচারিরা সপ্তাহে সাতদিন কাজ করবার সিদ্ধান্ত গ্রহণ করেন। এবং কাজও করছেন। কিন্তু কর্তৃপক্ষর উদাসীনতায় মিলগুলি পঙ্গু হয়ে যাচ্ছে। হেড অফিসে সার্কুলার এসেছে যে বেতন দেওয়া যাবে না শ্রমিক, কর্মচারিদের। আমরা মনে করি শ্রমিক, কর্মচারিদের স্বার্থবিরোধী এই সিদ্ধান্ত, এই সার্কুলার। এই সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিবাদ জানিয়ে এর ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করছি।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, এবারের বাজেটেও আছে যে বনগাঁ ৩৫ নম্বর সড়কে, বনগাঁ শহরের মধ্যে দীর্ঘদিনের সমস্যা এবং এই সড়কের প্রতিপার্শ্বস্থ যে রাস্তা আছে সেখানে ছোট ছোট ব্যবসায়ী আছে, তা ছাড়া আন্তর্জাতিক ক্ষেত্রেও এই রাস্তাটির গুরুত্ব আছে। কেন্দ্রীয় সরকার ৩ কোটি ১৬ লক্ষ টাকা দিয়েছেন সেখানে একটি ব্রিজ সম্পন্ন করবার জন্য। মাননীয় পূর্তমন্ত্রী সেখানে গিয়ে আট তারিখে সভা করে এসেছেন। ওই ব্যবসাদারদের সমস্যা সমাধানের জন্য এম. এল. এ., এস. ডি. ও. মিলে কেন্দ্রীয় ব্যবসাদার সমিতির সঙ্গে বসে সমস্যা মেটানো হয়। কিন্তু সেখানে প্রোপোজাল দেবার সঙ্গে সঙ্গে এন. এইচ.এ চীফ ইঞ্জিনিয়ার চিঠি দিয়ে সমস্ত কাজকে বাতিল করে দেন। এই কাজ বন্ধ হওয়ার ফলে শুধু বনগাঁ শহরে নয়, সমস্ত মানুষ বিক্ষোভে ফেটে পড়েছেন। আসছে সোমবারে বন্‌ধ ডেকেছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অবিলম্বে এই অব্যবস্থা প্রতিকারের জন্য দাবি জানাচ্ছি।

[12-20—12-30 P.M.]

শ্রী মণীন্দ্রনাথ জানা ঃ মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার এলাকার একটি ঘটনা নিয়ে। ১৯৭২ সালে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের যেভাবে মারধোর করা হত, সেই রকম আমার কনস্টিটিউয়েন্সিতে রাজবলহাট উচ্চ বিদ্যালয়ে গত ১৫ তারিখে কংগ্রেস এবং বি. জে. পি.র অসামাজিক মানুষ স্কুলে ঢুকে হেড মাস্টার এবং তিনজন শিক্ষককে মারধোর করে এবং তারা হাসপাতালে ভর্তি হয়ে আছেন এবং ১৭ জন মানুষ যারা প্রতিবাদ করে তাদেরও আহত করে এবং তারাও হাসপাতালে ভর্তি আছেন। গত রবিবার কেন্দ্রীয় মন্ত্রী ওই এলাকায় যান এবং ওই

এলাকায় যে শান্তির অবস্থা আছে তাকে ভাঙতে চেষ্টা করছেন। তিনি বলেছেন, ১৯৭২ সালের মতো শিক্ষকদের মারধোর করা হবে এবং ১৯৭২ সালের মতো অবস্থা করা হবে। পুলিশ যাদের অ্যারেস্ট করেছিল তাদের ছাড়াবার জন্য থানা ঘেরাও করে। হরতাল ডাকে। পুলিশ যে সাহায্য করেছে তার বিরুদ্ধে কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন। কেন্দ্রীয় মন্ত্রী এখানে জনসভা করেছেন।

শ্রী শৈলজাকুমার দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি সেচ এবং জলপথ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনতিবিলম্বে এই ব্যাপারে যথোচিত ব্যবস্থা নেওয়ার অনুরোধ করছি। আপনি জানেন, আমাদের মেদিনীপুর জেলার দক্ষিণ সীমানা হচ্ছে বঙ্গোপসাগর। দিঘা থেকে রসুলপুর ৪০ কিলোমিটার সম্প্রতি সীডাইক হয়েছে এবং সীডাইক মেরামত দীর্ঘদিন ধরে হয়নি। চেষ্টা করার পরে, নিবেদন করার পরে কাজটা শুরু হয়েছিল। কিন্তু এখন সীডাইক মেরামতের কাজ বন্ধ হয়ে গিয়েছে। স্থানীয় অফিসারদের কাছে জানতে গিয়ে জানতে পারলাম, দিঘা থেকে রসুলপুর-এর ৪০ কিলোমিটারের জন্য যথেষ্ট অর্থের জোগান নেই, অর্থের অভাবে কাজ বন্ধ আছে, এই বছর কাজ হবে না। এই কথা স্থানীয় অফিসারেরা জানিয়েছেন। বর্ষার সময়ে যে ঘূর্ণীঝড় হয়, সেই ঘূর্ণীঝড় বয়ে যায় দিঘা, কাঁথি এবং রামনগরের বিস্তৃত এলাকা দিয়ে। তাই মন্ত্রী মহাশয়ের কাছে দাবি, ৪০ কিলোমিটারের যে এমব্যাঙ্কমেন্ট রয়েছে, সেই এমব্যাঙ্কমেন্ট এখনই মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হোক। না হলে আগামী বর্ষার সময়ে বঙ্গোপসাগরের ঘূর্ণিঝড় পাশের অঞ্চলে আছড়ে পড়বে এবং তাতে ওই এলাকার মানুষের জীবন এবং ধনসম্পদের ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই দাবি করছি, অর্থের জোগান দিয়ে স্থানীয় অফিসারদের এখনই বলা হোক যেন বর্ষার আগে এমব্যাঙ্কমেন্ট মেরামতের ব্যবস্থা করা হয়।

[12-30—12-40 P.M.]

শ্রী রাইচরণ মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কেতুগ্রাম থানার বন্দর গ্রামের উপর দিয়ে বিদ্যুতের লাইন গিয়েছে। সেই লাইনের একটা তার ছিঁড়ে গিয়ে একটি ছেলে সজল মাঝি ১৮ বছর তার বয়স সে মারা যায়। গ্রামটি হচ্ছে গোয়ালা অধ্যুষিত। সেই ছেঁড়া তারে বিদ্যুৎপৃষ্ট হয়ে ৭টি গাই মোষ ও একটি গরু মারা যায়। যাদের গাইমোষ ও গরু মারা গিয়েছে তাদের নাম হচ্ছে, সাক্ষী ঘোষ, অজিত ঘোষ (১) ও (৩) খোকন ঘোষ। গোয়ালা, যাদের গরু মোষ মারা গিয়েছে তারা যাতে উপযুক্ত ক্ষতিপূরণ পায় এবং সজল ঘোষের পরিবারকে যাতে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়া হয় তারজন্য আমি মাননীয় বিদ্যুতমন্ত্রী ও মাননীয় পশুপালন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ মোতাহার হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়; একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলা খরায় ধুঁকছে। বিধানসভায় বার বার এটা নিয়ে মেনশন করা হয়েছে, মন্ত্রীদেরও বলা হয়েছে যে সেখানে পানীয় জলের তীব্র সঙ্কট চলছে বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্র মুরারইতে। স্যার, বাকসর্বস্ব মন্ত্রীরা বলেন যে নাকি টাকা সেখানে পাঠিয়ে দেওয়া হয়েছে, অ্যালটমেন্ট হয়েছে, সেখানে

কাজ হবে, জলের আর অভাব থাকবে না, কিন্তু আমরা দেখছি কাজের কাজ কিছুই হচ্ছে না। এখানে বিভিন্ন রাজনৈতিক দলের বিধায়ক যারা আছেন তারা নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন যে টাকা গিয়েছে বলা হচ্ছে কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। সেখানে আজ পর্যন্ত নতুন কোনও টিউবওয়েল বসেনি। পুরানো টিউবওয়েল যেগুলি ডিফাঙ্কট হয়ে গিয়েছে সেগুলি মেরামত হয়নি ফলে সেখানে তীব্র জলের সঙ্কট চলছে। মানুষ বাধ্য হয়ে পানীয় জল না পেয়ে পুকুর ও নদীনালার জল খাচ্ছে। এর ফলে সেখানে গ্যাসট্রোএনটাইটিস ও নানান রকমের রোগ হচ্ছে। এর প্রতিকারের জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এ ব্যাপারে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে যুদ্ধকালীন জরুরি অবস্থার মতন তৎপরতা নিয়ে সেখানকার পানীয় জলের সঙ্কট দূর করা হোক। তা ছাড়া সেখানে বিদ্যুতের অভাব চলছে এবং তারজন্যও এই জল সরবরাহ ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে। যুদ্ধকালীন জরুরি ভিত্তিতে এটা মেটানোর জন্য দাবি জানাচ্ছি।

শ্রী আবু আয়েস মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বর্ধমান জেলার মন্তেশ্বর ও নাদনঘাট বিধানসভা কেন্দ্রের যোগাযোগকারী জামানত দীর্ঘ পাড়া রাস্তাটি প্রায় ১০ বছর ধরে অসমাপ্ত হয়ে পড়ে আছে। এই রাস্তাটির যে অংশেটি সমাপ্ত হয়েছে তা সংস্কারের অভাবে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে এবং বাকি অংশটি খানাখন্দে পরিণত হয়েছে। সেখানে রাস্তার পাশে যে পাথরকুচি রাখা আছে তা অযথা অপচয় হচ্ছে এবং এ নিয়ে জনসাধারণের মনে ক্ষোভ ও অসন্তোষ আছে। আমার অনুরোধ, অবিলম্বে সমাপ্ত অংশটির সংস্কার ও অসমাপ্ত অংশটির কাজ সমাপ্ত করা হোক।

শ্রী অজয় দে ঃ স্যার, আমার এলাকার একটা সমস্যার ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার অন্তর্গত হরিপুর গ্রাম পঞ্চায়েতের অধীন মেথিরডাঙা গ্রামে দীর্ঘদিনের একটি বাঁধ সংস্কারের অভাবে অকেজো হয়ে পড়ে রয়েছে। প্রতি বছর সরকারের কাছে আবেদন নিবেদন করা হয় কিন্তু আজ পর্যন্ত সেই বাঁধটা সংস্কারের জন্য কোনও কাজ করা হচ্ছে না। প্রতি বছর বর্ষায় এই বাঁধ ভাঙতে ভাঙতে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যার ফলে এই বর্ষায় এই বাঁধ আবার নতুন করে ভাঙনের তীব্র আশঙ্কা দেখা দিয়েছে। ফলে আবার হাজার হাজার একর জমি জলের তলায় যেমন অতীতে চলে গেছে, এবারও সেই আশঙ্কা দেখা দিয়েছে। জেলা পরিষদকে বলা হয়েছে, জেলা শাসককে বলা হয়েছে, কিন্তু কোনওরকম ব্যবস্থা নেওয়া হচ্ছে না, আর্থিক ঘাটতির দোহাই দেওয়া হচ্ছে। আমি আপনার মাধ্যমে দাবি করছি অবিলম্বে এই বাঁধটিকে সেচ দপ্তরের অধীনে এনে সংস্কারের ব্যবস্থা করা হোক। এই আবেদন আমি জানাচ্ছি।

শ্রী দেবেশ দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের অপদার্থতার একটি বিষয় নিয়ে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘ আট দশ বছর আগে আমার নির্বাচনী এলাকার পাশ দিয়ে বনগাঁ-ক্যানিং রেল লাইন চালু হয়েছে। দীর্ঘ ৩২ কিলোমিটারের মধ্যে কোনও রেল স্টেশন নেই। যখন রেল লাইন তৈরি হয়েছিল, তখন বলা হয়েছিল

বেলেঘাটা এবং পার্কসার্কাসে স্টেশন তৈরি করা হবে। কিন্তু কেন্দ্রীয় রেল দপ্তরের অপদার্থতা, চরম উদাসীনতা এবং অবহেলার জন্য এটা এখনও করা হচ্ছে না। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি আপনার মাধ্যমে এই গুরুতর বিষয় সম্পর্কে রেল মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পিকার ঃ আমার মাধ্যমে রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা যায় না। রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে হলে মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে হবে।

শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাদ্রাসা বিষয়ক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ইংরাজি ৮-৪-৮৮ তারিখে ক্যালকাটা মাদ্রাসায় একজন ইংরাজি শিক্ষক নিয়োগ অন্যায়ভাবে হয়েছিল এবং পরীক্ষায় নানারকম দুর্নীতির ব্যাপার ছিল। লাইব্রেরির বই কেনা সংক্রান্ত ব্যাপারে দুর্নীতি এবং অর্থ তছরূপ ইত্যাদি বিভিন্ন দুর্নীতির প্রতিবাদ হয়। এবং সেই অ্যাপয়েন্টমেন্ট এবং দুর্নীতির বিরুদ্ধে তদানীন্তন মাদ্রাসা শিক্ষামন্ত্রী আব্দুল বারি সাহেব তিনি একটা তদন্তের নির্দেশ দেন। একজন শিক্ষা অধিকর্তার নেতৃত্বে একটা তদন্ত কমিশন হয়। সেই কমিশনের রিপোর্ট ২৪-১০-৯০ তারিখে বার করা হয়। সেই রিপোর্টে ক্যালকাটা মাদ্রাসা কর্তৃপক্ষকে দোষী সাব্যস্ত করে রিপোর্ট দেওয়া সত্ত্বেও সেই রিপোর্টের ভিত্তিতে কোনও প্রতিকার আজ পর্যন্ত হয়নি। এই ব্যাপারে আমি মাদ্রাসা সংক্রান্ত শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ রিপোর্টের উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়, এবং প্রতিকার করা হয়, এই দাবি আমি জানাচ্ছি।

শ্রীমতী আরতি দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী এবং মাননীয় তথ্যমন্ত্রীর একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ইদানিংকালে নিউজ প্রিন্টের মূল্য বৃদ্ধি পরপর যা ঘটেছে তার দিকে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন গত দেড় বছরে নিউজ প্রিন্টের মূল্য বৃদ্ধি হয়েছে তিন বার। এক ধাক্কায় এবারে তামিলনাড়ু, মাইসোর এবং হিন্দুস্থান পেপার মিল, যেগুলো রাষ্ট্রায়ত্ত সংস্থা, তারা টন প্রতি এক হাজার টাকা বাড়িয়ে দিয়েছে। নেপা লিমিটেড তারা সাড়ে ১৭ টাকার বেশি বাড়িয়ে দিয়েছে। আপনি জানেন নিউজ প্রিন্টের মূল্য বৃদ্ধির ব্যাপারে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী কুরিয়ারের কাছে বার বার আবেদন করা হয়েছিল ইন্ডিয়ান নিউজ পেপার সোসাইটির তরফ থেকে কৃষ্ণমূর্তি বার বার বলেছেন নিউজ প্রিন্টের দাম যদি এইভাবে বাড়তে থাকে তাহলে কাগজগুলো বন্ধ করে দিতে বাধ্য হবেন।

দৈনিক কাগজগুলি দাম বাড়িয়ে কোনও রকমে ঘাটতি পূরণ করছে। কিন্তু ছোট ছোট কাগজগুলি, যাঁদের অন্য কোনও উপায় নেই এবং রাজনৈতিক কর্মীদের যে সমস্ত লিফলেট, বুক-লেট নিউজ প্রিন্টের মাধ্যমে ছাপা হয়, সেগুলি সমস্ত বন্ধ হয়ে যাবে, এইভাবে নিউজ প্রিন্টের দাম যদি বার বার বাড়তে থাকে। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় শিল্প-বাণিজ্য মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12-40—12-50 P.M.]

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সবং-এ বিগত ১৫ বছর ধরে প্রায় ২৪টি জুনিয়র হাই স্কুল, হাই স্কুল স্তরে উন্নীত হওয়ার জন্য অপেক্ষা করছে। অবশ্য আমি জানি রাতারাতি সমস্ত জুনিয়র স্কুলকে হাই স্কুলে উন্নীত করা সম্ভব নয়। কিন্তু যে স্কুলগুলির বিগত কয়েক বছর পরীক্ষার মান, ছাত্রছাত্রীদের মান, শিক্ষক শিক্ষিকার সংখ্যা, বিল্ডিং ইত্যাদি ক্ষেত্রে উন্নতি ঘটেছে সেগুলির প্রতি যদি মাননীয় মন্ত্রী মহাশয় একটু দৃষ্টি দিয়ে অগ্রাধিকারের ভিত্তিতে তাদের হাই স্কুলে উন্নীত করেন তাহলে ভাল হয়। সেজন্য আমি তাঁকে এই পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করছি। যেমন আমি উদাহরণ হিসাবে এখানে বলতে পারি যে, 'বেনেদীঘি জনকল্যাণ স্কুল'টি বিগত ১৫ বছরে অনেক ডাক্তার, ইঞ্জিনিয়ার, ভাল ভাল ছেলে উপহার দিয়েছে। বাড়িঘর, শিক্ষক, শিক্ষিকা ইত্যাদি সমস্ত রকম ব্যবস্থাই সেখানে রয়েছে, ফল ভাল করছে, কিন্তু কোন এক অজ্ঞাত কারণে অনুমোদন পাচ্ছে না। জেলা রেকমেন্ডিং কমিটিকে রাজনৈতিক দলমতের উর্ধ্বে থেকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সুতরাং তারা কি করছে, না করছে তা মন্ত্রী মহাশয়কে খতিয়ে দেখতে হবে। আমি মাননীয় মাধ্যমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি যে, 'বেনেদীঘি জনকল্যাণ স্কুল'টি সত্যিই খুব ভাল স্কুল, তিনি এ বিষয়ে নিজে হস্তক্ষেপ করে স্কুলটির সার্বিক মূল্যায়ন করে সেকেন্ডারি স্কুল পর্যায়ে উন্নীত করার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। স্যার, এই কাজ করার জন্য এই দাবি আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে করছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি বিরোধী সদস্যদের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে সহ-মত চাইছি। পুলিশ এবং সমাজবিরোধীদের মধ্যেকার সম্পর্ক নিয়ে বিভিন্ন সময়ে আমাদের বিরোধী সদস্যরা এখানে ক্ষোভ প্রকাশ করেছেন। এই প্রসঙ্গে সম্পূর্ণ অন্য একটা দিক আমি একটু সভার সামনে জানতে চাই। সেটা হচ্ছে সমাজবিরোধীদের রাজনৈতিক আশ্রয়দানের প্রশ্ন। স্যার, আপনি জানেন একটা দুঃখজনক ঘটনা গোটা পৃথিবীর সামনে আমাদের মাথা হেঁট করে দিয়েছে। সত্যজিৎ রায়ের অন্ত্যেষ্ঠির সময়ে কেওড়াতলা শ্মশানে সমাজবিরোধীরা যে ঘটনা ঘটিয়েছে তাতে আমি বিশ্বাস করি তার জন্য আমরা যেমন লজ্জিত হয়েছি তেমন আমাদের বিরোধী দলের সদস্যরাও লজ্জিত হয়েছেন। কিন্তু আজকে এখানে আশঙ্কার বিষয় হচ্ছে যাকে কেন্দ্র করে ওখানে যে সমাজবিরোধী কার্যকলাপ আতঙ্ক সৃষ্টি করেছিল তার মুক্তির দাবি করছে কংগ্রেসের দু'জন কাউন্সিলর। তার মুক্তি দাবি করে কংগ্রেসের কলকাতা কর্পোরেশনের দু'জন কাউন্সিলর প্রকাশ্যে শ্লোগান দিলেন। আমি নাম করতে চাই না, আর একজন কাউন্সিলর, যিনি বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকায় আছেন তিনি আদালতে গিয়ে ঐ সমাজবিরোধীর—স্বপন দে'র জন্য দাঁড়ালেন। এটা সংবাদপত্রে আমরা দেখেছি।

শ্রী সাধন পাণ্ডে ঃ সমাজবিরোধীদের জন্ম দিয়ে এখন আদর্শের কথা বলছেন!

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ আপনারা সমাজবিরোধীদের জন্ম দিয়েছেন। আপনাদের কেন্দ্রীয়

মন্ত্রীর প্রাইভেট বডি গার্ড ছিল ঐ সমাজবিরোধী। স্যার, দু'জন কংগ্রেস কাউন্সিলর অনুপ চ্যাটার্জি এবং লক্ষ্মীনারায়ণ ঘোষ স্লোগান দিয়ে বলেছে, 'স্বপনকে মুক্তি দেওয়া হোক।' আর একজন কাউন্সিলর, যিনি বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন, তিনি আদালতে দাঁড়িয়ে ঐ সমাজবিরোধীর মুক্তির জন্য আবেদন জানিয়েছেন। আমি তাঁর নাম করতে চাই না।

আমি আপনাদের কাছে আবেদন করছি, এটা রাজনৈতিক বিতর্কের প্রশ্ন নয়, আপনারা অন্তত এই ধরনের কাজ থেকে দলীয় কাউন্সিলর এবং কর্মীদেব বিরত করুন।.....(গোলমাল) মমতা ব্যানার্জির বডিগার্ড স্বপন দে এই কথা দুনিয়ার লোক জানে। সুতরাং গলা তুলে কথা বলবেন না। (গোলমাল) স্বপন দেকে আপনারাই তৈরি করেছেন। বালিগঞ্জের উপ-নির্বাচনের প্রার্থী, কংগ্রেসী কাউন্সিলর, তার মুক্তির জন্য আদালতে দাবি করেছেন—এই কথা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। (নয়েজ) আমি আবেদন করছি, এই ধরনের প্যাট্রোনেজ আপনারা দেবেন না।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে বলার সুযোগ দিয়েছেন সেইজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। মানববাবু যা বলেছেন ভাল কথা বলেছেন। সমাজবিরোধীদের বিরুদ্ধে সবাই মিলে একজোট হয়ে কাজ করা উচিত। ভাল কথা, উনি কেওড়াতলা শ্মশানের কথা বললেন, কিন্তু শ্রীধর দাসের কথা বললেন না। উদারতা না থাকলে যৌথভাবে লড়াই করা যায় না। নিমতলা শ্মশানের কথা বড় করে সংবাদপত্রে বেরিয়েছে। আপনাদের দলের ভগৎ, সেখানে চুরি, ছিনতাই, গাঁজার আড্ডা চালিয়ে যাচ্ছে আপনাদের পৃষ্ঠপোষকতায়। মানববাবু, আপনি চ্যালেঞ্জ করতে পারেন, আপনি আমার সাথে যাবেন? ভগৎ কাদের দলের সদস্য? নিমতলা মহাশ্মশানে গরিব মানুষদের সমস্ত কিছু লুঠ করছে। সুতরাং সঙ্কীর্ণ মন নিয়ে লড়াই করা যায় না।

Mr. Speaker : Mr. Subrata Mukherjee, when Shri Manab Mukherjee gave me the notice of his mention which had a disclosure of certain names which would likely influence the election which is going to be held shortly, I told him that I will not allow the floor of the Assembly to be converted into an election platform and as such I will not allow you to use any names. You make your mention without using those names. So he has made his mention without using any names. Because he had named the name of an accused person, not any other names.

(Noise)

Please, please. I have told you that if you insist in using any other names, I will not allow you to mention it because I will not allow the floor of the Assembly to be converted into an election platform. Because the bye-election is going to be held. So we can keep this matter out of the controversy at the moment. He has made some submissions. You

have replied to that. Let him remain as that.

Now, Shri Brajo Gopal Neogi, you make your mention.

(Noise)

(At this stage, Shri Subrata Mukherjee rose to speak)

If you continue to make the allegations, the counter-allegations will also come from the opposite side. You should be refrained from doing this. It is not fair.

(Noise)

(At this stage, Shri Saugata Roy rose to speak)

Mr. Saugata Roy, I have told him to be restrained in using the names. Because it will not be fair, Accordingly he has made his submissions. So, the matter ends over there.

Now, Shri Brajo Gopal Neogi.

[12-50—1-00 P.M.]

শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার পৌলবার বিভিন্ন গ্রামে আন্ত্রিক রোগ বেড়ে যাচ্ছে। হান্নান গ্রামের তফসিলি আদিবাসীদের মধ্যে আন্ত্রিক রোগের জন্য ৫০ জন হাসপাতালে ভর্তি হয়েছে। বৃষ্টি নেই, কাজেই গ্রামে পুকুরের জল শুকিয়ে গেছে। জলকে দূষণ মুক্ত করার জন্য স্বাস্থ্য বিভাগের উদ্যোগ দরকার। প্রাথমিক হেল্‌থ সেন্টারের কর্মীদের উপর তাদের বিশেষ আস্থা নেই, এলাকায় রোগ প্রতিরোধের জন্য জেলা এবং রাজ্য থেকে টিম এবং ঔষধপত্র পাঠানো দরকার। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়ার সদর হাসপাতাল কৃষ্ণনগরে অবস্থিত। এক হাজার শয্যা বিশিষ্ট এই হাসপাতালের নাম শক্তি নগর সদর হাসপাতাল। কিন্তু এই হাসপাতালে কোনও জীবনদায়ী ঔষধ পাওয়া যায় না। স্যালাইন নেই। এক্স-রে প্লেট নেই এমন কি সামান্য একটা যে ব্লাড ব্যাঙ্ক আছে সেখানে রক্ত না পাওয়ায় একজন রোগী রক্তের অভাবে মারা গেল। স্বেচ্ছায় রক্ত দেবার জন্য প্রস্তুত থাকলেও তা নিতে পারছে না। রোগীদের যা খাদ্য দেওয়া হয় তা অখাদ্য, রোগীর বরাদ্দকৃত অর্থ থেকেও তা দেওয়া হয় না। এমন কি রোগীর শয্যার পাশে কুকুর, বিড়াল এবং শূয়োরও বিচরণ করে, এ ছাড়াও সেখানে অনেকরকম অসামাজিক কাজও হয়ে থাকে..

(মাইক বন্ধ হয়ে যাওয়ায় মাননীয় সদস্য তাঁর আসন গ্রহণ করেন।)

শ্রী ইউনুস সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে ৮ই নির্বাচন হচ্ছে। তারমধ্যে আমাদের বহরমপুরও আছে। কিন্তু এই বহরমপুরের নির্বাচনকে কেন্দ্র করে কংগ্রেস সমাজবিরোধীদের সংগঠিত করার চেষ্টা করছে। ঘটনাটা হচ্ছে গত নির্বাচনে মুর্শিদাবাদ জেলার সমাজবিরোধীদের নেতা বার বার বামপন্থী আন্দোলনের কর্মী এবং নেতাকে খুন করায় ঐ এলাকার জনগণ তার প্রতি বিরূপ হয়ে তাকে প্রত্যাখ্যান করেছেন। সেই আশঙ্কায় আমাদের একজন মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী মাথায় ফেটী বেঁধে রাস্তায় নেমে তাদের উত্তেজিত করার চেষ্টা করছেন। বহরমপুর—নবগ্রাম এর মধ্যবিত্ত বহরমপুর-হাবিবপুর গ্রাম এলাকায় এই অবস্থা চলছে।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় তথ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রবীন্দ্র ভাব ধারার শেষ ধারক সাহিত্যে শ্রী অমর কবি, কবিশেখর কালীদাস রায়ের সম্প্রতি জন্ম শতবর্ষ পূর্ণ হল। পশ্চিমবঙ্গ সরকার এবং বাংলা অ্যাকাডেমী কবির জন্ম শতবর্ষে তাঁর প্রতি কোনও শ্রদ্ধা, সম্মান প্রদর্শন করেননি। যদিও মাননীয় তথ্যমন্ত্রী সম্মতি দিয়েছিলেন যে তাঁর স্মৃতি রক্ষা করা হোক। আমাদের দাবি এতবড় একজন কবিকে বিস্মৃতির অতলে তলিয়ে যেতে দেবেন না। কবির নামানুসারে দক্ষিণ কলকাতায় একটি রাস্তার নামকরণ করা হোক এবং তাঁর সমগ্র রচনাবলি প্রকাশ করে তা সকলের কাছে পৌছানোর ব্যবস্থা করা হোক।

শ্রী রঞ্জিৎ পাত্র ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্ত এবং নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের দাঁতন এলাকায় দাঁতন শহরের রাস্তাটির নাম ও. টি. রোড। রাস্তাটি বেলদা, খড়গপুর, ওড়িশা ও সমগ্র দক্ষিণ ভারতের সঙ্গে যোগাযোগকারী রাস্তা। খড়গপুর বেলদার রাস্তাটি হাইওয়ে হিসাবে স্বীকৃতি পেয়েছে, কিন্তু এই রাস্তার দু'পাশে জল নিকাশি ব্যবস্থা না থাকায় তা রক্ষা করা অসম্ভব হয়ে উঠেছে। সেজন্য আমি দাবি করছি ঐ ২০-৩০ কিলোমিটারের মতো রাস্তা অবিলম্বে মেরামত করার ব্যবস্থা নেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি তোলা হোক।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী এবং তফসিলি ও আদিবাসী বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দক্ষিণ ২৪ পরগনা জেলার বিভিন্ন স্কুলে ছাত্রাবাসে যেসব তফসিলি ও আদিবাসী ছাত্রছাত্রী পড়াশুনা করছে তাদের হোস্টেল ফি বাবদ টাকা গত মার্চ মাস পর্যন্ত অনেক স্কুলে যায়নি। তার ফলে ঐসব ছাত্রছাত্রীরা প্রচণ্ড অসুবিধার মধ্যে পড়েছে। স্কুলগুলিও অসুবিধার মধ্যে পড়েছে। যাতে ঐসব স্কুলগুলিব তফসিলি ও আদিবাসী ছাত্রছাত্রীরা হোস্টেলে ফ্রি পায় তারজন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীদ্বয়কে বলছি।

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে কারা-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়াতে একটি সাব-জেল আছে, কিন্তু ঐ সাব-জেলটির অবস্থা অত্যন্ত খারাপ। সেখানে কোনও মহিলা কয়েদী থাকবার ব্যবস্থা নেই এবং তার ফলে সেখানে অনেক মহিলা কয়েদীকে থানায় থাকতে হয়। সেই সব মহিলা

কয়েদীদের যাতে আলাদা থাকবার ব্যবস্থা করা হয় তারজন্য আমি কারামন্ত্রীর কাছে উলুবেড়িয়ার জনসাধারণের পক্ষ থেকে দাবি রাখছি, উলুবেড়িয়া সাব-জেলে তার ব্যবস্থা করা হোক। যেসব মহিলা আসামীদের হাওড়ার মল্লিক ফটকে নিয়ে আসতে হয় তাদের রাতে থানায় ফেলে রাখা হয়। তাই আপনার মাধ্যমে বিষয়টির প্রতি কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মোজাম্মেল হক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ এবং বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি বিদ্যুতের দাম, বিশেষ করে কৃষিতে অগভীর নলকূপের ক্ষেত্রে বিদ্যুতের দাম বৃদ্ধি ঘটানো হয়েছে এবং তার ফলে চাষীরা একটা সঙ্কটের মধ্যে পড়েছে। যেখানে পূর্বে ১,০৫০ টাকা ডিপোজিট দিতে হত এবং ইয়ারলি ১,১০০ টাকা রেন্ট দিতে হত, সেখানে ডিপোজিট হয়েছে ৪,০৫০ টাকা এবং রেন্ট হয়েছে প্রায় ১,৮০০ টাকা। বিদ্যুতের দাম বাড়িয়েছেন ঠিক আছে, কিন্তু এতটা বৃদ্ধি ঠিক হয়নি। বিষয়টা পুনর্বিবেচনা করা দরকার, সে কারণে দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি সম্প্রতি জেনেছেন যে, উত্তরবঙ্গ থেকে যে সমস্ত ট্রেন আসে তার উপর ডাকাতরা আক্রমণ করছে, ছিনতাই করছে। কিন্তু যেসব পুলিশ ট্রেনের যাত্রীদের নিরাপত্তার কাজে ঐসব ট্রেনে থাকেন তারা ট্রেনের কামরার মধ্যে ঘুমান। আমি ট্রেনে আসার সময় তাদের ব্যক্তিগতভাবে বলেছি—আপনারা যে জন্য এসেছেন সেটা দেখুন! বর্তমানে অনেক চেইন পুল হচ্ছে এবং সমাজবিরোধীরা আক্রমণ করছে। সম্প্রতি দিল্লি থেকে প্যাসেঞ্জারদের সুযোগ-সুবিধা দেখবার জন্য যে কমিটি রয়েছে তার চেয়ারম্যান এসেছিলেন। এই ব্যাপারে আমি তাঁরও দৃষ্টি আকর্ষণ করেছি, বলেছি—ট্রেনের পরিষেবা খুবই নিম্ন মানের। এর প্রতিকারে যাতে মাননীয় মুখ্যমন্ত্রী উদ্যোগ নেন তারজন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-00—1-10 P.M.]

শ্রী শিশিরকুমার সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে অবিলম্বে কার্যকরি ব্যবস্থা নেবার জন্য দাবি জানাচ্ছি। বিষয়টি হচ্ছে, সুসংহত শিশু বিকাশ প্রকল্পের সি. ডি. পি. ও পদটি পূরণ ও এই প্রকল্পটি চালু করা। এখনও আমলাতান্ত্রিক ব্যবস্থা সম্পূর্ণ বজায় আছে যার ফলে এই অচল অবস্থার সৃষ্টি হয়েছে। অঙ্গনওয়ারি গ্রামে লিখিত পরীক্ষা হয়েছিল তাতে ৭০ মধ্যে ৬০ থেকে ৬৫ নম্বর পায় বেশ কয়েক জন মহিলা। অথচ প্রবন্ধ ছিল ১১ নম্বরের। তাই, এই নম্বর সম্বন্ধে স্বভাবতই সন্দেহ জাগে। এই বিষয়ে একজন বিধায়ক ও চেয়ারম্যান হিসাবে আমি প্রতিবাদ করেছিলাম। তখন দুইজন পরীক্ষার্থীকে দিয়ে হাই কোর্ট করাতে হয়। তারপরের ঘটনা হচ্ছে যে হাই কোর্টের অর্ডার হয় যে দুটি পদ বাকি রেখে নিয়োগ করা হোক। কিন্তু সি. ডি. পি.ও টালবাহনা করতে থাকে। তখন ঐ মহিলারা ডেপুটেশন দেয়। তিনি ডি. এম.কে ভুল বুঝিয়ে ট্রান্সফার হয়ে চলে যান। এই বিষয়ে অবিলম্বে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা করা হোক।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি

শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচ কেন্দ্র গোঘাট এলাকায় একটি টেকনিক্যাল স্কুল আছে, সেখানে দীর্ঘদিন ধরে সুপারিনটেন্ডে নেই। ঐ স্কুলে কারিগরি শিক্ষার জন্য ক্লাশ রয়েছে। কাজেই অবিলম্বে যাতে সেখা সুপারিনটেন্ডেন্ট নিয়োগ করা হয় তার জন্য কারিগরি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আক করছি।

শ্রী শচীন হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়ে এবং সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি আমার নির্বাচনী এলাকা হচ্ছে খানাকুল। আপনি অবগত আছেন যে এটা বন্যা প্লাবি এলাকা। বিশেষ করে মুণ্ডেশ্বরী এবং রূপনারায়ণের উভয় তীরে যে বাঁধগুলি আছে সেগু অবিলম্বে মেরামত করা দরকার। এখন যদি মেরামত করা না হয়, বর্ষার সময়ে যা মেরামত করতে যাওয়া হয় তাহলে টাকা-পয়সা অযথা নষ্ট হবে সবং বাঁধের কাজও ঠি মতো হবে না, বন্যাও আটকানো যাবে না। কাজেই বাঁধগুলি অবিলম্বে মেরামত করার জ আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননী মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বামফ্রন্ট সরকার শিক্ষকদের মর্যাদা এব নিয়মিত বেতন প্রদানে প্রতিশ্রুতি বদ্ধ। গত ২ মাস যাবত আমাদের জলপাইগুড়ি জেলা মাধ্যমিক শিক্ষকরা বঞ্চিত হচ্ছেন, তাঁরা বেতন ঠিকমতো পাচ্ছেন না এবং পেলেও প্রা ১০০০ টাকা ৫০০ টাকা করে বেতন কম পাচ্ছেন। এর ফলে একটা ক্ষোভের সঞ্চার হচ্ছে আমরা যেখানে লেশন প্লান অনুসারে শিক্ষার দাবি করছি, শিক্ষা সম্প্রসারণে সচেষ্ট আছি সেখানে আমার মনে হয় উক্ত শিক্ষক এবং শিক্ষাকর্মী ভাইদের আত্মমর্যাদা যাতে ক্ষুন্ন ন হয় সেটা দেখা উচিত। আপনি এই ব্যাপারে ব্যবস্থা নিন এবং এই ব্যাপারে কে দায়ী সেট দেখবেন।

শ্রী সৌগত রায় ঃ স্যার, বালিগঞ্জ উপনির্বাচনকে কেন্দ্র করে সি. পি. এম. দলের ম্যানুপুলেশনের চেষ্টা এর আগে এই সভায় উল্লেখিত হয়েছে। আপনি দেখেছেন গত শনিবার ইলেকশন অফিসে বালিগঞ্জে একটা চোর ধরা পড়েছে। তিনি বহিরাগত কর্মী, ও. সি. ইলেকশনের সঙ্গে বসে কাজ করছিলেন এবং তিনি কো-অর্ডিনেশন কমিটির সদস্য। তিনি ম্যানুপুলেশন করছিলেন পোলিং পার্সোন্যালের নাম, যাতে শুধু কো-অর্ডিনেশন কমিটির লোকেরা বালিগঞ্জে নির্বাচন করতে যান। এই রকম আরও ৫ জন লোক কো-অর্ডিনেশন কমিটির দেখা যাচ্ছে, যাদের আন-অথরাইজড ইলেকশন অফিসে নিয়মিত যাতায়াত আছে। আমরা দাবি করছি অবিলম্বে এই রকম যাতায়াত বন্ধ করা হোক এবং বালিগঞ্জে রিটার্নিং অফিসার পরিবর্তন করা হোক, যার আমলে এই পোলিং অফিসার নিয়মিত ম্যানুপুলেটেড হচ্ছে। এর আগে উল্লেখিত হয়েছে, আমি এই হাউসে বলতে চাই ৯ তারিখে ডি. ওয়াই. এফ.-এর সভা ডাকা হয়েছে এবং সেই উপলক্ষে আমাদের কাছে খবর সল্ট লেকে বহু মানুষ থাকবে এবং তারা ওখান থেকে হেঁটে গিয়ে তিলজলায় ভোট দিয়ে আসবে। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে সল্ট লেকে এই লোক রাখা বন্ধ করুন, ডি. ওয়াই.

এফ.-এর সভা কয়েক দিনের জন্য বন্ধ রাখুন এবং গণতন্ত্র রক্ষার্থে নির্বাচন যাতে স্বাভাবিক হয়, মানুষ যাতে স্বাধীনভাবে ভোট দিতে পারে, বাইরে থেকে লোক না আসতে পারে, তার ব্যবস্থা করুন। পশ্চিমবাংলায় তিনটি উপনির্বাচন আছে, বহরমপুর, নয়াগ্রাম এবং বালিগঞ্জ এইগুলি যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, প্রতিটি ভোটার যাতে তাদের ভোটাধিকার ব্যবহার করতে পারেন তার ব্যবস্থা করুন। এই ব্যাপারে শুনলাম মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন যে ভোটে যাতে সন্ত্রাস না হয়, সেটা দেখতে হবে। আমরা দেখতে চাই যে মুখ্যমন্ত্রী সেই ব্যাপারে কোন এফেক্টিভ স্টেপ নিচ্ছেন।

শ্রী সুশান্ত ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। ওই দিকে যাঁরা চিৎকার করছেন তাঁদের শুভ বুদ্ধির উদয় হোক, আমি তাঁদের কাছে এই আবেদন করব। নির্বাচনের আগে ওনারা রাজনীতি করেন অনেক বিষয়ে, অনেক চক্রান্ত করেন। এবারে ১৯৯৩ সালে পঞ্চায়েত নির্বাচনের জন্য শালবনিতে যে ট্যাকশাল তৈরি হচ্ছে সেখানে চাকুরি দেবার লোভ দেখিয়ে যুবকদের বিভ্রান্ত করার জন্য নামের তালিকা তৈরি করতে শুরু করেছে। এই লোকসভা এবং বিধানসভা নির্বাচনের সময় রাতের বেলায় ফর্ম পাঠানো হয়েছিল, তেমনি এবারে শালবনিতে চাকুরি দেবার জন্য তালিকা তৈরি করছে। আমি জানি না কেন্দ্রীয় সরকারের অর্থ মন্ত্রক তাদের দায়িত্ব দিয়েছেন কিনা নামের তালিকা তৈরি করার জন্য। নামের লিস্ট তৈরি করে চাকুরি দেবার যে সুপারিশ করার যে সব খেলা তাঁরা খেলছেন, সে খেলা যদি বন্ধ না করেন তাহলে ওনারা এই খেলা আর বেশি দিন খেলতে পারবেন না। এই নির্বাচনের পর যে নামের তালিকা তাঁরা করে যাচ্ছেন, তাঁরা তো আর থাকবেন না। তাই বলছি এইসব করবেন না।

[1-10—1-20 P.M.]

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিমধ্যে বিষয়টি আমাদের মাননীয় সদস্যা শ্রীমতী আরতি দাশগুপ্ত তুলেছেন, বিষয়টি খুব গুরুতর যে, নিউজপ্রিন্টের দাম প্রতিনিয়তই বেড়ে চলেছে। গত তিন বছরে নিউজ প্রিন্টের দাম প্রায় ৯২ শতাংশ বেড়েছে। এর ফলে স্বভাবতই সংবাদপত্রের দাম বাড়বে এবং সাধারণ পাঠকরা খুব অসুবিধার মধ্যে পড়বে। সংবাদপত্র গণতন্ত্রের স্তম্ভ। কেন্দ্রীয় সরকারের গৃহীত অর্থনীতির ফলে গণতন্ত্রের স্তম্ভের উপরে আঘাত এসে পড়েছে। কেন্দ্রীয় সরকারে যাঁরা আছেন তাঁরা নির্বাচনের সময়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, একশো দিনের মধ্যে জিনিসপত্রের দাম কমাবেন। কিন্তু আজকে শুধু নিউজপ্রিন্টের দাম নয়, অন্যান্য জিনিসের দামও বেড়েছে। আমি আপনার মাধ্যমে বিষয়টি উল্লেখ করলাম।

শ্রী সাত্তিককুমার রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বীরভূম জেলায় একটি মিনি স্টীল প্ল্যান্ট আছে, যেটি বিড়লা গ্রুপের একটি মিল। এই মিলটি আজ বেশ কিছুদিন যাবত বন্ধ আছে। আমি রাজ্য সরকারকে বলছি, উক্ত বিষয়টি গভীরভাবে চিন্তা-ভাবনা করুন এবং বীরভূমের ঐ মিলের কর্মীরা যাতে উপকৃত হন তারজন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই বিষয়ে লেবার মিনিস্টারেরও দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন বিষয়টি চিন্তা-

ভাবনা করে বিবেচনা করেন।

Statement under Rule 346

Shri Shyamal Chakraborty :

Mr. Speaker,

Sir,

As resolved by the West Bengal Legislative Assembly in its session on 13-3-92 an all party delegation Consisting of the members listed below called upon the union Minister on 24.3.92 in New Delhi to express their concern regarding the delay in implementing the railway projects considered essential for the State, the need to sanction the pending projects and allocate funds for on-going projects :

1. Shri Shyamal Chakraborty, MIC, Transport
2. Shri Probodh Chandra Sinha, MIC, Parliamentary Affairs
3. Shri Kiranmay Nanda, MIC, Fisheries
4. Shri Rabindra Nath Mondal
5. Shri Manabendra Mukherjee
6. Shri Lakshman Chandra Seth
7. Shri Nani Kar
8. Shri Kripa Sindhu Saha
9. Shri Kshiti Goswami
10. Shri Sakti Prasad Bal
11. Dr. Manas Bhunia
12. Dr. Zainal Abedin
13. Shri Satya Ranjan Bapuli
14. Smt. Santi Chatterjee and
15. Shri Deba Prasad Sarkar.

Copies of the memorandum have been placed on the Table of the House. As will be seen, the State Government is anxious about the

continuing delays in the completion of several important ongoing railway projects in the State. We are also eager to know the outcome of some important and extension projects pending with the Government of India, particularly in respect of connections to be provided for remote areas of the State, as these are directly linked with the economic and developmental aspirations of the people in these backward areas.

The response of the Union Minister of Railways to the projects listed in the memorandum was as follows : -

1) Improvement of Bandel-Katwa Section of the Eastern Railway :

The proposal for laying broad-gauge line on this section and doubling/electrification has not been accepted.

2) Doubling of Barasat-Bongaon Railway Line :

Doubling of the line upto Duttapukur has been completed and it should be possible to operate passenger/goods services from Dum Dum to Duttapukur on the double line within this year.

3) Budge Budge-Namkhana Railway Line :

According to the Union Railway Minister it should be possible to start goods traffic operations upto Kulpi within this year. The allocated sum of Rs. 10 crores for 1992-93 should also be available.

4) It would not be possible for the Railway Ministry to reopen the proposal for rail link to **Eklakhi-Balurghat** at present.

5) Conversion of Purulia-Kotshila line into broad-gauge :

This project has been accepted in principle, as part of the 600 kilo-metre length of railways in the country to be converted from narrow-gauge to broad-gauge during the year and included in the Eighth Plan.

6) Tamluk-Digha Broad-gauge Railway Line :

It was admitted that progress on this line has been very slow and no assurance could be given regarding the early completion of the project. It would also not be possible to increase the allocation for the project during the current financial year.

7) Howrah-Amta Line :

It would be possible to make any allocation for this project during 1992-93.

8) Dankuni-Siakhala Broad-gauge Line :

There has been no change in the position taken by the Railway Ministry regarding this project since 1985, and there was no likelihood of the project being taken up in the near future.

Regarding the **Mrtro Railway Project in Calcutta,** one reason given by the delegation in the memorandum to the Union Railway Minister for the prolonged delay in the completion of work in certain stretches of the northern section of the project was the inability of the principal contractor, Messrs Hindusthan Construction Corporation Limited, to honour its commitments and adhere to the agreed time schedules, even in respect of areas where the land in question had been handed over to the Metro Railway authoriities. The Railway Minister assured the delegation that the contractor would be replaced, if necessary, to expedite the completion of work in this section. It was pointed out by the delegation to the Minister that judging by the rate at which financial sanctions were being made, compared to the estimated cost of the project, there appeared to be no possibility of the project being completed before the end of the century. The Railway Minister assured the delegation that he would look into the matter and take necessary steps to expedite on going construction work.

The Railway Minister informed the delegation that the proposed extensions of the Metro Railway upto Garia and the Circular Railway Project would henceforth be the responsibility of the Urban Development Ministry in the Government of India, as these projects were regarded to be primarily relevant to the metropolitan city of Calcutta and its immediate hinterland.

The delegation also requested the Railway Minister that the proposed triweekly Sealdah-Cooch Behar (Haldibari) train should be extended to Alipurduar Junction. But it was not agreed to by him, on the plea of inadequate technical facilities of the said station.

মিঃ স্পিকার ঃ এই স্টেটমেন্টটি হাউসে বিতরণ করা হবে।

Zero Hour

শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বান্দুয়ানে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলি অবস্থিত

আছে ওই কেন্দ্রগুলিতে ওষুধের অভাব হয়ে পড়েছে। আমার এলাকায় এখন প্রচণ্ড গরম হবার ফলে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দিচ্ছে এবং ওই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে প্রয়োজনীয় ওষুধপত্র না থাকার ফলে চিকিৎসার ক্ষেত্রে একটা সঙ্কটজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ওষুধ পৌঁছায়।

শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি চন্দননগরে পাগলা কুকুরে কামড়ানোর ঘটনা খুব ঘটছে। এই পাগলা কুকুর কামড়ানোর কারণে বহু রোগী সাব ডিভিসন হাসপাতালে যাচ্ছে। কিন্তু দুঃখের বিষয় যে, প্রয়োজনীয় এ. আর. ভি. সিরাম ইনজাকশর্ন এখানে নেই। যে সমস্ত মানুষদের পাগলা কুকুরে কামড়াচ্ছে তাদের বাড়ির গার্জেনরা ছোটাছুটি করছে কিন্তু ওষুধ পাচ্ছে না। বেশীরভাগ দরিদ্র শ্রেণীর মানুষই এই কামড় খাচ্ছে এবং তাদের পক্ষে বাইরে থেকে ওষুধ কিনে নেওয়া সম্ভব নয়। বিষয়টি এত ব্যাপক আকারে দেখা দিয়েছে যে, আমি নিজে ডি. এম., এস. ডি. ও. এবং হেল্‌থ সেক্রেটারির কাছে জানিয়েছি এই বিষয়ে। এই ইনজেকশন সময় মতো না পাওয়ার জন্য ওখানকার মানুষের জীবন বিপন্ন হয়ে পড়েছে এবং মৃত্যু নিশ্চিত হয়ে পড়েছে। সুতরাং বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমি এই সম্পর্কে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রয়োজনীয় এ. আর. ভি. সিরাম ইনজেকশন সরবরাহ যাতে করা হয় সেই দাবি আমি রাখছি।

[1-20—2-00 P.M.(including adjournment)]

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় স্পিকার মহাশয়, দক্ষিণেশ্বর থেকে সিয়াখালা, মশাহাট, ভায়া এন. এইচ-২, ২৫ ও ২৬ নং যে বাস চলে সেটা আজ প্রায় ১৫ দিন ধরে বন্ধ হয়ে আছে। সেখানে ভাড়া বাড়ানোর ফলে এবং যাত্রীরা সেই ভাড়া দিতে অস্বীকার করলে এই গণ্ডগোলের ফলে সেখানে বাস বন্ধ হয়ে যায়। ঐ অঞ্চলে যাওয়ার কোনও রেল লিঙ্ক নেই, ফলে সেখানকার লোকেদের ম্যাটাডোর ভাড়া করে নিয়মিতভাবে যাতায়াত করতে হচ্ছে। ওখানকার মানুষদের কি দুঃখ-দুর্দশা চলছে তা বর্ণনা করা যায় না। তাই অবিলম্বে এই ব্যাপারে আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আগামী ১৩ তারিখ থেকে যাতে সেখানে বাসটা চালু হয় সেই ব্যবস্থা করুন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯১-৯২ সালে মার্জিনাল এবং স্মল ফার্মারসদের জন্য কেন্দ্রর কাছ থেকে ৩৭ কোটি টাকা এসেছে। ১৯৯১-৯২ সালের আর্থিক বছর শেষ হয়ে গেল কিন্তু এই সরকার কোনও কারণে স্মল অ্যান্ড মার্জিনাল ফার্মারসদের সেই টাকা দিল না সেটা আমি জানতে চাই। আমরা শুনি যে কেন্দ্র বিমাতৃসুলভ আচরণ করছে, কেন্দ্র টাকা দিচ্ছে না। কিন্তু কেন তাদের এই টাকা দেওয়া হল না। Finance Minister should come forward. Agriculture Minister should come forward and say why such money has not been disbursed to the small and marginal farmers in the State. আমরা এই ব্যাপারে একটা স্যাটিসফ্যাকটারি

অ্যানসার চাই।

শ্রী সাধন পাণ্ডে ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচনী কেন্দ্রে অত্যন্ত জলের অভাব, বিশেষ করে ২৮ নং ব্লকের রাজাবাজার অঞ্চলে। আমি জানি না কর্পোরেশন থেকে কোনও ব্যবস্থা নিয়ে মেয়র ঐ বিভাগকে চিঠি লিখেছে কি না। কলকাতা শহরের বিভিন্ন প্রান্তে, বিভিন্ন বস্তিতে অত্যন্ত জলের কষ্ট। এর একটা ব্যবস্থা হওয়া দরকার। তাই আপনি দয়া করে যদি উপকার করেন এবং মন্ত্রী মহাশয়কে যদি বলেন যে এই ব্যাপারে একটা পরিকল্পনা নেওয়া দরকার যাতে সেখানকার লোকেদের জলের কষ্ট না হয়।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সৌভাগ্য মাননীয় প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগের শিক্ষামন্ত্রী এখানে আছেন এবং একটা বিষয়ের প্রতি আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবঙ্গে দুটো মাত্র গুরুমা ট্রেনিং (মাদার ট্রেনিং) স্কুল আছে এবং তার একটা হচ্ছে পিপলাতে। কিন্তু শুনলাম যে এটা বন্ধ করে দেওয়া হচ্ছে। যখন এটা বে-সরকারি প্রতিষ্ঠানের হাতে ছিল তখন দুঃস্থ মহিলারা এখানে ট্রেনিং পেতেন এবং চাকরি পেতেন। কিন্তু বর্তমানে এখন সেটা গভর্নমেন্ট অধিগ্রহণ করেছে এবং অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করেছে। যদি কোনও শিক্ষক মারা যান তাহলে তার স্ত্রী বা তার নিকটতম ওয়ারিশ বা আত্মীয় সেখানে ট্রেনিং নিয়ে চাকরি পেতেন। কিন্তু এটা সরকার বন্ধ করবার চেষ্টা করছে। তাহলে তারা কোথায় ট্রেনিং পাবে?

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা এলাকা আলিপুরদুয়ার দুই নং ব্লকের একটা রাস্তা নির্মাণের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। ৪৪ বছর ধরে শিবকাটা, মাঝের ডাবরি, মঙ্গলহাট অঞ্চলে রাস্তা তৈরি করার ব্যাপারে বহুবার পরিকল্পনা নেওয়া হয়েছে এবং সেই পরিকল্পনা বিপর্যস্ত হয়েছে। সম্প্রতি সেখানে প্রচণ্ড ম্যালেরিয়া লেগেছে এবং সেখানে ১৯ জন মারা গেছে। ঐ সমস্ত রোগীদের আলিপুর হাসপাতালে নিয়ে আসতে হচ্ছে। কিন্তু সেখানে রাস্তার অবস্থা প্রচণ্ড খারাপ। কিছুদিন আগে প্রচণ্ড বৃষ্টির মধ্যে যখন একটা বাচ্চা ছেলেকে হাসপাতালে নিয়ে আসা হচ্ছিল, তখন রাস্তার মধ্যে বাচ্চাটি মারা যায়।

মানুষ প্রচণ্ডভাবে ক্ষুব্ধ হয়েছেন। গত শনিবার প্রত্যেকে এসেছিলেন। আমি অনুরোধ করছি অবিলম্বে রাস্তাটি ঠিক করতে। আমার মনে হয় ওখানে পঞ্চায়েত সঙ্কীর্ণ মনোভাব নিয়ে চলছে। যার জন্য রাস্তাটি হয়নি। অবিলম্বে যাতে মঙ্গলা হাট থেকে দু নম্বর ব্লক এবং পূর্বোক্ত জায়গাগুলিতে মানুষজন আসতে পারেন এবং রাস্তাটি নির্মাণ করবার জন্য আমি দাবি করছি। যাতে রোগীরা আসতে পারেন এবং রোগীরা চিকিৎসার সুযোগ পান এবং মহকুমা হাসপাতাল আলিপুরদুয়ারেতে যেতে পারেন তার ব্যবস্থা করবেন এই দাবি আমি পঞ্চায়েত মন্ত্রীর কাছে রাখছি।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় স্পিকার স্যার, হুগলির জঙ্গীপাড়ার রাজবলহাট—সেখানে যে নারকীয় অবস্থার সৃষ্টি হয়েছে তা সভায় উল্লেখ করা দরকার। সেখানে স্থানীয় একটা

স্কুলের দুর্নীতি নিয়ে স্থানীয় নাগরিক সমিতির সঙ্গে সি. পি. এম.এর সংঘর্ষ লাগে। পরবর্তীকালে নাগরিক সমিতির সম্পাদককে রাজবলহাটে গ্রেপ্তার করা হয়। সেখানে বন্ধ হয় এবং বন্ধ ভাঙবার জন্য স্থানীয় নাগরিক সমিতির সঙ্গে সংঘর্ষ হয়। এম. এল. এ.র ছেলে হয়তো মারধোর খেয়ে থাকতে পারে। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন স্যার, ওখানকার লোকেদের অবরুদ্ধ করে রাখা হয়েছিল। রাস্তার উপর পাঁচিল তুলে দেওয়া হয়। স্টেট বাস যেতে দেওয়া হয়নি। রাজবলহাটের মানুষরা বাজার, দোকানে যেতে পারেননি। আমি ডি. জি. এবং বুদ্ধদেববাবুকে বলবার পর সেখানে পুলিশ যায় এবং পুলিশ সেখানে গিয়ে আগে রেসকিউ না করে টিউবওয়েলের হাতল দিয়ে মহিলাদের মারে। স্থানীয় মানুষের হাত, পা ভেঙে গেছে। সি. পি. এম. যে মানুষের গণতান্ত্রিক অধিকার কিভাবে কেড়ে নিচ্ছে এটা তার প্রকৃষ্ট উদাহরণ। রাস্তায় পাঁচিল তুলে দেওয়া হল, স্টেট বাস যেতে দেওয়া হবে না, পুলিশকে দিয়ে অত্যাচার চালানো হচ্ছে। আজকে এই নারকীয় অবস্থার অবসান আমরা চাইছি।

শ্রী সাত্বিককুমার রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। জেনারেলি পাকুড় হতে রামপুরহাট পর্যন্ত প্রায়ও দেখা যায় ট্রেনে ডাকাতি হচ্ছে। বিশেষ করে এটা গৌড় এক্সপ্রেসেই হচ্ছে। এর মধ্যে আমার মনে হয় জি. আর. পি.র যোগসাজস আছে এবং তারা জড়িত। এটা স্পেশ্যাল এনকোয়ারি করবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। এই বিষয়টা ভালোভাবে চিন্তা করা দরকার। রিজার্ভ কামরাতে ডাকাতি হচ্ছে। এটা হচ্ছে কেন এই সম্বন্ধে এনকোয়ারি করা প্রয়োজন। কারণ যাত্রীরা খুবই আতঙ্কিত হয়ে পড়ছেন। এই বিষয়টা দেখবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি কারণ জি. আর. পি. জড়িত আছে। রেগুলার এই ঘটনা ঘটছে। এটা দেখবার জন্য অনুরোধ করছি।

শ্রী মলিন ঘোষ ঃ মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমার এবং মণীন্দ্র জানার এলাকাতে ২৫ নং, ২৬ নং বাস এবং মিনিবাস বন্ধ হয়ে আছে। দীর্ঘ ১৫ দিন ধরে বন্ধ হয়ে আছে। কংগ্রেসি মস্তানরা একজন ড্রাইভার এবং বাসের মালিককে মেরেছে। ভগবতীপুর এবং ডানকুনিতে একটা ইউনিয়ন তৈরি করেছে। কংগ্রেসের একটা সেকশন বিরোধিতা করছে। আর একদল অন্য কথা বলছে। জানি না। ওদের কটা ইউনিয়ন আছে। সেখানে মিনিবাস বন্ধ করে দিয়েছে। কোনও ব্যবস্থা হয়নি। কংগ্রেসের একটা ইউনিয়নের রেজিস্ট্রেশন নেই। মানুষের প্রচণ্ড কষ্ট হচ্ছে। প্রত্যেককে আতঙ্কগ্রস্ত করে তুলেছে। কংগ্রেসকে পয়সা দিয়েছে। চাঁপাডাঙা থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত প্রতিদিন হাজার হাজার মানুষ যাতায়াত করতে পারছে না। পরিবহনমন্ত্রীকে একটু আগে আমি বলেছি আবার আমি আপনার মাধ্যমে জানাচ্ছি অবিলম্বে এর সুরাহা করতে। ডিস্ট্রিক্ট স্পেশ্যালের বাস, সি. এস. টি. সি.র যাতে শিয়াখালা অবধি বাড়ানো যায় তার ব্যবস্থা করবার জন্য অনুরোধ করছি। যাত্রীদের সুবিধার্থে এর প্রতিকারের জন্য দাবি জানাচ্ছি।

(All this stage the House was adjourned till 2-00 p.m.)

[2-00—2-10 P.M.] (After adjournment)

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাইছি সেটা গত কয়েকদিন যাবত চলছে। বিদ্যুতের আজ চরম দুরাবস্থা। আমাদের বিদ্যুৎমন্ত্রী সেদিন বিধানসভায় আশ্বাস দিয়েছিলেন বিদ্যুতের একটু উন্নতি হবে। কিন্তু আপনিও বোধ হয় কষ্ট পাচ্ছেন। আমি যেখানে থাকি বিশেষ করে বেহালায় ওখানে আপনি বোধ হয় চিন্তা করতে পারবেন না কি রকম অবস্থা। কালকে সারা রাত কোনও বিদ্যুৎ নেই। ফলে জল তুলতে পারছে না। তাছাড়া, সবাই মাঠে বসে থাকছে। আমি কালকে যখন রাত্রিবেলা গেলাম সবাই মাঠে বসে আছে। আমি আপনাকে বলব, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যদি একটা নির্দিষ্ট সময় করে দেন এই এই এলাকায় এই এই সময় বিদ্যুৎ থাকবে না, তাহলে সকলে মানসিক দিক থেকে প্রস্তুত থাকতে পারে। তাহলে অনেক সুবিধা হবে। জল সময়মতো তুলে নিতে পারবে। এখানে কংগ্রেস—সি. পি. এম. সকলেই কষ্ট পাচ্ছে। আমি মনে করি যাদের নিজেদের জেনারেটর নেই, তারা সকলেই কষ্ট পাচ্ছে। মাননীয় বিদ্যুৎমন্ত্রী যদি একটা বিজ্ঞপ্তি দেন পাওয়ার পজিশন দেখে, কখন কোথায় পাওয়ার কাট হবে তাহলে ভাল হয়। এক-একটা এলাকায় এক এক সময় রাখুন—এইটা হচ্ছে আমার নিবেদন। সারা পশ্চিমবাংলার মানুষ কালকে এবং পরশুদিন দুর্ভোগ ভোগ করেছে। এই যে অবস্থা হচ্ছে এইটা আপনি লক্ষ্য রাখবেন এবং আপনার তরফ থেকে যদি কিছু করার থাকে আপনি দেখবেন এইটার ব্যাপারে—এই হচ্ছে আমার নিবেদন।

Discussion And Voting on Demands for Grants

Demand Nos. 30 and 45

Mr. Speaker : There are 28 cut motions to Demand No. 30 which are in order.

Shri Deba Prasad Sarkar Dr. Manas Bhunia	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.
Shri Abdul Mannan Shri Deba Prasad Sarkar Shri Prabir Banerjee Shri Sobhandeb Chattopadhyay Shri Saugata Roy	Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

Mr. Speaker : There are no cut motions to Demand No. 45.

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা বাজেটে বলতে উঠে শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করব এটা ঠিক নয়। এখানে আমি কতকগুলি তথ্য সামনে রেখে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি। স্যার, আমাদের এখানে বলতে গেলে শিক্ষা বিভাগে তো একটা মন্ত্রী মণ্ডলী রয়েছে। এরা শিক্ষার ব্যাপারে একটা মাথাভারী প্রশাসন তৈরি করেছেন। স্যার, এখানে উচ্চশিক্ষামন্ত্রী সত্যসাধনবাবু আছেন, এক বছর আগে আমি খুব আশা নিয়ে ছিলাম যে উনি নিজে একজন শিক্ষক এবং সাংসদ ছিলেন,

উভয় দিক থেকে তিনি আমার চেয়ে বেশি এখানকার সমস্যা সম্পর্কে ওয়াকিবহাল, সমস্যার সমাধান করার একটা সুযোগ তিনি পেয়েছেন কাজেই তিনি সমস্যার সমাধান করবেন। আমার ব্যক্তিগত মত হচ্ছে, আমি ব্যক্তিগতভাবে মনে করি আমার এই আশা করাটা বোধহয় অন্যায় ছিল না কিন্তু এক বছর পরেও দেখছি, সমস্যা যেখানে ছিল সেখানে রয়ে গিয়েছে। এখানে শিক্ষা ব্যবস্থায় যে সঙ্কীর্ণতা বামফ্রন্ট তৈরি করেছে তা থেকে উনি এটাকে বার করতে পারেননি, এখানে শিক্ষা ব্যবস্থায় যে দলবাজি, নোংরামি তার থেকে উনি এটাকে মুক্ত করতে পারেননি, এখানে শিক্ষা ব্যবস্থায় যে চরম বিশৃঙ্খলা তৈরি হয়েছে তা থেকে উনি এটাকে বার করতে পারেননি। এখানে শিক্ষা ব্যবস্থায় যে স্বেচ্ছাচার, ধান্দাবাজি চলছে তা থেকে উনি এটাকে মুক্ত করতে পারেননি। একদিকে আমলাতন্ত্র, অপর দিকে আলিমুদ্দিন স্ট্রিটের কারাগার থেকে উনি একে মুক্ত করতে পারেননি। এসব কথা নিশ্চয় উনি আমার থেকে বেশি বুঝবেন যে উনি ব্যর্থ হয়েছেন। এই ব্যর্থতার দায়দায়িত্ব উনি এবং ওর সঙ্গে যে প্রাথমিক ও মাধ্যমিক মন্ত্রীরা রয়েছেন তাদের নিতে হবে। সবচেয়ে আগে আমি বলব, পশ্চিমবাংলার বুকে দ্বিমুখী শিক্ষা ব্যবস্থা কেন চালু থাকবে? একদিকে গ্রামের ছেলেদের বাধ্যতামূলকভাবে বাংলা পড়াবেন আর অপর দিকে ডন বস্কো, লরেটো, কে. জি. কনভেন্টের কলকাতায় ছড়াছড়ি হবে? এইসব জায়গায় একটা ছেলেকে পড়াতে গেলে মাসে এক থেকে দেড় হাজার টাকা খরচ হবে। তার মানে জীবন সূত্রেই আপনি একটা আলাদা শ্রেণী তৈরি করে দিচ্ছেন পশ্চিমবাংলার বুকে। যে গরিব ঘরে জন্মাবে সে এক রকম পড়বে আর যে বড়লোকের ঘরে জন্মাবে সে অন্য রকম পড়বে। এই যে আপনাদের এত এম. এল. এ. এখানে আছেন, আপনারাও তো সবাই বড়লোক নন, আপনাদের ছেলেরা বাংলা পড়তে বাধ্য হবে এবং তার ফলে তারা বড় চাকরি পাবে না, কোনও কমপিটিটিভ এক্সামিনেশনে স্থান পাবে না, আর কলকাতার ঐ ডন বসকো, কে. জি. কনভেন্টে যারা পড়বে এই কলকাতা শহরে হাজার হাজার টাকা খরচ করে তারা জন্মসূত্রে বড় চাকরি পাবে, বড় বড় পোস্ট পাবে, কমপিটিটিভ এক্সামিনেশনে স্বীকৃতি পাবে। কেন এসব হবে? আমি তো বাংলা চালু করার পক্ষে। আমি মনে করি মাতৃভাষা সমস্ত স্তরে চালু হোক। আজকেই সংবাদপত্রে পড়লাম যে বাংলা ভাষা চালু হবে আদালত পর্যন্ত। কিন্তু সেখানে যে নোটিশটা সে সম্বন্ধে যাচ্ছে সেটাও ইংরাজিতে পাঠানো হচ্ছে। কেন এটা হবে? সর্বস্তরে আজকে এই জিনিস হচ্ছে। এই দ্বিমুখী শিক্ষা ব্যবস্থা কি চলবে? শ্রেণী সংগ্রামের ব্যাপারে আপনারা অনেক চিৎকার করেন কিন্তু আজকে আপনারাই শ্রেণী তৈরি করছেন এই দ্বিমুখী শিক্ষা ব্যবস্থার মধ্যে দিয়ে। বৃটিশ চলে গিয়েছে কিন্তু বৃটিশের সেই শিক্ষা ব্যবস্থা আপনারা জিইয়ে রেখেছেন। আমি বাংলা চালু করার সমর্থনেই এই দ্বিমুখী শিক্ষা ব্যবস্থা নিয়ে এর বিরুদ্ধে বলছি। আমি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে কতকগুলি স্পেসিফিক ব্যাপার তুলে তার জবাব চাইব কারণ আমি জবাবি ভাষণে বিশ্বাস করি। আমি যে প্রশ্নগুলি তুলব তার সঠিক জবাব চাই। ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন, এ নিয়ে একাধিকবার বিধানসভায় আলোচনা হয়েছে এবং উনি নিজেও বলেছেন সংবাদপত্রে দেখলাম যে অধ্যাপক নিয়োগ যা হবে সেখানে সমস্ত অধ্যাপক নিয়োগই লিখিত পরীক্ষার ভিত্তিতে হবে। ইউ. জি. সি. বহুদিন আবেদন-নিবেদন করার পর এটা ঠিক হয়েছে। উনি নিজেও ঠিক করেছেন যে লিখিত পরীক্ষার ভিত্তিতে হবে। আমি এটাকে সাধুবাদ জানাই। এখানে সিলেকটেড

ক্যান্ডিডেটদের নাম আগে নামের আদ্যক্ষর ধরে তার প্যানেল হত, এখন সেটাও পরিবর্তিত হয়েছে। এখন হয়েছে মেরিট অনুসারে নাম বেরুবে। সেখানে ১/২/৩/৪ করে নাম বেরুবে। ঠিক আছে। কিন্তু আসল গলদটা রয়ে গিয়েছে অন্য জায়গায়। যে জায়গায় গলদটা রয়ে গিয়েছে সে ব্যাপারটাই আমি পরিষ্কারভাবে জানাতে চাই। উনি মেরিট অনুযায়ী প্যানেলটা তৈরি করছেন ঠিক কথা কিন্তু তার সঙ্গে স্পেশ্যাল পেপার ও কলেজের চাহিদা এই দুটি জিনিসকেও ঢুকিয়ে দিয়েছেন। অর্থাৎ মেরিটে একজনের হয়ত ৫ নং-এ নাম আছে, আর একজনের ৩৫ নং-এ নাম আছে, এখন এই কলেজের চাহিদা ও মেরিট, এটা রাইটার্স বিল্ডিং থেকে আসছে না, এটা আলিমুদ্দিন স্ট্রিট থেকে ঠিক করে দেওয়া হচ্ছে।

[2-10—2-20 P.M.]

প্রিন্সিপ্যালকে বলা হচ্ছে যে তুমি চাও ইন্ডিয়ান হিস্ট্রির উপর একজন লেকচারার। উনি তখন পাঁচ নং পাতাটাকে বাদ দিয়ে ৩৫ নং থেকে পাঠিয়ে দিচ্ছেন। এই যে ম্যানিপুলেশন, এই যে রাজনৈতিক সন্তুষ্টির জন্য ম্যানোভারিং করছেন, আপত্তিটা সেখানে আমাদের। উনি নিজে এটা বার বার করছেন এবং আমি বহু জায়গায় দেখেছি যে শুধু মাত্র পেপারকে ভিত্তি করে আজকে এই ম্যানিপুলেশন করে বহু ভাল ভাল যারা অধ্যাপকের চাকরি করতে পারেন, ভাল মার্কস আছে, মেরিট আছে, তারা ডিপ্রাইভড হচ্ছে। এটা বন্ধ হওয়া অবিলম্বে দরকার। আমি খুব দায়িত্ব নিয়ে বলছি সি. পি. এম.এর দপ্তর থেকে এই অবৈধ হস্তক্ষেপ যদি কলেজ সার্ভিস কমিশনের থেকে বন্ধ না হয় তাহলে কলেজ সার্ভিস কমিশনের যে ঐতিহ্য, ইউ. জি. সি. যে কথা বলতে চায়, সেটা ব্যর্থ হয়ে যাবে এবং উনি নিজে নিশ্চয়ই এটা স্বীকার করবেন। সম্প্রতি শিক্ষক নিয়োগ সম্পর্কে আর একটা খবর আমার কাছে আছে। অধ্যাপক নবকুমার নন্দী, উনি জানেন তাঁর কার্যকাল শেষ হবার আগেই তিনি পদত্যাগ করলেন। কারণটা আমরা জানি না, কিন্তু যেটুকু আমি সংবাদ পেয়েছি যে ওখানকার আর একজন সদস্যা ভারতী মুখার্জির সঙ্গে দীর্ঘদিনের একটা ঝগড়া এবং তার ভিত্তিতে তাঁকে পদত্যাগের সিদ্ধান্ত নিতে হয়, নির্দিষ্ট সময়ের আগে চলে যেতে হয়। ফলে কলেজ সার্ভিস কমিশনের মধ্যে একটা পলিটিক্স হচ্ছে এবং একটা সঙ্কীর্ণ ক্ষুদ্র রাজনীতি হচ্ছে এবং এটা ডিফাংড হওয়ার মতো অবস্থা হয়ে গেছে। আর ভারতী দেবী, তাঁকে সি. পি. এম. ব্যাক করছে, আপনারা ব্যাক করছেন। কেন ব্যাক করেন আমি খুব স্পষ্টভাবে একটা একটা করে বলছি। ইনি ইন্টারভ্যু নিয়ে সি. পি. এম.এর লোক নিতে হবে ফিজিক্সের লেকচারার অথবা অধ্যাপক নেওয়া হবে, তাঁকে জিজ্ঞাসা করা হচ্ছে, একজনকে পজিটিভলি যে ঐ ফিজিক্সের কোনও প্রশ্ন নয়, জিজ্ঞাসা করা হয়েছে ত্রিপুরাতে যে ইলেকশন হয়েছে, ত্রিপুরার ইলেকশন যদি সৎভাবে হত—সৎভাবে অসৎভাবে এর উপর ভিত্তি করে তাকে নিয়োগ করা হচ্ছে। ফিজিক্সের অধ্যাপক নিয়োগ করা হচ্ছে। আমার কাছে একদম স্ট্রেট এই ব্যাপারে অভিযোগ আছে। এই যদি চলতে থাকে কলেজ সার্ভিস কমিশনে তাহলে কলেজ সার্ভিস কমিশন রাখা কেন? লোককে বলা কেন যে আমরা কমিশনের থ্রু দিয়ে নিচ্ছি এবং মেরিটের ভিত্তিতে নিচ্ছি? কোনও জায়গায় মেরিটের ভিত্তিতে নেওয়া হচ্ছে না এবং এইভাবে তাঁবেদারিতে পরিণত করে দেওয়া হচ্ছে। আমি আপনাকে অনুরোধ করছি, আপনি নিজে জানেন, এটা বেসরকারি কলেজের অধ্যাপকরা আজকে যথা সময়ে মাইনে পাচ্ছে না। অথচ বার বার এই হাউসে

আপনি এবং আপনার যিনি ছিলেন তিনি এখানে প্রতিশ্রুতি দিয়েছেন কেন জানি না অ্যাসিয়োরেন্স কমিটির কাঠগোড়ায় কেন দাঁড় করানো হচ্ছে না? কোন কোন সময়ে দুই, তিন, চার মাস ঠিক মাইনে পেল, তারপরই ছয় মাস, আট মাস ইরেগুলার পেমেন্ট শুরু হয়ে গেল। ডি. পি. আই. অফিসে একটা পে প্যাকেট এবং পেনশন নামে একটা সেল আছে, আপনি কি বলতে পারবেন যে পে প্যাকেট এবং পেনশনের সেল যথাযথভাবে কাজ করছে? এবং নির্দিষ্ট সময়ে আপনাদের মাইনে পৌঁছে দিতে পারছেন? আমি বলছি না যে এদের যে ডেপুটি ডিরেক্টার তিনি অসৎ, তার বিরুদ্ধে আমার কিন্তু বক্তব্য আছে। কিন্তু এই ইনফ্রাস্ট্রাকচারে কোথায় গলদ হচ্ছে যার জন্য আজকে বহু শিক্ষক এবং অধ্যাপকরা বঞ্চিত হচ্ছেন, তারা নির্দিষ্ট সময়ে পেমেন্ট পাচ্ছে না। আমি আপনার কাছে আশা করব যে বেসরকারি কলেজের এই যে সমস্যা, এই সমস্যা সম্পর্কে আপনি নির্দিষ্টভাবে বলবেন যে এই সমস্যা আছে, সমস্যাটা সমাধান করবার জন্য আপনি কি ভাবছেন এবং কি কি স্টেপ আপনি নিতে চলেছেন। স্যার, আমি আর একটা কথা বলছি। গত ১০ বছর পশ্চিমবঙ্গে বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলোতে অধ্যাপক যে সমস্ত নিযুক্ত হয়েছে, তার ৭০ ভাগ এম. এ. ক্লাশ তো দূরের কথা বি. এ. ক্লাশ পাস কোর্সে পড়াবার যোগ্যতা নেই। আমি খুব দায়িত্ব নিয়ে এই কথা বলছি। যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের বাদ দেওয়া হচ্ছে। আমি উদাহরণ দিয়ে বলছি একটা দুটো দৃষ্টান্ত যাতে ওনার সুবিধা হবে বোঝবার জন্য। কয়েক মাস আগে যাবদপুর ইউনিভার্সিটিতে একটা ইন্টারন্যাশনাল রিলেশনে লেকচারার পদের জন্য ইনটারভ্যু নেওয়া হয়েছে। যাদবপুরেরই একজন মহিলাকে নিতে হবে। সাধারণ নিয়মে ইন্টারভ্যু লেটার তিনি পাননি। তার স্বামী যাবদপুরে সি. পি. এম. পার্টি করে। ইন্টারভ্যু-এর দু'দিন আগে স্পেশ্যাল মেসেজ দিয়ে তাকে ইন্টারভ্যু লেটার পাঠিয়ে দেওয়া হল।

বি. এ. এবং এম. এ.তে ফার্স্ট ক্লাশ নন, এম. ফিল্ড করেননি, পি. এইচ. ডি. করেননি তাঁকে ইন্টারন্যাশনাল রিলেশনের লেকচারার পদে নিয়োগ করা হল বহু যোগ্য প্রার্থীকে বাদ দিয়ে। মাননীয় মন্ত্রী মহাশয়, এই জিনিস হয়েছে। আপনি সরাসরি উত্তর দেবেন হয়েছে কিনা। আজকে বিশ্ববিদ্যালয় লেভেলে এই অরাজকতা চলছে। এ রকম দুর্নীতির ফলে কংগ্রেসি পরিবারের মানুষদেরই শুধু ক্ষতি হচ্ছে না, শিক্ষা ক্ষেত্রের এই দুর্নীতির মধ্যে দিয়ে সামগ্রিকভাবে দেশের এবং সমাজের ক্ষতি হয়ে যাচ্ছে। আপনারা দেয়ালে লেখেন, 'শিক্ষা আনবে চেতনা। মানুষ সচেতন হবে, দেশ উন্নত হবে।' এই যদি অবস্থা হয় তাহলে আপনারা কি চেতনা আনছেন? আপনারা চেতনার বদলে দেশের সর্বনাশ করছেন। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে, সেখানে একজন এক্সপার্ট ছিলেন রাখহরি চট্টোপাধ্যায় তিনি এখানে সি. পি. এম. করেন, আবার মাঝে মাঝে আমেরিকায় গিয়ে সি. পি. এম. তথা মার্কসবাদের বিরুদ্ধে বক্তৃতা করেন। তাঁকে দিয়ে এই সমস্ত দুর্নীতি করানো হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমরা অনেক কিছু আশা করেছিলাম, কিন্তু আপনি আলিমুদ্দিন স্ট্রিটের প্রভাব মুক্ত হতে পারেননি। আমরা ভেবে ছিলাম আপনি পারবেন এইসব দুর্নীতি মুক্ত করতে, কিন্তু এখন দেখছি আপনি পারছেন না। এ রকম একই কায়দায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আপনারা ভাইস চ্যান্সেলর পর্যন্ত নিয়োগ করছেন। যে সমস্ত বিখ্যাত শিক্ষাবিদ—এমন কি যাঁরা মার্কসবাদে বিশ্বাস করেন—এখনো আমাদের রাজ্যে আছেন তাঁদের বাদ দিয়ে ধান্দাবাজদের

ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ করছেন। যাবদপুর বিশ্ববিদ্যালয়ে ইতিহাস বিভাগের প্রধান, আদর্শবান মার্কসবাদী অধ্যাপক অমলেন্দু দে'কে ভাইস চ্যান্সেলর করলেন না, ভাইস চ্যান্সেলর করলেন পি. কে. মুখার্জিকে। তাঁর পলিটিক্যাল অ্যাফিলেশন কি? না, তিনি একজন 'ইয়েস ম্যান।' এছাড়া তাঁর আর কোনও যোগ্যতা নেই। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ঐ দু'জন অধ্যাপকের বায়োডাটা দেখে বলুন কে যোগ্য ব্যক্তি ছিলেন? যোগ্য ব্যক্তিকে আপনি উপাচার্য করতে পারলেন না। আপনাকে পার্টির নির্দেশে 'ইয়েস ম্যান'কে উপাচার্য করতে হল।

স্যার, টাকার অঙ্কে এই দপ্তরের ব্যয়-বরাদ্দের পরিমাণ অনেক বেড়েছে এবং মন্ত্রী মহাশয় হয়তো বলবেন যে বিহারের চেয়ে, অমুকের চেয়ে আমরা অনেক বেশি টাকা শিক্ষা খাতে ব্যয় করছি। আমি ওঁকে বলছি, যত টাকাই ব্যয় করুন, আপনারা শিক্ষাক্ষেত্রের বা শিক্ষা ব্যবস্থার কোনও উন্নতি করতে পারেননি, পারবেনও না। আপনারা ভ্যালুস, এথিক-এর কোনও উন্নতি ঘটাতে পারেননি। উপরন্তু ক্রমশ আমরা দেখছি রাজ্যের শিক্ষা ব্যবস্থা সর্বনাশের পথে যাচ্ছে। আমি একজন ভি. সি.র কথা বলব, শুনে আপনারা চমকে উঠবেন।

স্যার, আমি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মোহিত ভট্টাচার্যর কথা বলছি। আমার কাছে একটা কাগজ আছে, কাগজটার নাম "সাপ্তাহিক প্রফুল্ল পত্রিকা"। এর সম্পাদক শ্রী শিবেশকুমার তা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কিছু ঘটনা সম্বন্ধে লিখেছেন। বর্ধমানের লোকেরা জানেন তিনি কাদের লোক। তিনি এক সময় সি. পি. এম.-এ ছিলেন। মার্কসবাদী কমিউনিস্ট পার্টিতে ছিলেন এমন একজন মানুষ কী লিখছেন,—'দীর্ঘ তিরিশ বছর পর বর্ধমান রাজপ্রাসাদে কি রাজা মহারাজাদের প্রেতাত্মার আবির্ভাব হল?' বিনয়বাবুর কাছে তিনি একটা খোলা চিঠি এই শিরোনামে লিখে কী বলছেন—আমার এখানে পড়তেও লজ্জা করছে, তবুও আমি পড়ছি—"মোহিতবাবু যেদিনই বর্ধমানে থাকেন—সেদিনই গভীর রাতের তারাবাগের অধ্যাপক আলয়ে হয় বড়ুয়া, না হয় দীপ্তেনবাবু, না হয় অশোকবাবুর বাড়িতে এইসব ব্যাভিচারের আয়োজন হয়—সুরা এবং নারী মাংস সহযোগে। যেদিন হয়তো কোনওক্রমে প্রদীপ ড্রাইভার থাকে না সেদিন পরেশ মাহাতো নামে ড্রাইভারকে গাড়ি নং ডাব্লু. বি. ই. ৯৪১৩ বাধ্য হয়ে নিয়ে যেতে হয়। সব থেকে দুঃখ পরিতাপের বিষয়, বিশ্ববিদ্যালয়ের কি সরকারি, কি বিরোধী পক্ষের শিক্ষক প্রশাসনের কর্তাব্যক্তিরা সকলেই এই ভ্রষ্টাচারের সংবাদ জানেন, কিন্তু কিসের জন্য প্রতিবাদ করতে পারেন না?" বিনয়বাবুর উদ্দেশ্যে তিনি এই চিঠি লিখেছেন।

[2-20—2-30 P.M.]

আমি একটি কথাও বানিয়ে বলছি না। এরপর সকলে মিলে সুরাপান করেন রাত্রি ৯-১৫ মিনিটের পর। এরপর আবার ওনার স্বভাব আছে—সম্পাদক মহাশয় বলছেন, মোহিতবাবু মদ্যপান করে গান করেন। প্রথমে তিনি গান শুরু করেন—সেখানে উপস্থিত ছিলেন একজন—তার গলায় ছিল হাসির মালা হাতে ছিল ফুল। তারপর তিনি উল্টে পড়ে যান, তার ড্রাইভার তাঁকে তুলে নিয়ে যান। এই সমস্ত জিনিস লেখা হয়েছে।

মিঃ চেয়ারম্যান ঃ কাগজটা জমা দেবেন।

শ্রী সুব্রত মুখার্জি ঃ নিশ্চয়ই জমা দেব। এটা আমার কথা নয়। শ্রী শিবেশকুমার তা, পত্রিকার সম্পাদক তিনিই লিখেছেন। তিনি আরও বলছেন, আমি মোহিতবাবুকে জানাতে চাই, "বর্ধমান বিশ্ববিদ্যালয় আমার রক্ত, অধ্যাপক বড়ুয়ার বাড়ির সমস্ত ঘটনা আমার নিজের চোখে দেখা। আপনার মুখে কোরাস সুরে গান—তার গলায় ছিল হাসির মালা হাতে ছিল ফুল, আমার নিজের কানে শোনা"। শ্রী শিবেশকুমার তা, স্বাধীনতা সংগ্রামী, পত্রিকার সম্পাদক। একটি কথাও আমি বানিয়ে বলছি না। এটা আমার কথা নয়। বিশ্ববিদ্যালয়কে আপনারা কোথায় নিয়ে যাচ্ছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ে পি. এইচ. ডি. করবার জন্য আপনি রেসট্রিকশন নিয়ে এলেন। আমি আপনাকে সাধুবাদ জানাই। আগে যেভাবে পি. এইচ. ডি. গাইড নিয়ে করা হত তার চেয়ে আপনি বেটার পদ্ধতি করেছেন এটা আমি মনে করেছিলাম। কিন্তু আজকে সংবাদ পাচ্ছি এই পি. এইচ. ডি. নিয়ে কিরকম পার্টিবাজি করছেন। আইন না মেনে পি. এইচ. ডি. বাধ্যতামূলক করানো হচ্ছে। সাংবাদিক সরোজ মুখার্জি, সাংবাদিক মুজাফ্ফর আহমেদের উপর পি. এইচ. ডি. করা হবে। এটা কাগজে প্রথম পাতায় বেরিয়েছে। আমি তাঁদের অশ্রদ্ধা করি না। সরোজ মুখার্জি নেতা হিসাবে রাজনৈতিক পরিচয় জানার নিশ্চয়ই দরকার আছে। মুজাফ্ফর আমাদের উপর রাজনৈতিক গবেষণা করুন তাতে আমার আপত্তি নেই, কিন্তু বাধ্য করানো হচ্ছে সাংবাদিক জগতে তাঁরা কি কি কাজ করেছেন তার উপর গবেষণা করতে হবে, তা না-হলে চাকরি চলে যাবে। আমি বলছি, এই সমস্ত জিনিসগুলি করা ঠিক হচ্ছে না। সুধীর রায় যিনি সাংসদ, তার সাথে মোহিতবাবুর সম্পর্ক আছে। এই ধরনের ব্যাভিচার যে প্রিন্সিপ্যাল করেন তাকে আপনারা বর্ধমান বিশ্ববিদ্যালয়ে রেখে দিয়েছেন। এইসব জিনিসগুলির বিচার করবেন। গত বছর বাজেট অধিবেশনে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চেয়েছিলাম, উনি তখন এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন। ওনার কাছে জানতে চেয়েছিলাম স্কলারশিপ সংক্রান্ত ব্যাপারে। যারা স্টেট স্কলারশিপ নিয়ে পি. এইচ. ডি. করছেন—নিয়ম হল, সরকারি কলেজে ৫ বছর শিক্ষকতা করতে বাধ্য, তা নাহলে সমস্ত স্কলারশিপের টাকা ফেরৎ দিতে হবে। আমি নাম করে বলছি, চুক্তির শর্ত ভেঙেছেন অধ্যাপক হরিহর ভট্টাচার্য। ডি. পি. আই. তাঁকে চিঠি পর্যন্ত দিয়েছেন। কিন্তু তিনি টাকা ফেরৎ দেননি। মার্কসবাদী পার্টির সমর্থক বলে সরকারি কলেজে অধ্যাপনা করেননি। এটা সরাসরিভাবে তছরূপের ঘটনা বলে মনে করি। স্যার, এইরকম একাধিক ঘটনার কথা বলতে পারি যে এইরকম জিনিস ঘটছে। পলিটিক্যাল সায়েন্সের বিদ্যুত চক্রবর্তী যিনি স্কলারশিপ নিয়ে অধ্যাপনা করেননি এবং পয়সাও দেননি, আপনার শর্ত অনুযায়ী চাকরি করেননি।

আমি মাননীয় রাজ্যপালকে চিঠি দিয়েছিলাম, মাননীয় রাজ্যপাল সেই চিঠি আপনাদের দপ্তরের সেক্রেটারিকে পাঠিয়ে দিয়েছিলেন। আমার কাছে উত্তর এসেছে কিন্তু দীর্ঘ ৬ মাস হয়ে গেল মাননীয় রাজ্যপালের কাছে কোনও উত্তর পাঠাননি, মাননীয় রাজ্যপাল আমার কাছে চিঠি পাঠিয়েছেন। তার মানে আপনাদের সমর্থক বলে পি. এইচ. ডি.র টাকা নিয়ে নয়-ছয় করার অধিকার দিয়েছেন। আমি এবারে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীকে দু-একটি কথা নিবেদন করি। বার বার আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী নিয়মিতভাবে বলেছেন যে, যেদিন রিটায়ার করবে পরের দিনই পেনশন পেয়ে যাবেন। এতে আর. এস.

পি. ফরওয়ার্ড ব্লক আন্দোলন করেছেন, এস. ইউ. সি. আন্দোলন করেছেন কখন পেনশন, কখন ৬০ বছর ৬৫ বছরকে কেন্দ্র করে। পেনশনটা এখন পর্যন্ত পাওয়া যায় না। ১৯৮১ এবং ১৯৮৬ সালে দুটো কমিশনের অ্যানোমলী তৈরি হয়েছে, সেটা পর্যন্ত মেটাচ্ছেন না। আমি আজকে দেখলাম আপনিও যে কারণে ক্ষুব্ধ ১৯৮১ সাল থেকে এ পর্যন্ত আধা সরকারি ১ লক্ষ ১০ হাজার স্কুল শিক্ষক অবসর নিয়েছেন, কিন্তু এর মধ্যে চলতি বছরের ৩০শে এপ্রিল পর্যন্ত মাত্র ১৫,৫০৬ জন পেনশন পেয়েছেন। নির্জলা অসত্য দিনের পর দিন মাননীয় অর্থমন্ত্রী থেকে আরম্ভ করে শিক্ষামন্ত্রী পর্যন্ত বলে চলেছেন। আমি নিজে স্পেসিফিক বলেছিলাম মাননীয় অর্থমন্ত্রীকে শাখাওয়াত মেমোরিয়ালের একজন শিক্ষিকার ব্যাপার, উনি বললেন এক সপ্তাহের মধ্যে দিয়ে দেওয়া হবে। সমস্ত পেপার সাবমিট করা হয়েছে, ভদ্রমহিলা বিনা ট্রিটমেন্টে মারা গেলেন, মাননীয় মন্ত্রী পর্যন্ত তাঁর বাড়িতে গিয়ে মৃতার আত্মীয়স্বজনকে সমবেদনা জানিয়ে এসেছিলেন, কিন্তু এখন পর্যন্ত পাওয়া যায়নি। বাড়ির লোক পেনশন পর্যন্ত কেন পাবে না? এখন বললে একটাই উত্তর আছে যে শিক্ষকরা কলেজ অথরিটিকে সমস্ত ডকুমেন্টস দেন না, নির্জলা অসত্য, নেয় না। অনেক জায়গায় আপনাদের নির্দেশে নেয় না। এ সম্পর্কে কি করেছেন? আপনারা গরিব শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকাও সাধারণ ফান্ডে নিয়ে এসেছেন। আজকেই দেখলাম যে একজন মাননীয় মন্ত্রী ক্ষুদ্র প্রান্তিক চাষীদের টাকা, কেন্দ্রীয় সরকারের টাকা নিয়ে মাইনে দিয়েছেন। আপনার দপ্তরের লোক গরিব শিক্ষকদের বেতন এবং পেনশনের টাকা—আপনারা ট্রাস্টি—আপনারা নয়-ছয় করতে পারেন না, কিন্তু আপনারা নয়-ছয় করেছেন। স্যার, একটা ঘটনার প্রতি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমর এবং সুব্রত—লজ্জায় মাথা হেঁট হয়ে যায়—দুটি ছেলে, যমজ ভাই বেথুয়াডহরী থেকে একজন আসে, একজন পারে না, বঙ্গবাসী কলেজের ছাত্র, বঙ্গবাসী কলেজের প্রিন্সিপ্যাল আছেন, ফার্স্ট এবং সেকেন্ড হয়, ঐ কলেজ থেকে হঠাৎ রিপোর্ট এল আর এ. মামলা করলাম, মাননীয় জ্যোতি বসুর সামনে পরীক্ষা করানো হল, তারা সমস্ত প্রশ্নের উত্তর মুখস্থ বলে গেল। অপরাধ কী? না কী করে এত ভাল লিখল। তারপর মাননীয় চীফ মিনিস্টারের কাছে গেলাম, উনি আদালতে পাঠিয়ে দিলেন, আদালতে পার্ট টু পরীক্ষা নেওয়া হল, তারপর ভাইস চ্যান্সেলরের কাছে নিয়ে গেলাম, আমি তখন সিনেটের মেম্বার ছিলাম। যেহেতু হেরে গেছে, বললে যে না ফেল করেছে। আদালত পার্ট টু পরীক্ষা দিতে অ্যালাউ করল, হেরে যাবার পরে একজন কেরানি সি. পি. এম.এর সমর্থক বলল যে না ফেল করেছে। তার মানে আবার আদালতে যেতে হবে, আদালতের রায় নিয়ে এসে আবার পরীক্ষা দিতে হবে। আজকে যদি এম. এল. এ.দের পরিবারে এই রকম হলে কি করতেন? তাদের সমস্ত ভবিষ্যৎ জীবন একেবারে নষ্ট হয়ে গেল। গরিব উদ্বাস্তু পরিবার, বাড়ির সামনে একটু জায়গা ছিল, সি. পি. এম.এর প্রধান সেটা দখল করে নিয়েছে, পয়সা দেয়নি, এই হচ্ছে শিক্ষা জগতের কথা। মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয় আছেন, বলবেন গ্রামের পঞ্চায়েতের অত্যাচারে প্রাথমিক স্কুলগুলির কি অবস্থা হচ্ছে, আপনি একটু আলোকপাত করবেন যে কেন হচ্ছে?

[2-30—2-40 P.M.]

পেনশন সংক্রান্ত ব্যাপারে সমস্ত কিছু বলেছি। ডি. পি. আই. সল্ট লেক অফিসে যে

সমস্ত কেস স্তূপীকৃত হয়ে পড়ে রয়েছে সেগুলো কেন ক্লিয়ার করা হচ্ছে না সেটা বলবেন। আগে ডি. আই.রা স্কুল পরিদর্শন করতেন, কিন্তু আজকাল ডি. আই.রা স্কুল পরিদর্শন ভুলে গেছেন। এদিকটা একটু দেখবার চেষ্টা করুন।

সর্বশেষে বলছি, শিক্ষার ক্ষেত্রে বিরাট কাজ করেছেন বলে থাকেন, কিন্তু কোন উন্নতিটা করেছেন বলেননি। আজকে সবাই অ্যাংলো ইন্ডিয়ান সিস্টেমে চলে যাচ্ছেন। কি করে তাদের ছেলেমেয়েরা ইংরেজি শিখবে এটাই তাদের চিন্তা। না-হলে যেন কোনও ভবিষ্যৎ নেই। ফলে গজিয়ে উঠেছে মন্টেস্বরী, ইংরেজি শিক্ষার সব স্কুল। তাই আমরা মনে করি, সর্বদিক থেকে—নীতিগত দিক থেকে, ব্যবহারিক দিক থেকে বিশ্ববিদ্যালয় থেকে আরম্ভ করে প্রাইমারি স্কুল পর্যন্ত শিক্ষার দিকটা ঠিকভাবে দেখবেন। মুর্শিদাবাদ এবং নদীয়া জেলায় দেখেছি স্কুলের অনেক সাইনবোর্ড টাঙানো হয়েছে, শিক্ষকরা সেখানে মাস মাস বেতনও পাচ্ছেন চার-পাঁচ মাস ধরে, কিন্তু একটি জায়গায় একটি স্কুলও তৈরি হয়নি। আমি মনে করি, এটা রাজনৈতিক দুর্নীতি। এ-ব্যাপারে আপনার উত্তর চাই। আমি আশা করব, এর স্পেসিফিক উত্তর দেবেন। আপনারা যদি এসব কাজ না করেন তাহলে শিক্ষা বাজেটে ১ টাকাও মঞ্জুর হওয়া উচিত নয়, কাট মোশন দিয়ে থাকি, বা না থাকি। যারা শিক্ষকদের বেতন দিতে পারেন না, পেনশন দিতে পারেন না, বিশ্ববিদ্যালয় পরিচালনা করতে পারেন না, শূন্য পদে বিশেষ করে গভর্নমেন্ট কলেজে শিক্ষক নিয়োগ করতে পারেন না, তাঁরা মঞ্জুরের জন্য টাকা চাইবেন কোন অধিকারে? কোন নৈতিক প্রয়োজনে তাঁরা টাকা চাইবেন তার উত্তর চাই। এই বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ মিঃ চেয়ারম্যান স্যার, আমি শিক্ষা বাজেটকে আন্তরিকভাবে সমর্থন করছি। আমাদের পক্ষে কমরেড অমিয় পাত্র বলবেন। তবে যেটা সাধারণভাবে প্রত্যেকের রিঅ্যাকশন—সুব্রতবাবু যেসব কথা বলছিলেন সেটা সম্পূর্ণভাবে নেগেটিভ অ্যাপ্রোচ থেকে বলা, একেবারে নেতিবাচক বক্তব্য। এর দ্বারা আমাদের শিক্ষা দপ্তর উপকৃত হল বলে মনে হল না। সৌগতবাবু, যিনি শিক্ষার সঙ্গে যুক্ত, তিনি পরে বলবেন। প্রথমে তো আমাদের সংবিধানে শিক্ষাটা স্টেট সাবজেক্ট ছিল। কিন্তু পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার সমস্ত ক্ষমতা কুক্ষিগত করবার পরিপ্রেক্ষিতে ১৯৭৬ সালে ৪২তম সংবিধান সংশোধনের মধ্যে দিয়ে এটা কংকারেন্ট লিস্টে চলে গেছে। আমরা তখন এর বিরোধিতা করেছিলাম। তবে কিছু মানুষের মনে প্রত্যাশাও জেগেছিল যে, কেন্দ্রীয় সরকার যখন নিয়েছেন তখন এই ক্ষেত্রে খরচের পরিমাণটা বাড়বে। কিন্তু হিসেব যা রয়েছে তাতে দেখতে পাচ্ছি, গতবারে যেখানে শিক্ষা খাতে ১৮০৫ কোটি টাকা রেখেছিল, এবারে ৮০ কোটি টাকা কেটে সেটা ১৭২৫ কোটি টাকা করেছেন। আমাদের রাজ্য সরকার এই খাতে ধরেছেন ১৭৪১ কোটি টাকা, অর্থাৎ রাজ্য সরকার বাজেটের ২৭ শতাংশ শিক্ষাখাতে ব্যয় করছেন। পৃথিবীতে যে ১৭৫টি স্বাধীন দেশ আছে তার কোনও একটি দেশও শিক্ষা খাতে বরাদ্দ কমাননি। সেখানে কেন্দ্রীয় সরকার ৮০ কোটি টাকা কমিয়ে দিলেন!

এটা কেন করল আমি জানি না। এটা এমন একটা দেশ, যে দেশের কেন্দ্রীয় সরকার শিক্ষা খাতে বাজেট কমান, যে দেশে পৃথিবীর অর্দ্ধেক নিরক্ষর মানুষ বাস করে। স্যার,

শিক্ষার প্রশ্নে আমাদের বামফ্রন্ট সরকারের যে শিক্ষানীতি তা নিয়ে বহু আলোচনা হয়েছে এবং বিভিন্ন দৃষ্টিভঙ্গিতে আলোচনা করা হয়েছে। বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষানীতির অগ্রগতি ঘটেছে। ওদের আমলের কথা আমি ব্যাখ্যা করতে চাই না। আমাদের রাজ্যের মানুষের সে সম্পর্কে যথেষ্ট অভিজ্ঞতা আছে। কিন্তু একটা কথা নিশ্চয়ই আমি বলতে চাই যে ওরা শিক্ষাকে এমন একটা জায়গায় নিয়ে গিয়েছিল যেখানে শিক্ষার প্রতি মানুষের শ্রদ্ধাবোধ চলে গিয়েছিল। শিক্ষা ক্ষেত্রে ওরা যে নৈরাজ্য সৃষ্টি করেছিল সেখান থেকে শিক্ষাকে ফিরিয়ে এনে একটা সাফল্যজনক অবস্থায় আনা হয়েছে। শিক্ষার প্রতি মানুষ যাতে আকৃষ্ট হয় এবং পরীক্ষার পরিমণ্ডল যেভাবে তৈরি করা হয়েছে, এটা বামফ্রন্টের আমলে যতদিকে সাফল্য এবং অগ্রগতি হয়েছে তার মধ্যে অন্যতম অগ্রগতি। আমি বিভিন্ন পরিসংখ্যান দিয়ে দেখিয়ে দিতে পারি যে আমাদের প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরে ছাত্রসংখ্যা যেমন বেড়েছে তেমনি প্রতিষ্ঠানগুলোর সংখ্যাও বেড়েছে। প্রাইমারি স্কুলের প্রশ্নের আমরা দেখেছি যে ইংরাজ আমল থেকে আরম্ভ করে কংগ্রেস আমলের ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত, যখন কংগ্রেস চলে গেল তখন ১৪ হাজার প্রাইমারি স্কুল ঐ সময়ে ছিল। আমরা এই কয় বছরে সেটাকে বাড়িয়েছি, আরো ১১ হাজার স্কুলের সংখ্যা বাড়িয়েছি। মাধ্যমিক স্তরে আমরা এই ১৫ বছরে প্রায় আড়াই হাজার মাধ্যমিক স্কুল বাড়িয়েছি। আর এই সময়ে ৭০টি কলেজের সংখ্যা বাড়ল নতুন করে। আর ছাত্রছাত্রী বৃদ্ধির ক্ষেত্রে একথা বলতে পারি যে বড় ধরনের একটা সমস্যা দেখা দিয়েছে, যেটা হচ্ছে সাফল্যের সমস্যা অর্থাৎ প্রবলেম অব সাকসেস। অনেক সমস্যা আছে যেটা সঙ্কট হিসেবে দেখা দেয়, আবার অনেক সমস্যাকে ওয়েলকাম করতে হয়। শিক্ষা ক্ষেত্রে ওরা যে নৈরাজ্য সৃষ্টি করেছিল, শিক্ষার প্রতি মানুষের যে শ্রদ্ধা চলে গিয়েছিল সেটাকে আমরা ফিরিয়ে আনতে পেরেছি। ছাত্র ভর্তির ব্যাপারে একটা বড় সমস্যা দেখা দিয়েছে। কারণ বামফ্রন্ট সরকারের জনমুখী যে শিক্ষানীতি, প্রতিটি ঘরে ঘরে শিক্ষাকে পৌঁছে দেবার যে নীতি, বিকেন্দ্রীকরণের যে নীতি সেটা করার ফলে শিক্ষাকে ব্যাপক অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং সেই সঙ্গে সঙ্গে আমাদের বামফ্রন্টের তরফ থেকে যে সব ফ্রি বুক সাপ্লাই করা হচ্ছে, মিড ডে মিল দেওয়া হচ্ছে, স্কুল ড্রেস দেওয়া হচ্ছে, পার্টিকুলারলি এই ক্ষেত্রে বলতে পারি—নিউ অ্যাওয়ারেনেস অ্যামংগেস্ট দি পিপল। এই হল আমাদের রাজ্যের শিক্ষার অগ্রগতির অন্যতম দিক। এছাড়া যে সাক্ষরতা অভিযান চলছে তাকে ৬ থেকে ৯ বছর পর্যন্ত সমস্ত ছেলেমেয়ে স্কুলে যেত না, আজকে তাদেরও স্কুলে যাবার প্রবণতা তৈরি করা গেছে। এর ফলে বিশেষ করে ক্লাশ ফাইভ পর্যন্ত স্কুলে ভর্তির একটা প্রচণ্ড সমস্যা দেখা দিয়েছে। এক্ষেত্রে এখানে শিক্ষা দপ্তরের মন্ত্রীরা এখানে আছেন, আমি তাদের কাছে একটা কথা বলতে চাই। আজকে যেহেতু ছাত্রদের সংখ্যা বাড়ছে, স্কুলের বিষয় আছে, ছাত্র ভর্তির সমস্যা ইত্যাদি মিলিয়ে যদি একটা সার্বিক সমীক্ষা করা হয় যে আগামী ১০ বছরের মধ্যে কত ছাত্র সংখ্যা বাড়তে পারে, কত স্কুল তৈরি করতে হবে, এইসব নিয়ে যদি একটা লং টার্ম পারস্পেকটিভে চিন্তা-ভাবনা করা যায় যে এত বছরের পর এত ছাত্রছাত্রী বাড়বে, এত স্কুল তৈরি করতে হবে তাহলে পরবর্তীকালে এই সমস্যা সমাধান করা যাবে। তা না-হলে এই যে প্রবলেম অব সাকসেস, এটাতে একটা ক্রাইসিসে কনভার্টেড হতে পারে। আমি জানি না এই দিক থেকে কোনও ভাবনা-চিন্তা করা হয়েছে কিনা। তবে একথা বলতে পারি, সৌগতবাবু একথা নিশ্চয়ই স্বীকার করবেন যে আওয়ার্স ইজ দি অনলি

স্টেট যেখানে শিক্ষা সম্বন্ধে বিভিন্ন ভাবনা-চিন্তা করা হয়। আজকে যে শিক্ষা কমিশন করা হয়েছে, সেই শিক্ষা কমিশন আশা করি এই ব্যাপারে লং টার্ম পারস্পেকটিভে ভাবনা-চিন্তা করে তাদের সুচিন্তিত মতামত রাখবেন। আর একটা কথা হচ্ছে, শিক্ষা ক্ষেত্রে সার্বিক সম্পদ সংগ্রহের প্রশ্নে আমাদের নানা রকম সীমাবদ্ধতা আছে। একথা আমরা সব সময়ে বলে আসছি এবং তা সকলেই জানেন, যদিও ২৭ শতাংশ আমাদের বাজেটে ধার্য আছে। আজকে উচ্চশিক্ষার ক্ষেত্রে বিশেষ করে পেশাগত এবং বৃত্তি শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন জায়গায় দেখেছি যে ৩০/৪০ বছর ধরে যে মাইনা আছে, স্কুলে ফি আছে, টিউশন ফি আছে, সেটা বাড়ানোর কথা উঠেছে। আজকে ৩০/৪০ বছর ধরে বিভিন্ন প্রেক্ষাপটে যা ঘটেছে এবং ইতিমধ্যে আমরা পেপারে দেখেছি যে—মাননীয় মন্ত্রী সত্যসাধনবাবু এখানে আছেন, তিনি এই বিষয়ে আমাদের বলবেন—ইউ. জি. সি. বোধ হয় একটা রেকমেন্ডেশন করেছে যে ন্যূনতম এটাকে ৫০ টাকা বাড়িয়ে দেবার ক্ষেত্রে।

[2-40—2-50 P.M.]

সেই ক্ষেত্রে এখানে ভাবনা-চিন্তা করা যায় কিনা আমি জানি না। এই ব্যাপারে কি করা দরকার বিভিন্ন শিক্ষাবিদ, ছাত্র সংগঠন, বুদ্ধিজীবী মানুষদের সঙ্গে সার্বিক আলোচনা করে এগোনো দরকার। যে প্রশ্ন উঠেছে সেটা হল, রিসেন্ট যে কোয়েশ্চেন উঠেছে সেটা হল কনসোলিডেশন এগেনস্ট এক্সপানশন। এই বিষয়ে আমাদের রাজ্যে শিক্ষার পরিমণ্ডল যেভাবে বিস্তারিত হচ্ছে, যেভাবে ছাত্রছাত্রীর সংখ্যা বাড়ছে তাতে আমার মনে হচ্ছে আগামী দিনে আমরা এই সমস্যা কিভাবে মোকাবিলা করব? গত ১৫ বছর ধরে শিক্ষা বিস্তারে বামফ্রন্ট সরকার তার সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে এবং রাজ্যের শুভ বুদ্ধিসম্পন্ন মানুষ সেই চেষ্টা চালাচ্ছে। তারজন্য যে যে ব্যবস্থা করা হয়েছে, যে ফাঁক-ফোঁকর সৃষ্টি হয়েছে তার মধ্যে সেইগুলির ব্যাপারে আমাদের দেখতে হবে। কেন্দ্রীয় সরকারের শিক্ষানীতি ছিল, একটা সময় তাঁরা বলেছিলেন নো ফারদার এক্সপানশন, এটা কনসোলিডেট কর। আমি এটা বলতে চাই এক্সপানশনের রাস্তা ঠিক কার হোক, হায়ার এক্সপানশন ইজ এ মাস্ট সেখানে এক্সপানশন করতে হবে। গত বছরগুলিতে যে ব্যবস্থা তৈরি করতে পেরেছি সেখানে লুপহোলস দূর করে সেখানে যদি কনসোলিডেট করার সুযোগ থাকে নিশ্চয়ই আমরা কনসোলিডেট করব। যে দৃষ্টিভঙ্গি আমাদের এই বাজেটের মধ্যে আছে আমি মনে করি এই বাজেট সমর্থনযোগ্য। স্যার, আমি আর একটা কথা বলতে চাই, এটা আমি আগেই বলেছি, যে শিক্ষা কমিশন আমাদের রাজ্যে হয়েছে, বিভিন্ন দিক আলাপ-আলোচনা করে আমরা মনে করি শিক্ষার মান অনেক উন্নত হয়েছে এবং একটা নতুন দৃষ্টান্ত স্থাপন হয়েছে। এটা শিক্ষা বাজেটের একটা অন্যতম দিক। সেইজন্য রাজ্যের মানুষের সঙ্গে আমি ব্যক্তিগতভাবে এই বাজেটকে সমর্থন করছি এবং এই ধরনের বাজেট উত্থাপনকারী দপ্তরের মন্ত্রীদের অভিনন্দন জানাচ্ছি।

শ্রী সৌগত রায় : স্যার, এই বাজেট সম্পর্কে বলার আগে আমি দুটি ছোট ব্যাপার এখানে উল্লেখ করব। একটা হচ্ছে, আগে এই হাউসে বলেছেন রাজারহাট শিক্ষা নিকেতনের শিক্ষিকা নিলীমা মণ্ডলের বিরুদ্ধে উনি অভিযোগ এনেছেন। আমি এই ব্যাপারে তদন্ত করে জানতে পেরেছি রবীনবাবুর অভিযোগ অসত্য, নিলীমা মণ্ডলের বিরুদ্ধে ওনার অভিযোগ

সত্য নয়। রবীনবাবু চাইছেন এই স্কুলের ম্যানেজিং কমিটি ভেঙে দিয়ে স্কুলটাকে কব্জা করতে। এটা ঠিক নয়, আশা করি তার থেকে উনি বিরত হবেন।

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ স্যার, আমার একটা পার্সোনাল এক্সপ্লানেশন আছে। স্যার, আমাকে বলতে দিন, আমার নাম করে হাউসে বলেছেন।

শ্রী সৌগত রায় ঃ আপনি বলেছেন তার উত্তর দিয়েছি। স্যার, আমার টাইম নষ্ট হয়ে যাচ্ছে, আমাকে টাইম দেবেন।

মিঃ চেয়ারম্যান ঃ ওনার বক্তব্য শেষ হোক, তারপর আপনি বলবেন।

শ্রী সৌগত রায় ঃ আমার আর একটা ব্যাপার হচ্ছে পশ্চিমদিনাজপুরের খেজুরি পশ্চিমবাংলার উপকূলবর্তী এলাকার মধ্যে একটা পিছিয়ে পড়া জায়গা, সেখানে বেশির ভাগ তফসিলি জাতি এবং উপজাতির লোকেরা বসবাস করে। সেখানে একটা ভোকেশনাল ডিগ্রি কলেজ করবার জন্য দিনের পর দিন দাবি উঠছে এবং এই সরকারের আমলে ১৯৮৪ সাল থেকে এই দাবি উঠছে। যেহেতু সেখানে সি. পি. এম.-এর এম. এল. এ. নেই সেইজন্য খেজুরিতে একটা ভোকেশনাল ডিগ্রি কলেজ করা হচ্ছে না। এই পিছিয়ে পড়া তফসিলি জাতি এবং উপজাতি অধ্যুষিত এলাকায় যাতে ডিগ্রি কলেজ করা হয় তার জন্য আমি সরকারকে অনুরোধ করছি।

তৃতীয়ত, আমি একটা ঘটনার কথা সত্যসাধনবাবুর কাছে রাখছি। আমার কাছে একটা রিপোর্ট এসেছে—বর্ধমানে একজন সিনিয়র মোস্ট প্রফেসর অফ হিস্টরি, প্রফেসর শিশিরকুমার চ্যাটার্জিকে ওখানে কে একজন নজরুল ইসলাম, তিনি সি. পি. এম.-এর ছাত্র নেতা ছিলেন, এখন জুনিয়র রিসার্চ ফেলো, যদিও তিনি এর যোগ্য নন। তিনি প্রফেসর চ্যাটার্জিকে অপমান করেছেন। আমি সত্যসাধনবাবুকে বলব এটি তদন্ত করে দেখার জন্য। এবারে আমার মূল বিষয়ে আমি আসছি। রবীনবাবুকে অনুরোধ করব, উনি পার্থ দে'র লেখা শিক্ষা বিষয়ক কমিটির দুটি যে প্রতিবেদন বেরিয়েছে সেটা যদি পড়ে বলতেন, তাহলে উনি যেটা বলেছেন সেটা বলতেন না। শিক্ষা বিষয়ক কমিটির প্রতিবেদনে কি বলেছে? পার্থবাবু বলেছেন যে, ১৯৯১-৯২তে ৩৫০ কোটি টাকা সরকার খরচ করেননি এবং এরজন্য প্ল্যানে ৬৬ কোটি টাকা কম খরচ করেছেন। এবারে যে একটা ট্রিক দিয়েছেন—আপনারা ৬৩ কোটি টাকা বাড়িয়েছেন—আসলে গত বছরের প্ল্যান এক্সপেন্ডিচারের টাকা পুরো খরচ করতে পারেননি। পার্থবাবুকে ধন্যবাদ যে তিনি এটা দেখিয়েছেন। শিক্ষা পরিকল্পনা খাতে খরচ চার থেকে ছয় শতাংশ সীমাবদ্ধ থেকেছে। এরজন্য যে ১৭৬০ কোটি টাকা ধার্য ছিল তারমধ্যে ১৪০০র বেশি টাকা মাইনে দিতে চলে যাচ্ছে। পরিকল্পনা খাতে খরচের পরিমাণ কম থাকছে এবং এর ফলে ডেভেলপমেন্ট হচ্ছে না। তারজন্য এই বছরে একটা নতুন কলেজের প্রস্তাব আনতে পারেননি। গত দশ বছরের মধ্যে কোথাও নতুন বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব এই সরকার আনতে পারেননি। আমি পরে স্ট্যাটিসটিক্স দিয়ে দেখাব যে অন্য রাজ্যের তুলনায় এই রাজ্য কত পুওর। আরও একটা বিষয় পার্থবাবু উল্লেখ করেছেন। পার্থবাবু নিজে স্বীকার করেছেন—যে তথ্য পাওয়া যাচ্ছে তাতে ১৯৯১-এর

শিক্ষাবর্ষে মাত্র ১৫-১৭ দিন টিফিন ছাত্রছাত্রীদের দিয়েছেন। ১৫-১৭ দিন মাত্র মিড-ডে মিল দিয়েছেন। দ্বিতীয়ত উনি বলেছেন পোশাক সম্বন্ধে পোশাকের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে অধিকাংশ পোশাকই সঠিক মাপ অনুযায়ী নয়। তফসিল ছাত্রদের যে পোশাক দেবার কথা তা সঠিক মাপ অনুযায়ী নয়। পার্থবাবু আরও একটা রেকমেন্ডেশন যা করেছেন, সে সম্বন্ধে আমি একমত নই। সরকারি পাঠ্যপুস্তকের অপ্রতুলতার জন্য পঠন-পাঠন ব্যাহত হচ্ছে। এই অভিযোগের সত্যতা প্রতিষ্ঠিত হয়নি। কিন্তু তথ্য হচ্ছে এই যে, বছরের শেষ পর্যন্ত সরকারি পাঠ্যপুস্তক পৌঁছোয়নি। এই যে সরকারি ব্যবস্থা, এটা তার একটা প্রধান ত্রুটি। শিক্ষা কমিটিতে আমাদের দলের সদস্যরা একটা দেখিয়েছিলেন। আমি জানি না, পার্থবাবু কেন এটা ইনকর্পোরেট করেননি? পার্থবাবুর লেখা আর একটা প্রতিবেদন আমি রবীনবাবুকে পড়তে অনুরোধ করব। পার্থবাবু বলেছেন যে, তীব্র আর্থিক অপ্রতুলতার দরুন সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়ে চলেছে প্রাথমিক শিক্ষা, শিশুপুষ্টি, পোশাক প্রদান। বিশেষত পরিদর্শনের কাজকে সব থেকে বেশি ত্যাগ স্বীকার করতে হয়েছে। আপনারাই আবার গর্ব করে বলেন যে এত টাকা দিয়েছেন আবার শিশুপুষ্টিতে খরচ কমিয়ে দিয়েছেন। আপনারাই আবার গর্ব করে বলেন যে আমরা এত টাকা খরচ করছি। এবারে আমি মূল বাজেটে আসছি। জেনারেলি বামফ্রন্ট সরকারের অ্যাপ্রোচ কি? জেনারেলি এদের অ্যাপ্রোচটা হচ্ছে, এই যে বাজেট, এর প্রায় পুরোপুরিটাই মাইনে দেবার কাজে খরচ হয়ে যাচ্ছে। সরকারি কর্মচারিদের, শিক্ষকদের মাইনে দিতে প্রায় সব টাকা চলে যাচ্ছে। ডেভেলপমেন্টের টাকার পুরোপুরিটাই হচ্ছে কেন্দ্রীয় সরকারের টাকা। কেন্দ্রীয় সরকারের টাকা দিয়ে ডেভেলপমেন্টের জন্য খরচ হচ্ছে। দিস ইজ দেয়ার ওভারঅল অ্যাপ্রোচ। রাজ্যের প্ল্যানে কোনও ডেভেলপমেন্টের টাকা থাকে না। তার ফলে ওঁদের উচিত ছিল যে, কেন্দ্রীয় সরকার যে প্রকল্পগুলো করেছেন তার পুরোপুরিটা প্ল্যানে নিয়ে আসা। তাহলে কমপক্ষে ওঁরা ডেভেলপমেন্টের কাজ করতে পারতেন। এই যে টোট্যাল লিটারেসি ক্যাম্পেন—এসো পড়াই, কিছু করে দেখাই—সি. পি. এম.এর কি মনে হল এই ১৫ বছর পর 'কিছু করে দেখাতে হবে?' তার মানে এখানে আগে নিরক্ষর কেউ ছিল না? তার মানে সেন্টার টাকা দিচ্ছে বলে এটা আপনারা শুরু করেছেন। টোটাল লিটারেসি ক্যাম্পেনে ওয়ান থার্ড দেবার কথা ছিল। কিন্তু দেখা যাচ্ছে যে অধিকাংশ জায়গায় সেই টাকা পুরোপুরি আপনারা খরচ করেননি। সেন্টারের টাকায় এই প্রকল্প চলছে।

[2-50—3-00 P.M.]

আমি আবার আস্তে আস্তে ফ্যাক্টসে আসছি, কিভাবে আপনারা এই সেন্টারে প্রকল্পগুলির সুযোগ রাজ্য নিতে পারেনি তার হিসাব দিচ্ছি। স্যার, আপনি যদি দেখেন তাহলে দেখবেন যে, সেন্ট্রাল স্কীম ফর প্রাইমারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশনে অপারেশন ব্ল্যাক বোর্ডের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ১৯৯০-৯১ সালে ৩ কোটি ৪৯ লক্ষ টাকা খরচ করেছে। সেখানে রাজস্থান খরচ করেছে ৩৪ কোটি ৫৬ লক্ষ। ওড়িশা খরচ করেছে ১৮ কোটি এবং পশ্চিমবঙ্গের স্থান সেখানে দশম। ম্যাচিংগ্রান্ট দেওয়ার ক্ষেত্রে West Bengal is one of the lowest in it. You have not taken the advantage of this scheme. তারপরে সেন্টার স্কীমে নন-ফরম্যাল এডুকেশনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ গত ২ বছর ধরে কোনও টাকা নিতে পারছে না, তার কারণ হচ্ছে যে ম্যাচিং গ্রান্ট সাবমিট করতে পারছে

না। যার ফলে নো অ্যাডভানটেজ হ্যাজ বিন টেকেন। তৃতীয়ত Assistance to state's teacher training Programme. পশ্চিমবঙ্গ ১৯৯০-৯১ সালে ১ কোটি ৪৭ লক্ষ মাইনাস। সেখানে রাজস্থান ৪ কোটি ৩৮ লক্ষ টাকা খরচ করেছে। আপনারা যদি স্কীম ঠিকমতো করতে পারতেন তাহলে এত টাকা পেতে পারতেন। সেখানে আপনাদের ১ কোটি ৪৭ লক্ষ টাকা ফেরৎ চলে গেছে, খরচ করতে পারেননি। আপনারা ম্যাচিং গ্রান্ট দিতে পারেননি। চতুর্থ হচ্ছে অ্যাসিস্টেন্স টু স্টেটস ফর ভোকেশনাল স্কীম অর্থাৎ বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের পারফরমেন্স হচ্ছে নিল। সেখানে মধ্যপ্রদেশ ১২ কোটি টাকা পেয়েছে, হিমাচলের মতো ছোট রাজ্য সেও ১ কোটি টাকা পেয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ ভোকেশনাল স্কীমে দুই বছর ধরে কোনও টাকা পায়নি। এই স্কীমটা ফলো করতে পারেননি। তারপরে ৫ নং হচ্ছে যেটাতে আপনারা একটু বেটার পারফরমেন্স দেখাতে পেরেছেন সেটা হচ্ছে সায়েন্স অ্যান্ড এডুকেশন। এই সায়েন্স অ্যান্ড এডুকেশনের ক্ষেত্রে আপনাদের পারফরমেন্স একটু ভালো। তাছাড়া আর যে ৪টি স্কীম আছে যথা সেন্ট্রাল স্কীম ফর প্রাইমারি অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন, অপারেশন ব্লাক বোর্ড, নন-ফরম্যাল এডুকেশন, অ্যাসিস্টেন্স টু স্টেটস টিচারস ট্রেনিং প্রোগ্রাম এবং ভোকেশনাল ট্রেনিং এই কটি স্কীমের মধ্যে ২টি স্কীমের টাকা তো পাননি। তারমধ্যে অ্যাসিস্টেন্স টু স্টেটস টিচার ট্রেনিং প্রোগ্রামে ১ কোটি ৪৭ লক্ষ টাকা খরচ করতে পারেননি। সেখানে পাঞ্জাবের মতো রাজ্য তারা ৩ কোটি ৪৯ লক্ষ টাকা খরচ করেছে। কিন্তু আপনারা কোনও দিক থেকেই কিছু করতে পারেননি। এবং যার ফলে কোনও তার সুযোগ পেতে পারেননি। সুতরাং আপনার দপ্তর হচ্ছে সব দিক থেকেই ব্যর্থ। আবার এডুকেশন টেকনোলজি স্কীমেও এই পশ্চিমবঙ্গের পারফরমেন্স নিল সেখানে ওড়িশার মতো রাজ্য ২ কোটি ৫৮ লক্ষ টাকা পেয়েছে। সেখানে আপনারা কি করলেন? তারপরে সেকেন্ডারি এডুকেশন ডিপার্টমেন্টের যে এনভায়রনমেন্ট স্কীম আছে সেক্ষেত্রেও পশ্চিমবঙ্গের অবস্থা নিল। সেন্টার থেকে যে টাকা আসবে সেই টাকা আপনারা গ্রহণ করতে পারেননি। এরপরেও আপনারা বলছেন যে শিক্ষার ক্ষেত্রে একটা নতুন পরিবেশ সৃষ্টি করেছেন। তারপরে আমি আরো আসছি উদাহরণে Integrated Education for disabled children. যারা প্রতিবন্ধী তাদের শিক্ষার জন্য সেন্টার একটা স্কীম করেছে। সেই স্কীমের কোনও টাকাই পাননি। অথচ বিভিন্ন রাজ্য সেখানে ১০ লক্ষ থেকে কেউ কেউ ১ কোটি টাকা পর্যন্ত পেয়েছে। Integrated Education for Disabled Children. এর কোনও সুযোগ আপনারা নিতে পারেননি।

তারপরে নবোদয় বিদ্যালয়, সেখানে উত্তরপ্রদেশ ২ কোটি ৫০ লক্ষ টাকা নিয়েছে, কিন্তু আপনারা এই নবোদয় বিদ্যালয়কে প্রতিষ্ঠা করতে রাজি হলেন না, আজকে যদি রাজি থাকতেন তাহলে আপনারা এই ২ কোটি ৫০ লক্ষ টাকা পেতেন। তবে এখন অবশ্য এই নবোদয় বিদ্যালয় করার ব্যাপারে কিছু সাজেশন দিয়েছেন এবং আমরা ওই সাজেশনগুলো রেকমেন্ডও করব। আপনারা এইভাবে একের পর এক সেন্টারের স্কীমগুলো গ্রহণ করেননি এবং সত্যিকারের আপনারা শিক্ষা সম্প্রসারণের বিরোধী। এটাই হচ্ছে আমার প্রধান অভিযোগ। আজকে নবোদয় বিদ্যালয় যদি হত তাহলে আপনারা না হয় ছাত্রদের না পাঠাতেন, অন্যরা তো পাঠাতে পারত। আপনারা তো বহু দামি দামি স্কুল চালাতে অনুমতি দিচ্ছেন। এই

নবোদয় বিদ্যালয় বন্ধ করে দিয়ে আপনারা একটা রাজ্যকে ডিপ্রাইভ করেছেন। এটাই আমার একটা বিরাট অভিযোগ আপনাদের বিরুদ্ধে। এরপরে আপনারা বলেছেন অশোক মিত্র কমিটি তৈরি করেছেন এবং সেই কমিটি রিপোর্ট দেবে। এর আগে আপনারা ভবতোষ দত্ত কমিটি করেছিলেন। তারা রিপোর্ট দিয়েছিল, ওই কমিটি ফর প্ল্যানিং ফর হায়ার এডুকেশনের রিপোর্ট দিয়েছিল। তাদের রেকমেন্ডেশনের সংখ্যা শুনলে মাননীয় স্পিকার মহাশয় আপনি আশ্চর্য হয়ে যাবেন। সেখানে রেকমেন্ডেশন ছিল ২২৮টি।

আমি জিজ্ঞাসা করতে চাই সত্যসাধনবাবুকে এই ২২৮টার মধ্যে How many points of recommendation of earlier commission appointed by your Government, have implemented. আপনি আবার অশোক মিত্র কমিশন বসিয়েছেন। আমরা বার বার দেখি অশোক মিত্র যখনই নির্বাচনে হেরে যান তখনই তাকে একটা কমিটিতে ঢুকিয়ে দেওয়া হয়। এর আগে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি ছিল এবারে আবার আরেকটা কমিটিতে তাকে ঢুকিয়ে দিয়েছেন। What is the point of recommendation having set up a committee, if don't implement the same. ভবতোষবাবু বলেছিলেন তার রিপোর্টে ইংরাজি পড়ানো উচিত। সেদিন বেগম জিয়া এসেছিল আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বললেন আমরা যাব। ইংরাজি তুলে দিয়েছিলাম প্রাথমিক স্তর থেকে, কিন্তু দেখলাম ক্ষতি হচ্ছে তাই আমরা আবার ক্লাশ ওয়ান থেকে ইংরাজি চালু করেছি। যারা বাংলা ভাষাকে সব থেকে বেশি মর্যাদা দিয়ে থাকে তারা ইংরাজি পড়াচ্ছে, আর আপনি ইংরাজি পড়াবেন না? আপনারা রিজিডিটি হয়ে এই ডুয়াল সিস্টেম এখনও পর্যন্ত চালিয়ে যাচ্ছেন। ইউনিভার্সিটি এডুকেশন সম্বন্ধে বলছি। রবীনবাবু আপনি জানেন, ভারতবর্ষে ৬,৯৪৯টি ইউনিভার্সিটি কলেজ আছে, তার মধ্যে ৯০টি হচ্ছে পশ্চিমবাংলায়। তাহলে পশ্চিমবাংলায় হল ৫.৬৬১ পারসেন্ট। আমরা হচ্ছি ওয়ান অফ দি লোয়েস্ট। সত্যসাধনবাবুকে আমি বলছি, ন্যাশনাল অ্যাভারেজ হচ্ছে ১,১৮,৭০০ লোকের জন্য একটা ইউনিভার্সিটি কলেজ, আর পশ্চিমবাংলায় ১,৬৭,৩৫০ জন লোকের জন্য একটা কলেজ। আপনারা নতুন কোনও কলেজ করতে পারছেন না? What is the growth of college during the 7th plan period. ১৯৮৫-৮৬ সাল থেকে ১৯৮৯-৯০ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় মাত্র ৩৩টি কলেজ হয়েছে। কিন্তু অন্য রাজ্যে কতগুলো হয়েছে সেটা একটু দেখুন। উত্তরপ্রদেশে হয়েছে ৪০২টি কলেজ, কর্ণাটকে হয়েছে ১৩১টি কলেজ, বিহারে হয়েছে ১০১টি কলেজ, অন্ধ্রে হয়েছে ৭৩টি কলেজ, আর পশ্চিমবঙ্গে হয়েছে মাত্র ৩৩টি কলেজ। আপনারা নতুন কোনও কলেজ করার স্কীম করছেন না। যার ফলে এই রাজ্যের কলেজগুলোর উপর অস্বাভাবিক রকমের চাপ আসছে এবং এখনও পর্যন্ত আপনারা কোনওরকম রিলিফের ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না, আপনারা কোনওরকম এনরোলমেন্টের ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না। অন্যান্য রাজ্যের থেকে আপনাদের অবস্থা খুব খারাপ। এমনকি তামিলনাড়ুর টোটাল এনরোলমেন্ট ইন কলেজেস আপনার থেকে হায়ার। যদিও তামিলনাড়ুর পপুলেশন আমাদের থেকে কম। সেখানে এনরোলমেন্ট হচ্ছে ৩,৫৯,০০০, আর আমাদের মাত্র ৩,৪০,০০০ কেন তামিলনাড়ুর থেকে আমাদের এনরোলমেন্ট কম সেটা আমি আপনার কাছ থেকে জানতে চাই। ও আপনার কাছ থেকে বুঝতে চাই। কেন এই ঘটনা ঘটছে?

আমি আরও আপনাকে দু-একটি কথা বলতে চাই, এই লিটারেসি সম্বন্ধে। আপনারা বলছেন 'এসো পড়াই কিছু করে দেখাই'। ১৯৯১ সালের সেনসাসে দেখা যাচ্ছে লিটারেসি রেটে পশ্চিমবঙ্গের স্থান হচ্ছে সাতারো। টোটাল লিটারেসির ক্ষেত্রে সেভেনটিথ প্লেসে হচ্ছে পশ্চিমবঙ্গ। মাননীয় মন্ত্রী অঞ্জু কর প্যারিসে যাচ্ছে পুরস্কার আনতে, কিন্তু পশ্চিমবাংলা যে ১৭ নং জায়গায় আছে, এই ব্যাপারে কি আপনাদের খারাপ লাগে না? আর ফিমেল লিটারেসিতে পশ্চিমবঙ্গ আরও নিচে ১৯ নং পজিশনে। নাইনটিন্থ প্লেস ইন ফিমেইল লিটারেসি। আর এদিকে আপনারা বলছেন 'এসো পড়াই কিছু করে দেখাই' এই কথায় আপনারা দেয়াল ভরে দিচ্ছেন। তবে এটা ঠিক যে পশ্চিমবাংলার বাজেটে একটা বড় পোর্শন খরচ হয় এই এডুকেশনে। ভারতবর্ষের মধ্যে হায়েস্ট পারসেন্টেজ অফ দি বাজেট খরচ হয় এই পশ্চিমবাংলায়। আপনারা ২৮ পারসেন্ট খরচ করেন এই এডুকেশন খাতে। কিন্তু এর দ্বারা কি শিক্ষার মান বেড়েছে? হোয়ারঅ্যাজ ডেভেলপমেন্টাল অ্যাকটিভিটিস ইন কলেজেস। নতুন ইউনিভার্সিটি কোথায়, নতুন সেকেন্ডারি স্কুল কোথায়? একটাও নেই। এদিকে শিক্ষা খাতে বাজেটের ২৮ পারসেন্ট আপনারা খরচ করছেন।

[3-00—3-10 P.M.]

১৯৯১-এর সেনসাসে ১৯ নম্বর জায়গাতে আছেন। স্যার, আপনি জানেন যে এই রাজ্যে শিক্ষার পরিবেশ ক্রমশ খারাপ হয়ে যাচ্ছে। আমার কাছে ড্রপ আউট রেট আছে। ১৯৮৭-৮৮-র স্ট্যাটিস্টিক্স পাওয়া সম্ভব হয়নি। অ্যাকোর্ডিং টু ন্যাশনাল স্যাম্পেল সার্ভে অফ ইন্ডিয়া আপনি জানেন স্যার, ওখান অফ দি হায়েস্ট ইন ইন্ডিয়া। বিহারে এবং পশ্চিমবাংলাতে। ৬০ পারসেন্টের চেয়েও বেশি ড্রপ আউট রেট। পশ্চিমবাংলাতে ৬৩.৮৮ পারসেন্ট। বিহারে ৬৫.৩৩। ক্লাশ ওয়ান থেকে ফাইভ পর্যন্ত খুবই খারাপ অবস্থা। পশ্চিমবাংলাতে এটা সবচেয়ে বেশি। অনলি এক্সপেক্টিং বিহার। সেখানে আপনার ওয়েস্ট বেঙ্গলে ৬৬৩ পারসেন্ট। উত্তরপ্রদেশে ৪৭ পারসেন্ট। ড্রপ আউট রেট এস. সি. এবং এস. টি.র মধ্যে এস. সি. ৫৮ পারসেন্ট এবং এস. টি.র মধ্যে ৬৪ পারসেন্ট। সুতরাং ড্রপ আউট রেট ভেরি হাই ইন ওয়েস্ট বেঙ্গল। আমি আবার এটা আপনাদের স্মরণ করিয়ে দিলাম। এগেন এনরোলমেন্ট পার লাখ অফ পপুলেশন ওয়েস্ট বেঙ্গল ফার্স্ট নাম্বার? এখানে আমাদের জায়গা চার, পাঁচ নম্বর। আমাদের এখানে ১৩ হাজার ৬৪২ জন পড়ছে। পশ্চিমবাংলার অবস্থা খুবই খারাপ। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এটা বিচার করবার জন্য আপনাদের অনুরোধ করছি। আত্মশ্লাঘা এবং গর্ব ভালো নয়। এর ফলে আমরা এই জায়গাতে নেমে এসেছি। আপনি দেখুন না, নাম্বার অফ এডুকেশনাল ইনস্টিটিউশনাল পশ্চিমবাংলায় ১১টা, ১২টা। সেখানে মহারাষ্ট্রে ১৮টা, অন্ধ্রেতে ১৭টা, অন্ধ্রের যা পপুলেশন আমাদেরও তাই। তামিলনাড়ুতে ১৫টা। আমাদের সমান স্টেটের সাইজ সেখানে ১৫/১৭/১৮টা করে। আমাদের এখানে কেন ১১টা? এর জবাব আজকে শিক্ষামন্ত্রীকে দিতে হবে। কোন জায়গাতে আমরা নেমে গেছি। এটা আমরা আজকে জানতে চাই। এখনও পর্যন্ত জানতে পারিনি। এরপর বলি, সংখ্যাতত্ত্বের বেলাতেও পশ্চিমবাংলা পিছিয়ে আছে। আপনার এলিমেন্টারি এডুকেশনের ক্ষেত্রে একজন ছাত্রপিছু কত খরচ হয়? পশ্চিমবাংলাতে একজন ছাত্রপিছু মাত্র ২৬৪ টাকা খরচা হয়। উত্তরপ্রদেশে একজন পিছু ৩৯১ টাকা। আমি ছোট রাজ্যে বলছি না। বড় রাজ্যে ধরুন

অন্ধ্রতে ৪৬৬ টাকা। এখানে এলিমেন্টারি এডুকেশনের ক্ষেত্রে ইজ ওয়ান অফ দি লোয়েস্ট। আমি আপনাকে বলছি তো, পশ্চিমবাংলাতে কটা অ্যাফিলেটেড কলেজ আছে? পশ্চিমবাংলাতে কলেজের ক্ষেত্রে, উত্তরপ্রদেশে বেশি, অন্যান্য জায়গাতেও বেশি। আমি হাউসে বার বার বলেছি, প্রেসিডেন্সী কলেজকে অটোনোমাস স্ট্যাটাস দিন, কিন্তু আপনারা দিলেন না। আজকে আপনারা এডুকেশনের নাম করে একসিলেন্সীকে হত্যা করেছেন। আজকে সরকারি নীতির জন্য শিক্ষাক্ষেত্র ডুবতে বসেছে। আপনারা শিক্ষা ব্যবস্থাকে টোটালি ধ্বংস করে দিয়েছেন।

আজকে নেমলি ওয়ান ভাইস-চ্যান্সেলরের নাম করতে পারবেন যাকে সারা ভারতবর্ষের লোক জানে, পশ্চিমবঙ্গের লোক জানে? কি করে জানবে? আপনারা পলিটিক্যাল কনসিডারেশনে অ্যাপয়েন্টমেন্ট দেন। এখানে ক্যালকাটা ইউনিভার্সিটির বিজ্ঞান কলেজ যেখানে প্রফুল্লচন্দ্র রায় সারা দিনরাত রিসার্চ করতেন, এই সেদিন অসীমা চ্যাটার্জি দীর্ঘ রাত পর্যন্ত রিসার্চ করতেন, আপনারা নিয়ম করে দিয়েছেন ৮টার পর রিসার্চ করা যাবে না। ইজ দিস এনি সিস্টেম? আজকে আপনাদের ভাবতে হবে, হায়ার এডুকেশনে পয়সা দেবেন কিনা। যেখানে রাজীব গান্ধী বলেছিলেন, ফান্ডিং ফর হায়ার এডুকেশনের জন্য প্রপার অ্যাপিল করতে হবে। কলকাতা ইউনিভার্সিটি, প্রেসিডেন্সী কলেজকে প্রপারলি অ্যাপিল করতে হবে, বিদেশে যেমন হয়, এক্স স্টুডেন্টসদের কাছে ইন্ডাস্ট্রিয়াল হাউসের কাছে। হায়ার এডুকেশন কি শুধু কেন্দ্র-রাজ্য সরকারের দায়িত্ব? ইন্ডাস্ট্রিয়াল হাউসগুলো তারা তৈরি ছাত্র পাচ্ছে তারা কেন হায়ার এডুকেশনে পয়সা দেবে না? কলেজ সার্ভিস কমিশন করে নিজেদের লোক বসানোর ব্যবস্থা করেছেন, ভাইস চ্যান্সেলরের পোস্টে আপনাদের নিজেদের লোক বসাবার ব্যবস্থা করেছেন। আমার অনেক বলার ছিল পলিটেকনিক সম্বন্ধে। বংশগোপালবাবু এসেছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্কের অ্যাসিস্টেন্স নিয়েছেন সব টাকা খরচ হয়েছে বাড়ি তৈরি করতে। পলিটেকনিকের জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্কের অ্যাসিস্টেন্স নিয়ে বাড়ি করতে সব টাকা খরচ করে দিচ্ছেন ইন দি স্টেট। সেইজন্য স্যার, কোনওভাবে এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এদের লিমিটেড অ্যাচিভমেন্ট নিয়ে খুব গর্ব, কিন্তু অ্যাকচুয়াল অ্যাচিভমেন্ট ইন টারমস অফ দি রেস্ট অফ দি কান্ট্রি ইজ ভেরি পুওর। তাই আমি বাজেটের বিরোধিতা করছি।

শ্রী রবীন মণ্ডল ঃ মিঃ চেয়ারম্যান স্যার, আমার পার্সোন্যাল এক্সপ্ল্যানেশন হল, মাননীয় সদস্য শ্রী সৌগত রায় উনি একজন শিক্ষক, ওঁনার কাছ থেকে ন্যূনতম সততা আশা করেছিলাম।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ স্যার, বাজেট আলোচনা হতে হতে আপনি পার্সোন্যাল এক্সপ্ল্যানেশন অ্যালাও করে দিলেন, এটা হয় না।

শ্রী রবীন মণ্ডল ঃ ১লা এপ্রিল আমি একটা মেনশন করেছিলাম, এবং সেই মেনশনের পরে মাননীয় সদস্য সৌগতবাবু, সুদীপবাবু মেনশনের কন্টেন্ট শুনে বলেছিলেন, সিরিয়াস ব্যাপার, মাননীয় স্পিকার মহাশয়, তদন্তের নির্দেশ দিন। নীলিমা মণ্ডল বলে একজন শিক্ষিকা এম. এস. সি. বি. এড. তিনি এম. ফিল করবার জন্য পার্মিশন চেয়েছিলেন। উনি বলেছিলেন নাইটে পড়ব। যে কেউ পড়তে পারে নাইটে তাতে অসুবিধে নেই। কিন্তু স্কুলে গেলে তাঁর

সঙ্গে দীর্ঘ তর্ক-বিতর্ক হয়। মোটিভেটেডলি তাকে বলা হয়, তোমাকে সেক্রেটারিকে স্যাটিসফাই করতে হবে। তিনি যখন বলেন, আমি কি করে স্যাটিসফাই করব। তখন বলা হয়, ন্যাকামি কি করে স্যাটিসফাই করতে হয় জান না। তুমি ছোটলোক। এইসব বলার পর তাকে মারধোর করে বের করে দেওয়া হয়। আজকে পলিটিক্যালি এইসব বলছেন, মিথ্যা বলছেন, এর বিরুদ্ধে প্রিভিলেজ আনা যায় কিনা, ভেবে দেখতে হবে আমাকে।

শ্রী শৈলেন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মন্ত্রীদের পক্ষ থেকে যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন করে আমি স্যার, একটা কথা বলতে চাই। আজকে এই বিতর্কের প্রারম্ভে মাননীয় বিরোধী সদস্যরা কিছু তথ্য দিলেন, সরকারি শিক্ষানীতি এবং প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে নানা উদ্যোগ সম্পর্কে বক্তব্য রেখেছেন। আমি এই বাজেটকে সমর্থন করি এই কারণে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার ঘোষিত নীতি এবং কর্মসূচি সামনে রেখে পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্রে সুষ্ঠু পরিবেশ এবং শিক্ষার উন্নতির জন্য তাঁদের ব্যয়-বরাদ্দ রেখেছেন। সঙ্গতভাবেই তার মধ্য দিয়ে আমরা দেখতে পেয়েছি আমাদের রাজ্যে শিক্ষার বিভিন্ন কাজে বাজেটে ব্যয়-বরাদ্দ আছে।

[3-10—3-20 P.M.]

আমাদের শিক্ষা খাতের যে ব্যয়বরাদ্দ তা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের চেয়ে বেশি। স্বাভাবিকভাবে এটা আমরা মনে করছি যে মানুষের শিক্ষা এবং চেতনা বাড়াতে গেলে শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ বৃদ্ধি প্রয়োজন আছে তেমনি শিক্ষার সামগ্রিক উন্নয়নের জন্য নানান পদ্ধতি অনুসরণ করার প্রয়োজন আছে। আমরা সেটা অনুসরণ করছি। সেটা অনুসরণ করার মধ্যে দিয়ে আমরা সারা রাজ্যের শিক্ষা ক্ষেত্রে যেমন একটা সুষ্ঠু এবং শান্তিপূর্ণ পরিবেশ আনতে পেরেছি তেমনি তার সাথে সাথে শিক্ষার উন্নয়নের জন্য শিক্ষা কমিশন গঠনসহ নানান কাজও আমরা করেছি। শিক্ষা ক্ষেত্রে ব্যয় বৃদ্ধিসহ একটা নজির সৃষ্টিকারী শিক্ষা ব্যবস্থা আমরা আমাদের রাজ্যে কায়েম করতে পেরেছি। মাননীয় মন্ত্রী মহাশয়রা প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, মাদ্রাসা শিক্ষা এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশদভাবে তাদের বক্তব্য রেখেছেন। আমাদের সরকারের সাফল্য এবং আমরা কি করতে চাই সেটা বলা হয়েছে। কিন্তু তা হলেও মাননীয় মন্ত্রী মহাশয়দের কাছে আমি আবেদন করতে চাই যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি আজকে যেভাবে মানুষ সমর্থন করছেন সেখানে সেই পরিপ্রেক্ষিতে এই শিক্ষানীতি এবং তার কর্মসূচিকে একটা অংশের পক্ষ থেকে বা শিক্ষক সমাজের একটা অংশের পক্ষ থেকে যেভাবে অপপ্রচার করে এর বিরুদ্ধে বলা হচ্ছে এবং জনগণের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে সে দিকেও দেখা দরকার। এই প্রসঙ্গে প্রাথমিক শিক্ষার ক্ষেত্র দিয়ে যদি শুরু করি তাহলে আমরা দেখব যে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মূল্যায়ন পদ্ধতি চালু করার সঙ্গে সঙ্গে পাশ ফেল পদ্ধতি তুলে দেওয়ার পর যে নতুন ব্যবস্থা শুরু হয়েছে সেখানে আমরা দেখছি যে সেই ব্যবস্থার অবমূল্যায়ন একটা শ্রেণীর অশিক্ষকদের মধ্যে থেকে যেমন করা হচ্ছে তেমনি রাজনৈতিকভাবে তার বিরোধিতা আমরা বিভিন্ন স্তরে দেখছি। তাই আমি এ ব্যাপারে মাননীয় মন্ত্রীদের কাছে আবেদন করব যে মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে যাতে সঠিক ব্যবস্থা হয় এবং সঠিকভাবে মূল্যায়ন পদ্ধতি

যাতে আমরা অনুসরণ করতে পারি এবং মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করতে গিয়ে কোনও ক্ষেত্রে যদি কোনও অসুবিধা থাকে তাহলে সেই অসুবিধাগুলি কোন ধরনের অসুবিধা সেটা ভেবেচিন্তে দেখা দরকার। সেখানে ভাবনা-চিন্তা করে আমাদের নতুন কিছু পদ্ধতি অবলম্বন করা দরকার। তা না হলে আমরা সাধারণভাবে গ্রামাঞ্চলে দেখি যে মূল্যায়ন পদ্ধতির মধ্যে দিয়ে যেভাবে শিক্ষা দেবার কথা বলা হয়েছে এবং বিভিন্ন স্তরে তার মূল্যায়ন করার কথা যা বলা হয়েছে সেখানে এক শ্রেণীর শিক্ষক সমাজ এবং রাজনৈতিক শক্তি এই মূল্যায়নের ব্যাপারে—পাশ ফেল তুলে দেওয়া হয়েছে মানেই শিক্ষাটা একেবারে শেষ করে দেওয়া হয়েছে এরকম একটা অপপ্রচার চালাচ্ছেন। এই মূল্যায়ন পদ্ধতিটা যাতে সঠিকভাবে হয় আমার আবেদন সেটা সঠিকভাবে দেখা হোক। তারপর গ্রামাঞ্চলের স্কুলগুলিতে যেভাবে ছাত্র সংখ্যা বৃদ্ধি ঘটছে সে দিকেও নজর দিয়ে কিছু কাজ করা দরকার। যদিও গত ১৫ বছরে বামফ্রন্ট সরকার পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ের গৃহ সংস্কারসহ আসবাবপত্রের কিছু সংস্থান করেছেন কিন্তু এখনও একটা বিরাট সংখ্যক স্কুলের গৃহ অত্যন্ত খারাপ অবস্থায় থেকে গিয়েছে এবং অনেক স্কুলে সেইভাবে আসবাবপত্রও নেই। এ ব্যাপারে চিন্তাভাবনা করা দরকার। কারণ ছাত্র সংখ্যা বেড়ে যাবার ফলে সেইসব গৃহে তাদের স্থান সঙ্কুলান হচ্ছে না এবং সেখানে স্বাভাবিকভাবে পড়ার যে পরিবেশ সেটা থাকছে না। সুতরাং নতুন করে যাতে গৃহ নির্মাণ করা যায় এবং যেখানে প্রয়োজন সেখানে যাতে সংস্কার করা হয় সে ব্যাপারে সরকারের পক্ষ থেকে দৃঢ় পদক্ষেপ নেওয়ার দরকার আছে বলে আমি মনে করি। তারপর পুস্তক বিতরণের ক্ষেত্রে আমরা অনেকখানি স্বাভাবিক অবস্থা ফিরিয়ে নিয়ে এসেছি। কিন্তু তবুও বলছি, আমরা দেখছি, ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে কিছু কিছু গাফিলতি থেকে যায়। কোনও ক্ষেত্রে হয়ত ইচ্ছাকৃত গাফিলতি থাকে। এটা কাটিয়ে উঠে যাতে সঠিক সময় নির্ধারিত কোর্স অনুসারে কোর্স শুরু হবার প্রথমেই ছাত্রদের হাতে বই তুলে দেওয়া যায় সেটা দেখা দরকার এবং এই ব্যবস্থাটা আরও শক্তিশালী করা দরকার। তারপর স্কুলে ছাত্র সংখ্যা যে অনুপাতে বাড়ছে সেই অনুপাতে শিক্ষকের সংখ্যা কিন্তু অত্যন্ত অপ্রতুল। অনেক জেলাতে আমরা দেখেছি যে বিভিন্ন কেস ইত্যাদি থাকার জন্য শিক্ষক নিয়োগ বন্ধ আছে।

আমি হাওড়া জেলার ক্ষেত্রে বলতে পারি, দীর্ঘদিন হাওড়া জেলার ক্ষেত্রে নতুন শিক্ষক নিয়োগের ব্যবস্থা না থাকার ফলে বিভিন্ন স্কুলে যে সব শিক্ষক রিটায়ার করছেন, তাদের ক্ষেত্রে নিয়োগ না হওয়ার ফলে শিক্ষক অপ্রতুল হয়ে যাচ্ছে, শিক্ষকের অভাব হয়ে যাচ্ছে। নিয়োগের ক্ষেত্রে দৃঢ়তা থাকা দরকার। মন্ত্রী মহাশয় স্বীকার করছেন ব্যয়বরাদ্দ দাবি বিবৃতির মধ্যে নতুন স্কুল স্থাপন, শিক্ষক নিয়োগ, গৃহ সংস্কার ইত্যাদি বিষয়ের উল্লেখ করেছেন। কিছু কিছু ক্ষেত্রে কোর্টের অর্ডারের জন্য শিক্ষক নিয়োগ স্থগিত রয়েছে। এইগুলো যাতে দ্রুততার সঙ্গে নিষ্পত্তি করা যায় সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অনেক যুগান্তকারী দৃষ্টান্ত রাখা হয়েছে, যেমন পোশাক বিতরণ, খাদ্য বিতরণ, ক্রীড়া বিষয়ক কর্মসূচি অনেক গ্রহণ করা হয়েছে। এই ব্যয়বরাদ্দকে যেমন আমরা সমর্থন করব, সেই সঙ্গে সঙ্গে উচ্চ শিক্ষার ক্ষেত্রে যেভাবে ছাত্রছাত্রীর চাপ আছে, তেমনি গৃহ সমস্যাও আছে। অনুমোদিত যে স্কুলগুলো আছে, সেখানে শিক্ষকদের নিয়োগের ক্ষেত্রে

অর্ডার বেরোবার পর ইন্টারভ্যু নিয়ে শিক্ষক নিয়োগ করতে করতে এক দুই বছর সময় লেগে যাচ্ছে। স্বাভাবিকভাবে সেই বিদ্যালয়ের পোস্টগুলো ফাঁকা থেকে যাচ্ছে। তার ফলে পঠন-পাঠনে অসুবিধা হচ্ছে। তাই সেই ক্ষেত্রে অধিকভাবে দ্রুততার সঙ্গে নতুন শিক্ষক সঠিকভাবে যাতে নিয়োগ করা হয় তার ব্যবস্থা করবেন। প্রশাসনিক টাল বাহানা যাতে না. হয়, সেদিকে দৃষ্টি রাখা দরকার। তা নাহলে আমাদের সরকারের স্বাভাবিক যে চিন্তাভাবনা, শিক্ষা বিস্তারের যে পরিকল্পনা তা ব্যাহত হবে। কাজেই এই ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া দরকার। উচ্চ শিক্ষার ক্ষেত্রে একইভাবে দেখি, সংখ্যাতত্ত্ব দিয়ে মন্ত্রী মহাশয় দেখিয়েছেন যে একটা বিরাট সংখ্যক কলেজ নতুনভাবে স্থাপন করা হয়েছে। এই ব্যাপারে আমার আবেদন ১৫ বছরে যে কলেজগুলো স্থাপন করা হয়েছে, সেই কলেজগুলোকে প্রশাসনের পক্ষ থেকে লক্ষ্য রাখা দরকার, যে জায়গায় যে প্রয়োজন রয়েছে, সেই বিভাগে বা অনার্স কোর্স যেন চালু করা যায়, কারণ অনেক ছাত্রের সংখ্যা বৃদ্ধি পেয়েছে, সেখানে নতুন নতুন বিভাগে যদি অনার্স কোর্স না খুলতে পারি, অন্যান্য স্ট্রিম চালু না করতে পারি তাহলে নানা অসুবিধা দেখা দেবে। সেই ব্যাপারে আমাদের উদ্যোগী হওয়া দরকার। তা নাহলে কলেজ আগে বি. এ. দিয়ে শুরু করা হয়েছিল, কিন্তু তারপর আর কিছু করা হয়নি। সেই এলাকার মানুষের দাবিকে সামনে রেখে অনেক জায়গায় সেখানে হয়তো বাণিজ্য বিভাগ খুলেছেন, আর্টসের সঙ্গে বাণিজ্য বিভাগ চালু করেছেন, এখন যাতে সেখানে কমার্সের অনার্স কোর্স চালু করা যায়, সেখানে যাতে সঠিকভাবে ব্যবস্থা নেওয়া যায়, সেই ব্যাপারে আমি আবেদন জানাব। সেই সঙ্গে সঙ্গে পাঠাগারের ক্ষেত্রে মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, আমরা দীর্ঘদিন পশ্চিমবঙ্গের বিভিন্ন গ্রামাঞ্চলে গাঠাগার নির্মাণের ক্ষেত্রে যে প্রচেষ্টা ছিল, সেটা দুটো ভাবে বিভক্ত। আমরা সরকার পক্ষ থেকে পাঠাগার নির্মাণ করেছি এবং বেসরকারি ভাবেও অনেক পাঠাগার আছে। কিন্তু এই ব্যাপারে আমাদের আরও দায়িত্ব নেওয়া দরকার। সেই কাজ শুরু করা দরকার। মন্ত্রী মহাশয়ের কাছে আর একটা প্রধান বিষয়ের অবতারণা করতে চাই। শিক্ষকদের অবসরের ক্ষেত্রে নীতিগতভাবে ৬৫ বছর যেমনভাবে মানি তেমনিভাবে পেনশনের ক্ষেত্রে টালবাহনা যেন না হয়, সেদিকটা দেখতে হবে। এই পেনশন দেবার ক্ষেত্রে প্রশাসনিকভাবে একটা বিরাট টালবাহানা থেকে যাচ্ছে।

[3-20—3-30 P.M.]

এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি যে, তিনি তাঁর জবাবি ভাষণের সময়ে বলবেন তিনি কি চিন্তা করছেন। এ ক্ষেত্রে যদি আমরা ১৯৮১ সালকে ধরি তাহলে ১৯৮১ সাল থেকে ১৯৯২ সালের মধ্যে কত শিক্ষক এবং শিক্ষা কর্মী অবসর গ্রহণ করেছেন, কতজন পেনশন পেয়েছেন, কতজন পাননি, কেন পাননি এবং যাঁরা এখনও পাননি তাঁদের জন্য কি ব্যবস্থা করা হচ্ছে। এ বিষয়ে আমি মন্ত্রীর কাছে উত্তর প্রত্যাশা করছি। তিনি একটা পরিষ্কার চিত্র আমাদের কাছে তুলে ধরবেন। ১৯৮১ সালের ১লা এপ্রিল থেকে ১৯৯২ সালের ১লা এপ্রিল পর্যন্ত কতজন প্রাথমিক, মাধ্যমিক এবং কলেজ শিক্ষক ও বিভিন্ন স্তরের শিক্ষাকর্মী অবসর গ্রহণ করেছেন? কতজন এখনও পর্যন্ত পেনশন পেয়েছেন? কতজন এখনও পেনশন পাননি? যাঁরা এখনও পেনশন পাননি তাঁদের পেনশন পেতে কোথায় অসুবিধা হচ্ছে এবং তাঁদের অবিলম্বে পেনশন দেবার জন্য সরকারের পক্ষ

থেকে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে? এই সুনির্দিষ্ট প্রশ্নগুলির উত্তর আশা করব মাননীয় মন্ত্রী মহোদয়গণ তাঁদের জবাবি ভাষণের মধ্যে এখানে রাখবেন। আমরা এখন পর্যন্ত প্রাথমিক শিক্ষকদের মাস ১লা বেতন দিতে পারছি। কিন্তু মাধ্যমিক শিক্ষক এবং কলেজ শিক্ষকদের মাস ১লা বেতন দিতে পারছি না। শিক্ষা কর্মীদের বেতনও মাস ১লা গ্যারান্টেড করা যায়নি। এঁরা সকলেই যাতে মাস ১লা নিশ্চিত বেতন পান সে ব্যাপারে মন্ত্রী মহোদয় যথাযথ ব্যবস্থা নেবেন এই আশা আমি রাখছি। এখানে বাজেট বক্তৃতার মধ্যে মাননীয় মন্ত্রী মহাশয় একটা বিরাট ব্যাপারে কিছু বক্তব্য রেখেছেন। সেটা হচ্ছে আমাদের সাক্ষরতা কর্মসূচি। আগামী ২০০০ সালে সারা বিশ্বে নিরক্ষরের সংখ্যা যা দাঁড়াবে তার অর্দ্ধেকের বেশি মানুষের বাস হবে ভারতবর্ষে। অর্থাৎ পৃথিবীর মোট নিরক্ষরের অর্দ্ধেকের বেশি হবে ভারতবর্ষে। সুতরাং অত্যন্ত স্বাভাবিকভাবেই মাননীয় মন্ত্রী মহাশয় এবিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন এবং সে পরিপ্রেক্ষিতে রাজ্যের বামফ্রন্ট সরকার সেই অবস্থার মোকাবিলায় ব্যাপক সাক্ষরতা কর্মসূচি গ্রহণ করেছেন। আমাদের বিরোধী সদস্যরা এই বিষয়টির প্রতি যতই অবহেলা দেখান না কেন, যাই বলুন না কেন, আমরা মনে করি সাক্ষরতার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ নিশ্চিতভাবে একটা দৃষ্টান্ত স্থাপন করেছেন। এই কর্মসূচিকে যাতে আরও ব্যাপকভাবে গোটা রাজ্যে আমরা ছড়িয়ে দিতে পারি তার জন্য আমাদের আরও বেশি উৎসাহী হয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সে কাজে আমাদের সকলকেই সরকারের সঙ্গে সহযোগিতা করতে হবে। ইতিমধ্যেই আমাদের রাজ্যের বর্ধমান জেলা সাক্ষর জেলা হিসাবে ঘোষিত হয়েছে। এটা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়নি। ইউনিসেফ এবং কেন্দ্রীয় সরকারের টিমের পক্ষ থেকে বর্ধমানকে পূর্ণ সাক্ষর জেলা হিসাবে ঘোষণা করা হয়েছে।

আমি মনে করি সাক্ষরতা কর্মসূচি কোনও রাজনৈতিক কর্মসূচি নয়, সুতরাং এই কর্মসূচিতে সমস্ত স্তরের মানুষের অংশগ্রহণ করা উচিত। এই কর্মসূচিকে দলমত নির্বিশেষে সমাজের সমস্ত স্তরের মানুষের সমর্থন করা উচিত, সাহায্য করা উচিত, সহযোগিতা করা উচিত। তা যদি না হয় তাহলে এই কর্মসূচি সফল হতে পারে না। তাই আমার অনুরোধ এর মধ্যে যদি কোনও রকম দলীয় কিছু থেকে থাকে, কোনও ত্রুটি থেকে থাকে তাহলে তা অবিলম্বে দূর করা প্রয়োজন। তা করে এই কর্মসূচিকে সার্বিক কর্মসূচি হিসাবে দেখা দরকার। আমরা যদি নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হতে পারি, আমাদের গোটা রাজ্যকে সাক্ষর রাজ্য বলে ঘোষণা করাতে পারি তাহলে সেটা আমাদের কাছে সব চেয়ে গর্বের বিষয় হবে। সুতরাং সেদিকে লক্ষ্য রেখে আশা করব এই কর্মসূচিকে সকল পক্ষের সদস্যরা এবং সমাজের সকল শ্রেণীর মানুষ সমর্থন জানাবেন।

আজকে মাননীয় মন্ত্রী মহোদয়গণ যে বরাদ্দ এখানে পেশ করেছেন পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থাকে, শিক্ষার পরিবেশকে সঠিকভাবে পরিচালিত করার জন্য, উন্নত করার জন্য সে ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের হাফ্ ডজন মন্ত্রী মহাশয়রা শিক্ষা দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশন এসেছে সেগুলিকে আমি সমর্থন করছি।

খুবই ব্যথাহত চিত্তে শিক্ষা বাজেট বিতর্কে অংশ নিতে হচ্ছে। কারণ পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য চলেছে তা নতুন করে বলার কিছু নেই। সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রী রবীন মণ্ডল মহাশয়ের বক্তৃতা শুনছিলাম। আমি আশা করেছিলাম নতুন কিছু উনি বলবেন। কিন্তু উনি ধান ভানতে শিবের গীত গাইলেন। উনি কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপিয়ে দিলেন। কেন্দ্রীয় সরকারের দোষ কতটুকু একটু অনুধাবন করে দেখলেই বুঝতে পারবেন। আমাদের রাজ্যের মানুষের শিক্ষা ব্যবস্থায় আস্থা কেমন তা আমি বলছি। সেন্ট্রাল স্কুল বোর্ড পরিচালনাধীন যে সমস্ত স্কুলগুলি আছে সেখানে এই রাজ্যের অভিভাবকদের প্রবণতা অনেক বেড়ে গেছে সেই সমস্ত স্কুলে তাদের ছেলেমেয়েদের ভর্তি করার জন্য। এমন কি সরকার পরিচালিত স্কুলগুলিতে তাদের ছেলেমেয়েদের ভর্তি করাতে চায় না, সেন্ট্রাল স্কুল বোর্ড-এ ভর্তি করাতে চায়। সুতরাং ওরা রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে কোন পর্যায়ে নিয়ে এসেছেন। মাননীয় সরকার পক্ষের সদস্যরা এবং মাননীয় মন্ত্রীরা বক্তব্য রাখতে গিয়ে প্রায়ই বলেন শিক্ষকদের মাস মাহিনা দিচ্ছেন। হ্যাঁ, এডুকেশনে এটা একটা ফ্যাক্টর—ওয়ান অফ দি ফ্যাক্টর অফ এডুকেশন। টিচারদের শুধু মাস মাহিনাই বড় কথা নয়, শিক্ষার বাকি অবস্থাটা কি চলছে সেটা একটু আপনাদের অনুধাবন করা দরকার। স্কুলের ছেলেমেয়েরা বই পাচ্ছে না। যে সমস্ত স্কুলে সরকার থেকে বই দেওয়া হয় সেই সমস্ত স্কুলের ছেলেমেয়েরা বাজার থেকে বই কিনতে পাচ্ছে না। ডি. আই. নির্দেশ দিয়েছে ৬০ পারসেন্ট ছেলেমেয়েদের বই দেওয়া হোক। বাকি ৪০ পারসেন্ট ছেলেমেয়ে বই না পেয়ে কি করে পড়াশুনা করবে? তারা লেখাপড়া শিখবে কি করে তা আমি বুঝতে পারছি না। মাস মাহিনা দিতে গিয়ে বেশিরভাগ স্কুলে যে ব্ল্যাক বোর্ড নেই সেদিকে কি লক্ষ্য রেখেছেন? এইদিকে শিক্ষা দপ্তর একটু নজর দেবেন। আপনারা মাস মাহিনা দিচ্ছেন বলে গর্ব বোধ করেন কিন্তু এদিকে কি লক্ষ্য রেখেছেন, হাফ-ইয়ারলি, অ্যানুয়ালি পরীক্ষায় ছেলেমেয়েদের বাড়ি থেকে পরীক্ষা দিতে খাতা নিয়ে আসতে হয়? স্কুল ফান্ডের আজকে এই অবস্থা হয়েছে। মাস মাহিনাই কেবল মূল অংশ আর বাকি দিকটা আপনাদের দেখতে হবে না? গোটা শিক্ষা ব্যবস্থা আজকে ভেঙে পড়েছে। এরপর আমি অনুরোধ করব, আপনারা লেখাপড়া শেখান, কিন্তু স্কুলের মধ্যে রাজনীতি আনবেন না। আমি জানি, রাজনীতি সমাজজীবনে মানুষের একটা অঙ্গ। কিন্তু স্কুলে ছেলেমেয়েদের মধ্যে আপনারা ইউনিয়ন করার প্রবণতা ঢুকিয়ে দিচ্ছেন কেন? ফাইভ, সিক্স, সেভেন, এইট-এ যারা পড়ে, যাদের বয়স ১৮ বছর হয়নি তাদের মধ্যে আপনারা ইউনিয়ন ঢোকাতে চাইছেন, আপনাদের দল পৃষ্ঠপোষকতা করছেন। এই সমস্ত কোমলমতি ছেলেমেয়ে যাদের ম্যাচিউরিটির অভাব তাদের নিয়ে আপনারা ছিনিমিনি খেলছেন। তাদের ভবিষ্যৎ অন্ধকার করে দিচ্ছেন। আপনারা তাদের ইনসিস্ট করছেন স্কুলগুলিতে ইউনিয়ন করার জন্য। সুতরাং শিক্ষা ব্যবস্থার উন্নতি কি করে করবেন? শিক্ষকদের প্রতি ছাত্রদের একটা অন্য রকম মানসিকতা ছিল। আজকে সেই স্কুলের বিরুদ্ধে কথা বলা, শিক্ষা জগতে অরাজকতা সৃষ্টি করার জন্য আপনারা ছাত্রছাত্রীদের ইনসিস্ট করছেন ইউনিয়ন সৃষ্টি করে। আপনারা স্কুলের শিক্ষকদের মাস মাহিনা দিতে গিয়ে কন্ডিশন আরোপ করেছেন। এই নিয়ে আপনাদের শরিক দল আন্দোলন করলেন। সত্যপ্রিয় রায় শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ বছর করার জন্য আন্দোলন করেছিলেন। বামফ্রন্টের শরিকদল শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ বছর করার জন্য আন্দোলন করলেন। তাঁরা বলছেন ৬০ বছর করা চলবে না। ফরওয়ার্ড ব্লক, আর.

এস. পি.এর বিরুদ্ধে আন্দোলন করলেন। আমরা আমাদের কাটমোসনের স্বপক্ষে যে ডিভিসন চাইব তাতে আপনারা দয়া করে কি সমর্থন করবেন যে না, ৬০ বছর নয়, ৬৫ বছর অবসরের সময়সীমা নির্ধারণ করা হোক? কিন্তু এই সমস্ত হিপোক্রাটরা কি করবেন তা আমি বুঝতে পারছি না।

[3-30—3-40 P.M.]

আমাদের আগের শিক্ষামন্ত্রী মাননীয় কান্তিবাবু পেনশনের ব্যাপারে অনেক কিছু বলে ছিলেন, মাননীয় অচিন্ত্যবাবু উত্তর দিতে গিয়ে বলেছেন এবং মাননীয় মাদ্রাসা মন্ত্রী আনিসুর রহমান সাহেব উত্তর দিতে গিয়ে আনন্দবাজার থেকে পড়ে শুনিয়ে দিয়েছেন। পেনশনের সরলীকরণের ব্যাপারে কি করছেন, সেখানে তো কো-অর্ডিনেশন কমিটির লোক ভর্তি, সরকারি কর্মচারী তো সবই আপনাদের, তা সত্ত্বেও আজ শিক্ষক মহাশয়রা পেনশন পাচ্ছেন না কেন? ১০ বছর আগে রিটায়ার করেছেন, যাঁরা মারা গেছেন পেনশন পাবার আগে তাঁদের জন্য কে দায়ী থাকবে? সরকার দায়ী থাকবে? এটা অস্বীকার করতে পারেন। আপনি সেখানে কোনও ব্যবস্থা নিতে পারেননি। শিক্ষা ব্যবস্থা এমন করেছেন, তাতে ছাত্রছাত্রীরা কি শিখেছে? মাননীয় সত্যসাধনবাবু উচ্চ শিক্ষার সঙ্গে জড়িত, আমাদের আমলে আপনি পাশ করেছেন, অধ্যাপনা করছেন, বই লিখেছেন, ছাত্রছাত্রীরা উপকৃত হচ্ছে। কিন্তু আপনার শিক্ষা মন্ত্রিত্বকালে যাঁরা পাশ করবেন তাঁরা অধ্যাপনা তো দূরের কথা প্রাইমারি স্কুলে মাস্টারিও করতে পারবেন না। বি. এ., বি. কম. ক্লাশে সাহিত্য বলে কোনও বিষয় নেই, একবার পরীক্ষায় বসলে, অ্যাপীয়ার হলেই হয়ে যাবে, এক পাক, শূন্য পাক। কোথায় আছে? একটা সাবজেক্ট, ইংরাজি, বাংলা বিষয় আছে, কিন্তু ইংরাজি বা বাংলা পরীক্ষায় বসলে, অ্যাপীয়ার হলে পাশ করুক, ফেল করুক কিছুই যায় আসে না। আপনি শিক্ষকতা করেন, ছাত্ররা যখন দেখবে যে এই বি.এ. পাশ বা ফেল যাই করি তাতে কিছুই যায় আসে না, তখন ছাত্ররা সেই বিষয়টি গুরুত্ব দিয়ে পড়বে? আমরা যখন হায়ার সেকেন্ডারি পড়তাম তখন আমাদের একটা ফোর্থ সাবজেক্ট ছিল, ৬০ নম্বর বাদ দিয়ে তবে যোগ হত আমরা সেটার উপর গুরুত্ব দিতাম না, যে সাবজেক্ট যোগ হত সেটার উপরেই গুরুত্ব দেওয়া হত। দেখুন শিক্ষা ব্যবস্থাকে কোথায় নিয়ে যাচ্ছেন? আপনি পড়াশোনায় ভাল, আপনার সুনাম আছে, আমরা ইউনিয়নের ছেলেদের কাছ থেকে শুনেছি। আজকে বলুন, একটা ছাত্র কিম্বা ছাত্রীকে রবীন্দ্রনাথের উপন্যাস, শরৎ সাহিত্যে সব্যসাচী কে, বললে সে বুঝতে পারবে? ইংরাজী সাহিত্য জানতে গেলে বার্নাড-শ, শেলী, কীটস পড়তে হবে, শেক্সপীয়ারের নাটক পড়তে হবে, কিন্তু মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ছাত্রছাত্রীরা সেটাকে পড়ে কতটুকু বুঝবে? তাদের বোঝার ক্ষমতা বা বুদ্ধি হবে তখন রবীন্দ্রনাথের বিশ্বপ্রেম, রবীন্দ্র সাহিত্য পড়তে গেলে যে ম্যাচিওরিটি দরকার তা ডিগ্রি কোর্সে গিয়ে হতে পারে, কিন্তু আপনি সেটা করলেন না, ডিগ্রি কোর্সের ছাত্রছাত্রীদের সাহিত্য পড়ার পাট চুকিয়ে দিয়েছেন। মাধ্যমিকের একটা ছাত্র বা ছাত্রী সাহিত্য সম্বন্ধে কতটুকু জ্ঞান অর্জন করবে? আপনি জানেন, আপনার দলের ভাইস চ্যান্সেলর, উনি বলুন, কংগ্রেস, সি.পি.এম. ছেড়ে দিন, শিক্ষক হিসাবে বলুন ডিগ্রি কোর্সের ছাত্রছাত্রীরা শরৎ সাহিত্য বা রবীন্দ্রনাথের সাহিত্য সম্পর্কে জ্ঞানের পরিধি বেড়েছে বা তার মধ্যে দিয়ে ছাত্রছাত্রীরা রবীন্দ্রনাথকে কি ভালভাবে জানতে পেরেছে? আজকে এই ব্যবস্থা চালু করেছেন।

শিক্ষার মানটাকে কোথায় নামিয়ে দিয়েছেন। শিক্ষার মানটাকে এমন নামিয়ে দিয়েছেন যে পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীরা লেখাপড়া শিখে বাইরের রাজ্যের ছাত্রছাত্রীদের সঙ্গে কমপ্লিট করতে পারে না। আমরা শিক্ষায় এগিয়ে ছিলাম, আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সুনাম শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে, সারা পৃথিবী জুড়ে ছিল, সেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের মানটাকে কোথায় নামিয়ে এনেছেন? স্যার আশুতোষ মুখার্জি কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য থাকাকালীন বৃটিশ গভর্নমেন্টের চোখ রাঙানীকে উপেক্ষা করে কড়া কথা বলতে পারতেন। আপনি আসার পরে একটা উন্নতি হয়েছে, আপনি আসার আগে ফর্মার ভাইস চ্যান্সেলর মহাশয়কে শিক্ষামন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করার জন্য রাইটার্সের করিডোরে বসে থাকতে হত, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের কোন পর্যায়ে নিয়ে গেছেন? সেই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কি ব্যবস্থা করবে? আজকে প্রত্যেকটি জিনিস রাজনীতির অনুসরণে করা হচ্ছে, আজকে একজন শিক্ষকের আইডেন্টিফিকেশন হয়ে গেছে যে তিনি কোন দলের লোক। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আপনাদের আগে যিনি শিক্ষামন্ত্রী ছিলেন অ্যামেন্ডমেন্ট করে চলে গেছেন—দলের লোককে কি করে উপাচার্য করা যায়। এইভাবে দলবাজি করে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থাকে ভেঙে দিয়েছেন।

আপনারা সব সময় টাকার অভিযোগ দিচ্ছেন। ১০ বছরে একটি বিশ্ববিদ্যালয়ও করেননি। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব অজয় মুখার্জির ছিল। কিন্তু ১৫ বছরে একটা বিশ্ববিদ্যালয় করবার চেষ্টা করেছেন? ১৫ বছরের মধ্যে কতগুলো কলেজ তৈরি করেছেন? কিছুই করতে পারেননি। আপনাদের বিভিন্ন মন্ত্রী বিভিন্ন সময়ে বলেন যে, গোটা পশ্চিমবঙ্গে এত প্রাইমারি স্কুল আছে, এত ছাত্রছাত্রী আছে। কিন্তু গেলে দেখা যাবে, কি বেঞ্চ আছে, চেয়ার আছে, শিক্ষক আছেন—ছাত্র নেই। আজকে শিক্ষক নিয়োগের মানও অনেক নেমে গেছে। আপনি একজন শিক্ষাবিদ, আপনি জানেন প্রেসিডেন্সী কলেজ ভারতবর্ষের গর্ব। সেই প্রেসিডেন্সী কলেজের এক অধ্যাপক কি করলেন! তিনি যা করলেন তাতে আমাদের রাজ্যের মাথা হেট হয়ে গেছে। তিনি এক ছাত্রীর শ্লীলতাহানি করেছেন। কিন্তু যিনি একটি ছাত্রীর প্রতি অশালীন আচরণ করলেন তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারলেন না। যখনই ব্যবস্থা নিতে যাচ্ছেন তখনই মনে পড়ে যাচ্ছে যে, তিনি লাল ঝাণ্ডা নিয়ে মিছিল করেন আপনাদের সঙ্গে। এই মানসিকতা নিয়ে চললে কিভাবে শিক্ষা--ব্যবস্থা চলবে? সোনারপুর স্কুলে ছাত্র ভর্তির ব্যাপারে হাইকোর্ট নির্দেশ দিলেন। কিন্তু হাই কোর্টের নির্দেশ কে মানে? কমরেডরা যা বলে দেবে তাই তো হবে। সেখানে অভিভাবকদের মারধোর করা হল। পুলিশ গিয়ে বললেন—সবার সঙ্গে পরামর্শ করে ছাত্র ভর্তি করতে হবে। স্কুলে ভর্তির ব্যাপারে এইরকম অরাজকতা যদি চলে তাহলে কি করে শিক্ষা-ব্যবস্থা চলবে? স্কুলে ভর্তির ব্যাপারে কমরেডদের নির্দেশই যদি চূড়ান্ত হয়, হাইকোর্টের নির্দেশ যদি অমান্য করা হয়, তাহলে শিক্ষার মান কি করে থাকবে আমি বুঝে উঠতে পারছি না। এইভাবে দলবাজি করলে কিভাবে শিক্ষা-ব্যবস্থা চলতে পারে? গত ২০শে মে একটি আনস্টার্ড কোয়েশ্চেন নাম্বার ১৭৬৩, অ্যাডমিটেড কোয়েশ্চেন সিরিয়াল নাম্বার ২৩৯, যা দিয়েছিলেন নাসিরুদ্দিন খান এবং সৌগত রায়, সেই প্রশ্নের লিখিত উত্তর দিয়েছিলেন। তাতে জানিয়েছিলেন যে, প্রাতঃস্মরণীয় শিক্ষাবিদ হাজি মহম্মদ যিনি একটি ফান্ডে প্রচুর টাকা দিয়ে গিয়েছিলেন যে

ফান্ডের টাকা নিয়ে মুসলিম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেওয়া হত, সেই ফান্ড থেকে পেয়েছেন ১৯৮৮-৮৯ সালে ১৫,৫৪২ টাকা, ১৯৮৯-৯০ সালে পেয়েছেন ২৫,৫২৩ টাকা, ১৯৯০-৯১ সালে পেয়েছেন ২০,০০০ টাকা এবং ১৯৯১-৯২ সালে পেয়েছেন ২০ হাজার টাকা। কিন্তু আমার প্রশ্ন, কতজন ছাত্রছাত্রীকে আপনারা স্কলারশিপ দিয়েছেন? একজনও কি যোগ্য মুসলিম ছাত্র বা ছাত্রী ছিল না। টাকা পেয়েছেন, কিন্তু তা সত্ত্বেও দিতে পারছেন না, এদিকে টাকার অভাবের কথা বলে থাকেন!

আপনারা সাক্ষরতা নিয়ে বলেন। মিঃ চেয়ারম্যান, আপনি হুগলি জেলার লোক। কিন্তু সাক্ষরতার ব্যাপারে কতদূর কী হয়েছে সেখানে? আজকে কয়টি জেলা আছে যা পূর্ণ সাক্ষর হয়েছে? এখনও অনেককে টিপ সই দিয়ে মাইনে তুলতে হচ্ছে। শ্রীমতী অঞ্জু কর রয়েছেন। উনিই বলুন, বর্ধমান জেলাকে পূর্ণ সাক্ষর বলে ঘোষণা করবার পর সেখানে এখনও অনেকে টিপ সই দিয়ে মাইনে নিচ্ছেন কিনা? সেইজন্য এই বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

[3-40—3-50 P.M.]

শ্রী সুভাষ গোস্বামী : মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় শিক্ষা দপ্তরের যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে দু'চারটে কথা বলতে চাই। আমাদের রাজ্য শিক্ষা ক্ষেত্রে অনেক পিছিয়ে পড়েছে ঠিকই। কিন্তু এখানে ওরা বড় বড় কথা বলছেন, এই কৃতিত্ব কিন্তু ওদেরই। কারণ কেন্দ্রে বসে ওরা যে সরকার চালিয়েছেন, সেই সরকারের জন্য আজকে এই অবস্থা হয়েছে। ওরা কি বলতে পারবেন যে শিক্ষা প্রসারের জন্য, শিক্ষার উন্নতির জন্য ওরা কতটুকু করেছেন? এসব কথা বলার আগে ওদের লজ্জা হওয়া উচিত। ওরা যেভাবে শিক্ষাকে পরিচালিত করেছিলেন তাতে শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী অবহেলিত ছিল। তারা কোনওরকম দায়দায়িত্ব নিতে চাননি। আপনারা আমাদের কাছে কৈফিয়ত চাচ্ছেন। আমি বলব যে তার আগে আপনাদের ত্রুটি-বিচ্যুতিগুলি স্বীকার করুন। আমাদের সদিচ্ছার অভাব নেই। কিন্তু আমাদের অর্থনৈতিক সীমাবদ্ধতা আছে। সেই সীমাবদ্ধতার মধ্যেও বিগত কয়েক বছরে যে অ্যাচিভমেন্ট হয়েছে সেটা তাদের স্বীকার করা উচিত। আজকে বামফ্রন্ট সরকারের আমলে স্কুলের ছাত্রছাত্রীর সংখ্যা কিভাবে বৃদ্ধি পেয়েছে তার একটা হিসাব আমি এখানে রাখছি। ১৯৮৯-৯০ সালে ক্লাশ ওয়ান থেকে ক্লাশ ফাইভ পর্যন্ত ৬ থেকে ১০ বছরের ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ৮৮.২০ লক্ষ। ১৯৯০-৯১ সালে সেটা বেড়ে হয়েছে ৯২.৫ লক্ষ। ১৯৯১-৯২ সালে হয়েছে ৯৯.৩০ লক্ষ। এটা কি অগ্রগতি নয়? তারপরে ক্লাশ ৬ থেকে ক্লাশ ৮ পর্যন্ত যে ছাত্রছাত্রী তার সংখ্যা ১৯৮৯-৯০ সালে ছিল ৩৭.৬৭ লক্ষ। ১৯৯০-৯১ সালে সেটা হয়েছে ৪৩.৫৬ লক্ষ। ১৯৯১-৯২ সালে সেটা বেড়ে হয়েছে ৫২.৭ লক্ষ। এটা কি এমনিতেই হয়ে গেল? এই সরকার যে ইতিবাচক পদক্ষেপ নিয়েছিল, নিরক্ষর মানুষের মধ্যে একটা শিক্ষার আগ্রহ জাগিয়ে তোলার জন্য যে কর্মসূচি নিয়েছিল প্রতিটি এলাকায় মানুষকে তারা শিক্ষার আঙ্গিনায় নিয়ে এসেছে। আজকে তারা শিক্ষিত হয়ে উঠছে। কংগ্রেসের সদস্যরা এখানে ব্যাঙ্গ-বিদ্রুপ করেছেন। আমি একথা বলতে চাই যে শতকরা ৮০ ভাগ যদি নিরক্ষরকে স্বাক্ষর করে

তোলা হয়, যদি পুরো জেলাকে সাক্ষর বলে ঘোষণা করা না যায়, যদি ৬০/৭০ ভাগও হয়ে থাকে তাহলেও সেটা কম কথা নয়। আজকে ৭টি জেলাতে নিরক্ষর কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। ১৯৯১ সালে ৪৪ লক্ষ মানুষকে শিক্ষার আওতায় আনা গেছে। সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থেকে আরম্ভ করে জেলা স্তরের সমস্ত অফিসার, কর্মচারী, পঞ্চায়েত ইত্যাদি সমস্ত মানুষের মধ্যে একটা গণ-উদ্যোগের সৃষ্টি হয়েছে, একটা বিরাট সাড়া পড়ে গেছে, এটা আপনারা নিশ্চয়ই দেখেছেন। আজকে সব জিনিসকে ছোট করে দেখার একটা অভ্যাস হয়ে গেছে আপনাদের। আমরা একটা সমস্যা সমাধান করছি তো আর একটা সমস্যার সৃষ্টি হচ্ছে। একটা বিরাট সংখ্যার ছাত্রছাত্রীকে আমরা প্রাথমিক স্কুলে এনেছি। এছাড়াও অনেক ছাত্রছাত্রী আজকে হাই স্কুলে যাচ্ছে। প্রাথমিক স্কুলের অনেক অসুবিধা আছে। অনেক জায়গায় ঘর নেই, অনেক স্কুলে একজন শিক্ষক আছেন। আমাদের অর্থের অভাব রয়েছে। আজকে স্কুলে ছাত্রছাত্রীরা যেভাবে ভর্তি হচ্ছে তার জন্য আমরা গর্বিত। আমরা এই ব্যবস্থা করতে পেরেছি। আজকে যদি প্রত্যেক স্কুলে অন্তত দুই জন করে শিক্ষক থাকে, বইপত্র নিয়মিত দেওয়া হয় তাহলে ভালভাবে শিক্ষা দেওয়া যায়। আমরা দেখেছি যে, অনেক স্কুলে ৫-৬ জন করে শিক্ষক আছেন কিন্তু সেই অনুযায়ী ছাত্রছাত্রী নেই।

সেই সমস্ত শিক্ষকদের অন্য কোনও স্কুলে আনা যায় কিনা দেখতে হবে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আর একটা জিনিস ঘটছে যেটা আগে শহরাঞ্চলে হত এখন সেটা গ্রামাঞ্চলে হচ্ছে। সেটা হল ব্যাঙের ছাতার মতো ইংরাজি মিডিয়ামের স্কুল গড়ে উঠছে। দেখা যাচ্ছে যে, সেখানে রীতিমতো একটা ব্যবস্থা চলছে। এই ব্যাপারে সরকারকে ঠিক করতে হবে এই ব্যবসা চলছে, মোটা মোটা টাকা মাইনে ছেলেদের থেকে নিয়ে এই স্কুল চলছে গ্রামে-গঞ্জে। এটা রেগুলেট করা দরকার এবং এটা করতে হলে আইন করা দরকার। এই দ্বৈত শিক্ষা ব্যবস্থা যাতে না থাকে সেটা মন্ত্রী মহাশয় দেখবেন, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে বলি। আগে মাধ্যমিক শিক্ষকদের খুব দুরাবস্থা ছিল, নামমাত্র বেতন পেত, তাও আবার ৩-৪ মাস বেতন পেত না, ধারে তাদের শিক্ষকতা করতে হত। আজকে তারা অবসরের দরজায় এসে পৌঁছেছে। আমরা বলেছিলাম ৬৫ বছরের সুযোগ থাকুক। কিন্তু সরকার সেটা করতে পারছে না। তাদের অন্যভাবে বেনিফিট দেবার ব্যবস্থা করা হয়েছে। পূর্বের বেতনে থাকলে ৬৫ বছর তাকে দেওয়া হবে। সেটা কার্যত কাজে লাগছে না। বলা হয়েছে সার্কুলারে যে ৬০ দিনের মধ্যে নতুন স্কেলে ড্র করেছে সেই বেতন ফেরত দিতে হবে। সেটা সম্ভব হচ্ছে না। কারণ ১০-১৫ হাজার টাকা ৬০ দিনের মধ্যে ফেরত দেওয়া সম্ভব হচ্ছে না। এই বিষয়টা মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখার জন্য অনুরোধ করব যাতে এই সুযোগ শিক্ষকরা নিতে পারেন। অন্য দিকে হাইস্কুলে দেখতে পাচ্ছি প্রায় সমস্ত স্কুলে অতিরিক্ত শিক্ষকের প্রয়োজন। সেখানে নতুন নতুন সেকশন খোলার প্রয়োজন আছে। এক-একটা সেকশনে ৭০-৮০ জন করে ছাত্রদের পড়াতে হচ্ছে। কাগজে-কলমে দেখানো আছে একটা সেকশনকে ভেঙে দুটো করা আছে কিন্তু ঘরের অভাবে সেটা হচ্ছে না। তা ছাড়া অতিরিক্ত শিক্ষক পদের দরকার। এটা যাতে করা যায় দেখতে হবে। আমাদের অর্থনৈতিক সঙ্কট আছে ঠিকই। দরকাব হলে একটা দীর্ঘ মেয়াদী প্ল্যান করেন যাতে এটা কাটিয়ে ওঠা যায় সেটা দেখতে হবে। এই ব্যাপারে বিশেষভাবে ভাবা দরকার যেখানে প্রয়োজন অতি তীব্র, এই

সমস্ত জায়গায় পরিকল্পনা মাফিক অতিরিক্ত শিক্ষক পদ মঞ্জুর করা উচিত। মন্ত্রী মহাশয় জানেন যে স্কুলের অনুমোদনের ব্যাপারে একটা সেন্ট্রাল সিলেকশন কমিটি ছিল, সেই সিলেকশন কমিটি তুলে দেওয়া হয়েছে। কিভাবে স্কুলগুলির অনুমোদন দেওয়া হচ্ছে জানি না, কোন নীতি থেকে দেওয়া হচ্ছে জানি না। যথার্থ প্রয়োজন আছে কিনা, প্রয়োজনই একমাত্র বিবেচ্য কিনা সেইগুলি এনসিয়োর করার প্রয়োজন আছে। কলেজের ব্যাপারে বলি। কলেজ কোন জায়গায় বেশি দরকার, যেখানে ছাত্রছাত্রীরা পড়ার সুযোগ পায় না, এক জেলা থেকে অন্য জেলায় যেতে হয় কলেজে পড়ার জন্য সেই সমস্ত জায়গা দেখে কলেজের অনুমোদন দেওয়া দরকার। সেইভাবে হয় না। কোথায় কত ছাত্র তার একটা হিসাব নিয়ে যেখানে অধিকতর ছাত্র, সেখানে প্রয়োজনীয়তা বেশি সেখানে কলেজ করা দরকার। এইভাবে করলে মানুষের ডিসকনটেন্ট কম হয়। টেকনিক্যাল এডুকেশন সম্পর্কে একটা কথা আমি বলছি। মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট বক্তব্য বলেছেন এবং আগেও বলেছেন যে বেশ কয়েকটি পলিটেকনিক হচ্ছে, ৩টি মহিলা পলিটেকনিক, আই. টি. আই. হচ্ছে। কিন্তু যে সমস্ত জুনিয়র টেকনিক্যাল স্কুল, এই রাজ্যে ১৯টির মতো আছে, তারা আজকে কোথায় যাবে। তারা ভোকেশনাল ট্রেনিং নিয়েছিল, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল পাশ করে বসে আছে কয়েক হাজার ছাত্র। তারা কি করবে? তারা মনে করছে তাদের সামনে কোনও ভবিষ্যৎ নেই। তারা নতুন পাঠ্যক্রমে যেতে পারছে না। তাদের নতুন কারিগরি শিক্ষার প্রশিক্ষণের কোনও সুযোগ নেই। তারা মন্ত্রী মহাশয়ের কাছে দেখা করে ডেপুটেশন দিয়েছিল। কিন্তু কিছু হয়নি। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় সচেষ্ট আছেন জানি। তাদের আই. টি. আই. সমতুল হিসাবে গণ্য করা যায় কিনা, তাদের চাকুরি পাওয়ার ক্ষেত্রে এটা করা যায় কিনা এই ব্যাপারটা দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এটা না করলে অনেক অসুবিধা আছে, কারণ ডিসকনটেন্ট হচ্ছে।

[3-45—4-00 P.M.]

আরও একটি কথা উল্লেখের দাবি রাখে যে, বিশেষ করে এটা উত্তরবঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য। জলপাইগুড়ি জেলায় যে সমস্ত হিন্দি ভাষাভাষি ছাত্র আছে তাদের সম্পর্কে ওখানকার বিধায়ক যাঁরা আছেন—সালেক টাপ্পু, মনোহর টিরকি—তাঁরা অনেকবার উল্লেখ করেছেন যে, মাধ্যমিক পরীক্ষার সময়ে যে প্রশ্নপত্র সরবরাহ করা হয় তা বাংলা ভাষায় সরবরাহ করা হয়, হিন্দিতে সরবরাহ করা হয় না। যদিও নেপালি ভাষাতে প্রশ্নপত্র সরবরাহ করা হয়ে থাকে। যদিও নেপালি ভাষাভাষি ছাত্র সংখ্যা অনেক কম। এবারে আমি আরও একটি বিষয়ের উল্লেখ করতে চাই। ছাত্রছাত্রীদের পড়াশুনার জন্য ওখানে দশ-বারোটি হায়ার সেকেন্ডারি স্কুল আছে, কিন্তু কোনও কলেজ নেই। ওখানে কোনও কলেজ না থাকার জন্য জলপাইগুড়ি, আলিপুর দুয়ার সংলগ্ন বেশ কিছু ছাত্রকে অন্য রাজ্যে লেখাপড়ার জন্য যেতে হয়। সেজন্য আপনাকে অনুরোধ করব যে, আপনি একটা প্ল্যান করুন, যাতে ওখানে একটি কলেজ স্থাপন করা যায়। এই সমস্ত দিক বিবেচনা করে আমরা আগামী দিনে যাতে শিক্ষাকে আরও এগিয়ে নিয়ে যেতে পারি তা আমাদের করতে হবে। এই কয়টি কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মিঃ চেয়ারম্যান স্যার, আমার একটা পয়েন্ট অব ইনফর্মেশন

আছে।[*]

মিঃ চেয়ারম্যান ঃ এটা এক্সপাঞ্জ হয়ে যাবে। এটা এনকোয়ারি করে দেখে আপনাকে পরে জানানো হবে।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, শিক্ষা বাজেটে সামগ্রিকভাবে ১৭৬৮ কোটি ৫৫ লক্ষ ৮২ হাজার টাকা ব্যয় বরাদ্দের যে দাবি আপনারা পেশ করেছেন, সেই দাবির আমি বিরোধিতা করছি এবং আমাদের আনা কাট মোশানগুলো সমর্থন করছি। আমি প্রথমেই বলি, বামফ্রন্ট সরকার প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিয়ে যে সর্বনাশা নীতি গ্রহণ করেছিলেন, সেই সর্বনাশা নীতি পরিবর্তন করার কথা আপনাদের বাজেটে নেই। আপনারা কি বলেছেন? শিক্ষা মাতৃভাষায় মাতৃদুগ্ধ। অথচ আমাদের ভারতবর্ষে ইংরাজি শিক্ষার প্রচলন করেছিলেন স্যার, বেথুন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রাজা রামমোহন রায় প্রমুখ ব্যক্তিরা। এঁদের সকলের চেষ্টায় এটা হয়েছিল। তাঁরা এটা কেন করেছিলেন? তাঁরা পরিষ্কার বলেছিলেন যে বৈদেশিক ভাষায় আমরা যদি জ্ঞান বাড়াতে পারি তাহলে মাতৃভাষা উৎকর্ষ লাভ করবে। আমরা জানি, শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ছিলেন ইংরাজির লোক। কিন্তু পরবর্তীকালে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের প্রধান হয়েছিলেন। তার থেকে বড় কথা হচ্ছে বিখ্যাত পণ্ডিত জেফারসন সাহেবের একটি বই আছে 'গ্রোথ অ্যান্ড স্ট্রাকচার অব ইংলিশ' নামে। সেই বইতে তিনি বলেছেন, আমরা আমাদের ভাষাকে বলি মাতৃভাষা। নিশ্চয়ই সব ভাষা জননী এবং স্ত্রী লিঙ্গ। কিন্তু ইংরাজি সম্পর্কে জেফারসন সাহেবের বক্তব্য—ইট ইজ এ ম্যাসকুইলিন ল্যাঙ্গুয়েজ।

যেহেতু ইংরাজি ভাষা হচ্ছে একটি ডায়নামিক ভাষা, সেইহেতু ইংরাজি ভাষা সম্পর্কে বলা হয়েছে ইট ইজ এ ম্যাসকুলিন ল্যাঙ্গুয়েজ। সেখানে আমরা দেখলাম এই পশ্চিমবাংলার বুকে বামফ্রন্ট সরকার 'লার্নিং ইংলিশ' যা প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত পঠন-পাঠন শুরু করেছেন তাতে পরিষ্কার ভাবে বলা হয়েছে যে ইংরাজি অনুচ্ছেদের ভাব বুঝিয়ে উত্তর দিলেই চলবে। মধ্যশিক্ষা পর্যদের ইংরাজি শিক্ষার বিশিষ্ট উপদেষ্টা অ্যান্ড্রু হ্যারিসন মহাশয় উনি নাকি বলেছিলেন যে, গো এর পাস্ট টেন্‌স ওয়েন্ট না লিখে যদি গোড লেখে অর্থাৎ গো-ইড, গোড লেখে তাহলেও চলবে। তাহলেই বুঝতে পারা যাবে যে একটা ছাত্র তার ভাব বুঝতে পেরেছে। সুতরাং গোয়ের পাস্ট টেন্‌স যদি ওয়েন্ট না লিখে গোড এবং সেটা ঠিক হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকারের নীতি কি সেটা একটু বোঝার দরকার আছে। ১১-৬-৮৮ তারিখে একটা সেমিনার হয়েছিল তাতে রঞ্জুগোপাল মুখোপাধ্যায় বলেছিলেন যদি কেউ আই রঅ্যাম এর আই আর লেখে তাতেও নন ফরম্যাল হবে না। আই অ্যাম এবং আই আরের মধ্যে পার্থক্যটা কি জানার জন্য আমি পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রীর কাছে অত্যন্ত বিনীতভাবে প্রশ্ন করতে চাই যে, আই অ্যাম-এর জায়গায় আই আর লিখলে যদি ভুল না হয়, গো-এর জায়গায় পাস্ট টেন্‌স গোড লিখলে যদি ভুল না হয়, তাহলে আমার বাবার একটা পোষা কুকুর ছিল এই কথাটির ইংরাজি শব্দ মাই ফাদার হ্যাড ও পেট ডগ না লিখে যদি মাই ফাদার ওয়াজ এ পেট ডগ লেখা যায় তাহলেও ভুল হবে না। সুতরাং এই

*Note : Expunged as ordered by the chair.]

হচ্ছে পশ্চিমবঙ্গের শিক্ষার স্থান নামতে নামতে আজকে ১৭ নং চলে গেছে। সুতরাং এই হচ্ছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের শিক্ষার চরিত্র। আজকে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই যে, এবং দাবি করছি যে, প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেওয়ার যে সর্বনাশা নীতি বামফ্রন্ট সরকার গ্রহণ করেছে সেই নীতি প্রত্যাহার করে পশ্চিমবঙ্গের বুকে নতুন করে আবার প্রাথমিক স্তর থেকে ইংরাজি শিক্ষার প্রবর্তন করা হোক। এবং সেটাই আমি আমার কাট মোশনে রেখেছি। তারপরে আপনারা বড় বড় হোর্ডিং দিয়েছেন, জনশিক্ষা দপ্তরের মন্ত্রীর তরফ থেকে হোর্ডিং দিয়ে প্রচার করা হয়েছে যে, সাক্ষরতা প্রকল্পে পশ্চিমবঙ্গ প্রথম সাফল্য লাভ করেছে এবং আর্থিক সমীক্ষা ১৯৯১-৯২ সালের যে দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে পশ্চিমবঙ্গ সাক্ষরতার ক্ষেত্রে পঞ্চম স্থান আছে। এর সোর্স হচ্ছে আদম সুমারি এবং পাশাপাশি একই রকম আরেকটি বই সেনসাস অফ ইন্ডিয়া, পেপার (১) ১৯৯০-৯১—এখানে পরিষ্কারভাবে বলা হয়েছে পশ্চিমবঙ্গের স্থান সপ্তদশ, পুরুষদের ক্ষেত্রে অষ্টদশ এবং মহিলাদের ক্ষেত্রে ১৯। অথচ আপনাদের সরকারি বই আর্থিক সমীক্ষাতে লিখেছেন যে পশ্চিমবঙ্গের স্থান পঞ্চম। সেই বইটিতে আরও কিছু উদাহরণ দিয়েছেন, যেমন কেরলে ৯০ পারসেন্ট, মিজোরামে ৮১ পারসেন্ট, চণ্ডীগড়ে ৭৮ পারসেন্ট এবং গোয়াতে ৭৬ পারসেন্ট। সেখানে পশ্চিমবঙ্গের স্থান ৫৭.৭২ পারসেন্ট। আজকে দিনের পর দিন পশ্চিমবঙ্গে সর্বনাশা শিক্ষার স্তরে নিয়ে এসেছেন। শিক্ষাকে নিয়ে আপনারা দলবাজি করছেন। এখানে যে বাজেট বই বেরিয়েছে ওই বাজেট বইটিতে লিখেছেন যে আমাদের জেলা উত্তর ২৪ পরগনাতে লক্ষ্যমাত্রা ছিল ১৭ লক্ষ সংশোধিত লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ লক্ষ এবং এই বছর খরচ হবে ৫ কোটি ৫৮ লক্ষ ৭০ হাজার টাকা। অগ্রগতি কি হল সেটা আধিক সমীক্ষায় দেওয়া আছে এবং তাতে শিক্ষার্থীদের লক্ষ্যমাত্রা ধরা আছে ১৫ লক্ষ, স্বেচ্ছাসেবী হচ্ছে দেড় লক্ষ এবং ২.৯৫ লক্ষ হচ্ছে শিক্ষার্থীর সংখ্যা। সেখানে আমার একটি প্রশ্নোত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছেন যে, ১৯৯১ সালের ডিসেম্বর পর্যন্ত খরচ হয়েছে ৬৫ লক্ষ টাকা।

[4-00—4-10 P.M.]

সেখানে শিক্ষার্থীর সংখ্যা ছিল ২.৯৫ লক্ষ, সেখানে টার্গেট হচ্ছে ১৭ লক্ষ। যেখানে আট মাস হয়ে গেল সেখানে এই অবস্থা। আবার শুনছি যে আগামী জুলাই মাসে আমাদের জেলাকে পূর্ণ সাক্ষর জেলা হিসাবে ঘোষণা করা হবে। আজকে যেভাবে বামফ্রন্ট সরকারের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কর্মীরা সাক্ষরতার নাম করে জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির সঙ্গে যুক্ত হয়ে টাকা মারছে তাতে সাক্ষর করা যাবে না। এদিকে আপনারা চারিদিকে ছবি দিয়ে বলছেন—'এসো পড়াই, কিছু করে দেখাই'। স্লেটের দাম বাইরে দু'টাকা, আর টেন্ডার কল করে যখন স্লেট কেনা হচ্ছে তখন তার দাম পড়ছে ৫০ থেকে ৬০ টাকা। তাই আপনারা আপনাদের স্লোগানটা একটু পাল্টান, আপনারা বলুন—'এসো পড়াই চুরি করে দেখাই'। আপনারা বিদ্যাসাগরের ছবি দিয়ে বড় বড় স্লোগান লিখছেন, 'এসো পড়াই কিছু করে দেখাই'। আপনারা বিদ্যাসাগরের ছবি দেবেন না, বিদ্যাসাগর অনেক সম্মানীয় লোক। পরিশেষে বলব, রাজ্যের সর্বস্তরের শিক্ষকদের অবসরের বয়স ৬৫ করার দাবি আমি করছি এবং অবিলম্বে পশ্চিমবঙ্গের বয়স ৬৫ বছর করা হোক এবং রাজ্যের বহু

শিক্ষক আছেন যারা পেনশন পাচ্ছেন না, তাদের পেনশন মঞ্জুর করা হোক এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অমিয় পাত্র ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, শিক্ষা দপ্তরের যে বাজেট এখানে পেশ করা হয়েছে সেই সম্পর্কে আমি কয়েকটা কথা এখানে বলতে চাই।

(এই সময়ে শ্রী সুব্রত মুখার্জি একটি কাগজ দেখে কিছু বলতে থাকেন।)

মিঃ চেয়ারম্যান ঃ মিঃ মুখার্জি প্লিজ সিট ডাউন। অমিয়বাবু বলুন।

শ্রী অমিয় পাত্র ঃ শিক্ষা সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গির সাথে বিরোধীদের দৃষ্টিভঙ্গি কখনোই মিলতে পারে না। কারণ তারা শিক্ষাটাকে একটা সঙ্কীর্ণ শ্রেণীর স্বার্থে দেখেন। কিন্তু আমরা শিক্ষাটাকে দেখতে চাই দেশের সর্বস্তরের মানুষের স্বার্থের সঙ্গে যুক্ত করতে। স্বাভাবিকভাবে শিক্ষা সম্পর্কে যে দায়িত্ব কেন্দ্রীয় সরকারের আছে সেই দায়িত্ব পালন করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছে। ১৪ বছর বয়স পর্যন্ত বাধ্যতামূলক শিক্ষার ব্যাপারে কেন্দ্রীয় সরকার কিছুই করেননি। আজকে কেন্দ্রীয় সরকার ক্রমাগতভাবে শিক্ষাখাতে তাদের বরাদ্দ কমিয়ে যাচ্ছেন। এটা খুবই উদ্বেগের বিষয়। তারা আজকে শিক্ষা খাতে বরাদ্দ কমাতে কমাতে এমন জায়গায় নিয়ে গেছেন, যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক ও আই. এম. এফ.ও এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেছেন। কেন্দ্রীয় সরকারের শিক্ষা খাতে বাজেট হচ্ছে ১০০ টাকার মধ্যে ১.৬ টাকা। যেখানে রাজ্য সরকারের বাজেটে সেটা বাড়ানো হয়েছে এবং রবীনবাবু সেটা তার বক্তৃতায় উল্লেখ করেছেন। আরও একটা বিষয় আছে, যা শুনলে আমাদের বন্ধুরা লজ্জিত হবেন। শিক্ষার প্রসার এবং অগ্রগতির ক্ষেত্রে পৃথিবীর ১৭৫টি স্বাধীন দেশের মধ্যে ভারতবর্ষের স্থান হচ্ছে ১২৫তম। যে পলিসি আজকে কেন্দ্রীয় সরকার নিয়েছে তাতে আজকে আমরা ১২৫তম জায়গায় গিয়ে দাঁড়িয়েছি। আজকে পশ্চিমবাংলার সরকার এই আর্থিক সঙ্কটের মধ্যে দাঁড়িয়েও তাদের কাজ পরিচালনা করছে এবং এই কাজ পরিচালনা করতে গিয়ে আমাদের সামনে কিছু সমস্যা এসে দাঁড়িয়েছে। তবে এই সমস্যাকে আমরা কাটিয়ে উঠতে পারব বলে আমরা আশা রাখি।

আমরা এটা দেখেছি যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে স্কুল কভারেজ, এটা আগে যা ছিল তার থেকে বহুগুণ বেড়েছে। আমাদের দেশের ক্ষেত্রে একটা দৃষ্টান্ত। আমরা অনেক বেশি কভারেজ দিতে শুরু করেছি। আমরা দেখছি আমাদের দেশে প্রাইমারি, সেকেন্ডারি এবং কলেজগুলিতে এনরোলমেন্ট আগের থেকে অনেক গুণ বেড়েছে। সবচেয়ে যাঁরা উইকার সেকশন অর্থাৎ পিছিয়ে পড়া অংশের মানুষ যাঁরা—স্কুলে আসছেন, প্রাইমারি এডুকেশনে আসছেন, নন-ফরম্যালে আসছেন, আমরা তাঁদের কাছে শিক্ষার আলো পৌঁছে দিতে পেরেছি। পৌঁছে দিতে চাই, যেটা ওঁনারা দিতে চাইছেন না। আমরা এটা দেখেছি, মিড ডে মিল দেওয়ার ক্ষেত্রে, অর্থাৎ দুপুরে খাবার দেওয়ার ক্ষেত্রে আমাদের যে অগ্রগতি হয়েছে, স্যার একটা তথ্য আপনাদের সামনে দিতে চাই—আমাদের দেশে ছাত্র এবং শিক্ষার অনুপাত ধরলে **(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)।**

(এই সময়ে আবার শ্রী সুব্রত মুখার্জিকে কাগজ থেকে কিছু পড়তে দেখা যায়।)

মিঃ চেয়ারম্যান ঃ আপনি এখানকার পুরোনো সদস্য, আপনার এই হাউসের রীতি, নীতি জানা উচিত। আপনার যা বক্তব্য, আপনি কাগজটা দিয়ে যান আমি দেখার পর আপনাকে পরে জানাব। আপনি বসুন। আমি দাঁড়িয়ে আছি, আপনি বসুন। আপনার কাগজ আপনি জমা দিয়ে যান আমি দেখে আপনাকে পরে জানাব। মিঃ মুখার্জি, প্লিজ সিট ডাউন। মিঃ মুখার্জি আপনাকে বার বার বলা হচ্ছে, আপনি বসুন। মিঃ মান্নান বসুন।

[4-10—4-20 P.M.]

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন।)

মিঃ চেয়ারম্যান ঃ মিঃ সুব্রত মুখার্জি আপনি বসুন। আপনার কথা পরে শুনব। শ্রী অমিয় পাত্র বলুন।

শ্রী অমিয় পাত্র ঃ বিরোধী বন্ধুদের উদ্দেশ্য হচ্ছে শিক্ষা সম্পর্কে বক্তব্য শুনতে তাঁরা অনাগ্রহী। এতক্ষণ ধরে বক্তৃতা করলেন, কিন্তু এদের শিক্ষিত জনমণ্ডলী বলে বলা যায় না যে আচরণ শুরু করেছেন তাতে। শিক্ষা বাজেটে তাঁরা যে বক্তৃতা দিয়েছেন সেটা তাঁদের চরিত্র বিরোধী। আমি যে কথা বলতে বলতে থেমে গেলাম, সেটা হচ্ছে, পশ্চিমবঙ্গে প্রতি ৪১ জন ছাত্রপিছু একজন শিক্ষক, তামিলনাড়ু ৫৬ জনে একজন শিক্ষক, রাজস্থানে ৫৫ জনে একজন শিক্ষক, কর্ণাটকে ৪৮ জনে একজন শিক্ষক, গুজরাটে ৬১ জনে একজন শিক্ষক, হরিয়ানায় ৫৩ জনে একজন শিক্ষক, বিহারে ৬০ জনে একজন শিক্ষক। আমি দ্বিতীয় কথা যেটা বলতে চাইছি, সেকেন্ডারি স্কুলে স্টুডেন্ট-টীচার রেশিও হচ্ছে অন্ধ্রপ্রদেশে ২১ জন ছাত্র পিছু একজন শিক্ষক, আসামে ২৩ জনে একজন, বিহারে ২৪ জনে একজন, গোয়ায় ১৮ জনে একজন, গুজরাটে ৩২ জনে একজন, কর্ণাটকে ২৭ জনে একজন, মধ্যপ্রদেশে ২৮ জনে একজন, মহারাষ্ট্রে ২৩ জনে একজন, তামিলনাড়ুকে ২৭ জনে একজন এবং পশ্চিমবঙ্গে ১৫ জনে একজন শিক্ষক। আমি তৃতীয় কথা যেটা বলতে চাইছি, পশ্চিমবাংলা আদর্শ, বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে চলছে। আমরা এটা দেখেছি, জিরো-টীচার স্কুল অন্ধ্রপ্রদেশে ৬১৫, বিহারে ৭৫৭, গুজরাট ২৫০, হরিয়ানা ৪২, মধ্যপ্রদেশ ১২৯, মহারাষ্ট্র ১৯৩, আর পশ্চিমবঙ্গে ২টো ছিল, এখন সেটা নেই। এখানে জিরো টীচার স্কুল কোনও পারসেন্টেজে আসে না। আর ওয়ান-টীচার স্কুল উত্তরপ্রদেশে ১১.৭৭ পারসেন্ট, রাজস্থানে ১৪.৬৩ পারসেন্ট, মধ্যপ্রদেশে ৩৪.৭৩ পারসেন্ট, মহারাষ্ট্রে ৪৩.৭৩, কর্ণাটকে ৬২.৩৩ পারসেন্ট, আর পশ্চিমবঙ্গে ৩.৪৬ পারসেন্ট। এই যে ওয়ান টীচার স্কুল আমাদের ধারণা আছে, সেখানে সব দিন স্কুলের দরজা খোলে না। পশ্চিমবঙ্গে অগ্রগতি হয়েছে। আমাদের বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রেও অগ্রগতি হয়েছে। মিডডে মিলের ক্ষেত্রে আমরা একটা অ্যাডভান্সড স্টেজে আছি, পোশাক দেওয়ার ক্ষেত্রে আমরা অ্যাডভান্সড স্টেজে আছি। স্কুলে পাঠ্য-পুস্তক দেওয়ার কর্মসূচির ক্ষেত্রে এমন কোনও স্কুল থেকে অভিযোগ পাওয়া যাবে না যেখানে যথেষ্ট সংখ্যক পাঠ্যপুস্তক সেসান শুরু হওয়ার আগে দেওয়া হয়নি। এক সময় ছিল এটা হত। কিন্তু গত ২/৩ বছর সে রকম হয়নি। অনেক জায়গা থেকে রিপোর্ট আসছে যে

পরিমাণ বই চেয়েছিল তার চেয়ে বেশি এসেছে। বই পাওয়া যায়নি এই রকম ঘটনা নেই নতুন স্কুল করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গে নতুন নতুন বাড়ি থেকে যে ছেলেমেয়ে আসছে ফার্স জেনারেশন স্কুলে আসছে সেক্ষেত্রে যত স্কুল আছে, আরও নতুন স্কুল করার প্রয়োজন আমাদের যে মহামান্য হাইকোর্ট আছেন, তার প্রতি যতটা শ্রদ্ধা রাখা উচিত, সেই শ্রদ্ধা রেখে বলব, হাইকোর্টে যে কেস আছে নতুন স্কুল তৈরি করার ক্ষেত্রে, নতুন কলেজ তৈরি করার ক্ষেত্রে, এত রকম প্রতিবন্ধকতা কাটিয়ে উঠতে রাজ্য সরকারের একটু সময় লাগছে। এটা বিরোধী বন্ধুদের জানা আছে। কিন্তু কোনও উল্লেখ করলেন না। ইংরাজি শিক্ষা নিয়ে অনেক কথা হল। ইংরাজি শিক্ষা নিয়ে ডিবেট নেই। ইংরাজি পড়াতে চান সে বিষয়ে ডিবেট নেই আর দেবপ্রসাদবাবু ইংরাজি ছাড়া কিছু শিখতে চান না, বাংলাও শিখতে চান না। বিরোধটা হল এই, কোন জায়গা, কোন বয়স থেকে শিক্ষা শুরু করব। ভারতবর্ষের মধ্যে কলকাতা এমন একটা জায়গায় যেখানে সবচেয়ে বেশি ইংলিশ মিডিয়াম স্কুল। ইংলিশ মিডিয়াম স্কুলে যদি পড়ালে ভাল শিক্ষা হয়, তাহলে বাংলা পিছিয়ে যাচ্ছে, কলকাতা পিছিয়ে যাচ্ছে বলছেন কেন? আর কোনও মেট্রোপলিটন সিটি নেই যেখানে এত ইংলিশ মিডিয়াম স্কুল। কোন ক্লাশ থেকে ইংরাজি শুরু করবো—ক্লাশ ফোর, ফাইভ, না সিক্স—এইটা একটা প্রশ্ন। আমাদের জ্বলন্ত অভিজ্ঞতা বৈজ্ঞানিক পদ্ধতিতে একটা জিনিস যদি শেখানো হয় তাহলে ভাল হয়।

৪ বছরে স্কুলে যা শেখে একটু বয়স হলে এক বছরের মধ্যেই সে তা শিখতে পারে এবং অনেক ভাল রপ্ত করতে পারে। একটা নির্দিষ্ট ভাষা শেখানোর প্রশ্নে এই হচ্ছে আমার বক্তব্য। তারপর নো ডিটেনশন পলিসি সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। নো ডিটেনশন পলিসি এবং মূল্যায়ন সম্পর্কে সাবজেক্ট কমিটি তার ফোর্থ এবং ফিফ্‌থ রিপোর্টে পরিষ্কারভাবে তাদের বক্তব্য বলেছেন। আমাদের রাজ্যে মূল্যায়ন পদ্ধতি সেইভাবে সরকার চালু করলেও একদম নিচের লেভেল পর্যন্ত সব জায়গায় এটা সেইভাবে পৌছায়নি। নো ডিটেনশন পলিসি অনেক জায়গায় অনেকে অ্যাপ্লাই করছেন না। কাজেই যেখানে নো ডিটেনশন পলিসি চালু হয়নি সেখানে শিক্ষার মান নেমে যাওয়ার প্রশ্ন আপনারা তুলছেন কি করে বুঝতে পারছি না। কাজেই যেখানে নো ডিটেনশন পদ্ধতি চালুই হয়নি সেখানে নো ডিটেনশন পলিসি তাহলে এর জন্য দায়ী হতে পারে না। মূল্যায়ন পদ্ধতি অনেক জায়গায় চালু হয়নি। সেখানে বাইরের বাজার থেকে ইংরাজি বই কিনিয়ে পড়ানো হচ্ছে যে বইগুলি সায়েন্টিফিক মেথডে লেখা নয় বা ছাত্রদের পড়ার উপযুক্ত নয়। সেখানে অভিভাবকদের বাড়তি পয়সা দিয়ে সেইসব বই কিনে ছাত্রদের পড়াতে হচ্ছে। পরিশেষে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কতকগুলি সাজেশন রাখতে চাই। সমালোচনা আছে, সমস্যা আছে, অগ্রগতিও আছে, এগুলি মনে রেখে কতকগুলি সাজেশন রাখছি। আমাদের যে এত সংখ্যক স্কুল, এই এত সংখ্যক স্কুলে শিক্ষা পদ্ধতি ঠিক মতন চলছে কিনা, কেন ড্রপ আউট হচ্ছে, কেন শিক্ষার মান বাড়াতে পারা যাচ্ছে না এটা দেখার জন্য একদিকে যেমন ইন্সপেক্টিং স্টাফদের ব্যাপারটা শক্তিশালী করতে হবে অপর দিকে শিক্ষার সঙ্গে পঞ্চায়েত ও পৌরসভাকে যুক্ত করতে হবে। শুধুমাত্র ইন্সপেক্টিং স্টাফ দিয়ে গোটা পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থাকে সুপারভাইজ করা সম্ভব নয় কাজেই এর মধ্যে পিপলের ইনভলভমেন্ট থাকা দরকার এবং সরকারি যে ব্যবস্থা আছে সঙ্গে সঙ্গে সেটাকে শক্তিশালী করা দরকার। এইসব করে এর যে সুফল সেটা

মানুষের কাছে পৌঁছে দেওয়া দরকার। এই বলে বাজেট সমর্থন করে এবং কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী সঞ্জীবকুমার দাস : মাননীয় চেয়ারম্যান মহাশয়, শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়রা আজ শিক্ষা খাতের যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রীরা বাজেট বক্তৃতার প্রথম পৃষ্ঠায় বলেছেন যে এ রাজ্যে শিক্ষার ক্ষেত্রে একটা নজিরবিহীন সাফল্য অর্জিত হয়েছে। কিন্তু আমরা দেখছি ১৯৯১-৯২ সালে হাইকোর্টে কেসের জন্য একটাও প্রাইমারি স্কুল স্থাপন করা যায়নি, একটা কলেজ স্থাপন করা যায়নি, একটা মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয় করতে পেরেছেন কিনা জানি না। এইসব ব্যাপার আমরা আর্থিক সমীক্ষাতে দেখতে পাইনি। কিন্তু তা সত্ত্বেও মন্ত্রীরা বলেছেন যে একটা নজিরবিহীন সাফল্য অর্জিত হয়েছে। স্যার, আমি মনে করি মন্ত্রীরা আত্মসন্তুষ্টিতে ভুগছেন। সেখানে প্রকৃত সমস্যার দিকে তারা যাচ্ছে না। স্যার, এই প্রসঙ্গে আমার একটা কবিতার কথা মনে পড়ছে যদিও লেখকের নামটা আমার মনে নেই। মাননীয় মন্ত্রী মহাশয়দের উদ্দেশ্যে সেটা বলছি,

'আলো যেমন বলতে পারে না
আমি আলো
বাতাস যেমন বলতে পারে না
আমি বাতাস
যেমন তুমি তোমাকে দেখতে পাও না
তুমি কেমন তা তুমি বলতে পার না।'

মাননীয় মন্ত্রী মহাশয়রা বলেছেন নজিরবিহীন সাফল্য। মাননীয় মন্ত্রী মহাশয়রা তা বলতে পারেন কিন্তু আমাদের দু-একটা কথা শুনে যদি বলতেন তাহলে ভাল হত।

[4-20—4-30 P.M.]

আমি মন্ত্রী মহাশয়দের কাছে নিবেদন করতে চাই, ১৯৯০-৯১ সালের সংশোধিত হিসাব অনুযায়ী প্রাথমিক শিক্ষা পরিকল্পনা বরাদ্দের শতকরা ১১ ভাগ, মাধ্যমিক শিক্ষার পরিকল্পনা বরাদ্দের শতকরা ২০ ভাগ এবং উচ্চতর শিক্ষা পরিকল্পনা বরাদ্দের শতকরা ২৮ ভাগ ব্যয় করা সম্ভব হয়েছে। মন্ত্রী মহাশয়েদের কাছে আমার জানতে ইচ্ছে করে, সবটা বরাদ্দ হলে কি হত, নজিরবিহীন সাফল্যের পর কী হত সেটা জানাবেন কি? মন্ত্রী মহাশয়ের কাছে আমি নিবেদন করতে চাই, অকপটে স্বীকার করছি, শিক্ষা বাজেট বরাদ্দ বেড়েছে, এটা সত্য শিক্ষক মহাশয়রা এখন বেশি মাইনে পাচ্ছেন, এই কথাও সত্য এবং মুখ্যমন্ত্রীর ভাষায় আগে শিক্ষকদের, অধ্যাপকদের কেউ মেয়ে দিত না, এখন দিচ্ছে, সেই কথা সত্য। কিন্তু আমি জানতে চাই শিক্ষার মান বেড়েছে কি না এই বিষয়ে গভীরভাবে অনুসন্ধান করা দরকার। আমি বিনীতভাবে মন্ত্রী মহাশয়ের কাছে একটি কথা নিবেদন করছি, আজকে অনেক সদস্যও বলেছেন, আজকে একটা স্কুলে চাকরি পেতে হলে ৭০ থেকে ৮০ হাজার

টাকা, কোথাও কোথাও এক লক্ষ টাকা দিয়েও শিক্ষক কেনাবেচা চলছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে বিনীতভাবে অনুরোধ করব, বিষয়টা অনুধাবন করুন। ভবেশ মৈত্র ডঃ অশোক মিত্র কমিশনের কাছে একটা প্রতিবেদন পেশ করেছেন, সদস্যদের কাছেও তিনি তা পাঠিয়েছেন, তিনি পরিষ্কারভাবে বলেছেন শিক্ষাকে পণ্য হিসাবে ব্যবহার করা হচ্ছে। ভবেশ মৈত্র মহাশয় যা দিয়েছেন তাতে পরিষ্কারভাবে তিনি এটা বলেছেন শিক্ষক মহাশয় নিয়োগের জন্য ৭০ থেকে ৮০ হাজার টাকা নেওয়া হচ্ছে, সেই শিক্ষকদের দিয়ে শিক্ষার কি উন্নতি করা যাবে? আপনারা কি মনে করেন জানি না, আমি ব্যক্তিগতভাবে এই কথা মনে করি না। আজকে আপনারা বলছেন নজিরবিহীন সাফল্য—প্রাইমারি স্কুলের বাড়ির অবস্থা, সেই সম্পর্কে আমার মনে হয় দেখা দরকার। আমাদের সাবজেক্ট কমিটির চতুর্থ প্রতিবেদনের ১.১ অনুচ্ছেদে পার্থবাবু পরিষ্কারভাবে লিখেছেন একই কক্ষে একাধিক শ্রেণীর ছাত্রছাত্রীকে পড়ানো হচ্ছে, একই সঙ্গে বসানো হচ্ছে, এই হচ্ছে অভিজ্ঞতা এবং এমন কি একটি কক্ষে চারটি শ্রেণীকে বসানো হয়, এই রকম উদাহরণও রয়েছে। আমার এলাকায় দুটি স্কুলের নাম বলব, প্রাইমারি স্কুল, ১৯৭৮ সালের বন্যায় ধ্বংস হয়ে গেছে, শ্যামপুর দু নং ব্লকে বৈকুণ্ঠপুর, আর জোয়ারপুর প্রাথমিক বিদ্যালয়। যাকে খুশি পাঠান, তার কোনও অস্তিত্ব নেই। যদি কেউ তার অস্তিত্ব খুঁজে দিতে পারেন আমি দায়িত্ব নিয়ে বলছি, আমি আমার সদস্য পদ ত্যাগ করব। আরও দুটি স্কুলের নাম বলছি জয়নগর গোবিন্দপাড়া, তালাপাড়া, সেখানে যারা যাবেন, তারা লজ্জা পাবেন সেই দুটি স্কুলের অবস্থা দেখে। বাজেট বক্তৃতায় আপনারা বলেছেন নজিরবিহীন সাফল্য, তারা কিন্তু আপনাদের সাধুবাদ দেবে না। ৯১ সালের বাজেট বক্তৃতায় বলেছিলেন শিশু পুষ্টির স্বার্থে ৭০ পয়সা বরাদ্দ করে বছরে আনুমানিক ১১৪ দিন এই ধরনের জল খাবার বিনামূল্যে বিতরণ করবেন। আজকের দিনে এখানে দাঁড়িয়ে বলুন তো ৭০ পয়সা দিয়ে পুষ্টিকর খাদ্য পাওয়া যায় কি না, এই কথা কেউ বিশ্বাস করে? এবং ১১৪ দিনের যে কথা দিয়েছিল ৯১-৯২ সালে, সাবজেক্ট কমিটি তার চতুর্থ প্রতিবেদনে সেই সম্পর্কে বলেছে, ১৫ থেকে ১৭ দিন খাবার সাপ্লাই করা হয়েছে। এটা কি নজিরবিহীন সাফল্য, এটা দয়া করে বলবেন।

মাননীয় সদস্য অমিয়বাবু বললেন, 'এখনো আমাদের অসংখ্য এক শিক্ষক বিশিষ্ট প্রাথমিক স্কুল রয়েছে।' অবশ্যই এ বিষয়ে আমাদের ভেবে দেখতে হবে। এই বিধানসভায় মাননীয় সদস্য রমনীকান্ত দেবশর্মা অনুমোদিত প্রশ্ন ১৭০৯-এর মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে জানতে চেয়েছিলেন যে, পশ্চিমদিনাজপুর জেলায় যে ১ শিক্ষক প্রাথমিক স্কুলগুলি চলছে, তার সংখ্যা কত? মন্ত্রী মহাশয় নিজে উত্তরে বলেছেন, '২৮৬টা'। অর্থাৎ ২৮৬টা শুধু পশ্চিমদিনাজপুর জেলাতেই আছে। এই যদি অবস্থা হয় তাহলে কি শিক্ষার মান বাড়বে? মাননীয় সদস্য অমিয়বাবু বললেন, 'আমাদের রাজ্যে শিক্ষক ছাত্র অনুপাত ভাল।' আমি সাবজেক্ট কমিটির সদস্য হিসাবে তিনটি স্টেট ঘুরেছি। হ্যাঁ, আমিও মনে করি হ্যাঁ, এ ব্যাপারে আমাদের রাজ্যের অবস্থা অন্যান্য রাজ্যের তুলনায় কিছুটা ভাল কিন্তু এ বিষয়ে একটা জায়গায় আমরা ভুল করছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি আগে মিনিমাম চারটি কক্ষে চার জন শিক্ষক দিন তারপর অনুপাত কষুন। একটা পরিকল্পনা অন্তত গ্রহণ করুন যে, যে কোনও প্রাইমারি স্কুলে কমপক্ষে চারজন

শিক্ষক থাকতেই হবে। তার বেশি হলে ৪১ দিয়ে ভাগ করে যেখানে দরকার হবে নিশ্চয়ই দেবেন। কিন্তু একজন শিক্ষক দিয়ে একটা স্কুল চলবে, এটা কিছুতেই হতে পারে না। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি আপনি দয়া করে এ বিষয়টা একটু ভেবে দেখবেন। পাঠ্য-পুস্তক এখনো পর্যন্ত আমরা এ বছর ঠিক সময়ে বিলি করতে পারিনি। বাইরে থেকে বই এনে অনেক স্কুলে পড়ানো হচ্ছে। সাবজেক্ট কমিটির প্রতিবেদনে এ বিষয়ে পরিষ্কারভাবে বক্তব্য রাখা হয়েছে। সেখানে বলা হয়েছে যে, প্রাইমারি স্কুলের ছাত্রদের পাঠ্যসূচি বহির্ভূত পুস্তক কিনতে হচ্ছে এবং এর জন্য অভিভাবকদের অতিরিক্ত ব্যয়ভার বহন করতে হচ্ছে। ফলে আজকে বিনা মূল্যের সরকারি শিক্ষা প্রহসনে পরিণত হয়েছে। পরিশেষে আমি উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি—সরকারি নিয়ম হচ্ছে কোনও কলেজে যদি কোনও সাবজেক্টে অনার্স ক্লাশ চালু করতে হয় তাহলে সেই কলেজে সেই বিষয়ের অন্তত কমপক্ষে চার জন টিচার থাকতে হবে। অথচ আমি যে কলেজে অধ্যাপনা করি সে কলেজে '৬৪ সাল থেকে পলিটিক্যাল সায়েন্সে অনার্স চালু হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কখনো সেখানে চারজন টিচার দেখিনি। এই সমস্ত বিভিন্ন অনিয়মগুলি দূর করতে আমি অনুরোধ করছি। এবং এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জি ঃ স্যার, একটা বিষয় আমি এখানে উল্লেখ করতে চাই।

(একটা কাগজ দেখিয়ে শ্রী সুব্রত মুখার্জি কিছু বলার চেষ্টা করেন।)

মিঃ স্পিকার ঃ ইলেকশনের সময়ে অনেক খোলা চিঠি-টিঠি বের হয়। ওসব এখানে উল্লেখ করা যায় না। আমি আমার চেম্বারে বসে শুনেছি। ইলেকশনের ব্যাপারে কারা একটা খোলা চিঠি দিয়েছে। কিন্তু সেটা এখানে বলা যাবে না। আমি আপনাকে অনুমতি দিচ্ছি না, আপনি বসুন।

শ্রী রঞ্জিৎ পাত্র ঃ স্পিকার স্যার, বিভাগীয় দপ্তরের মন্ত্রী মহোদয়গণ যে ব্যয়-বরাদ্দের দাবি আজকে এই সভায় উপস্থিত করেছেন সে দাবিকে সমর্থন করে বিরোধীদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি।

স্যার, যাঁরা আজকে এই বাজেটের বিরোধিতা করে বক্তব্য রাখলেন তাঁদের কাছে আপনার মাধ্যমে একটা সবিনয়ে প্রশ্ন করতে চাই যে, তাঁরা কি নিজেদের জায়গায় নিজেদের মুখগুলো একবার দেখবেন? তা যদি দেখেন তাহলে তাঁদের পক্ষে এই বাজেটের বিরোধিতা করা উচিত হবে না। আমরা জানি শেষ যখন কংগ্রেস এখানে শাসন ক্ষমতায় ছিল তখন গোটা পশ্চিমবঙ্গের শিক্ষা জগতে নৈরাজ্য সৃষ্টি হয়েছিল। মানুষ তখন জানতে পারত না কবে কি পরীক্ষা হবে এবং কবে তার ফল প্রকাশ পাবে। শিক্ষকরা, ছাত্রছাত্রীরা স্কুলে যাবেন কিনা, যেতে পারবেন কিনা, গেলেও সেখানে লেখাপড়া হবে কিনা এই নিয়ে অনিশ্চয়তা ছিল। সে সময়ে কোনও বিষয়েই কোনও নিশ্চয়তা ছিল না। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর সেই নৈরাজ্য দূর করে ক্রমাগত শিক্ষা ক্ষেত্রে গুরুত্ব আরোপ করে শিক্ষার প্রতিটি ক্ষেত্রে বামফ্রন্ট সরকার সাফল্যলাভ করে চলেছে। এ কথা আজকে আমাদের সবাইকে স্বীকার করতেই হবে।

[4-30—4-40 P.M.]

আজকে ওঁরা বলছেন অধিক সংখ্যক শিক্ষক নেওয়া উচিত। আমি তাঁদের সঙ্গে সহমত পোষণ করি, পোষণ করে এই কথা বলতে চাই, পশ্চিমবঙ্গ সরকারের যে ন্যায়সঙ্গত অধিকার, যা পাওনা কেন্দ্রীয় সরকারের কাছে আছে সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার প্রতি পদে পদে বাধা সৃষ্টি করছেন। কই, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আপনারা তো কিছু বললেন না? আমাদের যে আর্থিক সীমাবদ্ধতা আছে তার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে এগিয়ে নিয়ে যেতে হচ্ছে—এটাই সবচেয়ে বড় কথা। অনেক সদস্য বইয়ের ব্যাপারে বলেছেন। আমি দাবি করতে পারি প্রত্যেক স্কুলে আমরা বই পাঠিয়ে দিয়েছি। এই বই পাঠানোর ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে ভর্তুকি কাগজ-পত্রে দিয়ে সাপ্লাই করতেন তা বন্ধ করলেন। কই, এর বিরুদ্ধে তো আপনারা প্রতিবাদ করছেন না? আর এখানে দাঁড়িয়ে উল্টো কথা বলছেন যে বই কেন সময় মতো স্কুল পাচ্ছে না। এটা অদ্ভুত ব্যাপার, অদ্ভুত কথাবার্তা। পশ্চিমবাংলার মানুষ আপনাদের কথা বিশ্বাস করে না তাই আপনাদের আস্তাকুঁড়ে ছুঁড়ে ফেলে দিয়েছে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার শিক্ষাক্ষেত্রে যে নজিরবিহীন সাফল্য এনেছে তা বেশি উল্লেখ করার প্রয়োজন নেই। এই কথা সবাই জানেন এবং অপনারাও জানেন, শুধু বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন। আর একটি কথা বলব, জনসংখ্যা বাড়ার ফলে ছাত্র সংখ্যা বৃদ্ধি হয়েছে তা নয়, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার জনমানসে শিক্ষাক্ষেত্রে আগ্রহ সৃষ্টি করার ফলেই ছাত্র সংখ্যা বৃদ্ধি হয়েছে। এক্ষেত্রে আমাদের আরও শিক্ষক নিয়োগ করতে হবে। কলেজ সার্ভিস কমিশন করে যে রকম অধ্যাপক নিয়োগ করেন সেইরকম মাধ্যমিক স্কুলগুলিতে একই রকম পদ্ধতি অনুসরণ করা উচিত বলে আমি মনে করি। ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপারে যে সঙ্কট সৃষ্টি হয়েছে। আর ৬০/৬৫ বছর বয়সের যে প্রশ্ন উঠেছে সেক্ষেত্রে প্রেসটিজ ইস্যু না করে বিভিন্ন শিক্ষক সংগঠনের সঙ্গে আলাপ-আলোচনার ভিত্তিতে সুরাহা করা প্রয়োজন বলে আমি জোরের সঙ্গে উত্থাপন করছি। আর একটি বিষয় হচ্ছে পেনশন। বহু শিক্ষক পেনশন পাচ্ছেন না। আমাদের সরকারের নিয়ম কিন্তু তা নয়। শিক্ষকরা যেমন ১লা তারিখে মাহিনা পান সেইরকম মাধ্যমিক শিক্ষকরা প্রাথমিক শিক্ষকদের মতন সময়মতো পেনশন পান সেই ব্যাপারে গ্যারান্টি সৃষ্টি করতে হবে। বামফ্রন্ট সরকার শিক্ষকদের মাহিনা বাড়িয়ে দিয়েছেন। কিন্তু চাকরির শেষের দিকে পেনশনের ক্ষেত্রে যে সমস্যা সৃষ্টি হচ্ছে তা দূর করার জন্য অনুরোধ করছি। এই ক'টি কথা বলে এই ব্যয়-বরাদ্দকে পুনরায় অনুমোদন করে এবং বিরোধী দলের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজয় দে : মাননীয় স্পিকার স্যার, আজকে শিক্ষা দপ্তরের যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপিত হয়েছে আমি প্রথমেই তার বিরোধিতা করি এবং আমাদের দলের সদস্যদের আনা কাট মোশনগুলির সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমাদের দলের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং শ্রী সুব্রত মুখার্জি বিস্তারিতভাবে বক্তব্য রেখেছেন। তাঁরা উচ্চ শিক্ষার ব্যাপারে, প্রাথমিক শিক্ষার ব্যাপারে এবং মাদ্রাসা শিক্ষার ব্যাপারে বলেছেন। আমার সময় সংক্ষেপ হওয়ার দরুন আমার বক্তব্য শুধুমাত্র প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে কেন্দ্র করে সীমাবদ্ধ রাখতে চাই। পশ্চিমবাংলার বুকে যে শিক্ষা ব্যবস্থা কেন্দ্র সীমাবদ্ধ রাখতে চাই। পশ্চিমবাংলার বুকে যে শিক্ষা ব্যবস্থা চলছে বিশেষ করে এই সরকারের

আসলে প্রাথমিক স্তরে পাশ ফেল প্রথা তুলে দিয়ে মূল্যায়নের নামে অবমূল্যায়ন চলছে। আমি মনে করি, প্রাথমিক স্তরে পাশ ফেল প্রথা তুলে দেওয়া হলেও যে জ্বলন্ত সমস্যা, ভর্তির সমস্যা—এটা ব্যাপকভাবে দেখা দিয়েছে।

আজকে প্রত্যেকটি স্কুলের দরজায় দরজায় অভিভাবকরা ঘুরছেন ক্লাশ ফাইভে তাঁদের ছেলে বা মেয়েকে ভর্তি করার জন্য, কোনও রকমে কোথাও জায়গা পাচ্ছেন না। আমরা চাই যে মূল্যায়ন হোক কিন্তু পাশ, ফেল প্রথা তুলে দিয়ে নয়। মূল্যায়ন প্রথা জোরদার করার জন্য কতকগুলি ব্যবস্থা নেওয়ার প্রয়োজন আছে। পশ্চিমবঙ্গে বহু প্রাথমিক বিদ্যালয় আছে, নামে বিদ্যালয় কিন্তু কোনও গৃহ নেই, গাছের তলায় ছাত্রছাত্রীরা অধ্যায়ন করে থাকেন। আমরা নদীয়া জেলাতে দেখেছি, শুধু মাত্র নদীয়া জেলাতেই এমন স্কুলের সংখ্যা প্রায় ৪০০/৫০০। এই ৪০০/৫০০ স্কুল নামেই আছে, কিন্তু কোনও গৃহ নেই, আর একজন করে শিক্ষক আছেন, এমন স্কুলের সংখ্যা প্রায় ৭০/৮০টি। শিক্ষকদের ট্রেনিংয়ের কোনও ব্যবস্থা নেই, মূল্যায়নের নামে এই অবস্থা হয়েছে। সরকার কি বলছেন? সরকার বলছেন ছাত্রদের হাতে বই পৌঁছে দিচ্ছেন। আমরা হিসাব নিলে দেখতে পাব যে শতকরা ৬০ ভাগের বেশি ছাত্রের কাছে এই বই পৌঁছায় না, পয়সা দিলে বাজারে বই পাওয়া যায়, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, এ নিয়ে অনেক অভিযান হয়েছে বাজারে বই পাওয়া গেছে। বিভিন্ন জায়গায় ছাত্রছাত্রীরা এই বই থেকে বঞ্চিত হয়েছে। টিফিনের ব্যবস্থার কথা যেটা বলা হয়েছে, সরকার যেটা বলেছেন যে মিনিমাম ১১৪ দিনের ব্যবস্থা করবেন, প্রথমে কি দেওয়া হল, না পাঁউরুটি, তারপর পাঁউরুটি উঠিয়ে দিয়ে মুড়ি দেবার ব্যবস্থা হল, আমরা তারপর কি দেখলাম সেই মুড়িই বছরে ১১৪ দিন তো দূরের কথা, সর্বসাকুল্যে ১৪ দিনও পাওয়া যায় না। শুধু তাই নয়, বহু জেলাতে এই টাকা নয়-ছয় হয়েছে। আমরা জানি হিসাবে গরমিল হয়েছে। খোদ মন্ত্রীর জেলাতেই এই টিফিনের পয়সা নিয়ে তছরূপ হয়েছে। উনি কি ব্যবস্থা নিয়েছেন তা আজকে আমরা জানতে পারব। আজকে পেনশনের কথা বলা হয়েছে, এ কথা ঠিক যে আমাদের প্রাথমিক শিক্ষকদের মধ্যে শতকরা ৮০ থেকে ৯০ ভাগ শিক্ষক পাচ্ছেন না, প্রাক্তন মন্ত্রী মহাশয় ১০ দিনের মধ্যেই পেনশন পেয়েছেন, আমরা চাই যে মন্ত্রীর সঙ্গে সঙ্গে আর যে সব শিক্ষক আছেন তাঁরা পান। আজকে একটা দৈনিক পত্রিকায় দেখলাম গত ২৭শে মে, রোটান্ডায় মিটিং করেছেন এই পদ্ধতির বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন, আমরা তাঁর কাছে জানতে চাইব যে শুধু ক্ষোভ প্রকাশ করে কি তিনি চুপ করে থাকবেন? এতদিন ধরে যাঁরা পেনশন পাচ্ছে না, না পেয়ে মারা যাচ্ছে তাঁদের জন্য সত্বর ব্যবস্থা করবেন, নিশ্চয়ই তিনি তাঁর বক্তব্যের মধ্যে বলবেন। আর একটা কথা বলি, ১৯৭৯-৮০ সালে যখন পার্থ দে মহাশয় ছিলেন, তিনি একটা সেমিনার করেছিলেন, তাতে শুনেছিলাম যে শিক্ষকদের জন্য একটা হেল্‌থ হোম করা হবে। শিক্ষকদের কাছে আবেদন করেছিলাম, একদিনের বেতন দান করতে হবে। বহু শিক্ষক সেকেন্ডারি, হায়ার সেকেন্ডারি শিক্ষক তাঁর আহ্বানে সাড়া দিয়ে অনেক টাকা দিয়েছিলেন, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন আজকে সেই হেল্‌থ হোমের টাকার কোনও হিসাব আছে, আমরা জানি যে সল্ট লেকে একটা জমি কেনা হয়েছে কিন্তু হেল্‌থ হোম কেন হল না? টাকা নিয়ে গেছে। দুটি ঘটনার প্রতি মাননীয় মন্ত্রী মহাশয় আলোকপাত করবেন। আজকে সর্বজনীন শিক্ষা, জনশিক্ষার

প্রসার ঘটছে, একটা কথা বলতে চাই ১৯৬৩ সালে পশ্চিমবঙ্গে কতকগুলি অ্যাডাল্ট হায়ার সেকেন্ডারি স্কুল তৈরি হয়েছিল, সেগুলির মধ্যে আমার যতদূর জানা আছে ৪/৫টি বজায় আছে কারা সুযোগ পাবে, যারা ওয়ার্কিং ক্লাশ পিপল, ১৮ বছরের উর্ধ্বে।

[4-40—4-50 P.M.]

আমার এলাকায় পশিচ্মবঙ্গে এইরকম তিন-চারটি যা স্কুল আছে তার একটি আছে। সেখানে শান্তিপুর মিউনিসিপ্যাল হাইস্কুল অ্যাটাচড্ শান্তিপুর অ্যাডাল্ট হাইস্কুল আছে। কিন্তু আশ্চর্যের কথা, সেখানে একজন হেড মাস্টার, চারজন অ্যাসিস্টেন্ট টিচার যাঁরা আছেন তাঁদের বেতন মাসে ৬০ টাকা। ১৯৬৩ সাল থেকে ৬০ টাকা নিয়ে তাঁরা স্কুলটি চালাচ্ছেন। এর থেকে কি এই বুঝব না যে, একটা কৌশল করে সুচতুরভাবে যাতে স্কুলগুলি বন্ধ হয়ে যায় তারজন্য চেষ্টা হচ্ছে? আদৌ স্কুলগুলি রাখতে চান, না কি উঠিয়ে দিতে চান, সে বিষয়ে আলোকপাত করবেন। আজকে স্কুলগুলিতে ৭.৫০ টাকা করে প্রিন্টিং চার্জ নেবার ব্যবস্থা আছে। বছরে দুটি করে পরীক্ষা হয়, কোয়েশ্চেন ছাপাতে হয়, খাতা সরবরাহ করতে হয়। এত সব মাত্র ৭.৫০ টাকায় চলতে পারে? আমার এলকায় তারজন্য স্কুল কর্তৃপক্ষ ছাত্রদের কাছ থেকে কাগজ চেয়েছিলেন, কিন্তু সেখানে বলা হয়েছে যে, ছাত্রদের কাছ থেকে কাগজ নেওয়া চলবে না। সেক্ষেত্রে স্কুলগুলি কি করে চলবে? তাহলে সরকারকে এক্ষেত্রে ভর্তুকি দিতে হবে, তা না হলে এইভাবে স্কুল চলতে পারে না। আমি আশা করব, মাননীয় মন্ত্রী এ-বিষয়ে আলোকপাত করবেন। পে-কমিশনের বকেয়া টাকা প্রাথমিক স্কুলের শিক্ষকরা আজও পেলেন না। অবশ্য মাধ্যমিক স্কুল শিক্ষকরা কোনও কোনও জায়গায় এই বকেয়া টাকাটা পেয়েছেন। তবে আমার জেলায় কেউ পাননি। নদীয়া জেলা সম্পূর্ণভাবে বঞ্চিত হয়ে রয়েছে। আজকে শিক্ষা-ব্যবস্থা ঠিকভাবে চলছে না, এক্ষেত্রে রাজনৈতিক খবরদারি করা হচ্ছে। যেখানে ট্রান্সফারের কোনও ব্যবস্থা নেই, কেবলমাত্র অ্যাডজাস্ট করে উইলিং ট্রান্সফার নেবার ব্যবস্থা আছে, সেখানে রাজনৈতিক উদ্দেশ্যে বিভিন্ন জায়গায় ট্রান্সফার করা হচ্ছে। আজকে চারিদিকে ঢাকঢোল পিটিয়ে প্রচার করা হচ্ছে যে, শিক্ষাকে গণমুখী করা হচ্ছে, কিন্তু প্রকারান্তরে শিক্ষা-ব্যবস্থা এগোচ্ছে না, বিভিন্ন জায়গায় শিক্ষকরা বঞ্চিত হচ্ছেন। এর আগে আর একটি বিষয়ে আমি মন্ত্রীর কাছে উত্থাপন করেছি, কিন্তু সদুত্তর পাইনি। আমরা জানি ৫ই সেপ্টেম্বর শিক্ষক দিবস। ঐদিন শিক্ষামন্ত্রক থেকে বিশেষ যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের পুরস্কৃত করা হয়। আমার কাছে খবর আছে, ১৯৯১ সালে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের যে তালিকা শিক্ষামন্ত্রক চেয়ে পাঠিয়েছিলেন সেই তালিকা সম্পূর্ণভাবে পাঠানো হয়নি এবং তার ফলে অনেক যোগ্যতাসম্পন্ন শিক্ষক বঞ্চিত হয়েছেন। এই বছর এক্ষেত্রে কি করা হয়েছে জানি না। এইভাবে যাতে তাঁরা বঞ্চিত না হন সেদিকে মন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন আশা করি। আজকে শিক্ষাব্যবস্থা যেখানে ভালভাবে চলছে না সেক্ষেত্রে শিক্ষা বাজেট যা রেখেছেন তার সঙ্গে বাস্তবতার কোনও মিল নেই এবং তারজন্য এই বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

ডাঃ নির্মল সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের শিক্ষা খাতের ব্যয়-বরাদ্দের দাবি সমর্থন করছি এবং বিরোধী দলের সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি।

এই সমর্থন করতে গিয়ে দুই-একটি কথা শিক্ষা সম্পর্কে বলতে হয়। প্রথমত বলতে হয়, বর্তমানে আমাদের যে শিক্ষা কাঠামো এবং তার মধ্যে যেসব ত্রুটি রয়েছে, সে সম্পর্কে সুচিন্তিত বিশ্লেষণ করে তার থেকে শিক্ষাকে মুক্ত করবার সুপারিশ থাকবার পরও সেইসব মৌলিক ত্রুটি আজও থেকে গেছে। প্রাক স্বাধীনতা যুগে শিক্ষাব্যবস্থা পরিচালিত হত তদানিন্তন শাসকদের স্বার্থে। সেই সময় বিভিন্ন কমিশন গঠিত হয়েছিল, যেমন ১৯১৭ সালে স্যাডলার কমিশন, ১৯০২ সালে ইউনিভার্সিটি শিক্ষা কমিশন, আবার ১৯৪৮ সালে ইউনিভার্সিটি শিক্ষা কমিশন, ১৯৫২-৫৩ সালে মুদালিয়র কমিশন। এইসব কমিশনের শিক্ষা সম্পর্কে গঠনমূলক সব সুপারিশ থাকা সত্ত্বেও আজও শিক্ষা-ব্যবস্থা বাস্তবতার সঙ্গে সঙ্গতিপূর্ণ হয়নি। ১৯৩৬ সালে অ্যাবর্ট কমিশন বলে গেছেন যে, বিশ্ববিদ্যালয়ে যে ধরনের শিক্ষা দেওয়া হয় তাতে স্নাতকোত্তর পর্যায়ে কর্মসংস্থান করতে পারে না।

পরবর্তীকালে শিক্ষার উদ্দেশ্যগুলি পরিবর্তিত হল এবং স্বাধীন ভারতের গণতান্ত্রিক নাগরিকের দায়িত্ব পালনের মানসিকতা তৈরি, আদর্শ হিসাবে তৈরি করা, উদার দেশোপ্রেমিকের দৃষ্টিভঙ্গির অন্তরায় যেগুলি, যেগুলি ঐক্য বিনষ্ট করে সেগুলি দূর করার প্রয়োজনীয়তা দেখা দেয়। প্রয়োজনীয়তা দেখা দেয় উৎপাদন ক্ষমতাকে বৃদ্ধি করে দারিদ্র্যতাকে দূর করার। অর্থাৎ সমস্ত মানুষকে উৎপাদনশীল উপকরণ হিসাবে প্রস্তুত করা, তাদের কাজে লাগানো। সেই সঙ্গে আরও প্রয়োজনীয়তা দেখা দেয় শিক্ষায় যাতে মানুষ উদ্দিপ্ত হতে পারে তার ব্যবস্থা করা। এইসব কারণে মুদালিয়া কমিশন ১৯৫২ সালে গঠিত হয় এবং ইউনিভার্সিটি শিক্ষা কমিশন গঠিত হয়। কিন্তু আমরা দেখেছি যে এই ত্রুটিগুলি থেকে আজও শিক্ষা মুক্ত হতে পারেনি। বহুরকম পরীক্ষা-নিরীক্ষা চলেছে। ১০ ২ ২ শিক্ষাবর্ষ চালু হয়েছে, ১১ ১, ১১ ৩ বা ১০ ১ ৩ শিক্ষাবর্ষ হয়েছে, ১০ ২ ২ বা অনার্সের জন্য ৩, এসব বিভিন্ন রকম শিক্ষাবর্ষ চালু করে বিভিন্ন শিক্ষা ব্যবস্থা চলেছে। কিন্তু মৌলিক যে সমস্যাগুলি ছিল সেগুলির কোনও সমাধান করা হয়নি। প্রাক্তন প্রধানমন্ত্রী নবোদয় বিদ্যালয় এবং শিক্ষাকে ব্যক্তিগত উদ্যোগের হাতে তুলে দেবার পরিকল্পনা করেছিলেন। তখন শাসকশ্রেণী দুর্বল ছিল এবং তারা শিক্ষাকে সঙ্কোচন করার জন্য এই পরিকল্পনা করেছিলেন এবং এটা তারই বহিঃপ্রকাশ। শিক্ষা ব্যবস্থা হচ্ছে সমাজ ব্যবস্থার পরিকাঠামো, এটা মনে রাখতে হবে। ব্যক্তিগত মালিকানায় যে ধনতান্ত্রিক এবং সামন্ততান্ত্রিক ব্যবস্থা চলছে তাতে সমস্ত মানুষকে জাতীয় উৎপাদনের কাজে লাগানো যায় না। অর্থাৎ সমস্ত মানুষের বেকারত্ব দূর করা যায় না। তাই বিভিন্ন কমিশনের সুচিন্তিত মতামত থাকা সত্ত্বেও, বিভিন্ন সুপারিশ থাকা সত্ত্বেও শিক্ষা ব্যবস্থায় যে নৈরাজ্য আপনারা সৃষ্টি করেছিলেন সেটা দূর করা যাচ্ছে না, মৌলিক সমস্যাগুলি সমাধান করা যাচ্ছে না। দ্বিতীয়ত কংগ্রেস দল স্বাধীনতার পরে তাদের কার্যাবলির দ্বারা জোতদার, জমিদার, মহাজন এবং পুঁজিপতি শ্রেণীর স্বার্থ রক্ষাকারী দল হিসাবে জনগণের কাছে পরিচিত হয়েছে। তারা ধনতন্ত্র এবং সামন্ততন্ত্রকে রক্ষা করত। তাই কংগ্রেস মুখে এক কথা বলে আর কাজে অন্য করে। সেজন্য তাদের এই দ্বৈত চরিত্র সর্ব ক্ষেত্রে দেখা যায়। আমরা দেখেছি যে সংবিধানে ধর্মনিরপেক্ষতার কথা বলা হয়েছে, গণতন্ত্রের কথা বলা হয়েছে, সমাজতন্ত্রের কথা বলা হয়েছে। কিন্তু ওদের আসল উদ্দেশ্য হচ্ছে শ্রেণীস্বার্থকে রক্ষা করা। তারজন্য শিক্ষাকে মুষ্টিমেয় শাসকশ্রেণীর হাতে কুক্ষীগত করে রাখাই হচ্ছে ওদের লক্ষ্য। বিগত দিনের কার্যাবলি বিশ্লেষণ করলে এটা প্রমাণিত হয়ে যায়। তাই

স্বাধীনতার আগে কংগ্রেসের যে প্রতিশ্রুতি ছিল যে ১৪ বছর পর্যন্ত বয়স্ক ছেলে-মেয়েদের জন্য আবশ্যিক শিক্ষা ব্যবস্থা চালু করা সেটা ওরা কোনওদিন চালু করতে পারেনি। কারণ ওরা এটা চায়নি। তৃতীয়ত মাধ্যমিক বিদ্যালয়গুলির তৎকালীন যে ব্যবস্থা ছিল তাতে দেখেছি যে বিশেষ করে শহরাঞ্চলের কাছে কিছু বিদ্যালয় ওদের আনুকূল্য পেলেও গ্রামাঞ্চলে শ্রমিক, কৃষক, মেহনতি মানুষের অধ্যুষিত এলাকায় যে সমস্ত বিদ্যালয় আছে সেগুলি অবহেলিত, অনাদৃত হয়েছে। তারা কোনও অর্থ সাহায্য পেত না, সেগুলিকে স্কুল বলা চলে না। আগেকারদিনে যে মাধ্যমিক বিদ্যালয়গুলি ছিল সেখানে দেখা গেছে যে ৬ ক্লাশে ৯ জন শিক্ষক রয়েছে, কে কোনও বিষয়ে পড়বেন তার কোনও পরিকল্পনা ছিল না। বিদ্যালয়গুলি কিভাবে চলত সেটা ভুক্তোভোগী যারা তার সকলেই জানেন। আজকে সেই ব্যবস্থার আমূল পরিবর্তন করা হয়েছে। শিক্ষা ব্যবস্থাকে ওরা কিছু মুষ্টিমেয় কায়েমী স্বার্থের হাতে ছেড়ে দিয়েছিল এবং তাদের দ্বারাই এটা পরিচালিত হত। শিক্ষা ব্যবস্থা কতকগুলি প্রতিক্রিয়াশীল মানুষের হাতে ছিল। সেই প্রতিক্রিয়াশীলদের হাত থেকে বামফ্রন্ট সরকার শিক্ষা ব্যবস্থাকে মুক্ত করে যাতে জনসাধারণের মধ্যে নিয়ে যাওয়া যায় অর্থাৎ মেহনতি মানুষ, শ্রমজীবী মানুষ, দেশের অধিকাংশ মানুষ যাতে শিক্ষার গণ্ডির মধ্যে আসতে পারে তার জন্য অনুকূল পরিবেশ তৈরি করেছে। এটা বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। শুধু মাধ্যমিক শিক্ষাকে অবৈজ্ঞানিক করার ফলে গ্রামের গরিব ছেলে-মেয়েরা লেখাপড়ার সুযোগ পেয়েছে তাই নয়, গ্রামের প্রতিক্রিয়াশীলদের কুক্ষীগত থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে মুক্ত করেছে এবং তার ফলে গ্রামের গরিব মানুষের ঘরের ছেলেরা লেখাপড়া শেখার জন্য বেশি সুযোগ পাচ্ছে।

[4-50—5-00 P.M.]

তাই সমস্যা এসে দাঁড়িয়েছে। আজকে বিভিন্ন স্কুলে আসন সংখ্যা কমে যাচ্ছে, প্রতিষ্ঠানের সংখ্যা কমে যাচ্ছে ঠিক কথা নয়। তুলনামূলক যে হারে ছাত্রের সংখ্যা বাড়ছে তাতে কম মনে হচ্ছে। তার মানে এই নয় যে শিক্ষা ব্যবস্থার মান নিচে নেমে গেছে। কংগ্রেস বামফ্রন্টের এই শিক্ষা নীতির দারুণ বিরোধী। কংগ্রেসের দৃষ্টিভঙ্গিতে শিক্ষানীতি ছিল ধনিক শ্রেণীর স্বার্থে, তার হাত থেকে মুক্ত করে বামফ্রন্ট সরকার জনমুখী শিক্ষানীতি করার চেষ্টা করেছে। জনমুখী শিক্ষানীতি ওঁদের চরিত্র বিরোধী। তাই ওনারা এই শিক্ষা ব্যবস্থার বিরোধিতা করছেন। ওনারা প্রতিক্রিয়াশীল শিক্ষাব্যবস্থা রেখে গিয়েছিল। ওনারা শিক্ষা সম্বন্ধে কতকগুলি কথা বলেছেন। এখন এই শিক্ষা ব্যবস্থায় গরিব মানুষের ছেলেরা, কৃষকের ছেলেরা, মেহনতি মানুষের ছেলেরা পড়ছে, তাই ওঁদের ত্রাহি ত্রাহি রব উঠেছে, বলেছেন শিক্ষার মান নেমে গিয়েছে। নবলব্ধ শিক্ষায় শিক্ষিত ছাত্রের সংখ্যা বেড়ে গেছে, শিক্ষার ভাল পরিবেশ তৈরি হয়েছে। শিক্ষার মান কখনও নিচে নেমে যায়নি। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শিক্ষার পরিবেশ কলুষিত হয়েছিল, সেটাকে মুক্ত করে শিক্ষাকে যথার্থ স্থানে প্রতিষ্ঠিত করতে সময় লেগেছে। বামফ্রন্ট সরকারের শিক্ষা ব্যবস্থার ওই কলুষিতকে মুক্ত করে যথার্থ স্থানে নিয়ে যাওয়ার জন্য পশ্চিমবঙ্গবাসী বামফ্রন্ট সরকারের কাছে কৃতজ্ঞ থাকবে। এই কথা বলে বামফ্রন্ট সরকারের এই শিক্ষা বাজেটের এই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করে, ওঁদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে শিক্ষা বাজেটের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করা হয়েছে আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। জাতির মেরুদণ্ড হচ্ছে প্রাথমিক শিক্ষা, ভারতবর্ষের বুকে মহাত্মা গান্ধী এই কথা বলেছিলেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি প্রাথমিক শিক্ষার মান নিচে নেমে গেছে। তার প্রধান কারণ হচ্ছে যে, সেখানে যে মূল্যায়ন করা হয়েছিল সেই মূল্যায়নের ভিত্তিতে পাস ফেল তুলে দেওয়া হয়েছে। সেই পাস ফেলের জন্য শিক্ষার অধগতি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী নদীয়ায় গিয়েছিলেন স্কুল পরিদর্শন করতে। বিভিন্ন স্কুলে ঢুকে দেখেছেন শিক্ষক নেই, সেই শিক্ষকদের ধরে তাঁদের বিরুদ্ধে রিপোর্ট করেছিলেন। স্কুল বোর্ডে গিয়ে কিন্তু সেই বিষয়ে কোনও বিচার হল না। কারণ সেই শিক্ষক নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির সদস্য বলে তাঁকে কোনও রকম শাস্তি দিতে পারেননি, তাঁকে বহাল তবিয়তে রেখে দিলেন। প্রাথমিক শিক্ষার ব্যাপারে এখানে যাঁরা বয়স্ক আছেন তাঁরা জানেন ক্লাশ ফোরে বৃত্তি পরীক্ষা ছিল, সেখানে বৃত্তি পেয়ে পাস করে স্কলারশিপ নিয়ে সরকারের কাছ থেকে টাকা পেয়ে ১১ ক্লাস পর্যন্ত পড়াশোনা করত। সেই বৃত্তি পরীক্ষা তুলে দেওয়া হয়েছে। পাস ফেল তুলে দেওয়ার জন্য পঞ্চম এবং যষ্ঠ ক্লাশের ছেলেদের শিক্ষার মান আগে যা ছিল তার চেয়ে নিচে নেমে গেছে। শিক্ষার মান উন্নয়নের জন্য প্রাথমিক এবং মাধ্যমিক পরীক্ষায় অবিলম্বে বৃত্তি পরীক্ষা চালু করুন, পুরানো শিক্ষা প্রথা ফিরিয়ে নিয়ে আসুন এটা আমাদের দাবি এবং আমার দাবি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্কুলের পাঠ্যপুস্তক সম্বন্ধে এখানে একজন বলেছেন। আমি দায়িত্ব নিয়ে বলছি, আমি একজন প্রাথমিক শিক্ষক—মাননীয় মন্ত্রী গিয়েছিলেন, তিনি দেখেছেন যে স্কুলে ঠিক সময় মতো পাঠ্যপুস্তক দেওয়া হয় না। এমন কি সারা বছরেও অনেক স্কুলে পাঠ্যপুস্তক পায় না ছাত্রছাত্রীরা। আমি এই রকম বিভিন্ন স্কুলের নাম বলতে পারি। পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে এই পাঠ্যপুস্তক বিলি করা হয়। পঞ্চায়েতের প্রধান যে স্কুলের শিক্ষক ওঁদের দলীয় সংগঠনের সেই সমস্ত স্কুলের শিক্ষকদের আগে পাঠ্যপুস্তক দেন। এবং যে সমস্ত শিক্ষকরা নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি ভুক্ত তাঁদের দেরি করে সংবাদ দেওয়া হয়। ফলে সেই সমস্ত স্কুলের ছেলেরা পাঠ্যপুস্তক পায় না। সারা বছরই এইভাবে চলে। পাঠ্যপুস্তক বিলির এই প্রথাকে আমি তীব্র বিরোধিতা করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষামন্ত্রীকে বলছি যে শিক্ষাকে দলীয় শিক্ষা না করে সর্বাঙ্গ শিক্ষা যাতে হয় এবং শিক্ষাটা অন্তত যাতে প্রত্যেকে পায় তার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন আছে। মধ্যাহ্নকালীন খাবারের সরবরাহ কিভাবে হচ্ছে? সুব্রত মুখার্জি মহাশয় এক সময়ে এটা করেছিলেন। তিনি টিফিনের ব্যবস্থা করেছিলেন। মুড়ি বিলি করার জন্য কত লক্ষ টাকা ব্যয় করা হয়েছে সেটা দেখলে মন্ত্রী মহাশয় জানতে পারবেন। যে খাদ্য ছাত্রছাত্রীদের দেওয়া হয়, যে রুটি তাদের সরবরাহ করা হয় সেগুলো বিভিন্ন দোকানের সঙ্গে যোগাযোগ করে এবং বেকারির সঙ্গে যোগাযোগ করে অত্যন্ত নিম্নমানের রুটি সরবরাহ করা হয়। মাননীয় মন্ত্রী মহাশয় নদীয়ায় সারপ্রাইজ ভিজিট করেছিলেন। আপনি সারপ্রাইজ ভিজিট করে দেখতে পাবেন, যে খাদ্য দেওয়া হয় তার নমুনা সংগ্রহ করলে বুঝতে পারবেন যে কি খাদ্য ছাত্রছাত্রীদের দেওয়া হচ্ছে। তার প্রমাণ আপনি পাবেন। এর প্রতিকার হওয়া উচিত। এইসব কথা বাজেটের মধ্যে নেই। প্রাথমিক

শিক্ষকদের যাঁরা নন-ট্রেড, তাঁরা যাতে ট্রেনিং নিতে পারেন তার ব্যবস্থা করুন। বেসিক ট্রেনিং কলেজ যেগুলো আছে, সেখানে বহিরাগত ছাত্র যারা শিক্ষক নন, তাঁদের কিভাবে নেওয়া হবে। তার কোনও সিস্টেম নেই। সেই সিস্টেমকে পরিবর্তন করতে হবে। কারণ এটা না করলে, যাদের কোনও যোগ্যতা নেই, যারা দলীয় স্বার্থে কাজ করে তাদের জুনিয়র বেসিক ট্রেনিং কলেজে ভর্তি করা হয়—এই সিস্টেমের পরিবর্তন করতে হবে। এরজন্য যে একটা কমিটি আছে তা একমাত্র মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেদের নিয়েই করা হয়েছে। কয়েকজন শিক্ষক প্রতিনিধির কথা শুনে যেভাবে নেওয়া হয় তাতে ডি. আই. অব স্কুলস্'এর কোনও কিছু করার থাকে না। আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকারকে আমরা লক্ষ লক্ষ টাকা ভর্তুকি দিচ্ছি। প্রাইমারি শিক্ষকদের মাইনে মানি অর্ডারের মাধ্যমে দেওয়া হয়। আমরা কেন এই টাকা ভর্তুকি দেব? এই টাকা আবার শিক্ষকদের কাছ থেকে কেটে নেওয়া হয়। আজ পর্যন্ত ব্যাঙ্কের মাধ্যমে বেতন দেওয়া হবে বলে শিক্ষামন্ত্রী এই বিধানসভায় দাঁড়িয়ে বললেও ব্যাঙ্কের মাধ্যমে কিন্তু দেওয়ার ব্যবস্থা করতে পারেননি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে আবেদন করব, ব্যাঙ্কের মাধ্যমে শিক্ষকদের বেতন দেবার ব্যবস্থা যেন তিনি প্রবর্তন করেন। প্রভিডেন্ট ফান্ড সম্বন্ধে গত পরশুদিন আমার একটা প্রশ্ন ছিল। উনি বলেছেন যে, আর্থিক সঙ্কটের জন্য নাকি প্রভিডেন্ট ফান্ডে টাকা জমা পড়ে না। ওঁর উত্তর শুনে আমার হাসি পাচ্ছিল। আমি আশ্চর্য হয়েছি যে, প্রভিডেন্ট ফান্ডের টাকা আর্থিক সঙ্কটের জন্য শিক্ষকদের দেওয়া হচ্ছে না।

[5-00—5-10 P.M.]

মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী তিনি নদীয়া জেলার থেকে জনপ্রতিনিধি হয়েছেন, সেই হিসাবে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আবেদন নদীয়া জেলায় যে সরকারি কলেজটি আছে সেই কলেজটি কো-এডুকেশন কলেজ, সেই কলেজে ভূগোল অনার্স খোলার জন্য আমি দাবি করছি। সামগ্রিকভাবে তিনি নদীয়া জেলার থেকে নির্বাচিত হয়ে এসেছেন, এটা আমাদের একটা গর্বের বিষয়। সেখানে ভূগোল অনার্স না থাকার জন্যে ওখানকার ছাত্রছাত্রীদের কলকাতায় এসে পড়তে হচ্ছে। আপনি চাকদাতে অন্যান্য বিষয়ে অনার্স কোর্স খুলেছেন, এই ভূগোল বিষয়েও অনার্স খুলুন এবং অপারেশন ব্ল্যাক বোর্ডের যে টাকা সেটা ঠিকমতো বন্টন হচ্ছে না। পঞ্চায়েতের মাধ্যমে ঠিকমতো ডিস্ট্রিবিউশন হচ্ছে না। সেই কারণে আমার আপনার কাছে দাবি যে, ওই টাকাটা পঞ্চায়েতের মাধ্যমে ডিস্ট্রিবিউশন না করে নিরপেক্ষভাবে করার দরকার এবং এই ব্যাপারে জেলায় প্রশাসন চালু করার দরকার আছে, কারণ ওই অপারেশন ব্ল্যাক বোর্ডের টাকা পঞ্চায়েতের মাধ্যমে ঠিকমতো ডিস্ট্রিবিউট হচ্ছে না। এই কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমার যে কাটমোশনগুলো দিয়েছি সেই কাটমোশন সমর্থনে আমি দু'একটি কথা রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী তাঁর বাজেট ভাষণের প্রথমেই বলেছেন যে শিক্ষাখাতে রাজ্য সরকার যে বরাদ্দ দাবি করেছে তা সঠিকভাবেই গুরুত্ব দিয়েই দাবি করেছে। এতে প্রচুর পরিমাণ টাকাই বরাদ্দ করেছেন বলে তিনি দাবি

করেছেন। অবশ্য ওনারা প্রতিবারই এইকথা বলে থাকেন, এইবারও সেই কথা বলেছেন, এটাই হচ্ছে ওঁদের বাস্তব চিত্র। শিক্ষা খাতে ব্যয়বরাদ্দ করা হয়েছে এটা শিক্ষার উন্নয়নের প্রয়োজনে এবং এতে পরিষ্কারভাবে দেখা যাবে যে গত আর্থিক বছরে ১৯৯১-৯২ সালে প্রাথমিক এবং মাধ্যমিক এবং উচ্চশিক্ষার ক্ষেত্রে রাজ্য সরকার ব্যয় করেছে ১১১৯ কোটি ৯০ লক্ষ ৩০ হাজার টাকা। গত ২৭শে মে একটি প্রশ্নোত্তর পর্বে এই উত্তর মাননীয় মন্ত্রী দিয়েছিলেন। গত ৩১শে মার্চ এডুকেশন ডিপার্টমেন্ট থেকে যে শিক্ষকদের বেতন ভাতা বাবদ যে ব্যয় হচ্ছে তার পরিমাণ হচ্ছে ১০৬৫ কোটি টাকা। আর যেটা রেস্ট পড়ে রইল সেটা শিক্ষায় উন্নয়নের জন্য এবং অন্যান্য খরচের জন্য ধরা আছে। এরজন্য ধরা হয়েছে ৫৪ কোটি ৯০ লক্ষ টাকা। অর্থাৎ যেটা কিনা লেস দ্যান ৫ পারসেন্ট। সুতরাং ৪.৯ পারসেন্ট টাকা দিয়ে শিক্ষার কি উন্নয়ন হবে? এই হচ্ছে শিক্ষাখাতের বাজেটের চিত্র। এইবারের বাজেটে ১৭৬৪ কোটি টাকা ধরেছেন, তাতে কত কোটি টাকা দিচ্ছেন? তারমধ্যে তো নন-প্ল্যান বাজেটের কমিটেড এক্সপেনশেস ১৭০০ কোটি টাকা। সুতরাং এই দিয়ে কি হবে শিক্ষার উন্নয়ন? এবং কি হবে ডেভেলপমেন্ট? ফলে দেখা যাচ্ছে যে প্রাথমিক বিদ্যালয়গুলি কি মাধ্যমিক বা উচ্চ শিক্ষা ক্ষেত্রে বিদ্যালয়গুলির বিল্ডিংগুলির ভগ্নদশা অবস্থা। আজকে গাছতলায় বসে ছেলেমেয়েরা লেখাপড়া শিখছে। আমি যা বলছি তা আপনাদের ডাটা দেখে এবং অন রেকর্ড দেখেই বলছি। আপনারা দারিদ্র্যতা দূর করবার জন্য চেষ্টা করছেন এবং শিক্ষায় আকর্ষণ বাড়াতে চাইছেন, কিন্তু সেখানে মিনিমাম কন্ডিশনটা কি—আপনারা দ্বি-প্রাহরিক যে আহারের ব্যবস্থা করেছেন অর্থাৎ টিফিনের যে ব্যবস্থা করেছেন তাতে পুষ্টি প্রকল্পে ১১৪ দিনের মধ্যে তারা কি ১২-১৪ দিনও পায় কিনা সন্দেহ। যে কোয়ালিটির খাবার তাদের দেওয়া হয় সেটা খাওয়ার যোগ্য নয়। এই জিনিসটা ইট ইজ নোন টু অল। আমি ফিফ্‌থ অল ইন্ডিয়া এডুকেশন সার্ভের স্ট্যাটিসটিক্স বা ডাটা দেখেই বলছি, এটা আমার কথা নয় বা কোনও ইম্যাজিনারি ব্যাপার নয়। ওই ডাটা থেকে দেখা যাচ্ছে যে ওপেন স্পেস অর্থাৎ খোলা আকাশের নিচে প্রাথমিক বিদ্যালয়ের ফিগার হচ্ছে ২ হাজার ২৭৯টি। ওই প্রাইমারি স্কুলগুলোর অবস্থা কি—সেখানে ২০ হাজার স্কুলে পানীয় জলের ব্যবস্থা নেই। ৩৭ হাজার স্কুলে প্রস্রাবখানা নেই এবং ৪৫ হাজার স্কুলে পায়খানার ব্যবস্থা নেই। তারপরে ছাত্র-শিক্ষক হিসাবে ধরলে ওয়ান টিচার স্কুল অর্থাৎ একজন শিক্ষক ৪টি ক্লাশ চালায়। এইরকম ওয়ান টিচার স্কুলের সংখ্যা হচ্ছে ২৬৭৯টি। ২ জন শিক্ষক ৪টি ক্লাশ চালায় এই রকম বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ১৪০৬৫টি এবং ৩ জন শিক্ষককে দিয়ে ৪টি ক্লাশ চালানোর সংখ্যা হচ্ছে ১৩৯৯৪টি। তারপরে হ্যাবিটেশনের ক্ষেত্রে মিনিমাম যে হ্যাবিটেশন এইরকম ৫৯ হাজারের মধ্যে ১৭৪০৩টি হ্যাবিটেশন ধরা হয়েছে।

এই ১৭,৪০৩টি হ্যাবিটেশনের ছেলেমেয়ে প্রাথমিক বিদ্যালয়ের সুযোগ থেকে বঞ্চিত। এটা আমার কথা নয়, এটা আমি বলছি ফিফ্‌থ অল ইন্ডিয়া এডুকেশন সার্ভে রিপোর্ট থেকে, এখান থেকেই আমি এই ডাটাটা দিলাম। আপনারা যারা জানেন না তারা এইগুলি প্রবীণদের কাছ থেকে একটু জেনে নেবেন। আপনারা বলেন, শিক্ষার বাজেট বরাদ্দ বেড়েছে এটা নাকি বিরাট ব্যাপার, এতে নাকি শিক্ষার বিরাট উন্নতি হয়েছে। আপনি আপনার ভাষণে এইসব কথা বলেছেন এবং প্রতিবারই আপনি এইসব কথা বলেন। শিক্ষার বাজেটের দিক

দিয়ে কেরালা অনেক বেশি খরচ করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সরকারের শিক্ষানীতি এবং সরকার যে নীতি নিয়ে চলেছেন এর ফলে পশ্চিমবাংলার শিক্ষার নাকি সম্প্রসারিত হয়েছে এই কথা আপনি বলেছেন। কিন্তু শিক্ষার মান ভয়াবহভ নিম্নগামী হয়েছে। উচ্চ শিক্ষার স্বার্থে, উন্নত জ্ঞান-বিজ্ঞানের স্বার্থে ইংরাজি শিক্ষার প্রয়োজনীয় এবং গুরুত্ব সর্বজনস্বীকৃত। অথচ পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার প্রাথমিক স্তরে ইংর পঠন-পাঠন সম্পূর্ণভাবে তুলে দিয়েছেন। মাধ্যমিক স্তরে ইংরাজি শিক্ষার যে পদ্ধতি করেছেন সেটা অত্যন্ত অবৈতনিক। পশ্চিমবাংলার ইংরাজি শিক্ষার মান নিম্নগামী এখানকার ভ্রান্ত ইংরাজি সিলেবাসও বিপদ ডেকে আনছে। যার ফলে মাধ্যমিক ও উ মাধ্যমিক স্তরে বিপর্যয় দেখা দিচ্ছে। ইংরাজি সিলেবাস যে কত বড় ভ্রান্তি সেটা অ এইসব পরীক্ষার ফলাফল দেখলেই বুঝতে পারছি এবং এইসব পরীক্ষার ফলাফল একটা ভুল নিদর্শন। দ্বিতীয় কথা হচ্ছে, নিরবিচ্ছিন্ন মূল্যায়ন। নিরবিচ্ছিন্ন মূল্যায়নের ন প্রাথমিক স্তরে পাশ ফেল প্রথার অবলুপ্তি ঘটিয়ে পশ্চিমবাংলা সরকার শিক্ষার মান ক্র নিম্নগামী করেছেন। কারণ আমরা সবাই জানি যে শিক্ষা ব্যবস্থা বলতে কে ভাল-মন্দ বিচার হয় পরীক্ষা ব্যবস্থার মাধ্যমে। কিন্তু এখানে পরীক্ষার রেজাল্টে পাশ ফেল অবলুপ্তি ঘটিয়ে শিক্ষা ব্যবস্থাকে একটা প্রহসনে পরিণত করেছেন, তাছাড়া আর কিছুই প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের যে গৃহীত নীতি তার ফলেই পাশ-ফেল প্রথা রদ করা হয়েছে। প্রোমোশন হবে, নো ডিটেনশন। এর ফলেই আজ পশ্চিমবাংলার শিক্ষার মান নিম্নগামী হচ্ছে।

[5-10—5-20 P.M.]

এই ভাষা এবং শিক্ষা নীতির ফল, সার্বিক ফল পশ্চিমবাংলায় যে পশ্চিমবাংলা স্বাধীনত সময় দ্বিতীয় স্থান ছিল ভারতবর্ষের মধ্যে ১৯৭৭ সালে চলে গেল সে নবম স্থানে। ত আজকে সপ্তদশ স্থানে নেমে এসেছে। ফলে এর জন্য শিক্ষাক্ষেত্রে শিক্ষার মান অনেক নে গেছে। রাজ্য সরকারের ভাষা এবং শিক্ষানীতির ফলে আজকে চরম দুরাবস্থা সৃষ্টি হয়ে এর ফলে পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়গুলিতে দূরাবস্থার সৃষ্টি হয়েছে। ব্যাপকভা ছাত্রসংখ্যা কমে গেছে। সরকার অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়গুলিতে প্রচণ্ডভাবে ছাত্রসং কমে যাচ্ছে এবং কলকাতা তো বটেই কলকাতায় একশোর মতন স্কুল উঠে গেল। আজ চরম অব্যবস্থার সৃষ্টি হয়েছে। আজকে এই কথা স্বীকার করেছেন পার্থবাবু, উনি দীর্ঘদিন লাইনে ছিলেন এবং আছেন। উনি ওঁনার সাবজেক্ট কমিটির রিপোর্টে বলেছেন এবং সমীক্ষ করেছেন, ওই সমীক্ষায় দেখা গেছে যে প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্রহীন হয়ে যাচ্ছে। কথা তিনি বলেছেন। যদিও বামফ্রন্ট সরকারের এই শিক্ষানীতি, এইকথা তাঁর পক্ষে ব সম্ভব নয়। তবুও তিনি সজাগ এবং সতর্ক থেকে এই রিপোর্ট পেশ করেছেন। আজ বামফ্রন্ট সরকারের শিক্ষানীতির ফলে বিদ্যালয়গুলি ছাত্রহীন হয়ে যাচ্ছে। এটা সর্বজনস্বী এবং সর্বজনবিদিত। আজকে শিক্ষক উদ্বৃত্ত হচ্ছে, এটা কেন হচ্ছে? ডিপার্টমেন্ট সার্কুল দিয়েছে উদ্বৃত্ত শিক্ষক বাতিল করতে হবে. কেন এই সার্কুলার দিয়েছে? ১৯৮৩ সাল থে অ্যাপয়েন্টমেন্ট বন্ধ। প্রতি বছর তিন থেকে চার হাজার শিক্ষক রিটায়ার করছেন। ভ্যাকেন্সিতে লোক নেওয়া হচ্ছে না। ইনস্পাইট অফ দ্যাট, আজকে জনসংখ্যা বাড়ছে বি

ছাত্রসংখ্যা কমে যাচ্ছে। ছাত্র সংখ্যা ব্যাপক আকারে হ্রাস পাচ্ছে। বামফ্রন্ট সরকারের সর্বনাশ ভাষা, শিক্ষা নীতিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলিতে মড়ক লেগেছে। অপরদিকে আজকে কে. জি., নার্সারি, ইংরাজি মিডিয়াম স্কুলগুলি আজকে ফুলেফেঁপে উঠেছে। ব্যাঙের ছাতার মতন গজিয়ে উঠছে। গ্রামাঞ্চলে পর্যন্ত চলে গেছে। আপনি সমীক্ষা করুন পশিচ্মবাংলাতে সিন্স ইন্ট্রোডাকশন অফ দিস এডুকেশন পলিসি—আজকে বামফ্রন্ট সরকারের আমলে নার্সারি, কে. জি. এবং ইংলিশ মিডিয়াম স্কুল কত হয়েছে? আজকে এই অবস্থা এই সরকারের নীতির জন্যই হয়েছে। যাঁরা এই নীতির কথা বলেন, তাঁরা নিজেরা কতটা আদর্শবাদী? আদৌ তাঁরা তা নন। যাঁরা আজকে নীতির কথা বলেন আজকে তাঁদের নাতি, নাতনীরা, আত্মীয়স্বজনরা সব ইংলিশ মিডিয়ামে পড়ছে। কি রাজনৈতিক সততা? ফলে আজকে পশ্চিমবাংলায় এই জিনিস চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যালয় শিক্ষকদের অবসরের বিষয়টি এটা নিয়ে পশ্চিমবাংলায় গত দুই বছর ধরে একটা ঝড় উঠেছে। সম্প্রতি এক সরকারি নির্দেশনামায় বলা হয়েছে যে, ৬৫ বছর পর্যন্ত শিক্ষকরা—তাঁদের এক্সটেনশন হবে। কিন্তু ১৯৮১ সালের স্কেল তাদের নিতে হবে, তারা ১৯৮৬ সালের স্কেলে নতুন বেতনক্রম পাবে না। আমি বলতে চাই, মাননীয় শিক্ষামন্ত্রীকে যদি আপনার সরকার নীতিগতভাবে এটা মেনেই নেন যে ৬৫ বছর পর্যন্ত শিক্ষকরা তারা এক্সটেনশন পাবেন এবং তারা খাটবেন, পরিশ্রম করবেন তাহলে তারা পারিশ্রমিক পাবেন না কেন? কেন তাহলে তাদের যে বেতনক্রম যে স্কেল সেখানে বৈষম্য হবে কেন? আমি বলব এইটা বিবেচনা করে দেখতে। আপনাদের আদেশনামায় একটা মারাত্মক জিনিস রয়েছে, সেটার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এতদিন পর্যন্ত এক্সটেনশনের জন্য ফিজিক্যালি ফিট অ্যান্ড মেন্ট্যালি অ্যালার্ট—ডাক্তারের কাছ থেকে এই সার্টিফিকেট দিলেই এই এক্সটেনশন দিত। আপনি এর সঙ্গে একটা প্রভিসন জুড়ে দিয়েছেন, কাউন্সিল বা বোর্ডকে তাকে ফিট বলতে হবে। এইটা এখন জিজ্ঞাসা করি, এখানে নতুন প্রশ্ন দেখা দিয়েছে। এখানে যদি কাউন্সিল বা বোর্ড টিচারকে উদ্দেশ্যমূলকভাবে বঞ্চিত করে তাহলে কি হবে? ফিজিক্যালি ফিট, মেন্ট্যালি অ্যালার্ট—এটা তো মেডিক্যাল সার্টিফিকেটই যথেষ্ট, দ্যাট ইজ অ্যাকমপিটেন্ট অথরিটি। তাহলে আপনি কাউন্সিল বা বোর্ডের হাতে কেন দিলেন? তাহলে এটা নিয়ে কি রাজনীতি করা হবে? এই সন্দেহ মানুষের মনে জাগতে পারে, শিক্ষিত মানুষের মনে হতে পারে। আমি মনে করি এই প্রভিসন থাকা উচিত নয়। আপনি বলেছেন দু'মাসের মধ্যে ১৯৮১ সালের বেতনক্রম যারা পাবেন অথচ ১৯৮৬ সালের বেতনক্রম নিয়েছেন তাদের তা ফেরত দিতে হবে। এইটা অত্যন্ত অবাস্তব এবং এই অবাস্তব আদেশ আপনি প্রত্যাহার করে নিন। শিক্ষকদের পেনশনের ব্যাপারে যেটা নিয়ে এই হাউসে এবং এই হাউসের বাইরে বার বার এই প্রসঙ্গ উঠেছে। আমি গত ১০ই মার্চ এখানে উত্থাপন করেছিলাম শিক্ষকদের পেনশনের কথা মেনশনের ভিত্তিতে। আপনি পরে আমাকে চিঠি লিখে জানিয়েছিলেন, সরকার পেনশনের ব্যাপারে যথেষ্ট আন্তরিকতার সঙ্গে বিষয়টা দেখছেন। কিন্তু মন্ত্রী মহাশয় আপনি যে ডাটা দিয়েছেন, ফিগার দিয়েছেন, সেটা ঠিক দিন। আপনি যে ফিগার দিলেন তাতে বললেন, ১৮,১১৮ দরখাস্ত জমা থেকে ১৫,২৯৫ জন পেনশন পেয়েছেন। এটা ঠিক নয়। আপনি শুধু পেনশন সেলে যে আবেদন রয়েছে তার কথা বলেছেন, কিন্তু পেনশন সেলের বাইরে ডি. আই. অফিসগুলিতে, স্কুলগুলিতে হাজার হাজার আবেদন পড়ে রয়েছে। যে সংখ্যাটা দিলেন, প্রকৃত সংখ্যা তার চারগুণ বেশি হবে। সেখানে আপনি যে দাবি করছেন

৮৪.৪ শিক্ষক পেনশন পেয়েছেন এই দাবি করা যায় না। শিক্ষা ক্ষেত্রে আরও মারাত্মক ব্যাপার হচ্ছে আপনারা গণতান্ত্রিক পরিচালন ব্যবস্থা আজকে পর্যন্ত প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে চালু করেননি। কাউন্সিল বা রাজ্য বোর্ড গঠিত হয়নি। ১৫ই সেপ্টেম্বর মধ্য শিক্ষা পর্ষদের নির্বাচন হয়ে গিয়েছে, কিন্তু বোর্ড গঠিত হয়নি। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ ১৬ বছর হয়ে গেল নির্বাচন প্রক্রিয়ার মধ্যে গঠিত হয়নি। আমি বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমার কাট মোশন সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 P.M.]

শ্রী নরেন হাঁসদা ঃ মান্তান স্পিকার গংকে জহার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিহারের গ্রামেগঞ্জে বিভিন্ন জায়গায় সাঁওতালি, কুর্মালী, মুন্ডারি ভাষার বেশ কিছু সংগ্রহশালা আছে, গ্রন্থাগার আছে এবং রাঁচি বিশ্ববিদ্যালয়ে সাঁওতালি, মুন্ডারি, পূর্বালি ভাষার মাধ্যমে পঠনপাঠনের ব্যবস্থা আছে এবং রাঁচি বিশ্ববিদ্যালয় এটা প্রমাণ করে দিয়েছে যে সাঁওতালি ভাষাভাষী মানুষ, পূর্বালী ভাষাভাষী মানুষ, মুন্ডারি ভাষাভাষীর মানুষ যাদের সংখ্যা সাড়ে ৩ কোটির মতন তারা অনেক কিছু করতে পারে। এরা শুধু জন্মাবার পর নাবালে যাবে এটা হতে পারে না। এরা জন্মাবার পর শুধু পাতাল রেলে কাজ করবে এটা হতে পারে না। আমরা শুধু ইঁট ভাঁটায় কাজ করব এটা হতে পারে না। আমরা শুধু খনির শ্রমিক হিসাবে কাজ করব এটা হতে পারে না। মাতৃভাষার মাধ্যমে লেখাপড়া শেখার পর, সাঁওতালি, মুন্ডারি, পূর্বালী ভাষাভাষীর মানুষরা সেখানে আই. এ. এস. আই. পি. এস. অফিসার হতে পেরেছে। ডক্টরেট ডিগ্রি নিয়ে রিসার্চ করছে। ভাইস চ্যান্সেলার হয়েছে। আমরা পশ্চিমবাংলার মানুষরা, আমরা তো সংখ্যায় কম নই। এখানে যে দ্বিতীয় বৃহত্তম ভাষা পশ্চিমবাংলায় সেটা হচ্ছে সাঁওতালি, মুণ্ডারি, কুর্মালী ভাষা। আজকে আমাদের জন্য আপনারা কি করেছেন সেটা জানবার চেষ্টা করছি স্যার, আমার ছোট্ট বাচ্চা বাড়িতে শিখছে 'আম' মানে তুমি আর স্কুলে মাস্টারমশাই-এর কাছে শিখছে 'আম' মানে ফল বিশেষ। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় তিনি তো খুব দায়িত্বশীল গবেষক লোক। যথেষ্ট গবেষণা উনি করেছেন। তাঁর কাছে আমি কয়েকটি প্রশ্ন রাখছি এর যেন জবাব উনি দেন।

আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা, আপনি এই সাড়ে ৩ কোটি ঝাড়খণ্ডি মানুষ, আদিবাসী, হরিজন পশ্চাৎপদ মানুষকে কি শেষ করবেন? এই সাঁওতালি, মুণ্ডারি, পূর্বালী ভাষাভাষীর মানুষকে কি আপনি শেষ করবেন? আপনি কি জানেন না যে একটা সংপ্রদায়কে বা একটা সম্প্রদায়ের মানুষকে শেষ করতে গেলে তাদের মাতৃভাষাকে কেড়ে নিতে হয়?

আপনি কি ভাবেন? আপনি কি ভাবেন যে—ইংরাজরাও আমাদের মাতৃভাষা কেড়ে নিতে চেয়েছিল। আজকে সেই হাল হয়েছে আপনার। আপনি একজন গবেষক মানুষ।

শ্রী আনিসুর রহমান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের যারা মাননীয় সদস এবং তাদের কয়েকজন দোসর আমাদের শিক্ষা বাজেটের বিরোধিতা করেছেন, যারা ৪৫ বছর ধরে আমাদের দেশের মধ্যে শিক্ষা কখনও চাননি বা এখনও যারা চান না, তার

আমাদের এই বাজেটের বিরোধিতা করবেন, এটা খুবই স্বাভাবিক। তারা বলার চেষ্টা করছেন যে পশ্চিমবাংলায় নাকি শিক্ষার প্রসার হয়নি। অনেক তথ্য দেওয়া হয়েছে আগে, আজকে একটা ছোট্ট তথ্য দিতে চাই। এই মাধ্যমিক পরীক্ষায় যারা বসেন, আপনাদের আমলে আপনারা যখন চলে গেলেন তখন এর সংখ্যা ছিল, যারা মাধ্যমিক পরীক্ষায় বসেছিল মাত্র ৫৮ হাজার ৩০ জন। আর আমরা যখন সরকারে আছি, এবার পরীক্ষা দিয়েছে এর সংখ্যা হচ্ছে ৪ লক্ষ ৮৩ হাজার ৩০ জন নয় গুন। বলবেন শিক্ষার প্রসার হয়নি? বলছেন আবার যে গুনের পরিবর্তন হয়নি। আচ্ছা, আপনারা যখন ছিলেন তখন যারা পরীক্ষা দিল, তারা পাশ করলেন ৭৮ সালে তার পার্সেন্টেজ হচ্ছে ৪২, ফর্টি টু পারসেন্ট পাশ করেছিল। আর ৯০ সালে যখন ছেলেরা পরীক্ষা দিলে, তখন পাশ করল ৫৮ পারসেন্ট। ৪ লক্ষ ৮৩ হাজারের মধ্যে ৫৪ পারসেন্ট। কী বলবেন? আবার বলছেন গুনের পরিবর্তন হয়নি। আর একটা উদাহরণ দিলে বুঝতে পারবেন, এই ভারতবর্ষে একটা পরীক্ষা হয়, ইন্ডিয়ান ন্যাশনাল ম্যাথেমেটিক্যাল অলিম্পিয়া পরীক্ষা হয়, সব রাজ্যের ছেলেরা পরীক্ষা দেয়, আমাদের পশ্চিমবাংলা থেকেও দিয়েছে। ফার্স্ট হয়েছে কে জানেন, পশ্চিমবাংলা। সেকেন্ড হয়েছে কে জানেন, পশ্চিমবাংলা। কি বলবেন? গুনের পরিবর্তন হয়নি? মাদ্রাসা পরীক্ষা নিয়ে কিছু প্রশ্ন তোলা হয়েছে। আমার অবাক লাগে যে আপনারা কি করেছেন, কিছু বলার আছে? ইংরাজের ১৯০ বছর আর আপনাদের ৩০ বছর, যোগ করলে হয় ২২০ বছর। এই ২২০ বছরে এই পশ্চিমবাংলায় মাদ্রাসা করেছেন কত জানেন? ২৩৮টা। আমরা কত করলাম, ৪২০টা। ১৯৭৭ সালে এখানে ছাত্র পরীক্ষা দিয়েছিল কত? ৪ হাজার ৬২১ জন। এখন দিচ্ছে কত জানেন? ১৩ হাজার ৪৬০ জন। কী বলবেন? বলার কিছু আছে? আবার নতুন কথা বলবার চেষ্টা করছেন। বলছেন আপনারা যে প্রাইমারি স্কুলে বই দেওয়া হয়নি ঠিক সময়ে। আপনাদের কোনও বোধ আছে কি না জানি না, কিন্তু মাননীয় সদস্যরা খুশি হবেন এই কথা শুনলে যে গত ১৫ই মে সারা পশ্চিমবাংলায় ৬০ হাজার বিদ্যালয়ে এক দিনে আড়াই কোটি বই আমরা পৌঁছে দিয়েছি। যদি কোনও প্রমাণ থাকে, তথ্য থাকে হাজির করবেন। লজ্জা করা উচিত, এর প্রতিবাদ করাটা। আপনারা বলছেন আবার পোশাকের কথা। আপনারা বলছেন খাবারের কথা। এখন আপনারা কি করে বুঝবেন, আপনারা তো কোনওদিন ছেলেদের খাবার দেননি। আপনারা তো কোনওদিন ছেলেদের পোশাক দেননি। আপনারা কোনওদিন ছাত্রদের বই দেননি। এইজন্য এই সমস্যা আপনারা বুঝবেন না। আরও একটা কথা শুনলে খুশি হবেন, মাননীয় সদস্যবৃন্দ যে আমাদের শিক্ষার আর একটি অঙ্গ হচ্ছে খেলাধুলা। আপনারা জানেন আজকে পশ্চিমবাংলায় খেলাধুলার জন্য যা খরচ করা হয়, তার সাফল্য কতখানি? গত বছরে সারা ভারতবর্ষে যতগুলো বিষয়ে খেলা হয়, তার বিষয় সংখ্যা হচ্ছে ৩৭। আর এতে আমরা এক থেকে চার নম্বর-এ স্থান পেয়েছেন পশ্চিমবাংলা কত জানেন? ৩১টাতে ফার্স্ট হয়েছি আমরা ১১টায়। সেকেন্ড হয়েছি আমরা ১৩টায়। থার্ড হয়েছি আমরা চারটেতে। ফোর্থ হয়েছি তিনটেতে। মোট ৩৭টা বিষয়ের মধ্যে আমরা স্ট্যান্ড করলাম ১ থেকে চারের মধ্যে পশ্চিমবাংলা। এই সম্পর্কে আপনাদের কিছু বলার আছে? বলার থাকতে পারে না। আমি বলতে চাই শেষে যেটা, হ্যাঁ একটা ঘাটতি আমাদের আছে শিক্ষায়, আমাদের একটা বড় ঘাটতি আছে, সেটা কি জানেন? আপনাদের আমরা শেখাতে পারিনি আমরা যে কেমন করে এই শিক্ষা বুঝতে হবে। এটা

আমাদের বড় ঘাটতি। আর আপনাদের কাছে আবেদন করব আজকে এই শিক্ষা বাজেটকে আমরা সমর্থন করছি তাই নয়, আপনারাও করবেন আমরা জানি, আপনাদের মনের মধ্যে সমর্থন করার ইচ্ছা আছে, কিন্তু ভয়ে বলতে পারছেন না। পারছেন না কেন জানেন? যেই আপনারা সমর্থন করবেন, আপনাদের দিল্লির কর্তারা বলে দেবেন যে ১৫ বছরে বামফ্রন্টের মেলা মেশার সঙ্গে পশ্চিমবাংলার কংগ্রেসি এম. এল. এ.রা বামপন্থী হয়ে গেছেন। এই অভিযোগে অভিযুক্ত হবেন, সেইজন্য স্বীকার করছেন না। আমি আবেদন করবো, আপনারা সমর্থন করুন, আপনাদের দিল্লির কর্তারা খুশি না হলেও গ্রামের মানুষ খুশি হবে। কারণ পশ্চিমবাংলার শিক্ষা নিয়ে মানুষ খুব আগ্রহী। এই বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অঞ্জু কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দ আমরা উত্থাপন করেছি, সেই সম্পর্কে যে আলোচনা হয়েছে সেই আলোচনায় যারা অংশগ্রহণ করেছেন, তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ করে মাননীয় বিরোধী সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি। আমার সময় খুব সংক্ষেপ। আপনারা যে প্রশ্নগুলো এখানে তুলেছেন তার জবাব দেবার এখানে সময় না হলেও ইতিপূর্বে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে আমরা হাউসে আপনাদের জবাবের জন্য বিষয়গুলো উত্থাপন করেছি। যেগুলো না বললেই নয়, আপনারা শুধু বিরোধিতা করতে হবে বলে আপনারা সেই মতো আলোচনা করেন। আমি ভেবেছিলাম যে আপনারা অন্তত কিছু গঠনমূলক কথা বলবেন। তবে আজকে আমি এটা স্থিরভাবে বুঝে ফেলেছি যে সাক্ষরতা অভিযান আজকে পশ্চিমবাংলায় একটা জায়গায় এসে পৌছেছে। উন্নয়নমূলক অন্যান্য কাজের সঙ্গে সাক্ষরতা যে আজকে একটা ভাল জায়গায় পৌছে গেছে, এটা আজকে আপনাদের বিরোধিতা থেকে প্রমাণ হয়ে গেছে। সেইজন্য আমি সেই জায়গাতে দাঁড়িয়ে আমাদের যে সাফল্য সেই সাফল্যের কথা আপনাদের বলতে চাই সংক্ষেপে, তা হচ্ছে সাক্ষরতা অভিযানের কাজ আমাদের রাজ্যে ১৯৯০ সালে আমরা শুরু করেছি। ইতিমধ্যে আমাদের রাজ্যের ১০টি জেলায় সাক্ষরতা অভিযানের কাজ চলছে তার মধ্যে তিনটি জেলায় ইতিমধ্যে সাক্ষর ঘোষিত হয়েছে এবং আরও তিনটি জেলাতে এখন মূল্যায়নের কাজ চলছে। এবং আপনারা শুনে আনন্দিত হোন না হোন, সারা রাজ্যের মানুষের কাছে এটা আনন্দের বিষয় যে আরও যে বিভিন্ন জেলাগুলো আমাদের বাকি রয়েছে, সেই সমস্ত জেলাগুলোতে আমরা এইট্‌থ প্ল্যান পিরিয়ডেই যাতে আমরা সাক্ষরতার আওতায় নিয়ে আসতে পারি, তার জন্য আমরা প্রোজেক্ট তৈরি করছি। এবং এটাও আমাদের কাছে আনন্দের বিষয় যে ইতিমধ্যে আমরা পুরুলিয়া এবং নদীয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুমোদনের জন্য আমাদের প্রকল্প পাঠিয়েছি।

[5-30—5-40 P.M.]

আপনারা বিরোধিতা করলে কি হবে, আমরা এই মুহূর্তে সাক্ষরতার প্রথম পর্যায়েই শুধু সাফল্যে পৌছেছি তা নয়, মানুষকে আরও কিছু শিক্ষা দেওয়ার জন্য সাক্ষরোত্তর কর্মসূচি গ্রহণ করেছি এবং তাকে এগিয়ে নিয়ে চলেছি। বিরোধী সদস্যরা দাবি করছেন, এই কাজে তাঁদের কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে। কার টাকা কে দিচ্ছে। কেন্দ্রীয় সরকার যে

টাকা দিয়েছে সে টাকা 'ইউনেসকো'র টাকা। তাদের যে রিপোর্ট, সে রিপোর্টে আমরা দেখছি গোটা পৃথিবীর বিভিন্ন দেশে নিরক্ষরতার যে অবস্থা তার মধ্যে ভারতবর্ষের অবস্থা সব চেয়ে খারাপ। এটা আমাদের লজ্জা। বিরোধী সদস্যরাও কেউ কেউ এই লজ্জার কথা বললেন। আমি তাঁদের জিজ্ঞাসা করি, এই লজ্জা কারা সৃষ্টি করেছে? এই লজ্জা নিবারণের দায়িত্ব কাদের? আমরা আজকে এই লজ্জা নিবারণের, অন্তত আমাদের রাজ্যে একটা উদ্যোগ গ্রহণ করেছি এবং তাতে ওঁদের সকলের সহযোগিতা আহ্বান করছি। ইতিমধ্যেই এই কাজে আমরা প্রশংসা অর্জন করেছি। শুধু ভারতবর্ষের মধ্যেই এই প্রশংসা সীমাবদ্ধ নেই, ভারতবর্ষের বাইরেও আমরা প্রশংসা পাচ্ছি। অথচ এবিষয়েও বিরোধী সদস্যরা কেউ কেউ দুঃখ প্রকাশ করলেন। কিন্তু 'ইউনেসকো'র পুরস্কারলাভে আমাদের রাজ্যের মানুষ আনন্দিত হয়েছেন। 'ইউনেসকো' শুধু সরকারকেই পুরস্কৃত করেনি যে সমস্ত জেলা সাক্ষরতা সমিতি এই কাজে ভালভাবে অংশগ্রহণ করেছে তাদের নাম আমাদের কাছে চেয়ে নিয়ে তাদেরও পুরস্কৃত করেছে। স্বেচ্ছা শ্রমের উপর ভিত্তি করে আমাদের এই কাজ সাফল্যের দিকে এগিয়ে চলেছে। দলমত নির্বিশেষে সমাজের সর্ব স্তরের মানুষ আজকে এই কর্মসূচিতে অংশগ্রহণ করছেন। স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলির এবং সমস্ত স্তরের সরকারি কর্মচারিদের অংশগ্রহণের মধ্যে দিয়ে রাজ্যে এই কর্মসূচি সাফল্যলাভ করে চলেছে। এ বিষয়ে ইতিমধ্যেই আমরা গোটা দেশের মধ্যে বিশেষ দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হয়েছি। শুধু ভারতের ক্ষেত্রে বললে ভুল হবে, দুনিয়ায় আমরা একটা বিশেষ দৃষ্টান্ত স্থাপন করেছি। তাই আমি আজকে এখানে সকলকে আহ্বান করছি এই কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য। আশা করছি সকলের সহযোগিতা পাব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রতিবন্ধীদের শিক্ষা ব্যবস্থা নিয়ে বিরোধী পক্ষ থেকে অনেক কথাই বলা হয়েছে। তাঁরা বললেন প্রতিবন্ধীদের জন্য পরিকল্পিতভাবে কোনও শিক্ষা ব্যবস্থাই এখানে গড়ে ওঠেনি। তাঁরা আরও বললেন যে, এ বিষয়ে কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে সে টাকা নাকি আমরা খরচ করতে পারছি না। পরিকল্পনার অভাবেই নাকি আমরা টাকা ব্যয় করতে পারছি না। তাঁরা সঠিক তথ্যটা জানেন না, সেইজন্য ঐসব কথা বললেন। কেন্দ্রীয় সরকার যে সব পরিকল্পনায় টাকা দিচ্ছে সে সব পরিকল্পনা আমাদের রাজ্যের বাস্তব পরিস্থিতির সঙ্গে ম্যাচ করছে না। কাজেই আমরা চেষ্টা করছি আমাদের রাজ্যের বাস্তব পরিস্থিতির সঙ্গে সঙ্গতি রেখে আমাদের রাজ্যের প্রতিবন্ধীদের যাতে ভোকেশনাল ট্রেনিং বা অন্যান্য বৃত্তিমূলক শিক্ষা দিয়ে সমাজের সাধারণ মানুষদের সঙ্গে সম-মর্যাদা সম্পন্ন মানুষ হিসাবে প্রতিষ্ঠিত করা যায় তার জন্য ব্যাপকভাবে কিছু বিষয় আছে।

আমি আরও বলতে চাই আমাদের দপ্তরের আরও কিছু বিষয় আছে যেগুলির সম্বন্ধে বিস্তারিতভাবে বলার সুযোগ আজকে আমার এখানে নেই। তবুও আমি বলছি যে, যে সমস্ত শিশুরা ১৯৪৩ সালের দুর্ভিক্ষের সময় নিরাশ্রয় হয়ে পড়েছিল তাদের আশ্রয় দেওয়ার দায়িত্ব রাজ্য সরকার গ্রহণ করেছিল। আজকে আমরা শুধুমাত্র আশ্রয় দিয়েই দায়িত্ব মুক্ত হতে চাইছি না। আজকে আমরা ঐরকম শিশুদের জন্য শিক্ষার ব্যবস্থা করেছি। আমরা অত্যন্ত সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দিয়েও এই দায়িত্ব পালন করবার চেষ্টা করছি। সে জন্যই আমরা

আমাদের এই সমস্ত কাজের মধ্যে সর্বস্তরের মানুষকে অংশগ্রহণ করাতে চাইছি। আশা করছি দল-মত নির্বিশেষে সমস্ত স্তরের মানুষ আমাদের এই সমস্ত কাজে আমাদের সাহায্য সহযোগিতা দেবেন। বিশেষ করে সাক্ষরতার প্রশ্নে আমরা সর্ব স্তরের মানুষের সহযোগিতাকে ইনভল্‌ভ করতে চাইছি। তা যদি পারি তাহলে ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালের মধ্যে আমাদের গোটা রাজ্যকে সাক্ষরতার আওতায় আনতে পারব। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং বিরোধীদের সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি।

শ্রী তপন রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শিক্ষা বাজেটের আলোচনায় আমি আশা করেছিলাম বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা অন্ততপক্ষে গঠনমূলক সমালোচনা করবেন। কিন্তু আমি দেখলাম তাঁরা পুরানোদিনের কথাগুলি বলে গেলেন। খুবই আশা করেছিলাম, তাঁরা বিশেষ করে সাক্ষরতা, মাদ্রাসা শিক্ষা, উচ্চ শিক্ষা, গ্রন্থাগার এগুলি সম্পর্কে বলবেন। মাননীয় একজন সদস্য তিনি কেবল আলোচনা করেছেন, আমি তাঁকে ধন্যবাদ জানাই। আমার বক্তব্য হচ্ছে, গ্রন্থাগার—শিক্ষা ও সংস্কৃতির অন্যতম একটা অঙ্গ বলে মনে করি। এবং সেই হিসাবে দেখবেন, ১৯৭৭ সালের আগে গ্রন্থাগারের যে দৃষ্টিভঙ্গি ছিল, বামফ্রন্ট সরকার আসবার পরবর্তীকালে গ্রন্থাগারের দৃষ্টিভঙ্গির তফাৎ আছে। সেইজন্য আজকে সংখ্যা বেড়েছে তাই নয়, আমাদের সীমিত ক্ষমতার মধ্যেও আরও উন্নতি করার চেষ্টা করছি। একজন সদস্য বললেন, আমরা নাকি আত্মসন্তুষ্ট। শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকার মোটেই আত্মসন্তুষ্ট নয়, তার ক্রটি-বিচ্যুতি সম্পর্কে আলোচনা করে। তার মধ্যে দাঁড়িয়ে বাস্তবে যেটা করতে পারছি সেটাকে স্বীকার করে নিতে পারলে ভাল হত, কিন্তু আপনারা তা করছেন না। এটা জেদের কোনও প্রশ্ন নয়। শিক্ষার ব্যাপারটা সবারই, ভাল হলে আপনার, আমার সবারই ভাল। কাজেই এক্ষেত্রে শুধু একটা রাজনৈতিক সঙ্কীর্ণতা নিয়ে আলোচনা করলেন যেটা আমি আশা করেছিলাম আপনারা গঠনমূলক আলোচনা করবেন। যাইহোক, আমি গ্রন্থাগার দপ্তর সম্পর্কে বলছি। এই মুহূর্তে আমাদের সরকার ঘোষিত যে গ্রন্থাগারগুলি আছে সেগুলিকে কনসোলিডেট করতে চাচ্ছি বেসরকারি যে সমস্ত গ্রন্থাগারগুলি রয়েছে সেগুলি উন্নয়নের কথা আমরা ভাবছি এবং সর্বোপরি যে জিনিসের উপর আমরা জোর দিতে চাচ্ছি—যেহেতু সাক্ষরতা অভিযান চলছে সাক্ষরতা অভিযানের সঙ্গে গ্রন্থাগারের একটা প্রত্যক্ষ সম্পর্ক আছে—আমরা গ্রন্থাগার আন্দোলনকে গড়ে তুলতে চাই। আমরা পঞ্চায়েতের মতন গ্রন্থাগারকে গ্রামের মানুষের কাছে নিয়ে যেতে চাই। সেইজন্য সাক্ষরোত্তর কর্মসূচির অন্যতম অঙ্গ হিসাবে—পূর্ববর্তী বক্তা যে কথাগুলি বললেন, আমরা গ্রন্থাগারকে নিয়ে যেতে চাইছি। আমরা জানি অনেক সমস্যা আছে, সীমাবদ্ধতা আছে, তা সত্ত্বেও যদি আমাদের সদিচ্ছা থাকে তাহলে সেক্ষেত্রে অগ্রগতি হতে পারবে। এক্ষেত্রে আমরা কিছু কিছু আলোচনা করেছি। যেমন, গ্রন্থাগার উন্নয়ন সম্পর্কে আমরা সেমিনার করেছি, বিভিন্ন বিশেষজ্ঞ ব্যক্তিদের মতামত নিচ্ছি। প্রত্যেকের মতামত আমরা নেব কিভাবে ভাল করা যায়। সাথে সাথে নব-সাক্ষর যাঁরা এলেন তাঁদেরকে গ্রন্থাগারে যাতে ধরে রাখা যায়, তাঁদের অর্জিত যে শিক্ষা সেই শিক্ষাকে যাতে চালিয়ে যেতে পারে তারজন্য আমরা কমিটি করেছি। সেই কমিটির মতামত নিয়ে আগামী দিনে গ্রন্থাগারের মাধ্যমে তাঁদের উপযোগী বই যাতে দেওয়া যায় তারজন্য আমরা চেষ্টা করছি। এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই, কয়েকদিন আগে এই আলোচনা উঠেছিল যে আমরা গ্রন্থাগারগুলিতে

শুধুমাত্র মার্কসবাদের বই রাখি। কেন বলছেন এই সমস্ত কথা? মার্কসবাদ তো একটা বিজ্ঞান, বিজ্ঞানকে আপনারা ভয় করেন? প্রগতিশীল বই যদি থাকে তাহলে অন্যায় কি? আজকে সমস্ত রকমের বই আমরা গ্রন্থাগারের মাধ্যমে দেবার চেষ্টা করছি। তবে আমি বার বার বলছি, আমাদের সীমাবদ্ধতা সম্পর্কে আমরা সচেতন। আমরা পারছি না। এখন পর্যন্ত সমস্ত মানুষের কাছে সমস্ত রকমের বই আমরা দিতে পারছি না। কিন্তু যে টাকা আমরা পাচ্ছি—বইমেলার মধ্য দিয়ে যে বই কেনা হচ্ছে তার মধ্য দিয়ে একটা নতুন ধরনের পাঠভ্যাস গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। পাঠকের রুচি পরিবর্তনের চেষ্টা করা হচ্ছে এবং সেই সঙ্গে সঙ্গে গ্রন্থাগারগুলির উন্নয়নের জন্য আমরা ইন্সপেকশনের ব্যবস্থা করেছি। আমরা জানি, গ্রাম এলাকায় গ্রন্থাগারগুলির উন্নয়ন করতে গেলে পঞ্চায়েতের সাহায্য ছাড়া সম্ভব নয়। তাই পঞ্চায়েত সমিতির যে শিক্ষা স্থায়ী সমিতি আছে এবং জেলা পরিষদের যে শিক্ষা স্থায়ী সমিতি আছে তাদের সঙ্গে গ্রন্থাগারের জেলাস্তরে যে আধিকারীক রয়েছেন তাঁদেরকে যুক্ত করতে চাচ্ছি। আমরা প্রতিনিয়ত, প্রতি মাসে বলা যেতে পারে—জেলাস্তরে যে গ্রন্থাধিকারিক রয়েছেন তাঁদেরকে নিয়ে আমরা আলাপ-আলোচনা করছি এবং এটা আমরা ঠিক করেছি জেলায় জেলায় তাঁদেরকে নিয়ে আমরা আলোচনা করব, কি করে নিউ লিটারেটদের নিয়ে গ্রন্থাগারগুলির উন্নয়ন করা যায়। কিছু কিছু জেলায় শুরু হয়েছে। আমি গ্রন্থাগারিকদের এবং কর্মীদের বলেছি, আপনাদের জীবন-জীবিকার ব্যাপার নিয়ে সরকার যেমন ভাবছে, সাথে সাথে আপনাদেরও চেষ্টা করতে হবে যাতে কি করে গ্রন্থাগারগুলি আরও ভাল করা যায়। জেলায় জেলায় আমাদের সরকারি অফিসাররা এবং আমরা নিজেরা বসছি, সকলের মতামত নিচ্ছি। জেলাস্তরে যে কমিটিগুলি আছে আপনারা জানেন, লোকাল লাইব্রেরি অথরিটি, বর্তমানে তাঁরা কাজকর্ম করছেন। তাঁদের সঙেগ আলাপ-আলোচনা করছি। গণতান্ত্রিক পদ্ধতি অনুযায়ী গ্রন্থাগারগুলিকে আমরা এগিয়ে নিয়ে চলেছি। যাইহোক, শিক্ষা বাজেটের ব্যয়-বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীপক্ষরা যে কাট মোশন এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 P.M.]

শ্রী বংশগোপাল চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শিক্ষা দপ্তরের পক্ষ থেকে যে বাজেট পেশ করা হয়েছে তাতে কারিগরি শিক্ষার কিছু কথা এখন বলব এবং আমরা গতবারের বাজেটে আমাদের বক্তব্য পেশ করেছিলাম এবারের বাজেটেও কারিগরি সংক্রান্ত বক্তব্য আমরা রেখেছি। আমরা ইতিমধ্যে বিধানসভায় আলোচনা করেছি, বাজেট বক্তব্য পেশ করেছি। কারিগরির নতুন দিক প্রণয়নের জন্য আমাদের রাজ্যে কারিগরি শিক্ষার পরিকল্পনা সরকার যা গ্রহণ করেছেন তাতে এই পরিকল্পনাকে কারিগরি শিক্ষার অন্তর্ভুক্ত করেছেন। আমাদের রাজ্যে কারিগরি শিক্ষার যে কেন্দ্রগুলি আছে, পলিটেকনিক, জুনিয়ার টেকনিক্যাল স্কুল এবং কো-অর্ডিনেশনের মধ্যে দিয়ে আমাদের রাজ্যে কিছু কাজ আমরা হাতে নিতে যাচ্ছি। নতুন কিছু কোর্স ইনট্রোডাকশন করার জন্য পলিটেকনিক শিক্ষার উপর গুরুত্ব দিচ্ছি। আগামীদিনে আমাদের এই পলিটেকনিকের নতুন কোর্স শিক্ষার মধ্যে দিয়ে ছাত্ররা নতুনভাবে নতুন কাজে নিজেদের নিজেদের নিযুক্ত করতে পারবেন। ইলেট্রনিক্স, আর্কিটেকচার, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার, সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফটোগ্রাফী,

কেমিকেল ইঞ্জিনিয়ারিং, মাইনিং সার্ভে ইত্যাদির ক্ষেত্রে ডিপ্লোমা কোর্স চালু করার প্রস্তাব রাখছি এবং আমাদের রাজ্যের সামগ্রিক প্রকল্প আমরা পেশ করেছি। তাতে আমরা চেয়েছি আমাদের রাজ্যে এদিকে যেমন শিক্ষার মানোন্নয়ন দরকার, এবং পরীক্ষা করে ল্যাবরেটরি, ওয়ার্কশপের মডার্নাইজেশনের মধ্যে দিয়ে নতুন নতুন ট্রেনিংয়ের সুযোগ তাঁরা পাবেন। তাঁদের আমরা নতুন ভাবে মর্ডানাইজেশনের পরিকল্পনার দ্বারা পোস্ট ডিপ্লোমা কোর্স চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছি। পোস্ট ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে কম্পিউটার অ্যাপ্লিকেশন, মেডিক্যাল ইলেকট্রনিক্স এই কোর্স চালু করার চেষ্টা করছি। গত বারের বাজেটেও এই কথা বলেছিলাম, আমাদের রাজ্যে মেরিন ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা কোর্স চালু করার কথা গ্রহণ করছি, এবং ক্যালকাটা টেকনিক্যাল স্কুলে তা চালু করতে পেরেছি এবং আমরা কাঁথিতে পলিটেকনিকে যে সিভিল, রুর‍্যাল এবং টেকনিক্যাল নতুন কোর্স চালু করতে চাইছি তা এখন অনুমোদিত হয়নি, স্টেট প্রোজেক্ট ইমপ্লিমেন্টেশন ইউনিট, (এস. পি. আই.) আমরা যা করেছি, অবশ্য ব্যাঙ্কের সহায়তা নিয়ে চালু করতে চাইছি এদের কাজ, পরিকল্পনা এস. পি. আই.তে শুরু করছি সেই কাজগুলি বিভিন্ন পলিটেকনিকের মধ্যে দিয়ে পরিকল্পনা রূপায়িত করতে পারব। আমরা অত্যন্ত আশাবাদী, আমরা ইতিমধ্যে শিলিগুড়ি, চন্দননগরে মহিলা পলিটেকনিক কলেজ চালু করার কাজে হাত দিয়েছি, জমি গ্রহণ করার কাজ শুরু করেছি, সেই কাজ কিছুদিনের মধ্যে শেষ করতে পারব। হলদিয়া রূপনারায়ণপুরে জুনিয়র টেকনিক্যাল স্কুলে নতুন পলিটেকনিক করার ক্ষেত্রে যে ব্যবস্থা গ্রহণ করার দরকাব আমরা তা গ্রহণ করেছি এই কথা বলতে পারি। একজন মাননীয় বিরোধীপক্ষের সদস্য আমাদের রাজ্যে গাড়ির যন্ত্রাংশ তৈরি করার কথা বলছিলেন, সে বিষয়েও আমরা জোর দিচ্ছি। ওয়ার্ল্ড ব্যাঙ্কের শর্তাবলীর মধ্যে দিয়ে আমাদের যেতে হয়, ৪০ পারসেন্ট টাকা খরচ করতে হবে, আমরা ছাত্রদের নতুন সুযোগ দিতে চাই, নতুন পরীক্ষা এবং গবেষণাগাব নতুন কিছু ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে হবে। এ ছাড়াও অসুবিধা আছে, ছাত্র এবং ছাত্রীদের জন্য থাকার জায়গা হোস্টেল সব জায়গায় পর্যাপ্ত করতে পারিনি, নতুন বাড়ি সেন্ট্রাল হোস্টেল করার পরিকল্পনা করছি, ছাত্রদের জন্য হেস্টিংসে হোস্টেল করার উদ্যোগ গ্রহণ করছি। এই কাজগুলি শেষ করতে পারলে আমাদের রাজ্যে পলিটেকনিক শিক্ষার মডার্নাইজেশন প্রকল্প গ্রহণ করছি, সেই প্রকল্পের মধ্যে দিয়ে কাজগুলি করতে পারব। সুতরাং কমিউনিটি পলিটেকনিকের যে কাজ তার মধ্যে দিয়ে গ্রাম বাংলা এবং শহরের বেকার যুবকদের কাজে যুক্ত করতে পারব। আমরা কমিউনিটি পলিটেকনিকের শর্ট টার্ম ট্রেনিং কোর্স চালু করতে চাই আমরা পলিটেকনিক ট্রেনিং কোর্সের মধ্যে দিয়ে ছোট ছোট বেকার যুবকদের স্বনিযুক্তিতে সহায়তা যাতে করা যায় বা স্ট্রেনদেন করার জন্য চেষ্টা করছি। জুনিয়র টেকনিক্যাল স্কুলে শর্ট টার্ম ট্রেনিংয়ের কথা মাননীয় সুব্রতবাবু উল্লেখ করেছেন, আমরা সে সম্বন্ধে ওয়াকিবহাল, তাকে বাস্তবায়িত করার জন্য আমাদের যে পরিকল্পনা সেখানকার জুনিয়র টেকনিক্যাল স্কুল যা আছে তার সমস্যার সমাধান করতে পারব। এই কটি কথা বলে আজকে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য রেখে বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পিকার ঃ এটা ৬টা ৫ মিনিটে শেষ হবার কথা ছিল, মাঝে কিছু সময় নষ্ট

হয়েছে, এটা আধঘন্টা সময় বাড়িয়ে দিচ্ছি। এখন শ্রী অচিন্তকৃষ্ণ রায়।

শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা বাজেটের উপর অনেকেই অনেক বক্তব্য রেখেছেন, মাননীয় বিরোধীপক্ষ এবং সরকার পক্ষ থেকেও রেখেছেন এবং তা আমি খুব মনোযোগ দিয়ে শুনেছি। সকলকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সদস্য শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল অনেকগুলি পরামর্শ দিয়েছেন। কি করে শিক্ষাকে আরও এগিয়ে নিয়ে যেতে পারি আমরা তার চেষ্টা করব। মাননীয় সদস্য শ্রী অমিয় পাত্র সরকার পক্ষ থেকে অনেক পরামর্শ দিয়েছেন, সে সম্বন্ধে অবশ্য আমাদের জানতে হবে। মাননীয় বিরোধীপক্ষে সদস্য শ্রী সুব্রত মুখার্জি আমাদের অনেক ত্রুটি বিচ্যুতির কথা উল্লেখ করেছেন, সেগুলি আমাদের অবশ্যই আগামীদিনে সংশোধন করতে হবে। সংশোধনের পূর্বে দু-একটি কথা বলা প্রয়োজন বলে মনে করি। উনি সাখাওয়াতের একজন শিক্ষিকার কথা বলেছেন।

আমি এটাই বলতে চাই, সাখাওয়াতে যে পেনশন স্কীম রয়েছে এবং আমাদের রাজ্য সরকারের যে পেনশন স্কীম রয়েছে এই দুটো আলাদা। গভর্নমেন্ট স্কীমে আলাদা ব্যবস্থা আছে। সাখাওয়াতের ব্যাপারটা আমি দেখব।

মাননীয় সদস্য সৌগত রায় গত বছর যে বক্তব্য রেখেছিলেন, আর এই বছরে যে বক্তব্য রাখলেন—দুটো একইরকম। আর সুব্রতবাবু, উনি মানেন কিনা জানি না, ওনার পক্ষের লোকেরা শ্রেণী সংগ্রামের কথা বিশ্বাস করেন এবং আমরা তো বিশ্বাস করিই এবং তারজন্য শিক্ষাটা সকলের মধ্যে ছড়িয়ে দিতে চাই। চিরকাল যারা দূরে পড়ে রয়েছে তাদের আমরা ফেলে দিতে পারি না। উনি বলেছেন সেটা ভাল। উনি চেতনা বৃদ্ধির কথা বলেছেন। চেতনা বৃদ্ধি যদি না হোত তাহলে ছাত্র ভর্তির ব্যাপারটা হাইকোর্টে যেত? আজকে বাংলা মিডিয়াম স্কুলে ভর্তির জন্য মানুষ হাই কোর্টে যাচ্ছেন। এটা কি করে জাস্টিফাই করবেন? আজকে কলকাতায় যতগুলো গভর্নমেন্ট স্কুল আছে সেগুলোতে ছাত্ররা প্রথমে ভর্তি হতে যাচ্ছে, কিন্তু সেখানকার আসন সংখ্যা তো সীমিত। তারজন্য ইংলিশ মিডিয়াম স্কুলে বেশি পয়সা দিয়ে তারা ভর্তি হতে যাচ্ছে। আর আনিসুর রহমানের পক্ষ থেকে বলি, অ্যাটমিক এনার্জিতে যে পরীক্ষা নেওয়া হয়েছে তাতে ২৯ জনের মধ্যে ১০ জনই বাংলা মিডিয়াম স্কুল থেকে নির্বাচিত হয়েছে। এগুলো কি কোনও নজির নয়? আর একটি কথা সৌগত রায়কে বলি, উনি সেন্ট্রালের কতগুলো স্কীমের ব্যাপারে আমরা পিছিয়ে আছি বলে যা বলেছেন, সেন্ট্রাল গভর্নমেন্টের শিক্ষা সম্পর্কে যে নীতি এবং আমাদের যে নীতি, এই দুই--এর মধ্যে নীতিগত পার্থক্য রয়েছে। এক্ষেত্রে আমরা অ্যাডজাস্টমেন্ট করতে চাচ্ছি। ওরা বলছেন—সবকিছু আমাদের ডাইরেকশনে করুন। আমরা তাতে রাজি হইনি। সায়েন্স টিচিং এবং অপারেশন ব্ল্যাক বোর্ড, এই অপারেশন ব্ল্যাক বোর্ড স্কীমে ওরা আমাদের সামান্যই টাকা দিয়েছেন। ওরা বলেছেন—টু রুম আর টু টিচার। এটা আমরা মেনে নিয়েছি এবং মেনে বলেছি—পশ্চিমবঙ্গে আমাদের যে রকম ছাত্রছাত্রী হবে সেইরকম ঘর হবে, সেইরকম শিক্ষক দেব। সেক্ষেত্রে আমাদের গ্রান্ট দেবার আগে এখানে এসে দেখুন, পরিদর্শন করুন, তারপর বলুন। সেজন্য বলছি, ওদের যে শিক্ষানীতি তার থেকে আমাদের পার্থক্য রয়েছে। শিক্ষক, শিক্ষণের ৪০টির মত শিক্ষায়তন রয়েছে। আবার বলছেন যে, নতুন করে

ট্রেনিং সেন্টার করতে হবে। সুব্রতবাবু বলছেন—শিক্ষায় কেন আমরা প্রথম হচ্ছি না? এরজন্য ওকে ধন্যবাদ দিচ্ছি। আর একটু সহযোগিতা করুন, তাহলে অনেক ক্ষেত্রে যেমন আমরা প্রথম হয়েছি এক্ষেত্রেও হব। লিটারেসীর ব্যাপারে বলছি, ছোট রাজ্য যেগুলো রয়েছে, যাদের জনসংখ্যা দুই-এক লক্ষ, তারা কয়েক বছরে সেটা কভার করতে পারেন, কিন্তু আমাদের জনসংখ্যা অনেক বেশি এবং তার উপর ১৯৭২ থেকে ১৯৭৭ এই সময়ে আমাদের দুইশ' বছর পিছিয়ে দিয়েছেন। কাজেই এক্ষেত্রে সময় লাগবে। শিক্ষায় প্রথম হবার কথা যা বলেছেন, তারজন্য আমরা চেষ্টা করছি এবং তারজন্য আপনাদের সহযোগিতা চাই। মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় ১৯৮০ সালের ফিফ্‌থ রিপোর্টের ভুল তথ্য এখানে হাজির করেছেন। কিন্তু তারপর ১৯৮৬ সালে সিক্‌সথ বেরিয়ে গেছে। কাজেই সিক্‌সথ রিপোর্টটা পড়ে নেবেন যাতে পশ্চিমবঙ্গ সম্পর্কে সঠিক তথ্য আছে। এখন ১৯৯২ সাল, পাঁচ বছর পেরিয়ে গেছে, রিপোর্টটা পড়ে নেবেন। এবারকার বাজেটে সেন্ট্রালের দেওয়া 'অল ইন্ডিয়া এডুকেশন সার্ভে রিপোর্ট' যেটা প্লেস করা হয়েছে যাতে অন্যান্য রাজ্যের সঙ্গে আমাদের রাজ্যের ব্যাপারটাও রয়েছে, পড়ে নেবেন।

[5-50—6-00 P.M.]

পেনশন সম্পর্কে বলি, এটা মোটামুটি একটা ফয়সালার ভিতরে এসেছি। ঐ যে তথ্যগুলি বলেছেন, এটা ঠিক নয়। ডি. আই. অফিস, ডাইরেক্টোরেট অফিস সর্বত্র আমরা মনিটারিং করছি। আমাদের কাছে যেটা জমা পড়েছে, যেটা জমা পড়ার যোগ্য—কোন কাগজে কি লিখে দিল যে একলক্ষ, এটা যোগ্য হতে পারে না,—আমাদের মে মাস পর্যন্ত প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে দেখা যাচ্ছে যে ৮৬.৪ পারসেন্ট ডিসপোজ হয়ে গেছে। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ৭৯.৯ পারসেন্ট চলে গেছে। এটা আপনারা শিক্ষক সংগঠনগুলিকে জিজ্ঞাসা করে নেবেন। এখানে ড্রপ আউট সম্পর্কে বলা হয়েছে। ড্রপ আউটে অল ইন্ডিয়া অ্যাভারেজ হচ্ছে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস-এর ক্ষেত্রে—শিডিউল্ড কাস্ট হচ্ছে ৮১.৯৮ পারসেন্ট এবং শিডিউল্ড ট্রাইব হচ্ছে ৮৭.২৬ পারসেন্ট। এটা হচ্ছে গত মে মাসে প্রকাশিত সেন্ট্রাল অ্যাডভাইসরি ওয়াকিং গ্রুপের রিপোর্ট। সারা পৃথিবীর সামনে এটা আমাদের লজ্জা, এখনও পর্যন্ত সেই জায়গায় আছে। আর নবোদয় বিদ্যালয়ের ক্ষেত্রে শিডিউল্ড কাস্ট হচ্ছে ১৮ পারসেন্ট, আর শিডিউল্ড ট্রাইবস হচ্ছে ১২ পারসেন্ট। একসিলেন্সি কাদের জন্য? এটা বড় লোকেদের জন্য। যার জন্য আমরা এতে রাজি হইনি। আমরা যদি বিভিন্ন স্কুলের জন্য টাকা খরচ করতে পারতাম তাহলে তার গুণগত বিস্তৃতি ঘটাতে পারতাম। তবে এটা ঠিক যে বাজেট পেশ করা হয়েছিল দিল্লিতে, পৃথিবীর সামনে এটা আমাদের লজ্জার বিষয়। এটা পড়লে নিজেরাও লজ্জা পাবেন যে ইজরাইলের মতো দেশেও তারা জাতীয় বাজেটের শতকরা ১০.২ ভাগ খরচ করে। অনেকের পিতৃভূমি আমেরিকা, সেখানে ৭.৫ পারসেন্ট খরচ হচ্ছে। কানাডা, ফ্রান্স, আয়ারল্যান্ড, ইটালিতেও বেশি খরচ হচ্ছে। কিন্তু সেখানে আমাদের ইন্ডিয়াতে ১.৬ পারসেন্ট খরচ হচ্ছে। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিক্ষা খাতে আমাদের ছিল ৭.৮ ভাগ। সেটা সেভেন্‌থ প্ল্যানে কমে দাঁড়িয়েছে ৩.৭৭ পারসেন্ট। এলিমেন্টারি এডুকেশন সম্পর্কে আপনাদের মাননীয় মন্ত্রী অর্জুন সিং রিপোর্ট পেশ করে বলেছেন যে একবিংশ শতাব্দীতে এলিমেন্টারি এডুকেশন বাধ্যতামূলক করা হবে। ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যানে এলিমেন্টারি এডুকেশনে ৫৬

পারসেন্ট বরাদ্দ রাখা হয়েছিল। সেটা সেভেন্‌থ প্ল্যানে কমে দাঁড়িয়েছে ২৯ পারসেন্ট। এখন বলছেন যে এলিমেন্টারি এডুকেশন একবিংশ শতাব্দীতে বাধ্যতামূলক করা হবে। এটা ধাপ্পা ছাড়া আর কিছু নয়। পশ্চিমবঙ্গে আমাদের অবশ্য কিছু ত্রুটি, দুর্বলতা আছে, আমরা চেষ্টা করছি সেগুলি যাতে দূর করা যায়। আমরা এডুকেশনে কমিশন আরম্ভ করেছি, তার রিপোর্ট দেবেন, তারপরে আমরা সেইমতো আমাদের সেট আপ তৈরি করব। শিক্ষাকে আমাদের সুনিয়ন্ত্রণ করতে হবে।

শিক্ষাকে তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করতে হবে। আপনাদের মতো আমরা দায়িত্ব ছেড়ে দিতে পারি না, আপনাদের মতো আমরা দায়িত্বজ্ঞানহীন নয়। শিক্ষার ক্ষেত্রে দেশের সামনে আমরা পশ্চিমবাংলাকে উচ্চাসনে বসাতে চাই, সেই জায়গায় আমরা নিয়ে যাবার চেষ্টা করছি। একজন সদস্য বললেন শিক্ষককল্যাণ তহবিল সমিতির টাকার নাকি হিসাব নেই। শিক্ষককল্যাণ তহবিল সমিতির একটা রেজিস্টার আছে, শিক্ষক সংগঠনের একটা কমিটি আছে। তারা যে মিটিং করে সেখানে হিসাব পেশ করে দেওয়া হয়। যে কথা বলেছেন সেটা ঠিক নয়। আপনার তথ্যে ভুল আছে। আশা করি সমস্ত সদস্য এই বাজেটকে সমর্থন করবেন, কাট মোশন যে সব দিয়েছেন সেই কাট মোশন প্রত্যাহার করবেন। যদি না নেন তাহলে তার বিরোধিতা করতে হচ্ছে। আমি আশা করি সমস্ত সদস্য শিক্ষা বাজেটকে সমর্থন করবেন।

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট বিতর্কে সরকার পক্ষের এবং বিপক্ষের ১৫ জন সদস্য অংশগ্রহণ করেছেন। সকলে তাঁদের নিজস্ব দৃষ্টিকোণ থেকে আমাদের এই বাজেট সম্পর্কে আলোচনা করেছেন। আমাদের যাঁরা বিরোধী পক্ষের মাননীয় সদস্য তাঁরা তাঁদের দৃষ্টিভঙ্গি থেকে বাজেটের সমালোচনা করেছেন, এটা স্বাভাবিক। আমি আশা করেছিলাম বিশেষ করে সুব্রতবাবুর কাছ থেকে যিনি বিতর্কের উদ্বোধন করলেন তিনি অনেক পড়াশোনা করে এসে বিভিন্ন বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবেন। এবার আমাদের যে বাজেট বক্তৃতাটা যেটা ছাপা হয়ে বেরিয়েছে সেটা তিনি যদি দেখতেন তাহলে দেখতেন যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমরা কি কি করেছি এবং কি কি করতে চাচ্ছি সেটা আমরা পরিষ্কার করে বলেছি। আমি দিক নির্দেশ করেছি পশ্চিমবাংলায় শিক্ষার কি সমস্যা এবং তার সমাধানের পথ কোনটা আলোচনার মধ্যে বলার চেষ্টা করেছি। আমার দুঃখ হল, সৌগতবাবু খুব পড়াশোনা করে বিভিন্ন প্রশ্ন করেন, খুব ভাল লাগে। এবং করেন বলেই নিজেকে তৈরি হয়ে আসতে ভাল লাগে। কিন্তু এবারে কি হল জানি না বইটা ভালভাবে পড়েননি, গঠনমূলক সমালোচনা কিন্তু করলেন না। আমার বার বার মনে হয়েছে বালিগঞ্জের নির্বাচন প্রভাব বিস্তার করছে কি? যদি না হত ভাল হত। কতকগুলি মৌলিক সমস্যার দিকে আমি দৃষ্টি আকর্ষণ করি। আমরা দেখেছি যে বিশ্ববিদ্যালয়গুলি অনেক নতুন নতুন বিষয় খুলেছে এবং সেখানে গবেষণার বন্দোবস্ত করেছে। আপনারা জানেন যে শিক্ষা কোনও এক যুগে নাকি স্টেট সাবজেক্ট ছিল, তখন কিন্তু উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমাদের সংবিধানে বলা আছে যে কেন্দ্রীয় সরকার কিছুটা নিয়ন্ত্রণ করবেন এবং যার জন্য ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন গঠন হয়েছিল। সুতরাং বিশ্ববিদ্যালয়ের সমস্তটা আমরা ঠিক করে দিতে পারি না। বিশ্ববিদ্যালয়গুলির অনেক গতি-প্রকৃতি ইউ. জি. সি. ঠিক করে দেন।

[6-00—6-10 P.M.]

এবং আমরা দেখছি আগামীদিনে বিশ্ববিদ্যালয়গুলো কি ভাবে আরও উন্নত হতে পারে। সমস্ত আলোচনায় তাঁরা একটা কথা বলেছেন সেটা হল এই যে, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে, পরিচালন ব্যবস্থার ক্ষেত্রে একটা নাকি রাজনৈতিক হস্তক্ষেপ চলছে। সুব্রতবাবু এটা বলে কি বলেছেন জানি না। আমি ব্যক্তিগতভাবে আপনাকে আঘাত দিতে চাই না। কিন্তু একবার বিচার করুন তো, কলকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিযোগ হবে, আনন্দবাজার পত্রিকায় আপনার একটা বিবৃতি বেরিয়েছিল যে, আপনি তাঁকে পছন্দ করেন। আপনার দলের একজন বলেছিলেন—আমি নাম করব না—আপনার পছন্দ তিনি পছন্দ করেন না। আপনি বলুন তো, আনন্দবাজার পত্রিকায় এটা বেরিয়েছিল, তবে আমি নাম করতে চাই না, সত্যেনবাবুর যখন উপাচার্য হওয়ার প্রশ্ন এসেছিল, তখন এটা বেরিয়েছিল। আমি বলছি, ব্যক্তিগতভাবে আপনাকে আঘাত দিতে চাই না। বলুন তো, আজকে বিশ্ববিদ্যালয়ে যে সমস্ত বডিগুলো আছে সেগুলো নির্বাচিত এবং নির্বাচিত সদস্যরা ঠিক করেন, তাঁরা সুপারিশ করেন কে ভাইস চ্যান্সেলর হবেন। রাজ্যপাল সেই সুপারিশ থেকে একজনকে নির্বাচিত করেন। গণতন্ত্রে তো এটা হতেই পারে। জনগণের দ্বারা বা বিভিন্ন অংশের দ্বারা নির্বাচিত তাকে মেনে না নেওয়া কি গণতন্ত্র সম্মত? কলকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটরা ভোট দেন, শিক্ষকরা ভোট দেন। তাঁদের ভোটে সিনেট গঠিত হয় এবং তার ভিত্তিতেই উপাচার্য নিয়োগ করা হয়। আপনি যদি এটাকে রাজনৈতিক হস্তক্ষেপ বলেন তাহলে আপনি বলে দিন বিকল্প ব্যবস্থা কি? অন্যান্য রাজ্যে যে বিকল্প ব্যবস্থা আছে সেটা হচ্ছে 'মনোনীত'। তাহলে তা আপনি আমাদের হাতে ক্ষমতা তুলে দিচ্ছেন এবং ঐগুলোতে আমরা তখন সরকার থেকে মনোনীত করব। তার যে সিদ্ধান্ত, সেটা কি নিরপেক্ষ হবে? আপনি একটা বিকল্প রাস্তা বাতলে দিন। পশ্চিমবাংলায় আমরা যে গণতান্ত্রিক ব্যবস্থা চালু করেছি এটা সবচাইতে ভাল। এটা নিরপেক্ষ। রাজনীতি বলতে আপনি কি বলছেন জানি না। গণতন্ত্রে এটা হতে বাধ্য। আপনি বলছেন, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দলবাজি করা হয়। আমি আবার বলি, পুরোনোদিনে আপনাদের যদি নিয়ে যাই তাতে আপনাদের অসুবিধার কারণ হবে। আপনাদের রাজত্বে, আমি এবার বলতে চাই, আপনারা যেহেতু আঘাত করেছেন, আমি প্রত্যাঘাত করতে চাই না—শুধুমাত্র একটা ঘটনার কথা বলি। আমি আবারও বলছি, কোন ইন্টারভিউ হয়নি। ইন্টারভিউ না দিয়ে একজন কলেজে ঢুকে গিয়েছিলেন। বিশ্বাস করতে পারেন? বিশ্বাস করতে কষ্ট হয়। কষ্ট হলেও আপনাকে বিশ্বাস করতে হবে। কারণ এটা ঘটনা। আমি তখন অধ্যাপক সমিতির নেতা। তিনি যাতে সেই কাজ করতে পারেন, আমাকে চেষ্টা করতে হয়েছে। আমরা কলেজ সার্ভিস কমিশন করেছি। আমরা বলি না যে আমাদের সবকিছু ক্রটিমুক্ত। কিন্তু আপনি তো স্বীকার করবেন, কলেজ সার্ভিস কমিশন একটা অটোনমাস বডি। তাঁরা নাম্বারের ভিত্তিতে শিক্ষকদের নিয়োগের জন্য সুপারিশ করছেন। আমাকে বলুন তো আর কটা রাজ্যে, আপনাদের দল যেগুলো চালাচ্ছে, কটা জায়গায় কলেজ সার্ভিস কমিশন আছে? ক'টা জায়গায় এইভাবে নিরপেক্ষতা বজায় থাকে? আপনি দু'চারটে ঘটনার কথা বলেছেন। একটা ঘটনা বলতে পারবেন, আপনাদের দলের কেউ ফার্স্ট ক্লাশ পেয়েছেন, তিনি চাকুরি পাননি? আপনি ইন্টারভিউয়ের কথা বলেছেন। আমরা সেখানে যেতে পারিনি। আপনাদের সময়ে কি ধরনের

ইন্টারভিউ হত? আমি আপনাদের সমালোচনাগুলোকে স্বীকার করে নিয়েছি। যে যে ত্রুটি আছে, আমরা সেগুলোকে দূর করার চেষ্টা করব।

কিন্তু আমরা ত্রুটিমুক্ত করেছি। আমি নিজে আপনাকে সাধুবাদ জানাই এই কারণে যে আপনি যা বলেছেন ঠিকই বলেছেন, আমি এলিজিবিলিটি টেস্ট ইত্যাদি করে আরও কলেজে নিয়োগের ক্ষেত্রে বিধিব্যবস্থা করেছি। কিন্তু বিশ্ববিদ্যালয়গুলিতে নিয়োগ করার ক্ষেত্রে কিভাবে উন্নত করা যায় সেগুলো নিয়ে আমরা চিন্তাভাবনা করছি। আমরা যে এইগুলো করেছি তাতে কিন্তু কোনও জায়গার থেকেই এইরকম কোনও প্রতিবন্ধকতা আসেনি যা শিক্ষামন্ত্রী হিসাবে এইকথা শুনতে হয়নি যে, অমুক জায়গায় দারুণ দলবাজি হচ্ছে আপনি দেখুন। তবে একটি বিষয়ে আমার দৃষ্টি আকর্ষণ করেছি এবং সেই বিষয়ে প্রতিশ্রুতি দিচ্ছি যে সমস্ত বিষয়টির খুঁটিনাটি ব্যাপার জানব এবং সমস্ত ব্যাপারটাই নিজে গিয়ে জানবার চেষ্টা করব। তারপরে সকলেই একটি কথা বলছেন যে, নতুন কলেজ হল না কেন? মাননীয় সৌগতবাবুও বললেন যে নতুন বিশ্ববিদ্যালয় খোলা হল না কেন? কলকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল ১৮৫৭ সালে, তারপরে যাবদপুর বিশ্ববিদ্যালয় ১৯৫৫ সালে স্থাপিত হয়েছিল। তারপরে আরও কিছু বিশ্ববিদ্যালয় আপনারা তৈরি করেছিলেন এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় আমরা এসে স্থাপন করি। কিন্তু কেন্দ্রীয় সরকার এই বিশ্ববিদ্যালয় তৈরির ব্যাপারে কি বলেছেন জানেন—ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন কি বলেছেন জানেন, তারা বলেছেন যে তোমরা নতুন করে আর বিশ্ববিদ্যালয় করবে না, আমরা কোনও অনুদান দেব না। আমাদের তো সামগ্রিকভাবে বিশ্ববিদ্যালয় খোলার পরে ডিপার্টমেন্টগুলো খোলার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদনে তাদের সাহায্য তো নিতেই হয়। সুতরাং তাদের অমতে আমরা কাজ করব কি করে? এই বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় আমরা করেছি, তাতে আমরা দিয়েছি ৪ কোটি টাকা আর কেন্দ্রীয় সরকার দিয়েছে ৩৫ লক্ষ টাকা। ওঁদের কথা তো আমাদের শুনতেই হবে, আমরা এতোবড় দায়িত্ব নিতে তো পারিনি। যার ফলে নতুন বিশ্ববিদ্যালয় করতে পারছি না। তারপরে আপনাদের দিক থেকে অর্থাৎ বিরোধীদের দিক থেকে প্রশ্ন এসেছে যে, কেন নতুন কলেজ খুলছি না? এই ক্ষেত্রে ইউ. জি. সি. বলেই দিয়েছে যে, খুব বিচার বিবেচনা করে একমাত্র প্রয়োজন হলে তবেই দু'একটি নতুন কলেজ খুলতে পারেন। বেশি কলেজ খুলবেন না। আপনারা এক্ষেত্রে প্রশ্ন করেছেন যে, অন্যান্য রাজ্যে তো কয়েকটি কলেজ খুলেছে। সেখানে কিভাবে কলেজ খুলেছেন জানেন? তারা শুধু কলেজই খুলেছে, একটি পয়সাও দিচ্ছে না। অধ্যাপকদের মাত্র ৪০০-৫০০ টাকা করে বেতন দিচ্ছেন। এইরকম ধরনের কলেজ খুলে লাভ কি? এইরকম ধরনের কলেজ খুলে তো আর সকলের দৃষ্টি আকর্ষণ করা যায় না। আমরা অন্তত এটা করতে পারি না। তারপরে আপনাদের দিক থেকে ব্যাঙ্গোক্তি করে বলেছেন যে, আপনারা তো শিক্ষকদের বেতন ক্রমশই বাড়িয়ে যাচ্ছেন। আপনাদের মনে নেই এক সময়ে এই অ্যাসেম্বলিতেই আমরা সবাই মিলে, সব দল থেকে এই শিক্ষকদের বেতন যাতে বাড়ে, যারা শিক্ষা বিস্তারের ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে উন্নতি সাধন করার জন্য শিক্ষকতা করে তাদের বেতন বাড়াবার জন্য আমরা সবাই মিলে দাবি করেছিলাম। আপনারা বললেন যে শিক্ষকদের বেতন দিতে গিয়েই আপনার সবচেয়ে বেশি ব্যয় হয়ে যাচ্ছে। আজকে পৃথিবীর প্রত্যেকটি

দেশে শিক্ষকদের বেতন দিতে গিয়ে অধিকাংশ টাকা ব্যয় হচ্ছে। সেখানে আপনারা বলছেন যে পরিকল্পনা খাতে ব্যয় করছেন না কেন?

আমরা যে পরিকল্পনা খাতে ব্যয় করব টাকাটা পাব কোথা থেকে? কেন্দ্রীয় সরকার তো ক্রমশ শিক্ষা খাতে ব্যয় কমিয়ে যাচ্ছেন। কোঠারি কমিশন যেকথা বলেছিলেন সেই কথা কি মানা হচ্ছে? সেখানে কোঠারি কমিশন বলেছিলেন যে, আয়ের ৬ ভাগ শিক্ষা খাতে ব্যয় করতে হবে। আজকে কোথায় সেই নীতি, সেই কথা কি মানা হচ্ছে? তারপরে আজকে আপনাদের কেন্দ্রীয় সরকার যে কমিটি করেছেন, তারা যে কথা বলেছেন শিক্ষার ব্যয় সম্পর্কে সেটা কতটা মানা হচ্ছে? কেন্দ্রীয় সরকার রিসোর্স ফর এডুকেশন বলে একটি করেছেন সেখানে অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী হচ্ছেন তাঁর চেয়ারম্যান এবং আমিও তাতে একজন সদস্য, তাতে কি বলা হয়েছে "We would like to riterate the point which has been made by several committees and commissions earlier and which is indeed exiematic."

আমি আবার কথাটি বলছি একজামেটিক, একজামেটিক, "that without adequate resources educational reconstruction would remain a slogan. The Kothari Commission had first put forth the view that public expenditure on education should be 6 per cent of the GNP. This view has been reiterated time and again and has come to acquire the characteristic of a national resolve".

আমি আবার বলছি, ন্যাশনাল রিজলভ। The N. P. E. had proclaimed that from the Eighth Plan onwards the outlay on education would uniformly exceed 6 per cent of the National Income. The NPERC had reiterated this prescription. Though all the Five Year Plans had stressed the importance of Education as a crucial from national development and survival, in actuality, Education had been treated as residual sector in the matter of allocation of resources. We would feel that it is true that this practice should be reversed and that the NPE provision should be implemented forthwith. Need-based financing requires to be provided for priority areas like Universalisation of Elementary Education, Adult Literacy and vocationalisation and others.

কেন্দ্রীয় সরকারের তৈরি করা কমিটি এবং আমিও তার সদস্য ছিলাম। আমরা একমত হয়ে সেখানে বলেছি এবং আপনার দলের লোকেরাও সেখানে ছিল। শুধুমাত্র জাতীয় আয়ের ছয়ভাগ নয়, তার চেয়েও বেশি এই শিক্ষা খাতে ব্যয় করতে হবে এবং অষ্টম পরিকল্পনাতেই সেটা করতে হবে। কোথা থেকে টাকা আসবে? কেন্দ্রীয় সরকার যদি তার বাজেট কমিয়ে দেয়, তাহলে কি করে হবে? আপনারা উচ্চ শিক্ষার কথা বলছেন, প্রথমেই তো তারা শুরু করবেন টেকনিক্যাল এবং প্রফেশন্যাল ইন্সটিটিউশন দিয়ে। বলবে, আপনাদের নিয়োগ হতে হবে সেখানে হান্ড্রেড পারসেন্ট, সেল্‌ফ ফিনান্সিং। তারপর তারা বলছে, উচ্চশিক্ষা হবে

সেল্ফ ফিনান্সিং। কেন্দ্রীয় সরকার বলছে আগামীদিনে তোমাদের নিজেদের টাকা যোগানোর মধ্যে দিয়েই তোমাদের চলতে হবে। আপনারাই বলুন কোনও বিশ্ববিদ্যালয় বা কোনও কলেজ ছাত্রদের বেতনের দ্বারা চলতে পারে? তাহলে আমরা কোথায় যাব? অধিকাংশ বিশ্ববিদ্যালয় এবং কলেজ টিকে থাকবে কি করে? আপনারা এখানে বলছেন পরিকল্পনা ব্যয় আমরা কমিয়ে দিয়েছি? আমরা কমাতে বাধ্য হয়েছি। এই হাউসেই ফিনান্স মিনিস্টার বলেছে যে ২০০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার আমাদের দিচ্ছে না। তবে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে বর্তমানে আমাদের দাবি কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছে, তারজন্য আমরা কেন্দ্রীয় সরকারকে সাধুবাদ জানাই। আজকে যদি এখানে টাকা না আসে তাহলে কিছু করা যাবে না। কারণ রাজ্য সরকারের টাকা সীমিত। সুব্রতবাবু, আপনি তো এক সময় মন্ত্রী ছিলেন, আপনিই বলুন, বাজেট করতে গেলে রাজ্য সরকারের টাকা কোথা থেকে আসে? বলুন সংবিধানের কি বিধান আছে? কোথা থেকে রাজ্য টাকা পাবে? আর কেন্দ্রীয় সরকার যদি টাকা কমিয়ে দেয় তাহলে আমরা পরিকল্পনা খাতে টাকা ব্যয় করতে পারব না। আমাদের প্রথমে স্যালারি দিতে হবে. স্যালারি দেওয়ার পর যদি টাকা থাকে তাহলে ডেভেলপমেন্ট খাতে আমাদের ব্যয় করতে হবে। আজকে কেন্দ্রীয় সরকার যদি আমাদের ভাণ্ডার শুষ্ক করে দেয়, সেখানে যদি আমরা প্রতিবাদ না করি, তাহলে আমরা যারা আপ্রাণ চেষ্টা করি শিক্ষা ব্যবস্থাটাকে বাঁচিয়ে রাখতে তাহলে এই টাকা আসবে কোথা থেকে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে আমরা যে টাকা দিই তার পাঁচগুণ টাকা আমরা বাড়িয়ে দিয়েছি। আপনারা অন্য দল করতে পারেন, আপনারা আমাদের সমালোচনা করুন। কিন্তু বাস্তব সত্য সেটা তুলে ধরুন। আপনারা সেটা কেন তুলে ধরবেন না? এটার সঙ্গে রাজনৈতিক সম্পর্ক কি? আমাদের পশ্চিমবাংলা যদি বাঁচে, আমাদের বিশ্ববিদ্যালয় যদি বাঁচে, তাহলে আমার আপনার সকলের ছেলেমেয়ে যারা পড়াশোনা করে তারা বাঁচবে। আজকে যে ব্যবস্থা তারা নিয়েছে এবং যে কাজ তারা করছে তাতে একটা সর্বনাশের দিকে দেশ যাচ্ছে। আপনারা আপনাদের অনেক কথা বলেছেন, আমি সব শুনেছি, আমি সুব্রতবাবুকে ধন্যবাদ জানাই। তিনি তার ভাষণে বলেছেন যে শিক্ষার দুটি সিস্টেম চলতে পারে না। ওয়ান ফর দি রিচ অ্যান্ড ওয়ান ফর দি পুওর। গ্রামের গরিব লোক তারা এক রকম শিক্ষা পাবে, আর শহরের ধনীদের জন্য আরেকরকম শিক্ষা ব্যবস্থা এটা চলতে পারে না। আমি আপনাদের জিজ্ঞাসা করি কেন্দ্রীয় সরকার যে নয়া শিক্ষানীতি গ্রহণ করেছেন তাতে কি এই দু'রকম শিক্ষা ব্যবস্থা হচ্ছে না? একটা হচ্ছে ধনীদের জন্য, যাদের টাকা আছে তারা টাকা দিয়ে পড়বেন। যেমন—ক্যাপিটেশন ফি, ইঞ্জিনিয়ারিং কলেজে, মেডিক্যাল কলেজে হচ্ছে। এখন তারা বলছেন এইগুলি সেল্ফ ফিনান্সিং করতে হবে। ছাত্রদের বেতন আরও বাড়িয়ে দিতে হবে। যাদের টাকা আছে তারা পড়তে পারবে।

যাঁদের টাকা আছে তাঁরা পড়বে। আজকে দু'রকমের শিক্ষাব্যবস্থা হয়েছে। আজকে শুধু দু'রকম নয় কারণ উচ্চ শিক্ষা গরিব ঘরের ছেলেমেয়েদের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে। এবং এটা কোন দেশের অনুকরণে করা হচ্ছে—অজানা। আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা বৃটিশ মডেলে গড়ে উঠেছিল কিন্তু আজকে আমেরিকান মডেলের দিকে চলছে নতুন শিক্ষা ব্যবস্থা। পৃথিবীতে অনেক ভাল ভাল শিক্ষা প্রতিষ্ঠান আছে, হার্ভাড আছে, ম্যাসাচুয়েটাস আছে। হার্ভাড একটা ছেলের পেছনে এক বছরে ২৬ হাজার ডলার লাগে। কারা পারবে?

আমাদেরকে বলুন—কাদের টাকা আছে? গরিব যাঁরা, অল্প বিত্ত যাঁরা—তাঁরা উচ্চ শিক্ষার সুযোগ পায় না। আজকে উচ্চ শিক্ষার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করছেন—আমি আপনাকে বলছি, চূড়ান্তভাবে সর্বনাশ ডেকে আনা হয়েছে। আমি জানি না কাদের স্বার্থে, কাদের নির্দেশে এই নীতি গ্রহণ করা হয়েছে। নিশ্চয়, আপনারা যে সব সমালোচনা করছেন আমি তার জবাব দেবো। যা ত্রুটি—যেখানে যেখানে করা সম্ভব সেটা দূর করবার চেষ্টা করবো। অনেকগুলি কথা বলেছেন, মাইনে, তাঁদের বেতন, ১ তারিখে তাঁদের বেতন দেওয়া যাচ্ছে না তার কারণ জানেন, এই ব্যাপারে ব্যাঙ্কের সঙ্গে কথা বলেছি। আমরা মাইনে দিচ্ছি কিন্তু কোনও কোনও সময় দেখা যাচ্ছে যে, একটু অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। এইগুলি ত্বরান্বিত করবার চেষ্টা করছি। কিন্তু আমরা স্বীকার করে নিচ্ছি যে—আমাদের ত্রুটি আছে। শিক্ষকদের বেতন দিতে হবে—এটা কোনও বিতর্কের বিষয় নয়। যেখানে অত্যন্ত অসুবিধা আছে—সেটা আমরা দূর করবার চেষ্টা করছি। পেনশনের ব্যাপারে জানেন, ডেট অফ ইনক্রিমেন্ট অনেকদিন আটকে ছিল, এখন আমরা সেটার ফয়সালা করেছি। শিক্ষকরা লাভবান। মাস চারেক আটকে থাকবার জন্য এই অসুবিধাগুলি হয়েছিল। এখন বিষয়গুলি—প্রসেস করা হয়েছে। কাজেই খবর নিয়ে দেখবেন—তাঁরা লাভবান। ডেট অফ ইনক্রিমেন্ট একটা জটিল বিষয় ছিল—এখন সেটার নিরসন করা গেছে। আমি একটা কথা বলব—এইগুলি প্রশাসনিক ব্যাপার। আপনি তো সরকারে ছিলেন, কেন্দ্রীয় মন্ত্রীও ছিলেন। আমার তো এক বছরও হয়নি—অনেক জটিল জিনিস ধীরে ধীরে মুক্ত করতে হচ্ছে। কিন্তু শিক্ষার ক্ষেত্রে একটা চূড়ান্ত সর্বনাশ ডেকে আনা হয়েছে আমাদের দেশে শুধু পশ্চিমবাংলাতেই নয় সারা ভারতবর্ষের ক্ষেত্রেও একই জিনিস হচ্ছে কেন্দ্রীয় সরকারের দ্বারা। আপনাকে একটা কথা বলব। আমি ব্যক্তিগতভাবে এবং আমরা বিশ্ববিদ্যালয়গুলি অটোনমিতে বিশ্বাস করি। সেখানে বিশ্ববিদ্যালয়গুলি কি বিষয়ের ওপর রেকমেন্ড করবে না করবে—এইগুলি বিশ্ববিদ্যালয়গুলির নিজস্ব এক্তিয়ারের ব্যাপার। বিশ্ববিদ্যালয় কমিটি আছে। বিশ্ববিদ্যালয়ে যাঁরা নাকি বিভিন্ন বিভাগের প্রধান,—তাঁরা অভিজ্ঞ, শিক্ষিত, প্রাজ্ঞ এবং বিজ্ঞ, তাঁদের যে উইসডম, তাঁদের যে শিক্ষা—আমরা আস্থা স্থাপন করি। আমরা বিশ্বাস করি এই রাজ্যে শিক্ষক আছেন—ঠিক ঠিক পথেই বিশ্ববিদ্যালয়গুলি নিয়ে যাচ্ছেন। আমার সময় খুব কম, আমি আবার ধন্যবাদ দিচ্ছি—যাঁরা বিতর্কে অংশগ্রহণ করেছেন। প্রতিশ্রুতি দিতে পারি—আমরা কিছু পদক্ষেপ গ্রহণ করেছি, আরও কিছু পদক্ষেপ গ্রহণ করব এবং আপনাদের সঙ্গে আলোচনা করেই করব। আমি মনে করি আপনারা যদি সত্যি সত্যি আমাদের পশ্চিমবাংলার স্বার্থের কথা ভাবেন তাহলে আমাদের ব্যবধান অনেকটা পরিমাণে কমিয়ে আনতে পারব আপনাদের গঠনমূলক সমালোচনার দ্বারা। উচ্চ শিক্ষার ক্ষেত্রেও উন্নতি করা যাবে এই দৃঢ় বিশ্বাস রাখছি। আপনারা যে কাট মোশান দিয়েছেন সেগুলি তুলে নিন এবং আমার এই বাজেট প্রস্তাবকে সমর্থন করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-20—6-26 P.M.]

Mr. Speaker : Now, I put to vote all the cut motions except Cut Motion Nos. 11, 21, 22 and 23 on which I understand a Division will be demanded.

The motions (Cut Motion Nos. 1-3, 4-5, 6-10, 12-16, 17-20, 24-25, 26, 27 and 28) that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

Now, I put to vote Cut Motion Nos. 11, 21, 22 and 23.

The motions (Cut Motion Nos. 11, 21, 22 & 23) that the amount of demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following results : –

NOES

Abdul Haque, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijoy

Bal, Shri Saktiprasad

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath

Barman, Shri Jogesh Chandra

Biswas, Shri Benoy Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshi

Bouri, Shir Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chatterjee, Shri Anjan

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Choudhury, Shri Bansa Gopal

Chowdhury, Shri Subhendu

Das, Shri Debesh

Das, Shri Paresh Nath

Das, Shri Trilochan

Deb, Shri Goutam

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padmanidhi

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Santi

Gayen, Shri Nripen

Goala, Shri Rajdeo

Ghosh, Shri Biren

Ghosh, Shri Sunil Kumar

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Sachindra Nath

Halder, Shri Krishnadhan

Id. Mohammad, Shri

Idrish Mondal, Shri

Jamadar, Shri Badal

Jana, Shri Manindra Nath

Joardar, Shri Dinesh

Kar, Shrimati Anju

Kisku, Shri Lakshi Ram

Koley, Shri Barindra Nath

Mahata, Shri Kamala Kanta

Mehta, Shri Nishikanta

Majhi, Shri Nandadulal

Majhi, Shri Raicharan

Malik, Shri Sreedhar

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Dhiren

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Raj Kumar

Manna, Shri Janmenjoy

Md. Ansaruddin, Shri

Md. Mahamuddin, Shri

Mitra, Shri Biswanath

Moitra, Shri Birendra Kumar

Mostafa, Bin Quasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Murmu, Shri Debnath

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Nath, Shri Madanmohan

Nath, Shri Monoranjan

Nazmul Haque, Shri

Neogy, Shri Brajo Gopal

Oraon, Shri Jagannath

Paik, Shri Sunirmal

Pakhira, Shri Ratan Chandra

Patra, Shri Amiya

Pramanik, Shri Abinash

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

Ray, Shri Subhas Chandra

Ray, Shri Tapan

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sahis, Shrimati Bilasibala

Sengupta (Bose), Shrimati Kamal

Seth, Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Khagendra Nath

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sur, Shri Prasanta Kumar

AYES

Abdus Salam Munshi, Shri

Bapuli, Shri Satya Ranjan

Das, Shri Sanjib Kumar

Mudi, Shri Anil

Mukherjee, Shri Sibdas

Mukherjee, Shri Subrata

Seth, Shri Bhupendra Nath

Abst.

Purkait, Shri Prabodh

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 7 and Noes. 92.

The motions were lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 17,68,55,82,000 be granted for expenditure under Demand No. 30.

Major Head : "2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Cultural and 6202—Loans for Education, Sports, Art and Culture."

(This is inclusive of a total sum of Rs. 4,42,16,00,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Demand No. 45

The Motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of Rs. 8,03,08,000 be granted for expenditure under Demand No. 45, **Major Head :** "2251—Secretariat-Social Services".

(This is inclusive of a total sum of Rs. 2,00,77,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Adjournment

The House was adjourned at 6.26 p.m. till 11.00 a.m. on Wednesday, the 3rd June 1992 at the Assembly House. Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 3rd June 1992 at 11.00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 6 Ministers of State and 153 Members.

Held Over Starred Questions
(to which oral answers were given)

[11-00 — 11-10 A.M.]

বিদ্যাসাগর মহাশয়ের বসতবাটি এবং তার প্রতিষ্ঠিত বিদ্যালয়কে সরকার কর্তৃক অধিগ্রহণের পরিকল্পনা

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৮) **শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, রাজ্য সরকার মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে বিদ্যাসাগর মহাশয়ের বসতবাটি এবং তাঁর প্রতিষ্ঠিত বিদ্যালয়টি অধিগ্রহণ করার জন্য উদ্যোগ নিয়েছেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ

এইরূপ কোনও উদ্যোগ রাজ্য সরকার গ্রহণ করেন নাই।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী বললেন, 'না'। কিন্তু বিদ্যাসাগরের জন্ম শতবার্ষিকী আপনারা পালন করতে যাচ্ছেন, তার জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে সরকারি এবং বেসরকারি উদ্যোগ বিদ্যাসাগরের জন্মস্থানে তার প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টি নেবার কথা আপনি বিবেচনা করছেন কি না, এই বছর?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ বিদ্যালয়টি সম্পর্কে মন্ত্রী মহাশয় বলতে পারবেন, প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের মন্ত্রী তিনি এই বিষয়ে বলতে পারবেন কিন্তু বসত বাড়ি গ্রহণের ব্যাপারে বলতে পারি, বসত বাড়ির ব্যাপারে একটা ট্রাস্টি আছে, তাদের দ্বারা এটা পরিচালিত হয়, তাদের সঙ্গে যোগযোগ রাখা হয়েছে, ভবিষ্যতে এই সম্পর্কে নিশ্চয়ই বিবেচনা করা হবে।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ এই যে প্রশ্নটি আছে যে তার প্রতিষ্ঠিত বিদ্যালয়টি অধিগ্রহণ করার উদ্যোগ নিচ্ছেন কি না, আমার যেটা মনে হয়েছে এটা সেকেন্ডারি এবং প্রাইমারি এডুকেশনের পার্ট, এটা সত্যসাধনবাবু কি করে উত্তর দেবেন? সেকেন্ড পার্ট দ্যাট ইজ রিলেটেড টু দি সেকেন্ডারি এডুকেশন মিনিস্টার, আমাদের হায়ার সেকেন্ডারি এডুকেশন মিনিস্টার

এটা কি করে উত্তর দেবেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ আমি এই সম্পর্কে বলছি, শেষ মুহূর্তে এটা আমি জানতে পেরেছি, প্রাথমিক শিক্ষামন্ত্রীর সঙ্গে এই সম্পর্কে কথা বলেছি, কারণ এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়, সেই জন্য এটা মাননীয় সদস্যকে বলব, এর পরে যদি কোনও স্পেসিফিক প্রশ্ন থাকে তাহলে প্রাথমিক শিক্ষামন্ত্রীর কাছ থেকে এটা জানতে পারবেন। এখনও পর্যন্ত যেটুকু হয়েছে, তা হচ্ছে কোনও উদ্যোগ গ্রহণ করা হয়নি।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ যদিও এই দপ্তরের নয়, যেহেতু এটা প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট, তবুও উচ্চ শিক্ষা মন্ত্রীকে বলব, বিদ্যাসাগরের এই এলাকাটি আমার নির্বাচনী কেন্দ্রের কাছে, যেহেতু এই বীরসিংহ গ্রাম আমার এলাকার কাছে এবং বহু স্মৃতি বিজড়িত, সেইজন্য আমি জিজ্ঞাসা করতে চাই, বিদ্যাসাগরের জন্ম শতবার্ষিকী উপলক্ষে কোনও কর্মসূচি গ্রহণ করার কোনও পরিকল্পনা আপনার দপ্তর, উচ্চ মাধ্যমিক দপ্তর গ্রহণ করছেন কি না জানাবেন কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ আমি জানি না মাননীয় সদস্য নির্দিষ্টভাবে কি ভাবছেন। তবে এ বিষয় নিয়ে সরকারি স্তরে আমরা চিন্তা ভাবনা করছি যে আগামী দিনে ওখানে কি করা যায়।

শ্রী প্রশান্ত প্রধান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, ওখানে একটা লাইব্রেরি আছে, স্মৃতি মন্দির আছে, বসত-বাটি আছে। এগুলো নিয়ে একটা পরিকল্পনা করার জন্য এক সময় অনেক আলোচনা হয়েছিল। এখনও সেই পরিকল্পনার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রশ্নের মধ্যে লাইব্রেরি, বসত-বাটি ইত্যাদি যে সমস্ত বিষয়গুলি উল্লেখ করলেন সে সমস্ত বিষয়গুলির জবাব দেওয়া আমার পক্ষে সম্ভব নয়। অনেকগুলি দপ্তর এর সঙ্গে জড়িত। আমি মাননীয় সদস্যকে শুধু এটুকুই বলতে পারি যে, সরকারের তরফ থেকে ইতিমধ্যেই ২/১ জন মন্ত্রী এবিষয়ে উদ্যোগ গ্রহণ করেছেন। কিছু ওখানে করার জন্য আমরা পরিকল্পনা গ্রহণ করছি। আগামী দিনে নিশ্চয়ই ওখানে কিছু হবে। বর্তমানে সে বিষয়ে আলাপ আলোচনা চলছে।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের রাজ্যে নিরক্ষরতা দূরীকরণ অভিযান চলছে। এই অভিযানে বিদ্যাসাগরের নাম যুক্ত করে এই অভিযানকে আরও জোরদার করার জন্য সরকারের পক্ষ থেকে কি কোনও উদ্যোগ গ্রহণ করা হচ্ছে?

মিঃ স্পিকার ঃ মূল প্রশ্নের সঙ্গে আপনার প্রশ্নের কোনও সম্পর্ক নেই, সুতরাং ওটা হবে না।

রানাঘাটে চূর্ণী নদীর উপর সেতু নির্মাণ

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৫) **শ্রী সুভাষ বসু ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রানাঘাটে চূর্ণী নদীর উপর (পালচৌধুরি পাড়ার নিকট) কাঠের সেতু তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ

(ক) সেচ ও জলপথ দপ্তর কাঠের সেতু নির্মাণের কোনও পরিকল্পনা করে নাই।

(খ) শুরু করার প্রশ্ন ওঠে না।

শ্রী শিবদাস মুখার্জি ঃ কাঠের সেতু না হওয়ার জন্য জনগণের খুবই অসুবিধা হচ্ছে। সুতরাং সেতু নির্মাণের জন্য সরকারের কি কোনও পরিকল্পনা আছে?

শ্রী গনেশচন্দ্র মণ্ডল ঃ মাননীয় সদস্যকে আমি বলতে চাইছি যে, ওখানে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার দায়িত্ব এই দপ্তরের নয়।

শ্রীমতী অনুরাধা পুততুণ্ডা ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা দেখছি যে, সেচ দপ্তর প্রতি বছর বিভিন্ন জায়গায় কাঠের সেতু তৈরি করে এবং দেখা যায় যে, যে কাঠ দেওয়ার কথা সে কাঠ দেওয়া হয় না। ফলে সঠিকভাবে সেতু নির্মিত হয় না, কার্যত সেতু নির্মাণের টাকা জলে যায়। সে ক্ষেত্রে আপনার দপ্তর কাঠের সেতুর পরিবর্তে সর্বত্র কংক্রিটের সেতু নির্মাণের পরিকল্পনা গ্রহণ করবেন কি?

শ্রী গণেশচন্দ্র মণ্ডল ঃ মূল প্রশ্ন থেকে যদিও এই প্রশ্ন আসে না, তথাপি আমি বলছি যে, সেচ দপ্তর কিছু কিছু জায়গায় কাঠের সেতু নির্মাণ করে। কিন্তু মূল প্রশ্নে যে জায়গার কথা বলা হয়েছে সে জায়গায় করে না। যে সমস্ত জায়গায় সেচ দপ্তর কাঠের সেতু নির্মাণ করে সে সমস্ত জায়গায় পর্যায়ক্রমে সেগুলিকে কংক্রিটের সেতুতে রূপান্তরিত করার চেষ্টা করছি। যেমন ভাঙরে আমরা এই জিনিস করেছি।

বাঁকুড়া জেলায় সেচ ব্যবস্থা

*৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৩) **শ্রী অমিয় পাত্র ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সমস্ত জমিতে সেচ দেওয়ার জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ

(ক) কংসাবতী সেচ প্রকল্পের দ্বারা বাঁকুড়া জেলার পূর্ব এবং দক্ষিণ অংশে জল সরবরাহ করা হয়। বাঁকুড়া জেলার পশ্চিম এবং উত্তর অংশের সেচের জন্য দুইটি সেচ প্রকল্প করার পরিকল্পনা আছে।

(খ) বাঁকুড়া জেলার পশ্চিম এবং উত্তর অংশের এলাকা সেচের জন্যে 'দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী' সেচ প্রকল্প ও 'আপার কংসাবতী সেচ প্রকল্প' এখন রচনা স্তরে আছে।

[11-10 — 11-20 P.M.]

শ্রী নন্দদুলাল মাঝি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে বলবেন কি—এই প্রকল্প ছাড়াও ঐসব ব্লকে ডিপ টিউবওয়েল বা মিনি ডিপ টিউবওয়েল বসবার ব্যবস্থা হয়েছে কিনা বা বসাবার পরিকল্পনা আছে কিনা?

শ্রী গণেশচন্দ্র মণ্ডল ঃ এটাতে ডিপ টিউবওয়েল বা মিনি ডিপ টিউবওয়েল এই দপ্তরের মধ্যে পড়বে না।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় মন্ত্রী জানাবেন কি—বাঁকুড়ায় কংসাবতী সেচ পরিকল্পনায় প্রস্তাবিত আরও যে একটি পরিকল্পনা আছে তাতে বাঁকুড়ার কত অংশ সেচের আওতায় আনা যাবে?

শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ আপনার প্রশ্নের উত্তরে মোট কত জমি উপকৃত হবে সেটা পড়ে দিচ্ছি। ছাতনা এবং গঙ্গাজলঘাটি সেচ প্রকল্প অঞ্চলে সেচ এলাকায় ৯২ হাজার একর জমি পড়ে। ছাতনা, গঙ্গাজলঘাটি, বাঁকুড়া-১, বাঁকুড়ার সোনামুখি, পাত্রসায়র এর কিছু অংশ সেচের জল সরবরাহ করবে। এই প্রকল্পের নিম্ন স্থানে দ্বারুকেশ্বর নদীর একটা জলাধার নির্মাণ ও গঙ্গাজলঘাটির সঙ্গম স্থলে বাঁকা মৌজায় একটা ব্যারেজ নির্মাণের প্রকল্প এবং সেচ দপ্তর ইরিগেশন অ্যান্ড প্ল্যানিং সার্কেল এর চূড়ান্ত রূপ দেওয়ার স্তরে আছে।

বোরো চাষের জন্য জল সরবরাহ

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭৯) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বোরো চাষ-এ প্রয়োজনীয় জল রাজ্যের জলাধারগুলি থেকে সরবরাহ করা হয় না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, তার কারণ কি ; এবং

(গ) বোরো চাষের সময়ে জলাধারগুলি হতে জল দেবার সুব্যবস্থা করার জন্য রাজ্য সরকার কোনও চিন্তা-ভাবনা করছেন কি?

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ

(ক) আংশিক সত্য।

(খ) রাজ্যের জলাধারগুলিতে নদী অববাহিকা হইতে যে জল পাওয়া যায়, জলাধার প্রকল্পগুলি হইতে সাধারণত প্রতি বৎসর খারিফ এবং রবি চাষের জন্য সেই জল সরবরাহ করার পর বোরো চাষের জন্য মজুত জল চাষের নিশ্চয়তা থাকে

না। এই কারণেই প্রতি বৎসর বোরো চাষের জল সরবরাহের বিশেষ করে পরিমাণগত নিশ্চয়তা থাকে না।

(গ) হ্যাঁ।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, আংশিক সত্য, কিন্তু এটাও সত্য যে ফলন বাড়াতে গেলে এই বোরো চাষের উৎপাদন বাড়ানো দরকার এবং চাষীর পক্ষে লাভজনক। এই ক্ষেত্রে ঐ জলাধার থেকে জল দেবার নূতন প্রকল্প করছেন কি?

শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ মাননীয় সদস্য জানেন যে, প্রচার রাজ্যের শুধু একটা জায়গায় হয় না। এই বোরো চাষ বাড়ানোর জন্য আমাদের বিভিন্ন যে দীর্ঘমেয়াদি পরিকল্পনা বড় বড় প্রকল্প আছে যেমন কংসাবতী মডার্নাইজেশন সুবর্ণরেখা ইত্যাদি আছে। এ ছাড়াও আমাদের প্রচার ব্যবস্থার মধ্যে জল দেওয়ার নির্দিষ্ট একটা সময় সীমা আছে। নির্দিষ্ট জমি ঠিক করা আছে, সেজন্য অনেক সময় দেখা যায় যে পরিমাণ জল পাওয়া যায় চাষের পরিমাণ তার থেকে বেশি। আর একটা সমস্যা আমাদের জলাধারগুলি সেই প্রথম পঞ্চবার্ষিকী আমলের পুরনো, সেগুলি অনেকটা সিলড হয়ে গেছে, সেজন্য যে পরিমাণ জল থাকার কথা, সে পরিমাণে থাকছে না, তা ছাড়া আমরা যে সব খাল দিয়ে জল সরবরাহ করি সেগুলিও পুরনো, সিলড হয়ে গেছে, কাটার সময় পাওয়া যায় না। নানা কারণে হয় না। কিন্তু মূল উদ্দেশ্য আরও বেশি জমিতে জল সরবরাহ করা।

শ্রীমতী মিনতি ঘোষ ঃ আমাদের রাজ্যে বোরো চাষের সময় বেশির ভাগ ক্ষেত্রে দেখতে পাই কৃষকরা আকাশের দিকে তাকিয়ে থাকেন বৃষ্টির অপেক্ষায়। বৃষ্টি না হলে বোরো মরশুমে জমি শুকিয়ে যায় এবং তারফলে তাদের ফসল ফলে না। রাজ্যের জলাধারগুলি অনেক পুরানো, তাই এর পাশাপাশি আমাদের রাজ্যে অজস্র বড় বড় খাল যা ছড়িয়ে রয়েছে সেগুলো জলাধারের কাজে ব্যবহারের জন্য কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ বড় বড় খাল যেগুলো আছে সেগুলো সংস্কার করবার জন্য প্রচুর অর্থ প্রয়োজন। এই অর্থ অনেক সময় সঙ্কুলান হয় না। আর এই সব খাল সংস্কারের কাজ এই দপ্তরও করে না। তবুও আমরা চেষ্টা করছি, আমাদের যে অর্থ সঙ্কট তার মধ্যেও, সারফেস ওয়াটার যা আছে সেটা কাজে লাগানোর।

ডাঃ মোতাহার হোসেন ঃ বীরভূমের সিদ্ধেশ্বরী-নুনবিল প্রকল্প রূপায়িত হলে মুর্শিদাবাদ এবং বীরভূম জেলার বিস্তীর্ণ এলাকায় সেচের জল দেওয়া যাবে। সেক্ষেত্রে এটা রূপায়ণে বিলম্ব হবার কারণ কি? সেটা হলে বোরো চাষেও জল দেওয়া যাবে। কাজেই সেটা ত্বরান্বিত করবার চেষ্টা করছেন কিনা?

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ নির্দিষ্ট প্রশ্নের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন আসে না। তা সত্ত্বেও বলছি, এই পরিকল্পনাটি খুবই গুরুত্বপূর্ণ, কিন্তু যেহেতু আমাদের নানা প্রসেসের মধ্যে কাজ করতে হয়, হয়ত কোথায়ও আটকে রয়েছে। নোটিশ দিলে সেটা বলে দিতে পারব।

শ্রী রাইচরণ মাঝি ঃ ময়ূরাক্ষী জলাধার থেকে বোরো মরশুমে যে জল ছাড়া হয় সেটাই জল লাঙ্গলহাটা পর্যন্ত পৌছায়, কিন্তু তার পরবর্তী নিচু এলাকার মানুষও বোরো চাষ করে থাকেন। ঐ অঞ্চলের চাষিদেরও জল দেবার পরিকল্পনা আছে কি?

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ এ-সম্পর্কে ডিটেলস্ আমার কাছে নেই। জানতে চাইলে পরবর্তীকালে বলে দিতে পারি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ বিভিন্ন জলাধার এবং বিভিন্ন জলাশয়গুলি শুকিয়ে যাচ্ছে বলে বোরো চাষে ঠিকমতো জল সরবরাহ করা যাচ্ছে না বলেছেন। এরফলে মোট কত বোরো চাষ এলাকা জল থেকে বঞ্চিত হয়েছে বলতে পারবেন কি?

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ এই মুহূর্তে সেটা বলা যাচ্ছে না।

শ্রী সমর বাওড়া ঃ জলাধারগুলির জল ধারণ ক্ষমতা কমে যাচ্ছে ঠিকমতো সেচের জল দেওয়া যাচ্ছে না বলেছেন। সেক্ষেত্রে ডিভিসির মাইথনে জলাধারের বাঁধ ৫ ফুট উঁচু করবার যে প্রস্তাব ১৯৭৮ সাল থেকে এবং বেলপাহাড়িতে ডিভিসির পর থেকে যে ড্যাম করবার প্রস্তাব ছিল এবং যে প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে দেওয়াও হয়েছিল, সে-সম্পর্কে কতদূর কি হয়েছে জানাবেন কি?

শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ আমার কাছে এ-সম্পর্কে উপস্থিত কোনও তথ্য নেই, তাই বলা যাচ্ছে না।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ যে ক্যানেলগুলি রয়েছে সেগুলোতে জলধারণ ক্ষমতা যদি বাড়ানো যায় তাহলে সেচের সমস্যা কমতে পারে। এই অবস্থায় ঐসব সেচ-ক্যানালগুলির সিল্ট ক্লিয়ারেন্সের জন্য নতুন কোনও পরিকল্পনা আছে কিনা?

[11-20 — 11-30 P.M.]

শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ নূতন পরিকল্পনা নেই। আমাদের যে খালগুলি আছে, যে খালগুলি দিয়ে মাঠে জল যায়, সেই খালগুলি সংস্কার করার কিছু কিছু পরিকল্পনা আছে। কিন্তু এগুলি সংস্কার করার ক্ষেত্রে কিছু বাধা হয়ে দাঁড়ায় সেটা হচ্ছে যখন মাটি কাটার কাজ শেষ হয় তখন লোকেরা চাষের জল দেবার জন্য খালে জল রাখে এবং ধান কাটার সময়ে সেই জল ব্যবহার করে। এই ব্যাপারে স্থানীয় পর্যায়ে বসে ঠিক করা যেতে পারে যে কোন দিকে কাটা হবে। কাজেই এটা স্থানীয় পর্যায়ে আলোচনা করে ঠিক করতে হবে।

শ্রী নটবর বাগদি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, নল দিয়ে জল দেবার এই সিস্টেম অনেক পুরানো। এতে গাছের গোড়ায় জল জমে থাকে এবং জলের অপচয়ও হয়। কাজেই এই সিস্টেমকে বাদ দিয়ে স্প্রে সিস্টেম চালু করা হলে জলের অপচয় বন্ধ হবে। কাজেই এটা পরিবর্তন করার জন্য সরকার কোনও চিন্তা-ভাবনা করছেন কি?

শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ এখন সেই ধরনের চিন্তা-ভাবনা নেই।

বিভিন্ন প্রকল্পের জন্য কেন্দ্রের নিকট আর্থিক দাবি

*৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৬) **ডাঃ দীপক চন্দ ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> এটা কি সত্যি যে, রাজ্যের কয়েকটি প্রকল্পকে আর্থিক সাহায্যের জন্য কেন্দ্রের কাছে দাবি জানানো হয়েছে?

ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ

হ্যাঁ।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে রাজ্যের কি কি প্রকল্প আর্থিক সাহায্যের জন্য কেন্দ্রের কাছে পাঠানো হয়েছে?

ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের উত্তরে যেটা সাপ্লিমেন্টারি করা হয়েছে তাতে অনেকগুলি প্রকল্পের জন্য আর্থিক সাহায্য চাওয়া হয়েছে। সে ক্ষেত্রে আমি তার মধ্যে শুধু যেগুলি গুরুত্বপূর্ণ সেগুলিই বলছি সময়ের অভাবের জন্য। ২৭শে ফেব্রুয়ারি মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছিলেন তাতে এই রকম ২৭টি গুরুত্বপূর্ণ প্রকল্পের কথা আছে। আমি সেই চিঠি আপনার কাছে রেখে দেব। প্রথমত, একটা প্রকল্প বা প্রকল্পগুচ্ছের কথা বলা উচিত। ১৯৯১-৯২ সালে যেহেতু কেন্দ্রীয় যোজনা কমিশনের থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, বাজেট বক্তৃতায় আছে, যে ২১৫ কোটি টাকার মতো বিশেষ কেন্দ্রীয় সাহায্যে ঋণ বাবদ এবং যেহেতু সেই বাবদে কোনও অর্থ বরাদ্দ হয়নি, তাই কেন্দ্রীয় সরকারকে জানানোর পরে ওরা বলেন যে এই পরিপ্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণের ব্যবস্থা করা যেতে পারে, তবে সুদের হার বেশি হবে। তবুও প্রকল্পগুলি রাজ্য সরকার পাঠান। সেই মোতাবেক বিদ্যুৎ দপ্তর এবং পূর্ত সড়ক দপ্তর থেকে প্রকল্পগুচ্ছ পাঠানো হয়। ২১৫ কোটি টাকার কোনও অর্থ এখনও পাইনি। এটা একটা নুতন সংযোজন, আমি তাই প্রথমে রাখলাম।

বক্রেশ্বর তাপ বিদ্যুত প্রকল্প সম্বন্ধে বলা উচিত। এই প্রকল্প সম্পর্কে এই হাউসের মাননীয় বিধায়কগণ অনেক কিছু জানেন, সেইজন্য এই ব্যাপারে আমি বেশি সময় নেব না। ১৯৮৬ সালে এই প্রকল্পের জন্য যে ঋণ সোভিয়েত ইউনিয়নের কাছ থেকে পাওয়া যেতে সেটা বছরের পর বছর দেরি হওয়ায় আমরা পাইনি। ১৯৮৮ সালে এই প্রকল্পের কাজ আমরা শুরু করি। ১৯৯০ সালে জাতীয় মোর্চা সরকার প্রথম সোভিয়েত ইউনিয়নের কাছ থেকে ঋণ দেওয়ার কথা ঘোষণা করেন। সোভিয়েত ইউনিয়নের তাদের অভ্যন্তরীণ সমস্যার জন্য সেই ঋণ পাওয়া যায় নি। অক্টোবর ১৯৯১ সালে ও. সি. এফ., জাপানি সংস্থার সঙ্গে কথা বলি। এই প্রকল্পের জন্য খরচ হবে ১৬৬০ কোটি টাকা। আমরা ও. সি. এফ-এর কাছে এই প্রস্তাব পাঠাই। ১৬৬০ কোটি টাকার মধ্যে ৫৫০ কোটি টাকা রাজ্য সরকারকে দিতে হবে, ১১১০ কোটি টাকা ও. সি. এফ.-র কাছ থেকে ঋণ বাবদ পাওয়া যাবে। এটা কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রকের মাধ্যমে যায়। আমরা এখনও পর্যন্ত কোনও সিদ্ধান্ত জানতে পারিনি। নূতন একটা প্রকল্পের কথা উল্লেখ করছি, তিস্তা হাইড্রেল প্রোজেক্ট, তিস্তা জল বিদ্যুৎ প্রকল্প। এটা একটা গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রায় ১২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। মুখ্যমন্ত্রী বারে বারে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার সূত্রে তুলেছেন। এই প্রকল্প চালু হলে আমরা জল বিদ্যুত এবং তাপবিদ্যুতের মধ্যে সামঞ্জস্য রাখতে পারব, মনে হয় এটা সম্ভব হবে। হলদিয়া পেট্রো কেমিক্যাল প্রকল্পের ইতিহাস আপনারা সবাই জানেন। ১৯৭৮ সাল থেকে এই ইতিহাস শুরু হয়। এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় অনুমোদন যদি এখন থেকে অন্তত ৫ বছর আগে পেতাম তাহলে এই প্রকল্পের জন্য ১৪০০ কোটি টাকার মতো খরচ হত, এখন সেটা বৃদ্ধি

পেয়েছে ৩০০০ কোটি টাকার অতিরিক্ত হয়ে গেছে। এই প্রকল্প সম্বন্ধে বলা উচিত, অন্যান্য যেগুলি অনুমোদনের জন্য ছিল, লেটার অফ ইন্টেন্ট, ন্যাপথা এইগুলি নিশ্চিত করে এই গুলি পাওয়ার পরে যেহেতু কেন্দ্রীয় সরকারের দ্বারা টাকার অবমূল্যায়ন ঘটানো হয়েছে তাই প্রকল্পের খরচটা আরও একবার সংশোধন করতে হয়। সেটা সংশোধন করে আমরা করেছি ৩১০০ কোটি টাকা প্রকল্পের জন্য খরচ হবে। এখন ডেট ইকুইটি রেশিও ৩ অনুপাত এক আছে। ৭৫০ কোটি টাকা ইকুইটি এবং ২২৫০ কোটি টাকা ঋণ। এর মধ্যে যেটা দেশীয় আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণগুলি পাওয়া যাবে বলা হয়েছিল, প্রাথমিক অনুমোদন এসে গেলে এই টাকা আমরা পেয়ে যাব। নিশ্চই অনুমোদন তাড়াতাড়ি আসবে, যেহেতু আগেই অনুমোদন করেছে। এখন যদি না করে তাহলে কিছু করার নেই। আশা করি আমরা তাড়াতাড়ি অনুমোদন পাব। বিদেশি মুদ্রার ব্যাপারে কেন্দ্রীয় অর্থমন্ত্রকের মাধ্যমে কাজ করতে হয়, সেখানে ৭৭৫ কোটি টাকা আটকে আছে। এই ব্যাপারে আলোচনা হয়েছে। আশা করি এই জটগুলি যাতে তাড়াতাড়ি খুলে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার উদ্যোগ নেবেন। এরপর বার্নপুর ইস্কো মডার্নাইজেশনের ব্যাপারে বলব। এটা ৮০ দশকের পর থেকে আটকে আছে। এর আধুনিকীকরণের খরচ আনুমানিক ৬,০০০ কোটি টাকা পাওয়া গিয়েছে। এত দেরি কেন হচ্ছে জানি না। বার বার মুখ্যমন্ত্রী প্রশ্ন তুলেছেন এই ব্যাপারে। দেরি করে শুধু আধুনিকীকরণের খরচ বাড়ছে। এই ব্যাপারে সিদ্ধান্ত তাড়াতাড়ি 'নেওয়া উচিত। এরপর এক গুচ্ছ প্রকল্প আছে, আমার সময় সংক্ষেপ, তাই গুরুত্বপূর্ণগুলি বলি। হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন, হলদিয়া এটা নিয়ে ১১ই নভেম্বর ১৯৯১ তারিখে চিঠি লেখা হয়। বিদেশ থেকে সার আমদানি করছেন। মনে রাখা ভাল বিদেশ থেকে সার আমদানি করা হচ্ছে, এদিকে বিদেশি মুদ্রার সংকট রয়েছে। হলদিয়া ফার্টিলাইজারে প্রায় ১.৫২ টন পার অ্যানাম প্রডিউস করতে পারে। নূতন একটা এই ধরনের ফার্টিলাইজার প্রোজেক্ট তৈরি করতে যেখানে ২,০০০ কোটি টাকা লাগে সেখানে ৫০০ কোটি টাকায় এই কাজ শুরু করা যায়। আমাদের হিসাবে ১০০ কোটি টাকা এটা চালু করা যায়। ওনারা এটা বন্ধ করার উদ্যোগ নিয়েছিলেন। এটা কি ঠিক করা হয়েছে? তারপর টিটাগড় পেপার মিলে রাজ্য সরকারের যা করণীয় সেটা রাজ্য সরকার দেওয়ার পরে আই. ডি. বি. আই.-এর কাছ থেকে যেটা পাওয়ার কথা তার কোনও ভগ্নাংশ এসে পৌছায় নি, ১৮ কোটি টাকা পাওয়ার কথা ৫০ লক্ষ টাকার বেশি এসে পৌছায়নি।

[11-30 — 11-40 P.M.]

এই রকম পরপর অনেকগুলো আছে—বেঙ্গল পটারিজ, ড্রাগ কোম্পানিজ এম. এস. সি. ইত্যাদি আছে। আমি শুধু এর মধ্যে আর একটি গুরুত্বপূর্ণ প্রকল্পের কথা বলছি, সেটি হচ্ছে তিস্তা প্রকল্প। গঙ্গা ভাগিরথী ভাঙন রোধের ক্ষেত্রে, তিস্তার ক্ষেত্রে ৬৯৫ কোটি টাকা যা প্রকল্পের জন্য খরচ করার কথা, তারমধ্যে রাজ্য সরকার ৩৬৮ কোটি টাকা দিয়েছে। আমরা বারংবার বলছি তার অর্দ্ধেক আপনারা দিন, যেটা ৩২৭ কোটি, তার প্রায় অর্দ্ধেক ১৫০ কোটি টাকা। অর্থাৎ প্রকল্পের ২২ শতাংশ পর্যন্ত ওরা দিতে রাজি হয়েছেন। আরও গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে পদ্মা ভাগিরথী ভাঙনের বিষয়, এন. এইচ.-৩৪, রেলওয়ে লাইন। পদ্মা ভাগিরথীর মধ্যে দূরত্ব কমে আসছে। এরজন্য আমরা বলে রেখেছি—কোরিয়া কমিশনের রিপোর্টের মধ্যে এটা আছে—পাঁচশো কোটি টাক্কার যে অতিরিক্ত বরাদ্দ আমরা চেয়েছিলাম

তারমধ্যে গত বছরে ২১ কোটি টাকার বেশি পাওয়া যায়নি। অনেকগুলো রেলপথ প্রকল্প আটকে আছে। সেন্ট্রাল রিজার্ভড রোডস্ স্কীম, ব্যাঙ্কিং ক্রেডিট রেশিও—এখানে ভারতবর্ষের গড়ের চেয়ে ১০ শতাংশ কম আছে। চালান কর, যার উপরে সমস্ত কাজ নির্ভর করে, শুধু আইনের সংশোধনের জন্য বলেছিলাম, এটা আটকে আছে। কর্পোরেট ইনকাম ট্যাক্স ডিভিসিবল্ পুল আটকে আছে। এই তালিকা খুব দীর্ঘ। এতদিন এই প্রকল্পগুলো আটকে আছে।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনেকগুলো বলেছেন। আমি নির্দিষ্ট আকারে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, ১৯৮৭ সাল থেকে আজ পর্যন্ত মোট প্রকল্পের সংখ্যা কত ; সেই প্রকল্পের কত অর্থ, টোটাল আর্থিক পরিমাণ কত যা আমরা বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েছি?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দেওয়া চিঠিটা মাননীয় স্পিকার মহাশয়ের কাছে জমা দিচ্ছি। এতে আলাদা আলাদা ভাবে সব দেওয়া আছে।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, আমাদের পশ্চিমবঙ্গে জাহাজ নির্মাণের জন্য যে প্রকল্প পাঠানো হয়েছিল বলে শুনেছিলাম, তা যদি না হয় তবে জাহাজ মেরামতি, দুর্গাপুর এম. এম. সি., দুর্গাপুর ফার্টালাইজার মডার্নাইজেশনের ব্যাপারে যে সমস্ত প্রকল্পগুলো আছে সেগুলো কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে কিনা ; এবং জলসেচ বাড়ানোর জন্য অজয়ের উপরে প্রকল্প করা, বন্যা নিরোধ—সেচের ব্যাপারে প্রকল্পের কথা আমি শুনেছিলাম—এগুলো কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয় কিনা?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ আমি এম. এম. সি.-র কথা ইতিমধ্যেই উল্লেখ করেছি। তাছাড়া অজয় নদের উপরে প্রকল্পের ব্যাপারে আমার কাছে খবর আছে, পাঠানো হয়েছে।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অর্থমন্ত্রী মহোদয় জানাবেন কি যে, প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী বিভিন্ন জনসভায় এবং প্রেসকে বলেছিলেন যে পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য প্যাকেজ পাঠাচ্ছেন—সেই প্যাকেজের কি গতি হয়েছে? পশ্চিমবঙ্গ প্রকৃতপক্ষে তা পেয়েছে কিনা, তার পরিমাণ কত এবং তা দিয়ে কোন কোন প্রকল্প করার চেষ্টা হচ্ছে?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ এই যে প্রকল্প গুচ্ছ ১,০০৭ কোটি টাকার তাতে আমার কাছে যে সর্বশেষ তথ্য আছে ১৯৮৮ সাল পর্যন্ত এই ৬ বছর বাদে ২৪১ কোটি টাকার মধ্যে যতটুকু পড়ছে তার হিসাব আমরা পেয়েছি এবং এই হারে চললে ৫০ বছর অন্তত লেগে যাবে।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এক গুচ্ছ প্রকল্প কেন্দ্রীয় সরকারের কাছে যে পাঠানো হয়েছে এবং তাতে আপনি যে হিসাব-নিকাশ দিলেন সেই হিসাবে আমার প্রশ্ন হচ্ছে যে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে বরাদ্দকৃত অর্থ তাতে আপনারা এক গুচ্ছ পরিকল্পনা পাঠিয়েছেন, এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কি পরিমাণ অর্থ কভার

করতে পারবেন এবং কি পরিমাণ অর্থ অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে পাওয়া যাবে সেই সম্বন্ধে আপনার কিছু জানা আছে কি?

এর আগে আমাদের যে হিসাব দেওয়া আছে তাতে দেখা যাচ্ছে যে অষ্টম যোজনা কেন্দ্রীয় সরকার পরিকল্পনা বাবদ যে অর্থ দেয় তাতে গোটা পরিকল্পনার ক্ষেত্রে ৩০ শতাংশের বেশি হয় না। এছাড়া প্রকল্পের জন্য রাজ্য সরকারের কাছে কিছু আসে না। তবে ব্যতিক্রম হতে পারে এই তিস্তা প্রকল্পের ক্ষেত্রে, এক্ষেত্রে যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান প্রতিশ্রুতি দিয়েছেন যে ১৫০ কোটি টাকা দেবেন।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, বিভিন্ন প্রকল্পের কথা বললেন, তারমধ্যে বক্রেশ্বর প্রকল্পের জন্য মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৮৮ সাল থেকে শুরু হয়েছে এবং ১৯৯০ সালে জাতীয় সরকার থাকাকালীন এই প্রকল্পে অর্থ সাহায্য দেওয়ার কথা বলেছিলেন। কিন্তু ১৯৯১ সালের অক্টোবর মাসে আমরা আসার পরে দেখলাম যে ১,৬৬০ কোটি টাকার মধ্যে ১ হাজার ১০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা হিসাবে জাপান থেকে ঋণ পেতে এই রকম কথাবার্তা চলছে, এক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছে যে, রাজীব গান্ধী সরকার যখন ছিল অর্থাৎ ১৯৮৮ সালে এই বক্রেশ্বর প্রকল্পের জন্য কোনও সাহায্য করেছিলেন কিনা এবং দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে, ১৯৯১ সালে অক্টোবর মাসে জাপানের সঙ্গে যে চুক্তি হল সেই চুক্তির শর্তগুলি কি কি এবং এতে তারা কি পরিমাণ অর্থ সাহায্য করবেন বলেছেন?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ আপনার প্রথম প্রশ্নের উত্তর হচ্ছে শূন্য, দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে যে, আমাদের কোনও চুক্তি জাপানি সংস্থা ও ই. সি. এফের সঙ্গে স্বাক্ষরিত হয়নি। একটা প্রস্তাব কেন্দ্রীয় সরকারের মাধ্যমে তাদের কাছে পাঠানো হয়েছে ওই জাপানি সংস্থার থেকে যাতে ঋণ পাওয়া যায় এই প্রকল্পের ক্ষেত্রে তারজন্য আমরা প্রস্তাব জমা দিয়েছি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে মাননীয় বিধায়ককে বলতে হচ্ছে সেখানে অর্থের যে হার ধরা হয়েছে তাতে ৩০ ভাগ কেন্দ্রীয় সরকার অজ্ঞাতসারে ঋণ হিসাবে রেখে দেবে। তবে যদি ওই ঋণের হার কম আসে তাহলে ৩০ শতাংশের বাকি যেটা দেনা তাতে সুদের হার ১০ শতাংশের বেশি বাড়িয়ে দেয়। আমরা প্রস্তাব একটা দিয়েছি কিন্তু চুক্তি স্বাক্ষর হয়নি।

শ্রী দিলীপ মজুমদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই এক গুচ্ছ প্রকল্প যে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে তাতে এই প্রকল্প মঞ্জুর করার ব্যাপারে বা অর্থ সাহায্যের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্য যথা গুজরাট বা মহারাষ্ট্রের ক্ষেত্রে যেমন অর্থ সাহায্য দিয়ে থাকে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সে রকম দেয় না এবং বিমাতৃসুলভ আচরণ করেন সেই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

[11-40 — 11-50 P.M.]

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ অন্য রাজ্যের উপর বক্তব্য রাখাটা হয়ত এখানে ঠিক হবে না। তবে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার, যে প্রকল্পগুলি একেবারে সাধারণ মানুষের সাথে যুক্ত হয়ে আছে, রাজনীতি নির্বিশেষে সকলেরই দরকার সেখানে বছরের পর বছর এই প্রকল্পগুলিকে আটকে রাখা হয়েছে। আমরা মনে করি সহযোগিতা না করার এটা একটা চূড়ান্ত নিদর্শন স্থাপন করে কেন্দ্রীয় সরকার। পশ্চিমবাংলার মানুষ এটা ভুলবে না।

অশোক মিত্র মহাশয়ের নেতৃত্বে শিক্ষা কমিশন গঠন

*৯১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬০) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অশোক মিত্র মহাশয়ের নেতৃত্বে যে শিক্ষা কমিশন গঠিত হয়েছে তা চালু না হওয়ার কারণ কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ কমিশন যথাসময়ে কাজ শুরু করেছে।

শ্রী সঞ্জীব দাস ঃ এই কমিশনের যখন কাজ শেষ করার কথা ছিল, ঠিক সেই সময়েই কি শেষ হবে, না সময়টা এক্সটেনশন হবে?

মিঃ স্পিকার ঃ এটাতো কমিশন বলবে, এটা উনি কি করে বলবেন।

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনি যদি অনুমতি দেন তাহলে আমি উত্তর দিতে পারি। কমিশন গঠন করার যে নোটিফিকেশন জারি করা হয় তারপর কমিশন কোথায় বসবে, সেই স্থান নির্দিষ্ট করতেই সময় লেগে যায়। তারপর ঠিক হয় কমিশন অ্যাসেম্বলিতে বসবে। কিন্তু সেখানে তাদের কাজ করতে অসুবিধা হওয়ায় কমিশনের অফিস রাণী পার্কে নিয়ে যাওয়া হয়। তারপর পূজার ছুটির পর তারা কাজ শুরু করেছে। কমিশন চিঠি দিয়ে জানিয়েছে, তাদের স্থান সঠিক সময়ে আমরা দিতে পারিনি বলে তাদের সময় বাড়িয়ে দেওয়া হোক। তারপর তাদের সময় সীমা বাড়িয়ে দেওয়া হয়। তারপর কমিশন চিঠি দিয়ে জানিয়েছে, যে তারা আশা করছেন যে সময় সীমার মধ্যেই তারা কাজ সম্পন্ন করতে পারবেন।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই শিক্ষা কমিশনের টার্মস অফ রেফারেন্স কি কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্যর অবগতির জন্য কমিশনের টার্মস অফ রেফারেন্স কি সেটা আমি বলছি।

Mr. Speaker : Terms of reference are published in the Gazette. It is a public document. Any one can see it. It is expected that the Hon'ble Member has read that. Therefore, the question is disallowed.

ডাঃ মোতাহার হোসেন ঃ বিধানসভার মাধ্যমে যদি এটা প্রশ্নের উত্তর হিসাবে দেওয়া হয় তাহলে অনেকে এটা জানতে পারবে। গেজেট নোটিফিকেশন তো সবাই জানতে পারে না।

মিঃ স্পিকার ঃ আপনি তো সিনিয়ার মেম্বার। সবাইকে জানানোর জন্যই তো কমিশন গঠন করা হয়। গেজেট নোটিফিকেশনে তো বলা আছে এটা কেন গঠন করা হয়েছে। আপনার এই প্রশ্ন হয় না।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, প্রাথমিক শিক্ষায় ইংরাজির কথা পূর্ণ বিবেচনা করা হচ্ছে কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ এই মাত্র অধ্যক্ষ মহাশয় বললেন যে এটা হচ্ছে পাবলিক প্রপার্টি, আপনি দেখে নেবেন। তাতে ওই রকমভাবে, নির্দিষ্টভাবে কিছু বলা হয়নি। কমিশনের বিচার্য বিষয় সমস্ত কিছুই তাদের উপর। সেখানে নির্দিষ্টভাবে কিছু বলা হয়নি।

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় মন্ত্রী মহাশয় আমার জিজ্ঞাস্য, যে কংগ্রেসের তরফ থেকে প্রশ্ন রাখা হয়েছে ডঃ অশোক মিত্র মহাশয়ের নেতৃত্বে যে কমিশন গঠিত হয়েছে তা চালু না হওয়ার কারণ কি? আমি আশ্চর্য হয়ে, যাচ্ছি, আমাদের যে এডুকেশন সাবজেক্ট কমিটি আছে তাতে মাননীয় সদস্য আছেন এবং এখানেও উপস্থিত আছেন। উনি উক্ত কমিটির সদস্য। তিনি সেই কমিশনের সামনে হাজিরও হয়েছিলেন। এটা চালু না হওয়ার কারণ কি? এই প্রশ্নের উত্তর কেন মাননীয় মন্ত্রী মহাশয় দিচ্ছেন?

মিঃ স্পিকার ঃ এটা কিন্তু সাপ্লিমেন্টারি হল না।

শ্রী নির্মলকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, ডঃ অশোক মিত্র কমিশনের কার্যপদ্ধতি চলছে। আমাদের রাজ্যের বিভিন্ন জেলাতেও যারা সাক্ষাৎ প্রার্থী অর্থাৎ যারা কমিশনের কাছে বক্তব্য বলতে চান তারা কি সুযোগ পাবেন? জেলাতেও কি সফর করবেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন যে, কমিশন যখন তৈরি হয় তারা তাদের নিজেরা কার্যপদ্ধতি ঠিক করেন এবং সেই ব্যাপারে আমাদের সঙ্গে কথাবার্তা বলে ঠিক করবার বিষয় নয়। কিন্তু তা সত্ত্বেও আমি মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই যে, তারা বিভিন্ন জেলাতেও সফর করবেন।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে কমিশনের রিপোর্ট দাখিল করবার জন্য যে সময় সীমা বেঁধে দেওয়া হয়েছিল সেই সময়টা বাড়ানো হয়েছে কি না?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কিছুটা ধরে আমাকে প্রশ্ন করেছেন। এটা কমিশনের যিনি চেয়ারম্যান তিনি উত্তর দিতে পারবেন। আমার পক্ষে সম্ভভ নয়। আমার কাছে এই রকম খবরও নেই যে, তারা কি ভাবছেন। আমার জানা নেই এবং আমার জানার কথাও নয়।

বে-সরকারি কলেজ শিক্ষকদের জন্য পেনশন চালু

*৯১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮৫) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন্ সালে বে-সরকারি কলেজ শিক্ষকদের জন্য প্রথম পেনশন প্রথা চালু করা হয় ;

(খ) উক্ত পেনশনের হার সরকারি কলেজ শিক্ষক/কর্মচারিদের অবসরকালীন ভাতার সাথে সমান ছিল কি না ;

(গ) এটা কি সত্যি যে, বর্তমানে এই রাজ্যে সরকারি কলেজ শিক্ষক/কর্মচারিদের সাথে বে-সরকারি কলেজ শিক্ষক/কর্মচারিদের অবসরকালীন ভাতা ((পেনশন, ডি.

আর., গ্র্যাচুইটি, ফ্যামিলি পেনশন ইত্যাদি) সংক্রান্ত বিষয়ে পার্থক্য রয়েছে ; এবং

(ঘ) সত্যি হলে, বর্তমানে বে-সরকারি কলেজ অধ্যাপক/কর্মচারিদের অবসরকালীন ভাতা সংক্রান্ত বৈষম্য দূর করার জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ

(ক) এপ্রিল, ১৯৭৪-তে।

(খ) না,

(গ) হ্যাঁ,

(ঘ) না।

[11-50 — 12-00 Noon]

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে সরকারি এবং বে-সরকারি কলেজের অবসরকালীন যে সুযোগ সুবিধা, পার্থক্যের কথা বলেছেন। এই পার্থক্যের কারণটা কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ বিভিন্ন কারণে সরকারি এবং বে-সরকারি কলেজের অধ্যাপকদের ক্ষেত্রে অবসরকালীন যে সুযোগ সুবিধা আছে—তাদের পার্থক্য আছে। এই পার্থক্য দূরীকরণের জন্য বে-সরকারি কলেজের অধ্যাপক সমিতি আলাপ আলোচনা করছেন। এই পার্থক্যগুলি বিভিন্ন কারণে ঘটেছে। বিভিন্ন সময়ে যখন বেতন ক্রমের পরিবর্তন করা হয়েছে এবং জানেন যে, ইউ. জি. সি. পে-স্কেল রিভাইসড হয়েছে। সেই সূত্র ধরে কিছু কিছু পার্থক্য ঘটে গেছে। যেমন ধরুন যেখানে সরকারি কলেজের অধ্যাপক যারা—তারা পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারিবৃন্দ, তারা যে সুযোগ-সুবিধা পান, বে-সরকারি কলেজের শিক্ষকরা পান না। এই নিয়ে সরকারের সঙ্গে আলাপ-আলোচনা চলছে। আমরা দেখছি কিছু করতে পারা যায় কিনা?

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মন্ত্রী মহাশয় আপনি বললেন যে, অধ্যাপক সমিতি তারা এই বিষয়টা পরস্পরের মধ্যে আলাপ-আলোচনা করছেন। আমি জানতে চাই আপনি এই দপ্তরের দায়িত্ব নেবার পর এই সম্পর্কে আপনি নিজে কোনও উদ্যোগ নিয়েছেন কিনা?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, আমি দায়িত্ব নেওয়ার পর আমি সমিতির সদস্যবৃন্দের সঙ্গে দীর্ঘ আলোচনা করি এবং আলোচনা করার পরে বিষয়গুলি নিয়ে বলি কিছু কিছু অসুবিধা আছে, আরও আলোচনা দরকার এবং একটা সুষ্ঠ মীমাংসায় আসা চাই। আগামী দিনের আলোচনা করে সেই পথে এগোবার চেষ্টা করছি।

শ্রী নির্মল দাস ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি রাজ্যে যে সমস্ত কলেজগুলোর শিক্ষা এবং শিক্ষাকর্মী অবসর নিয়েছেন, অবসরকালীন সুযোগ-সুবিধা দেওয়ার ক্ষেত্রে বেশ কিছু কলেজ নর্থ বেঙ্গলে—আলিপুরদুয়ারে দেরি হচ্ছে। এদের অবসরকালীন সুযোগ-সুবিধা দেওয়ার ব্যাপারে উচ্চশিক্ষামন্ত্রী কি কি ব্যবস্থা অবলম্বন করছেন?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ আমি মাননীয় সদস্যের সঙ্গে একমত, কিছু কিছু ক্ষেত্রে, সব ক্ষেত্রে নয়, খানিকট বিলম্ব হচ্ছে। তার অনেকগুলো কারণ আছে। এক, কলেজগুলি থেকে সময়মতো কাগজপত্র আসা। বিশেষ করে সেইসব অধ্যাপকের ক্ষেত্রে বিলম্ব হচ্ছে, যারা বিভিন্ন কলেজে কাজ করার ফলে বিভিন্ন কলেজের গভর্নিং বডির রেজুলেশন, বিভিন্ন জিনিস—এই সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করতে দেরি হয়। সাধারণত একই কলেজে যে অধ্যাপক কাজ করে অবসর গ্রহণ করেছেন তার ক্ষেত্রে অসুবিধা কম থাকে। সেগুলো দেখছি। আমি বসেছি, আলোচনা করছি। একথা ঠিক, অবসরগ্রহণের পরে পেনশন পেতে বিলম্ব হলে কষ্ট হয়। আমাদের যে পেনশন সেল আছে তার শক্তিবৃদ্ধি করা যায় কিনা সেটা দেখছি এবং বিশেষ করে আমি নিজে বলেছি অধ্যাপক সমিতিকে যদি কোনও ক্ষেত্রে খুব বেশি বিলম্ব হয়, প্রতিটি কেস যেন আমার কাছে দেওয়া হয়। আমি ব্যক্তিগত উদ্যোগ নিয়ে যাতে তারা তাড়াতাড়ি পান সেজন্য চেষ্টা করব। আপনি জানেন বিভিন্ন কারণে বিলম্ব হয়। আমরা চেষ্টা করছি আরও যাতে তাড়াতাড়ি আমরা অবসরকালীন সুযোগ-সুবিধা মিটিয়ে দিতে পারি।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি পেনশন সংক্রান্ত বিষয়ে আমাদের সরকার ঘোষণা করেছেন, স্কুলের শিক্ষকদের ক্ষেত্রে আছে, রিটায়ারের পরে পেনশনের কাগজ তৈরি করতে দেরি হতে পারে, সেক্ষেত্রে অ্যাফিডেভিট ফাইল করলে তাহলে তাকে অ্যাডহক পেনশন দেওয়া যেতে পারে। কলেজ শিক্ষকদের ক্ষেত্রেও অ্যাডহক পেনশন হুইচ ইজ অ্যাপলিকেবল ইন কেস অফ দি সেকেন্ডারি টিচারস আছে কিনা?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, আমাদের কলেজ শিক্ষকদের ক্ষেত্রে সংখ্যাটা খুব বড় নয় যেটা প্রাথমিক এবং মাধ্যমিকের ক্ষেত্রে। ফলে আমরা চেষ্টা করছি যারা অবসর নিয়েছেন তারা যাতে অবসরকালীন সুযোগ-সুবিধা সবটাই এক সঙ্গে পান। কিন্তু যদি দেখা যায় আমরা সেটা বিভিন্ন কারণে করতে পারছি না, পারব বলে বিশ্বাস করি, যদি না পারি তাহলে মাননীয় সদস্য যেটা বলছেন সেটা নিয়ে ভাবতে হবে। কিন্তু আমরা চেষ্টা করছি সবটাই যাতে আমরা অবসরের পরে দিয়ে দিতে পারি।

শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে উনি নিজে ইনিসিয়েটিভ নিয়ে আলোচনা করেছেন এবং কিছু কিছু অসুবিধা আছে যেটা উনি সলভ করে দেবেন। আমার প্রশ্ন হচ্ছে, অনারেবল মিনিস্টার ইলাবরেট করে বলবেন কি যে কি কি প্রবলেম বা কি কি অসুবিধা আছে?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্য আমাকে একটু বিপদে ফেললেন কারণ সল্‌ভ করে দেব একথা আমি বলি নি। আমি বলেছি, আমি চেষ্টা করব। তার কারণ, আলাপ-আলোচনা কোথায় গিয়ে দাঁড়াবে সেটা দেখতে হবে। অসুবিধা যেগুলি আছে যেমন প্রশ্নটা যেখানে গিয়ে দাঁড়াচ্ছে সেটা হচ্ছে অন্যান্য ক্ষেত্রে যেখানে শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬০ সেখানে আমাদের এখানে কলেজ অধ্যাপকদের ক্ষেত্রে যদিও তারা ৬০—এই অবসর গ্রহণ করেন কিন্তু রিএমপ্লয়মেন্ট ৬৫ বছর পর্যন্ত তাদের হয় যেটা ভারতবর্ষের আর কোনও

রাজ্যে নেই। কোথাও ৫৮ বছর বয়সে অবসর গ্রহণ করানো হয় এবং সমস্ত জায়গায় ৬০ বছর। শুধু দিল্লির ক্ষেত্রে বাদ দিলে যেহেতু তারা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত আছেন আর বাকি ভারতবর্ষের ক্ষেত্রে হচ্ছে ৫৮ এবং ৬০। আমাদের এখানে শিক্ষকরা অবসর গ্রহণের পর তারা রিএমপ্লয়মেন্ট পান এবং ৬৫ বছর পর্যন্ত আমাদের কলেজের অধ্যাপকরা কাজ করতে পারেন। সরকারি কলেজের ক্ষেত্রেও কিন্তু একই ব্যাপার। সেখানেও অধ্যাপকরা রিএমপ্লয়মেন্ট পান, ৬৫ বছর পর্যন্ত তারা কাজ করতে পারেন। শিক্ষকদের ক্ষেত্রে গোটা বিষয়টা আপনারা জানেন যে সরকার বিবেচনা করছেন। সেদিক থেকে নানান রকমের জিনিস আমাদের ভেবে দেখতে হচ্ছে। সেগুলি বিচার বিবেচনা করে একটা সুষ্ঠু মীমাংসায় আসার আমরা উদ্যোগ নিয়েছি। আমি আশা করছি যে এই কাজটা অব্যাহত থাকবে।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে সরকারি এবং বেসরকারি কলেজের অধ্যাপকদের পেনশনের ব্যাপারে ইউ. জি. সি-র পে স্কেলের কিছু ডিফারেন্স থাকার জন্য এবং বিভিন্ন ব্যাপারে জন্য হচ্ছে না। ইউ. জি. সি. বিভিন্ন বেসরকারি কলেজের পে স্কেল সংশোধন করেছেন। আমি নির্দিষ্টভাবে এ ব্যাপারে বিবেকানন্দ মহাবিদ্যালয়—বর্ধমানের—সেখানকার দুজন অধ্যাপক মহাশয়ের কথা বলছি। সেখানে তাদের উপর যে ইনজাসটিস হচ্ছে—পে স্কেল হবার পর এবং সমস্ত ডকুমেন্টস দপ্তরে দেখানো সত্ত্বেও এখনও পর্যন্ত তা সংশোধন হয়নি। এ ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং পত্রও দিয়েছিলাম। তাদের উপর যে ইনজাসটিস হচ্ছে এবং পে-স্কেল সংশোধন হওয়া সত্ত্বেও ইমপ্লিমেন্টেড হচ্ছে না—এটা কতদিনের মধ্যে আপনি ব্যবস্থা করতে পারবেন জানাবেন কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্য একটি নির্দিষ্ট বিষয়ে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন। এরকম অনেকগুলি বিষয় দপ্তর বিচার বিবেচনা করছেন। তবে তিনি ব্যক্তিগতভাবে এ বিষয়ে যদি আমার সঙ্গে আবার যোগাযোগ করেন বা আমাকে বলেন তাহলে এই দুটি বিষয় কোন পর্যায়ে আছে তা আমি জানিয়ে দিতে পারব।

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কোনও কলেজ অধ্যাপকের পেনশন যদি আটকে যায় এবং সে ব্যাপারে সমিতি যদি তাকে বলে তাহলে তিনি ব্যক্তিগত উদ্যোগ নিয়ে করবেন। এরজন্য আমি ব্যক্তিগতভাবে তাকে ধন্যবাদ জানাচ্ছি। আমার জিজ্ঞাস্য, এরকম কতগুলি কেস আপনার কাছে এসেছে যেটা সমিতি পাঠিয়েছে এবং আপনি উদ্যোগ নিয়ে করে দিয়েছেন জানাবেন কি?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় সদস্য একটা ভাল প্রশ্ন করেছেন এটা আমার তো একটা কাজ। মন্ত্রীকে দেখতে হয় যে আমাদের অধ্যাপকরা রিটায়ার করার পর যাতে অসুবিধায় না পড়ে বা অসুবিধা না হয়। এ ক্ষেত্রে ২/১ টি কেস এরকম এসেছে এবং আমি বলেছিও যে যদি খুব বিলম্ব হয়ে যায়—খুব কষ্টের মধ্যে আছেন, দুর্দশার মধ্যে আছেন সেগুলি আমি বলেছি যে আমি ব্যক্তিগত উদ্যোগ নিয়ে চেষ্টা করব যাতে সেগুলির অসুবিধা দূর করতে পারি। কিন্তু এই হাউসে যদি বলতে বলেন যে আমি কি করেছি, তাহলে বলব, আমি সেটা বলতে চাই না, আমি আলাদা করে আপনাকে বলব।

Mr. Speaker : Now question hour is own.

Starred Questions
(to which written answers were laid on the Table)

Financial Assistance to Medical Practitioners/Radiologists for purchase of Electro-Medical equipments

*921. (Admitted question No. *1436) **Dr. Tarun Adhikary :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the West Bengal State Financial Corporation has schemes for extending financial assistance to Medical Practitioners/Radiologists for the purchase of Electro-Medical equipment such as X-Ray, ECG and Ultrasonic machines and for setting up Small Hospital/Nursing Homes ;

(b) if so,

(i) the brief outlines of the terms and conditions under assistance is sanctioned under the above schemes ;

(ii) the response to such schemes during the last two years; and

(iii) the amount sanctioned so far for such schemes ?

Minister-in-charge of the Finance Department :

i) A) for setting up diagnostic centres/purchase of electro-medical equipments : the main promoter must be a medical practitioner including Ayurvedic doctor. If the promoter is not a medical practitioner as above, a medical practitioner should be associated with the unit in the relative field of activity;

The maximum debt-quity ratio permissible—3 : 1.

B) for setting up small hospitals/nursing homes the number of beds must not exceed 49, the main promoter must be registered medical practitioner, if he/she is not doctor, with a post-graduate degree, then one such doctor must be associated with the nursing Home on a full time basis. Maximum permissible debt equity ratio :

for project costs not exceeding Rs. 45.00 lakhs—3 : 1

for project cost exceeding Rs. 45.00 lakhs—2 : 1.

Financial Year	No. of units assisted	Total amount sanctioned. (Rs. lakh)
1989-90	12	116.79
1990-91	18	357.00

The amount Sanctioned in the last 5 years is as follows :

Financial Year	No. of units assisted	Total amount sanctioned. (Rs. lakh)
1987-88	15	93.00
1988-89	16	311.11
1989-90	12	116.79
1990-91	18	357.00
1991-92	9	142.40

চর্মশিল্পীদের কল্যাণে সরকারি পদক্ষেপ

*৯২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮১৪) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গের চর্মশিল্পীদের কল্যাণের জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

চর্মশিল্পীদের কল্যাণের জন্য রাজ্য সরকার বিভিন্ন চর্মশিল্পজাত দ্রব্যাদি তৈরির ব্যাপারে প্রশিক্ষণ ও সহায়ক কেন্দ্রের মাধ্যমে এই শিল্পে নিযুক্ত কারিগর ও উদ্যোক্তাদের সাহায্য করে থাকেন, যেমন ঃ—

(১) রাজ্য চর্মশিল্প নিগমের 'চর্মজ' বিপণন কেন্দ্রের মাধ্যমে চর্মশিল্পীদের উৎপন্ন নানা দ্রব্যাদি বিপণনের ব্যবস্থা করা হয় ;

(২) রাজ্য চর্ম শিল্প নিগমের অধীনে কমন ফেসিলিটি সেন্টারের মাধ্যমে ছোট ছোট ব্যবসায়ীরা সরকার নির্ধারিত সার্ভিসিং চার্জের বিনিময়ে নানা ধরণের বহির্দেশীয় ও আন্তর্দেশীয় ট্যানারি মেশিনের ব্যবহারিক কারিগরী সাহায্য লাভ করেন ;

(৩) রাজ্যের বিভিন্ন স্থানে রাজ্য চর্মশিল্পের নিগম প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করে চর্মশিল্পীদের নানা ধরণের চর্মজাত দ্রব্যাদি প্রস্তুতির প্রশিক্ষণ দেয় ;

(৪) কলকাতায় অবস্থিত 'মডেল সার্ভিসিং কর ফুটওয়ার'-এর মাধ্যমে বিভিন্ন চর্মজাত দ্রব্যাদি প্রস্তুতের জন্য কারিগরি সহয়াতা প্রদান ;

(৫) মহিলা প্রশিক্ষণ ও সহায়ক কেন্দ্রের মাধ্যমে সৌখিন চর্মশিল্পজাত দ্রব্যাদির প্রস্তুতের জন্য কারিগরি সাহায্য প্রদান ;

(৬) বজবজে চর্মজাত দ্রব্যাদি তৈরির ব্যাপারে প্রশিক্ষণের উদ্দেশ্যে একটি অত্যাধুনিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হচ্ছে।

সপ্তম যোজনায় রাজ্যের বিভিন্ন প্রকল্পের জন্য কেন্দ্রীয় অনুদান

*৯২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮৭) **শ্রী অজয় দে** ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সপ্তম যোজনায় কেন্দ্রীয় সরকার কোন কোন প্রকল্পের জন্য কত টাকা দিয়েছেন ;

(খ) ঐ সব প্রকল্পে কত টাকা খরচ হয়েছে ; এবং

(গ) (১) তার পরিমাণ কত ও

(২) খরচ না করার কারণ কি?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) রাজ্য যোজনার জন্য কেন্দ্রীয় সরকার প্রকল্পভিত্তিক সাহায্য দেন না ; সপ্তম যোজনায়ও সে রকমভাবে দেন নি। রাজ্যের সপ্তম যোজনার জন্য কেন্দ্রীয় সরকার মোট সাহায্য দিয়েছেন ১২৬৭.৯৭ কোটি টাকা। রাজ্যের সপ্তম যোজনায় মোট ব্যয় হয়েছে ৪৩৪৭.৫১ কোটি টাকা।

(খ) সপ্তম যোজনার পরিকল্পনাখাতে মোট অনুমোদিত যোজনা বরাদ্দ ছিলো ৪১২৫ কোটি টাকা। ঐ পরিকল্পনার সময়ে প্ল্যান বাদ মোট খরচ হয়েছে ৪৩৪৭.৫১ কোটি টাকা।

(গ) প্রশ্ন ওঠে না।

১৯৮৮-৮৯, ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ আর্থিক বছরগুলিতে বে-সরকারি কলেজের ছাত্র-বেতনের ৫০ শতাংশ হিসাবে সরকারি আয়

*৯২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৮) **শ্রী বিদ্যুতকুমার দাস** ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৮৮-৮৯, ১৯৮৯-৯০ ও ১৯৯০-৯১ আর্থিক বছরগুলিতে রাজ্যের সমস্ত বে-সরকারি কলেজের ছাত্র-বেতনের ৫০ শতাংশ হিসাবে মোট কত টাকা সরকারি কোষাগারে জমা পড়েছে

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৮৮-৮৯, ১৯৮৯-৯০ ও ১৯৯০-৯১ আর্থিক বছরে যথাক্রমে ১,১৫,৮৩,৪০০, ১,২০৬০,৪২৪ ও ১,২৪,৪৩,৭৬০ টাকা জমা পড়েছে।

১৯৯২-৯৩ আর্থিক বছরে নতুন কর্মসংস্থান

***৯২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫৩) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্য যে, রাজ্য সরকার ১৯৯২-৯৩ আর্থিক বছরে নুন্যতম পাঁচ লক্ষ নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কর্মসংস্থানের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ ; কর্মসংস্থান প্রকল্প এবং উৎপাদন ক্ষেত্রে উদ্যোগ সৃষ্টির মাধ্যমে ১৯৯২-৯৩ আর্থিক বছরে ন্যূনতম পাঁচ লক্ষ কর্মসংস্থান সম্ভাবনার ব্যবস্থা রাজ্য সরকার করছেন।

(খ) লক্ষ্য পূরণের জন্য বিশেষভাবে স্বনিযুক্তি প্রকল্পগুলির উন্নতি ঘটাতে সরকার পঁচাত্তর কোটি টাকা অনুদানের ব্যবস্থা করেছেন এবং ব্যাঙ্ক অথবা অন্যান্য আর্থিক সংস্থা থেকে প্রয়োজনীয় মূলধন সংগ্রহের জন্য এই প্রকল্পগুলি মঞ্জুর করার ব্যবস্থা করা হয়েছে।

রাজ্যের মন্ত্রীদের দেশে এবং বিদেশে ভ্রমণ বাবদ ব্যয়

***৯২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৭) **শ্রী মনোহর তিরকি ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ আর্থিক বছরের (জানুয়ারি '৯২ পর্যন্ত) রাজ্যের মন্ত্রীদের দেশে এবং বিদেশে ভ্রমণ বাবদ কত টাকা খরচ হয়েছে?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৯০-৯১ আর্থিক বছরে খরচ হয়েছে—

দেশ ভ্রমণ বাবদ—টাকা ১০,৫৫,২২০.০০

এবং বিদেশ ভ্রমণ বাবাদ—টাকা ৮৩, ১২৮.০০

১৯৯১-৯২ (জানুয়ারি পর্যন্ত) আর্থিক বছরে খরচ হয়েছে——

দেশ ভ্রমণ বাবদ—টাকা ১০,৭৬,০১৯.০০

এবং বিদেশ ভ্রমণ বাবদ—টাকা ১,২২,২৭৬.০০।

স্ট্যাম্প ভেণ্ডারদের ন্যূনতম আয়

***৯২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩৫) **শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে স্ট্যাম্প ভেণ্ডারদের ন্যূনতম আয় সরকার কর্তৃক নির্দিষ্ট আছে কি না ; এবং

(খ) থাকলে, তার পরিমাণ কত (জেলাওয়ারী)?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না

(খ) প্রশ্ন ওঠে না।

দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী সেচ প্রকল্প

*৯২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৯) **শ্রী আবদুল মান্নান ঃ** গত ২১শে আগস্ট, ১৯৯১ তারিখের তারকিত প্রশ্ন নং ৩৮৯ (অনুমোদিত প্রশ্ন নং *২৬১)-এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া ও পুরুলিয়া জেলার সেচ ব্যবস্থার উন্নতির জন্য দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী সেচ প্রকল্পটির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(১) দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী সেচ প্রকল্প দ্বারা পুরুলিয়া জেলার উপকৃত হইবার কোন ব্যবস্থা নাই।

(২) কেন্দ্রীয় জল নিগমের নির্দেশ অনুসারে এই সেচ প্রকল্পের সংশোধিত রিপোর্ট তৈরির জন্য যাবতীয় অনুসন্ধানের কাজ শেষ হইয়াছে।

(৩) সংশোধিত রিপোর্ট তৈরি করে কেন্দ্রীয় জল নিগমের কাছে পাঠাইতে হইবে।

১৯৯১-৯২ আর্থিক বছরে রাজ্য-লটারি থেকে সরকারের আয়

*৯৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৮) **শ্রী শিব প্রসাদ মালিক ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে কতবার লটারি হয়েছে ; এবং

(খ) উক্ত লটারি থেকে উল্লিখিত আর্থিক বছরে সরকারের আয়ের পরিমাণ কত ছিল?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ঐ সময়ে পশ্চিমবঙ্গ রাজ্য লটারি মোট ১০১টি লটারি খেলা করেছেন।

(খ) ১৯৯১-৯২ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গ রাজ্য লটারি থেকে রাজ্য সরকারের আয়ের পরিমাণ—৩,৬৯,৬১,৭৫০.০০ টাকা।

১৯৯১-৯২ আর্থিক বছরে পুরুলিয়া জেলায় শুল্ক বাবদ আয়

*৯৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮১৩) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত পুরুলিয়া জেলায় আবগারি শুল্ক বাবদ কত পরিমাণ অর্থ সংগৃহিত হয়েছে ; এবং

(খ) উক্ত জেলায় নুতন দেশি মদের দোকান খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত পুরুলিয়া জেলায় সংগৃহীত আবগারি শুল্কের পরিমাণের ২ কোটি ৪ লাখ ১৮ হাজার টাকা।

(খ) ১৯৯২-৯৩ সালে পুরুলিয়া জেলায় ১২টি নতুন দেশি মদের দোকান খোলার প্রস্তাব জেলা কর্তৃপক্ষ পাঠিয়েছেন। এই ব্যাপারে কোনও সরকারি সিদ্ধান্ত এখনও নেওয়া হয়নি।

১৯৯১-৯২ আর্থিক বছরে বাঁকুড়া, পুরুলিয়া ও হুগলি জেলায় নিবন্ধভুক্ত কুটির ও ক্ষুদ্র শিল্পের সংখ্যা

*৯৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬২) **শ্রী আব্দুল মান্নান ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে বাঁকুড়া, পুরুলিয়া ও হুগলি জেলাতে নিবন্ধভুক্ত কুটির ও ক্ষুদ্র শিল্পের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত আর্থিক বছরে উল্লিখিত জেলাগুলিতে কতজন যুবক-যুবতীর কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বাঁকুড়ায় ১৫৪ টি
পুরুলিয়ায় ৬৭ টি
এবং হুগলিতে ১১১ টি

(খ) ক-এ উল্লেখিত জেলাগুলিতে
বাঁকুড়ায় ৮৫৭ জনের
পুরুলিয়ায় ৬৯৪ জনের
এবং হুগলিতে ৭৯০ জনের কর্মসংস্থান হয়েছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received one notice of Adjournment Motion from Shri Shobhan Deb Chattopadhyay. But I find that he is not in the House and as such it is not read.

CALLING ATTENTION

Mr. Speaker: I have received five notices of Calling Attention, namely :

1. Alleged death of 24 persons due to outbreak of Maleria in Dooars areas : Shri Nirmal Das
2. Alleged mismanagement at Walshaw Hospital of Srerampur in Hooghly district : Shri Abdul Mannan
3. Reported handling over of Coke Oven Plant of DPL to Birla : Shri Lakshman Seth
4. Reported bus accident near Dehradun resulting in death of a number of tourists from West Bengal : Shri Subhas Goswami
5. Reported accident on the Bensberia Wooden Bridge at Karimpur, Nadia resulting in grievances among the local people : Shri Chittaranjan Biswas

I have selected the notice of Shri Subhas Goswami on the subject of Reported bus accident near Dehradun resulting in death of a number of tourists from West Bengal. The Minister-in-Charge may please make a statment to-day, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha: The statement will be made on 18th June, 1992.

PRESENTATION OF REPORT

The Fifth Report of the Committee on Public Accounts, 1991-92

Shri Subhas Goswami: Sir, with your kind permission I beg to present the Fifth Report of the Committee on Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1981-82 and 1983-84 (Civil) relating to the irrigation and Waterways Department.

LAYING OF PAPER

Laying of a booklet regarding a package proposal Containing all aspects of refugee rehabilitation.

Shri Prabodh Chandra Sinha: Sir, with your kind permission I beg to lay a booklet regarding a package proposal containing all the aspects of refugee rehabilitation in this State submitted to the Government of India.

ZERO HOUR

[12-00 — 12-10 P.M.]

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, জোড়াসাঁকোর ঠাকুর বাড়িতে যে সংগ্রহশালা আছে এবং যেটা মিউজিয়াম হিসাবে রক্ষিত হচ্ছে, তাঁর পাণ্ডুলিপি এবং চিত্রসমূহ, তা ঠিক ভাবে রক্ষিত হচ্ছে না, যেগুলো আমাদের সংস্কৃতির ক্ষেত্রে একটা জাতীয় গুরুত্বপূর্ণ মূল্যবান বিষয় হয়ে রয়েছে, যদিও আমরা জানি সেখানকার কেয়ারটেকার এবং অন্যান্য অফিসার যাঁরা আছেন, তাঁরা আন্তরিকভাবে চেষ্টা করছেন, সেইগুলোকে রক্ষা করার জন্য। কিন্তু আজকালকার অত্যাধুনিক, বৈজ্ঞানিক যে সমস্ত পদ্ধতি আছে, যে পদ্ধতি অন্যান্য প্রথম শ্রেণীর মিউজিয়ামে গ্রহণ করা হয়, কবিগুরু রবীন্দ্রনাথের শিল্পকর্মকে সেভাবে রক্ষা করা হচ্ছে না। যদিও সেখানে আন্তরিকভাবে রক্ষা করার চেষ্টা করা হয়েছে। সেইজন্য সভার কাছে দৃষ্টি আকর্ষণ করছি, সংস্কৃতি দপ্তরের মন্ত্রী এবং উচ্চশিক্ষামন্ত্রী এখানে আছেন, তারা কেন্দ্রের সংস্কৃতি দপ্তরের সঙ্গে যুক্তভাবে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যৌথভাবে জোড়াসাঁকোর ঠাকুরবাড়ির সংগ্রহশালাকে অত্যাধুনিক, বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করে যাতে রক্ষা করা হয়, তার ব্যবস্থা করুন। এটা শুধু জাতীয় গুরুত্বপূর্ণ সংগ্রহশালা নয়, এটা আন্তর্জাতিক ক্ষেত্রে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। সেইজন্য আমি এই দাবি উপস্থিত করছি।

শ্রী নির্মল দাস ঃ স্যার, জলপাইগুড়ি জেলার ডুয়ার্স এলাকায় গত দু-মাস যাবত ব্যাপক ম্যালেরিয়া দেখা দিয়েছে। সেখানে প্রতিষেধক ব্যবস্থা হিসাবে ডি. ডি. টি. স্প্রে মে মাসে করার কথা ছিল। কিন্তু তা হচ্ছে না। ইতিমধ্যে ম্যালেরিয়াতে ২৪ জন মারা গেছেন। স্বাস্থ্য দপ্তরের অফিসাররা বলছেন আর্থিক কারণে ডি. ডি. টি. স্প্রে করতে পারছেন না। এখানে ডঃ দাশগুপ্ত আছেন, উনাকে বলছি স্বাস্থ্য দপ্তরের ম্যালেরিয়া সংক্রান্ত ব্যাপারে, ডি. ডি. টি. স্প্রে করা এবং অন্যান্য ওষুধপত্র সাপ্লাই করার ব্যাপারে কি কি ব্যবস্থা নিচ্ছেন সভাকে তিনি অবগত করুন। কারণ ইতিমধ্যে সেখানে ২৪ জনের মৃত্যু হয়েছে ম্যালেরিয়ায়। ওখানকার মানুষ আতঙ্কগ্রস্ত। এই গুরুত্বপূর্ণ বিষয়ে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গে 'অলচিকি' হরফের মাধ্যমে সাঁওতালি ভাষায় সাঁওতালি ছাত্র-ছাত্রীদের শিক্ষালাভের অধিকারকে বামফ্রন্ট সরকার স্বীকৃতি দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও আদিবাসি অধ্যুষিত এলাকার বিদ্যালয়গুলিতে 'অলচিকি' হরফে লেখা সাঁওতালি ভাষা শিক্ষার বই সঠিকভাবে বিলি করা হচ্ছে না। এমন জিনিসও দেখা যাচ্ছে যে সব বিদ্যালয়ে আদিবাসী ছাত্র-ছাত্রী নেই সেসব বিদ্যালয়ে সাঁওতালি ভাষার বই পৌঁছে দেওয়া হচ্ছে, অথচ যেখানে প্রয়োজন সেখানে দেওয়া হচ্ছে না। যে সব এলাকায় আদিবাসীরা বাস করে এবং সাঁওতালি ভাষা শিক্ষা যে সব এলাকার বিদ্যালয়গুলিতে নিয়মিত হয় সেসব এলাকার, সেসব বিদ্যালয়গুলিতে সঠিক সংখ্যায় নির্দিষ্টভাবে, উপযুক্ত সময়ে যাতে অলচিকি হরফের সাঁওতালি ভাষা শিক্ষার বই বিতরণ করা হয় তার জন্য আমি দাবি রাখছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার, স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন তিন বিঘা নিয়ে গোটা রাজ্য জুড়ে কিছু রাজনৈতিক উত্তেজনা তৈরি হয়েছে। সাম্প্রদায়িক দল ভারতীয় জনতা পার্টি এই বিষয়টিকে কেন্দ্র করে সাম্প্রদায়িক রাজনীতি করছে এবং সাম্প্রদায়িকতার জায়গায় মানুষকে সরাসরি আনতে চেষ্টা করছে। তিন বিঘা হস্তান্তরের বিষয়ে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্যার, আপনি জানেন কিছু দিন আগে কলকাতায় যে সর্বদলীয় মিটিং তিনবিঘা নিয়ে অনুষ্ঠিত হয় সেখানে কেন্দ্রীয় সরকারের দু'জন মন্ত্রী উপস্থিত ছিলেন। রাজ্য সরকার তিন বিঘা ইস্যুকে সহানুভূতির সঙ্গে বিবেচনা করার জন্য মানুষের কাছে আবেদন জানিয়েছিল। স্যার, আমাদের এটা জানা আছে যে, এর আগে আমাদের বিরোধী দলের ডেপুটি লিডার সত্য বাপুলি মহাশয় এই বিধানসভায় দাঁড়িয়ে তিনবিঘা ইস্যুতে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তকে তাঁদের দলের পক্ষ থেকে পূর্ণ সমর্থন জানিয়েছিলেন এবং রাজ্য সরকারের মতামতকেও সমর্থন জানিয়েছিলেন। অথচ আমরা কিছু দিন ধরেই দেখছি কেন্দ্রীয় সরকারের মানবসম্পদ দপ্তরের জনৈকা রাষ্ট্রমন্ত্রী তিন বিঘা ইস্যু নিয়ে কিছু বিভ্রান্তিকর কথা বলছেন। ফলে তিনি গোটা পৃথিবীর সামনে আমাদের কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের মর্যাদাকে যথেষ্ট হানি করছেন। আমি আপনার মাধ্যমে এই আশংকাই ব্যক্ত করতে চাই। তিন বিঘার মত আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের একজন মন্ত্রী যে বিবৃতি দিচ্ছেন তাতে ভারতীয় জনতা পার্টির হাত শক্তিশালি হতে পারে, কিন্তু তাতে আমাদের দেশের, কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের কোনও উপকার হবে না। যেখানেই জল ঘোলা দেখবেন সেখানেই গিয়ে মাছ ধরার অভ্যাস একজন রাজনৈতিক নেতার সাজে, কিন্তু একজন কেন্দ্রীয় মন্ত্রীর সাজে না। এ রকম ঘোলা মাছ ধরতে গিয়ে ব্যক্তিগতভাবে উনি শুধু গায়ে কাদাই লাগাবেন। তা লাগুক, কিন্তু গোটা পৃথিবীর সামনে আমাদের দেশের মর্যাদাকে উনি ছোট করছেন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে বাংলাদেশ সরকারের আলোচনার ভিত্তিতে তিন বিঘার বিষয়ে যা নির্দিষ্ট হয়েছে তার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার একজন রাষ্ট্রমন্ত্রী প্রকাশ্যে হুংকার ছাড়লেন, "আমি তিন বিঘায় যাব, মানুষের কথা শুনব।" তিনি একবারও আমাদের কেন্দ্রীয় সরকারের সঙ্গে বাংলাদেশ সরকারের যে কথা হয়েছে সে বিষয়ে ভাবছেন না। তিনি ভাবছেন না যে, তাঁরও দায়িত্ব ভারত সরকারের মর্যাদা রক্ষা করা। জনস্বার্থ বিরোধী আচরণ করা উচিত নয়। যাঁরা রাজনীতি করেন তাঁরা যে কোন জায়গায় যে কোনও রাজনৈতিক প্ল্যাটফর্মে হাজির হতে পারেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের মন্ত্রিসভায় থেকে এ রকম আচরণ করাটা খুবই বিপজ্জনক। তাই আমি বিষয়টির প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। এ বিষয়ে আমাদের সভার ঐক্যবদ্ধ অভিমত আছে। সেই ঐক্যবদ্ধ অভিমতের পরেও এই রকম হঠকারিতা, এই রকম রাজনৈতিক মুনাফা লোটার প্রচেষ্টা রাষ্ট্রচিন্তা বিরোধী কাজ। আমি অবশ্যই এর বিরোধিতা করছি এবং আমাদের বিরোধী দলের সদস্যদের কাছেও বিরোধিতা করার জন্য আবেদন রাখছি।

[12-10 — 1-00 P.M.](including adjournment)

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার বিভিন্ন কর্ম সংস্থান কেন্দ্র এমপ্লয়মেন্ট

এক্সচেঞ্জ থেকে ১৩৮০ জনের পরীক্ষা নেওয়া হয়েছিল। ডি. আই. এবং এল. আর. ইন্সপেক্টর হিসাবে। কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকে ১৩৮০ জনের পরীক্ষা হল, সেই পরীক্ষার পর আমরা দেখতে পেলাম ইন্সপেক্টর পদের জন্য ৭৫ জন উত্তীর্ণ হয়েছিল এবং সেই ৭৫ জনের নাম লিস্টে টাঙিয়ে দেওয়া হয়েছিল। নদীয়া কালেকটারেটে। ৭৫ জন প্রার্থী যোগ্যতার সঙ্গে উত্তীর্ণ হল অথচ আজ পর্যন্ত কোন নিয়োগ পত্র দেওয়া হল না। নদীয়ার বিভিন্ন ব্লকে খাজনা আদায়ের জন্য ইন্সপেক্টর অফিস খোলা হয়েছে এবং তার ভাড়া সরকার গুণছেন, কিন্তু সরকারি কোনও নিয়ম না থাকায় কোনও কাজ সেখানে হচ্ছে না অথচ অফিসে ভাড়া দেওয়া হচ্ছে। সবচেয়ে মজার কথা যে কোনও সরকারি খাজনা আদায় হচ্ছে না, গ্রামের লোকেরা খাজনা দিতে পারছেন না। সরকারি অর্থ অপচয় হচ্ছে, লোক গ্রাম থেকে শহরে আসছে আবার ফিরে চলে যাচ্ছে। অথচ এদের নিয়োগ পত্র দেওয়া হচ্ছে না, এই গাফিলতির জন্য আমি মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রী রয়েছেন, ১৩৮০ জনের পরীক্ষা নেওয়া হল, রেজাল্ট বেরোল, নিয়োগপত্র পাওয়া যাচ্ছে না। আমি মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রীর কাছে আবেদন করছি যে সরকারি নির্দেশে পরীক্ষার পর চাকরি দেওয়া হবে বলা হয়েছিল আজ পর্যন্ত তা হল না, অফিস খোলা হয়েছে ভাড়া গোণা হচেছ অথচ সেখানে নো ম্যানস ল্যাণ্ড হয়ে গেছে। এদের অবিলম্বে নিয়োগপত্র দেওয়া হোক, এবং সরকারি খাজনা আদায়ের চেষ্টা করা হোক। গ্রামের লোকেরা বাসে কিংবা সাইকেলে শহরে আসে, অথচ শহরের অফিস থেকে বলা হয় যে গ্রামের, পঞ্চায়েতের ব্যাপার, খাজনা নেওয়া হবে না। তাই এই ছেলেগুলিকে অবিলম্বে নিয়োগপত্র দেবার জন্য আমি মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রীকে অনুরোধ করছি।

(At this Stage the House was adjourned till 1-00 P.M.)

LEGISLATION

[1-00 — 1-10 P.M.] (After recess)

(ii) The West Bengal Panchayat (Amendment) Bill, 1992, as reported by the Select Committee

The motion for consideration of the Bill was moved by the Minister-in-charge of Panchayat Department.

The following Members took part in the debate :

(1) Dr. Zainal Abedin.

(2) Shri Samar Baora,

(3) Shri Atish Chandra Sinha,

(4) Shri Sailendra Nath Mondal,

(5) Shri Subhas Goswami,

(6) Shri Sailaja Kumar Das,

(7) Shri Saktiprasad Bal,

(8) Shri Deba Prasad Sarkar,

(9) Shri Sanjib Kumar Das,

(10) Shri Sibdas Mukherjee,

(11) Shri Trilochan Das, and

(12) Shri Sunil Kumar Ghosh.

The Minister-in-charge of Panchayat Department replied.

The motion for consideration of the Bill was adopted and clause by clause consideration was taken up.

Clauses 1, 2, 3 (as amended), 4, 5, 6, 7, 8, (as amended), 9, 10, 11, 12, 13, 14, 15 (as amended), 16, 17 (as amended), 18, 19 (as amended), 20 (as amended), 21, 22 (as amended), 23, 24, 25, 26, 27, 28 (as amended), 29 (as amended), 30, 31 32, 33, 34, 35, 36 and the Preamble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed was moved by the Minister-in-charge of Panchayat Department

The motion was adopted.

Shri Prasanta Kumar Sur : Day before yesterday, I laid a booklet regarding a package proposal for refugee rehabilitation in West Bengal submitted to the Government of India and Hon'ble Members. They discussed and they proposed that an All-Party Delegation should meet the Prime Minister to impress upon this very issue.

Mr. Speaker : That has been laid on the table by Shri Prabodh Chandra Sinha. But Hon'ble Chief Whip of the opposition, Mr. Gyan Singh Sohanpal raised a pertinent question here yesterday, i.e., what is the relevancy of the deligation now going to meet the Prime Minister because already a deligation met the Minister concern, Ms. Shila Kaul. And it appears that after the meeting of the Minister, in this short period if another deligation goes, no fruitful purpose would be served. Mr. Gyan Singh Sohanpal, about which you speak me yesterday.

Shri Gyan Singh Sohanpal : I have already expressed my views.

Mr. Speaker : I think, no fruitful purpose would be served it within a short period another deligation goes.

Shri Prasanta Kumar Sur : I appeal to the Chief Whip of the opposition. The point is that the problems of refugees in West Bengal, were never dealt with. It was only one issue, the development of the colonies, about which the All-Party Deligation met Madam Shila Kaul. But our point is that this is a very serious problem, fourty four years

have been passed and we are now going to submit a proposal of 1,711 crores of rupees. It is none else but the Prime Minister can intervene. As my friend, I do not see him, Mr. Subrata Mukherjee, also there—told very emphatically Ms. Shila Kaul and they were astonished to know that they did not even approach the Finance Commission. They did not approach the Planning Commission, to none they approched about these problems. This is a problem hanging on for fourty four years. Now, it is for all of us to move. We should really move together and impress upon the Prime Minister to make it. There are two delegations but one is to the Prime Minister to whom we really want to impress upon this issue and the other is to Ms. Shila Kaul. I think the Opposition should agree to this.

Shri Gyan Singh Sohanpal : I fully agree with the Hon'ble Health Minister that the problem of refugee is a serious problem. You are aware recently a deligation from this House met the Minister-in-charge and submitted a memorandum which has also been reported the other day.

We do not object to meet the Prime Minister if a solution could be found. What we have submitted the other day was that only a few days back we have met the Minister-in-Charge and hardly fifteen days or one month have passed, and in the meantime if we meet the Prime Minister, perhaps no fruitful result could be achieved.

Anyhow, when the Hon'ble Minister for Health is suggesting, I would state, Sir, that let us discuss this issue outside the House with the Opposition and the ruling party and then come to the House with their concrete proposal at a later date.

Mr. Speaker : So we keep it—about the delegation—in abeyance at the moment; we are keeping it. Mr. Sur, we are not giving effect to the delegation for the present moment. Let them come up with the fresh proposal and then we consider that at that point of time.

Shri Prasanta Kumar Sur : You see, Sir, my colleague wants to refer to something.

Shri Santi Ranjan Ghatak : Just now the Rehabilitation of Industries was set up for rehabilitation of the refugees from that part of Bengal. They have their wages. Payments of wages of the workers and the employees have been stopped by the Government of India. So, I think this is also a very important thing and this should be mentioned and should be brought to the notice of Prime Minister.

Mr. Speaker : That is, if the delegation does go, if we decide to have an All-party consensus. I can't send a delegation without all-

party consensus. You can take it at the government level. You are free to do that. But if the delegation of the House goes, it would be an 'all-party consensus.'

Yes Mr. Rabindranath Mondal.

[1-00 — 1-10 P.M.]

শ্রী রবীন্দ্র মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য দপ্তরের বাজেট। এখানে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী উপস্থিত আছেন। আমি আপনার মাধ্যমে তার প্রতি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে আমরা বিব্রত অবস্থায় আছি। আজকে প্রায় ২।। বছর আগে রাজারহাট এলাকায় শিশু ও মাতৃসদনের জন্য ৩৯টা ঘর বিশিষ্ট একটা ৪ তলা বাড়ি সুকুমার রায় স্বাস্থ্য দপ্তরকে দিতে চেয়েছিল, যার আনুমানিক মূল্য এক কোটি টাকার মতো। মন্ত্রীর স্বদিচ্ছা আছে, কিন্তু দুর্ভাগ্যজনক বিষয় হচ্ছে, স্বাস্থ্য দপ্তরের কিছু অফিসার তারা আমাদের বামফ্রন্ট সরকারের নীতিগুলি ঠিকমতো রূপায়িত করতে পারছে না, মনে হচ্ছে অসুবিধার সৃষ্টি হচ্ছে। আমরা মানুষের কাছে প্রতিশ্রুতি বদ্ধ। ভাড়াটা স্বাস্থ্য দপ্তর নিচ্ছে না, কিছু করতে পারছে না, অহেতুক এটাকে ঝুলিয়ে রাখা হয়েছে। আজকে মন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি তার কাছে জিজ্ঞাসা করছি যে আপনি নিতে পারবেন কিনা, যদি না নিতে পারেন তাহলে অন্য কাউকে দেওয়া যেতে পারে? এটা নিয়ে একটা মেটারনিটি-কাম-চাইল্ড কেয়ার করার প্রস্তাব ছিল। এখানে মন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, আমি তার কাছে অনুরোধ করব যে এই বিষয়ে আমাদের কাছে আলোকপাত করা হোক।

[1-10 — 1-20 P.M.]

শ্রী প্রশান্তকুমার শূর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক যেটা বললেন সেটা সত্যি। আমাদের দপ্তরের তরফ থেকে আমাদের প্রচেষ্টার কোনও অভাব নেই। আমি সি. এম. ও. এইচ-কে বলেছি তার সমস্ত দলিল-টলিল দেখুন, তার কি রাইটস আছে, সেখানে কি অ্যাসেটস আছে তার সমস্ত কিছু দেখুন। আমরা চেষ্টা করছি যত তড়িৎ গতিতে এটা অধিগ্রহণ করতে পারি। আমি নিজে সি. এম. ও. এইচ-কে টেলিফোন করে বলেছি যে দপ্তরের তরফ থেকে যেটা জানতে চেয়েছে সেটা সত্ত্বর জানান। আমি দুঃখিত যে একটা সময় লাগল। নিশ্চয়ই যে অফার আমাদের এসেছে সেটা আমরা গ্রহণ করব।

VOTING ON DEMAND FOR GRANTS DEMAND NO. 32, 33 & 39

Mr. Speaker : There are 8 cut motions to Demand No. 32 which are in order and taken as moved.

Shri Abdul Mannan, Shri Deba Prasad Sarkar, Shri Saugata Roy : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Mr. Speaker : There is one cut motion to Demand No. 33 which is in order and taken as moved.

Shri Saugata Roy : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Mr. Speaker : There are two cut motions to Demand No. 34 which is in order and taken as moved.

Shri Abdul Mannan, Shri Saugata Roy : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মাহশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দ্বারা পেশ করা স্বাস্থ্য দপ্তরের বাজেটের উপর বিতর্কে অংশগ্রহণ করে আমি যেটা অনুভব করছি সেটা হল এই সরকারের স্বাস্থ্য দপ্তর সম্পূর্ণ একটা অস্বাস্থ্যকর পরিবেশের স্বীকার হয়েছে। এখানে মানুষের রোগের, মানুষের যন্ত্রণার, মানুষের চিকিৎসা ব্যবস্থার যে সুযোগ-সুবিধা তা সার্বিকভাবে এমন একটা জায়গায় গিয়ে পৌচেছে যেখানে স্বাস্থ্য দপ্তরের প্রধান মাননীয় মন্ত্রী মহাশয় নিজে প্রকাশ্যে কখনও সংবাদপত্রে, কখনও সভায়, কখনও বিভাগীয় প্রধানদের বৈঠকে তার ক্ষোভের কথা, তার বিরক্তি উদ্বেগের কথা প্রায়শই বলেছেন। এই অবস্থায় মাননীয় চেয়ার পারসন আপনি সহজেই অনুধাবন করতে পারবেন স্বাস্থ্য দপ্তর কোনও জায়গায় দাঁড়িয়ে আছে। বিরোধী দল শুধু মাত্র বিরোধী দৃষ্টিভঙ্গি নিয়ে বিরোধিতা করে না, বিরোধিতা করার জন্য বিরোধিতা করে না, আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে কতকগুলি অত্যন্ত সংবেদনশীল বক্তব্য রাখব। আজকে পশ্চিমবাংলা আয়তনের মাপে জনসংখ্যা এবং জনসংখ্যার ঘনত্বে—ডেনসিটি অফ পপুলেশন—ভারতবর্ষের সব চেয়ে বেশি। ৮৯ থাউজেন্ড স্কোয়ার কিলোমিটার হচ্ছে পশ্চিমবাংলার সীমারেখা। ডেনসিটি অফ পপুলেশন 766 Per k.m. হায়েস্ট অফ ইণ্ডিয়া। সেই জায়গায় আমাদের রাজ্যের স্বাস্থ্য দপ্তর বিগত ২ বছর আগে ভারত সরকারের কাছ থেকে পরিবার পরিকল্পনার নামে সোনার মেডেল পেয়েছে। পুরস্কার পেয়েছে ঠিকই কিন্তু বাস্তব চিত্র কি দেখতে পাচ্ছি সত্যিকারের পশ্চিমবাংলায় জন সংখ্যার বৃদ্ধির হার, স্বাস্থ্য দপ্তরের পরিবার পরিকল্পনা প্রকল্পের কাজকর্ম কাগজে কলমের অবস্থার দিকে এগিয়ে যাচ্ছে, স্বাস্থ্য মন্ত্রী স্বাস্থ্য দপ্তরের তথ্যের সঙ্গে মিলছে না। আজকে পশ্চিমবাংলার এবং ভারত সরকারের যদি কতকগুলি সংখ্যা তথ্য নিয়ে নাড়াচাড়া করি তাতে আমরা দেখতে পাচ্ছি ১৯৮৭ সালে ভারতবর্ষের নিরীখে বার্থ রেট ছিল ৩২.২ পার থাউজেন্ড আর পশ্চিমবাংলায় ঠিক সেই সময় ১৯৮৭ সালে বার্থ রেট ৩০.৭ পার থাউজেন্ড ছিল. ১৯৯০ সালে অর্থাৎ ৩ বছর বাদ দিলে ভারতবর্ষের এই তথ্য যা দেখতে পাচ্ছি আমরা তা হল ২৯.৯ পার থাউজেন্ড। ৩২.২ থেকে কমে ৩৯.৯-তে নামল। অর্থাৎ ২.৯-তে নামল। পশ্চিমবঙ্গে আমরা যেভাবে ফল আশা করছিলাম, ভারতবর্ষে নিরিখে পরিবার পরিকল্পনার যে রেজাল্ট আমরা পাব বলে আশা করেছিলাম সেটা কম করে ৫ পারসেন্ট হওয়া উচিত ছিল। কিন্তু তা হয়নি। ১৯৮৭-তে যেটা ছিল ৩০.৭ পারসেন্ট, ১৯৯০ সালে সেটা এসে দাঁড়াল ২৭.৩ পার থাউজেন্ড, অর্থাৎ ৩.৪। এটা খুব একটা ভাল চিত্র নয়। এটা প্রথম পুরস্কার পাওয়ার, সোনার মেডেল পাওয়ার সংখ্যাতত্ত্ব নয়। পাশাপাশি, ডেথ রেট-এর ক্ষেত্রে সর্বভারতীয় ক্ষেত্রে ১৯৮৭-তে আমরা দেখলাম ১০.৯ পার থাউজান্ড, আর ওয়েস্ট বেঙ্গলে ৮.৮ পার থাউজান্ড। ১৯৯০ সালে ভারতবর্ষের সংখ্যা দেখা যাচ্ছে ৯.৬ পার থাউজান্ড, পশ্চিমবঙ্গের সংখ্যা ৮.১ পার

থাউজান্ড। এই দুটো আমি কেন বলছি—না, এই যদি সত্যিকারের তথ্য হয় তাহলে ডেকাডেন্ট গ্রোথ অব পপুলেশন ইনক্রিজড ইন ওয়েস্ট বেঙ্গল, সেখানে কেন ১.৩৫ পারসেন্ট বেড়ে গেল? ওয়েস্ট বেঙ্গল র‍্যাংকস ফোর্থ পজিশন কন্ট্রিবিউটিং পপুলেশন টু অল ইণ্ডিয়া অ্যাভারেজ। এত বিপজ্জনক কথা। স্বাস্থ্যমন্ত্রী সোনার মেডেল পাবেন, প্রথম পুরস্কার পাবেন আর এই অবস্থা। ফ্যামিলি প্ল্যানিংয়ের কাজে পশ্চিমবঙ্গের জনসংখ্যার যেখানে ডেকাডান্ট গ্রোথ—১.৫ পারসেন্ট এবং সংখ্যাতত্ত্বের ক্ষেত্রে আসল সংখ্যা অনেক বেশি হবে কেন? এ তো দেখছি আমরা ভৌতিক জায়গায় বাস করছি, এত বিপজ্জনক ব্যাপার। এর মূল কারণ অন্য জায়গায় লুকিয়ে আছে। সেটা হচ্ছে যে, পশ্চিমবঙ্গের ডেনসিটি অব পপুলেশন হায়েস্ট ইন ইণ্ডিয়া—৭৬৬ পার স্কোয়ার কি.মি., আয়তনের ৮৯,০০০ স্কোয়ার কি.মি.। সেখানে এই স্বাস্থ্যমন্ত্রীদের দল সীমান্তবর্তী জেলাগুলো দিয়ে বাংলাদেশিদের ঢোকাচ্ছে—লক্ষ লক্ষ মানুষকে ঢুকিয়ে রেশন কার্ড করেছে, ভোটার করেছে ভোটের রাজনীতির জন্য। সার্বিকভাবে জনস্বাস্থ্য দপ্তর, জনস্বাস্থ্য ব্যবস্থা পশ্চিমবঙ্গে ভেঙে চুরমার হয়ে গেছে। তাই সংখ্যা তত্ত্বের সঙ্গে বাস্তবের কোনও মিল নেই এবং তাই বাস্তব পরিস্থিতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অনুধাবন করেন। অনুধাবন করার কারণ উনি রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টের চার্জেও আছেন। দুটি দপ্তরের খুব পাশাপাশি অবস্থান। তাই উনি খুব ভাল বোঝেন, তাই ওর মাথা খারাপ হয়, উনি গালাগালি দেন, উনি ডাক্তারদের যখন তখন অত্যাচার করেন। নিজের দপ্তরের কর্মচারিদের উপরে আক্রমণ করেন। স্বাস্থ্য দপ্তর একটা অস্বাস্থ্যকর পরিবেশে পরিণত হয়েছে এবং সেখানে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের আয়তন অনেক বেশি—যেমন, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, বিহার সেখানে ডেনসিটি অব পপুলেশন অনেক কম বাংলার চেয়ে। সেই জায়গায় ১৫ বছর ধরে—একটা মানুষের জীবনে একটা বছর কম হতে পারে, কিন্তু ১৫ বছর ধরে রাজার আসনে বসে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরকে একটা বিপজ্জনক জায়গায় ওঁরা ঠেলে দিয়েছেন। সেই জায়গাতেই আমাদের প্রতিবাদ।

[1-20 — 1-30 P.M.]

তাই আমরা খুব স্পর্শকাতর জায়গায় দাঁড়িয়ে আছি। মাননীয় মহোদয়া, আজকে এটা হাসির ব্যাপার নয়, প্রতিদিন জনমুখি যে বিস্ফোরণ ঘটছে, এতো আর রাজনৈতিক দলের ব্যাপার নয়, প্রশাসনিক দক্ষতার ব্যাপার। আজকে প্রতিদিন ৬০ হাজার শিশু জন্মাচ্ছে এবং প্রতি বছর ১ কোটি ৮০ লক্ষ মানুষ জন্মাচ্ছে। এরফলে ভারতবর্ষ তো একটি করে অস্ট্রেলিয়া তৈরি হচ্ছে তার কন্ট্রিবিউটিং ফ্যাক্টর হিসাবে পশ্চিমবঙ্গের পজিশন হচ্ছে ফোর্থ। ভারতবর্ষের জনমুখি অনুপাতের এই যে পরিকল্পনা—এই যে মূল্যায়ন—অর্থনৈতিক কাঠামো এবং ভারতবর্ষের পঞ্চবার্ষিকী পরিকল্পনার সব কিছু ভেঙ্গে পড়বে যদি না আজকে স্বাস্থ্য দপ্তরের অধীনে যে পরিবার কল্যাণ দপ্তর আছে তার যে জনমুখি বিস্ফোরণ তা যদি নিয়ন্ত্রিত না করতে পারে। তার পাশাপাশি এই কথাটিও মার্কসবাদিদের ভাবতে হবে যে, এই যে সমস্ত ভৌতিক আর আধা ভৌতিক লোকেরা এখানে ঢুকছে এবং যে সংখ্যা দিচ্ছেন, এই যে বিরাট সংখ্যা, এ যদি স্তব্ধ না করতে পারেন তাহলে পশ্চিমবঙ্গে স্বাস্থ্য দপ্তর, স্বাস্থ্য পরিকাঠামো, সার্বিক জনস্বাস্থ্য ব্যবস্থা শ্মশানে পরিণত হবে এই সাবধান বাণী বিরোধী পক্ষ থেকে বাজেট বিতর্কের মধ্যে দিয়ে জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়া, মাননীয় স্বাস্থমন্ত্রী অনেক পরিকল্পনার কথা

বলেছেন, তারমধ্যে কি কি করতে পারবেন আর কি কি করবেন না, কতটা হবে তাও বলেছেন। তিনি আবার সাড়ে ৩০০ কোটি টাকার বাজেট নিয়ে তিনি উপস্থিত হয়েছেন। ১৯৯০-৯১ সালের যে বাজেট ছিল তাতে ২১ পারসেন্ট মাইনাস, অর্থাৎ কম খরচ হয়েছে। প্ল্যানের ক্ষেত্রে হচ্ছে এই ২১ পারসেন্ট কম খরচ হয়েছে আর নন-প্ল্যানের ক্ষেত্রে মোর দ্যান ৮০ পারসেন্ট খরচ হয়েছে। এইভাবে কি করে একটা স্বাস্থ্য দপ্তর চলবে আজকে ১৯৭৭ সালের হাসপাতালের সংখ্যা আর ১৯৯০ সালের হাসপাতালের সংখ্যা কত, নাম্বার অফ বেডস্ কত তার একটা হিসাব দিলেই বুঝতে পারবেন .আজকে স্বাস্থ্য দপ্তর কোন জায়গায় দাঁড়িয়েছে। আমরা আজকে কিভাবে পিছিয়ে পড়ছি তার একটা সর্বভারতীয় গড়ের হিসাব দিলেই বুঝতে পারবেন। সারা ভারতবর্ষের মধ্যে এই পশ্চিমবঙ্গ চিকিৎসার ক্ষেত্রে একটা পথিকৃত, সারা ভারতবর্ষ থেকে মানুষ পশ্চিমবঙ্গে চিকিৎসা করাতে আসত। স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায় একজন পথিকৃত ছিলেন, ডাঃ যোগেশচন্দ্র ব্যানার্জি একজন পথিকৃত ছিলেন এবং স্যার নীলরতনও একজন পথিকৃত ছিলেন। সেখানে বাইরের থেকে মানুষ এই বাংলাতেই চিকিৎসা করাতে আসতো। আজকে সেই হাসপাতালগুলোর অবস্থা কি? সেখানে আজকে কুকুর ঘুরে বেড়াচ্ছে, বিড়াল রোগীর খাবার খেয়ে নিচ্ছে। সদ্যজাত শিশুর মাথা কামড়ে খেয়ে নিচ্ছে কুকুরে, এই তো হাসপাতালের ভেতরের অবস্থা। আজকে একটা বিছানায় ৩ জন করে সন্তান সম্ভবা মায়েরা শুয়ে আছে। হাসপাতালের ভেতর গরু চরছে, ছাগল চরছে। আজকে আমাদের বুঝতে অসুবিধা হয় যে এই হাসপাতাল এখন কিসের হাসপাতাল—গরু-ছাগলের হাসপাতাল না মানুষের হাসপাতাল? ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত নাম্বার অব বেডসের সংখ্যা ছিল ৩৪২টি আর এখন ১৯৯০ সালে নাম্বার অফ বেডসের সংখ্যা দাঁড়িয়েছে ৪১০টি। অর্থাৎ মাত্র ৫৮টি হাসপাতাল নতুন করে বামফ্রন্ট সরকার তৈরি করেছেন।

১৯৭৭ সালে যখন আমরা ছাড়লাম তখন ছিল হাসপাতালের সংখ্যা ৪৩২, আর ১৯৯০ সাল অবধি মাননীয় মন্ত্রীর নেতৃত্বে সেই হাসপাতালের সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ৪১০। ১৯৭৭ সালে আমরা যখন ছাড়লাম তখন হেলথ সেন্টারের সংখ্যা ছিল ৯৮৪, আর ১৯৯০ সালে সেই হেলথ সেন্টারের সংখ্যা এসে দাঁড়িয়েছে, ১,২০০। ১৯৭৭ সালে আমরা যখন ছাড়লাম তখন ডিসপেন্সারির সংখ্যা ছিল ৪৩৫, আর ১৯৯০ সালে ১৩ বছর পর সেই সংখ্যাটা এসে দাঁড়িয়েছে ৫৫১। টোটাল নাম্বার অফ্ হসপিটাল আমরা যখন ছাড়লাম তখন ছিল ২,৩৫৮টি, আর ১৯৯০ সালে, ১৩ বছর বাদে সেটা এসে দাঁড়াল ৩,৩৩৮। এটাই কি প্রগতির চিহ্ন? এটাই কি স্বাস্থ্য দপ্তরের এগিয়ে যাওয়ার ছবি? এই জায়গাটায় আজকে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই। হাসপাতালগুলির শয্যা সংখ্যা, টোটাল নাম্বার অফ বেডস্ ইন হসপিটাল ১৯৭৭ সালে ছিল ৪৪,৫৬৫, আর ১৯৯০ সালে, ১৩ বছর বাদে সেই সংখ্যা এসে দাঁড়িয়েছে ৫৩,৯৭৭। ১৯৭৭ সালে হেলথ্ সেন্টারগুলিতে টোটাল নাম্বার অফ বেডস্ ছিল ৯,৩০৩, আর ১৯৯০ সালে সেই সংখ্যা এসে দাঁড়িয়েছে ১১,৫৬৪। টোটাল নাম্বার অফ বেডস্ সব মিলিয়ে ১৯৭৭ সালে ছিল ৫৩ হাজার ৯১৮, আর ১৯৯০ সালে, ১৩ বছর বাদে সেটা ছিল ৬৫,৬৬২। এই জায়গাটাতেই আমরা দাঁড়িয়ে আছি। আগে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ এক নং জায়গায় ছিল, নাম্বারস অফ বেডে, নাম্বারস অফ হাসপাতালে, চিকিৎসা ব্যবস্থার পরিকাঠামোয়, শিক্ষায়। আজকে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে চলে এসেছে, আজকে

মহারাষ্ট্র এক নং জায়গা করে নিয়েছে, পশ্চিমবঙ্গের স্থান আজকে দ্বিতীয়। আজকে এই জায়গাটাতেই আমরা চলে এসেছি। আজকে হাজার হাজার টাকা খরচ করে বাংলার মানুষ তামিলনাড়ু যাচ্ছে, কর্ণাটক যাছে, কেরালা যাচ্ছে, মহারাষ্ট্র যাচ্ছে। মানুষের রেভিনিউ আজকে সেখানে চলে যাচ্ছে। যে বাংলা আগে চিকিৎসা ব্যবস্থার ক্ষেত্রে পথিকৃত ছিল, সেই বাংলার চিকিৎসা ব্যবস্থা, চিকিৎসা পরিকাঠামো আজকে ভেঙ্গে চুরমার হয়ে পড়েছে। একমাত্র পরিকল্পনার অভাবে, মানসিকতার অভাবে, সদিচ্ছার অভাবে, রাজনৈতিক দূরভিসন্ধির অভাবে স্বাস্থ্য দপ্তর আজকে ভেঙ্গে চুরমার হয়ে গেছে। মাননীয়া অধ্যক্ষ মহাশয়া, আজকে আমরা সমস্ত কিছু সামারাইজড্ করে দেখতে পাচ্ছি, ১৯৭৭ সাল থেকে ১৯৯০ সালের মধ্যে মাত্র ১৮টি হাসপাতাল আপনারা নতুন করে করতে পেরেছেন, আর ঐ সময়ের মধ্যে শয্যা সংখ্যা বৃদ্ধি পেয়েছে মাত্র ৯,৪১২টি। কি দ্রুত স্বাস্থ্য দপ্তরের উন্নতি হচ্ছে এটা নিশ্চয় আপনারা অনুধাবন করছেন! এই হাউসের সকলেই এটা অনুধাবন করছেন। আমি ১০ বছর ধরে দেখছি শুধু বিরোধী দলের সদস্যই নয়, শাসকদলের প্রতিটি সদস্যই এই স্বাস্থ্য দপ্তরের ব্যাপারে বলেছেন ও স্বাস্থ্য দপ্তরের পরিকাঠামো, হাসপাতাল ও চিকিৎসা ব্যবস্থা নিয়ে অভিযোগ করেছেন। আমার কাছে একটা কাগজ আছে এটা আমি আপনাকে দেব। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তার বক্তব্যে চিকিৎসা বিজ্ঞানে কি উন্নতি করতে পেরেছেন সেই সম্বন্ধে অনেক কথা বলেছেন। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি গ্রামীণ উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলি থেকে আরম্ভ করে, জেলা হাসপাতাল, ব্লক হাসপাতাল এসব থেকে শুরু করে এস. এস. কে. এম হাসপাতাল পর্যন্ত কোথাও সাপে কামড়ানো রোগির চিকিৎসা করানোর জন্য এ. ভি. এস. অ্যান্টিভেনাস ইঞ্জেকশন নেই। রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর এক মূহূর্ত স্বাস্থ্যমন্ত্রীর হিসাবে থাকার কোন অধিকার নেই, কোন যোগ্যতা নেই। আপনারাই বলুন আপনারা অভিযোগ করেননি এখানে। ফরোয়ার্ড ব্লকের সদস্যরা এখানে অভিযোগ করেননি। আজকে কার মহাপাপে এই সাপে কামড়ানোর ওষুধ বাইরের দোকান থেকে কিনে রোগিদের চিকিৎসা করাতে হবে? কেন আজকে খোদ পি.জি. হাসপাতাল ও অন্যান্য হাসপাতালে এ.ভি.এস ইঞ্জেকশন থাকে না?

[1-30 — 1-40 P.M.]

এক পয়সাও কি মঞ্জুর করা উচিত এই অস্বাস্থ্য দপ্তরের জন্য? এই দুরভিসন্ধিমূলক স্বাস্থ্য দপ্তরের জন্য? যারা সাপে কামড়ানো রোগীর চিকিৎসা করতে পারে না, যারা এ. ভি. এস. দেয় না। আজকে ব্লকে ব্লকে কুকুরে কামড়াচ্ছে। আমি হার্টের অপারেশনের কথা বলছি না, আমি বাইপাস সার্জারির কথা বলছি না, আমি কিডনি ড্যামেজের কথা বলছি না, আমি স্ক্যানের কথা বলছি না। আমি বলতে চাই, সাপে কামড়ানোর পরে যে এ. ভি. এস. দেওয়া হয় সেই এ. ভি. এস নেই। আমি বলছি কুকুরে কামড়ালে যে জলাতঙ্ক রোগ হয়, এর জন্য যে এ. আর. ভি. দেওয়া হয় সেই এ. আর. ভি. নেই। কোনও জায়গাতেই নেই। বাংলার প্রতিটা স্বাস্থ্যকেন্দ্র, উপস্বাস্থ্যকেন্দ্র, হাসপাতালগুলিতে—সুদূর গোপীবল্লভপুর থেকে শুরু করে জলপাইগুড়ি, জলপাইগুড়ি থেকে শুরু করে দক্ষিণ ২৪ পরগনার গ্রামে, গঞ্জে পর্যন্ত কোনও কিছু পাওয়া যায় না। আজকে কুকুরে কামড়াল্লে হাসপাতালের ডাক্তারবাবুরা একটা চিঠি করে কনভেন্টে রোডের পাস্তর ল্যাবরেটরিতে পাঠিয়ে দেন। কখনও তারা শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে পাঠিয়ে দেন। ১ মাস, ১৫ দিন পরেও এ. আর. ভি. পাওয়া যায় না। এটা হচ্ছে বাস্তব

চিত্র। আমি বিরোধিতার জন্য বলছি না, আমি কোনও রাজনৈতিক ফয়দা লোটবার জন্য বলছি না। বলুন, কোনও অধিকারে আপনার স্বাস্থ্যমন্ত্রী হিসাবে থাকার অধিকার আছে? কোনও অধিকার নেই আপনার। আপনি আবার ৩৪৫ কোটি টাকার মঞ্জুর করবার জন্য আবেদন করেছেন? আপনার লজ্জা করা উচিত। আজকে মাথাভারী প্রশাসন, স্বাস্থ্য দপ্তরের আজকে কেউ উত্তর দিতে পারছে না যে, কেন এ. ভি. এস. পাওয়া যায় না, কেন এ. আর. ভি. পাওয়া যায় না। আমি দাবি করছি এই নিয়ে তদন্ত কমিটি করা হোক। যে কার পাপে, কার জন্য এ. আর. ভি. পাওয়া যায় না, এ. ভি. এস. পাওয়া যায় না। গ্রামের স্বাস্থ্যকেন্দ্র থেকে শুরু করে কলকাতার পি. জি. হাসপাতালে অবধি এ. ভি. এস. কিনতে হয়। গ্রামে আজকে—মাসের পর মাস, দিনের পর দিন লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয়। জলাতঙ্ক রোগে আজকে গ্রামে মানুষের মৃত্যু হচ্ছে চিকিৎসার অভাবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়া, এই কাগজটা আমি আপনাকে দেব, আশা রাখছি আপনি স্বাস্থ্যমন্ত্রীকে নির্দেশ দেবেন এই ব্যাপারে তদন্ত করবার জন্য। মাননীয় অধ্যক্ষা মহোদয়া, এর পর আমি আসব, জেলা হাসপাতালগুলি সম্পর্কে। কি বিপদজ্জনক ব্যাপার। জেলা হাসপাতালগুলি চলছে, আমি বাবেবারে বলেছি, যে কলকাতার হাসাপাতলগুলিতে যে পরিমাণ রোগীর সংখ্যা বাড়ছে, সেই হাসপাতালগুলি আর চিকিৎসা বিজ্ঞানের সঙ্গে রেফারেল হাসপাতাল হিসাবে দেখা হচ্ছে না। এর কারণ কি? স্বাস্থ্য পরিকাঠামো জেলাওয়ারি ভেঙ্গে পড়েছে। আজকে যদি মেদিনীপুর হাসপাতাল ইমপ্রুভ হত, হাওড়া স্টেট জেনারেল হাসপাতাল চিকিৎসা হত, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে সামান্যতম চিকিৎসার সুযোগ করতে পারতেন, বেহালার বিদ্যাসাগর হাসপাতালকে ঠিক রাখতে পারতেন, বর্ধমান মেডিক্যাল কলেজেকে একটুখানি স্বাস্থ্যকর পরিস্থিতির মধ্যে গড়ে তুলতে পারতেন তাহলে আজকে কলকাতার নীলরতন, কলকাতার চিত্তরঞ্জন, কলকাতার আর. জি. কর. এবং অন্যান্য হাসপাতালগুলিতে মিছিল করে হাওড়া স্টেশন থেকে, শিয়ালদা স্টেশন থেকে মানুষ ঢুকতে পারত না। মানুষ ঢুকছে—আতঙ্কে এবং চিকিৎসা পাবার জন্য। চিকিৎসার বদলে কি পাচ্ছে তারা? চিকিৎসার বদলে পাচ্ছেন তারা সার্কুলার। কি বিপদজনক ব্যাপার। একে গ্রেপ্তার করা দরকার। চিকিৎসার জন্য আসছে হাসপাতালে, আর এসে পাচ্ছে কি? না, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর উর্বর মস্তিষ্ক প্রসূত একটি সার্কুলার। রক্ত পরীক্ষা—৪৫ টাকা, এক্স-রে—৩০ টাকা, ইউরিন—৩০ টাকা, স্টুল—৩০ টাকা। টাকা দেবে কে আজকে? টাকা দেবে, গরিব প্রান্তিক চাষী, টাকা দেবে কে? টাকা দেবে আজকে জন মজুর, টাকা দেবে কে আজকে, টাকা দেবে আজকে, গরিব সাধারণ মানুষ। কারা এর জন্য দায়ী? কোন কোন অফিসার করেছে? স্বাস্থমন্ত্রী একটা বিবৃতি দিয়েছিলেন, আমি একটা অ্যাডভাইসারি কমিটি করেছি, অ্যাডভাইসারি কমিটির সাজেশন অনুযায়ী হয়েছে। হাবুল, গোবুল স্বাস্থ্যমন্ত্রী, কিছু না বুঝে আমি করে দিয়েছি। এটা কি কথার কথা হল? এই যে হেলথ মিনিস্টার, কতকগুলো ক্যালাস অফিসারের রেকমেন্ডেশনে এই ধরনের সার্কুলার করে দিল এই রকম একটা ওয়েল ফেয়ার স্টেটে। যেখানে গভর্নমেন্ট ইজ কমিটেড to render the free medical service under the constitutional provision. কোনও জায়গায় দাঁড়িয়ে স্বাস্থ্যমন্ত্রী সেই জিনিস করেন। কারা সেই অফিসার, আপনি নাম করুন, সেই অফিসারদের বরখাস্ত করুন। আজকে ভারতবর্ষের সংবিধানে শপথ নিয়ে এই কাজ করছেন। আজকে বিড়লাদের সঙ্গে হাত মিলিয়ে, টাটাদের সঙ্গে হাত মিলিয়ে, গোয়েঙ্কাদের সঙ্গে হাত মিলিয়ে গরিব মানুষদের বঞ্চিত করছেন।

কলকাতায় গোটা দশেক প্রাইভেট হাসপাতাল করে দিন, যাদের পয়সা আছে, পয়সা দেবে সেখানে চিকিৎসা করবে। কিন্তু নীলরতনে পয়সা নেবেন, আর. জি. করে. পয়সা নেবেন, মেডিক্যাল কলেজে পয়সা নেবেন? এই জায়গায় আমাদের আপত্তি। কারা সেই উর্বর মস্তিষ্কের ক্ষণজন্মা অফিসার, তাদের বরখাস্ত করুন। হাসপাতালে যারা এটা চালু করেছিলেন সেই ক্ষণজন্মা, দুর্নীতিগ্রস্ত অফিসারদের বরখাস্ত করা দরকার, এরা স্বাস্থ্য দপ্তরের কলঙ্ক। এই জায়গায় স্বাস্থ্য দপ্তরকে আজকে হাজির করিয়েছে। একজন মানুষ অবস্থার পরিপ্রেক্ষিতে, তিনি আপনাদেরই লোক, কলকাতা মেডিকেল কলেজের ডেপুটি সুপারিনটেনডেন্ট, আপনাদেরই দল করা লোক, আপনাদের অ্যাশোসিয়েশন করেন, সি. পি. এম. করেন, সেই অবস্থার পরিপ্রেক্ষিতে তিনি বলেছিলেন আমি নিতে পারব না, কলঙ্কের বোঝা। তিনি বাধাপ্রাপ্ত হয়েছিলেন ছাত্রদের দ্বারা,—ছাত্র পরিষদ ছিল এস. এফ. আই. ছিল, কর্মচারিরা ছিল, জনসাধারণ ছিল বাধা দিয়েছে। তাতে ট্রান্সফার করা হয়েছে গৌরীপুর লেপ্রোসি হাসপাতালে। কোথায় পানিশমেন্ট ট্রান্সফার হল—কুষ্ঠ কেন্দ্রে। এই হচ্ছে স্বাস্থ্য দপ্তরের দৃষ্টিভঙ্গি—কুষ্ঠ দপ্তর, কুষ্ঠ হাসপাতাল, কুষ্ঠ রোগিদের প্রতি। যেহেতু খারাপ কাজ করেছেন, স্বাস্থ্য দপ্তরের পরিভাষায়, তাকে ট্রান্সফার হতে হল, ডাঃ সিনহাকে ট্রান্সফার হতে হল গৌরীপুর লেপ্রোসি হাসপাতালে। কেন দিলেন স্বাস্থ্য দপ্তর তাকে সেখানে? কেন দেওয়া হল? তাকে পানিশমেন্ট দেওয়া হল। তাকে বুঝিয়ে দেওয়া হল, তোমাকে গৌরীপুর কুষ্ঠ হাসপাতালে পাঠানো হল, কেননা তুমি স্বাস্থ্য দপ্তরের অর্ডার মান্য কর নি। তাহলে দেখা দরকার, জনমানসে, কর্মচারিদের মধ্যে এর প্রতিক্রিয়া। তাহলে দেখা দরকার প্যানিশমেন্ট ট্রান্সফার, কুষ্ঠ হাসপাতালে পোস্টিং। তাহলে কুষ্ঠ রোগিদের প্রতি এই স্বাস্থ্যমন্ত্রী এবং স্বাস্থ্য দপ্তরের দৃষ্টিভঙ্গি প্রতিষ্ঠিত হয়েছে। সেটা কিভাবে হয়েছে? আমরা দেখেছি বিগত কয়েক বছরে এই সরকার যে খরচ করেছেন তার মধ্যে। লেপ্রোসি কন্ট্রোল প্রোগ্রাম যেটা অ্যাবসলিউটলি সেন্ট পারসেন্ট হল সেন্ট্রালি স্পন্সর্ড প্রোগ্রাম সেই লেপ্রোসি কন্ট্রোলের প্রোগ্রামের টাকা এই সরকার খরচ করলেন না, লেপ্রোসি কন্ট্রোল প্রোগ্রামের টাকা সঠিকভাবে ব্যবহার করতে পারেননি। এমনকি স্বেচ্ছাসেবী সংস্থা সেই স্বেচ্ছাসেবী সংস্থাগুলো যখন এসেছে কাজ করতে তাদের পর্যন্ত রাজনৈতিক রঙ বেছে নেওয়া হয়েছে। তোমরা স্বেচ্ছাসেবী সংস্থা, কিন্তু সবুজ বাদ, হলুদ বাদ, তোমরা লাল তোমরা এস। এই লেপ্রোসি কন্ট্রোল প্রোগ্রামের টাকা গত দু-তিন বছর খরচ করতে পারেননি। এই জায়গায় দাঁড়িয়ে আছে স্বাস্থ্য দপ্তর। আজ পশ্চিমবঙ্গে টিউবারকুলোসিস কন্ট্রোল প্রোগ্রামের টাকা সঠিকভাবে খরচ করতে পারেননি। ম্যালেরিয়া কন্ট্রোলের টাকা সঠিকভাবে খরচ করতে পারেন নি। আজকে পরিসংখ্যান মিলেছে ম্যালেরিয়া কত জায়গায় এনডেমিক জোন হয়ে গিয়েছে। আজকে ১৯৯২ সালে যেখানে গত ২০ বছর ধরে ম্যালেরিয়া ইরাডিকেশন প্রোগ্রাম হয়ে আসছে এবং এখনও সেন্ট্রালি স্পন্সর্ড টাকা আসে, রাজ্য সরকার ইমপ্লিমেন্টিং অর্গান আজকে খোদ কলকাতা এনডেমিক জোন হয়ে গিয়েছে। স্বাস্থ্যমন্ত্রী বহাল তবিয়তে বসে আছেন। টিউবারকুলোসিসের টাকা খরচ হবে প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রে। এই মুহূর্তে প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রে এনকোয়ারি করা হোক, অ্যান্টি-টিউবারকুলোসিস ড্রাগ আছে কিনা। যদি না থাকে স্বাস্থ্যমন্ত্রীকে পদত্যাগ করতে হবে রিপোর্টের পরে। উনি চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করুন। চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করুন উনি। আজকে এই মুহূর্তে পশ্চিমবঙ্গের প্রতিটি স্বাস্থ্যকেন্দ্র, জেলা হাসপাতালে অ্যান্টি tuberculesis druge as specified by the Government are not avail-

able. কেন এই পরিস্থিতি হচ্ছে? এটা হচ্ছে, কারণ, মার্কসবাদী চোর, ডাকাতরা ঐ সেন্ট্রাল মেডিক্যাল স্টোরস থেকে আরম্ভ করে বিকেন্দ্রীকৃত স্টোরগুলিতে বসে আছে। হাসপাতাল থেকে ঔষুধ দোকানে পাচার হচ্ছে লাল ঝান্ডা প্রতীক সামনে রেখে। তুমি লাল ঝান্ডা নেবে তুমি ঔষুধ চুরি কর, তুমি লাল ঝান্ডার ইউনিয়ন করবে তুমি রোগিদের ঔষুধ খেয়ে নাও, বিক্রি করে দাও, তুমি লাল ঝান্ডার ইউনিয়ন করবে তুমি পেশেন্টদের খাবার খেয়ে নাও, হাসপাতালের রোগিদের ঔষধ কেড়ে নিয়ে পাচার করে দাও কেউ কিছু বলবে না। ওর ক্ষমতা নেই কিছু বলার। উনি প্রত্যেক জায়গায় গিয়ে ডাক্তার ও কর্মীদের নিয়ে সভা করে সেখানে গরম গরম বক্তব্য রাখেন। উনি সেসব জায়গায় গিয়ে বলেন, আমি কাকে কাজ করতে বলব, কেউ তো আসেই না। আমি কাকে কাজ করতে বলব, কর্মচারিরা আসে না। তারপর প্রশ্ন উঠল যে স্বাস্থ্যমন্ত্রী যদি দিনের পর দিন এই ধরনের স্ববিরোধী বক্তব্য রাখেন দপ্তরের প্রধান হিসাবে তাহলে সেই দপ্তরের কাজের পরিবেশ বা ওয়ার্ক কালচার যাকে বলে সেটা থাকে কি করে? সেখানে প্রশ্ন উঠল, তিনি যদি এইভাবে বক্তব্য রাখেন তাহলে মানুষকে সেবা করার মনোবৃত্তি নিয়ে বা সেই দৃষ্টিভঙ্গি নিয়ে প্রতিষ্ঠান গড়ে তোলা দরকার সেটা এর ফলে গড়ে তোলা যায় কিনা? এইসব নিয়ে যখন বিতর্ক উঠল তখন আমরা দেখলাম স্বাস্থ্যমন্ত্রীর মদতে ডাক্তারদের মধ্যে রাজনৈতিক ইউনিয়ন ঢোকানো হল। সেই কাজ শুরু হ'ল প্রশাসনের সর্বোচ্চ কর্তা স্বাস্থ্যমন্ত্রীর ঘর থেকে। আজকে সেক্রেটারিয়েট, ডায়রেক্টরেট—সব জায়গায় ওদের তৈরি করা অ্যাশোসিয়েশনের যারা নেতা বা হোতা তারা কি করে বেড়াচ্ছেন আপনারা সকলেই জানেন। আমরা তো জানি যে স্বাস্থ্য দপ্তরে চাকুরিরত ডাক্তারদের একটি মাত্র সংগঠন ছিল এবং তাতে কোনও রাজনৈতিক রং ছিল না। কিন্তু এই স্বাস্থ্যমন্ত্রীর মদতে প্রকাশ্যে পতাকা তুলে সেই সংগঠনকে ভেঙ্গে সি. পি. এমের ডাক্তার খুঁজে খুঁজে বার করে সেটা করা হল। সেই কাজ রাইটার্স বিল্ডিং-এর অলিন্দ থেকে শুরু করে সব জায়গায় শুরু হয়ে গেল। এর ফল কি হ'ল? এর ফল হ'ল, স্বাস্থ্য দপ্তরে যা হবার কথা ছিল তা হল না, স্বাস্থ্য দপ্তর ভেঙ্গে দুমড়ে পড়ল। শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করে আমি এসব কথা বলছি না. মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এগুলি ভেবে দেখতে বলছি। পশ্চিমবঙ্গে আই. পি. পি. ফোরের প্রোজেক্টে যে কাজ হবার কথা আজকে আমার কাছে জেলাওয়ারি তথ্য আছে, দেখুন, এই কাজ সঠিক সময়ে সঠিকভাবে হচ্ছে না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমি এ ব্যাপারে কিছু প্রস্তাব রাখব। আপনার দপ্তর, জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং ও পি. ডব্লু. ডি. এই তিনটি ডিপার্টমেন্টের মধ্যে কোনও সমন্বয় না থাকার ফলে আপনার দপ্তর থেকে মঞ্জুর হবার পরও অধিকাংশ কাজ যেহেতু পূর্ত ও জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তর করবে এবং তাদের উপর এটা নির্ভরশীল সেইহেতু এর প্রগ্রেস হচ্ছে না। এ ব্যাপারে কোনও সমন্বয় কমিটি করে কাজে গতি আনা যায় কিনা বা দ্রুত কাজ করা যায় কিনা আপনাকে ভেবে দেখতে হবে। তারপর চাকরির ক্ষেত্রে আপনি যে পদক্ষেপ নিয়েছেন আমি তার বিরোধিতা করতে চাই না। শিক্ষা এবং হাসপাতাল এই দুটি পদক্ষেপ নিশ্চিতভাবেই একটি বলিষ্ঠ পদক্ষেপ। কিন্তু মনে রাখতে হবে যে মেডিক্যাল শিক্ষা সার্ভিস এবং স্বাস্থ্য দপ্তরের সঙ্গে যুক্ত সার্ভিস এই দুটি কাঠামোকে আপনি যদি রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করেন তাহলে আগামীদিনে একটা বিপদজনক পরিস্থিতি তৈরি হবে। এই যে কতকগুলি মাতব্বর অফিসারকে বেছে বেছে বসিয়ে রেখেছেন রাজনৈতিক রং দেখে দেখে—আজকে

একাডেমিক কোয়ালিফিকেশন বাছা হচ্ছে না, উঠে গিয়েছে পেপার তৈরি করার কাজ, উঠে গিয়েছে থিসিস তৈরি করা, ল্যাবোরেটরিতে বসে কাজ করা—এটা কিন্তু ঠিক নয়। এখন কাজ কি? তুমি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অ্যাশোসিয়েশনের সদস্য তো, তাহলে তোমার সব মাফ। এখানে কিন্তু একাডেমিক, কোয়ালিটেটিভ মেজারমেন্ট করার দরকার আছে। শিক্ষকদের রাজনীতির রং বিচার করবেন না। জেনারেশন গ্যাপ হয়ে যাচ্ছে। ৯২ সালে দিকপাল শিক্ষকরা সব রিটায়ার করে যাচ্ছেন, পশ্চিমবাংলার মেডিক্যাল শিক্ষা ব্যবস্থা থেকে। খোঁজ নেবেন, আমি ব্যক্তিগতভাবে কারোর নাম করে তাকে অস্বস্তিতে ফেলতে চাই না, কিন্তু তাদের পরবর্তী মেডিক্যাল শিক্ষায় এই ক্যাডার সার্ভিস চালু হওয়ার পর আপনারা যাদের সুযোগ দেবেন, সেই কাঠামোতে তাদের শিক্ষাগত যোগ্যতা, একাডেমিক কন্ট্রিবিউশন, একাডেমিক পারফরমেন্স, সায়েন্টিফিক রিসার্চ, সাবমিশন অব দি থিসিস, এই বিষয়গুলোকে মাথায় রেখে তাদের পোস্টিং এর ক্ষেত্রে মাপকাঠি, শিক্ষকদের পরিকাঠামো তৈরি করার ক্ষেত্রে যে চিন্তা ভাবনা, তা আপনাকে মাথায় রাখতে হবে। এবং পাশাপাশি শুধু গায়ের জোরে আমি মেডিক্যাল এডুকেশন সার্ভিস করে দিলাম এবং যে কোনও প্রকারে এটাকে ইমপ্লিমেন্ট করতে হবে, এই দৃষ্টিভঙ্গি রাখলে চলবে না। আপনাকে সহানুভূতি দিয়ে, মানবিক দৃষ্টিভঙ্গি দিয়ে আগামী দিনের ভাল শিক্ষককে, তাকে যোগ্য স্থানে বসিয়ে আগামী দিনের শিক্ষার দিকে, ডাক্তার তৈরির প্রক্রিয়াকে আপনার মাথায় রেখে চলতে হবে। সেটা যদি করতে হয়, তাদের সুযোগ-সুবিধা, তাদের পড়াশুনা, তাদের ল্যাবরেটারি, তাদের রিসার্চ, তাদের ইন্টারন্যাশনাল সেমিনার, তাদের ট্রান্সপোর্টেশন, তাদের রেসিডেন্সিয়াল ফেসিলিটিজ, অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স ভারতবর্ষের বুকে অন্যান্য কাঠামোগুলো যা আছে, আপনাকে তা অফার করতে হবে। তা যদি না করেন, সাবজেক্ট স্ট্যান্ডার্ড মেডিক্যাল টিচাররা আপনাদের দয়ায় রাজনীতির অঙ্কে সেখানে পোস্টেড হবে, ভাল ডাক্তার তৈরি হবে না, পশ্চিমবঙ্গে মেডিক্যাল শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়বে। আগামী দিনে আমাদের শিক্ষা ব্যবস্থা কলঙ্কিত হবে, ভারতবর্ষের মানচিত্রে শিক্ষার ক্ষেত্রে আমরা যেমন সেভেনটিন্থ পোজিশনে আজকে নেমে গেছি, আজকে মেডিক্যাল শিক্ষার ক্ষেত্রেও নামতে নামতে বিপদজনক একটা জায়গায় গিয়ে দাঁড়াব, তা আমাদের কাছে সুখকর হবে না। আজকে তাই আপনার কাছে আবেদন করব যে পোস্টিং অব দি টিচার্স সিলেকশন অব দি টিচার্স, এই জায়গায় আপনার দৃষ্টিভঙ্গি সার্বিকভাবে রাজনীতির উর্ধ্বে দাঁড়িয়ে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে। আর স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যারা যুক্ত থাকবেন, আমি আপনার কাছে আবেদন করব, আমরা দেখছি যেমন করে আপনি কায়েমি চক্রকে ভাঙার জন্য অনেক কথা বলছেন, এক একটা জেলাতে এক একটা লোক ১০/১১ বছর সেখানে কাঠামো গেড়ে বসে আছে। আজকে সেই জায়গাতেও আপনাকে হাত দেওয়ার দরকার আছে। এটা আমি বিরোধিতা করার জন্য, রাজনীতি করার জন্য বলছি না। আপনি একটা পরিসংখ্যান তৈরি করুন দেখবেন জলপাইগুড়ি থেকে শুরু করে মেদিনীপুর, হাওড়া, বর্ধমান, মুর্শিদাবাদ সর্বত্র, জেলা হাসপাতালগুলোর পরিকাঠামোগুলো আপনাকে দেখতে হবে। সেখানকার পোস্টিং দেখতে হবে, সেখানকার হাসপাতালের সার্ভিস কন্ডিশন দেখতে হবে। সেইগুলো আপনি যদি সঠিকভাবে একটু নেড়েচেড়ে দেখেন তাহলে দেখা যাবে সেখানে এক একজন ১০/১২ বছর করে বসে আছে পাট্টা তৈরি করে। আজকে সেই জায়গাগুলোকে আপনাকে দেখতে হবে। নুতন নুতন যে ছেলেরা বেরিয়ে আসছে, আমি আপনাকে যে শেষ

প্রস্তাবটা দেব, সেটা হল এই যে পেরিফেরিয়্যাল হসপিটালগুলোকে আপনি ইমপ্রুভ করুন, পেরিফেরিয়্যাল হসপিটালগুলো যদি ইমপ্রুভ না করেন, যদি হাওড়া জেনারেল—আজকে বিদ্যাসাগর মেদিনীপুরে আজকে বর্ধমানে, আজকে জেলা হেডকোয়ার্টার হাসপাতালগুলো, সর্বত্র যদি আজকে পেরিফেরিয়্যাল হাসপাতালগুলো ইমপ্রুভ না করেন তাহলে স্বাস্থ্য পরিকাঠামো ভেঙে চুরমার হয়ে যাবে। পাশাপাশি আমি বলব বেসরকারিকরণের ক্ষেত্রে যে কথা আজকে হচ্ছে, এটা কোনও দোষের নয়। আজকে যাদের সামর্থ আছে, তারা যদি আজকে চিকিৎসা ক্ষেত্রে সুযোগ গ্রহণ করতে পারে, বাংলার মানুষ যদি ভেলোর যেতে পারে, বাংলার মানুষ যদি যশলোক যেতে পারে, বাংলার মানুষ যদি অ্যাপোলো যেতে পারে, বাংলার মানুষ কলকাতার বুকে সরকারি উদ্যোগে সরকারি এবং বেসরকারি উদ্যোগ যৌথ প্রচেষ্টায় যদি কোনও স্বাস্থ্য কেন্দ্র গড়ে উঠে, হাসপাতাল গড়ে উঠে, দোষের কিছু নয়। পরিকল্পনা তৈরি করুন, আজকে নিরাময় আপনারা অধিগ্রহণ করলেন, নিরাময়টাকে কি আমরা সঠিকভাবে গড়ে তুলতে পেরেছি? মেয়ো হসপিটাল আপনাদের পরিকল্পনার অভাবে, আপনাদের দৃষ্টিভঙ্গির অভাবে এতবড় একটা হাসপাতাল তাকে সঠিকভাবে কাজে লাগাতে পারছেন না। আজকে তো অনেক শিল্পপতির সঙ্গে মুখ্যমন্ত্রী কথা বলছেন, অনেক শিল্পপতির ডাকা মিটিং-এ আপনারা যাচ্ছেন, তাদের সঙ্গে তো আপনাদের ঝগড়া নেই, তাদের সঙ্গে আপনারা কথা বলুন। আজকে তো আপনারা টাটার ঘাড়ে, বিড়লার পিঠে, গোয়েঙ্কার মাথায় বিচরণ করছেন। অতএব তাদের ডেকে কি করে রাজ্যে ভাল স্বাস্থ্য কৈন্দ্র করা যায়, ভাল হাসপাতাল করা যায়, ভাল স্বাস্থ্যের পরিকাঠামো করা যায় তা নিয়ে আলোচনা করুন, তাদের সাহায্য গ্রহণ করুন। তবে দয়া করে কলকাতার নীলরতন, কলকাতার এস. এস. কে. এম., কলকাতার চিত্তরঞ্জন প্রভৃতি হাসপাতালগুলি থেকে গরিব মানুষের চিকিৎসার সুযোগ-টুকু কেড়ে নেবেন না। এটুকু বজায় রেখে জেলা হাসপাতালগুলির পরিকাঠামোর উন্নতি করুন। সেখানেও পয়সার বদলে চিকিৎসা, এই জিনিস চালু করবেন না। তাহলে পশ্চিমবাংলার গরিব মানুষদের চিকিৎসার জন্য যাবার আর কোনও জায়গা থাকবে না।

মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, পরিশেষে আমি আপনাকে বলি, আজকে আমাদের ছাত্রদের উচ্চ শিক্ষার জন্য বিদেশে যাবার সুযোগ নেই। ফলে আমাদের উচ্চ শিক্ষার সুযোগ অনেক কমে গেছে। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ও আজকে এখানে উপস্থিত আছেন। আমি আপনাদের উভয়ের কাছে বলছি, আজকে বাংলার ছেলেরা চিকিৎসা বিজ্ঞানের উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এখানে যেমন তাদের জন্য সুযোগ সম্প্রসারিত হচ্ছে না তেমন অন্য প্রদেশে গিয়ে মার খেয়ে ফিরে আসছে। তাদের মেরে বাংলায় পাঠিয়ে দেওয়া হচ্ছে। এটা জাতীয় লজ্জা। আমি এর প্রতিবাদ করি। সেজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করছি, তাঁরা পোস্ট-গ্র্যাজুয়েট ক্লাশে—এস. ডি., এস. এস. সিট সংখ্যা বাড়াবার জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলির সঙ্গে কথা বলুন। আমাদের রাজ্যে চিকিৎসা শিক্ষার পোস্ট-গ্র্যাজুয়েট স্তরে ১৯৬০ সালে যতগুলি সিট ছিল ১৯৯২ সালেও ঠিক ততগুলি সিট রয়েছে। ১৯৬০ সালে এম. ডি. পড়ার জন্য যতগুলি সিট ছিল, ১৯৯২ সালে ঠিক ততগুলি সিটই রয়েছে। ১৯৬০ সালে রাজ্যে এস. এস. পড়ার জন্য যতগুলি সিট্ ছিল, ১৯৯২ সালে ঠিক ততগুলি সিট রয়েছে। এ বিষয়ে আমার পরামর্শ হচ্ছে যে, আপনারা একটা ম্যাণ্ডেটরি প্রভিসন চালু করতে পারেন কিনা ভেবে দেখুন—আমরা আপনাদের সমর্থন করব—যে, যদি

বাংলার কোনও ছাত্র চিকিৎসা শাস্ত্রের স্নাতকোত্তর ডিগ্রি বাড়াতে চান তাহলে তাঁকে বাংলার স্বাস্থ্য ব্যবস্থার সঙ্গে যুক্ত হয়ে গ্রামে চাকরি করতে যেতে হবে। এই ব্যবস্থা চালু করতে আপনারা একটা আইন এখানে নিয়ে আসুন, আমরা আপনাদের সমর্থন করব। এটা সমর্থন করতে আমাদের কোনও দ্বিধা নেই। বাংলার তৈরি করা ডাক্তারকে বাংলার গ্রামে যেতেই হবে। তবে সেখানে তাঁকে তাঁর উপযুক্ত সুযোগ-সুবিধা দিতে হবে। সে সুযোগ-সুবিধা তৈরি করে দিন, মানবিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিষয়টিকে দেখুন, শুধু রাজনৈতিক গালাগাল করবেন না। আজকে তাঁদের সার্ভিস সিকিউরিটি, সামাজিক নিরাপত্তা বাড়িয়ে দিন। আর আপনাদের তৈরি করা লাল ফিতের অ্যাশোসিয়েশনের অত্যাচার বন্ধ করুন। এই ব্যবস্থা করতে পারলে নিশ্চয়ই বাংলার গ্রামের ছেলেরা ডাক্তারি পাশ করে বাংলার গ্রামে চিকিৎসা করতে যাবে। আপনাদের এত অত্যাচারের পরেও বর্তমানে আগের চেয়ে অনেক বেশি ছেলে গ্রামে যাচ্ছে। আরও যাবে, কিন্তু সে ক্ষেত্রে আপনাদের রাজনৈতিক সদিচ্ছারও দরকার আছে।

সার্বিকভাবে গোটা রাজ্যে স্বাস্থ্য দপ্তরে যেভাবে কাজকর্ম করছে তাতে একটা দারুণ অস্বাস্থ্যকর পরিবেশ তৈরি হয়েছে। স্বাস্থ্য দপ্তর রাজনীতির আখড়ায় পরিণত হয়েছে। আজকে গ্রামের স্বাস্থ্য কেন্দ্রগুলি যেভাবে চলছে তাতে গ্রামের একটা মানুষকে কুকুরে কামড়ালে ভ্যাকসিন দেওয়া যায় না, সাপে কামড়ালে তার ভ্যাকসিন পাওয়া যায় না। এই অবস্থায় এই দপ্তরের বাজেটকে সমর্থন করা যায় না। তাই স্বাস্থ্য দপ্তরের বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ গৌরীপদ দত্তঃ মাননীয় সভা নেত্রী মহোদয়া, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এই সভায় যে বাজেট বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীরা যে কাট মোশন দিয়েছেন তার বিরোধিতা করে কিছু বক্তব্য রাখছি। আমি যখন শুনলাম মাননীয় বিধায়ক ডাঃ মানস ভুঁইয়া বিরোধী পক্ষের মূল বক্তা হিসাবে বিতর্ক উদ্বোধন করবেন আমি খুব খুশি হলাম। মাননীয় বিধায়ক এক সময়ে আমার ছাত্র ছিলেন। আমি ভেবেছিলাম সর্বত্র জয়মণিচ্ছতে, পুত্রাত, শিষ্যাত পরাজয়েত্। উনি যে বক্তব্য রাখলেন সেই বক্তব্য রাখার আগে যদি একটু পড়াশোনা করতেন তাহলে আমি খুব খুশি হতাম। বেশি পড়াশোনা করার দরকার ছিল না, শুধু মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর যে বাজেট বক্তব্য সেটা যদি পড়তেন তাহলে বুঝতে পারতেন কোন দৃষ্টিভঙ্গিতে বামফ্রন্ট সরকার এবং স্বাস্থ্য দপ্তর, আমাদের স্বাস্থ্য দপ্তরের যে সমস্যা তাকে সমাধান করতে চাইছে। যে সমস্ত কথাগুলি উনি বললেন তার মধ্যে বহু তথ্যের ত্রুটি আছে, বহু সত্যের অপলাপ আছে। বার বার উনি বলেছেন যে বিরোধিতার জন্য বিরোধিতা নয়, কিন্তু উনি কি দেখেছেন মাননীয় স্বাস্থ্য মন্ত্রী তাঁর বক্তব্যে মূল কথাটা তুলে দিয়েছেন। উনি বলেছেন যে, এই স্বাস্থ্য দপ্তর সবাই মনে করে এই স্বাস্থ্য দপ্তর রাজ্যের হাতে, কিন্তু রাজ্যের কোনও ক্ষমতা বা কোনও এক্তিয়ার নেই এই স্বাস্থ্য, চিকিৎসা বিজ্ঞানের শিক্ষা নীতিতে। সমস্ত নীতি নির্ধারিত হয় কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে। আমাদের ত্রুটি আছে, আমরা কেন্দ্রীয় সরকারের জন্য সমস্ত নীতির বিরোধিতা করছি, কিন্তু স্বাস্থ্য নীতির এইমাত্র প্রয়োগ করতে শুরু করেছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর প্রতিবেদন এবং বিশেষ করে পরিবার পরিকল্পনার যে সমস্ত উদাহরণ দিলেন তাতে পরিষ্কার লেখা আছে। আমরা কেন্দ্রীয় সরকার এবং হেল্‌থ কাউন্সিলের কাছে আমাদের বক্তব্য রেখেছি, বলেছি আপনাদের যে নীতি সেই নীতিটা মারাত্মক, নীতিটা

জনবিরোধী, ক্রমশ অস্বাস্থ্যের দিকে চলে যাচ্ছে। এটা যদি উনি পড়তেন। এই যে এখানে বক্তব্যে বলেছেন—উনি এক সময়ে আমাদের সাবজেক্ট কমিটির মেম্বার ছিলেন—আমি খুব কৃতজ্ঞ বিরোধী দলের কাছে, আমরা সাবজেক্ট কমিটিতে যে আলোচনাগুলি করেছি সেই আলোচনায় আমরা বার বার এটাই প্রমাণ করতে চেয়েছি কেন্দ্রীয় দপ্তর সেইভাবেই স্বাস্থ্য বিভাগকে চালাতে চাইছেন। সেই ভাবেই এতদিন ধরে চলে আসছে, একে যদি প্রতিকার করতে না পারি তাহলে মানুষের কোনও উপকারে লাগাতে পারব না। এখানে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন আমরা তার জন্য খুব খুশি এবং আমরা সাবজেক্ট কমিটির রিপোর্টে বলেছিলাম কেন্দ্রের এই নীতির বিরোধিতা যদি না করা যায় তাহলে কেন্দ্রের সেই নীতি পুরো স্বাস্থ্য দপ্তরকে ভয় এবং সর্বনাশের দিকে ঠেলে দিচ্ছে সে কথাই আমার বন্ধু ডাঃ মানস ভুঁইয়া পরোক্ষভাবে স্বীকার করেছেন। সেই নীতিটা কি? সেই নীতিটা হচ্ছে ১৯৪৬ সালে ভোর কমিটি যে বক্তব্য বলেছিলেন সেই বক্তব্য মানুষের কাছে না পৌঁছে দিয়ে অত্যন্ত মাথাভারী চিকিৎসা প্রশাসন জনস্বার্থের বিরোধী করে তুলে যে স্টেটিক ইউনিট, আজকে উনি যে পেরিফেরির কথা তা কলকাতা থেকে আরম্ভ করে গ্রামের সমস্ত জায়গায় চলে আসছে। চিকিৎসার উপর যে মানসিকতা তৈরি হয়েছে সেই মানসিকতা তৈরি করার জন্য দায়ী কে? ৪৫ বছর দেশ স্বাধীন হয়ে গেছে, ৪৫ বছর ধরে ভোর কমিটির নির্দেশিত ব্যবস্থা ছিল, অস্বাস্থ্যকর ছিল। সেই নীতি এবং সমাজের অবিচার সম্বন্ধে আমরা বিধানসভায় বার বার বলেছিলাম, সাবজেক্ট কমিটির রিপোর্টেও বার বার বলা হয়েছে, মিনিমাম নীড প্রোগ্রামের যে কথাটা আছে যে ৩০ হাজার লোকের জন্য একটি স্বাস্থ্য কেন্দ্র সেখানে একজন ডাক্তার, এক থেকে ৪জন নার্স এবং দুটি বেড থাকবে। যারা থাকবেন তাঁদের অ্যাকোমোডেশন এবং কিচেনের ব্যবস্থা করতে হবে। আমরা হিসাব করে দেখেছি এই ধরনের দাবি মিনিমাম নীড প্রোগ্রাম করতে হলে আমাদের এখানে দরকার আছে ১৩০০, আমাদের এখানে ৮০০।

[2-00 — 2-10 P.M.]

ইতিমধ্যে আমার কাছে খবর হল, ওদের হিসাবে ৫ লক্ষ, আমাদের হিসাবে ২৫ লক্ষ টাকা খরচ করতে হবে। আর একজন ডাক্তার সেখানে কি করবেন? এখানে বলছেন মুচলেকা দিয়ে ডাক্তারদের গ্রামে যেতে হবে, কিন্তু কংগ্রেস আমলে কতজন ডাক্তার গ্রামে গিয়েছিলেন? যেসব সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার, যেটা নিউ পি. এইচ. সি. বলে কেন্দ্রীয় সরকার আমাদের উপর চাপাতে চাইছেন, সেটা ওরা যা তৈরি করে দিয়েছিলেন তাতে নিয়ম-কানুন কিছু ছিল না। যেখানে কংগ্রেসের প্রতিপত্তি ছিল সেখানেই হেল্‌থ সেন্টার করে গেছেন। এমন জায়গায় হেল্‌থ সেন্টার করেছেন যে ডাক্তার তো দূরের কথা, মানুষ যেতে ভয় পায়। সেজন্য সেগুলো চলছে না। ঐ সমস্ত হেলথ্ সেন্টারগুলির টাকা প্রথম পাঁচ বছর প্ল্যান বাজেট থেকে আসবে, তারপর সেটা নন্-প্ল্যান বাজেট হবে। এক্ষেত্রে পরিষেবার জন্য যে টাকা রয়েছে সেটা সামান্য এটা কি স্বাস্থ্য-দপ্তরের নির্দেশে হয়েছে? সবটাই হয়েছে সেন্ট্রাল গভর্নমেন্টের নির্দেশ অনুযায়ী। আমাদের হেল্‌থে চার-পঞ্চমাংশ হচ্ছে এস্টাব্লিশমেন্ট মেন্টেনেন্স খরচ। এটাই বারবার হাতি কমিটি, ভড় কমিটি—সমস্ত কমিটি বলে গেছেন যে, আমাদের দেশের রোগের যা ধরন তাতে এত বড় ইনফ্রাস্ট্রাকচার করবার প্রয়োজন নেই। সেখানে প্যারা মেডিক্যাল স্টাফ তৈরি করতে পারতাম, ট্রেনিং-এর ব্যবস্থা করতে পারতাম, তাহলে এগোনা

যেত। সেখানে ১৯৭৬ সালে আমরা দেখেছি, সব মিলিয়ে ডাক্তারের সংখ্যা যেখানে ছি ৫৯,০০০, নার্সের সংখ্যা সেখানে ১৫,০০০ এবং টেকনিশিয়ানের সংখ্যা মাত্র ৬৪২। কাজে আজকে কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী নীতির বিরোধিতা করতে হবে। সেই বিরোধিত করবার কারণ হিসাবে স্বাস্থ্যমন্ত্রী ছয়টি কারণের কথা বলেছেন যে কারণের জন্য আমরা কিছ করতে পারছি না। তাই তিনি বিরোধী দলের কাছেও আবেদন রেখেছেন। স্বাস্থ্য কোনও বিচ্ছিন্ন ব্যাপার নয়। দেশের আর্থিক ও সামাজিক অবস্থার কথা চিন্তা করে আজকে স্বাস্থ্য আন্দোলন গড়ে তুলতে হবে এবং আমাদের যে পরিকাঠামো রয়েছে সেটা যাতে ভালভাবে ব্যবহার করা যায় সেই চেষ্টা করতে হবে। শুধু প্রশাসনের উপর নয়, জনসাধারণের সহযোগিতায় মেডিক্যাল কলেজ থেকে আরম্ভ করে সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার, সাব-সেন্টার পর্যন্ত আজকে অ্যাডভাইসারি কমিটি করে দেওয়া হয়েছে। জনপ্রতিনিধিদের নিয়ে এই যে কমিটি করে দেওয়া হয়েছে সেখানে একটু ভেতরে যান, শুধু সুযোগ-সুবিধার দিকটা না দেখে অনেক স্বাস্থ্য দপ্তর কাজ করতে পারছে না সেটা দেখুন! উনি কতগুলো তথ্য দিলেন। যদি এক্ষেত্রে এ. এ. জির ১৯৭২ সালের রিপোর্ট দেখেন, সেখানে পলিথিন টিউব পাইপ কেনা হয়েছে ৯৯.৬৩ লক্ষের মধ্যে ৬৩ লক্ষ টাকার। লেপ্রোসির ব্যাপারে সি. এ. জির রিপোর্ট, ১৯৭৯-৮০ রেফার করছি The trady manner in which leprosy control measures was implemented in West Bengal was pointed out by D. G. H. D. in 1973. West Bengal held the last position in the list of States with respect to plan performance. West Bengal practically derived very little benefit from Centrally Sponsored Schemes under the National Leprosy Control Programme. আজকে ওরা বলছেন যে লেপ্রোসির টাকা ফেরত যাচ্ছে। ওরা এসব কথা জানে না। আমরা আমদের রিপোর্টে বলেছি, আমাদের হেলথ মিনিস্টার বলেছেন, ওরা যে সমস্ত প্রকল্পগুলি দিচ্ছেন সেটা হচ্ছে একটা স্টেট জ্যাকেট অর্থাৎ তার একটা পয়সা আমরা এদিক ওদিক করতে পারব না। ওরা যদি এটা করতে বলে, আমাদের প্রয়োজন না থাকলেও সেটা করতে হবে। এটা বুঝতে হবে। কাজেই লেপ্রোসি কন্ট্রোলের টাকা অন্য খাতে খরচ করতে পারিনি। আবার বলেছেন যে দেয়ার ওয়াজ নো অ্যারেঞ্জমেন্ট ফর ভেরিফাইং ফর্মূলা ইউসড বাই দি ম্যানুফ্যাকচারার—সি. এম. ও. এইচ বলেছেন যে তার অবস্থা অত্যন্ত খারাপ। সেখানে এক্স-রে ফিল্ম-এর জন্য ৩ কোটি টাকা নষ্ট করে দেওয়া হয়েছে, কারণ দে আর বিকাম আনইউসড। আবার বলছেন যে, সি. এম. ও. তার যে ডিফলকেশন কেস—এটা দেখবেন, অ্যাডমিনিস্ট্রেশনের কথায় বলেছেন যে অ্যাডমিনিস্ট্রেশনে নাকি দলবাজি হচ্ছে। ওরা অ্যাডমিনিস্ট্রেশনে দলবাজি দেখেছেন। ১৯৭০-৭১ থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত ওদের সময়ে পে অ্যাণ্ড অ্যালাউন্সের যে সমস্ত কথা হয়েছিল, তার মধ্যে যে কেস হয়েছিল, তার প্রত্যেকটি কেসের কোনও বিচার করেনি। ওরা বলেছেন যে কোনও ইন্সটিটিউশন নাকি হয়নি। ওদের আমলে চিত্তরঞ্জন মোবাইল হাসপাতাল বলে একটা হাসপাতাল হয়েছিল। সেখানে যে টাকা খরচ হয়েছিল তাতে দেখা যাচ্ছে যে পে অ্যাণ্ড অ্যালাউয়েন্সে ৬-৬৯ কোটি, মেডিসিনে ২৯, ইকুইপমেন্ট ১.৫৬, তারপর কন্টিনজেন্সি ০.৩৮, এতগুলো টাকা খরচ করার পরে দেখা যাচ্ছে যে ১৯৭০-৭১ সাল থেকে আরম্ভ করে ১৯৭৫ সাল পর্যন্ত ১২ জন পেশেন্ট ভর্তি হয়েছিল। তারপরে ফোর্থ ডিসেম্বর

১৯৭৬ থেকে ২৪শে ফেব্রুয়ারি, ১৯৭৭ সাল পর্যন্ত ৪ জন ভর্তি হয়েছিল। তারপরে একটা সিজন টেলিথেরাপি মেশিন কেনা হয়েছিল ওদের সময়ে এবং তারজন্য খরচ হয়েছিল ৭.০৫ লক্ষ টাকা। কিন্তু বিল্ডিং তৈরি না হওয়ার জন্য মেশিনটি বসানো যায়নি এবং তারফলে সাপ্লায়ারদের ৫ পাউণ্ড করে পার উইক—আগস্ট ১৯৭৪ থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত সুদ দিতে হয়েছিল। যদি পুরানো সি. এ. জি'র রিপোর্টগুলি বিরোধী পক্ষের বিধায়ক বন্ধুরা দেখেন তাহলে দেখবেন যে কি অপকীর্তি তারা করে গেছেন তাহলে তাদের মাথা হেঁট হয়ে যাবে। আমি একথা বলতে চাচ্ছি যে আজকে স্বাস্থ্য দপ্তরের যে দুরবস্থা, স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে আমরা সকলেই স্বীকার করি যেভাবে স্বাস্থ্য দপ্তর চলা উচিত ছিল সেইভাবেই স্বাস্থ্য দপ্তর চালানো যাচ্ছে না। আপনারা আবার ইন্সটিটিউশনের কথা বলেছেন। আপনাদের আমলে যে সমস্ত ইন্সটিটিউশন ছিল, যারা এই সমস্ত ভ্যাক্সিন তৈরি করতে পারত, তারা এখনও এ. টি. এস তৈরি করে যাচ্ছে, যে এ. টি. এস আমরা এখানে বহুদিন আগে ব্যান্ড করে দিয়েছি। বাকি অন্যান্য যে সমস্ত ইন্সটিটিউশন রয়েছে, আমরা বলেছি যে আমাদের এখানে এ. আর. ডি তৈরি করার ব্যবস্থা করা হোক। এখানে সাপে কামড়ালে, কুকুরে কামড়ালে ঔষুধ পায় না। কারণ এটা আমাদের এখানে তৈরি করার কোনও ব্যবস্থা নেই এবং তৈরি করার ক্ষমতাও রাজ্য সরকারের নেই। এটা কৌশলী থেকে আনতে হবে। এটা রাজ্য সরকারকে তৈরি করতে গেলে তার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, যে টাকা দরকার সেটা আমাদের এখানে বরাদ্দ নেই। আমি হিসাব দেখিয়ে দিচ্ছি যে আমাদের ৪৫৯ কোটি টাকার মধ্যে ১৮.৬ পারসেন্ট ডায়েটের জন্য খরচ হবে, তার বেশি ব্যয় করার ক্ষমতা নেই। আমাদের যে ৩৬ পারসেন্ট ঔষধে ধরা আছে, তার বেশি টাকা দেবার ক্ষমতা নেই। আমাদের ইকুইপমেন্ট ইত্যাদি গ্রান্ট সব মিলিয়ে ১২ কোটি টাকা। আপনারা বেড বাড়ানোর কথা বলেছেন। আমরা দেখেছি যে আমাদের অনেক বেড বেড়েছে। আমরা অনেক ইন্সটিটিউশন বাড়িয়েছি। প্রায় ১১০ পারসেন্ট ইন্সটিটিউশন বেড়েছে। আমরা বলেছি যে, এখন আর ইন্সটিটিউশন বাড়াতে হবে না। আজকে মৌলিক যা প্রয়োজন, সামাজিক অবিচারের জন্য মানুষ যেভাবে তার শিকার হচ্ছে, যে ভাবে অসুস্থ হয়ে পড়ছে, সেই অসুস্থতার বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। সেই অসুস্থতার বিরুদ্ধে লড়াই করার জন্য আমরা পদক্ষেপ নিয়েছি। আমাদের বিরোধী সদস্য যারা আছেন তারা প্রতিনিয়ত বলছেন যে হাসপাতালগুলি চলছে না, হেল্‌থ সেন্টারে একজন ডাক্তার দিলে সে এক ঘণ্টার বেশি কাজ করবে না। হাসপাতালে ডাক্তার দেবার কথা প্রতিদিন অনেকে বলছেন। আপনারা কি একবারও হিসাব করে দেখেছেন যে আমাদের ড্রাগ পলিসি কি? আপনারা বলছেন যে ঔষধ পাওয়া যায় না। আপনারা এখানে ডাংকেল প্রস্তাব নেবার জন্য হাত বাড়িয়ে বসে আছেন। কেন্দ্রীয় সরকার তো প্রায় মুচলেকা দিয়ে ফেলেছে ডাংকেল প্রস্তাব নেবার জন্য। আপনারা এটা বুঝতে পারছেন না যে যদি ডাংকেল প্রস্তাব নেওয়া হয় তাহলে যে ঔষধ আমরা পাচ্ছিলাম সেটাও পাব না। আপনারা একবারও হাতি কমিটির রেকমেনডেশনের কথা বললেন না।

[2-10 —•2-20 P.M.]

আমাদের এখানে হাতি কমিটি যে রিপোর্ট দিয়েছিল—এটা কেন্দ্রীয় সরকারের নিয়োজিত কমিটি—তাতে তারা প্রথম শর্তে বলেছিলেন যে আমাদের দেশের স্বনির্ভরতা কখনই ঔষধের

আগে প্রি-বাজেটের একটা সভা হয়েছিল আমাদের এই বিধানসভার সাবজেক্ট কমিটির। আমি দেখে আশ্চর্য হয়ে গিয়েছিলাম বা আমাদের বলার কোনও ভাষা ছিল না—বাজেট হল ৪৬০ কোটি টাকার আর এস্টাবলিশমেন্ট খরচ হল চারশো কোটি টাকার। আর ৬০ কোটি টাকার মধ্যে ৩০ কোটি টাকা রোগীদের খাবারদাবার বাবদ, আর ২৮ কোটি টাকা হল ঔধুধপত্র কেনার জন্য। এর পরেও মাননীয় সদস্যারা প্রশ্ন করবেন? যাদের প্রয়োজনে, যাদের পরিচর্যার জন্য প্রয়োজন এই সংস্থাটির, তাদের জন্য মাত্র ৬০ কোটি টাকা, আর এস্টাবিলিশমেন্ট খরচ চারশো কোটি টাকা। তারপর আমরা আর কি আশা করতে পারি যে, পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তর একটা সুন্দর অবস্থার মধ্যে আছে? সেদিন আমরা ওর কথায় সম্মতি জানিয়েছিলাম। কারণ আমিও ডাক্তার, উনিও ডাক্তার—হয়ত বা আমাদের কিছু করার উপায় ছিল না। আমরা সেদিন সেটা পাস করে দিয়েছিলাম।

[2-20 — 2-30 P.M.]

ডাঃ গৌরী দত্ত এখানে উপস্থিত আছেন, আশা করি তিনি ভুল বুঝবেন না। তিনি ভোর কমিটির রিপোর্টের সম্বন্ধে বললেন, এই ভোর কমিটির রিপোর্টে যা বলা আছে তাতে হচ্ছে যে, ৩০ হাজার মানুষের উপর মেডিক্যাল কেয়ার নেওয়া হবে, একটা ছোট মেডিক্যাল ইউনিট থাকবে। এই প্রস্তাব থাকলে কলকাতাবাসী মানুষেরা, নগরবাসীরা বলবেন যে এটা একটা অবাস্তব প্রশ্ন। আর মফস্বলের লোকেরা পি এইচ সিতে অর্থাৎ প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্রে যেতে গেলে গাড়ি করে যাওয়া তো দূরের কথা, গরুর গাড়ি করেও যেতে পারে কিনা সন্দেহ। আপনারা নিশ্চয় অবগত আছেন যে কংগ্রেস যখন ক্ষমতার থেকে আসনচ্যুত হয় তখন প্রতিটি ব্লকে একটি প্রাইমারি হেলথ সেন্টার ছিল। সাবসিডিয়ারি হেলথ সেন্টার দুটি করে ছিল, আমি তখন এম. এল. এ. ছিলাম, আমি জানি যে একটি হেলথ সেন্টার আর দুটি সাবসিডিয়ারি হেলথ সেন্টার that was not sufficient enough to give medical relief to all the people of the block. তখন আমরা কতগুলি সাব-সেন্টার তৈরি করেছিলাম অর্থাৎ ডিসপেন্সারি মতো করেছিলাম, সেখানে ডাক্তার ছিল, একজন প্যারা মেডিক্যাল স্টাফ থাকত, সে ঔষধপত্র দিতে সাহায্য করত। আজকে প্রত্যেকটি প্রাইমারি হেলথ সেন্টারগুলিতে বেড এখনো আছে কিন্তু সাবসিডিয়ারি হেলথ সেণ্টারে মাত্র ৫টি করে বেড থাকে। বেডের একজিসটেন্সির ব্যাপারে আমি মেডিক্যাল সাব-কমিটির সদস্য হিসাবে গিয়েছিলাম তাতে দেখেছিলাম ওই হেলথ সেন্টারগুলিতে বিল্ডিংগুলো রয়েছে, ডাক্তারও একজন রয়েছে, প্যারামেডিক্যাল স্টাফও রয়েছে পোস্টিং করা অর্থাৎ ম্যানিংয়ে ভর্তি। প্রায় ১০-১৫ জন স্টাফ রয়েছে কিন্তু ওষুধপত্র কিছু নেই। সালফা ড্রাইজিন পাওয়া যায় না। আমি যখন এম. এল. এ. ছিলাম তখন প্রাইমারি হেলথ সেন্টার এবং সাবসিডিয়ারি হেলথ সেন্টারগুলি বেডেড ছিল এবং স্যালাইন থেকে আরম্ভ করে ডায়ারিয়া এবং টাইফয়েড সমস্ত রোগের চিকিৎসা হত। আজকে সেই সমস্ত চিকিৎসা উঠে গেছে। আমি গৌরিদার সঙ্গে গিয়ে লক্ষ্য করেছি যে, সালফা গুয়াডিন ইত্যাদি জাতীয় কিছু ওষুধ হেলথ কেয়ারে কিছু দিয়ে দেওয়া হয়। আর বাদবাকি সালফা গুয়াডিন, সালফা ডাইজিন ইত্যাদি ওষুধগুলো সেন্ট্রালাইজ করে প্রাইমারি হেলথ সেন্টার এবং সদর হাসপাতালে নিয়ে আসা হয়। এইসব করার কি কোনও যুক্তি আছে? আপনার ভোর কমিটির রিপোর্ট অনুযায়ী রিমোটেস্ট কর্ণার অফ দি ভিলেজ চিকিৎসা

পৌঁছে দিতে হবে। এই ভোর কমিটির রিপোর্ট অনুযায়ী ৩০ হাজার পপুলেশনের উপর স্বাস্থ্যকেন্দ্র থাকবে এবং সেখানে অল সর্টস অফ মেডিক্যাল ফেসিলিটিজ উড বি অ্যাভেলেবেল। আজকে আপনাদের জেনে রাখা দরকার যে হেলথের দপ্তর থেকে কখনো লাভ হতে পারে না, স্বাস্থ থেকে কখনো লাভ হয় না, সেটাকে সব সময় খরচের খাতায় রাখতে হবে। আমি ৩৮ বছর ধরে জলপাইগুড়ির ডাক্তার, আমি সেখানে ডাক্তারি করি। আমি একজন গভর্নমেন্ট ডাক্তার হিসাবে কুকুরে কামড়ানোর যে লাইফ সেভিং ড্রাগ এআরডি, সেই ওষুধের জন্য হাসপাতালে সার্টিফিকেট দিলে হাসপাতাল ওষুধ দেবে না। এক্ষেত্রে এই আর ডি লাইভ সেভিং ড্রাগের জন্য গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে সার্টিফিকেট এলে পরে ওষুধটা হাসপাতাল থেকে পাওয়া যাবে? অথচ এখন হাসপাতালে এই ওষুধের সাপ্লাই নেই, এবং এই সার্টিফিকেট লিখে দেওয়া হচ্ছে যে অ্যাডভাইজ এ আর ডি কিন্তু ওষুধ নেই। ফলে ওখানকার মানুষদের ওই ওষুধের সাবস্টিটিউট যে ওষুধ, যার দাম ২০০ টাকা করে। সেই ওষুধ বেশি দাম দিয়ে কিনতে হচ্ছে এবং ১২০০-১৩০০ টাকা খরচ হয়ে যাচ্ছে।

ওরা বলে আমরা পারছি না। তাহলে সরকারের থাকার কি দরকার আছে? এখানে তো কিছু টাকা-পয়সা খরচ করতে হবে? আপনারা হেলথ বাজেটে টাকা-পয়সা দিচ্ছেন না, তাই আস্তে আস্তে আজকে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। তাই পশ্চিমবঙ্গের লোককে আজকে কলকাতার বাইরে গিয়ে চিকিৎসা করাতে হচ্ছে, সাউথে গিয়ে চিকিৎসা করাতে হচ্ছে। তাই আমি এই স্বাস্থ্য দপ্তরের বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

श्री मो० याकुव : ओनरेवूल चेयरमेन, हमारे हेल्थ मिनिस्टर प्रशान्त सुर हेल्थ का जो वचट पेश किए है उसका तारद करते हुए और कट-मोशन का मुखालफत करते हुए दो-चार वाते की ओर हम ओनरेविल मिनिस्टर का नजर दिलाना चाहता हूं। सवसे पहले हमारे मुखातिव दोस्त इस वजट का मुखाल्फत करते हुए वहुत सारी वात कह चुके हैं। मुझे उसकी वात सुनने के वाद एक लतीफायाद आता है यह मै आप को सुनाता हूं। एक गांव मे एक देहाती अपना दु:ख डाक्टर को वताता है। डाक्टर साहव हेमें पेट में वहुत दर्द हो रहा है दवा दिजिए। डाक्टर साहव वोले आच्छा ठीक है, पहले एक्जामिन कर लुं फिर दवा दुंगा। डाक्टर साहव एक्जाम लेना शुरु किए वो पुछे वताओ तुम सुवह मे क्या खाना खाया है वो वोला अण्डा, डाक्टर साहव बोले अच्छा ठीक है, अव वताओ दोपहर मे क्या खाना खाया है, मरीज वोला दोपहर को मे अपने समधी के यहां गया था वहां समधिन ने मुर्गी खिलाया। डाक्टर साहव एकजाम लेने के वाद वोले कि आपरेशन करना होगा। मुर्गी अण्डे के उपर वैठ गया है इसीलिए दर्द हो रहा है। वही हाल हमारे विरोधी वन्धु का है। वो डन्कल प्रस्ताव का विरोध नही करेगें क्योकि केन्द्र की कुर्सी पर उनका अन्क़ल है। अजीव वात है। यह नहीं कहेगें कि १९९२-९३ के वजट में केन्द्र सरकार १० प्रतिशत टेक्स

वढ़ा दिया। इसका फिक्र है! फिक्र नही है।

अतः दोस्तों और भाइयों, मै कहना चाहता हूं, कि जहां तक हो सरकार की सहयोगिता करें। लोगो कि तन्दुरुस्ती को देखौ। कहा भी गया है कि एक तन्दुरुस्ती लाख नियामत। हम यह कहना चाहता हूं कि मरीज के मर्ज पर ध्यान देना चाहिए। उसे दिमागी सुझाव भी देना चाहिए। जो दवा दिया जा रहा है उससे महीज के मर्ज पर क्या प्रभाव पड़ रहा है। उसे रिलीफ मिल रहा है कि नहीं। हेल्थ एजुवेशन पर सबसे ज्यादा ध्यान देने की जरुरत है और यह एक अहम सवाल है। तीन चीजों मे कां-आरडिनेशन होना चाहिए पहला है पी० डब्यु डी० दुसरा है पब्लिक हेल्थ इन्जीनियरिगं और तीसरा है हेल्थ। कांआरडिनेशन होना चाहिए, सही माहौल हो। जो परिवेश है उसमे सुधार हो, इसपर जोर देना चाहिए। दुसरे काविल दोस्त इसका जिक्र नही किए। वो वहुत सारी तर्जुवात हैं, जो विधान है उसको यह कहना चाहिए था कि हमारे जो राष्ट्रीय व्यवस्था है उसमे मर्जीवत है, नजाम है। उनको जो दायहा है उसमें ही वात करनी चाहिए। उनको कहना चाहिए। क्या हमारे समाज में दुसरी ओर इकोनोमिक कन्डीसन, आर्थिक व्यवस्था क्या है। लोगों को खाने को मिल रहा है या नही? इसमे सरकार की कोशिश, हेल्थ विभाग की कोशिश कहा तक सफल हुई है? उनको सामने रखकर हमारे यहां कोशिश हो रही है।

इसके साथ ही मै जो वात कि ओर ओनरेविल प्रशान्त सुर, हेल्थ मिनिस्टर महोदय का ध्यान दिलाना चाहता हुं वह है आई- आंपरेशन, यहां अगर आंपरेशन की व्यवस्था हो तो वहुत अच्छी वात है, लोगो को वहुत अधिक सुविधा होगी। डाक्टर जव रिपोर्ट देता हैओर रिपोर्ट अगर आपरेशन की वात होती है तो साधारण लोगो मे, गरीव तवके के लोगों मे हताशा छा जाता है। पेशेन्ट वड़ा ही निराश हो जाता है। सोचने लगता है कि अब रोशनी वापस नहीं आएगी। मै मंत्री महोदय से आग्रह करुगां कि यह बहुत ही जरुरी है। पशिचम वंगाल मे आई आपररेशन के लिए जो साइन्टफिक मोडल की आवशयकता होती है नही है, इसका आभाव हैं। इसमे जो भी इन्सट्रुमेन्ट की आवशयकता पड़े सरकार को इसकी व्यवस्था करनी होगी। सर, रोगी को आपरेशन के लिए मद्रास जाना पड़ना है जो गरीव लोगों के लिए सम्भव नही है। वहां जाकर नर्सिग होम मे इलाज करराना वड़ा ही दिक्कत का कामहै। यही मै तव्वजह दिलाना चाहता हूं। अगर इसका इन्तजाम हो जाता है तो यह सरकार की वहुत वड़ी उपलब्धि होगी। ववहुत ही सुचारु विचार होगा।

साथ-हीसाथ मे मिनिस्टर महोदय का ध्यान ओर ओर दिलाना चाहुंगा। जव

लोग महीजों को लेकर हेल्थ सेन्टरर मे जाते है दो उनको अनेक उलझनों का सामना करना पड़ता है। वहां जो क्लास फोर स्टाफ रहते है उनका व्यवहार महीजों के साथ अच्छा नही होता है। मरीजों की कठिनाइयों पर ध्यान नही देते हैं उनको वार्ड वार: हो, तथा महीजो के साथ अच्छा सलुक करना चाहिए। जेसे पेश आना चाहिए नही आते हैं। साथ ही कुछ पेशे भी डाक्टर है जो मरीजो के साथ बडा ही अजीब तरह से पेश आते है। कम-से कम उनके वात करने का ढंग तो ठीक होना चाहिए डाक्टर का व्यवहार ऐसा होना चाहिए कि उनकी बात से महीज का ४० प्रतिशत मर्ज ठीक हो जाए। मगर देखा जाता है कि डाक्टर के व्यवहार से १०० प्रतिशत से १२० प्रतिशत हो जाता है। उनको महीजो के साथ ठीक ढंग से पेश आना चाहिए इस ओर भी मे तवज्ञह दिलाना चाहता हूं।

साथ-ही-साथ यह भी तज्ञीज करने का अनुरोध कररता हुं कि हेल्थ सेन्टर मे और प्राइमरी हेल्थ सेन्टर मे कुछ ऐसे मशीने है जो वहुत ही पुराना है काम नही कर रहा है, वैसे मशीनो को वदला जाए। उसके जगह पर नयी मशीनें लगाई जाए, मरम्मत कराई जाए। हार्ट महीज के लिए हेल्थ सेन्टर मे, प्राइमरी हेल्थ सेन्टर मे डाक्टर हे मगरर ई० सी० जी० मशीन नही है। कुछ जगह है भी तो रिटायर में। गांव्वले तो इन सुविधा से विल्कुल वंचित ही रहते हैं। गांव्वाले लोगो के लिए भ÷ समुचित इन्तजाम होना चाहिए जिसका लाभ गरीव मजदुर किसान, उठा सके। साथ ही साथ गांवो में, पेचायतो में हेल्थ सेन्टर की वहुत ही जरुरत है। कही - कही है भी तो वह दयनीय अवस्था में है। वहां पोरटेवल ही इ० सी० जी० मशीन की व्यवस्था हो जिससे उनको डिसट्रिक मे हांस्पीटल मे चक्कर कटाना न पड़े। हेल्थ एजुकेशन पर विशेप ध्यान देना होगा। क्योंकि अशिक्षा ही सवसे वड़ा कारण है अतः कम्पाइन करते हुए ही हम आगे वढ पांएगे। साथ ही साथ एक ओर उनका ओर नजर दिलाना चाहता हूं वो है नदिया जिला के हरदम नगर हेल्थ सेन्टर, १३ साल से वहां डाक्टर नहीं है। इसलिए हम कहना चाहता हूं कि हाम हमारे हेल्थ मिनिस्टर इसपर तत्काल कारवाई करेगें। पेट्रोलका दाम, डीजल का दाम वढ गया है। फिर भी एम्वुलेन्स का रेट पर कन्ट्रोल रखने की मेहरवानी करेगें तथा इसपर भी नजर होना चाहिए कि उसका सुविधा गरीव तवके लोगो को मिले। शिर्फ डाक्टर अपने घरेलु काम मे ही उपयोग न करे। देखा जाता है कि जव एम्वुलेन्स की आवशयकता होती है लेकिन उपलव्ध नही हो पाता है। अतः सही ढंग से इसका प्रयोग हो और इसको वढाने की ओर भी ध्यान देगें। नोर्थ वंगाल मे इसका सदा आभाव रहता है अतः इसका

इन्तजाम करेगें। नोर्थ बंगाल मे इन्जेकसन का प्रायः आभाव देखा जाता है इसकी ठीक ढंग से आपुर्ति होते हुए यह हेल्थ एजुकेशन पर सरकार ध्यान देगी, क्लास फोर कर्मचारी के विहेव मे सुधार होना चाहिएमहीजो के साथ अच्छी तरह पेश आए। यही कहतते हुए जो वजट पेश किया गयाउहेसमर्थन करते हुए आपनी वात खात्म करता हूं।

[2-40 — 2-50 P.M.]

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয়া চেয়ারম্যান মহোদয়া, আজকে এই সভায় স্বাস্থ্য দপ্তরের যে বাজেট পেশ করা হয়েছে আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশন আনা হয়েছে সেগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, বাজেটে আমরা দেখেছি যে সরকার একটা পরিষ্কার দিক নির্দেশ করতে চান যে আমরা আর হাসপাতাল বাড়াব না। আমরা মানুষকে সচেতন করব স্বাস্থ্য সম্বন্ধে যাতে তাদের হাসপাতালে যেতে না হয়। এটা একটা নীতি হিসাবে তারা ঠিক করেছেন। মাননীয় সদস্য গৌরীপদবাবুও তাই বলেছেন, সাবজেক্ট কমিটির রিপোর্টেও তাই আছে। সেখানে আছে যে "The Left-front Govt. has declared its emphasis on preventive and promotive health care." খুবই ভালো কথা। কিন্তু এই কথাটা বলার সঙ্গে সঙ্গে একে বাস্তবে রূপায়িত করার জন্য যে টাকাটা অ্যালটমেন্ট করেছেন সেটা কিন্তু এরজন্য যথেষ্ট নয়। আপনার বাজেট বক্তৃতায় আপনি নিজেই সেলফ কনট্রাডিকশনে ভুগছেন। সবাইকে এ বিষয়টা নিয়ে সিরায়াসলি ভাবতে হবে। মাননীয় স্বাথ্যমন্ত্রীর কাছে আমি বিনীতভাবে আবেদন করতে চাই যে এই নোটেতে বলা হয়েছে ৪৫৯ কোটি টাকার মধ্যে মাত্র ৫৭ কোটি টাকা আমরা সব সমতে এরজন্য খরচ করতে পারব। তাহলে আপনার চিন্তার সঙ্গে বাস্তবে সেটাকে কি করে রূপ দেবেন দয়া করে সেটা আমাদের বলবেন। সাবজেক্ট কমিটির রিপোর্টের ৪ পৃষ্ঠায় একটা লাইন এই প্রসঙ্গে আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি। এইসব ব্যাপার লেখার পর বলেছেন A serious thinking is needed to the orient the entire health service of our State. এই কথা সেখানে বলা হয়েছে। কাজেই এই অবস্থায় এই বাজেটকে সমর্থন করা যায় না এই কারণে যে সরকার যা করতে চান সেখানে উপরে উপরে অনেক কোটি টাকা রাখলেও বাস্তবে কিন্তু এরজন্য টাকা বেশি রাখেন নি। বেশিরভাগ টাকাটাই মাহিনা দিতে এবং এস্টাবলিশমেন্ট বাবদ খরচের জন্য রেখেছেন। এই কারণে এই বাজেটের আমি বিরোধিতা করছি। স্যার, আমার সময় অল্প, আমি একটি নির্দিষ্ট তথ্য এবারে উপস্থিত করব। রবীনবাবু তার বাজেট বক্তৃতায় প্রারম্ভেই বলেছেন যে এক কোটি টাকার একটি বাড়ি স্বাস্থ্য দপ্তর নিতে পারছে না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে বিনীতভাবে এই প্রসঙ্গে আমার কেন্দ্রের একটি কথা বলব। আমার কেন্দ্র একটিও রুর‍্যাল হাসপাতাল নেই। আপনারা নিশ্চয় এমন পলিসি নেননি যে একটা কেন্দ্রে একটিও রুর‍্যাল হাসপাতাল থাকবে না। এই প্রসঙ্গে এখানে উপস্থিত মাননীয় স্বাস্থ্যমন্ত্রীদের ও উপস্থিত অফিসারদের কাছে হেলথ ডিপার্টমেন্টের একটি চাঞ্চল্যকর তথ্য আমার এলাকার উপস্থিত করব। আমার কেন্দ্রের বিধানসভার প্রাক্তন সদস্য—হাওড়া জেলার শ্যামপুর কেন্দ্রের—ঝুমঝুমি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রকে রুর‍্যাল হাসপাতাল করার জন্য

জমি দান করেছিলেন। আমি ডিটেলসে—কবে কোনও ডেপুটি সেক্রেটারি কি করেসপন্ডেন্স করেছেন কি মেমোতে যদি দপ্তর জানতে চান আমি জানাতে পারি। ২৩. ২. ৭৬ তারিখে বামাচরণ মন্ডল স্বাস্থ্য দপ্তরকে কে একর ৭৮ শতক জায়গা রেজিস্ট্রি করে দিলেন। ৩১. ৩. ৭৬ তারিখে আর একজন ২ একর ১৬।। শতক জমি স্বাস্থ্য দপ্তরকে রেজিস্ট্রি করে দিলেন। ৭৬ সালের পর্চাতে দেখা গেল, সেই পর্চার কপি আমার কাছে আছে, আপনি যদি ঝুমঝুমি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র অথবা হাওড়ার সি. এম. ও. এইচের অফিসে যান সেখানেও পাবেন, ২৮. ১০.৭৬ তারিখে এই পর্চা বেরয় এবং সেই পর্চার খতিয়ান নং হচ্ছে ১/২, দখলকার, প্রদেশপাল, পশ্চিমবঙ্গ সরকার। একটা পর্চাতে জমির পরিমাণ লেখা আছে এক একর ৭০ শতক এবং আর একটাতে লেখা আছে এক একর ৯৯ শতক। চাঞ্চল্যকর তথ্য যেটা দেখা গেল, ১৯৭৬ সালের পর্চাতে যে জমি পশ্চিমবঙ্গ সরকার দখলিকার এবং যার খতিয়ান নং ১/২ '৮২ সালের অপারেশন বর্গাতে সেই জমি বর্গা রেকর্ডভুক্ত। এই বিষয়টিই আমি আপনার কাছে নিবেদন করতে চাই। কে কে বর্গাদার আছে, কত পরিমাণ জমি আছে আমি আবার বলছি, আমার কাছে তথ্য আছে আমি দিতে পারি। যদি আমার কথা বিশ্বাস না হয় তাহলে ঝুমঝুমি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যেতে পারেন অথবা হাওড়ার সি. এম. ও. এইচের কাছে যেতে পারেন এবং গিয়ে খোঁজ করতে পারেন যে এটা বর্গা রেকর্ড কিনা। বর্গা হয়েছে খড়গ মাছি, শ্রী গনেশ দাস, রামপদ মাঝি, সহদেব মান্না এদের নামে। মন্ত্রী মহাশয়ের স্মরণ আছে গত জুলাই মাসে আমি একটা প্রশ্ন করেছিলাম এই বিষয়ে, ডেপুটি ডিরেক্টার ছয় তারিখে হাওড়া সি. এম. ও. এইচ কে বার্তা পাঠিয়েছিলেন এবং সি. এম. ও. এইচ. ঐ ঝুমঝুমি হসপিটাল সম্পর্কে ৮ তারিখে একটা রিপোর্ট করেন। তাতেও তিনি বলেছেন যে ঐ জমি বর্গা রেকর্ড হয়েছে। আমার কাছে মেমো নং আছে। সি. এম. ও. এইচ/সি/২/১/২ তারিখ ৮/৮/৯১। ভদ্রলোক নিজের এলাকার জমি দান করেছেন সরকারকে রুর‍্যাল হসপিটাল করার জন্য, সেই জমিতে যদি বর্গা হয়ে যায় তাহলে রুর‍্যাল হসপিটাল হবে কি করে? মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করব এই জমিটা সরকার উদ্ধার করে আবার রুর‍্যাল হাসপাতাল করার চেষ্টা করবেন। কোনওদিন হয়ত দেখা যাবে রাইটার্স বিল্ডিংস বর্গা হয়ে গেছে। তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই বিষয়টা আশা করি তিনি দেখবেন। আমার সাবডিভিসনের উলুবেড়িয়া হাসপাতালের কথা এই প্রসঙ্গে বলতে চাই। আপনি জানেন, এই সাব ডিভিসন্যাল হাসপাতাল থেকে তছরূপ হয়েছিল। ব্যাপরটা ভালভাবে তলিয়ে দেখা দরকার। কারণ এই কারচুপিতে শুধু ঐ তিন জন নয় আরও লোক যুক্ত আছে। একটা চেন কাজ করেছে। এতে ট্রেজারির লোকও আছে, সাবডিভিসন্যাল হাসপাতালের লোকও আছে আর হেলথ সেন্টারের লোক আছে। তারা এই ব্যাপারটা করেছে। আমি অনুরোধ করব, এই জিনিসটা আপনি দেখবেন। উলুবেড়িয়া হাসপাতালে ১৯৯১ এর ১৪ই আগস্ট একটা ব্লাড ব্যাঙ্কের উদ্বোধন হল, একটা সাইন বোর্ডও লাগানো হল। কিন্তু এখনও পর্যন্ত সেটা সাইন বোর্ডেই আছে, সেই ব্লাড ব্যাঙ্ক এখনও পর্যন্ত চালু হল না। ঐ সাবডিভিসন্যাল হাসপাতালের অবস্থা অত্যন্ত সঙ্গিন, সকালবেলা হাসপাতালটা খোলে কিন্তু সেখানে ছাগল, গরু, ভেড়া চরে বেড়ায়, একটা যে পরিবেশের ব্যাপার আছে, সেটা সেখানে নেই। এই অবস্থায় আজকে আপনারা বলছেন যে মানুষকে সচেতন করতে হবে। কোথায় আপনাদের সেই ইনফ্রাস্ট্রাকচার? ইন্ডিভিজুয়্যাল একটা দপ্তর চলতে পারে না। একটা হেলথ সেন্টার চালাতে গেলে তার জন্য ইলেক্ট্রিসিটি

দরকার, মেন্টিনেন্সের জন্য পি. ডবলিউ.-কে দরকার। এই যে ডিপার্টমেন্টের সঙ্গে কোঅর্ডিনেশন, এর অভাব আমরা সর্বত্র লক্ষ্য করছি। এই সব কারণে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের যে কাট মোশন আছে, সেইগুলোকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ঈদ মহম্মদ ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী দলের আনীত কাটমোশনের বিরোধিতা করে আমি বাজেটের সমর্থনে দু-চারটি কথা বলতে চাই। আজকে এখানে বিরোধী দলের পক্ষ থেকে পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তরের সমালোচনা করা হয়েছে, খারাপ দিকটা তুলে ধরার চেষ্টা করা হয়েছে। কিন্তু ভাল দিকটা তারা দেখতে পাননি বা তুলে ধরার চেষ্টা করেন নি। তারা বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন। পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তরের যে পরিকাঠামো আছে, তার সঙ্গে যদি ভারতবর্ষের অন্যান্য প্রদেশের পরিকাঠামোর তুলনা করি তাহলে দেখব অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের ইনফ্রাস্ট্রাকচার অনেক ভাল, অনেক উন্নত মানের। আমরা যদি অন্যান্য রাজ্যের দিকে তাকাই, সেখানে দেখব সরকারি সংস্থা, সরকারের দ্বারা পরিচালিত ২৫ পারসেন্ট আর ৭৫ পারসেন্ট হচ্ছে বেসরকারি সংস্থা দ্বারা পরিচালিত। যেখানে উচ্চ বর্ণের লোকের চিকিৎসার সুযোগ আছে, গরিব মানুষের সুযোগ পায় না। আর পশ্চিম বাংলার মোট চিকিৎসা ব্যবস্থার ৭৬ ভাগই সরকার দ্বারা পরিচালিত। সাধারণ গরিব মানুষরাই এই চিকিৎসা ব্যবস্থার সুযোগ সুবিধাগুলি বেশি পায়। যে মাত্র ২৪% চিকিৎসা ব্যবস্থা বেসরকারি সংস্থার দ্বারা পরিচালিত তার সুবিধা উচ্চ-বর্ণের বিত্তবান মানুষরা ভোগ করে। যদিও আমাদের স্বাস্থ্য নীতি কেন্দ্রীয় সরকার গৃহীত নীতির অঙ্গ। তথাপি আমরা জানি পৃথিবীর সর্বত্র স্বাস্থ্য ব্যবস্থার দুটো দিক আছে, একটা হচ্ছে প্রিভেনটিভ সাইড, আর একটা হচ্ছে কিউরেটিভ সাইড। আমরা আমাদের রাজ্যে প্রিভেনটিভ সাইডের দিকে খুব বেশি জোর দিয়েছি। কারণ আমরা জানি যদি আমরা গোড়াতেই রোগ প্রতিরোধ করতে পারি তাহলে আর কিউরেটিভ সাইডে যাবার দরকার হবে না। সে দিকে লক্ষ্য রেখে কলকাতা শহর থেকে শুরু করে গ্রামের পঞ্চায়েত স্তর স্বাস্থ্য ব্যবস্থাকে জনমুখি করে তোলা হয়েছে। কলকাতায় যেমন বড় বড় কলেজ হাসপাতাল এবং হাসপাতাল আছে, তেমন জেলা স্তরে জেলা সদর হাসপাতাল আছে। মহকুমা স্তরে মহকুমা হাসপাতাল বা সাব-ডিভিসনাল হসপিটাল আছে। তার নিচে ব্লক স্তরে ব্লক হাসপাতাল এবং তার নিচে এস. এইচ. সি. বা নিউ পি. এইচ. সি. আছে এবং তারও নিচে গ্রাম স্তরে সাব সেন্টারগুলি আছে। এই সামগ্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা আজকে প্রিভেনটিভ সাইডের প্রতি সব চেয়ে বেশি জোর দিচ্ছি। অবশ্যই কিউরেটিভ সাইডের প্রয়োজন আছে এবং সামর্থ অনুযায়ী দৃষ্টি দেওয়া হচ্ছে এবং এর সাথে সাথে মেডিক্যাল এডুকেশনও বিরাট আকারে আমাদের রাজ্যে চালু আছে। আজকে একেবারে গ্রাম স্তর পর্যন্ত প্রতিটি রোগের উৎপত্তি অনুসন্ধান করা হচ্ছে। গ্রাম স্তরে পুরুষ এবং মহিলা মাল্টিপার্পাস ওয়ার্কাররা এই সমস্ত কাজ দেখাশুনা করছেন এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করছেন। তারা ছাড়াও আমাদের এখানে প্রায় ৪২ হাজার সি. এইচ. ডি. আছে। গ্রামীণ জনস্বাস্থ্যের কাজকর্ম দেখার জন্য '৭৭ সালে জনতা গভর্নমেন্টের আমলে ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের টাকায় এদের নিয়োগ করা হয়েছিল। এরা প্রতি মাসে সামান্য কিছু সাম্মানিক বা ভাতা পান। এরা গ্রামের মানুষের সঙ্গে যোগাযোগ করে চলেন এবং প্রতিটি গ্রামবাসীর

খোঁজ রেখে প্রয়োজনে হাসপাতালের সঙ্গে যোগাযোগ করে অসুস্থ গ্রামাবাসীদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে সাহায্য করেন। আমাদের রাজ্যে গ্রামাঞ্চলে ৩১ হাজার ট্রেন্ড দাই নিয়োগ করা হয়েছে। তারা এক্সপেক্টেড মাদারদের হোম ডেলিভারিতে সাহায্য করেন এবং পরীক্ষা নিরীক্ষা করেন এবং প্রয়োজনে হাসপাতালে ভর্তির ব্যবস্থা করেন।

আমাদের শুধু এই পরিকাঠামোই নেই, এই পরিকাঠামো ঠিকমতো চলছে কিনা তা দেখবার জন্য প্রতিটি বড় হাসপাতাল থেকে সাব-সেন্টার পর্যন্ত কমিটি আছে। জেলা স্তরে জেলা লেভেল অ্যাডভাইসারি কমিটি আছে। অনুরূপভাবে প্রতিটি স্তরেই অ্যাডভাইসারি কমিটি আছে। কমিটির মেম্বাররা প্রতিটি ক্ষেত্রে কাজকর্ম ঠিক হচ্ছে কিনা তা পর্যালোচনা করেন এবং প্রয়োজনে উপযুক্ত ব্যবস্থার সুপারিশ করেন। পঞ্চায়েত লেভেলে যে সমস্ত স্বাস্থ্য কর্মীরা আছেন তাদের নিয়মিত ট্যুর ডায়রি মেন্টেন করতে হয় এবং পঞ্চায়েত লেভেলে সেটা সাবমিট করতে হয়। তবে এ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার একটা অভিযোগ আছে। আমরা বিভিন্ন জায়গা পরিদর্শন করে দেখেছি যে, আমাদের জন-স্বাস্থ্য সম্পর্কিত যে গাইড লাইন আছে সেই গাইড লাইন অনুযায়ী বিভাগীয় সার্কুলারগুলি সর্বত্র ভালভাবে সার্কুলেট করা হয় না।

সেগুলি যাতে ভালভাবে সার্কুলেট হতে পারে সেদিকে নজর দেবার জন্য আমি তার কাছে অনুরোধ জানাব। এ ছাড়া আমরা যা দেখছি সাবসেন্টার লেবেলে গ্রামে জনস্বাস্থ্যের ব্যাপার তারা দেখাশোনা করছেন, সুপারভাইজার যারা আছেন তারা কাজকর্ম ঠিকমতো করছেন না, মেল এবং ফিমেল সুপারভাইজার যারা আছেন তারা সেইসব দেখাশোনার চেষ্টা করছেন। তাছাড়া আমরা স্বাস্থ্যের আর একটা দিকও দেখছি। আয়ুর্বেদের দিকটা আমরা দেখছি, সেটা একেবারে শেষ হয়ে যেতে বসেছিল, সেই চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে এবং হাসপাতালে হাসপাতালে ডাক্তার দেবার চেষ্টা করা হচ্ছে। তারপর হোমিওপ্যাথিও একেবারে শেষ হবার পথে চলে গিয়েছিল, সেই চিকিৎসা ব্যবস্থাও চালু করার চেষ্টা করা হচ্ছে। গ্রাম পঞ্চায়েত দ্বারা পরিচালিত ৪৫৪টি ডিসপেনসারি খোলা হয়েছে এবং ১০৫টি হাসপাতালে একজন করে ডাক্তার দেবার চেষ্টা করা হয়েছে। এই চিকিৎসা ব্যবস্থার পাশাপাশি একজন করে ডাক্তার দেবার চেষ্টা করা হয়েছে। এই চিকিৎসা ব্যবস্থার পাশাপাশি আর একটি জিনিস করার চেষ্টা করা হচ্ছে। এ ছাড়াও নূতন করে ১০০টি সেন্টার যে সেন্টার নূতনভাবে হতে চলেছে। গ্রাম স্তরে হাসপাতাল নেই, রোগীরা চিকিৎসা বঞ্চিত যেখানে রাস্তাঘাট নেই সেখানে এই সেন্টার চালু করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। অন্যদিকে ক্রটি বিচ্যুতি কিছু থেকে গিয়েছে, আমরা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে দেখেছি যে সব রোগিদের হাসপাতালে ভর্তি করা হয় তাদের ডায়েট এবং ওষুধপত্র হয় না। আমরা এ অবস্থা মধ্যপ্রদেশ, বিহার, মহারাষ্ট্র এবং গুজরাটে দেখেছি সেখানে রোগিদের ঔষধপত্র দেওয়া হয় না। আমাদের পশ্চিমবঙ্গেও সে সমস্যা আছে, আমরা রোগিদের সব ওষুধপত্র দিতে পারি সে দাবি করছি না তবে দেবার চেষ্টা করছি। ভাল ডায়েট দিতে না পারলেও গ্রামাঞ্চল থেকে কলকাতা পর্যন্ত দেবার চেষ্টা করি। যদিও খাবারের মান সেরকম উন্নত নয়, আগে খাবারের যে রকম বরাদ্দ ছিল এখন সমস্ত জিনিসের দাম বাড়ার সঙ্গে সঙ্গে যে টাকা বরাদ্দ আছে তাতে ভাল খাবার পাওয়া যায় না, তা সত্ত্বেও দেবার চেষ্টা করি। এখানে ডাক্তারদের নন-প্র্যাকটিসিং অ্যালাওয়েন্স দেওয়া হয়,

যদিও ডাক্তাররা তাতেও প্র্যাকটিস করেন কিন্তু আমরা ভূপালে ডাক্তারদের কাছে শুনেছি যে এখানে চিকিৎসা করলেই শুধু হবে না, অন্য জায়গায় চিকিৎসা করতে হবে। কিন্তু এখানে ডাক্তারদের হাসপাতালে রোগিদের চিকিৎসা করার জন্য নন-প্র্যাকটিসিং অ্যালাওয়েন্স দেওয়া হয়। গ্রামাঞ্চলে যেখানে ডাক্তার নেই সেখানে ডাক্তারদের যেতে বাধ্য করা হোক, এ বছরে ৫৮৯ জন ডাক্তারকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে এবং তাদের বলা হয়েছে গ্রামাঞ্চলে যেতে, তারা যায় নি, আমরা সেই বিষয়ে আলোচনা করছি। আগে কংগ্রেস আমলেও যেমন বন্ড ছিল এখনও সেইরকম বন্ড নেওয়া হয়েছে, তারাও বন্ড দিয়েছে, যে গরিব মানুষের টাকায় তারা লেখাপড়া শিখে ডাক্তার হয়েছে সেই গরিব মেহনতি মানুষদের চিকিৎসার জন্য তাদের গ্রামে যেতে বাধ্য করা হোক, না গেলে তাদের যে প্র্যাকটিসিং লাইসেন্স আছে সেই প্র্যাকটিসিং লাইসেন্স বাতিল করার ব্যবস্থা করা হোক যাতে গ্রামের গরিব মানুষদের চিকিৎসা হয় তার ব্যবস্থা করা হোক।

[3-00 — 3-10 P.M.]

আমরা জানি, গ্রামাঞ্চলে থেকে রোগীরা কলকাতায় এলে তাদের হন্যে হয়ে ঘুরে বেড়াতে হয়। আমরা তাদের চিঠিপত্র দিয়ে দিই, কিন্তু সেই চিঠির কোনও গুরুত্ব দেওয়া হয় না। তাই গ্রামাঞ্চলে যদি চিকিৎসার ব্যবস্থা হয়, রোগ নির্মূল করা যায়, তাহলে জেলা স্তরে, রাজ্য স্তরে রোগিদের চাপ সৃষ্টি হবে না। কাজেই এদিকে লক্ষ্য দিতে হবে। আমি দেখেছি, এক্স-রে মেশিন যেগুলো হাসপাতালগুলিতে পাঠানো হচ্ছে তার অনেকগুলোই অকেজো হয়ে পড়ে থাকছে। এ-ব্যাপারে আমরা ইলেকট্রো-মেডিক্যালের উপর ভরসা করে বসে আছি। তারাই এক্স-রে মেশিন সরবরাহ করবেন এবং খারাপ হলে রিপেয়ার করবেন। তাদের না হলে যেন আমাদের মেরামতির কাজই হবে না। কিন্তু তারা সময়মতো আসেন না, ফলে এক্স-রে মেশিন অকেজো হয়ে পড়ে থাকে। কাজেই এক্স-রে মেশিন মেরামতের অন্য কোনও কোম্পানি আছে কিনা সেটা দেখে আরও দুই-তিনটি কোম্পানিকে নিয়োগ করলে এই মেরামতের কাজটা ত্বরান্বিত হবে। আমরা উত্তরবঙ্গ থেকে দক্ষিণ ২৪ পরগনা পর্যন্ত অনেক হাসপাতালেই দেখেছি এই এক্স-রে মেশিন খারাপ হয়ে পড়ে রয়েছে, কিন্তু মেরামত হয় না। সেজন্য অন্য কোম্পানি দিয়ে মেরামতের কাজ করাতে হবে। হাসপাতালের গাড়ির ক্ষেত্রেও দেখেছি সেগুলো খারাপ হয়ে পড়ে থাকে, কারণ বার্ষিক ২,৫০০ টাকায় একটি গাড়ির মেরামতের কাজ হয় না, কারণ বর্তমান যন্ত্রাংশের দাম বেড়েছে। তারজন্য এক্ষেত্রে অ্যালটমেন্ট বাড়ানো দরকার। এমনও দেখেছি, হয়ত গাড়ির ব্যাটারি চেঞ্জ করতে হবে, কিন্তু সেটা না হওয়ায় গাড়িটি অকেজো হয়ে পড়ে রয়েছে। সেজন্য আজকাল গ্রামাঞ্চল থেকে পেশেন্টকে অন্যত্র পাঠাতে অসুবিধা হয়। তেলের দাম বেড়ে যাবার ফলে বছরে অ্যাম্বুলেন্স প্রতি তেল বাবদ যা বরাদ্দ তাতে কুলায় না। তারফলে পেশেন্ট পার্টির কাছ থেকে তেল বাবদ টাকা নেওয়া হয়। তাই অ্যাম্বুলেন্সের তেল বাবদ বরাদ্দ টাকার পরিমাণ বাড়াতে হবে। এছাড়া আমরা দেখেছি, ডায়েট সাপ্লাই এর দায়িত্বে যেসব কন্ট্রাক্টর রয়েছেন তারা উন্নত মানের ডায়েট সাপ্লাই করেন না। এদিকে লক্ষ্য রাখতে হবে। গ্রামাঞ্চলে হাসপাতাল বিল্ডিং সম্পর্কে স্বাস্থ্য দপ্তরকে কয়েকটি দপ্তরের উপর নির্ভর করতে হয়, যেমন—পি. ডব্লু. ডি., পি. এইচ. ই., ইলেকট্রিসিটি বোর্ড, [illegible] সঙ্গে যোগাযোগ রাখতে হয়। কাজেই এই সমন্বয়ের দিকে বিশেষভাবে লক্ষ্য রাখতে

হবে। এই বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে, কাট মোশনের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সভায় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করছি এবং বিরোধীপক্ষের কাট মোশনকে সমর্থন করে সংক্ষেপে বক্তব্য রাখছি। এই জন্য এর বিরোধিতা করছি যে, যে রাজ্যের মন্ত্রী নিজের দপ্তর সম্পর্কে একাধিকবার তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন, ব্যর্থতার কথা বলেছেন, যেসব কথা বিভিন্ন পত্র-পত্রিকাতে প্রকাশিত হয়েছে, তার কোনও প্রকাশ বাজেটের কোথায়ও নেই। এক্ষেত্রে রিপিটেশন অফ দি সেম্ হবে না কেন? তাই বরাদ্দকে সমর্থন করার যুক্তি আছে বলে মনে করি না। একটু আগে ইয়াকুব সাহেব, শীশ মহম্মদ মহাশয় বক্তব্য রাখছিলেন এবং তারা তাদের বক্তব্যের মধ্যে দিয়ে বোঝাবার চেষ্টা করছিলেন যে, স্বাস্থ্য দপ্তর এবং স্বাস্থ্যমন্ত্রী পশ্চিমবঙ্গে স্বাস্থ্যের মান বাড়াতে চান না।

মানুষের মানসিকতার পরিবর্তন করে চিকিৎসা সম্পর্কে যদি সজাগ করে তোলা যায় তবেই নিরাময়ের ব্যবস্থা করতে পারবেন। কিন্তু সেই ধরনের কোনও পরিকল্পনা আপনাদের দেখছি না। আপনারা যে যার নিজেদের ব্যর্থতার কথা ঢাকবার জন্য এই সব কথা বলছেন। মানুষ চিকিৎসা পাবে কি, পাবে না সেই সব কথা না বলে ডঃ দত্ত শুধু কেন্দ্রীয় সরকারকে যুক্ত করে বিশ্বব্যাঙ্ক, আই. এম. এফ ইত্যাদি বলে গেলেন। আমি তাকে জিজ্ঞাসা করছি যে আমার নির্বাচনী কেন্দ্র বারুইপুরে একটি গ্রামীণ হাসপাতালে ১৪৭ দিনই পানীয় জলের কোনও বন্দোবস্ত হয় না। সেখানে পাম্প সেট নেই, জল নেই, এক তলা, দোতলায় জল উঠতে পারে না, এর সঙ্গে বিশ্বব্যাঙ্ক আই. এম. এফ-এর কি সম্পর্ক আছে? হাসপাতালের মধ্যে কুকুর ঢুকছে, শিশুদের পা টুকরা টুকরা করে নিয়ে যাচ্ছে, এর সঙ্গে আই. এম. এ বা বিশ্বব্যাঙ্কের কি সম্পর্ক আছে আমি জানি না। আজকে হাসপাতালগুলিতে সমাজবিরোধীদের আড্ডাখানায় পরিণত হয়েছে, এর সঙ্গে আই. এম. এফ, বিশ্বব্যাঙ্ককে আপনারা টেনে আনছেন। এগুলির সঙ্গে আই. এম. এফ বা বিশ্বব্যাঙ্কের কি সম্পর্ক আছে বলতে পারেন? আসল ব্যাপার তা নয়, আসল ব্যাপার হচ্ছে আপনাদের নিজেদের অপদার্থতা ঢাকার জন্য এই সব কথা বলছেন। আজকে আপনি এখানে দাঁড়িয়ে এই বাজেটকে সমর্থন করবেন, কিন্তু কালকে আবার বিরোধিতা করবেন, বলবেন হাসপাতালে চিকিৎসা হচ্ছে না, ডাক্তার নেই, রুগী চিকিৎসা পায় না, কুকুরে কামড়ালে ঔষধ পাওয়া যায় না, সাপে কামড়ালে ঔষধ পাওয়া যায় না, গ্রামীণ হাসপাতালে অ্যাম্বুলেন্স দিতে গেলে ৫০ পারসেন্ট টাকা রুগীকে বিয়ার করতে হয়—এসব কথা কিন্তু কালকে বলবেন। তা সত্ত্বেও আজকে বলবেন যে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি। আমরা দেখছি যে এখানে কেন্দ্রীয় সরকারের নীতির কথা বলা হয়েছে। এই যে বাজেট বিবৃতি তার এক জায়গায় বলেছেন যে ন্যূনতম যে কর্মসূচি, এই কর্মসূচি নাকি বোঝা হয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ মিনিমাম নিড প্রোগ্রাম, যেটা মানুষের সেবার জন্য, সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার একটা গাইড লাইন দিয়েছে। সেই গাইড লাইনের বিরোধিতা করেছেন বিভিন্ন বক্তারা। মন্ত্রী নিজেই বলেছেন যে এই গাইড লাইনে বলা হয়েছে যে মানুষের স্বাস্থ্যের জন্য কি কি করা দরকার, কতগুলি স্বাস্থ্য কেন্দ্র হবে, কতগুলি উপ-স্বাস্থ্য কেন্দ্র তৈরি করতে হবে, কতগুলি ডাক্তার থাকবে, কতগুলি নার্স থাকবে ইত্যাদি। মন্ত্রী আরও বলেছেন যে ৫ বছর পরে এগুলির রক্ষণাবেক্ষণ-এর দায়িত্ব রাজ্য সরকারের হাতে

আসবে। কিন্তু তা সত্ত্বেও এই প্রোগ্রাম নেবেন না। কেন্দ্রীয় সরকার মিনিমাম নিড প্রোগ্রামে যে সাহায্য করছে তার ভিত্তিতে আপনারা সম্পদ সংগ্রহ না করে, স্বাস্থ্যকে নিয়ে রাজনীতি করবেন, মানুষের কাছে ভোট নিতে যাবেন। আজকে হেলথ বাজেটে যে অ্যালটমেন্ট করা হয়েছে তার তুলনায় পুলিশ বাজেটের বরাদ্দ অনেক বেশি। পুলিশ বাজেট বাড়বে না কারণ এই পুলিশ দিয়ে আপনাদের ভোট করতে হবে। কিন্তু স্বাস্থ্য দপ্তরের বরাদ্দ বাড়ছে না। সেখানে যে বরাদ্দ আছে ৪৫৯ কোটি টাকা, তারও ৪০ পারসেন্ট চলে যাচ্ছে এ্যাস্ট্যাব-লিশমেন্টের জন্য। আপনারা একদিকে একে সমর্থন করছেন, অপরদিকে নিজেদের অপদার্থতা, নিজেদের অযোগ্যতার সমস্ত দায়-দায়িত্ব বিশ্বব্যাঙ্ক, আই. এম. এফ-এর উপর চাপিয়ে দিচ্ছেন। আজকে কোনও হাসপাতালে জল পাওয়া যায় না, কোথাও ঔষধ পাওয়া যায় না, কোনও হাসপাতালে ডাক্তার নেই, কোথাও নার্স নেই, হাসপাতালে মানুষ চিকিৎসা পায় না। এই সব প্রশ্নের উত্তরে ঐ একই কথা—বিশ্বব্যাঙ্ক, আই. এম. এফ। আপনাদের কথা শুনে আমার ছেলেবেলার একটা গল্পের কথা মনে পড়ছে। একটি ছেলে পরীক্ষা দিতে এসে দেখল যে শ্মশানের রচনা এসেছে। সে গরুর রচনা পড়ে এসেছিল। তখন সে প্রথমে দু-এক লাইন গরুর কথা লিখল। তারপরে গরুটাকে মেরে শ্মশানে নিয়ে এসে হাজির করল। এদের অবস্থাও হয়েছে তাই। বামপন্থী সদস্যরা বাজেট হোক, আর যে কোনও বিষয়েই হোক, প্রথমে শুরু করে দুই লাইন বলার পরে চলে যান বিশ্বব্যাঙ্ক, আই. এম. এফ-এর ঋণের প্রশ্নে।

আমরা কিন্তু এই কাঠামোর মধ্যে দাঁড়িয়ে; কেন্দ্রীয় সরকার প্রশাসনিক যে নীতি নির্ধারণ করেন তার মধ্যে দাঁড়িয়ে যেখানে ১৯৭১ সালে পশ্চিমবাংলায় মোট আসন সংখ্যা ছিল ৪০,৪৫০টি সেখানে ১৯৭৬ সালে সেই আসন সংখ্যা হল ৫২,৬২৪টি বাড়ল। ১৯৯০ সালে সেটা কি হল? ৬৫,৫৭৭টি আসন। আপনাদের সময় কত বাড়ল আর আমাদের সময় কত বাড়ল? আমাদের সময় ব্যর্থতা ছিল, আপনাদের কোনও ব্যর্থতা নেই! আমাদের সময় প্রতিদিন বেড়েছে ৭টি করে বেড। আপনাদের যোগ্য মন্ত্রী, দেশের সব চেয়ে স্বাস্থ্য দপ্তর, ভালভাবে পরিচালনা করছেন। কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য বললেন যে সবচেয়ে বড় এবং ভালভাবে চলছে স্বাস্থ্য দপ্তর। আপনাদের সময় প্রতিদিন অ্যাভারেজ বেড়েছে ৩টি করে বেড আর কংগ্রেস আমলে প্রতিদিন অ্যাভারেজ ৭টি করে বেড বেড়েছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত প্রতি বছর অ্যাভারেজ ইনক্রিজ হয়েছে ২,২৩৫টি বেড আর আপনাদের আমলে বছরে অ্যাভারেজ ইনক্রিজ হয়েছে ৯৯৬টি বেড। একটু আগে ডাঃ দত্ত কি একটা রিপোর্টের কথা বললেন। কিন্তু তিনি তো একবারও বললেন না যে স্বাস্থ্য দপ্তর দুর্নীতির বাসায় পরিণত হয়েছে। আমি পি. জি. হাসপাতালের পার্শ্বে থাকি—এখানে বাজেট নিয়ে বিতর্ক চলছে, মন্ত্রী নেই চলে গিয়েছেন—আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা উল্লেখ করতে চাই। এই অসুবিধা আমরা প্রতিদিন ফেস করছি। একটা গুরুতর অভিযোগ আমি এখানে রাখব, কোনও রাজনৈতিক কারণে বলছি না। আমি হাসপাতালের পার্শ্বে থাকি, প্রতিদিন মানুষকে ভর্তি করতে হচ্ছে, একটা র‍্যাকেট এখানে তৈরি হয়েছে। হাসপাতালে একটা অ্যাডভাইসারি কমিটি আছে বামফ্রন্ট সরকারের। সেই অ্যাডভাইসারি কমিটির সদস্যদের সঙ্গে আর. এম. ও.-এর একটা র‍্যাকেট তৈরি হয়েছে। সরাসরি যদি কোনও রোগী ভর্তি হতে আসে তাহলে দেখা যাবে কোনও বেড নেই। কিন্তু এই অ্যাডভাইসারি কমিটি সদস্যদের সমাজ

বিরোধীদের যে র‍্যাকেট তৈরি হয়েছে তাদের ১৫০-২০০, ৫০০ টাকা দিলে বেড পাওয়া যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব কলকাতা শহরের বুকে যে হাসপাতালগুলি আছে সেখানে দূর-দুরান্ত থেকে লোক আসছে তারা ভর্তি হতে পারছে না।আমি আর একটা গুরুতর অভিযোগ করব। সরকারি হাসপাতালের ডাক্তারবাবু যারা আছে তাদের মধ্যে কেউ প্র্যাকটিসিং কেউ নন-প্র্যাকটিসিং। কি করছে জানেন। হাসপাতালের রোগীকে তার চেম্বারে ডেকে বলছে পেশেন্টের লোককে ডেকে বলছে তোমার অপারেশন করে দেব তাড়াতাড়ি, আমাকে আলাদা পেমেন্ট করতে হবে। স্যার, নির্দিষ্ট অভিযোগ আছে এই রকম ১,০০০ টাকা দিয়ে তাড়াতাড়ি অপারেশন করে দিয়েছে সরকারি হাসপাতালে। অদ্ভুত ব্যাপার আজকে ডাক্তার দত্ত নিশ্চয়ই জানেন এর সঙ্গে আই. এম. এফ-এর কোনও সম্পর্ক নেই, বিশ্ব ব্যাঙ্কের কোনও সম্পর্ক নেই। যে মন্ত্রী বলছেন যে প্রশাসনিক দুর্নীতি মুক্ত করবেন....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী নারায়ণ মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী বাজেট বরাদ্দের প্রস্তাব রেখেছেন আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে দু-একটা কথা বলতে চাই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তার বাজেট ভাষণে যে বক্তব্য পেশ করেছেন তার মধ্যে দিয়ে বর্তমান সরকারের স্বাস্থ্য সম্পর্কিত নীতি প্রতিফলিত হয়েছে। আপনি দেখবেন স্যার, এই বাজেট ভাষণে তিনি বলেছেন যে স্বাস্থ্য বলতে একমাত্র রোগ অনুধাবন বোঝায় না, বর্তমান সরকারের স্বাস্থ্য সম্পর্কিত নীতি হচ্ছে এটা ডিজিজ ওরিয়েন্টেড নয়, হেলথ ওরিয়েন্টেড। এই কথা আমরা সবাই জানি সমাজে অন্যান্য যে সমস্ত সমস্যাগুলি আছে সেই সমস্যাগুলি থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাস্থ্য একা কখনও চলতে পারে না।

যে দেশকে, আমাদের দেশে, ভারতবর্ষে যেখানে শতকরা ৬৪ জন নিরক্ষর, যেদেশে মানুষ অপুষ্টিজনিত রোগে বেশি ভোগে যে দেশের মানুষ আধুনিক চিকিৎসার কোনও সুযোগ পান না, সে দেশের—আমাদের পশ্চিমবঙ্গসহ—মানুষ যে নানা রকমের অসুখে চিকিৎসার সুযোগ পান না এতে আশ্চর্য হওয়ার কিছু নেই। আমাদের বর্তমান যে কেন্দ্রীয় সরকার, তাদের নীতির ফলে আজকে গোটা দেশে স্বাস্থ্য সম্পর্কে যে জায়গায় আমাদের অগ্রগতি ঘটার কথা, সেই জায়গায় আমরা পৌঁছুতে পারছি না। আজকে মূল্যনীতি কেন্দ্রীয় সরকারের স্বার্থে করেছে। তারফলে ওষুধের দাম দু'গুণ, চারগুণ বেড়ে গেছে। কোনও একজন মানুষ সামান্য রোগে যদি ওষুধের দোকানে যায়, সেখানে তাকে প্রচুর অর্থ ব্যয় করতে হয় যেটা গ্রামাঞ্চলের মানুষের নাগালের বাইরে। ডাঃ মানসবাবু এখানে বলে গেলেন। এই যে পরিস্থিতি, ওষুধের দাম বৃদ্ধি, এটা রাজ্য সরকারের নয়, এটা কেন্দ্রীয় সরকারের হাতে। শুধু তাই নয়, প্রথম পরিকল্পনা থেকে টোটাল প্ল্যান ইনভেস্টমেন্ট আউট-লে একটু করে কমছে—কেন্দ্রীয় সরকার কমাচ্ছেন। ফার্স্ট প্ল্যানে এটা ছিল ৩.৩০, ২য় প্ল্যানে ছিল ৩.০০, ৩য় প্ল্যানে ছিল ২.৬০ আর চতুর্থ প্ল্যানে ছিল ২.১০। অর্থাৎ ক্রমে কমছে। এই অবস্থায় কেন্দ্রীয় সরকার তার স্বাস্থ্য সম্পর্কিত যে নীতি এবং যে ব্যয় তারা করছেন তারফলে আজকে আমাদের দেশের স্বাস্থ্যের যে অগ্রগতি ঘটা দরকার ছিল সেই জায়গায় পৌঁছানো যাচ্ছে না। মানসবাবু কতকগুলো তথ্য এখানে দিলেন। কতকগুলো ভুল তথ্য উনি দিয়ে গেলেন, বললেন যে, ইউরিন এবং অন্যান্য

যেমন স্টুল ইত্যাদি পরীক্ষার জন্য ৩০ টাকা করে নাকি চার্জ দিতে হবে। কোথায় এটা দিতে হবে, বলুন? যেটা করেছিলেন, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সেটা স্থগিত রেখেছেন। এখানে ডাঃ অনুপম সেন বললেন যে, স্বাস্থ্য দপ্তরে বরাদ্দের শতকরা ৬৫ ভাগ এস্টাবলিশমেন্টে খরচ হয়ে যায়। উনি জানেন, কেন্দ্রীয় সরকারের যে বাজেট তার শতকরা ৮০ ভাগ এস্টাবলিশমেন্টের জন্য বরাদ্দ হয় এবং তারজন্য খরচ হয়। অথচ রাজ্য সরকারের নিয়ন্ত্রিত স্বাস্থ্যকেন্দ্রে বা হাসপাতালের সংখ্যা, তার বেডের সংখ্যা অন্যান্য অনেক রাজ্যের তুলনায় অনেক বেশি এই পশ্চিমবাংলায়। সরকারি নিয়ন্ত্রিত হাসপাতাল ২৬৪, শয্যা সংখ্যা ৪৫,৭২৭। অপরপক্ষে, অন্ধ্রপ্রদেশে সরকারি শয্যা সংখ্যা ১০,৬৫২টি, গুজরাটে ১৫০টি সরকারি হাসপাতাল এবং শয্যা সংখ্যা ১৫,০০৫টি। আমাদের এই রাজ্যে গ্রামাঞ্চলের এবং শহরাঞ্চলের গরিব মানুষ সরকারি হাসপাতালে সবচেয়ে বেশি চিকিৎসার সুযোগ পায়, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাদের মহকুমা এবং জেলাতে যে হাসপাতালগুলো আছে, বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর লক্ষ্য করে যে স্পেশ্যালিস্ট বলতে বিশেষ কিছু ছিল না। এখন যে কোনও মহকুমা হাসপাতালে চলে যান দেখবেন স্পেশ্যালিস্ট ডাক্তার আছেন। আমার নিজের কেন্দ্র বসিরহাট শহরে যে মহকুমা হাসপাতাল আছে সেখানে আমি জানি, '৭৫-'৭৬ সাল পর্যন্ত কোনও স্পেশ্যালিস্ট ডাক্তার ছিল না।

আজকে আই ডিপার্টমেন্ট থেকে শুরু করে বিভিন্ন ডিপার্টমেন্টে স্পেশ্যালিস্ট ডাক্তার রয়েছেন। আজকে যে চিকিৎসা সুযোগ বেড়েছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি আগেও বলেছি এবং একথা সবাই জানে যে নিরক্ষরতা যত দিন থাকবে, শতকরা ৬৪ ভাগ যেখানে নিরক্ষর সেখানে বিজ্ঞান ভিত্তিক শিক্ষার প্রসার যতদিন না ঘটবে ততদিন এই মানুষকে স্বাস্থ্য সম্পর্কে সচেতন করা যাবে না। মানুষকে আজ কুসংস্কার মুক্ত করতে হবে, এখনও মানুষ কুসংস্কার মুক্ত হয়নি। যতদিন এগুলো করা না যাবে ততদিন মানুষকে স্বাস্থ্য সম্পর্কে সচেতন করা সহজ কথা নয়। বস্তুত স্বাস্থ্যের অগ্রগতি গড় গড় করে হয় না, এরজন্য দরকার প্রতিটি ক্ষেত্রে বিজ্ঞান ভিত্তিক শিক্ষা, সংস্কৃতি এবং চেতনার। ভারতবর্ষের অর্থনৈতিক ক্ষেত্রে চিকিৎসার সুযোগ সবাইকে পেতে হবে এবং কেন্দ্রীয় সরকার এইরকম স্বাস্থ্য সম্পর্কিত নীতি যদি গোড়ার থেকে গ্রহণ করতে পারতেন তাহলে আজকে পশ্চিমবঙ্গসহ সমস্ত রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে অগ্রগতি ঘটত। কিন্তু সেই অবস্থার সৃষ্টি করা হয়নি। সেই কারণে এ অগ্রগতি হওয়ার কথা ছিল তা হতে পারেনি। তাসত্ত্বেও পশ্চিমবঙ্গ স্বাস্থ্য সম্পর্কে অনেক অগ্রগতি করেছে গোটা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। ১৯৭৬ সালে এই রাজ্যের হাসপাতালে শয্যা সংখ্যা ছিল ৪৭ হাজার ৩১৫টি। আর ১৯৯০-৯১ সালে ওই শয্যা সংখ্যা দাঁড়িয়েছে ৬৬,৬৪৯টি, এখন আরও বাড়ছে, সুতরাং বৃদ্ধি পায়নি এই কথাটা বলা ঠিক নয়। এমন কি সাবসিডিয়ারি হেলথ সেন্টার বা পূর্বতন পি. এইচ. সি. সেখান থেকে শুরু করে মহকুমা, জেলা এবং শহরের যে হাসপাতালগুলো রয়েছে এর পরিকাঠামো অত্যন্ত সুন্দর এবং প্রতিটি গ্রামীণ হাসপাতাল থেকে শুরু করে শহরের হাসপাতালগুলিতে কমিটি রয়েছে, তাতে জনপ্রতিনিধিরা রয়েছেন। সেখানে হাসপাতালগুলির কি অবস্থা সেই সম্পর্কে জনপ্রতিনিধিদের অভিজ্ঞতা আছে যা অন্য রাজ্যের ক্ষেত্রে দেখা যায়

না। আমার তো মনে হয় অন্য রাজ্যে এই রকম ব্যবস্থা আছে বলে আমার ধারণা নেই। কিন্তু তা সত্ত্বেও আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে কয়েকটি কথা বলব। এই যে ওষুধের দাম বাড়ছে এই কেন্দ্রীয় সরকারের নীতির ফলে এবং যার ফলে রোগ নিরাময়ের ক্ষেত্রে প্রচণ্ড বাধার অসুবিধার সৃষ্টি হচ্ছে এই ব্যাপারে ভাবনা-চিন্তা করার দরকার আছে। আমাদের এখানে পূর্বতন উপস্বাস্থ্যকেন্দ্রগুলি আছে অর্থাৎ বর্তমানে যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, সেখানে ৬টি করে শয্যা থাকার কথা, এটা যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে হয় সেইদিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। বহু প্রাইমারি হেলথ সেন্টারগুলিতে এবং মহকুমা হাসপাতালে অ্যাম্বুলেন্স নেই, এখানে অ্যাম্বুলেন্স প্রচলন করার দরকার। তারপরে হোমিওপ্যাথিক এবং আয়ুর্বেদিক যে চিকিৎসা, এর সুযোগ যাতে বৃদ্ধি পায় এবং এই চিকিৎসার সুযোগ যাতে মানুষ পায় তারজন্য ব্যবস্থা নেওয়া দরকার। স্যার, আপনাকে জানাই এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জানাই যে. আপনারা জানেন যে বসিরহাটে একটি হোমিওপ্যাথিক ডিসপেনসারি রয়েছে, সেখানে প্রচুর রোগীর ভিড় হয়। সেখানে আউটডোরে যে ভিড় হয় তাতে অ্যালাপাথিক ডিসপেনসারির থেকে কোনও অংশে কম ভিড় হয় না। অবশ্য শুনেছি যে ওই ডাক্তারটিও খুব ভাল, যদিও আমি হোমিওপ্যাথিক কোনওদিন করিনি। এইসব হোমিওপ্যাথিক চিকিৎসাতে যখন রোগ সারে এবং এতে খরচও তারপরে আয়ুর্বেদিক চিকিৎসা এটাও বিজ্ঞানভিত্তিক চিকিৎসা, সেখানেও রুগির ভিড় বাড়ছে এবং এত যাতে মানুষ চিকিৎসার সুযোগ পায় এবং যাতে প্রসার হয় সেইদিকে দৃষ্টি দেবেন। তারপরে কিছু কিছু রোগ আছে যেমন ম্যালেরিয়া, কালাজ্বর, এনকেফালাইটিস এবং কমিউনিকেবেল ডিজিসগুলোর ক্ষেত্রে হাসপাতালগুলিতে আমার মনে হয় পৃথকীকরণ করার দরকার আছে। পাশাপাশি শয্যার যে সমস্ত রোগী থাকে তারমধ্যে ওইসব রোগিদের রাখা ঠিক নয়, তাদের পার্থক্য করে রাখা উচিত। এরজন্য হাসপাতালে তো নতুন কিছু বাড়িঘর তৈরি করা হবে. সেখানে রাখার ব্যবস্থা করা উচিত। আরেকটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, আমার পূর্বতন উপস্বাস্থ্যকেন্দ্র এবং পি. এইচ. সি.-র আর এক্সপ্যানশনের দরকার নেই।

আমাদের এখন মনে হয়েছে এখন আমাদের যা আছে তার ভিতকে আমাদের শক্ত করা দরকার। তাকে আরও কিভাবে মানুষের কাজে লাগানো যায় নিরাময়ের ক্ষেত্রে এবং প্রতিষেধকের ক্ষেত্রে সেটা আমাদের দেখতে হবে। মাস মিডিয়া যারা আছে তারা অত্যন্ত কাজ করছে গ্রামে গ্রামে, শহরে শহরে ঘুরে ঘুরে তারা মানুষকে রোগ থেকে মুক্ত করছে ও প্রতিষেধকের ব্যবস্থা করছেন। তাই আমি সমস্ত দিক দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বাজেটে যে ব্যয়-বরাদ্দর প্রস্তাব এখানে রেখেছেন আমি তা পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জটু লাহিড়িঃ মাননীয় স্পিকার স্যার, স্বাস্থ্যমন্ত্রীর বাজেটের ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থনে আমি দু-একটি কথা বলতে চাই। কি করে পশ্চিমবাংলার হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলির উন্নতি করা যায় সেইসব কথার ধারে কাছে না গিয়ে তিনি একেবারে উচ্চমার্গের দিকে চলে গেছেন। দৈহিক, মানসিক, পারিপার্শ্বিক এবং সামাজিক সুস্থতার কথা বলে উনি একেবারে উচ্চমার্গের দিকে চলে গেছেন। তিনি আমার মনে হয় স্বাস্থ্য মন্ত্রীর পদ ছেড়ে দিয়ে কোনও আশ্রমে গেলেই উনি ভাল করবেন। আপনাদের

১৪/১৫ বছর রাজত্বে হাসপাতালগুলিতে ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কালচার একেবারে নষ্ট করে দেওয়া হয়েছে। যে পরিবেশের কথা ওনারা বলছেন, সেই পরিবেশ আজকে হাসপাতালে নেই। রোগী সেবা ও ভালবাসা পেলে তাদের রোগ অর্দ্ধেক সেরে যায়। আমি একটা ঘটনার কথা আপনাকে বলছি, যার কেউ নেই, টি. বি. হয়েছে, আমি নিজে মন্ত্রী মহাশয়ের কাছে গিয়ে তাকে ভর্তি করার ব্যবস্থা করি এবং গত বছর পূজোর সময় তাকে যাদবপুর হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতাল থেকে বলা হয়েছে যে তার একটা লাংস্ নষ্ট হয়ে গেছে, অপারেশন করতে হবে। কিন্তু কি লজ্জার কথা হাসপাতাল বলছে যে তাদের ওখানে অপারেশন করার কোনও ব্যবস্থা নেই। সেই রোগীর কেউ আত্মীয় স্বজন নেই, হাসপাতালে তাকে ভর্তি করা হয়েছে, সুতরাং যাবতীয় দায়-দায়িত্ব হাসপাতালের। হাসপাতাল থেকে টু হুম ইট মে কনসার্ন বলে একটা সার্টিফিকেট দিয়েছে।

Govt. of the West Bengal
Office of the Superintendent
K. S. Roy T. B. Hospital
Jadavpur
Calcutta - 13

dt. 18. 5. 92

To whom it may Concern

This is to certify that Shri Narayan Chandra Parui, age 35 years, admitted in bed no. NB 65 at K. S. Roy T. B. Hospital, Yadavpur is in urgent need of a major left lung surgery. However, his pre-operative E.C. G. has revealed sick sinus syndrome which brings in the possibility of sudden cardiac death at the time of a major surgery. He should, therefore, be operated under cover of stand-by E.C.G monitoring system. Both facilities being not available at K. S. Roy T. B. Hospital he is advised to get his surgery done at one of the larger state hospitals where the facilities are available.

[3-30 — 3-40 P.M.]

তাকে একটা সারকুলার হাতে ধরিয়ে দিয়েছেন এবং সে হাসপাতালের দরজায়, দরজায় ঘুরছে। যে কোনও মূহূর্তে তার মৃত্যু হতে পারে। যার একটা লাংস শেষ হয়ে গেছে, তাকে একটা সারকুলার ধরিয়ে দিয়েছেন। এত অদ্ভুত ব্যাপার। এই হচ্ছে আজকে রাজ্যের হাসপাতালের অবস্থা।

(ভয়েস)

এটা আমি মাননীয় স্পিকার মহাশয়কে দেব, তখনই বোঝা যাবে যে এটা কুড়িয়ে এনেছি না হাসপাতাল থেকে দিয়েছে। সেখানেই প্রমাণ হবে। একটা কথা, সরকার পক্ষর সদস্যরা যা কিছু হয় তখনই বলে যে কেন্দ্র দিচ্ছে না। যেটা ভাল হয় সেটা বলেন নিজেরা করেছি আর যেটা খারাপ হয় তখন সেটা বলেন যে, কেন্দ্র দিচ্ছে না। একটা কবিতা

আছে—"যা কিছু হারায়, গিন্নি বলেন কেষ্টা ব্যাটাই চোর"। যত দোষ নন্দ ঘোষ। অথচ মজার ব্যাপার, যখন স্বাস্থ্যের কথা বলেন তখনই ভূমি সংস্কারের কথা বলেন, ভূমি সংস্কার করে নাকি ওরা দারুণ করেছেন। শিল্পের কথা বললে বলেন যে কেন্দ্র দিচ্ছে না। বিদায়ী নীতি, সেজন্য শিল্পে না কি সর্বনাশ হয়ে গেছে। পাওয়ারের কথা বললে বলেন যে কেন্দ্র দিচ্ছে না। কিন্তু তখন কিন্তু বলছেন না যে, হ্যাঁ কেন্দ্র সাহায্য করছে। মেদিনীপুর জেলা সার্বিক সাক্ষর হয়ে গেছে। বর্ধমান সার্বিক সাক্ষর হয়ে গেছে। কয়েকদিন বাদে শুনব যে, পশ্চিমবঙ্গই সম্পূর্ণ সাক্ষর হয়ে গেছে। যেগুলোর প্রমাণ পাওয়া যাবে সেগুলো বলা হবে যে, আমরা করেছি। আর যেখানে পারবেন না সেখানে বলতে শোনা যাবে যে, কেন্দ্র টাকা দিচ্ছে না। যা কিছু হবে সবই ভূমি সংস্কারের জন্যই হয়েছে। কিন্তু এই কথা কি দয়া করে বলবেন কি, যে এইগুলিতে কেন্দ্রর সাহায্য লাগে? আবার এইগুলো কি বলতে পারবেন যে, বর্ধমান থেকে ম্যালেরিয়া উঠে গেছে, পুরুলিয়া থেকে লেপ্রসি উঠে গেছে, মেদিনীপুর থেকে ডেঙ্গু উঠে গেছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, হাসপাতালের সামগ্রিক উন্নতি করতে কি কেন্দ্রের সাহায্য লাগে না দরকার লাগে? বাগনান এক নম্বর ব্লকে আদ্রা উপস্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নেই, শ্যামপুর ২ নং ব্লকের ঝুমঝুমি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ২ জন ডাক্তার নেই, বালি জগাছা ব্লকের জগাছা উপস্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই। শ্যামপুর এক নম্বর ব্লকের অমরধা উপস্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই। এমন কি বেলুড় স্টেট জেনারেল হসপিটালের এক বছর ধরে ডাক্তার নেই। পদ খালি পড়ে আছে। এইগুলি করতে কি কেন্দ্রের দরকার লাগে? ডাক্তার নেই অথচ পোস্ট স্যাংশন হয়ে পড়ে রয়েছে। সাব স্টাফ রয়েছে, কিচেন রয়েছে সমস্ত কিছুই আছে কিন্তু ডাক্তার নেই। রুগীরা চিকিৎসা পায় না। এরা বলছেন এখানকার হাসপাতালের অবস্থা না কি খুবই ভাল। কিন্তু কোথাও তার নমুনা দেখছি না। হাওড়া শহরের কাছে বেলুড় হাসপাতালে বাথরুমের কোনও ব্যবস্থা নেই। আজকে কলকাতার হাসপাতালগুলিতে চরম অব্যবস্থা চলছে। আজকে পর্যন্ত হাওড়া শহরে কোনও মেডিক্যাল কলেজ হল না। কেন হল না? হাওড়ার মানুষকে আজকে কলকাতার মেডিক্যাল কলেজগুলিতে আসতে হচ্ছে। এর ফলে কলকাতার হাসপাতালগুলিতে ভিড় বাড়ছে। মানুষ সু-চিকিৎসা পাচ্ছে না। উপযুক্ত সংখ্যক ডাক্তার নেই। মোদ্দা কথা, আজকে সমস্ত হাসপাতালগুলিতে চরম নারকীয় কান্ড-কারখানা চলছে। হাসপাতালে যা খাবার দেওয়া হয় তা খাবার উপযুক্ত নয়, খুবই নিকৃষ্ট মানের। যা খাবার আসছে তা চুরি হয়ে যাচ্ছে। রুগীকে হয়রান হতে হচ্ছে নানাভাবে। হাসপাতালের সুশ্রী পরিবেশ ফিরিয়ে আনতে পারছেন না। সামাজিক পরিবেশ তৈরি করতে পারছেন না। খালি ভূমি সংস্কারের কথা বলছেন। আজকে আপনারা হাসপাতালগুলি তুলে দিন, তুলে দিয়ে আশ্রম করুন। স্বাস্থ্য দপ্তর তুলে দিলে বোঝা যাবে যে স্বাস্থ্য দপ্তর নেই, হাসপাতাল নেই। আজকে হাসপাতালে বেড খালি থাকলেও পাওয়া যায় না। সেখানেও নানান রকমের দুর্নীতি চলে। হাসপাতালে প্রয়োজনীয় কিছু ওষুধ পাওয়া যায় না। মজার ব্যাপার হচ্ছে, হাসপাতালে এইগুলো রাখার জন্য যে কোনও কোল চেম্বার করতে হয়, সেটা হচ্ছে না। ফলে এইসব ঔষুধ নষ্ট হয়ে যাচ্ছে, আবার সেগুলো ব্যবহার করা হচ্ছে। এর ফলে বহু শিশু মারা যাচ্ছে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা কাট-মোশনগুলো সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রঞ্জিত পাত্র ঃ মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে কয়েকটি বক্তব্য রাখতে চাই। বিরোধী সদস্যরা তুলেছেন, আমাদের আরও হাসপাতাল চাই, আরও ডাক্তার চাই, আরও নার্স চাই। বহু সমস্যা আছে স্বাস্থ্য ক্ষেত্রে। আমাদের সমস্যা আছে আর ডাক্তার চাই, নিশ্চয় আছে। কিন্তু আপনাদের একটা কথা মনে রাখা দরকার। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারকে আপনাদের কাছ থেকে উত্তরোধিকারসূত্রে স্বাস্থ্য ক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টি করে রেখেছিলেন, সেটা পেতে হয়েছে। তাদের কঠিন অবস্থার মধ্যে দিয়ে যেতে হচ্ছে, এইটা স্মরণ রাখা দরকার। বিরোধীদেরও এটা খেয়াল রাখতে হবে। আমাদের আজকে স্বাস্থ্যের কথা বলা হচ্ছে, কিন্তু সমগ্র মানব জাতির সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিকসমূহ বাদ দিয়ে স্বাস্থ্যের অবস্থার উন্নতি করা যায় না। আর কেন্দ্রীয় সরকারের যে নীতিতে পরিকল্পনা রচনা এবং রূপায়ণ, আর সেই পরিকল্পনার মধ্যে থেকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার-এর এর চেয়ে বেশি কিছু করা সহজসাধ্য ব্যাপার নয়, সেটা বোঝা দরকার। আর একটা কথা বলতে চাই, আমাদের দেশ গরিব, রুগ্ন দেশ প্রধান কারণ হাসপাতাল আছে। কেবল হাসপাতাল দিয়েই আমাদের দেশের রুগ্নতা মুছে দেওয়া যাবে না। কারণ মানুষের যে অপুষ্টি, শিক্ষাহীনতা, খারাপ পানীয় জল ব্যবহার করা, বাসস্থান নিম্ন মানের, নিম্ন মানের জীবনযাত্রা প্রণালী—এই সমস্ত অবস্থার পরিবর্তন ঘটাতে না পারলে রোগমুক্ত দেশ করা যায় না। এই সব বাস্তব কঠিন সমস্যা। এই সমস্যার সমাধান করে সুস্থসবল দেশ করা রাজ্য সরকারের একার পক্ষে সম্ভব নয়। একা রাজ্য সরকারের পক্ষে এই সমূহ সংকট কাটিয়ে উঠা কখনই সম্ভব নয়। তা সত্ত্বেও এই রকম একটা কঠিন বাস্তব অবস্থার মুখোমুখি দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বামফন্ট সরকার ভূমি সংস্কারের মধ্যে দিয়ে দরিদ্র শ্রেণীর মানুষের আর্থিক উন্নতি করে এই সমস্যার সমাধানের দিকে এগিয়ে যাচ্ছে। এইটা বোঝার দরকার আছে। কয়েকটি বিষয় স্বাস্থ্যমন্ত্রীর বিবেচনার জন্য তুলে ধরতে চাই। সেটা হচ্ছে, অতি সম্প্রতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে বিভিন্ন একজামিনেশন ফি এবং অন্যান্য ফি। সেটা তুলে নিয়েছেন আমি দাবি রাখব পশ্চিমবঙ্গের মানুষের আর্থিক অবস্থার কথা চিন্তা করে সেটা একেবার প্রত্যাহার করে নেওয়ার জন্য বিবেচনার জন্য অনুরোধ করছি। আর একটা কথা বলতে চাই, গ্রামাঞ্চলে প্রাইভেট ডাক্তার অপ্রতুল। গ্রামাঞ্চলে যে স্বাস্থ্যকেন্দ্র বা উপস্বাস্থ্যকেন্দ্র রয়েছে সেখানে সাপে কামড়ানোর বা কুকুরে কামড়ানোর সিরাম বা ভ্যাকসিনের খুব অভাব দেখা যাচ্ছে। বহু ক্ষেত্রে ঔষুধে অপ্রতুল দেখা যাচ্ছে। আশা করি সেদিকে নজর দেবেন। আর একটা জিনিস বলছি, গ্রামাঞ্চলে যখন প্রচণ্ড গরম পড়ে জলের স্তর নিচে নেমে যায় তখন এই স্বাস্থ্য কেন্দ্রগুলিতে পানীয় জলের সঙ্কট দেখা যায়। সেখানে পানীয় জলের সঙ্কট যাতে মেটানো যায় সেদিকে দৃষ্টি দেবেন আশা করি। স্বাস্থ্যকেন্দ্র এবং উপস্বাস্থ্যকেন্দ্রগুলিতে ইলেক্ট্রিফিকেশনের দরকার আছে। সেখানে ইলেক্ট্রিকের লাইন না হলে সিরাম-ভ্যাকসিন ইত্যাদি রাখার খুব অসুবিধা হবে এবং তার অভাব দেখা দেবে। এই কথা বলে মন্ত্রী মহাশয়ের উত্থাপিত বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 P.M.]

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে তার যে বাজেট উপস্থিত করেছেন সে সম্পর্কে কয়েকটি কথা বলব। স্যার, বাস্তবে আমরা দেখছি, এই স্বাস্থ্য দপ্তরের অবস্থা অত্যন্ত ভয়ঙ্কর। স্যার, আপনি যেসব সাবজেক্ট কমিটি তৈরি করেছেন সেই সাবজেক্ট কমিটির একজন সদস্য হিসাবে এই বাজেটের বিভিন্ন বিষয় আলোচনা করবার সুযোগ আমি পেয়েছি এবং সরেজমিনে গ্রামাঞ্চলের উপস্বাস্থ্যকেন্দ্র, প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্র, রুর‍্যাল হাসপাতাল, জেলা হাসপাতাল ইত্যাদি পরিদর্শন করবার সুযোগ আমি পেয়েছি। এ ব্যাপারে আমার অভিজ্ঞতা অত্যন্ত তিক্ত। একথা ঠিকই যে আমাদের স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামো বিশাল কিন্তু তা থাকা সত্ত্বেও আমাদের পশ্চিমবঙ্গের জনস্বাস্থ্যের হাল অত্যন্ত খারাপ। সাধারাণ মানুষেরাও এ ব্যাপারে অত্যন্ত তিক্ত। আমরা এখানে যেভাবেই বলি না কেন আমরা এইসব স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করার সময় সাধারণ মানুষদের কাছ থেকে এইসব স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কে অনেক অভিযোগ শুনেছি এবং নিজেরাও তা খতিয়ে দেখেছি। এইসব স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করার সময় অনেকেই ক্ষোভের সঙ্গে আমাদের বলেছেন যে কেন এদের বসিয়ে বসিয়ে মাহিনা দিচ্ছেন? তারা বলেছেন এগুলি ভেঙ্গে দিন অথবা বন্ধ করে দিন। স্যার, আমরা নিজেরও দেখেছি যে স্বাস্থ্য কেন্দ্রগুলির অবস্থা অত্যন্ত ভয়ঙ্কর। সেখানে ডাক্তাররা থাকেন না, হাসপাতালের ঘরগুলি নড়বড়ে, দরজা-জানলা নেই, ঔষুধপত্র তো নেই-ই। অনেক জায়গায় ডাক্তার দেওয়া থাকলেও সেখানে তারা যান না। কয়েক জায়গায় আমরা গিয়ে ডাক্তারদের খুঁজে পাই নি। কোনও জায়গায় ফার্মাসিস্টরা আছেন, তারা বলছেন আমরাই হাসপাতাল চালাই। আরও আশ্চর্যের কথা, জি. ডি. এ. তারা বলছেন আমরাই হাসপাতাল চালাই অথচ খাতাপত্রে দেখা যাচ্ছে সেখানে ডাক্তার দেওয়া আছে এবং অন্যান্য স্টাফ দেওয়া আছে। সাবজেক্ট কমিটি বলেছেন যে ৪ লক্ষ টাকা করে ব্যয় হয় বাৎসরিক এক একটা উপস্বাস্থ্যকেন্দ্রতে কিন্তু তার কোনও রেজাল্ট পাবলিক পাচ্ছে না। সাব ডিভিসনাল হাসপাতালে গিয়েছি এবং সেখানে অভিযোগের পর অভিযোগ শুনেছি। ওয়ার্ডে ওয়ার্ডে ঘোরার সময় দেখেছি সেখানে রোগীরা মেঝেতে শুয়ে আছেন। ওয়ার্ডগুলি পরিদর্শন করার সময় অনেক জায়গায় না ফেলার জায়গা পর্যন্ত পাওয়া যায়নি, রোগীরা সেখানে ছড়িয়ে ছিটিয়ে শুয়ে আছেন—এই রকম একটা অবস্থা আমরা দেখেছি। হাসপাতালের পরিবেশও পরিষ্কার পরিচ্ছন্ন নয়। আমরা যখন গিয়েছি তখন ওরা মনে করেছেন যে এই সাবজেক্ট কমিটি অত্যন্ত শক্তিশালী কাজেই সেখানে নানান অব্যবস্থা যা আছে তা ঢাকার চেষ্টা করা হয়েছে। তার প্রমাণ আমরা পেয়েছি পায়খানাগুলি দেখে। সেখানে দেখলেই বোঝা যায় যে সেদিন আমরা যাব বলেই ব্লিচিং পাউডার দিয়ে পরিষ্কার করা হয়েছে। এমনিতে সেগুলি নরক কিন্তু সেদিন আমরা যাব বলে কিছুটা পরিষ্কার করা হয়েছে। আমরা পরিদর্শনের সময় দেখেছি, রোগীরাও খুব উৎসাহ নিয়ে আমাদের সঙ্গে কথা বলতে এগিয়ে আসেন এবং তারা ভাবেন যে এবার বুঝি বা হাসপাতালের অবস্থা ফিরে যাবে, হাসপাতালে ডাক্তাররা নিয়মিত থাকবেন ইত্যাদি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে যে তার ৬৭ পারসেন্ট যায় স্যালারিতে। বাকিটা চিকিৎসা অন্যান্য ব্যাপারে খরচ হয়। আর্থিক অবস্থা খারাপ হলেও আমি বলব এই যে সব পরিকাঠামোগুলো আছে, সেইগুলোর

মধ্যে সংযোগ সাধন করা, সেইগুলো দেখাশুনা করবার, পরিচালনা করবার কোনও ব্যবস্থা নেই। সর্ব নিম্ন স্তরে আপনি এখানে বলেছেন যে সাব সেন্টার যেগুলো রয়েছে, সেখানে দুজন কর্মচারী, একজন মহিলা এবং একজন পুরুষ থাকেন, তাদের খুঁজে পাওয়া যায় না। দৈবাৎ কোনও কোনও জায়গায় তারা ১০/১৫ দিন অন্তর ঘুরে যায়। তাদের মূল কাজ, পরিবার কল্যাণের কাজটা কিছু পুরুষ, কিছু মহিলাকে নিয়ে পরিবার কল্যাণের দায়িত্ব পালন করে। অন্যানা তাদের যে দায়িত্ব, তা তারা করে না। তাদের খুঁজে পাওয়া যায় না এইগুলো দেখবার জন্য। প্রাইমারি হেলথ সেন্টারের যে স্টাফ, কম্পিউটারে বা অন্যান্য যারা আছেন তারা খোঁজ খবর নেন না। আমাদের সাব কমিটির চেয়ারম্যান মাননীয় সদস্য ডাঃ গৌরীপদ দত্ত এই সমস্ত ব্যাপারে অনেক জায়গায় খোঁজ খবর নেন। ঘুরে দেখি কোনও জায়গায় কিছু নেই। অথচ আপনি বলছেন যে এখানে হসপিটাল কমিটি আছে। হসপিটাল কমিটি অনেক জায়গায় আছে এটা ঠিক, কিন্তু অনেক জায়গায় হসপিটাল কমিটি তৈরিই হয়নি। কোনও বৈঠকও হয় না, মিটিংও হয় না। আমার কনস্টিটিউয়েন্সির মধ্যে জয়নগর প্রাইমারি হেলথ সেন্টারে আমি সাবজেক্ট কমিটির সদস্য হিসাবে এই সম্পর্কে খোঁজ খবর নিই। সেখানকার ডাক্তার আমাকে বলছেন আমি এই সম্পর্কে কিছু জানি না। তিনি এই সম্পর্কে সি. এম. ও. এইচ.-কে চিঠি দিয়েছেন। ৮৮ সালে, ৯০ সালে সি. এম. ও. এইচ.-এর কাছে জানতে চেয়েছেন এই রকম কমিটি আছে কি না। সি. এম. ও. এইচ. তাকে এই বিষয়ে কিছু জানাননি। আর একটা বিষয়, আপনি সম্প্রতি একটা সার্কুলার দিয়েছেন যে হসপিটালে রোগী ভর্তি হবার জন্য টাকা লাগবে, ফ্রি বেড আর থাকবে না ব্লাড টেস্টের জন্য টাকা লাগবে, ইউরিন টেস্টের জন্য টাকা লাগবে, ইত্যাদি করেছেন। এই চিকিৎসা ব্যবস্থাটাকে আপনি যে সম্পূর্ণভাবে বেসরকারি ব্যবসায়ি ব্যবস্থাতে পরিণত করতে চাইছেন। তাই আপনার এই বাজেটকে জনস্বার্থ বিরোধী বাজেট বলে সমর্থন করতে পারছি না এবং দেবপ্রসাদবাবু যে কাট মোশন এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ স্যার, মাননীয় মন্ত্রী ৩২, ৩৩, ৩৪ নং দাবিতে ৪৬৪ কোটি ৮৭ লক্ষ ৪২ হাজার টাকার যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনগুলোকে সমর্থন করছি। এই প্রসঙ্গে বলছি বিরোধিতা করতে হবে বলে আমি বিরোধিতা করছি না। কারণ সব থেকে অবাক লাগছে যারা আজকে সরকারি পক্ষের সদস্য, তাদের ভূমিকা দেখে অবাক লাগে, নিজেদের বিবেককে প্রশ্ন করুন, প্রতিদিন যখন উল্লেখ পর্বে যা হয় প্রতিদিন যখন বিভিন্ন প্রশ্ন আসে, তখন যারা সরকার পক্ষের বিধায়ক আছেন, আপনারা প্রতিটি প্রশ্ন বা উল্লেখ পর্বে যে স্বাস্থ্য দপ্তর ভেঙে পড়ছে, এই প্রসঙ্গে প্রতিদিন মেনশন করেন। কোথায় কুকুর কামড়ানোর ওষুধ পাওয়া যায় না, কোথায় সাপে কামড়ানোর ওষুধ পাওয়া যায় না, ব্লিচিং পাউডার পাওয়া যায় না, হসপিটালে ডাক্তার নেই, ওষুধ নেই, নার্স নেই, বিল্ডিং ভেঙে পড়ছে এই সব কথা আমাদের কথা নয়, যারা সরকার পক্ষের সদস্য আছেন, তারা উল্লেখ করছেন আর স্বাস্থ্য দপ্তরের বাজেটের সময় নির্লজ্জের মতো স্বাস্থ্য দপ্তরের বাজেটকে সমর্থন করছেন। সেইজন্য এই বাজেটকে আমি বিরোধিতা করছি। আজকে স্বাস্থ্য দপ্তরের যে বাজেট আছে, সেই বাজেট বক্তৃতায় মাননীয় মন্ত্রী মহাশয় প্রথমে বললেন যে স্বাস্থ্য বলতে কেবলমাত্র রোগের উপস্থিত বোঝায় না, দৈহিক, মানসিক, পারিপার্শ্বিক এবং

সামাজিক সুস্থ্যতার সমন্বয়ই স্বাস্থ্যের লক্ষ্যণ। এগুলো খুবই প্রশংসা করার মতো কথা। কিন্তু আজকে যে প্রশাসনিক কাঠামোর মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তর চলছে তাতে আমাদের যথেষ্ট সন্দেহ আছে যে পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তর আদৌ ঠিকমতো চলছে কিনা। কয়েক দিন আগে সত্যজিৎ রায়ের শব-দাহের সময়ে কেওড়াতলা শ্মশানে যে ঘটনা ঘটে গেল তার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার যে ড্রাস্টিক স্টেপ নিয়েছেন—সমস্ত খাট বিছানা পুড়িয়ে ফেলা হবে, তাকে আমরা সমর্থন করি। কিন্তু প্রতিটি হাসপাতালে আজকে কি হচ্ছে? আজকে সেখানে স্বপন, শ্রী ধরদের মতো ক্রিমিনালরা সি. পি. এম.-এর শেল্টারে আছে। তারা আজকে প্রতিটি হাসপাতালের মধ্যে বসে চোলাই মদের ব্যবসা করছে, জুয়া খেলছে, সাট্টা খেলছে, দেহজীবীদের ব্যবসা চালাচ্ছে। হাসপাতালে খাদ্য সরবরাহ করার টেন্ডার যারা পাচ্ছে তাদের সঙ্গে এই সমস্ত ক্রিমিনালদের যোগযোগ আছে। কলকাতা থেকে মফস্বল পর্যন্ত প্রতিটি হাসপাতালের চত্বর ক্রিমিনালরা দখল করে বসে আছে। ফলে মন্ত্রী যখন বলছেন, 'দৈহিক, মানসিক, পারিপার্শ্বিক এবং সামাজিক সুস্থতার সমন্বয়ই স্বাস্থ্যের লক্ষ্যণ' তখন আমাদের হাসি পাচ্ছে, দুঃখ হচ্ছে। মন্ত্রী হয়ত না জেনে, না বুঝে এই কথাগুলি বলেছেন। আমরা দেখছি যখন কেউ হাসপাতালে রুগী ভর্তি করতে যায় তখন সে সোর্স পেলে তবেই রুগী ভর্তি করতে পারে এবং হাসপাতালে রুগী চিকিৎসা পায়। সোর্স না থাকলে হাসপাতালে রুগীর চিকিৎসা হয় না।

মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, আপনি আপনার বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন, "২০০০ সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য এই লক্ষ্যে উপনীত হওয়ার সিদ্ধান্ত আমরা নিয়েছি" অথচ আমরা এখানে দেখছি আপনার টোটাল বাজেট বরাদ্দ হচ্ছে ৪৬৫ কোটি টাকা। এর মধ্যে ৬৩% টাকাই যাচ্ছে কর্মচারিদের বেতন দিতে। অর্থাৎ ৪৬৫ কোটি টাকার মধ্যে থেকে ২৯৩ কোটি টাকাই আপনার বেতন দিতে চলে যাচ্ছে। বাকি পড়ে থাকছে মাত্র ১৭২ কোটি টাকা। মাত্র ১৭২ কোটি টাকা দিয়ে আপনি বলছেন পশ্চিমবাংলার চিকিৎসা ক্ষেত্রের উন্নতি করবেন! এই টাকা দিয়ে আপনি প্রাথমিক স্বাস্থ্যের পরিচর্যা করবেন, যক্ষ্মা নিয়ন্ত্রণ করবেন, কুষ্ঠ নিবারণ করবেন, হাসপাতালে ডাক্তার দেবেন, হাসপাতালে ওষুধ পাঠাবেন, স্যালাইন পাঠাবেন, ব্ল্যাড ব্যাঙ্ক নির্মাণ করবেন, রুগিদের পথ্য দেবেন, এইডস কন্ট্রোল করবেন, ক্যান্সার ডিটেকশন সেন্টার করবেন। হাউ ইজ ইট পসিবল? আমি মনে করি আপনি এই বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষদের উপহাস করছেন।

আজকে হাসপাতালগুলিতে একদিকে চিকিৎসা হচ্ছে না, অপরদিকে ডাক্তারদের কোনও রকম নিরাপত্তা নেই। এই অবস্থায় আমার মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে অনুরোধ গ্রামাঞ্চলে যে সমস্ত প্রাইমারি হেলথ সেন্টারগুলি আছে সেগুলির দিকে অন্তত একটু নজর দিন। সাধারণ মানুষদের স্বাস্থ্যের দিকে তাকিয়ে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থাকে সঠিক পথে ফিরিয়ে আনুন। স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে একটা সুস্থ পরিবেশ সৃষ্টি করুন। এই ক'টি কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুনির্মল পাইক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদলের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। আমার সময় অতি সংক্ষেপ, আমি দু-একটি কথা বলছি,

সেই স্বাস্থ্য বাজেটের মূল সুর মাননীয় সদস্য যারা বিরোধীপক্ষ থেকে বললেন বিভিন্ন দিক থেকে সকলে সমালোচনা করলেন। কিন্তু এই বাজেটের একটা বিশেষ দিক আছে যেটা ওরা বললেন না। সেটা হচ্ছে এই যে, ইংরাজিতে একটা প্রবাদ আছে—child shows the man as morning shows the day. আমাদের মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর বাজেট ঠিক সেই রকম। তিনি বেশি করে জোর দিয়েছেন কি করে প্রসূতি, শিশু এবং পরিবার কল্যাণ ইত্যাদি ডেভেলপমেন্ট করা যাবে এবং গ্রামীণ যে মানুষ তাদের কাছে স্বাস্থ্য ব্যবস্থার সুফলটাকে যাতে পৌঁছানো যায় তার জন্য পঞ্চায়েত গণ মাধ্যমগুলিকে কাজে লাগাবার চেষ্টা করেছেন। পঞ্চায়েত এবং আরও যে সমস্ত গণমাধ্যম আছে তাদের কাজে লাগিয়ে প্রসূতি, শিশু এবং পরিবার কল্যাণ কিভাবে সাকসেসফুল হবে গ্রামে গঞ্জে তার দিকে বিশেষ লক্ষ্য দিয়েছেন এবং সেটাকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। সেটা বিশেষ লক্ষ্যণীয়, সেটা আমাদের দেখতে হবে। উনি কমিউনিটি হেলথ গাইড চালু করেছেন এবং সেই কমিউনিটি হেলথ গাইড গ্রামের একেবারে তৃণমূল স্তরে কোথায় কার বাড়িতে কি হচ্ছে, কে অসুস্থ্য, কে সুস্থ সেসব দেখে সাবসিডিয়ারি হেলথ সেন্টারে যিনি অধ্যক্ষ আছেন তার কাছে তারা পৌঁছে দেবেন এইভাবে স্বাস্থ্য ব্যবস্থাটাকে একেবারে তৃণমূল স্তরে নিয়ে যাবার চেষ্টা করেছেন। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ করার জন্য তিনি ধাইদের ট্রেনিংয়ের ব্যবস্থা করেছেন এবং এইভাবে মাল্টিপারপাস স্কীম ইন্ট্রোডিউস করেছেন। সেই মাল্টিপারপাস স্কীমে যে সব ফ্যামিলি করা গরিব তাদেরকে পর্যন্ত ট্রেনিং দিয়ে এনেছেন এবং এই বিরাট স্বাস্থ্য ব্যবস্থা সঙ্গে যুক্ত করেছেন এবং স্বাস্থ্য ব্যবস্থাকে তৃণমূল পর্যন্ত পৌঁছে দেবার চেষ্টা করেছেন, তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ তরুণ অধিকারি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রশান্তবাবুকে আমি শ্রদ্ধা করি। তার সঙ্গে আমার ব্যক্তিগত সম্পর্ক খুব ভাল, কিন্তু আজকে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য সম্পর্কে এমন একটা জায়গায়—ওনার নেতৃত্বে পৌঁছে দিয়েছেন এবং পশ্চিমবঙ্গকে যেভাবে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছেন সেখানে দাঁড়িয়ে ওনার সঙ্গে সুসম্পর্ক থাকা সত্ত্বেও ওনার বাজেটকে সমর্থন করতে পারছি না বলে আমি দুঃখিত। আমি লক্ষ্য করছিলাম যে, মাননীয় শাসকদলের বিধায়করা তার বাজেট সমর্থন করে তাদের বক্তব্য রাখলেন—নিশ্চয়ই সমর্থন করবেন—কিন্তু আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই যে শুধু চলতি বাজেট অধিবেশনে নয় বিগত কয়েকটি বাজেট অধিবেশনে বহু পিছনে যাওয়া যায় তাহলে এমন একটি দিন খুঁজে পাওয়া যাবে না যে দিনটিতে শাসক দলের মাননীয় সদস্যরা স্বাস্থ্য দপ্তরের ব্যর্থতার কথা হাসপাতালের অবস্থার কথা, ওষুধপত্র না পাওয়ার কথা চিকিৎসা ব্যবস্থা ভেঙ্গে পড়ার কথা উল্লেখ করে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেছেন। দুর্ভাগ্যের কথা, সারা বছর সমালোচনা করেছেন, সারা বছর অপদার্থতার কথা বলেছেন কিন্তু দলের স্বার্থে আজকে এখানে দাঁড়িয়ে বাজেটকে সমর্থন করতে হচ্ছে। আপনাদের কাছে দল আগে, দেশ পরে আর আমাদের কাছে দেশ আগে দল পরে। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় দেশের সার্বিক স্বার্থে, স্বাস্থ্য ব্যবস্থাকে সুন্দর করে তোলার স্বার্থে আমি বাজেটের বিরোধিতা করে দু-একটি কথা নিবেদন করছি। এ বাজেটে টোটাল মানি অ্যালটমেন্ট হয়েছে মোটামুটি ৪৫৯ কোটি টাকা। তার মধ্যে ডায়েটের জন্য ১৮.৬৯৫ ক্রোরস।

[4-00 — 4-10 P.M.]

ওষুধের জন্য ৩৪.০২ ক্রোড়স অর্থাৎ মাত্র ৫৭ কোটি টাকা খরচ করা হচ্ছে সাধারণ মানুষের চিকিৎসার জন্য। এক্ষেত্রে প্ল্যান বাজেটে খরচ করা হচ্ছে মাত্র ৫৭ কোটি টাকা, বাকি সমস্ত বাজেটের টাকা খরচ করা হচ্ছে নন-প্ল্যানে। আমাদের প্রতিবাদটা এখানেই। বিধানবাবু যখন এই হাউসে মুখ্যমন্ত্রী ছিলেন সেই সময় জ্যোতিবাবু বিরোধী দলের নেতা হিসাবে সামনে বসতেন। সেই সময় একবার স্বাস্থ্য বাজেটে টাকা না বেড়ে পুলিশ বাজেটে টাকা বাড়ায় জ্যোতিবাবু এই হাউসে দাঁড়িয়ে বলেছিলেন—'পুলিশের বাজেট কেন বাড়ানো হচ্ছে? পুলিশ আমাদের লাঠিপেটা করবে বলেই কি পুলিশ বাজেটে আজকে টাকা বাড়ানো হচ্ছে?' আজকে ১৯৯১-৯২ সালের বাজেট যদি দেখেন, দেখবেন যে, এই বছরের বাজেটের সঙ্গে তার কোনও ফারাক নেই। জিনিসপত্রের দাম বেড়েছে, ডিজেলের দাম বেড়েছে এবং ওষুধপত্রের দাম গত বছর যা ছিল তার থেকে এই বছর অনেক বেড়েছে, কিন্তু বাজেট বাড়েনি। সেখানে দেখা যাচ্ছে, এই বছর পুলিশ বাজেটে ৬০ কোটি টাকা বেশি ধার্য করা হয়েছে। আমি দাবি করছি, পুলিশ বাজেট থেকে ঐ ৬০ কোটি টাকা কমিয়ে ঐ টাকা স্বাস্থ্য বাজেটে অ্যাড্ করা হোক যদি সত্যি সত্যি সৎ সাহস থাকে। যদি সৎ সাহস থাকে, আমার সঙ্গে সহমত হয়ে বলুন—পুলিশ বাজেটের ঐ ৬০ কোটি টাকা কমিয়ে দিয়ে ঐ টাকা স্বাস্থ্যের প্ল্যান বাজেটে যোগ করা হোক। স্বাস্থ্যের দাবিটা কোনও দয়া ভিক্ষা নয়, স্বাস্থ্যের অধিকার মানুষের মৌলিক অধিকার। আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মানুষের সেই মৌলিক অধিকারে আঘাত করবার চেষ্টা করছেন। বিধানসভা খোলা রয়েছে, অথচ গণতন্ত্রকে অবমাননা করে বর্ধিত হারে চার্জ চালু করে দিলেন সারা পশ্চিমবঙ্গের হাসপাতালে হাসপাতালে। তারফলে মানুষ আজকে আর বিনা পয়সায় চিকিৎসার সুযোগ সেখানে পাচ্ছে না। রক্ত পরীক্ষা করতে গেলে, টি. সি. ডি. সি., ই. এস. আর. করতে গেলে সেখানে ৪৫ টাকা দিতে হবে, বাইরে যার চার্জ ২০ টাকা। একটা দাঁত তুলতে ১০ টাকা, কমপ্লিকেটেড হলে ৩০ টাকা। ই. সি. জি.-র জন্য দিতে হবে ৩০ টাকা। হাসপাতালে হাসপাতালে দুধ বন্ধ হয়ে গেছে টাকা নেই বলে। সরকারি হাসপাতালের রোগীরা আজকে আর দুধ পাচ্ছেন না। অবস্থাটা আজকে এই জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। তাই আমি অভিযোগ করছি, বিধানসভা চলাকালীন এই সভাকে বাই-পাস্ করে কেন এই ধরনের অর্ডার ইস্যু করা হল? এর দায় আমি আপনার উপর চাপাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য বিভাগে দুটি জিনিস আছে—একটি হচ্ছে কিউরেটিভ সাইড, চিকিৎসার ব্যাপার, দ্বিতীয়টি হচ্ছে প্রিভেন্টিভ সাইড, প্রতিষেধক ব্যাপার। পশ্চিমবঙ্গে চিকিৎসার ব্যাপার নিয়ে এক সময় আমরা গর্ব করতাম। সেই সময় ডাঃ বিধানচন্দ্র রায় ছিলেন, যোগেশচন্দ্র ব্যানার্জি ছিলেন, এল. এম. ব্যানার্জি ছিলেন, স্যার নীলরতন সরকার ছিলেন, যেসব প্রখ্যাত চিকিৎসকদের কাছে সারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ ছুটে আসতেন কলকাতার বুকে চিকিৎসার সুযোগ পাবার জন্য।

আজকে চিকিৎসার সুযোগ পাবার জন্য মানুষকে অনেক দুরে যেতে হয়। আজকে ১৫ বছরের চূড়ান্ত অব্যবস্থায় কলকাতার মানুষকে ছুটে যেতে হচ্ছে ভেলোরে, কলকাতার মানুষকে

ছুটে যেতে হচ্ছে নেত্রালয়ে, কলকাতার মানুষকে ছুটে যেতে হচ্ছে দিল্লির অল ইণ্ডিয়া ইনস্টিটিউটে, কলকাতার মানুষকে ছুটে যেতে হচ্ছে বোম্বে, চন্ডিগড়ে, বিভিন্ন রাজ্যের আধুনিক হাসপাতালগুলিতে। আজকে পশ্চিমবাংলার অবস্থা কি? পশ্চিমবাংলার যে হাসপাতালগুলি চলছে, কলকাতার যে হাসপাতালগুলি চলছে তার দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখব যে এমন একটা হাসপাতাল খুঁজে পাওয়া যাবে না যেখানে সাধারণ মানুষ চিকিৎসার ব্যাপারে সেই সুযোগ পেতে পারে। কলকাতায় সেই চিকিৎসার সুযোগ নেই। মানুষ কলকাতার কোনও জায়গায় যেতে চায় না। তারা সেই মানসিকতা হারিয়ে ফেলেছে। আজকে বহু হাসপাতালে ইকুইপমেন্টস নেই, ইন্সট্রুমেন্টগুলি বন্ধ হয়ে আছে, স্ক্রিনিং মেশিন বন্ধ হয়ে রয়েছে, এক্স-রে মেশিন অনেক জায়গায় নেই, আবার যেগুলি আছে সেগুলি বন্ধ হয়ে আছে, এই হচ্ছে কলকাতার অবস্থা। অন্যদিকে কলকাতার বাইরের হাসপাতালগুলির আরও দুরবস্থা। এমন একটা হাসপাতাল নেই যেখানে কুকুরে কামড়ালে ঔষধ পাওয়া যাবে, সাপে কামড়ালে ঔষধ পাওয়া যাবে। শুধু এটাই নয়, আজকে পশ্চিমবাংলায় চিকিৎসা ব্যবস্থাকে এমন একটা জায়গায় নিয়ে গেছেন যে মানুষ চিকিৎসার জন্য হাহাকার করছে! এর সমস্ত দায়-দায়িত্ব আপনাদের। আপনারা ব্যর্থতায় পর্যবসিত হয়েছেন এবং সেই ব্যর্থতাকে, অপদার্থতাকে ঢাকবার জন্য সাধারণ মানুষকে বিভ্রান্ত করার জন্য কেন্দ্রীয় সরকারকে দেখিয়ে বাহবা নিতে চাচ্ছেন। একটা অদ্ভুত অবস্থা চলছে। আপনারা জানেন যে টি. বি. কন্ট্রোল, ম্যালেরিয়া কন্ট্রোল প্রিভেনশন অব ব্লাইন্ডনেস, এই প্রোগ্রামগুলি কেন্দ্রীয় সরকারের উদ্যোগে করা হয়। আজকে টি. বি. রুগীরা ঔষধ পাচ্ছে না। টি. বি.-র যে মূল ঔষধ, একটা হচ্ছে 'রাইফো মাইসিন', আর একটা হচ্ছে 'পাইরাজিনামাইড', যে ঔষধ না হলে টি. বি. কন্ট্রোল করা সম্ভব নয়, সেই ঔষধ কোনও হাসপাতালে দিতে পারছে না। তার পরিবর্তে কি দিচ্ছে? তার পরিবর্তে 'আই. এন. এইচ.' এবং 'থায়োসালজনের' মিক্সিং করে একটা ঔষধ দিচ্ছে যার দাম মাত্র ১৫ পয়সা। আপনি সাত দিনের ঔষধ দিচ্ছেন, যে ঔষধের দাম হচ্ছে মাত্র এক টাকা পাঁচ পয়সা। অথচ সেই মানুষটিকে ৫ টাকা খরচ করে আপনার হাসপাতালে আসতে হচ্ছে। অবস্থা কোথায় গেছে 'মাননীয় সদস্য গৌরী দত্ত অনেক রিপোর্টের কথা বললেন, কিন্তু সি. এ. ডি.-র রিপোর্টের কথা একবারও বললেন না। আজকে দুর্নীতি কোন পর্যায়ে গেছে। সি. এ. জি. যে রিপোর্ট দিয়েছে তাতে পশ্চিমবাংলার বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদ এবং মালদা—এই ৪টি জেলায় কয়েক কোটি টাকার জিনিসপত্র টেন্ডার না করে কেনা হয়েছে। গৌরীবাবু একবারও সেকথা বললেন না। সুতরাং বাকি জেলাগুলিতে কি অবস্থা চলছে স্বাস্থ্য দপ্তরের টাকা নিয়ে সেটা সহজেই অনুমেয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের সাবজেক্ট কমিটির (হেলথ) সদস্য থাকার সুবাদে বিভিন্ন হাসপাতালে যাবার সুযোগ পেয়েছি। আমি দেখেছি যে জলপাইগুড়ি হাসপাতালগুলির জন্য শুধু মাত্র ব্লাড ব্যাঙ্ক চালাবার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ বিনা টেন্ডারে মাসিক ১০ হাজার টাকা ভাড়ায় একটা জেনারেটর চালু রেখেছেন।

[4-10 — 4-20 P.M.]

মাসিক ১০,০০০ হাজার টাকা ভাড়া দিয়ে বিনা টেণ্ডারে একটা ডিস্ট্রিক্ট হাসপাতালে একটা জেনারেটর ভাড়া করতে পারে মাননীয় মন্ত্রী মহাশয় আশা করি এই ব্যাপারে উত্তর

দেবেন। স্যার আপনি সাবজেক্ট কমিটি তৈরি করে দিয়েছেন, সেই সাবজেক্ট কমিটির পক্ষ থেকে হাসপাতাল তদন্ত করতে গিয়েছিলাম, বিভিন্ন দলের সদস্যরা সেখানে ছিলেন। আমরা কি দেখলাম? আমরা দেখলাম যে একটা হাসপাতালে টিটেনাশের অজুহাত দেখিয়ে ৬ মাসের মধ্যে সমস্ত বেড এবং সমস্ত বেবি কট রিপেয়ারিং এবং পেন্টিং করা হয়েছে। তার জন্য কয়েক লক্ষ টাকা খরচ করা হয়েছে। কি রকম দুর্নীতি সেখানে হয়েছে দেখুন। আমার কেন্দ্রে নৈহাটিতে একটা হাসপাতালে গিয়েছিলাম। হাসপাতাল সুপারিনটেনডেন্টের কাছে একটা কনটিজেন্সি ফান্ড থাকে লাইভ সেভিং ড্রাগ কেনার জন্য। এখানে যে ফান্ড থাকে তার থেকে জীবনদায়ী ঔষধ কেনা হয়। সর্বদলের মাননীয় সদস্যরা সেই নৈহাটি হাসপাতালে গিয়েছিলেন, সেখানে ৩ মাসের মধ্যে ৭২ ফাইল মারকিউরোক্রম কেনা হয়েছে। যে মারকিউরোক্রম দিয়ে বিধান সভার রং লাল করে দেওয়া যাবে। সবই সেই দপ্তরের টাকা দিয়ে কেনা হয়েছে। দুর্নীতি কোন জায়গায় গিয়েছে সেটা দেখুন। মাননীয় প্রশান্তবাবু জানেন এ. আই. ডি. এস একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে, সারা ভারতবর্ষে এ. আই. ডি. এস ভয়াবহ অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে, এমন জায়গায় গিয়ে এসেছে যে একটা ভীতির সঞ্চার হয়েছে। 'এডস' প্রতিরোধ করার জন্য যে বিরাট অর্থ আমাদের কাছে আসছে সেটাকে যোগ্যভাবে ব্যবহার করে 'এডস্' প্রতিরোধ করার দিকে লক্ষ্য রাখুন। আমি এই ব্যাপারে মাননীয় হেলথ সেক্রেটারিকে সাবজেক্ট কমিটির পক্ষ থেকে বলেছিলাম বিভিন্ন জেলায় যে বর্ডার এরিয়া আছে—বাংলাদেশের বর্ডার যেমন জলপাইগুড়িতে আছে—এই রকম বর্ডারে যেখানে বিদেশিরা ঢুকছে যারা আমাদের দেশে চলে আসছে সেখানে 'এডস্'-এর ব্যবস্থা নিন। অর্থাৎ বর্ডার এরিয়াগুলোতে স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা নেই, বিদেশিরা যে ঢুকছে তাদের রক্তে কি আছে না আছে আমরা জানতে পারছি না। সেইজন্য আমার আবেদন সমস্ত বর্ডার এরিয়ায়, এয়ার-পোর্টের সমস্ত হোটেলে ব্লাড ব্যাংক তৈরি করে রক্ত পরীক্ষা করা হয় তার নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করুন যাতে আমরা আগামি দিনে 'এডস্' প্রতিরোধ করতে পারি। একটু আগে মাননীয় সদস্য বলছিলেন যে পশ্চিমবাংলায় স্বাস্থ্য দপ্তরের যে পরিকাঠামো সেটা সর্বাঙ্গীন সুন্দর। আমি এটা স্বীকার করি এবং এই ব্যাপারে আপনাদের সঙ্গে একমত যে আমাদের পশ্চিমবাংলায় স্বাস্থ্য দপ্তরের যে পরিকাঠামো আছে তা অনেক রাজ্যের থেকে ভাল। এটা আপনাদের কৃতিত্ব নয়, আপনাদের আসার অনেক আগে থেকেই পশ্চিমবাংলায় পরিকাঠামো ছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় নির্দিষ্ট নীতির অভাবে, দূরদর্শিতার অভাবে, পরিচর্যার অভাবে সত্যিকারের বড় প্রোজেক্ট থাকা সত্ত্বেও সেটা আপনারা ইউটিলাইজ করতে পারেন নি। তার ফলে আমাদের সমস্ত কাজ অতল গহ্বরে তলিয়ে গেছে, চালু করা যাচ্ছে না। আমি এবারে ইমিউনাইজেশান প্রোগ্রামের কথা বলি। ইমিউনাইজেশান প্রোগ্রামের মেন যেটা, এতক্ষণ ধরে শাসক দলের সদস্যরা বলছিলেন যে প্রতিষেধক না করলে বাঁচা যাবে না সেই কথাই বলেছিলেন রাজীব গান্ধী ভারতবর্ষের মানুষকে ফাইভ পয়েন্ট টেকনোলজি মিশনের মাধ্যমে যার মধ্যে অন্যতম ছিল ইমিউনাইজেশান। আগামি দিনে মানুষকে যদি ইমিউনাইজ করা না যায় তাহলে শুধু ঔষুধ দিয়ে চিকিৎসা করে মানুষকে বাঁচানো যাবে না। ইমিউনাইজেশান প্রোগ্রামের মাধ্যমে পশ্চিমবাংলায় কতটা অগ্রগতি হয়েছে সেটা আমিও তুলে ধরছি। ১৯৮৯-৯০ ইমিউনাইজেশান প্রোগ্রামের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি মানননীয় মন্ত্রী মহাশয়ের ওয়েস্ট বেঙ্গলে হয়েছে ডি. পি. টি ৭৫ পারসন্টে, সেখানে হরিয়ানায় হয়েছে ১০৪ পারসেন্ট, কেরালায় হয়েছে ১০৬ পারসেন্ট

মধ্যপ্রদেশে হয়েছে ৮৯ পারসেন্ট এবং পাঞ্জাবে হয়েছে ১০৯ পারসেন্ট। ও. পি. ডি.-৩, ওয়েস্ট বেঙ্গলে হয়েছে ৭৭ পারসেন্ট, হরিয়ানাতে হয়েছে ১০৪ পারসেন্ট, উত্তর প্রদেশে হয়েছে ৮৩ পারসেন্ট। পশ্চিমবাংলায় হয়েছে ৮১ পারসেন্ট। আজকে এই অবস্থায় সবচেয়ে বড় কথা হচ্ছে, আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব, আজকে আমাদের দেশে ইমিউনাইজেশান শুধু ব্যর্থ নয়, এটা আমাদের দেশের শুধু সমস্যা নয়, অন্য দেশেও এটা আছে। আর একটা সমস্যা হচ্ছে ড্রাগ আউট কেস। এটা শুধু পশ্চিমবাংলার সমস্যা নয়, এটা সারা পৃথিবীর উন্নয়নশীল দেশের সমস্যা। আমাদের দলমত নির্বিশেষে ভাবতে হবে যাতে আমরা আমাদের এই ড্রপ আউট কেসকে ওভারকাম করতে পারি। আমাদের ইমিউনাইজেশান প্রোগ্রামকে সার্থক করতে পারি। আমি এখানে নির্দ্দিষ্ট প্রস্তাব রাখছি—এখানে একটা বিল আনুন। ইমিউনাইজেশান প্রোগ্রামকে কম্পালশন করুন এবং কম্পালশন সার্টিফিকেট দিন। যার ফলে সেই সার্টিফিকেট যেন শিক্ষাক্ষেত্রে ব্যবহার করতে পারে—আন-এমপ্লয়মেন্টের ক্ষেত্রে, লোনের ক্ষেত্রে যাতে সংশ্লিষ্ট ব্যক্তি কাজে লাগাতে পারে। আমি এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রাইচরণ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এই বিধানসভায় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলছি। উনি বাজেট বক্তৃতায় যথার্থভাবেই বলেছেন যে, প্রতিরোধ-এর উপরে বেশি করে জোর দিতে হবে। সেই জোরই তিনি দিয়েছেন। আমরা আজ ৪৫ বছর হল স্বাধীন হয়েছি, তারপরেও বেশিরভাগ মানুষ অশিক্ষিত। এরজন্য অন্যতম একটা রোগের কারণ শিক্ষা ব্যবস্থাকে অনুধাবন করা। অর্থাৎ বেশি সংখ্যক মানুষকে শিক্ষিত করে তোলা যাতে তারা রোগমুক্ত হতে পারে। নোংরা পরিবেশকে মুক্ত করে যাতে তারা রোগমুক্ত হতে পারে সেই ব্যবস্থাটা আমাদের আগে করতে হবে। আমরা দেখি যে, কুকুরে কামড়ালে, সাপে কামড়ালে মানুষ এখনও ওঝার সাহায্য নেয়। দুর্ভাগ্যের কথা, আমরা এখনও মানুষকে বিজ্ঞানসম্মত কি উপায় আছে যাতে সে স্বাস্থ্য ব্যবস্থার সাহায্য নিতে পারে এটা বোঝাতে সক্ষম হই নি। রুগীর রোগ হলে আমরা হাসপাতালে পাঠাই বটে, সেখানে রোগ নির্ণয়ের জন্য যে ব্যবস্থা, দুরুহ ব্যবস্থার জন্য একটা জটিলতা সৃষ্টি হয়। এই জটিলতা যাতে না হয়, অল্প সময়ের মধ্যে যাতে রোগ নির্ণয় করা যায় এবং স্বল্প ব্যায়ে যাতে রোগমুক্ত করা যায় তার ব্যবস্থা সরকারকে করতে হবে। পাড়াগাঁয়ে অত্যন্ত জনবিরল মাঠের মাঝখানে যে হাসপাতালগুলো আছে, সেখানে ডাক্তাররা সর্বদা যান না। আমাদের দেখতে হবে সেখানে না যাওয়ার কারণ কি? তা কি নিরাপত্তার অভাব? দ্বিতীয়ত যে কোয়ার্টারগুলো আছে সেগুলোর কিছু কিছু ভগ্ন অবস্থায় আছে। সেগুলো মেরামত করা দরকার যাতে সেখানে জীবন যাপন করা যায় তার ব্যবস্থা সরকারকে করতে হবে। বিপুল সংখ্যক কর্মচারিদের মাইনে দিতে বিপুল ব্যয় হয়ে যায়। এই ব্যবস্থার পরিবর্তন করতে হবে। লোককে যাতে স্বাস্থ্যসম্মত শিক্ষা দেওয়া যায় তার বন্দোবস্ত করতে হবে। ডাক্তারদের মানসিকতা প্রসঙ্গে বলি, গরিব মানুষের অসুস্থ মানুষের আত্মীয়-স্বজনরা রোগিকে নিয়ে যান। দেখা যায়, ডাক্তাররা হাসপাতালে নানারকম উন্নাসিকতা, খারাপ ব্যবহার করেন। মন্ত্রী মহাশয়কে এটা দেখতে হবে। আমি '৭২ সালের, ওদের আমলের একটা প্রসিডিংস পড়ছিলাম।

[4-20 — 4-30 P.M.]

১৯৭২ সালে ওদের সময়ে এই স্বাস্থ্য খাতে মোট বরাদ্দ ছিল ৪১ কোটি ৩৫ লক্ষ ৩২ হাজার এবং আজকে সেখানে অনেক বেড়েছে। আপনাদের আমলে ডাঃ মোতাহার হোসেন ১৯৭২ সালে তাঁর বাজেট বক্তৃতায় বলেছিলেন যে অনেক ডাক্তার আছে তো হাসপাতাল নেই, হাসপাতাল গড়ে ওঠে না, হাসপাতাল গড়ে ওঠে তো ডাক্তার পাওয়া যায় না। ডাক্তার আছে তো ওষুধ নেই, ওষুধ আছে তো অ্যাম্বুলেন্স নেই, কোথাও আবার নার্স নেই, কোথাও আবার জি. ডি. এ. পর্যন্ত নেই। ১৯৭২ সালে আপনাদেরই দলের ডাঃ মোতাহার হোসেনের বাজেট বক্তৃতা এবং তাতে তিনি বলেছিলেন যে আমরা প্রতিশ্রুতি দিয়ে বলছি যে প্রতিটি ব্লকে প্রাইমারি হেলথ সেন্টার এবং ২টি করে সাবসিডিয়ারি হেলথ সেন্টার করব। কিন্তু এই প্রতিশ্রুতি দিলেও আমরা মিনিমাম প্রতিশ্রুতিও পালন করতে পারিনি। সুতরাং আজকে যে স্বাস্থ্য দপ্তর ভেঙ্গে পড়েছে তারজন্য আপনারাই দায়ী। আজকে পুরুলিয়ার যে অবস্থা তারজন্য তো আপনারা দায়ী। আমি শেষকালে মহামান্য ব্যক্তির একটা উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শেষ করব। মহামান্য বেথুন সাহেব যখন দেখলেন সারা পৃথিবী জুড়ে যক্ষ্মা রোগের ভীষণ প্রাদুর্ভাব হয়েছে এবং বহু লোক মারা যাচ্ছে তখন তিনি তাঁর সমস্ত সম্পত্তি, বাড়িঘর পর্যন্ত যক্ষ্মাহাসপাতালে দান করে দেন। কিন্তু দেখলেন তাতেও এই রোগ নিবারণ করা যাচ্ছে না, তখন তিনি অধ্যয়ন শুরু করলেন এবং প্রচুর বই পড়তে লাগলেন। শেষকালে তিনি মার্কসের দাশ ক্যাপিটাল পড়ে জানতে পারলেন এটাই একমাত্র পথ, যে পথে এই রোগের নিরাময় সম্ভব। তার কারণ হচ্ছে তিনি ওই বই পড়ে জানতে পারলেন যতদিন পৃথিবী থেকে শোষণ মুক্ত করতে না পারা যাবে ততদিন এই রোগের নিবারণ হবে না। সেই কারণে তিনি পৃথিবীর সমস্ত মানুষকে ডাক দিলেন শোষণ মুক্তির জন্য আহ্বান করতে। আজকে আমাদেরও ভাববার সময় এসেছে, ভারতের সমাজ ব্যবস্থাতে যদি পরিবর্তন করতে হয় তাহলে জনমত নির্বিশেষে এই শোষণ মুক্তির আহ্বান করতে হবে, এই আশা রেখে বাজটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ছায়া বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমাদের স্বাস্থ্য দপ্তরের বাজেট বরাদ্দের উপরে আজকে যে সকল মাননীয় সদস্য আলোচনায় অংশগ্রহণ করেছেন আমাকে সমৃদ্ধ করবার চেষ্টা করছেন আমি তাঁদের সবাইকে ধন্যবাদ জানাই, ধন্যবাদ জানিয়ে আমি আমার সংক্ষিপ্ত সময়ের জন্য পরিবার কল্যাণ শাখার উপরে আমার বক্তব্য সীমাবদ্ধ রেখে সমস্ত বিরোধীদলের আনীত যে ছাঁটাই প্রস্তাব তার বিরোধিতা করে আমি আমার বাজেট বরাদ্দের সমর্থন করে কয়েকটি কথা এই শাখার উপরে রাখতে চাই। পরিবার কল্যাণ দপ্তর হচ্ছে বৃহত্তর জনস্বাস্থ্য বিভাগের একটি শাখা তা সকলেই জানেন। কিন্তু সমগ্র বিভাগটি প্রথমে আমাদের সংবিধানের সপ্তম তালিকার অন্তর্ভুক্ত ছিল এবং সেই তালিকার অন্তর্ভুক্ত হিসাবে এই পরিবার কল্যাণ কর্মসূচি প্রসারিত হয়। কিন্তু পরবর্তীকালে সবাই জানেন যে, জরুরি অবস্থার সময়ে সংবিধানের ৪২তম সংশোধনীর মাধ্যমে এই শাখাকে বৃহত্তরভাবে ভাগ করে যুগ্ম তালিকায় আনা হয়েছে। স্বাভাবিকভাবেই এই শাখার সমস্ত কাজকর্মগুলির সিদ্ধান্ত নেয় মূলত কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকারই এর চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে থাকে। সুতরাং কেন্দ্রীয় সরকারের হাতেই এর বরাদ্দগুলো ন্যস্ত আছে।

রাজ্য সরকার সেখানে শুধুমাত্র সহকারির ভূমিকা পালন করে থাকে। কেন্দ্রীয় সরকার স্বাস্থ্য দপ্তরের যে বাজেট বরাদ্দ করেছেন সেই বাজেট বরাদ্দের সঙ্গে এই সমাজের কাজকর্ম অঙ্গাঙ্গিভাবে যুক্ত রয়েছে। কেন্দ্রীয় সরকারের এবারকার যে বাজেট বরাদ্দ, এই বাজেট বরাদ্দ আমি আপনাদের সামনে তুলে ধরছি, তাহলেই আপনারা পরিষ্কারভাবে জিনিসটা বুঝতে পারবেন। এই কারণেই এটা এখানে উল্লেখ করছি, কারণ মাননীয় সদস্য মানসবাবু এখানে অনেক কথা বলেছেন। ম্যালেরিয়া নিশ্চিহ্ন করার জন্য অনেকে বলেছেন। কিন্তু কেন্দ্র ম্যালেরিয়া নিশ্চিহ্ন করার জন্য ৩৮.৯ শতাংশ ব্যয়-বরাদ্দ ছাঁটাই করেছেন, ফাইলেরিয়ার ক্ষেত্রে ৯৮.৯ শতাংশ হ্রাস করেছেন, যক্ষ্মা নিয়ন্ত্রণ খাতে ১৫.৬ শতাংশ এবং খাদ্যে ভেজাল বন্ধে ৪০.৩ শতাংশ এবং চিকিৎসা গবেষণা খাতে ২২ শতাংশ বরাদ্দ কমিয়েছে। এগুলোর থেকে আপনারা কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি কি সেটা বুঝতে পারবেন। পরিবার কল্যাণ বিভাগ যে এই আক্রমণের থেকে বাদ যাবে তা নয়। পরিবার কল্যাণ বিভাগে কেন্দ্রীয় সরকার এবারে অনেক বেশি বাজেট বরাদ্দ করেছেন। আগের বছরের তুলনায় এবারে ৭.৫ শতাংশ বাজেট বৃদ্ধি করা হয়েছে। কিন্তু আপনারা জানেন মুদ্রাস্ফীতি বৃদ্ধির পরিমাণ যেখানে ১৩ পারসেন্ট সেখানে ৭.৫ পারসেন্ট বাজেট বৃদ্ধি কোনও বৃদ্ধির মধ্যেই পড়ে কিনা সেটা আপনাদের বিবেচনার জন্য আমি রাখলাম। এছাড়াও আপনারা দেখুন, পরিবার কল্যাণ বিভাগে স্বেচ্ছায় বন্ধ্যাত্বকরণের নামে নানান কর্মসূচি আছে যেমন—স্টেরিলাইজেশন, কন্ট্রাসেপটিভ ইত্যাদি। সেই কর্মসূচিতে ক্ষতিপূরণ বাবদ যে অর্থ এবারের বাজেটে রয়েছে, সেই অর্থ একই রয়ে গেছে, সেখানে কোনও অর্থ বৃদ্ধি হয়নি। যেখানে মুদ্রাস্ফীতি চলছে সেখানে এই অবস্থার মধ্য দিয়ে কাজ করা যে কি অসুবিধা সেটা আপনারা জানেন। তাছাড়া স্বাস্থ্য কর্মীদের যে প্রশিক্ষণ ও গবেষণার খাত আছে সেখানে কেন্দ্রীয় সরকার এবার ২৫.২ শতাংশ বাজেট বরাদ্দ হ্রাস করেছে। বর্তমান বছরে কেন্দ্রীয় সরকার স্বাস্থ্য বাজেটে যে অর্থ ধার্য করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি মাথাপিছু পার ক্যাপিটিয়া ৬.৫০ পয়সা। আমাদের রাজ্য যখন এতবড় ইনফ্রাস্ট্রাকচারের উপর দাঁড়িয়ে, আমরা যখন সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে বাজেটে যে টাকা বরাদ্দ করছি, তাতে মাথাপিছু ব্যয়ের পরিমাণ দেখা যাচ্ছে ৫৩ টাকা, পরিবার কল্যাণ খাতে কেন্দ্রীয় সরকার যে বাজেট বরাদ্দ করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি মাথাপিছু সেখানে ব্যয় ধরা হয়েছে ১১.৭৫ পয়সা। আর রাজ্য সরকার ম্যাচিং গ্রান্ট হিসাবে সেখানে যে টাকা দিচ্ছে তার সবটা মিলিয়ে মাথাপিছু দাঁড়াচ্ছে ১.০০ টাকা। এই পরিস্থিতিতে, এই বঞ্চনার উপর দাঁড়িয়ে আমরা পরিবার কল্যাণ বিভাগের কাজগুলিকে করছি। আপনারা জানেন, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় স্বাস্থ্য বিভাগে যে বাজেট বরাদ্দ ছিল তাহল ৩.৩ পারসেন্ট। এখন সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেটা কমতে কমতে ১.৮ পারসেন্ট এসে দাঁড়িয়েছে। মাঝখানে শুধু দু-তিন বছর পরিকল্পনা বন্ধ ছিল।

[4-30 — 4-40 P.M.]

কাজেই এটা হচ্ছে এবং কেন্দ্রীয় সরকারের এই নীতিটা আপনাদের জানা দরকার। আমাদের পরিবার কল্যাণ শাখার মূলত যে কাজ সেটা আপনারা জানেন এবং সেটা হচ্ছে—জনসংখ্যা নিয়ন্ত্রণের ব্যাপারটা। এবং জনসংখ্যা নিয়ন্ত্রণ করাটা আমাদের সামাজিক দায়িত্ব।

এটা মানসবাবুও বলেছেন যে, জনসংখ্যা নিয়ন্ত্রণ আমাদের নিশ্চয় করতে হবে। তার কারণ, আজকে এটা ভাবুন, গোটা ভারতবর্ষের প্রতি বছরে ১৭.৩ মিলিয়ন লোকসংখ্যা বাড়ছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে—যেহেতু পশ্চিমবঙ্গে ১৫ বছর ধরে বামপন্থী গণতান্ত্রিক সরকার, যাঁরা এখানে গণতান্ত্রিক পরিবেশ, শান্তি-শৃঙ্খলা বজায় রেখে চলেছেন। এখানে যেহেতু সাম্প্রদায়িক দাঙ্গা, হাঙ্গামা হয় না, বিচ্ছিন্নতাবাদি শক্তি মাথাচাড়া দিয়ে ওঠে না স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় নীতির জন্য যেসব রাজ্যে বা যেসব জায়গাতে দাঙ্গা-হাঙ্গামা হচ্ছে, তাঁরা আমাদের রাজ্যে চলে আসছেন। সেই ক্ষেত্রে লোকসংখ্যা বৃদ্ধি হচ্ছে।

কাজেই সেই বৃদ্ধি আপনারা জানেন, পশ্চিমবঙ্গেও লোকসংখ্যা বৃদ্ধি—১.৩ মিলিয়ন। সেটা উনি সঠিকভাবেই বলেছেন। ১.৩ লোকসংখ্যার জন্য যদি মূল কথাগুলি উদাহরণ দিই তাহলে —প্রতি বছর কটা বিদ্যালয় লাগে? শুধু পশ্চিমবঙ্গেই ১৩ হাজার বিদ্যালয় দরকার হয়, গৃহ, ঘর ইত্যাদি লাগবে ২ লক্ষ ৫৩ হাজার, একস্ট্রা ব্যয় করতে হবে। বস্ত্র যদি বলেন —তাহলে বস্ত্র লাগবে ১ কোটি ৯০ লক্ষ ২৩ হাজার মিটার লাগবে। চাকুরিও সেই অনুপাতে লাগবে। আমাদের মতন সরকার আছে বলে, আপনারা দেখতে পাচ্ছেন, গ্রামাঞ্চলে বা অন্যান্য জায়গাতে সেই হাহাকার এখনো পর্যন্ত উঠছে না। আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ সেই জায়গায় যায় নি। তার কারণ, পশ্চিমবঙ্গ সরকার অনেক কিছু করছেন, আর্থিক উন্নয়নের ব্যাপারে যে পরিকল্পনা গ্রহণ করছেন, যে পরিকল্পনার মধ্য দিয়ে আজকে আমরা পরিবেশটাকে সামাল দিতে পেরেছি। যদিও এত আত্ম সন্তুষ্টির কোনও কারণ নেই। যে, যে দলই করুন, যে রাজনীতিই করুন না কেন যদি দেশের কথা ভাবতে হয় তাহলে জনসংখ্যা নিয়ন্ত্রণের ব্যাপারটিকে সামাজিক দায়িত্ব হিসাবে নিতে হবে। আমরা—রাজ্য সরকার অত্যন্ত সচেতন আছি এবং সেই দায়িত্বকে সেইভাবে পালন করবার চেষ্টা করছি। কিন্তু আপনারা মনে করছেন—অর্থ বিনিয়োগ করেই এই দায়িত্ব মেটানো যায়। অর্থ বিনিয়োগের দিকে জোর দিচ্ছেন। আপনারা জানেন যে, পরিবার কল্যাণ বিভাগের কাজকর্ম যখন শুরু হয়, অর্থাৎ এই বিভাগ যখন চালু হয় তখন ৬৫ লক্ষ টাকা দিয়ে শুরু হয়েছিল। কিন্তু এবারে কেন্দ্রীয় সরকার ৩ হাজার ২৫০ কোটি টাকা ধার্য করেছেন। কিন্তু শুধু টাকা দিয়ে এই পরিবার কল্যাণ কর্মসূচি সঠিকভাবে রূপায়ণ হয়ে যাবে? সার্থকভাবে রূপায়ণ হয়ে যাবে? নিশ্চয় হবে না।

আপনারা জানেন বুখারেস্টে যে জনসংখ্যা নিয়ন্ত্রণের ব্যাপারে বিশ্ব সম্মেলন হয়েছিলো সেই বুখারেস্ট সম্মেলনে তারা কি বলেছেন? তাঁরা বলেছেন যে জনসংখ্যা নিয়ন্ত্রণ কখনো সম্ভব হবে না যদি না আর্থিক কোনও উন্নয়নের দিকে নজর দেওয়া না হয়। জনসংখ্যা নিয়ন্ত্রণ সঠিকভাবে করতে হলে, আর্থ, সামাজিক কাঠামোটির পরিবর্তনের দরকার আছে। সেইজন্য বুখারেস্ট সম্মেলনে যে শ্লোগান তোলা হয়েছিল—ডেভেলপমেন্ট ইজ দি বেস্ট কন্ট্রাসেপটিভ। এই শ্লোগান সেখানে তোলা হয়েছিলো। এমন কি আপনারা জানেন, গত জানুয়ারি মাসে, আপনাদের লাগছে এই তথ্যগুলো তুলে ধরছি বলে। গত জানুয়ারি মাসের প্রথমের দিকে আমাদের ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের ৭৯তম অধিবেশন হয়ে গেল। সেই অধিবেশনে বিজ্ঞানিরা বলেছেন যে, ভারতবর্ষে জনসংখ্যাকে কমাতে হবে। আর এই জনসংখ্যা যদি কমাতে হয় তাহলে তারজন্য কি দরকার? বিশেষ করে দরকার, নারীর শিক্ষা, নারীর

সমাজে মর্যাদা, মা, শিশু মঙ্গল কর্মসূচির সফল রূপায়ণ ব্যতিত জন্মনিয়ন্ত্রণ বাস্তবে করা সম্ভব নয়। কিন্তু আমরা কি দেখছি? শিক্ষা খাত নিয়ে বিস্তৃত আলোচনা হয়েছে, রেকর্ডও আছে। আমি শুধু এটুকু বলব, বর্তমান কেন্দ্রীয় সরকারের বাজেট প্রতিফলিত। ৮০ কোটি টাকা শিক্ষা বাজেটে হ্রাস করা হয়েছে। শুধু হ্রাস নয়, গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে, পিছিয়ে পড়া নারী শিক্ষা, তফসিলি জাতি, উপজাতি ছাত্রী-নিবাসের ব্যয়-বরাদ্দকে হ্রাস করা হয়েছে। এটা হয়েছে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য। আজকে আমাদের পরিকল্পনা পর্ষদের যিনি ভাইস চেয়ারম্যান, প্রণব মুখার্জি মহাশয় বলছেন ৭.৫ শতাংশ টাকা ব্যয় করা হয়েছে পরিবার পরিকল্পনা খাতে। ব্যয় করে কি হবে? ন্যাশনাল কাউন্সিল একটা কমিটি তৈরি করে দিয়েছে, করুণাকরণকে চেয়ারম্যান করে। সেই কমিটি করেই আমাদের এখানে জনসংখ্যা নিয়ন্ত্রণ করা যাবে, তা কখনই হতে পারে না। তাই স্বভাবতই চাই, সামাজিক দৃষ্টিভঙ্গি। আমরা জানি শিশুর বাঁচার গ্যারান্টি, শিশু এবং মায়ের উন্নতি। তাহলে এখানে পরিকল্পনার কর্মসূচির রূপায়ণ সার্থক হতে পারে। তরুণ অধিকারি যতগুলি সংখ্যাতত্ত্ব দিয়ে বললেন আমাদের এখানে ইমিউনাইজেসন প্রোগ্রামের অবস্থা খুব খারাপ। সংখ্যা অনেক সময় কাগজে-কলমে থাকে। আমরা চাই প্রকৃত উন্নয়ন। শিশু-মৃত্যুর হার পাঞ্জাব ছাড়া পশ্চিবঙ্গে সবচেয়ে কম। অন্ধ্র, কর্ণাটকে যে কোনও জায়গায় আমাদের চেয়ে বেশি। আজকে মানসবাবু উদাহরণ দিচ্ছিলেন আমাদের পশ্চিমবঙ্গের জন্মের হার কত কমাতে পেরেছি। আপনাদের উদাহরণ হিসাবে বলছি জন্মের হার এখানে ২৭.৩। আপনারা জানেন ১৯৫১-৬১-তে আমাদের বার্থ রেট ছিল ৪২.৯, আর ভারতবর্ষে ছিল ৪১. কিছু। আর এখন ভারতবর্ষের বার্থ রেট ৩০, আর আমাদের এখানে ২৭.৩। এক্ষেত্রে রেজাল্ট ভাল হল। আমি এইজন্য পারসেন্টেজের কথা বলছি। আপনারা যে যে স্টেটের কথা বলতে চেয়েছেন সংখ্যাতত্ত্বের দিক থেকে বেশি হয়েছে দেখবেন। আপনারা জন্মের হারের ক্ষেত্রে অন্ধ্রে যান, হরিয়ানায় যান সব জায়গায় আমাদের থেকে হাই। কাজেই সমালোচনার জন্য সমালোচনা করে লাভ নেই। আমরা আপনাদের সঙ্গে এক সঙ্গে কাজ করতে চাই। আমাদের পশ্চিমবঙ্গ, গোটা ভারতবর্ষ আমাদের, দেশকে রক্ষা করতে হলে, আমাদের একটাই ভাবনা আমাদের সকলকে নিয়ে এগিয়ে যেতে হবে। সেখানে পরিকল্পনা, সেখানে ইমিউনাইজেসন প্রোগ্রাম, জন্ম নিয়ন্ত্রণের পাশাপাশি সবটাই যাতে করা যায় সেজন্য বিভিন্ন কমিটি করা হয়েছে। পঞ্চায়েতে জন প্রতিনিধিদের যুক্ত করে সবাইকে নিয়ে কাজ করতে চাই। সেখানে বাছাবাছি নেই। কোনও পঞ্চায়েত কোন দলের, কোন পঞ্চায়েত সদস্য কোন দলের সেসব বিচার করা নেই, জনসাধারণ প্রতিনিধি নির্বাচন করেছেন, প্রতিটি সাব-সেন্টারে পঞ্চায়েত প্রতিনিধিদের যুক্ত করে কাজ করতে চাইছি। আপনারা আমাদের দুর্বলতা ধরিয়ে দিচ্ছেন সেজন্য আমরা আনন্দিত। আমাদের যে মাস মিডিয়া আছে তা নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি। আপনাদের পরামর্শ নিয়ে আমরা এগিয়ে নিতে চাইছি। এইটা সামাজিক দায়িত্ব এবং কর্তব্য এটা আমাদের মাথায় নিতে হবে। তা না হলে আমরা উন্নয়নের ক্ষেত্রে ব্যর্থ হয়ে যাব। স্বভাবতই সময় থাকতে সকলকে নিয়ে এগিয়ে যেতে হবে। এই কথা বলে উত্থাপিত বাজেটকে সমর্থনের অনুরোধ জানিয়ে এবং কাট মোশনগুলোর বিরোধিতা করে শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মিনিস্টার অব স্টেটের বক্তব্য বিরোধীদলের বন্ধুরা সহ্য করতে না পেরে একটু চঞ্চল হয়ে পড়েছেন। কারণ এমনই শক্তিশালী বক্তব্য রাখা হয়েছে যে তাদের সমস্ত বক্তব্য তাতে অনেক খাটো হয়ে গিয়েছে।

(গোলমাল)

এখানে বিরোধীদলের নেতা এবং বিধায়ক যারা এই বাজেটের উপর বলেছেন তারা বারবার আমার প্রতিবেদনের একটি কথা উল্লেখ করে বলেছেন যে স্বাস্থ্য বলতে আমি কি বলতে চাচ্ছি? আমি জানি না এই কথাটা তারা কেন বললেন? ডাঃ মানস ভূঁইয়া, ডাঃ তরুন অধিকারি, ডাঃ অনুপম সেন—তারা সকলেই ডাক্তার। এটা তো বিশ্ব স্বাস্থ্যের কথা। বিশ্বস্বাস্থ্য সংস্থার কথা। এটা আমার কথা নয়। আপনারা কি এইটুকুও পড়াশুনা করে আসেন নি এখানে? আমি তো মনে করি বিশ্ব স্বাস্থ্য সংস্থা হ'ল স্বাস্থ্যের ব্যাপারে লিডার ইন দি ওয়ার্ল্ড। এটা তাদের কথা। কাজেই আমি মনে করি এইটুকু পড়াশুনা করে তাদের এখানে আসার দরকার ছিল। আর ঐ জটু লাহিড়ি মহাশয়, কোথাও পালিয়ে গেলেন নাকি? না, আছেন দেখছি, বসুন। তিনি তো আমার ভাষণের দ্বিতীয় লাইনটাই পড়েননি। সেখানে দ্বিতীয় লাইনে কি আছে তিনি দেখেন নি।

(গোলমাল)

স্যার, ওদের বক্তব্যের সময় আমরা একটা কথাও বলিনি কাজেই আমাদের সময় ওদের কথা না বলাই ভাল এবং বাঞ্ছনীয়। আমি সেখানে বলেছি যে, আমাদের মতোন দরিদ্র দেশে জনসাধারণের রুগ্ন স্বাস্থ্যের কারণ হাসপাতালের অভাব নয়। তা হ'ল অপুষ্টি, নিম্ন মানের জীবনধারণ প্রণালী, বিশুদ্ধ পানীয় জলের অভাব, শিক্ষাহীনতা ও দারিদ্রতা।

(গোলমাল)

যদি মানুষকে পুষ্টিকর খাদ্য না দেওয়া যায় তাহলে হবে না। এখানে আপনারা যারা ডাক্তার হয়েছেন আপনারা পশ্চিমি চিকিৎসা ব্যবস্থাটা শিখেছেন কিন্তু একটা উন্নয়নশীল দেশে যে পুষ্টিকর খাদ্যের অভাবে যে আমাদের লক্ষ লক্ষ শিশু মারা যাচ্ছে আজকে আপনারা একথাটা একবারও বলছেন না। আপনারা বলছেন না এই পুষ্টিকর খাদ্যের ব্যবস্থাটা কি করে করতে হবে। আমাদের দেশের শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামে বসবাস করে। সেখানে যে মৌলিক ভূমিসংস্কারের কাজটা করা দরকার আমাদের দেশের অগ্রগতির জন্য সে কথাটা আপনারা বলতে চাইছেন না। আপনারা এটা বুঝছেন না। এটা অশিক্ষা—শিক্ষার অভাব। শুধু বড় বড় কথা বললেই হয় না, বুঝতে হয় আমাদের দেশটা কিভাবে চলছে। আমাদের দেশ একটা কৃষি প্রধান দেশ এবং এখানে দেশের মাত্র ২৯ ভাগ জমি শতকরা ঐ ৯০ ভাগ প্রান্তিক চাষীর হাতে আছে মাত্র ১০ ভাগ মানুষের হাতে বাকি ৭১ ভাগ জমি রয়েছে। এই যদি অবস্থা হয় তাহলে এই দেশের অগ্রগতি কি কখনও সম্ভব? এইসব ব্যাপারগুলি বুঝতে হবে। মানুষের জন্য পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা করতে হবে যদি তাদের স্বাস্থ্য ভাল রাখতে চান। আমি জানি না আপনাদের মধ্যে কেউ কেউ ঐ বিলেত, আমেরিকাতে গিয়েছেন কিনা।

সেখানে কি দেখা যায়? সেখানে দেখা যায় সুসজ্জিত হাসপাতালে ডাক্তাররা বসে আছেন, রোগীরা আসছেন, চিকিৎসা হচ্ছে। আপনারা কিন্তু ভেবে দেখছেন না যে আমরা কোন দেশে বসবাস করছি। একটা দরিদ্র দেশ, এখানে আমরা বসবাস করছি এবং সেটাও আবার বিক্রি করে দিচ্ছেন ঐ আমেরিকান সাম্রাজ্যবাদের কাছে। তাদের কাছে আত্মসমর্পণ করেছেন আপনারা। এসব কথা আপনারা ভুলে গিয়ে এখানে বড় বড় কথা বলছেন। আমি তাই আপনাদের বলব, আপনারা ভাবুন, আপনারা দেশটাকে কোথায় নিয়ে গিয়েছেন। এখানে বিরোধীদলের মাননীয় বিধায়করা বলেন, আমরা কেন বারবার কেন্দ্রীয় সরকারের কথা বলি। আরে মশাই, দেশটা তো ভারতবর্ষ, নাকি? আর আমাদের এই পশ্চিমবঙ্গটা তো ভারতবর্ষেরই একটা অঙ্গ রাজ্য। এখানে কেন্দ্রীয় সরকারের কথা না ভেবে, কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতির কথা না ভেবে আমরা কি চলতে পারি? এই তো আমাদের অর্থমন্ত্রী মহাশয় বাজেট পেশ করেছেন, তাতে তো দেখেছেন যে আপনাদের নীতির জন্য আমরা স্বল্প সঞ্চয় খাতের ৪৪৪ কোটি টাকা হারিয়েছি। ২১৫ কোটি টাকা আপনারা দেবেন বলে লিখিত প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু সেই টাকা আপনারা দেননি। কেন দেননি? কে জবাবদিহি করবে, কেন্দ্রীয় সরকারের কে আছে, এখানে কে জবাবদিহি করবে? আপনাদের এম. ও. এইচ. বলেছেন, আপনাদের কেন্দ্রের হেলথের বাজেটের অবস্থা কি? ভারতবর্ষের স্বাস্থ্য সম্পর্কে আপনাদের শুনতে হবে। আপনাদের কেন্দ্রীয় সরকারের যে বাজেট, সেটা আপনারা শুনুন, কেন্দ্রীয় সরকারের বাজেট ১ কোটি ১৯ লক্ষ ৮৭ হাজার টাকা, তার মধ্যে স্বাস্থ্য দপ্তরের জন্য কত ধরা হয়েছে, ১ হাজার ৫৭৫ কোটি টাকা ধরা হয়েছে। শতাংশ হিসাবে কত দাঁড়ায়? শতাংশ হিসাবে দাঁড়ায় ১.৩২ শতাংশ। আর আমাদের এই পশ্চিমবঙ্গে আমাদের বাজেট হল ৭ হাজার ৭১১ কোটি টাকা, তার মধ্যে আমাদের স্বাস্থ্য দপ্তরের জন্য বরাদ্দ হল ৪৫৯ কোটি ৮৫ লক্ষ টাকা, অর্থাৎ ৫.৯৭ শতাংশ। ১.৩২ শতাংশ আর আমাদের ৫.৯৭ শতাংশ। ফ্রন্ট লাইন পত্রিকা ১৫ নং সংখ্যা, ২৭শে মার্চ, ১৯৯২, তাতে হেলথ বাজেট সম্পর্কে বলছে যে পারসেন্টেজ ইন রিয়্যাল টার্ম, সেটা কত, মাইনাস ১০ পারসেন্ট হেলথ বাজেটে। ওষুধের কথা এখানে খুব বলা হল। এখন বললেই তো বলবেন—আগে হাতি কমিটি যা করেছিল, হাতি কমিটি বলেছিল ১১৮টি ওষুধ যদি দেওয়া হয়, তাহলে সমস্যার সমাধান হবে। আমরা ১১২টা করেছিলাম। আমরা হিসাব করে দিয়েছিলাম ২৭টা যে ওষুধ দিয়েছেন সেটা যদি কিনতে হয় তাহলে আমাদের লাগে ৯৮ কোটি টাকা। আমরা সেটাকে কমিয়ে ৪০ টা ওষুধে এনেছি এবং এই ৪০টা ওষুধের জন্য আমি এই কথা বলতে পারি আমাদের কেন্দ্রীয় যে স্টোর আছে, এখন বর্তমানে যা স্টোর আছে সাফিসিয়েন্ট স্টোরে ওষুধ আছে। সেন্ট্রাল মেডিক্যাল স্টোর থেকে ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোরে, সেখান থেকে হেলথ সেন্টারে ওষুধ যায়, তা সত্ত্বেও আপনারা এই সব কথা বলছেন। তার সঙ্গে আমি এই কথাও বলছি যে আমাদের সাব ডিভিসনাল হসপিটাল এবং ডিস্ট্রিক্ট হসপিটালের জন্য ৭ কোটি ৪৪ লক্ষ টাকা আমরা ডিসেন্ট্রালাইজ করে তাদের হাতে দিয়ে দিই। আর আমাদের যে মেডিক্যাল কলেজ এবং অন্যান্য কয়েকটি মিলিয়ে আমরা ১০ কোটি ২০ লক্ষ টাকা তাদের হাতে দিয়ে দিই, তারা ওষুধ কিনতে পারে। কোনও মেডিক্যাল কলেজ তারা বলতে পারে না যে নির্দিষ্ট কোও তালিকা থেকে কিনতে হবে। তারা অপারেশনের জন্য বা যে কোনও কারণে যে ওষুধ দরকার মনে করবেন সে ওষুধই কিনতে পারবেন। আমরা পাবলিক হেলথের জন্য ৪ কোটি ২৬ লক্ষ টাকা বরাদ্দ করেছি যাতে আমাদের

পাবলিক হেলথের কাজ চলতে পারে। যদিও বলা হয়েছিল এ বাবদ সমস্ত টাকাই কেন্দ্রীয় সরকার দেবে, তথাপি এখন পর্যন্ত কোনও টাকাই আমরা তাদের কাছ থেকে পাচ্ছি না। ফলে কাজগুলো আমরা নিজেদের বরাদ্দের মধ্যে থেকেই চালিয়ে যাচ্ছি। আজকে এখানে এ. আর. ডি. এবং এ. ভি. এস. নিয়ে অনেক চিৎকার শুনলাম। গত মার্চ মাসে আমরা ২,৪২,০১০ এম. এল. এ. ভি. এস. ডি. আর. এস. গুলিতে সরবরাহ করেছি। তার জেলা ভিত্তিক হিসাব হচ্ছে, নর্থ ২৪-পরগনায় ১৮,৪৪০ এম. এল. পাঠানো হয়েছে। কলকাতার এন. আর. এস. হাসপাতালে ২২,৪১০ এম. এল. পাঠানো হয়েছে। শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে ১৯,৮৮০ এম. এল. পাঠানো হয়েছে। বর্ধমানে ১১,৯৪০ এম. এল. পাঠানো হয়েছে। মেদিনীপুরে ১৮,০১০ এম. এল. পাঠানো হয়েছে। হাওড়ায় ১৫,২৯০ এম. এল. পাঠানো হয়েছে। তারপর গত এপ্রিল মাসে ডি. আর. এস. গুলিতে টোটাল পাঠানো হয়েছে ১,৬১,২৭০ এম. এল. এবং এটা প্রত্যেকটা জেলায় পাঠানো হয়েছে। এর আগে ১৯৯২ সালের ফেব্রুয়ারি পর্যন্ত পাঠানো হয়েছিল ১০,৮১২ এম. এল। এরপর আমি মেডিক্যাল অফিসারদের কথা বলছি। এটা একটা কাহিনী। এই কাহিনীটা বিরোধী সদস্যরা একটু শুনুন। আমরা ১৯৯০ সালে ফার্স্ট লিস্টে মেডিক্যাল অফিসার হিসাবে ৬৯০ জনকে নিয়োগ করেছিলাম, জয়েন করেছেন ৪২৬ জন। সেকেন্ড লিস্টে ৩৪৮ জনকে নিয়োগ করেছিলাম, জয়েন করেছেন ১৯৩ জন। থার্ড লিস্টে ৩০০ জনকে নিয়োগ করেছিলাম, জয়েন করেছেন ১৬৫ জন। অর্থাৎ ১,৩৩৮ জন ডাক্তারকে নিয়োগ করে বিভিন্ন জায়গায় পোস্টিং দিয়েছিলাম। তাদের মধ্যে ৭৮৫ জন জয়েন করেছেন। ডাক্তারি পরীক্ষায় পাশ করে পি. এস. সি.-র নোটিশ দেখে, বিজ্ঞাপন দেখে দরখাস্ত করে ইন্টারভিউতে এসে সিলেকশন হবার পর ১,৩৩৮ জনকে অ্যাপয়েন্টমেন্ট লেটার দিয়েছিলেন। কিন্তু তাদের মধ্যে জয়েন করেছেন মাত্র ৭৮৫ জন লোক। ৪৫৮ জন লোক, আমি তাদের জিজ্ঞাসা করেছি, বলছে ডাক্তাররা যাদের পয়সায় পড়াশোনা করেছে তাদের শতকরা ৮০ ভাগ গ্রামে বসবাসকারি লোক, গ্রামে ১,২০০ হেলথ সেন্টার, যেখানে মানুষের প্রয়োজন সেখানে ডাক্তাররা যাবে না কেন? তাহলে কেন পড়াশোনা করেছে, কেন আমাদের অর্থব্যয় করেছে যেতে হবে। হ্যাঁ, যেতে হবে। এ ছাড়াও আমরা আরও ৩৯৯ জনের নিয়োগ পত্র পাঠিয়েছি, অর্থাৎ এখন পর্যন্ত টোটাল ১,৯৩৭ জন। এই দেড় বছরে প্রায় ২ হাজার ডাক্তারের নিয়োগ পত্র পাঠানো হয়েছে, তার ফিফটি পারসেন্ট যদি জয়েন না করে, যে কথা আপনারা বলছেন সাবজেক্ট কমিটির মেম্বার হিসাবে আমি স্বীকার করি একটা হেলথ সেন্টারে ডাক্তার নিয়োগ করার পরেও যদি না যায় তাহলে আমি কি করতে পারি? একজন বললেন মালদাতে হর্দনগর না কোন খানে হেলথ সেন্টারে ডাক্তার নেই, অথচ সেই স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা চলছে। আমি এখানে খবর নিয়েছি। আমার কথাটা হল এসব সত্ত্বেও আমাদের এখন ২৬৬ জন ডাক্তারের অভাব আছে। আমি গতকালই আবার পাবলিক সার্ভিস কমিশনকে লিখেছি আরও এক হাজার ডাক্তারের কথা। আমার কথাটা আপনারা একটু বুঝবেন, ডাক্তারদের ওখানে তো দড়ি দিয়ে বেঁধে রাখা যায় না। একটা সম্মানিত ব্যক্তি। আপনারা সমাজে প্রতিষ্ঠিত। যদিও ঐ হেলথ সেন্টারে আপনাদের সমস্ত কথা বলা উচিত নয়, কারণ সব ডাক্তার সমান নয়। অ্যাপয়েন্টমেন্ট লেটার দিয়েছি, চলে গেছে, যাবার পর একটা দরখাস্ত দিয়ে আবার পাশ করে গিয়ে বলছে স্যার, একটা দরখাস্ত রেখে গিয়েছিলাম, সেই দরখাস্তের কি হল? মাননীয় মানসবাবু তো সবই জানেন তবে কেন বলেন? আমরা

এম. ডি. এস. চাইছি না, সাধারণ ডাক্তার চাইছি। যারা গ্রামে গঞ্জে গিয়ে চিকিৎসা করতে পারে সেই ধরনের ডাক্তার চাইছি। আশা করি আপনারা আমাদের সঙ্গে একমত হবেন। এখানে যারা হায়ার এডুকেশনের কথা বলেছিলেন, মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী আছেন, গতকাল তার বক্তব্য তিনি রেখেছেন আমি শুনেছি, বোধহয় ২৯শে মে হিন্দু পত্রিকায় বেরিয়েছে, ঘটনাটা কি, তাদের সেখানে হারে রেট অফ ফিজ ফর এম. বি. বি. এস. ছিল ৬০০ টাকা, সেখানে করেছে ৬,০০০ টাকা। যেখানে আয়ুর্বেদে ১৭৫ টাকা ছিল সেখানে করেছে ৩ হাজার টাকা। মহারাষ্ট্রে, যেখানে আপনাদের লোক সরকার পরিচালনা করে সেখানে সরকার কত আয় করেছে জানেন, মহারাষ্ট্র গভর্নমেন্ট আয় করেছেন ৪ কোটি ৩১ লক্ষ টাকা।

[5-00 — 5-10 P.M.]

এটা কি স্বাস্থ্য রক্ষা করবার কথা, চিকিৎসা-ব্যবস্থার উন্নতি করবার কথা? আর একটি দিক হচ্ছে ডেন্টাল। এক্ষেত্রে আকে তাদের রেট ছিল মাত্র ৭০০ টাকা। সেখানে করা হয়েছে ৪,০০০ টাকা। আমাদের এখানে কত? আমাদের এখানে রেট হল এম. বি. বি. এস. ১০০ টাকা, বি. ডি. এস. ১০০ টাকা, আয়ুর্বেদ ৬০ টাকা। সুতরাং আপনারা একটু ভাবুন যে, অবস্থাটা কি রকম চলছে।

আর একটি কথা বলছি, এখানে ডাঙ্কেল প্রস্তাবের কথা একজন বলছিলেন। আমি শুধু মিঃ জাস্টিস কৃষ্ণ আয়ারের একটি লেখা সেভেন্থ জানুয়ারির ইণ্ডিয়া বুলেটিন থেকে পড়ে দিচ্ছি। তাতে তিনি লিখেছেন—India does not allow patients of life sustaining items or products Bio-technology medicine and pharmacuticals. Products are not given patients in India but only processes which enables Indian inventiveness to thrive. আমাদের যারা ম্যানুফ্যাকচারার তারা ফাইট করতে পারেন, ব্যবসা করতে পারেন, ম্যানুফ্যাকচার করতে পারেন, কিন্তু ইউ. এস. এ. কি করতে পারে? U. S. A. wants to take patents in India and get long term protection for the products. He warned that the U.S.A. move had challenged the India's legislative sovereignty and attempted to put the Government under the dictate of the white House. This is where we stand. এগুলো আপনারা সমর্থন করে যাচ্ছেন? আর এখানে চিৎকার করছেন—এটা নেই কেন, ওটা নেই কেন, ওষুধ নেই কেন বলে। সেজন্য আমার কথা হল, স্বাস্থ্য এমন একটা বিষয় যে বিষয়ে আমাদের সবাইকে ঐক্যমত হয়ে চেষ্টা করতে হবে। আমরা কি করে পুষ্টিকর খাদ্য, বস্ত্র, পরিস্রুত পানীয় জল, বাসস্থান পেতে পারি, পয়ঃপ্রণালী নির্মাণ করে কি করে পরিবেশ দূষণের হাত থেকে মুক্ত হতে পারি, যাতে স্বাস্থ্য ভাল থাকে—এদিকে লক্ষ্য রাখতে হবে। কিন্তু এই করে আমরা দেশের ৮৬ কোটি মানুষের চিকিৎসা-ব্যবস্থা করতে পারব না, কেন্দ্রীয় সরকার আমেরিকার কাছে দাসখৎ লিখে দিলেও আপনারা সেটা পারবেন না। এই কথা বলে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে শেষ করছি।

Demand No. 32

Mr. Speaker : There are 8 cut motions to this Demand. All the cut motions are in order and taken as moved. I put all the cut motions to vote except 7 and 8 on which I understand Division will be demanded.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motions (cut motion No. 7 and 8) that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following results :

NOES

Abul Bassar, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Adak, Shri Nitai Charan

Adhikari, Shri Nityananda

Bagdi, Shri Bijoy

Bal, Shri Saktiprasad

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath

Barman, Shri Jogesh Chandra

Bera, Shrimati Chhaya

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chakraborty, Shri Satyasadhan

Chatterjee, Shri Anjan

Chattopadhyay, Shrimati Sandhya
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Bansa Gopal
Chowdhhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Choudhury, Shri Biswanath
Chowdhury, Shri Subhendu
Chowdhury, Shri Subodh
Dal, Shrimati Nandarani
Das, Shri Ananda Gopal
Das, Shri Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nirmal
Das, Shri S. R.
Das, Shri Trilochan
Das Gupta, Shrimati Arati
Dey, Shri Lakshmi Kanta
Dutta, Dr. Gori Pada
Ganguly, Shri Santi Ranjan
Ghatak, Shri Santi Ranjan
Goala, Shri Rajdeo
Ghosh, Shri Biren
Ghosh, Shrimati Minati
Ghosh, Shri Sunil Kumar
Goswami, Shri Subhas
Hazra, Shri Haran
Hazra, Shri Sachindra Nath
Hazra, Shri Sundar
Halder, Shri Krishna Chandra

Halder, Shri Krishnadhan

Hembram, Shrimati Arati

Janhangir Karim, Shri Sk.

Jamadar, Shri Badal

Kisku, Shri Lakshi Ram

Kisku, Shri Upen

Konar, Shrimati Maharani

Kujur,, Shri Sushil

Mahata, Shri Kamala Kanta

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Majhi, Shri Raicharan

Malik, Shri Sreedhar

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Bhadreswar

Mandal, Shri Bhakti Bhusan

Mondal, Shri Dhiren

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Raj Kumar

Manna, Shri Janmenjoy

Md. Ansaruddin, Shri

Md. Yakub, Shri

Mini, Shri Praksah

Mistra, Shri Biswanath

Mitra, Shrimati Jayasree

Maitra, Shri Birendra Kumar

Mostafa, Bin Quasem, Shri

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Narayan

Mukherjee. Shri Nirmal

Munda. Shri Chaitan

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Subhas

Nath, Shri Madanmohan

Nath, Shri Monoranjan

Nazmul Haque, Shri

Oraon, Shri Jagannath

Paik, Shri Sunirmal

Pakhira. Shri Ratan Chandra

Patra. Shri Ranjit

Pradhan. Shri Prasanta

Pramanik, Shri Abinash

Putatunda. Shrimati Anuradha

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Matish

Roy, Shri Mrinal Kanti

Roychowdhury, Shri Goutam

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sarkar. Shri Sisir

Sahis, Shrimati Bilasibala

Sengupta (Bose), Shrimati Kamal

Sen Gupta, Shri Prabir

Seth, Shri Lakshman Chandra

Shaw, Shri Pravin Kumar

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sur, Shri Prasanta Kumar

Toppo, Shri Salib

AYES

Abdus Salam Munshi, Shri

Banerjee, Shri Prabir

Bandyopadhayay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Chattopadhyay, Shri Shobhan Deb

Das, Shri Sanjib Kumar

De, Shri Ajoy

Gyan Singh Sohanpal, Shri

Lahiri, Shri Jatu

Mudi, Shri Anil

Mukherjee, Shri Sibdas

Abst :

Purkait, Shri Probodh.

The Ayes being 11 and the Noes 114. The motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,45,10,06,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads : "2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)".

(This is inclusive of a total sum of Rs. 85,79,00,000 already voted on account in March 1992.), was then put and agreed to.

DEMAND No. 33

The motion that the amount of Demand be reduced by Rs.

100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 62,17,29,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads : "2210—Medical and Public Health (Public Health)".

(This is inclusive of a total sum of Rs. 15,55,00,000 already voted on account in March 1992.), was then put and agreed to.

DEMAND No. 34

The motion that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 59,59,69,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2211—Family Welfare".

(This is inclusive of a total sum of Rs. 14,90,00,000 already voted on account in March 1992.), was then put and agreed to.

The West Bengal Correctional Services Bill, 1992

Shri Biswanath Chaudhury : Sir, I beg to introduce the West Bengal Correctional Services Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

Shri Biswanath Chaudhury : Sir, I beg to move that the West Bengal Correctional Services Bill, 1992, be taken into consideration.

[5-10 — 5-20 P.M.]

স্যার, আমি যে বিল মাননীয় সদস্যদের সামনে উপস্থিত করেছি এই বিলের কথা বলতে গেলে প্রথমেই যার কথা বলতে হয় তিনি আজ আমাদের সাথে নেই, যার অক্লান্ত পরিশ্রমের মধ্যে দিয়ে এই কাজ করা সম্ভব হয়েছে তিনি হলেন তারাপদ লাহিড়ি, যার নেতৃত্বে কমিটি তৈরি হয়েছিল। পরবর্তীকালে তার মৃত্যুর পর অনিল দাস চৌধুরির নেতৃত্বে এই কমিটি কাজ করেন। তারপর তদানিস্তন যিনি মন্ত্রী ছিলেন দেবব্রত বন্দ্যোপাধ্যায়, তিনি এই সম্পর্কে চিন্তা ভাবনা করেন। স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, ১৮৯৪ সালে কারা বিধি সংস্কার করে পশ্চিমবঙ্গ কারা সংশোধনী সেবা বিল আমরা নিয়ে আসছি। এই বিলের মধ্যে দিয়ে সমস্ত জায়গা থেকে কারা শব্দটা উঠে যাবে এবং এটা মূলত সংশোধন আকারে হবে। এই বিভাগের অফিসে যারা অফিসার আছেন, বিভাগের বিভিন্ন কর্মকর্তা আছেন স্বাভাবিকভাবে তাদের ডেজিগনেশন থেকে সেটা উঠবে। এই বিলের মধ্যে দিয়ে যেখানে কয়েদিরা থাকবেন তার মধ্যে তাদের যে সুযোগ সুবিধা সেই সুযোগ-সুবিধাকে বেশি করে তরান্বিত করার চেষ্টা করা হয়েছে। মূলত বিলের মধ্যে সব চেয়ে বেশি গুরুত্ব যে

গুলিতে দেওয়া হয়েছে তা হল যে আগে জেল কোডে রাজনৈতিক বন্দিদের কোনও স্বীকৃতি ছিল না। কাজেই রাজনৈতিক বন্দিদের স্বীকৃতি এবং বন্দি পঞ্চায়েত তৈরি করবেন। মুক্তির সময় তাদের অর্থ সাহায্য, মুক্তির পর কারাগারে বন্দিদের ব্যাঙ্ক ঋণ, লেখাপড়া করবার জন্য সুযোগ-সুবিধা এবং বন্দিদের ফ্যান দেওয়া আছে, ফ্যান এবং ছোবড়ার গদি এইগুলি দেওয়া হবে। এ ছাড়াও স্যার, জেলাতে কমিটি তৈরি হবে এবং রাজ্যে একটা কমিটি তৈরি হবে এবং সেই কমিটির মধ্যে দিয়ে কাজ চলবে। এ ছাড়াও যারা এখানে থাকবেন তাদের পুনর্বাসনের জন্য কি ধরনের ব্যবস্থা করা যায় তার জন্য একটা কমিটি তৈরি করা হবে। কাজেই আমি মনে করি যে আজকে যে ধরনের সুযোগ সুবিধাগুলি এই বিলের মধ্যে দেওয়া আছে নিশ্চয়ই ভাল। নিশ্চয়ই মাননীয় সদস্য যারা আছেন তারা জেল সম্পর্কে জানেন, বৃটিশ আমলে যে জেল ব্যবস্থা ছিল সেই জেল ব্যবস্থা মূলত একটা অত্যাচারের জায়গা হিসাবে ছিল, সেই দিন মানুষকে মানুষ বলে মনে করা হত না। আমরা যেটা সব চাইতে বেশি বিলের মধ্যে দৃষ্টিভঙ্গি রেখেছি সেটা হচ্ছে কারা অভ্যন্তরে যারা যাবেন—বিভিন্ন অপরাধে তারা জেলের মধ্যে যান—কাজেই জেলের মধ্যে যাবার পরে তারা যাতে প্রকৃত মানুষ হিসাবে ফিরে যেতে পারেন, এবং তারা যাতে মূল স্রোতের সাথে বসবাস করতে পারেন, সমাজে তারা যাতে প্রতিষ্ঠিত হতে পারেন সেইগুলিই বিলের মধ্যে মূলত আনবার চেষ্টা করা হয়েছে। এই বলেই আপাতত আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অনেকদিন পরে খুব চিন্তা-ভাবনা করে একটা ভাল বিল এনেছেন। আমি এটা আনন্দের সঙ্গে সমর্থন করছি এবং পূর্ণ সমর্থন করছি। তার একটা কারণ, এতে একটা দৃষ্টিভঙ্গির পরিবর্তন আনা হয়েছে নিঃসন্দেহে। আমরা আজকে বিধানসভার মধ্যে প্রমাণ করতে পেরেছি যে বিরোধী দল সব সময় বিরোধিতা করে না। ভাল বিল আনলে আমরা তাকে সমর্থন করি। সরকার পক্ষ থেকে সব সময়ে বলা হয় আমরা নাকি বিরোধিতা করি। আজকে আমি আপনাদের কাছে এই বিধানসভায় দাঁড়িয়ে অত্যন্ত পরিষ্কারভাবে প্রমাণ করছি যে, বিশ্বনাথবাবুর দপ্তর অনেক চিন্তা করেছেন যে আগেকার দিনে জেলকে একটা 'জেল' তৈরি করা হয়েছিল—জেলে যে রিফর্মস হতে পারে, কারেকশন হতে পারে। যথা সময়ে এটা করা না হলেও, দেরি হয়ে গেছে, কারণ দীর্ঘ ১৬ বৎসর বামফ্রন্ট আছে, তারপরে অনেকদিন পরে এটা এসেছে। কিন্তু দেরিতে হলেও এটা ভাল। আমি এর প্রত্যেকটি লাইন, প্রত্যেকটি অনুচ্ছেদ পড়েছি। দু'একটি জায়গায় অ্যানোম্যালি ছিল। আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করছিলাম। উনি একমত হয়েছেন। কিছু কিছু জায়গায় অসুবিধা থেকে গেছে, সেটা পরিবর্তন করতে হবে। যেমন, 'ই'-তে বলা আছে ফিমেলদের ক্ষেত্রে 'Provision has to be made for the supply of coir mattress, cotton bed-sheets, cotton pillow covers to all prisoners and also for the supply of bath soaps, hair oil, comb, looking glass, etc. to the female prisoners. এটা মেলদের ক্ষেত্রে নেই—সাবান ইত্যাদি। এগুলো সম্বন্ধে উনি বলেছেন ভাবছেন। এরজন্য একটা পরিবর্তন করার দরকার হবে। এটা আশা করি, করে নেবেন। আমরা চাই এটা সর্বাঙ্গসুন্দর হোক। আমাদের মান্নান একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন। সেটা খুব ভাল। আমি এখানে দেখলাম যে একটা ডেথ্-সেকশন ৪২, সাব-সেকশন-২তে এটা

আছে—মৃত্যুর পরে একটা এনকোয়ারি রিপোর্ট করার জন্য। মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা হচ্ছিল। উনি বলছিলেন, কতকগুলো জায়গায় বটলনেক আছে, আমি দেখছিলাম কিছু কিছু জায়গায় আছে। সেটা এই ক্ষেত্রে করা সম্ভব নয়। তবে আমি মূলত কয়েকটা জায়গায়, সেকশন ৩৪, এর মধ্যে আছে—এভরি প্রিজনার every prisoner shall be supplied clothings এটা যা বলেছেন তা ঠিকই। তারপরে যেটা বলেছেন 'ডিসইনফেক্ট' করে ব্যবহার করতে দেওয়া হবে না। কারণ আগে এগুলো দেখা হোত না। কোনও টি. বি. রোগী ছিল, সেটাই দিয়ে দেওয়া হত। সেজন্য প্রপারলি ডিসইনফেক্ট করে যাতে পায় সেটা দেখা দরকার। একটা জায়গায় সন্দেহ থেকে যাচ্ছে। উনি একটু পরে, এটাতে লক্ষ্য রাখবেন, আপনার উদ্দেশ্য অনেক ভাল—সুবিধা যেটা অসুবিধা হয়ে যায়—ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটিজ'এর জন্য কো-অর্ডিনেশন এবং আর একটা হচ্ছে অ্যাডমিনিস্ট্রেশন ক্যাপাবিলিটি—এগুলো থেকে যায়। যেমন, আপনারা হয়ত চাইছেন ভাল করার, কারেকশন্যাল হোম হোক, খুব ভালো। সত্যিই, এতদিন স্বাধীনতার পর জেলকে আর 'জেল' বলে না রাখা ভাল। কিন্তু যারা করবে, আপনি একজন দক্ষ মন্ত্রী হিসাবে আপনার অভিজ্ঞতা আছে যে, জেলে প্রিজনারদের যে ফেসিলিটিজ দেওয়া হয় তা তারা পায় না। কারণ সেখানে একটা ঘুঘুর বাসা আছে। এগুলো সম্বন্ধে ভাবতে হবে। তারপর আপনি বেটার অ্যামিনিটিজ দেবেন, সরকারের প্রচুর খরচ হবে, এই অবস্থায় সাব-স্ট্যান্ডার্ড ক্লোদিংস্ দেওয়া হবে। এরজন্য একটু স্পেসিফিকেশন দরকার আছে সেগুলো চেক করার জন্য একটা ভিজিলেন্স রাখতে হবে। আমি ভিজিলেন্স রাখার জন্য বিশেষভাবে বলব। কেননা, জেলেতে যারা কাজ করেন তারা কিভাবে কাজ করছেন তা দেখার দরকার আছে। আমি একবার জেলে ভিজিটর হিসাবে গিয়েছিলাম। আমি দমদম জেলে একবার গিয়েছিলাম। এবং ওই জেল থেকে কি ধারণা হয়েছিল তা আমি বলেছিলাম এবং সেটা স্টেটসম্যান কাগজে বেরিয়েছিল দি দমদম ১৯৭৪ সালে স্টেটস্‌ম্যান কাগজে বেরিয়েছিল। সেখানে বন্দিদের যে খাবার দেওয়া হয় তা জেলারবাবুরাই খেয়ে নেয়, কো-প্রিজনাররাও মারধোর করে খেয়ে নেয় এবং সেখানে চেক অ্যান্ড ব্যালেন্সের দরকার। সেখানে ভিজিলেন্স থাকার দরকার আছে। জেলের কাছ থেকে বন্দিরা যে সব জিনিস পায় তারা যাতে সেগুলো ঠিকমতো পায় সেইদিকে দৃষ্টি দিতে হবে। আরেকটি বিষয় হচ্ছে জেলে যাতে ভাল খাবার দেওয়া হয় এবং ভাল সাজ-সরঞ্জাম দেওয়া হয় সেইদিকে দেখতে হবে। এতে শুধু রিফমর্স বা কারেকশনই হচ্ছে না, আমাদের যে সেন্স অফ ন্যাশনালিজিমের যতটুকু বোধ আছে তাতে আমরা বুঝেছি যে এতে ভালভাবে বোঝার সুযোগ আছে, যেমন আপনি পঞ্চায়েত ব্যবস্থা করেছেন, পঞ্চায়েতের মধ্যে দিয়ে দেওয়ার যে ব্যবস্থা তা যদি হয় তাহলে নিজেদের মধ্যেও একটা কো-অর্ডিনেশন তৈরি হবে। আই ওয়েলকাম দিজ। তবে এরমধ্যে সমস্যা কিছু আছে, কিছু কিছু ভুল আছে, আমার সংশয় সেগুলো যেন রিপিট না হয়। তবে অ্যাডমিনিস্ট্রেশন, কোঅর্ডিনেশন এইগুলো যদি ঠিক না থাকে তাহলে যে মহৎ উদ্দেশ্য নিয়ে এটা করছেন সেটা ঠিক সফল হবে না। সুতরাং সেইদিক থেকে যাতে পিছপা না হতে হয় সেই দিকে দৃষ্টি রাখবেন। প্রশাসক মন্ত্রী বিশ্বনাথবাবুকে ধন্যবাদ জানাই যে তিনি অন্তত এই ব্যাপারে আমার সঙ্গে অনেক বিষয়ে আলোচনা করেছেন এবং আমি তাকে এই বিলের যে কিছু ত্রুটি আছে সেগুলো যাতে সংশোধন করা যায় তারজন্য বলেছি এবং তিনি সেটা

মেনেও নিয়েছেন। এই কারণে আমি তাকে ধন্যবাদ জানাই, এখানে প্রশান্তবাবু থাকলে খুশি হতাম, তিনি তো কোমর বেঁধে সর্বদা ঝগড়া করেন, ওসব করে কোনও লাভ নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আবার ধন্যবাদ জানাই যে তিনি খুব ভাল বিল এনেছেন, যুগোপযোগী বিল এনেছেন। তবে এর সাথে আমি একটা লাইন যোগ করতে চাইছি ক্লজ ৫০-তে সাব সেকশন (৩) বলা আছে দি ইন লাইন I, after the words "Hindi or English" the words "or mother tongue of concerned prisoner should be inserted. সেই বিষয়ে আপনি একটু ভাববেন, এটা গ্রহণ করতে পারেন কিনা দেখবেন, এটা যদি গ্রহণ করেন তাহলে সব দিক থেকেই উপকার হবে। জেলে যারা থাকবে তারা যেন মনে না করে আমরা জেলে আছি, একটা হোমলি অ্যাটমসফেয়ার যেন এই জেলের মধ্যে থাকে এবং বাড়ির থেকেও যেন বেটার অ্যাটমসফেয়ার তারা পায়, এইকথা বলে এই বিলকে সমর্থন করছি।

শ্রী শুভেন্দু চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, হোমও জেল দপ্তরের ভারপ্রাপ্তমন্ত্রী যে বিল এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমি সবচেয়ে আগে ধন্যবাদ জানাই মাননীয় সত্য বাপুলি মহাশয়কে, এই কারণে যে তারা এই বিলে সহমত পোষণ করেছেন। এবং সমর্থন করেছেন। তারা যে আজকে এটা বুঝতে পেরেছেন যে আমাদের ভুল হয়ে গেছে হ্যাঁ, আরও আগে এটা করা উচিত ছিল, এই জন্য তাকে ধন্যবাদ জানাই। আসলে সত্য বাপুলি মহাশয়দের এখন ভাবার সময় এসেছে যে, আমাদেরও তো জেলে যাবার সময় হয়ে এসেছে, সেইজন্য এই বিলের সংশোধনীতে সমর্থন জানিয়েছেন। অতীতে যে ভয়াবহ দিনগুলো কেটেছে তা আমরা সবাই জানি। ১৮৯৪ সালে বৃটিশ সরকার অর্থাৎ বৃটিশ শাসক দল যে কারা আইন করেছিলেন সেই কারা আইনের বলি ভারতবর্ষের আনাচে-কানাচে বহু মানুষ হয়েছে। স্বাভাবিকভাবেই আমরা কিছু দিন আগে আমাদের একটা কমিটি ওই সেলুলার জেল দেখার সৌভাগ্য হয়েছিল।

আমরা সেখানে দেখেছি সেলুলার জেলের ভয়াবহতা, সেখানকার নৃশংসতা। সেখানে দেখেছি বীর সাভারকারকে আট বাই তেরো একটা ঘরে পঞ্চাশ বছর ধরে বন্দি অবস্থায় জীবন কাটাতে। সেই ঘরের ভেতর তাকে সূর্য উঠা থেকে সূর্যাস্ত পর্যন্ত কাটাতে হত। তার পাশের সেলেই থাকত তার ভাই, কিন্তু তা সে কোনওদিন জানতেও পারেনি। আমাদের কারামন্ত্রী যে কারা সংশোধনী বিল এখানে নিয়ে এসেছেন সেই বিলটাকে এখানে সংশোধনী আবার বলা যেতে পারে। সেই জেলখানার ভয়াবহতা ভুলে গিয়ে নতুনভাবে তারা থাকবে, নতুনভাবে তারা প্রতিষ্ঠিত হতে পারবে এবং এখানে তিনি যে জিনিসগুলোর কথা বলেছেন তা অভিনন্দনযোগ্য। তাই এই বিলটাকে আমি বলতে চাই র‍্যাডিকাল চেঞ্জ। এই আইনটা একটা বৈপ্লবিক পরিবর্তন। এতবড় বৈপ্লবিক পরিবর্তন ভারতবর্ষে কোনও রাজ্য এর আইনের মধ্যে দিয়ে নিয়ে আসেনি, যেটা আমাদের এখানে করা হল। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বলেছেন পলিটিকাল ডেটিনিউদের এই প্রথম রাজবন্দি হিসাবে স্বীকৃতি দেওয়া হচ্ছে। তারা আগে জেলখানায় এই স্বীকৃতি পেতেন না। তাদের জীবনযাপন যাতে জেলখানার ভেতর ঠিকভাবে চলতে পারে সেই কথাই এই বিলের মধ্যে বলা হয়েছে। ইচ্ছা করলে তারা সেখানে শিক্ষার সমস্ত রকম সুযোগ পেতে পারে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা গ্রহণ করতে পারে,

ডক্টরেট করতে পারে, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সমস্ত রকম শিক্ষা সেখানে গ্রহণ করতে পারে, তার সমস্ত রকম ব্যবস্থা এখানে রাখা হয়েছে। তাছাড়া বিরাট একটা পরিবর্তন আনা হয়েছে, তারা পঞ্চায়েত ব্যবস্থার সুযোগও পাবেন। পঞ্চায়েত ব্যবস্থায় পুরুষ ও মহিলাদের জন্য ব্যবস্থা করা হয়েছে। এর ফলে তাদের যে সুযোগ-সুবিধাগুলি আছে সেই এমিনিটিসগুলো তারা পাচ্ছেন কি না সেগুলি দেখা হবে। যারা রাজনৈতিক বন্দি তাদের বিভিন্নভাবে সাহায্য করার কথা এর মধ্যে আছে। যারা জেলখানায় বন্দি আছেন, কিন্তু লাইফ ইন্সিওরেন্স প্রিমিয়াম দিতে পারছে না তারা যাতে তা দিতে পারে সেই ব্যবস্থাই করা হয়েছে, রাজনৈতিক বন্দির পরিবারে ছেলেমেয়েরা যাতে পড়াশোনা করতে পারে তার ব্যবস্থা করার কথা এখানে বলা হয়েছে। রাজনৈতিক বন্দি জেলখানার কারাগারের ভেতরে থাকায় তাদের পরিবারের লোকেরা যাতে সমস্ত রকম সুযোগ-সুবিধা পায় তার জন্য ব্যবস্থা করা হয়েছে ও তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে, যাতে তারা জেলখানার বাইরে গিয়েও প্রতিষ্ঠিত হতে পারে।

কারাগারের ভিতরে যে সুযোগ সুবিধা দেবার কথা বলা হয়েছে কয়েদিদের জন্য, সেখানকার বন্দিদের জন্য, ম্যাট্রেস তারপর বিছানার চাদর, পিলো এবং মহিলা বন্দিদের চান করবার জন্য সোপ, তেল, চিরুণী এবং আয়না এইসব দেওয়ার কথা বলা হয়েছে এবং ব্যবস্থাও করা হয়েছে। সমস্ত দিক থেকে একটা মানবিক প্রতিফলন ঘটেছে। এই সমস্ত কারণে এই বিলটি অভিনন্দনযোগ্য। এ ছাড়া আরও আছে, ওই কারাগারের ভেতর যারা আগে থাকতেন তারা আগে খুবই বিভৎস অবস্থার মধ্যে থাকতেন কিন্তু এখন সেই বিভৎসতায় না থাকবার জন্য নানা রকমের সু-বন্দোবস্ত করা হয়েছে। স্যানিটারি সিস্টেম, ল্যাট্রিন সিস্টেম ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে এবং এই বিলের মধ্যেও সেই কথা উল্লিখিত আছে। কয়েদিরা যাতে আরও ভালভাবে থাকতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। হাসপাতাল থেকে যারা আসবেন তাদেরকে বিভিন্ন জায়গাতে দেবার কথা এই বিলের মধ্যে বলা আছে। এমন কি যারা মানসিক ভারসাম্য হারিয়ে জেলের ভেতরে আছেন তাদের মানসিক চিকিৎসার কথা এর ভেতর আছে। যাদের চোখের জন্য কষ্ট হবে তাদের চশমার ব্যবস্থা করা হবে। ফলস টিথেরও বন্দোবস্ত করা হয়েছে। এম. এল. এ. এম. পি.-দের জেল খানার মধ্যে ঘুরে দেখে যাবার সুযোগ আছে। পশ্চিমবঙ্গের এম. এল. এ., এম. পিরা. ওই কারাগার পরিদর্শন করতে পারবেন। এবং কেউ যদি সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হন তাহলে সরকারের নজরে আনতে পারবেন। সমস্ত দিক থেকে এই বিল অভিনন্দনযোগ্য। এবং এর জন্য আমি কারামন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উপস্থাপিত করেছেন এটাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। যদিও অনেক দেরি হয়ে গেছে। কারণ আমরা জানি বিশেষ করে যারা বামপন্থী আনন্দোলনের সঙ্গে যুক্ত বিগত কংগ্রেস শাসনে দেশ স্বাধীনতা লাভের পর থেকে, কারাগারের যারা দন্ডপ্রাপ্ত আসামী, এমন কি রাজনৈতিক আন্দোলনের সঙ্গে যুক্ত কর্মী তাদেরকেও নানা রকম কষ্ট সহ্য করতে হয়েছে জেলের ভেতর। নানা রকম নির্যাতন সহ্য করতে হয়েছে। তখন অবর্ণনীয় কষ্ট ছিল। বামফ্রন্ট সরকার এই রকম একটা বিল আনতে সক্ষম হয়েছেন জেনে আনন্দিত হচ্ছি এবং অভিনন্দন জানাচ্ছি। এই বিলের মধ্যে বিচারধীন বন্দিদের নানা সুযোগ সুবিধা দেওয়ার কথা বলা হয়েছে

এবং ব্যবস্থাও নেওয়া হয়েছে। কারাগারের ভেতর যারা বন্দি থাকেন অর্থাৎ চার দেওয়ালের ভেতর যারা থাকেন তাদের জীবন অতিষ্ট হয়ে উঠে। তারা হাঁপিয়ে উঠেন। তারা নানা দিক থেকে বিচ্ছিন্ন হয়ে থাকেন। জেলের ভেতর নানা রকমের কয়েদিরা থাকেন। বা এই সমস্ত ব্যক্তিরা নানা রকমের অপরাধমূলক কার্যকলাপ করে থাকেন। আগে যারা এই ধরনের ছিলেন তাদের উপর অকথ্য অত্যাচার করা হত। আশা করছি এখন তারা সুবিচার পাবেন। তাই এইটা সব থেকে গুরুত্বপূর্ণ। অন্যান্য সমাজতান্ত্রিক দেশে দেখা গিয়েছে, কারাগারে অপরাধমূলক কার্যকলাপ করে বন্দি থেকে সেখানে এমন একটা পরিবেশ এমন একটা অবস্থা গড়ে তোলা যায় এই বন্দী থেকে সামাজিক স্বাভাবিক জীবন যাপনে যেতে পারে। আমাদের স্বাধীনতার এত দীর্ঘদিন পরে তিনি যে চেষ্টা করেছেন এবং এইটা কার্যকর করার ক্ষেত্রে বিলটা ভালই। এর মধ্যে মন্ত্রী যুক্ত করেছেন এখানে যারা বন্দি তাদের সুযোগ-সুবিধা দেবেন। আমরা অনেক সময় জেলের মধ্যে দেখেছি সেখানে অপরাধী হয়ে যারা যায়, অভিযুক্ত এমনকি যারা রাজনৈতিক বন্দি তাদের সকলকেই একত্রে রাখা হত। সেখানে পানীয় জলের অভাব, তাদের বিছানাপত্র নোংরা, রোগ জীবাণু ভর্তি, মশা, এক কথায় তাদের কন্ডিশন জঘন্য। সেখানে যারা অপরাধি হয়ে যায় তারা আর সুস্থ জীবনে ফিরে আসতে পারে না। তারা অনেক সময় সাধারণ বন্দিদের উপর নানা রকম অত্যাচার করে এবং ওয়ার্ডে কাজ করে এবং জেলারদের ফাই-ফরমাস খাটে। এর আগে কংগ্রেস শাসনে বন্দিদের উপর নির্বিচারে গুলি চালিয়ে হত্যা করতে দেখেছি এবং অবর্ণনীয় এবং অসহনীয় অবস্থার মধ্যে থাকতে হত। এমনকি মহিলা বন্দি এবং শিশুদের উপর যেভাবে ব্যবহার করত তা অমানবিক। অপরাধীর শাস্তিপ্রাপ্ত বন্দিরা জেলারের নিজস্ব বাগানবাড়িতে খাটত এবং ফাই-ফরমাস খাটত। এই রকম কদর্য পরিবেশ থেকে বার করে এনে তাদের সুস্থ জীবনে প্রতিষ্ঠিত করার ব্যবস্থা ছিল না। তাদের অপরাধ প্রবণতা ধীরে ধীরে কমার পরিবর্তে সমাজ জীবনে স্বাভাবিকভাবে ফিরতে পারত না। কিন্তু সেই ব্যবস্থা পরিবর্তনের বন্দোবস্ত এই বিলের মধ্যে করেছেন। কিন্তু এই বিলের ধারা এবং উপধারা কার্যকর করার প্রয়োজন আছে। সেক্ষেত্রে মন্ত্রী মহাশয় নিজে অভিজ্ঞ, বামপন্থী আন্দোলনে যুক্ত ছিলেন এবং কারাজীবন কাটিয়েছেন। এখনও বামপন্থী হিসাবে তিনি পরিচিত। তার অভিজ্ঞতা দিয়ে বিলের ধারা-উপধারা যাতে বাস্তবায়িত হয় সেইদিকে লক্ষ্য রাখবেন আসা করি। এই কথাই আসল কথা, কারাবাসের ক্ষেত্রে এই যে সংশোধনী এইটা পশ্চিমবঙ্গের সর্বত্র করা চাই। আমাদের অভিজ্ঞতা এইসব নিয়ে দীর্ঘদিন এই বিধানসভার উত্তাল হয়েছে। সেক্ষেত্রে আগামী দিনে এই ঘটনার পুনরাবৃত্তি হবে না আশা করি এবং এই বিলকে আগামী দিনে যথাযথভাবে মর্যাদা দিয়ে কার্যকর যাতে করা হয় সেদিকে দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি। তার বিলকে পূর্ণ সমর্থন করি এবং এমন একটা বিল এখানে এনেছেন তারজন্য অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 P.M.]

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কারামন্ত্রী আজ এই সভায় যে বিল এনেছেন সেটা একটা বৈপ্লবিক বিল। এই বিল আনার জন্য আমি তাকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাচ্ছি। তার মতোন সৌভাগ্যবান মন্ত্রী খুব কমই আছেন কারণ

বিরোধীরাও তার বিল সমর্থন করেছেন। তিনি যে বিল এনেছেন সেই বিলের জন্য চিরকাল তার নাম পশ্চিমবঙ্গের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। যারা দেরির কথা বলছেন তাদের বলি, কংগ্রেস আমলে কিন্তু এই ধরনের বিল আনা হয়নি। একটা খুব ভাল কাজ মন্ত্রী মহাশয় এই বিলে করেছেন যে কনভিকটেড prisoners shall be segregated from the under-trial prisoners. এই কাজটা সবচেয়ে ভাল। এটাতে অত্যন্ত বিচক্ষণতার তিনি পরিচয় দিয়েছেন। আমাদের যে অভিজ্ঞতা আছে তাতে আমরা জানি যে, যে সমস্ত নিরীহ ছেলে জেলে যাচ্ছে সেখানে জেলের ভেতর কনভিকটেড লোক যারা বহুদিন ধরে আছে তারা তাদের নানান ভাবে ইনফ্লুয়েন্স করে এবং তাদের পার্মানেন্ট অপরাধী করে পাঠায়। এমন অবস্থা তারা করে যে তাদের চোর, ডাকাত বানিয়ে দেয়। এখানে সেগ্রিগেট করার যে ব্যবস্থা করেছেন এরজন্য আপনাকে সত্যিই আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আর সিভিল prisoners, eriminal prisoners under-trial prisoners. convicted prisoners, habitual offenders এই ব্যাপারগুলি বিশেষভাবে আপনাকে আমি অনুরোধ করব দেখতে। মালদহ জেল সম্পর্কে আমার যা অভিজ্ঞতা তাতে বলতে পারি যে ঐ যে যারা হ্যাবিচুয়াল অফেনডারস তারা ভাল লোকদের কাছ থেকে মেরে জোর করে টাকা নেয়। আমি এ ব্যাপারে সুপারিনটেনডেন্টকে বলেছি। আপনি আমাকে সেখানে ভিজিটার করেছেন, আমি সেখানে গিয়ে এই সমস্ত ব্যাপার দেখেছি। সেখানে হ্যাবিচুয়াল অফেন্ডার দিনের পর দিন জুলুম করে, মারপিঠ করে। পুনরায় আমি তাই বলছি, এই যে সেগ্রিগেট করার ব্যবস্থা করেছেন এরজন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। তারপর আর একটা কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, আপনি ম্যাট্রেস, বেডশিট, পিলো কভার ইত্যাদির কথা বলেছেন কিন্তু এখানে মশারির কথা বলেননি। আমরা আমাদের অভিজ্ঞতায় দেখেছি যে জেলে মশার জন্য ঘুমানো যায় না। পাখা দিয়ে সেখানে মশা তাড়ানো যাবে না। এ ব্যাপারটা একটু ভাববেন এই অনুরোধ করছি। পরিশেষে জোড় হাত করে বলছি, হ্যাবিচুয়াল অফেন্ডারদের থেকে সাধারণ ছোট ছোট ছেলেরা যাতে আলাদা থাকতে পারে তার ব্যবস্থা করবেন এই অনুরোধ করছি। এই কথা বলে পুনরায় এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় এই হাউসে যে ওয়েস্ট বেঙ্গল কারেকশন সার্ভিসেস বিল, ১৯৯২ এনেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। মাননীয় বিরোধীদলের সদস্য যারা বক্তৃতা করলেন তারাও এই বিলকে সমর্থন করেছেন। স্যার, আজকে থেকে প্রায় একশ বছর আগে ১৮৯৪ সালের যে কারা আইন সেই এখনও আমাদের দেশে চলছে। ১৮৯৪ সালের পর অনেক বছর পেরিয়ে গিয়েছে কিন্তু তবুও কংগ্রেস সরকারের সময় এ বিষয়ে কিছু করা হয়নি। স্যার, স্বাধীনতার আগে বৃটিশের কারাগারে আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামিদের উপর অমানুষিক নির্যাতনের কথা আমারা শুনেছি। তখন স্পেশাল জেলই হোক বা অন্য কোনও জেলই হোক সেখানে স্বাধীনতা সংগ্রামিদের উপর অমানুষিক নির্যাতন, অমানবিক ব্যবহার করা হত জেলের অভ্যন্তরে। মাননীয় সদস্য সত্য বাঁপুলি মহাশয়রা কিন্তু সেগুলির সংশোধন করার চেষ্টা করেননি। স্বাধীনতার পরে পরেই তাদের এই ধরনের সংশোধনী আনা উচিত ছিল। শ্রদ্ধেয় স্বাধীনতা সংগ্রামি শ্রী তারাপদ লাহিড়ি যিনি বৃটিশের কারাগারে দীর্ঘদিন ছিলেন তিনি তার

প্রত্যক্ষ অভিজ্ঞতা নিয়ে খুঁজে খুঁজে এইসব ব্যাপারগুলি তুলে ধরেছেন। এটার প্রশংসা করার মতোন ভাষা আমি খুঁজে পাচ্ছি না। এর সবটাই প্রশংসনীয়।

তবু যে বিষয়গুলো এখানে বলা হয়েছে, প্রথম কথা জেলখানা বা কারাগার, এই নাম থাকবে না। এক কথায় সংশোধনী ভবন। মানুষের জীবনের কি কি পরিণতি বা কি কি অবস্থার মধ্যে থাকলে মানুষ এই সমস্ত অপরাধগুলো করে এবং সেইগুলো সংশোধনের বিষয়ে সংশোধনের সুযোগ তার জীবনে ঘটে না। সেই সংশোধনের একমাত্রই সুযোগ জীবনের যে কটা দিন জেলে থাকে, বাইরের পরিবেশের যে নানা রকম জটিলতার মধ্যে তাকে ফিরে আসার পূর্বে ওখানে গিয়েই সংশোধনের সুযোগটা দেবার মতো উপযুক্ত জায়গায় এই জেলখানা বা এই কারাগার। সুতরাং সেই নামটা সংশোধনী ভবন, এই নামটা উপযুক্তভাবে প্রয়োগ হয়েছে। এই ক্ষেত্রে এখানে যে সমস্ত সুযোগ সুবিধা আনা হয়েছে—প্রথমেই এটাও খুবই উল্লেখযোগ্য। এই সংশোধনী ভবন, এই বিষয়টা যারা আধিকারিক বা অফিসারবৃন্দ, যারা থাকবেন তাদের, আলাদা ট্রেনিং কলেজ, অর্থাৎ যারা এই সব দায়িত্বে থাকবেন, বন্দিদের এই সমস্ত দায়িত্বে থাকবেন, তাদের এই সমস্ত বিষয়ে শিক্ষা বা তাদের সংশোধন করবার চেষ্টা করবেন, তাদেরকেই আগে সেই শিক্ষাও দরকার, সেই ট্রেনিং দরকার। সুতরাং সেদিক থেকে ঠিকই করা হয়েছে যে এখানে একটা ট্রেনিং কলেজ অফিসারদের জন্য, আধিকরিকদের করার ব্যবস্থা রাখা আছে। আর বন্দিদের যে সুযোগ আছে, আমরা বুঝতে পারছি না, মন্ত্রী মহাশয় এত সুযোগ বন্দিদের দিচ্ছেন, এখন ভাবা যাচ্ছে না যে এতে বন্দিদের সংখ্যা বাড়বে কি না। কারণ যা সুযোগ বাইরের মানুষও এখন পাচ্ছে না, যে ব্যবস্থা এখনও বাইরের মানুষদের জন্য করা সম্ভব হয়ে উঠেনি। ভর্তির পরে প্রত্যেকটি জেল বন্দিদের ওজন নেওয়া হবে। সেটা একটা নিয়মিতভাবে মেডিক্যাল অফিসারদের দিয়ে পরীক্ষা করে তার স্বাস্থ্য পঞ্জি রাখা হবে। এটা সাংঘাতিক ব্যাপার। আমাদের সকলের জন্য স্বাস্থ্য এখনও হয়ে উঠেনি। অথচ জেলের বন্দিদের জন্য এই ব্যবস্থা করা হবে। ব্যবস্থা শুধু নয়, যদি ঐ বন্দিরা কোনও টাকা পয়সা, কোনও গয়না গাঠি অথবা কোনও মূল্যবান জিনিস তারা ব্যবহার করতে চান, সেইগুলো যাতে রক্ষিত হয়, কেউ কেড়ে নিতে না পারেন, কেউ ছিনতাই করতে না পারেন, সেই প্রটেকশনের ব্যবস্থাও তাদের হবে। এবং রাজনৈতিক বন্দি এত বলাই হয়েছে। মহিলা বন্দি সব পৃথকীকরণ এবং শুধু পৃথকীকরণ নয়, রোগগ্রস্থ যে সমস্ত বন্দি, তাদের একটা ছোঁয়াচে রোগ, নানা বিধ রোগ, একের সঙ্গে আর একজনের শরীরে যোগাযোগ হলে বা ছোঁয়া লাগলে এটা বৃদ্ধি পেতে পারে, তার জন্য সেটা মেডিক্যাল অফিসাররা তারা প্রতিনিয়ত চেক আপ করবেন এবং সঙ্গে সঙ্গে তাদের পৃথকীকরণের যে ব্যবস্থা, এটা সত্যই খুব প্রশংসনীয়। আর এখন যেটা আছে আত্মীয় বন্ধু বান্ধবরা, তারা এক মিনিটের জন্য একটা ইন্টারভ্যু পান, তাও হয়ত সকলের জোটে না, এখান যে ব্যবস্থা থাকছে, একটা আলাদা ইন্টারভ্যু এর সেট এবং সেখানে শুধু বন্ধু বান্ধবরা কথাবার্তা বলতে পারবেন তাই নয়, তারা প্রয়োজনে বাইরের খাদ্য, বাইরের পোশাক বা অন্য কিছু প্রয়োজনীয় জিনিস পত্রাদি, সেটাও তারা দিতে পারবেন। এটা ওখানে ডিটেক্ট করে সেখানে ব্যবহারের জন্য দেওয়া হতে পারে। এই সমস্ত সুযোগগুলো আছে। আর যে সুযোগগুলো আছে, এখন যেটা নেই, আমরা দেখছি, জেল অ্যাডভাইসারি কমিটির সদস্য হিসাবে দেখছি যে ভীষণ কষ্টে তাদের দিনাতিপাত হচ্ছে। সেই খালি সিমেন্টের

মেঝেতে একটা ইস্টক নির্মিত বালিশে মাথা দিয়ে জেল বন্দিদের জীবন কাটে। সেই ব্যবস্থার পরিবর্তন হয়ে তাদের বালিশ, তোষক, বিছানার চাদর এই সমস্ত দেবার ব্যবস্থা হচ্ছে এবং সঙ্গে সঙ্গে আরও যে সমস্ত সুযোগ আছে, পড়াশুনার যে সুযোগ—আমি কিছুদিন আগে মাননীয় দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয় যখন এই বিভাগের মন্ত্রী ছিলেন তখন একজন আমার পরিচিত লোককে সঙ্গে নিয়ে গিয়ে বলেছিলাম যে বারোটা বছর তার জেলে কাটার পরে তার যে বয়স, সেই বয়সটা পেরিয়ে গেছে। বাইরে এসে তার আর কোনও সুযোগ সুবিধা নেই, কোনও চাকরি বাকরি নেই, জেলের মধ্যে থেকে গ্রাজুয়েশন কমপ্লিট করেছিল অথচ বাইরে এসে তার কোনও এমপ্লয়মেন্টের ব্যবস্থা নেই, কোনও রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা নেই। এই ক্ষেত্রে সমস্ত ব্যবস্থাগুলো করা হয়েছে। যে যে পড়াশুনায়, যে কোনও স্তরের পড়াশুনায় ইচ্ছুক সেটা পর্যন্ত সে করতে পারবে এবং সেই পড়াশুনার শেষে তার রিভ্যাবিলিটেশনের ব্যবস্থা, তার অন্য কোনও এমপ্লয়মেন্টের ব্যবস্থা, অর্থাৎ ব্যাঙ্ক লোনের ব্যবস্থার কথা পর্যন্ত বলা হয়েছে। স্টেট ব্যাঙ্কের মাধ্যমে লোন দিয়ে তার রিহ্যাবিলিটেশন হতে পারে, রিএমপ্লয়মেন্টের ব্যবস্থা হতে পারে। শুধু তাই নয়, যাদের এই কারণে চাকরিটা গেছে, যে অপরাধের জন্য চাকরি গেছে, সে চাকরি ফিরে পাওয়া যাবে না ঠিক কথা কিন্তু তার পরিবারের ভরণ পোষণের যে ব্যবস্থা, এই রকম একটা ব্যবস্থার কথা এই বিলের মধ্যে আছে। খেলার মাঠ, ফুটবল ক্রিকেট প্রভৃতি খেলার এবং শরীর চর্চার ব্যবস্থার কথা বলা হয়েছে। শুধু তাই নয়, বিভিন্ন কালচারাল অনুষ্ঠানের জন্য কমিউনিটি হল, লাইব্রেরি ইত্যাদির প্রস্তাবও করা হয়েছে। এমন কি লাইব্রেরিতে কি জাতীয় বই কিভাবে সিলেক্ট করা হবে সে নির্দেশ পর্যন্ত দেওয়া আছে। সিলেকশন কমিটি থাকবে, তারা যে যে বই সিলেক্ট করে দেবে সেই সেই বই লাইব্রেরিতে থাকবে। যারা সেখানে পড়াশুনা করবে তাদের চাহিদা অনুযায়ী সেখানে লেখাপড়ার ব্যবস্থা থাকবে। সব চেয়ে বড় কথা হচ্ছে বন্দিদের জন্য যথাযথ চিকিৎসার ব্যবস্থা করার কথা বলা হয়েছে। আমরা দেখেছি জেল বন্দিদের পর্যন্ত উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা হয়নি। সে জন্যই এ ক্ষেত্রে বলা হয়েছে জেল হাসপাতালে সাধারণ ডাক্তারদের সঙ্গে সঙ্গে বিভিন্ন বিষয়ের স্পেশালিস্ট ডাক্তারদেরও রাখতে হবে। বিশেষ করে দাঁত ও চোখের ডাক্তার অবশ্যই রাখতে হবে। প্রয়োজনে বাইরে থেকে স্পেশালিস্ট ডাক্তারদের সেখানে চিকিৎসার জন্য নিয়ে যেতে হবে। আরও একটা বড় জিনিস করার কথা এখানে বলা হয়েছে, সেটা হচ্ছে, মহিলাদের জেলে বন্দি হিসাবে থাকার জন্য সব রকম ব্যবস্থা করার সাথে সাথে তাদের জন্য বিভিন্ন বিষয়ে ট্রেনিং কোর্সও সেখানে চালু করতে বলা হয়েছে। যাতে সেখানে ট্রেনিং প্রাপ্ত হয়ে পরবর্তীকালে তারা বাইরে এসে এমপ্লয়মেন্ট পেয়ে সমাজের মূল স্বাভাবিক স্রোতের মধ্যে মিশে যেতে পারে। মুক্ত কারাগারের কথা বলা হয়েছে, যেখানে কোনও রকম প্রাচীর থাকবে না। সারা দিন বাইরে কাজ করার পর বন্দিরা নির্দিষ্ট সময়ে নিজেদের ভবনে ফিরে যেতে পারবে। তাদের নিয়ে বিভিন্ন রকম বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা চালানো হবে যাতে পরবর্তীকালে তারা সংশোধিত হয়ে অপরাধমূলক কাজকর্ম থেকে দূরে থেকে সমাজের মধ্যে মিশে যেতে পারে। সঠিকভাবে এই সমস্ত জিনিসু কার্যকর হলে সমাজে অপরাধীর সংখ্যা ক্রমশ কমবে। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয় এই যে বিলটি এখানে উত্থাপিত করছেন একে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি। কারণ সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যরাই সকলেই আমার উত্থাপিত এই বিলটিকে সমর্থন করেছেন। অনেক মানুষ আছেন যারা সাময়িকভাবে কোনও একটা অপরাধে অপরাধী হয়ে জেলের মধ্যে আসেন, খুব স্বাভাবিকভাবে তাদের সুস্থ জীবনে ফিরিয়ে দেওয়ার যে দায়িত্ব সেটা সমাজের সবারই আছে। এখন আমাদের সে দায়িত্ব পালন করতে গেলে দীর্ঘ দিনের আইন-কানুনের কিছু পরিবর্তন করার প্রয়োজন আছে। এর সাথে সাথে অপরাধিদের জেলে থাকাকালীন কিছু সুযোগ সুবিধা দেওয়া প্রয়োজন আছে। স্যার, আপনি জানেন দীর্ঘদিন ধরে এই বিধানসভায় এবং বিভিন্ন পত্র-পত্রিকায় রাজনৈতিক বন্দিদের মর্যাদা সম্পর্কে নানা ধরনের প্রশ্ন উঠেছে। এ প্রসঙ্গে আমি ইতিপূর্বে একটা কথা বার বার বলেছি যে, আমাদের যে জেল কোড্ আছে তাতে রাজনৈতিক বন্দিদের মর্যাদা সম্পর্কে কোনও কিছু নেই। কিন্তু আজকে এই যে বিল এনেছি, এই বিলের মধ্যে দিয়ে রাজনৈতিক বন্দিদের যে মর্যাদা, সে মর্যাদা স্বীকৃত হচ্ছে।

স্যার, আমি রাজনৈতিক বন্দিদের কথা বলতে চাই। যে সমাজের স্বার্থে চললে রাজনৈতিক বন্দি মর্যাদা পায় তা পুরনো এবং বর্তমান চ্যাপ্টারে বলা হয়েছে, যদি কোনও রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে অপরাধ করে সেই অপরাধ করবার জন্য বা সেই অপরাধ করবার প্ররোচনা দেবার জন্য যদি বন্দি করা হয় বা সাজা প্রাপ্ত হয় সেই ব্যক্তিকে রাজনৈতিক বন্দির মর্যাদা দেওয়া হবে। মূল বিচার্য বিষয় হল যে অপরাধী যদি রাজনৈতিক বা গণতান্ত্রিক আন্দোলন সংগঠিত করার মাধ্যমে সামগ্রিক উদ্দেশ্য চরিতার্থ করবার উদ্দেশ্য নিয়ে অগ্রসর হয় ইন্ডিয়ান পেনাল কোড চ্যাপ্টার সিক্স তাতে যে সমস্ত বিধান আছে সেই সমস্ত রাজনৈতিক বন্দির আওতায় বিচারটা হবে। কোনও রাজনৈতিক ক্ষেত্রে কেউ সাহসের সঙ্গে জনরোষের দ্বারা বন্দি হয়, উদ্দেশ্য চরিতার্থ করার সার্বিক কোনও উদ্দেশ্য না থাকে এর সাথে যুক্ত ব্যক্তিও রাজনৈতিক বন্দির মর্যাদা পাবে, দুর্বল জনসাধারণের কল্যাণের জন্য, অথবা শিক্ষা ও সংস্কৃতি গত উদ্দেশ্য নিয়ে কোনও গ্রুপ, বা অ্যাশোসিয়েশন আন্দোলন করে তাহলে এ ধরনের আন্দোলনকে বা গণতান্ত্রিক আন্দোলনকে মর্যাদা দেওয়া হবে ট্রেড ইউনিয়নের সমস্ত কার্যাবলিকে গণতান্ত্রিক আন্দোলন বলা হবে। যেটা আমরা পরিষ্কার করে বলতে চাই, জনরোষের ব্যাপারে যদি কেউ সামাজিক ব্যবস্থা ভাঙ্গে, সেই সব দোষ গণতান্ত্রিক আন্দোলনের পর্যায়ে আসবে। স্যার, এই বিলের মধ্যে, আজকে যারা রাজনৈতিক বন্দি হিসাবে আছেন তারা যখন এই সুযোগ সুবিধাটা পাবেন তাদের স্বার্থে আমরা যেটা বলবার চেষ্টা করছি, যারা জেলে আসেন আসার পর স্বাভাবিকভাবে তাদের পরিবারবর্গকে এমন একটা অবস্থার মধ্যে পড়তে হয় যে সেখানে শিক্ষর যে সুযোগ সেই সুযোগ থেকে বঞ্চিত হতে হয়। সম্ভব মতো আমরা তাদের সাহায্য করবার প্রতিশ্রুতি আমরা দিচ্ছি, দিয়েছি। এ ছাড়া যারা ডেটিনিউ, কফেপাসা তাদের যে ধরনের সুযোগ সুবিধা দেওয়া হয়ে থাকে আজকে এই বিলের মধ্যে যে সুবিধা, পড়াশোনার সুযোগ সুবিধা দেবার ব্যবস্থার করা থাকবে, এ ছাড়া লাইফ ইন্সিওরেন্সের কথা বলা হয়েছে, হয়ত প্রিমিয়াম দিতে পারছে না জেলের মধ্যে এসেছে সেখানে সেই সুযোগ দেবার ব্যবস্থা থাকা উচিত। পূর্বে সরকারি ডিভিসন যেটা দেওয়া হত সেটা সমাজের উচ্চবিত্ত মানুষ সমাজে প্রতিষ্ঠিত তাদের ক্ষেত্রে এটাকে দেওয়া হবে। গণতান্ত্রিক আন্দোলন ছাড়া কর্মী আন্দোলন

সমাজকে পরিবর্তন করতে চেয়েছেন সেই মানসিকতার যে স্বীকৃতি সেই স্বীকৃতি জেল কোডের মধ্যে দেওয়া হয় না। আজকে এটা অত্যন্ত জুরুরি, এই বিল তৈরি করার সময় সেই ব্যবস্থার সৃষ্টি করে রাখা হয়েছে। সমাজের যে মানুষ সমাজটাকে পরিবর্তন করতে চান তারা যাতে মর্যাদাটা পান তার মধ্যে সে ব্যবস্থা রাখার চেষ্টা করা হয়েছে। স্যার, আপনি জানেন এই আইনের মধ্যে পঞ্চায়েত ব্যবস্থাকে আনার চেষ্টা করা হয়েছে, যারা জেলের মধ্যে থাকবেন তারা সেখানে নিজেরা নিজেদের সব কিছু দেখাশোনা করতে পারবেন, খাবার থেকে আরম্ভ করে যে সুযোগ সুবিধাগুলি আছে সেই সুযোগ সুবিধা গ্রহণ করতে পারবেন। সেই উদ্দেশ্য নিয়ে পঞ্চায়েত করবার কথা বলা হয়েছে। মহিলাদের জন্য আলাদা পঞ্চায়েতের কথা বলা হয়েছে, রাজনৈতিক বন্দি হিসাবে যারা স্বীকৃতি পাবেন তাদের পঞ্চায়েতের আওতাভুক্ত করা হচ্ছে না, যদি মনে হয় তাদের অভাব অভিযোগ জানাবার দরকার ২/৩ জন মিলে সেখানে যিনি সুপারিনটেন্ডেন্ট থাকবেন তার কাছে বলতে পারবেন। সবচেয়ে বেশি যেটা গুরুত্ব দেওয়া হয়েছে, জেলের মধ্যে যারা যান তাদের মূল শর্তের সাথে মিলিয়ে দেবার যে দায়িত্ব, তার সাথে সাথে স্বনির্ভর করার যে দায়িত্ব সেই দায়িত্বের কথা এখানে আছে।

কাজেই এই দায়িত্বের কথা মনে রেখে আমরা মূলত মুক্তি পাবার পর তাদের আর্থিক সাহায্য দেবার বিষয়টা এই বিলে আনবার চেষ্টা করেছি। যেসব মুক্তিপ্রাপ্ত বন্দির বয়স ৬০ বছর বা তার বেশি হয়েছে, দুর্বল বা শারীরিকভাবে স্থায়ী রোগগ্রস্ত হয়ে পড়েছে, বন্দি হবার জন্য চাকরি গেছে, মুক্তির পূর্বে দক্ষতার সঙ্গে সবরকম কাজ করেছে, মুক্তি প্রাপ্ত বন্দি যাদের বয়স ৩০ বছর অতিক্রম করেনি কিন্তু মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষায় পাশ করেছে, তাদের ক্ষেত্রে আর্থিক কিছু সাহায্য দেবার জন্য ব্যবস্থা করা হয়েছে এবং অন্য কাজের সঙ্গে যুক্ত করবার চেষ্টা করা হয়েছে। আরও বেশি গুরুত্ব দেওয়া হয়েছে—আজকে স্টেট লেভেলে যে কমিটি তৈরি করবার কথা বলা হয়েছে সেই কমিটির মধ্যে জনপ্রতিনিধি কতজন থাকবেন বলা হয়েছে। সেখানে সরকারি দপ্তর থেকেও প্রতিনিধি থাকবেন। সেখানে বিভিন্ন দপ্তর কিছু কিছু নিয়ে সমন্বয় সাধন করা হয়েছে। তারা উপদেশ দেবেন, শিক্ষা দেবেন। কি করে কাজ ত্বরান্বিত করা যায় কয়েকটি ক্ষেত্রে সে—ব্যাপারে দৃষ্টি দেওয়া হয়েছে। সাথে সাথে জেলাগুলিতেও একই ধরনের কমিটি করবার কথা বলা হয়েছে এবং তার মধ্যে দিয়ে সুযোগ-সুবিধা ত্বরান্বিত যাতে করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। সত্য বাপুলি মহাশয় সুযোগ-সুবিধা বৃদ্ধির কথা বলেছেন। কিন্তু দীর্ঘদিনের যে ব্যবস্থার মধ্যে দিয়ে জেলগুলি গড়ে উঠেছে তাতে জেল সম্পর্কে নানা ধরনের বিভ্রান্তি রয়ে গেছে। ব্রিটিশ আমল থেকে জেলকে অত্যাচারের পীঠস্থান হিসাবে যেভাবে তৈরি করা হয়েছে, সেক্ষেত্রে একটু দৃষ্টি দিলে সেটা বাড়ত না। আমরা আসবার পর জেলের এসব সংস্কারের জন্য সাধ্যমতো চেষ্টা করেছি। বীরেনবাবু যে কথা বলবার চেষ্টা করেছেন, আমি অনুরোধ করব বিলটা একটু দেখতে। এতে সম্পূর্ণভাবে ক্ল্যাসিফিকেশন করবার কথা বলেছি। আজকে জেলে শিশু যারা থাকবে, আগে যাদের আলাদা রাখার কোনও ব্যবস্থা ছিল না, তাদের আলাদা রাখবার ব্যবস্থা করেছি। মহিলাদের জন্যও এই বিলের মধ্যে আলাদা জায়গা করবার কথা বলেছি। এই বিলের মধ্যে দিয়ে আরও যা করবার চেষ্টা করা হয়েছে সেটা হল মুক্ত কারাগার। আপনি জানেন স্যার, এমন বহু কয়েদি আছে যারা দীর্ঘদিন ধরে জেলের মধ্যে রয়েছেন। তারা হয়ত জেলের মধ্যে ভাল ব্যবহার করেন, ভালভাবে

চলাফেরা করেন। তাই তাদের সাধারণ মানুষের সঙ্গে যুক্ত করবার একটা দায়িত্ব রয়েছে। সেই দায়িত্বের কথা মনে রেখে এই বিলের মধ্যে একটা সি-টাইপ করবার কথা বলা হয়েছে। অর্থাৎ সেখানে মুক্ত কারা করবার কথা বলেছি। সেখানে তাদের কুটির শিল্পের মধ্যে দিয়ে কাজ করবেন এবং তাতে যেসব জিনিসপত্র তৈরি হবে সেগুলো বাইরে নিয়ে তারা বিক্রি করতে পারবেন। তারা তাদের অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানে সাধারণ মানুষজন নিয়ে আসতে পারবেন। অর্থাৎ মুক্ত কারাকে মুক্ত কারা হিসাবেই রাখা হবে। ফলে তাদের উপর মানসিক চাপ থাকবে না। সেখানে তাদের বাড়ির লোকজন বসবাস করতে পারবেন এবং সুন্দরভাবে জীবন অতিবাহিত করতে পারবেন। সমাজে প্রতিষ্ঠিত হবার জন্য এই বিলের মধ্যে কতগুলো ব্যবস্থা করবার চেষ্টা করা হয়েছে। পূর্বে আমরা বিভিন্ন জায়গায় যে কমিটি তৈরি করেছিলাম, আজও সেই কমিটি আছে এবং সেই কমিটি কাজও করছে। আমরা এই বিলের মধ্যে যেটা করবার চেষ্টা করেছি সেটা হচ্ছে, বিভিন্ন জেলায় এম. এল. এ. যারা আছেন তারা ২৪ ঘণ্টার নোটিশে জেল পরিদর্শন করতে পারেন। এম. পি. যারা আছেন যাতে ২৪ ঘণ্টার নোটিশে সেটা করতে পারেন তারজন্য ব্যবস্থা রেখেছি। আর এছাড়াও যেটার প্রতি সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে সেটা হচ্ছে, আমাদের জেলের মধ্যে যারা আছেন তারা যাতে পড়াশুনা করতে পারেন, যদি কেউ পড়াশুনা করতে চান তাহলে তাদের বইপত্র দেবার যে দায়িত্ব সেই আমরা নেবার কথা এর মধ্যে দিয়ে বলবার চেষ্টা করেছি যাতে তারা সুন্দরভাবে জীবন কাটাতে পারেন। কেউ হয়ত পড়াশুনা করছে, ইউনিভার্সিটির পরীক্ষা বা যে কোনও পরীক্ষা দেবে, সেই ব্যাপারেও আমরা ব্যবস্থা নেব এবং সেই ব্যাপারেও তাদের বইপত্রের খরচ আমরা দেবার চেষ্টা করব। কাজেই এই যে দিকগুলি আছে, এই দিকগুলিতে আমরা যুগান্তকারি পরিবর্তন আনার চেষ্টা করেছি। দীর্ঘদিন ধরে ব্রিটিশ আমল থেকে যে ব্যবস্থা চলে আসছিল, সেই ব্যবস্থার পরিবর্তন করে জেলের মধ্যে যারা বন্দি রয়েছেন, তারা যে কোনও কারণে হয়ত অপরাধ করেছেন, তারা যাতে আবার সুস্থ্য জীবনে ফিরে যেতে পারে তার যে দায়িত্ব, সেই দায়িত্ব গ্রহণ করার জন্য মাননীয় সদস্যদের কাছে বিল উত্থাপিত করেছি। আমি সকলকে অভিনন্দন জানাচ্ছি কারণ সকলেই আমার সঙ্গে এক মত হয়েছেন। আজকে সকলেই এই বিলকে সমর্থন জানিয়েছেন। তাছাড়া তারাপদ লাহিড়ি, অনিল দাস চৌধুরি প্রমুখ ব্যক্তিগণ, যারা এখন নেই, তারা অক্লান্ত পরিশ্রম করে সমস্ত জেল পরিদর্শন করে এই ধরনের বিল উত্থাপন করার জন্য সাহায্য করেছেন, তাদের সকলকে আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 P.M.]

The motion of Shri Biswanath Chowdhury that the West Bengal Correctional Services Bill, 1992, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 10

The question that Clauses 1-10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

Mr. Speaker : There are amendments to Clause 11.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in Clause 11,—

(1) for the marginal note, the following marginal note be substiuted: "Chief Welfare Officer and Welfare Officer of Correctional Home." ;

(2) for sub-clause (1), the following sub-clause be substituted :

"(1) The State Government may, for each of the central correctional home, district correctional and special correctional home, appoint such number of Chief Welfare Officers and Welfare Officers as it may consider necessary. The Chief Welfare Officer shall have the rank and status of the Superintendent of a district correctional home and the Welfare Officer shall have the rank and status of the Chief Controller or Correctional Services. The qualifications and the terms and conditions of service of the Chief Welfare Officers and the Welfare Officers shall be such as may be prescribed."

Shri Biswanath Chowdhury : Sir, I accept the amendments.

The motion of Shri Lakshmi Kanta Dey that—

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in Clause 11,—

(1) for the marginal note, the following marginal note be substiuted: "Chief Welfare Officer and Welfare Officer of Correctional Home." ;

(2) for sub-clause (1), the following sub-clause be substituted :

"(1) The State Government may, for each of the central correctional home, district correctional and special correctional home, appoint such number of Chief Welfare Officers and Welfare Officers as it may consider necessary. The Chief Welfare Officer shall have the rank and status of the Superintendent of a district correctional home and the Welfare Officer shall have the rank and status of the Chief Controller or Correctional Services. The qualifications and the terms and conditions of service of the Chief Welfare Officers

and the Welfare Officers shall be such as may be prescribed."—was then put and agreed to.

The question that the clause 11, as amended, do stand part of the Bill—was then put and agreed to.

Clauses 12 to 45

The question that Clauses 12 to 45 do stand part of the Bill was then put and agreed to.

Clause 46

Mr. Speaker : There is one amendment to Clause 46.

(At this stage, Shri Abdul Mannan was present in the House but did not move his motion)

The question that Clause 46 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 47 to 49

The question that Clauses 47 to 49 do stand part of the Bill was then put and agreed to.

Clause 50

Mr. Speaker : There is one amendment to Clause 50 by Shri Abdul Mannan, which is in order and taken as moved.

Shri Abdul Mannan : Sir, I beg to move that in Clause 50 (3), in line 1 after the words "Hindi or English", the words "or mother tongue of concerned prisoner" be inserted.

Shri Biswanath Chowdhury : Sir, I accept the amendment.

The motion of Shri Abdul Mannan that in Clause 50 (3), in line 1 after the words "Hindi or English", the words "or mother tongue of concerned prisoner" be inserted, was then put and agreed to.

The question that Clause 50, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 51 to 58

The question that Clauses 51 to 58 do stand part of the Bill was then put and agreed to.

Clause 59

Mr. Speaker : There is amendment to Clause 59, being Amend-

ment No. 4.

The amendment is in order but not placed.

The question that Clause 59 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 60 and 61

The question that Clauses 60 and 61 do stand part of the Bill was then put and agreed to.

Clause 62

Mr. Speaker : There is amendment to Clause 62, being Amendment No. 5.

The amendment is in order but not placed.

The question that Clause 62 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 63 to 82

The question that Clauses 63 to 82 do stand part of the Bill was then put and agreed to.

Clause 83

Mr. Speaker : There is amendment to Clause 83, being Amendment No. 6. The amendment is in order but not placed.

The question that Clause 83 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 84 to 86

The question that Clauses 84 to 86 do stand part of the Bill was then put and agreed to.

Clause 87

Mr. Speaker : There is amendment to Clause 87, being Amendment No. 7.

The amendment is in order but not placed.

The question that Clause 87 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 88-99

The question that Clauses 88-99 do stand part of the Bill was then

put and agreed to.

Clause 100

Mr. Speaker : There is amendment to Clause 100, being Amendment No. 8.

The amendment is in order but not placed.

The question that Clause 100 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 101 to 108 and the Preamble

The question that Clauses 101 to 108 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Biswanath Chowdhury : Sir, I beg to move that the West Bengal Correctional Services Bill, 1992, as settled in the Assembly, be passed.

[6-10 — 6-17 P.M.]

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ স্যার, আমার একটা বিষয় জানার ছিল। মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তার মধ্যে সব সংগঠন আছে। কিন্তু কৃষক সংগঠনের কথা নেই। কৃষক সংগঠন যদি আন্দোলন করতে গিয়ে বন্দী হয় তাহলে তাদের ক্ষেত্রে এই আইন অ্যাপ্লিকেবেল কিনা জানতে চাই।

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ আমার বক্তব্যের মধ্যে ডেমোক্রেটিক মুভমেন্টের কথা বলা আছে, কৃষক সংগঠনের ব্যাপারে আলাদা করে ক্লাসিফিকেশনের দরকার হয় না।

শ্রী আব্দুল মান্নান ঃ রাজনৈতিক বন্দিদের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন এবং প্রভঞ্জনবাবু কৃষক সংগঠনের কথা বলেছেন, ঠিকই বলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের যে প্রস্তাব জেল কোডে আছে রাজনৈতিক বন্দিদের সুযোগ সুবিধা দেবার ব্যাপারে কিছু কিছু ক্ষেত্রে দেখতে পাচ্ছি খুবই বাস্তব হচ্ছে। কিন্তু জেনুইন যারা ক্রিমিনাল তারা ক্রাইম করে পলিটিক্যাল মার্ডার বলে চালাতে চাইল। রায়গঞ্জে হচ্ছে, কয়েক দিন আগে বলেছি। জেনুইন ক্রিমিন্যাল সে কোনও পলিটিক্যাল পার্টির শেলটার নিয়ে নিজেকে বাঁচাবার চেষ্টা করবে। এটা যেন না হয় মন্ত্রী মহাশয় দেখবেন। জেনুইন ক্রিমিনাল রাজনৈতিক বন্দি হিসাবে তাকে যেন অ্যাকসেপ্ট করা না হয়, সে যেন রাজনৈতিক বন্দির সুযোগ সুবিধা না পায়। তা না হলে ক্রিমিনালের একটা টেনডেনসি এসে যাবে যে কোনও রাজনৈতিক দলের শেল্টার নিয়ে রাজনৈতিক বন্দি হিসাবে আসার। এটা যেন না হয় মন্ত্রী মহাশয় দেখবেন।

শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ স্যার, আমি যেমন ডিটেনারদের কথা বলছি, এটা বলার অপেক্ষা রাখে না 'কফেপোসা' ইত্যাদি কতকগুলো জিনিস থাকে যেগুলো বলার অপেক্ষা রাখে না।

মিঃ স্পিকার ঃ মিঃ মান্নান, মিঃ চৌধুরি বলছেন—উনি আপনাকে জেলে পাঠাবেন না।

শ্রী আব্দুল মান্নান ঃ স্যার, এটা জেলে পাঠানোর ব্যাপার নয়। আমি এখন ওয়ারেন্টের আসামী হয়ে ঘুরছি। আমার বিরুদ্ধে একটা কেস আছে। আমি জানি না, আমি কি অপরাধ করেছি। আমি কোনও অপরাধ করিনি। আমার নামে অ্যাটেম্পট টু মার্ডারের কেস দিয়ে ওয়ারেন্ট বার করা হয়েছে। আমি যে কোনও মুহূর্তে অ্যারেস্ট হতে পারি। এটা আপনাদের রাজত্বে কেন করছেন জানিনা। আমার নামে আর্মস অ্যাক্টে কেস দিয়ে কোর্ট থেকে ওয়ারেন্ট বার করেছে। স্যার, আমি জীবনে কোনওদিন আর্মস ধরেছি বলে জানি না। আমার নামে আর্মস অ্যাক্টে কেস দিয়ে কোর্ট থেকে ওয়ারেন্ট বার করেছে। যে কোনও মুহূর্তে আমাকে অ্যারেস্ট করা হতে পারে।

মিঃ স্পিকার ঃ মিঃ মান্নান, আপনার নামে কি সব ওয়ারেন্ট বেরিয়েছে বলছেন। এসব তো বিচারযোগ্য বিষয়। আপনি নিজে বলছেন নিজে আসামী। আপনি কি সব সেকশনের উল্লেখ করলেন। আপনি নিজের ব্যাপারে নিজেই এখানে বলে গেলেন।

The motion of Shri Biswanath Chowdhury that the West Bengal Correctional Services Bill, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.17 p.m. till 11 a.m. on Thrusday, the 4th June, 1992 at the Assembley House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 4th June 1992 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 5 Ministers of State, and 148 Members.

[11-00 – 11-10 A.M.]

মিঃ স্পিকার ঃ মানববাবু, আপনি যা বলার সংক্ষেপে বলুন।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি গতকাল জিরো আওয়ারে অভিযোগ এনেছিলাম যে ৩ বিঘা নিয়ে কেন্দ্রীয় সরকারের সাথে বাংলাদেশের সরকারের যে চুক্তি হয় তাতে রাজ্য পর্যায়ে কংগ্রেসি নেতারা যুক্তভাবে স্যাবোটেজ করতে চাইছেন। ....(গোলমাল).... আমি গতকাল মানব উন্নয়নের রাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করেছিলাম। এইবার আমি সুনির্দিষ্টভাবে অভিযোগ করতে চাই। মাননীয় স্পিকার মহাশয়, আমাদের বিরোধী দলনেতা শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় তিনি ভারতীয় জনতা পার্টির সঙ্গে মিটিং করেছেন, আমাদের বিরোধী দলনেতা গোপনে মিটিং করেছেন। তিনি গত সপ্তাহে এই মিটিং গোপনে করেছেন এবং আমার কাছে সুনির্দিষ্ট খবর আছে। যেখানে কেন্দ্রীয় পর্যায়ে একটা চুক্তি অনুযায়ী কাজ হচ্ছে রাষ্ট্রের সাথে, সেখানে তারা স্যাবোটেজ করার চেষ্টা করছেন। কংগ্রেস (আই) পশ্চিমবঙ্গ রাজ্য ইউনিটের একজন এর সাথে যুক্ত আছেন এবং একজন কেন্দ্রীয় মন্ত্রী এর সাথে যুক্ত আছেন। বিরোধী দল নেতাও এরসাথে যুক্ত আছেন। রাজ্য সরকারের এই ব্যাপারে ইন্টারভেনশন চাইছি। কেন্দ্রীয় সরকারের সাথে বাংলাদেশ সরকারের চুক্তি, এতো আমাদের কোনও ব্যাপার নয়, সেখানেও তারা স্যাবোটেজ করার চেষ্টা করছেন, আমার কাছে এই ব্যাপারে সুনির্দিষ্ট ভাবে খবর আছে। সিদ্ধার্থশঙ্কর রায় গত সপ্তাহে কলকাতাতে একজন বি. জে. পি নেতার সঙ্গে গোপনে মিটিং করেছেন ৩ বিঘাকে কেন্দ্র করে এবং এইভাবে তিনি গোটা রাজ্যে সাম্প্রদায়িকতার সৃষ্টি করতে চাইছেন। আমি সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে সুনির্দিষ্ট স্টেটমেন্ট দাবি করছি (গোলমাল)...... এই ব্যাপারে ইন্টারভেনশন দাবি করছি। এই চুক্তি এটা কেন্দ্রীয় সরকারের সাথে বাংলাদেশ সরকারের হয়েছে, এত আর রাজ্য সরকার করেনি। রাজ্য ইউনিট এই জায়গায় এই রকম আচরণ করছে কেন? আমি বলছি এই যে কাজ হয়েছে, এটা একটা ক্রিমিন্যাল অফেন্স এবং বিরোধী দল নেতা সিদ্ধার্থশঙ্কর রায় বি. জে. পির একজন নেতার সঙ্গে গোপনে মিটিং করেছেন এই খবর সুনির্দিষ্টভাবে আমার কাছে আছে। এই ব্যাপারে আমি রাজ্য সরকারের ইন্টারভেনশন দাবি করছি। অল দে আব ক্রিমিন্যালস অ্যাণ্ড অ্যান্টি ন্যাশনালস। তাই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের ইন্টারভেনশন দাবি করছি।

(নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন)

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এখানে আছেন, একজন অভিজ্ঞ ব্যক্তি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও আছেন, আমি কালকে হাউসে আসতে পারিনি। আমি রেডিও রিভিউ (গোলমাল).... এবং কাগজে দেখলাম যে এই বিষয়ে মাননীয় সদস্য মানব মুখার্জি গতকাল তুলেছেন (গোলমাল) ..... আমি নিজে জানি যে একটা বিষয়ে দুবার করে আলোচনা হয় না। তবুও আমি আপনার কাছে সনির্বন্ধ অনুরোধ করছি এই ব্যাপারটা একটু ভেবে দেখবেন। মাননীয় মুখ্যমন্ত্রী সর্বদলীয় মিটিং ডেকেছিলেন, সেখানে রাজ্য কংগ্রেসের সভাপতি, আমি এবং সুব্রত মুখার্জি ছিলাম। সেই মিটিংয়ে কংগ্রেস দলের তরফ থেকে সেখানে সুস্পষ্টভাবে যে চুক্তি হয় এডওয়ার্ড ফিলারো পররাষ্ট্র মন্ত্রী এবং জেকব সাহেব হোম মিনিস্টার মাননীয় মুখ্যমন্ত্রীর আমন্ত্রণে এসেছিলেন, সেই সর্বদলীয় মিটিংয়ে সকলের সামনে আমরা এতে সম্মতি দিয়েছিলাম এবং সেখানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রীও ছিলেন। কালকে আমাদের দলীয় সভা হয়েছে, ফার্স্ট মিটিং অফ দি ডব্লু. বি. পি. সি. সি, সেখানে আমরা আমাদের বক্তব্য সুস্পষ্ট করে বলেছি, বিভিন্ন প্রচার মাধ্যমেও আছে। তথাপি যদি এই মাডস লিংগকিং অ্যালাউ করেন, তাহলে এর জন্য যে আলোচনা হবে তারজন্য আমরা প্রিপেয়ার। তা নাহলে মাননীয় মানববাবু যে অভিযোগ এখানে করলেন, সেটার ব্যাপারে এখানে আলোচনার সুযোগ আমাদের দিতে হবে, তা নাহলে এটা ইরেজ করতে হবে, এক্সপাঞ্জ করতে হবে। We reiterate we appreciate the role of the Hon'ble Chief Minister, the readiness of the State Government in complying with the Govt. of India to maintain the international obligation of India. আমরা একাধিকবার বলেছি, কালকেও আমরা বলেছি। আমরা বারবার বলেছি চিফ মিনিস্টারকে। হি ওয়াজ গুড এনাফ। তিনি যে ডেভেলপমেন্ট অ্যাসপেক্ট নিয়েছেন—মানি হ্যাজ অলরেডি কাম। কিন্তু এখানে মাডস লিংগকিং হচ্ছে। আমাদের মধ্যে তিক্ততা সৃষ্টির কোনও প্রয়োজন নেই। কালকে যে বিষয়ে এখানে আলোচনা হয়েছে, আজকেও যদি সেটা এখানে তুলতে দেন, তাহলে ইউ সাসপেন্ড the question hour-Let us discuss it. We are prepared.

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ কংগ্রেস দলের বক্তব্য নিয়ে আমাদের বক্তব্য নয়—মাননীয় সদস্য যে কথা বলেছেন বিরোধীদল নেতার মনোভাবটা কি? তিনি বি. জে. পি-র সঙ্গে কি কথা বলেছেন, এই কথা আমরা বিরোধী দল নেতার কাছ থেকে এখানে জানতে চাই। তিনি বি. জে. পি নেতৃত্বর সঙ্গে তিন বিঘা নিয়ে কথাবার্তা বলেছেন, এই ব্যাপারে তার মনোভাব কি? আমরা তার কাছ থেকে এই হাউসে বক্তব্য শুনতে চাই।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, একটা পয়েন্ট অফ অর্ডার। স্যার, একাধিক রুলিং আছে, বোথ দি হাউসেস অফ পার্লামেন্ট এণ্ড কমনওয়েলথ, কারোর বিরুদ্ধে সুস্পষ্ট কোনও অভিযোগ যদি থাকে, বিরোধী দল নেতার বিরুদ্ধে এখানে অভিযোগ করা হয়েছে। হোয়েদার দি লিডার of the oppostition has been notified earlier যিনি এই হাউসের সদস্য নন, সেই মানব সম্পদ দপ্তরের মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। আমি আইনের কথা এখানে বলছি। এটা আমি আবার বলছি, You cannot allow such allegation unless

it has been notified, unless he has been given advance notice that you would raise such an allegation on so and so time and on so and so period. এবং এই নোটিশ না দিয়ে কোনও অ্যালিগেশন্ করা যায়না। যদি আপনি অ্যালাউ করেন তাহলে আপনাকে নোটিশ দিতে হবে। ইট মাস্ট বি এক্সপাঞ্জড, নইলে আপনাকে অ্যালাউ করতে হবে আলোচনার জন্য এবং উই আর নট অ্যাফ্রেড, মাননীয় বুদ্ধদেব বাবু বেশ অভিজ্ঞ এবং রুচিসম্পন্ন মানুষ এবং অনেক সুস্থ নজির তিনি স্থাপন করেছেন। নোটিশ না দিলে এটা আপনি করতে পারেন না এবং আপনি এটা এক্সপাঞ্জ করুন। অনারেবল মেম্বার মানব মুখার্জ্জি লিডার অফ দি অপোজিশন সম্বন্ধে যে কথা বলেছেন, এটা বে-আইনি, এটা হতে পারেনা, এটা আপনি এক্সপাঞ্জ করতে বাধ্য।

শ্রী রবীন মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব আশ্চর্য হয়ে যাই, যে বিষয়টা হল একটা আন্তর্জাতিক চুক্তি ভারত এবং বাংলাদেশের মধ্যে। এটা কেন্দ্রীয় সরকারের দায়বদ্ধতা, এটা আন্তর্জাতিক দায়বদ্ধতা। এটা প্রায় একটা রাজ্য, রাজ্য ব্যাপার হয়ে যাচ্ছে এবং আমরা কয়েকদিন যাবৎ দেখছি এটা নিয়ে কথা হচ্ছে। এটা ঠিক যে ঐ ভদ্রলোক, বিরোধীদল নেতা, তার পুরনো ইতিহাস—১৯৭০-৭১ দশকে—তৎকালীন সময়ে স্বরাষ্ট্র দপ্তরের যে সমস্ত অফিসার ছিল তাদের সঙ্গে বসে চক্রান্ত করে আমাদের রাজ্যে হাজার হাজার মানুষকে খুন করিয়েছিল এবং এখন যে সমস্ত নক্কারজনক আঁতাত বি. জে. পি-র সঙ্গে করছে, আর ঐ ভদ্রমহিলা, যার অতীতের ইতিহাস হল সব লণ্ডভণ্ড করে দেওয়া। আমরা এখানে মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই যে কেন্দ্রের সঙ্গে তার কি ব্যাপার হয়েছে এবং কেন্দ্রের আন্তর্জাতিক দায়বদ্ধতা, সেই ব্যাপারে তাদের কি ভূমিকা এবং এই যেখানে অবস্থা সেখানে কংগ্রেসের কি ভূমিকা, আর এই বিরোধীদল নেতার অতীত ইতিহাস তো ভাল না, তার চক্রান্তে কয়েক হাজার মানুষ খুন হয়েছে এবং রঞ্জিত গুপ্তর সঙ্গে তার আঁতাত ছিল এবং বর্তমানে বি. জে. পি-র সঙ্গে সম্পর্ক রেখে সীমান্তে একটা সংঘর্ষ বাঁধাতে চাইছে, সেখানে একটা রক্তাক্ত সংঘর্ষ বাঁধাতে চাইছে। এই ব্যাপারে কংগ্রেস দলের কি ভূমিকা এবং সিদ্ধার্থশঙ্কর রায়ের কি ভূমিকা, এই বিষয়টা মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন, এটা অত্যন্ত আরজেন্ট ব্যাপার, আজকে প্রশ্ন স্থগিত রেখে কেন্দ্রের সাথে কি যোগাযোগ হয়েছে এবং আমাদের ভূমিকাটা কি সেই ব্যাপারে আমাদের এনলাইটেন করুন।

[11-10 – 11-20 A.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, আমি একাধিকবার সাবমিট করেছি রুল কোট করেছি। রুল ৩২৮য়ে বলা আছে A member while speaking shall not—I invite your attention to Rule 328—

(i) refer to any matter of fact on which a judicial decision is pending;

(ii) make a personal charge against a member.

আমি যে কথা একবার বলেছি, এখানেও বলা আছে, এটা স্যার বারবার বলেছি। আপনি এটা অ্যালাও করতে পারেন না। you cannot allow such unnotified mat-

ter. আইন মানতে বাধ্য। you issue notice. আইন ভাঙ্গবার অধিকার আপনার নেই, মাননীয় মুখ্যমন্ত্রীর নেই, মাননীয় বুদ্ধদেববাবুর নেই। তবে বে-আইনী সারা পশ্চিমবাংলাতেই হচ্ছে। আইনের শাসন নেই। আপনি যদি বিধানসভাতেও অনুমতি দেন তাহলে আমরা দুঃখিত হব। We are prepared to suspend the question hour and fix a date. We will participate in the discussion. But it should be according to rule. All what they have said must be expunged. You have no other alternative.

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ এই বিধানসভায় কোয়েশ্চেন আওয়ারের সময় মাননীয় বিরোধীদলের নেতা দাবি করেছিলেন যে, এয়ার পোর্টে কি হয়েছে আলোচনা চাই। আলোচনা হল। ওঁনারা বললেন, মুখ্যমন্ত্রীকে এসে আলোচনায় অংশগ্রহণ করতে হবে। মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিংসে কাজ করছিলেন। আমি বলছি, এই অভিযোগটা গুরুতর। তিনি এখন কোথায় আছেন? তিনি আসেন না কেন? আপনাদের অনুরোধে মুখ্যমন্ত্রীকে আনা হয়েছিল। আমি বলার সঙ্গে মুখ্যমন্ত্রী বললেন আমি যাব এবং আলোচনা করব। মুখ্যমন্ত্রী নিজে চলে এসেছিলেন। বিরোধীদলের নেতা, তিনি আসুন এখানে এবং আমাদের জানিয়ে দিন যে বি. জে. পির সঙ্গে কথা বলেছেন কি না? এবং বি. জে. পি.র সঙ্গে সম্পর্ক নেই।

শ্রী নির্মলকুমার দাস ঃ স্যার, বিরোধীদলের মাননীয় সদস্য আইনের কথা তুলছেন। আইনের শাসনের কথা যাঁরা বলেন তাদের বলি বহরমপুরে পরশুদিন মাননীয় বিরোধীদলের নেতা, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী পুলিশকে বলেছেন যে, যদি নির্বাচনে হেরে যাই তাহলে ডাণ্ডা মেরে ঠাণ্ডা করে দেব। এই কথা বহরমপুরে বলে এসেছেন। পুলিশকে বলেছেন যে ডাণ্ডা মেরে ঠাণ্ডা করে দেব। এটা আইনের শাসনের কথা? এরা একটা বাতাবরণ সৃষ্টি করছে কি করে অশান্তি করা যায়। উপ-নির্বাচনের হার নিশ্চিত জেনে এরা একটা অরাজক অবস্থার সৃষ্টি করতে চাইছে। মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বলুন এই সমস্ত সমাজবিরোধী, গুণ্ডা তাঁদেরকে নিয়ে নির্বাচন পণ্ড করতে চাইছে। ধনতান্ত্রিক যে পরিবেশ আছে, যে সুস্থ পরিবেশ আছে তাকে নষ্ট করতে চাইছে। বিরোধীদলের নেতা, প্রাক্তন মন্ত্রী এবং বর্তমান মন্ত্রী—তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমি স্পেসিফিক নজির তুলেছি স্যার। আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। উই আর waiting upon your ruling এখানে এত পাগল ঢুকে গেছে জানতাম না তো। উই আর নট shouldering the wilderness যে কথা মাননীয় বুদ্ধদেববাবু বললেন, উই রেজড a motion against the administration but not against a person আজকে আপনি এটা পারেন না। You cannot raised this against a person—not to speak of the Leader of the Opposition who is enjoying the status of a Minister. You have no authority to raise this. So, you have to expunge it. We will again decide our course of action.

শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ আবেদিন সাহেব যা বলেছেন যে, আইনের বাধা আছে। কিন্তু যদি অন ক্লোজ স্ক্রুটিনি করা যায় তাহলে দেখা যাবে বাধা নেই।

(নয়েজ),

(সেভারাল কংগ্রেস আই মেম্বারস রোজ টু স্পিক)।

মিঃ স্পিকার ঃ বসুন, বসুন, বসুন।

(কংগ্রেস (আই) দলের বিভিন্ন সদস্য বক্তব্য রাখবার জন্য দাঁড়ান।ঃ

(গোলমাল এবং বাধাদান)

শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ আমার বক্তব্য হচ্ছে, আবেদিন সাহেব চিকিৎসার কথা বলতে পারেন, কিন্তু আইনের ব্যাপারটা উনি কি করে বুঝবেন এসব? সেইজন্য বলছি, আমরা চাই আলোচনা হোক, আলোচনায় অনেক কিছু বেরিয়ে আসবে।

(কংগ্রেস (আই) দলের বিভিন্ন সদস্য বক্তব্য রাখবার জন্য দাঁড়ান।ঃ)

(গোলমাল এবং বাধাদান)

Mr. Speaker : Now Shri Saktiprasad Bal.

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনি আজকে এই বিষয়ে আলোচনার জন্য সুযোগ দিয়েছেন। আমি এই প্রসঙ্গে গতকালকের খবরের কাগজ দেখে উল্লেখ করতে এই বিষয়ে আলোচনার জন্য নোটিশ দিয়েছি। আমি আপনাকে ধন্যবাদ জানাই আপনি এই বিষয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন বলে। আমি স্যার, বিরোধী পক্ষের লোক জয়নাল সাহেবের ....

(গোলমাল এবং বাধাদান।)

আমি বিনয়ের সঙ্গে বিরোধী দলকে বলব, একটা দেশের সার্বভৌমত্বের প্রশ্ন যেখানে জড়িত, আজকে যে ব্যাপারে আন্তর্জাতিক চুক্তি রূপায়ণে দেরি হয়ে গিয়েছে, যে দেরি নিয়ে দু দেশের সম্পর্কে অবনতি ঘটেছে এবং অনেক দূর জল গড়িয়েছে, ইন্দিরা-মুজিব রূপায়ণে দু দেশের প্রধানমন্ত্রী—ভারতের প্রধানমন্ত্রী নরসিমা রাও এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী খালেদা জিয়া—দু জন দীর্ঘ সময় ধরে আলোচনা করে এই চুক্তি রূপায়ণের তারিখ পর্যন্ত ঠিক করেছেন, আজকে মাননীয় নেত্রী মমতা ব্যানার্জি তিনি কোন অধিকারে, বিশেষ করে বিধানসভার বিধায়কেরা, পশ্চিমবাংলার বিধানসভার ঐতিহ্য শুধু সারা ভারতবর্ষে নয়, সারা পৃথিবীর ঐতিহ্যমণ্ডিত সেই বিধানসভার কয়েকজন সদস্য আবেদন করে চুক্তি রূপায়ণে স্ক্রুটিনী করতে চান, কোন অধিকারে? কয়েকদিন আগে দু দেশের প্রধানমন্ত্রী চুক্তি রূপায়ণ সম্পর্কে আলাপ-আলোচনা করেছেন, সমস্ত জিনিস আলাপ-আলোচনা করেছেন এবং কবে রূপায়িত হবে তার দিন নির্দিষ্ট হয়ে গিয়েছে। আজ আমি কংগ্রেস পরিষদীয় দলের বিধানসভা সদস্যদের আমি খুব শঙ্কিত হয়ে একটা প্রশ্ন রাখছি, এতে কি দেশের সার্বভৌমত্ব ক্ষুণ্ণ হবে না। এই বিষয়ে আপনি আলোচনার সুযোগ দিয়েছেন, সেই সুযোগে, ওঁদের দিক থেকে যাঁরা এটা চাইছেন, তাঁদের নিন্দা করে একটা প্রস্তাব আমি রাখছি।

(কংগ্রেস (আই) দলের বিভিন্ন সদস্য বক্তব্য রাখবার জন্য দাঁড়ান।)

(গোলমাল।)

Mr. Speaker : Now Sri Manabendra Mukherjee.

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ স্যার, আমি কোনও অভিযোগ উত্থাপিত করি নি। আমি যে দাবি করেছি সেটা হল, বিধানসভার বিরোধী দলের নেতা গোপনে বি. জে. পির সাথে মিটিং করেছেন, সেই ব্যাপারে আমরা আলোচনা করার দাবি করেছি। আমরা আপনার কাছে দাবি করেছি, বিরোধী দলের নেতা তিনি এই ব্যাপারে স্টেটমেন্ট করুন, তাঁর উপস্থিতিতে আলোচনা চেয়েছি, অনুপস্থিতিতে আলোচনা চাই নি। মাননীয় জয়নাল সাহেবকে ধন্যবাদ তিনি কংগ্রেস দলের যে নির্দিষ্ট অবস্থানের কথা বলেছে তাতে নিঃসন্দেহে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের অবস্থাকে স্টেনদেন করবে। তাঁর বক্তব্যের জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। একজন বৃদ্ধ ক্ষমতালোভী ব্যক্তি তিনি ক্ষমতালিপ্সার চক্রান্ত করবেন একটা সাম্প্রদায়িক দলের সঙ্গে এই জিনিস সমর্থনযোগ্য নয়। আবার বলছি, ডিসকাশন দাবি করছি। মাননীয় বিরোধী দলের নেতার উপস্থিতিতে ডিসকাশন হোক, এই আমাদের দাবি।

(গোলমাল এবং বাধাদান।)

[11-20 – 11-30 A.M.]

Shri Gyan Singh Sohan Pal : Mr. Speaker Sir, Dr. Abedin has raised a point of order. He has drawn your attention to rule 328, sub-rule (2) and other sub-rules, where it has been stated that "A member while speaking shall not make a personal charge against a member". You can also see sub-rule (5) in this regard. Mr. Mukherjee has made personal allegations against Shri Siddhartha Sankar Ray who is not less than a person—the Leader of the Opposition. A member has the liberty to bring to the notice of the House about various issues. But when a personal charge is brought against another member the rule and the convention provide that the member so named shall have to be informed well in advance so that he may remain present in the House and defend himself. Unfortunately Mr. Mukherjee, I am shocked and surprised to think that he has been supported by our Hon'ble Minister in charge of Information and Cultural Affairs Deptt. He has compared two different things. When we have demanded the presence of the Hon'ble Chief Minister in the House at that particular moment we were discussing something relating to the administrative affairs. It has no connection with any particular persons character. So the House has demanded the presence of the concerned Minister in the House. Whereas in this particular case it is not the same. Mr. Mukherjee has done something against the rules and conventions and I am shocked and

surprised, Sir, that inspite of repeated attention drawn he has not been stopped by you. You have liberty to seek the assistance of the members for clarification of the matter. But the members who stand to assist you will certainly not repeat the same subject, will not speak on the same subject in different languages.

So I fully endorse the contention made by Dr. Abedin that the speech as made by Mr. Mukherjee and the rest of the members, what they said against Mr. Siddhartha Sankar Ray in their personal capacity and capability should entirely be expunged. If you do not do so, we will have to decide our future course of action. Thank you Sir.

শ্রী জ্যোতি বসু ঃ স্পিকার মহোদয়, সাধারণ ভাবে এখানে পদ্ধতি হচ্ছে যে, প্রশ্নোত্তরের পরে এই সব নানা রকম প্রশ্ন আসে সদস্যদের কাছ থেকে, সেইগুলো তখন আলোচনা হয়, সদস্যরা সেইগুলো সম্বন্ধে বলেন। কিন্তু কিছুদিন ধরেই দেখছি বিরোধী দল থেকে তারা এই প্রশ্ন হওয়ার আগেই নানা রকম তর্ক বিতর্ক তুলে দেন, দাবি করেন এই আলোচনা করতে হবে, অমুককে আসতে হবে, এক্ষুণি আলোচনা চাই। এক ঘন্টার জন্যও তারা অপেক্ষা করতে পারেন না। এই নিয়মটা তারা লঙ্ঘন করেছেন বারেবারে। আমাদের এদিক থেকে আমরা চাই না যে নিয়ম লঙ্ঘিত হোক। কারণ প্রশ্নোত্তর গুরুত্বপূর্ণ। তারপরে এই সব কথা হতে পারে। এই সব কথা ওঠানোটা স্বাভাবিক। কিন্তু আমি একটা কথা না বলে পারছি না যে এটা কোনও ব্যক্তিগত কোনও আক্রমণের কথা নয়। একটা আন্তর্জাতিক চুক্তির সঙ্গে কংগ্রেস সরকার এবং এখানেও আমি যতদূর জানি সেদিন আমি সবাইকে নিয়ে মিটিং করেছিলাম, সমস্ত দলকে নিয়ে। তাঁরা সুস্পষ্ট ভাবে বললেন যে এই চুক্তির পক্ষে আমরা। আমরা সাহায্য করব এই চুক্তি রূপায়িত করবার জন্য। এটা তারা বলেন। কিন্তু কংগ্রেসের মধ্যে তো নানা রকম মনোভাব আছে, সিদ্ধার্থ রায়কে হয়তো ওরা জানেননি, বিরোধী দলের নেতাকে তারা আনেননি। তিনি ছিলেন এখানে, হাউসে এই প্রিসিন্টিসের কথা কোথাও ছিলেন। কিন্তু সেই মিটিং-এ হয়তো ওরা ওঁকে নিয়ে যাননি, তিনি যাননি। তারপর আমরা শুনতে পাচ্ছি এটাও—এটা কোনও ব্যক্তিগত চার্জ নয়, এটা কোনও ব্যক্তির ব্যাপার নয়, এটা হচ্ছে কংগ্রেসের মধ্যে একটা অংশ এবং তার মধ্যে সিদ্ধার্থশঙ্কর রায়—মাননীয় সদস্যরা বলছেন নামটা পাওয়া গেছে, হয়তো আরও দু একটা পাওয়া যেতে পারে পরবর্তীকালে। এটা মারাত্মক কথা, সিদ্ধার্থশঙ্কর রায়কে নিশ্চয়ই এটার জবাব দিতে হবে। কারণ এখানে একজন সদস্যও বললেন না যে, না, উনি দেখা করেন নি কারোর সঙ্গে, বি. জে. পি.'র সঙ্গে। একজনও এই কথা বলেন নি। ওরাও বোধ হয় অনেকে জানেন—আর কংগ্রেসের মুশকিল হচ্ছে যে, কংগ্রেসের মধ্যে দলাদলি আছে, কে কোনটা কি করছেন, কেউ জানেন না এবং স্পিকার মহাশয়, কালকে প্রধানমন্ত্রীকে দিল্লিতে ফোন করেছিলাম। আমি বললাম আমাদের খুব ভাল একটা সর্বদলীয় মিটিং হয়ে গেছে। এক বি. জে. পি. ছাড়া কেউ সেখানে বিশেষ আপত্তি তোলেন নি। কারও কারও প্রশ্ন কিছু ছিল। এটা হয়েছে। কিন্তু আমি বললাম—আমি বলতে বাধ্য আপনাকে যে, চুক্তিটা আপনার, কেন্দ্রীয় সরকারের, বাংলাদেশ সরকারের সঙ্গে, বাংলাদেশ রাষ্ট্রের সঙ্গে এবং সেখানে আমরা এটা নিশ্চয়ই আশা করি যে কংগ্রেস দল,

প্রতিদিন যারা আমাদের বিরুদ্ধে চিৎকার করছেন, করুন, তাদের অধিকার আছে এটা করার, কিন্তু তারা একবারও সেখানে যাচ্ছেন না, তিন বিঘাতে গিয়ে মানুষকে কিছু বলছেন না ওদের মতামত সম্বন্ধে। এবং প্রধানমন্ত্রী আমাকে বললেন যে, না আপনি এটা ভাববেন না। আমি ওদের ডেকে পাঠিয়েছি এবং আজকে বোধ হয় মিটিং আছে। এখান থেকে কংগ্রেসের প্রতিনিধি কারা গেছেন আমি ঠিক জানি না, কয়েকজনের ওখানে যাবার কথা এবং নিশ্চয়ই সিদ্ধার্থ বাবু তাঁদের সঙ্গে যাননি বলে আমার ধারণা। কারণ ওরা একটা অন্য রকম মতের কথা আমরা শুনতে পাচ্ছি। এই জন্য এটা রাজনৈতিক ব্যাপার, এটা কোনও পার্সনাল অ্যাটাক কারোর বিরুদ্ধে নয়। কাউকে পার্সনাল আক্রমণ করা হচ্ছে না। কংগ্রেসির তারা নিজেদের ঘরে ব্যবস্থা করুন এটা। যা কথা দিয়েছেন আমাদের সেটা করুন। কিন্তু যিনি বিরোধী দলের নেতা, তিনি এখন কংগ্রেসের সভাপতি নন, কিন্তু বিরোধী দলের নেতা, তাঁরও তো একটা মর্যাদা আছে, তাঁরও একটা পোজিশন আছে পার্টির মধ্যে। কিন্তু তিনি যদি এই ভাবে গোপনে গোপনে বি. জে. পি.'র সঙ্গে কথা বলেন—এইসব নিয়ে এমন ও কথা আমি শুনেছি, তিনি বলেছেন, রিমার্ক করেছেন যে, জ্যোতিবসুরা বিপদে পড়েছে, উই শুড টেক অ্যাডভানটেজ অব ইট। আমরা কেন এগিয়ে যাব এই সব করার জন্য? সেই জন্য এটা নিশ্চয়ই আলোচনার বিষয় এবং আমি আশা করি, যেমন আমাকে খবর দেওয়া হয়েছিল, সিদ্ধার্থ বাবুকেও খবর দেওয়া হবে, উনি আসবেন এখানে এবং দাঁড়িয়ে বলবেন কার সঙ্গে কি কথা বলেছেন যা খবর আছে সেটা ঠিক কি না, উনি অন্তত খোলাখুলি সেটা বলে যান। তারপর আমরা কি বিশ্বাস করব না করব, এটা আমরা দেখব।

Mr. Speaker : Today, at the outset, before the question hour could be taken up, the Honourable Member, Shri Manabendra Mukherjee supported by several other members of the Ruling Front has raised a question to keep the question hour under suspension and to take up the discussion on a very urgent matter of public importance relating to Tinbigha. In support of his contention, he has raised several issues in which he mentions the question of the Leader of the Opposition having met a certain political party and also of a Central Minister's planning to go to that area and an apprehension of certain disturbances as a result of the activities of the Leader of the Opposition and of the visit of the Central Minister.

My attention has been drawn to Rule 328 (2) and (5) by the Honourable Member Dr. Zainal Abedin and Shri Gyan Singh Sohan Pal. They object on a point of order primarily that this discussion connot be held and should not be held. Basically because it is a personal allegation against the Leader of the Opposition and for which no notice has been given to him which under the convention of this House has to be done so that an opportunity is given to him to explain his position and after which only a discussion can be held. The question before me at the moment is whether the question hour should be suspended or not

primarily, and whether this question hour shall be taken up or not ? I have heard various sections of the House. The issue is very important. It is very current and important. It has come up several times in the House. But it is an on-going issue. The Tinbigha issue is still a very contentious matter and it is an on-going issue which will be going for several more weeks in the State, may be for a long period and even after that. As such, there cannot be a limit to its discussion. Because everyday new facets of the problem will be arising. It cannot be put out because the matter has been raised. Any issue which has been discussed and after that if a new point or a new facet arises then that has to be discussed and that should be discussed. Because we have other rules where once a matter has been discussed in the House, it should not be discussed in the same Session. But if a new facet occurs or a new situation develops arising out of the same issue in the same Session, I think those things should be considered. As it is of a very urgent public importance, it should be discussed but very carefully it should be considered. Not as a matter of a general rule. The Tinbigha issue is very serious. This matter should be considered very seriously and certain considerations should be given for discussion to be allowed. At the present instance I am not willing to relex and suspend the question hour. Today, we will have question hour. But we keep this issue pending. I treat this question raised by Shri Manabendra Mukherjee as a notice to the Leader of the Opposition. Let him come back to the House, and we will fix up a date. When the matter will be taken up he will be given an opportunity to clarify his position and explain his stand whatever he has on it. I treat this is a notice given by him to him on the floor of the House. A copy of the notice may be served to him by Shri Manabendra Mukherjee.

Now, we take up the questions.

(Noise)

Shri Gyan Singh Sohan Pal : Sir, the whole proceedings should be expunged.

Mr. Speaker : That cannot be expunged. Until I have heard the Leader of the Opposition that cannot be expunged.

(Noise)

(At this stage, the Congress (I) Members walked out of the Chamber.)

(A moment later, the Congress (I) Members again entered the House)

Held over Starred Questions
(to which oral answers were given)

নারী ধর্ষণের ঘটনা

***৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জুন ১৯৯১ থেকে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত পশ্চিমবঙ্গে নারী ধর্ষণের কতগুলি ঘটনা ঘটেছে?

শ্রী জ্যোতি বসু ঃ

৩২২টি।

[11-30 – 11-40 A.M.]

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জবাব দেবেন কি, আপনি স্বীকার করেছেন গত ৮ মাসে পশ্চিমবঙ্গে ৩২২টি নারী ধর্ষণের ঘটনা ঘটেছে, এই অবস্থায় রাজ্য সরকার কি মনে করে না যে, ১৯৭২ থেকে '৭৭ সালের চেয়ে বর্তমানে এ রাজ্যে মা বোনেদের নিরাপত্তা কমে গেছে?

মিঃ স্পিকার ঃ না, হবে না। মনে করে দিয়ে প্রশ্ন হয় না।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ এই ঘটনায় এফ. আই. আর নেমড কতজন অপরাধীর সাজা হয়েছে এবং কতগুলিকে গ্রেপ্তার করা হয়নি?

শ্রী জ্যোতি বসু ঃ এখানে আমি ৩২২টি বললাম। ৩১৫টি ঘটনা হচ্ছে পশ্চিমবঙ্গ পুলিশের আওতার মধ্যে আর ৭টি কলকাতার। এর মধ্যে ৩১৫টি যে কেস হয়েছে তারমধ্যে ৩২০ জনকে গ্রেপ্তার করা হয়েছে, কিন্তু আরও গ্রেপ্তার বাকি আছে, কারণ ৪৩০ জনের নাম ছিল এফ. আই. আরে। তাদের ক্রমশ গ্রেপ্তার করার চেষ্টা হচ্ছে। এইসব হল পশ্চিমবাংলা পুলিশের আওতার মধ্যে আর যে ৭টি কলকাতা পুলিশের আওতার মধ্যে তার মধ্যে ১টি কেসে চার্জশিট দেওয়া হয়েছে ৪ জনের বিরুদ্ধে এবং বাকি আছে এখনও, সবগুলি তদন্ত চলছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, বিলো ১৮ ইয়ারস নাবালিকা যাদের বলা হয়—এই ৩২২টি কেসের মধ্যে, গণ-ধর্ষণের কোনও রেকর্ড আপনার কাছে আছে কি, নাবালিকার গণধর্ষণের রেকর্ড?

শ্রী জ্যোতি বসু ঃ বয়সের হিসাব আমার কাছে নেই।

শ্রী সৌগত রায় ঃ গ্যাঙরেপ কিম্বা মাস রেপের কোনও রেকর্ড?

শ্রী জ্যোতি বসু ঃ গ্যাঙরেপের কোনও রেকর্ড নেই। ৩২২টির মধ্যে ৭টি কলকাতার আর ৩১৫টি বাইরের।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, ৪৩০ জনের বিরুদ্ধে যে এফ. আই. আর লজ করা হয়েছে তারমধ্যে কতজন সি. পি. এম দলের আর এই যে ৩২০ জন গ্রেপ্তার হয়েছে তারমধ্যে কতজন সি. পি. এম দলের?

শ্রী জ্যোতি বসু ঃ রাজনৈতিক প্রশ্নে একটাও সি. পি. এমের নেই, কংগ্রেসের থাকতে পারে, আমি জানি না।

শ্রী আব্দুল মান্নান ঃ এই ৩২২টি ধর্ষণের ঘটনার সঙ্গে সরকারি কর্মচারী কিম্বা পুলিশ কর্মচারী কতজন জড়িত আছেন?

শ্রী জ্যোতি বসু ঃ এইরকম কোন রেকর্ড আমার কাছে নেই।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, জুন ১৯৯১ থেকে জানুয়ারি ১৯৯২ মধ্যে কলকাতা পুলিশ এলাকায় এই ধরনের যে ৭টি ঘটনা ঘটেছে, অনুরূপভাবে রাজধানী দিল্লিতে ঘটনা কিরূপ ঘটেছে এইরকম ইনফরমেশন আপনার আছে কি?

মিঃ স্পিকার ঃ এটা হয় না।

Number of Undertrial persons under Narcotic Drugs and Psychotropic Substances Act

***93** (Admitted Question No. ***256) Shri Ambica Banerji** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of persons who were undertrial for offences under the Narcotic Drugs and Psychotropic Substances Act during 1989 and 1990 (including those persons brought forward from the previous year);

(b) the number of such persons whose

(i) cases were compounded or withdrawn;

(ii) trial was completed;

(iii) trial remained pending at the end of the year;

(c) the number of such persons c nvicted;

(d) the percentage of persons

(i) whose trial remained pending; and

(ii) convicted to trials completed ?

Shri Jyoti Basu :

(a) 1,188 persons in 1989 and 1,599 persons in 1990.

(b) (i) Nil in 1989 and Nil in 1990.

(ii) 28 persons in 1980 and 36 persons in 1990

(iii) 1,160 persons in 1989 and 1,553 persons in 1990.

(c) 22 persons in 1989 and 30 persons in 1990

(d) (i) 97.6% (Approx) in 1989 & 97.7% (Approx) in 1990

(ii) 78.5% (Approx) in 1980 & 83.3% (Approx) in 1990

[11-40 – 11-50 A.M.]

Shri Saugata Roy : Sir, there seems to be a rising trend in the number of persons who were under trial for offences, under the Narcotic Drugs and Psychotropic Substances Act. Will the Hon'ble Chief Minister be please to state the reasons for this rising trend in drug addiction and drug offences and the steps by the Government to control the same ?

Shri Jyoti Basu : I have not compared the figures but there may be a little rise in the figures, as I have said in the Police Budget. But more than that I just cann't say now.

Shri Saugata Ray : Sir, from the answer given by the Chief Minister, it appears he is not prepared at all.

Shri Jyoti Basu : Every question has been answerd. Mr. Speaker, Sir, the question here was about persons under trial for offences, under the Narcotic Drugs and Psychotropic Substances Act during 1989-90, this question has been answered as 1188 and so on. Then the number of such persons whose cases were compounded or withdrawn, answer has also been given. About the trials completed and trials remained pending at the end of the year. I have given the answer. Regarding convicted also I have given the answer. He wanted to ask the figures that have also given.

Shri Saugata Ray : Sir, what the Hon'ble Chief Minister says, I agree. Sir, you know all the answers are prepared by officers beforehand are kept in the library. Anyone can look that. The Chief Minister just read out the answer again. But what the House is meant for is ask further supplementary or answer related question therefrom.

(Noise)

Mr. Speaker : Mr. Ray what you have said that does not necessarily transpire from the answers given. The persons who remain under trial could be for ten years, twenty years or five years. So your question is not exactly relevant.

Shri Saugata Ray : What is the reason for the rising trends in the number of persons under trial ? The question is compared to the number of cases under trial, the number of conviction is very little here, the number of persons under trial is 1188 and the mumber of conviction is something like 28 or 36. So, naturally, some cases are not completed. May I ask to the Hon'ble Chief Minister, what is the reason for that ? Why so few people are being convicted against drug related offences compared to the number of persons under trial for that ?

Shri Jyoti Basu : For the third time, I say, trial remained pending at the end of the year is 1533 in 1990. And this question should be asked to the Judges in the courts. I cann't give the answer as to why these are pending in the court ? why so few people have been convicted and why the judgements are being given so late ? Put the question to the Judges in the courts.

Shri Saugata Roy : Sir, You are a very well-known criminal lawyer. You know the fact. All I am asking is about convictions. The police Department has to do certain ground-work so that the cases are properly prepared. Why are there so few convictions ? It is not a question of judges. I am saying whether the Police Department has prepared the charge-sheets with sufficient care or not so that the cases are not lost ? That is what I am asking. I do not want a repetition of what the Chief Minister has already said. I feel that the drug-offender people are getting scot-free under this administration, and that is the reason for my concern. Sir, if he doesn't have the answers let it be held over.

Shri Jyoti Basu : How can it be a held over ? Put the question to the judges in power. As he is saying— in all the cases charge—sheets have been issued. If they are pending in the court, please go and

contact the judges in the court.

.....(noise).....

Mr. Speaker : Mr. Ray, the answer gives the percentage of persons whose trial remained pending as 97.6% (approx.) in 1989 and 97.7% (approx.) in 1990. And now, convicted to trial completed, i.e., 78.5% (approx.) in 1989 & 83.3% (approx.) in 1990. That percentage is there. Out of the completed trial the number of persons convicted are 22 persons in 1989 and 30 persons in 1990. Now the question is, there are delays in court. Everybody knows it. Even there is delay in murder cases. That is a process of our judicial system. You can't go into a vague matter on that account.

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সমস্ত ক্রিমিনাল, যারা মাদক ব্যবসার অপরাধে ধরা পড়েছে, তাদের ক্ষেত্রে সেন্ট্রাল ড্রাগ ল্যাবরেটরীর ডিলেটরী প্রসেসের ফলে তাদের রিপোর্ট দেরিতে আসার কারণে অনেক সময় তাদের অনেকের অপরাধ প্রমাণ করা যায় না, ফলে অনেক মাদক ব্যবসায়ী ছাড়া পেয়ে যায়। আমি স্পেসিফিক্যালি বলতে পারি, ক্যালকাটা পোর্ট এলাকার সরবতী লালা এবং বাবুলাল এইভাবে ড্রাগ রিপোর্ট না আসার ফলে ছাড়া পেয়ে গেছে। আপনার কাছে এইরকম সংবাদ আছে কিনা; থাকলে, ঐ রিপোর্ট পাবার ব্যাপারটা যাতে ত্বরান্বিত হয় সে সম্বন্ধে ভাবছেন কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন সেক্ষেত্রে যদি একটু পরিষ্কার করে নাম ঠিকানা দিয়ে বলতেন, তা নাহলে উত্তর দেব কি করে? কোর্টে যেসব কেস আছে সেসব অপরাধের প্রমাণ নিয়েই চার্জ-শিট দেওয়া হয়েছে, কিন্তু তার অনেকগুলোই শেষ হচ্ছে না। এটা উত্তর যা দিয়েছি তার থেকে দেখবেন। কেসগুলো আমরা ঠিকমতো করছি না, চার্জ-সিট ঠিকমতো দিতে পারছি না—আপনার এই স্পেসিফিক প্রশ্নের জবাব কি দেব।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ আমি তো সরবতী লালা এবং বাবুলালের নাম স্পেসিফিক ভাবে বলেছি যারা ক্যালকাটা পোর্ট এলাকার কুখ্যাত মাদক ব্যবসায়ী এবং ইট ইজ নোন টু অল।

(নট রিপ্লায়েড)

ডায়মণ্ডহারবার মহকুমায় ডাকাতি ও নারী নির্যাতনের ঘটনা

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪০) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৮৭ সালের মার্চ মাস থেকে ১৯৯১ সালের মার্চ মাস পর্যন্ত ডায়মণ্ডহারবার মহকুমায়

(ক) ডাকাতির সংখ্যা কত; এবং

(খ) নারী নির্যাতনের সংখ্যা কত?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) ৪৭টি।

(খ) ৩৯৭টি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, এতে কতজন এই পর্যন্ত অ্যাপ্রিহ্যাণ্ডেড হয়েছে এবং শিশু ও নারী নির্যাতনের জন্যই বা কতজন অ্যাপ্রিহ্যাণ্ডেড হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ প্রথম হচ্ছে ডাকাতি, সংখ্যা হচ্ছে ৪৭, যার মধ্যে চার্জশিট হয়েছে ১৬ জনের বিরুদ্ধে। ফাইনাল রিপোর্ট হয়ে গেছে ২০ জনের। ইনভেস্টিগেশন হচ্ছে ১১ জনের বিরুদ্ধে। আমার কাছে অ্যারেস্টের সব ফিগার নেই, তবে কত মামলা করা হয়েছে তার ফিগার দিয়েছি। যতদুর জানি, যেগুলি মামলা হয়েছে, কনভিক্টেড হয়েছে, সেখানে অ্যারেস্ট হয়েছে, ফিগারটা আমার কাছে নেই। আর নারী ধর্ষণের যে প্রশ্নটা করা হয়েছে, সেটা হচ্ছে ৩৯৭। এখানে নাম্বার অব পারসন অ্যারেস্টেড ৯৬৪, চার্জ শিট হয়েছে ২৯৬ জনের বিরুদ্ধে। ফাইনাল রিপোর্ট ৫৪ জনের সম্বন্ধে হয়েছে। আর পেণ্ডিং ইনভেস্টিগেশন হচ্ছে ৪৭।

Arrest Persons under the Essential Commodities Act

***99.** (Admitted Question No. ***895) Chowdhury Abdul Karim** and **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of persons under arrest (in custody or in bail) in connection with offences under Essential Commodities Act (including persons under arrest brought forward from the previous year) during 1990;

(b) the number of such persons released before Trial for want of evidence or other reasons;

(c) the number of such persons charge-sheeted; and

(d) the mumber of such persons under investigation at the end of the year ?

Shri Jyoti Basu :

(a) 1968 persons.

(b) 45 persons.

(c) 964 persons.

(d) 889 persons.

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি বললেন যে ৪৫ জন অসাধু ব্যবসায়ীকে ট্রায়ালের আগে এভিডেন্সের অভাবে ছেড়ে দেওয়া হয়েছে। তাহলে গ্রেপ্তার করা হয়েছিল কিসের ভিত্তিতে?

শ্রী জ্যোতি বসু ঃ অভিযোগ ছিল তাই গ্রেপ্তার করা হয়েছিল। অভিযোগ থাকলেই গ্রেপ্তার করা হয়। কিন্তু সব সময়ে প্রমাণ পাওয়া যায় না, প্রমাণের অভাবে ছেড়ে দিতে হয়। আমি পরিসংখ্যান দিয়ে দিয়েছি যে ১ হাজার ৯৬৮ জনকে অ্যারেস্ট করা হয়েছিল, ৪৫ জনকে ছেড়ে দিতে হয় প্রমাণের অভাবে। চার্জ শিট দেওয়া হয় ৯৬৪ জনের বিরুদ্ধে। এখনও ইনভেস্টিগেশনে আছে ৮৮৯ জন।

সুতি থানা এলাকায় খুনের ঘটনা

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৭) **শ্রী শীশ মহম্মদ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ সালে, জানুয়ারি মাস পর্যন্ত, মুর্শিদাবাদ জেলার সুতি থানা এলাকায় মোট কতগুলি খুনের ঘটনা ঘটেছে;

(খ) এর মধ্যে কতগুলি মামলার (কেসের) চার্জশিট পাঠানো সম্ভব হয়েছে; এবং

(গ) চার্জশিট পাঠানোর ক্ষেত্রে কোনও নির্দিষ্ট সময়সীমা সরকারি নিয়মে আছে কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) ৭ (সাত) টি।

(খ) একটাও না।

(গ) খুনের মামলার ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তির গ্রেপ্তার হওয়ার পরে তিন বছরের মধ্যে ঐ কেসের চার্জশিট দাখিল করতে হয়।

[11-50 – 12-00 A.M.]

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ৭টি খুনের ঘটনা ঘটলো, এই ঘটনাগুলি কোথায় কোথায় ঘটেছে এবং এই ঘটনাগুলি কি কোনও রাজনৈতিক, না পারিবারিক, না অন্য কিছু?

শ্রী জ্যোতি বসু ঃ অঙ্কের হিসাব আমি দিয়েছি যে এগুলি হয়েছে। সবগুলি দেখছি সুতি কেস নম্বর বলে ৬টি আছে। আর ৩টি কেস আছে যেগুলের পোস্ট মর্টেম রিপোর্ট

এখনও পাওয়া যায়নি। আর আমার মনে হচ্ছে, ৬টি কেসের ব্যাপারে যে রিপোর্ট এখানে আছে, প্রত্যেকটি কেসেই তাদের বিরুদ্ধে চার্জশিট হয়েছে, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আর এটা পারিবারিক—এখানে কেন রাজনৈতিক প্রেক্ষাপটে হয়েছে, এই রকম কোনও রিপোর্ট নেই। সেটা আলাদা করে না দেখলে আমি বলতে পারব না।

পুলিশ হেফাজতে বিচারাধীন বন্দির মৃত্যু

***১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৭) শ্রী অরুণ গোস্বামী ঃ** স্বারাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এপ্রিল ১৯৮৭ থেকে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত পুলিশ হেফাজতে কতজন বিচারাধীন বন্দির মৃত্যু হয়েছে (জেলাওয়ারী হিসাব); এবং

(খ) উক্ত বন্দিদের মৃত্যুর কারণ সম্পর্কে কোনও তথ্য থাকলে তা কি কি?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) পুলিশের দায়িত্বাধীনে থাকাকালীন ৭৮ জনের মৃত্যু হয়েছে।

জেলাওয়ারী হিসাব—

কলকাতা	—	১২
উত্তর ২৪ পরগনা	—	৬
দক্ষিণ ২৪ পরগনা	—	১৮
নদীয়া	—	১
মুর্শিদাবাদ	—	২
হাওড়া	—	৩
হুগলি	—	২
মেদিনীপুর	—	৫
বর্দ্ধমান	—	৯
বাঁকুড়া	—	২
বীরভূম	—	২
পুরুলিয়া	—	১
মালদা	—	২
পশ্চিম দিনাজপুর	—	২
জলপাইগুড়ি	—	৭
কুচবিহার	—	৩
দার্জিলিং	—	১

(খ) ডাক্তারের রিপোর্ট অনুযায়ী আত্মহত্যা, অতিরিক্ত মদ্যপান, মাদকদ্রব্য সেবন, গণধোলাই, পুলিশের গুলিতে আঘাত, হৃদরোগ ও অন্যান্য শারীরিক অসুস্থতা ইত্যাদি কারণে বন্দিদের মৃত্যু হয়েছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি আপনার কাছে কিংবা পুলিশ দপ্তরের কাছে নির্দিষ্ট অভিযোগ আছে কি লকআপে পুলিশ পিটিয়ে মেরে ফেলেছে?

শ্রী জ্যোতি বসু ঃ যে সময়ের কথা বলা হচ্ছে ৫ বছর ১৯৮৭ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত এই সময় এই রকম কোন রিপোর্ট নেই। যতগুলি কেস আমি বললাম তার মধ্যে পুলিশ থানায় পিটিয়ে মেরে ফেলে এইরকম কিছু নেই। ম্যাজিস্টেরিয়াল এনকোয়ারি হয়, একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট করেন এবং পোস্টমর্টেম হয়। তাতে এই সব কিছু নেই। তবে এই ঘটনা হয়েছে পশ্চিমবাংলায়, পুলিশ বাজেটের সময় পরিসংখ্যান দিয়েছিলাম। পুলিশের হাতে, পুলিশের দরুন পুলিশ মেরে ফেলেছে এই রকম ঘটনা হয়েছে, এই ব্যাপারে আমি পুলিশ বাজেটে পরিসংখ্যানগুলি দিয়েছিলাম। এখন আমার মনে নেই। এই পরিয়ডে যেটা বলা হচ্ছে সেখানে এই রকম কোনও রিপোর্ট নেই।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যেখানে প্রমান পেলেন পুলিশ পিটিয়ে মেরে ফেলেছে, এই ঘটনা আপনি স্বীকার করেছেন—যারা কিত অ্যাণ্ড কিন তাদের কোনও কমপেনসেশন দেবেন কি এবং যারা মেরে ফেলেছে তাদের শাস্তির ব্যবস্থা হয়েছে? অর্থাৎ যারা কিত অ্যাণ্ড কিন ডেসটিটিউট হয়ে গেল তাদের ক্ষতিপূরণ এবং যারা মেরে ফেলেছে তাদের শাস্তির ব্যবস্থা হয়েছে কি?

শ্রী জ্যোতি বসু ঃ যেগুলি প্রমাণিত হয়েছে তার কত কেস হয়েছে, কি শাস্তির ব্যবস্থা করা হয়েছে এই হিসাব এখন দিতে পারব না। আলাদা করে বললে—আগেরবার আমি বলেছিলাম—দিতে পারব কাদের কাদের হয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ফিগার দিয়ে বললেন এই সময়ে ৭৮ জন মারা গেছে পুলিশের হেফাজতে এই ৭৮ জন মৃত্যুর বিষয়ে সরকারের তরফ থেকে তদন্ত করা হয়েছে কিনা, হলে কতগুলি ক্ষেত্রে হয়েছে এবং এই তদন্ত ডিপার্টমেন্ট করেছে না বিচার বিভাগীয় তদন্ত হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ একটা নিয়ম আছে, নীতি আছে যে একজিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে তদন্ত করতে হয়। পোস্টমর্টেম করতে হয়। তাঁরা উপস্থিত থাকে তারপর এই রিপোর্ট আমাদের কাছে আসে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ কোনও বিচার বিভাগীয় তদন্ত হয়েছে কিনা? সবই কি ডিপার্টমেন্টাল এনকোয়ারী হয়েছে। বিচার বিভাগীয় তদন্ত হল না কেন?

শ্রী জ্যোতি বসু ঃ যে আইন আছে সেই অনুযায়ী হয়েছে, একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট

তদন্ত করেন কোনও জুডিসিয়ারী তদন্ত করে না।

শ্রী দেওকীনন্দন পোদ্দার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন পোস্টমার্টেম রিপোর্টে পাওয়া গেছে অতিরিক্ত মদ্যপানে মারা গেছে। আমি জানতে চাই লক আপে অতিরিক্ত মদ্য পান করতে পারল কি করে?

[12-00 – 12-10 P.M.]

শ্রী জ্যোতি বসু ঃ লকআপে মদ খায় না, মদ খেয়ে মাতাল হয়ে অ্যারেস্ট হয়ে লকআপে যায়। এই হচ্ছে রিপোর্ট—সেখানে তার মৃত্যু হয়েছে। হার্টফেল হয়েছে। মাননীয় সদস্য তো ডাক্তার নন। আপনি ব্যবসা করেন। ডাক্তারদের এই রিপোর্ট। আপনি বলতে পারেন ডাক্তাররা মিথ্যা বলেছেন।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মুখ্যমন্ত্রী অনুগ্রহ করে জানাবেন কি—আপনারা তো বলেন, আমাদের রাজ্য স্বর্গরাজ্য, পুলিশ প্রশাসন খুব ভাল—কেরালায় রাজন বলে একজন তার এই ভাবে মৃত্যু হয়েছিল। তারপর মুখ্যমন্ত্রী করুণাকরণ পদত্যাগ করেছিলেন নৈতিক দায় স্বীকার করে নিয়ে। আপনি কি নৈতিক দায় স্বীকার করে নিয়ে সেই ভারে পদত্যাগ করছেন?

শ্রী জ্যোতি বসু ঃ আপনার এখনও মুখ্যমন্ত্রী হবার সময় হয়নি। একটু অপেক্ষা করুন না? এখন তিন চার বছর আছে। তারপরে দেখা যাবে।

শ্রী সৌগত রায় ঃ এটা ঠিক যে লকআপে মৃত্যুটা সভ্য সমাজে খুব একটা লজ্জাকর ব্যাপার। যদিও মুখ্যমন্ত্রী পদত্যাগ করতে চান না। আমি দেখলাম, গতকাল হাইকোর্টের একজন বিচারক লকআপে সমস্ত মৃত্যু নিয়ে জুডিশিয়াল এনকোয়ারির নির্দ্দেশ দিয়েছেন।

মিঃ স্পিকার ঃ '৭৭ এর পরে—এটা আমিও দেখেছি।

শ্রী সৌগত রায় ঃ '৭৭ এর পর থেকে '৯২ পর্যন্ত লকআপের কেসগুলোর জুডিশিয়াল এনকোয়ারি হবে। এতে হয়ত আরও তথ্য বার হবে যে কিভাবে পুলিশ নির্মম ভাবে থার্ড ডিগ্রি মেথড প্রয়োগ করে মেরে দিয়েছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে পারি কি, জুডিশিয়াল এনকোয়ারির নির্দ্দেশে সরকারের প্রতিক্রিয়া কি; এবং আলাদা ভাবে উনি এই লকআপ ডেথ কমানোর জন্য কোনও নির্দ্দেশ দিয়েছেন কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ আমার প্রতিক্রিয়া আমি বলেছি। আমি স্বরাষ্ট্র বিভাগের অফিসারদের—কাগজে যেটা দেখেছি—সেই জাজমেন্টটা আনবার জন্য বলেছি উনি কি লিখেছেন তা জানিনা। আবার দেখলাম '৭৭ সাল থেকে। '৮৭ সাল থেকে নয় কেন ঠিক বুঝতে পারলাম না। কাজেই জাজমেন্টটার মধ্যে কি আছে না আছে তা পড়ে দেখতে হবে। আর উনি যা বলেছেন, সেই আইনটা নেই যে, কারও এই রকম মৃত্যু হলে তদন্ত করার। আমি ঐ জজ সাহেবকে জিজ্ঞাসা করব।

শ্রী সৌগত রায় ঃ আপনি কমাবার ব্যবস্থা নিয়েছেন? পুলিশকে আপনি কি স্পেসিফিক ইনস্ট্রাকশন দিয়েছেন?

শ্রী জ্যোতি বসু ঃ আপনার কাছে কি শুনব। আপনি তখন কংগ্রেসে ছিলেন কিনা জানিনা—জেলের মধ্যে গুলি করে মারা হয়েছিল এমন ঘটনা ঘটেছিল। সেজন্য এটা আমার আশ্চর্য লাগছে। জাজমেন্ট, এটা যদি সত্যিই হয়ে থাকে, এটা '৭৭ সাল থেকে কেন? স্বাধীনতার পর থেকে নয় কেন? এমার্জেন্সীর সময়ে কি হয়েছিল? প্রয়োজন হলে আইন বদলাতে পারা যাবে কিনা, আমি আইনজ্ঞদের কাছে জিজ্ঞাসা করে নেব। তবে আমি ইতিমধ্যেই বলেছি পুলিশ বাজেটে, দু'তিনবার বলেছি যে, এটা একটা দারুণ খারাপ জিনিস। কোনও একটা সভ্য দেশে এই রকম হওয়া উচিত নয়। লকআপে একবার যাকে ধরা হল, যে যা অপরাধই করুন না কেন, ওয়ান্স হি ইজ ইওর কাস্টডি, ইউ ক্যান নট বিট হিম, ইউ ক্যান নট কিল হিম। এটা আমরা বারে বারে বলেছি। ইন ফ্যাক্ট, আমরা দেখছি অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল—আমাদের সময়ে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ছিল না—এখানে তাঁরা রিপোর্ট দিয়েছেন। তার মধ্যে একটা কেস দিয়েছেন—লকআপের একটা কেস জেলায় হয়েছে। আমি স্বরাষ্ট্র বিভাগকে বলেছি যে, আপনারা কেসটাকে খুঁজে বার করুন। যাইহোক, অ্যামনেস্টি ইন্টারন্যাশনালকে আমরা লিখে দেব। এটা তো ঠিক যে লকআপে মৃত্যু হওয়া উচিত নয়। সব দলেরই এই অ্যাটিচিউড হওয়া উচিত। বাইরে যে ঘটনা ঘটে—বাইরে গুলিগোলা চলে, পুলিশ মারে। সেসব অন্য কথা। কিন্তু একবার যে কাষ্টডিতে এসে যায়, সে যদি ডাকাতিও করে থাকে, সে তো আপনাদের কাস্টডিতে আছে। আপনারা তাকে প্রশ্ন করুন, তাকে মারবার অধিকার কারও নেই। আমি জানি, এইরকম একটা ঘটনা লালবাজারে ঘটেছিল। ভয়ঙ্কর একটা ঘটনা ঘটেছিল। পুলিশ আমাকে একটা রিপোর্ট দিয়েছিল। সেটা আমি বিশ্বাস করিনি। আমি অর্ডার দিয়েছিলাম। এখানে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল লিখেছে যে অনেকে হাজতে আছে—আই ডোন্ট বিলিভ—এটা করতে পারেন না। সেজন্য জুডিশিয়াল এনকোয়ারি করেছিলাম। উনি খুঁজে বার করেছিলেন। যে পুলিশ-এর বিরুদ্ধে অভিযোগ ছিল, যে পুলিশ অফিসার করেছিলেন—হি ইজ ডেড নাউ। কি করব? এতে কিছু করার নেই আমার।

"ব্লু ফিল্ম"

***১২০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৯) শ্রী মনোহর তিরকি ঃ** স্বারাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

'ব্লু ফিল্ম' বাজেয়াপ্ত করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী জ্যোতি বসু ঃ

রাজ্য পুলিশ প্রায়শই হানা দিয়ে "ব্লু" ফিল্ম বিক্রয়কারি ও প্রদর্শনকারিদের গ্রেপ্তার করে ও "ব্লু" ফিল্ম আটক করে এবং অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে থাকে।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ব্লু ফিল্ম প্রোডিউসার

বিভিন্ন জায়গায় হচ্ছে, সেখানে প্রোডিউসারদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়ার কথা রাজ্য চিন্তা করছেন কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ এই ব্লু ফিল্ম বলতে কোনটা বোঝায় তার কোনও ডেফিনেশন দেওয়া নেই, তবে সেক্ষেত্রে আনসেনসার্ড নিয়ে থাকে এবং সেনসারের অনুমতি ছাড়াই দেখানো হয়। আবার অনেক সময়ে দেখা যায় যে, সেনসার্ড ফিল্মের মধ্যেও আনসেনসার্ড তার মধ্যে ঢুকে যাচ্ছে। যারা এগুলো প্রোডিউস করেন তাদের আমরা গ্রেপ্তার করার চেষ্টা করি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, সেনসার্ড বোর্ডের লোকেরা এইসব ব্লু ফিল্ম প্রোডিউসারদের সঙ্গে যুক্ত থাকেন এইরকম খবর বা তথ্য আপনার কাছে আছে কি?

শ্রী জ্যোতি বসু ঃ সেনসার বোর্ড থেকে যেগুলো অনুমতি পায় সেগুলো দেখানোর ব্যাপারে এইরকম রিপোর্ট নেই। সেনসার বোর্ডে এরা জড়িত এইরকম কোনও রিপোর্ট আমার কাছে নেই।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, সম্প্রতি কলকাতায় অনেকগুলো ব্লু ফিল্ম ধরা পড়েছে এবং ব্যাপক আকারে এটা দেখা দিয়েছে, এই ব্যাপারে আপনারা কি কোনও ব্যবস্থা নিচ্ছেন এবং ধরা পড়েছে কিনা জানাবেন কি?

মিঃ স্পিকার ঃ এই প্রশ্ন হয় না।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই যে ব্লু ফিল্ম সারা পশ্চিমবঙ্গে ব্যাপক আকারে চলছে এবং এটা একটা সোশ্যাল ম্যালারি হিসাবে দেখা দিয়েছে। আপনি গ্রামেগঞ্জে শুনে থাকবেন যে এই ভি. ডি. ও ক্যাসেটের প্রতি গ্রামের ছেলে-মেয়েরা ভীষণভাবে আকৃষ্ট হচ্ছে। এমন কি এই ভি. ডি. ও ক্যাসেট যারা দেখায় তাদের সঙ্গে থানার একটা অ্যারেঞ্জমেন্ট থাকে। কিছু কিছু ক্ষেত্রে মানুষ হয়তো প্রতিরোধ করে বা বাধা দেয় কিন্তু তা সত্ত্বেও এই ফিল্ম ব্যাপক আকারে গ্রামে গঞ্জে ছড়িয়ে পড়েছে। এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় সদস্যর সঙ্গে আমিও একেবারে একমত যে গ্রামে গঞ্জে এই জিনিস ব্যাপক আকারে ছড়িয়ে পড়েছে। তবে এক্ষেত্রে যুব সম্প্রদায় বা অন্যান্যরাও যাচ্ছে এবং বিশেষ ব্যবস্থা নেব। কলকাতাতে এই সব ফিল্ম চললে ধরা যায় কিন্তু ওইসব জায়গায় তো ধরার অসুবিধা এবং সেক্ষেত্রে সাধারণ মানুষের সমর্থন আমাদের দরকার আছে। সমস্ত রাজনৈতিক সমর্থন, গণ সংগঠনের সমর্থন এবং সাধারণ মানুষের সমর্থন দরকার। শুধু আইন করে এটা হয় না, আইন তো কঠোর করবই কিন্তু তার সঙ্গে সকলের সহযোগিতা এই ব্যাপারে চাই।

Development of Kuchlibari

***217.** (Admitted Question No. *1762) **Shri Sadhan Pande :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) whether the State Government has prepared any scheme for development of Kuchlibari;

(b) if so,

(i) the salient features of the scheme;

(ii) the financial implications of the proposal; and

(iii) the assistance likely to be received from the Centre for this scheme ?

Shri Jyoti Basu :

Some of the important schemes are—

1) Construction of a puca bridge over river Sati and construction of a few puca roads.

2) Construction of some Zilla Parishad roads and replacement of wooden bridge by a puca bridge on the feeder road.

3) Strongthening of Kuchlibari embankment on Teesta river.

4) Construction of six-bedded Primary Health Centre at Kuchlibari.

5) Construction of Police Station. residential accommodation and communication facilities.

6) Construction of East-West road, Drop Gates and fencing of corridor.

7) Lighting arrangements and public addres system.

8) Two RLI schemes and 42 shallow tubewells under the World Bank Project.

9) To cover the entire area in Kuchlibari under piped water scheme.

10) Setting up of a police outpost at Dhapra Hat.

11) Opening of a branch of a nationalised Bank at Kuchlibari.

12) Upgradation of educational facilities in Kuchlibari.

13) Converting/upgrading the Aid Centre of the Animal Resource Development Department into an additional Aid Development Centre.

14) Construction of drains at Dhapra Hat.

15) Imprevement of market place and its expansion.

Since some schemes are still under formulation the financial implications can not be indicated at this stage. However, in respect of schemes from 1 to 7 above the total cost would be Rs. 3.14 crores.

The Central Government has agreed to sanction Rs. 3.14 crores for execution of some of these schemes. Rs. 2 Crores has been sanctioned during 1991-92.

[12-10 - 12-20 P.M.]

Shri Saugata Roy : Mr. Speaker, Sir, the Hon'ble Chief Minister has kindly stated the details of the development scheme for Kuchlibari which is the place most likely to be affected when Tin Bigha is transferred. Now the Centre has already given three crores. The State Government does not have to spend any money, only it is formulating the scheme and may be implementing it. But it seems that the local people including the local MLAs of the Forward Bloc have a lot of demands, have a lot of agitations, Now I would like to know from the Hon'ble Chief Minister whether a meeting in preparing the schemes, in implementing them there was any discussion, any deliberation at any stage with the local people who are mainly affected ? Whether there was any involvement of the local people of Kuchlibari who seem to be opposing Tin Bigha transfer in formulating the scheme and in implementing. If so, what was the details of the same ?

Shri Jyoti Basu : Discussions have been going on for a long time. I myself went there, met various organisations of that area. They gave me a memorandum, Some of them completely objected, some of them told that the difficulties of Khchlibari people should be looked into. Before I met them I think about a year ago, our ex-Chief Secretary himself went there, discussed with all those people, met their representatives and submitted a report and we submitted it to the Government of India saying that some revision of this scheme is necessary. Instead of cutting for that road not using that road from Kuchlibari to our other

areas we said, that road will be of no use for us. As you know, now it has been decided that for 18 hours that road will be used by us. If necessary, within six hours when they do not have any traffic or any movement then also our people, Indian citizens will be using that road.

I have first sent the ex-Chief Secretary. Because they had some grievances about the development of that area. That is why I am happy that this question has been asked. So all these things we have undertaken. We referred all these things to the Government of India and they immediately and readily agreed to release the amount of Rs. 3.14 crores. If necessary, I think they can provide more money also. This will also be necessary for us. So there is no difficulty about it. About the discussion, I again tell the Hon'ble Member that we have been discussing with the organisations who represented these people but not with any individual.

Shri Saugata Roy : Sir, the only problem seems to be that the Chief Minister has very rightly given in details the discussions he held and the steps he has taken. But the only problem seems to be with the local MLA from Mekhligunj of which Coochlibari is a part. He seems to be objecting to Tinbigha transfer. He has also stated that the MLA from Dinhata is also objecting to this Tinbigha transfer. Now, what I would like to know from the Hon'ble Chief Minister is whether all the MLAs from Coochbehar, particularly from Mekhligunj were involved in this discussion at any stage ? And what was their reaction when the Chief Minister had given this proposal ? After all they are the elected representatives of the people and now they are objecting to the transfer of Tinbigha. So what was their reaction and whether they were discussed in details ?

Shri Jyoti Basu : What the answer do you want from me ? This was decided in 1980 in a Cabinet meeting where one of the Forward Bloc leaders, who was also a Minister, was also present. There was no objection. In fact, he took the initiative and invited me to go there. He took the initiative and invited the Chief Secretary to go there to understand this problem. They went and talked with everybody they wanted.

Now the Central Government is talking with the Bangladesh Government on the suggestions which we have made and the Bangladesh Government is accepting the suggestions. According to our report, everything was settled. But if somebody takes the view that I have accepted because I thought Bangladesh will not accept it—then I can-

not help him. Whether he is an MLA or a leader, I don't know. But I can't help. What a low kind of politics is this ? I accepted this international agreement because I thought Bangledesh will not accept these conditions that we are replacing. That is the Central Government's discretion and now that gentleman says since the Bangladesh Government has accepted, I don't accept. All of his suggestions have been accepted. So the people—They may be MLAs, leaders of a party, if they go on misleading the people what can be done ? We should all get together to fight for that. But why should they mislead the people ? They are saying that Kuchlibari will become an enclave. It is not becoming an enclave. They are saying that the roads will be closed. It is not being closed. They are saying that there is no sovereignty. But there is sovereignty according to our Supreme Court. About the policing, about the traffics, everything has been arranged. And now I think the Central Government has requested after that all party meeting to redraft some of the things because new points have arisen. Naturally, people there and we also would like to know what exactly is happening ? As far as I could get the information from Delhi yesterday that within a few days they will send us a report. So what will happen how am I to explain to the BJP ? There is a muslim State. So we did not have any talk of drowing fanaticism, communalism. What can you explain to them ? Even after their representatives, MLAs, as I told you, whatever they say have been accepted. But they say we have changed our minds.

[12-20 – 12-30 P.M.]

শ্রী সৌগত রায় ঃ এখন কী নিয়ে আপত্তি করছে?

Shri Jyoti Basu : I do not know. You should ask them if you are in contact with them. Fortunately, Central Government could convince the Bangladesh Government that there is no troubles in it. This should be accepted. This is what has happened. So, when I hear this question was put to one of the leading MLAs there who was also a Minister in our Government, in the Left Front Government and the question was then why did you accepted at that time. You have accepted it for two years and now you are not accepting it. He said because he thought you are putting such conditions that Bangladesh will not accept. What can be done ? But our friend in the Forward Bloc is dealing that situation with his party. What I am saying is that Congress is not of that opinion. I know in one of the Sangram Committees, there are two or three Sangram Committees, Congressmen were also leading local people. But we have requested the Congress leadership

here to talk to them. What is their objection ? Shri Siddhartha Sankar Ray asked me, "What is their objection ?" You told me what is their objection.

(Noise and interruptions)

শ্রী সৌগত রায় ঃ ওঁরা কমল গুহকে তো সাসপেণ্ড করেছেন, বাকি চারজনকে করেন নি। আপনি তো ফ্রন্টের নেতা আপনি বলতে পারবেন, আমি কি করে বলব? কমল গুহ তো সাসপেণ্ড, বাকিরা তো সাসপেণ্ড নয়।

Shri Jyoti Basu : What can I do about it ? But the point is (noise & interruptions) I repeet all the suggestions made by the Central Government, so that our citizens are not put into any difficulty, have been accepted by the Bangladesh Government. After that what can I say, what can I do ? If for other reasons, political reasons, BJP do not accept, I can say what about other friends ? So, we shall have to counter long stands being taken by them. We have already published leaflets. We are going to publish another leaflet there. Our people are organising meetings, public meetings, street corner meetings and all kinds of meetings. So, this has to be done. It is a very sorry state of affairs that some people are objecting to such international affairs where our citizen are not being inconvenienced in any way. Whatever inconvenience could have been caused to them all that have been sorted out according to my reading of the situation. So, I seek everybody's help and suggestion on this issue.

(Noise and interruptions. Shri Saugata Roy tried to speak)

Mr. Speaker : No more. The question hour is over. Yes, Mr. Bhakti Bhusan Mondal, what did you want to say ?

শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ স্পিকার স্যার, একটা অতি আরজেন্ট এবং ইম্পরটেন্ট ম্যাটার আমি এখানে রাখছি। কমল গুহ আমাদের এই হাউসের অনারেবল মেম্বার এবং আজকের আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে, রাজ্য কমিটি তাঁকে বহিষ্কার করেছে। এটা কিন্তু ঠিক কথা নয় এবং এটা সম্পূর্ণ ভুল এবং উদ্দেশ্য প্রণোদিত। আমি বলছি ফরওয়ার্ড ব্লক পার্টির এই হাউসের লীডার হিসাবে বলছি আপনার কাছে এবং আমি কালকের মিটিংয়ে প্রিসাইড করেছি অ্যাজ চেয়ারম্যান অফ দি ফরওয়ার্ড ব্লক পার্টি। কাজেই আমি বলতে চাই আনন্দবাজার যা অন্যায় করেছে এবং জনমানসে বিভ্রান্তি সৃষ্টি করেছে এটা ঠিক নয়। আনন্দবাজারকে আমাদের বলা উচিত এই নিউজের উপরে কমলবাবু এখানে বসতে পারবেন কিনা, এইগুলো নির্ভর করে। সেইজন্য এটা কনটেম্পটের ব্যাপার হয়ে দাঁড়ায়। আমরা যেটা করেছি, কমলবাবু যা বলেছেন বা করেছেন, সেই সমস্ত ব্যাপারটা সেন্ট্রাল কমিটিতে পাঠিয়ে দিয়েছি, কারণ হি ইজ দি মেম্বার অফ দি সেন্ট্রাল কমিটি। সেন্ট্রাল কমিটি ৩ এবং ৪ জুলাই বসবে সেখানে সেটা

বিচার-বিবেচনা করবে। কাজেই এই খবরটা যে রাজ্য কমিটি তাঁকে বহিষ্কার করেছে, এটা সম্পূর্ণ ভুল, মিথ্যা এবং উদ্দেশ্য প্রণোদিত।

শ্রী সৌগত রায় ঃ তাহলে উনি আছেন ফরওয়ার্ড ব্লকে?

শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ মিঃ রায়, আপনি যে কিছুই বোঝেন না এটা এতগুলো লোকের সামনে না বললেই ভাল করতেন। কারণ, রেকমেণ্ড করা আর বহিষ্কার করা এই দুটির ডিসটিংশন অন্তত আপনি জানবেন এটা আমি আশা করেছিলাম।

Held over Starred Questions
(to which written answers were laid on the Table)

পলাশীর নাম পরিবর্তন

***২৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৯৯২**) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বারাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার 'পলাশী'র নাম পরিবর্তন করে 'খৈতান নগর' নাম রাখা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না। পলাশীর নাম পরিবর্তন করা হয় নি। পলাশী নদীয়া জেলায়, মুর্শিদাবাদ জেলায় নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

পরিবার বিতাড়ন ঘটনার অভিযোগ

***৯৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ***৫১৩**) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** স্বারাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত মে ১৯৯১-এ গাইঘাটা থানার জলেশ্বর এলাকায় কয়েকটি পরিবারকে নিজেদের ঘরবাড়ি থেকে বিতাড়নের ঘটনা ঘটেছিল; এবং

(খ) সত্যি হলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

আনন্দমার্গীদের ক্রিয়াকলাপ

***৯৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০) শ্রী দিলীপ মজুমদার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যে আনন্দমার্গীদের অবস্থান ও তাঁদের কাজকর্মের ব্যাপারে সরকারের কোনও তথ্য আছে কি;

(খ) থাকলে, আনন্দমার্গীদের দ্বারা পরিচালিত কোনও বিদ্যালয় এ-রাজ্যে আছে কি না এবং থাকলে কটি ও কোথায় কোথায়;

(গ) এটা কি সত্যি যে, পুরুলিয়ায় আনন্দমার্গীরা বেশ কিছু পরিমাণ জমি দখল করে নিয়েছেন; এবং

(ঘ) সত্যি হলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, আছে।

(খ) আনন্দমার্গীদের দ্বারা পরিচালিত ২১২টি বিদ্যালয় এ-রাজ্যে আছে। এঁদের দ্বারা পরিচালিত বিদ্যালয় আছে পুরুলিয়া জেলায় ৫৪টি, বীরভূম জেলায় ৭টি, দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৬টি, হুগলি জেলায় ১৫টি, উত্তর দিনাজপুর জেলায় ৬টি, দক্ষিণ দিনাজপুর জেলায় ৮টি, দার্জ্জিলিং জেলায় ৩টি, মুর্শিদাবাদ জেলায় ৪টি, বাঁকুড়া জেলায় ৯টি, কুচবিহার জেলায় ২০টি, মেদিনীপুর জেলায় ২১টি, নদীয়া জেলায় ৭টি, বর্ধমান জেলায় ২১টি, উত্তর ২৪ পরগনা জেলায় ১১টি, মালদা জেলায় ৪টি, জলপাইগুড়ি জেলায় ৭টি, হাওড়া জেলায় ৮টি এবং কলকাতায় ১টি।

(গ) হ্যাঁ।

(ঘ) সংশ্লিষ্ট অভিযোগের ভিত্তিতে সরকার আনন্দমার্গীদের বিরুদ্ধে কয়েকটি মামলা রুজু করেছেন।

মুখ্যমন্ত্রীর নিরাপত্তায় বিশেষ পুলিশ

***৯৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৭।) ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মুখ্যমন্ত্রীর নিরাপত্তার জন্য দিল্লিতে রাজ্যের বিশেষ পুলিশ কবে থেকে নিয়োগ করা হয়েছে; এবং

(খ) উক্ত বিশেষ পুলিশ নিয়োগ বাবদ ব্যয়ের পরিমাণ কত?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯১ সালের আগস্ট মাস থেকে মুখ্যমন্ত্রীর দিল্লি যাতায়াতের সময় তাঁর নিরাপত্তার জন্য বিশেষ প্রশিক্ষণ-প্রাপ্ত পুলিশ দিল্লিতে পাঠানো হয়।

(খ) গত বছরের আগস্ট মাস থেকে এ বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এঁদের যাতায়াতের ব্যয় দু'লক্ষ পঁচিশ হাজার টাকা।

বিদেশী স্বেচ্ছাসেবী সংস্থা

*৯৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৮) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থার সংখ্যা কত; এবং

(খ) উক্ত কোনও সংস্থা/সংস্থাগুলির বে-আইনি কার্যকলাপের বিষয়ে কোনও তথ্য রাজ্য সরকারের কাছে আছে কি?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বিয়াল্লিশ (৪২)।

(খ) না।

বেওয়ারিশ মৃতদেহ সৎকার

*৯৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৬) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেওয়ারিশ মৃতদেহগুলোর সৎকারের অব্যবস্থা দূর করার জন্য কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

বেওয়ারিশ মৃতদেহ সৎকারের ব্যাপারে অব্যবস্থার কোনও অভিযোগ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের কাছে নেই।

গাড়ি-দূষণ রোধে ব্যবস্থা

*৯৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৯) **ডাঃ দীপক চন্দ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত পাঁচ বছরে কলকাতা শহরে পুলিশ দূষণের দায়ে কটি গাড়ীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

২১,২৫৮টি।

হুগলি জেলায় পুলিশ দপ্তরে শূন্য পদ

*৯৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১৪) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলি জেলায় পুলিশ দপ্তরে প্রচুর কনস্টেবলের পদ বহুদিন যাবৎ খালি পড়ে আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত শূন্য পদগুলো পূরণ করা হবে বলে আশা করা যায়?

স্বারাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) কিছু পদ বদলীর মাধ্যমে পূরণ করার ব্যবস্থা নেওয়া হচ্ছে। কলকাতা উচ্চ আদালতের অন্তর্বর্তী আদেশে হুগলি জেলায় কনস্টেবল নিয়োগ স্থগিত আছে।

মহেশাইন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার খুনের ঘটনা

*৯৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৬) **শ্রী শীশ মহম্মদ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার ২নং সুতি সমষ্টি উন্নয়ন কেন্দ্রের অধীন মহেশাইন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের একজন ডাক্তার খুন হয়েছেন;

(খ) সত্যি হলে, এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে; এবং

(গ) হত্যাকারীদের কোনও রাজনৈতিক পরিচিতি আছে কি না?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) ৯ জন।

(গ) আসামীদের মধ্যে একজন ভারতীয় জনতা পার্টির সদস্য।

ঝাড়খণ্ড সমস্যা

*৯৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭০) **ডাঃ মানস ভূঁইয়া ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার ঝাড়খণ্ড সমস্যার সমাধানের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের কাছে কোনও প্রস্তাব করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, তা কি কি?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ডানকুনি থানা ভবন

***৯৪২।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৭৪১**) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার ডানকুনি পুলিশ থানাটির জন্য কোনও স্থায়ী বাড়ির ব্যবস্থা করা হয়েছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, এ বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Memorandum of Demands from Home Guard Men's Federation

***943.** (Admitted Question No. ***2632**) **Sri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that Government has received a Memorandum of Demands from the West Bengal Home Guard Men's Federation; and

(b) if so, whether the Government is considering the demands or not?

Minister-in-charge of Home (Police) Department :

(a) Yes.

(b) The memorandum is under examination.

দক্ষিণ ২৪-পরগনায় নতুন থানা

***৯৪৪।** (অনুমোদিত প্রশ্ন নং ***২৮৩৮**) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও

প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলায় নতুন কোনও থানা স্থাপন করার পরিকল্পনা সরকার বিবেচনা করছেন কি না; এবং

(খ) করলে, কোন কোন পঞ্চায়েত সমিতি নিয়ে প্রস্তাবিত নতুন থানা গঠন করা হবে?

স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, কুলপী থানার অন্তর্গত ঢোলাহাটে একটি নূতন থানা স্থাপন করার বিষয়টি জেলাস্তরে বিবেচনাধীন আছে।

(খ) বিষয়টি এখনও প্রাথমিক স্তরে রয়েছে। এখনও এর এলাকা সম্পর্কে কোনও সিদ্ধান্ত হয়নি।

মহকুমা ভাগ

*৯৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮২) **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি, যে প্রশাসনিক কাজকর্মের সুবিধার জন্য আলিপুর মহকুমা ও ডায়মণ্ড হারবার মহকুমাকে ভাগ করার জন্য চিন্তাভাবনা করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কোন কোন থানা নিয়ে ঐ দুটি নতুন পৃথক মহকুমা তৈরি করা হবে?

স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) আপাতত বারুইপুর, ক্যানিং ও কাকদ্বীপে একজন করে অতিরিক্ত মহকুমা শাসক নিয়োগ করা হবে এবং তাঁরা নিম্নলিখিত থানাগুলির প্রশাসনিক দায়িত্ব প্রাপ্ত হবেন।

অতিরিক্ত মহকুমা শাসক, বারুইপুর	ভাউড়, সোনারপুর, বারুইপুর, জয়নগর, কুলতলি।
অতিরিক্ত মহকুমা শাসক, ক্যানিং	ক্যানিং, বাসন্তি, গোসাবা
অতিরিক্ত মহকুমা শাসক, কাকদ্বীপ	নামখানা, কাকদ্বীপ, পাথরপ্রতিমা, সাগর।

আই. এ. এস. ও অন্যান্য অফিসারদের জন্য ট্রেনিং সেন্টার

***৯৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১৬) শ্রী সুন্দর হাজরা ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার শালবনী ব্লক-এ চেংঘোল গ্রামে আই. এ. এস., আই. পি. এস., ডব্লু. বি. সি. এস., ডব্লু. বি. সি. এস. (সিভিল)-দের ট্রেনিং সেন্টার খোলার পরিকল্পনা নেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত শিক্ষানবিশী কেন্দ্রটির নির্মাণ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত কেন্দ্রটি নির্মাণে আনুমানিক ব্যয়ের পরিমাণ কত?

স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) শালবনীতে আই. এ. এস., আই. পি. এস., ডব্লু. বি. সি. এস. (জুডিসিয়াল), ডব্লু. বি. সি. এস. ইত্যাদি অফিসারদের জন্য একটি ভূমি সংক্রান্ত ও জরিপ সংক্রান্ত প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা ভূমি ও ভূমি সংস্কার বিভাগ গ্রহণ করেছেন।

(খ) অষ্টম পরিকল্পনা কালে প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রটির নির্মাণ কার্য সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(গ) প্রশিক্ষণ কেন্দ্রটির স্থাপনের আনুমানিক ব্যয় ৪.৫০ কোটি টাকা। ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালে ৪৪.৭৪ লক্ষ টাকা ব্যয় করে একটি অস্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র গত ডিসেম্বর মাস থেকে চালু করা হয়েছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received one Notice of Adjournment Motion from Shri Sobhaneb Chattopadhyay on the subject of failure of Baruipur Panchayat Samiti to do any development work.

The subject matter of the Motion does not merit adjournment of the business of the House. Moreover, the Member may call the attention of the Minister concerned on the subject through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of his Motion as amended.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ

"সংবাদপত্রে প্রকাশিত হচ্ছে যে বিদ্যুৎ পর্ষদের কর্মীরা প্রায় প্রতিদিন জনসাধারণের কাছে নিগৃহীত হচ্ছেন। এই ভয়াবহ প্রবণতা যদি অবিলম্বে রোধ করা না যায় তাহলে সরকারি কর্মচারিরা ভবিষ্যতে দায়িত্ব পালন করতে সম্পূর্ণ ব্যর্থ হবেন। বামফ্রন্ট সরকারের

বিদ্যুত উৎপাদন ও বন্টনে চরম ব্যর্থতার খেসারত দিতে হচ্ছে একদিকে জনগণকে অন্যদিকে বিদ্যুত পর্ষদের সাধারণ কর্মীদের বামফ্রন্ট সরকার একদিকে বিদ্যুত উৎপাদনে চরম ব্যর্থ অন্যদিকে কর্মচারিদের নিরাপত্তা দিতেও ব্যর্থ। এই সরকার ক্ষমতায় থাকার নৈতিক অধিকার হারিয়েছেন।"

Calling Attention

Mr. Speaker : I have received five notices of Calling Attention, namely :-

1.	Take-over of the historic Ramgopal Town Hall of Krishnanagar, Nadia by the State Govt.	: Shri Sunil Kumar Ghosh
2.	Reported leakage of posionous gas at the Bengal Distriliary Company at Uttarpara, Hooghly	: Shri Abdul Mannan
3.	Alleged murder of two taxi Passengers at Bagmari Bazar on 3.6.1992	: Shri Lakshman Seth
4.	Alleged threat to create disorder by the main opposition party before the ensuing by-election in three Assembly Constituencies of the States	: Shri Nirmal Das
5.	Beginning of work of the Flood Protection Dam over river Jalangi, at Nadia	: Shri Chittaranjan Biswas

I have selected the notice of Shri Chittaranjan Biswas on the subject of "Beginning of work of the Flood Protection Dam over river Jalangi, at Nadia".

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : The statement will be made on 10th June, 1992.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of alleged ransacking of twenty houses at Pingla under P.S. Pingla on 15th May, 1992.

(Attention called by Dr. Manas Bhunia on the 26th May, 1992.)

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I rise to make this statement in connection with the Calling Attention Notice from Dr. Manas Bhunia, MLA., regarding the looting of 20 houses at Pingla in Midnapore on the 15th May, 1992.

At the very outset, I may mention that the incident occured on the 14th May, 1992, and not on the 15th May, 1992, as mentioned in the notice.

The incidents on the 14th May, 1992, centered round a land dispute. The land under question belonged to a big rayat and had several bargadars. A part of it vested in the State. The vested plot was being cultivated by Sk. Maqbul as bargadar. However, the land was distributed in 1985 to ten other persons excluding Maqbul. A high Court case was filed against the distribution of the plot and status quo was maintained in favour of Maqbul. Maqbul died in April, 1992. After his death, his son Sk. Mahasin Claimed the barga right as heir of Maqbul. During 1990 and 1991, the plot could not be cultivated by Mahasin but was cultivated by some other persons. In 1991, Mahasin moved the Block Land & Land Reforms officer to recognise his barga right on the land. The case is still pending.

Meanwhile, the ten allottees of this plot demarcated the land amongst themselves. Mahasin obtained an order u/s. 144 Cr. P.C. from the local Court and removed the boundaries of the sub-plots with the help of some Congress supporters. On receipt of this information, the patta holders rushed to the spot and a clash took place. The local thana intervened and both groups agreed to maintain status quo till hearing of the pending cases.

However, on the 14th May, 1992, in the early morning, the patta holders again divided the land amongst themselves.

[12-30 - 12-40 P.M.]

Bijay Mandal, a cong.(I) supporter, brought this to the notice of the O.C. Pingla PS. While the O.C. was preparing to leave for the spot, Sisir Sen and Sambhu Samanta, both of the CPI(M) reached the thana in an injured condition and complained that about 200 Cong.(I) supporters had attacked them and other CPI(M) supporters with lethal weapons, causing injury to about a dozen CPI(M) supporters.

Meanwhile, information reached the thana that the clash between CPI(M) and Cong.(I) supporters had spread to other parts of the village. Fifteen houses belonging to Cong.(I) supporters were ransacked and three chops were also reported to have been damaged.

In these incidents, nine CPI(M) and five Cong.(I) followers sustained injuries. Three CPI(M) followers who were in a serious condition had to be shifted to Midnapore Sadar Hospital for treatment.

Two separate cases were registered against the Cong.(I) supporters and the CPI(M) supporters. Ten Cong.(I) supporters and four CPI(M) supporters have been arrested in connection with these cases.

Senior Police Officers supervised the cases. The situation has been kept under watch. Investigation in the cases is proceeding.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of alleged dacoity in 54 Down Gour Express on 31.5.92

(Attention called by Shri Birendra Kumar Maitra on the 1st June, 1992)

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I rise to make this statement in connection with the Calling Attention Notice from Shri Birendra Kumar Maitra regarding the incident of dacoity in 54-Down Gour Express on the 31st May, 1992.

On the night of 31st May, 1992, a dacoity was committed in the 54-Down Gour Express between Pakur in Bihar and Bansloi Bridge in West Bengal.

The Gour Express on its routs from Malda Town to Sealdah has to pass through a stretch which falls in Bihar. On the night of 31st May, 1992, eight suspected criminals reserved accommodation in a 2nd Class coach which was attached to the Gour Express at Malda. When the train left Pakur, these criminals started robbing the passengers and took away stolen articles valued at about Rs. 15,000/- and cash of Rs. 4,000/- from ten persons of which eight belong to West Bengal and two to Bihar. They got off the train near Bansloi Bridge Railway Station when the train stopped due to a red signal.

While the crime was being committed, no hue and cry was raised by the affected persons. It was only at Rampurhat that the passengers informed about the incident. A case was registered at Sainthia Government Railway Police Station.

During the course of investigation two persons have been arrested. Further investigation in the case in proceeding.

Following the incident, a decision has been taken to strengthen the

escort for guarding the Gour Express. Co-ordination meetings will also be held with the Bihar Police authorities for prevention of the commission of crime on trains in the areas falling within Bihar.

Laying of Reports and Accounts

The Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Ltd., incorporating the Audit Report and comments of the C.A.G. of India for the year 1987-88.

Shri Bidyut Ganguly : Sir, with your permission I beg to lay the Annual Report and Accounts for the year 1987-88 incorporation the Audit Report and comments of the Comptroller and Auditor General of India on the working and affairs of West Bengal Sugar Industries Development Corporation Limited.

The 66th Annual Report and Accounts of the Westinghouse Saxby Farmer Limited for the year 1987-88

Shri Patit Paban Pathak : Sir, I beg to lay the 66th Annual Report and Accounts of the Westinghouse Saxby Farmer Limited for the year 1987-88.

MENTION CASES

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয়া ত্রাণমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গত বছর মালদা জেলায় ভয়ঙ্কর বন্যা হয়েছিল, ফলে বহু বাড়ি ঘর নষ্ট হয়েছিল। কিন্তু ক্ষতিগ্রস্তরা আজ পর্যন্ত কোনও গৃহ-নির্মাণ সাহায্য পায়নি। ত্রাণমন্ত্রী অনেক দিন আগে ওখানে এই বাবদ কিছু টাকা পাঠিয়ে ছিলেন, কিন্তু তা প্রয়োজনের অর্দ্ধেকও নয়। ফলে ব্লক থেকে সে টাকা বিলি করা সম্ভব হয়নি। এ বছর আবার বন্যার সময় এসে গেল। এখনো যদি গৃহ নির্মাণের টাকা না দেওয়া হয় তাহলে বর্ষা এসে যাবে আর ঘর নির্মাণ করা সম্ভব হবে না। সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীদ্বয়কে অনুরোধ করছি ডি. এম. এ বাবদ প্রয়োজন অনুযায়ী যে পরিমাণ টাকার রিক্যুইজিশন পাঠিয়েছেন তা অবিলম্বে তাঁর কাছে পাঠিয়ে দেওয়া হোক। সবাইকে দেবার মতো সমস্ত টাকা যদি পাঠানো সম্ভব না হয় তাহলে অন্তত যারা বেশি ক্ষতিগ্রস্ত, যাদের শতকরা ১০০ ভাগ ক্ষতি হয়েছে তাদের জন্য টাকা পাঠিয়ে সে ভাবে নির্দেশ দিয়ে দেওয়া হোক। ওয়ার্স্ট অ্যাফেক্টেডদের শীঘ্র গৃহ নির্মাণের জন্য টাকা দেওয়ার ব্যবস্থা করা হোক।

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েক দিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, জনমত সংগঠিত করতে হবে যাতে আমরা ব্যাপক হারে রক্তদান শিবির করতে পারি। বনগাঁ

মহকুমা হাসপাতালে একটি রক্তদান কেন্দ্র আছে। কিন্তু দুঃখের ব্যাপার এবং অদ্ভুত ব্যাপা: এই যে, সেই ব্লাড ব্যাঙ্ক আজ পর্যন্ত কখনও কোথাও রক্ত সংগ্রহ করতে যায় নি। তাদে: বিরুদ্ধে আমি যখন ডাইরেক্টর, সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ককে বলেছিলাম তখন উনি একজন টেকনিশিয়ানকে ওখানে পাঠিয়ে ছিলেন। কিন্তু তাতে কোনও কাজ হয় নি। বার বার বল হয়েছে যে, অমুক জায়গায়, অমুক জায়গায় রক্তদান শিবির হবে, আপনারা রক্ত সংগ্র: করতে আসুন। প্রত্যেকবারই বনগাঁ ব্লাড ব্যাঙ্ক থেকে আমাদের প্রোপোজাল রিফিউজ কর হয়েছে। তারা কোনও জায়গায় রক্ত কালেকশন করতে যায়নি। এই পরিস্থিতিতে অবিলম্বে সরকারের পক্ষ থেকে বনগাঁ ব্লাড ব্যাঙ্কের যিনি দায়িত্বে আছেন তাঁকে বলা হোক,—গ্রামে গঞ্জে রক্তদান শিবির খোলার ব্যবস্থা করে রক্ত কালেকশন করুন এবং যেখানেই রক্তদান শিবির হবে সেখানেই গিয়ে রক্ত কালেকশন করুন।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার, স্যার, আমি গত পরশু দিন আমাদের বিরোধী দলের কাছে আবেদন জানিয়েছিলাম যে, সমাজবিরোধীদের রাজনৈতিক আশ্রয়দান থেকে তাঁরা যেন নিজেদের বিরত রাখেন। এই নিয়ে উত্তেজনার সৃষ্টি হয়। আলোচনার মধ্যে এটা উল্লিখিত হয় যে, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন দপ্তরের জনৈকা রাষ্ট্র মন্ত্রীর সাথে কুখ্যাত সমাজবিরোধী স্বপন দে'র সরাসরি যোগাযোগের বিষয়ে কংগ্রেস দলের আপত্তি আছে। এখন আমি আপনার মাধ্যমে এই সভার সামনে একটা ফটো উপস্থিত করতে চাই। গত ৩০শে মে বোম্বে থেকে প্রকাশিত 'ব্লিজ' পত্রিকায় এই ছবিটি বেরিয়েছে। এতে দেখানো হয়েছে আমাদের সেই কেন্দ্রীয় মানব উন্নয়ন দপ্তরের রাষ্ট্র মন্ত্রীর সাথে কুখ্যাত সমাজবিরোধী স্বপন দে-কে। স্বপন দে, যে সত্যজিত রায়ের অন্তেষ্টি ক্রিয়াকালীন কেলেঙ্কারির সঙ্গে যুক্ত ছিল তার সঙ্গে ছবি 'ব্লিজ' পত্রিকা ছেপে দেশের মানুষের সামনে প্রকাশ করে দিয়েছে। আমি দুঃখের সঙ্গে অভিযোগ করছি যে, এটা আমাদের রাজ্যের মর্যাদা বাড়াচ্ছে না। আমাদের রাজ্য থেকে নির্বাচিত কেন্দ্রীয় মন্ত্রী সমাজবিরোধীদের সঙ্গে ঘুরে বেড়াচ্ছেন। যে কোনও সভ্য লোকের কাছে এর ফলে আমাদের রাজ্যের মর্যাদা বাড়ছে না। এবং নির্দিষ্ট ভাবে এটা প্রমাণ হল যে, স্বপন দে'র মতো কুখ্যাত সমাজবিরোধীকে নিয়ে কেন্দ্রীয় সরকারের একজন মন্ত্রী প্রকাশ্যে ঘুরে বেড়ান। যিনি এই কাজ করেন, তিনিই আবার হুঙ্কার দেন, 'সমাজবিরোধীদের প্রশাসন থেকে রাজ্যকে মুক্ত করবেন।' এই স্বপন দের সঙ্গে যোগাযোগ কারা রেখেছেন? আমি আপনার মাধ্যমে বিরোধীদলের সদস্যদের কাছে আবেদন করব, আপনারা সমালোচনা করুন। সত্যজিৎ রায়ের অন্তেষ্টির সাথে যুক্ত কুখ্যাত সমাজবিরোধী যিনি কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে ওঠা-বসা করেন—আপনাদের লজ্জায় অধোবদন হয়ে এখানে বসা উচিত এবং কেন্দ্রীয় মন্ত্রীর সমালোচনা করা উচিত, যিনি এই কুৎসিত কাজের সঙ্গে যুক্ত থাকেন।

[12-40 – 12-50 P.M.]

শ্রী সৌগত রায় ঃ স্যার, আগামী ১৬ জুন, বামফ্রন্টের পক্ষ থেকে বন্ধ ডাকা হয়েছে। তার আগে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী, তিনি একটি লেবার মিনিস্টারস কনফারেন্স ডেকেছিলেন এবং সেখানে প্রস্তাব নেওয়া হয়েছে কারখানার কেউ ছাঁটাই হলে রিটেঞ্চমেন্ট কমপেনসেসন বর্তমানে যা আছে তার তিনগুণ দিতে হবে এবং এর আগে আপনি জানেন, কেন্দ্রীয় শ্রমমন্ত্রী ন্যাশনাল

রিনিউয়াল ফাণ্ড বা জাতীয় পুনর্জীবন তহবিল করার কথা ঘোষণা করেছেন যা থেকে বন্ধ কারখানার শ্রমিকদের ক্ষতিপূরণ দেওয়া হবে। গতকাল শ্রমমন্ত্রী ট্রেড ইউনিয়ন নেতাদের ডেকে এইসব বলেছেন, যতক্ষণ এই আলোচনা হচ্ছে ততক্ষণ আপনারা বন্‌ধ ডাকবেন না। তার কারণ তিনি বলেছেন, বি. আই. এফ. আরে প্রত্যেকটি কারখানার ব্যাপারে কেস বাই কেস ষ্টাডি করা হবে। যতক্ষণ বি. আই. এফ. আরে কোনও মামলা থাকবে ততক্ষণ ১জন শ্রমিককেও ছাঁটাই করা হবে না। এবং দরকার হলে বি. আই. এফ. আর থেকে কোনও কেস উইথড্র করে নেওয়া যেতে পারে। আমার মনে হয় আমরা যাঁরা ট্রেড-ইউনিয়ন করি তাঁদের কাছে কেন্দ্রীয় শ্রমমন্ত্রীর এই আশ্বাস ফলপ্রসু হবে। আমি এই হাউসে আবেদন করছি বামপন্থী ট্রেড-ইউনিয়নদের কাছে, এই বন্ধ নামক মন্দা রাজনীতি থেকে দূরে থাকুন। যখন কেন্দ্রীয় শ্রমমন্ত্রী অত্যন্ত পরিষ্কারভাবে বলছেন তখন আপনারা বন্ধ করবেন না। তিনি আরও বলেছেন, নতুন ডিয়ারনেস অ্যালাউন্স ফ্রিজ করার কোনও রকম প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নেই, ওয়েজ ফ্রিজ করার কোনও প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নেই তাহলে এই বন্ধ শ্রমিকদের স্বার্থে হবে না, ট্রেড-ইউনিয়নদের স্বার্থে হবে না, কারখানার স্বার্থে হবে না, শিল্পের স্বার্থে হবে না, শুধু বামপন্থী দলগুলির রাজনৈতিক উদ্দেশ্য প্রচারের স্বার্থে হবে, বাৎসরিক উৎসব হবে। যেখানে শ্রমিকশ্রেণীর দাবিগুলি মেনে নেওয়া হবে, যেখানে বলা হচ্ছে, ডি. এ. ফ্রিজ, ওয়েজ ফ্রিজ করা হবে না, যেখানে বলা হচ্ছে বি. আই. এফ. আরে কেস থাকলে কাউকে ছাঁটাই করা হবে না, যেখানে বলা হচ্ছে তিনগুণ ক্ষতিপূরণ দেওয়া হবে সেখানে প্রথমেই শ্রমমন্ত্রীর এই ঘোষণাকে স্বাগত জানিয়ে বামপন্থী ট্রেড-ইউনিয়নগুলির বন্ধের জায়গা থেকে সরে আসা উচিত। আমি আবেদন করব তাঁরা যেন এই বন্ধ থেকে সরে আসেন।

শ্রী সুন্দর হাজরা ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। গত ১লা জুন, বি. জে. পির লোকেরা গড়বেতার কেশিয়া গ্রামে সাধন দাস নামে একজন সি. পি. এম কর্মীকে হত্যা করে। তারা কংগ্রেসিদের সঙ্গে মিশে এলাকায় সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা বাঁধাবার সৃষ্টি করছে। তারা গোবিন্দ জানা নামে একজন লোকের বিষয়-সম্পত্তি জোর করে লিখিয়ে নিয়েছে। এই ভাবে তারা সেখানে অরাজকতা এবং সাম্প্রদায়িক হাঙ্গামা বাড়িয়ে তোলার চেষ্টা করছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে খুনী ব্যক্তিকে গ্রেপ্তার করা হয় এবং এলাকায় শান্তি ফিরে আসে তারজন্য আবেদন জানাচ্ছি।

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে একটি মানবিকতার প্রশ্নে একটি বক্তব্য তুলে ধরতে চাই, সেটা হল এই রাজ্যের প্রতিবন্ধীদের যে সুযোগ সুবিধা যা সরকার নূতন করে ঘোষণা করেছিলেন, গত ২রা জানুয়ারি পত্রিকাতে লক্ষ্য করেছিলাম, কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেই প্রতিবন্ধীরা যেটুকু মিনিমাম সুবিধা পেতেন গাড়ি ঘোড়া চড়বার বিভিন্ন জেলায় সরকারি বাস থেকে তা পরিত্যক্ত করে দেওয়া হয়েছে। সোসাল ওয়েলফেয়ারে নূতন আইডেনটিটি কার্ড ইস্যু হওয়া সত্ত্বেও আমি পরিবহন বিভাগের সেক্রেটারির সঙ্গে কথা বলেছিলাম। তিনি বলেছিলেন আগে হ্যাণ্ডিক্যাপড এবং ডিসঅ্যাবল পার্সনদের জন্য যে আইডেনটিফায়েড সিট ছিল তা ক্যালকাটা ছাড়া অন্য জায়গায় পরিত্যক্ত হয়েছে। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে জানাতে চাই

যে, ক্যালকাটার প্রতিবন্ধীরা পাবে আর মফস্বলের প্রতিবন্ধীরা গাড়ি ঘোড়া চড়ার যে মিনিমাম ফেসিলিটিস পেত তা থেকে বঞ্চিত হচ্ছে। তাদের যে ফেসিলিটিটা ছিল সেটা পুনঃপ্রবর্তনের জন্য এই বক্তব্য আমি আপনার মাধ্যমে মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর কাছে তুলে ধরতে চাই।

শ্রী বিমল মিস্ত্রী ঃ (মাননীয় সদস্য সভায় উপস্থিত ছিলেন না।)

শ্রী মৃণালকান্তি রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বঙ্গোপোসাগরের গভীর সমুদ্রে বাইরে থেকে যে ট্রলারগুলি আসে এবং তারা এখানে এসে চিংড়ি মাছ ধরে এবং তার সঙ্গে সঙ্গে অন্য মাছগুলিও নষ্ট করে দেয়। উপকূলে যারা ডিঙি নিয়ে যায় তারাও অন্যান্য মাছের চারাপোনাগুলি যেমন পার্সে, ভাঙন অন্যান্য চিংড়ি ইত্যাদি নষ্ট করছে। যে সমস্ত এলাকায় খাল বা নালা আছে তার মধ্যে সমুদ্রের জল ঢুকে সেখানে ঐ মাছ এবং অন্যান্য মাছগুলি নষ্ট করে দেয়। তারপর ঐসব খালের মধ্যে ডাল পালা ফেলায় অতিরিক্ত বর্ষার সময় সেগুলি ভেসে এসে স্লুইশ গেটগুলিকে বন্ধ করে দেয়। তখন জল নিকাশের সমস্যা দেখা দেয়। এ ব্যাপারে রাজ্য সরকারের যেটুকু করণীয় আছে তা করা হোক এবং কেন্দ্রের কাছে এই ব্যাপারে একটা নীতি নির্ধারণের জন্য অনুরোধ জানানো হোক।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী গৌতম দেব উপস্থিত রয়েছেন—তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা পশ্চিমবঙ্গের ৩টি জেলায় ব্যাপক আর্সেনিকের প্রভাবে নানা রোগের সৃষ্টি হয়েছে। দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে রামনগর ১ এবং ২, ধবধবি ১ এবং ২, অঞ্চলে প্রায় ৪০/৫০ হাজার মানুষের বাস। আমার এলাকাতেই দুই থেকে আড়াই হাজার মানুষ এই আর্সেনিকের জল খেয়ে নানাভাবে অসুস্থ হয়ে পড়েছে আর তিন জন মারা গেছে, তাদের নাম শ্রীমতী পুতুল দাস, শ্রীমতী সুপ্রীতি সরকার ও শ্রীমতী মিনতি সরকার। ঐ জল খেয়ে কারও কিডনি, কারও লিভার নষ্ট হয়ে গেছে। আরও একটি কথা বলতে চাই ধূপকাঠি তৈরি আমার অঞ্চলের একটি কুটিরশিল্প, অনেক গরিব মেয়ে এই শিল্পের সঙ্গে যুক্ত, ঐ জলের প্রভাবে তাদের কারও হাতের আঙুল বা হাত বেঁকে যাচ্ছে। তাদের জীবন ধারনের কোনও উপায় থাকছে না। যে টিউবওয়েলগুলি থেকে জল উঠছে গ্রাম পঞ্চায়েতের তরফ থেকে তার কোনও কোনওটায় একটা শেকল আটকে দেওয়া হয়েছে। গ্রামের লোক, তারা জানেনা, শুনছে না, শেকল খুলে জল নিচ্ছে আর অসুস্থ হয়ে পড়ছে। আর্সেনিকের জল সম্বন্ধে তাদের কোনও ধ্যান ধারণা নেই। ঐ ধূপকাঠির শিল্পী মানুযদের সামান্য রোজগারের রাস্তাও বন্ধ হয়ে যাচ্ছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব,—একটু আগে তাঁর সঙ্গে কথাও বলেছি, তিনি আমাকে তাঁর সঙ্গে যোগাযোগ করবার জন্য বলেছেন, এই গভীর সমস্যার দিকে তিনি যেন দৃষ্টি দেন।

[12-50 – 1-00 P.M.]

শ্রী বিনয়কৃষ্ণ বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের

প্রতি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মহাশয়, আমাদের নদীয়ার মধ্যে দিয়ে চূর্ণী নদী প্রবাহিত, কিন্তু এর গভীরতা দিনের পর দিন কমে যাচ্ছে। ফলে বর্ষার সময় দুই কুল প্লাবিত হয়ে ভয়ঙ্কর বন্যা সৃষ্টি হচ্ছে এবং তারফলে প্রায়শই লক্ষ লক্ষ টাকার ফসল ক্ষতিগ্রস্ত হয়, হাজার হাজার মানুষ তাদের গৃহ ছেড়ে অন্যত্র গিয়ে আশ্রয় নিতে বাধ্য হন। এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি দিয়ে যাতে প্রতিকারের ব্যবস্থা করা হয় তারজন্য অনুরোধ রাখছি।

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ (অনুপস্থিত।)

শ্রীমতী আরতি দাসগুপ্তা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, আমাদের বিরোধী দলের নেতা বলেছিলেন যে, যেখানে সন্ত্রাস, যেখানে ডাকাতি, যেখানে নারী নির্যাতন হবে সেখানেই তিনি যাবেন এবং সেখানেই তার প্রতিবাদ করবেন। আমার নির্বাচনী এলাকা নীলাম্বরপুরে আপনি জানেন কিভাবে নারী নির্যাতন করা হয়েছে। ১৯ বছর বয়স্কা ফিরোজাদেবীকে শশুরবাড়িতে নিয়ে গিয়ে খুন করা হয়েছে এবং নারায়ণতলা গ্রামে একটি নীমগাছের ডালে তার নিজেরই পরিধানের শাড়ি দিয়ে ঝুলিয়ে দেওয়া হয়েছে। তার শরীরে বার-তেরটি মারার দাগ রয়েছে, জিহ্বা টেনে ছিঁড়ে ফেলা হয়েছে। গত শনিবার তাকে বাপের বাড়ি থেকে আনতে গিয়েছিল, কিন্তু সেখানকার পঞ্চায়েত সদস্যরা আনতে বারণ করেছিলেন। ঐ বারণ করবার পরই ঐ ঘটনা ঘটে যায়। যারা একটি নারীদেহকে এইভাবে খণ্ড-বিখণ্ড করতে পারে তারা কংগ্রেসি ছাড়া কেউ নয়। যারা তাকে মেরেছে তারা কংগ্রেসি বলে সেখানে পরিচিত। সেখানকার কংগ্রেসি প্রধান এবং পঞ্চায়েত সদস্যরা ঐ ঘটনার সঙ্গে যুক্ত। আমরা যখন মহিলা সমিতির মিটিং করতে সেখানে গেছি তখন ঐ গ্রামের কংগ্রেস এবং কংগ্রেস বিরোধী দুই দলই বেরিয়ে এসেছেন নারী নির্যাতনের বিরুদ্ধে প্রবল প্রতিবাদ করেছেন তারা। দুঃখের বিষয়, কংগ্রেস সংগঠনের লোকেরা সাধু সেখের হয়ে থানায় ঘোরাঘুরি করেছেন এবং তাকে কোর্ট থেকে বেলে ছাড়িয়ে নিয়ে এসেছেন। এইভাবে কংগ্রেসিরা নারী নির্যাতনের হিসেব চান, অপর দিকে নারী নির্যাতন হচ্ছে বলে চিৎকার করেন। আমি বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার নাকাশী পাড়ার অন্তর্গত মুরাগাছি হাই স্কুলের হেড মাস্টার মহাশয়কে কয়েকদিন আগে ধারালো অস্ত্র দিয়ে স্কুলের প্রবেশমুখে আঘাত করে। তার নাম কমল দত্ত। তার শ্বাসনালী আঘাতপ্রাপ্ত হয়, মুখমণ্ডল আঘাত প্রাপ্ত হয় এবং রক্তাক্ত অবস্থায় তাকে কৃষ্ণনগর সদর হাসপাতালে ভর্তি করা হয়। এর কারণ হচ্ছে, ঐ স্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচনে সি. পি. এম-এর সমস্ত প্রার্থী পরাজিত হন। এমন কি সি. পি. এম-এর রেণুপদ দাস, যিনি পঞ্চায়েত মনোনীত সদস্য, তিনি লজ্জায় সেই স্কুল কমিটি থেকে পদত্যাগ করেন। এর ফলে আজকে নদীয়া জেলার সমস্ত শিক্ষককুল অসহায় বোধ করছেন। আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে প্রকৃত আসামীকে থানা ধরছে না। সমস্ত স্কুলে ২ সপ্তাহ গরমের ছুটি পিছিয়ে দিয়েছে। সর্বাধিক ভোটে কংগ্রেসের যে প্রার্থী জয়লাভ করেছে মহঃ হাসান শেখ, তার জীবন বিপন্ন।

থানায় এফ. আই. আর করা হয়েছে কিন্তু কোনও অ্যাকশন নেওয়া হচ্ছে না। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই শিক্ষককুলের প্রতিটি শিক্ষককে বাঁচাবার ব্যবস্থা করুন। তা নাহলে সেখানে একটা ভয়ঙ্কর অবস্থায় পরিণত হবে।

শ্রী সুভাষ বোস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমাদের বিরোধী বন্ধুদের শুনতে বলছি। সাইকেল কর্পোরেশন অব ইণ্ডিয়া, এটা পূর্বে সেন র‍্যালে কোম্পানি ছিল। এটা কল্যাণীতে অবস্থিত। এই সাইকেল কর্পোরেশন অব ইণ্ডিয়ার আজকে ইস্টার্ন জোনে এবং গোটা ভারতবর্ষে ৮ থেকে ৯ লক্ষ সাইকেলের ডিমাণ্ড আছে। কিন্তু এই সাইকেল কোম্পানি বন্ধ করে দেবার জন্য সেখানে বিদায় নীতি চালু করে দিয়েছে এবং ৪ কোটি টাকা ঐ বিদায় নীতিতে অলরেডি খরচ করা হয়েছে, আরও ৫ কোটি টাকা খরচ করা হবে। অথচ এর অর্দ্ধেক টাকা হলে এই সাইকেল কোম্পানি সুষ্ঠুভাবে চলতে পারে। ১৯৮৫ সাল পর্যন্ত ২ লক্ষ ৪০ হাজার সাইকেল হয়েছে ৫ কোটি টাকা খরচ করে। কিন্তু ১৯৮৫ সালে একজন অফিসার সেন্ট্রাল গভর্নমেন্ট নিয়োগ করলেন। তার নাম হচ্ছে মিঃ বাটরা। তিনি চীফ ম্যানেজিং ডাইরেক্টর। তিনি ১৪ কোটি টাকা খরচ করে মাত্র ৬০ হাজার সাইকেল করেছেন। কার্যত হিরো কোম্পানি এবং অ্যাভোন কোম্পানির সঙ্গে একটা অশুভ চুক্তি আছে, সম্পর্ক আছে। যার ফলে এই ২৬ শত শ্রমিক যারা কন্যাপুর, আসানসোলে এবং কল্যাণীতে রয়েছে তারা কেউ ১০ বছর, কেউ ১৫ বছর চাকুরিতে আছে, এই সব শ্রমিকদের ছেলেমেয়ে নিয়ে রাস্তায় বসতে হবে। টাটা কোম্পানিকে বলা হয়েছিল যে এটা লাভজনক হতে পারে কি না সেটা হিসাব করে দেখার জন্য। তারা এটা লাভ জনক প্রতিষ্ঠান হতে পারে বলে রিপোর্ট সাবমিট করেছে। সি. আই. টি. ইউ., ওয়েস্ট বেঙ্গল স্টেট কমিটিও একটা রিপোর্ট সাবমিট করেছে। কিন্তু অন্ধের মতো সেই দুটি রিপোর্টে সেন্টাল গভর্নমেন্ট বাতিল করেছেন, কারণ লুধিয়ানায়ও বিভিন্ন জায়গায় ছোট ছোট সাইকেল কোম্পানি আছে। এই বৈষম্যমূলক আচরণ তারা করছেন। আজকে সাইকেল কর্পোরেশন অব ইণ্ডিয়া সাইকেল উড়িষ্যা, বিহার, আসামে প্রচুর ডিমাণ্ড রয়েছে। সেখানে সাইকেলের জন্য লোকে অগ্রিম টাকা দিয়ে চলে যায়। আজকে ষড়যন্ত্র করে এই সাইকেল কোম্পানিকে বন্ধ করে দেওয়া হচ্ছে। এর ফলে ২৬ শত শ্রমিককে আজকে মৃত্যু মুখে ফেলে দিয়েছে গভর্নমেন্ট অব ইণ্ডিয়া। আমরাও এই বিষয়ে একটা রিপোর্ট তৈরি করেছি, সেই রিপোর্ট আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দেব এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমি আপনার কাছেও দিতে চাই যাতে এই কারখানা বন্ধ না করে, ঐ র‍্যালে ব্রাণ্ডের সাইকেলের যে সম্ভাবনা আছে, যেটা লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হবে, সেটাকে বাঁচিয়ে রাখার জন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-00 – 1-10 P.M.]

শ্রী আবদুস সালাম মুন্সী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলায় কালিগঞ্জ ব্লকে বল্লবপাড়া ঘাট অবস্থিত তার অপর পারে কাটোয়া শহর। আমি ভাগীরথীর উপর বল্লবপাড়া এবং কাটোয়াঘাটের মধ্যে একটা ব্রিজ করবার দাবি জানাচ্ছি। কারণ সমগ্র উত্তর বর্দ্ধমান, দক্ষিণ মুর্শিদাবাদ এবং

উত্তর নদীয়ার এই বিস্তীর্ন এলাকার মানুষদের বর্দ্ধমানের সঙ্গে যোগাযোগ করতে এই ব্রিজ না হওয়ার দরুন এই বল্লবপাড়াঘাট এবং কাটোয়াঘাটের মাধ্যমে যাতায়াত করতে হয়। কিন্তু তাদের বিভিন্ন পণ্য সামগ্রী নবদ্বীপ এবং বহরমপুর এলাকায় ১০০ থেকে ১৫০ কিলোমিটার ঘুরে সমস্ত লরি করে নিয়ে যেতে হয়। তাতে তাদের টাকা যেমন ব্যায় হয় তেমনি সময়ের অপচয় হয়। তাই আমি বল্লবপুরঘাট এবং কাটোয়াঘাটের মধ্যে একটা ব্রীজ করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্রিজ করলে ওই সমস্ত অঞ্চলের মানুষের রুজি-রোজগার এবং জীবিকা অর্জনের সুরাহা হবে বলে আমি মনে করি।

শ্রী জাহাঙ্গীর করিম ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কংগ্রেসের গুণ্ডা এবং মস্তান বাহিনীর একটা লজ্জাস্কর ঘটনা এখানে উল্লেখ করছি। স্যার, আপনি জানেন মেদিনীপুর জেলায় ময়না হাই স্কুল আছে। সেখানে গত ২৬শে মে কংগ্রেসের মস্তান বাহিনী স্কুল চলাকালীন স্কুলের মধ্যে ঢুকে শিক্ষক, ছাত্র এবং কর্মচারিদের উপর হামলা চালায়। সেই হামলায় নগেন ভৌমিক এবং রবীন্দ্রনাথ মাঝি গুরুতর ভাবে আহত হয়। পুলিশের এক অংশের সহযোগিতায় কংগ্রেসের মস্তান বাহিনী একটা শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ঢুকে হামলা চালায়। এই রকম লজ্জাস্কর ঘটনার আমি তীব্র প্রতিবাদ করছি। আমি দাবি করছি অবিলম্বে যেন এই হামলাকারীদের গ্রেপ্তার করা হয়। কংগ্রেস ওদের মদত দিচ্ছে, সহযোগিতা করছে, আমি দাবি করছি অবিলম্বে যেন গ্রেপ্তার করা হয় তাদের।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। আমাদের রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে যে এ. আর. ভি ইঞ্জেকশন সরবরাহ করা হচ্ছে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। আপনি জানেন যে ঔষধের দোকানে এই ইঞ্জেকশন পাওয়া যায় না। সরকারি হাসপাতালে সরবরাহের ব্যবস্থা উন্নতি না করলে কুকুরে কামড়ানো রোগীদের চিকিৎসা করা অসুবিধা হচ্ছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি জরুরি ভিত্তিতে রাজ্যের হাসপাতালগুলিতে এ. আর. ভি ইঞ্জেকশন সরবরাহ করা হোক। স্যার, আমি আপনাকে বলছি আপনি স্বাস্থ্যমন্ত্রীকে বলুন জরুরি ভিত্তিতে যেন এ. আর. ভি ইঞ্জেকশন সরকারি হাসপাতালে সরবরাহ করা হয়। যা সাপ্লাই হচ্ছে তা ইনঅ্যাডিকোয়েট। এই ইঞ্জেকশন দোকানে পাওয়া যায় না, সরকারকে সাপ্লাই দিতে হবে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এটা আপনি একটু দেখুন।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এই সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং আমাদের রাজ্যের পরিবহন মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় রেলওয়ে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে, বর্ধমান-আসানসোল অঞ্চলে ইস্টার্ন রেলওয়ের যে বিভাগ রয়েছে এর মধ্যে আসানসোল, রাণীগঞ্জ এবং দুর্গাপুর এই তিনটি শিল্পকেন্দ্র রয়েছে। সেই অনুপাতে ঐ অঞ্চলে রেল ব্যবস্থা হয়নি। বর্ধমান-আসানসোল সুবারবান সেকশন হিসাবে ঘোষণা করা হোক এবং ই. এম. ইউ. কোচ চালু করা হোক। যতক্ষণ পর্যন্ত না সুবারবান সেকশন হিসাবে ঘোষণা করা হচ্ছে ততক্ষণ পর্যন্ত ই. এম. ইউ. কোচের পরিবর্তে ডি. এম. ইউ. কোচ চালু করার কথা বলছি। ইস্টার্ন রেলওয়ের জেনারেল ম্যানেজার বলেছেন যে

বর্ধমান-ব্যাণ্ডেল-কাটোয়া সেকশনে ডি. এম. ইউ. কোচ চালু করবেন। ভাল কথা। কিন্তু তার থেকেও গুরুত্বপূর্ণ অঞ্চল আসানসোল, রাণীগঞ্জ এবং বর্ধমানের মধ্যে ডি. এম. ইউ. কোচ চালু করা হোক। তাহলে পরে একটা ইউনিটকে অনেকবার বর্ধমান-আসানসোলের মধ্যে ই. এম. ইউ. কোচের মতো ব্যবহার করা যাবে। গুরুত্বপূর্ণ এই বিষয়টি বহু বছর ধরে পড়ে আছে। এরফলে প্যাসেঞ্জারদের মধ্যে বিক্ষোভ হচ্ছে। প্যাসেঞ্জাররা আসানসোল-বর্ধমানের মধ্যে এবং হাওড়ার মধ্যে যে ভাবে যাতায়াত করছেন, তাতে একদিন দেখবেন ট্রেন অবরোধ হয়ে গেছে। এতে যাত্রীদের অসুবিধা দেখা দেবে এবং ল' অ্যাণ্ড অর্ডারের প্রশ্ন দেখা দেবে। সেজন্য আমি আপনার মাধ্যমে রাজ্যের পরিবহন মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি রেল মন্ত্রকের কাছে এটা করার জন্য দাবি করছি।

শ্রী নির্মল দাস ঃ স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি কালকে বলেছি, আজকে যে কথাটা বলতে চাইছি সেটি হচ্ছে যে, অর্থমন্ত্রী ঘোষণা করেছেন, স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ও ঘোষণা করেছেন তাঁদের বিভাগে কোনও ডিস্ক্রিমিনেশন হবে না। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, রাজ্যের বিশ্ববিদ্যালয়ের হোস্টেল কর্মচারিরা সরকারের পে কমিশনের রিপোর্ট অনুযায়ী আর্থিক সুযোগ-সুবিধা বরাদ্দ করেছেন অথচ মেডিক্যাল কলেজের হোস্টেলের কর্মচারিদের ক্ষেত্রে সেটা করছেন না। রাজ্য সরকারের এই ডিস্ক্রিমিনেশন বন্ধ হোক। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী বৈঠক করে এই ডিস্ক্রিমিনেশন'এর ব্যাপারকে রদ করে অবিলম্বে একটি নোটিশ বার করুন। গতকাল শতশত কর্মচারী মিছিল করে এসেছিলেন। কিন্তু বাজেট চলার জন্য তাঁরা স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে পারেন নি। এখানে ডঃ সেন আছেন, বিদ্যুত গাঙ্গুলি আছে, আপনারা এটা দেখুন। রাজ্য সরকারের কোনও বিভাগে ডিস্ক্রিমিনেশন থাকবে না এটা প্রতিশ্রুতি ছিল। আমি স্বাস্থ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে অনুরোধ করব মেডিক্যাল কলেজের হোস্টেল কর্মচারিরা বিশ্ববিদ্যালয়ের হোস্টেল কর্মচারিদের ন্যায় পে-কমিশনের সুযোগ সুবিধা যাতে পান তা তাঁরা দেখুন।

[1-10 – 1-20 P.M.]

শ্রী নর্মদা রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে পঞ্চায়েত এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জেলা পরিষদের মাধ্যমে মাল্টিপারপাস স্কীম এর জন্য ১৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে। পশ্চিম দিনাজপুর জেলার কুশমন্ডী থানায় এক্সক্যাভেশন অফ ক্যানেলের কিছুটা কাজ হবার পরে কাজ বন্ধ হয়ে আছে। ওখানে ১২ তারিখে কাজ শুরু হয়, ৭ মাইল ৮ মাইল খোঁড়ার পরেই ১৩ তারিখে কংগ্রেসের পঞ্চায়েত প্রধান লেবারদের মধ্যে রাজনীতি করার ফলে কিছু লেবার কাজ পায় না। এবং বিডিও সেখানে যায়, সেখানে বিডিও যাবার ফলে যেসব লেবার কাজ পায় নি, অভুক্ত থাকে তারা গণ্ডগোল করে এবং লেবারে লেবারে বিবাদ চলে। তখন বিডিও একজন লেবারকে একটু ঠেলে দেন এবং তাতে সমস্ত লেবারদের মধ্যে সেন্টিমেন্ট দেখা দেয় এবং তারা বিডিওকে ধাক্কা ধাক্কি করে। তারফলে কাজ বন্ধ হয়ে যায়। বিডিও ওইসব লেবারদের বিরুদ্ধে পুলিশে ডায়রি করেন এবং থানার থেকে ওদের নাম পাওয়ার পরে পুলিশ সেখানে চরম জুলুমবাজি করে এবং সন্ত্রাস চালায়। আমি ওখানকার এম. এল. এ. হিসাবে ডি. এম. কে এবং এ. ডি. এমকে জানানোর পরে

ওই লেবারদের ৫ জনকে সারেণ্ডার করে। ওই সারেণ্ডার হবার পরে ওখানে পুলিশী সন্ত্রাস কমেছে। কিন্তু বিডিও ইচ্ছা করে ওই কাজ বন্ধ করে রেখেছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রীদের কাছে অনুরোধ করছি যাতে অনতিবিলম্বে ওই ১৮ লক্ষ টাকার কাজ শুরু হয় সেইদিকে দৃষ্টি দেবেন।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকেই মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর একটি প্রশ্নোত্তরে বলেছেন যে পুলিশি লক আপে ১৯৮৭ সাল থেকে ৯২ সাল পর্যন্ত মৃত্যুর সংখ্য হচ্ছে ৭৮। কিন্তু গত ১৫ বছরে পশ্চিমবঙ্গে আমাদের কাছে যা হিসাব আছে, সেই হিসাব অনুযায়ী পুলিশি লক আপে মৃত্যুর সংখ্যা হচ্ছে ২০০। এই পুলিশি লক আপে মৃত্যু যখনই হচ্ছে তখনই সেখানে প্রশাসনের কিছু দায়িত্ববোধ থেকে যাচ্ছে। সেই দায়িত্ববোধ সম্পর্কে আমি অতীতেও বারেবারে প্রশ্ন করেছি এই পুলিশি লক আপে মৃত্যু সংখ্যা বৃদ্ধির ব্যাপারে, কিন্তু আপনারা কোনও গুরুত্ব দেন নি, এই সংখ্যা ক্রমশই বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি হাইকোর্ট থেকে, একটি আদেশ বেরোয়, সেই আদেশ অনুসারে বলা হয় যে প্রত্যেকটি পুলিশি লক আপে মৃত্যু জনিত ঘটনার তদন্ত করতে হবে।

মিঃ স্পিকার ঃ প্রত্যেকটি বলা হয় নি, ১৯৭৭ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত বলা হয়েছে। আমার তো মনে হয় আর আগের থেকে করলে ভাল হয়।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ আপনি ঠিকই বলেছেন, ১৯৭৭ সাল কেন আরও আগের থেকে ১৯৬৩-৬৪ সাল ধরলেও ভাল, তাতেও আমরা খুশি, এমন কি দেশ স্বাধীন হবার পর থেকে যে সব বন্দির পুলিশি লক আপে মৃত্যু হয়েছে তার সম্বন্ধে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া উচিত ছিল। সরকারের এই বিষয়ে তাৎক্ষণিক অত্যন্ত বলিষ্ঠ ও সদর্থক পদক্ষেপ ঘোষণা করা উচিত ছিল। সেখানে ১৫ বছর কি ৩০ বছর বড় কথা নয়, পুলিশি লক আপে মৃত্যুটাই তো লজ্জার কথা। সুতরাং এই লজ্জাজনক ঘটনা থেকে মুক্ত পেতে হলে আপনাদের সদর্থক পদক্ষেপ নিতে হবে।

মিঃ স্পিকার ঃ আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে ডাঃ জয়নাল আবেদিন, যেটা কোয়েশ্চেন অ্যানসার আওয়ারে হয়ে যায় সেটা নিয়ে মেনশেন হতে পারে কি?

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, শ্রী মানব মুখার্জি মহাশয় জনৈক মন্ত্রীর বিরুদ্ধে কি সব বললেন। আমি এই নিয়ে আগেও বলেছি এবং এখনো বলছি যে, আমাদের এখানে কিছু কাস্টমস, ডেকোরাম এবং কনভেনশন আছে যে যারা নিজেকে এখানে ডিফেন্ড করতে পারবে না তাদের নিয়ে এখানে আলোচনা করা যাবে না। এটা হচ্ছে আমার এক নম্বর পয়েন্ট, আমার দ্বিতীয় কথা হচ্ছে, সেক্ষেত্রে আলোচনা করা যায় সাবস্টেনটিভ মোশন এনে আপনি আজকে তো ঠিকই করে নিয়েছেন আপনি যে ডিসঅর্ডারলি চালাবেনই। আমরা এর আগে এইরকম কাজ করলে আপনি তা হতে দেন নি। তাই আমি আপনাকে সতর্ক করে দিচ্ছি, আজকে মাননীয় মানবেন্দ্র বাবু যে কথা বলেছেন সেটা বলা উচিত নয় উইদাউট সাবস্টেনটিভ মোশন। আমি আপনার এই ব্যাপারে রুলিং চাইছি এবং পরবর্তী সময়ে আমাদেরও অ্যালাউ

করতে হবে এবং অতীতে যেটা করেছেন সেটা বন্ধ করতে হবে। এবং ভবিষ্যতে আমরা যেগুলি বলব, সেগুলিকেও আপনাকে গ্রহণ করতে হবে। তা নাহলে এটা একটা সাবস্টেনটিভ মোশন হয়ে থাকবে। আমি আপনার কাছে অনুরোধ করব, আপনি এটা Dispassionately and impartially judge it. It is the quality of the Speaker, the impartiality of the Speaker must be recongnized. This, I repeat. The first elementary quality is competitiveness of this Speaker, impartiality of the Speaker and not only that, Sir, that impartiality must be recognized আপনার শুভবুদ্ধির কাছে আমি এই আবেদন রাখছি। মানববাবু কেন্দ্রীয় মন্ত্রী সম্বন্ধে যে আলোচনা করেছেন সেটাকে আপনার এক্সপাঞ্জ করতে হবে। তা নাহলে এটা একটা সাবস্টেনটিভ মোশন হয়ে থাকবে। আপনি এই সম্বন্ধে একটা ডাবল স্ট্যাণ্ডার্ড ভূমিকা নিয়েছেন বলে আমরা মনে করি। আপনি আমাদের বাধ্য করবেন না অন্য কোনও ব্যবস্থা নিতে। আপনি এই রকম কোনও নজির এখানে রাখবেন না। উইদাউট সাবস্টেনটিভ মোশন, আমি ৩২৮ এখানে বলছি, আপনি দেখুন অল দি পার্লামেন্টস, যেখানে মাল্টি পার্টি সিস্টেম আছে আপনাদের সোভিয়েত রাশিয়ায় তো সিঙ্গল পার্টি সিস্টেম—সেখানেও এই রকম ধরনের কোনও ঘটনা হয়না।

শ্রী মানব মুখার্জি : মাননীয় স্পিকার স্যার, যে কথাটা মাননীয় সদস্য জয়নাল সাহেব এখানে বললেন ও যে অভিযোগগুলি আনলেন সেটা আমার বক্তব্যের ক্ষেত্রে প্রযোজ্য হয়না। আমি ব্লিৎজ পত্রিকার একটা ছবি নিয়ে এসে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং বলেছি যে সমাজবিরোধীরা রাজনৈতিক আশ্রয়ে আছে। বিষয়টা হল, স্বপন দে নামক একজন সমাজবিরোধী, যে সত্যজিৎ রায়ের শেষকৃত্য অনুষ্ঠানে একটা কুৎসিত ঘটনার অবতারণা করেছিলেন সেই ব্যাপারেই আমি ছবিটা দেখিয়েছিলাম। কোনও ব্যক্তির নামে আমি কোনও অভিযোগ করিনি। কেন্দ্রীয় সরকারের একজন মন্ত্রীর বিরুদ্ধে আমি অভিযোগ এনেছি এবং আমার অভিযোগ আনার ভিত্তি ছিল ব্লিৎজ পত্রিকার একটা ফটো, যেটা একটা সর্বভারতীয় পত্রিকা। সেটার মাধ্যমে আমি দেখানোর চেষ্টা করেছি কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা স্বপন দে নামে কুৎসিত সমাজবিরোধীদের সঙ্গে ওঠাবসা করে। তাহলে আমরা কি করে সমাজ বিরোধীদের সঙ্গে মোকাবিলা করব? কারোর নামের বিরুদ্ধে আমার অভিযোগ ছিল না, আমার বক্তব্য ছিল কুৎসিত সমাজ বিরোধীদের সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের একজন প্রতিনিধির আপত্তিজনক ইনভলভমেন্ট।

[1-20 – 1-30 P.M.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি : মাননীয় স্পিকার স্যার, আপনি ডেকে আমাকে ছবিটা দেখালেন, এটাতো একটা ব্লাড ডোনেশন ক্যাম্পের ছবি। আমি জানিনা মাননীয় বিধায়কের রুচিটা কোন জায়গায় গিয়ে পৌঁছেছে। ব্লাড ডোনেশনের একটা ছবি ব্লিৎজ পত্রিকায় বেরিয়েছে। আমাদের সি. পি. এমের এমন অনেক মন্ত্রী আছেন যাদের সঙ্গে সমাজবিরোধীরা ঘুরে বেড়ান। কিন্তু ব্লাড ডোনেশনের একটা ছবি নিয়ে এই রকম কুরুচির পরিচয় তিনি দেবেন ভাবতে পারিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আপনারও একটু জানার দরকার আছে, কলকাতায় কয়েকদিনের

মধ্যেই একটা নির্বাচন হবে। আপনি দেখবেন সমাজবিরোধীরা কোথায় আছে এবং কার সঙ্গে আছে। এই সমস্ত সমাজবিরোধীর সঙ্গে ঘুরছে, সমাজবিরোধী ছড়িয়ে গেছে, প্রতি বুথে বসে গেছে, তারা আগ্নেয়াস্ত্র নিয়ে হাজির হয়েছে বালিগঞ্জ নির্বাচনে। কই, সেখানে তো কিছু হয় না। কোথায় একটা ব্লাড ডোনেশন ক্যাম্প নিয়ে ছবি বেরিয়েছে তা নিয়ে মাথা খারাপ হয়ে গেল। আর মুখ্যমন্ত্রী যাদের সঙ্গে নিয়ে ঘোরেন, যা ছবি বেরিয়েছে! সব তো গলা কাটা, নাক কাটা, কান কাটা, পেট কাটা—এইসব কাদের ছবি? কাদের সঙ্গে নিয়ে ঘোরেন? আমি এইগুলো সম্বন্ধে আজকে বলব যে এইগুলি কিন্তু আলোচনার জন্য বিধানসভা নয়। বিধানসভাকে এত নিচুতে নামিয়ে খেলা করবেন না। মমতা বন্দ্যোপাধ্যায়কে ভয় পাচ্ছেন, কিন্তু ভয় পেলে তো হবে না, তাঁকে তো জয় করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব যে, আপনি এটা আলোচনা করতে দিয়েছেন, কিন্তু বিধানসভার আলোচনাগুলো বড় নিম্ন মানের হয়ে যাচ্ছে।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানববাবু যে ব্লীৎজ পত্রিকাটা আপনার সামনে উপস্থিত করেছেন এবং উনি সঠিকভাবেই বলেছেন উনি কারুর নাম করে বলেন নি, উনি মন্ত্রীর কথা উল্লেখ করেছেন এবং ছবিটা সমাজবিরোধীর। ব্লাড ডোনেশন ক্যাম্পে গেলে সমাজবিরোধী, সে সমাজবিরোধী হয়ে যায় না। উনি স্বীকার করে নিলেন যে হ্যাঁ, মানব সম্পদ উন্নয়ন দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সমাজবিরোধীর ছবি বেরিয়েছে। এর থেকেই বোঝা যায় যে, ওঁদের দল কাদেরকে সঙ্গে নিয়ে ঘোরেন। বলে দিলেন মুখ্যমন্ত্রী ঘোরেন, অমুক ঘোরেন, তমুক ঘোরেন। নিজেদের জিনিসগুলি অপরের ঘাড়ে চাপাবেন না। জয়নাল আবেদিন সাহেব পয়েন্ট অফ অর্ডার তুলে যেটা বলতে চেয়েছেন সেটা ঠিক না। উনি কেন্দ্রের একজন রাষ্ট্রমন্ত্রীর কথা বলেছেন। ব্লীৎজ পত্রিকা সর্বভারতীয় পত্রিকা, শুধু সর্বভারতীয় পত্রিকাই নয় ভারতবর্ষের বাইরেও যায়। এটাকে খোলো করে দেখা যায় না। মানববাবু সঠিক কাজই করেছেন। সমস্ত মানুষ আজকে দেখছেন কাদের কে নিয়ে কারা ঘোরে। বিরোধীদলের কাছে বলব, এইভাবে সমাজবিরোধীদের নিয়ে ঘুরলে, দায়িত্বজ্ঞানহীন কথা বললে কখনো ভাল কাজ হতে পারে না। জয়নাল সাহেব যে পয়েন্ট অফ অর্ডার তুলে যেটা বলেছেন সেটা ঠিক নয়।

শ্রী নির্মলকুমার দাস ঃ মাননীয় স্পিকার স্যার, একটা কথার সঙ্গে আমরা খুবই পরিচিত যে বাই প্রোডাক্ট অফ দি সোসাইটি। এখন এখানে যাঁরা নির্বাচিত প্রতিনিধি, যাঁরা কেন্দ্রীয় মন্ত্রী, যাঁরা রাজনৈতিক নেতা তাঁরা প্রকৃতপক্ষে সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষের নেতৃত্ব দেন এবং সমাজ তাঁদের কাছ থেকে ভবিষ্যৎ প্রজন্মকে তৈরি করে। শেষের দিকে একটা কথা বলতে চাই, জনৈক পঞ্চায়েত মন্ত্রী—তিনি একটা নির্বাচনী প্রচারে গিয়ে থানার সামনে নৃত্যের ভঙ্গিতে আমি তো পুলিশের ড্রেস খুলে নিয়েছিলাম। সেই পুলিশ তাতে সংযত হয় নি, মদত দেয় নি। এইবারের নির্বাচনে আমাদের দল যদি পরাজিত হয়, আমি চপেটাঘাত করব, এইটা যে তিনি বলেছেন বা করেছেন, তাঁর রাজনীতি তাঁর কাছে। কিন্তু আমাদের আশঙ্কা এবং আমরা মনে করি, সেই কাজ কলঙ্কের ব্যাপার। বিরোধী দলের নেতা, রাজ্যের প্রাক্তন মন্ত্রী, বিধায়ক, সমাজের নন্দিত, বন্দিত ব্যক্তি এই রকম আচরণ করবেন? আগামী প্রজন্ম তাহলে কি শিখবে? সমাজ বিরোধীরা চাইবে কেউকেটা বিশেষ ব্যক্তি, তাদের সাযুজ্য পেলে, সহমর্মিতা পেলে জনসাধারণের কাছ থেকে আনুকূল্য পাওয়া যায়। সঙ্গত

কারণেই এই প্রশ্ন আসে, সমাজবিরোধীরা আমাদের ব্যবহার করবে, না, সমাজবিরোধীদের আমরা ব্যবহার করব? আমার মনে হয়, মানববাবু সেই কথাই বলতে চেয়েছেন। আমি আশা করব দায়িত্বশীল বিরোধী দল যারা মাসকে নেতৃত্ব দিচ্ছেন, বিধায়ক রয়েছেন বিধানসভায়, সেই ব্যাপারটা ভাববেন। আমরা লক্ষ্য করেছি, তীব্র সঙ্কট, সেই সঙ্কটের জন্য হতাশাজনিত কারণে ফায়দা লোটার জন্য কিছু লোক এই রকম কাজ করছে। পরিচ্ছন্ন মানসিকতা মানুষ আশা করেন। সেই পরিচ্ছন্ন মানসিকতার জন্য আমরা সচেষ্ট। বিরোধীদলের নেতারা যা করছেন তা সমর্থন তো করি না, সেটা নাক্কারজনক এবং নিন্দনীয়।

শ্রী রবীন মণ্ডল ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি গত ১৩/১৪ বছর ধরে পুলিশ বাজেটে কিছু নাম বলেছি। নানু, গোরা, সোনারপুরের গনা, ক্যালকাটার চিনা, হাতকাটা দেবা, বেলেঘাটার ঘোতন—এইসব কংগ্রেসিদের বাই প্রোডাক্ট। আপনি জানেন, একটু আগে আমার বন্ধু মানব স্বপন দেকে কেন্দ্র করে কিছু বলেছেন। কিছু দিন আগে একই ব্যক্তি সমাজবিরোধী খুনী কসমার জন্য গিয়েছিলেন। তারজন্য এই মহিলা ছুটে যান। কসমা খুনী—মার্ডারার, নারী ধর্ষণকারী। তাকে সেফ করার জন্য তার কাছে গিয়েছিলেন এই শ্রীমতী মহিলা। মন্ত্রী পদের প্রশ্ন নয়, প্রশ্ন কালচারের। কংগ্রেসি কালচার কোন জায়গায় গিয়ে পৌঁছেছে। তারা সমাজবিরোধীদের অর্গানাইজ করেছেন। যেখানে যত মস্তান, সমাজ বিরোধী আপনারা তাদের অর্গানাইজ করছেন। বিভিন্ন সাজবিরোধীরা যারা ১৯৭১-৭২ সালে অর্গানাইজড হয়েছিল, তাদের আবার অর্গানাইজড করে সারা রাজ্যে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি করতে চাইছেন। এইটাই কংগ্রেসি কালচার চলে আসছে। আজকে গণতন্ত্রের সমূহ বিপদ। এদের সম্পর্কে সচেন হওয়া দরকার যাতে করে পশ্চিমবঙ্গে নূতন করে অরাজক অবস্থা সৃষ্টি করতে না পারে। এটা পশ্চিমবঙ্গবাসীর উদ্বেগের বিষয় যেটা আমি সভার মাধ্যমে সারা রাজ্যকে জানাতে চাই।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্পেসিফিক আইন, স্পেসিফিক নজির ডিসেন্সী, ডেকোরাম অ্যাণ্ড কনভেনসন অফ দি পার্লামেন্ট অ্যাণ্ড অফ কমনওয়েলথ এই সব নজির তুলে ধরে বলেছি, উইদাউট সাবটেনটিভ মোশন এই আলোচনা চলতে দেওয়া যায় কিনা। এই প্রসঙ্গে আপনি প্রস্তাব করেছেন একটা ডিসকাশন হক। আপনার কাছে আমি দাবি করছি। এদের এই রেজিমেন্ট, আফটার ৬৭ অ্যাণ্ড 1977 Criminalisation of Politics and Politicisation of criminals. এরা দুটো অ্যাচিভমেন্টে সাকসেসফুল। এর উপরে, উই আর প্রিপেয়ারড টু ডিসকাশ। কিন্তু তার আগে আপনি রুলিং দেবেন, এইটা আপনার কাছে চাইছি। You have been successful in criminalisation of politics. You are also successful in politicization of all criminals and anti-socials. Let there be discussion. I want specific ruling. ওই ডিসকাশনের জন্য আমরা প্রস্তুত। সময় দাও, তারিখ কর, নজির আমরা দিয়েছি। Let there be discussion for eight hours. We agree to discuss two subjects—that the leftfront Govt. is successful in politicisation of all criminals and anti-socials and equally the the Left-front Govt. has been successful in criminalisation of politics. এই দুটো ব্যাপারে আলোচনা করতে আমরা এগ্রি। কিন্তু আমি রুলিং চেয়েছি, দোস হু ক্যান্ট ডিফেণ্ড,

তাদের সম্পর্কে উইদাউট সাবসটেনসিয়াল মোশন whether the chair can allow any discussion on the conduct of any office.

[1-30 - 1-40 P.M.]

Mr. Speaker : To-day during mention hour, honourable member Shri Manabendra Mukherjee has mentioned a matter relating to a Minister of State of the Central Government who was found in a company of anti-socials as appeared in the newspaper called Blitz dated May 30, 1992—the photograph of which was published in page 22. He has filled the newspaper to me. Honourable Member, Dr. Zainal Abedin raised a point of order and he said that no reference can be made to an individual without a substantive motion and so the matter should not be allowed to be discussed. He demanded that the matter mentioned by honourable member, Shri Manabendra Mukherjee, should be expunged from the records. According to the rules of our House no official can be referred to by name. But there is no bar to refer any official by position. We can refer the District Magistrate of a district. We can refer the prime Minister, but we cannot refer the Prime Minister by name. We can refer a Minister of a department relating to centre or any other State. But we cannot refer the Minister by name. That is the rule and convention of this House. So, if the honourable member refers to certain Minister of the Central Government that such and such Minister was found in a company of anti-socials, we do not find any violation of rules. It can be mentioned without any substantive motion being made. If he mentions the name of a Minister of the Centre or of the State then the question attracted by Dr. Zainal Abedin would be taken into consideration, But every day in this House reference has been made about police officers, Government officials and the Ministers of the departments by the members. If it is not allowed then no reference of D.M. or Police Officers can be made in the House. No person is involved in personal capacity, he is involved by office. Here the Honourable Member has mentioned that a Central Minister of State was found in a company of anti-socials. He has mentioned about the office of the Minister. How it can be expunged ? This is not violating the rules. There is no bar in it. If an honourable member mentions about the office of the Prime Minister of India, is there any bar ?

(Shri Gyan Singh Sohanpal rose to speak)

Mr. Speaker : After my ruling there will be no debate. I have already given my ruling. Now mention.

শ্রী আবু আয়েস মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার নারী ও শিশু কল্যাণ প্রোজেক্টের অফিস ঘর সহ সমস্ত কেন্দ্রের গৃহগুলি দীর্ঘদিন সংস্কারের অভাবে দারুণ ভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে, দেওয়াল এবং ছাদের অবস্থা খুবই খারাপ। ওখানে ছয় বছরের শিশু শারীরিক এবং মানসিক বিকাশের জন্য পরিপূরক পুষ্টি খাদ্য, স্বাস্থ্যের পরিচর্যা এবং প্রথা বহির্ভূত প্রাক বিদ্যালয় শিক্ষা দেওয়া হয়ে থাকে। অবিলম্বে এই গৃহগুলির সংস্কার করা দরকার, তা না হলে অবিলম্বে অদূর ভবিষ্যতে আরও বড় ধরনের বিপদ ঘটে যেতে পারে। সেইজন্য সমাজ কল্যান বিভাগের মন্ত্রী মহাশয়ের এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আমি আবেদন রাখছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে ব্যাপারটা নিয়ে আলোচনা করব, স্যার, আমার সাবমিশন হচ্ছে এই সম্পর্কে কোয়েশ্চেন আওয়ারে কিছুটা আলোচনা হয়েছে। তিন বিঘা প্রসঙ্গ নিয়ে আলোচনা করতে খুব আতঙ্কিত হচ্ছি, গতকাল যেটা কাগজে প্রকাশিত হয়েছে, আমি এই সম্পর্কে আপনার কাছে নোটিশ দিয়েছিলাম, সেটাই আমাদের কাছে আজকে সবচেয়ে আলোচনার বিষয় বস্তু হচ্ছে এই, আমি জানিনা আমাদের মাননীয় বিরোধী দলের উপনেতা কেন এটা নিয়ে বারবার করে আলোচনায় বাধা দিচ্ছিলেন। চুক্তিটা রূপায়ণ করতে বহু দেরি হয়ে গেছে, তা নিয়ে দুই দেশের মধ্যে সম্পর্কের অনে জল ঘোলা হয়ে গেছে এবং কয়েকদিন আগে দুই দেশের প্রধানমন্ত্রী বসে এটা রূপায়ণে জন্য তিন বিঘা প্রসঙ্গ নিয়ে দীর্ঘ আলোচনা করে তাঁরা রূপায়ণের দিন স্থির করেছে তাসত্ত্বেও গতকাল কাগজে যে ঘটনা প্রকাশিত হয়েছে, একজন কেন্দ্রীয় মন্ত্রীর নেতৃত্বে আমাদে এখানকার কয়েকজন বিশিষ্ট বিধায়ক, যাদের নাম আমি করতে চাই না, তাঁরাও এখা উপস্থিত আছেন, তার মধ্যে দু একজন—মাননীয় সৌগত বাবু সহ মাননীয় সাধন পাণ্ডে, ড তরুণ অধিকারী সহ কয়েকজন এম. এল. এ. তাঁরা কি করতে চাইছেন ওখানে তিন বিঘা এবং তাঁরা নাকি ফিরে এসে আবার বিদ্যুত দপ্তরের কাছে তাঁরা রিপোর্ট দেবেন। তাহলে স্যার, আমার একটা জিজ্ঞাস্য, মাননীয় বিরোধী সদস্যদের উদ্দেশ্যে খুব বিনয়ের সঙ্গে আমার একটা জিজ্ঞাস্য, তাহলে যে মুজিব ইন্দিরা গান্ধী যে আন্তর্জাতিক চুক্তি রূপায়ণের জন্য কয়েকদিন আগে দু দেশের প্রধানমন্ত্রী বসে যে আলাপ আলোচনা করলেন, সেই আলাপ আলোচনাটাকে কি আবার ব্যর্থ করার জন্য মাঝখানে এরা কংগ্রেসের মধ্যে যে একটা দল তারা কি একটা চক্রান্ত করছে বিশেষ একজন মন্ত্রীর নেতৃত্বে? এটা তো আজকে দেশে একটা সার্বভৌমত্বের ব্যাপার, একটা আন্তর্জাতিক রিলেশনের ব্যাপার। সারা দেশের ম আজকে এটা নিয়ে একটা আলোচনা হওয়া দরকার এই কারণের জন্যই যে এটা কি চলছে টা কি? যে চুক্তি রূপায়ণের জন্য ভারত সরকার নিজে উদ্যোগ নিলেন, যে চুক্তি রূপায়ণের জন্য আজকে বাংলাদেশের প্রধানমন্ত্রী এসে এখানে আলোচনা করলেন, অত্যন্ত হৃদ্যতায় পূর্ণ যে আলোচনা হল, সেই আলোচনাটা আজকে কী করে এরা গিয়ে বিদেশমন্ত্রীর কাছে এসে আবার রিপোর্ট দেবেন, তাহলে কি এটা রিভাইভ্যাল হচ্ছে না? এই সাবমিশনটা আমি আপনার মাধ্যমে সভার কাছে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[1-40 – 1-50 P.M.]

শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ মাননীয় স্পিকার মহাশয় আমি নদীয়া জেলার কৃষকদের স্বার্থে আর মাধ্যমে মাননীয় ক্ষুদ্র সেচমন্ত্রী এবং বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন নদীয়া জেলা বামফ্রন্ট সরকারের গত ১৪ বছরের রাজত্বে খাদ্যোৎপাদনে রেকর্ড ফলন ফলিয়েছে এবং সেটা ক্ষুদ্র সেচের ব্যাপক প্রসারের জন্য এই খাদ্য শস্য উৎপাদন বেড়েছে দিনের পর দিন। কিন্তু আমাদের ১৩টা ডিপ টিউবওয়েল, আর. এল. আই, আটটা ব্লকের নদীয়া জেলার আজকে ট্রান্সফরমার চুরির ফলে সেচ ব্যবস্থা একেবারে সেই ব্লকগুলোতে অকেজো হয়ে পড়েছে। আমার করিমপুর বিধানসভা কেন্দ্রের দু নং ব্লকের নতিডাঙা—পণ্ডিতপুরে এ রকম একটা ডীপ টিউবওয়েল গত তিন বছরে ধরে অকেজো হয়ে পড়ে আছে। আমি এ বিষয়ে সেচ বিভাগের ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথা বলেছি, ক্ষুদ্র সেচ বিভাগের মাননীয় মন্ত্রীর সঙ্গে কথা বলেছি। কিন্তু এখন পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় নি। আজ প্রায় চার বছর ধরে বিস্তীর্ণ এলাকায় সেচ ব্যবস্থা নেই, ফলে চাষ বন্ধ হয়ে গেছে। চাষীদের মধ্যে প্রচণ্ড ক্ষোভ সৃষ্টি হয়েছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রী এবং ক্ষুদ্র সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি দাবি জানাচ্ছি অবিলম্বে ওখানে ১৩টি ডীপ টিউবওয়েল এবং আর. এল. আই.-এর ট্রান্সফর্মার রিপ্লেস করে সেগুলোকে চালু করা হোক।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মিঃ স্পিকার, স্যার, আমরা আছি কোথায়? আপনার সামনে একাধিকবার চীফ মিনিস্টার বললেন, কংগ্রেসিরা কেন তিনবিঘায় যাচ্ছে না? আর এখন ওঁদের দলের (সি. পি. আই.) মন্ত্রী হতে না পেরে হতাশ হয়ে উনি জিজ্ঞাসা করছেন, সৌগতবাবু কেন তিনবিঘায় যাচ্ছেন? স্যার, আপনি একটু বলে দিন, ওঁকে মন্ত্রী না করতে পারলেও যেন কিছু একটা করে দেওয়া হয়। ভদ্রলোক বড়ই হতাশ হয়ে পড়েছেন। মুখ্যমন্ত্রী জিজ্ঞাসা করলেন, কংগ্রেস কেন যাচ্ছে না? কংগ্রেস যখন যাচ্ছে তখন উনি জিজ্ঞাসা করছেন, কংগ্রেস কেন যাচ্ছে? অদ্ভুত ব্যাপার!

শ্রী শিশিরকুমার সরকার (নবগ্রাম) ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আগামী ৮ই জুন যে উপনির্বাচন হতে চলেছে তাকে কেন্দ্র করে বহরমপুরে সমাজবিরোধীদের অত্যাচার শুরু হয়ে গেছে। বহরমপুর কেন্দ্রের ফরাক্কা এবং হাওড়া লাইনের বহরমপুর থানা সংলগ্ন যে এলাকা নবগ্রামের কাছে আছে, সেই এলাকায় সমাজবিরোধীরা অত্যাচার শুরু করেছে। একজন প্রাক্তন কংগ্রেসি এম. এল. এ. সমাজবিরোধীদের মদত দিচ্ছেন। কংগ্রেসি নেতৃত্ব ওখানে বিভিন্ন সভা করে বিভিন্ন রকম প্রোভোকেটিং কথা বলে এসেছেন। সমাজবিরোধীরা বহরমপুর থানা এলাকায় বিভিন্ন ঘটনা ঘটিয়ে নবগ্রামের বিলবাড়ি গ্রামে আশ্রয় নিচ্ছে। বিলবাড়ি গ্রামে আমাদের পার্টির দরদী মানুষরা তাদের কার্যকলাপের প্রতিবাদ করার ফল হিসাবে গত ২রা জুন সেখানে তারা এমন সন্ত্রাস সৃষ্টি করেছে যে গ্রামের মানুষরা গ্রাম ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়েছেন। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে বহরমপুর কেন্দ্রে কখনই সুষ্ঠু নির্বাচন হতে পারে না। আমি আশা করব ওখানে সমাজবিরোধীদের দমন করার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হবে। তা নাহলে ওখানে

কংগ্রেস(ই) এবং মুসলিম লিগ যে কাজ করছে তাতে নির্বাচন প্রহসনে পরিণত হবে। তাই আমি বিষয়টির প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার আশা করছি।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের উলুবেড়িয়া থেকে শ্যামপুর থানার মাতাপাড়া পর্যন্ত দীর্ঘ ২৪ কিলো মিটার যে রাস্তাটি আমাদের বামফ্রন্ট আমলে তৈরি হয়েছিল সেটির অবস্থা আজকে খুবই খারাপ। প্রায় নেই বললেই চলে। বাস মালিকরা চিঠি দিয়েছে যে, তারা এই রাস্তা থেকে বাস তুলে নিচ্ছে। রাস্তায় প্রায় আড়াই ফুট, তিন ফুট করে এক একটা গর্ত। তিন চার বছর আগে ওখানে বাস অ্যাক্সিডেন্টে অনেকে মারা গেছে। পূর্তমন্ত্রীর কাছে লিখিত ভাবে সে বিষয়ে জানানো সত্ত্বেও আজ পর্যন্ত কোনও তদন্ত হয় নি। ঐ এলাকার ৪০/৫০ হাজার মানুষ দৈনিক ঐ রাস্তা দিয়ে যাতায়াত করে। স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সরকারি কর্মচারী, কারখানার শ্রমিক প্রভৃতি সর্বস্তরের জনসাধারণ প্রতি দিন যাতায়াতের জন্য রাস্তাটির ওপর নির্ভরশীল। বিস্তীর্ণ অঞ্চল থেকে উলুবেড়িয়া সদর হাসপাতালে ঐ রাস্তাটি দিয়েই রুগীদের নিয়ে আসতে হয়। অতীতে কংগ্রেস আমলে ওখানে কোনও রাস্তাই ছিল না। তখন জোয়ার ভাঁটায় নৌকা করে যাতায়াত করতে হত। বামফ্রন্ট আমলেই ২৪ কিলো মিটার দীর্ঘ রাস্তাটি নির্মিত হয়েছে। কিন্তু সে রাস্তা আজকে একদম নষ্ট হয়ে গেছে। এ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে বার বার বলেছি। আজকে আমি আপনার সাহায্য চাইছি। বিশেষ করে শ্যামপুর এক নং ব্লকের নবগ্রাম, বেলাড়ি, ধানদাড়ি প্রভৃতি গ্রামগুলির মানুষদের খুবই দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। ৪০ থেকে ৫০ হাজার মানুষ রাস্তার অভাবে নিজ নিজ এলাকার মধ্যে নজর-বন্দি হয়ে পড়তে চলেছে। তারা হসপিটালে যেতে পারছে না, স্কুল-কলেজে যেতে পারছে না, অফিসে যেতে পারছে না, কারখানায় যেতে পারছে না। এ রকম একটা অবস্থার মধ্যে তারা পড়েছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে বারবার বলেছি, কিন্তু আজ পর্যন্ত তদন্ত হয়নি। তাই আমি পুনরায় আপনার মাধ্যমে বলতে চাই রাস্তাটির সুব্যবস্থা, রিপেয়ার যদি না হয় তাহলে আন্দোলন হবে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুশীল কুজুর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র জলপাইগুড়ি জেলার দলগাঁও চাবাগান এবং জটেশ্বর চা-বাগানের কিছু সমাজবিরোধী ট্রেড-ইউনিয়ন দখল করার নামে ৩ মাসে ৫ জনকে খুন করেছে। রিসেন্টলি, ২৩-৫-৯২ তারিখে মায়ের সামনে একটি ছেলেকে খুন করে। আজ পর্যন্ত তার ডেডবডি পাওয়া যায়নি। এস. পি, এস. ডি. পি. ও এবং লোকাল থানায় বলা সত্ত্বেও একজনকেও অ্যারেস্ট করা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে ঐসব সমাজবিরোধীদের গ্রেপ্তার করা হোক।

শ্রী সালিব টোপ্পো ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচনী কেন্দ্র কুমারগ্রামে বৈদ্যুতিকরণের যে কাজ

চলছে এবং যেভাবে চলছে ২০ বছরের মধ্যে সম্পূর্ণ হবে বলে মনে হয় না। আমি আপনার মাধ্যমে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, লোকদ্বীপ স্কীমে যাদেরকে দেওয়ার কথা, বিশেষ করে শিডিউল কাস্টস, শিডিউল ট্রাইবস এবং অনুন্নত শ্রেণীর মানুষদের দেবার কথা। কিন্তু কুমারগ্রাম বিধানসভা কেন্দ্রে লোকদ্বীপ স্কীম যাদেরকে দেওয়া হচ্ছে তারা সব বিজনেসম্যান এবং বড়বড় চাকরি করে তাদেরকে এই লোকদ্বীপের আওতায় আনা হয়েছে। ২ নম্বর হল, আমি ওখানকার বিধায়ক, আমার বাড়ি থেকে ১ মাইল দূরে বৈদ্যুতিকরণ হয়েছে কিন্তু আমার বাড়ি পর্যন্ত বিদ্যুত যাবে না। আমি জানি না এর কারণ কি? আমি ডিভিসনাল ইঞ্জিনিয়ারকে জিজ্ঞাসা করেছিলাম। উনি বললেন, জেলার সভাধিপতি এবং সভাপতি তাঁরা যেভাবে সিলেকশন করেন সেইভাবে কাজ হবে এবং আমাকে বলা হল ৭৯ হাজার টাকা জমা দিলে বৈদ্যুতিকরণ হবে। আমি মাননীয় বিদ্যুতমন্ত্রীর কাছে জানতে চাই, ক'জন বিধায়ক ৭৯ হাজার টাকা জমা দিয়ে বিদ্যুত নিয়েছে। আমি অনুরোধ করব আমার ওখানকার সব এলাকায় বৈদ্যুতিকরণের ব্যবস্থা করা হোক।

শ্রী ভন্দু মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় বরাবাজার থেকে সিন্দ্রী যে রাস্তাটি আছে তার মাঝখানে একটি নদী আছে। সেই নদীতে বর্ষকালে কিম্বা অতি সামান্য বৃষ্টি হলেই যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায়। সেই নদীতে অবিলম্বে ব্রিজ করা দরকার। ব্রিজ না হলে বিস্তীর্ণ এলাকার মানুষ যাতায়াত করতে পারে না। তাই মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি অবিলম্বে ঐ ন্যাংসাই নদীতে ব্রিজ করা হোক।

শ্রী লক্ষ্মীরাম কিসকু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ডাবরা হতে ডাঙ্গরদি রাস্তাটি ৩ বছর আগে শুরু হয়েছিল, কিন্তু দেড় বছরের মধ্যেই রাস্তার কাজ বন্ধ হয়ে গেছে। এই রাস্তার দাবি জনগণের দীর্ঘদিনের। এই রাস্তার কাজ পুনরায় চালু করার দাবি জানাচ্ছি। এই রাস্তাটি সম্পূর্ণ হলে ১০ হাজার মানুষের যোগাযোগের ব্যবস্থা হবে, তাঁরা রুজি-রোজগার করতে পারবে এবং চিকিৎসার সু-ব্যবস্থা হবে। তাই আমি অবিলম্বে এই রাস্তার কাজ চালু করার দাবি জানাচ্ছি।

[1-50 – 2-00 P.M.]

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বালির খাদের অসাধু মালিকদের জন্য আমার নির্বাচনী এলাকার অন্তর্গত হরিণখোলায় মুনডেশ্বরী নদী এবং আরামবাগে দারুকেশ্বর নদীর রামমোহন সেতু ধ্বংস হতে বসেছে। নিচে অবাধে বালি কাটার ফলে এই অবস্থা হচ্ছে। থানা এবং বি. এল. আর. ও. অফিসের যোগ সাজসে এই বালি খাদ থেকে বালি কাটা হচ্ছে। আমি মনে করি এখনই বালি খাদ থেকে বালি কাটা বন্ধ করা হোক, তা নাহলে ঐ রামমোহন সেতু ধ্বংস হয়ে যাবে, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মোজাম্মেল হক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত মরশুমে রাজ্যের পাট চাষীদের পাট বিভিন্ন মার্কেটে ক্রয় করা হয়েছিল, কিন্তু জে. সি. আই. কে পাট দেওয়ার যে টাকা বেনফেডের মাধ্যমে পাওয়া যায়—এখানে দেখা যাচ্ছে যে সমস্ত পাটের দাম এখন পাওয়া যায় নি মার্কেটিংয়ের ফলে চাষীরা পাটের টাকা পায় না, আমার একটা ঘটনা জানা আছে মুর্শিদাবাদের হরিহরপাড়া এ. আর. সি. এস. সেখানকার একজিকিউটিভ অফিসার জুটে ১০ পারসেন্ট যে টাকা বেনফেডের ম্যানেজার হিসাব করে দিয়েছেন যখন অ্যাপ্লাই বা প্রেয়ার করা হল এ. আর. সি. এস. রেকমেন্ড করেছেন কিন্তু তাঁরা বলেছেন যে আমাদের কোনও উপায় নেই। আমরা ঐ ব্যাপার এ. আর. সি. এসের রেজিস্টার আর অফিসে জানিয়েছি, সেখানেও বলেছেন যে আমাদের উপায় নেই, তাই ব্যাপারটির একটি দ্রুত ব্যবস্থা করার জন্য আমি মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বিমল মিস্ত্রী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র ক্যানিংয়ে হরিহর মহাবিদ্যালয় বলে একটা একাদশ, দ্বাদশ শ্রেণীর বিদ্যালয় আছে। এই রকম ১১/১২ শ্রেণীর বিদ্যালয় পশ্চিমবঙ্গে ১৪টি আছে বলে আমার জানা আছে। বিদ্যালয়গুলি ১৯৭০/৭২ সালে কংগ্রেস শাসনের সময় কিছু নেতা ও মন্ত্রীর তত্ত্বাবধানে হয়েছিল। এইসব বিদ্যালয়গুলিতে সরকার নিয়ন্ত্রিত অথবা নির্বাচিত কোনও কমিটি নেই। তাঁদের নিজেদের আত্মীয় স্বজনদের নিয়ে একটা কমিটি করে বিদ্যালয় পরিচালনা করে থাকেন। এ ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করায় উনি বলেছেন যে, ব্যাপারটি দেখবেন, আমি আবার ঘটনাটির কথা উল্লেখ করছি বা তাঁর দৃষ্টিতে নিয়ে আসছি, যেন ওখানে একটা করে সরকারি নিয়ন্ত্রিত অথবা নির্বাচিত কমিটি হয়।

ZERO HOUR

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুতমন্ত্রী রয়েছেন আমি সেদিন ওনাকে বলেছিলাম, উনিও ধৈর্য সহকারে শুনেছিলেন, উনি বলেছেন এক ঘন্টার বেশি যেন বিদ্যুত বন্ধ না থাকে। এই গরমের সময়ে বিদ্যুতের চরম দুরবস্থা, আজকে সংবাদপত্রে দেখলাম যে মাননীয় বিদ্যুতমন্ত্রী বলেছেন, সি. ই. এস. সি. এলাকায় এক ঘন্টা যেন একসঙ্গে বন্ধ না থাকে। এটা আরও ক্যামোফ্লেজ, এক ঘন্টা রইল, আবার ১০ মিনিট কি ২০০ মিনিট এল আবার বন্ধ হয়ে গেল। এটা আরও ক্যামোফ্লেজ, বিদ্যুতমন্ত্রী মহাশয় রয়েছেন পাওয়ার পজিশন কি একটুও ভাল হয়েছে। যদিও আপনি খবর রাখছেন তবুও এই রকম অবস্থা হচ্ছে কেন? তবে কি কিছু কমিউনিকেশন গ্যাপ হচ্ছে? আমরা আপনার কাছ থেকে জানতে চাইছি, আপনি বিধানসভায় বলুন প্রকৃত ঘটনাটা কি?

শ্রী শঙ্করকুমার সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোডশেডিংয়ের সঙ্গে আমরা আজ ২২ বছর ধরে পরিচিত। লোডশেডিং কথাটা এসেছে যখন ডিমাণ্ডটা সাপ্লাইয়ের থেকে বেশি হয়, সাপ্লাই যখন ডিমাণ্ডের থেকে কম হয় আমাদের বিদ্যুতের লোডশেডিং করতে হয়। ফ্রম দি কনট্রোল সেন্টার। এ ছাড়া আর একটু আছে, যেখানে ট্রান্সফরমার অথবা লাইনে গণ্ডোগোল অথবা তার পুড়ে যায় হুকিং, ট্রাপিং হয়, ট্রান্সফরমার বা লাইন পুড়ে যায় এই রকম

অনেকগুলি কারণ আছে, যার জন্য লাইনে ডিস্টারব্যান্স দেখা দেয়। সাধারণ নাগরিকরা জানতে পারেন না যে, বিদ্যুত যে চলে যাচ্ছে সেটা কি বিদ্যুত ঘাটতির কারণে, না কি অন্য কারণে। আমরা ম্যাকসিমাম এক ঘন্টার জন্য এটা করেছি। এমন নয় যে, চার-পাঁচ ঘন্টা বিদ্যুত থাকবে না কলকাতায়। এক ঘন্টার বেশি যদি বিদ্যুত না থাকে তাহলে বুঝতে পারবেন সেটা বিদ্যুত ঘাটতির জন্য নয়, অন্যান্য কারণে সেটা হয়েছে। সেক্ষেত্রে লোকাল অফিসের কাছে বলতে পারবেন—ফ্রন্ট হয়েছে কোথায়ও, লাইনটা দেখুন। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের এলাকার নাগরিকরাও বুঝতে পারেন না যে, সাপ্লাই কমের কারণে বিদ্যুত চলে গেছে, না কি লাইনে গণ্ডগোল হয়েছে। ঘন্টা তিন-চার পর সেখানে মাথায় আসে যে, তাইতো, বিদ্যুত আসছে না কেন? তখন তারা আমাকে বা ইলেকট্রিক সাপ্লাইকে ফোন করেন। আমি সেই জায়গা থেকে বেরিয়ে আসতে চেষ্টা করছি। এক ঘন্টার বেশি বিদ্যুৎ যদি না থাকে তাহলে এস. ই. বি. এলাকার তার লোকাল অফিসে এবং কলকাতায় সি. ই. এস. সির লোকাল অফিসে যোগাযোগ করতে হবে। কোনও সময়েই এক জায়গায় এক ঘন্টার বেশি সময় পাওয়ার কাট হবে না। মাননীয় সদস্য যা বলেছেন, আমরা নিশ্চয়ই চিন্তা করব যে, এর পেছনে অন্য কোনও কারণ আছে কিনা। তবে আমরা এই ডিসিশনের কথা জানিয়েছি।

শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে যে সমস্ত আদিবাসী অধ্যুষিত ল্যাম্পগুলি আছে সেই ল্যাম্পগুলিকে বনজ সম্পদের উপর অধিকার দেওয়া হয়েছে। কিন্তু ইদানিং দেখতে পাচ্ছি, যে সমস্ত এলাকায় বনজ সম্পদ আছে সেইসব বনজ সম্পদ সবটা অধিগ্রহণ করা হয় না। তারজন্য যে সম্পদ পড়ে থাকে সেটা ব্যবসায়ীরা কম দামে কিনে নিচ্ছে। সেইজন্য আমি দাবি করছি, ল্যাম্প এলাকার সমস্ত বনজ সম্পদ ল্যাম্পের মাধ্যমে ক্রয় করতে হবে।

আবদুস সালাম মুন্সী ঃ (অনুপস্থিত)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পেয়েছি, গত মঙ্গলবার রাজ্যের মুখ্যমন্ত্রী সল্ট লেকে গিয়েছিলেন একটি খাদ্য প্রক্রিয়াজাত প্রকল্পের উদ্বোধন করতে। সেখানে তিনি দুটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন। একটি কথা বলেছেন—রাজ্য সরকারি কর্মচারিরা ঠিকমতো কাজ করছেন না; ফাইল এক টেবিল থেকে আর এক টেবিলে যেতে অযথা দেরি হচ্ছে। "আর একটি কথা বলেছেন—" ফুড প্রসেসিং স্কিমের খুব ভাল বাজার আছে ভারতবর্ষে একথা কেন্দ্রীয় সরকার অনেক দিন ধরেই বলছেন, কিন্তু আমরা শুনিনি। এখন বুঝতে পারছি ভুল করেছি। এটা করে ঠিক কাজই করেছি।" মুখ্যমন্ত্রীর বয়স হয়েছে এবং অবশেষে তিনি ভুল স্বীকার করেছেন। রাজ্যে এর আগে আমরা দেখেছি, ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে শুরু করে সর্বক্ষেত্রে আপনারা ভুল করে গেছেন এবং পরবর্তী কালে সেই ভুল স্বীকার করেছেন, এখন স্বীকার করছেন।

[2-00 – 2-10 P.M.(including adjournment)]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ

বিষয়ে এখানে উল্লেখ করতে চাই। আমার এলাকায় জলপাইগুড়ি জেলা পরিষদে ওয়েস্টার্ন মার্কেট ফাণ্ডের হাট আছে। সেখানে ইজারাদের সুবিধার জন্য জেলা পরিষদ ওখানকার রেন্ট বাড়িয়ে দিয়েছে। আমার বক্তব্য হচ্ছে যে জেলাপরিষদ রেন্ট বাড়াচ্ছে, ডেভেলপমেন্ট হোক তাতে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু দুর্ভাগ্যজনক ভাবে সেখানকার কর্মচারিদের ছাঁটাই করা হচ্ছে। যারা হাটে রেন্ট কালেকশন করত তাদের ছাঁটাই করা হচ্ছে। সেজন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারটা পর্যালোচনা করা হয়।

মিঃ স্পিকার ঃ নির্মল বাবু, এটা কি জিরো আওয়ারের মধ্যে আসে নাকি? সকলে বলেছেন, আপনিও বলছেন। কিন্তু একটা নিয়ম থাকা দরকার তো? এটা হয় নাকি?

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার বি. জে. পি একটা ঘোষণা করেছে যে ৩ বিঘা যখন হস্তান্তর হবে তখন একটা সুইসাইড স্কোয়ার্ড তৈরি করে তার মধ্যে দিয়ে ৩ বিঘা হস্তান্তর রুখবে। স্যার, সুইসাইড স্কোয়ার্ডের কথা আমরা শুনেছি যে, বিভিন্ন উগ্রপন্থী দল তৈরি করে। পাঞ্জাবে আছে, আসামেও এই সব উগ্রপন্থীরা আছে, তামিলনাড়ুতে এল. টি. টি. ই. আছে। বি. জে. পি.র যিনি সর্বভারতীয় সভাপতি তিনি এক জায়গায় বলেছেন যে সুইসাইড স্কোয়ার্ডের কথা তিনি জানেন না। তবে যদি কেউ এই রকম ধরনের আত্মত্যাগ করার জন্য এগিয়ে আসেন তাহলে তা গর্বের বিষয়। অর্থাৎ বি. জে. পি. আবার ৩ বিঘাকে কেন্দ্র করে অশান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। সুইসাইড স্কোয়ার্ড গঠন করার মধ্যে দিয়ে সমস্ত প্রশাসন ব্যবস্থাকে বিব্রত করার একটা ভয়ঙ্কর চেষ্টা করছে কাজেই এই সব প্রশ্নে আমি একটা প্রস্তাব করছি যে মুখ্যমন্ত্রী এখানে ৩ বিঘা নিয়ে অনেক কথা বলেছেন, তিনি একটা সর্বদলীয় প্রতিনিধি দল নিয়ে আবার ৩ বিঘা চলুন। আমরা সেখানকার পরিস্থিতি দেখে একসঙ্গে সভা সমাবেশ করি। **(সরকার পক্ষ থেকে ভয়েস ঃ সিদ্ধার্থবাবুকেও থাকতে হবে)** ভাল কথা, সিদ্ধার্থবাবুও থাকবেন, একসঙ্গে যাওয়া হোক। আর একটা কথা হচ্ছে, বি. জে. পি'র বক্তব্য এবং সুইসাইড স্কোয়ার্ড ইত্যাদি ব্যাপারে সরকার পক্ষ থেকে একটা অ্যালার্ম করা হচ্ছে না পশ্চিমবঙ্গবাসীকে। এই সুইসাইড স্কোয়ার্ডের ব্যাপারে সরকার নীরব, সরকার চাইছেন বি. জে. পি এটা করুক।

মিঃ স্পিকার ঃ এখন বিরতি। হাউস আবার ২.৩০ মিনিটে বসবে।

(At this stage the House was adjourned till 2-30 P.M.)

(After recess) (2-30 — 2-40 P.M.)

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Mr. Speaker : Now discussions on Demand Nos. 24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96, 97, 74 and 92.

DEMAND NO. 24

Mr. Speaker : There are three cut motions to Demand No. 24.

All the cut motions are in. order.

1. Shri Abdul Mannan	:	Sir, I beg to move that the amount of
2. Shri Saugata Ray	:	the Demand be reduced by Rs. 100/-

DEMAND NO. 53

Mr. Speaker : There is no cut motion to Demand No. 53.

DEMAND NO. 75

Mr. Speaker : There are six cut motions to Demand No. 75. All the cut motions are in order.

Dr. Manas Bhunia : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

1. Shri Deba Prasad Sarkar	:	Sir, I beg to
2. Shri Abdul Mannan	:	move that the amount of the
3. Shri Saugata Roy	:	Demand be reduced by Rs. 100/

DEMAND NO. 76

Mr. Speaker : There is no cut motion to Demand No. 76.

DEMAND NO. 87

Mr. Speaker : There is no cut motion to Demand No. 87.

DEMAND NO. 88

Mr. Speaker : There is no cut motion to Demand No. 88.

DEMAND NO. 93

Mr. Speaker : There is no cut motion to Demand No. 93.

DEMAND NO. 94

Mr. Speaker : There is no cut motion to Demand No. 94.

DEMAND NO. 95

Mr. Speaker : There is no cut motion to Demand No. 95.

DEMAND NO. 96

Mr. Speaker : There is no cut motion to Demand No. 96.

DEMAND NO. 97

Mr. Speaker : There is no cut motion to Demand No. 97.

DEMAND NO. 74

Mr. Speaker : There are six cut motions to Demand No. 74. All the cut motions are in order.

1. Shri Subrata Mukherjee	:	Sir, I beg to
2. Shri Abdul Mannan	:	move that the amount of the
3. Shri Prabir Banerjee	:	Demand be reduced by Rs. 100/-

DEMAND NO. 92

Mr. Speaker : There is no cut motion to Demand No. 92.

Mr. Saugata Ray, I find, there are many Demands on which there is no cut motions. So, I can put them to vote straightway.

[2-30 – 2-40 P.M.]

শ্রী সৌগত রায় ঃ আমরা জানি আপনি খোঁজেন সব সময়ে কোথায় একটা পয়েন্ট আছে যেখানে বিরোধী দলের একটু ত্রুটি হয়েছে। আমরা শয়ে শয়ে কাট মোশন দিয়েছি। আপনি দেখবেন এডুকেশন বাজেট ১৭৬০ কোটি টাকার, সেই বাজেটে কটা হেড আছে আর ইণ্ডাস্ট্রিতে প্রায় ৩০টি হেড আছে। সমস্ত ছড়িয়ে ছিটিয়ে রয়েছে, সিক ইণ্ডাস্ট্রি, লোন ফর সিক ইণ্ডাস্ট্রি এই সমস্ত রয়েছে। এতে সব কটায় কাট মোশন দেবার দরকার নেই। দেখবেন মেন মেন হেডে কাট মোশন দেওয়া আছে। আপনি দেখবেন মেন হেডে দেওয়া আছে কিনা। গভর্নমেন্টের আউট-ডেটিং অ্যাকাউন্টিং প্রসিডিয়োর এর জন্য দায়ী, বিরোধী দল দায়ী নয়। আপনি দেখবেন মেন হেডে আমরা কাট মোশন দিয়েছি।

মিঃ স্পিকার ঃ মিঃ রায়, আপনি তো লোকসভায় ছিলেন, আপনি একজন সিনিয়ার পার্লামেন্টারিয়ান, আপনি তো জানেন যে কোনও ডিমাণ্ডে কাট মোশন না থাকলে ডিবেট হয় না, ডিবেট কাট মোশন নিয়ে নয়।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমি আমার এই শিল্প বাজেটের উপরে বলতে উঠে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি এবং যে যে ডিমাণ্ডে আমাদের কাট মোশন আছে সেই কাটমোশনগুলোকে সমর্থন করছি। আজ সকালে চেঁচামেচিতে আমার গলাটা যত শ্রুতি মধুর ততটা নেই। আমি আশা করি, আপনি নিজ গুণে ক্ষমা করে নেবেন। আজকে মুখ্যমন্ত্রীর যে

বাজেট স্পীচ এটা পড়ে আমার মনে হল, এই যে সিস্টেম—মার্চ ২৫, '৯২র, এই বাজেট স্পীচ নিশ্চয়ই তার আগে তৈরি হয়েছে সেটা ডিবেটেড হবে জুন ৪, ১৯৯২তে। তার মানে প্রায় দু'মাসের বেশি সময়' এর ব্যবধানে। এটা খুব একটা ডিজায়ারেবল হচ্ছে না। এরমধ্যে অনেক পরিবর্তন ঘটেছে যেটা বাজেট স্পীচ টেক ইন্টু অ্যাকাউন্ট করেন নি। আজকে দপ্তর থেকে একটা বই দেওয়া হয়েছে সেটার নাম 'ইণ্ডাস্ট্রিয়াল সিন ইন ওয়েস্ট বেঙ্গল।' সেটা আবার আজকে সকালে দেওয়া হয়েছে। সেটা পড়ার সুযোগ নেই। একটা হচ্ছে বস্তাপচা স্পীচ, দু'মাসের পুরনো, আর আজকে রিসেসের পরে ইণ্ডাস্ট্রিয়াল সিন এই বইটা দিয়েছেন যাতে সেটা পড়ে আমরা আলোচনা না করতে পারি। দুটো প্রসিডিওরের দিক থেকে ভুল হচ্ছে। এখানে মজার ব্যাপার, 'ইণ্ডাস্ট্রিয়াল সিন ইন ওয়েস্ট বেঙ্গল' এই বইটির আগে নাম ছিল 'ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ ইন ওয়েস্ট বেঙ্গল।' এখানে আর গ্রোথ হচ্ছে না বলে এটার নাম পাল্টে সরকারি নাম করে দিয়েছেন 'ইণ্ডাস্ট্রিয়াল সিন ইন ওয়েস্ট বেঙ্গল।' এটা আমি আশা করি, আপনি লক্ষ্য করবেন, আমি জানিনা, আমার প্রায়ই মুখ্যমন্ত্রীর বক্তৃতাগুলো পড়ে মনে হয় উনি খুব ওভার বার্ডেণ্ড। ওঁর বক্তৃতা বিভিন্ন লোক মিলে লিখে দেন। একটা বাজেট আমি আপনাকে দেখব, যে আটার কন্ট্রাডিকশন আছে এবং যে ইংরাজি আছে, এটা মুখ্যমন্ত্রীর বলে মনে হয় না। মুখ্যমন্ত্রী লিখলে ইংরাজিতে লিখবেন। যেটা আছে সেটা সঠিক মুখ্যমন্ত্রীর বলে মনে হয় না। দুটো পার্টের বাজেট স্পীচের মধ্যে কন্ট্রাডিকশন আছে। সেটা আমি আস্তে আস্তে দেখাব। কিছু ইংরাজি কথা আছে বাজেট স্পীচের মধ্যে, আমি জানিনা, কেন একজন মুখ্যমন্ত্রী এই ধরনের কথা ব্যবহার করছেন। যেমন, উনি বলেছেন, 'ক্লিয়ার ডিভিয়েশন ফ্রম দি ন্যাশনাল গোল অব দি পাথ অব সেল্ফ রিলায়ান্স—দি কান্ট্রি—টোটালি ব্যাঙ্কাপ্ট মিটিং ইটস এক্সটার্নাল ডেট সার্ভিস অবলিগেশনস—'। রাজ্যের মুখ্যমন্ত্রী কি মনে করেন আমাদের দেশ দেউলিয়া হয়ে গেছে? এটা কি আসল অর্থনীতির অবস্থা? মুখ্যমন্ত্রী জবাব দেবেন। তারপর বলেছেন, 'র‍্যাম্পোজিং ইনফ্লেশন—লপ-সাইডেড অ্যাণ্ড অ্যান্টি পিপল পলিসি ফলোড বাই দি সেন্ট্রাল গভর্নমেন্ট।' এগুলো সি. পি. এম.'র সেন্ট্রাল কমিটির প্রস্তাব হতে পারে, মুখ্যমন্ত্রীর বক্তৃতা হতে পারে না। 'সাচ চেঞ্জেস এ ব্লেণ্ডিং অব ফ্লাউণ্ডার অ্যাণ্ড ব্লাণ্ডার—।' এই ইংরাজি ভিকটোরিয়ান এজে লেখা হত। এর না কোনও মানে আছে, না প্রপারলি ড্রাফটেড। এটা কোন তথ্যের ভুল—'রেট অব ইনফ্লেশন ইজ সোরিং আপ অ্যাণ্ড আপ'—ইনফ্লেশন ১৬ থেকে কমে ১২ হয়েছে, এটা সবাই জানেন। এটা মুখ্যমন্ত্রী কেন জানেন না, জানি না। তারপর একটা ভাষা ব্যবহার করেছেন—'সেন্ট্রাল বাজেট হ্যাজ প্রুভড টু বি ফিসক্যালি রেট্রোগ্রেড, ইকনোমিক্যালি রিগ্রেসিভ অ্যাণ্ড সোশ্যালি স্ট্যাগনান্ট।' এগুলো বড় বড় কতকগুলো শব্দ ব্যবহার করা হয়েছে। এগেন, যাদের কেন্দ্রের সঙ্গে সব সময় ডীল করতে হয়, তাদের কাছে আমরা এই ভাষা আশা করি না। এটা সি. পি. এম. বা সি. আই. টি. ইউ.'এর ভাষা হতে পারে, মুখ্যমন্ত্রীর নয়। 'দি সেন্টার—হুইমজিক্যালি অ্যাণ্ড ক্যাপ্রিসিয়াসলি চেঞ্জিং দি ইকনোমিক পলিসি, ইউনিল্যাটারালি রিচড অ্যাট এ সিঙ্গল পয়েন্ট বাই এ মাইনরিটি গভর্নমেন্ট অ্যাট দি সেন্টার—।' মুখ্যমন্ত্রী বোধ হয় জানেন, যে গভর্নমেন্ট আছে সেটা মাইনরিটি নয়। পাঞ্জাবের নির্বাচনের পর এবং জনতা দল, তেলেগু দেশম ভেঙে যাওয়ার পর গভর্নমেন্টটা মেজরিটি হয়ে গেছে। কোনও ভাবে ওদের উপরে নির্ভরশীল নয়। এই কথা বলে, মুখ্যমন্ত্রীর বক্তৃতার এই ত্রুটিগুলোকে দেখাবার পর আমি অর্থনীতি সম্পর্কে এবং

শিল্পনীতি সম্পর্কে দু'চার কথা বলতে চাই।

[2-40 – 2-50 P.M.]

পরবর্তী সময়ে মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় একথা স্বীকারও করেছেন এবং সেটা মেনে নিয়েই আমি বলছি স্যার, আপনি জানেন যে পৃথিবীতে ৩টি মডেল ছিল। আমি বলতে চাই যে থার্ড মডেল সম্বন্ধে। থার্ড মডেলের মিক্সড ইকোনমিতে আমরা যাচ্ছি, এর একটা হচ্ছে ক্যাপিটালিস্ট পাথ অফ গ্রোথ and socialist path of growth. সোশ্যালিস্ট পাথ অফ গ্রোথ ছিল সেন্ট্রালি কন্ট্রোলড ইকোনমি, সেখানে রাষ্ট্রই সব কিছু নিয়ন্ত্রণ করবে, সেখানে বাজারের কোনও নিয়ন্ত্রণ থাকবে না। মার্কেট ফোর্স মানা হবে না। কিন্তু দেখা গেছে সেখানে এটা কিছুটা ফেল করেছে এবং বাজারের নিয়ন্ত্রণ না মানলেও বাজারের ফোর্সেস, বাজারের শক্তি সোশ্যালিস্ট দেশগুলিকে ওভারটেক করছে। সেখানে তারা চিনের সঙ্গে কম্প্রোমাইজ করে আজকে ব্যাপকভাবে ফরেন ইনভেস্টমেন্ট নিয়ে এসেছে। সব কটি সোশ্যালিস্ট ইকোনমিতে বাজার অর্থনীতিটা নিয়েছে, কিন্তু তার সোশ্যালিস্ট ইকোনমিতে মার্কেট ফোর্সটা কোপ করতে পারছে না। ফলে সেখানে সোশ্যালিজিম বলে কিছু নেই, মানুষের ন্যূনতম জীবনযাত্রার যে চাহিদা তা মিট করতে পারছে না। এই কথাটি মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতা লেখার আগে যদি মনে রাখতেন যে দি সেন্ট্রাল model for the communist in forming an economy has failed. তাহলে এই ধরনের কথা লিখতেন না। সেখানে কেন্দ্রীয় সরকারের পলিসির কথা বলেছেন, কেন্দ্রীয় সরকার ২টি গ্রাউণ্ডের উপরে তার পলিসি তৈরি করেছেন, (১) আর্থিক পলিসি তৈরি করেছেন ব্যালেন্স অফ পেমেন্টের তার যে সমস্যা আছে তার দিকে তাকিয়ে (২) হচ্ছে ইনফ্লেশন, তার দিকে তাকিয়ে। ব্যালেন্স অফ পেমেন্ট সম্পর্কে অনেক রাজ্যের মুখ্যমন্ত্রী অলটারনেটিভ অ্যাপ্রোচ দিয়েছেন। তাঁরা ইমপোর্টকে ভীষণভাবে কার্টেল করতে বলছেন। তাঁরা বলতে চাইছেন, যে, বিদেশ থেকে তেল আনা, বিদেশ থেকে পেট্রোলিয়ামজাত জিনিস আনা, বিদেশ থেকে ফার্টিলাইজার আনা বা বিদেশ থেকে ক্যাপিটাল গুডস আনা চলবে না। সেখানে আমাদের অ্যাপ্রোচটা কি—আমরা বলতে চাই যে, আমরা ইমপোর্ট করব, কিন্তু এত বেশি এক্সপোর্ট করে করব যে সেই এক্সপোর্টের আয় থেকেই আমাদের ইমপোর্টের পেমেন্ট করতে পারব। এটাই হচ্ছে আমাদের অ্যাপ্রোচ, ওদের অলটারনেটিভ অ্যাপ্রোচ হচ্ছে ইমপোর্ট বন্ধ করে দাও। তারফলে ভারতের সামনে যে মূল সমস্যা তাতে ভারতকে শিল্পকে দুটি ক্ষেত্রে এগোতে হবে। অর্থাৎ ইন দি ম্যাটার অফ কোয়ালিটি এবং ইন দি ম্যাটার অফ প্রাইজ আমাদের দেশে হাই কস্ট ইকোনমি হয়ে যাবে। আমাদের দেশে একটা জিনিস তৈরি করতে গেলে যে খরচ লাগে জাপানে তার অর্দ্ধেক খরচ লাগে। সেই জিনিস কোরিয়াতে অর্দ্ধেক খরচে তৈরি হবে অর্থাৎ টু থার্ড খরচ লাগে। স্টীল অ্যাণ্ড ইঞ্জিনীয়ারিং গুডসের ক্ষেত্রে আমাদের ইকোনমিতে কস্ট কমাতে হবে এবং কোয়ালিটি ইমপ্রুভ করতে হবে। সেটা করতে গেলে তার একমাত্র উপায় হচ্ছে যে এর কোয়ালিটি ইমপ্রুভ করতে হবে। এবং সেটা কঁরতে গেলে ইণ্ডাস্ট্রি মডার্নাইজ করতে হবে। এখন প্রশ্ন আসছে এই আধুনিকীকরণ কি ভাবে করতে হবে বা কি উপায়ে হতে পারে? আমরা দেশের মধ্যে মডার্নাইজ করতে পারি বা বিদেশ থেকে যদি নো হাউ কিনতে হয় বা টেকনোলজি কিনতে হয় তাহলে এই নো হাউ টেকনোলজি কেনাটা বেশি খরচ সাপেক্ষ হয়ে পড়ে।

সেক্ষেত্রে আমরা চাইব যে বিদেশ থেকে আরও ক্যাপিটাল আসুক, আরও ক্যাপিটাল ইনভেস্ট হোক, যেরকম চিনেও ওয়েস্টার্ন ক্যাপিটাল ইনভেস্ট করেছে। আমাদের দেশও তা চেষ্টা চালাতে পারে। সেক্ষেত্রে ক্যাপিটাল ইনভেস্ট করতে হবে। দ্বিতীয়ত আমাদের দেশে যে পাবলিক সেক্টার তৈরি হয়েছে তা কংগ্রেস সরকার তৈরি করেছে, মুখ্যমন্ত্রী বা তার দল তৈরি করেনি। আজকে ১ লক্ষ কোটি টাকা পাবলিক সেক্টরে ইনভেস্ট হয়েছে। আজকে পাবলিক সেক্টরে গ্রীন ফিল্ড ইণ্ডাস্ট্রিজ তৈরি হয়েছে। ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী থাকাকালীন সময়ে এই রুগ্ন এবং বন্ধ কারখানাগুলিকে সরকার থেকে নেওয়া হয়েছে। এই সবটাই পাবলিক সেক্টর স্ট্রাকচারে তৈরি হয়েছে। আজকে সেখানে ওই পাবলিক সেক্টরের পুরো স্ট্রাকচারটাই মডার্নাইজ করার সময় এসেছে। আজকে যদি পাবলিক সেক্টরে মডার্নাইজ করতে পারতেন তাহলে বছরের পর বছর যে লোকসান হচ্ছে সেই লোকসান আর বইতে হত না। আজকে আপনারা রুর্যাল ডেভেলপমেন্টের টাকা কাট করে পাবলিক সেক্টরে চাহিদা মেটাচ্ছেন। আপনাদের অপদার্থতার জন্য হেলথ সেক্টর থেকে টাকা কাট করে পাবলিক সেক্টরের খরচ মেটাচ্ছেন। এই রাজ্যের চূড়ান্ত অপদার্থতার জন্য এই ইনএফিশিয়েন্ট পাবলিক সেক্টরগুলি ধুঁকছে। মুখ্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে এই কথাটা বলা উচিত ছিল যে পশ্চিমবঙ্গের কারখানাগুলি লোকসানে চলছে এবং সেগুলো লাভে চলবে কি করে? এই কথাটি তাঁর বলা উচিত ছিল, কিন্তু তা বলেন নি। সেখানে মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন যে কেন্দ্রীয় সরকার আই এম এফ বা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নেওয়ার ফলে তাদের চাপে পড়ে পাবলিক সেক্টরের নীতি পাল্টাচ্ছে এবং শ্রমিকদের ছাঁটাই করছেন। দুটো জিনিস আজকে ক্লিয়ারলি বোঝা দরকার। পাবলিক সেক্টর ১৪৪ টা আছে, তার মধ্যে ৫৮টা লোকসান করছে এবং বাঁকিগুলো লাভ করছে। আবার কিছু কিছু লাভজনক সংস্থার ২০ শতাংশ শেয়ার ইক্যুইটি বাজারে ছাড়ছে। ইট ইজ এ policy of privatisation to a number of public section units. আমরা চাইছি মুখ্যমন্ত্রী বলুক কোনও পাবলিক সেক্টরের ২০ শতাংশ শেয়ার বাজারে ছাড়া কি প্রাইভেটাইজেশন? কতটা প্রাইভেটাইজেশন স্টেট গভর্নমেন্ট করেছে সেটার ব্যাপারে আমি পরে যাব। আপনাকে নতুন ক্যাপিটাল ইনভেস্টমেন্ট করতে হলে দুটো জায়গায় আপনাকে যেতে হবে। একটা হচ্ছে, সেন্ট্রাল গভর্নমেন্টের বাজেটারী রিসোর্স থেকে, কিংবা স্টেট গভর্নমেন্ট মিউচুয়াল ফাণ্ড থেকে টাকাটা তুলতে পারেন। তাহলে বাজেট থেকে টাকাটা দিতে হচ্ছে না। বাজেট-এর টাকাটা এমপ্লয়মেন্ট জেনারেশন খাতে খরচ হবে। আর শিল্পের টাকাটা আমরা শেয়ার বাজার থেকে তুলব। এটাকেই মুখ্যমন্ত্রী বলছেন প্রাইভেটাইজেশন। আপনারা কোথায় প্রাইভেটাইজেশন করছেন সেটার ব্যাপারে আমি পরে বলব। দু নম্বর হচ্ছে, মুখ্যমন্ত্রী তার বক্তৃতায় একজিস্ট পলিসি নিয়ে অনেকটা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয় সেন্ট্রাল গভর্নমেন্ট ইণ্ডাস্ট্রিয়াল পলিসি ভাল করে পড়েছেন। সেন্টারের ইণ্ডাস্ট্রিয়াল পলিসিতে কোথাও একজিস্ট পলিসির কথা নেই। কাউকে বিদায় দেবার কথা বলা হচ্ছে না সেখানে। হ্যাঁ, সেখানে দুটো কথা বলা হয়েছে,যে পাবলিক সেক্টর ইউনিট ক্রনিকালি সিক, বছরের পর বছর ধরে লোকসানে চলছে তাদের বি. আই. এফ-আরে পাঠানো হবে, বোর্ড অফ ইণ্ডাস্ট্রিয়াল ফিনান্স অ্যাণ্ড রি-কন্সট্রাকশনের কাছে পাঠানো হবে। মুখ্যমন্ত্রী আমাদের সঙ্গে একমত। কিন্তু উনি আবার একজিস্ট পলিসির বিরুদ্ধে একটা বিরাট বক্তৃতা দিলেন, যেগুলি একদমই ঠিক নয়। উনি ওনার বক্তৃতায় বলেছেন We are not in favour of unproductive job pro-

tection in non-viable units. We want rehabilitation package for retrenched workers and without setting up of an appropriate machinery to judge the extent of labour force required to be declared surplus বি. আই. এফ. আরে যাওয়া মানে কি সিক হয়ে যাওয়া? বি. আই. এফ. আরে গেলে তারা কেস বাই কেস ইউনিট স্টাডি করবে, লোক কমাতে হবে কিনা সেটা দেখবে, সেখানে টেকনোলজি কি দরকার, প্যাকেজ কি দরকার সেগুলো তারা দেখবে। কিন্তু মুখ্যমন্ত্রী বলেছেন, We are not in favour of unproductive job protection in non-viable units. We want rehabilitation package for retrenched workers and without setting up of an appropriate machinery to judge the extent of labour force required to be declared surplus তার বাংলা মানে হচ্ছে যে ইউনিটগুলি চলবে না, সেগুলিতে চাকরি বাঁচিয়ে রাখবার জন্য আমরা কোনওরকম আগ্রহী নই। তাহলে কেন্দ্রীয় সরকার তো ভাল কথা বলেছেন, আমরা কেস বাই কেস বি. আই. এফ. আরে পাঠাব এবং যতক্ষণ না তারা জাজমেন্ট দিচ্ছে ততক্ষন আমরা সেখান থেকে শ্রমিক কমাব না, আমরা শ্রমিকদের ডি. এ. ফ্রীজ করব না। আপনি জানেন স্যার, এই হাউসে আমি ২০ বার বলেছি এই সরকার কি করবে, এখানে একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। যেগুলির খোলার ব্যাপারে মুখ্যমন্ত্রী কিছু করতে পারেন নি, পারবেনও না। মেটাল বক্সের কথা আমি একাধিকবার বলেছি আর কতবার বলব। এখন নেগোশয়েশন হচ্ছে মুখ্যমন্ত্রীকে বাদ দিয়ে বোম্বাইয়ে, সেখানে ঠিক হচ্ছে শ্রমিকরা পাঁচ দিন করে সপ্তাহে কাজ পাবে। এম. এম. সি. মেশিনারি ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন, বেঙ্গল ল্যাম্প, সুলেখা ওয়ার্কস, ওরিয়েন্টাল মেটাল মেশিনারি, জে. কে. স্টীল, স্ট্যাণ্ডার্ড ফার্মাসিউটিকালস, ক্যালকাটা কেমিকেলস, এগুলো অনেকদিন হল বন্ধ হয়ে পড়ে আছে। এগুলি খোলার কোনও ব্যবস্থা নিতে পারেন নি। এই প্রথম মনমোহন সিং বলেছেন বন্ধ কারখানার শ্রমিকদের জন্য বা যেখানে মডর্নাইজ করতে গিয়ে শ্রমিকদের কারোর চাকরি যাবে তাদের জন্য আমরা আলাদা একটা ফাণ্ড তৈরি করব। এই রাজ্যের তো ভাঁড়ে মা ভবানী। সেখানে কেন্দ্রীয় সরকার বলছেন এক হাজার কোটি টাকা দিয়ে আমরা ন্যাশনাল রিনিয়াল ফাণ্ড তৈরি করব। এই প্রথম সেন্টার সিক ইণ্ডাস্ট্রিস লোকেদের জন্য ভাবছে। এখন যে রিট্রেনচমেন্ট কম্পোজিশন তাতে এক বছর কাজ করলে এক মাসের মত টাকা পাওয়া যায়। কিন্তু এখন ঠিক হচ্ছে প্রতি বছর কাজ করার জন্য তিন মাস করে রিট্রেঞ্চমেন্ট কম্পোজিশন পাবে। অথচ মুখ্যমন্ত্রী বলে দিলেন একজিস্ট পলিসি। উই ফেইলড to appreciate the wisdom of the exit policy at the beehest of IMF. কোথায় আই. এম. এফ. একজিস্ট পলিসির কথা বলেছেন। আই. এম. এফের কণ্ডিশনালিটিস পার্লামেন্টে বিলি করা হয়েছে, কিন্তু মুখ্যমন্ত্রী বিশ্বব্যাঙ্কের সাথে যে চুক্তি করেছেন সেটা গোপনে করেছেন। স্ট্রাকচারাল অ্যাডজাস্টমেন্টের ব্যাপারে একজিস্ট পলিসির কথা কোথাও নেই। এটা একটা পলিটিক্যাল প্রোপাগাণ্ডা, যেটা মুখ্যমন্ত্রীর বক্তৃতার মধ্যে এসেছে। আমি বলতে চাই, আমাদের মডার্নাইজেশন করা ছাড়া কোনও উপায় নেই।

[2-50 – 3-00 P.M.]

আমাদের টেকনোলজি আনা ছাড়া কোনও উপায় নেই। আমাদের ইণ্ডাস্ট্রিকে সারভাইভ

করতে গেলে আন্তর্জাতিক বাজারের যে প্রাইস এবং কোয়ালিটি তাকে কনট্রোল করতে হবে। এবং ইণ্ডাস্ট্রির উপর ব্যুরোক্র্যাটিক কন্ট্রোল থাকতে হবে। এর আগে আমি বারবার অভিযোগ করেছি যে, এই পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী বারবার বলেছেন যে কোনও লাইসেন্স দেওয়া হয় না, অথচ আজকে লাইসেন্স তুলে দেওয়া হয়েছে। এম. আর. টি. পির যে রেস্ট্রিকশন সেটাও তুলে দেওয়া হয়েছে। আজকে ফরেন ইনভেস্টমেন্ট রুলস তুলে দেওয়া হয়েছে। এটা অপূর্ব্ব সুযোগ। একে সদ্ব্যবহার করতে হবে। নাউ ইট ইজ গোল্ডেন অপারচুনিটি টু ইনভেস্টমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল। মুখ্যমন্ত্রীও সেটা বারেবারে নিজে স্বীকার করেছেন। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। বক্তৃতা না দিয়ে ওদের এই সুযোগের সদ্ব্যবহার করা উচিত। এই সুযোগকে কাজে লাগাতে পারলে দেখবেন যে পশ্চিমবাংলায় ইণ্ডাস্ট্রির উন্নতি হবে। স্যার ইউ উইল Notice that কেন্দ্রের নয়া শিল্পনীতির জন্য বেশি ইনভেস্টমেন্ট, ইণ্ডাস্ট্রির প্রোপোজাল আসতে শুরু করেছে পশ্চিমবাংলায়। মুখ্যমন্ত্রী নিজেও বলেছেন, If the investment for HPP be excluded from approvals of 1990, the total number of approvals as also the amount of investment involved in the approvals of 1991 are well on the high side compared to those in 1990. ১৯৯০তে মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে ১৯৯১য়ে পশ্চিমবাংলায় যে ইনভেস্টমেন্ট হয়েছে অ্যাজ কমপেয়ার্ড টু ৯০, এটা কেন? কারণ ১৯৯১-এ ডঃ মনমোহন সিংয়ের যে অর্থনীতি যে শিল্পনীতি এনেছেন মুখ্যমন্ত্রী তাকে পরোক্ষে স্বাগত জানিয়েছেন। উনি এক এক ক্ষেত্রে বলছেন যে সেন্টারের পলিসি সাপোর্ট করি না। তা সত্ত্বেও আমরা এর সুযোগ নিতে চাই। এটা উনি বুদ্ধিমানের মতোই বলেছেন। এবং উনি বলেছেন যে আমরা নতুন শিল্পনীতির পুরোপুরি সুযোগ নেব। এই কথা উনি অত্যন্ত স্পস্টভাবেই বলেছেন। তাহলে দেখবেন যে নতুন যে পলিসি এটা ওঁনারা গ্রহণ করেহেন এবং ইন স্পাইট অফ দ্যাট Sir, in spite of our reservation on several aspects of the industrial and trade policies which are being pursued by the Central Government, we do not want that the people of West Bengal should lag behind in taking the advantage of such policies to whatever extent it is possible. একে বাংলায় স্যার, এক কথায় বলে যে গাছেরও খাব তলারও কুড়োব। আবার সমালোচনাও করব। সুযোগও নেব। স্যার মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন। আমার সঙ্গে ওঁর ঝগড়া নেই। আজকে পৃথিবী চেঞ্জ হচ্ছে। গ্লোবাল মারর্কেট প্লেস ছোট হয়ে গেছে। ইনফরমেটিক রেভোলিউশন হচ্ছে। সমস্ত পৃথিবীটা আজকে পাল্টে যাচ্ছে। আজকে মার্ক্সের তত্ত্ব আর খাটছে না। নতুন কিছু আনতে হবে, কিছু করতে হবে। বিশ্বের শক্তির সঙ্গে আপনাদের শক্তি বাড়াতে হবে। আজকে গ্লোবাল মারকেট চেঞ্জ হচ্ছে। আজকে বাঁচতে গেলে মার্ক্সবাদ চলবে না। মার্ক্সবাদ ইজ নট দি ওয়ে অফ রিভাইজ। আবার বলতে চাই যে, কেন্দ্রীয় সরকার যে নতুন শিল্পনীতি এবং এম. আর. টি. পি.র উপর রেস্ট্রিকশন তুলে দিয়েছেন তাকে স্বাগত জানিয়ে এর সুযোগ নেওয়া উচিত। এইগুলি পশ্চিমবাংলায় শিল্পক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আনতে পারে। যদি মুখ্যমন্ত্রী এর জন্য মানসিকভাবে তৈরি হন। এবং ওঁনার উচিত পুরনো নীতি ফেলে দেওয়া। কিন্তু দুঃখের ব্যাপার দেখা যাচ্ছে যে মুখ্যমন্ত্রী এই গোল্ডেন অপারচুনিটিকে কাজে লাগাতে পারছেন না। আজকে মুখ্যমন্ত্রী শিল্প দপ্তরের ভার নিয়েছেন কিন্তু ফ্যাক্টস হচ্ছে হি ইজ ভেরি ওভারবারডেন। ওঁনার হয়তো সদিচ্ছা আছে কিন্তু কিছু করতে পারছেন না।

কিন্তু যখন উনি চেম্বার অফ কমার্সের সভায় ভাষণ দেন তখন মনে হয় যে দেয়ার ক্যান্ট বি বেটার সুইট ম্যান। আমি শুরু করি অ্যাভারেজ মান্থলি ইনডেক্স অফ ইণ্ডাস্ট্রিয়াল প্রডাকশন ইন ওয়েস্ট বেঙ্গল অ্যাণ্ড ইণ্ডিয়া—অ্যাভারেজ ইনডেক্স ওয়েস্ট বেঙ্গলের ১১৭.৬ ছিল ১৯৯০-৯১ অ্যাজ এগেনস্ট ১২১ ইন ১৯৮৯-৯০। তাহলে ইনডেক্স নাম্বার ইন ওয়েস্ট বেঙ্গল ২.৪ পারসেন্ট কমলো। ভারতবর্ষে খুব খারাপ বছর ছিল। কিন্তু ভারতবর্ষে অল-ইণ্ডিয়া ইনডেক্স ইনক্রিস হল বিটউইন ১৯৮৯-৯০ অ্যাণ্ড ১৯৯০-৯১। ইণ্ডাস্ট্রিয়াল প্রডাকশন-এর ক্ষেত্রে পশ্চিমবাংলার গ্রোথ কমলো। আপনি বলবেন এক বছর দেখাচ্ছেন, কিন্তু যেটা সেন্ট্রালের কমলো সেটাও দেখান। আমি পাঁচ বছরের অ্যাভারেজ দেখাচ্ছি গ্রোথ অফ ইণ্ডাস্ট্রিয়াল প্রডাকশন শিল্পের উৎপাদন কিভাবে বেড়েছে সারা ভারতবর্ষে। ১৯৮৪-৮৫ থেকে ১৯৮৬-৯০ পর্যন্ত সারা ভারতবর্ষে অ্যাভারেজ গ্রোথ অফ ইণ্ডাস্ট্রিয়াল প্রডাকশন ৮.৪ পারসেন্ট বেড়েছে। আর ওয়েস্ট বেঙ্গলের সেখানে ৩.৯ পারসেন্ট, উত্তরপ্রদেশে ১২.৯, মহারাষ্ট্রে ৮.২, কর্ণাটকে ৮.২। তাহলে ওই পাঁচ বছরে রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন ভারতবর্ষের অ্যাভারেজ ৮ পারসেন্টের উপরে, আর ওয়েস্ট বেঙ্গলে ৪ পারসেন্টেরও কম। এটা মুখ্যমন্ত্রীর নির্দেশনামার মধ্যে পড়ে না? আমি আর বলি স্যার, ইণ্ডাস্ট্রি থেকে ডোমেস্টিক প্রডাক্টের হিসাব হয়। অ্যানোয়াল গ্রোথ রেট অফ পার ক্যাপিটা ডোমেস্টিক প্রডাক্ট ইন ওয়েস্ট বেঙ্গল ওই একই পিরিয়ডে রাজীব গান্ধীর পাঁচ বছরে ইজ ২.৫ পারসেন্ট অ্যাগেনস্ট ন্যাশনাল গ্রোথ অফ ৩.৫ পারসেন্ট। তার মানে মাথা পিছু এস. ডি. পি, নেট পার ক্যাপিটা এস. ডি. পি, এটাও স্যার দেখা যাচ্ছে আমরা অল ইণ্ডিয়া অ্যাভারেজের নিচে। আবার মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন বিদ্যুত কত জরুরি। ওঁনার সাথে আমিও একমত। আই ক্যান্ট মেয়ার এগ্রি উইথ হিম। এটা ভীষণ জরুরি। সেখানে দেখা যাচ্ছে পার ক্যাপিটা ইণ্ডাস্ট্রিয়াল কনজামপশন অফ ইলেকট্রিসিটি এটা একটা ইনডেক্স যে কিভাবে ইণ্ডাস্ট্রিতে ইলেকট্রিসিটি খরচ হচ্ছে। মাথাপিছু অল ইণ্ডিয়া পার ক্যাপিটা ইণ্ডাস্ট্রিয়াল কে, ডব্লুউ, এইচ হচ্ছে ১০২.৯ কে. ডব্লুউ, এইচ, আর ওয়েস্ট বেঙ্গলের ৬৫.১। হাউ প্যাথেটিক। ভারতবর্ষে মাথাপিছু শিল্পে বিদ্যুত খরচ হচ্ছে ১০২.৯ কে. ডব্লু. এইচ, আর পশ্চিমবাংলায় হচ্ছে ৬৫.১। সেখানে পাঞ্জাবে ২২৬.৯। পশ্চিমবাংলা ১৪ অ্যামাং ২৫ স্টেটস ইন ইণ্ডিয়া। এটা পার ক্যাপিটা কনজামসান অফ ইলেকট্রিসিটি, আপনি যদি দেখেন ওয়েস্ট বেঙ্গলে বাড়ছে না, কিভাবে ওয়েষ্ট বেঙ্গলে এই পার ক্যাপিটা কনজাম্পশন কমে যাচ্ছে। ১৯৮৭-৮৮তে ছিল ৭০.৪ পারসেন্ট কে. ডব্লু. এইচ. ১৯৯০-৯১ হয়েছে ৬৫.১ কে. ডব্লু. এইচ। ৭ পারসেন্ট কমে গিয়েছে। সেখানে অল ইণ্ডিয়া পারক্যাপিটা ইণ্ডাস্ট্রিয়াল প্রডাকসান অফ ইলেকট্রিসিটি বেড়েছে ১৩.২০ পারসেন্ট। তাহলে পার ক্যাপিটা ইণ্ডাস্ট্রিয়াল কনজামসান অফ ইলেকট্রিসিটি পশ্চিমবঙ্গে কমে যাচ্ছে, সারা ভারতবর্ষে বাড়ছে। আমি এক একটা করে ইনডেক্স নিয়ে দেখাচ্ছি যে আমাদের মুখ্যমন্ত্রী দারিত্ব নেওয়ার পরে অবস্থা ভাল করতে পারেন নি। আমি স্যার, এই বার খুব একটা ইম্পরটেন্ট ব্যাপার উপস্থিত করব। ইণ্ডাস্ট্রিসের একটা টোট্যাল গ্রস আঁউটপুট কি রকম তার একটা হিসাব আপনার কাছে উপস্থিত করব। পার ক্যাপিটা গ্রস আউটপুট ইন ইণ্ডাস্ট্রি আমার কাছে লাস্ট ন্যাশনাল স্যাম্পল সারভে ফিগার আছে। ১৯৮৭-৮৮তে মুখ্যমন্ত্রী শিল্পমন্ত্রী হবার পর মহারাষ্ট্রের পার ক্যাপিটা গ্রস আউটপুট ছিল ৪৫৮৫ টাকা, অল ইণ্ডিয়া ছিল ৩৮৫২ টাকা। মাথা পিছু শিল্পের মোট উৎপাদন সেটা সারা ভারতবর্ষে ৩৮৫২, পশ্চিমবঙ্গের ১৭৮৫, মহারাষ্ট্রের ৪৫৮৫।

তাহলে আমরা কত নিচে ভারতবর্ষের স্ট্যানডার্ড থেকে এটা আপনি ভেবে দেখবেন?

[3-00 – 3-10 P.M.]

আপনি জানেন যে ইণ্ডাস্ট্রি মানে হচ্ছে, ভ্যালু অ্যাডিশন প্রসেস। আপনি কাঁচা মাল কিনলেন, তারপর শ্রম দিলেন, টেকনোলজি দিলেন, ভ্যালু অ্যাডেড হল। ভ্যালু অ্যাডিশনটা পশ্চিমবঙ্গে কি রকম হচ্ছে সেটা একটু জানা দরকার। ১৯৮৭-৮৮ সালের যে ফিগার ন্যাশনাল স্যাম্পেল সার্ভে অব ইণ্ডিয়া দিয়েছে সেখানে অল ইণ্ডিয়াতে পার ক্যাপিটা ভ্যালু অ্যাডেড হচ্ছে ৬৭৮ আর ওয়েস্ট বেঙ্গলে পার ক্যাপিটা ভ্যালু অ্যাডেড হচ্ছে ৪০৬। কাজেই ইণ্ডাস্ট্রির যে অ্যাসপেক্টেই আপনি দেখুন না কেন আপনি দেখবেন We are falling into below the all India average though we once more the premier State in India. স্যার এখানে আবার একটা মজার ব্যাপার দেখুন। পশ্চিমবঙ্গে পেড আপ ক্যাপিটাল অব রেজিস্টার্ড কোম্পানিস হচ্ছে সবচেয়ে বেশি। এখানে সবচেয়ে বেশি কোম্পানির হেড অফিস আছে যে জন্য এম. আর. টি. পি'র সুযোগ নিতে পারেন আমাদের মুখ্যমন্ত্রী সবচেয়ে বেশি। কিন্তু তিনি সেটা নিচ্ছেন না। নতুন কোম্পানি কি রকম হচ্ছে এখানে? পশ্চিমবঙ্গে এপ্রিল থেকে ডিসেম্বর '৯০-এর একটা ছোট্ট পিরিওডের ৯ মাসের—সাম্পেল হিসাব দিচ্ছি। পশ্চিমবঙ্গে নতুন কোম্পানি রেজিস্টার্ড হয়েছে ১৭৫৬। তার অথরাইজড ক্যাপিট্যাল হচ্ছে ২৮০ কোটি টাকা। ভারতবর্ষে টোট্যাল নতুন কোম্পানি যা রেজিস্টার্ড হয়েছে তার ৮ পারসেন্ট ইন টার্মস অব ইনভেস্টমেন্ট। সেখানে দিল্লি এবং দিল্লির আশেপাশের এলাকায় ইণ্ডাস্ট্রিয়াল জোনে হয়েছে ৮২২ কোটি টাকার নতুন কোম্পানি। স্যার, এবার দেখা যাক যে মেন ব্যাপারটা কি হচ্ছে। এর আগে একটা খুব অভিযোগ ছিল যে আমাদের রাজ্য লাইসেন্স পায়না। পুরানো সিস্টেমে আপনারা জানেন প্রথমে লেটার অব ইনটেন্ট দেওয়া হত বা ইশ্যুড হত। তারপর সব রেডি হয়ে গেলে কোম্পানি ফরমেশন হয়ে যখন কাজ শুরু হবে তখন দ্যাট ওয়াজ কনভার্টেড ইনটু এ ইণ্ডাস্ট্রিয়াল লাইসেন্স। ১৯৮৫ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে লেটার অব ইনটেন্ট ইশ্যুড হয়েছে ২৭১টি এবং তাতে ইনভেস্টমেন্ট হবার কথা ছিল ৪ হাজার ৭৩১ কোটি ৪৭ লক্ষ টাকা। letter of intent converted into industrial licence. কিন্তু কতহয়েছে? অনলি ৯১। লেটার অব ইনটেন্ট কনভার্টেড ইনটু ইণ্ডাস্ট্রিয়াল লাইসেন্স, সেটা হচ্ছে অনলি ৯১, দ্যাট ইজ ৩৩ পারসেন্ট, ওয়ান থার্ড সেখানে লাইসেন্স কনভার্টেড হয়েছে হুইচ ইজ রাফলি ৩৩ পারসেন্ট। আর ইনভেস্টমেন্ট প্রমিসড মাত্র ৩০৭ কোটি। অর্থাৎ এই টাইমে এই ইনভেস্টমেন্ট হয়েছে, which is 7% of the original amount for which the letters of intent were issued. তাহলে আমরা লেটার অব ইনটেন্ট পেয়ে তার বাকি ইনফ্রাস্ট্রাকচারাল কাজ কমপ্লিট করে তাকে লাইসেন্সে কনভার্ট করার জন্য যা করার দরকার ছিল তা করতে পারি নি। স্যার, স্টাটিসটিকস ইজ সামহোয়াট বোরিং কিন্তু তা সত্বেও যেহেতু মুখ্যমন্ত্রীর দপ্তর সেইহেতু কিছু স্টাটিসটিক্স দেবার প্রয়োজন আছে। এর পর আমি এখানে ইণ্ডাস্ট্রিয়াল সিকনেসের ব্যাপারে আসি। ইণ্ডাস্ট্রিয়াল সিকনেস হচ্ছে পশ্চিমবাংলার মেজর সমস্যা ভারতবর্ষের মধ্যে এবং দেখছি পশ্চিমবঙ্গ এখন ইণ্ডাস্ট্রিয়াল সিকনেসের ব্যাপারটা ডমিনেট করছে ২/৩ বছরের আগের একটা হিসাব দিচ্ছি, জুন, '৮৮, হিসাব, Non SSI sick unit in West Bengal 112 15 পারসেন্ট অব অল ইণ্ডিয়া

অ্যাভারেজ। তার আউটস্ট্যাণ্ডিং ব্যাঙ্ক ক্রেডিট ছিল almost 20% of all India average যত সিক ইউনিট তার 15 পারসেন্ট in number and 20% in terme of bank credit. পশ্চিমবঙ্গে ছিল। আমাদের এখানে শিল্প রুগ্ন হয়ে যাচ্ছে, দুর্বল হয়ে যাচ্ছে। এবং এটা সারা ভারতবর্ষে ১৯২১ কোটি টাকা, এই সিক ইণ্ডাস্ট্রির কাছে বাকি ছিল। এর সবচেয়ে বেসি পারসেন্ট ছিল পশ্চিমবাংলায়, আমি যেটা বলছিলাম প্রায় ২০ পারসেন্ট এখানে পশ্চিমবাংলায় ছিল। তার ফলে আমরা দেখছি যে পশ্চিমবাংলায় সিক ইউনিটে ম্যাক্সিমাম টাকা ব্লকড হয়ে আছে, যেগুলোকে কোনও ভাবেই ইমপ্রুভ করা যাচ্ছে না। অথচ এই সিক ইউনিটের ক্ষেত্রে গত বছরের বাজেটে আপনার যা লোন দেবার কথা ছিল, তা আপনি দিচ্ছেন না। স্যার, আপনি ডিমাণ্ড নং ৭৪টা দেখুন, এবার উনি দাবি করেছেন ১১ কোটি ১২ লক্ষ টাকা। পতিত বাবুর দপ্তর এটা। ৯০-৯১ সালে বাজেট ছিল ১২ কোটি ১৯ লক্ষ টাকা। ৯০-৯১ সালে অ্যাকচুয়ালস কত? ৮ কোটি ২০ লক্ষ টাকা। তার মানে ঐ যে অসীম বাবুর বাজেট কাট, তাতে উনি ৪ কোটি ৫৪ লক্ষ টাকা লোনস টু ক্লোজ অ্যাণ্ড সিক ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রিজ, সেটা ব্যবহার করা হয়নি। অথচ ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্টিতে সিকনেস সবচেয়ে বেশি। গত বছর আপনি ৪ কোটি ৫৫ লক্ষ টাকা ইউটিলাইজ করেননি ইন লোন্স ফর ক্লোজ অ্যাণ্ড সিক ইণ্ডাস্ট্রিজ লিমিটেড। আবার আমি দেখাচ্ছি ইণ্ডাস্ট্রিতে গত বছরের বাজেটে সবচেয়ে বেশি মার খেয়েছে। ১৯৯২-৯৩তে ডিমাণ্ড নং ৭৫ এ আপনার ডিমাণ্ড ছিল ২৬ কোটি ৬৩ লক্ষ টাকা। সেখানে আপনি গত বছরের বাজেট ছিল ২৪ কোটি ২১ লক্ষ টাকা। অ্যাকচুয়্যালস হয়েছে ১১ কোটি ১৫ লক্ষ টাকা। তার মানে আপনি গত বছর ইণ্ডাস্ট্রির জন্য যা বাজেট ছিল তার মাত্র ৫১ পারসেন্ট খরচ করছেন। কি করে শিল্প হবে? কি করে রুগ্ন শিল্প বাঁচবে? আপনি ইণ্ডাস্ট্রির জন্য যে বাজেট তার ৫০ পারসেন্ট আপনি খরচ করছেন। আপনি বলছেন যে আমাদের কাজ খুব ভাল হয়েছে। আমাদের কাজ খুব ভাল হবে। পশ্চিমবাংলায় খুব শিল্পে উন্নত হবে, ইত্যাদি। সুতরাং আমি আপনাকে স্যার, অল ইণ্ডিয়া পিকচার দিলাম যে পশ্চিমবাংলা কোন জায়গায় শেষ পর্যন্ত পড়ে আছে। আমি আর আপনাকে এই দিয়ে ভারাক্রান্ত করব না, আমি শুধু একটা জিনিস আপনাকে উল্লেখ করছি যে পশ্চিমবাংলার কিন্তু এই রকম অবস্থা হবার কথা নয়। তার কারণ পশ্চিমবাংলার আমি একটা ফিগার দেখছিলাম, স্যার, তাতে স্টেটওয়াইজ, ডিস্ট্রিবিউশন of number of paid up capital of companies at work in India as on 31st March of 1990. ৩১শে, মার্চ অব ৯০ পর্যন্ত রয়েছে। সেখানে পশ্চিমবাংলায় নাম্বার অব রেজিস্টার্ড কোম্পানি হচ্ছে ২৮ হাজার ৪৩৮। এবং তার টোটাল পেড আপ ক্যাপিটাল হচ্ছে ৯ হাজার ৩৪৬ কোটি টাকা। ভারতবর্ষে আমরা প্রথম, ইন টার্মস of number of companies registered.. নতুন কোম্পানিতে নয়। এখন পর্যন্ত যা কোম্পানি রেজিস্টার্ড আছে, আমরা এক নম্বর। মহারাষ্ট্র, আমরা বলি এগিয়ে গেছে। মহারাষ্ট্র কিন্তু সেই তুলনায় আমাদের ৯৩ শত ৪৬ কোটি টাকা, মহারাষ্ট্র কিন্তু মাত্র ৫৭শ ৭৭ কোটি টাকা, টোটাল পেড আপ ক্যাপিটাল এইগুলো রয়েছে। অন্ধ্রে ৩৯শ ৮৯ কোটি টাকা পেড আপ ক্যাপিটাল রয়েছে। তাহলে পশ্চিমবাংলায় যে কোম্পানি আছে, তাদের এখানে পেড আপ ক্যাপিটাল যা আছে, তা দিয়েও পশ্চিমবাংলায় শিল্পে তাদের বিনিয়োগ করানো যাচ্ছে না। কেন যাচ্ছে না, সেটা আমি আপনাকে বলছিলাম, একটা তো বড় কারণ যে এই রাজ্যে একটা যে পুরাণ কিছু

থিওরিটিক্যাল জ্ঞানের মধ্যে এরা আবদ্ধ হয়েছে, দ্বিতীয়ত এখানে বিদ্যুত নেই, এবং তৃতীয়ত এখানে ব্যুরোক্রাসি, সেটা পুরোপুরি নেগেটিভ। এবার আমি আর.র মুখ্যমন্ত্রীর যে মূল বাজেট বক্তব্য, তাতে আমি আস্তে আস্তে চলে যাচ্ছি। আমি খুব খুশি যে এখন মুখ্যমন্ত্রী বিভিন্ন রাজ্যের প্রশংসা করেছেন, উনি একটা Scheme for setting up Gujrat type industrial extension centre for guiding and assisting entrepreneurs has been taken up. একটা গুজরাট টাইপ ইণ্ডাস্ট্রিয়াল এক্সটেনশন সেন্টার এখন আমরা টেক আপ করছি। আমি বুঝতে পারছি না স্যার, যে এটা এতদিন ধরে আমাদের করা হয়নি কেন?

[3-10 – 3-20 P.M.]

দ্বিতীয়ত ডাইরেক্টর অফ ইণ্ডাস্ট্রিস এন. আর. আই.-দের জন্য একটা সেল তৈরি করে ভাল কাজ করেছেন। মুখ্যমন্ত্রী বিদেশে গেলে এন. আর. আই.-দের সঙ্গে কথা বলেন। "সেল" করেছেন, ভাল করেছেন। কিন্তু আমার কাছে যা ফিগার্স আছে তাতে দেখছি, দি এন. আর. আই. ইনভেস্টমেন্ট in West Bengal is one of the lowest in the whole of India as compared to Andhra Pradesh as compared to Gujrat Karnataka, Tamil Nadu, Maharashtra. We are nothing. আমরা এন. আর. আই. ইনভেস্টমেন্টের ক্ষেত্রে কিছুই করতে পারি না। এত দিন পরে একটা এন. আর. আই. সেল করেছেন ওদের হেল্প করার জন্য, অ্যাডভাইস করার জন্য। এটা খুবই দুঃখের বিষয়। এগেন আমি স্যার, আপনাকে বলতে চাই যে, এখানে আবার একটা মজার ব্যাপার দেখুন, গত ২ বছর ধরে স্টেট গভর্নমেন্টের ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের মেন প্ল্যান হলদিয়া পেট্রো-কেমিক্যাল লিমিটেড। হলদিয়া পেট্রো-কেমিক্যাল লিমিটেড এমনই একটা প্রোজেক্ট, যেটা নিয়ে এখন আর স্টেট গভর্নমেন্ট দোষ দিতে পারছেন না। ওঁরা স্বীকার করছেন যে, হলদিয়া পেট্রো-কেমিক্যালস-এর ব্যাপারে সব রকমের ক্লিয়ারেন্স পাওয়া গিয়েছে ফ্রম দি ফাইনান্সিয়াল ইন্সটিটিউশন ইন ইণ্ডিয়া। এখন হলদিয়ার খরচ দাঁড়িয়েছে ৩০০০ কোটি টাকা। এর মধ্যে ফরেন এক্সচেঞ্জ কমপোনেন্ট হচ্ছে ৮০০ কোটি টাকা। এই ৮০০ কোটি টাকা আপনারা ইন্টারন্যাশনাল ফ্রাইনান্সিয়াল ইন্সটিটিউশন্স থেকে নর্মালি পেতেন না, এখন এটা পাওয়ার সম্ভাবনা উজ্জল, কারণ মনমোহন সিং-এর অর্থনীতি। পার্শিয়াল কনভার্টিবিলিটি অফ দি রুপি হয়েছে, এখন টাকা দিয়ে ফরেন এক্সচেঞ্জ পেতে পারেন। তা নাহলে ইতিপূর্বে দেশে ফরেন এক্সচেঞ্জ-এর যে পজিশন ছিল তাতে হলদিয়ার জন্য ৮০০ কোটি টাকা কখনো পেতেন না। আপনাদের এটা বলা উচিত। 'বিজনেস টুডে' পত্রিকার চলতি ইস্যুতে হলদিয়ার ওপর একটা রিপোর্ট আছে। তাতে বলছে, 'হলদিয়া মাঝে খুবই অনিশ্চিত হয়ে পড়েছিল, কিন্তু পার্সিয়াল কনভার্টিবিলিটি অফ দি রুপি করার পর হলদিয়ার সম্ভাবনা দেখা দিয়েছে।' আজকে আমি চাই মুখ্যমন্ত্রী এই হাউসে আমাদের একটা স্পেসিফিক অ্যাশুয়েরেন্স দিন যে, কবে হলদিয়া পেট্রো-কেমিক্যাল লিমিটেড কমপ্লিট হবে। এখন তো আর কোনও ক্লিয়ারেন্সের অসুবিধা নেই। এখন আর কেন্দ্র বিরোধী স্লোগান দেবার কোনও কিছু নেই। অল ক্লিয়ারেন্স হ্যাভ বিন রিসিভড। এখন ইন্টারন্যাশনাল মার্কেটে পার্শিয়ালি কনভার্টিবিলিটি রুপি, আপনারা ৮০০ কোটি টাকার ফরেন এক্সচেঞ্জ জোগাড় করুন এবং বলুন কবের মধ্যে হলদিয়া কমপ্লিট হবে, কমিশনিং করবেন? আপনাকে বলতে হবে। আপনাকে আরও বলতে হবে হলদিয়ায় কোন

কোন ডাউন-স্ট্রিম ইণ্ডাস্ট্রিস ফাইনালাইজ হয়েছে এবং কোন কোন ডাউন-স্ট্রিম ইণ্ডাস্ট্রি কোন কোন ইণ্ডাস্ট্রিয়াল হাউসকে দিচ্ছেন? এই শেষের প্রশ্নের উত্তরটা আমাদের বিশেষ ভাবে জানা দরকার। দিস মিস্ট্রি শুড বি লেইড অ্যাট রেস্ট। আমি যত দূর জানি হলদিয়ায় এখন ফরেন এক্সচেঞ্জ লাইন আপ হয়েছে। বিদেশি টেকনোলজির লাইন আপ হয়েছে। কিন্তু কাজ এখনো অন দি গ্রাউণ্ড, জাস্ট ল্যাণ্ড অ্যাকুইজিশন কমপ্লিট হল এত দিনে। সুতরাং এই হিসাব মতো চললে আগামী পাঁচ বছরে, নেক্সট ইলেকশন পর্যন্ত হলদিয়া হওয়া কখনই সম্ভব নয়। আমি মুখ্যমন্ত্রীর কাছে অন্য কিছু শুনতে পেলে খুশি হব। বক্রেশ্বর নিয়ে যে কথা আগে বলা হয়েছিল সে কথা এখন আবার আমি আপনাদের স্মরণ করিয়ে দিই। আমি আগেও এই হাউসে বলেছি, বসন্ত শাঠের কথা যদি আপনারা মেনে নিতেন, সেন্টারের প্রোপোজাল অনুযায়ী এন. টি. পি. সি. যদি বক্রেশ্বর করত, তাহলে এত দিনে হয়ে যেত। তখন আপনি বললেন, না, এটা বাংলার আত্ম মর্যাদার প্রশ্ন। আপনার হয়ত আত্ম মর্যাদার প্রশ্ন ছিল, আপনি হয়ত কাউকে কাজ দেবেন বলেছিলেন। কিন্তু কি হল? আপনারা সোভিয়েত এড-এ বক্রেশ্বর করবেন বলেছিলেন। সোভিয়েত ইউনিয়ন ভেঙে-চুরে গেল, কমিউনিজিমই থাকল না, বক্রেশ্বরও হচ্ছে না। ফলে আজকে ১০৫ কোটি টাকা ব্লকড হয়ে আছে এবং বক্রেশ্বর আগামী পাঁচ বছরে হবার সম্ভাবনা নেই। ইয়োর অনলি হোপ, এবং চুখার ৫ম ইউনিট এবং ৬ষ্ঠ ইউনিট সিনকোনাইস হলে, নেক্সট ইয়ারে পাওয়ারের কিছুটা হোপ দেখা দেবে। আপনাদের বক্রেশ্বর আগামী পাঁচ বছরেও হবে না। দিস ইজ দি প্যাথেটিক State of affairs in West Bengal সুতরাং আমরা চাই বক্রেশ্বরের জন্য আর বসে না থেকে, ওটাকে বাদ দিয়েই আপনি হলদিয়ার ব্যাপারে অন্তত বলবেন যে, কবের মধ্যে আপনি হলদিয়া চালু করতে পারবেন? আমরা চাই বক্রেশ্বর নিয়ে আর যেন কোন ভেগ না থাকে। আমরা চাই হলদিয়ার ব্যাপারে আপনি বলুন কবে চালু করবেন বলে মনে করছেন এবং কারা ডাউন-স্ট্রিম প্রোজেক্টগুলি পাবে? আমি আশা করব এটা আপনি নিশ্চয়ই বলবেন। দ্বিতীয়ত আর একটি ভাল জিনিস কেন্দ্রীয় সরকার তৈরি করলেন যেটার অ্যাডভানটেজ নিতে পারলাম না। ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন—আপনি স্বীকার করেছেন ভেরি-ভেরি ডিসাপয়েন্টিং এবং এটা রাজ্যের ব্যাপার। সান্তাক্রুজ, কান্দলা এক্সপোর্ট প্রসেসিং জোন, মাদ্রাজের এক্সপোর্ট প্রসেসিং জোন কিভাবে এগিয়েছে, ইলেকট্রনিক [illegible] ওরা ওখানে করছে। সেখানে ফলতায় এখন পর্যন্ত ১২টি মাত্র ইউনিট হয়েছে এবং ১৯৮৫-৮৬ সাল থেকে এই ৫ বছরে ৮৩ কোটি টাকার টোটাল টার্নওভার হয়েছে। ইট ইজ এ প্যাথেটিক সিচুয়েশন ইন ইণ্ডাস্ট্রি আপনি মেনশন করেছেন, বিল হানড্রেড। আমি জানি কিছুই হবে না। মাই হার্ট সিংক। ইট ইজ সো মারজিনাল। ১০০ কোটি টাকারও কম ব্যাপার, আপনাকে হন্ট করেছে। আবার আপনি দেখুন, পশ্চিমবাংলায় গত বছর কত টাকার প্রোজেক্ট ইমপ্লিমেন্ট হয়েছে, ১৯৯০-৯১ সালে আপনার হিসাব অনুযায়ী ইমপ্লিমেন্ট হয়েছে ৮৪ কোটি ৩৬ লক্ষ টাকার প্রোজেক্ট। আপনিই বলুন, ৮৪ কোটি ৩৬ লক্ষ টাকা ১ বছরের ইনভেস্টমেন্ট রেট হয় থ্রু আই. ডি. সি অ্যাণ্ড ভেরী আদার প্রোজেক্ট তাহলে কি এমপ্লয়মেন্ট হতে পারে। যেখানে ১ লক্ষ টাকা খরচ করলে ১ জনের এমপ্লয়মেন্ট হয়, মডার্ন ইণ্ডাস্ট্রিতে, যেখানে ১ কোটি টাকা খরচ করলে ১০০ জনের এমপ্লয়মেন্ট হয় সেখানে ৮৪ কোটি টাকা খরচ করলে বড় জোর ৮/৯ হাজার লোকের চাকরি হতে পারে কিম্বা তারও কম হতে পারে, কিন্তু কিছুতেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত ১০ হাজারের বেশি

রি দিতে পারবেন না। খরচ করছে অন্যান্য রাজ্য, বড় বড় ইণ্ডাস্ট্রি করছে। ১ হাজার
ি টাকার টার্নওভারে পৌঁছাচ্ছে ২০০ কোটি টাকার টার্নওভার তারা বাড়াচ্ছে। সেখানে ১
র ৮৪ কোটি টাকার প্রোজেক্ট কোনও ব্যাপার? এটা শুনে খুবই প্যাথেটিক লাগে। এখানে
া কথা ঠিকই বলেছেন, পশ্চিমবাংলায় এই প্রথম নতুন ইণ্ডাস্ট্রিয়াল পলিসি হবার পর
ি আই. ই. এম—ইণ্ডাস্ট্রিয়াল ইন্টারপ্রেনুয়াল মেমোরাণ্ডাম জমা পড়েছে এবং এখানে ২
র ২৩৮ কোটি ৭৫ লক্ষ টাকার প্রোপোজাল আছে। এতে ২৩ হাজার লোকের চাকরি
। এই প্রথম ডঃ মনমোহন সিং-এর পলিসিতে আসবার পর পশ্চিমবাংলা থিংকস আর
ং আপ এ শেপ। আলটিমেটলি ইমপ্লিমেনটেশন স্টেজে গিয়ে যদি ঐ জায়গায় পৌঁছানো
ায় তাহলে খারাপ লাগবে। আপনি মেনশন করেছেন, ওয়েস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের
মে মুখ্যমন্ত্রী কল্যাণীতে ২৫ কোটি টাকা দিয়ে একটি সাবানের কারখানা করবেন। কি
এই ২৫ কোটি টাকার ইউনিট করে? আজকাল ছোটছোট টায়ার কোম্পানির ৭০০/৮০০
ি টাকার টার্নওভার। আপনার ২৫ কোটি টাকার প্রোজেক্টের কথা কেন শুনব? হ্যাঁ,
য়ার ৩ হাজার কোটি টাকার কথা শুনতে পারি। কিন্তু যেখানে আন-এমপ্লয়মেন্টের এই
া সেখানে ২৫ কোটি টাকা কিছু নয়। আবার দেখুন, ১৯৯১-৯২ সালে আই. ডি. সি
ন্সিয়াল অ্যাসিস্টান্স দিয়েছে ১৫ কোটি ৮১ লক্ষ টাকা ইজ ইট এনি মানি? এতে ইণ্ডাস্ট্রি
? পুরো নর্থ বেঙ্গলের জন্য আপনি ২ কোটি ৭০ লক্ষ টাকা দিচ্ছেন। ২ কোটি ৭০
টাকা দিয়ে কি ইণ্ডাস্ট্রি হবে? কোন মডার্ন ইণ্ডাস্ট্রি হবে? ঐ ধূপ কাঠি তৈরি হবে আর
হবে না। ফলতায় টেনিশ র‍্যাকেট তৈরি করছেন, টেনিশ বল তৈরি করছেন। এই
স্ট্রিতে হবে না। দিজ উইল নট বি। উই মাস্ট ব্রেক-আউট ইন এ বিগ ওয়ে। হোয়াই
ইউ স্টাগনেটিং ইন দিজ ওয়ে? এইসব ভাবা দরকার, আপনাদের ইচ্ছার অভাব ছিল
আমি একটা উদাহরণ দিচ্ছি, ওয়েবেলে আপনার ১৮টি কোম্পানি হয়েছে।

[3-20 – 3-30 P.M.]

ওয়েবল কিছুটা জাসটিফায়েবল। আপনি গর্ব করেন, কিন্তু what is the turn over
date. ৪৮ কোটি টাকা, ১৮টি কোম্পানি, এতবড় প্রোডাকশন রেঞ্জ, আপনাদের টোটাল
ভার ৪৮ কোটি টাকা tell me what is your turn over of videocon. ভি.
ও. কন. ৫০০ কোটি টাকা টার্ণওভার ছাড়িয়ে গেছে, ডি. পি. এল. ২৫০ কোটি টাকা
ভার, সারা পশ্চিমবঙ্গে ওয়েবলের টার্ণওভার দেখা যাচ্ছে অনলি ৪৮ কোটি টাকা।
কে মনোপলি ইণ্ডাস্ট্রিতে যে স্কেলের লোকেরা অর্গানাইজ করে It is becoming a
stion of economics আপনি সেটা scale turnover which remains some-
it nebulous করতে পারছেন না, এটা আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই Depart-
it of Industrial Development

(গোলমাল)

খুব ভাল, ইণ্ডাস্ট্রিতে এই প্রথম বিদেশ থেকে ইনভেস্টমেন্ট আসতে শুরু করেছে। খুব
। আবার আমি আপনাকে দেখাচ্ছি সেন্টারের যে স্কীমগুলি তার অ্যাডভানটেজ আপনি
নিতে পারছেন না। আমার কাছে একটা রিপোর্ট আছে, ডিপার্টমেন্ট অফ ইণ্ডাস্ট্রিজ

ডেভেলপমেন্ট গ্রোথ সেন্টার সেখানে ১৯৯০-৯১ সালে ওরা বলছে স্টেট সেন্টার বেশির ভাগ টাকা দেবে। The State Government and Union Teritory regarding the new scheme of growth centre. মধ্যপ্রদেশ, রাজস্থান, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, ইউ. পি. জম্মু এবং কাশ্মীর

The State Government and Union Teritory administrations have been requested that project reports be prepared expeditiously and sent to the Centre and the Department of Industrial Development, for an appraisal and approval. The project. reports in respect of Madhyapradesh, Rajasthan, Karnataka, Andhra Pradesh, Tamil Nadu, U. P. and Jammu & Kashmir have been received and a sum of Rs. 15 crores has been released. পশ্চিমবঙ্গ এখানে বাদ। New scheme of growth centre, আপনি ওদের স্কীম গত বছরে নিতে পারেন নি। তার ফলে আপনাদের দুটি ব্যাপার বলি তারপরে আমি শেষ করব, যেটা বড় ফেলিওর হচ্ছে। প্রতি বছর আপনাদের বলছি স্টেট গভর্নমেন্টের কোনও ইউনিট ভাল ভাবে চলছে না কেন? আমার কাছে আজও এসেছিল, যা আপনি ন্যাশনালাইজ করেছিলেন সেটা কৃষ্ণা গ্লাস ৮ মাস হল রানিং ক্যাপিট্যালের অভাবে প্রোডাকশন বন্ধ হয়ে গেছে। কৃষ্ণা গ্লাস ৮ মাস ধরে ক্যাপিটালের অভাবে বন্ধ হয়ে পড়ে আছে। শুনলে আশ্চর্য হবেন কৃষ্ণা গ্লাসের শ্রমিকদের কোনও ডি. এ. নেই, তারা মাত্র ৭৫০ টাকা মাইনে পায়। আর একটা ইউনিট আই. পি. পি. যা মাইনে দিচ্ছে—মাঝে এক বছর বন্ধ হয়ে পড়েছিল—শ্রমিকদের বসিয়ে এক বছর মাইনে দেওয়া হয়েছে। পাবলিক সেক্টারগুলি কেন ভালভাবে চলতে পারছে না? (এই সময়ে লালবাতি জ্বলিয়া ওঠে) আমাকে আর একটু সময় দেবেন। মাননীয় মলিন বাবু আই. পি. পি.র চেয়ারম্যান অ্যানড্রুইয়ুলেরও চেয়ারম্যান। তারপর এই যে লোকসান গুলি ইণ্ডাস্ট্রি ডিপার্টমেন্টে যে কোম্পানিগুলি আছে তাদের লোকসানগুলি কেন কিছুতে কমানো যাচ্ছে না? আমি মাননীয় মুখ্যমন্ত্রীর একটা ব্যাপার দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি, উনি কি নিজের বাজেট স্পীচটা লেখার আগে নিজে চেক আপ করেন না? West Bengal Tea Development Corporation সেটা নাকি খুব ভাল করেছে, West Bengal Tea Development Corporation. তার গত বছর লোকসান করেছে ৬৪ কোটি ৮০ লক্ষ, অ্যাকুমুলেটেড লস ৭ কোটি ৪ লক্ষ। মন্ত্রী বলেছেন যে, ওয়েস্ট বেঙ্গল টি ডেভেলপমেন্ট কর্পোরেশন খুব ভাল কাজ করেছেন এবং তাই সি. টি. সি. টির বাগানগুলি ওদের নিয়ে নিতে বলেছেন। তিনি বলেছেন—আই হ্যাভ অ্যাড্রেসড এ লেটার টু দি ইউনিয়ন মিনিস্টার ফর কনসিডারেশন সো দ্যাট দে টেক ওভার। অথচ আমার খবর হচ্ছে, এটা প্যাণ্ডামনিয়াম বাগান আছে। সেখানে প্রডাকশন ১৯৯০ সালে যেখানে ৮৩,০০০ কেজি ছিল, ১৯৯২ সালে সেটা ৪২,০০০ কেজি হয়েছে। অর্থাৎ প্রডাকশন অর্দ্ধেক নেমে গেছে। কাজেই টি ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রডাকশন বাড়েনি, প্রফিটেবিলিটি বাড়েনি। এবং যখন বাজারে ইউনিট রিয়ালাইজেশন অফ টি বেটার তখন আপনারা পিছিয়ে গেছেন। সেখানে ৭ কোটি টাকা অ্যাকুমুলেটেড লস। আপনাদের একটি ইউনিট লাভ করেছে, কিন্তু টি ডেভেলপমেন্ট কর্পোরেশনে লোকসান, ওয়েস্ট বেঙ্গল সুগার ইণ্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট কর্পোরেশনে লোকসান—গত বছর ২ কোটি ৬৬ লক্ষ টাকা লোকসান, ওয়েস্ট বেঙ্গল মিনারেলস

ডেভেলপমেন্ট কর্পোরেশন—এতে লোকসান নেই, ফার্মাসিউটিকাল কর্পোরেশন ৫৭ লক্ষ টাকা লোকসান, ইনফ্রাষ্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনে ২৬ লক্ষ টাকা লোকসান। আপনারা কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্টের সিক ইউনিট পলিসি নিয়েছেন, কিন্তু সিক পাবলিক ইউনিট সম্বন্ধে পলিসি নিচ্ছেন না কেন? কেন্দ্রের বিরোধিতা করবেন করুন, কিন্তু সিক ইউনিট নিয়ে বিকল্প পলিসি নিন! এখানে ইণ্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন করে একটি কোম্পানিও খোলাতে পেরেছেন? পারবেন কি করে? হোয়ার ইজ দি মানি? যেগুলো খুলেছেন, চালু করতে পারেননি, যেগুলো চালু করেছেন সেখানে পে স্কেল চালু করতে পারেননি।

আমি সব শেষে আমার কনস্টিটিউয়েন্সীর একটি কথা বলে শেষ করব। আজকে প্রেস একটা আন্তর্জাতিক ব্যবসা। আজ সরকারের ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেস থাকা সত্ত্বেও সরকারের বেশির ভাগ কাজ বাইরের প্রাইভেট প্রেস—শিল্পবার্তা প্রেস, সরস্বতী প্রেসে করাতে হচ্ছে, অথচ একে মডার্নাইজেশন করবার ব্যবস্থা নিচ্ছেন না। সম্প্রতি বিদ্যুতবাবু আলিপুরের বি. জি. প্রেসে গিয়েছিলেন। আমি সেখানে তাঁকে বলেছি, এর খোল-নলচে পাল্টাতে হবে। ওখানে নিয়ম রয়েছে, একজন পুলিশ অফিসারকে সেখানে কন্ট্রোল করে রাখা হবে। এটা কি ধরনের নিয়ম? এই নিয়মের পরিবর্তন করুন। প্রেস যদি চালাতে হয় তাহলে সেখানে প্রপার কমপিটেন্ট লোক নিন, দুর্নীতি বন্ধ করুন। আজকে রাজ্য সরকারের যেসব ইণ্ডাস্ট্রি আছে তার ক্যাপাসিটিকে ইউটিলাইজ করুন। সেক্ষেত্রে সারপ্লাস জমি যা আছে তা বিক্রি করে লাভ করবার উপায় আছে কিনা দেখুন। আপনারা শুধু কেন্দ্রীয় সরকারকে দোষ দিতে পারেন। আপনাদের ওভারঅল পলিসি হচ্ছে, রাজ্য সরকার বাজেটের টাকায় কর্মচারিদের মাইনে দেবেন, কেন্দ্রীয় সরকারের টাকায় শিল্প গড়বেন। কিন্তু কোনও ইণ্ডাস্ট্রি প্রোজেক্ট করতে পারছেন না। আজকে কনসোলিডেটেড ফাইবার্সের বড় বড় হোডিং দিচ্ছে। আপনারা যে প্রপোজাল নিয়েছেন তাতে ২৬ পারসেন্ট হোল্ডিং থেকে কমিয়ে ১১ পারসেন্টে চলে আসবেন। তাহলে তো অ্যাসিস্টেড সেক্টর হল, জয়েন্ট সেক্টর কি করে হল? আজকে আপনাদের পার্টি কংগ্রেসে এই ব্যাপারে একটা প্রস্তাব নিন! আপনারা আর. পি. গোয়েঙ্কার সঙ্গে যখন জয়েন্ট সেক্টর করতে পারেন—হলদিয়ায় করেছেন এবং ঐ ব্যাপারে পার্টির পারমিশন নিয়েছেন—তখন অ্যাসিস্টেড সেক্টর সম্পর্কেও পারমিশন নিন! এটাই তো হওয়া উচিত। কনসোলিডেটেড ফাইবার্সের শেষ পর্যন্ত ১১ পারসেন্ট শেয়ার হোল্ডিংস রাখবেন বলে যা বলেছেন সেটা যত তাড়াতাড়ি হয় ভাল। হোয়াট ইউ আর ডুয়িং ইজ টু লিটল, টু লেট। আজকে পশ্চিমবঙ্গ এক্ষেত্রে ভারতবর্ষেই নয়, সাউথ-ইস্ট এশিয়ার ছোট ছোট দেশ তাইওয়ান, ইন্দোনেশিয়া, মালোয়েশিয়া, কোরিয়া প্রভৃতি দেশের পেছনে পড়েছে। আজকে এক্সপোর্ট কম, কারণ প্রডাকশন করতে পারছেন না যেখানে ভারতের অন্যান্য রাজ্যগুলি ক্রমশই এক্সপোর্ট বাড়িয়ে চলেছেন। পশ্চিমবঙ্গ ক্রমশ এক্ষেত্রে পিছিয়ে পড়ছে। এদিকটা আপনারা দেখবেন। উই মাস্ট মেক আপ লস্ট টাইম। উই ওয়ান্ট টু সী এ থ্রাস্ট ইন দি এরিয়া। আজকে যেসব প্রোজেক্ট হাতে নিয়েছেন সেসব ইমপ্লিমেন্ট করবার চেষ্টা করুন। ৮৪ কোটি, ১৫ কোটি—এই নয়; বছরে অন্তত ৫০০ কোটি টাকার প্রোজেক্ট ইমপ্লিমেন্টেড হবে এবং পাঁচ বছর পরে সেটা ১৫,০০ কোটি টাকা হবে। যদি আমরা এই জায়গায় না যেতে পারি তাহলে পশ্চিমবঙ্গে ইণ্ডাস্ট্রিয়াল স্ট্যাগনেশন দূর করা যাবে না। আজকে রাজ্যের অর্থনীতি সানসেট ইণ্ডাস্ট্রি—জুট এবং

ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রির উপর নির্ভরশীল। যে রাজ্যের টাকা নেই, সেই রাজ্যে ইণ্ডাস্ট্রি মডার্নাইজ করবার জন্য নতুন করে শিল্প আনতে হবে, ক্যাপিটাল আনতে হবে, কেন্দ্রীয় সরকারের নতুন শিল্পনীতির সুযোগ নিতে হবে এবং লিবারালাইজড লাইসেন্স এবং এম. আর. টি. পির সুযোগ নিয়ে ফরেন ইনভেস্টমেন্টের বন্যা বওয়াতে হবে। তার আগে আপনাদের পার্টির চেঞ্জিং ইণ্ডাস্ট্রিয়াল কালচার সম্বন্ধে দৃষ্টিভঙ্গির পরিবর্তন হওয়া দরকার। এই কথা আপনার কাছে বিনীতভাবে নিবেদন করে বাজেট বরাদ্দের বিরোধিতা করে কাট মোশনকে সমর্থন করে শেষ করছি।

[3-30 – 3-40 P.M.]

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিল্প-বাণিজ্য দপ্তরের ব্যয়-বরাদ্দ এই হাউসে উত্থাপিত হয়েছে এবং সেই বিষয়ে বিতর্ক শুরু হয়েছে। আমি প্রথমে আমাদের উত্থাপিত ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি এবং সেই প্রসঙ্গে মাননীয় সদস্য সৌগত রায় যে বিষয়গুলি উল্লেখ করেছেন, তার কিছু কিছু প্রশ্নের আমি জবাব দেব এবং সেইসঙ্গে আমাদের রাজ্যে শিল্পের অগ্রগতির ক্ষেত্রে যে দিকগুলি নির্দেশিত হয়েছে তারও কয়েকটি দিক সম্পর্কে আমি উল্লেখ করতে চাই। সৌগতবাবু যে কথা দিয়ে শেষ করেছেন, আমি সেখান থেকে শুরু করছি। তিনি বলেছেন যে আমাদের পশ্চিম বাংলা গুজরাট, মহারাষ্ট্র, দিল্লি এবং অন্যান্য রাজ্যের চাইতে শিল্পে পিছিয়ে গেছে, এমন কি হংকং, সিংগাপুর থেকেও পিছিয়ে পড়েছে। কিন্তু তিনি একথা বললেন না, যে আমাদের এই পিছিয়ে পড়ার কারণ কি? ভারতবর্ষ যখন ব্রিটিশের অধীন ছিলনা অর্থাৎ প্রাক ঔপনিবেশিক যুগেও আমাদের এই পশ্চিমবঙ্গে শিল্পে আমরা উন্নত ছিলাম। কারণ আমাদের এই পশ্চিমবাংলায় অফুরন্ত প্রাকৃতিক সম্পদ যেমন পাট শিল্প, চা শিল্প, সুতি শিল্প, রেশম শিল্প ইত্যাদি নানা রকম শিল্প গড়ে উঠেছিল। কিন্তু ব্রিটিশরা ভারতবর্ষে আসার পরে কিছু সাংস্কৃতিক, কিছু শিল্পকে তারা ধ্বংস করার চেষ্টা করে এবং সেই পথ অনুসরণ করেছে পরবর্তীকালে স্বাধীন ভারতবর্ষের কংগ্রেস সরকার। তারাও পশ্চিমবঙ্গের শিল্পকে ধ্বংস করার চেষ্টা করেছেন। এবং কি ভাবে আমাদের পশ্চিমবঙ্গের শিল্পের অগ্রগতি কমেছে সেটা আমি পরিসংখ্যান দিয়ে প্রমাণ করব। স্বাধীনতার পরেও আমাদের অবস্থা কিছু ভাল ছিল। ১৯৫১ সালে সারা ভারতবর্ষে যা শিল্পে উৎপাদন হত শতাংশের হারে পশ্চিমবঙ্গের স্থান ছিল প্রায় ২৪ শতাংশ, যেখানে মহারাষ্ট্রের স্থান ছিল ২২ শতাংশ। তারপরে ধীরে ধীরে সেটা কমতে শুরু করে এবং বিশেষ করে ৬০ দশকে এবং ৭০ দশকের থেকে আমাদের পশ্চিমবঙ্গে শিল্পের অগ্রগতি ব্যহত হতে থাকে। শুধু ব্যহতই নয়, আমরা অনেক পিছিয়ে গেলাম। ৬০ দশক এবং ৭০ দশকে যেখানে মহারাষ্ট্র ছিল, সেখান থেকে তারা ভারতবর্ষের একের চার অংশ দখল করে নেয়। আর আমাদের পশ্চিমবঙ্গ পিছিয়ে গিয়ে শিল্পের উৎপাদন ১১ শতাংশে দাঁড়ায়। এই সমস্ত ঘটেছে ১৯৫৪ সালের পরবর্তী কাল থেকে ১৯৭৭-৭৮ সাল পর্যন্ত। এই হচ্ছে আমাদের রাজ্যের শিল্পের অবস্থা। এটা পিছিয়ে পড়ার কারণ কি? যেখানে শিল্প গড়ে তোলা দরকার ছিল সেখানে তা হয়নি। সারা ভারতবর্ষের যা আয়তন তার সাতের দুই অংশ হচ্ছে পশ্চিমবাংলায়। সারা ভারতবর্ষে যা লোক সংখ্যা তার ৮ শতাংশ লোক পশ্চিমবঙ্গে বাস করে। এই রাজ্যের বেকারদের কর্মসংস্থানের জন্য শিল্পক্ষেত্রে অনেক বেশি উদ্যোগ নেওয়া দরকার ছিল কিন্তু

কেন্দ্রীয় সরকারের তরফ থেকে তা নেওয়া হয়নি। আমরা শিল্পে পিছিয়ে গেলাম তার কারণ হল পুরানো দিনের যে শিল্প, যে শিল্পগুলিকে কেন্দ্র করে আমাদের ভারতবর্ষের গর্ব ছিল, ভারতবর্ষ পৃথিবীর মধ্যে একটা বিশেষ জায়গায় ছিল পাট শিল্প, চা শিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প। বিশেষ করে কলকাতাকে কেন্দ্র করে যে বিশাল পশ্চাৎভূমি গড়ে উঠেছিল, যে পশ্চাৎভূমিকে কেন্দ্র করে ইঞ্জিনিয়ারিং শিল্প এবং অন্যান্য শিল্প গড়ে উঠেছিল সেগুলিকে পরবর্তীকালে আধুনিকীকরণ করা হলনা, সেগুলিকে বাঁচিয়ে রাখার জন্য নুতন বিজ্ঞান সম্মত প্রযুক্তি ব্যবহার করার জন্য যে বিনিয়োগ করা প্রয়োজন ছিল তা করা হল না। এই হচ্ছে একটা কারণ। দ্বিতীয় কারণ হচ্ছে, চটকল, সুতোকলের মালিকরা, ইঞ্জিনিয়ারিং কারখানার মালিকরা এই রাজ্যে যেমন বিনিয়োগ করেছেন তেমনি কোটি কোটি টাকা তারা মুনাফা করেছেন। কিন্তু সেই মুনাফার একটা বিরাট অংশ তারা এই রাজ্য থেকে স্থানান্তরিত করে পশ্চিমাঞ্চলে বিনিয়োগ করেছেন। তার ফলে আমাদের রাজ্যে নুতন করে বিনিয়োগ হলনা। আর পুরানো সেকেলে যন্ত্রপাতি নিয়ে চা শিল্প, চট শিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্পগুলি ধুকছে, তাদের আধুনিকীকরণ করা হলনা, আমরা তাই বারবার দাবি করেছিলাম যে এগুলিকে আধুনিকীকরণ করা হোক, কিন্তু তা হলনা। চটকল শিল্পকে আধুনিককরণ করা দরকার, কিন্তু তা হলনা। এই গেল আর একটা কারণ। তৃতীয় কারণ হচ্ছে, সরকারি সংস্থা, রাষ্ট্রায়ত্ত্ব শিল্প যেগুলি আছে তাতে কেন্দ্রীয় বিনিয়োগ। ১৯৭১ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রায়ত্ত্ব শিল্পে বিনিয়োগ ১১ শতাংশ এই রাজ্যে খরচ করা হত। সেই সময় মহারাষ্ট্র, গুজরাটে ৩ থেকে ৩।। শতাংশ বিনিয়োগ করা হত। সেটা পরবর্তীকালে দেখা গেছে যে ১৯৭৫ সালের পরে সেই বিনিয়োগ কমতে কমতে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এসে দাঁড়াল ৩ থেকে ৩।। শতাংশ, আর মহারাষ্ট্রে হয়ে গেল ১৬ শতাংশ এবং অন্যান্য রাজ্যে বিনিয়োগ আরও বেশি। কারণ পশ্চিমবঙ্গের কোনও গুরুত্বপূর্ণ সেক্টরে কেন্দ্র সাহায্য দিল না। কেন্দ্রের বিনিয়োগের হার ভাল না হওয়ার জন্য আমাদের রাজ্যে শিল্পের বিকাশ হল না, শিল্প গড়ে উঠল না। এবার আমি লাইসেন্স প্রদান সম্পর্কে বলি। এই ব্যাপারে পরিসংখ্যান দেখলে সমস্ত কিছু বোঝা যাবে। মাননীয় সৌগতবাবু বলেছেন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে লেটার অফ ইনটেন্ট দেওয়ার ক্ষেত্রে কোনও বৈষম্য হয় নি। ইণ্ডাস্ট্রিয়াল লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে মিনিস্ট্রি অফ ইণ্ডাস্ট্রিজ, ইনভেস্টমেন্ট সেক্টর মান্থলি নিউজ লেটার, সেখান থেকে পরিষ্কার তুলে দিচ্ছি, তাতে সমস্ত কিছু পরিষ্কার হয়ে যাবে। ১৯৭৩ সালের পরিসংখ্যানে দেখা যাবে গুজরাট লেটার অফ ইনটেন্ট পেয়েছে ৯৮ এবং ইণ্ডাস্ট্রিয়াল লাইসেন্স পেয়েছে ৭৫টি। পশ্চিমবাংলার ক্ষেত্রে দেওয়া হয়েছে মাত্র ৬২ এবং ৪১টি। শুধু তাই নয় পরবর্তীকালে দেখা যাবে ১৯৮৯-৯০ সালে হরিয়ানা পেয়েছে ৪২টি এবং ২০টি, সেখানে মহারাষ্ট্র পেয়েছে ১৬১টি এবং ৮০টি। সেই জায়গায় পশ্চিমবাংলা পেয়েছে ৩২টি এবং ১৮টি। এই ভাবে প্রতিটি পরিসংখ্যান দিতে গেলে সময় লাগবে বলে আর অন্য পরিসংখ্যানের দিকে যাচ্ছি না, কারণ আমার সময় মাত্র ১৫ মিনিট, সেখানে সৌগতবাবু বলেছেন এক ঘন্টা। স্বাভাবিক ভাবে এই পরিসংখ্যান থেকে প্রমাণ করে লেটার অফ ইনটেন্ট এবং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বৈষম্য করেছে। আমি আগেই বলেছি কলকাতা বন্দরকে কেন্দ্র করে একটা বিরাট পশ্চাদভূমি গড়ে উঠেছিল। এই বন্দরকে বাঁচিয়ে রাখবার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। নদী ভিত্তিক বন্দরের অনেক সমস্যা আছে, নদীর নাব্যতা রক্ষা করতে ড্রেজিং-এর ব্যবস্থা করা দরকার, স্থায়ী ভাবে ড্রেজিং-এর ব্যবস্থা রাখা

দরকার। বিভিন্ন ধরনের পণ্য আমদানি এবং রপ্তানি করা দরকার কোসটাল বেস ইণ্ডাস্ট্রিজ গোড়ে তোলা দরকার। সেই ধরনের কোনও চেষ্টা কেন্দ্রীয় সরকার করে নি। অপর দিকে কলকাতা বন্দরের মৃত্যু ঘটানোর চেষ্টা করা হয়েছে। হলদিয়া বন্দর গড়া তো হল। এটাও নদী ভিত্তিক বন্দর, এখানেও সমান সমস্যা আছে। ষষ্ঠ যোজনায় ঠিক হয়েছিল বড় ড্রেজিং-এর ব্যবস্থা হবে, ক্যাপিটাল ড্রেজিংয়ের ব্যবস্থা হবে। সেই ড্রেজিংয়ের কাজ এখনও শুরু করা যায় নি। এই হল কেন্দ্রীয় সরকারের অবস্থা। ভারতবর্ষে কলকাতা বন্দর, বোম্বে বন্দর ছাড়া কিছু বড় বন্দর পরবর্তীকালে কোস্টাল বেল্টকে কেন্দ্র করে গড়ে উঠেছে। বন্দর ভিত্তিক কেন্দ্রীয় সুযোগ থেকে তুলনামূলক ভাবে আমরা বঞ্চিত হয়েছি। শিল্প আধুনিকীকরণের ব্যাপারে আসি। একটা ইণ্ডাস্ট্রি বাঁচতে পারে যদি ডাইভারসিফিকেশন করা হয়, মডার্নাইজেশন করা হয়, আবার কখনও কোনও ক্ষেত্রে এক্সপানসন করতে হয়। আমাদের কেন্দ্রীয় সরকার ১৯৫৬ সালে শিল্প নীতি ঘোষণা করে বলেছিল শিল্পের মূল হবে ম্যাকসিমাম ইউটিলাইজেশন অফ দি ক্যাপাসিটি করতে হবে, ডাইভারসিফিকেশন করতে হবে, মডার্নাইজেশন করতে হবে এবং রিজিওনাল ইমব্যালেন্সের অবসান করতে হবে বিভিন্ন রাজ্যের সঙ্গে রাজ্যের যে একটা বৈষম্য আছে সেইগুলি দূর করার জন্য শিল্প বিনিয়োগের ক্ষেত্রে গুরুত্ব দিতে হবে। কিন্তু লক্ষ্য করা গিয়েছে স্বাধীনতার পরে ধারাবাহিক ভাবে কেন্দ্রীয় সরকারের শিল্প নীতির ফলে বিনিয়োগে বৈষম্য, লাইসেন্স দেবার ক্ষেত্রে বৈষম্য এবং রিজিওনাল ইমব্যালেন্স কমেনি বরং বেড়েছে। দেখা গেছে ভারতবর্ষের উত্তরাঞ্চল উন্নতির দিকে গেছে পূর্বাঞ্চল ক্রমশ পেছিয়ে পড়েছে। তার ফলে ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদ সাম্প্রদায়িক দাঙ্গা লাগছে। এই সমস্ত কথা যদি সৌগতবাবু উল্লেখ করত তাহলে ভাল হত, তা তিনি করেন নি। এই হল আমাদের পশ্চিমবাংলার অবস্থা। কি কারণে আমরা পেছিয়ে যাচ্ছি সেটা বললাম। আমাদের পশ্চিমবাংলায় শিল্প সম্ভাবনা শুরু হল ১৯৮০ সাল থেকে, আগে শিল্পের অবস্থা ছিল শোচনীয়। কি ভাবে ১৯৮০ সাল থেকে শিল্পে আমাদের বিনিয়োগ বাড়ছে, শিল্পের চেহারা ভাল হয়েছে তার দৃষ্টান্ত আমি দিচ্ছি। ১৯৮০ সালে শিল্পে বিনিয়োগ হয়েছে ৯৫২ কোটি টাকা এবং অনুমোদিত প্রকল্প হল ৫১৭টি। ১৯৮২ সাল থেকে ১৯৮৭ সাল এই কয় বছরে শিল্পে বিনিয়োগ হয়েছে ১৬৯৮ কোটি টাকা এবং অনুমোদিত প্রকল্প হল ১০৬৬ টি। এই সময়ের মধ্যে আমাদের বিনিয়োগ বাড়ছে এবং ক্রমান্বয়ে বাড়ছে, ভারী শিল্প বাড়ছে, হলদিয়া পেট্রো-কেমিক্যালস সহ অন্যান্য শিল্প গোড়ে তোলার চেষ্টা হচ্ছে। শিল্পোন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রের মঞ্জুরির কথা বললাম, অত্যন্ত শোচনীয় অবস্থা। একটা শিল্প গোড়ে তুলতে গেলে মূলধনের দরকার। অতীতে বাংলা ৮ শতাংশ মূলধন গড়তে সাহায্য করেছে,—কেন্দ্রের অবহেলার জন্য মূলধন গড়ার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পিছিয়ে যায়।

[3-40 – 3-50 P.M.]

কিন্তু সেই মূলধন'এর বিনিয়োগটা কমে যাওয়ার ফলে আমাদের শিল্পে বিনিয়োগ কমছে। আমি হিসাব দিতে পারি, যে আর্থিক প্রতিষ্ঠানগুলি আছে—এগুলো তো সরকারি প্রতিষ্ঠান—এছাড়া বেসরকারি অনেক আর্থিক প্রতিষ্ঠানও আছে। এই আর্থিক প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে পশ্চিমবাংলা বঞ্চিত হয়েছে। মহারাষ্ট্রে শিল্পে বিনিয়োগ আর্থিক প্রতিষ্ঠান ১৯৮২-৮৩ সাল থেকে ১৯৮৬-৮৭ সাল পর্যন্ত, এই কয়েক বছরে যে পরিমাণে বিনিয়োগ করেছেন,

সেই তুলনায় পশ্চিমবাংলার ক্ষেত্রে কি পরিমাণে বৈষম্য হয়েছে তা দেখুন। মহারাষ্ট্রে ফিনান্সিয়াল ইনস্টিটিউশনগুলোর পক্ষ থেকে বিনিয়োগ করেছেন ১৮.৬, গুজরাটে ১২.৬, তামিলনাড়ুতে ১০.৬, উত্তর প্রদেশে ৮.৬, কর্ণাটকে ৭.৮, অন্ধ্র প্রদেশে ৭.৪ আর ওয়েস্ট বেঙ্গলের ক্ষেত্রে তার পরিমাণ ৫.৬। স্বাভাবিক ভাবে একদিকে কেন্দ্রীয় বিনিয়োগের হার এখানে কমছে, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানগুলো তাদের অনুদানের পরিমাণ কমাচ্ছে। তাদের ঋণদান কমিয়েছে সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলোর তুলনায়। আপনি স্যার, আমানতের পরিমাণটা দেখুন—১৯৮৪-৮৫, ১৯৮৫-৮৬ এবং ১৯৮৬-৮৭ এই তিন বছরে মহারাষ্ট্রে, যেখানে আমাদের রাজ্যে হার ওঠানামা করেছে ৪৮-৫৪ শতাংশের মধ্যে। কারণ যে অর্থ দেওয়া হয়েছে আর যে আমানত জমা পড়েছে তার মধ্যে লক্ষ্য করার মতো তারতম্য রয়েছে, ঐ সময়ে মহারাষ্ট্রে হয়েছে যথাক্রমে ৯৪.৫, ৯০.৮। এইভাবে প্রতিটি ক্ষেত্রে পশ্চিমবাংলা বঞ্চিত হয়েছে গোটা দেশের মধ্যে। আমাদের মাননীয় সদস্য সৌগতবাবু বললেন না যে, পশ্চিমবাংলা একটা রাজ্য, একটা দেশ বা রাষ্ট্র নয়। কেন্দ্রীয় সরকারের সামগ্রিক যে শিল্পনীতি সেই কাঠামোর উপরে দাঁড়িয়ে আমাদের শিল্প গড়ে তুলতে হয়। ভারতবর্ষ আজকে শিল্পে পিছিয়ে আছে। ভারতবর্ষ শিল্পে পিছিয়ে পড়ার কারণ হল—(১) পুঁজির কেন্দ্রীভবন, (২) জমির কেন্দ্রীভবন, (৩) পুঁজি নির্ভরশীল শিল্প এবং (৪) আমদানি নির্ভর অর্থনীতি। এই অর্থনীতি গড়ে তোলার ফলে আমরা দেখছি আমাদের দেশে শিল্প বিকাশ হয়নি। বিকাশ হয়েছে কাদের—না, বড় বড় শিল্পপতি, শিল্প প্রতিষ্ঠানগুলোর। তাদের সম্পত্তির পরিমাণ কি ভাবে বেড়েছে তা স্যার, আপনি দেখুন। ভারতবর্ষে বড় ২০টি শিল্পপতি বা শিল্প গোষ্ঠীর সম্পত্তির ৮,৯৮৭ কোটি টাকা যেটা ছিল '৮১ সালে, সেটা মাত্র ১৯৮৯-৯০ সালের মধ্যে বেড়ে দাঁড়িয়েছে ৪১,৫২৩ কোটি টাকা। মাত্র ২০টি শিল্প প্রতিষ্ঠানের সম্পত্তি নয় হাজার কোটি টাকা থেকে বেড়ে ৪১ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে ১৯৮৫ সাল থেকে ১৯৯০ সালের মধ্যে। তার মানে হচ্ছে পুঁজির কেন্দ্রীভবন, পুঁজি নির্ভর প্রযুক্তি এবং আমদানি নির্ভর অর্থনীতি। তার বুনিয়াদ ধ্বংস হয়ে গেছে। তারফলে আমাদের দেশে শিল্পের অগ্রগতি ঘটেনি। শুধুমাত্র পুঁজির কেন্দ্রীভবন নয়, তার পাশাপাশি হয়েছে জমির কেন্দ্রীভবন। শিল্প যদি গড়ে তুলতে হয় তাহলে ভূমি সংস্কার ছাড়া আমাদের পথ নেই। মানুষের হাতে পয়সা না থাকলে, তাদের ক্রয় ক্ষমতা না থাকলে শিল্পের বিকাশ হয়না। ভারতবর্ষে মোট জমির মধ্যে মাত্র ১.৪ ভাগ জমি বন্টন বা বিলি হয়েছে। জমির কেন্দ্রীভবনের ফলে শিল্পের বাজার দেশের অভ্যন্তরে গড়ে উঠতে পারেনি। অন্যদিকে শিল্পপতিদের যে পরিমাণে পুঁজি বেড়েছে সেই পরিমাণে শিল্পের ক্ষেত্রে বিনিয়োগ হয়নি। এখানে সৌগতবাবু শিল্প বিকাশ সম্বন্ধে বলছিলেন। শিল্প বিকাশের মূল কথা হল, তিনি বলছিলেন, বিদেশ থেকে পুঁজি আসবে, বিদেশি বিনিয়োগ বাড়বে। আমাদের দেশের মালিকদের কি পুঁজির অভাব আছে? মাত্র ২০টি শিল্পপতির হাতে ৪১ হাজার কোটি টাকার সম্পদ রয়েছে, তথাপি দেশে কেন পুঁজি বিনিয়োগ হচ্ছে না? যারা বিদেশে ২০-২৫ হাজার কোটি টাকার সামগ্রী রপ্তানি করতে পারে তারা ভারতবর্ষে শিল্পে বিনিয়োগ করতে পারে না? এখানে বিনিয়োগ করতে পারে না তার কারণ হল, ভারতবর্ষে উৎপাদিত সামগ্রির বাজার নেই। ভারতবর্ষে জনসংখ্যা অনেক দেশের তুলনায় অনেক বেশি, কিন্তু মানুষের হাতে পয়সা নেই, তাদের ক্রয় ক্ষমতা নেই। কাজেই, এগুলো হল শিল্প বিকাশের ক্ষেত্রে অন্তরায়, এগুলো হল শিল্প বিকাশের ক্ষেত্রে বাধা। এইগুলো দূর করতে না পারলে শিল্প কোনওদিন গড়ে

উঠতে পারবে না। মাননীয় সৌগত বাবু মার্কেট ইকোনমি নিয়ে কয়েকটি কথা বলেছেন। সমাজতান্ত্রিক ব্যবস্থায় মার্কেট ইকোনমি বাতিল করা যায় না। সমাজতান্ত্রিক অর্থনীতিতে মার্কেট অর্থনীতি থাকবেই। কিন্তু কেন্দ্রীয় সরকারের পরিকল্পিত অর্থনীতিতে বাজার অর্থনীতি নেই। বাজার অর্থনীতি কি করে গড়ে উঠবে সেই ব্যাপারে কিছুই বলা নেই। আপনারা বললেন যে নতুন পরিকল্পিত অর্থনীতিতে বাজার নিয়ন্ত্রণ করবে কিন্তু একজিট পলিসি নিয়ে তো একটি কথাও বলেন না। এই একজিট পলিসিই কেন্দ্রীয় সরকারের প্রথম আবিষ্কার। আমাদের রাজ্যে এখন বহু শিল্পর সম্ভাবনা দেখা দিয়েছে, নতুন শিল্পের সুযোগ নিয়ে কাজ হচ্ছে, তবে তা নতুন শিল্পনীতির ফলে ঘটছে না। আজকে বামফ্রন্ট সরকারে ভূমি সংস্কার, ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং গ্রামীণ ক্ষেত্রে ক্ষমতা বাড়ানোর মধ্যে আজকে শিল্পের উজ্জ্বল সম্ভাবনা দেখা দিয়েছে। এই সুযোগে আপনার মাধ্যমে শিল্প বাণিজ্য মন্ত্রীর কাছে কয়েকটি সাজেশন রাখছি। রাজ্যের শিল্পের সম্ভাবনাকে কাজে লাগাতে একটা ইন্ট্রিগ্রেটেড ইনফ্রাস্ট্রাকচার, সুসংহত একটা পরিকল্পনা গড়ে তুলতে হবে। হলদিয়া পেট্রো-কেমিক্যাল এর ডাউন স্ট্রিমগুলোর যাতে ডেভেলপমেন্ট হয় সেইদিকে, দৃষ্টি দিতে হবে। হলদিয়া পেট্রোকেমিক্যালসের কমপোনেন্ট যাতে করা যায় সেইদিকে দৃষ্টি দিয়ে ব্যবস্থা করা যায় কিনা দেখতে হবে। এই কথা বলে বিরোধীদের আনীত কাটমোশনের বিরোধিতা করে মাননীয় শিল্পমন্ত্রীর বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আজকে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিল্পমন্ত্রী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয়ের বাজেট ভাষণের বিরোধিতা করে আমাদের আনীত কাট মোশনের সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য উপস্থিত করছি। আমি প্রথমেই যেকথা উপস্থিত করতে চাই তা হল, মাননীয় মুখ্যমন্ত্রী তিনি ভারতবর্ষে সর্বাধিককাল ক্রমে গদিতে আসীন থাকার রেকর্ড অধিকার করেছেন, তাঁর যখন বাজেট বক্তৃতা শুনব তখন নিশ্চয়ই সেখানে রাজ্যের সাথে সাথে কেন্দ্র এবং দেশের শিল্পনীতির ক্ষেত্রে অর্থনৈতিক দিক থেকে কিছু বিশেষ অবস্থার প্রতিফলন ঘটবে এটাই অবশ্য কাম্য, কিন্তু তার কোনও জায়গায় সেই বিষয়ে উল্লেখ করেন নি। সেখানে তিনি বাজেট বক্তৃতার মধ্যে বললেন বিশ্ব ব্যাঙ্ক আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার থেকে প্রাপ্ত ঋণের শর্তাবলির প্রতি কেন্দ্রীয় সরকারের পরিপূর্ণ আত্মসমর্পণের ফল স্বরূপ পর্যায়ক্রমে নীতি পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য পূর্ণ হল এই কেন্দ্রীয় বাজেট। স্যার, আমি কেন্দ্রীয় বাজেটে মাননীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং একটা বক্তৃতা দিয়েছেন, আমি সেটা পড়ে শোনাতে চাই। ডঃ মনমোহন সিং তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন ....India has not yet agreed to the Dunckle proposal on intellectual property rights. To suggest that we are taking any step at the dictate of World Bank IMF or any imperialist power is an insult to the Indian people. কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের স্বপক্ষে কেউ শিল্পনীতি গ্রহণ না করায় তিনি সেখানে বলেছেন it is an insult to the Indian people. সুতরাং এত বড় স্পষ্টভাবে অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় এই কথা সোচ্চারভাবে ঘোষণা করার পর কেন্দ্রীয় সরকারের মনোভাব এর মাধ্যমে প্রতিফলিত হয়েছে। মুখ্যমন্ত্রীর বাজেট বক্তৃতায় সেইদিকে কোনও উল্লেখ করা হয় নি। পশ্চিমবঙ্গে সমস্যা হলেও গত ১৪

বছরে একটি পশ্চিমবঙ্গে তৈরি হতে পারেনি। কোনও পরিকল্পনা রচনা হতে পারেনি। গত ১৪ বছর ধরে সেখানে একই অবস্থায় থাকার ফলে শিল্পের উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ক্রমশ পিছিয়ে পড়ছে। নির্বাচনের আগে হলদিয়া অথবা নির্বাচনের আগে বক্রেশ্বর নিয়ে যুবকদের রক্ত তোলার আহ্বান এই তো লক্ষ্য করা যায়। কিন্তু এতে পশ্চিমবঙ্গে কোনও শিল্প স্থাপন করা হয় নি। শিল্পের ক্ষেত্রে মূল যে পরিকাঠামো বিদ্যুত, সেই বিদ্যুতের আজকে অবস্থা কি? এই যে এত আপনারা চিৎকার করেন এতে মানুষের সামান্যতম উপকার হয়েছে? পশ্চিমবঙ্গে রাজ্য বিদ্যুৎ পর্ষদের বছরে ক্ষতি হচ্ছে প্রায় ৪৫ কোটি টাকার উপরে। পসিচমবঙ্গে এস ই বির লোনের কারণ হচ্ছে এই বিদ্যুত পর্ষদ শতকরা ৭৩ ভাগ লসে রান করছে। যেখানে গুজরাট, হরিয়াণা, হিমাচল প্রদেশ প্রভৃতি রাজ্যগুলিতে লাভ করছে সেখানে পশ্চিমবঙ্গে লসে রান করছে। সুতরাং বিদ্যুতের সঙ্গে সঙ্গে তার পাশাপাশি পরিপূরক শিল্পগুলো তৈরি করার ক্ষেত্রে রাজ্য সরকারের ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। এতে কখনো রাজ্যে শিল্পের বিকাশ ঘটতে পারে না। কোনও উন্নতি হতে পারে না বা এগিয়ে যেতে পারে না। পশ্চিমবঙ্গে এই ভয়াবহ বিদ্যুতের অবস্থা মুখ্যমন্ত্রী যখন এই রাজ্যের বিদ্যুতমন্ত্রী ছিলেন তখন থেকেই শুরু হয়েছে এবং বিদ্যুতে সর্বনাশ পরিস্থিতি তৈরি করা হয়েছে।

[3-50 – 4-00 P.M.]

এবং ক্রমাগত সেই পরিস্থিতি আজকে অবনতি থেকে অবনতির দিকে গেছে। এখানে মানুষকে বিভ্রান্ত করে বিদ্যুতমন্ত্রী নানারকম বিভ্রান্তিমূলক কথাবার্তা বলতে বাধ্য হচ্ছে। আজকে একটা রাজ্যে শিল্প পরিবেশ আসবে কি করে? এখানে কোনও ওয়ার্ক কালচার নেই, এখানে কোনও প্রডাকটিভিটি নেই, এখানে কোনও প্রফিটিবিলিটির কথা নেই। মুখ্যমন্ত্রী একটা বাজেট বক্তৃতা করেছেন, সেখানে একটা ওয়ার্ক কালচার, প্রডাকটিভিটি, প্রফিটিবিলিটির কথা নেই, এগুলো না থাকলে একটা রাজ্যের শিল্প পরিবেশ উন্নতি হতে পারে না। আজকে পশ্চিমবঙ্গে ওয়ার্ক কালচার সম্পূর্ণভাবে নষ্ট হয়ে গেছে তাই এই সরকারের বিরুদ্ধে আমাদের সর্বাধিক ক্ষোভ। মুখ্যমন্ত্রী এই শিল্প বাজেট বক্তৃতায় বেকার সমস্যা নিয়ে অনেক গালভরা কথা বলেছেন। ১৯৯১-৯২ সালের বাজেট বক্তৃতায় অসীম দাশগুপ্ত বললেন পশ্চিমবাংলায় বেকার সংখ্যা ৪০ লক্ষ, আর ১৯৯২-৯৩ সালে বাজেট বক্তৃতায় বললেন পশ্চিমবাংলায় বেকার সংখ্যা ৫০ লক্ষ। অর্থাৎ রাজ্য সরকার সরকারিভাবে তাদের নিজেদের হিসাবে দেখিয়েছেন পশ্চিমবাংলায় প্রতি বছর ১০ লক্ষ করে অতিরিক্ত বেকারের জন্ম হচ্ছে। তাহলে সেই রাজ্য সরকারের শিল্পমন্ত্রী বাজেট বক্তৃতায় কেন্দ্রীয় সরকাবের সমালোচনা করেন কি করে? কোন মুখে তারা বাজেট বক্তৃতায় উল্লেখ করেছেন, কেন্দ্রের ভুল শিল্পনীতি, ভুল আর্থিক নীতির জন্য আজকে দেশে বেকার সমস্যা বৃদ্ধি পাচ্ছে। আজকে এই ব্যাপারটা আমাদের কাছে পরিষ্কার নয়। আজকে কেন্দ্রের শিল্প নীতি নিয়ে সৌগতবাবু আমাদের দলের কথা বলেছেন। আপনারা বার বার বলতে চেয়েছেন কেন্দ্রের ঘোষিত শিল্পনীতি ভুল। পশ্চিমবাংলায় শিল্পায়নের যে সম্ভাবনা ছিল সেই সম্ভাবনাকেও আপনারা বিনষ্ট করে দিলেন। কুয়োর ব্যাঙের মতো আপনাদের দৃষ্টিভঙ্গি। এই পরিস্থিতিতে আপনারা বিচার করতে পারবেন না। এন. আর. আই নিয়ে জ্যোতিবাবু, বিদ্যুতবাবু যখন দিল্লি গিয়েছিলেন তখন তাদের মুখের উপর তারা জবাব দিয়ে দিয়েছে, এখানকার অভিজ্ঞতা তাদের ভাল না। এন. আর. আই ইনভেস্টমেন্ট পশ্চিমবাংলায়

কোথায়? আপনারা কেন্দ্রের শিল্পনীতির সুযোগ গ্রহণ করতে পারেননি, যদি সুযোগ গ্রহণ করতে পারতেন তাহলে পশ্চিমবাংলার শিল্পের উন্নতি ঘটতে পারত। আজকে আপনারা সঙ্কীর্ণতার মনোভাব নিয়েছেন। কেন্দ্রীয় সরকার মাসুল সমীকরণ নীতিতে লোহা এবং ইস্পাতের উপর থেকে নিয়ন্ত্রণ তুলে নিলেন। এই জায়গাটাতে আপনারা কেন্দ্রীয় সরকারকে অভিনন্দন জানালেন না। আরেকজন বাঙালি মন্ত্রী সন্তোষমোহন দেব, যিনি বলছিলেন আমি অপেক্ষা করে আছি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী কখন আমাকে অভিনন্দন জানাবে। লোহা এবং ইস্পাতের উপর থেকে মাসুল সমীকরণ নীতি তুলে নেওয়ার পরও আপনারা কোনও অভিনন্দন জানালেন না। এটা তুলে নেওয়ার পর রাজ্যের ৫৮ কোটি টাকা আয় হবে। আর এই মাসুল সমীকরণ নীতি নিয়ে আপনারা এক সময় ঘৃণ্য রাজনীতি করেছিলেন, আপনারা আপনাদের সর্বনাশ করছেন। অপোজিশনের সমালোচনা শুনবার ধৈর্যটুকু আপনাদের নেই, বাজেট পাবলিকেশন Number 7 : financial result of public undertaking under Govt. of W.B. পশ্চিমবঙ্গ সরকারের পাবলিক আণ্ডার টেকিং—কমিটির রিপোর্টে দেখা যাচ্ছে ৭০টার মধ্যে ৬০টা কোম্পানিই ক্ষতিতে চলছে। আজকে ৭০টা পাবলিক আণ্ডারটেকিংসের মধ্যে ৬০টা লসে রান করছে। এরপর আমাকে মেনে নিতে হবে যে, পশ্চিমবাংলায় শিল্প বাণিজ্য দপ্তর এবং এই রাজ্যের শিল্প বাণিজ্য মন্ত্রী অত্যন্ত দক্ষতার সঙ্গে কাজ করছেন। বার্ণপুর ইসকো মডার্নাইজেশন নিয়ে প্রথমে দেখলাম স্বরাজ পালের নাম রেকমেণ্ডেশন করা হল। স্বরাজ পাল কে নিয়ে ইসকো মডার্নাইজেশন করা হবে। এমন ভাবে একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে ভাব ভালবাসা আপনারা করেছেন। কিভাবে একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে মিলে মার্ক্সীয়, দর্শনকে বিসর্জন দিয়ে আপনারা আত্মসমর্পণ করেছেন। ইসকো নিয়ে আজকে অনেক টালবাহানা করছেন এবং ওই স্বরাজ পালকে নিয়ে একটা ফাটকাবাজির খেলায় মেতেছেন। যখন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সন্তোষমোহন দেব স্বরাজ পালকে কতকগুলি শর্ত আরোপ করলেন তখন রাজ্য সরকারের গোঁসা হয়ে গেল। রাজ্য সরকার কিছুই জানাচ্ছেন না। ইসকো নিয়ে কি কথাবার্তা হয়েছে বা কতদূর কি অগ্রসর হয়েছে। আমি বারবার দাবি করেছি এটা কিসের জন্য আটকে যাচ্ছে? কিন্তু মুখ্যমন্ত্রী কিছুই জানালেন না। সব সময় একটা অন্ধকারে রাখবার চেষ্টা করা হচ্ছে। হলদিয়া নিয়ে একই কথা বারবার যে দেড় লক্ষ লোকের কর্মসংস্থান হবে, জীবন, জীবিকার উপায় হবে। বারবার বলেছি, একটা হোয়াইট পেপার বার করুন হলদিয়াকে নিয়ে। কিন্তু খালি বলে যাচ্ছেন যে, দেড় লক্ষ যুবক, যুবতীর কর্মসংস্থান হবে। মেন প্রোজেক্টে দেড় থেকে দুই হাজার এবং ডাউন স্কীম প্রোজেক্টে দেড় লক্ষের চাকরি হবে। যে কথা সৌগত রায় মহাশয় বারেবারে বলেছেন আমিও তাঁর প্রতিধ্বনি করে বলতে চাই, হলদিয়া পেট্রোল কেমিক্যাল কবে নাগাদ শেষ হবে? এটা আজকে মুখ্যমন্ত্রী তাঁর জবাবি ভাষণে পশ্চিমবাংলার মানুষকে অবহিত করবেন। এরপর বক্রেশ্বর যদিও দপ্তরের মধ্যে পড়ে না। বাংলার যুবকের বুকের রক্ত নিয়ে ওই বক্রেশ্বর তৈরি করা যায় না। দেওয়াল লিখন করে উদ্বুদ্ধ করা যায়। আজকে বাংলার যুবক, যুবতীদের প্রচারের মাধ্যমে বিভ্রান্ত করা হয়েছে। ভেবেছিলাম বক্রেশ্বর হলে পশ্চিমবাংলার উন্নতি হবে এবং বেকার যুবক, যুবতীদের মুখে হাসি ফুটবে কিন্তু কোথায় বেকার যুবক, যুবতীদের মুখের হাসি ম্লান হয়ে গেল। আজ পর্যন্ত বক্রেশ্বরের কাজ কিছুই হয়নি। আজকে বক্রেশ্বরকে নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। মাটি কাটাতেই প্রচুর পয়সা চলে গেছে। বেকারদের সঙ্গে, পশ্চিমবাংলার বেকার যুবক, যুবতীদের সঙ্গে আজকে প্রতারণা

করা হয়েছে। আজকে বলা হচ্ছে যে আই. এম. এফের কাছে আত্মসমর্পণ করা হয়েছে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে আত্মসমর্পণ করা হয়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে পশ্চিমবাংলা কেবলমাত্র ট্রান্সপোর্ট দপ্তর, মাইনর ইরিগেশন দপ্তর, এবং আরও অন্যান্য দপ্তর প্রচুর লোন নিয়েছেন এবং কাজ করছেন। আজকে আপনারাই ওয়ার্ল্ড ব্যঙ্কের পদলেহন করে চলেছেন। আজকে পশ্চিমবাংলায় আটটা দপ্তর ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা নিয়েছেন। আজকে আমরা দাবি করছি যে কি শর্তে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা নেওয়া হয়েছে সেই শর্ত এই বিধানসভাকে জানাতে হবে। ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্টের সঙ্গে মুখ্যমন্ত্রীর কি কি কথা হয়েছে তা জানাতে হবে। আজকে বিধানসভায় আমাদের সামনে দাঁড়িয়ে বলতে হবে। আজকে কেন্দ্র ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নিলেই আত্মসমর্পণ করা হচ্ছে। আর পশ্চিমবাংলা নিলেই খুব ভাল হয়ে গেল। আজকে পশ্চিমবাংলার কোটি কোটি মানুষের কাছে মিথ্যা প্রতিশ্রুতি দেওয়া যাবে না। এই মিথ্যা প্রতিশ্রুতির বানী পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষ আপনাদের কাছে থেকে বুঝে নিতে চাইবে।

[4-00 – 4-10 P.M.]

আজকে সে কারণে আমরা বারংবার বলেছি পশ্চিমবাংলায় আজকে যখন এই রকম একটা অবস্থা চলছে, আপনারা দাবি করছেন, মুখ্যমন্ত্রী বলছেন, আমি একটা বিকল্প প্রস্তাব পাঠিয়েছি। একবার বিকল্প প্রস্তাব পাঠিয়েছিলেন ভি. পি. সিং যখন প্রধানমন্ত্রী ছিলেন, সেটা বন্ধু সরকার ছেঁড়া কাগজের ঝুঁড়িতে ফেলে দিয়েছিলেন। আর মনমোহন সিংকে যে বিকল্প প্রস্তাব পাঠিয়েছেন, সেই বিকল্প প্রস্তাব সম্পর্কে তিনি বলেছেন, এটা অবাস্তবতায় পরিপূর্ণ একটা বিকল্প প্রস্তাব। এই বিকল্প প্রস্তাবে অনেক বড় বড় কথা থাকতে পারে, বিকল্প প্রস্তাবে দেশের প্রকৃত অবস্থার কোনও উল্লেখ নেই। আপনারা বিকল্প প্রস্তাবের নামে দেশের মানুষকে বিভ্রান্ত করতে চেয়েছেন। কি বিকল্প প্রস্তাব? আমরা স্বভাবতই উল্লেখ করতে পারি যে বিকল্প প্রস্তাব মুখ্যমন্ত্রী তুলে ধরবার পরে আমাদের পক্ষ থেকে বারবার বলা সত্ত্বেও তিনি আমাদের জানান নি। বিকল্প প্রস্তাবের একটা কপি কি আমাদের মুখ্যমন্ত্রী দিলে তাঁর জাত চলে যেত। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে কি বিকল্প প্রস্তাব দিয়েছিলেন? রাজ্য সরকার এমনই এক বিকল্প প্রস্তাব দিয়েছিলেন সেই প্রস্তাবের কোন মাথামুণ্ডু ছিল না। সেই রকম এক বিকল্প প্রস্তাব ভি. পি. সিং যখন বন্ধু সরকারের প্রধানমন্ত্রী ছিলেন তখনও পাঠিয়েছিলেন। সেই চিঠির অ্যাকনলেজমেন্ট পর্যন্ত করেন নি, জবাব দেওয়া তো দূরের কথা। পেট্রোল-ডিজেলের দাম যখন বেড়ে গেল সেই সম্পর্কে রাজ্যের একটা বিকল্প প্রস্তাব গিয়েছিল মূল্যবৃদ্ধি তিনি যা ঘোষণা করেছিলেন পার্লামেন্টে ওঁদের বন্ধু সরকার সেটাই পাকাপাকিভাবে গ্রহণ করেছিল। বিকল্প প্রস্তাবের কোনও মূল্য দেন নি। তাই পশ্চিমবাংলা সরকারের সামগ্রিকভাবে একটা শিল্প নীতি যা এই রাজ্যের মানুষের কাছে অনেক আশার কথা বহন করে আনতে পারত এই সরকার সেইটা করতে পারেন নি। আমরা এখানে দেখেছি প্ল্যান বাজেটে শিল্প দপ্তরের ক্ষেত্রে যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার শতকরা ৫০ ভাগ টাকা এই সরকার খরচ করতে পারেন নি। আমরা সেইজন্য এই শিল্পনীতি আমরা বক্তৃতার মধ্য দিয়ে যা আপনাদের কাছে উপস্থিত করেছি এবং আমরা যেগুলো কাট মোশন দিয়েছি, আমাদের বিশেষ অবস্থার প্রতি গুরুত্ব দিয়ে, কতকগুলো গঠনমূলক সমালোচনার প্রশ্নে রাজ্য সরকার তার স্পষ্ট মানসিকতা

আমাদের ঘোষণা করবেন এবং আমাদের একটা শিল্পনীতি এই রাজ্য সরকার উপস্থিত করবেন এবং পশ্চিমবঙ্গ যে অনিশ্চয়তার দিকে রাজ্যের শিল্পনীতি এগিয়ে যাচ্ছে সেই থেকে পশ্চিমবঙ্গকে মুক্ত করতে রাজ্য সরকার সচেষ্ট হবে। এই কথা বলে রাজ্য সরকারের শিল্প বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমাদের কাট মোশনগুলোর সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শৈলেন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী শিল্প বাণিজ্য দপ্তরের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই অবগত আছি, আজকে সারা ভারতবর্ষে যে চরম অর্থনৈতিক সঙ্কট সে সম্পর্কে এবং আমরা নিশ্চিতভাবে মনে করি আজকে ভারতবর্ষে যে অর্থনৈতিক সঙ্কট সৃষ্টি হয়েছে সেটা কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত অর্থনীতি এবং কিছুদিন আগে তারা যে শিল্পনীতি ঘোষণা করেছেন সেজন্য। আজকে ভারতবর্ষের অর্থনৈতিক ক্ষেত্রে যেমন চরম সঙ্কট, তেমনি শিল্প নীতির ক্ষেত্রে একটা চরম ব্যাঘাত সৃষ্টি হয়েছে এবং এই প্রসঙ্গে আমরা আমাদের রাজ্যের ক্ষেত্রে একথা বলতে পারি যে কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত অর্থনীতি এবং শিল্প নীতির ফলে আমাদের রাজ্যের প্রতি কেন্দ্রের যে বৈষম্য যা বারেবারে আমরা লক্ষ্য করেছি, আমরা অত্যন্ত জোরের সঙ্গে বলতে পারি এই সমস্ত অসুবিধা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের শিল্প উন্নতি তথা শিল্প পরিবেশ এবং সেই সঙ্গে মূল শিল্পের সাথে নানা সহায়ক শিল্প যেভাবে গড়ে তোলার চেষ্টা হচ্ছে,—

যে বক্তব্য মাননীয় মুখ্যমন্ত্রী তথা শিল্পমন্ত্রী তার বাজেট ভাষণে রেখেছেন তাকে যেমন সমর্থন করছি প্রাসঙ্গিকভাবেই তেমনি বিরোধীদলের পক্ষ থেকে যেসব বক্তব্য রাখা হয়েছে তার বিরোধিতা করছি। কারণ যে কথাগুলি তারা বলার চেষ্টা করেছেন সেগুলি সমর্থনযোগ্য নয়। তারা হলদিয়া, বক্রেশ্বরের কথা বলেছেন। স্যার, আমাদের রাজ্যের অর্থনীতির উন্নয়নের স্বার্থে ও বেকার যুবকদের কর্মসংস্থানের স্বার্থে বামফ্রন্ট সরকার শুরু থেকেই কাজ করে চলেছেন। এ ক্ষেত্রে যেভাবে এই সরকার কাজ করেছেন আমি মনে করি নিশ্চয় সেটা একটা ভাল দিক। কিন্তু একটা অঙ্গ রাজ্য হিসাবে কেন্দ্রীয় সরকারের যে অর্থনীতি, শিল্পনীতি এবং কেন্দ্রীয় সরকারের যে কর্মকাণ্ড তার প্রভাব খুব স্বাভাবিকভাবেই আমাদের রাজ্যের উপর পড়বে। আজকে ভারতবর্ষে নয়া শিল্পনীতির নামে যেভাবে ভারত সরকার ভারতবর্ষের সার্বভৌমত্ব বিকিয়ে দিয়ে আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার থেকে ঋণ নিচ্ছেন এবং সেই ঋণের শর্ত হিসাবে যেভাবে বিদায় নীতি অবলম্বন করছেন তার ফলে সঙ্কট বাড়ছে। আমরা এই নীতির বিরোধিতা করছি। শুধু বিরোধিতা করেই আমরা চুপ করে বসে থাকি নি, সেখানে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বিকল্প প্রস্তাবও পাঠিয়েছি। কিন্তু কেন্দ্রীয় সরকার সেই পথে যেতে চান না। কেন্দ্রীয় সরকার চান পুঁজিপতিদের আরও পুঁজি বাড়ুক এবং সেইজন্যই তারা সেই ভাবে তাদের নীতি প্রণয়ন করছেন। এই কারণেই তারা রাজ্য সরকার প্রেরিত বিকল্প প্রস্তাব গ্রহণ করেন নি। সঙ্গে সঙ্গে আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার থেকে কি শর্তে ঋণ গ্রহণ করা হয়েছে সেগুলিও ভারতবর্ষের মানুষদের কাছে তারা পরিষ্কার করে বলেন নি। মাননীয় সদস্য সুদীপবাবু বললেন যে রাজ্য সরকারও বিশ্বব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছেন। হ্যাঁ, ক্ষুদ্র সেচের ক্ষেত্রে আমরা বিশ্বব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে প্রোজেক্ট করেছিলাম কিন্তু সেখানে রাজ্য সরকারের পক্ষ থেকে

তাদের পরিষ্কার জানিয়ে দেওয়া হয়েছিল যে আমাদের রাজ্যে যে পঞ্চায়েতি ব্যবস্থা আছে তাদের সঙ্গে পরামর্শ করে আমরা এই পরিকল্পনা কার্যকরি করব। পরবর্তীকালে তারা সেই প্রস্তাব মেনে নিয়েছিলেন। তারা আমাদের প্রস্তাব মানায় আমরা বিশ্বব্যাঙ্ক থেকে সেই ঋণ নিয়ে আমাদের রাজ্যে সেই প্রকল্প প্রসারিত করেছি। কিন্তু কেন্দ্রীয় সরকারের তরফ থেকে শর্তগুলি দেশের সাধারণ মানুষের সামনে তুলে ধরা হয়নি। এমন কি আমাদের দেশে যে সমস্ত প্রতিষ্ঠিত রাজনৈতিক সংগঠন আছে তাদের সঙ্গে এ মর্মে তারা কোনও আলাপ আলোচনা করেন নি। আজকে আমি তাই বলব, কেন্দ্রীয় সরকারের শিল্প ও অর্থনীতির জন্যই পশ্চিমবঙ্গের শিল্পের এই অবস্থা হয়েছে। আমরা জানি যে রাজ্যের কিছু মূল শিল্প ছিল যেমন পাট শিল্প। এখানে সেই পাট শিল্পের আধুনিকীকরণের দরকার ছিল। কিন্তু কেন্দ্রের তরফ থেকে সেই আধুনিকীকরণের কোনও উদ্যোগ গ্রহণ করা হয়নি। তা না হবার ফলে ব্যাপক সংখ্যক চটকলে যেমন একদিকে পুরানো যন্ত্রপাতি থাকার জন্য উৎপাদন ব্যাহত হচ্ছে তেমনি অপর দিকে অনেক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন সেখানেও এ ব্যাপারে কেন্দ্রের যে বৈষম্য সে কথা বিশদ ভাবে বলা হয়েছে। সে কারণে একথা আমরা অত্যন্ত জোরের সঙ্গে বলতে চাই।

[4-10 – 4-20 P.M.]

যে একটা রাজ্যের শিল্প নীতি, একটা রাজ্যের বন্টনের ক্ষেত্রে অগ্রগতি নির্ভর করে ভারতবর্ষের মতো একটা যুক্ত রাষ্ট্রীয় কাঠামোয় যদি কেন্দ্রীয় সরকার সাহায্য এবং সহযোগিতা না থাকে, কেন্দ্রীয় সরকারের দেওয়া প্রতিশ্রুতি যদি তারা রক্ষা না করেন তাহলে রাজ্যের শিল্পে কখনও অগ্রগতি লাভ করতে পারে না। সেইভাবে আমরা দেখলাম হলদিয়া—আমরা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার চেয়েছিলাম যে হলদিয়ায় যদি পেট্রো-কেমিক্যাল শিল্প গড়ে তোলা যায় তাহলে যেমন মূল শিল্পে যেমন ব্যাপক বেকার যুবকদের চাকরির সংস্থান হবে, অনেক সহায়ক শিল্পে আমরা তাদের চাকরির সংস্থান করতে পারব। কিন্তু আমরা দেখলাম সেই মুহূর্তে তদানিন্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধী সেদিন বলেছিলেন যে আমরা এই বাবদ, এই হলদিয়ার জন্য সমস্ত রাজ্যের ক্ষেত্রে আমরা ১ হাজার ৭ কোটি টাকা পশ্চিমবঙ্গকে দেব। তাঁরা বললেন আমরা নির্বাচনের প্রাক্কালে নাকি, বামফ্রন্ট সরকার নাকি, আমরা হলদিয়ার কথা বলেছি, বক্রেশ্বরের কথা বলেছি। কিন্তু আমরা নিশ্চয়ই ভুলে যাব না যে ঐ বিভিন্ন নির্বাচনের প্রাক্কালে এসে আমাদের দেশের কেন্দ্রীয় সরকারে যাঁরা দায়িত্বে থাকেন, কংগ্রেসে নেতৃত্বে এবং প্রধানমন্ত্রীর মত তাঁরাও বারেবারে এইরকম ভুরিভুরি আমাদের এইরকম প্রস্তাব দিয়ে গেছেন, আশা দিয়ে গেছেন। কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা দেখেছি, তারা তাদের কথা রাখেন নি। স্বাভাবিক ভাবে যার ফলে আজকে কেন্দ্রীয় সরকারের এই ধরনের ভ্রান্ত নীতি এবং তাঁদের প্রতিশ্রুতি তাঁরা রক্ষা না করার ফলে ব্যাপক ধরনের ক্ষয়ক্ষতি আজকে হয়ে গেছে এবং স্বাভাবিক ভাবে আমরা তাই দাবি করি, আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে হলদিয়ার ক্ষেত্রে যেভাবে রাজ্য সরকার হলদিয়া পরিকল্পনাকে সফল করার চেষ্টা করছেন, কলতায় যে বহির্বাণিজ্য ব্যাপারটা আছে সেটাকে যে ভাবে কার্যকরি করার চেষ্টা করছেন, তাছাড়াও পশ্চিমবঙ্গের বিভিন্ন ক্ষেত্রে আজকে যে শিল্পের একটা উদ্যোগ গড়ে উঠছে, তাকে রাজ্য সরকারের পক্ষ থেকে তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যে ভাবে উৎসাহ এবং অর্থের

জোগান দেওয়া হচ্ছে, নিশ্চিতভাবে আমরা মনে করি আজকে এই প্রকল্পগুলো অনেক সহজ সাধ্য হত, কার্যকরি করা যেত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে আমরা শেষ করতে পারতাম, যদি কেন্দ্রীয় সরকার তার দায়িত্বে এবং তার কর্তব্যের খাতিরে পশ্চিমবঙ্গকে যে দেবার ব্যাপার, অর্থাৎ তারা যে বারেবারে পশ্চিমবঙ্গ সরকারের প্রতি একটা বৈমাতৃসুলভ আচরণ করেন, কারণ আমরা দেখেছি শুধু পরিকল্পনার ক্ষেত্রে নয়, অনুমোদন নেবার ক্ষেত্রেও তারা পশ্চিমবাংলার বিরাট বিরাট প্রকল্পগুলোকে তারা বছরের পর বছর ফেলে রেখেছেন, অনুমোদন পর্যন্ত দেননি। স্বাভাবিক ভাবে আজকে মাননীয় বিরোধী সদস্যদের কাছ থেকে আমাদের শুনতে হয়, যখন পশ্চিমবঙ্গ সরকার চান একটি শিল্প উদ্যোগ সৃষ্টি করবেন, তারজন্য যে প্রাথমিক অনুমোদনের দরকার, সেই অনুমোদন দেবার ক্ষেত্রেও কেন্দ্রীয় সরকারের টাল বাহানা, আমরা আশা করি পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে বিরোধী সদস্যরা আজকে সরকারের সঙ্গে সাহায্য করুন, সহযোগিতা এবং এই প্রকল্পগুলো অনুমোদনের ক্ষেত্রে প্রকল্পগুলোকে সফল করতে যে সাহায্য, যে অর্থের প্রয়োজন রয়েছে, সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের মনে রাখার দরকার আছে যে কেন্দ্রীয় সরকার আমাদের কিন্তু দান করছেন না, কারণ আমরা দেখেছি তারা মাসুল সমীকরণের কথা বললেন, হ্যাঁ, ইস্পাতের থেকে মাসুল সমীকরণ নীতি তুলে নেবার ফলে নিশ্চিত ভাবে তারা বললেন, আমার মনে হয় মাননীয় সুদীপ বাবু মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতাটা পড়েননি। মুখ্যমন্ত্রী এখানে পরিষ্কার ভাবে বলেছেন যে মাসূল সমীকরণ নীতি ইস্পাত শিল্প থেকে তুলে নেবার ফলে আমরা যে উপকার পেয়েছি, আমরা তার জন্য তাদের ধন্যবাদ দিই। কিন্তু আমরা দেখেছি এই ক্ষেত্রে পাণ্ডে কমিটি যে সুপারিশ করেছিল সেই সুপারিশকে যদি পুরোপুরি মেনে নেওয়া যেত তাহলে পশ্চিমবঙ্গের মাসূল সমীকরণ নীতি তুলে নেবার ফলে ইস্পাত থেকে যে আর্থিক লাভ আমাদের হত, আমরা কিন্তু সেই লাভ পাইনি। সুতরাং স্বাভাবিক ভাবে আমরা দাবি করি আজকে যে কয়লার ক্ষেত্রেও মাসূল সমীকরণের যে বৈষম্য আছে, সেই বৈষম্য যদি তারা তুলে নেন, তাহলে রাজ্যের অর্থনীতির ক্ষেত্রে একটা অত্যন্ত সুফল হবে। তাই আমি এই ক্ষেত্রে আবেদন করব যে মাননীয় বিরোধী সদস্যরা শুধু মাত্র সমালোচনা নয়, পশ্চিম বঙ্গের বাস্তব অবস্থার কথা ভেবে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের যে চেষ্টা এবং সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছে তাদের যে দাবি এবং ন্যায়সঙ্গত দাবি তারা যে দাবি করছে, আসুন আমরা আমাদের পাশে দাঁড়িয়ে সেটাকে সফল করার চেষ্টা করুন। যার মধ্যে দিয়ে আপনারা পশ্চিমবঙ্গের মানুষের কাছে অন্তত এই কথা বলতে পারবেন যে আমরা বিরোধী সদস্য হিসাবে থাকলেও পশ্চিমবঙ্গের অর্থনীতিকে বাড়াবার জন্য, পশ্চিমবঙ্গের শিল্পের অগ্রগতিকে বাড়াবার জন্য আমরা দায়িত্ব পালন করেছি। সঙ্গে সঙ্গে আমরা দেখেছি যে রাজ্য সরকার আজকে নানা শিল্প বিকাশ কেন্দ্র গড়ে তুলেছেন, মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে পরিষ্কার ভাবে রেখেছেন। আমরা কোথায় কোন শিল্প বিকাশ কেন্দ্র গড়ে তুলেছি এবং তার মধ্যে দিয়ে আমরা কি করার চেষ্টা করছি, আমরা সেখানে কতটা পরিমাণ জমিতে কতগুলো শেড তৈরি করতে পেরেছি, কতকগুলো শিল্পকে সেখানে অনুমোদন দিয়েছি। আমি আশা করব কারখানা করার জন্য যাঁদের শেডগুলি দেওয়া হয়েছে তাঁরা নির্দিষ্ট সময়ে সেই কারখানাগুলি চালু করবেন।

আমি বিশ্বাস করি কোনও দেশে বিদ্যুত উৎপাদনে ঘাটতি দেখা দিলে সে দেশে শিল্প

উন্নয়নেও ঘাটতি দেখা দেয়। তবে আমি এ বিষয়ে বিস্তারিত তথ্যের মধ্যে না গিয়েও জোরের সঙ্গে বলতে পারি যে, বিগত কংগ্রেস আমলের চেয়ে বর্তমান বামফ্রন্ট আমলে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ বহু গুণ বৃদ্ধি পেয়েছে। তথাপি এ কথা আমি নিশ্চিত ভাবে জানি যে, এখনো আমাদের বিদ্যুতের অভাব আছে। ফলে মানুষের সমস্যা আছে। কিন্তু এ কথা আমাদের ভুলে গেলে চলবে না, আজকে সর্ব স্তরে বিদ্যুতের চাহিদা বহু, বহু গুণ বৃদ্ধি পেয়েছে। মানুষের ব্যবহারিক জীবনে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পেয়েছে তেমন নতুন নতুন কলকারখানা স্থাপন হওয়ার জন্যও বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পেয়েছে। বিরোধী সদস্যরা এখানে ব্যঙ্গ করে বলেছেন, 'বামফ্রন্ট রক্ত দিয়ে বক্রেশ্বর করার কথা বলেছিল।' আমি তাঁদের একটু স্মরণ করতে বলি যে, যদি কেন্দ্রীয় সরকার সময় মতো বক্রেশ্বরের অনুমোদন দিতেন এবং টাকা মঞ্জুর করতেন তাহলে নিশ্চয়ই এত দিনে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়ে যেত। এবং আজকে আমরা পশ্চিমবঙ্গের চাহিদা অনুযায়ী বিদ্যুত, সরবরাহ করতে পারতাম। অনেক নতুন নতুন কলকারখানা ইতিমধ্যে রাজ্যে স্থাপিত হতে পারত এবং বহু বেকার যুবকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারত। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব ছিল তাঁরা তা পালন করেন নি। বিরোধী সদস্যদের কাছে আমার অনুরোধ তাঁরা তাঁদের দলের দ্বারা পরিচালিত কেন্দ্রীয় সরকারকে তাঁদের দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য একটু অনুরোধ করুন।

চা উৎপাদনের জন্য আমাদের রাজ্যে চা ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে। আজকে রাজ্যে দার্জিলিং সহ উত্তরবঙ্গের চা শিল্পের সাথে সাথে অন্যত্রও চা উৎপাদনের জন্য নতুন পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। আমাদের পুরুলিয়া জেলা, যেখানে কোনও শিল্প নেই এবং যেখানে নতুন কোনও শিল্প গড়ে তোলা যাচ্ছে না, সেখানে অযোধ্যা পাহাড়ে চা উৎপাদন করা যায় কিনা তার জন্য চেষ্টা হচ্ছে এবং আমরা আশা করছি সেখানে চা উৎপাদন করা যাবে। এটা যদি সম্ভব হয় তাহলে পুরুলিয়া জেলার মানুষদের যথেষ্ট উপকার হবে। সাথে সাথে আমি পুরুলিয়া জেলার লাক্ষা শিল্পের উন্নতির দিকে নজর দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। পুরুলিয়া জেলায় বিরাট সংখ্যক কৃষক লাক্ষা চাষ করেন। বিরাট সংখ্যক মানুষের ভাগ্য এবং অন্ন লাক্ষা চাষের সঙ্গে যুক্ত। পুরুলিয়া জেলায় প্রায় ৫০ লক্ষ মানুষ লাক্ষা চাষের সঙ্গে যুক্ত। আমাদের দেশে মোট যে লাক্ষা উৎপাদন-এর সম্ভাবনা আছে তার ৯০ শতাংশই আমরা পুরুলিয়া থেকে পেতে পারি। সুতরাং লাক্ষা চাষের উন্নতি ঘটিয়ে আমরা পুরুলিয়ায় যথেষ্ট পরিমাণে লাক্ষা শিল্পের উন্নতি সাধন করতে পারি। সুতরাং এই বিষয়টি ভেবে দেখবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি। পুরুলিয়াতে যদি আমরা লাক্ষা শিল্প সঠিক ভাবে গড়ে তুলতে পারি তাহলে আমরা শিল্পহীন জেলা পুরুলিয়ার অর্থনীতিকে অনেকটা চাঙ্গা করতে পারব এবং সেখানকার বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিতে পারব।

এ ছাড়া পুরুলিয়া জেলায় বেশ কিছু খনিজ দ্রব্য আছে, সেই খনিজ দ্রব্যগুলিকে যদি আমরা যথাযথভাবে কাজে লাগাতে পারি, অর্থাৎ সেগুলি আহরণ করে শিল্প কার্যে ব্যবহার করতে পারি তাহলে তার মধ্যে দিয়ে পুরুলিয়া জেলার সাথে সাথে আমাদের রাজ্যে অর্থনীতিরও উন্নতি সাধন হবে। সুতরাং আমি আশা করব মন্ত্রী মহোদয় এ বিষয়ে উদ্যোগ নেবেন।

[4-20 – 4-30 P.M.]

একটু আগে বিরোধী দলের মাননীয় সদস্য রাজ্যের বন্ধ কল-কারখানাগুলি সম্পর্কে অনেক কথা বলে গেলেন। আমি তাঁকে বলি এ বিষয়ে সারা ভারতবর্ষের চিত্রটা কি? কলকারখানা কি শুধু পশ্চিমবঙ্গেই বন্ধ হয়ে আছে? গোটা ভারতবর্ষে প্রায় তিন লক্ষের কাছাকাছি কলকারখানা বন্ধ হয়ে রয়েছে। এইসব কার নীতির ফলে হল? কোন নীতির ফলে প্রতি মাসে মাসে হাজার হাজার বন্ধ কলকারখানা বেড়ে যাচ্ছে? আমি মনে করি কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত শিল্পনীতি এবং অর্থনীতির ফলে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এই প্রসঙ্গে আমি মনে করি, আমাদের দেশের যে মিশ্র অর্থনীতি তাতে যৌথ উদ্যোগে, সরকারি উদ্যোগের এবং ব্যক্তিগত উদ্যোগের প্রয়োজন আছে। কিন্তু আমরা দেখছি, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে নীতি ঘোষণা করা হয়েছে তাতে সরকারি উদ্যোগগুলি যেগুলি লাভজনক হচ্ছিল সেগুলিকে বেসরকারি উদ্যোগে নিয়ে যাবার চেষ্টা করছেন। তারজন্য আমি বিরোধিতা করি এবং আমি মনে করি, আমাদের দেশে উন্নয়নের ক্ষেত্রে যৌথ উদ্যোগ যেমন প্রয়োজন আছে, ব্যক্তিগত উদ্যোগের যেমন প্রয়োজন আছে তেমনি সরকারি উদ্যোগের প্রয়োজন আছে। সরকারি উদ্যোগে লাভজনক হতে পারে, সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সাহায্য এবং সহযোগিতা থাকা দরকার। আশা করি, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সেটা থাকবে। এক্ষেত্রে বিরোধীদলের সদস্যদের সেই ভূমিকা থাকা দরকার। বিরোধীদলের সদস্যরা যদি সেই ভূমিকা এবং দায়িত্ব পালন করেন তাহলে নিশ্চয়ই পশ্চিমবাংলার মানুষ আপনাদের আর্শিবাদ করবেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, বন্ধ কলকারখানা খোলার ক্ষেত্রে সরকারের দিক থেকে যে উদ্যোগ আছে তাকে আরও বেশি জোরদার করা দরকার। আমরা দেখছি, একটি কারখানা যখন বন্ধ হয়ে যায় সেই কারখানাটি কয়েক বছর পর খোলা হয়। ইতিমধ্যে সেই কারখানার কিছু শ্রমিকের অনাহারে প্রাণ চলে যায়। এক্ষেত্রে সরকারি যে নিয়মকানুন আছে যাতে শিল্প কলকারখানার মালিকরা মেনে চলেন সেটা দেখা দরকার। আইনগুলি যাতে যথাযথভাবে মেনে চলেন সেই ব্যাপারে আমাদের সরকারের পক্ষ থেকে কঠোর হস্তে দেখা দরকার, তা নাহলে আমাদের রাজ্যে বন্ধ কলকারখানার সংখ্যা দিনের পর দিন বেড়ে যাবে। এরফলে আমাদের রাজ্যে বেকারের সংখ্যা যেমন বাড়বে তেমনি সঙ্গে সঙ্গে অর্থনীতির উপর প্রচণ্ড প্রভাব পড়বে। এ ছাড়া পশ্চিমবাংলা যে শান্তিপূর্ণ অবস্থায় আছে সেই অবস্থান বিঘ্নিত হবে। আমি মনে করি, সারা ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদী, সাম্প্রদায়িক শক্তির যে প্রকোপ তারজন্য আমাদের দেশের অর্থনীতিই মূলত দায়ী। আমি মাননীয় বিরোধীদলের সদস্যদের কাছে আবেদন করছি, রাজ্যে শিল্প উন্নয়নের ক্ষেত্রে সরকারি যে প্রচেষ্টা সেই প্রচেষ্টাকে আপনারা সাহায্য করুন। এতে পশ্চিমবাংলার মানুষের ভাল হবে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতার ভিতর দিয়ে যেভাবে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন তা সত্যই প্রশংসনীয়। তাই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Presentation of 22nd Report of Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 22nd Report of the Business Advisory Committee. The Committee met in my chamber yesterday and recommended the following programme of Business.

Programme of Business for 18th June and 19th, 1992 (As adopted by the House on the 22nd Report of the Business Advisory Commitee presented on 4th June, 1992)

Day	Item	Demand	Department	Time
Thursday, 18.6.92	(i)	Demand No.12	Transport Department	—2 hrs.
	(ii)	Demand No.77		
	(iii)	Demand No.78		
	(iv)	Demand No.80		
	(v)	Demand No.81		
	(vi)	Demand No.64	Hill Affairs Department	—1 hrs.
	(vii)	Demand No.31	Sports & Youth Services Department	—1 hrs.
	(viii)	Demand No.1	Parliamentary Affairs Department	
	(ix)	Demand No.3	Home (C&E) Department	
	(x)	Demand No.5	Home (C&E) Department	
	(xi)	Demand No.6	Finance (Taxation) Department	—1 hrs.
	(xii)	Demand No.9	Finance (Taxation) Department	
	(xiii)	Demand No.10	Excise Department	
	(xiv)	Demand No.11	Finance (Taxation) Department	
	(xv)	Demand No.13	Finance (Taxation) Department	
	(xvi)	Demand No.14	Finance (Audit) Department	
	(xvii)	Demand No.16	Finance (Budget) Department	
	(xviii)	Demand No.20	Finance (Audit) Department	
	(xix)	Demand No.22	Home (Jails) Department	
	(xx)	Demand No.27	Home (Civil Defence) Department	
	(xxi)	Demand No.28	Finance (Audit) Department	
	(xxii)	Demand No.29	Finance (Taxation) Department	

(xxiii) Demand No.42	Relief & Welfare (Welfare) Departmen	
(xxiv) Demand No:43	Relief & Welfare (Welfare) Department	
(xxv) Demand No.44	Relief & Welfare (Relief) Department	—1 hrs.
(xxvi) Demand No.46	Finance (Taxation) Department	
(xxvii) Demand No.49	Animal Resources Development Department	
(xxviii) Demand No.50	Animal Resources Development Department	
(xxix) Demand No.52	Forest Department	
(xxx) Demand No.65	Development & Planning (Development) Department	
(xxxi) Demand No.82	Environment Department	
(xxxii) Demand No.83	Development & Planning Department	
(xxxiii) Demand No.84	Tourism Department	
(xxxiv) Demand No.85	Development & Planning Department	
(xxxv) Demand No.89	Environment Department	
(xxxvi) Demand No.99	Finance (Budget) Department	

Friday, 19.6.92 — The West Bengal Appropriation (No.2) Bill, 1992 (Introduction, Consideration and Passing) —4 hrs.

There will be no mention cases on Thursday the 18th June, 1992.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for aceeptance of House.

Shri Prabodh Chandra Sinha : I beg to move that the 22nd Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগেরদিন উই আর কমপেল্ড

টু বয়কট দি অ্যাসেম্বলি। ফুডের মতন গুরুত্বপূর্ণ সাবজেক্ট উইদাউট এনি পার্টিসিপেশন অফ দি অপোজিশন এখানে পাস হয়ে গেছে। আপনি জানেন, ল্যাণ্ড রেভেনিউর বাজেটের ক্ষেত্রে কি হয়েছিল? আপনার কাছে খবর পাঠিয়েছিলাম। ফুডের ক্ষেত্রে আপনাকে ম্যাসেজ পাঠিয়েছিলাম। ফুডের মতন একটা সাবজেক্ট। ৪ ঘন্টা ডিবেট হত ওঁরা যখন এইদিকে বসতেন। লোকজন, বাচ্চা ছেলেদের এনে গুলি চালানোর ব্যবস্থা করত। আজকে ফুডের মতো একটা সাবজেক্ট উইদাউট এনি অপোজিশন আপনি পাস করালেন। আজকে পাস করার আগে আপনার কাছে নিবেদন করছি যে উই ক্যান রিওপেন দি সাবজেক্ট all you can ask the minister to speak on the subject যখন আপনি পাস করে নিয়েছেন। এর আগে আইন পাস হয়ে গেছে, আবার উত্থাপিত হয়েছে এ রকম নজির অ্যাসেম্বলিতে আছে।

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, এই অ্যাসেম্বলিতে অনেকগুলি নজির আছে, আমার সময়েরও নজির আছে। আপনি কি মনে করেন অপোজিশনের ওয়াক আউট সমর্থন করা , না তাতে সাহায্য করা আমার কাজ, কি মনে করেন?

ডাঃ জয়নাল আবেদিন ঃ উই হ্যাভ বিন ফোর্সড বাই দি সারকমস্ট্যান্সেস। মাননীয় স্পিকার এই দায়িত্ব যে অপোজিশনের সুযোগ করে দেওয়া, না দিতে পারলে টু মাই মাইনড স্পিকারের ইমপারসিয়ালিটির উপরে অবিচার করা হবে।

Mr. Speaker : Dr. Abedin, what happened on that day? First, you wanted a debate. I agreed to it. Then you demanded the presence of the Chief Minister. I requested the Chief Minister to come and he came. Then you wanted an enquiry. The Government did not agree to enquiry. Then you all chose to walk out. I am sorry now. I cannot agree to your request.

The motion of Shri Prabodh Chandra Sinha was then put and agreed to.

শ্রী সুকুমার দাস ঃ মিঃ স্পিকার স্যার, শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত তথা মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন আমি সেই বাজেটের বিরুদ্ধে বলার জন্য প্রস্তুত হয়েছি এই কারণে যে সরকারি দলের সদস্যবৃন্দেরা বা ভারপ্রাপ্ত মন্ত্রীর প্রারম্ভিক লিখিত ভাষণ যা দেখলাম তাতে মনে হল পৃথিবীতে যে পরিবর্তন হচ্ছে—পৃথিবীতে ৪টি কমিউনিস্ট দেশ আছে, কেবল ভারতবর্ষের একটি রাজ্যে তথাকথিত বামফ্রন্টের শাসনে—তার মধ্যে একটি হচ্ছে চিন বা সি. পি. এমর মতে ভেনগার্ড অফ দি কমিউনিস্ট ওয়ার্লড। ২ হচ্ছে ভিয়েতনাম, ৩ উত্তর কোরিয়া এবং ফোর্থ কিউবা। আমি চিনের কথাটাই বেশি করে বলছি, এই কারণে যে অন্ধত্বের যুগে যারা বাস করছে যাতে অন্ধকার থেকে আলোয় আসতে পারেন। নিরক্ষরতা দূর করে সাক্ষরতার কথা ওঁরা বলে থাকেন। সম্প্রতি আমাদের প্রেসিডেন্ট চিনে বেড়াতে গিয়েছিলেন, চিনের প্রেসিডেন্ট যে কথাটা বলেছিলেন আমি তা দিয়েই শুরু করছি। চিনের প্রেসিডেন্ট বলেছিলেন Emphasized the need of cooperation in the light of open door policy pursued by China and the liberisation of the Indian Economics. এর দ্বারা কি বলতে চেয়েছেন, প্রেসিডেন্ট আর এক জায়গায়

বলেছেন হোয়েদার the cat is black or white that does not a matter, whether it catches the mouse or not. তাহলে দুটি নীতি চিন বলছে যে কথা আজকে ভারতবর্ষের প্রেক্ষাপটে যা আমাদের আলোচনা করার দরকার আছে। আজকে শিল্প নীতির সম্বন্ধে যে কথা মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় লিখেছেন আমি আজকে বলব। যখন রাজীব গান্ধী মহাশয় প্রধানমন্ত্রী ছিলেন তিনি বিদেশ থেকে ঋণ নিয়েছিলেন, এবং তাঁর ঋণ নেওয়ার সম্বন্ধে এখানে অনেক ভাষণ আছে। ভাষণে ভরিয়ে দিয়েছিলেন, আমি সহজে যেটা বুঝি যে মাননীয় রাজীব গান্ধী যখন ক্ষমতায় এলেন তখন পার ক্যাপিটা ইনকাম ইন দি ইয়ার ১৬০০ টাকা ছিল, যখন তিনি চলে গেলেন পার ক্যাপিটা ইনকাম ৩২০০ টাকা করে গেলেন। মাননীয় রাজীব গান্ধী যখন ক্ষমতায় এলেন তখন নীট প্রোগ্রাম ২ লক্ষ কোটি টাকা, আর যখন চলে গেলেন তখন সেটা ৩ লক্ষ কোটি টাকায় দাঁড়াল। জেনারেল প্রোডাকশন তখন ১৪ হাজার মেট্রিক টন ছিল যখন চলে গেলেন তখন ১৭।। হাজার মেট্রিক টনে দাঁড়াল। আমার কথা হচ্ছে এই আজকে ওপেন ডোর পলিসি অর্থাৎ চিনে কমিউনিস্ট চলছে এই বক্তব্য বলছেন, আমি ব্যক্তিগতভাবে মনে করি চিনের প্রেসিডেন্ট যা বলেছিলেন—আমার কাছে পরিসংখ্যানের বইটা নেই—আজকে মালটি ন্যাশনালের জন্ম দিচ্ছে, পাশাপাশি আমেরিকার জায়গাতে পার্টলি জাপানের জায়গাতে। চিন যে ধরনের ইকনমিক গ্রোথ করছে সেই প্রেক্ষাপটে ভারতবর্ষ ইতিমধ্যে সোসালিস্ট ইকনমির দুর্বল দেশ, দুর্বলতর হয়েছে এটা দুঃখের কথা।

[4-30 – 4-40 P.M.]

এত সব পরিবর্তন হবার পর আজকে পশ্চিমবঙ্গের কমরেডরা অন্ধত্বে ভুগছেন। যারা ধৃতরাষ্ট্র, সাজাহান হয়ে বসে আছেন তাদের কিছু বলবার নেই। প্রত্যেক দলের মধ্যে কিছু চিন্তা-ভাবনা করবার লোক আছেন। তাই আমি মনে করি, একটিই তো প্রশ্ন, সোসালিস্ট ইকোনোমি, পাবলিক ইকোনোমি এবং প্রাইভেট ইকোনোমির লড়াই বর্তমানে হচ্ছে সারা পৃথিবীতে—প্রাইভেট ইকোনোমি ইন দি নেম অফ ক্যাপিটালিস্ট ইকোনোমি রুলড্ বাই মার্কিন ইকোনোমি—যে নামেই বলুন। আর একটি সোসালিস্ট ইকোনোমি, যেটা রান করছিল রাশিয়া এবং চিনে। নেহরু ভবিষ্যতদ্রষ্টা কিনা জানি না, তবে তিনি পারফেক্ট সীন দেখেছিলেন বলেই ভারতবর্ষ মিক্সড্ ইকোনোমি প্রবর্তন করেছিলেন, যাকে আপনারা সোনার পাথরবাটি বলেছিলেন। আপনারাই বলুন, আজকে পশ্চিমবঙ্গের ইকোনোমিক পোজিশন কি? আজকে ৪০০ কোটি টাকা মাইনে দিতে লাগে এবং সরকারি পরিচালনাধীন যেসব ইন্ডাস্ট্রি রয়েছে তাতে ১৫০০ কোটি টাকা সাবসিডি দিতে হয়। আমি বলতে চাই, এতে কংগ্রেস বা কমিউনিস্টের ব্যাপার নেই, এই পশ্চিমবঙ্গে সাবসিডাইস্ড ইকোনোমিই রান করবে, নাকি এ-ব্যাপারে আপনারা নতুন কিছু চিন্তা-ভাবনা করবেন? আজকে কলকাতার ট্রাম-বাসের জন্য, শহরবাসীকে দুধ এবং বিদ্যুৎ দেবার জন্য গ্রামের অর্থ শোষণ করে এসব ক্ষেত্রে সাবসিডি দেবেন, নাকি গ্রামের অর্থনীতিকে জোরদার করবেন? আজকে টোটাল সাবসিডাইসড্ ইকোনোমি টু বি কার্টেইলড্, আদারওয়াইজ উই হ্যাভ টু বি পেরিশড্, লাইক ইউ. এস. এস. আর., জি. ডি. আর., পোলান্ড, চেকোশ্লোভাকিয়া, রুমানিয়া, এই যে জিনিসগুলি আছে এ ক্ষেত্রে যদি আপনারা বাস্তব যুক্তিতে না আসেন। শুধু ভাবাবেগে এবং শিল্পনীতির বিরুদ্ধে কথা বলে বাহবা কুড়োবার জন্য যদি এসব কথা বলেন তাহলে ধৃতরাষ্ট্র সাজাহানের মতো সাবসিডির বন্দিদশায়

থেকে তোতা পাখীর মতো শেখানো বুলিই কেবল আওড়ে যাবেন, কিন্তু অর্থনীতিকে জোরদার করতে পারবেন না। আজকে ১৫০০ কোটি টাকা সাবসিডি দিতে চলে যাচ্ছে। শুধু মাইনে দিতে চলে যাচ্ছে ৫০০ কোটি টাকা। এই ভাবে পশ্চিমবঙ্গ চলতে পারে না। আজকে পশ্চিমবঙ্গকে কোথায় নিয়ে যাচ্ছেন আপনারা? যেখানে মহারাষ্ট্রের পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরিধি আজকে ১৫,০০০ কোটি টাকায় পৌঁছে গেছে যেখানে পশ্চিমবঙ্গের অবস্থা কি? এক্ষেত্রে যেটা ২০,০০০ কোটিতে পৌঁছে যাবার কথা, সেখানে ষষ্ঠ পরিকল্পনায় ২,২০০ কোটি টাকার সংস্থান করতে পারেননি বলে এই সাফারিংস আমাদের। আপনারা গত ১৪ বছরে কতগুলো ইন্ডাস্ট্রি করেছেন? পশ্চিমবঙ্গে সার্বিক ইন্ডাস্ট্রি করবার জন্য, উইকার ডিস্ট্রিক্টে ইন্ডাস্ট্রি করবার জন্য ৪৭০ কোটি টাকা গত বছর নির্ধারণ করেছিলেন এবং ৭৫টি শিল্প লাইসেন্স দিয়েছিলেন, কিন্তু একটাও গ্রোথ সেন্টার হয়নি; ব্যারাকপুর সেন্টার হয়নি, উলুবেড়িয়া সেন্টার হয়নি, শিলিগুড়ি বা বারুইপুর—কোথায়ও এই সেন্টার হয়নি, বরং অনেক জায়গার ইন্ডাস্ট্রি ডিমলিশড্ হয়ে যাচ্ছে। শতকরা ২৫ ভাগ বিগ্ হাউসের কাছ থেকে গত ১৫ বছরে আপনারা যদি একটাও ইন্ডাস্ট্রি করাতে না পেরে থাকেন তাহলে কি দিয়ে কি হবে?

শ্রী নির্মল দাস ঃ মাননীয় সভাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা শিল্প বাণিজ্য মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি। আমাদের বিরোধী দলের বন্ধুরা যে বক্তৃতা এখানে করেছেন সেটা আমি শুনলাম। আসল কথা হচ্ছে, আমরা কি ভাবে চলব, কিভাবে চলছি এবং কি ভাবে চলতে চাচ্ছি। কংগ্রেসি দল যে ভাবে চলতে চেয়েছেন সেটা ভারতবর্ষের মানুষ গত ৪৪ বছর ধরে দেখেছে। তখন একটা গোজামিল দেবার চেষ্টা হয়েছিল। মাঝে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পন্ডিত নেহেরু, তিনি মিক্সড ইকনমিক পলিসি আমাদের দেশে চালু করার চেষ্টা করেছিলেন। আসলে তার ভিতরে যে ঝোঁক ছিল সেটা হচ্ছে, ধনিক শ্রেণীর শাসন এবং শোষণ কায়েম করার জন্য জনগণকে ধাপ্পা দেওয়া। তাই, সেইভাবে তারা চলেছে। আমরা সে সব জিনিস দেখেছি। আমরা দেখেছি যে এক দিকে সরকারি পরিচালনাধীন ব্যবস্থা, আর এক দিকে বেসরকারি মালিকানাধীন ব্যবস্থা। এখানে অনেক বন্ধুরা অনেক বক্তৃতা দিয়েছেন। মহাত্মা গান্ধী কি বলেছিলেন? আমাদের দেশের যে লোকসংখ্যা, যে গ্রোথ, দেশের যে উৎপাদন ব্যবস্থা, সব কিছু মিলিয়ে যে ধরনের আমাদের নীতি হওয়া দরকার, আদর্শ হওয়া দরকার, সেটা কি হয়েছে? যে সমস্ত স্থানীয় এলাকা আছে, সেইসব এলাকায় একটা গোজামিল দিয়ে একটা শিল্প গড়তে হবে এবং তার ভিতরে মানুষকে ঢোকাতে হবে। আমরা রাজীব গান্ধীর সময় পর্যন্ত দেখেছি যে আপনারা স্লোগান দিয়েছিলেন যে বেকার যুবকদের খাতায় নাম লিখিয়ে এত লোককে কাজ দেব। কিন্তু আমরা দেখেছি যে সেই সমস্ত বাজে কথা ছিল। আপনারা বলেছেন যে বিদায় নীতি বলে কোনও জিনিস নেই, কিন্তু এটা ঠিক কথা নয়। আমরা দেখেছি যে সাংমা সাহেব দিল্লিতে ১৬ তারিখে বক্তৃতায় বলেছেন যে গোল্ডেন হ্যান্ডশেকের ব্যবস্থা চালু করা হবে এবং প্রয়োজন হলে এক বছরের জায়গায় ৩ বছরের ক্ষতিপূরণ দেওয়া যেতে পারে। সঙ্গত কারণে পশ্চিমবাংলা থেকে বিকল্প প্রস্তাব দেওয়া হয়েছিল কিন্তু সেটাকে গ্রহণ করা হয়নি। আমাদের দেশের যে কংগ্রেস তাদের প্রকারান্তে ধনিকশ্রেণীর সরকার বলা যায়। এরা সাম্রাজ্যবাদী আমেরিকার কাছে দাসখত লিখে দিয়েছে। এদের আর সরকারে থাকা উচিত নয়। এরা সরকারে থাকার মর্যাদা হারিয়ে

ফেলেছে। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের একটা কবিতার কথা আমার মনে পড়ছে। তিনি বলেছিলেন, বণিকের মানদন্ড পোহালী শর্বরী দেখা দেবে রাজ দন্ড রূপে। সেই ইতিহাসের লেখা ওরা পড়তে পারছে না।, অথবা জেনেশুনে জ্ঞান পাপীর মতো না জানার ভান করেছে। আজকে আই. এম. এফ যে ভাবে কন্ডিশন করে দিচ্ছে এরা সেইভাবেই চলছে। আমরা জানি যে ভারতবর্ষে এখন প্রতি ৩ জন কর্মক্ষম মানুষের ২ জনের কাজ নেই। এই কাজ না পাওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের যে নীতি, সেই নীতিই দায়ী। সেজন্য আমরা কেন্দ্রীয় সরকারের এই নীতির বিরোধিতা করেছি। আজকে পশ্চিমবঙ্গ কোনও একটা আলাদা দেশ নয়, এটা একটা অঙ্গ রাজ্য। এখানকার শিল্প নীতি, বাণিজ্য নীতি সেটা কি ভাবে নিরুপিত হয়? সংবিধানের যে বাধ্যবাধকতা আছে, যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থার মধ্যে রাজ্য সরকারের নানা সীমাবদ্ধতা আছে। যে কয়টা শিল্প বাড়াবার চেষ্টা করেছেন, আপনার মূলধন হচ্ছে ৮৬ কোটি টাকা। এই যে ৪৭৩ কোটি টাকা, আপনি যে সমস্ত স্কিম নিয়েছেন, এতে কি পশ্চিমবাংলার ইকনমিক্যাল গ্রোথ হবে? আজকে এই সরকার অদূরদর্শীতা এবং হতাশায় ভুগছেন। হতশ্রী পশ্চিমবঙ্গের সম্ভাবনা নেই। আপনারা অবক্ষয়ের যুগে চলে যাচ্ছিল, একটা জটিলতার সৃষ্টি করছেন। এখানে কোনও সম্ভাবনা নেই, শিক্ষা নেই, আলো নেই, জল নেই, বিদ্যুত নেই। কাজেই এই বাজেটকে সমর্থন করা যায় না। তাই, এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 – 4-50 P.M.]

এখানে অনেক কিছু করতে চাইলেও করা যাবে না। কেন্দ্রীয় সরকার যে বিদায় নীতি ঘোষণা করেছেন, শিল্প নীতি ঘোষণা করেছেন তার এফেক্ট হচ্ছে পশ্চিমবাংলায়। ওনারা নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বছরে ৪০ লক্ষ লোককে কাজ দেবেন। এখন তাঁরা যে নীতি ঘোষণা করেছেন তাতে ৪০ লক্ষ মানুষের রুটি শেষ করবেন। আসলে এই নীতি ঘোষণা করেছেন তাতে ৪০ লক্ষ মানুষের রুটি শেষ করবেন। আসলে এই নীতি আপনারা নিয়েছেন। এই অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকারকে শিল্প নীতি, বাণিজ্য নীতি নির্ধারণ করতে হবে। আমরা লক্ষ্য করেছি যে এই সরকার আমরা যে ব্যবস্থার মধ্যে আমি সেই ব্যবস্থার মধ্যে যতটুকু ভাল করা যায় তার চেষ্টা করছে। পুঁজিবাদী ধনবাদী যে সংকট সেই সঙ্কট থেকে মুক্তি পাওয়ার কোনও রাস্তা নেই। আমেরিকা তার নিজের দেশে ঋণ জর্জরিত। এখানে বক্তৃতা দেওয়া হচ্ছে সমাজবাদ ভেঙ্গে গিয়েছে। এত উৎফুল্ল হবার কোনও কারণ নেই। রাশিয়ায় সমাজবাদ ভেঙ্গে গিয়েছে বলে এটাই শুধু মাপকাঠি নয়। রাশিয়ায় যে এটা ভেঙ্গে গিয়েছে তার বড় ঘটনা আছে। লেনিনবাদের পর স্টালিনবাদের ডিভিয়েশনের জন্য এই ঘটনা ঘটল। আমেরিকাকে নিয়ে এসে যদি মনে করেন ভাল হবে তাহলে প্রকৃতপক্ষে আমাদের দেশের সর্বনাশ করবেন। আমাদের দেশের শ্রমিক শ্রেণীর সর্বনাশ করবেন। এখানে দাঁড়িয়ে আমি এই কথা বলছি। সাংমা সাহেব বলেছেন ১৬ তারিখে ধর্মঘট করার দরকার নেই। এই কথা বলে শ্রমিক শ্রেণীর অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। আপনারা শ্রমিক শ্রেণীর সর্বনাশ করে বিদায় নীতি ঘোষণা করেছেন মনে নেই? অন্ধ মানসিকতা নিয়ে আপনারা আমেরিকাকে আসতে বলছেন। ১ লক্ষ কোটি কালো টাকা আপনাদের রাজত্বে সৃষ্টি হয়েছে, এই কালো টাকাটা কেন ধরতে পারেননি? কেন তিন-তিনবার টাকার অবমূল্যায়ন করছেন?

কার নির্দেশে করেছেন? প্রায় পৌনে ২ লক্ষ শিল্প কারখানা ভারতবর্ষে বন্ধ। শুধু পশ্চিমবাংলায় নয়, গোটা ভারতবর্ষে শিল্প-কারখানা বন্ধ। গোটা ভারতবর্ষে শাসক দল হিসাবে আপনারা ক্ষমতায় আছেন, মোটামুটি ৪২ বছর ধরে আপনারা ক্ষমতায় আছেন, সমস্ত দায়িত্ব ভার আপনাদের নিতে হবে। পন্ডিত জওহরলাল নেহেরুর আমল থেকে পরবর্তীকালে রাজীব গান্ধী পর্যন্ত যে ঘোমটা ছিল এখন সেটা খুলে ফেলা হয়েছে। একেবারে উলঙ্গ। আপনারা আমেরিকার কাছ থেকে যুক্তি নিয়ে ভারতবর্ষ চালাবার চেষ্টা করছেন এই শিল্প নীতি, বাণিজ্য নীতি এবং বিদায় নীতির মাধ্যমে। আমাদের সীমাবদ্ধতা আছে, আর্থিক সংকট আছে। পাট থেকে ৪০০ কোটি টাকা বৈদেশিক মুদ্রা আসে, চা থেকে ২৫০-৩০০ কোটি টাকা বৈদেশিক মুদ্রা আসে। তার সামান্য কিছু এখানে দেওয়া হয়নি। এটা দয়া-দাক্ষিণ্যের ব্যাপার নয়। যখন অবিভক্ত বাংলাদেশ ছিল তখন পলিটিক্যাল রাজধানী ছিল কলকাতায়। পরবর্তীকালে আপনারা পলিটিক্যাল রাজধানী দিল্লিতে নিয়ে চলে গেছেন আর বম্বে হচ্ছে ইকনমিক্যাল রাজধানী। এখন আপনারা কুটির শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পের সর্বনাশ করতে চাইছেন। এখন প্রতিযোগিতার ব্যবস্থা হচ্ছে। যদি জাপান আসে, আমেরিকা আসে, জার্মান আসে তাহলে ভবিষ্যতে পশ্চিমবাংলার শিল্পপতিরা টিকে থাকবে এটা মনে করার কোনও কারণ নেই। মাননীয় মন্ত্রী মহাশয় দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই উত্তরবাংলায় সম্ভাবনা আছে। এখানকার কাঁচা মালকে যোগানদার হিসাবে ব্যবহার করা হয়েছে।

আমরা দেখছি সেখানে ডলোমাইট আছে। ডলোমাইট দিয়ে উড়িষ্যায় সিমেন্ট কারখানা হচ্ছে। বাংলাদেশ নিয়ে যাচ্ছে। কোটি কোটি টাকা রেল ইনকাম করছে। আমি মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব ডলোমাইট নির্ভর কারখানা এখানে গড়ে তুলুন। সেখানে যে নরম কাঠ, বাঁশ ইত্যাদি আছে তা দিয়ে কাগজের কল গড়ে তোলা যেতে পারে। এই শিল্পের যথেষ্ট সম্ভাবনা আছে। তবে এইক্ষেত্রে অনেক বাধা আছে—আমলাদের বাধা আছে। ডলোমাইট নাকি তারা ছেড়ে দিয়েছেন। ডলোমাইট কেন্দ্রকে দিয়ে দিয়েছেন। কারণ কি? পরিবেশ? পরিবেশ নষ্ট হচ্ছে পশ্চিমবাংলার। পরিবেশ নষ্ট হচ্ছে এই বলে ডলোমাইট দেওয়া চলবে না। সেখানে টি বেসড় ইন্ডাস্ট্রি গড়ে তোলার প্রয়োজন আছে। বাঁকুড়াতে দশ বারো বছর আগে যে প্রতিশ্রুতি ছিল তা গড়ে তোলা দরকার। আজকে দেশের অসম বিকাশের জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। অসম বিকাশের জন্য আজকে ভারতবর্ষের দিকে দিকে বিচ্ছিন্নতা দেখা দিয়েছে। অসম ব্যবস্থার জন্য আজকে পাঞ্জাবে আগুন জ্বলছে। যেসম বিকাশের জন্য আজকে কাশ্মীর আমাদের দেশ থেকে চলে যাওয়ার উপক্রম হয়েছে। ঐ নীতির উপরে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার যে আগুন জ্বালাচ্ছে, বি. জে. পি. তাতে মদত দিচ্ছে। আজকে কংগ্রেস ভারতবর্ষের তিনটি রাজ্যকে বিচ্ছিন্ন করে দিয়েছে। বি. জে. পি. সেখানে দাঁড়িয়ে অসম পরিস্থিতির সুযোগ নিচ্ছেন। এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে রাজ্য সরকার একটা শিল্প বিকাশের যে ধারা খুলে দিয়েছে তা আমি সমর্থন করি এবং আমি বিশ্বাস করি জনগণের সমর্থনে আমাদের অভীষ্ট লক্ষ্যে আমরা যেতে পারব। পশ্চিমবাংলা শিল্প সমৃদ্ধ হয়ে উঠবে, পশ্চিমবাংলা উন্নত হবে এবং আমরা আমাদের হৃত গৌরব ফিরে পাব। দেয়ার ইজ নো ইউনিশন ইন থিওরি অ্যান্ড প্রাকটিস, ওদের কথায় এবং কাজে কোনও মিল নেই। কংগ্রেস যেখানে দেশের মানুষ সেখানে নেই। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আগামী ১৬ তারিখে যে ধর্মঘট ডাকা হয়েছে—এই ফোরামে দাঁড়িয়ে, বিধানসভায়

দাঁড়িয়ে আমি আহ্বান জানাই, আপনারা বন্ধ করে দিন। শিল্প ধর্মঘট করে, শিল্প নীতির বিরুদ্ধাচারণ করে পশ্চিমবাংলার অগ্রগতি ঘটান। ধন্যবাদ।

শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল : মাননীয় সভাপতি মহাশয়, শিল্প-বাণিজ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীগণ যে ব্যায়-বরাদ্দ ১৯৯২-৯৩ সালের জন্য পেশ করেছেন তা আমি সমর্থন করছি। সেই প্রসঙ্গে আমি দু'চারটি কথা আপনার মাধ্যমে বলছি। মাননীয় মন্ত্রী মহাশয়রা তাঁদের বাজেটে যে ভাবে, বিস্তৃতভাবে বর্তমান পরিপ্রেক্ষিতে কেন্দ্রের গৃহীত শিল্পনীতি তার ফল পড়বে রাজ্য শিল্পনীতিতে তদনুসারে রাজ্যের বর্তমান অবস্থায় সাফল্য, সমস্যা পরিষ্কারভাবে জানিয়েছেন। তারপরেও আমাদের বিরোধী বন্ধুরা প্রচুর সমালোচনা করলেন। তাঁদের এই প্রচেষ্টা দেখে আমার পুরাণের একটা গল্প মনে পড়ছে। 'লঙ্কাকান্ড করে হনুমান লেজের আগুন নেভাতে নিজের গালে পুরে দিল। শেষ পর্যন্ত তার গালটা পুড়ে গেল, মুখটা পুড়ে গেল। হনুমান ব্যাকুব হয়ে সবার মুখ কালো কিনা দেখছে। শেষ পর্যন্ত চেষ্টা করল সবার গাল কালো করা যায় কিনা।'

[4-50 – 5-00 P.M.]

খুব পুরনো কথা আমার আরেকটা হচ্ছে, শিল্প-বাণিজ্যের আলোচনা করতে গিয়ে সেই কথাটি মনে হচেছ যে বাংলার কমলীন, বাগদাদ রোম, চিন, কাঞ্চন তৌলে কিনতেন একদিন। কি হল সেটা? আমি সেই সময়ের ভৌগলিক মানচিত্রটা দেখতে বলি। তারপরে স্যার টমাস রো জাহাঙ্গীরের আমলে অবাধ বাণিজ্য করতে এসেছিলেন ভারতবর্ষে। কিন্তু বাণিজ্য করতে করতে তিনি রাজনীতিতে ঢুকে পড়েছিলেন এবং ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধ হল সেটা সকলেরই জানা আছে। এইভাবে তিনি পুরো রাজনীতিটাকে কব্জা করে নিলেন এবং রাজদন্ড তাদের হাতে এসে গেল। আজকে সেই ইংরেজদের অবাধ বাণিজ্যের কথা আপনাদের আবার স্মরণ করিয়ে দিতে চাই। আজকে সেই পুরনো কথা মনে করিয়ে দিয়ে আপনাদের ভবিষ্যৎটা ভাবতে বলি। আপনারা বললেন গত ১৪ বছর ধরে আমরা নাকি শিল্পের কিছু করতে পারিনি। কিন্তু আমার প্রশ্ন ১৯৪৭ সালের পর থেকে এতদিন ধরে আপনারা তো কেন্দ্রীয় সরকারে আছেন কোনও নীতি আপনারা গ্রহণ করেছিলেন? কোন সদোত্তর নীতি গ্রহণ করে ছিলেন? যারফলে আজকে আপনাদের আই এম এফের কাছ থেকে কোটি কোটি টাকা লোন নিতে হচ্ছে এবং বিশ্বব্যাঙ্কের দরজায় গিয়ে হাত পাততে হচ্ছে। আজকে দেশের সার্বভৌমত্ব আপনারা বিকিয়ে দিয়েছেন। অর্থনৈতিক স্বাধীনতার সঙ্গে রাজনৈতিক সার্বভৌমত্বও আজকে বিকতে চলেছে। তার কি জবাব আপনারা দেবেন? আপনাদের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম থেকে আরম্ভ করে আজ পর্যন্ত কি সঠিক নীতি গ্রহণ করতে পেরেছেন? জনগণের জন্য যে শিল্প ব্যবস্থা সেখানে আপনারা কি পদক্ষেপ নিতে পেরেছেন? আপনারা শিল্প, ভোগ্যপণ্য উৎপাদনের জন্য ১৯৫৬ সালে শিল্পনীতি গ্রহণ করতে বিভিন্ন ক্ষেত্রে বলে দিলেন যে আমরা সাম্যতা বজায় রাখব এবং অটুট রাখব। কিন্তু সেখানে কি দেখলাম—মাসূল সমীকরণ নীতি করে দেশের সর্বনাশ ডেকে আনলেন এবং বিদেশ থেকে টাকা ধার করতে শুরু করলেন। বিদেশ থেকে টাকা ধার করে এনে সেই টাকা শিল্পপতিদের দিতে শুরু করলেন শিল্প গড়ে তোলার জন্য। আপনারা কৃষি উৎপাদন না বাড়িয়ে বিদেশ থেকে মাইলো ভুট্টা প্রভৃতি এনে বিদেশি ঋণের বোঝা বাড়াতে লাগলেন। বিদেশি টাকায় বিদেশি ঋণে

শিল্পের বিকাশ ঘটাতে চাইলেন ফলে শিল্পের অবনতি হল। আর আজকে আপনারা কিনা বলছেন রুগ্ন শিল্প হল কেন কারা দায়ী এরজন্য? এককালে এই চটকল দিয়ে আমরা আমদানি-রপ্তানি শিল্পটাকে দাঁড় করিয়ে রেখেছিলাম, আজকে তার অবস্থা কি? তারপরে চটকল শিল্পর সাথে সাথে চা শিল্প এবং ছোট ছোট ইঞ্জিনিয়ারিং দ্রব্য বিদেশে যেত, সেগুলো আজকে কোথায় গেল? কোন নীতি গ্রহণ করা হল যার ফলে চটের পরিবর্তে পলিব্যাগ চালু করা হল? এরজন্য কেন্দ্রীয় সরকার কি কোনও ব্যবস্থা গ্রহণ করেছিলেন? এত শুধু পশ্চিমবঙ্গের সমস্যা নয় এটা সারা ভারতবর্ষের সমস্যা। আজকে বৈদেশিক মুদ্রা আনতে গিয়ে দেশের কি দশা করেছেন তা নিয়ে একটু চিন্তা-ভাবনা করুন। কাজেই এই যে ঘটনাগুলো ঘটেছে কোনও সময়ে ঘটেছে এগুলো তো বোঝার দরকার আছে। আজকে মাসুল সমীকরণ নীতি কারা করেছিলেন? আজকে আপনারা সমালোচনা করছেন? সুতরাং আমরা ১৪টি বছর ধরে দেখছি যে, ভারতে একই কাঠামোর মধ্যে দিয়ে চলেছে, সেখানে কোনও শিল্পে উন্নতি হয়নি। সেখানে এক এক ফোঁটা করে চুঁইয়ে চুঁইয়ে জল পড়ছে তা দিয়ে আর কত কাজে লাগানো যাবে? সেই কারণে যখনই পরিকল্পনা বাব্দ টাকা চাইছি, আপনারা বলছেন টাকা নেই, এইভাবে বিদেশি ঋণ ক্রমাগত বাড়ালে শিল্পের বিকাশ হবে কি করে? গত কয়েক বছর ধরে আমরা লক্ষ্য করেছি যে, শিল্পজাত দ্রব্য উৎপাদনের হার সারা ভারতবর্ষে কমে গেছে, সেখানে পশ্চিমবঙ্গে অপেক্ষাকৃত বেড়েছে। এটা কোনদিক বোঝায়? আপনারা তো কেউ বললেন যে কুটির শিল্পের ক্ষেত্রে একটা নতুন দিগন্ত খুলে দিয়েছে। যেখানে বিদেশ বাজারে বস্ত্র শিল্পের উৎপাদন বন্ধ হয়ে যাচ্ছে, একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে সেখানে বিদেশের বাজারে বাংলার তাঁতের কাপড় আমরা পৌঁছে দিতে পেরেছি। এইগুলো তো একবারও বললেন না।

কেন্দ্রীয় সরকার তাঁত শিল্পের জন্য কোনও কিছু করেনি। এই বিস্তীর্ণ বাজারটাকে কব্জা করবার এবং বিদেশি পুঁজিপতিদের কাছে এই বাজারটাকে দিয়ে দেওয়ার চেষ্টা হয়েছিল ইংরেজ আমলে। এখন আমরা কি করছি, ১.৯.৮৮ তারিখে যে পেটেন্ট আইন, তাতে ভারতীয় পেটেন্ট ৭৭৭টা এবং বিদেশি পেটেন্ট ২৩১৬টি করা হয়েছে। তাহলে কি এখানকার শিল্প সমৃদ্ধি করা হচ্ছে না, এখানে বিদেশিদের নিয়ে আসার জন্য? আবার আপনারা এখানে বড় বড় কথা বলছেন, তাহলে মীর্জাফর, জয়চন্দ্র কারা বলুন? কেন আজকে বিদেশিদের নিয়ে আসা হচ্ছে? আগামী ১৬ তারিখে শিল্প ধর্মঘট হচ্ছে, মাননীয় সুব্রতবাবু, যিনি আই. এন. টি. ইউ. সি শ্রমিক সংগঠনের সাথে যুক্ত তারাও এই ধর্মঘটে পরোক্ষভাবে যুক্ত। আপনাদের দল যোগ না দিতে পারে, কিন্তু সারা ভারতের শ্রমিকরা এই ধর্মঘটে যোগ দিচ্ছেন। আপনারা তো জনগণের বিপক্ষে, আপনারা তো দেশের শিল্পের বিপক্ষে, তাই আপনারা যোগ দিতে পারেন না। তাই আজকে পশ্চিমবাংলায় যে শিল্পনীতি গ্রহণ করা হয়েছে তারজন্য আজকে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন আমি তার সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। বিরোধীদলের মাননীয় সদস্য সৌগতবাবু এই বাজেটের সমালোচনা করে যেসব কথা বলেছেন—উনি অর্থনীতির মানুষ, পন্ডিত মানুষ—সেই ব্যাপারে আমি তার কাছে কয়েকটা ক্লারিফিকেশন চাইব।

(গোলমাল)

আমি তাকে বলব সারা দেশের মেজর ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের দায়িত্বটা কেন্দ্রীয় সরকারের কি না? আমার মনে হয় পন্ডিত নেহেরুর আমলের এই নীতি আজকে ওরা ভুলতে বসেছেন। তাই আজকে ওরা নতুন শিল্পনীতি, বাণিজ্যনীতি ঘোষণা করেছেন। উনি তো এক সময় কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, তাই তার কাছে আমি জানতে চাই, বাজেট যখন পাস হল, তার তিন ঘন্টা আগে শিল্প ও বাণিজ্য নীতি ঘোষণা করা হয়েছে কার নির্দেশে?

[5-00 – 5-10 P.M.]

কবে এই নজির সৃষ্টি হয়েছিল? সেটা আপনি বলুন এবং আপনি বলুন টাকায় অবমূল্যায়ন যখন করা হলো তখন কি অবস্থা হয়েছিল? আগেও বহুবার করা হয়েছে। জুলাইতে করা হয়েছে। সাধারণত টাকার অবমূল্যায়ন যখন ব্যাঙ্ক বন্ধ হয়ে যায়। ব্যাঙ্কিং পিরিয়ড চলাকালীন দেশ এসেছে। এই বিদায় অর্থনীতির ফলে লাইসেন্স প্রথা শিথিল করা হয়েছে। আঠেরোটা জায়গার মধ্যে মাত্র আটটা জায়গাতে আছে। এম. আর. টি. পি. শিথিল করা হয়েছে। ফেরা আইন শিথিল করা হয়েছে। হ্যাঁ এটা গোল্ডেন অপারচুনিটি কিন্তু এই গোল্ডেন অপারচুনিটির ফলে আজকে তো হর্ষদ মেহেতার মতোন লোকের জন্ম হচ্ছে। আজকে ভারতের অর্থনীতি ধ্বংস হয়ে গেছে। আজকে নতুন শিল্প কোথাও কিছু হচ্ছে না। জিনিসপত্রের দাম হুহু করে বেড়ে যাচ্ছে। সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। এই সম্বন্ধে কি কোনওদিন ভেবেছেন আপনারা? ভাবলে আজকে আপনারা এইসব কথা বলতে পারতেন না। পশ্চিমবাংলাতে বহু কলকারখানা বন্ধ আছে, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। গুজরাটে বন্ধ নেই? বহু জায়গাতে বন্ধ আছে। এইগুলোতে আজকে আপনারা স্বীকার করবেন। আমরাও তো স্বীকার করছি। আজকে সারা ভারতবর্ষে এই অবস্থা চলছে। বহু কলকারখানা বন্ধ আছে। এর মধ্যে পশ্চিমবাংলাতেও বন্ধ আছে। পশ্চিমবাংলার সরকার—তাঁরা একটা নীতি নিয়ে চলছেন। আজকে দেখুন তো শিল্পনীতির ফলে কি প্রতিক্রিয়া দেখা যাচ্ছে? আজকে সারা ভারতবর্ষে আমরা মিশ্র অর্থনীতিতে বিশ্বাস করি, সংসদীয় গণতন্ত্রে আমাদের নীতি আছে, আমাদের মত আছে, নিশ্চয় থাকে, সরকারি ক্ষেত্রে আমাদের মান, সরকারি উদ্যোগের পাশাপাশি এবং বেসরকারি উদ্যোগে ও অন্যান্য উদ্যোগের সহবস্থান আমরা মেনে চলবার চেষ্টা করছি। এতে তো কেউ আপত্তি করেনি। কেউ আপত্তি করেছে? আমি মাননীয় সদস্য সৌগতবাবুকে জিজ্ঞাসা করি, আপনি তো কেন্দ্রের মন্ত্রী ছিলেন, বলুন তো কয়েক দশক ধরে পশ্চিমবাংলায় শিল্প ক্ষেত্রে সাহায্য কমে গেল কেন? এর কারণ কি? কেন কমলো? এটা তো আজকে বিচার করবার সময় এসেছে। আজকে তো আপনাদের বিচার করতে হবে। আজকে ধরুন সরকারি ক্ষেত্রে যে সমস্ত কলকারখানা চলছে, সে আপনি পাবলিক সেক্টারের কথা বলুন, আজকে পাবলিক সেক্টারগুলি কেন রুগ্ন হয়ে যাচ্ছে। পাবলিক সেক্টারের মধ্যে আজকে দুর্গাপুর ফারটিলাইজার, হলদিয়া ফারটিলাইজার, ইসকো—আজকে কেন রুগ্ন হচ্ছে? এর দুটো কারণ আছে, একটা হচ্ছে পরিচালনায় গাফিলতি এবং আর একটি হচ্ছে অপদার্থ পরিচালন। মাননীয় সৌগতবাবু আপনি তো রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট জানেন। আমি ট্রেড ইউনিয়ন করি, আজকে ৯৮ ভাগ জায়গাতে শিল্প রুগ্ন হয়ে গেছে। পরিচালনার অভাবের জন্যই আজকে এই ঘটনা ঘটছে। ম্যানেজমেন্ট ভালো নয়। কাঁচামালের

অভাব রয়েছে। এইগুলিতো আজকে বিচার করবার সময় এসেছে। কোনও দেশের শিল্প যদি আজকে রুগ্ন হয়ে যায় তাহলে দেশের অর্থনীতি ভেঙে পড়ে। শিল্পের উন্নয়নের ওপর বা শিল্পকে নির্ভর করে আজকে দেশের অর্থনীতির কাঠামো মজবুত হয়। আমার পয়েন্ট অফ ডিসকাশনে এই কথাই বলতে চাই, আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বারেবারে চেষ্টা করে যাচ্ছেন শিল্পের উন্নয়ন ঘটানোর জন্য। শিল্পের বিকাশ করতে। আমাদের রাজ্যে একটা বাতাবরণ সৃষ্টি করবার চেষ্টা করা হচ্ছে। বিভিন্ন শিল্পপতিরা আসছেন। অভিনন্দন জানাচ্ছেন। এটা তো আগেই কেন্দ্রীয় সরকারের করা উচিত ছিল। কিন্তু করেননি। মাননীয় মুখ্যমন্ত্রী বিদেশে গিয়ে ছোটাছুটি করে বৈদেশিক মুদ্রা আনবার চেষ্টা করছেন। এবং আজকে চেষ্টা করছি, এখানে আজকে কি করে বিনিয়োগ বাড়ানো যায়। একটা জিনিস স্বীকার করতে হবে বেসিক কন্ডিশন নির্ভর করে একটা শিল্পের সেই রাজ্যের পরিস্থিতির উপর। যে রাজ্যে শতকরা ৮৫ ভাগ মানুষ গ্রামে বাস করে গ্রামীণ অর্থনীতির উন্নতি হবে কি করে। গ্রামের অর্থনীতির আমূল পরিবর্তন হবে পন্ডিত নেহরু থেকে রাজীব গান্ধী পর্যন্ত সবাই বলেছেন ভূমি সংস্কারের কথা। পন্ডিত নেহরু ভূমি সংস্কারের কথা বারবার করে বলার চেষ্টা করেছেন। কিন্তু আপনারা তো মহাত্মা গান্ধীকে বাদ দিয়েছেন, নেহরুকে জলে ফেলতে চাইছেন। আপনারা বিদায় নীতি ভুলে যেয়ে ভূমি সংস্কারের কথা বলুন। কারণ পশ্চিমবঙ্গে ভূমি সংস্কারের ফলে উন্নতি হয়েছে, যাতে করে গ্রামের অর্থনীতির প্রভূত উন্নতি ঘটেছে। গ্রামের অর্থনীতির উন্নতির জন্য শতকরা ৭৫ ভাগ মানুষের পারচেজিং ক্যাপাসিটি বেড়েছে। মানুষের আজকে অর্থনৈতিক উন্নতি ঘটেছে। প্রকৃত ভূমি-সংস্কার হয়েছে একটি রাজ্যে, সেটা হচ্ছে পশ্চিমবাংলা। রাজীব গান্ধী পর্যন্ত স্বীকার করে গিয়েছেন এবং রাজীব গান্ধী প্রশংসাসূচক ভাষায় সেটা স্বীকার করে নিয়েছেন। এক্ষেত্রে স্টেট সেক্টরের ক্ষেত্রে দু-একটা সাজেশনস রাখব, নজর দেওয়ার কথা বলব। ১৯৯২ এর ইকনমিক রিভিউয়ের ইনডেক্স নং ৪.১৮ সেখানে দেখছি ৮ স্টেট সেক্টরের মধ্যে একটি মাত্রে লাভ হয়েছে, বাকিগুলোতে লস হয়েছে। এই লস সম্বন্ধে আমি আবেদন করব, ব্যাপারটা দেখার জন্য। লস স্টেট সেক্টরে কেন হচ্ছে? কেন হবে? এমনও শোনা যায়, কোনও কোনও জায়গায় প্রপার অ্যাকাউন্টস পর্যন্ত নেই। তা কেন থাকবে না? দীর্ঘমেয়াদী পরিকল্পনা করতে হবে, সেটা করলে খুব কাজ হবে। কৃষ্ণ গ্লাসে ১৭ কোটি টাকা নিয়োগ করা হয়েছে, তাহলেও হয়নি। স্টেট সেক্টরে লস হচ্ছে, কতকগুলো জায়গায় কাঁচামাল যাতে জোগান হয় সেটা দেখতে হবে। শ্রমিক শ্রেণী যাতে ম্যানেজমেন্টে অংশ গ্রহণ করতে পারে সেটার ব্যবস্থা করতে হবে। আগামী ১৬ই জুন সারা পশ্চিমবাংলায় শিল্প ধর্মঘটে শ্রমিক শ্রেণীকে আবেদন করব, 'ভেঙ্গে ফেল লৌহ কপাট...'।

এই কথা বলে বাজেটকে সমর্থন করে, কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 – 5-20 P.M.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে মাননীয় শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলির প্রতি সমর্থন চেয়ে আমার বক্তব্য রাখছি। স্যার, একথা ঠিকই যে কেন্দ্রীয় সরকারের যে সর্বনাশা শিল্পনীতি এবং অর্থনীতি তা দেশের শিল্প, অর্থনীতি ও জনগণের

স্বার্থকে বিপন্ন করে তুলেছে। সঙ্গে সঙ্গে একথাও ঠিক যে এই নীতির ফলে গোটা দেশের মানুষই উদ্বিগ্ন এবং এই নীতির বিরুদ্ধে তাই শ্রমজীবী মানুষদের স্বার্থে দেশ জুড়ে প্রতিরোধ আন্দোলন গড়ে তোলা দরকার। কিন্তু এই নয়া শিল্প নীতি, অর্থনীতির মুখে বা বাহ্যত বিরোধিতা করছেন বামফ্রন্ট সরকার কার্যক্ষেত্রে কিন্তু দেখা যাচ্ছে যে তারা এইসব নীতিকে মুখে বিরোধিতা করলেও কার্যক্ষেত্রে তা অনুসরণ করে চলেছেন। আর সেটা যে তারা করে চলেছেন তার প্রতিফলন এই রাজ্যের শিল্পনীতির মধ্যে দিয়েই আমরা দেখতে পাচ্ছি। একদিকে তারা বেসরকারিকরণের বিরুদ্ধে বলছেন, রাষ্ট্রায়ত্ত শিল্পের শেয়ার বেসরকারি মালিকদের হাতে তুলে দেওয়ার কেন্দ্রীয় নীতির বিরুদ্ধে বলছেন অপর দিকে রাজ্য সরকারই সেই নীতি অনুসরণ করে চলেছেন। বিদ্যুতের ক্ষেত্রে দেখুন—ডি. পি. এল. একটি রাষ্ট্রায়ত্ত সংস্থা। তার ৫১ পারসেন্ট শেয়ার রাজ্য সরকারের হাতে থাকছে আর ৪৯ শতাংশ শেয়ার বেসরকারি মালিকদের হাতে তুলে দিচ্ছেন। তাহলে কেন্দ্রীয় নীতির সঙ্গে পার্থক্য কোথায়? এটা তারা বিড়লাকে দিচ্ছেন। ইতিপূর্বে আমরা দেখেছি কসবার দুটি গ্যাস টারবাইন তারা গোয়েঙ্কাদের হাতে তুলে দিয়েছেন। এ তো বিকল্প কোনও শিল্পনীতি তারা অনুসরণ করছেন না। অবশ্য এটা নতুন নয়, আমরা দেখেছি, এমন কি দ্বিতীয় বামফ্রন্ট সরকারের আমলেও এই জ্যোতিবাবু, তিনি ১৩টি রুগ্ন শিল্পকে মালিকদের কাছে বিক্রি করে দেবার সিদ্ধান্ত নিয়েছিলেন, তার উদ্যোগ নিয়েছিলেন। অনেকদিন ধরেই এই প্রচেষ্টা চলছে। ফলে পার্থক্য আমরা কিছু দেখছি না। তারপর যে বিদায়নীতি বা একজিট পলিসির ওরা মুখে বিরোধিতা করছেন সেই বিদায়নীতিই ওরা অনুসরণ করছেন। বিদ্যুত পর্ষদের কর্মচারিদের ক্ষেত্রে যে নীতি প্রয়োগ করা হচ্ছে সেখানে তো বিদায় নীতিই অনুসরণ করা হচ্ছে। বিদ্যুত পর্ষদের কর্মচারিদের ক্ষেত্রে তাদের ডায়েড ইন হারনেস হলে, মারা গেলে, অসুস্থ হলে বা জখম হলে তার যারা যথার্থ উত্তরাধিকারী মানবিকতার কারণে তাদের সেখানে চাকরি দেওয়ার ব্যবস্থা ছিল। এখন সেই সুযোগ বা অধিকার থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। সেটা অনেকটা গোল্ডেন হ্যান্ডশেকের মতন, সে রকমও নয়, সেই জিনিস করে চলেছেন। বিদায়নীতি, বৈদেশিক সাহায্য নির্ভর অর্থনীতির বিরুদ্ধে জ্যোতিবাবু বলছেন কিন্তু এখানে আমরা কি দেখছি? এখানে ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালের প্ল্যান বাজেটের দিকে যদি আমরা দেখি তাহলে দেখব এখানে বৈদেশিক সাহায্য নির্ভর প্রকল্পে বৈদেশিক সাহায্যের টাকার অঙ্ক ক্রমাগত বাড়ছে। ১৯৯১-৯২ সালে যা ছিল ১৬০ কোটি টাকা ১৯৯২-৯৩ সালের প্লান বাজেটে তা দ্বিগুনেরও বেশি হয়ে গিয়েছে। ফলে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করছেন, বৈদেশিক সাহায্য নির্ভরতাকে কমিয়ে আনবার কথা বলছেন, অথচ আপনাদের যে প্ল্যান বাজেট প্রকল্পের ক্ষেত্রে, সেখানে বৈদেশিক সাহায্যে বিনিয়োগ বেড়েছে। এমন কি যেখানে বিদেশি মুদ্রা লগ্নির প্রয়োজন নেই, এমন প্রকল্পের জন্যও আপনারা নিয়েছেন। যেমন মৎস্য প্রকল্পের জন্য ৩০০ কোটি টাকা আপনারা নিয়েছেন এবং বন আবাদ প্রকল্পের জন্য ৮০ কোটি টাকা নিয়েছেন। আপনারাও বৈদেশিক সাহায্যের উপর নির্ভর করছেন। অথচ আপনারা মুখে বলছেন বিকল্প নীতির কথা। কিন্তু কার্যক্ষেত্রে আপনারা একই নীতি অনুসরণ করে চলেছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে এখানে বলা হয়েছে, মাননীয় মন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন যে শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, এইগুলোর কথা, অর্থাৎ শিল্পের উন্নয়নের জন্য বিশেষ করে যে সমস্ত জেলাগুলো শিল্পের দিক থেকে পশ্চাদপদ সেইগুলোর জন্য ১৯৭৩ সালে এই

নিগমটা গড়ে উঠেছিল, ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার তৈরির জন্য অর্থাৎ রাস্তা, বিদ্যুত বা অন্যান্য উপকরণ, যেগুলো শিল্পোৎপাদনে সাহায্য করে। এখন এখানে আপনাদের এই যে শিল্প পরিকাঠামো উন্নয়নের জন্য আপনি অনেক কথা বলেছেন, এতগুলো গ্রোথ সেন্টার করেছেন, তার মধ্যে কত রাজ্য সরকারের টাকা আছে, আর কত কেন্দ্রের টাকায় হয়েছে এবং সেইগুলোর অবস্থা কী? আপনি গত ১৫ বছরে এই নিগমের মাধ্যমে ১১৫১ একর জমি অধিগ্রহণ করেছিলেন, তার মধ্যে আজ পর্যন্ত ৭২২ একর এর মতো জমি যেটা কারখানা বসানোর উপযুক্ত করা সম্ভব হয়েছে। তার মধ্যে ১২৫ একর জমি শিল্পপতিদের দেওয়া হয়েছে। এখানে বিভিন্ন যে গ্রোথ সেন্টারগুলো আমরা দেখতে পাচ্ছি, সেইগুলো কিন্তু শিল্পপতিদের আকৃষ্ট করতে পারছে না। যেমন রাণী নগর শিল্প বিকাশ কেন্দ্র, সেখানে ১ কোটি ৭০ লক্ষ টাকা খরচ করে ৮৫ একর জমি, যেটা অধিগ্রহণ করা হয়েছে, সেইগুলো পড়ে রয়েছে। কুচবিহার-এ ১ কোটি ৪৮ লক্ষ টাকা খরচ করে ৭৯ একর জমি অধিগ্রহণ করা হয়েছে, কিন্তু সেইগুলো পড়ে রয়েছে অবন্তিত অবস্থায়। এই হচ্ছে বিকাশ কেন্দ্রের অবস্থা। ফলতা জোন, যা নিয়ে এত কথা বলা হয়, তার কী হাল? ফলে আজকে শিল্পপতিদের আকর্ষণ করার ক্ষেত্রে আপনারা এমন পরিকাঠামো গড়ে তুলতে পারছেন না যাতে করে শিল্পপতিদের আকর্ষণের বস্তু হবে। কোনও অনুকূল পরিবেশ ওখানে নেই। আজকে আমি যেটা বলতে চাইছি, একটা দেশের শিল্প নীতি, সেই নীতিটা দেশের শ্রমজীবী মানুষের স্বার্থে গৃহীত হয়েছে কি না সেটা বিচারের মাপকাঠি কী? একটা দেশের শিল্প নীতি, আমাদের দেশের শাসন ব্যবস্থা দুটো ভাগে পরিষ্কারভাবে বিভক্ত। একটা মালিক শ্রেণী, আর একটা হচ্ছে শ্রমিক শ্রেণী। একই শিল্পনীতি মালিক শ্রেণীর স্বার্থ রক্ষা করবে আবার সঙ্গে সঙ্গে শ্রমিক শ্রেণীর স্বার্থ রক্ষা করবে, এটা হতে পারে না। স্বাভাবিকভাবে এটা প্রতিফলিত হবে, কী ভাবে শিল্পের বিকাশ ঘটছে তার উপর। কিন্তু এখানে আমরা দেখতে আপনি যে শিল্প প্রতিষ্ঠা করবার চেষ্টা করছেন, বেশীরভাগ সেইগুলো হচ্ছে ক্যাপিটাল ইন্টেনসিভ ইন্ডাট্রিজ অর্থাৎ লগ্নি প্রধান কর্ম সংস্থান বিমুখ শিল্প। যে নীতি আজকে কেন্দ্রীয় সরকার টাটা, বিড়লা, বড় বড় পুঁজিপতি শ্রেণীর স্বার্থে যারা করছে। আপনারা আবার বলছেন হলদিয়া পেট্রো-কেমিক্যালের ডাউন স্ট্রিমের কথা।

[5-20 – 5-30 P.M.]

ডাউস-স্ট্রিমের আজকে কি অবস্থা? মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি নিজেই দুর্গাপুরের ডাউন-স্ট্রিম নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। এই যদি অবস্থা হয় তাহলে অ্যাকচ্যুয়ালি কর্মসংস্থান কি হবে! আজকে একটা টার্ম চালু হয়েছে, পুঁজিপতিরা এটা চালু করেছে, সূর্যাস্ত শিল্প আমাদের সমস্ত ট্র্যাডিশনাল ইন্ডাস্ট্রিগুলিকে 'সূর্যাস্ত শিল্প' হিসাবে চিহ্নিত করেছে। অথচ আমাদের এই ইন্ডাস্ট্রিগুলির ওপর আমাদের রাজ্যের লক্ষ লক্ষ শ্রমজীবী মানুষ নির্ভরশীল। পাট শিল্প, চা শিল্প, বস্ত্রবয়ন শিল্প টেক্সটাইল ইন্ডাস্ট্রি, এগুলি শেষ হয়ে যাচ্ছে। ফলে লক্ষ, লক্ষ শ্রমিক বেকার হয়ে যাচ্ছে। আমাদের এখন প্রধান কর্তব্য হচ্ছে এই শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করা, রক্ষা করা এবং এর দ্বারা আরও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে সমাজকে আরও উজ্জীবিত করা। এই প্রচেষ্টা আজকে আমরা লক্ষ্য করছি না এবং এর জন্য কোনও বিনিয়োগও দেখছি না। লেবার ইনটেনসিভ ইন্ডাস্ট্রির দিকে নজর দেবার দৃষ্টিভঙ্গি আজকে আর রাজ্য সরকারের

শিল্পনীতি, উদ্যোগ এবং প্রচেষ্টার মধ্যে প্রতিফলিত হচ্ছে না। ফলে চট শিল্পের শ্রমিকরা মার খাচ্ছে। মার খাচ্ছে বস্ত্র শিল্পের শ্রমিকরা। মার খাচ্ছে চা শিল্পের শ্রমিকরা। মার্ক্সবাদ কখনই মডার্নাইজেশনের বিরোধী নয়। কিন্তু মডার্নাইজেশন কার স্বার্থে হচ্ছে সেটা দেখতে হবে। আজকে যে অবস্থা চলছে তাতে লে-অফ্, লক্-আউট মারাত্মক আকার ধারণ করবে। এ রকম অবস্থায় আমরা মাঝে মাঝে এবং বিভিন্ন কাগজেও দেখি যে, জ্যোতিবাবুর প্রশংসা করা হচ্ছে। বলা হচ্ছে, জ্যোতিবাবু খুব প্র্যাকটিকাল, তিনি কনজারভেটিভ নন, তিনি রক্ষণশীল নন, তিনি সংকীর্ণ দৃষ্টিভঙ্গির সংকীর্ণ মনোভাবাপন্ন নন, তিনি উদার দৃষ্টিভঙ্গির সম্পন্ন। আজকে বুর্জোয়া সংবাদপত্রগুলিও জ্যোতিবাবুর এ রকম প্রশংসা করছে। তারা বলছে, জ্যোতিবাবু প্র্যাকটিকাল, তাঁর ক্যাডাররা অন্য রকম। জ্যোতিবাবু বাস্তব দৃষ্টিভঙ্গি সম্পন্ন মানুষ।' আজকে আমরা দেখছি ভারতবর্ষের বুর্জোয়ারা জ্যোতিবাবুর দৃষ্টিভঙ্গিকে সহ্য করছে, ফলে তারা জ্যোতিবাবুর প্রশংসা করছে। এর ফল হিসাবে দুর্ভাগ্যের বিষয়ে মডার্নাইজেশন কমপিউটারাইজেশন প্রভৃতি জিনিস এ রাজ্যে অবাধে চলছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যেমন কেন্দ্রীয় সরকারের নয়া শিল্প নীতির, অর্থনীতির বিরোধিতা করছি, তেমনই আমরা দেখছি যে, উদার নীতি গ্রহণ করার ক্ষেত্রে আমাদের রাজ্যের বামফ্রন্ট সরকার মনমোহন সিং-এর চেয়ে কোনও অংশে কম যান না। নতুন যে স্রোত এই স্রোতের বিরুদ্ধে যাওয়া তো দূরের কথা এই স্রোতের মুখে গা ভাসিয়ে দিয়েছেন। শুধু গা-ই ভাসিয়ে দিয়েছেন। শুধু গা-ই ভাসিয়ে দেননি। নৌকার পাল তুলে গা ভাসিয়ে দিয়েছেন। ফলে আমি আজকে এই শিল্প নীতির বিরোধিতা করে আমাদের কাট মোশনগুলির পক্ষে সকলের সমর্থন চেয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মলিন ঘোষ ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমাদের শিল্পমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কংগ্রেস এবং আগ-মার্কা কমিউনিস্ট এস. ইউ. সি. দলের সদস্যদের বক্তব্যের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি।

স্যার, আমি প্রথমেই সিরাজদ্দৌলার একটা কথা এখানে উল্লেখ করি। সিরাজ বলেছিল, "যুগে যুগে জগত শেঠ, ইয়ার লতিফ, রায় দুর্ল্লভ, মীর্জাফররা ঘুরে ঘুরে জন্মায় এবং মোহনলালও জন্মায়।" ঠিকই, আজকে কংগ্রেসে নয়া মীর্জাফর মনমোহন সিং জন্মেছে। মার্কিন সাম্রাজ্যবাদের দালাল। এখানে তারা স্তাবকতা করে সৌগত রায় আর সুদীপ বন্দ্যোপাধ্যায় বক্তৃতা করলেন। এখন দেখছি সুদীপ পালিয়ে গেছেন। পালিয়ে গেলেন কেন? পালালে চলবে না। বলার সময় বলবেন, জবাব শুনবেন না? যা বলবেন তার জবাব নিয়ে যেতে হবে। তোমরা দেওয়ালে লিখেছিলে 'মা' চলে গেছে, 'ছেলে' চলে গেছে, অনেক বড় বড় কথা বলে গেলে, কিন্তু চাকরি কোথায়? গান্ধীজি বলেছিলেন, ল্যাঙ্কাশায়ার, ম্যানচেস্টারের কাপড় পুড়িয়ে দাও, পুড়িয়ে দাও মদের দোকান। আর আজকের কংগ্রেস? কাঠগড়া থেকে এসে সব কংগ্রেস হয়েছে, চোর-জোচ্চর সব কংগ্রেস হয়েছে। গোটা ভারতবর্ষকে এরা সাম্রাজ্যবাদীদের হাতে তুলে দিচ্ছে। আপনাদের রাজীব গান্ধী ইটালি থেকে প্রসাধন সামগ্রী এসেছিল কোটি-কোটি টাকার। ফরেন কারেন্সি সব শেষ করে দিয়েছে। সেইজন্য জনগণের কাছে প্রত্যাখাত হয়েছে। সেইজন্য সংখ্যা ক্রমশ ক্রমশ কমছে। তাই ১৬ জুন ওরা আতঙ্কগ্রস্ত হয়ে উঠছে। আমি উদাহরণ দিচ্ছি, সৌগতবাবু এখানে বসে আছেন, আগে উনি কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, উনি

একজন কেমিক্যালের প্রফেসর, কোল ইন্ডিয়াতে গনিখান ঢালাও লোক ঢুকিয়েছেন। কোটি কোটি টাকা খরচ করেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী ছিলেন এবং মাননীয় মন্ত্রী বিদ্যুত গাঙ্গুলি ছিলেন। ১৫ কোটি টাকার পাইপলাইন। একটাতেও গ্যাস আসছে না। ৩টি রেট্রেড থেকে ১টি রেট্রেডে নেমেছে। এরজন্য কি পশ্চিমবঙ্গ দায়ী? গনিখান যাদের চাকরি দিয়েছে তারা কি সব ইঞ্জিনিয়ার? ১৯৭২ সালে সব চাকরি দিয়েছে ইঞ্জিনিয়ারের 'ই' জানে না। নাট্-বল্টু কাকে বলে তাই জানে না। সেইজন্য আজকে সাঁওতালডিহি এবং ব্যান্ডেলের এই অবস্থা। এন. টি. সি মিলের ওয়ার্কারদের টাকা পাওনা। অফিসাররা বারবার যাচ্ছেন দিল্লিতে। মহারাষ্ট্রকে কোলে তুলে নিয়ে বসে আছেন কেন? লজ্জা করে না। বুড়ো জয়নাল সাহেব অনেকদিন বিধানসভায় আছেন। কি করেছিলেন ডাঃ বিধানচন্দ্র রায় মারা যাবার পর? ক'টা শিল্প করেছিলেন? ক্ষুদ্র কুটির শিল্প তো তুলে দিয়েছিলেন। ম্যাকনামারার আমরা বিরোধিতা করেছি, আমাদের সাহস আছে। সোভিয়েত ইউনিয়নের দালালি কারা করেছে তার জবাব দিতে হবে। কেন প্রকল্পগুলি করতে দেরি হচ্ছে? কেন বছরের পর বছর ঝুলিয়ে রাখা হচ্ছে? জিনিসপত্রের দাম বাড়বে না? আজকের যিনি রাষ্ট্রপতি তিনি তখন ছিলেন ফিনান্স মিনিস্টার। আমি সমর মুখার্জিকে সঙ্গে করে নিয়ে গিয়েছিলাম ইন্ডিয়া পেপার পাল্প পশ্চিমবঙ্গ সরকার যাতে অধিগ্রহণ করতে পারেন তারজন্য। তিনি বললেন, "ম্যাডাম" যদি হস্তক্ষেপ না করেন তাহলে চানানা বিক্রি করে দেবে করমচাঁদ থাপার কাছে। শেষ পর্যন্ত জ্যোতিবাবুর হস্তক্ষেপের মাধ্যমে ওয়েস্ট বেঙ্গল রিলিফ আন্ডারটেকিং-এর আওতায় অধিগ্রহণ করা হয়। আপনারা বড় বড় মালিকদের সেবা করছেন, তাদের গাড়ি চাপছেন, তাদের পয়সায় মাল খাচ্ছেন। টাকার জন্য সাম্রাজ্যবাদীদের দালাল হয়েছেন। উপোসী ছারপোকা, ১৫ বছর ধরে কিছু করতে পারছেন না, তাই যেখান থেকে পাচ্ছেন লুটে-পুটে খাচ্ছেন। এখন নরসিমা রাও আপনাদের ইনসুলিন দিয়েছে। আজকে "স্টেটসম্যান" দেখেন নি? শেয়ার নিয়ে কি কেলেঙ্কারী? কার টাকা? মনমোহন সিং-এর টাকা। স্টেট ব্যাঙ্কের কোটি কোটি টাকা নয় ছয় করেছে, শেয়ারগুলি কিনতে। অ্যাভুল শেয়ারে ১৮ কোটি টাকা লাভ করেছে, তার একটি পয়সাও সেন্ট্রাল গভর্নমেন্ট দেয়নি। অ্যাভুল ৫১ পারসেন্ট গেন করেছে, সেই কোম্পানি নিজের পায়ে দাঁড়িয়েছে। আজকে স্টেট ব্যাঙ্ক কিছুই করেনি। লজ্জা আছে তোমাদের, কাপড় চাপা দাও। এই কথা বলে কাট-মোশনের বিরোধিতা করে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 – 5-40 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আগে যিনি বক্তৃতা দিলেন—বিধানসভার নিয়মে এই ব্যবস্থা আছে কিনা আমি জানিনা—যদি দ্রব্য গুণে প্রভাবিত হয়ে মস্তিষ্ক বিকৃত হয় এবং সেই অবস্থায় তাঁর বক্তব্য গ্রহণযোগ্য হবে কিনা সেটা আপনি বিচার করবেন।

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, মাননীয় মলিন ঘোষ বলতে চাইছেন যে অনেক সময় কেউ সত্য কথা বললে লোকে তাকে মাতাল বলে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, ডাঃ জনসন, মাস্টার অফ দি নাইনটিন্থ সেঞ্চুরি, তিনি বলেছিলেন যে নেড়ে কে নেড়ে বললে সে রাগ করে না কিন্তু যার মাথায় চুল আছে তাকে

নেড়ে বললে সে রেগে যায়, সেইরকম মাতালকে মাতাল বললে রাগ করে না, সুস্থ্য মানুষকে বললে সে রাগ করবে। যাই হোক আমি এবার মূল বিষয়ে আসছি। আজকে ৪ ঘন্টায় ১৩টি ডিমান্ডের আলোচনা একসঙ্গে করছেন। মাননীয় ভারপ্রাপ্ত মুখ্যমন্ত্রী বাণিজ্য এবং শিল্প মন্ত্রী এবং রিকনস্ট্রাকশন, পাবলিক আন্ডারটেকিংস ১৩ ডিমান্ডের একসঙ্গে আলোচনা করছেন মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবসুর নেতৃত্বে। প্রায় ১৫ বছর হতে চলল, ৩টি পরিকল্পনা, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে সরাসরি একটা প্রশ্ন করি আপনার এই ১৩টি ডিমান্ডে পশ্চিমবঙ্গে প্রায় ৭ কোটি বোধহয় হয়ে গেছে—৭ কোটি মানুষের মধ্যে ১৩ হাজার মানুষের কর্মসূচি কি এতে আছে? কোনও প্রতিশ্রুতি আছে? আপনার বয়স বাড়ছে, দায়িত্বে আছেন এখন ভাববার সময় এসেছে। এগ্রিকালচার, আপনার আগে মন্ত্রী মহাশয় বলেছেন অল্টারনেটিভ অ্যাপ্রোচ অফ ডেভেলপমেন্ট দি ফার্স্ট থিং শুড বি কনফিসকেশন অফ রাইটস। কিন্তু করলেন না। হোয়ার ইউ হ্যাভ কনস্ট্রাকটেড? এখানে যে বার বার বলা হয়েছে বিরোধিরা শিল্পোন্নতিতে বিরোধীতা করছে। একটা নজির আছে? ইউ হ্যাভ গন ইউর ওন ওয়ে। আজকে ভাববার সময় এসেছে। এই মানুষগুলি যাবে কোথায়? হোয়ার দে উইল গো? আজকে যে প্রস্তাব আপনি গ্রহণ করেছেন যে ব্যবস্থা নিয়েছেন আপনাকে এর জন্য স্বাগত জানাই। এটাই কারেক্ট পথ, এ ছাড়া কোনও পথ নেই। যখন দ্রুত পরিবর্তন হচ্ছে তখন র‍্যাপিড চেঞ্জ ইন অ্যাডভান্সমেন্ট অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি এর সঙ্গে যদি আমাদের পাল্লা দিতে হয়—আপনি আলোচনা করেছেন—ইতিমধ্যে আপনার বক্তব্যে একবারও রিসার্চের কথা শুনিয়েছেন? দি হোল ওয়ার্ল্ড ইজ এনগেজড ইন রিসার্চ, আমাদের জায়গা কোথায়? আমাদের কোনও ব্যবস্থা আছে? আমরা আজকে মার খাচ্ছি। কোনও জায়গায়—মাননীয় সদস্য মন্ডল মহাশয় অনেক কথাই বললেন—বিরাট সোভিয়েট সাম্রাজ্য ভেঙ্গে গেল কেন? আজকে অক্সিজেন দিয়ে জীইয়ে রাখতে হচ্ছে। ৪২ বিলিয়ন ইনভেস্ট ইন চায়না। আজকে আপনি যে ব্যবস্থা নিচ্ছেন তার জন্য আপনাকে স্বাগত জানাচ্ছি, ঠিক পন্থা। শুধু আপনার আই ক্যান সাপোর্ট ইওর এভরিথিং, বাট নট ইওর হিপোক্রেসী। মুখে কেন বলছেন না যে এই পথ ছাড়া ডেভেলপমেন্টের আর কোনও পথ নেই, এ ছাড়া শিল্পোন্নয়নের আর কোনও রাস্তা নেই। আপনি এই পথ গ্রহণ করার জন্য আপনাকে সাধুবাদ জানাচ্ছি। শুধু ব্যবহার করতে পারছেন না, তার জন্য আমরা সহযোগিতার হাত বাড়িয়ে দিতে চাই। এখানে জুট অবসোলেট হয়ে যাচ্ছে এখান থেকে লাভ করে অন্য যায়গায় চলে যাচ্ছেন। টু কিপ দেম ইন অ্যাডভান্টেজ আপনারা কী করেছেন? এটা কেন, হোয়েন আদার গভর্নমেন্ট ক্যান অফার দেম, আপনারা কেন তাদের কভারেজ দিতে পারছেন না? ওখানে তারা সুবিধা পাচ্ছেন বলেই তো যাচ্ছেন, ওখানে অ্যাডভান্টেজস্ বলেই তো যাচ্ছেন! আজকে বৈষম্যের কথা বলে চিৎকার করছেন। আজকে হাইয়েস্ট ডেভেলপমেন্ট পাঞ্জাবে, হাইয়েস্ট ডেভেলপমেন্ট কাশ্মীর যেখানে সেপারেটিস্টদের হাওয়া। আজকে ইস্টার্নের ছোট রাজ্যগুলিকে দেওয়া হচ্ছে হাইয়েস্ট সাবসিডি। এই ডেভেলপমেন্ট গ্রান্টের সঙ্গে বৈষম্যের কথাটা তুলবেন না। দ্যাট ইজ এ সেপারেটিস্ট ফোর্স, ও সেপারেট এলিমেন্ট। আজকে একথা বলবার সময় এসেছে। আজকে আপনি কারেক্ট পথ নিয়েছেন। যাদের টাকা আছে তারা ইনভেস্ট করবেন। এখন ইজম্ বা মার্ক্স মরে গেছেন। আপনারা তার প্রোজেক্ট। আপনারা বিচলিত হবেন না। আপনি বয়স্ক মানুষ, ন্যাশনাল লিডার। আপনি ঠিক পথই নিয়েছেন—এন.আর.আই দের আহ্বান করছেন। কিন্তু ডিসপ্যারিটি হচ্ছে। একজন এক

কোটি টাকা ইনভেস্ট করে বাড়ি তৈরি করেছেন, কিন্তু তার সঙ্গে ডিসপ্যারিটি করা হচ্ছে। বাড়িটি ইউজলেস হয়ে পড়ে আছে। হু উইল ইউজ দিস? সেখানে তিনি টাকা ইনভেস্ট করেও কোনও রিটার্ন পাচ্ছেন না, কিন্তু ওর সঙ্গে আপনাদের সহযোগিতা করবার কথা। সেখানে গিয়ে কি কংগ্রেস বাস করবে? হোয়াই গভর্নমেন্ট অফিসেস্ ক্যাননট্ বী লোকেটেড? এর সঙ্গে ল্যান্ড, লেবার, ক্যাপিটাল এবং অর্গানাইজেশনের সমন্বয় করতে হবে। আপনি এখানে যে নীতি ব্যাখ্যা করেছেন এবং কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন এই দুই এর মধ্যে কন্ট্রাডিকশন কোথায়? ইয়ার ইজ দি কনট্রাডিকশন? নো লাইসেন্স? আপনাদের উদ্দেশ্য ব্যর্থ করা হয়েছে? বিমাতৃসুলভ ব্যবহার করা হয়েছে? দেয়ার ইজ নো ডিফারেন্স। আপনার প্রশ্নটা কনভিন্সিং নয়। আফটার ফ্রেইট ইকুলাইজেশন অন দি স্টীল অর্ডার উইথড্রয়ালের পরে আমি ফিনান্স মিনিস্টারকে জিজ্ঞাসা করেছিলাম যে কোলের ক্ষেত্রে কেন করা হল না। উনি বলেছিলেন যে, কোলেও নেই, ইট হ্যাজ বীন ফেসড্ আউট। আপনি জানান, হোয়েদার ইট হ্যাজ বীন ফেসড্ আউট ইন কোল? সুতোতে আছে। উই আর সাফারিং ইন দি ইস্টার্ন রিজিয়নের সবাই আমরা এক্ষেত্রে সাফার করছি। আর একটা কথা বলছি, টেম্পারামেন্ট, ইমপালস্ বাড়েনি। কাজেই হুইপ করলে চালানো যাবে না। এখানে ডেভেলপমেন্ট সেন্টারগুলি করেছেন। আজকে ১৭টা ডিস্ট্রিক্ট। অন্য রাজ্য এক্ষেত্রে একটা করে অনুন্নত ডিস্ট্রিক্ট আইডেনটিফাই করেছেন। আমাদের এখানে কোনও ডিস্ট্রিক্ট আইডেনটিফাই করেছেন ফর দি ডেভেলপমেন্ট অফ ইনফ্রাস্ট্রাকচার? আজকে আমাদের বিরাট সুযোগ থেকে গেছে। যেখানে আমাদের লোকেরা ঘড়ি তৈরি করতে, ইলেকট্রনিক্স গুডস্ তৈরি করতে পারদর্শী, সেখানে কোক ওভেন তৈরি করতে তত পারদর্শী নন। হোয়াইল আই ওয়াজ মিনিস্টার ফর পাবলিক আন্ডারটেকিং, আমি এটা বুঝেছি। দুর্গাপুর প্রোজেক্টসকে প্রথমে ৫ কোটি টাকা এবং তারপর ৫০০ কোটি টাকা দেওয়া হয়েছে। বলা হয়েছিল যে, সিক্সথ ইউনিট হ্যাজ কাম আপ। কিন্তু আজকে সেই দুর্গাপুর প্রোজেক্টসকে বিক্রি করতে হচ্ছে কেন? আমাদের অনলি কেমিক্যালস অ্যান্ড স্পিনিং মিলস্ হচ্ছে দুর্গাপুর এবং কল্যাণী, কিন্তু দে ইন্ডাস্ট্রিয়ালি সিক পাবলিক আন্ডারটেকিংস। আজকে পাবলিক আন্ডারটেকিংসগুলির ১৯৭৭ সালের ব্যালেন্স শীট আনিয়ে নিন। তখন যদি লোকসান না হয়ে থাকে, আজকে লোকসান হবার কারণ কি? আজকে পাবলিক সেক্টর সম্পর্কে আপনারা কি অ্যাটিচুড নিয়েছেন? হোল নেশন আজকে হোয়াই শ্যুড দে পে ফর মিসম্যানেজমেন্ট? দি আপার সেকশন—দি রিচ হ্যাজ গট ম্যানেজারিয়াল এবিলিটি অ্যান্ড দি ওয়ার্কফোর্স ইন দি হ্যাভনটস। আজকে দুটোর মধ্যে সমন্বয় করতে চেয়েছিলেন। নট কনফ্রনটেশন, একটা কম্বিনেশন আনতে চেয়েছিলেন। এক্ষেত্রে অসুবিধা দেখা দিচ্ছে দেখতে পাচ্ছি। কিন্তু এটা করতে অসুবিধা কোথায়? ১৬ তারিখের বন্ধ সম্পর্কে চিৎকার করে বলে গেলেন। কিন্তু আজকে আলোচনা কোন বিষয়ের উপর? উই শ্যুড নট বী অ্যালাউড টু প্রপাগেট পার্টি প্রপাগান্ডা।

[5-40 – 5-50 P.M.]

আজকে জিজ্ঞাসা করি যে আমাদের এতগুলি সুবিধা থাকা সত্ত্বেও কেন এক্সপোর্ট প্রসেসিং জোন, ফলতায় যেটা করার কথা বলা হয়েছে, করতে পারলাম না? হোয়াট দি ড্র ব্যাক্স? অন্য জায়গায় যখন এটা সাকসেসফুল হচ্ছে তখন এখানে কেন হচ্ছে না? এখানে

কোনও ওয়ার্ক কালচার নেই, যার জন্য প্রোডাক্টিভিটি বাড়াতে পারছেন না। আজকে ভ্যালু অ্যাডেড-এর প্রশ্ন তুলেছেন? আমাদের এখানে র' মেটেরিয়্যালসের তো অভাব নেই! এখানে কোনও ইনটেনসিভ দিতে পারছেন না যার জন্য ইন্ডাস্ট্রিয়ালিস্টদের প্লাইট অব ক্যাপিটাল চলে যাচ্ছে অন্য জায়গায়। এগুলি আপনাকে ভেবে দেখতে হবে। হোয়াট উইল বি দি অ্যাটিচ্যুড অব আদার পাবলিক আন্ডারটেকিংস এগুলি আপনি আমাদের ক্লিয়ার করে বলবেন? যেসব শিল্পগুলি সিক্ হয়ে পড়ে আছে, যেসব ওয়ার্কাররা আনএমপ্লয়েড হয়ে আছে তাদের সম্পর্কে আপনাদের অ্যাটিচ্যুড কি সেটা আপনাকে বলতে হবে। কারণ ইউ আর এ ন্যাশনাল লীডার। আপনি তাদের কথা কেন ভাববেন না? আজকে এমপ্লয়মেন্ট জেনারেশনে কোথায় প্রতিবন্ধকতা দেখা দিচ্ছে, কেন্দ্রীয় নীতির সঙ্গে আপনাদের নীতির কোথায় কন্ট্রাডিকশন হচ্ছে? এখানে চিৎকার করে বলা হয়েছে যে বিদেশি ঋণ কেন নেওয়া হয়েছে? আমি ৩টি জিনিস দেখাচ্ছি। ইন দি ইয়ার অব ১৯৬৭, দি ইউ. এল. ফ.—দি বেনামদার অব দি লেফ্‌ট ফ্রন্ট কেম টু পাওয়ার। ইন দি ইয়ার অব ১৯৬৯, দি ইউ. এল. এফ—দি বেনামদার অব দি লেফ্‌ট ফ্রন্ট এগেইন কেম টু পাওয়ার অ্যান্ড আফ্‌টার ১৯৭৭ টিল টু-ডে দে আর এগেইন ইন পাওয়ার ফর দি থ্রি কনসিকিউটিভ টার্মস। এই ৩টি সময়ে পশ্চিমবাংলায় যে দুর্যোগ, তখন ভারতেরও দু'বার ক্ষমতার পরিবর্তন হয়েছে। আমরা দেখেছি যে এই সময়ে ভারত সরকারকেও আর্থিক সঙ্কটের সম্মুখীন হতে হয়েছে। জনতা দলের সরকার যখন ক্ষমতায় ছিল তখন একবার সঙ্কট তৈরি হয়েছিল। তার আড়াই বছর পরে যখন ভি. পি. সিংয়ের সরকার এল এবং তার অববহিত পরে যখন চন্দ্রশেখরের সরকার এল তখনও একবার এই জাতীয় সঙ্কট সৃষ্টি হয়েছিল। এসবের ফলে ভারতের সোনা বিদেশে দিতে হল। কেননা, India was forced becasuse of the bad management by the then combined Janata Government after its conglomeration in 1977. আপনি শুনে রাখুন, আমরা সেই সোনা ফিরিয়ে আনতে পেরেছি। আপ্টার ১৯৭৭ আপনাদের রেজিমে এই সুযোগগুলি কেন আপনারা নিতে পারছেন না? আজকে সাগরদিঘীর মতো জায়গায় কেন ইন্ডাস্ট্রিয়ালিস্টকে ইন্ট্রোডিউস করতে পারছেন না টু হ্যাভ দি সাম এক্সপোর্ট প্রোসেসিং জোন? আজকে সেখানে অ্যাক্সেস টু রেল, অ্যাক্সেস টু ইয়ার্ন, অ্যাক্সেস টু ওয়াটার, সব রকম সুবিধা আছে। আজকে প্যাসেজের যে ইনফ্রাস্ট্রাকচার, ট্রান্সপোর্টের যে ইনফ্রাস্ট্রাকচার, সেগুলি থাকা সত্ত্বেও কেন এগুলি করতে পারবেন না? বক্রেশ্বর সম্পর্কে আপনারা কিছু বলছেন না। এটা আপনাদের পার্টি ক্যাডারের মধ্যে চলে গেছে—তাদের ঘরবাড়ি করে দিয়েছেন—এটা হবে না, উই নো ইট। কিন্তু যেগুলি সম্ভবপর সেগুলি কেন হবে না? আজকে তিস্তা প্রকল্প—হোয়াই শ্যুড ইট নট বি এক্সপিডাইটেড? আমরা দেখছি যে ৩টি জায়গায় কাজ হচ্ছে। সেখানে হাইডেল পাওয়ার না দিতে পারলে, মিনিমাম ইনফ্রাস্ট্রাকচার দিতে না পারলে, ইনসেনটিভ দিতে না পারলে, এগুলি হবে না। এটা আপনাকে চিন্তা করতে হবে। এখানে আপনি কোনও দগ্‌মান প্রশ্ন আনবেন না। আজকে আমরা একটা ভল্‌ক্যানের উপরে দাঁড়িয়ে আছি এবং এই অবস্থা আরও ভয়ানক হবে, if we cannot combat the problem of unemployment and the problems of the have nots as well as the problem of retrenchment and the closure of the sick units and other industries. আপনারাও চিরকাল থাকবেন না, আর এই পুলিশও চিরকাল থাকবে না। আজকে দেশ যদি না বাঁচে তাহলে আপনারা বাঁচবেন না,

আমরাও বাঁচব না, কেউ বাঁচতে পারবে না। আজকে এটা আপনার দায়িত্ব। Because you are not only a Chief Minister but also a National Leader. আজকে আপনারা যে আউট লুক নিয়ে চলেছেন তার পরিবর্তন করুন। আপনারা টাইমের সঙ্গে একটা কমপ্রোমাইজ করার চেষ্টা করুন। আপনাদের এই অ্যাটিচ্যুড কেন সেটা আমাদের কাছে ডিফাইন করুন। আপনার বলুন, what will be the attitude of the Government towards public sectors and towards the private sectors? আপনারা যেটা করবেন সেটা কেন প্রকাশ্যে বলবেন না ফর দি ওয়েলফেয়ার অব দি পিপল? আপনাদের যে ইডিওলজি, যে দগমা নিয়ে আপনারা চলছেন তাতে গ্রোথকে প্রিভেন্ট করছেন। এইভাবে যদি চলেন তাহলে মারাত্মক ভুল করবেন। ডেভেলপমেন্ট অ্যান্ড গ্রোথ—দিস শ্যুড নট বি মিসআন্ডারস্টুড। এই দুটো জিনিস এক নয়। আজকে রাজ্যের যে গ্রোথের কথা বলা হচ্ছে, ইট ইজ নট এ গ্রোথ। এই যে দ্বিতীয় হুগলি ব্রিজ দেখছেন, ইট ইজ নট এ গ্রোথ, ইট ইজ এ সাইন অব ডেভেলপমেন্ট। আজকে আপনাদের দলের তরফ থেকে যে বই দেওয়া হয়েছে, সেগুলি নিয়ে আলোচনা হওয়া উচিত। আজকে সভ্রিনিটির উপরে যে আঘাত আসছে, সেই বিষয়েও আলোচনার প্রয়োজনীয়তা আছে।

আজকে আপনাকে অনুরোধ করব কোনও দগমায় না গিয়ে আজকে চা-এর ম্যাকসিমাম প্রোডাকটিভিটি, আমাদের জেলায় নিউ গার্ডেন্স আর কামিং আপ, কেন টি ডেভেলপমেন্ট কর্পোরেশন লস করবে, কেন প্রোডাকশন অর্দ্ধেক হবে এই জিনিস আপনাকে দেখতে হবে। আপনি ত্রুটিগুলো দূর করুন। এর যদি গ্রোথ না হয়, কর্মসংস্থান না করতে পারেন তাহলে আমরা কেউ বাঁচব না। আশার কথা ইট ইজ এ বিগিনিং অফ এইটথ প্ল্যান এবং এইটথ প্লানে ডেপুটি চেয়ারম্যান অফ দি প্ল্যানিং কমিশন হ্যাজ অ্যাসিয়োর্ড আমরা যদি ৬ লক্ষ ৯৮ হাজার কোটি টাকা ব্যয় করতে পারি ১ কোটি মানুষের কর্মসংস্থান হবে। এটা নিট জব, হোয়াইট কালার জব হবে। এক কোটি মানুষের ওয়ার্ক পোটেনসিয়াল তৈরি হবে। এর সুযোগ পশ্চিমবাংলা কেন ১০ লক্ষ নিতে পারবে না এই জিনিস আপনার কাছ থেকে জানতে চাই। আপনারা বলেন এক আর করেন আর এক, আপনাদের দ্বৈত নীতির জন্য আপনাদের বাজেটকে সমর্থন করতে পারলাম না, বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। থ্যাঙ্ক ইউ।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফুড প্রোসেসিং ইন্ডাস্ট্রি দপ্তর আমাদের রাজ্যে আনকোরা নতুন এবং গোড়ে ওঠার মুখে। তবে সম্ভবনা অনেক বড়। স্যার, যুগ বদলাচ্ছে, দুনিয়া পাল্টাচ্ছে, মানুষের খাদ্যের অভ্যাস পরিবর্তন হচ্ছে। এখন ফাস্ট ফুড, রেডি টু ইটের চাহিদা বাড়ছে। আর আমাদের রাজ্যে, আমাদের দেশে এর কাঁচামাল প্রভুত পরিমাণে আছে। ফল-মূল, শাক-সবজি, আনাজ আমাদের দেশে আমাদের রাজ্যে প্রভুত পরিমাণে হয়। শুধু আমাদের রাজ্যের কথা ধরলে আম, আনারস, কমলালেবু, আদা, কলা, তরমুজ এইরকম ফল তৈরি হয় ১০ লক্ষ টন। আমাদের রাজ্যে আলু উৎপাদন হয় ৪০ লক্ষ মেট্রিক টনের বেশি। ইদানিংকালে প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে হাই-ব্রিড টমাটো কপি তৈরি হয়। এইগুলি ঠিকভাবে প্রোসেস করতে পারলে আমাদের দেশে বেকার সমস্যার অনেকটা সমাধান হতে পারে। যার কথা জয়নাল আবেদিন সাহেব চিৎকার করে বলছিলেন সেই বেকার সমস্যার সমাধান এর দ্বারা সবটা না করতে পারলেও, কাছাকাছি পৌঁছাতে না পারলেও ছুঁয়ে দেখা

যাবে প্রতি ভারতবর্ষে আনাজ নষ্ট হয় ৩০০০ কোটি টাকার। আমাদের এই রাজ্যে ফুড প্রসেসিং কারখানা আছে ২১৬টি। তার মধ্যে ১০২টি কুটির শিল্প, এইগুলি হোম স্কেল। আমরা সেইগুলি রক্ষা করার চেষ্টা করছি এবং আরও জোর দিচ্ছি। আমাদের যে সব আনাজপাতি আছে, ফল-মূল আছে তাকে ভিত্তি করে গাঁয়ে গাঁয়ে এই শিল্প গড়ে তুলতে চাই। এ ছাড়া ইদানিংকালে রপ্তানি করে কিছু সুরাহার সম্ভাবনা দেখতে পাচ্ছি। এই চাহিদা দেশের বাজারে, বাইরের বাজারে হয় সেটা আমরা খতিয়ে দেখছি। সব চেয়ে বেশি জোর দিয়েছি গাঁয়ে গাঁয়ে লেখাপড়া জানা যে সব ছেলে রয়েছে যারা চাকুরির জন্য ঘুরছে তাদের পরিবারবর্গের জমি থেকে এবং তাদের গাঁয়ের মধ্যে যে কাঁচা মাল আছে সেইগুলি আমরা তাদের দিয়ে সেমি প্রসেস করে শহরে নিয়ে গিয়ে যাতে ফিনিশড প্রসেস করতে পারি। তাহলে অনেক সমস্যার সমাধান করা যায়।

[5-50 – 6-00 P.M.]

আমরা সেজন্য উদ্যোগ নিয়েছি যে, শিল্প কি ভাবে গড়ে তুলতে হয় তারজন্য প্রকল্প দেব। তারজন্য প্রযুক্তি দেব। আর্থিক সংস্থাগুলো থেকে কি ভাবে সংগ্রহ করতে হয় তারজন্য সাহায্য করব। বাজারে যাওয়ার জন্য কি ভাবে সাহায্য করা যায় তা করব। কোয়ালিটি কন্ট্রোল করে বাজারে যাতে সেগুলো বিক্রি করতে পারে তারজন্য সাহায্য করব। কিন্তু আমরা সাবসিডি দেব না। আমরা চাইছি ভরতুকি না দিয়ে যাতে সে নিজের পায়ে দাঁড়িয়ে, নিজের গাঁয়ের ফলমূল, শাকশব্জীর সাহায্যে নিজে দাঁড়াতে পারে। আমরা চাই দেশ গড়ুক, বেকার সমস্যার সমাধান হোক। এই ব্যাপারে সমস্ত সদস্যদের কাছে পরামর্শ চাইব, উপদেশ চাইব। আশাকরি সেটা পাব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ মাননীয় অধ্যক্ষ, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট প্রস্তাব এখানে রেখেছেন, সেই বাজেট প্রস্তাবের সমস্ত বিষয়গুলোকে আমি সমর্থন করছি এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। যেসব আলোচনা এখানে হয়েছে নীতিগত প্রশ্ন ইত্যাদি বিষয়ে, মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন, তিনি বলবেন। আমাদের বক্তব্য প্রধানত এই ছাঁটাই প্রস্তাবের উপরে এবং মুখ্যমন্ত্রী উপস্থিত থাকতে একটা পরিপূরক বক্তব্যের মতো। আমি দু'একটি কথা বলব। প্রথমে দু'একটি প্রচলিত ধারণা করে বা সংবাদপত্রের ভ্রান্ত সংবাদের উপরে নির্ভর করে দু'একজন মাননীয় সদস্য যেসব কথা বলেছেন, সেগুলো একটু বলে দেওয়া দরকার। প্রায় দু'তিনজন বলেছেন যে ফলতাতে কিছু হল না। আমি বলছি, আপনাদের এই তথ্যটা ঠিক নয়। **(শ্রী সৌগত রায় ঃ আপনাদের বক্তৃতায় আছে)** না, পাঁচ বছর আগে যা বলেছেন এখনও তাই বলে যাচ্ছেন। যেহেতু বিস্তৃতভাবে এখানে কথা বলা যাবে না—ফলতাতে দুটো জিনিস আছে। একটা হচ্ছে এক্সপোর্ট প্রোমোশন জোন, আর একটা হচ্ছে আমাদের নিজস্ব গ্রোথ সেন্টার। আমাদের গ্রোথ সেন্টার শিল্পোদ্যোগের জন্য পুরোপুরি বিক্রি হয়ে গেছে। তাতে কয়েকটি ইউনিট তৈরি হয়ে গেছে, কয়েকটা ইউনিট চালু হয়ে গেছে এবং কয়েকটা চালুর অপেক্ষায় আছে আর বড় ধরনের দুটো প্রকল্প হচ্ছে। জমির আর কোনও প্রস্তাব নেই। এক্সপোর্ট প্রসেসিং জোন, যেটা ভারত সরকারের রিপোর্টে আছে সেটা দেখে নেবেন। ফলতাতে ট্রান্সপোর্টের অসুবিধা আছে—কাগজে যেগুলো লেখে অনেক সময় বাস্তবে তার সঙ্গে সঙ্গতি

থাকে না। ফলতা গ্রোথ সেন্টারে আন্তর্জাতিক মানের পরিকাঠামো তৈরি করা হয়েছে—পাওয়ার থেকে শুরু করে সব হয়েছে। ওয়াটারের ব্যবস্থা করা হয়েছে। অন্যদিকে একটা অসুবিধা আছে। এই ধরনের কোনও শিল্পকেন্দ্র হঠাৎ করে গড়ে উঠতে পারে না। এখানকার ঐ শিল্পগুলোতে কম কর্মসংস্থান নয়।

সেইজন্য খুব একটা বিরাট হৈচৈ করে একটা শহর গড়ে ওঠে না। অনেক কোয়ার্টার্স করা হয়েছে, অনেক ঘর আছে এবং এটা ঠিকই যে কিছু উন্নয়নের মধ্যে যেমন যাতায়াতে ব্যবস্থা—সেখানে যা কিছু অসুবিধা দূর করে রাস্তাঘাট পথ সব কিছুর ব্যবস্থা করা হয়েছে। একটা রাজ্যের যেটুকু করার কথা তা আমরা করেছি অসুবিধার মধ্যেও। সম্প্রতি সেখানে একটা মিটিংও হয়েছে ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনে সংশ্লিষ্ট সবাই তাতে উপস্থিত ছিল। তাতে আপনাদের দলের কেন্দ্রীয় একজন প্রতিনিধি মিনিস্ট্রি অফ কমার্স-এর ডাইরেক্টরও সেখানে উপস্থিত ছিলেন, সেখানে আমাদের বিভাগীয় অফিসারও উপস্থিত ছিলেন। সকলের সামনে ওই কেন্দ্রীয় প্রতিনিধি বলেছিলেন যে informed that E.P.Z occupied second position with reference to the net foreign exchange earnings amongst the EPZ set up during this period. আপনাদেরও একজন খুব বড় লিডার শ্রী চিদাম্বরম মহাশয়, তাঁর সঙ্গেও একবার দেখা হয়েছিল। সেখানে তার সঙ্গে ফলতা সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে তিনি বলেছিলেন যে সব প্রসেসিং জোনেরই একই অবস্থা, সেই তুলনায় ফলতা প্রসেসিংয়ের অবস্থা খুব বেশি খারাপ নয়। এখানে অনেক টেকনিক্যাল অসুবিধা হচ্ছে কিন্তু সেইরকম অর্থাৎ দেবপ্রসাদবাবু যেরকম দীর্ঘ নিশ্বাস ছাড়লেন সেই ধরনের কোনও ব্যাপার নয়। ফলতা শিল্প কেন্দ্র হিসাবে গড়ে উঠলেই। একটু পজিটিভ দিকটাও ভাবুন না, ভাল হলে উল্লেখ করবেন না, আর খালি সমালোচনা করবেন তা তো হয় না। ভাল হলে উল্লেখ করবেন এই ধরনের চিন্তা বা মানসিকতা আপনাদের গড়ে উঠুক। এবং এই ধরনের মানসিকতা থাকলে কখনও একটা রাজ্যের ভাল হতে পারে না। আরেকজন বর্ষীয়মান আমাদের সদস্য শ্রদ্ধেয় জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে, এতবড় যে বাজেট রাখা হয়েছে এবং এতগুলো যে ডিমান্ড কিন্তু তাতে রাত্রে ১১০০ লোকের কর্মসংস্থানের কথা আছে। ওঁনার মতো একজন প্রাক্তন, প্রবীণ লোকের কাছ থেকে এই ধরনের কথা শুনতে চাইনি। এই ব্যাপারে আপনার আরও গভীরে যাবার মনোভাব নেই, আসলে আপনি ইন ডেপথ স্টাডি করেননি। আপনি জেনে রাখুন এর দ্বারা ৫ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। আসলে ইন ডেপথে স্টাডি কেউ করেননি। একটা বছরের মধ্যে তো বড় শিল্প, মাঝারি শিল্প গড়ে উঠতে পারে না। আপনারা যেখানে ২৫-৩০ বছর ধরে এই রাজ্যে সময় নষ্ট করেছেন, বিরূপ প্রতিক্রিয়া অর্থের ক্ষেত্রে এবং শিল্পের ক্ষেত্রে হয়েছে। ওটা কাটিয়ে উঠতে অনেক সময় লাগবে। কিন্তু তারও মধ্যে আমরা যে যথেষ্ট উন্নতি করেছি সেই কথা তো উল্লেখ করলেন না। তারপরে মাননীয় সৌগতবাবু তো একটা ফ্লাইং লেকচার দিয়ে গেলেন যে, আমরা এই যে নীতি—টিতি হচ্ছে তা আমরা নাকি মানি না। কিন্তু এটাতো একবারও উল্লেখ করলেন না যে, এই যে মাসুল সমীকরণ নীতি এতদিন ধরে রাখার পরে তা বাতিল করবার জন্য দিল্লির সরকার একটা কমিটি করেছিলেন এবং সেই কমিটির রিপোর্ট তারা জমা দিয়েছিল ১৯৮১ সালে আর আপনাদের শুধু সেই রিপোর্টটা গ্রহণ করতে কেন সময় লাগল

১২ বছর? এর তো কোনও উত্তর দিলেন না। এতে শিল্পক্ষেত্রে এবং অর্থনৈতিক ক্ষেত্রে যে ক্ষতি হয়েছে তাতো আর ২-৪ বছরে কভার করা যায় না। শুধু এটাই যথেষ্ট নয়, উনি জানেন না এই কথাটা? আরেকজন বলেছেন যে আমরা এই প্রকজিস্ট পলিসি কেন নিইনি? সেখানে দিল্লির সরকারের বলেছেন, পি. জি. কুরিয়ান তার পলিসি স্টেটমেন্টও দিয়েছেন এবং আরও অনেক বিভাগীয় মন্ত্রীও বলেছেন, সেখানে এই সেন্ট্রাল পাবলিক সেক্টর আন্ডারটেকিংয়ের ক্ষেত্রে আপনাদের যে দৃষ্টিভঙ্গি ছিল, সেই দৃষ্টিভঙ্গিতে আমরা যদি প্রবল বাধা না দিতাম তাহলে খুব একটা ক্রুড ফর্মই ইমপ্লিমেন্ট আপনারা করতে যাচ্ছিলেন।

মাননীয় সদস্য সুদীপবাবু বলেছেন, বি. আই. এফ. আরে নিয়ে যাওয়া হচ্ছে তো ভাল হচ্ছে। বি. আই. এফ. আর কি করবে? বি. আই. এফ. আর বেসরকারি শিল্পের ক্ষেত্রে যেমন সুপারিশ করে, সরকারি উদ্যোগের ক্ষেত্রেও সেইরকম সুপারিশ করবে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সচিবরা এই কারখানাগুলির শ্রমিক-কর্মচারিদের সাথে আলোচনা করে সরাসরি কোনও সিদ্ধান্ত নিতে পারেনি। বি. আই. এফ. আরের থ্রু-তে কেন যাবে? মাননীয় সদস্য সুদীপবাবু বলেছেন যে ইস্কোর আধুনিকীকরণের সম্পর্কে। এই সভায় অনেকবার আলোচনা হয়েছে ও নির্দিষ্টভাবে প্রশ্ন-উত্তরও দেওয়া হয়েছে এই সম্পর্কে। মাননীয় মুখ্যমন্ত্রী অনেকবার বলেছেন ইস্কোর আধুনিকীরণ করা হোক, পারলে ভারত সরকার নিজে করুক। সব রকম প্রচেষ্টা রাজ্য সরকারের থেকে করা সত্ত্বেও অহেতুক কেন্দ্রীয় সরকার দেরি করেছেন। মাননীয় সদস্যর জন্য আমি উল্লেখ করছি, আমাদের যে অল্টারনেটিভ প্রোপোজাল আমরা পাঠিয়েছিলাম সেটার উত্তরও ওরা দেয়নি। এমনকি মনমোহন সিং অ্যাকনলেজমেন্ট রিসিভ দেয়নি। আর ভি. পি. সিং-র কথা এখানে আপনারা বলছেন, এই কথা এখানে উঠছে কেন। তাহলে এই যদি কেন্দ্রীয় সরকারের মানসিকতা হয় তাহলে কি হবে? আমরা বলতে চাই, সারা দেশে যখন খুব তীব্র অর্থ সঙ্কট-এর মধ্যে আছে এবং যেসব নীতিগুলি প্রয়োগ করার মধ্যে দিয়ে দেশের সমাধান হয়ে যাবে বলে বলা হচ্ছে এবং প্রচার মাধ্যমও সেগুলি সমর্থন করছে, আমাদের তীব্র আপত্তি আছে এইসব নীতিগুলিতে। এই বছর আগে এবং এক বছর পর সারা ভারতবর্ষে শিল্পক্ষেত্রে এবং সমস্ত বিষয়ে নিম্নগামী অবস্থা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় কিন্তু আমরা সেই বন্ধ্যাত্য অবস্থাটাকে অনেকটা রুখে দিতে পেরেছি। মাননীয় সদস্য সৌগত রায় এবং আব্দুল মান্নান যে কাট মোশন দিয়েছে সেই সম্পর্কে বলি। বি. জি. প্রেসে তিনটে বিষয়ের উপর আমরা জোর দিয়েছি। বি. জি. প্রেসে কর্মচারিদের মধ্যে কতগুলি বিষয়ে বিভ্রান্তি ইত্যাদি আছে। যেমন ওভারটাইম, এখানে সময়ভিত্তিতে কাজ করতে হয় এবং তার জন্য কোনও কোনও সময় ওভারটাইম দিতে হয়। কিন্তু সরকারের নির্দেশ ছাড়া জোর করে কেউ ওভারটাইম নিতে পারেনা। কম্পট্রোলার অ্যান্ড অডিটার জেনারেলের নির্দেশে ওভারটাইম বন্ধ করতে হয়েছে। আগে অনুমতি নিয়ে তবেই ওভার টাইম হবে। জরুরি কাজের ভিত্তিতে ওভারটাইম নিশ্চয় হবে। আগে পে-বিলের সঙ্গে ওভার টাইমের বিল যুক্ত হত, এখন সেটাকে আলাদা করে করতে হয়েছে। ওখানে কো-অর্ডিনেশন এবং সৌগতবাবুরা যে ইউনিয়ন পরিচালনা করেন তারা এটা মেনে নিয়েছে। কিন্তু তৃতীয় যে ইউনিয়ন ওখানে আছে তারা এটা পুরোপুরি মানেনি।

আমরা আশা করছি এই শ্রমিক কর্মচারিদের বিষয়টা তাড়াতাড়ি মিটে যাবে। এখানে

প্রশাসনিক ক্ষেত্রে অনেক গলদ আছে। ইতিমধ্যেই কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে প্রশাসনিক ক্ষেত্রে এই বাধাগুলি তাড়াতাড়ি দূর করা যায়। একটা সুস্থ পরিবেশ যাতে ফিরিয়ে আনা যায় তারজন্য আমরা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছি। আর একটা হচ্ছে টেকনোলজির জন্য, অনেক পুরনো মেশিনপত্র আছে যা দিয়ে কাজ চালানো একটা অসুবিধা হচ্ছে। আধুনিক মুদ্রণশিল্পে এখানকার যে মেশিনপত্র রয়েছে তাতে কি করে সংযোগসাধন করা যেতে পারে তার জন্য অনুসন্ধান করা হবে। এর রিপোর্টের ক্ষেত্রেও আমরা কার্যকর করবার চেষ্টা করছি। কিছু কিছু প্রেসকে আমরা আধুনিক প্রেসে পরিণত করবার চেষ্টা করছি। এই হচ্ছে বি. জি. প্রেস সম্পর্কে। দুটো বিষয় আলোচনা হয়েছে, ডাঃ মানস ভুঁইয়া বলেছেন যে, জুট অ্যান্ড টেক্সটাইল—এই ক্ষেত্রে অনেক বাধা সত্ত্বেও আমরা অগ্রসর হতে পেরেছি। যেসব জিনিস হাতের মধ্যে সেগুলির ক্ষেত্রে কি করে অগ্রগতি করা যায় তার জন্য আমরা চেষ্টা চালাচ্ছি। জুটের ক্ষেত্রে উৎপাদন আগের চেয়ে অনেক বেড়েছে। ফরেন মার্কেট ইত্যাদির ক্ষেত্রে কিছু অসুবিধা দেখা দিচ্ছে। আর এইসব বিষয়ে মূল নীতি গ্রহণ করেন কেন্দ্রীয় সরকার এবং রাজ্য কিছুটা প্রচেষ্টা চালায়। এই রাজ্যে কর্মসংস্থান আগের চেয়ে অনেক গুণ বেড়েছে। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় যে সম্পর্কে বলেছেন, এই প্রসঙ্গে আগেও আলোচনা হয়েছে, অনেকবার আলোচনা করেছি। কিন্তু আজকে আলোচনার মধ্যে দেখছি। কর্মসংস্থামুখী কিছু ক্যাপিটাল ইনটেনসিভ ইন্ডাস্ট্রি তৈরি করা যায় তাও করা হচ্ছে। আধুনিক প্রযুক্তিতে অর্থাৎ বড় শিল্পের ক্ষেত্রে নিয়োগ খুব একটা কম নয়। আনুষঙ্গিক শিল্পও কিছু কিছু গড়ে উঠছে। খাদ্যের উৎপাদনও কিছুটা বেড়েছে। শিল্পের বিকাশের প্রশ্নে, শিল্প ক্ষেত্রে কিছু কিছু বিকাশ ঘটেছে। এবং এটা শিল্পের প্রধান দিক। হলদিয়া পেট্রো-কেমিক্যাল, বাঁকুড়ায় পলিয়েস্টার ফিলামেন্ট ইয়ার্ন, অ্যাক্রিলিক ফাইবার কারখানা ঘিরে মাঝারি, ছোট, বড় শিল্প গড়ে উঠেছে তাতেও কিছু কিছু কর্মসংস্থান হচ্ছে। সুতরাং আমরা শিল্পের ক্ষেত্রে খানিকটা অগ্রসর হচ্ছে। ক্যাপিটাল ইনটেনসিভ হচ্ছে না তা নয়। এমপ্লয়ী বিমুখ শিল্প হচ্ছে তা নয়। সুতরাং এই কাট-মোশনের আমি বিরোধিতা করছি। বহুজাতিক একচেটিয়া পুঁজিপতি, আমরা যে ব্যবস্থার মধ্যে আছি, আমাদের রাজ্যে সুনির্দিষ্ট একটা সামাজিক নীতি আছে। রাজ্যবাসীর স্বার্থে যে নীতিগুলি সরকার গ্রহণ করেন তাকে কার্যকর করবার চেষ্টা করা যায়। তাতে কোনও আপত্তি করার কিছু নেই। এখানে আলাদা সমাজব্যবস্থা, আলাদা কোনও নীতি গ্রহণ করা যায় না। একই কথা সৌগত রায় বলেছেন যে ফেলইয়োর অফ দি গভর্নমেন্ট টু অ্যানসিওর গ্রেটার ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট ইন দি স্টেট। কিন্তু ক্রমশই আমাদের ইনভেস্টমেন্ট বাড়াচ্ছে। আপনাদের প্রধান বাধা এবং বিনিয়োগ বঞ্চনার মধ্যে রাজ্যের মানুষের সাহায্যে বহুবিধ প্রক্রিয়ায় শিল্পে লগ্নি এবং সম্ভাবনা বাড়ছে। এই কথা বলে আমি বাজেট প্রস্তাবকে সমর্থন করছি এবং ডিমান্ড নং ৭৫ এবং ২৪ যে সমস্ত কাট-মোশন আছে সেগুলোর বিরোধিতা করছি।

শ্রী পতিতপাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিল্প বিভাগের খাতে যে সমস্ত ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে সেগুলো গ্রহণ করবার জন্য আবেদন জানাই এবং সমস্ত কাট-মোশনের বিরোধিতা করে সংক্ষেপে দু-একটা কথা রাখব। ৭৪ নং ডিমান্ডে ৬টা কাট-মোশন আছে। এর মধ্যে ৪টে কোনও নির্দিষ্ট বিষয়ে নয়, শুধু সাধারণভাবে বিরোধিতা করা।

সেগুলোর উপর আমি কোনও বিশেষ কথা বলছি না, বিরোধীতা করছি। নির্দিষ্টভাবে যেকথা বলা হয়েছে তার জবাব দেওয়ার চেষ্টা করব। আবদুল মান্নান সাহেব জে, কে স্টীল সম্বন্ধে বলেছেন সরকারি ব্যর্থতা। জে, কে, স্টীল সম্বন্ধে একটু জানাই যে এটা লিকুইডেশন প্রসিডিংস ছিল। খুব সম্প্রতি শ্রমিক পক্ষ এবং একজন নুতন প্রোমোটার এরা হাইকোর্টের কাছে আবেদন করেছে, তারা একটা সমঝোতায় এসেছে, একটা মেমোরাণ্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং-এ সই হয়েছে এবং আশা করছি পরবর্তী তারিখে এটা হাইকোর্ট কর্তৃক গৃহীত হবে। আর স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যাল সম্পর্কে বলব এটা বি, আই, এফ, আরে ছিল, আমরা বহুবার সেখানে গিয়েছি, বি, আই, এফ, আর যে সমস্ত নির্দেশ দিয়েছিল, রাজ্য সরকারের সেই নির্দেশের যা যা করণীয় তা করা হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত শেষ পর্যায়ে আসা যায়নি। ১৫ বছরের ব্যর্থতা, রুগ্নশিল্পের ব্যর্থতা—এই সম্পর্কে আলোচনা হয়েছে। সৌগত রায় কৃষ্ণা গ্লাস এবং ইন্ডিয়ান পেপার পাল্প সম্পর্কে বলেছেন। আমি এই সম্পর্কে শুধু একটা কথা বলছি, কি অবস্থায় কৃষ্ণা গ্লাস আমাদের অধিগ্রহণ করতে হয়েছিল আপনাদের অজানা নেই। আমরা আধুনিকীকরণের জন্য বহু কিছু করেছি এবং অনেক কাজ সম্পূর্ণ করার চেষ্টা করেছি। কিন্তু এর মধ্যে বিশেষ কিছু কর্মীর কর্মবিচ্যুতি হয়নি। আমরা চেষ্টা করছি যাতে মোটামুটি ভালভাবে চালানো যায়। শ্রমিকদের ন্যায্য পাওনা যাতে দেওয়া যায় তার চেষ্টা করছি এবং ইউনিয়ানের সঙ্গে আলোচনা করা হচ্ছে। ইন্ডিয়ান পেপার পাল্প সম্পর্কে এতদিন পর্যন্ত আমাদের কিছু করার দায়িত্ব ছিল, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী। মাত্র এক সপ্তাহ আগে ব্যাঙ্কের গোলমাল মিটেছে। এটা কিভাবে পরিচালনা করতে পারি, হাইকোর্ট যেভাবে নির্দেশ দিয়েছেন, আমরা সেটা মেনে নেবার চেষ্টা করব।

বি. আই. এফ. আর সম্পর্কে মাননীয় সৌগতবাবু বলেছেন। এই বি. আই. এফ. আর সম্পর্কে আমিও দু-চারটি কথা বলতে চাই। সৌগতবাবু একজিট নীতি সম্পর্কে অনেক কথা বললেন। বি. আই. এফ. আরে পাঠানো মানে কি হ'তে পারে তা আমার বন্ধু মাননীয় মন্ত্রী বিদ্যুত গাঙ্গুলি মহাশয় বলেছেন। আমিও এ সম্পর্কে আপনাদের কয়েকটি কথা বলছি। এই বি. আই. এফ. আর করেটা কি? সেখানে যে বোর্ড আছে তারা উভয়পক্ষকে ডাকেন এবং চেষ্টা করেন ও কিছু নির্দেশ দেন। সেই নির্দেশ না মানলে সেটা আবার নিলামে পাঠিয়ে দেন। সুতরাং এখানে এ ব্যাপারে বি. আই. এফ. আরে পাঠানো মানে সরকারি যে সমস্ত প্রতিষ্ঠান তাকে অন্যভাবে বন্ধ করে দেওয়া ছাড়া আর কোনও ব্যাখ্যা থাকে না। এই প্রসঙ্গে বলি, বি. আই. এফ. আর. তো নির্দেশ দিয়েছেন টাটাগড় পেপার মিল সম্পর্কে, সেখানে রাজ্য সরকারের যেটুকু করণীয় ছিল তা রাজ্য সরকার করেছেন, সমস্ত টাকা রাজ্য সরকার দিয়েছেন কিন্তু কেন্দ্রীয় আর্থিক সংস্থা যেগুলি আছে তারা আজ পর্যন্ত মাত্র ৫০ লক্ষ টাকা দিয়েছেন যেখানে তাদের ৭ কোটি টাকা দেবার কথা। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি। আর ডি. পি. এলের কথা যেটা বলেছেন সেটা আমার দপ্তরের মধ্যে পড়ে না। বিদ্যুত সংক্রান্ত বাজেট যখন এসেছিল তখন একটা আপনাদের আলোচনা করা উচিত ছিল।

ডাঃ জয়নাল আবেদিন ঃ দুর্গাপুর সম্বন্ধে একটু বিস্তারিত বলুন।

শ্রী পতিতপাবন পাঠক ঃ আমি তো বললাম যে এটা আমার নয়। পাওয়ার ডিপার্টমেন্টের

বাজেটের সময় এটা আপনাদের বলা উচিত ছিল, তখন আপনারা ঘুমিয়ে ছিলেন। অন্য দপ্তরের কথা আমি বলব না।

(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ এ বছর কোনও বন্ধ কারখানা খুলবে কি?)

আমার হাতে তো আপনাদের মতন চাবিকাঠি নেই যে আমি গেলেই সব খুলে দেব। চেষ্টা সব জায়গায় করা হচ্ছে, আশা করি আমরা সফল হতে পারব। এই কথা বলে আমাদের ব্যয়-বরাদ্দ সকলে সমর্থন করবেন এই আশা করেও সমস্ত কাট-মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

মিঃ স্পিকারঃ মাননীয় সদস্যগণ, এই বাজেটের উপর আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল তা শেষ হচ্ছে ৬টা বেজে ৩৫ মিনিটে কিন্তু দেখা যাচ্ছে এর জন্য আরও কিছু সময়ের প্রয়োজন। আমি সেইজন্য আপনাদের অনুমতি নিয়ে আরও আধঘন্টা সময় বাড়িয়ে দিতে চাইছি। আশা করি আপনারা সকলে সম্মত হবেন।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেওয়ার পর সময় আরও আধঘন্টা বাড়লো।)

শ্রী জ্যোতি বসুঃ অধ্যক্ষ মহাশয়, যে বাজেট বরাদ্দের উপর বক্তৃতা হচ্ছে, আলোচনা হচ্ছে আমি সেই কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে সামান্য কয়েকটি কথা বলতে চাই। এ দিক থেকে আমাদের মন্ত্রীরা মাননীয় সদস্যরা কতকগুলি বিষয়ে বলেছেন যেটা জবাব হয়ে গিয়েছে বিরোধীদল থেকে যা বলা হয়েছে সে সম্পর্কে। কাজেই আমি আর খুব বেশি দীর্ঘ সময় নেব না। আমি লক্ষ্য করছিলাম, সৌগতবাবু যখন বলছিলেন তখন আমি একটু শুনছিলাম—তিনি অনেকক্ষণ বক্তৃতা দিয়েছেন, এক ঘন্টার উপর—সেখানে বোধহয় ১৫ বার বলেছেন আমাদের এই অবস্থা সম্বন্ধে 'প্যাথেটিক'। এই শব্দটা ১৫ বার অন্তত ব্যবহার করেছেন। তারপর উনি বলেছেন, এই যে আমরা বলছি যে আমাদের এখানে একটা দেউলিয়া অবস্থার সৃষ্টি হয়েছে ভারতবর্ষে, তো আমাদের পশ্চিমবাংলা তো ভারতবর্ষের মধ্যেই, বাইরে নয়। দেউলিয়া অবস্থা যে সৃষ্টি হয়েছে, এটা যে বলেছি, এক একটা বিষয়ে অন্তত কেন্দ্রের কংগ্রেসি সরকার আমাদের সঙ্গে একমত। কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং বলেছেন যে কি কারণে হয়েছে না হয়েছে আমি সেসবের মধ্যে যেতে চাই না, I am not a politician.

কিন্তু জ্যোতিবাবু যা বলেছেন এটা ঠিক। অবশ্য একটা কারণে বলেছেন যে আই. এম. এফ. থেকে টাকা আনতে হবে। We have made our country bankrupt এই হচ্ছে ভাষা।

[6-20 – 6-30 P.M.]

আমি খালি ওঁকে এন. ডি. সি.'র মিটিং-এ বলিনি, ওঁর সঙ্গে দেখা হতে আমি বলেছিলাম যে আপনি জানেন তো আপনি বড় একজন অর্থনীতিবিদ, আপনি এদের উপদেশ দিয়েছেন, আগে আপনি প্ল্যানিং কমিশনে ছিলেন, এখন মন্ত্রী হয়ে এটা বললে তো চলবে

না যে আমি জানি না। তা কেন হচ্ছে এটা? এ সবের মধ্যে আমি যেতে চাই না, এটা কংগ্রেসের নীতির জন্য হয়েছে, কংগ্রেস দল, কংগ্রেস পক্ষের জন্য এটা হয়েছে এই বিষয়ে সন্দেহ কী আছে, আমি এটা বললাম। কাজেই এটায় আমরা একমত। তারপর আমরা একটা বিকল্প প্রস্তাব অনেক আগেই দিয়েছি, মাননীয় সদস্যরা হয়তো কিছুটা দেখেছেন যে অবস্থা, যখন এত খারাপ, যে টাকা দরকার, বেপরোয়া ধার করা হয়েছে বাইরে থেকে, কমার্সিয়াল লোন। ৮০ হাজার কোটি টাকার উপর এখন আছে কেন্দ্রীয় সরকারের কাছে কমার্সিয়াল লোন তার কোনও কনডিশনালিটি কিছু নেই। কিন্তু চড়া সুদে সেটা নেওয়া হচ্ছে। এখন আমাদের কাছে মন্ত্রী লিখেছেন দিল্লি থেকে পার্লামেন্টে কথা হয়েছে ৮০ হাজার কোটি টাকা আমরা ব্যবহার করতে পারিনি। আমি ওঁকে জিজ্ঞাসা করলাম, ডঃ মনমোহন সিং নয়, তার নিচে আর একজন মন্ত্রী আছেন, শ্রী ঠাকুর তাঁকে, যে আপনারা নিয়েছিলেন কেন টাকা? কি করে শোধ দেবেন? এই টাকা যখন আপনি নিচ্ছেন তখন আমাদের তো সকলকে জানাতে হবে, কেন্দ্রীয় সরকারের প্রাথমিক দায়-দায়িত্ব আছে, কারণ আমরা কিছু টাকা না দিলে প্রাদেশিকভাবে হোক বা কেন্দ্রীয়ভাবে হোক, আমরা টাকা না দিলে এই টাকাটা আপনি খরচ করতে পারেন না। এটাই তো কন্ডিশন, সেটাও তো আপনারা কিছু করলেন না। আর আজকে আমাদের চিঠি লিখছেন যে এটা দেখতে হবে, আমাদের সবাই মিলে যে এটা খরচ করা যায় কি না—৮০ হাজার কোটি টাকা। বেপরোয়া ধার হয়েছে পাঁচ বছর যখন শ্রী রাজীব গান্ধী ছিলেন। তারপর কী হয়েছে—আর একটা বিষয় বলা হয়েছে, আমাদের এই যে নতুন অর্থনীতি, তার সবটার মধ্যে আমি যাচ্ছি না, আমাদের বিকল্প আমরা বলেছি। আমরা যখন সেই সব গ্রহণ করেছি, তাহলে কংগ্রেসের ম্যানিফেস্টোতে যা ছিল সেই সব হবে। ১০০ দিনের মধ্যে জিনিসের দাম কমিয়ে দেবে, এক কোটি ছেলেমেয়েকে কাজ দেবে। এক কোটি ছেলে মেয়ে তো হারাচ্ছে কাজ। দিচ্ছে কোথায় কাজ? সব তো বন্ধ হতে চলেছে? যে সব নীতি গ্রহণ করা হচ্ছে। আর ১০০ দিনে দাম কমছে না বেড়েছে ১৩ পারসেন্টের উপর। আমরা দেখছি এবং সবাই আপনারা জানেন, এই রকম আগে তো হয়নি, বেড়ে যাচ্ছে। বেকার বেড়ে যাচ্ছে, তাহলে কোনওটাই তো হল না? আগে বলেছিলেন এক বছরের মধ্যে হবে। এখন বলছেন তিন বছর লাগবে। এই তিন বছর যদি থাকে ভাল, তিন বছর লাগবে। কী করে যে তিন বছরে হবে তাও বুঝতে পারছি না। ৬ষ্ঠ পরিকল্পনা এক কোটি থেকে সপ্তম পরিকল্পনায় ৩।। কোটি রেজিস্টার্ড বেকার আছে। এর পরে অষ্টমটা তো সবে ধরা হয়েছে, দু-বছর প্ল্যান হলিডে, তার কী হবে আমরা সকলে বুঝতে পারছি। আর এই সব কনডিশনালিটি মানা, তার সবগুলোর মধ্যে আমি যাচ্ছি না, ইতিমধ্যে পার্লামেন্টের বাইরে, আমাদের এখানে সব জায়গায় একটা আলোচনা হচ্ছে, সমস্ত রাজ্যে রাজ্যে সেখানে হচ্ছে যে তোমরা খরচ কমাও। তা খরচ কমানো মানেটা কী? খরচ নিশ্চয়ই কমাতে হবে, খরচ যদি হঠাৎ বিনা কারণে বেড়ে যায় সরকারের, খরচ সেটা কমানো দরকার, কেন্দ্রেরও দরকার, আমাদেরও দরকার, সকলের দরকার, আমি বুঝি। কিন্তু চাপটা সৃষ্টি হয়েছে আমাদের উপর। আমাদের উপর চাপ সৃষ্টি হয়েছে, আমাদের এ বাজেট ডেফিসিট দেখাবার জন্য আই. এম. এফ. কে. এটা একটা শুধু দৃষ্টান্ত। তারা আমাদের ক্ষুদ্র যে সঞ্চয় সেটাকে শেষ করে দিয়েছে, এই বছর ছয় শত কোটি আমরা হারিয়েছি। আর সমস্ত রাজ্য—আমি এন. ডি. সি.'র মিটিং-এ গিয়েছিলাম, আমি তো বলেই যাচ্ছি। অন্য সমস্ত যাঁরা এসেছিলেন, এমন কি

কংগ্রেসের মুখ্যমন্ত্রীরাও বললেন যে এটা ঠিক তারপর আমরা দুবার তিনবার দেখা করে মনমোহন সিং এর সঙ্গে, প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, কিছুটা ওঁরা শুধরেছেন। কিন্তু যতটুকু তারা শুধরেছেন, আগামী বছরে কিছু হবে বলে আমার এখন ভরসা হচ্ছে না। যদি সবটা শুধরোন তারা, তবে কিছু হতে পারে। তারপর আমরা বলেছিলাম টাকা কোথায় পাবেন, ঠিকই তো টাকার দরকার ব্যাঙ্কাফ্‌ট যখন হয়েছি আমরা। আমরা বলেছিলাম বিকল্প প্রস্তাবে যে অভ্যন্তরীণেও আপনাদের কিছু আইন-কানুন বদলে, কিছু অ্যাডমিনিস্ট্রেশনটাকে ঠিক করে, প্রশাসনকে ঠিক করে আপনারা অনেক টাকা আদায় করতে পারেন। হয়তো হাজার কোটি টাকা অনাদায়ি হয়ে পড়ে রয়েছে, সেইগুলোর কোনও ব্যবস্থা হচ্ছে না। তারপর এখানে ৫০ হাজার কোটি টাকার ব্ল্যাক মার্কেট প্রতিবছর তৈরি হয়, তার থেকেও যদি চার পাঁচ হাজার কোটি টাকা ধরা যায় তাহলে তো আপনার আর ভিক্ষার ঝুলি নিয়ে ঘুরতে হয় না। আর আমরা বলেছিলাম যে এন. আর. আই., এদের হাতে অনেক টাকা আছে, বড় বড় লোক আছে, এদের যদি আপনারা ট্যাপ করেন, এদের সঙ্গে যদি যোগাযোগ করেন—এ অফিসার পাঠালে হবে না, আপনারা মন্ত্রীরা দিল্লি থেকে যদি যান সেই সব জায়গায়, ওদের আপনারা নিশ্চয়ই আনতে পারেন এখানে এবং সেটা খানিকটা সুফল হয়েছে। কারণ এখন যে ১৩ হাজার কোটি টাকা রিজার্ভসে আছে, তার অন্তত পাঁচ হাজার কোটি টাকা হচ্ছে এন. আর. আই. থেকে সেখানে এসেছে। এটা ধরুন আমরা যখন বলেছিলাম, আর একটু যদি প্রচেষ্টা হত তাহলে ১০/১৫ হাজার কোটি টাকা কিছু নয় সেখানে, এটা হতো। তাহলে আবার এ ভিক্ষার ঝুলি হাতে করে সমস্ত কনডিশনালিটি মেনে নিয়ে, মাথা নত করে আমাদের এই পথে যেতে হত না। কাজেই আপনাদের পুরানো কথা, এইগুলো একটু বলে দিলাম। কাজেই এই পুরনো কথাগুলো একটু বললাম। তারপর রাষ্ট্রায়ত্ত শিল্পগুলোর শেয়ার বিক্রি করা হচ্ছে। এখন পাবলিককে দেওয়া হচ্ছে না। ইউ. টি. আই. বা এই জাতীয় ব্যাঙ্কগুলো কিনছে। এও কিন্তু এ কন্ডিশনালিটিরই একটা। এর উদ্দেশ্য হচ্ছে শেষ পর্যন্ত ওদেরই দিয়ে দেওয়া, পাবলিক সেক্টর বলে যাতে বিশেষ কিছু আর না থাকে। আমরা বলছি পাবলিক সেক্টরের একদিন খুব প্রয়োজন ছিল তখন প্রাইভেট সেক্টর আসত না বড় বড় শিল্প করার জন্য। নেহেরুর সময়ের ইতিহাস ছেড়ে দিলাম, কিন্তু এখনও কতগুলো পাবলিক সেক্টর খুব ভাল চলছে। সেগুলোও কাউকে না কাউকে দিয়ে দিতে হবে! আর যেগুলো খারাপ চলছে—নিশ্চয়ই কিছু খারাপ আছে—সেগুলোর কেন এই অবস্থা হয়েছে? দক্ষতার অভাবে, না অন্য কোনও কারণে প্রতিবছরই লোকসানের পর লোকসান হচ্ছে, এটা নিশ্চয়ই দেখতে হবে। কর্মী এবং ম্যানেজমেন্টের সঙ্গে সরকারের বসে আলোচনা করা দরকার। এক একটার এক এক রকমের সমস্যা, সবার এক সমস্যা নয়। কিন্তু দিল্লী মনে করছে সবার এক সমস্যা, সারপ্লাস লেবার আছে। সব জায়গায় সারপ্লাস লেবার আছে সে জন্য শেষ হয়ে যাচ্ছে, লোকসান হচ্ছে, এটা ঠিক নয়। কেন্দ্রীয় সরকারের অনেক পাবলিক সেক্টরের লোকেরা আমার কাছে আসছে, তারা বলছে, 'আমাদের অর্ডার বই ভর্তি আছে, আরও দুবছর কাজ চলতে পারে। আমাদের উৎপাদন ইত্যাদির রেজাল্ট এইরকম হচ্ছে। কিন্তু আমাদের চালাবার জন্য যে-টুকু টাকা ব্যাঙ্ক থেকে বা অন্যান্য আর্থিক সংস্থা থেকে পাওয়া দরকার সেটা যদি না পাই তাহলে কি করে চালাব? আমরা চালাতে পারছি না। আপনি একটু বলুন।' আমি তাঁদের বললাম,—আমাকে আপনাদের কাগজপত্র দিন, আমি চিঠি লিখব। এ ছাড়া আমি

আর কি করতে পারি! এখন একটা জিনিস বাজারে খুব চলছে, পাবলিক সেক্টর করে নেহেরু সর্বনাশ করে গেছেন। প্রাইভেট হলে সব ঠিক হয়ে যাবে। তাই যদি হয় তাহলে আড়াই লক্ষ প্রাইভেট কারখানা রুগ্ন হয়ে আছে কেন? অনেক বন্ধ হয়ে গেছে, অনেক বন্ধ হতে চলেছে। অথচ সেগুলোর শতকরা ৯০ ভাগ টাকাই ব্যাঙ্ক থেকে, আর্থিক প্রতিষ্ঠান থেকে নেওয়া। কাজেই তাদের হাতে সব ছেড়ে দিলে সব ঠিক হয়ে যাবে! প্রতিবছর যারা ৫০,০০০ কোটি টাকার ব্ল্যাক মার্কেট করছে তাদের হাতে দেশ ছেড়ে দিলে স্বর্গ রাজ্য তৈরি হবে! যেমন আমেরিকায় হয়েছে, যেমন এখানে হবে! আর কত বড় লজ্জার কথা আমেরিকা এবং আই. এম. এফ-এর লোকেরা দিল্লিতে বসে আছে—ঠিকমতো বাজেট হয়েছ কিনা, ঠিকমতো ব্যবস্থা হচ্ছে কিনা, ভবিষ্যতে সব ঠিকমতো হবে কিনা, সেসব বসে বসে দেখছে। এটা কত বড় লজ্জার কথা একটা সার্বভৌম দেশের পক্ষে। আমাদের দেশে এই সব হচ্ছে। ওঁরা কেউ এ সব কথায় গেলেন না। পাবলিক সেক্টরের শেয়ার বিক্রি নিয়ে কি হচ্ছে তাও কি ওঁরা দেখতে পাচ্ছেন না! আমাদের সাইকেল কর্পোরেশন আছে, ইন্ডিয়া রবার আছে, কত নাম করব, এ রকম অনেকগুলো আছে, সেগুলোকে কেউ দেখল না। সেগুলোতে কোনও ম্যানেজমেন্ট নেই, কোনও পরিকল্পনা নেই, কোনও ব্যবস্থা নেই। সেগুলোতে ওঁরা শুধুই টাকা নষ্ট করেছেন। আমরা সে জন্য বলেছিলাম,—বি. আই. এফ. আর.-এর কাছে এ'সব কথা বলে, সারপ্লাস বলে পাঠাবেন না, এক একটার আলাদা সমস্যা আছে। কারও মার্কেট নেই, আগে ছিল, এখন নেই, সেটাতে অন্য রকম ব্যবস্থা করতে হবে, আরও কিছু করতে হবে। আর কিছু আছে যারা ব্যাঙ্ক থেকে সময় মতো টাকা পায় না বলে—যে পরিমাণ টাকা পাওয়ার কথা, পায় না বলে চলে না, টাকা দিলেই চলবে। এই রকম এক একটার এক এক রকম সমস্যা আছে। এই সমস্ত সমস্যা মোকাবিলা করার ক্ষেত্রে আমরা বলেছিলাম বি. আই. এফ. আর. ইজ নট্ ইক্যুইপড্ টু ডীল উইথ দি সিচ্যুয়েশন। কিন্তু আমাদের কথা তো শুনলেন না। এই যে টিটাগড় পেপার মিল বহু বছর বন্ধ, ইলেকশন এলেই কংগ্রেস বলে খুলে দেবে। এর চেয়ে বড় মিথ্যে কথা আর কিছু হয় না। এ' টিটাগড় নিয়ে যখন সব ঠিক হ'ল, আমরা ঠিক করলাম, যা রেকমেন্ডেড হয়েছিল সে অনুযায়ী আমরা আমাদের যা টাকা দেবার দিয়ে দিলাম। ওঁরা কিন্তু সেই রেকমেন্ডেশন অনুযায়ী বোম্বে থেকে টাকা দিচ্ছে না।

[6-30 – 6-40 P.M.]

চেয়ারম্যানকে আমি ডেকে পাঠিয়েছি, আপনারা টাকা দিচ্ছেন না কেন? আমাদের ১৮ কোটি টাকা খরচ করার কথা আছে, ইউ আর নট্ ডুয়িং এনিথিং। তাহলে এই লোকগুলো কি করবেন? অনেক লোক টাকা নিয়ে দেশে চলে গেছে। কিন্তু এখন সেখানে ১৫০০ লোক আছে। আমরা অনেক এনট্রাপ্রেনিওর খুঁজছি যদি ওখানে কিছু করতে পারেন। বিদেশ থেকে এক-আধজন এসেছেন, এখান থেকে তাঁরা খোঁজখবর করছেন। এই হচ্ছে বি. আই. এফ. আরের অবস্থা। এদের কথাকে শোনে? কি করবেন তাঁরা? আমাদের যা বলেন আমরা শুনি, শুনি, কিন্তু কেন্দ্রীয় সরকার বা এরা আই. ডি. বি. আই এঁরা শুনবেন কেন? কোনও কথা শুনছেন না। আমি ডেকে পাঠিয়েছি, দেখি কি করা যায়। তারপর একটা প্রশ্ন এসেছে সেটা হচ্ছে ইমপোর্টস, আমদানি। আমরা কি বলেছি? আমদানি কিছু জিনিস করতেই হবে। আমাদের

তেল আমদানি না করলে কি করে হবে? এইরকম অনেক কিছু আছে। আমরা বলেছি, মেশিনারি আমদানি করতে অনেক টাকার দরকার হয়। আমাদের সেখানে কথা ছিল, মেশিনারি আমদানি দরকার, কিন্তু আপনারা এমন মেশিন আনবেন না এমন ফ্যাক্টরি তৈরি করবার জন্য যেখানে মুষ্টিমেয় কিছু উপর তলার মানুষ, যারা বিত্তশালী মানুষ তাঁদের স্বার্থে তাঁদের জন্য জিনিসপত্র তৈরি করবেন। জনগণের জন্য তৈরি করবেন এমন সব মেশিনারির যদি দরকার হয় তাহলে আপনারা বিদেশ থেকে আনুন। আমরা তো আপত্তি করছি না সেখানে। ওঁরা শুনবেন না। ঐ এক কথা খুলে দিয়েছি, দরজা খুলে দিয়েছি, সবাই আসুন, আর্য, অনার্য সবাই আসুন। আমাদের সেল্ফ-রেসপেক্টের কোনও প্রয়োজন নেই, কারণ আমরা ব্যাঙ্করাপ্ট, আমাদের সেল্ফ-রিলাইয়েন্সের কোনও প্রয়োজন নেই। কিছু করা যাবে না, দুনিয়ার সঙ্গে মিলে হবে আমাদের। এইসব কথা বলা হচ্ছে, এইসব জিনিসগুলি করা হচ্ছে। এইসবের বিরুদ্ধে আমরা। ও. এন. জি. সির যে টাকা খরচ করা উচিত ছিল তা করেনি। আমি এক বছর ধরে লিখছি। এই নতুন পলিসি হবার আগে দেড় বছর ধরে আমি লিখছি কেন্দ্রীয় সরকারের কাছে। আমাদের পশ্চিমবঙ্গের সবাই বলে ফ্লোটিং অন অয়েল। কোথায় সেই অয়েল? এক ছিঁটেফোটা অয়েল বেরোয়নি। আমি বলেছি, যা কিছু আপনারা পাচ্ছেন অন্তত কিছু তথ্য দিন। ও. এন. জি. সির এক্সপার্টরা ওখানে আছে। আমি বলেছি, আমাকে একটু জানান না, আমি একটু বুঝতে চাই। আমার কাছে অনেকেই আসছেন, অনেক ইঞ্জিনিয়ার আসছেন। আমি নিজে তো এইসব বুঝি না। ইঞ্জিনিয়াররা এসে বলেছেন এইসব করলে অমুক হবে, তমুক হবে। এখন অবশ্য কিছু কিছু তথ্য ওঁরা দিতে আরম্ভ করেছেন। দীর্ঘ দেড় বছর ধরে এই কথাই বলছি। এখানে অয়েল প্রডাকশন ফল করেছে, বিদেশ থেকে অয়েল আনতে হবে, গেল ফরেন এক্সচেঞ্জ। এইসব দৃষ্টান্ত হিসাবে বলছি আপনাদের কাছে। আমাদের সারের কারখানা বন্ধ করে দেওয়া হচ্ছে হলদিয়াতে। আমি প্রধানমন্ত্রীকে বলেছিলাম আগের বার যখন দিল্লিতে দেখা হয়, আপনি সার কারখানা ওখানে বন্ধ করে দেবেন? এটা ভুল হয়েছিল, ভুল টেকনোলজি ওঁরা এনেছিলেন, সেটা আলাদা কথা, কিন্তু ১০।১৫ বছর ধরে ওখানে লোকজনগুলিকে আপনি বসিয়ে বসিয়ে টাকা দিচ্ছেন, কোনও রিভামপিং নেই, কোনও নতুন কোনও টেকনোলজির ব্যাপারে আপনারা কোনও কিছু করছেন না। আমাদের দেশে সার দরকার আছে, তা না হলে আমাদের দেশে এগ্রিকালচার হবে কি করে? কৃষি কি করে এগুবে—আর আপনি সেটাই বন্ধ করে দিচ্ছেন? আমি বলেছি, ১ হাজার কোটি টাকা আপনাদের নেই, ছেড়ে দিন, ২০০।২৫০।৩০০ কোটি টাকা খরচ করলে এটাকে ঠিক করা যায় কিনা? ওখানকার শ্রমিকরা, ইঞ্জিনিয়াররা সব, সিটু, আই. এন. টি. ইউ. সি, এ. আই. টি. ইউ. সি সব মিলিয়ে আমার কাছে এসেছিলেন। ওঁরা একটা স্কিম দিয়েছেন। আমি সেটা দিল্লিতে পাঠিয়ে দিয়েছি। কেউ তো দেখবেন এটা এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে আপনাদের দিল্লিতে? কিছু নেই। দরজা খুলে দিয়েছি, আসুন বিদেশিরা, তারা সব সার দেবেন তবে এগ্রিকালচার হবে। সেইজন্য এইসব বিষয়ে আমাদের আপত্তি আছে। আর সিক্-ইউনিট্স যেগুলি আমরা হাতে নিয়েছি এগুলি এল কি করে আমাদের হাতে? ঐ প্রাইভেট সেক্টর যারা স্বর্গ রাজ্য তৈরি করবেন তারা ব্যাঙ্ক থেকে টাকা মেরে, প্রভিডেন্ট ফান্ডের টাকা মেরে শ্রমিকদের ঠকিয়ে পালিয়ে গেছে। তারপর সেগুলি আমাদের ঘাড়ে এসে পড়ে। কি করব? কংগ্রেস আমলেও ওঁরা এইরকম ২।৪টি নিতে বাধ্য হয়েছিলেন, আমরাও

নিয়েছি কয়েকটি। সেগুলিকে কি করে লাভজনক করা যায় সেই ব্যাপারে শ্রমিকদের সঙ্গে, কর্মচারিদের সঙ্গে, তারপর অফিসারদের সঙ্গে আলোচনা করে দেখছি। কিছু কিছু উন্নতি লক্ষ্য করা যাচ্ছে, কিন্তু সবটা আমাদের একেবারেই হয়নি—এ বিষয়ে সন্দেহ নেই। আমরা দেখছি কি করা যায়। কেন্দ্রীয় সরকারের মতোন হঠাৎ বন্ধ করে দিলাম—তা আমরা করতে পারব না। আমাদের দায়িত্ব কিছু আছে, যতটা পারি আমরা সাহায্য করার চেষ্টা করছি আরও যাতে উন্নততর ব্যবস্থায় আনা যায় তারজন্য ব্যবস্থা করছি। তারপর হচ্ছে লাইসেন্সিং পলিসি। প্রথমত, ফ্রেট-ইক্যুয়ালাইজেশন শুনলেন ১২ বছর লেগেছে, কিছু বলেননি। ডাঃ রায়কে ঐ একটা দুর্গাপুর ঠেকিয়ে দিয়ে ফ্রেট-ইক্যুয়ালাইজেশন করে নিল কৃষ্ণমাচারি। ফিনিশড ওয়েস্ট বেঙ্গল ইজ ফিনিশড। আর কিছু করার ছিল না আমাদের, আর বললে ঐদিকে কারখানা হবে না, শুধু পশ্চিমবাংলায় হবে? আপনারা তো ইংরেজ আমলে সুবিধা পেয়েছেন। তারপর নিজেরা কমিটি করলেন। সেই কমিটির রায় ওঁরা মানলেন না, এই জিনিস আমরা দেখলাম। সেইজন্য এই যে অবস্থা আমাদের পশ্চিমবাংলায় হয়েছে এটা তো একদিনে হয়নি, আর তখন কত সুবিধা ছিল, দিল্লিতে কংগ্রেস সরকার আর এখানেও কংগ্রেস সরকার কিন্তু একদিন কোনও একটা প্রতিবাদ হয়েছে? এখন প্ল্যানিং কমিশন ইত্যাদি ওঁদের বলাতে আংশিকভাবে ওঁরা করেছেন। আমাদের শিল্পপতিরা নাকি বলেছেন যে আমাদের সুবিধা হয়েছে, একটা লাভ হবে, ইনভেস্ট করতে সুবিধা হবে ওঁরা বলেছেন, এই কথা বিরোধীদলের বড় বড় নেতা আছেন তাঁদের এসব কথা একবারও মনে পড়ে না। তারপর একটা কথা হচ্ছে যে মাননীয় মনমোহন সিং মহাশয় কতকগুলি নীতি নিয়েছেন, সেই নীতি অনুযায়ী ব্যবস্থা করছেন। আমি বলি আমরা কি করব, আমরা কি ভারতবর্ষের বাইরে? একটা ধনতান্ত্রিক, সামন্ততান্ত্রিক ব্যবস্থার মধ্যে আমাদের রাজ্যের কাজ প্ল্যানিং কমিশনের নীতিগুলি গ্রহণ করার উপায় নেই। তার সঙ্গে সামঞ্জস্য রেখে সেইসব মানুষের পক্ষে আলোচনা করে কাজ করার আমাদের প্রাইভেট সেক্টার, স্টেট সেক্টার এবং জয়েন্ট সেক্টার আমাদের ভিতরে সবই আছে, তিনটিই সংবিধানে লেখা আছে, সে সবের ব্যাপারে নয়, ৪৪ বছর ধরে ধনতান্ত্রিক পথে সামন্ততন্ত্রকে বাঁচিয়ে রেখে এখানে ব্যবস্থা হচ্ছে, ভূমি সংস্কার হয়নি, পঞ্চায়েত হয়নি। তার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে, এটার দৃষ্টিভঙ্গি কি? মাননীয় মনমোহন সিংকে হেসে বলেছিলাম আপনি আর যাকে অপোজ করুন, আমাদের ডি-লাইসেনসিংয়ের ব্যাপারে অপোজ করবেন না। আমি বলেছিলাম ঠিকই বলেছেন আমার অন্তত পশ্চিমবঙ্গের স্বার্থের জন্য ইস্টার্ন রিজিয়নের আমাদের এটার বিরোধিতা করা উচিত নয়। আপনি ভেবে দেখুন আমরা কি করব? লাইসেন্সের ব্যাপারে আগে অ্যাপ্লাই করলে দিল্লি আমাদের দিত না, এখনও ব্লাস্ট ফারনেসের ব্যাপারে যারা অ্যাপ্লাই করছে তাদের বলছে মধ্যপ্রদেশে যাও অমুক জায়গায় যাও, এতদিন ধরে এসেছেন, এখন বলার উপায় নেই। যাঁরা ইস্পাত কারখানা করতে চান তাঁদের বলছি এখানে হলদিয়া এবং খড়গপুরে ৫০০/৬০০ একর জমিতে যাতে ইস্পাত কারখানা গড়ে ওঠে, খড়গপুরে ব্লাস্ট ফারনেস তৈরি হয়েছে, টাটা করেছেন এইগুলিতে অসুবিধা। ব্যাকওয়ার্ড স্টেট যারা আছে তাঁদের জন্য কোনও প্ল্যানিং যদি না থাকে, সর্বভারতীয় ক্ষেত্রে আমাদের ভাবতে হবে, অন্তত আমরা তাই চাই। আগে থেকে বলেছিলাম এটা দেখতে হবে, এর জন্য কি করবেন? আমরা বুঝে নেব, বড় বড় স্টেট যারা আছে আমরা প্রতিযোগিতা করব আমাদের যা ইনফ্রাস্ট্রাকচার যারা ভাল করতে পারবে, দক্ষ শ্রমিক দিতে পারবে তারা লাভবান হবে।

তারপর এখানে আর একটা প্রসঙ্গে বলা হয়েছে যে হলদিয়া—আমার কাছে দাবি করা হয়েছে কোন তারিখে এবং কোন সনে আপনি এটা সম্পূর্ণ করবেন—এর অর্থটা কি? নির্বাচনের কোনও কাজে লাগবে? ১২ বছর লেগেছে শিলান্যাস করতে, তখন তো বলেনি, মাননীয় রাজীব গান্ধী যখন গত নির্বাচনে—আমি তখন দিল্লিতে ছিলাম—আমাকে খবর দিয়েছিলেন শিলান্যাস করে এটা করতে পারলে অনেক এমপ্লয়মেন্ট হবে, ডাউন স্ট্রীমে। আমি তাঁকে বলেছিলাম যে চিঠি দিন, না হলে আমি যাব না, চিঠি দিলেন, শিলান্যাস হয়ে গেল। কেন সময় নষ্ট করলেন, আগে আমাদের সরকারের আমলে হলে ৭০০/৮০০ কোটি টাকায় হয়ে যেত, এখন বললেন ৩ হাজার কোটি টাকার কথা। উনি মন্ত্রী ছিলেন, আমি সেইসব কথার মধ্যে যাচ্ছি না, আমার কথা হচ্ছে যেটা ৭০০/৮০০ কোটি লাগত সেটা ৩ হাজার, এ' নীতিতে হল, এখন আবার ৩ হাজার টা সাড়ে চার হাজার হয়েছে। তারপর ডঃ মনমোহন সিং বলেছিলেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সঙ্গে কথা বার্তার কথা, ওদের সঙ্গে আমাদের টেকনোলজি করা হবে এটা ঠিক হয়ে আছে, একটা আমেরিকান একটা জাপানী, আমরা যখন বলেছিলাম কি করা যাবে, তখন নূতন নীতি অবমূল্যায়ন পলিসি হল টাকার দাম কমাতে হবে।

[6-40 – 6-50 P.M.]

বললেন মূল্য কমানো হবে। তারপর সেটা ঢেলে সাজাতে হল। কেন্দ্রীয় সরকার এরজন্য ৩ হাজার কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ রাখবেন—এসব কথা হয়েছে। সেখানে যাদের স্থানান্তরিক করতে হবে তাদের নিয়ে আমাদের একটা মামলা ছিল। তবে সেখানকার জনগণ সহযোগিতায় করায় সেই মামলা এখন খারিজ হয়ে গেছে। এখনও এর এনভায়রনমেন্টাল ক্লিয়ারেন্স আমরা পাইনি। তবে বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছি—সেটা পাওয়া যাবে। এক্ষেত্রে দরবারী শেঠ এবং রতন টাটা এগিয়ে এসেছেন। এখন আমরা কত দ্রুত গতিতে এই কাজে এগোতে পারি সেটা দেখছি এটুকু বলতে পারি। এতে অসুবিধা কোথায়? কংগ্রেস ভাবছেন যে, এসব ভাল কাজ যদি হয়ে যায় তাহলে নির্বাচনে কোথায় দাঁড়াবেন! আজ একটা সরকার হবে, কাল হয়ত আর একটা সরকার হবে, কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ চিরদিন থাকবেন। আজকে ইলেকট্রনিক্সে বাধা, পেট্রো-কেমিক্যালসে বাধা, যে শিল্পই করতে চাই না কেন তাতে ওদের বাধা। তবে চিৎকার করে এটা ঠেকানো যাবে না। এটা পশ্চিমবঙ্গে হচ্ছে, পশ্চিমবঙ্গে হবে—এ বিষয়ে সন্দেহ নেই।

আর একটি কথা এখানে হয়েছে। আমরা আই. এম. এফ. এর কনডিশনালিটির কথা বলায় ওরা বলেছেন—আপনাদেরও তো ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে যুক্ত প্রকল্প রয়েছে! আমাদের ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে যে প্রোজেক্ট সেটা হচ্ছে মাইনর ইরিগেশন। ওরা এলেন, আলোচনা হল। ওরা বললেন যে, এত টাকা দেবেন, সহযোগিতা দেবেন, কিন্তু কাজের পদ্ধতি হল—সরকার থেকে কন্ট্রাক্টর দিয়ে কাজটা করতে হবে। আমরা বললাম, আমাদের এখানে সেটা হবে না। আমাদের এখানে কাজটা আমরা লোকাল গভর্নমেন্টের মাধ্যমে করতে চাই। ওরা রাজি হয়ে চলে গেলেন। তারপর আবার এসে বললেন—এটা খুবই ভাল জিনিস, কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ভারতবর্ষের অন্যান্য জায়গায় যেসব স্কিম রয়েছে সেখানে এইভাবে

কাজ হয় না—আমাদের সার্টিফিকেট দিয়ে গেলেন। সেইসঙ্গে তারা বললেন, বেনিফিশিয়ারী যারা তাদের যদি এর মধ্যে ইনডাক্ট করতে পারেন তাহলে এর থেকে ভাল জিনিস হতে পারে না। ওদের সঙ্গে যেসব কথা হয়েছে তাতে আর কোনও কনডিশনালিটি তো নেই! আই.এম.এফ. এর কথা বলতে পারি না, তবে খানিকটা পিছনে তাকালে সি. এম. ডি. এ. ওদের সঙ্গে কাজ করেছিলেন।

তারপর বলছি, জয়নাল আবেদিন ১ কোটি চাকরির কথা বলছিলেন। কিন্তু নির্বাচনের আগে ওদের যে প্রতিশ্রুতি তার কি হল? এর উপর দাঁড়িয়েই তো কংগ্রেস এবারে নির্বাচন করেছিলেন! হেরে গেলে দেয় প্রতিশ্রুতি তো যায় না! কিন্তু কিছুই তো তো করতে পারেননি। এরজন্য মানুষের কাছে আপনাদের ক্ষমা চাইতে হবে। উনি ডি. পি. এল. এর কথা বলছিলেন। ডি পি. এল. কাউকে দেওয়া হচ্ছে না। আমাদের কোক আছে যা স্টীল প্ল্যান্ট এবং হলদিয়ায় দরকার। এখন টাটারা কোক কিনছেন আমাদের কাছ থেকে। এটা দরকার আছে। সেজন্য বিড়লাদের সঙ্গেও কথা হয়েছে এবং তারা বলেছেন এই কোক তারাও ব্যবহার করবেন। তবে তারা বলেছেন যে, অ্যাশিওরড কোক পাওয়া যাবে কিনা? আমরা বলেছি, টেকনিক্যাল লোক থাকলে এসে কথা বলুন, কোনও অসুবিধা নেই। এটা আমরা বলেছি। এতে অন্যায় কিছু হয়নি। দেশের ভাল হলে আপনাদের খুব জ্বালা হয়। কিন্তু দেশের স্বার্থে আমাদের এসব কথা বলতে হয়।

আর একটি কথা বলে শেষ করছি। সেটা হচ্ছে, কংগ্রেসের এইরকম মনোভাব আছে বলে আমাদের সুবিধা। মনোভাবটা কি? সেটা হল—দেশের অগ্রগতিই যদি হয়ে গেল তাহলে আমরা কোথায় দাঁড়াব? কংগ্রেস কি বলবে মানুষের কাছে? আমার মনে আছে, রাজীব গান্ধী যখন পঞ্চায়েত নিয়ে ইস্টার্ন রিজিয়নে একটা সম্মেলন করতে চেয়েছিলেন তখন আমি বলেছিলাম, আপনি কি করবেন, আমরা না হয় কিছু টাকা খরচ করব। পঞ্চায়েত হচ্ছে স্টেট সাবজেক্ট, আপনি আসুন, কাকে আমন্ত্রণ করতে হবে বলুন, আমরা লিস্ট পাঠিয়ে দিচ্ছি। আমরা চমৎকার মিটিং করেছি। চারিদিক থেকে লোক এসেছে। সেখানে তিনি বললেন, যা খবর পাচ্ছি চারিদিক থেকে তাতে পশ্চিমবাংলায় খুব ভাল পঞ্চায়েত হয়েছে। উনি বোধহয় কর্ণাটকের নামও করেছিলেন যে সেখানেও ভাল পঞ্চায়েত হয়েছে বলে শুনেছি। কংগ্রেসের কিছু চেলা-চামুন্ডা বললেন, আপনি এটা বললেন, "সর্বনাশ হয়ে গেল", আমরা তাহলে ইলেকশনে কি বলব? আমাদের বলার কিছু নেই। এই জিনিস আমরা দেখেছি। এই রকম মনোভাব যদি থাকে তাহলে কংগ্রেস সর্বনাশ করবে দেশের। তবে কংগ্রেসের মধ্যে সকলেই এই মনোভাবের লোক নয়, এটা হতে পারে না। সে জন্য আমি আশা করব যে আপনারা যে বাধা দিয়েছিলেন, আমার মিটিং থেকে বেরিয়ে গিয়েছিলেন দিল্লিতে, এগুলি করবেন না। যেগুলিতে জনগণের মঙ্গল হবে সেগুলি করুন। খড়গপুরের আপনাদের যে লীডার আছেন, উনি কি অখুশি ওখানে যা হচ্ছে? উনি কতবার বলেছেন, আপনি একটু দেখুন, ইউনিয়নে ইউনিয়নে ঝগড়া করছে। আমি বলেছি যে আপনারাও চেষ্টা করুন, আমিও চেষ্টা করছি। আপনাদের আই. এন. টি. ইউ. সি আছে, আপনিও চেষ্টা করুন, আমিও চেষ্টা করছি। এই রকম অ্যাটিচ্যুড না হলে দেশের আমরা কি করব? **(কংগ্রেস বেঞ্চ থেকে নয়েজ)** এই যে, এই লোকগুলো হচ্ছে জনপ্রতিনিধি। দুঃখের বিষয়, এরা আবার নির্বাচিত হবেন।

Demand No.24

Mr. Speaker : There are three cut motions to Demand No.24. I now put all the cut motions to vote.

The motions of Shri Abdul Mannan and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs.100/-, were then put and lost.

The motions of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.10,37,00,000 be granted for expenditure under Demand No.24, Major Head : "2058-Stationery and Printing."

(This is inclusive of a total sum of Rs.2,59,25,000 already voted on accout in March, 1992) was then put and agreed to.

Demand No.53

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.11,90,00,000 be granted for expenditure under Demand No.53, Major Heads : "2407-Plantations, 4407-Capital Outlay on Plantations and 6407-Loans for Plantations."

(This is inclusive of a total sum of Rs.2,99,75,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Demand No.75

Mr. Speaker : There are six cut motions to Demand No.75. All of them are in order. I put to vote all the cut motions except Nos.5 & 6 on which I understand a Division will be damanded.

The motions of Dr. Manas Bhunia (Nos.1) that the amount of the Demand be reduced to Re.1/-, and of Shri Deba Prasad Sarkar and Shri Abdul Mannan that the amount of Demand be reduced by Rs.100/- were then put and lost.

[6-50 - 7-00 P.M.]

The motions of Shri Abdul Mannan and Shri Saugata Roy (No.5 & 6) that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and a division taken with the following results :

NOES

Abdul Haque, Shri

Abdur Razzak Molla, Dr.

Abul Basar, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Adhikari, Shri Nityananda

Bagdi, Shri Bijoy

Bal, Shri Saktiprasad

Basu, Shri Jyoti

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath,

Barman, Shri Jogesh Chandra

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kamalakshi

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Anjan

Das, Shri Debesh

Das, Shri Nirmal

Das, Shri Paresh Nath

Das, Shri S. R.

Das, Shri Soumindra Chandra

Das, Shri Trilochan

Deb, Shri Goutam

Dey, Shri Lakshmi Kanta

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Bidyut

Gayen, Shri Nripen

Ghosh, Shri Malin

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Sachindra Nath

Hazra, Shri Sundar

Hembram, Shrimati Arati

Jahangir Karim, Shri Sk.

Jamadar, Shri Badal

Kisku, Shri Lakshmi Ram

Kuju, Shri Sushil

Mahata, Shri Kamala Kanta

Mehta, Shri Nishikanta

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Malik, Shri Sreedhar

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Biswanath

Mondal, Shri Dhiren

Mondal, Shri Ganesh Candra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Sailendranath

Manna, Shri Jammenjoy

Md. Ansaruddin, Shri

Md. Yakub, Shri

Minj, Shri Prakash

Mitra, Shri Biswanath

Mitra, Shrimati Jayasree

Moitra, Shri Birendra Kumar

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Murmu, Shri Sarkar

Nazmul Haque, Shri

Oraon, Shri Jagannath

Pathak, Shri Patit Paban

Pramanik, Shri Abinash

Putatunda, Shrimati Anuradha

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

Roychowdhury, Shri Goutam

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhiren

Sengupta (Bose), Shrimati Kamal

Seth, Shri Lakshman Chandra

Shaw, Shri Pravin Kumar

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sk. Nazmul Haque, Shri

Toppo, Shri Salib

AYES

Bandyopadhyay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Das, Shri Sailaja Kumar

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Mukherjee, Shri Sibdas

Roy, Shri Saugata

Rubi Nur, Shrimati

Seth, Shri Bhupendra Nath

Abst :

1) Purkait, Shri Probodh

2) Sarkar, Shri Deba Prasad

Ayes being 9 and Noes 97 the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.26,63,18,000 be granted for expenditure under Demand No.75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs.6,66,00,000 already voted on accout.)

was then put and agreed.

Demand No.76

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.1,31,20,000 be granted for expenditure under Demand No.76. Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (This is inclusive of a total sum of Rs.32,80,000 already voted on account in March, 1992),

was then put and agreed to.

Demand No.87

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.3,27,00,000 be granted for expenditure under Demand No.87, Major Head : "5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions"

(This is inclusive of a total sum of Rs.81,75,000 already voted on Accounts in March, 1992) was then put and agreed to.

Demand No.88

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.2,79,73,000 be granted for expenditure under Demand No.88. Major Head : "3475—Other General Economic Services".

(This is inclusive of a total sum of Rs.70,00,000 already voted on account in March, 1992),

was then put and agreed to.

Demand No.93

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.68,56,00,000 be granted for expenditure under Demand No.93, Major Heads : "4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other industries and Minerals (Excluding Public Undertaking)".

(This is inclusive of a total sum of Rs.17,14,00,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Demand No.94

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.16,50,00,000 be granted for expenditure under Demand No.94, Major Heads : "4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries".

(This is inclusive of a total sum of Rs.4,12:50,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Demand No.95

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.17,34,00,000 be granted for expenditure under Demand No.95, Major Heads : "4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries.

(Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs.4,33,50,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Demand No.96

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs.9,69,00,000 be granted for expenditure under Demand No.96, Major Heads: "6875—Loans for Other Industries and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Close and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs.2,42,25,000 already voted on account in March, 1992) was then put and agreed to.

Demand No.97

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.55,00,000 be granted for expenditure under Demand No.97, Major Head: "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs.13,75,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Demand No.74

Mr. Speaker: There are Six cut motions. I now, put all the cut motions to vote, except cut motion No.1 on which I understand Division will be demanded.

The motions of Shri Abdul Mannan and Shri Prabir Banerjee (Cut motion No.2-6) that the amount of Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Shri Subrata Mukherjee (cut motion No.1) that the amount of Demand be reduced by Rs.100/- was then put and a Division was taken with following results:

NOES

Abdul Haque, Shri

Abdur Razzak Molla, Dr.

Abul Basar, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Adhikari, Shri Nityananda

Bagdi, Shri Bijoy

Bal, Shri Saktiprasad

Basu, Shri Jyoti

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath,

Barman, Shri Jogesh Chandra

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Benoy Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kamalakshi

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Anjan

Das, Shri Debesh

Das, Shri Nirmal

Das, Shri Paresh Nath

Das, Shri S. R.

Das, Shri Trilochan

Deb, Shri Goutam

Dey, Shri Lakshmi Kanta

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Ganguly, Shri Bidyut

Gayen, Shri Nripen

Ghosh, Shrimati Chhaya

Ghosh, Shri Malin

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Sunil Kumar

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Sachindra Nath

Hazra, Shri Sundar

Hembram, Shrimati Arati

Jahangir Karim, Shri Sk.

Jamadar, Shri Badal

Kisku, Shri Lakshmi Ram

Kujaur, Shri Sushil

Mahata, Shri Kamala Kanta

Mehta, Shri Nishikanta

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Malik, Shri Sreedhar

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Biswanath

Mondal, Shri Dhiren

Mondal, Shri Ganesh Candra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Sailendranath

Manna, Shri Jammenjoy

Md. Ansaruddin, Shri

Md. Yakub, Shri

Minj, Shri Prakash

Mitra, Shri Biswanath

Mitra, Shrimati Jayasree

Moitra, Shri Birendra Kumar

Mozammel Haque, Shri

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Murmu, Shri Sarkar

Nazmul Haque, Shri

Oraon, Shri Jagannath

Pathak, Shri Patit Paban

Putatunda, Shrimati Anuradha

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

Roychowdhury, Shri Goutam

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhiren

Sengupta (Bose), Shrimati Kamal

Seth, Shri Lakshman Chandra

Shaw, Shri Pravin Kumar

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sk. Nazmul Haque, Shri

Toppo, Shri Salib

AYES

Abedin, Dr. Zainal

Bandyopadhyay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Das, Shri Sailaja Kumar

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Mukherjee, Shri Sibdas

Roy, Shri Sougata

Rubi Nur, Shrimati

Seth, Shri Bhupendra Nath

Abst :

1) Purkait, Shri Probodh

2) Sarkar, Shri Deba Prasad

Ayes being 10 and Noes 95 the motions was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.30,79,15,000 be granted for expenditure under Demand No.74, Major Heads : "2852—Industries (Closed and sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6857—Loans for Chemical and Pharmaceuticals Industries (Closed and Sick Industries), 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs.7,69,80,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

[7-00 - 7-04 P.M.]

Demand No.92

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.49,10,00,000 be granted for expenditure under Demand No:92, Major Heads : "4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Public Undertakings), 4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Public Undertakings), 6401—Loans for Crop Husbandry (Public Undertakings), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.12,27,55,000 already voted on account in March, 1992.), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.04 p.m. till 11.00 a.m. on Friday, the 5th June 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 5th June 1992 at 11.00 A.M

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 1 Minister of State and 131 Members.

Starred Question

(To which oral answers were given)

কেন্দ্র কর্তৃক দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে কমিটি

*৯৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩) **শ্রী দিলীপ মজুমদার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দ্রব্যমূল্য বৃদ্ধি রোধের জন্য কেন্দ্র কোনও কমিটি গঠন করেছিল কি না ; এবং

(খ) করে থাকলে, সে সম্পর্কে জানাবেন কি না?

[11-00—11-10 A.M.]

শ্রী নরেন্দ্রনাথ দে :

(ক) এ বিষয়ে রাজ্য সরকারের খাদ্য দপ্তরের কাছে কোনও তথ্য নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী অঞ্জন চ্যাটার্জি : আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে ১৪টা নিত্য প্রয়োজনীয় জিনিস ন্যায্য মূল্যে সরবরাহ করার যে প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছিল, সেই ব্যাপারে তারা কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

শ্রী নরেন্দ্রনাথ দে : মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে দিল্লিতে যখন ফুড অ্যাডভাইসারি কমিটির বৈঠক হয়েছিল তখন কেন্দ্রের পক্ষ থেকে বলা হয়েছিল যে চাল, গম, চিনি ছাড়াও আরও অন্যান্য কয়েকটা জিনিস রেশন দোকানের মাধ্যমে সস্তায় দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। এটা ম্যানুফ্যাকচারারদের সাথে কথা বলা হয়েছে, যদি সস্তায় কিছু দেওয়া যায় দেওয়া হবে।

শ্রী অঞ্জন চ্যাটার্জি : মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের রাজ্যে রেশন দোকানের মারফৎ

যেসব জিনিস দেওয়া হয়, তার থেকে নতুন কোন জিনিস বাড়ানোর কথা আপনারা চিন্তা করছেন কি?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ কয়েকদিন আগে বাজেট বিতর্কের জবাবি ভাষণে আমি বলেছিলাম যে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে আরও কয়েকটা জিনিস দেওয়ার ব্যবস্থা আমরা করছি। তার মধ্যে সাবান, চা ইত্যাদি আছে। তাছাড়া ধুতি, লুঙ্গী, শাড়ি ইত্যাদিও দেওয়ার প্রস্তাব আছে, এটা আমরা পরে দেব।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ আপনি কি মনে করেন, এই যে রেশন দোকানের মারফৎ যেসব দ্রব্য আমাদের রাজ্য সরকার দিচ্ছে তার ফলে সাধারণভাবে এই রাজ্যে দ্রব্যমূল্যবৃদ্ধি কিছুটা প্রশমিত করা গেছে?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ আমাদের বামফ্রন্ট সরকারের এটা বিশ্বাস এবং এই বিশ্বাসের মাধ্যমেই আমরা রেশন দেকানের মাধ্যমে কিছুটা জিনিস দিই ও ১৪টা নিত্যপ্রয়োজনীয় জিনিস দেওয়ার কথা বলছি এবং এর ফলে সেই জিনিসগুলোর উর্ধ্বগতি কিছুটা রোধ করা যাবে এটা পরীক্ষিত। বোম্বে, দিল্লি, মাদ্রাজ এই তিনটে স্টেটের সাথে তুলনামূলকভাবে আমাদের রাজ্যের কলকাতার মূল্যস্তর কিছুটা কম। অন্যান্য এশেনসিয়াল দ্রব্যের ক্ষেত্রে, এই বছরের একটা হিসাবে দেখা যাচ্ছে যে চালের দাম অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে খুব কম বৃদ্ধি হয়েছে।

শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকার রেশনের মাধ্যমে যে চিনি দেন তাতে কত পরিমাণ সাবসিডি দেন?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ তথ্যটা আমার ঠিক জানা নেই।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, রাজ্যে যে সমস্ত অতি মুনাফাখোর এবং কালোবাজারি আছেন বিভিন্ন জায়গাতে, তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য বা এদের কে ধরবার জন্য আপনার দপ্তরের কোনও পরিকল্পনা আছে কি না বা থাকলে কী আছে?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ মাননীয় সদস্য জানেন যে, এই ব্যবস্থা প্রতিনিয়ত নেওয়া হচ্ছে এবং যদি কোনও সুনির্দিষ্ট অভিযোগ আমাদের কাছে আসে তাহলে আমাদের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কাজ করে এবং এই মুহূর্ত্তে এই রকম তথ্য আমাদের হাতে নেই। গত বছর ই. সি. অ্যাক্টে কয়েক কোটি টাকার দ্রব্য অ্যাটক করেছি। ৪৫০র বেশি অভিযুক্ত করা হয়েছে।

শ্রী গৌতম রায়চৌধুরি ঃ আমাদের রাজ্য সরকারের ১৪টি নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরবরাহের ব্যাপারে যে প্রস্তাব, সেটা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেননি। গত ৩ মাসে নিত্যপ্রয়োজনীয় মূল্যবৃদ্ধির হার সম্পর্কে কিছু জানা আছে কি? যদি জানা থাকে তাহলে জানাবেন।

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ মাননীয় সদস্য যে বিষয়টা জানতে চেয়েছেন—এই তথ্য আমার কাছে নেই। পরে কোনওদিন সুযোগ পেলে এই হাউসে জানিয়ে দেব।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, উনি অনেক জায়গাতে কালোবাজারি, মজুতদারদের গ্রেপ্তার করবার কথা বললেন, ওঁনার কাছে কি কোনও হিসাব আছে জেলাওয়ারি কতজন গ্রেপ্তার হয়েছে সর্বমোট। প্রাদেশিক লেভেলে কত গ্রেপ্তার হয়েছে? কত টন মাল উদ্ধার হয়েছে?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ বাজেট বিতর্কে কথাগুলি বলেছিলাম। প্রায় ৫ কোটি টাকার বেশি মূল্যের মাল আটক করা হয়েছে। ৪৫০য়েরও বেশি অভিযোগ দায়ের করা হয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, প্রথমত আমার জিজ্ঞাস্য, এই যে পদক্ষেপ নিয়েছেন বলছেন। যদি পদক্ষেপই নিয়ে থাকেন তাহলে মূল্যবৃদ্ধির হার ক্রমবর্ধমান কেন? গ্রেপ্তার করবার সংখ্যাটা কত? এবং তার মধ্যে কতজন অভিযুক্ত হয়েছে? কনভিকটেডের সংখ্যাটা বলতে পারবেন কি?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ প্রথম প্রশ্ন হচ্ছে, মূল্যবৃদ্ধি হচ্ছে এটার অনেক কারণ আছে। আমি বলছি না যে পশ্চিমবাংলায় মূল্যবৃদ্ধি হচ্ছে না। ভারতবর্ষ একটা দেশ এবং এটা অঙ্গরাজ্য, সুতরাং মূল্যবৃদ্ধি রোধ করা সম্ভব নয়। কিন্তু যেটা করা গেছে এবং যে বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে, মূল্যবৃদ্ধির গতিটাকে রোধ করা।

[11-10—11-20 A.M.]

অন্তত যে রেটে মূল্যবৃদ্ধি অন্যান্য জায়গায় হচ্ছে, আমাদের এই রাজ্যে সেই রেটে হচ্ছে না। আমি একটা উদাহরণ দিই, চালের দাম এক বছরে অল ইন্ডিয়া অ্যাভেরেজ ২৪ পারসেন্ট বৃদ্ধি হয়েছে, সেখানে আমাদের স্টেট ওয়েস্ট বেঙ্গলে ১৭ পারসেন্ট বৃদ্ধি হয়েছে। অর্থাৎ বৃদ্ধি রোধ করতে পারছি না ঠিকই, কিন্তু গতির হার রোধ করা সম্ভব হচ্ছে। আর দ্বিতীয় প্রশ্নের ব্যাপারে বলি, আমি যে সংখ্যাটা বলেছি সেটা অভিযুক্তদের, বিচার করার পর শাস্তি পাওয়ার সংখ্যাটা আমার কাছে নেই।

শ্রী শীশ মহম্মদ ঃ মন্ত্রী মহাশয় বললেন যে বেশ কিছু পরিমাণ খাদ্যদ্রব্য তারা ধরেছেন। সম্ভবত বি, এস, এফ ধরেছে। এই যে খাদ্যদ্রব্য তারা ধরেছেন তার ৮০ পারসেন্ট বি, এস, এফ তাদের বন্ধু স্মাগলারদের প্রোটেকশন দেওয়ার জন্য এইটা ধরেছেন। এই সম্পর্কে তথ্য আছে যে তারা কাজ করছে এইটা বোঝাবার জন্য এই রকম করেছে যাতে তাদের কাজ যে জেনুইন সেটা বোঝাবার জন্য?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ যে পরিমাণ অর্থের জিনিসপত্র আটক করা হয়েছে বলে আমি

বলেছি সেটা বর্ডারের বি, এস, এফ-এর সেটা নয়। সেটা হচ্ছে ই, সি, অ্যাক্টে বর্ডারের বাইরে যেটা করা হয়েছে সেটা।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি কেন্দ্রীয় সরকার রেশনে চালের দাম ৮৫ পয়সা বৃদ্ধি করলেন, এর পরে কয়েকদিন আগে ঘোষণা শুনলাম রেশনে চালের দাম কিছু কমিয়েছেন ৩০ পয়সা হারে। এই সম্পর্কে রাজ্য সরকারের কাছে কোনও তথ্য এসে পৌঁছেছে কিনা?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ কেন্দ্র যে চালের দাম বৃদ্ধি করেছেন সেটা ৮৮ পয়সা। সেটা পরে কমানোর কোনও খবর আমাদের কাছে আসে নি।

শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই ৫ কোটি টাকার যে মাল মজুতদারের কাছ থেকে উদ্ধার করা হয়েছে তা রেশন ব্যবস্থার মাধ্যমে বন্টন হবে কি?

শ্রী নরেন্দ্রনাথ দে ঃ যে মাল উদ্ধার করা হয়েছে সেটা গণবন্টন ব্যবস্থার মধ্য দিয়ে দেওয়া হবে।

স্টেডিয়াম নির্মাণের জন্য কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ

*৯৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৯) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে স্টেডিয়াম নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা সাহায্য পাওয়া গেছে ; এবং

(খ) এই পাওনা টাকা কোন কোন স্টেডিয়াম নির্মাণের জন্য খরচ করা হয়েছে?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ (ক) ও (খ) উক্ত আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকার যুবভারতী ক্রীড়াঙ্গনের দ্বিতীয় পর্যায়ের বকেয়া খরচ মেটানোর জন্য ৩৯.৫০ লক্ষ টাকা অনুদান দিয়েছেন। এছাড়া উক্ত বৎসরে স্টেডিয়াম নির্মাণের জন্য আর কোনও কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায়নি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি যুব ভারতী ক্রীড়াঙ্গনে ১৯৯১-৯২ ছাড়া কেন্দ্রীয় সরকার মোট কত টাকা দিয়েছেন এবং তার কতটা ঋন, কতটা অনুদান এবং কিভাবে ফেরত দিতে হবে? আর কোনও সোর্স থেকে স্টেডিয়াম নির্মাণের জন্য আর কোনও টাকা পেয়েছেন কিনা?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ প্রথম ১৯৮৭ সালে ১০ কোটি টাকা দেওয়া হয়েছিল এই স্টেডিয়ামকে সাফ গেমসের আগে নির্মাণের জন্য উপযুক্ত করে বলা হয়েছিল ব্যয়বৃদ্ধি জনিত পরিস্থিতিতে স্টেডিয়াম যদি আটকে যায় তাহলে আরও টাকা দেবো। পরবর্তী ক্ষেত্রে সমস্যা

উপস্থিত হওয়া সত্ত্বেও ১০ কোটি টাকার বেশি কেন্দ্রীয় সরকার অর্থ যতদিন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন দেন নি।

'৮৯ সালের বিশেষ ব্যবস্থায় এই অতিরিক্ত যে ব্যয় হয় এসকালেশনজনিত তার জন্য ১ কোটি ৯ লক্ষ টাকা ওরা অনুদান মঞ্জুর করেন। এই ১ কোটি ৯ লক্ষ টাকা যেটা তারমধ্যেই ৩৯ লক্ষ ৫০ হাজার টাকা, এটা এ বছরের জন্য দেন। ওরা দিয়েছেন এ পর্যন্ত সব মিলিয়ে ১০ কোটি ৬৯ লক্ষ টাকা। আরও ৪০ লক্ষ টাকা এ বছর পাওয়া যাবে বলে আমার বিশ্বাস।

ডাঃ জয়নাল আবেদিন ঃ এর সবটা সাবসিডি, না, লোন এবং আর কোন কোন সোর্স থেকে এ ব্যাপারে টাকা নিয়ে করলেন জানাবেন কি?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ এটা সম্পূর্ণ গ্রান্ট। দ্বিতীয়ত কেন্দ্রীয় সরকার বলুন আর বিশেষ ব্যবস্থায় বলুন ব্যাঙ্ক লোন দিয়েছে—ব্যাঙ্ক লোনের পরিমাণ হচ্ছে ৬ কোটি টাকা। বিস্তারিত হিসাব হচ্ছে, মোট ৩৬ কোটি টাকা খরচ হয়েছে, বাকিটা রাজ্য সরকার, লাইফ মেম্বার, ডোনেশন ইত্যাদি থেকে এসেছে।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবঙ্গের বিভিন্ন সাব-ডিভিসনে স্টেডিয়াম নির্মাণের জন্য মোট কতগুলি প্রোপোজাল দেওয়া হয়েছে?

[11-20—11-30 A.M.]

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ সাব-ডিভিসন ভিত্তিক যেসব জায়গা থেকে প্রোপোজাল এসেছে তাতে বলতে পারি যে আমাদের রাজ্যে প্রায় ৪৬টি সাব-ডিভিসন আছে এবং তার সব জায়গার জন্যই আমাদের প্রোপোজাল আছে। তবে বেশিরভাগ জায়গাতে স্টেডিয়াম অনেক ক্ষেত্রে রাজ্য সরকারের উদ্যোগে আগে থেকেই করা আছে। আবার বহু ক্ষেত্রে যদিও সেটা সংখ্যায় কম হবে তবুও বলছি যে ডিস্ট্রিক্ট স্পোর্টস অ্যাশোসিয়েশন এবং সাধারণ ক্রীড়ামোদী মানুষ, তারা ঐক্যবদ্ধ হয়ে সরকারের সহযোগিতায় কিছু স্টেডিয়াম করেছেন। ১৯৭৭ সালে আমরা আসি। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে সাহায্য সেটা গত ৫ বছর আগে থেকে পেয়েছি। এটা হচ্ছে, প্রতিটি স্টেডিয়ামের জন্য ৫ লক্ষ টাকা করে তারা দেবেন। তারমধ্যে ২।। লক্ষ আমরা পেয়েছি, আর বহু স্টেডিয়ামের ক্ষেত্রে এখনও সেই টাকাটা আমরা পাইনি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ আমরা জানি যে যুব ভারতী ক্রীড়াঙ্গন মূলত খেলাধুলার উদ্দেশ্যে ব্যবহৃত হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এমন খবর আছে কি যে, সি. পি. এম. দল সেই স্টেডিয়ামের একটা অংশ তাদের পোস্টার লেখা ও রাখার কাজের জন্য ব্যবহার করেছিল?

শ্রী সুভাষ চক্রবর্তীঃ প্রশ্নটা প্রাসঙ্গিক নয়, তা সত্ত্বেও অবগতির জন্য জানাচ্ছি যে ওখানে নানা এজেন্সী কাজ করে। তাদের যথাবিহিত পদ্ধতিতে তৎকালীন সোসাইটি তাদের ভাড়া বলতে যা বোঝায় গোডাউন হিসাবে ভাড়া দিয়েছিল, তারা কেউ কেউ এটা করতে পারে। এই রকম একটা বিষয় আমাদের দৃষ্টি আকর্ষিত হয়েছিল ১৯৯১ সালে। সেটা যথাবিহিতভাবে ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রী নির্মল দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন যে রাজ্যে কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় একটা মাত্র স্টেডিয়াম যুব ভারতী ক্রীড়াঙ্গন গড়ে উঠেছে। কেন্দ্রীয় সরকার প্রকৃত পক্ষে চায়ে বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকে, ডুয়ার্সের আলিপুর দুয়ারে একটা স্পোর্টস কমপ্লেক্স বা স্টেডিয়াম গড়ে তোলা হবে, এই রকম একটা কথা শুনেছিলাম। ডুয়ার্স এলাকার আলিপুরদুয়ারে এই রকম কোনও স্টেডিয়াম বা স্পোর্টস কমপ্লেক্স গড়ে তোলার ব্যাপারে কোনও কেন্দ্রীয় অ্যাসিস্ট্যান্স পাবার কোনও কথা তিনি শুনেছেন কি না, বিশেষত ডুয়ার্সের এই টি বেল্ট অঞ্চলে?

শ্রী সুভাষ চক্রবর্তীঃ বিষয়টা হচ্ছে ক্রীড়ামোদী মানুষের পক্ষ থেকে এবং ক্রীড়া সংগঠনের পক্ষ থেকে রাজ্যে সর্বত্র ক্রীড়া স্টেডিয়াম বা স্পোর্টস কমপ্লেক্স করার একটা আকাঙ্খা জেগেছে। জলপাইগুড়ি জেলার পক্ষ থেকেও জেলা সভাধিপতি এই রকম একটা প্রস্তাব দিয়েছেন যে জলপাইগুড়ি সদরে একটা স্পোর্টস কমপ্লেক্স করার জন্য। আমরা এই সম্পর্কে চিন্তা ভাবনা করছি এবং আমরা এই কাজ দ্রুতভাবে ধরব। আলিপুরদুয়ার সম্পর্কে মাননীয় সদস্য জানেন ইতিমধ্যে নানা বিষয়ে আলোচনা হয়েছে এবং জেলা প্রশাসনকে বলা হয়েছে তারা সুনির্দিষ্টভাবে স্থান চিহ্নিত করে নির্দিষ্ট প্রস্তাব যে ভাবে পাঠাতে হয় ইঞ্জিনিয়ারকে দিয়ে নক্সা তৈরি করে পাঠালে পরে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে তা পাঠাব। তবে মূলত কাজ করতে হবে রাজ্য সরকারকে।

শ্রী রবীন মন্ডলঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে স্পোর্টস কমপ্লেক্স বা স্টেডিয়াম ইত্যাদি ছড়িয়ে দেবার জন্য যে প্রচেষ্টা নিয়েছেন, সেটা খুবই অভিনন্দনযোগ্য। আমার এলাকা রাজার হাটে ভি. আই. পি.'র পাশে দমদমে একটা ডাম্পিং গ্রাউন্ড ছিল সেটা ২২ বিঘা জমি নিয়েছিল। দীর্ঘদিন ধরে সেখানে ১২৩টি ক্লাব নিয়ে একটা কমিটি করে সেখানে খেলাধুলার ব্যবস্থা করা হয়। মন্ত্রী মহাশয় জানাবেন কি সেখানে একটা স্পোর্টস কমপ্লেক্স কাম স্টেডিয়াম করার কোনও পরিকল্পনা আছে কি?

শ্রী সুভাষ চক্রবর্তীঃ মাননীয় সদস্য রবীনবাবু এই বিষয়টা আমাকে মৌখিকভাবে একাধিকবার বলেছেন। আমি জায়গাটা জানি, ওটা ওঁর কনস্টিটিউয়েন্সির মধ্যে পড়ে। ওখানে স্টেডিয়াম নির্মাণ সম্ভব নয়, কিন্তু ওখানে যাতে একটা ক্রীড়া কেন্দ্র গড়ে উঠতে পারে, এই নিয়ে একটা ভাবনা চিন্তা আছে।

শ্রী সুকুমার দাস ঃ মন্ত্রী মহাশয় সাবডিভিসনাল হেড কোয়ার্টারে স্টেডিয়াম করার যে পরিকল্পনা নিয়েছেন তা ভাল। আমি একটা প্রশ্ন করতে চাই, আমাদের আমলে যে সমস্ত স্টেডিয়াম তৈরি করা হয়েছে, আমি যেটা বলতে চাই ১৯৭৭ সালের আগে যে স্টেডিয়াম তৈরি হয়েছিল তারপর আপনারা ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পরে যে সমস্ত স্টেডিয়াম করেছেন, তার একটা পার্থক্য আছে, আমাদের আমলে যা হয়েছিল সেইগুলো ওল্ড, এখন যেগুলো হয়েছে সেইগুলো নিউ কন্সট্রাকশন। এই ওল্ড কন্সট্রাকশন যেগুলো ইনকমপ্লিট আছে, সেইগুলোকে কমপ্লিট করার ব্যাপারে আমার প্রথম প্রশ্ন হল, আমার এলাকা তমলুকে একটা ফুটবল স্টেডিয়াম তৈরি হয়, কিন্তু তার গ্যালারি সিস্টেম কমপ্লিট না হওয়ার জন্য সেটা সম্পূর্ণ হয়নি। এটা সম্পূর্ণ করার ব্যাপারে মন্ত্রী মহাশয় কোনও পরিকল্পনা নিয়েছেন কি? এই সঙ্গে আরও বলতে চাই, হলদিয়া ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্সে একটা ফুটবল স্টেডিয়াম তৈরি করার ব্যাপারে মন্ত্রী মহাশয়ের কোনও পরিকল্পনা আছে কি না?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, ক্রীড়া যুব কল্যাণ বিভাগ, এটা খুব বেশি দিনের পুরনো নয়। বিশেষ করে ক্রীড়া বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট সমস্ত কাজই শিক্ষা দপ্তর থেকে দেখা হত। কংগ্রেস আমল বলতে যেটা মিন্ করা হচ্ছে, '৭৭ সালের আগে পর্যন্ত, তখন স্টেডিয়াম নির্মাণের কাজে সরকার সরাসরি অংশ গ্রহণ করত না। ক্রীড়া সংস্থাগুলির পক্ষ থেকে সরকারের কাছে স্টেডিয়াম নির্মাণের প্রস্তাব নিয়ে এলে সরকার ১০ হাজার, ২০ হাজার, ২৫ হাজার, ৫০ হাজার বা ১ লক্ষ টাকা পর্যন্ত সাহায্য দিত। বিশেষ করে মেদিনীপুর জেলায় এরকম অনেকগুলো ছোটখাট স্টেডিয়াম আছে। সে সময়ে মেদিনীপুর থেকে মন্ত্রিসভায় এমন কেউ ছিলেন যাঁর জন্য মেদিনীপুর, কাঁথি, তমলুক, ঝাড়গ্রাম প্রভৃতি জায়গায় এরকম স্টেডিয়াম তৈরি হয়েছিল। জলপাইগুড়িতেও কিছু টাকা সাহায্য করা হয়েছিল। সরকার সে সময়ে সরাসরি নিজে স্টেডিয়াম তৈরি করতেন না, জেলা প্রশাসনের মাধ্যমে গ্রান্ট দিতেন। তমলুক স্টেডিয়ামের জন্য মাননীয় সদস্য যে কথা বললেন সে সম্পর্কে কোনও নির্দিষ্ট প্রস্তাব আমার নজরে নেই। ওঁর কাছে সে রকম কিছু থাকলে তা তিনি আমার নজরে আনবেন।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহোদয়, আমাদের রাজ্যের ক্রীড়ার উন্নতির জন্য স্পোর্টস কমপ্লেক্স, স্টেডিয়াম ইত্যাদি নির্মাণের ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কোনও পারসপেকটিভ প্ল্যান গিয়েছে কি?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ যদিও মূল সংক্ষিপ্ত প্রশ্নের সঙ্গে এ প্রশ্নের কোনও সম্পর্ক নেই, তবুও আমি বলছি যে, আমাদের রাজ্যে ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার জন্য আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে জাতীয় সেমিনার করি, সেখান থেকে যে যে প্রস্তাব নেওয়া হয় সে সে প্রস্তাবগুলি অগ্রাধিকারের ভিত্তিতে নির্দিষ্টভাবে কার্যে রূপায়িত করছি। যে যে জায়গায় কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ, সাহায্য, জমি ইত্যাদির প্রয়োজন হয় সে সে ক্ষেত্রের জন্য আমরা বিস্তারিতভাবে তাদের কাছে লিখে পাঠিয়ে সাহায্য চাই। অর্থাৎ পারসপেকটিভ প্ল্যান বলতে

যা বোঝায় সেটা খেলাধূলার ক্ষেত্রে আমাদের রাজ্যে আছে।

খেজুরী তফসিলি এলাকায় পর্যটন কেন্দ্র

*৯৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২৭) **শ্রী সুনির্মল পাইক ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার খেজুরী তফসিলি এলাকায় পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনও প্রস্তাব আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ ঐ প্রস্তাব বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ

(ক) না নেই।

(খ) প্রশ্ন ওঠেনা।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, বঙ্গপোসাগরের তীরে খেজুরীতে ইংরাজ আমলের ইংরাজদের পরিত্যক্ত কিছু বাড়ি-ঘর আছে, সেগুলিকে পর্যটনের কাজে ব্যবহার করার. কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ মাননীয় সদস্য শ্রী পাইক এ বিষয়ে আমার সঙ্গে কয়েকবার আলোচনা করেছেন। আমি প্রত্যক্ষভাবে বিষয়টি খতিয়ে দেখার জন্য সরকারের একটি বিশেষ সমিতিকে উদ্যোগ নিতে বলেছি। তাদের কাজ এখনো শেষ হয় নি, তাই আমি আনুষ্ঠানিক ভাবে প্রশ্নের উত্তরে 'না' বলেছি। কিন্তু বিষয়টি আমাদের ভাবনার মধ্যে আছে ঐ অঞ্চলকে পর্যটকদের কাছে আকৃষ্ট করার ব্যাপারে কিছু করা যায় কিনা সেটা আমরা ভেবে দেখছি।

[11-30—11-40 A.M.]

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ রাজ্যে পর্যটনকেন্দ্র গড়ে তোলার ক্ষেত্রে বিভিন্ন জায়গায় এইরকম ধরনের সম্ভাবনা আছে। এই পর্যটনকেন্দ্র তৈরি করার ক্ষেত্রে ক্রাইটেরিয়া কি?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ পর্যটকদের আকর্ষণ করে এমন বিষয়গুলি কি তা সাধারণভাবে আমরা সবাই জানি। পর্বত, সমুদ্র, ঐতিহাসিক জায়গা, প্রাকৃতিক বন, বৈচিত্রপূর্ণ জায়গা, এই সমস্ত জায়গাগুলি মানুষকে আকর্ষণ করে এবং এই জিনিস আমাদের রাজ্যে কম বেশি আছে। আমাদের যে সঙ্গতি তার উপর দাঁড়িয়ে আমরা অগ্রাধিকারের ভিত্তিতে কতকগুলি কার্যক্রম স্থির করেছি। আপনি নির্দিষ্টভাবে যদি বলেন তাহলে আমি বলতে পারি আসানসোল বেল্টে আমরা কি কি করতে পেরেছি বা কি কি আমাদের ভাবনার মধ্যে আছে।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, দিঘাকে কেন্দ্রীয় পর্যটন ম্যাপের মধ্যে কি অন্তর্ভূক্ত করা হয়েছে, যদি হয়ে থাকে তাহলে দিঘাতে আবাসিকদের. পর্যটকদের থাকার জন্য কেন্দ্র যে টাকা দিয়েছিল সেই অনুযায়ী আবাসিকদের জন্য কোনও গৃহ নির্মাণ করা হয়েছে কি না?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ জাতীয় মানচিত্রে পর্যটক বিভাগে দিঘার নাম আছে। আমাদের রাজ্যে পর্যটনের ক্ষেত্রে যে প্রচারের প্রাধান্য দিই তার ১।২ নম্বরে আছে দিঘা। দিঘায় রাজ্য সরকারের বিভিন্ন সংস্থার বহু আবাসন আছে। গত ২।৩ বছরে দার্জিলিং-এ সমস্যা থাকার জন্য আমরা লক্ষ্য করে দেখেছি, সাধারণভাবে পর্যটনকেন্দ্রে যে ধরনের ঘরের সংখ্যা থাকে, সংখ্যার দিক থেকে দিঘাতে তারচেয়ে বেশি হচ্ছে। ওখানকার লোকাল অথরিটির উপর দায়-দায়িত্ব দেওয়া আছে। আরও নতুন হোটেল, নতুন আবাসন করার জন্য অনুমোদন দিই। আমি যতদুর জানি, এখন পর্যন্ত বহু অনুমোদন দেওয়া হয়েছে, সেগুলি এখনও কার্যকর হয়নি, তবে হচ্ছে। ওখানে আরও জায়গা আছে, সেগুলি চিহ্নিত করে রেখেছি, ভবিষ্যতে দেবে।

শ্রী প্রভাত আচার্য ঃ মালদায় গৌড় এবং আদিনা ঐতিহাসিক জায়গা। এখানে পর্যটকদের আকৃষ্ট করার জন্য পর্যটনকেন্দ্র গড়ে তোলার আশ্বাস আপনি দিয়েছিলেন। সেই ব্যাপারে কতদূর ভাবনা-চিন্তা এগুলো বলতে পারেন কিনা?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ মালদা ঐতিহাসিক প্রাচীন জায়গাগুলির মধ্যে একটি। মালদায় আমাদের ট্যুরিস্ট লজ্ আছে। গৌড়ে থাকার জায়গার ব্যাপারে জেলাপরিষদ একটি ব্যবস্থা নিয়েছেন। তাদের সঙ্গে আমাদের আলাপ-আলোচনা হচ্ছে। পর্যটন বিভাগকে পর্যটনকেন্দ্র গড়ে তোলার জন্য ৫ একর জমি দেবেন বলে মৌখিকভাবে কথা হয়েছে। আপাতত জেলাপরিষদ পর্যটনদের আবাসন করছেন। সেটা পরিচালনার দায়িত্বভার রাজ্য সরকারের পর্যটন বিভাগকে দেবার জন্য প্রস্তাব করেছেন। আগামী মাসে বিভাগের পক্ষ থেকে জেলা পরিষদের সঙ্গে কথাবার্তা বলে পাকাপাকি ব্যবস্থা করার জন্য আমাদের অফিসাররা সেখানে যাবেন। ওখানে সবচেয়ে বড় সমস্যা হবে পর্যটকদের। কারণ মালদা শহর থেকে সম্ভবত ৯।১০ কিলোমিটার দূরে। গাড়ি-ঘোড়ার সমস্যা আছে। সাধারণ যাত্রীরা যেভাবে যাতায়াত করে সেইভাবে পর্যটকদের যাওয়া সম্ভব নয়। অর্ধেক লোক থাকে বাসের মধ্যে আর অর্দ্ধেক লোক থাকে বাসের মাথায়। সেইজন্য পর্যটকদের যাতায়াতের প্রশ্নে আমরা ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের সঙ্গে এই ব্যাপারে কথা বলব তাঁরা সাহায্য করতে পারেন কিনা।

শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—আমাদের বাঁকুড়া জেলাতে পর্যটন কেন্দ্র হিসাবে ঝিলিমিলি বিষ্ণুপুর ইত্যাদি জায়গায় আমাদের বামফ্রন্টের আমলে পর্যটকদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে কিন্তু আমাদের বাঁকুড়ার সুশুনিয়া পাহাড় সেটাও একটা পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার উপযোগী। সেখানে কোনও ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে নেওয়া হয়েছে কিনা?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ মাননীয়া সদস্যা নিশ্চয়ই জানেন যে, মূলত পর্বতারোহণে যাঁরা প্রশিক্ষণ নেন, এবং দেন—তাঁদের পক্ষে সুপরিচিত নাম। সেখানে সারা বছর ৫ শতাধিক ট্রেকিং হয়। আমাদের রাজ্য সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগ এই ট্রেকিংয়ের সঙ্গে সহযোগিতা করেন, ইকুইপমেন্টস দেন অনেক ক্ষেত্রে কোচ এবং গাইড দেন। আমরা সেখানে যেহেতু ক্রীড়া এবং যুব কল্যাণ বিভাগ ট্রেনিদের জন্য একটা বড় আকারে থাকার জায়গায় করেছেন প্রায় এক দেড় মাসের মধ্যে তা অনুষ্ঠানিকভাবে উদ্বোধন হবে ডে সেন্টার ইয়ুথ হোস্টেল সেজন্য ওখানে পর্যটন দপ্তরের তরফ থেকে আবাসন করার আপাতত কোনও পরিকল্পনা নেই। পরিকল্পনা মধ্যে যেটা আছে সেটা হল সুশুনিয়া পাহাড়ের গায়ে একটা ডে-সেন্টার করা।

শ্রী অজয় দে ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে আমাদের বাংলার আদি কবি রামায়নের অনুবাদক কবি কৃত্তিবাস মহাশয়ের ফুলিয়া গ্রামে জন্ম। তাই রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও কনডাকটেড ট্যুরের ব্যবস্থা করার কথা সরকারের চিন্তা-ভাবনার মধ্যে আছে কি? ওখানে প্রতিনিয়ত পর্যটকরা যান, তাঁদের পর্যটন আকর্ষণীয় করে তোলার জন্য নতুন কোনও পরিকল্পনা আছে কি?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, ইতিমধ্যে আমি তাঁকে জানিয়েছি যে ওনার প্রস্তাবানুসারে আমাদের রাজ্য পর্যটনের সংগঠিত কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে। বই, পত্রিকা আগামী সংখ্যায় যা বেরোবে তাতে নিশ্চয়ই থাকবে। এখন পর্যটকদের যে চয়েস সেই চয়েসের উপরই প্রাধান্য দেওয়া হয়, এই পথে যখন ট্যুর হবে তখন নিশ্চয়ই ফুলিয়াকে কভার করা হবে।

শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন হুগলি জেলার তারকেশ্বর একটা নাম করা জায়গা। এই জায়গায় বহু মানুষ যান এখানে রাজ্য সরকারের তরফ থেকে কোনও পর্যটনের ব্যবস্থা করা হয়েছে, না হবার জন্য কোনও ভাবনা চিন্তা আছে?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি যে, ওখানে আমরা পরীক্ষা-নিরীক্ষা করে দেখেছি প্রত্যক্ষভাবে অভিজ্ঞতা সঞ্চয় করেছি যে, বহু সমাজসেবী সংস্থা ওখানে নানাভাবে এ'সব পদযাত্রী এবং তীর্থযাত্রীদের যে ভাবে সেবা করেন আমাদের পর্যটন বিভাগের পক্ষে সেটা করা সম্ভব নয়। অর্থাৎ পর্যটকদের দেখাশোনা করার নাম করে ব্যবস্থা করা আমি মনে করি পর্যটন বিভাগকে তার মধ্যে যুক্ত করা ঠিক নয়।

[11-40—11-50 A.M.]

ওখানে সবটা সমাজসেবা বা গণসেবা হিসাবে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা ঐ কাজগুলি করেন, তার কোনও অভাব নেই। আরও বহু প্রতিষ্ঠান সেখানে যাবার জন্য আর্জি পেশ

করেছেন এবং তারা সেখানে জায়গা পেলে ব্যবস্থা করবেন, তীর্থযাত্রীদের সেবা করবেন।

শ্রী আবদুল মান্নান ঃ যদিও প্রশ্নটা খেজুরীর উপর ছিল তবুও আমাদের জেলার দেবনারায়ণবাবু প্রশ্নটা তুলেছেন বলে কৃতজ্ঞ। এই ব্যাপারে ইন্টারেস্ট আমাদের যেমন আছে, তেমনি আপনাদেরও আছে। এই যে বললেন, তীর্থযাত্রী যারা যান তাদের সেবা করার ক্ষেত্রে কমার্শিয়াল পারপাসটা ইউটিলাইজ না করাই উচিত, এরজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আপনি কি জানেন, কেউ কেউ তীর্থযাত্রীদের কাছ থেকে পরিষেবার নাম করে টাকা-পয়সা নিয়ে যাচ্ছে?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ এ-ব্যাপারে সবটা জানি বা কিছুই জানি না বলতে পারছি না। এ-ব্যাপারে নির্দিষ্ট অভিযোগ থাকলে দেবেন, প্রশাসনিক স্তরে নিশ্চয়ই সেটা খতিয়ে দেখব।

শ্রী নির্মল দাস ঃ রাজ্য সরকারের উদ্যোগে বক্সার মাউন্টেনে ট্রেকিং-এর যে ব্যবস্থা হয়েছিল তাতে উত্তরবঙ্গের ইচ্ছুক সবাই সুযোগ পায়নি বলে ক্ষোভ আছে। তা সত্ত্বেও বলছি, আপনার দপ্তর থেকে বক্সা, জয়ন্তী, সিঞ্চুলা—ঐসব অঞ্চলকে আকর্ষণীয় পর্যটন-কেন্দ্র হিসাবে গড়ে তোলবার কথা শুনেছি। এই ব্যাপারে প্রকৃতপক্ষে কি উদ্যোগ নেওয়া হয়েছে সে ব্যাপারে আলোকপাত করবেন কি?

শ্রী সুভাষ চক্রবর্তী ঃ কেন্দ্রীয় সরকার নির্দিষ্ট কিছু এলাকাকে চিহ্নিত করেছেন এবং বিভিন্ন রাজ্য সরকারের কাছ থেকে তাঁরা প্রস্তাব চেয়েছেন। পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির জন্য আমরা সেইমতো একটি কেন্দ্র পেয়েছি এবং সেটা হল হিমালয় সংলগ্ন তিস্তা অঞ্চলকে ঘিরে। আমাদের এই এরিয়া ডেভেলপমেন্টের ব্যাপারে নির্দিষ্ট প্রস্তাব আছে এবং জয়ন্তী, বক্সা, তিস্তা—ঐ সমস্ত অঞ্চল এই এরিয়া ডেভেলপমেন্টের অন্তর্ভুক্ত হয়েছে। এটা এখন কতগুলো ব্যাপারে বন-বিভাগের সঙ্গে রয়েছে এবং সে ক্ষেত্রে ওদের সাহায্য ও সহযোগিতা ছাড়া এগোনো যাচ্ছে না। এই ব্যাপারে আমাদের পরিকল্পনা আছে এবং সেটা বাস্তবে রূপ দেবার জন্য কিছু পদক্ষেপও নিয়েছি। সার্ভে করা বলতে যা বোঝায়, কিছু কিছু ক্ষেত্রে করা যায়নি, তবে রূপরেখা তৈরি হয়েছে। গণ-প্রচারের উদ্দেশ্যে কিছু ক্ষেত্রে করা যায়নি, তবে রূপরেখা তৈরি হয়েছে। গণ-প্রচারের উদ্দেশ্যে ট্র্যাডিশনাল ফেস্টিভাল একটা করছি এবং আমাদের দপ্তরের পক্ষ থেকে স্থির করেছি, এটা একটা বার্ষিক কার্যক্রম হিসাবে ধীরে ধীরে তৈরি করা হবে। এটা যাতে ঐতিহ্যবাহী ট্র্যাডিশনাল ফেস্টিভাল হয় এবং তাকে ঘিরে দূর দূরান্তর থেকে সবাই আসেন তার ব্যবস্থা করব এবং এটা নভেম্বর-ডিসেম্বর মাস থেকে শুরু হবে। প্রতি বছর যাতে এটা হয় তারজন্য ব্যবস্থা নেওয়া হবে।

Bachawat Wage Board recommendation

***951.** (Admitted Question No. *262) **Shri Deoki Nandan Poddar**

and **Shri Saugata Roy:** Will the Minister-in-charge of the labour Department be pleased to state—

(a) the steps taken by the State Government for speedy implementation of the Bachawat Wage Board recommendation by newspaper establishments in West Bengal;

(b) the number of newspaper establishments in West Bengal where these recommendations are to be implemented; and

(c) the number of such newspaper establishments in West Bengal which have fully or partially implemented the Bachawat Wage Board recommendations?

Shri Shanti Ranjan Ghatak:

(a) A Tripartite Committee has been constituted by the State Labour Deptt. to ever see the implementation of the recommendations.

(b) 420

(c) Fully implemented: 7 (Seven) & Partially implemented: 6 (six)

Shri Sudip Bandyopadhyay: Will the Hon'ble Minister be pleased to state the names of the newspapers who have already implemented the awards so for?

Shri Shanti Ranjan Ghatak: The newspapers area (a) Aajkal Publications (b) Basumati Corporation Ltd. (c) The Statesman (d) UNI (e) Compus Computers Ltd., (f) Ananda Bazar Patrika. They have implemented the Bachawat Wage Board recommendations fully. There are others who have implemented it partially. They are (a) Bannette & Colman Ltd. (b) Uttarbanga Sangbad (c) Sanmarg (d) Bartaman (e) Bartaman Publications Ltd. (f) Biswamitra.

Shri Sudip Bandyopadhyay: What about 'Ganasakti', the main organ of the ruling party of the State?

Shri Shanti Ranjan Ghatak: I expected this question. Ganasakti is run by the Communist Party of India (Marxist). On enquiry we have found that the employees of Ganasakti are giving honorary service and they are given some allowances. So, it does not come under the direction of the recommendations of the Bachawat Wage Board.

Shri Sudip Bandyopadhyaya : Will the Hon'ble Minister be pleased to state what steps are being taken to ensure implementation of the Bachawat Wage Board recommendations in the other newspapers ?

Shri Shanti Ranjan Ghatak : We have formed a committee with the representatives of the newspaper society and the working journalists and non-Journalists' associations and the Chairman and other officers are there. We held some meetings also. The problem is out of this 420 newspapers. some of them are one page. some of them are two-page. Upto new. we have taken stock of from nine districts and we have been able to trace out about 150 of them. We are going to cover the rest of the districts. There is another difficulty. The standard given by the Bachawat Wage' Board is that we have to take into account the total revenue of the particular newspaper or news agency. That is a very big amount. Total revenue consists of sales income plus their other assets and advertisement. We have a group of inspectors who are inspecting the newspaper offices and through then we have been able to trace out some of them. This action is going on.

শ্রী নির্মল দাস ঃ পশ্চিমবঙ্গের সংবাদ পত্রের ক্ষেত্রে বাচোয়াট ওয়েজ বোর্ডের যে রেকমেন্ডেশনের কথা আপনি বললেন, সেখানে আমাদের এই রাজ্যের অন্যতম প্রাচীন পত্রিকা গোষ্ঠী অমৃত বাজার এবং যুগান্তর দীর্ঘদিন যে অবস্থায় আছে, সেক্ষেত্রে-এর সঙ্গে যুক্ত যারা তাদের ভাগ্য কি ভাবে নির্ধারিত হবে সেই সম্পর্কে সরকারের পক্ষ থেকে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে জানাবেন কি?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ অমৃতবাজার এবং যুগান্তর দিস পোরশন ডাজ নট কাম হেয়ার। আপনি অন্যভাবে জিজ্ঞাসা করবেন, আমি বলে দেব।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি প্রশ্নোত্তরে বলেছেন যে বাচোয়াট বোর্ডের রেকমেন্ডেশন ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে। কিন্তু রিপলাই যেটা দিয়েছেন সেটা মাত্র ৭টি নিউজ পেপারকে ফুললি ইমপ্লিমেন্ট করছেন এবং ৬টি পার্শিয়ালি করছেন। এই মিজারেবল পারফরম্যান্স-এর কারণ কি? এর ফলে কত সংখ্যক নিউজপেপার এমপ্লয়ীজ ডিপ্রাইভড হচ্ছে। এটাকে এনসিওর করার জন্য কি পদক্ষেপ নেওয়া হচ্ছে সেটা জানাবেন কি?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ রিপোর্ট যদি দেখেন তাহলে দেখবেন যে বাচোয়াট কমিটি যে মাপকাঠি ঠিক করেছেন তাতে বেশির ভাগ সংবাদপত্রের কর্মীরা জার্নালিস্ট, নন-জার্নালিস্টবাদ পড়ে যাবেন। তাছাড়া অনেক পত্রিকা আছে যেগুলিতে কোনও রিপোর্টার নেই, তাতে অনেক

জার্নালিস্ট এবং নন-জার্নালিস্ট এবং নন-জার্নালিস্ট আছে যারা সংবাদ দেন, তাদের কোনও পার্মানেন্ট সার্ভিস নেই।

[11-50 – 12-00 Noon]

তাদের কন্ট্রাক্ট সার্ভিস-বাচোয়াত আসার পর তাদের কাছে এই সত্ব প্লেস করা হয়েছে যদি কনট্রাক্ট সার্ভিস আসে তাহলে থাকবে, যা পাচ্ছে পাবে। এই অভিযোগ আমার কাছে এসেছে। সেইগুলি সংশোধন করে টোটাল কত বাদ পড়েছে এখনই বলা সম্ভব নয়। পরে বলে দেব, পুরো স্ট্যাটিস্টিক্স নেওয়ার পর বলে দেব।

নিত্য-প্রয়োজনীয় দ্রব্য রেশন দোকান থেকে সরবরাহ

*৯৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭০) **শ্রী শিবপ্রসাদ মালিক :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রেশন দোকান মারফৎ নিত্য-প্রয়োজনীয় দ্রব্য সরবরাহ করার বিষয়টি সরকার কি বিবেচনা করছেন?

শ্রী নরেন্দ্রনাথ দে :

হ্যাঁ।

ইতিমধ্যেই বেশ কিছু দ্রব্য দেওয়া শুরু হয়েছে।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : পামোলিভ তেল রাজ্য সরকার রেশনের মারফৎ বিলি করবার ব্যবস্থা করবেন কি?

শ্রী নরেন্দ্রনাথ দে : এই প্রশ্নের উত্তরটা আগেই আলোচনা হয়েছে পামোলিভ তেল সম্পর্কে যে প্রশ্ন মাননীয় সদস্য করেছেন এই ব্যাপারে আর একটা প্রশ্ন আছে। স্পিকার মহাশয়, আপনি যদি বলেন এখনই বলতে পারি, তা না হলে পামোলিভ তেল নিয়ে আরও একটা প্রশ্ন আছে।

মিঃ স্পিকার : এখন ছেড়ে দিন।

চটকল ধর্মঘট

*৯৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩০) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২ সালের ২৮শে জানুয়ারি থেকে ৩১এ মার্চ পর্যন্ত রাজ্যের চটকলগুলোতে ধর্মঘটের কারণ কি ;

(খ) উক্ত ধর্ম ঘটের পূর্বে শ্রমিকরা কোনও চাটার্ড অফ ডিমান্ড মালিক পক্ষকে দিয়েছিল কি না ; এবং

(গ) উক্ত ধর্মঘটের ফলে মোট কত শ্রমদিবস নষ্ট হয়েছে?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ

(ক) চটকল ধর্মঘট ১৭ই মার্চ পর্যন্ত চলেছিল ৩১শে মার্চ পর্যন্ত নয়। শ্রমিকদের বিভিন্ন দাবি-দাওয়া পূরণ না হওয়াই চটকলগুলিতে ধর্মঘটের কারণ।

(খ) হ্যাঁ।

(গ) ৭২,০৬,০৭০ শ্রম দিবস নষ্ট হয়েছে।

প্রথম প্রশ্ন যেটা করা হয়েছে তাতে প্রথম কথা হচ্ছে ৩১শে মার্চ নয়, ১৭ই মার্চ ধর্মঘট নিষ্পত্তি হয়েছে।

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ২৮শে জানুয়ারি থেকে ১৭ই মার্চ পর্যন্ত চটকল এই ধর্মঘটে অংশগ্রহণ করেছিল বিভিন্ন ট্রেড ইউনিয়নের ডাকে সাড়া দিয়ে তার সব কটা চটকল এখন খোলা আছে কিনা? ধর্মঘটের পর সমস্ত চটকল চালু হয়েছে?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ দুটি জিনিস আছে। একটা হচ্ছে ধর্মঘটের পর কয়েকটি চটকল চলছে, শিল্পভিত্তিক যে চুক্তি হয়েছিল সেটা মালিকরা মেনে নিয়েছে, তাতে কয়েকটি চটকল চলছে। বর্তমানে যা হিসাব আমাদের কাছে আছে তাতে সম্ভব ধর্মঘট নেই। কিন্তু এখনও সব কটা চালু হয়নি। দ্বিপাক্ষিক চুক্তি হয়েছে ২-১টি জায়গায়। আগরপাড়া জুটমিলে দ্বিপাক্ষিক চুক্তি হয়েছে, এখনও পুরো চালু হয়নি। এই হচ্ছে অবস্থা দ্বিপাক্ষিক চুক্তি যেগুলিতে হয়েছে সেখানে শিল্পভিত্তিক যে চুক্তি হয়েছে তার চেয়ে কম বেতন অথবা অন্যান্য কিছু সুবিধার ছাড় সেই চুক্তিতে হয়েছে।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কিছু কিছু চটকল এখনও খোলেনি। আমি একজাক্ট ফিগারটা জানতে চাইছি কটা চটকল এখনও খোলেনি এবং তাদের বিরুদ্ধে আপনি কি কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ আগরপাড়া তাঁরা নিজেরা চুক্তি করেছেন ২২ তারিখের পরে খুলবেন। মাঝখানে শিল্প ভিত্তিক সাধারণ ধর্মঘট আছে। তারপর ঈদের ছুটি আছে, সেগুলোকে কাটিয়ে দিয়ে ২২ তারিখের পরে খুলবেন। আরও দু'একটা আছে—ইলেকট্রিক কানেকশন হয়নি। এদের মধ্যে চুক্তিগুলো হয়ে গেছে। ফর্মালি ধর্মঘট প্রত্যাহৃত হয়েছে। এই হচ্ছে অবস্থা।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মুখ্যমন্ত্রী এবং আপনার হস্তক্ষেপে চটকল চুক্তি সম্পাদিত হয়েছে। কেন্দ্রীয় সরকার পরিচালিত যে চটকলগুলো আছে সেখানে চুক্তিটা কার্যকর হয়েছে কিনা, এবং নাহলে কি পদক্ষেপ গ্রহণ করছেন?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ এন. জে. এম. সি.র ৫টি চটকল আছে, তারা এই চুক্তি মানেনি যদিও সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন মিলে চুক্তি সম্পাদিত হয়েছে। তাদের ধর্মঘট থেকে বাদ দিয়েছিলেন। তবে এন. জে. এম. সি. মিল কর্তৃপক্ষ প্রতিশ্রুতি দিয়েছিলেন, শিল্পভিত্তিক যে চুক্তি হবে তা তাঁরা মানবেন। এখন তাঁরা মানবেন। এখন তাঁরা একটা আব্দার করছেন যে অন্যরা যা পায় তার থেকে তারা দশ টাকা বেশি হবে—৯০ টাকা আর ডিয়ারনেস ১.৭৫ টাকা। ওঁরা বলছেন আশি টাকা নিয়ে চুক্তি করা সম্ভব নয়। শ্রমিকরা সেটা মানবেন না, আমরাও চুক্তি করতে পারিনা। দুঃখের বিষয়. এই বিষয়ে আমি লিখেছি এবং সাংমার সঙ্গে একবার দেখাও হয়েছে। তাঁকে বলেছি, এটার একটা ব্যবস্থা করুন যাতে ওঁরা মানেন। মুখ্যমন্ত্রী নিজে লিখেছেন। কিন্তু কোনওরকম উত্তর পাওয়া যাচ্ছে না।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, যে সমস্ত চটকলের মালিক প্রথমদিনে দ্বিপাক্ষিক চুক্তিতে সই করেছিলেন, তাঁদের মধ্যে এখন চুক্তি স্বাক্ষর করতে টালবাহানা করছেন—তাদের সম্পর্কে সরকার কি ভাবছেন?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ এর দুটো প্রশ্ন আছে। যাঁরা চুক্তিতে সই করেছিলেন তাঁদের মধ্যে নর্থব্রুক, তাঁরা লেবার কমিশনারকে বলেছিলেন—ওঁদের প্রতিনিধিরা বলেছিলেন। তাঁরা এমনভাবে ভ্যাবাচ্যাকা খেয়ে গিয়েছিলেন যে তাতে তাঁরা চুক্তিতে সই করে এসেছিলেন। তাঁরা বলছেন, 'আমরা মানিনা।' আরও বিভিন্ন চটকল আছে, তারা শ্রমিকদের বসিয়ে দিচ্ছে। তাদের আর্গুমেন্ট হচ্ছে যে, ভারত সরকার রবিশস্য এবং খরিফ শস্যের জন্য যে বস্তা কিনতেন সেই বস্তা ততটা কিনছেন না। তাদের বি. জে. এস. টি. একটা অর্ডারে বলে দিয়েছে—নতুন বস্তা কেনার দরকার নেই, তালি দিয়ে চালিয়ে নাও। যার ফলে অর্ডার কমেছে। তাছাড়া ভারত সরকারের সঙ্গে একটা কথা হয়েছিল, তাঁরা অর্ডার দিয়েছিলেন ফার্টিলাইজার এবং সিমেন্টের ক্ষেত্রে চটের বস্তা ব্যবহার করবেন মিক্সড ব্যাগ ব্যবহার না করে। বর্তমানে সিনথেটিক যেটা আসছে তার উপরে কাস্টমস' ট্যাক্স কম হওয়ার জন্য সিনথেটিক ইজ চিপার এবং সেজন্য সিনথেটিক বস্তা ব্যবহার করছেন। এই অজুহাত দিয়ে মালিকরা কিছু কিছু জায়গায় শ্রমিকদের বসিয়ে দেবার চেষ্টা করছেন। আমি সেদিন সাংমাকে বলেছিলাম, আপনি এটা দেখুন। ইন্ডাস্ট্রি মিনিস্টার, টেক্সটাইল মিনিস্টার, গেল্ট সাহেব, তাঁকে আমি লিখেছি। চীফ মিনিস্টার লিখেছেন। ট্রেড ইউনিয়নও বলেছে। এই হচ্ছে অবস্থা।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মন্ত্রী মহোদয়, এখন কেন্দ্রীয় সরকারের যে শিল্পনীতি, বিদায়নীতি এবং সাংমা সাহেবের যে নীতি—এখানে চার্টার অব ডিমান্ডস শ্রমিকরা করেছিলেন, তার পরিপ্রেক্ষিতে মালিকদের পক্ষ থেকে, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে চার্টার অব ডিমান্ডস

কোনও কোনও ক্ষেত্রে পেশ করেছে কি শ্রমিকদের স্বার্থহানী করার জন্য? সেই ধরনের কোনও খবর আপনার কাছে আছে কিনা?

[12-00 – 12-35 P.M.] (including adjournment)

শ্রী শান্তিরঞ্জন ঘটকঃ প্রশ্নটা কি, কি আপনি কি জানতে চাইছেন?

শ্রী নির্মল দাস ঃ কেন্দ্রীয় সরকার যে বিদায় নীতি গ্রহণ করেছেন তার ফলে উপস্থিত শ্রমিকদের উপরে যে চাটার্ড অফ ডিমান্ড পেশ করতে চাইছেন সেই ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ মালিকদের চ্যাটার অফ ডিমান্ড তো আছেই তার সঙ্গে কেন্দ্রের বিদায় নীতি, শিল্পনীতি তাতে মালিক পক্ষরা খুবই উৎসাহিত। ট্রেড ইউনিয়ন সংগঠনের পক্ষ থেকে বহুদিন ধরে এই নিয়ে লড়াই করছে, এমন কি আমাদের বিধানসভা থেকে এই নিয়ে প্রশ্নও উঠেছিল যে চটকল জাতীয়করণ করা হোক। কিন্তু কেন্দ্রীয় সরকার যখন ঘোষণা করল যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এইসব আর করা-টারা হবে না তখন মালিক পক্ষরা আরও উৎসাহিত হয়ে পড়ল। কেন্দ্রীয় সরকারের বিদায় নীতির ফলে শ্রমিক কর্মচারী ছাঁটাই করার জন্য ভলেনটারী রিটায়ারমেন্ট দিয়ে সরিয়ে দেবার চেষ্টা করলেন এবং এক্ষেত্রে যে শ্রমিকদের ন্যাশনাল রিন্যুয়াল ফান্ডে টাকা আছে, সেই টাকা দেওয়ার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বলেছেন যে, আমাদের এখানে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত কলকারখানা আছে তারা যখন টাকা দেবে তখন দেব। এতে মালিক পক্ষরা খুব উৎসাহিত হয়েছে। মালিকপক্ষদের আরেকটা দাবি ছিল যে প্রোডাকটিভিটি লিঙ্ক ওয়েজ এটা না হলে মালিকপক্ষ কোনও ফয়সালা করবে না। এটাই মালিকদের দাবি ছিল, এখানে ধর্মঘটের কোনও কারণ ছিল না, যার ফলে ধর্মঘটের কোনও ফয়সালা হয়নি। অনেক শ্রম দিবস নষ্ট হয়েছে। একপোর্ট মার্কেটে ক্ষতিগ্রস্ত হয়েছে, চাষের ক্ষতি হয়েছে কিন্তু মালিকরা ওই জেদ ধরেই বসে ছিল যার ফলে যেতে দেরি হয়েছে।

Starred Questions

(to which written answers were laid on the Table)

গ্রামাঞ্চলে রেশনের মাধ্যমে নিত্য-প্রয়োজনীয় দ্রব্য সরবরাহ

*৯৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮৫) **শ্রী আবু আয়েস মন্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে গ্রামাঞ্চলে রেশনের মাধ্যমে সাবান, দেয়াশালাই, খাতা, গুঁড়ো মশলা এবং ভোজ্য তেল সরবরাহ করার উদ্যোগ নেওয়া হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

হ্যাঁ।

মালয়েশিয়া থেকে ভোজ্য তেল আমদানি

***৯৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৪) ডাঃ মানস ভুঁইয়া ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে কেন্দ্রীয় সরকার রাজ্যকে তার ভোজ্য তেলের অভাব মেটাতে মালয়েশিয়া থেকে ৮ হাজার টন পাম তেল আনার অনুমতি দিয়েছেন ;

(খ) সত্যি হলে,

(১) রাজ্য সরকার কত পরিমাণ তেল আমদানির জন্য কেন্দ্রীয় সরকারকে পত্র দিয়েছেন ;

(২) উক্ত আমদানিকৃত তেল রাজ্যের জেলাগুলিতে কিভাবে বন্টন করা হবে ;

(গ) রাজ্যের ভোজ্য তেলের অভাব মেটাতে রাজ্য সরকার ১৯৯০-৯১ সালের আর্থিক বছরে কি কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন ; এবং

(ঘ) রাজ্যে ভোজ্য তেলের দর বৃদ্ধির কারণ কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৫,০০০ মেট্রিক টন।

(২) উক্ত তেল গণবন্টন ব্যবস্থার মাধ্যমে রাজ্যের জেলাগুলিতে বন্টন করা হবে।

(গ) রাজ্যে ভোজ্য তেলের অভাব মেটাতে রাজ্য সরকার গণবন্টন ব্যবস্থার মাধ্যমে ঐ সময়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত ৩৮৩৯৫ মেট্রিক টন ভোজ্য তেল বন্টনের ব্যবস্থা করেছেন। এছাড়া ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের কাছ থেকে ১০০ মেট্রিক টন ধারা সরিষার তেল কিনে উপরোক্ত মাধ্যমে রাজ্য সরকার বন্টনের ব্যবস্থা করেছেন।

(ঘ) চাহিদার তুলনায় রাজ্যে ভোজ্য তেলের উৎপাদনে ঘাটতি এবং কেন্দ্রীয় বরাদ্দের অপ্রতুলতা এই রাজ্যে ভোজ্য তেলের দর বৃদ্ধির কারণ।

পুরুলিয়া জেলায় স্ব-নিযুক্তি প্রকল্প

***৯৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০০১) শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১ সাল পর্যন্ত স্ব-নিযুক্তি প্রকল্পে পুরুলিয়া জেলায় কত জন উপকৃত হয়েছেন;

(খ) উক্ত প্রকল্পের জন্য বয়স সীমা, যোগ্যতা কি ও নির্ধারণের পদ্ধতি কি ; এবং

(গ) এর মধ্যে কত জন তফসিলি জাতি ও উপজাতি উপকৃত হয়েছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

৩,৩৬৬ জন

১) বয়স ১৮ হইতে ৪০ মধ্যে হতে হবে। শারীরিক প্রতিবন্ধী, তফসিলিভুক্ত সৈনিকদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা পাঁচ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

২) বিবেচনাধীন বছরের এপ্রিল মাসের প্রথম দিনে প্রার্থীর নাম পশ্চিমবঙ্গের যে কোনও কর্মবিনিয়োগ কেন্দ্রে অন্তত একবছর কাল বৈধভাবে নথীভুক্ত হতে হবে। অবশ্য শারীরিক প্রতিবন্ধী হতে হবে। অবশ্য শারীরিক প্রতিবন্ধী, তফসিলি জাতি ও উপজাতি এবং স্বনিযুক্তি প্রকল্পের অধীনে শিল্প প্রশিক্ষণদপ্তরের ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত কর্মপ্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য নয়।

৩) প্রার্থীর পারিবারিক মাসিক গড় আয় ১০০০ টাকার বেশি হওয়া চলবে না। অবশ্য এ নিয়ম তফসিলি উপজাতি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

৪) প্রার্থীকে কোনও প্রকল্পে যেমন অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম, সেলফ এমপ্লয়মেন্ট ফর এডুকেটেড আন-এমপ্লয়েড ইউথ আই. আর. ডি. পি., সেপাপ থেকে কোনও সরকারি অর্থ সাহায্য বা ১৯৮৬-৮৭র পরে বেকারভাতা না পেয়ে থাকতে হবে। অবশ্য যারা আই. আর. ডি. পি.র আওতায় ঋন পেয়েছিলেন তারা ঋণ শোধ করে দিলে সে সেশ্রু প্রকল্পে ঋণের জন্য আবেদন করতে পারেন।

৫) একটি পরিবারের মাত্র একজন সদস্য এই প্রকল্পের সহায়তা গ্রহণ করতে পারেন। অবশ্য এই নিয়ম শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

৩১শে ডিসেম্বর ১৯৯১ পর্যন্ত মোট ৪৪১ জন তফসিলি জাতি এবং ১৬৬ জন

তফসিলি উপজাতি উপকৃত হয়েছেন।

বনগাঁয় রেশন ব্যবস্থা

***৯৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৬) শ্রী ভূপেন্দ্রনাথ শেঠঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বনগাঁ মহকুমায় ব্যক্তিগত রেশন কার্ডের সংখ্যা কত?

(খ) বনগাঁ, বাগদা ও গাইঘাটা অঞ্চলের রেশন দোকানে প্রয়োজন অনুসারে চাল, গম, চিনি ও কেরোসিন তেল নির্দিষ্ট মাত্রায় দেওয়ার ব্যবস্থা আছে কি না; এবং

(গ) থাকলে, ১৯৯১ সালের ডিসেম্বর মাস থেকে ১৯৯২ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত মাথা পিছু বরাদ্দ কত ছিল?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

ক) বনগাঁ মহকুমার ব্যক্তিগত রেশন কার্ডের সংখ্যা ৭,০০,২৯৮টি।

খ) হ্যাঁ আছে।

গ) উক্ত সময়ে মাথা পিছু বরাদ্দ হইল নিম্নরূপঃ-

চাল এবং গম - ৫০০ গ্রাম প্রতি সপ্তাহে প্রতি প্রাপ্ত বয়স্ক পিছু এবং ইহার অর্দ্ধেক অপ্রাপ্ত বয়স্কদের জন্য বরাদ্দ।

চিনি - মাথা পিছু প্রতি সপ্তাহে ৭৫ গ্রাম করিয়া কেরোসিন তেল - ৪ জন পর্যন্ত পরিবার পিছু সপ্তাহে ১ লিটার, ৫ বা ততোধিক সপ্তাহে ১$\frac{১}{২}$ লিটার, এবং ৬ জনের অধিক পরিবারের জন্য সপ্তাহে ২ লিটার।

রেশনে ভর্তুকি সম্পর্কে কেন্দ্রীয় নীতি

***৯৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬) শ্রী দিলীপ মজুমদার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রেশন ব্যবস্থায় ভর্তুকি না দেবার যে নীতি কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন তার ফলে রাজ্যের রেশন ব্যবস্থা বিপর্যস্ত হবে বলে মনে করেন কি না; এবং

(খ) করে থাকলে, এ সম্পর্কে রাজ্য সরকারের মনোভাব অনুগ্রহ করে উল্লেখ করবেন কি না?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এ বিষয়ে কোনও সরকারি ঘোষণার কথা রাজ্য সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

শিল্প ধর্মঘটের ফলে শ্রম দিবস নষ্ট

*৯৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩১) **শ্রী সুব্রত মুখোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৯শে ডিসেম্বর, ১৯৯১-এর শিল্প ধর্মঘটে কত পরিমাণ শ্রম দিবস নষ্ট হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

২৯শে ডিসেম্বর ১৯৯১ কোনও শিল্প ধর্মঘট হয়নি।

PRESENTATION OF REPORT

Presentation of the Twelfth Report of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes, 1991-92

Shri Sunirmal Paik : Mr. Speaker, Sir, with your permission, I beg to present the Twelfth Report of the committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes, 1991-92, on the reservation quota for the candidates belonging to Scheduled Castes and Scheduled Tribes in the employment under Education (Secondary), Local Government and Urban Development Panchayat Departments and Board of Revenue.

Mr. Speaker : There will be no mention hour today.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received two notices of Adjournment Motion. The first is from Shri Saugata Roy on the subject of alleged threat to the peaceful polling at Ballygunge on the 8th June, 1992 and the second is from Shri Abdul Mannan on the subject of alleged threatening by the supporters of the Major Ruling Party to the people in different parts of the State in favour of successful Bandh on 16-6-1992.

The subject matters of the Motions do not merit Adjournment of the business of the House. However, the Members may call the attention of the Ministers concerned on the subjects through Calling Attention, question, mention etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member my, however, read out the text of his Motion as amended.

(Concerned members were not present in the House at this time)

CALLING ATTENTION

Mr. Speaker : I have received nine Notices of Calling Attention, namely :-

1. Alleged desparity on the accounts of "Kuthir Jyoti" Scheme of the State Government. : Shri Ajoy De

2. Beginning of work of the proposed 500 M.W. Thermal Power Plant by the C.E.S.C. at Budge Budge. : Shri Dipak Mukherjee

3. Reported leakage of poisonous gas from the Bengal Distilliary Company at Bhadrakali under P.S. Uttarpara : Shri Abdul Mannan

4. Demand for setting up a Fire-Brigade Station at Karimpur, Nadia. : Shri Chittaranjan Biswas

5. Alleged detoriaration of Law and Order situation at Jayanti Hill areas of Alipurduar Sub-division. : Shri Nirmal Das

6. Demand for setting up of two Madhyamik standard school at Tehatta No.1 and 2 Panchayat Samity areas. : Shri Kamalendu Sanyal

7. Generator set at Rabindra Bhavan of Nadia district reported to be out

of order within few days after installation. : Shri Sushil Biswas

8. Reported construction of a Halicopter like vehicle by one Khetu Mandal of Kaliachak P.S. in Malda district. : Shri Birendra Kumar Maitra

9. Alleged ransacking of WBSEB office at Dhaihat under Katwa Assembly Constituency on 24th May, 1992 : Shri Anjan Chatterjee

I have selected the notice of Shri Dipak Mukherjee on the subject of beginning of work of the proposed 500 M.W. Thermal Power Plant by the C.E.S.C. at Budge Budge.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 18th June.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Minister-in-charge of Labour Department to make a statement on the subject of Reported illegal lock out of Tribeni Tissue Company at Bansbaria, Hooghly ;-

(Attention called by Shri Abdul Mannan on the 2nd June, 1992)

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান কর্তৃক হুগলি জেলায় অবস্থিত ত্রিবেণী টিস্যু কারখানাটির লক-আউটের পরিপ্রেক্ষিতে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব এনেছেন, তার উত্তরে আমি নিম্নলিখিত বিবৃতিটি দিচ্ছি ঃ-

২) কর্তৃপক্ষ ২৭শে মে '৯২ প্রদত্ত একটি নোটিশের দ্বারা ত্রিবেণী টিস্যু কারখানাটি গত ২৭শে মে '৯২ তারিখে রাত ৯টা থেকে লক-আউট ঘোষণা করেছে। কারখানাটিতে লক-আউটের কারণ হিসাবে উক্ত প্রদত্ত লক-আউট নোটিশে যে সমস্ত কারণ দেখানো হয়েছে তা হল বিগত জানুয়ারি '৯২ থেকে শ্রমিকদের দ্বারা বিতর্কিত ধর্মঘট, যন্ত্রপাতি ব্যবহারজনিত ধর্মঘট (টুল-ডাউন স্ট্রাইক) ধীরে চল, শৃঙ্খলা ভঙ্গ, শারীরিক নিগ্রহ ইত্যাদি।

৩) বাস্তবিকপক্ষে ত্রিবেণী টিস্যু কারখানাটিতে কিছু শিল্পবিরোধ চলছিল। এই সংস্থায় ২টি ইউনিয়ন। একটি আই. এন. টি. ইউ. সি দ্বারা অনুমোদিত ত্রিবেণী টিস্যু এমপ্লয়িজ

ইউনিয়ন এবং অপরটি সি. আই. টি. ইউ দ্বারা অনুমোদিত ত্রিবেণী টিস্যু ওয়ার্কার্স অ্যান্ড এমপ্লয়িজ ইউনিয়ন। বিগত দীর্ঘমেয়াদি চুক্তির মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরে ইউনিয়নগুলি একটি দাবিসনদ মালিকপক্ষের নিকট পেশ করেছিল। অপরদিকে কর্তৃপক্ষ নিষ্পত্তির দাবি জানিয়ে কিছু বিষয়ের একটি তালিকা ইউনিয়নগুলির কাছে পেশ করেছিল। বিষয়গুলির মধ্যে একটি হল প্রায় দেড় বছর আগে একটি বয়লার-এর লোক নিয়োগ সংক্রান্ত বিষয়, যা দীর্ঘদিন ধরে অমীমাংসিত রয়েছে।

৪) অপরদিকে কর্তৃপক্ষের বেতন কাটা, নৈমিত্তিক ছুটি (ক্যাজুয়াল) নামাঞ্জুর করা ইত্যাদি পদক্ষেপ ত্রিবেণী টিস্যুর শ্রমিক কর্মচারিদের বিক্ষুব্ধ করে তুলেছিল। ৫।৬ বছর ধরে পড়ে থাকা শূন্যপদ পূরণ না করা, অতিথি নিবাসে কর্মরত শ্রমিকদের মূল সংস্থার কর্মচারী হিসাবে নিয়মিতকরণ না করা, কর্মচারিদের কাজের জায়গার পরিবর্তন ঘটানো ইত্যাদি বিষয়গুলি শ্রমিকদের অসন্তুষ্টির কারণ ঘটিয়েছিল। প্রয়োজনের তুলনায় কমসংখ্যক শ্রমিকদের দিয়ে কাজ চালানো হচ্ছে এই অভিযোগটি প্রমাণিত হয়েছে কর্তৃপক্ষের আইন বহির্ভূত অতিরিক্ত সময় শ্রমিকদের দিয়ে কাজ চালানোর মধ্য দিয়ে।

৫) ১৯৯২ সালের জানুয়ারি মাস থেকে বহুসংখ্যক দ্বিপাক্ষিক এবং ত্রিপাক্ষিক আলোচনা বৈঠক হয়েছে। আমার সহকর্মী মাননীয় ক্ষুদ্র এবং কুটিরশিল্প মন্ত্রী গত ৩০শে এপ্রিল '৯২ তারিখে শ্রম কমিশনারের উপস্থিতিতে শ্রমিক এবং কর্তৃপক্ষের প্রতিনিধিদের নিয়ে একটি আলোচনা বৈঠকে মিলিত হয়েছিলেন। এই বৈঠকে উভয়পক্ষের গ্রহণযোগ্য একটি মীমাংসার সূত্র স্থির হয়েছিল।

৬) কিন্তু গত ৩০শে এপ্রিল ১৯৯২ তারিখে সংস্থার কোনও একটি বাংলো বাড়ির অভ্যন্তরে ত্রিবেণী টিস্যু মহিলা সমিতির সভা চলাকালীন একটি ঘটনার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ সি. আই. টি. ইউ. ইউনিয়নের যুগ্ম সম্পাদক সহ কয়েকজন শ্রমিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে এবং ৩০শে এপ্রিল বৈঠকে গৃহীত মীমাংসার সূত্র কার্যকর করতে অস্বীকার করে। এরপর শ্রমকমিশনার গত ২.৫.৯২ ও ১১.৫.৯২ তারিখে ত্রিপাক্ষিক বৈঠক ডেকে শিল্প বিরোধগুলির মীমাংসার চেষ্টা করে। ঘটনার গতিপ্রকৃতি ও কর্তৃপক্ষের মনোভাবের পরিচয় পেয়ে আমি সহকর্মী মাননীয় মন্ত্রী শ্রী প্রবীর সেনগুপ্তের উপস্থিতিতে গত ২৬ এবং ২৭শে মে '৯২ তারিখে কর্তৃপক্ষের প্রতিনিধিদের সাথে দেখা করার সময় কারখানাটিতে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য কোনও রকম প্ররোচনামূলক পদক্ষেপ গ্রহণ না করার জন্য অনুরোধ জানিয়েছিলাম। এর কিছু দিন আগে ইউনিয়ন প্রতিনিধিরা আমার কাছে এলে শিল্পে শান্তি বিঘ্নিত হয় এমনসব কাজকর্ম থেকে নিবৃত্তি থাকার জন্য তাদেরও অনুরূপ আবেদন জানিয়েছিলাম। ৩০শে এপ্রিলের ঘটনার পরিপ্রেক্ষিতে ইতিমধ্যে সরকারের কাছে একটি পুলিশের প্রতিবেদন এসে পৌঁছেছে। এই প্রতিবেদন থেকে দেখা গেল ঘটনার সময়ে উপস্থিত কোনও এক তৃতীয় ব্যক্তি জানিয়েছেন যে ত্রিবেনী টিস্যু ওয়ার্কার্স অ্যান্ড এমপ্লয়িজ

ইউনিয়নের ব্যবহার কোনওমতেই আক্রমনাত্মক বা আপত্তিকর ছিল না। কিন্তু কর্তৃপক্ষ এই ঘটনা সম্পর্কে ভিন্নমত পোষণ করে। ৭) কারখানাটিতে লক-আউট তুলে স্বাভাবিক উৎপাদন চালু করার জন্য শ্রমিক এবং কর্তৃপক্ষের বিরোধ মেটাবার উদ্দেশ্যে রাজ্য সরকার সর্বতোভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

মিঃ স্পিকার ঃ মাননীয় সদস্যগণ, আজ এখানে এই বিধানসভা ভবনে ইউনিয়ন মিনিস্টার মিঃ অজিত পাঁজা এসেছেন, কিছু কথাবার্তা বলার ব্যাপার আছে, হাউস সেশনে থাকলে বা চলতে থাকলে অসুবিধা হবে সেইজন্য আপনাদের সকলের অনুমতি নিয়ে আমি আড়াই ঘন্টার জন্য রিসেস দিচ্ছি। আমরা আবার মিলিত হ'ব ২।। টার সময়।

(At this stage the House was adjourned till 2.35 p.m.)

(After Adjournment)

[2-35 – 2-45 P.M.]

(Noise)

(At this stage, several members belonging to the Ruling Front rose to speak)

Mr. Speaker : Mr. Siddhartha Shankar Roy, have you received a notice from Shri Manabendra Mukherjee on what happened yesterday? He has raised a matter. I have not admitted it. I have kept it pending till today.

Shri Siddhartha Shankar Roy : Thank you, Sir.

Mr. Speaker : After hearing you, I will formally take a decision on the matter.

(Noise)

Shri Siddhartha Shankar Roy : Mr. Speaker, Sir, where is my Accusal No.1 ? My Accusal No.1 ? However, it does not matter. I have to satisfy you, nobody else. Sir. I was amazed dumb founded to hear.......(Noise and Interruptions).......It is a very serious charge of criminal........(Noise and Interruptions.......)

(At this stage, several members of the Ruling Parties rose to speak)

(Noise)

Mr. Speaker : Why do you disturb him ?

(Noise)

(At this stage, Shrimati Anuradha Putatunda was still shouting)

Shrimati Anuradha Putatunda, don't disturb.

Yes, Mr. Roy, you go on.

Shri Siddhartha Shankar Roy : Mr. Speaker, Sir, I was amazed, dumb founded, stupefied when I heard about the allegation that was made against me yesterday. I am sorry, I was not in the House because I arrived last morning from Berhampore at about 3.00 O'clock. I have been electioneering in Berhampore for the last three-four days and, therefore, I could not come to the House yesterday. Sir, I want to say that what has been said against me was a monstrous lie. It was false—absolutely false, maliciously false. There is not a word of truth in what was said. I have had no meeting of whatsoever nature with any B.J.P. leader or any B.J.P. man.

In fact, Sir, holding such clandestine meetings with the BJP or anybody else against my country's interest is against my soul and against my entire philosophy. I have never heard of such utter nonsense in all my life. Sir, I am fighting the B.J.P. not in the air-conditioned comfort of the House and with a paper tiger. **(Noise)**....Sir, if they interrupt me continususly. (Noise)...I have a right to reply. Sir, I am fighting the B.J.P. not in Bengal in this air-conditioned House where they do not have any member. I am not fighting with a paper tiger here when I fight the BJP. I am fighting the BJP at BJP's citadel. I am fighting the BJP in Lucknow. In fact as fate would have it I have a fear that when the Hon'ble Member from the other side making allegations against me. I was not aware of it. I was resting and telephone calls were coming from Lucknow. Ultimately a coll at about 5 O'clock came from Zafarat Zilani. Secretary of the Babri Masjid Action Committee who was searching me desparately to go and appear for him and I have to fight the BJP and Viswa Hindu Parishad. You do not know what it is to go to Lucknow and in that atmosphere to argue the case on behalf of the minorities, the miseries that they have to suffer, the

hatred with which people look at their eyes. I want there time and against and I premised them that I shall go there again on the 22nd of June. They were wanting me next week, if possible. It is not possible becasue I should be busy elswhere, but on the 22nd June, I shall go there and fight BJP. Where is my friend who said this? It is not a shaw fight that I was fighting with. I am fighting against the BJP. I am fighting a fight which according to the principle that I believe in a principle of secularism, the principle on which I have been brought up, the principles which we respect in every possible way. That is the principle which I want to vindicate and it is no part of that principles to go and talk to XYZ. I do not even know them. Sir, I do not even knew the people who are within the BJP. I know Atal Behari Bajpai, I know Mr. Advani. I know no one here who is a leader of the BJP. I have fought the BJP in the elections. I know that. But I do not know any BJP leader here. I do not know who has started this. Unless it is a part of the disbelical more to have character assassination it is a very....(Noise)......Mr. Speaekr, I am not a politician as such. I am basically a proofessional man. No prefessional man will come to this House if such allegations, absolutely without any basis, without any substance are made freely on the floor of the House. Sir, the whole statement against me was a permicious lie and politically motivated and Sir, my respectful submission is that it should be totally expunged. Sir, if Mr. Mukherjee there are anybody else in the House wants to make allegations of this nature against us I shall ask them to be a gentleman, to be a man of honour, a man of dignity to be true to his father's name and come out of the House, call a Press Conference and say what you are saying against me. I know how to deal with it. I can assure the House, I assure you, Sir, that I shall immediately file an action for damage in the Civil Court and an action in the Criminal Court for criminal defamation. Let them, if they have the guts, if they have the strength to go and make the statement outside the House. What is this ? Taking the protection of the House he was making absolutely wild allegations. It has nothing no truth in it whatever. Nobody believes it. I have come from the High court this morning and everybody says, "Sir, who made these allegations ?" Because they know me. I am 71 years' old and my whole life is ever sacularism. It is known to everybody particularly the minerity community. Nobody will believe it. Sir, the position is that this is politically motivated.

Why do I say this ? Because I have just come back from a four-day campaign which, I think, I believe, would rip off the mask of the BJP, would take apart it. I do not want four or five meetings addressed in anchals, in towns etc. What I said of the BJP in the Berhampore constituency that I have said about the CPM also. I have proved it beyond any shred of doubt that CPM, for performance, for its own existence, must have the BJP here, otherwise our vote cann't be devided. I have proved it beyond any shred of doubt. I shall prove it again I have three or four meetings in Balliganj today to be addressed about these figures—that arithmetically, scientifically and mechanically of the 35 lakhs of votes which the BJP have cut, seventy per cent was congress vote, and 30 per cent was CPM or Left Front vote. (noise). Sir, I am making my defence. Secondly, Sir, this gentleman who have made this allegation against me, have forgotten another very important thing. Amongst India today, I am one of the those unfortunate persons amongst India today—in the whole of India—I am one of those unfortunate persons who is in a 'Z' category security list, like the Chief Minister of here. We are the two people of Bengal who are in the 'Z' category list. We cannot go anywhere. We have policemen in front of us, in the back of us. I do not like them, I say, 'please don't come'. Then Calcutta police came and served me a notice saying that 'you have to have it, because you are in a 'Z' category security list. In Delhi, in Bombay, wherever I go for some cases this happens. Sir, the other day I complained the Commissioner of Police, Bombay. At the Oberoi Towers in front of my room, these policemen were there. In Bombay those who have police in front of their rooms, are smugglers. Nobody else. So I said 'please take them away'. They won't listen to me. Then I found that three stories above there was another room full of security-men. So, I wanted to know who was the person, who was being given the security ? And I was told that the lady was Ms. Pamela Borde. She was there, where she was having a full security. So the position.....

Mr. Speaker : So, you were with Pamela Borde ?

Shri Siddhartha Shankar Ray : So the point is that you ask your police to produce the records because they have it with them. Have it signed. You ask them to produce that records as to where I have gone. What is this? Nonsense! False allegation against me! This cannot

go beyond a limit. Now let's refer to Tinbigha. I have some serious things to say because it is not a fact that I am not taking any action. Look at it heartily, and don't get annoyed at it. This is my request. It may be something which may hurt. Please listen about the Pact in 1974, you had opposed it every year, every month, everyday. You had opposed it in 1974. You had opposed in '75. You had opposed this in 1976, you had opposed in '77. In '82 elections a section of Forward Block made worse kind of vile, rabid and communal statement in the district of Coochbehar. The same thing was repeated in '87, the same thing was repeated in 1991. Nobody objected to that section of Forward Block. With such an allegation you take advantage of the vote. So much so, Sir, that our whole influence in this particular area, had been considerably diminished. And we shall have to go there again. But the whole influence had been considerably diminished. Therefore, Sir, we have to do something in a very big way and that is the reason, why, Sir, while in Berhampore I saw the BJP's propaganda was not cutting much ice. But I saw, how they were trying to mislead the people. I tried and the Prime Minister tried to talk to each other. I rank up the Prime Minister four or five times but could not get, and he rang me up four or five times but could not get me because I was getting up early in the morning. So, yesterday, I didn't come to the House as I was very tired. But in spite of my tiredness, I rang up the Prime Minister and I said that I had just come back.

It is absolutely necessary that we have a massive propaganda and publicity programme. Your TV and your radio are not doing what they should. We have to do much more things. And we will have to have the maps on the television screen. Sir, Tin Bigha is not a territory, it is not a property, it is only a right of passage. It is called a servitude in international law. It is just a servitude right of passage. What is being transferred is not property as such but only a right of passage—the sort of passage which you do have when you go from Islampore to Raiganj—you pass through a corridor, i.e., Kisanganj. But since this is international matter, you have to have special security, special provisions.

So, how this has come? I was Chief Minister then, although I was not involved in it. But I knew the background, we knew the background. How did this come? South Berubari, for some reason or

other, Radcliff forgot about it. The police station of South Berubari was not mentioned. We claimed South Berubari, Pakistan claimed South Berubari. But Radcliff had said nothing. There was a case. Jyoti Basu—that's why I am wanting him—he from here and I from there opposed the Government of India's arrangements with regard to Berubari. I said Berubari couldn't be given to Pakistan. I argued it from there, relying on a Supreme Court Judgment. I well remember that day. Jyoti Basu from here supported me. And that great Chief Minister, Dr. Bidhan Chandra Roy, he got up and said—'both Siddharth', Siddhartha Roy' and Jati'—he was called him 'Jati'—'are right. We will have to think about it again.'

And then, when Muzibar came to power I was still the Chief Minister and as Muzibar said—as you know, it's a past history—that, South Berubari you can get, but he wanted this passage in Tin Bigha—that's a history. I am only talking of the history. So this and the map—after all, what is being given—have to be shown and discussion and discussion and discussion. All political parties must work together. In Television there must be discussions shown. Jyoti—Jyoti Basu and I must hold a discussion....(noise).....I am making very serious suggestions. Jyoti Basu and I must have discussion—ourselves—and tell the people, and tell the people, the Chief Minister and I must appear. Also you, Saugata Roy, whoever, Dr. Zainal Abedin, others, from time to time they must appear, have discussions.

(Noise)

Sir, this is not possible, not possible.

Mr. Speaker : Please don't disturb.

Shri Siddhartha Shankar Ray : Now, we should have discussions. the Chief Minister and I should sit together before television and explain to the people why this is absolutely necessary. Necessary not because only that the Central Government wants it, necessary not becasue only that international commitment has to be fulfilled, but necessary because as a point of international law, this right of passage has to be gone to Bangladesh. It was just and proper in 1974 onwards, unfortunately it had been opposed for that matter. The past is over. Transfer of this passage on the 26th, that must be done. On the 26th that must be done. We have very little time and it has to be done in a big

way—the publicity, the campaign—that's why Mr. Ajit Panja has come. I rang up the Prime Minister and said these are necessary, and I said—'I want someone from Delhi. Please send him. I will explain to him. And I want Mr. Chris Sriniwasan, the Secretary of the External Affairs (East), who was the High Commissioner in Dhaka. I want him also.' The Prime Minister said—'All right, I am sending him', Then Ajit Panja rang me up. He said—'Prime Minister told me. I am coming to you at 11 O'clock tonight! Then I again mentioned, 'I want Chris Sriniwasan ! Last evening at 5 O'clock I again rang up Prime Minister. Three times I have rang up, in the course of the day yesterday, that 'please see that Chris Sriniwasan comes, because I want all these documents.'

[2-45 - 2-55 P.M.]

We have all the documents. We have been explaining it to the people. New documents are coming. The Chief Minister will get new sets of papers. I would sit and find out how publicity is to be made. This cannot be done here by shouting and making allegations and counter allegations. It has to be done on solid work and that is what should be done. I am making a very serious suggestion. This has to be fought politically. Fight BJP politically. I am with you. I am telling I am with you. Now, Sir, on 26th let the transfer take place. Then a section of the Forward Block is saying that the CPI(M) has won the Coochbehar seats. Becasue of what they had been saying, this parochial saying, this communal saying, this narrow saying you prove that is not so. After the transfer is done let the CPI(M) members and also those of the Forward Block who do not support the other section of the Forward Block all resign. Put candidates again. I shall go with Jyoti Basu, we shall campaign for the CPI(M) candidates, we shall campaign for the Forward Block candidates, only on one issue 'Tinbigha'. Demand that Mr. Amar Roy Pradhan and Mr. Kamal Guha must resign their seats and seek election. You put your own candidates We won't. We shall go, we shall address meeting from your platform and explain to the people as to what has been done. We have done no wrong. Nobody will be prejudiced. Therefore, Sir, if you really seriously want to fight, if you don't to rely only on character assassination then do not make such allegations. I never saw any BJP, I don't want to see them, I refused to see any one of them, I will never see them. Takeup a political fight,

take it up seriously, we are with you if you takeup this political fight. But please see that on the 26th the transfer takes place. After all what is this ? Sir, it is a simple thing as we all know. This map has not been properly circulated.

(At this stage Hon'ble Member, the Leader of the Opposition, Shri Siddhartha Shankar Ray showed a map)

Many have not seen this map. You can have a glance at it. This is very important. The whole of Bengal must seen it. This is Kuchlibari and this is Mekhaligunj. There is a road here. That is the North-South road. All this is wanted is a corridor from Dahagram to Panbari of only 550 ft. Just 550 ft. of road here across that North-South road and East-West road to Panbari from Dahagram. Sir, may I have your attention? People of Dahagram will have to go to Bangladesh by crossing Tista and no bridge is possible over the Tista. Therefore, if the people of Dahagram want to go to Panbari, they will have to go round and round and round. Mr. Mujibur Rahaman had told me 'দশ দিন লাগব ঐ সামান্য জায়গাটায় যাইতে।'

This is, therefore, sir, a minor thing that is being done. Can't we go to television ? Mr. Jyoti Basu and I explain to the people that is the matter. If you do not give the road, if we do not have the road what will happen? In international law it is accepted, corridors are accepted. So, Sir, there is no problem. The problem is only of mind. We can all work together. Nobody is saying no and it is absurd to say that I am opposed to Tinbigha because I was there at the time when the treaty was entered into by Smt. Indira Gandhi. I fought for this in 1975. I fought in support of this. In spite of some opposition we managed to keep it at right. As long as we were in power we supported this. We supported this throughout.

Because I was there at the time of Indira Gandhi. It is absurd to say. I faught in 1975 for the support of this inspite of some opposition. We managed to keep it alright. During the year 1975, 1976 and 1977 as long as we were in power, we supported this. The allegation was made against Tin Bigha. Sir, I beg to say that it is against my nature, against my character, against my philosophy and I deny this charge in toto. I appeal to them once again. If they feel that—'no' there is something against me—then go outside and make allegation and

then see who is right and who is wrong. Sir, do you want me for further explanation?

Mr. Speaker : No.

[2-55 – 3-05 P.M.]

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনার মাধ্যমে বিরোধী দলের কাছে আবেদন জানাতে চাই যে এই মাত্র আমাদের প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মাননীয় মন্ত্রী অজিত পাঁজার সঙ্গে আমাদের এই বিধানসভার সর্বদলীয় প্রতিনিধিদের মিটিং হয়েছে। সেখানে তিনি ৩ বিঘা সম্পর্কে কিছু নির্দিষ্ট প্রস্তাব আমাদের কাছে রেখেছেন এবং চেয়েছেন একটা সর্বসম্মত প্রস্তাব নিয়ে সর্বদলীয় কমিটি ৩ বিঘা যাওয়ার জন্য। কাজেই এই ধরনের একটা অ্যাপিলের ব্যাক গ্রাউন্ডে আমরা আলোচনা করছি। আমি বিরোধী দলের কাছে আবেদন জানাব যে গতকাল আমি যে অভিযোগ করেছিলাম সেই সম্পর্কে আমি আবার আলোচনা করব। কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী অজিত পাঁজা যে প্রস্তাবগুলি আমাদের হাউসের সামনে রেখেছেন, যা নিশ্চয়ই আমাদের সরকার পক্ষের চীফ হুইপ উত্থান করবেন। সেই প্রস্তাবগুলি ঐক্যমতে গ্রহণ করতে গিয়ে এই আলোচনা যাতে কোনও বাধা হয়ে না দাঁড়ায় সেই আবেদন প্রথমে করব।.........(গোলমাল)............

আমার দ্বিতীয় কথা হচ্ছে, প্রথমত ব্যক্তিগতভাবে বিরোধী দলের নেতাকে আমি অভিনন্দন জানাব যে তিনি বাবরি মসজিদের গুরুত্বপূর্ণ মামলায় লড়েছেন, আমি ওনার সাফল্য কামনা করছি। ওনার বিরুদ্ধে আমার অভিযোগ এই ছিল না যে বি. জে. পি'র সঙ্গ, বি. জে. পি. সম্পর্কে ওনার অ্যাসেসমেন্ট কি? আমার অভিযোগ ছিল যে বি. জে. পি'র সঙ্গে ৩ বিঘা নিয়ে এই ধরনের গোপন বোঝাপড়ায় আসবার অভিযোগ আমরা শুনতে পাচ্ছি। আমার বক্তব্য এটা যে বি. জে. পি. সম্পর্কে ওনার রাজনৈতিক অভিমত কি?.....(গোলমাল)........বি. জে. পি সম্পর্কে ওনার অভিমত কি, আজকে দাঁড়িয়ে এই বিষয়টাকে খুব বেশি গুরুত্ব দেব কি করে? আমার অভিযোগ তো বি. জে. পি'র রাজনৈতিক চরিত্র সম্পর্কে নয়। দুনিয়ার সবাই জানে বি. জে. পি'র রাজনৈতিক চরিত্র কি। আমার অভিযোগ ওনার রাজনৈতিক চরিত্র সম্পর্কে। আজকে উনি বি. জে. পি সম্পর্কে যেভাবে অভিযোগ করেছেন, যে প্যাশনেট ওয়েতে বি. জে. পি কে আক্রমণ করেছেন, একদিন মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় ঠিক একই ভঙ্গীতে ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রসংশা করতেন। আবার প্রশংসার জায়গা থেকে নিন্দুকের জায়গায় যেতে ওনার বেশি সময় লাগেনি। একই ভঙ্গীতে বামপন্থীদের সঙ্গে, জ্যোতি বসুর সঙ্গে ঐক্যমত হতেন, আবার তার বিরুদ্ধে যেতে ওনার বেশি সময় লাগেনি। একই ভঙ্গীতে শ্রীমতী ইন্দিরা গান্ধীর.........(প্রচন্ড হৈ হট্টগোল).........

......(সেভারেল কংগ্রেস (আই) মেম্বারস রোজ ইন দেয়ার সিটস)........

(নয়েজ)

শ্রী মানবেন্দ্র মুখার্জিঃ মাননীয় বিরোধী দলের নেতার কাছে আমার আবেদন এটা.....

(সেভারেল কংগ্রেস (আই) মেম্বারস রোজ টু স্পিকার)

(নয়েজ)

শ্রী সাধন পান্ডে : উইথ ইয়োর ফাদারস নেম সাহস থাকে তো বাইরে চলুন।......

(নয়েজ)

শ্রী মানবেন্দ্র মুখার্জিঃ স্যার, সাধনবাবু আমাকে বললেন যে উইথ ইয়োর ফাদারস নেম, আমাকে বাইরে যেতে হবে। আমি আমার ফাদারস নেম নিয়ে বাইরে যেতে পারি, কিন্তু তাঁর কি অবস্থা হবে যে ফাদারস নেম পর্যন্ত বলতে পারবেন না। তাঁর জন্য আমার সহানুভূতি হচ্ছে। আমি যে কথা বলতে চাই সমালোচনা শোনবার মানসিকতা এবং ধৈর্য আমি বিরোধী দলের নেতার কাছ থেকে প্রত্যাশা করি। আপনি যখন বলছিলেন আপনার প্রতিটি অভিযোগ শুনেছি, আপনি আপনার দলের মানুষদের সংযত করবেন যাতে আমার কথা আপনি শুনতে পারেন, এই অনুরোধ আপনার কাছে আমার রইল। দ্বিতীয় কথা যেটা বলতে চাই, আপনার রাজনৈতিক চরিত্র ধারাবাহিকভাবে দেখা গিয়েছে। আপনি শ্রীমতী ইন্দিরা গান্ধীর ঘনিষ্ট ব্যক্তি ছিলেন, হয়েছেন ইন্দিরা গান্ধীর সব চেয়ে বড় চরম শত্রু। আজকে যাঁরা জি. এন. এল. এফ করছে তাঁদের সমর্থন নিয়ে দার্জিলিং-এ দাঁড়িয়েছেন। পাঞ্জাবে গিয়ে সিমরান জিৎ সিং মানের মতো মানুষকে রাজনৈতিক নেতা করে দিয়েছেন। আজকে আপনি এই মুহূর্তে দাঁড়িয়েছে বি. জে. পি সম্পর্কে আপনার মনোভাব কি, সেটা আপনি বললেও আপনার রাজনৈতিক অতীত সেই মূল্য দেওয়ার দাবি করে না। কারণ পর মুহূর্তে আপনি বিরোধিতা করতে পারেন। আমি কতকগুলি নির্দিষ্ট প্রশ্ন আপনার কাছে রাখতে চাই, আমি আশা করব আপনি সেইগুলির উত্তর দেবেন। এই অভিযোগ কি ঠিক, যে সর্বদলীয় মিটিং হয়েছিল, সেই মিটিং-এ আপনাকে বার বার বলা সত্ত্বেও আপনি ব্যক্তিগতভাবে সেই মিটিং-এ অনুপস্থিত থাকেন? এই অভিযোগ কি ঠিক আমি জানতে চাই। আপনি বলবেন, আমি যখন প্রশ্ন করছি, নিশ্চয়ই আপনি উত্তর দেবেন। আমার বলার সময় আপনি শুনুন, আপনার বলার সময় আমি ধৈর্য্য ধরে শুনব। এই কথা কি ঠিক যে আপনি এই মন্তব্য করেছেন যে কেন্দ্রীয় মন্ত্রীদের তিন বিঘার মতো ইস্যু নিয়ে এখানে মিটিং-এ আসবার কোনও প্রয়োজন নেই? আমি আপনার কাছে এটা নির্দিষ্ট ভাবে জানতে চাই যে, কেন আজকে কেন্দ্রের মন্ত্রিসভার প্রতিনিধিদের কলকাতায় আসতে হল? সাত-সকালে কেন প্রধানমন্ত্রীর প্রতিনিধিকে আপনার বাড়িতে ছুটে যেতে হয়েছিল। তিন বিঘার মতো ইস্যুতে আপনার রাজনৈতিক অবস্থান পরিষ্কার ছিল না, সুনির্দিষ্টভাবে আজকে প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে অজিত পাঁজা কলকাতায় আসেন এবং আপনার বাড়িতে যাওয়া এটা প্রমাণ করে। আপনার অধিকার থাকলে আপনি এই অভিযোগ খন্ডন করুন। এই অভিযোগ আমাদের

কাছে এসেছে, আপনি অস্বীকার করেছেন। আমি কথাটা আবার আপনাকে জানাচ্ছি এই অভিযোগ আমরা শুনেছি।

[3-05 – 3-15 P.M.]

যে বি. জে. পি.র পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সভাপতি এবং এই রাজ্যের একজন প্রাক্তন মন্ত্রী, যিনি তাঁর দল থেকে বহিষ্কৃত হয়েছেন তাঁদের সাথে আপনার মিটিং হয়েছে আমরা জানি। এই অভিযোগ শুনেছি, আমি বললাম। আপনার উত্তর কি সেটা আনন্দবাজার পত্রিকা পড়ে আমরা জেনে নিয়েছি। কিন্তু আপনার এই 'না' কথাটা বিধানসভাতে নোট হোক। আপনি বিবৃতি দিন যে, এই অভিযোগগুলো সঠিক না। এটা বিধানসভাতে নোটেড হোক। আপনি ডিফেমেশন স্যুটের ব্যাপারে বলেছেন। এর থেকে অনেক বড় আদালতে গিয়ে কথাটা বলি—চলুন না বলি, আপনি ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সমাবেশ ডাকুন, আপনি আপনার কথা বলবেন, আমিও আমার কথা বলব। পশ্চিমবাংলার সবচেয়ে বড় আদালত, পশ্চিমবঙ্গের মানুষ ঠিক করবেন কোনটা ঠিক আর কোনটা ভুল। মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সাথে কথা বলুন। সুদীপবাবু গতকাল মেনশন আওয়ারে বিষয়টা উল্লেখ করেছেন, ২৬শে জুন তিনবিঘার ট্রান্সফার নিয়ে গোটা রাজ্য জুড়ে সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা চলছে। এটা স্যার, আমরা সবাই বুঝি, ভারতীয় জনতা পার্টি অ্যাজ এ পলিটিক্যাল পার্টি তার এই সাংগঠনিক ক্ষমতা নেই যে গোটা রাজ্য জুড়ে বিশৃঙ্খলা তৈরি করতে পারে। আরও কারা তার সাথে আছে, পুলিশ দিয়ে তদন্ত করালে যদি ওঁরা স্যাটিসফাই না হন, আমি রাজ্য সরকারকে অনুরোধ করব যে সি. বি. আই.কে দিয়ে তদন্ত করে জানুন, যে অভিযোগ মাননীয় বিরোধী দলনেতা সম্পর্কে উঠেছে সেই অভিযোগ ঠিক, না ভুল তা সি. বি. আই. কে দিয়ে তদন্ত করিয়ে রাজ্য সরকার জানুন এবং গোটা রাজ্যের মানুষকে জানান যে কারা এই চক্রান্তের মধ্যে ছিল। তিনবিঘার বিষয় নিয়ে গোটা রাজ্য জুড়ে সাম্প্রদায়িক উত্তেজনার বিষয়ে কারা কারা যুক্ত ছিল বি. জে. পি. নেতা ছাড়া। আমাদের কাছে অভিযোগ এসেছে তার সাথে সংযুক্ত, অন্যতম সংযুক্ত আমাদের মাননীয় বিরোধী দলনেতা এবং আপনি যদি সংযুক্ত না থাকেন তাহলে আপনার থেকে আমরাও কম খুশি হব না। কিন্তু আপনার 'না' সূচক উত্তরটা নোটেড হোক। কারণ পশ্চিমবাংলার রাজনীতি আজকে শেষ হয়ে যাবে না, আগামীদিনেও সময়টা আছে। আপনার আজকের উত্তর এবং আগামীকাল আপনার কাজ প্রমাণ করবে যে, অভিযোগটা আমরা ঠিক করেছি, না আপনার নিজের অভিযোগ সম্পর্কে ডিফেন্ড করতে গিয়ে আপনি ঠিক কথা বলেছেন। আপনি দয়া করে আমাকে এই হুমকী দেবেন না যে, বাইরে গিয়ে আমি এই কথা বললে আপনি মানহানীর মামলা আনবেন। আমার বিরুদ্ধে আপনি মানহানীর মামলা আনতে পারেন, কিন্তু দু'দিন পরে যখন আপনার দলের লোক এই কথা বলবেন, তাঁদের বিরুদ্ধে আপনি কি করবেন সেটা বলুন? বলুন না সেই কথা? কারণ আপনার দল ইউনিফায়েড না। তারজন্য কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিদের

দু'দুবার ছুটে আসতে হয়েছে এবং আপনার এই দ্বিমতের সুযোগ নিতে চাইছে ভারতীয় জনতা পার্টি। প্রশ্নটা ভারতীয় জনতা পার্টি ও আপনার রাজনৈতিক মত বা বিশ্বাসের পার্থক্য সেটা, কোনও ক্ষমতার প্রতি আপনার লোভের তীব্রতা কত এটা হচ্ছে মূল অভিযোগ। আপনি বি. জে. পি. কেন, ক্ষমতায় যাওয়ার জন্য শয়তানের সাথে আপনি হাত মেলাতে পারেন। আপনার রাজনৈতিক ইতিহাস এটাই বর্ণনা করছে। কাজেই আপনাকে যদি ডিফেন্ড করতে হয় তাহলে আপনার পঞ্চাশ বছরের রাজনীতির অতীতকে ডিফেন্ড করুন। কারণ বারবার মুখের কথাকে কাজের মধ্যে দিয়ে আপনি ভুল প্রমাণ করেছেন। যে অভিযোগ আমরা শুনেছিলাম, সেই অভিযোগ আমি আপনার বিরুদ্ধে উত্থাপন করলাম কতকগুলো সুনির্দিষ্ট প্রশ্ন সহ। আমি আশা করব আপনি সেই প্রশ্নগুলোর উত্তর আমাদের দেবেন।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম উত্তর যে কেন্দ্রীয় মন্ত্রী বারবার কেন এসেছেন। আমি পড়ে শোনাচ্ছি। আমার আজকে প্রধানমন্ত্রীকে লেখা চিঠি—

Dear Prime Minister,

Thank you very much for sending Ajit and Chris Srinivasan as per my earlier request. As I informed you over the phone this morning both of them saw me late last night and there was a long discussion.

I have told them what I thought we should do from the Publicity, Propaganda and Media angle. As I told you earlier we have been rather weak on this and a vigorous vibrant, imaginative and extensive exercise is necessary to place before the people in simple language the actual facts of the situation through the Radio, Television, the Press etc. In fact leading Journalists have to be approached and involved in this very important work and there should be large advertisements showing the details of the Pact as amended, maps etc. to impress upon all concerned that what is being done is not really harmful to anybody and that the propaganda against it was false, malicious and uncalled for. Well known and respected people from Bengal from various walks of life should be interviewed by the Television and Radio Authorities and also the Press. Fullest prominence must be given to their points of view. Discussions should be held openly in Television and Radio Programmes to make it clear that what is being done is not only eminently reasonable but wholly necessary. Jyoti and I should from time to time have discussions together before the people over Television and Radio pinpointing the necessity of the implementation of the 1974 Pact as amended from time to time. Others should also be involved in a similar manner.

Whereas Congress must play its part in the process, the CPI(M) has to take a bigger role in this propaganda for ever since 1974, from the very inception, they had opposed this until recently. In the 1982, 1987 and 1991 Assembly Elections and in the 1989 Parliamentary Election they had taken fullest advantage of the rabid, insular and communal propaganda of a Section of the Forward Block and had never publicly criticised them or objected to their vile assertions at the time of the Elections. The result was that the whole atmosphere was surcharged and we lost considerable hold and support. Indeed we did not win a single Seat in the District of Coochbehar either in 1982 or 1987 or 1991.

The CPI(M) is now certainly saying things in favour of implementation of the Pact particularly Jyoti Basu but even then they are saying that this has to be done because firstly the Centre wants it and secondly international commitments have to be honoured. In my view this is certainly very necessary but they have to further explain to the people that otherwise also the Pact was just and fair and should be fully implemented. Without this I am afraid the necessary impact may not be made.

Very best wishes and warmest regards.

অজিত পাঁজার আসার কারণ হচ্ছে আমি ফোন করেছিলাম প্রাইম মিনিস্টারকে, একজনকে পাঠানোর জন্য, প্রাইম মিনিস্টার ফোন পেয়ে বললেন যে, একজনকে পাঠাচ্ছি।

Yours sincerely,

(ভয়েস : চিঠিটা কোনও তারিখের?)

চিঠিটা ইজ ডেটেড ফিফথ জুন। যেখানে যা কথা হয়েছে তাতে বলা হয়েছে যে ২-৩ দিন সময় লাগবে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আপনি কেন আসেন নি? কথাটা কি? না, আপনি কেন আসেন নি? কংগ্রেস সভাপতি সোমেন মিত্র বলেছিলেন, আমাদের ৪-৫জন গেলেই হবে। তিনি ৪জনকে নিয়ে যাবেন বলেছিলেন এবং আমার যাওয়ার দরকার নেই বলেছিলেন। এই বিষয়টা ডাঃ জয়নাল আবেদিন জানেন। এখন প্রশ্ন হচ্ছে—সোমেন মিত্র, কংগ্রেস প্রেসিডেন্ট, সে ৩জনকে নিযুক্ত করলেন, আপনাকে কেন নিযুক্ত করলেন না? তিনি হয়তো খুব সঙ্গত কারণেই করেননি। লিডার অফ দি অপোজিশন পরে আসবেন, এটা জানেন বলেই করেননি। তাঁদের সঙ্গে কথা বলতে যাবার আগে আমি বলেছি, এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, দুই কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলা দরকার। কারণ ইন্টারন্যাশনাল এগ্রিমেন্ট মাস্ট বি ইমপ্লিমেন্টেড।

সুতরাং এইসব আজেবাজে কথা বলে কোথায় যাবেন? কোনও ভদ্রলোক আসবেন এই ধরনের একটা হাউসে? আসলে এতো আর মানববাবুর কথা নয়, বুদ্ধদেববাবু এবং জ্যোতিবাবু তাঁকে দিয়ে বলিয়েছেন। সেদিন জ্যোতি বসুকে আমরা চ্যাঙ্গ-দোলা করে আনিয়েছিলাম সেইজন্য আজকে আমাকে এখানে নিয়ে এসেছেন। তৃতীয়ত বহরমপুরে সি. পি. এম আর বি. জে. পির মুখোশ খুলে দিয়ে তাদের নগ্ন চিত্র মানুষের সামনে তুলে ধরেছি। বহরমপুর এবং মুর্শিদাবাদ তো বুদ্ধদেববাবুর চার্জে, সেইজন্য এটা করা হয়েছে। এই হচ্ছে ব্যাপার, আপনি কে? আপনি তো একজন বাচ্চা ছেলে, ভালো ছেলে, কিন্তু নিমিত্ত মাত্র, আপনার অসুবিধাটা কোথায় আমি বুঝি। তবুও আরেকবার আমি বলছি, যদি সামান্যতম সেল্ফ রেসপেক্ট থাকে, যদি সামান্যতম নিজের উপরে আস্থা থাকে, যদি নিজেকে মানুষ বলে মনে করেন তাহলে আপনি বাইরে ইন্টারভিউ দিয়ে বলুন, যে কথাগুলো বলেছেন।

মিঃ স্পিকার : দি ডিবেট স্ট্যান্ডস ক্লোজড্।

VOTING ON DEMAND FOR GRANTS

Demand Nos. 47, 48, 55 & 58

Mr. Speaker : There are two cut motions to Demand No.47 which are in order and taken as moved.

Dr. Manas Bhunia : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-.

Shri Saugata Roy : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-.

Demand No.48

Mr. Speaker : There is one cut motion to Demand No.48 which is in order and taken as moved.

Shri Saugata Roy : Sir, I beg to move that the amount o the demand be reduced by Rs.100/-.

Demand No.55

Mr. Speaker : There is one cut motion to Demand No.55 which is in order and taken as moved.

Shri Abdul Mannan ; Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

Mr. Speaker : There are no cut motions to Demand No.58. Now. Dr. Zainal Abedin to start the debate.

[3-15 – 3-25 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আলোচনার খুব উপযোগী আবহাওয়া নেই, তবুও আপনি চাইছেন তাই বলতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি বিভাগের যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছেন, আমি বামফ্রন্ট সরকারের কাজকর্ম এবং সেই বিষয় সম্বন্ধে আমাদের বক্তব্য এখানে উপস্থাপিত করছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি প্রথমেই বলতে চাই, আপনি কি বিশ্বাস করেন যে টাকা আপনি বরাদ্দ চাইছেন সেই টাকা আপনি খরচ করতে পারবেন, কিংবা এই টাকা আপনি পাবেন। সাবজেক্ট কমিটি যে প্রি-বাজেট স্ক্রুটিনি করেছেন তাতে আপনারা দেখিয়েছেন কোথাও গত বছর ব্যয় করেছে ৫৪ পারসেন্ট, কোথাও ব্যয় হয়েছে ৬৪ পারসেন্ট। গত বছর এই রকম অনেক টাকা ব্যয় হয়নি। এগ্রিকালচারের মতো সাবজেক্ট, যেখানে পপুলেশন বাড়ছে—জায়গা বাড়েনি—আজেকে খাদ্যের দাবি বাড়ছে সেখানে এই অবস্থা। এগ্রিকালচার মানে তো খাদ্য, আজকে খাদ্যের দাবি বাড়ছে, কিন্তু জায়গার দাবি বাড়ছে না। কি উপায়ে এটা মেটানো যায়? ইন এক্সপানশন অফ দি টেরিটোরি, ভারতবর্ষে এর ব্যবস্থা করা যায় না। নেক্সট উৎপাদন-এর পরিমাণ বাড়ালে এটা মেটে, আর সেকেন্ড হচ্ছে ইমপোর্ট। বাইরে থেকে খাদ্য আনলে এটা মেটে। আমরা অতীতে বাইরে থেকে আনতাম। কংগ্রেসের সুনির্দিষ্ট কর্মসূচির ফলে সারা ভারতবর্ষ আজকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। আজকে রাশিয়ায় সি. পি. এম. তো ভেঙ্গে গেছে, আজকে তারা কুকুর, বিড়াল খেয়ে থাকছে। ইউ হ্যাভ নট ফুড দেয়ার। উই আর টু সাপ্লাই ফিফটি কান্ট্রিস, লাইক সাউথ আফ্রিকা। রাজীব গান্ধীর নেতৃত্বে সাউথ আফ্রিকাকে আমরা প্রোটেক্ট করেছি, ভারত আজকে এই অবস্থায় দাঁড়িয়ে আছে। কিন্তু আজকে আপনাদের কোনও উদ্যোগ নেই, আপনারা নিজেরাই বলুন, আপনি এই দপ্তর পরিচালনায় এক বছরেরও বেশি আছেন। আপনি যে প্রস্তাবগুলি বিগত বছরে আমাদের কাছে উপস্থাপিত করেছিলেন সেগুলিকে কি আপনি রূপায়িত করতে পেরেছেন?

তা যদি না পারেন তাহলে কি বলতে পারিনা যে, ইট ইজ ফিনান্সিয়াল ইমমর‍্যালিটি? নির্দিষ্ট কর্মসূচি রূপায়নের জন্য, নির্দিষ্ট প্রকল্পের জন্য, নির্দিষ্ট সময়ের জন্য, বিধানসভায় নির্দিষ্ট পরিমাণ টাকা চাওয়া হয় এবং আমরা মঞ্জুরি দিচ্ছি। কিন্তু আপনারা খরচ করতে পারেন না। অর্থাৎ পাবলিকলি ইউ আর রেসপনসিবল অ্যান্ড ইউ আর সাপোজ টু বি ইমর‍্যাল ইন ইওর প্রোপোজাল। আমি আপনাকে দোষ দিচ্ছি না। কারণ আপনি তো মন্ত্রী। ফার্স্ট অ্যান্ড ইকোয়াল সি. পি. এমের নেতা, বামফ্রন্টের নেতা—আমার অভিযোগ তাঁদের বিরুদ্ধে। সি. পি. এমের বিরুদ্ধে অভিযোগ। আপনারা তো তাদের হাতের পুতুল। আপনাদের যেভাবে ব্যবহার করে, কি করে সহ্য করে আছেন—আমি তো বুঝতে পারছি না। আপনি যে উদ্যোগ নিয়েছেন, শুধু এটা নয়—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, তিনি একটা প্রেমের গল্প লিখেছিলেন

১৩১৫ সালে। আজকে আমরা দেখছি ষোড়শী এবং দত্তা লিখতে আরম্ভ করেছিলেন ১৩১৫ সালে ধারাবাহিকভাবে। তার নায়ক ছিলেন নরেন্দ্রনাথ মুখার্জি। খাদ্যের প্রয়োজন তখন ছিল, এখন অবশ্যি নেই। ১৩১৫ সালে দত্তা উপন্যাসে কি লিখছেন? "দেখা গেল ওপারে একদল লোক সারি বাঁধিয়া নরেন্দ্রবাবুর বাটির দিকে চলিয়াছে। তাহার মধ্যে পঞ্চাশ হইতে পনেরো পর্যন্ত সকল বয়সের লোকই ছিল। লোকটি দেখাইয়া কহিল, ওরা কোথায় যাচ্ছে জানেন? নরেন্দ্রবাবুর স্কুলে পড়িতে। বিজয়া আশ্চর্য্য হইয়া জিজ্ঞাসা করিল, তিনি এ ব্যবসাও করেন না কি? কিন্তু যতদূর বুঝতে পারছি, বিনা পয়সায় ঠিক না। লোকটি হাসিমুখে কহিল, তাকে ঠিক চিনেছেন। অপদার্থ লোকের কথাও আত্মগোপন করা চলে না। পরে প্রকৃতপক্ষে গম্ভীর হইয়া কহিল, নরেন বলে, আমাদের দেশে সত্যিকারের চাষী নাই। চাষ করা পৈতৃক পেশা, তাই সময়ে, অসময়ে জমিতে দু-বার লাঙ্গল দিয়ে বীজ ছড়াইয়া আকাশের পানে হাঁ করে চেয়ে বসে থাকে। একে চাষ করা বলা চলে না। লটারী খেলা বলে। কোনও জমিতে কখন সার দিতে হয়, কতটা সার পেলে সত্যিকার চাষ করা বলে, তা সবই অজানা। বিলাতে থাকতে ডাক্তারী পড়ার সঙ্গে এ বিদ্যেটাও সে শিখে এসেছিল। ভালো কথা। একদিন যাবেন ইস্কুল দেখতে। মাঠের মাঝখানে গাছের তলায় বাপ ব্যাটা ঠাকুর্দায় মিলে যে পাঠশালা বসে সেখানে"। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমার জিজ্ঞাস্য যে, এগ্রিকালচার পলিসিটা কী? এটাই আমি জানতে চাই। সূর্যবাবুকে অনুরোধ করেছিলাম থাকবার জন্য, আপনার একটা বই দেখছি," অলটারনেটিভ অ্যাপ্রোচ টু ডেভেলপমেন্ট ইন ল্যান্ড রিফর্মস অ্যান্ড পঞ্চায়েত"। তিনি যে বই বিনা পয়সায় বিতরণ করেছেন তাতে এক জায়গায়, পেসেজ ১০, প্যারা ৪এ বলছেন, আপনারা তো ১৫ বছর আছেন, এখন আমি জিজ্ঞাসা করি, কে বাধা দিয়েছেন, টোট্যাল ন্যাশনালাইজেশন করতে পারেননি কেন? রাশিয়ায় করেছিল, রাশিয়া উঠে গেল পৃথিবীর মানচিত্র থেকে। ১৫ বছর আছেন, ৬৭ এসেছেন, ৬৯ এসেছেন, ৭৭ থেকে আজ পর্যন্ত আছেন, ভোটের জন্য নয় ভারতবর্ষের একটা জায়গায় অবস্থান, সেটা স্বল্পকালীন, ৮ তারিখে দেখা যাবে। কে বাধা দিয়েছে? আপনারা রাশিয়ায় করতে গিয়েছিলেন, কি অবস্থা হয়েছে জানেন। আজকে চিনে করতে গিয়েছিলেন, কি অবস্থা হয়েছে জানেন। আপনি প্রডাকশন সম্বন্ধে বলেছিলেন, আপনারা নাকি ভারতবর্ষের এক নম্বর, ইন রেসপনস টু প্রডাকটিভিটি, রাইস প্রডাক্টসে ইন রেস্ট অফ ইন্ডিয়া। আপনি যে বই লিখেছেন, তাতে বলেছেন সাপ্লাই বেড়েছে, ইন রেসপনস টু কোয়ালিটি। প্রডাকশন বেড়েছে আপনাদের, প্রডাকশন আপনারা বাড়াতে পারেন, অথচ র‍্যাপিড চেঞ্জ, টেকনিক্যাল ডিসকভারি, সায়েনটিফিক ইনভেনসান, আজকে এই স্টেট আমাদের শতাব্দীর শেষ দশকে এখানে গোটা দেশ দারুণ বিপ্লব হতে চলেছে, এখানে আপনারা করেননি, প্রস্তাবও নেই এগ্রিক্যালচারাল ইউনিভারসিটি, এক্সটেনশন সারভিস আছে, আপনার বাজেটে দেখলাম, বাজেটে প্রথম খরচ কমিয়েছে, এক্সটেনশন সারভিস এবং ট্রেনিং অফ দি ফারমারসদের ক্ষেত্রে। আপনাদের কোনও উদ্যোগ নেই। ইম্পরটেন্ট আইটেম, ট্রেনিং অফ দি ফারমারস বাজেট কাট করেছেন। ওয়ান অফ দি আইটেমস যেখানে বাজেট কাট করেছেন সেটা এই। উপরে সাবজেক্ট কমিটি আপনারা বসিয়েছেন, ইতিমধ্যে তারা

এই কথা বলেছে। আপনাকে জিজ্ঞাসা করি আমাদের যে প্রডাকশন পার হেক্টর প্রডাকটিভিটি ভারতবর্ষে অন্যান্য রাজ্যের তুলনায় বেশি, আপনি সেদিন বলেছেন বলেই আমাকে বলতে হচ্ছে। আমাদের প্রডাকশনের অবস্থা কি দাঁড়াচ্ছে আজকে ওয়েস্ট বেঙ্গলে? এখানে রাইস কুইন্ট্যাল পার হেক্টর পাঞ্জাবের তুলনায় কম। রাইস কুইন্ট্যাল পার হেক্টর আজকে আপনারা বলেছেন এক নম্বর। কিন্তু পাঞ্জাবে যেখানে ২৭.৭ কুইন্ট্যাল পার হেক্টর, সেখানে পশ্চিমবঙ্গে সম্ভবত হয়েছে ১৮.৮। এর বেশি নয়। তার উপরে অনেকগুলো প্রদেশ আছে। তামিলনাড়ু ২৯.৬, হরিয়ানা ২৪, অন্ধ্রপ্রদেশ ২৪.৭। এগ্রিকালচার বিচ্ছিন্ন সাবজেক্ট নয়। কৃষির সঙ্গে জড়িত সেচ, ক্ষুদ্রসেচ এবং অর্থলগ্নির উপায় নেই, দরকার সমবায়। চারটেকে একই আমব্রেলার তলায় আনা দরকার, একটা মনিট্যারিং কমিটি, ক্যাবিনেট সাব-কমিট থাকা দরকার। আপনারা যখন ক্ষমতায় ছিলেন ১৯৬৭ সালে জ্যোতি বসু ছিলেন ফ্যাইন্যান্স মিনিস্টার। তৃতীয় পরিকল্পনায় বরাদ্দ ছিল ৩০৫ কোটি টাকা। গ্যাডগিল ফরমুলা অনুসারে চতুর্থ পরিকল্পনায় বরাদ্দ হওয়ার কথা ৬১০ কোটি টাকা। জ্যোতি বসু ফিনান্স মিনিস্টার এবং উপ-মুখ্যমন্ত্রী। চতুর্থ পরিকল্পনায় কত বরাদ্দ হয়েছিল ৩১৭ কোটি টাকা। কেন? মার্কসিস্ট ফিলজফি অনুসারে মানুষকে বুভুক্ষু রাখতে না পারলে মিছিল করার মানুষ পাওয়া যায় না। সেইজন্য ভারতবর্ষের পরিকল্পনা বাড়ছে, আপনাদের পরিকল্পনা বাড়ছে না। সেদিনই পশ্চিমবঙ্গকে জবাই করে হত্যা করেছিলেন, আজকে তাই পশ্চিমবাংলার অর্থনীতি দাঁড়াতে পারছে না।

[3-25 – 3-35 P.M.]

আজকে শুধু ভাত নয়, আমাদের ডালও বাইরে থেকে আনতে হয়, তেলও বাইরে থেকে আনতে হয়। আপনারা বলেছেন যে ৪।। লক্ষ মেট্রিক টনস আমাদের এখানে তৈরি হয়েছে। এখানে এমেন্সড পসিবিলিটি আছে। আমাদের এখানে তিনটি পসিবিলিটির মধ্যে একটি পসিবিলিটি আমি মনে করি চাল বা ধানে। এ ব্যাপারে বিরাট সম্ভাবনা এখানে আছে প্রভাইডেড you assure the inputs and infrastructure and irrigation. এ ব্যাপারে আপনারা কি দিতে পেরেছেন? আমাদের সময় ১৯৭১ সালে আর. বি. আই কমিটি Short term agricultural loan at the price level of 1971.

তখন রেকমেন্ড করেছিল ৩শো কোটি টাকা। তখনকার প্রাইস লেভেল যা ছিল অব দি ফার্টিলাইজার অ্যান্ড ইনপুটস সেটা আজকের প্রাইস লেভেল হওয়া উচিত ২ হাজার কোটি টাকা কিন্তু আপনারা দিতে পেরেছেন কত? not even fifty crores. তাহলে তারা পাবে কোথায়? তারা তো মহাজনের হাত থেকে বেরিয়ে আসতে পারছে না।। আজকে আপনারা অবস্থাটা কি করেছেন? আপনারা দিতে পারছেন না তার কারণ কৃষিটা যেহেতু ফরোয়ার্ড ব্লকের হাতে আছে। সমবায়ের ক্ষেত্রেও তাই। আজকে মার্ক্সবাদী সি. পি. এম. দল বেরিয়ে চলে গেছেন। সেখানে টাকা দিতে হবে না কারণ তা যদি ফেরত না আসে I will tell you more, you will be paid by your own coins.

(গোলমাল)

আজকে আপনাকে জিজ্ঞাসা করি, সেচের সম্প্রসারণ আপনারা কত'টা করতে পেরেছেন? পাঞ্জাব, মহারাষ্ট্র থেকে খাবার আনতে হচ্ছে। আমি মহারাষ্ট্রের কথাটা বারবার ধরি এইজন্য যে আমাদের চেয়ে ১০ পারসেন্ট বেশি পপুলেশন অথচ ওদের পরিকল্পনা যেখানে ১২ হাজার কোটি টাকার সেখানে আমাদের পরিকল্পনা মাত্র ৫ হাজার কোটি টাকার। এর কারণ, because CPM Controls, ওদের কাজ হচ্ছে মানুষকে ভুখা রাখতে হবে, পশ্চিমবঙ্গ যেন এগিয়ে না যায়। এটা হচ্ছে মার্ক্সবাদী দর্শন। এটা না হলে মার্ক্সবাদীরা এখানে থাকতে পারবেন না। গোটা পৃথিবী থেকে কমিউনিজম উঠে গিয়েছে—কমিউনিজম ইজ এ ডেড থিওরি। এখানে যারা আছেন তারা হচ্ছেন কমিউনিস্টদের ভুত বা প্রেতাত্মা। কেন এখানে সেচের সম্প্রসারণ করা সম্ভব হয়নি আপনাদের বলতে হবে। এখানে কত টিউবওয়েল হয়েছে আফ্‌টার '৭৬? এখানে তখন কত প্রোডাকশন ছিল? ৮৮ লক্ষ মেট্রিক টন। আর আজকে আপনাদের টার্গেট কত? কেন এই অবস্থা হচ্ছে? কেন কেন্দ্রকে বারবার বলতে হচ্ছে যে আমাদের খাবার দাও? পাঞ্জাব, হরিয়ানা, অন্ধ্র থেকে কেন গম, চাল আনতে হচ্ছে? এখানে কৃষি যেহেতু ফরোয়ার্ড ব্লকের হাতে আছে অতএব ওদের ব্যাপার হচ্ছে যে এর উন্নতি হতে দিও না, বাংলাকে স্বয়ংসম্পূর্ণ হতে দিও না কারণ তা হলে সেই গৌরব ফরোয়ার্ড ব্লক নিয়ে যাবে। সেইজন্য ফরোয়ার্ড ব্লক পরিচালিত দপ্তর কৃষিকে মার খাওয়ানো হয়েছে। এইজন্যই এখানে সেচের সম্প্রসারণ করা হয়নি। এইজন্যই এখানে ক্ষুদ্রসেচের সম্প্রসারণ করা হয়নি। একানে ইলেকট্রিসিটিতে কত নলকূপ চালানো হয়? ৮৯ হাজার। আর মহারাষ্ট্রে অ্যাবভ ৯ লক্ষ। অন্ধ্র, তামিলনাড়ুতে ১৩ লক্ষ। ওয়েস্ট বেঙ্গল কিন্তু বাড়ছে না। তারপর ওয়ার্ল্ড ব্যাঙ্কের তো এতো নিন্দা করা হয় অথচ সেই ওয়ার্ল্ড ব্যাঙ্ক এখানে ১০০ কোটি টাকা দিয়েছে কিন্তু তার কাজ ঠিকমতোন হয়নি। এখানে এখন খরা চলছে। আপনারা যেখানে পানীয় জলই দিতে পারছেন না সেখানে সেচের জল দেবেন কোথা থেকে? অবশ্য এটাই কমিউনিস্ট ফিলোজফি। এর ফলে এখানে প্রোডাকশন আশানুরূপ বাড়েনি। এ ক্ষেত্রে কমিউনিস্ট ফিলোজফি। এর ফলে এখানে প্রোডাকশন আশানুরূপ বাড়েনি। এ ক্ষেত্রে পারসেনটেজটাও একটু দেখা দরকার। মাননীয় অর্থমন্ত্রী বই ছাপিয়ে আমাদের মধ্যে বিলি করেছেন তাতে দেখতে পাচ্ছি যে আমাদের কৃষিতে পারসেনটেজ কি রকম। কৃষিতে ১৯৮৯-'৯০ সালে ছিল ৩ হাজার ৮৮৫ কোটি টাকা। '৯০-'৯১ সালে ৩ হাজার ৯৪৮ টাকা গ্রোথের পারসেন্টেজ কত, ইভিন থ্রী পারসেন্ট? কোনও গ্রোথ হয়নি। আমাদের পপুলেশন ২.৩ পারসেন্ট ছিল, এখন থ্রী হয়েছে। পপুলেশনের সঙ্গে যদি খাওয়াতে হয়, মানুষকে যদি খাবার দিতে হয়, কৃষিতে এই গ্রোথ হলে সম্ভবপর? আজকে আমাদের এখানে কৃষিতে অবহেলা করা, এটা আপনাদের প্রয়োজন। প্রয়োজন এই জন্য ল্যান্ডে একটা অনিশ্চয়তা এসে গেছে। শুধু ইনপুট্‌স এবং টেকনোলজি নয়, যেটুকু এখানে উন্নতি হয়েছে—আপনারা দিয়েছেন সেই বইতে, আপনারা দেখাতে পারছেন না, আমাদের ভারতবর্ষে এগ্রিকালচারাল এক্সপোর্ট হচ্ছে, এখানে আপনি বলুন, আমাদের কোথাও সম্ভাবনা আছে এক্সপোর্ট করার? আমি প্রাদেশিকতার কথা বলছি

না, এখানে এই কাজটা যদি ডেভেলপ করত তাহলে আমাদের এই যে মাসে ৮০ হাজার টন গম আর ৪০ হাজার টন চাল চাই, এটার প্রয়োজন এখানে হতো না। আমাদের প্রদেশ সমৃদ্ধ হতো। আমরা স্বয়ং সম্পূর্ণ হতাম। তা তো আপনাদের করার প্রয়োজন নেই। মাননীয় বিনয়বাবু বসে আছেন প্রায় গান্ধীবাদী মানুষ ছিলেন, এখন আপনাদের ফেরে পড়ে, আপনাদের লাল পতাকা ছুঁয়ে মানুষটা বদলে গেছে, আজকে তিনি জমি জমা নিয়ে যে অনিশ্চয়তার সৃষ্টি করেছেন, আজকে আনসার্টেন্টি অব আওয়ার ল্যান্ড দিস ইজ ওয়ান অব দি রিজিন। আজকে চাষ করবে কে, ধান কাটবে কে? স্যার আপনি জানেন বর্গী এসেছিল, তখন ছেলেমেয়েরা যখন ঘুমোত না তখন মাসি পিসিরা ঘুম পাড়াতো। ছেলে ঘুমালো, পাড়া জুড়ালো বর্গী এলো দেশে, বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দেবো কীসে? আর এখন লোকেরা যখন কান্নাকাটি করে, তখন বলে, ছেলে ঘুমোল পাড়া জুড়োল জ্যোতি এলো দেশে, সি. পি. এম.-এ ধান খেয়েছে খাজনা দেবো কীসে? এরা এ ভাস্কর পন্ডিত হয়ে গেছে। সি. পি. এম. আজকে বুলবুলি। আর এ যে বর্গী, আজকে বিনয়বাবু, জ্যোতিবাবুর দল। এরা আজকে ভাস্কর পন্ডিতের ভূমিকা নিয়েছে। কী করেছেন আপনি? আপনি বলতে চান এখানে আপনার যদি পড়া থাকে ইভিন Germany তার চেয়েও ওয়ার্স ইউ আর। You are worse then Hitler. আপনারা এই আনসার্টেন্টি এনেছেন। এখানে ন্যাশনাল National defence depends an the peagantry. We are not an industrialised nation. আজকে এই পিজ্যান্ট্রিতে সি. পি. এম. এর মাসল পাওয়ার অ্যান্ড ওয়েপেন পাওয়ার যে অবস্থায় নিয়ে এসেছেন—আজকে এই জন্য আপনার কাছে আমি চাইছি ফার্টিলাইজার এই পৃথিবীতে, রাউন্ড দি ওয়ার্ল্ড অ্যান্ড Close circle. একটা নুতন মতো বেরিয়েছে, ইন্ডিসক্রিমিনেট ইয়ুজ অব ফার্টিলাইজার কতখানি প্রয়োজন আপনার বাজেট বইতে দেখলাম, আপনি কেটেছেন, আপনি অর্গানিক ডিস্ট্রিবিউশন অব ম্যানিয়োরে আপনি কেটে দিয়েছেন। আর মাননীয় মার্কেটিং মন্ত্রী এখানে বসে আছেন, তাঁর দপ্তরে দেখলাম টাকাই খরচ হয়নি একদম। টাকা পানও নি এবং কাটার বিষয়ে আমার সন্দেহ আছে, এক বছরের মধ্যে এক হাজার কিলো মিটার রাস্তা আপনি মেনটেন করতে পারছেন? তৈরি ছিল, না আপনি হঠাৎ পেয়ে গেলেন? মেনটেন কে করছে, আপনার বাজেট বক্তৃতায় যেটা দেখলাম—আপনাকে যে কথা বলছি আজকে কেমিক্যাল ফার্টিলাইজার টু হোয়াট এক্সটেন্ট, এই যে ইউটিলাইজেশন অ্যান্ড ট্রেনিং ফর ইয়ুজ অব ফার্টিলাইজার—আজকে কৃষকদের তো জানার প্রয়োজন রয়েছে প্রথমটা খুব ফাস্ট রিটার্ন আসে কেমিক্যাল ফার্টিলাইজারে। কতখানি দেবো, কোন সার দেবো, এটার জন্য টেস্টিং এর দরকার, হাউ মেনি, আপনার এই বাজেটে প্রস্তাবে তো দেখলাম না—আপনি ব্লক ওয়াইজ করেছেন, রায়গঞ্জে একটা করে রেখেছেন, গোটা উত্তর, দক্ষিণ পশ্চিম, মালদহ সবাই ওখানে যাবে?

[3-35 – 3-45 P.M.]

মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে সরাসরি জিজ্ঞাসা করি, আপনাদের সয়েল

টেস্টিং-এর কি ব্যবস্থা আছে? গেলবারে আপনার কাছে দাবি করেছিলাম, একটা মোবাইল ভ্যান আমাদের দিন, তা নিয়ে মানুষকে জানানো হোক—লেট্ দি পিপল্ নো দি ফার্টিলাইজার অ্যান্ড ইরিগেশন নেসেসারি। আপনার কাছে দাবি করেছিলাম সয়েল টেস্টিং-এর ব্যাপারটা ইজি করার চেষ্টা করুন। আমার কিছু জমি-জমা আছে এবং এ বিষয়ে আপনারা প্রায়ই অভিযোগ করেন, আজকে কেন করছেন না জানি না। আমার কিছু জমি-জমা আছে, বিনয়বাবু নিয়ে নিয়েও সব নিতে পারেননি, কিছু থেকে গেছে। সেটুকু কবে নেবেন তিনি বলবেন। তবে আই অ্যাম প্রাউড অফ ইট্। আই অ্যাম নট্ এ প্রপার। ফার্মারদের ট্রেনিং-এর বাবদ গতবার আপনি কোনও টাকা ব্যয় করতে পারেন নি। এবারে আবার সেই প্রস্তাব রেখেছেন। আমি আপনাকে বলি বানতলায় ৩০ লক্ষ মানুষের গার্বেজ্ দিয়ে একটা অর্গানিক ম্যানিয়র করার ব্যবস্থা করা যায়। প্রায় ফ্রি-তেই হবে, শুধু ক্যারিং কস্ট লাগবে। কেমিক্যাল ফার্টিলাইজারের বিকল্প হিসাবে অর্গানিক্ ম্যানিয়রকে ব্যবহার করতে হলে ট্রেনিং-এর দরকার। কালা-জ্বার হলে টি. বি.-র চিকিৎসা দিয়ে যেমন রুগীকে সারানো যায় না, তেমন বামফ্রন্ট যেমন হাফ ডাক্তার তৈরি করেছিল এবং সেই হাফ ডাক্তার দিয়ে টি. বি. রুগীকে যদি কলেরার চিকিৎসা করা হত তাহলে টি. বি. রুগী মারা যেত। এখানেও কোন জমিতে কোন ফার্টিলাইজার প্রয়োজন, কতটা ইরিগেশন প্রয়োজন, কতটা ইনঅর্গানিক এবং কেমিক্যাল ফার্টিলাইজার প্রয়োজন তা জানতে হলে ট্রেনিং-এর প্রয়োজন। আপনি যদি ট্রেনিং-এর ব্যবস্থা না করেন, তাহলে এটা সঠিকভাবে কিছুতেই এগোতে পারে না। সুতরাং এবিষয়ে আপনি কি চিন্তা করছেন? ডিসকনটিনিউ পি ইউজ অফ কেমিক্যাল ফার্টিলাইজার নাহলে ডিমিনিশিং রিটার্ন আসবে। কিন্তু এর জন্য আমাদের ট্রেনিং-এর ব্যবস্থা নেই। আপনার বাজেট প্রস্তাবের মধ্যে দেখছি যে, আপনি গতবারে যে সমস্ত প্রস্তাব করেছিলেন তার অনেক কিছুই কাট করেছিলেন, অনেক ক্ষেত্রেই কোনও টাকা ব্যয় করতে পারেননি। যা প্রথমে এস্টিমেট ছিল তা আপনি রিভাইজড বাজেটে পাননি। ফলে অনেকগুলি ক্ষেত্রে ব্যয়ের অঙ্ক আপনি 'জিরো' করে দিয়েছেন। এ ভাবে যদি চলেন তাহলে কি প্রোডাকশন বাড়বে? কোথা থেকে কি ভাবে আপনি মোকাবিলা করবেন? হাউ ডু ইউ কমপিট্? দিল্লিকে গালাগাল দিতে সিপিএম বলছে, কিন্তু আপনার মতো ভদ্রলোক তা দেবেন কেন? চাল ছাড়াও আমাদের রাজ্যে তৈল-বীজের প্রচুর সম্ভাবনা আছে। উই রিকোয়ার টেন ল্যাক্স মেট্রিক টন অফ সাউন্ডানাট অয়েল, আমাদের এখানে সাড়ে চার লক্ষ টন হয়। আপনাদের সাড়ে চার লক্ষ মেট্রিক টন মাস্টারড্ সীড্ হয় সুতরাং গাইডেন্স পেলে এবং মনিটরিং হলে আফ্টার প্যাডি এ ক্ষেত্রেও ডবল ক্রপ হতে পারত ইউথ মেকিক্যালস্ মডার্নাইজেশন অফ ইক্যুইপমেন্টস অ্যান্ড ফার্টিলাইজার। এবং মাস্টারড্ সীডে আমরা স্বাবলম্বি হতে পারতাম্। আমি নিজের অভিজ্ঞতার মাধ্যমে বলছি, এ বিষয়ে যদি আমরা সঠিক পদক্ষেপ নিতে পারি তাহলে ইট ইজ এ ম্যাজিক, খুব স্বল্প সময়ের মধ্যে উৎপাদন ডবল হয়ে যাবে। এটা করতে পারলে আমাদের আর উত্তরপ্রদেশের দিকে তাকিয়ে থাকতে হবে না। আজকে সরষের তেলের দাম ৩০-৪০ টাকা কে. জি. হয়ে গেছে। আমাদের সময় যখন সরষের তেলের দাম ১০ টাকা হয়েছিল তখন জ্যোতিবাবুরা ১৬টা ট্রাম

পুড়িয়েছিলেন। আজকে ৩০-৪০ টাকা হয়ে যাওয়া সত্ত্বেও একটাও বাস ট্রাম পোড়ে নি। কেন? যাই হোক আমাদের এ ক্ষেত্রে স্বাবলম্বি হওয়া সম্ভব। এ ছাড়াও প্লাস-এর প্রডাকশনও বাড়ানো যেতে পারে। আজকে পাল্‌সের দামও খুব বেড়ে গেছে। অথচ ইউ ডু নট হ্যাভ সিক্স কুইন্টল অফ পাল্‌স পার হেক্টর। আপনারই দেওয়া কাগজ থেকে আমরা এই হিসাব পাচ্ছি। আমাদের ডেফিসিট আছে এবং ডবল করবার সুযোগ আছে। বেশিরভাগটাই আমাদের বাইরে থেকে আনতে হচ্ছে। তারপর আমরা দেখছি ইউ আর ডিপেন্ডিং অন রাইস্ অনলি, হুইট-এ জিরো। আমাদের সময় আমরা গম খাওয়াতাম বলে আপনারা ঠাট্টা করতেন। আজকে এখানে অসীমবাবু নেই, তিনি থাকলে তাঁকে জিজ্ঞাসা করতাম যে, রাজ্যে কত গম

[3-45 – 3-55 P.M.]

উৎপাদন হচ্ছে? আমাদের গমের উৎপাদন খুবই নগণ্য। আজকে গমের উৎপাদন প্রায় জিরো। আজকে মানুষ মাস্টারডসিটের দিকে যাচ্ছে, বোরোতে যাচ্ছে। এটা আপনাদের জন্য নয়, মিড্‌ল পেসান্ট্রি নিজের উদ্যোগে এইসব চাষ করছে। কংগ্রেস যে ইনফ্রাস্ট্রাকচার রেখে গিয়েছিল তারা সেই ইনফ্রাস্ট্রাকচারের উপর দাঁড়িয়ে তাদের চাযাবাদ করছে। আজকে আপনি কত জমিতে জল দিতে পেরেছেন? আজকে আপনাদের কোনও উদ্যোগ নেই বন্যায় ডুবে যাচ্ছে কিন্তু এই সরকারের কোনও উদ্যোগ নেই। এই চাষের জলের 'জন্য যে ট্যাক্স দিচ্ছে তার কোনও রেকর্ড আছে? আপনার কোনও এক্সচেঞ্জ টিম পাঞ্জাবে গেছে? আপনার কোনও এক্সচেঞ্জ টিম হরিয়ানায় গেছে? আপনার কোনও টিম অন্ধ্রতে গেছে চাষাবাদ দেখতে? এক্সচেঞ্জ কেন হবে না? ক'টা ওয়ার্কশপ করেছেন ফারমারদের ট্রেনিং-এর জন্য? এইসব কেন হচ্ছে না? যেটুকু হয়েছে—কৃষি দপ্তর না থাকলেও শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ১৩১৫ বঙ্গাব্দে যে কথা বলেছিলেন—মানুষ অপেক্ষা করবে না—মানুষের চেষ্টায়, তাদের নিজেদের উদ্যোগে হয়েছে। তিস্তার জন্য কোনও মানুষ অপেক্ষা করে বসে আছে? সবাই শ্যালো টিউবওয়েল বসিয়ে নিয়েছে। আন্ডারগ্রাউন্ড ওয়াটার শেষ হয়ে যাচ্ছে। ইনডিসক্রিমিনেট ইউজ হচ্ছে। এর কোনও মনিটোরিং নেই। যে কো-অর্ডিনেশন থাকা দরকার, এগ্রিকালচার, ইরিগেশন, স্মল ইরিগেশন্ অ্যান্ড কো-অপারেশন এটা মাস্ট। ল্যান্ড রেভেনিউ থাকলে ভাল হত, কিন্তু ওরা ঝগড়া বাড়াতে চায়। এই অরাজকতার মধ্যে যেটেকু করতে পারেননি সেটা প্রস্তাব আনলেন কেন? গতবারে প্রস্তাব এনেছিলেন, আমরা স্বীকৃতি দিয়েছিলাম, আপনাকে টাকা দেয়নি, তাই ব্যয় করতে পারেননি। কিন্তু মডিফায়েড ২০ পয়েন্ট প্রোগ্রাম, ক্ষুদ্র প্রান্তিক চাষীদের উন্নতির জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধী যেটা করেছিলেন টু ব্রিং দি পিপ্‌ল অ্যাবাভ দি পর্ভাটি লাইন—সেই সুযোগ সেই ইনফাস্ট্রাকচার বিল্ট্ করে দিতে পেরেছেন কি? ক্যানেল তৈরি করতে পারতেন জলের ব্যবস্থা করার জন্য, বন্যা নিয়ন্ত্রণের জন্য বাঁধ করতে পারেন। এই সুযোগ কতটুকু নিতে পেরেছেন? কেন্দ্রীয় সরকার ক্ষুদ্র প্রান্তিক চাষীদের উন্নতির জন্য কত টাকা দিয়েছেন এই জিজ্ঞাসা করায় আপনি বললেন ৩৭ কোটি টাকা। কিন্তু চাষীরা এর কতটা সুযোগ পেয়েছে তা বলতে পারেননি। কেন্দ্রীয় সরকারের দেওয়া এই সুযোগগুলি আপনারা নিতে

পারেননি। যেহেতু আপনাদের কো-অর্ডিনেশন নেই, যেহেতু সি. পি. এম সহযোগিতা করছে না সেহেতু কেন্দ্রের টাকা ফেরত চলে যাচ্ছে। আন-ইউটিলাইসড। ১৯৯০-৯১ সালে আপনি স্বীকার করেছেন ৩৭ কোটি টাকা ব্যয় করতে পারেননি। কৃষকদের পাওনা টাকা আপনি ব্যয় করতে পারেননি। এই প্রচন্ড খরায় ঐ টাকা কত উপকারে লাগতো। এখন ৩৮ ডিগ্রি সেলসিয়াস, প্রচন্ড দাবদাহ, এর জবাব কোথায়? এনটায়ার ইস্টার্ন জোন অবহেলায় পড়ে আছে। পশ্চিমবাংলা এগুবে কি করে? প্রোডাকটিভিটির যে কথাটা বললাম, আপনার দপ্তরের দায়িত্ব আছে প্রোডাকটিভিটি বাড়ানো। প্রোডাকটিভিটি না বাড়াতে পারলে—আপনি টেরিটোরি বাড়াতে পারছেন না, জমির পরিমাণ ক্রমশ কমে যাচ্ছে, কলকারখানা, বাড়িঘর তৈরি হচ্ছে। শিল্পের প্রয়োজনে জমির পরিমাণ কমে যাচ্ছে। প্রোডাকটিভিটি বাড়তে পারে Not at the Cost of future generation.

সেইজন্য বিবেচনা করার জন্য বলছি। ইনডিসক্রিমিনেট ইউজ অফ পেস্টিসাইডিস হচ্ছে। সাপ, ব্যাঙ, পাখি, পশু সব মরে যাচ্ছে। এরজন্য মনিটোরিং দরকার। কোন ব্যারামের কোন পেস্টিসাইডিস কতখানি দেওয়া দরকার সেটা জানতে হবে। অ্যাডভান্স কানট্রিতে পেস্টিসাইসিস নিয়ন্ত্রিত করেছে। তারা মনে করছে, ইট ইজ It is harmful for the econology. It is harmful to the rest of the animal kingdom.

আপনারা তো ১৫ বছর ধরে ক্ষমতায় আছেন। কৃষি কর্মচারিরা কৃষকদের কেন এই ব্যাপারে পরামর্শ দিচ্ছে না। এরা, এত সরষে হল কি করে বলে? কাগজে-কলমে বসিয়ে দেয়? কখনও মিটিং করে? কখনও যোগাযোগ রাখে? কারও সঙ্গে দেখা করে কাউকে পরামর্শ দেয়? লেট্ দেম শো এ সিঙ্গল রেকর্ড? একটা রেকর্ড বার করতে পারবেন?

[3-55 – 4-05 P.M.]

আপনাকে একটা কথা বলি, আজকে আমাদের এখানে পশ্চিমবঙ্গে এনকোয়ারি ইন্টু পভার্টি অফ নেশন এটা অনেক পুরনো বই, পশ্চিমবঙ্গের সঙ্গে থাইল্যান্ডের কিছু কিছু তুলনা করা চলে। আজকে ওখানকার এবং এখানকার কৃষিব্যবস্থা তুলনা করে দেখছি as early as 1950, আগে ১২৬ দিন কাজ পেত Out of 365 days একটা পথ দ্যাট এগেন আমরা যাদের লোয়ার কাস্ট বলি, এ ছাড়া মহিলা কমপোনেন্ট এখানে নেই। আপনার প্রস্তাবে মহিলা নিয়োগ করার চেষ্টা করেছেন কিসের জন্য? এগুলি চীফ মিনিস্টারের দপ্তরে পাঠিয়ে দিন, হোম মিনিস্ট্রি চালাতে পারছেন না, মহিলারা নির্যাতীত এবং ধর্ষিত হচ্ছেন। আপনারা মানুষকে কি টিচিং দিচ্ছেন, নলেজ ইমপার্ট করা দরকার। আমি তুলনা করে বার বার বলেছি আপনি নিজে দেখে আসুন, অ্যাডভান্স কানট্রি ফার্মিং দেখে আসুন। এখানে কো-অপারেটিভ ফার্মিংয়ের কথা বলতে চাই না। মাননীয় বিনয়বাবু এখানে রয়েছেন, আজীবনের ল্যান্ড রেভিনিউ মিনিস্টার ; হয়ত ওখানে স্বর্গে গিয়েও ল্যান্ড রেভিনিউর দায়িত্বে থাকবেন। এখানে কো-অপারেটিভ ফার্মিং জিরো। কো-অপারেটিভ সোসাইটি কিছু আছে কিন্তু কো-

অপারেটিভ ফার্মিং কিছু নেই। কো-অপারেটিভ ফার্মিং রেস্ট অফ ইন্ডিয়ায় সামান্য কিছু দাঁড়িয়ে আছে আর ইস্টার্ন রিজিয়নে Cooperation movement itself is failed আর যেভাবে চাপ পড়ছে আজ সি. পি. এম কতক্ষণ টিকে থাকত জানিনা, মুমূর্ষু প্রায়, শুনলাম স্টেট ব্যাঙ্কের জায়গায় কো-অপারেটিভ ব্যাঙ্ক হিসাবে তুলনা করে কাজ করা হয়। আমরা আজ পর্যন্ত কো-অপারেটিভ ব্যাঙ্কের নজির দেখলাম না। উল্টোদিকে বেনফেডে এবং কনফেডে কয়েক কোটি করে টাকা দেখা গেল। মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় চেয়ারপার্সন ছিলেন। আপনারা তো অল্প রেখেছেন, সি. পি. এমের হাতে তুলে দিলে থাকবে না। হাউসিং কো-অপারেটিভ আপনারা চালান, আজকে তো আমাকে পথে একজন ধরেছিল, এই অবস্থা এসে দাঁড়িয়েছে এটাও উঠে যাবে। সত্য কথা বলি Let Co-operation Minister come and say that there is no Scandal in Confed. আজকে এই কথাটা বলছি, আজকে আপনাকে কষ্ট করে উদ্বোধন করতে হল আপনি ফোরকাস্ট কেন দেবেন না? আমাদের দুর্ভাগ্যর কথা মিনিটেনটরা এগ্রিকালচার প্রাইস কমিশনার চেয়ারম্যানকে নিয়ে আসুন। কৃষকেরা কোন বছর কি চাষ করবে এই ফোরকাস্ট কেন হবে না ? according to meterology.

আপনারা আবহাওয়া দফতরের তথ্য নিয়ে কেন পূর্বাহ্নে সতর্ক করবেন না যে এ বছর বর্ষা কি রকম, বৃষ্টিপাত কত হতে পারে শর্ট এবং লং ডিউরেশনে এবার এই ফসল হবার সম্ভাবনা আছে। রোটেশন, কারিগরি সংক্রান্ত কেন হবে না? টেকনোজিক্যাল জ্ঞান কি? গবেষণাগারে যে জ্ঞান লব্ধ হয় তা কৃষকের কাছে পৌঁছে দিতে হবে তাকে বলতে হবে Agriculture Extension officer-what for they are there? There are nor for decoration only. Hare they done anything so far seriously. They have done only paper works and nothing else. আমরা একবার জাফর শরীফকে বলছি, একবার জাফর শরীফকে বলছি, একবার তরুণবাবুকে বলছি এ যে মাননীয় নরেন দে মহাশয় বলছেন খাবার দাও, we are begging begging, begging. এই অবস্থা চলতে পারে না। আজকে উদ্বোধন হল, খাবারের এই সিরিয়াল ছাড়া জুট আছে, জুটে আজকে প্রোডাকশনের দাম কমেছে এটা কেউ বলেনি কিন্তু র-জুটের সম্বন্ধে মাননীয় মন্ত্রী একটু জানাবেন কি?

গতবার যে ৬০০ টাকা পার কুইন্টাল বিক্রি করেছে, এবারে তাকে কেন ৪০০ টাকা কুইন্টাল দরে বিক্রি করতে হয়েছে জুট? বোম্বাইয়ে কটন কর্পোরেশন তৈরি করতে পারলেন না কেন মার্কেটিং এর সুবিধা চাষীদের দিতে পারলেন না? এ-ব্যাপারে আপনাদের গ্যারান্টি কোথায়, অ্যাস্যুরেন্স কোথায়? মিনিমাম মার্কেটিং সাপোর্ট প্রাইস তারা কেন পেল না? আমরা যখন বিক্রি করব তখন জলের দরে বিক্রি করব, কারণ এখানে কোনও মার্কেটিং নেট-ওয়ার্ক নেই, কিন্তু কিনতে গেলে হাই প্রাইস দিতে হবে। এ-সম্পর্কে তো কিছু বলবেন? মার্কেটিং চেইন এখানে আছে? আজকে চাষ বেড়েছে, আলুর উৎপাদনও বেড়েছে। আজকে মার্কেটিং ফেসিলিটির বড় শর্টেজ। এখানে স্টেট অয়ারহাউসিং কর্পোরেশন আছে। এটা করা হয়েছিল,

চাষীদের ডিস্ট্রেস সেল যাতে না করতে হয় তারজন্য স্টেট অয়ারহাউসিং কর্পোরেশন ব্যাঙ্কের সহযোগিতায় চাষীদের ফসল জমা রাখবে। যখন বাজারে দাম বাড়বে তখন সেসব তারা বিক্রি করবে। আজকে মার্কেটিং-এর সেই সমন্বয় কোথায়? স্টেট অয়ারহাউসিং কর্পোরেশন বা সেন্ট্রাল অয়ারহাউসিং কর্পোরেশন কোথায়? চাষীরা ডিস্ট্রেস সেল করে না, সেক্ষেত্রে গো-ডাউন কোথায়? হয়ার ইজ গো-ডাউন? কত চাষী বেনিফিট পেল স্টেট অয়ারহাউসিং কর্পোরেশনের কাছ থেকে? আজকে তারা কমার্শিয়ালি ভাড়া দিয়ে বেড়াচ্ছেন। ফলে চাষীরা ডিস্ট্রেস সেল করতে বাধ্য হচ্ছে। এক্ষেত্রে আপনি কোনও প্রটেকশন দিতে পারেননি। আলুর দাম আপনারা এক সময় চার টাকা বেঁধে দিয়েছিলেন। আজকে চাষীরা তো আলুর ব্যাপারে সর্বনাশের মুখে পড়ে যাচ্ছে! সাবজেক্ট কমিটি যা করেছিলেন তার রিপোর্টের দিকে একটু নজর দেবেন। সাবজেক্ট কমিটি বলেছেন—West Bengal being a land of small and marginal farmars which constitute 96% of total forming community operating as much as 65% of farm land (Agricultural Census 1985-86. Government support in the form of subsidy on various agricultural inputs are to be provided to the target group. এখানে মার্কেটিং সম্বন্ধে বলতে হবে. মার্কেটিং মিনিস্টার এখানে আছেন। আপনার উৎসাহ, সততা সম্পর্কে প্রশ্ন করছি না, কিন্তু এ ম্যান ইজ নোন্ বাই দি কোম্পানি হি কিপস্। সি. পি. এম. এর সঙ্গে আছেন, ঐ জনবিরোধী শক্তির সঙ্গে আছেন। ওরা আপনাকে চিরকাল কুপথে নিয়ে যাবে। ওরা পিক-পকেটারস। তবে আপনাকে একটি কথা বলতে চাই, এখানে একটি কথা বলুন যে, আপনাদের দপ্তরে গাড়ির খরচটা এবারে এত বেড়ে গেল কেন? আজকে ডিস্ট্রিবিউশন অফ ভিহিকলস্ অ্যান্ড ইউজ অফ ভিহিক্লসের ক্ষেত্রে একটা মিস-ইউজ দেখতে পাচ্ছি। এগ্রিকালচারে এত গাড়ির প্রয়োজন কোথায়? তাই বলছি, একটা সমন্বয় গড়ে তুলুন। আপনাদের শত্রু আমরা নই, শত্রু ঐ বিনয়বাবু, সূর্যবাবু যাঁরা বসে আছেন তারা জানবেন। আজকে কো-অর্ডিনেশন করবার চেষ্টা করুন ইরিগেশন ডিপার্টমেন্টের সঙ্গে, কো-অর্ডিনেশন করবার চেষ্টা করুন মেটেরোলজিকাল ডিপার্টমেন্ট, পি.ডব্লু.ডি (রোডস) অ্যান্ড ডেভেলপমেন্টের সঙ্গে। কৃষিতে আজকে মডার্নাইজেশন, হাই টেকনোলজি আনুন! দেখছি, অ্যাবিউস্ অফ সায়ান্টিফিক টেকনোলজি হচ্ছে। আজকে মিস-ইউজ বন্ধ করুন, কারণ এগ্রিকালচারের বরাদ্দটা যথেষ্ট নয়। আজকে ভারতবর্ষের সভারিনটি রক্ষা করতে হয় তাহলে প্রমোশন অফ এক্সপোর্ট ইজ অ্যান্ এসেনশিয়াল থিং। এক্ষেত্রে এগ্রিকালচারে আমাদের কোনও পারেসন্টেজ নেই, পারসপেকটিভ নেই। সেজন্য আজকে আপনাকে বলব যে আপনি সমন্বয় করার চেষ্টা করুন এবং দপ্তরগুলিকে ঠিকমতো পরিচালনার চেষ্টা করুন। মানুষের সঙ্গে কনট্যাক্ট রাখার চেষ্টা করুন, জ্ঞান বিতরণের চেষ্টা করুন। যে কাজ করতে পারেননি সেগুলি রিভাইভ করার চেষ্টা করুন। কেন্দ্র যে টাকা দেয় সেটা চাষীদের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা করুন। বিনয়বাবু, আপনি ল্যান্ডের আনসার্টেনিটি দূর করার চেষ্টা করুন। রামের জমি রহিম কেটে নেবে সি. পি. এম.-এর পতাকা নিয়ে সেটা যাতে না হয় আপনি দেখুন। আজকে সর্বদিক থেকে আপনারা ফেল করেছেন। আজকে এই

ব্যর্থতার জন্য যে প্রস্তাবগুলি রেখেছেন, অন অল ডিম্যান্ড, আমি সেগুলির বিরোধিতা করছি। আমি আপনার কাছে দাবি করছি, আপনি উত্তরে বলবেন যে কনফিসকেশন অব ল্যান্ডের কাজে কোথায় কোথায় বাধা পাচ্ছেন? আমরা চাই লেট দি প্রোপোজাল কাম। কারণ পৃথিবীতে কোথাও আপনারা বেঁচে নেই। এখন সব প্রেতাত্মা ঘুরে বেড়াচ্ছে। (গোলমাল) আপনারা ধুকছেন, অক্সিজেন ইজ কামিং অ্যান্ড দ্যাট ইজ ব্রিং টু লাইফ। সুতরাং মরবার সময়ে কংগ্রেসের নামটা করে মরবেন। এই আহ্বান করে আমার বক্তব্য শেষ করছি।

[4-05 – 4-15 P.M.]

শ্রী নয়ন সরকার ঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, কৃষিমন্ত্রী মহাশয়, ১৯৯২-৯৩ সালের যে আয়-ব্যয়ের দাবি উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে কিছু বক্তব্য এখানে রাখছি। মাননীয় সদস্য জয়নাল সাহেব এতক্ষণ ধরে তিনি তাদের রাজনৈতিক দলের দৃষ্টিভঙ্গি নিয়ে এখানে বক্তব্য উপস্থিত করেছেন। আমি আশা করেছিলাম যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের অন্যান্য দপ্তরের মতো কৃষি দপ্তরের ক্ষেত্রে সাধারণ মানুষের পক্ষে দৃষ্টিভঙ্গি নিয়ে যে অগ্রগতি ঘটেছে সেই বাস্তব সত্যকে তিনি স্বীকার করে নেবেন এবং যুক্তিসঙ্গতভাবে কৃষির ক্ষেত্রে আরও কি কি পদ্ধতিতে অগ্রগতি ঘটানো যায় সেই সব কথা বলবেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের তাদের বিকেন্দ্রীকরণ নীতির মাধ্যমে পশ্চিমবঙ্গের বর্গাদার, গরিব কৃষক, মাঝারি কৃষকদের কাছে সেই অগ্রগতি পৌঁছে দিতে পেরেছে। আমার যেটা মনে হয়েছে, জয়নাল আবেদিন সহ কংগ্রেসের বন্ধুরা—অবশ্য একজন ছাড়া আর কেউ এখানে নেই—তাদের গাত্রোদাহের মূল কারণ হচ্ছে এই জায়গায় যে পশ্চিমবাংলায় এই ১৫ বছরে কৃষির যে অগ্রগতি ঘটেছে তা ভারতবর্ষের অন্যান্য রাজ্য এবং কেন্দ্রের যে নীতি রয়েছে তার থেকেও বেশি। এই বাজেট ধৈর্যসহকারে পড়লে বিষয়টা বোঝা যাবে। কারণ জয়নাল আবেদিন বললেন যে কৃষিক্ষেত্রে কোনও অগ্রগতি ঘটেনি। জয়নাল আবেদিন কি করে বিষয়টা দেখবেন? পশ্চিমবঙ্গে কৃষি ক্ষেত্রের বিশেষ করে ধানের উৎপাদন, আলুর উৎপাদন, শাক-শব্জীর উৎপাদনের ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে সেটা তারা দেখবেন না।

পাটের ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। কিন্তু এই অগ্রগতির সাফল্য ১৫ বছর আগে, যে শ্রেণীর দৃষ্টিভঙ্গি নিয়ে জয়নাল আবেদিন সাহেব বক্তব্য উপস্থাপিত করলেন—ধান ভানতে শিবের গীত—অতীতে যতটুকু সাফল্য তাঁরা দাবি করেন, যতটুকু সাফল্য ঘটেছিল সেই সাফল্য জয়নাল আবেদিন সাহেব যাদের প্রতিনিধিত্ব করেন, যাদের সেবা করেন সেই গ্রামের কায়েমী স্বার্থ জমিদার জোরদারদের, তাদের হাতে যেত। ধারাবাহিকভাবে এই ব্যবস্থা চলত। পশ্চিমবাংলার কৃষক খেতমজুর, খেটে খাওয়া সাধারণ মানুষের অভিজ্ঞতার ভিত্তিতে লড়াইয়ের ভেতর দিয়ে বামফ্রন্ট সরকার গঠন করে তার পরিবর্তন ঘটালো। আজকে খাদ্য উৎপাদনের, অন্যান্য কৃষি পণ্য উৎপাদনের বৃদ্ধি ঘটেছে। এই বৃদ্ধির সাফল্যটা আজকে পৌঁছাচ্ছে বর্গাদার, প্রান্তিক চাষী, মাঝারি চাষীদের হাতে। ভারতবর্ষের গ্রামে এই ধরনের মানুষই সংখ্যাগরিষ্ঠ।

কংগ্রেসি রাজত্বে ভারতবর্ষে অন্যান্য রাজ্যে এবং আমাদের রাজ্যে বিগত ৩০ বছরে বর্গাদাররা শুধু উৎখাত হত। সেই সময় গরিব চাষী, প্রান্তিক চাষী তারা শুধু জমি বন্ধক দিতে বাধ্য হত যা জয়নাল আবেদিন সাহেবের চোখে পড়ত না। আজকে সেই বর্গাদার, প্রান্তিক চাষী গরিব চাষী এবং মাঝারি চাষীদের কাছে যায় বাড়তি যে ফসল উৎপন্ন হয় তার সিংহ ভাগ। জয়নাল আবেদিন সাহেব কি করে মেনে নিতে পারেন এটা? আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে কিছু পরিসংখ্যান দেয় যেটা আপনারা কোনও বই থেকে পাবেন না। আমি আমার অভিজ্ঞতা থেকে জানি কারণ আমি গ্রামে বাস করি। আগে গ্রামের কি চিত্র ছিল এখন গ্রামের চিত্র কি হয়েছে, কি পরিমান পরিবর্তন ঘটেছে সেটা আমি জানি। ১৪ লক্ষ বর্গাদার রেকর্ড ভুক্ত হয়েছে কত জমি রেকর্ড ভুক্ত হয়েছে তার পরিমাণ আমি তুলছি না। এই বিষয়ে আমি বলতে চাই মাননীয় চেয়ারম্যান স্যার, যে দু বিঘা করে জমিও যদি ধরা হয় তাহলে ২৮ লক্ষ বিঘা জমি রেকর্ডভুক্ত হয়েছে। কংগ্রেস রাজত্বে সাফল্যের কথা বলেন। তখন জমিতে চাষ করতে গেলে প্রকৃতির উপর নির্ভর করতে হত। এখন পশ্চিমবাংলায় সেচের ক্ষেত্রে অগ্রগতি ঘটানো গিয়েছে। আগে আমরা দেখেছি ১ বিঘা জমিতে ৮ মণের বেশি ধান পাওয়া সম্ভব হতো না। আজকে সেচ এবং অসেচ এলাকার জমি এক করে হিসাব করলে দেখা যাবে ২ ফসলী জমিতে গড়ে ২৫ মণ করে ধান উৎপাদন করা সম্ভব হচ্ছে। আগে মাত্র ৮ মণ করে উৎপন্ন হত। এতে জয়নাল আবেদিন সাহেবের গায়ে জ্বালা হচ্ছে, তাই তিনি মন্ত্রী মহাশয়কে বক্র দৃষ্টি দিয়ে নানা উক্তি করে চলে গেলেন। আজকে বর্গাদার রেকর্ড হয়েছে। ওনারা বলেন ১৯৭৩ সালে ওনারা আইন করেছিলেন। ওনারা আইন করে রেখেছিলেন বলেই এই ঘটনা ঘটেছে। আইন শুধু করে রাখলেই হয় না, গরিব মানুষের স্বার্থে সেটাকে বাস্তবায়িত করতে হবে। ওনারা সেটাকে বাস্তবায়িত করেননি, আমরা সেটা করেছি। অতীতে আমরা দেখেছি, আমরা যখন স্কুলে পড়তাম তখন লক্ষ্য করেছি জমির উৎপাদিত ফসল আধাআধি ভাগ হত। ১ বিঘা জমির ৮ মন ধান হলে আধাআধি ভাগ হত, ৪ মন চাষী পেত আর ৪ মন চাষীর ছেলেপুলে জমিদারের বাড়ি পৌঁছে দিতে আসত। আজকে বামফ্রন্ট সরকারের রাজত্বে তার পরিবর্তন ঘটেছে। এখন জমির উৎপাদিত ফসল ৪ ভাগে ভাগ হয়, তার মধ্যে ৩ ভাগ পাবে বর্গাদার আর ১ ভাগ পাচ্ছে জমির মালিক এবং আর এই ১ ভাগ জমিদারের বাড়ি পৌঁছে দিয়ে আসতে হয় না।

[4-15 – 4-25 P.M.]

জয়নাল আবেদিনের ব্যাখ্যা এবং যন্ত্রনাটা ঐ জায়গায়, যে কারণে কৃষিমন্ত্রীর দিকে দৃষ্টি দিয়ে সি. পি. এম. থেকে দূরত্ব বাড়াতে হবে এইজন্য এই প্রশ্নটা রাখলেন। সি. পি. এম.'এর সঙ্গে থাকলে সেটা সম্ভব নয়। আসল ব্যাপারটা হচ্ছে, আজকে যখন উৎপাদন হচ্ছে এবং ২৫ মণের সাড়ে বারো মণটা পাচ্ছেনা, আজকে ৬ মণ পাচ্ছে মালিক যারা আছে। আগে চার মণ পেতেন, এখন ২ মণ বেশি পাচ্ছেন। আগে বর্গাদার যেখানে ৪ মণ ধান পেত, এখন তারা ১৮ মণের বেশি পাচ্ছে। এখন গ্রামের চেহারাটা কি তা কংগ্রেসি বন্ধুদের চোখে

পড়ছে না। শিয়ালদহ থেকে লালগোলা ট্রেনে করে চলে যান, বা গেদে লাইন দিয়ে পশ্চিমবাংলার যেদিকে খুশি চলে যান—দেখবেন, সবুজে গোটা মাঠ প্রান্তর ছেয়ে রয়েছে। এই কথা জয়নাল সাহেব একবারও তো বললেন না? ১৫ বছর আগে পশ্চিমবাংলার গ্রামের এই অবস্থা ছিল না। আজকে এটা কি করে ঘটল? কৃষিক্ষেত্রে কোনও অগ্রগতি হয়নি? প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি, মাটি পরীক্ষার ব্যবস্থা করা হয়নি? কৃষকদের সাহায্য দেবার ব্যবস্থা করা হয়নি? কৃষকদের সাহায্য দেবার ব্যবস্থা করা হয়নি? তাহলে এটা কি আলাদীনের প্রদীপের মতো ঘটে গেছে। না কি বামফ্রন্ট সরকারের নীতিকে কার্যকর করার জন্য, ভূমিহীন মানুষের হাতে জমি তুলে দেওয়ার জন্য সম্ভব হয়েছে? আজকে গোটা ভারতবর্ষের যে চিত্র, এখানকার চিত্র তার বিপরীত। এখানে সাড়ে সতের লক্ষ কৃষকের মধ্যে জমি বন্টন করা হয়েছে। সেচের যে বৃদ্ধি ঘটানো হয়েছে, সেই ব্যাপারে জয়নাল সাহেব বললেন যে বিদ্যুত চালিত সেচ ব্যবস্থা গ্রামীণ এলাকায় গড়ে তোলা হয়নি। তিনি যখন পশ্চিমদিনাজপুর থেকে কলকাতায় আসেন তখন কি ট্রেনে বসে চোখ বুজে আসেন, আর কলকাতায় এসে চোখ খোলেন? এটা আমরা জানিনা। ওঁর শ্রেণীর লোকরা সাহায্য পাচ্ছেন না, তাই এই যন্ত্রণা। এই সাফল্যটা সেজন্য ওঁরা দেখতে পাচ্ছেন না। ওঁদের সময়ে গ্রামের মানুষগুলো যখন লেংটি পরে থাকত, জয়নাল সাহেবদের বাড়িতে ঝি এবং চাকরের কাজ করত, আজকে তারা শিক্ষার সুযোগ নিয়ে কৃষি দপ্তরের সহযোগিতায় এবং ভূমি-সংস্কারকে কার্যকর করার ভেতর দিয়ে ও সেচ ব্যবস্থার অগ্রগতির ভেতর দিয়ে মুখে দুবেলা দুমুঠো খাবার ব্যবস্থা করতে পেরেছে। আজকে তারা শিক্ষার সুযোগ নিয়ে জোতদার জমিদারদের কাছ থেকে মুক্ত হয়ে বাস্তব শিক্ষার ক্ষেত্রে প্রবেশ করেছে। এই যখন গ্রামের মানুষের চেহারা তখন ওঁদের যন্ত্রণা শুরু হয়েছে। এই যন্ত্রণা আমরা বুঝি। আমরা জানি, কংগ্রেসি বন্ধুদের এত যন্ত্রণা কেন? আজকে কেন তাঁরা পশ্চিমবাংলায় বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাইছেন। জ্যোতিবাবুকে গালাগালি দিচ্ছেন এখানে এসে। আসলে এই গালাগালি তাঁরা জ্যোতিবাবুকে দিচ্ছেন না। গালাগালি দিচ্ছেন যে কারণে যে, যারা জয়নাল সাহেবদের বাড়ির দরজায় দু'হাত জোড় করে বসে থাকত একটা রুটির জন্য, ওঁদের বাড়ির এঁটো পাত কুড়ানো ভাত খাওয়ার জন্য যারা দু'হাত জোড় করে বসে থাকত, আজকে তারা মাথা উঁচু করে চলতে পারছে। আজ তারা নিজেদের খাবারের সংস্থান করতে পারছে। বামফ্রন্ট সরকারের এই কৃষি দপ্তরের সাফল্যকে কাজে লাগিয়ে এই সাফল্য তারা লাভ করতে পেরেছে। প্রত্যেক জেলায় আজকে উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আজকে প্রত্যেক জেলায় ক্ষেত মজুরদের মজুরি বৃদ্ধির ভেতর দিয়ে, নিজেরা জমি কিনে তাতে উৎপাদন করছে এবং নিজেদের ঘরে খাবারের ব্যবস্থা করছে। আজকে তাদের ঘরের ছেলেমেয়েরা আপনাদের ঘরের ছেলেমেয়েদের সঙ্গে একসঙ্গে স্কুলে যাচ্ছে, লেখাপড়া শিখছে। কাজেই গালাগালি আপনারা জ্যোতিবাবুকে দিচ্ছেন না। গালাগালি দিচ্ছেন পশ্চিমবাংলার রাম রহিমদের। গালাগালি দিচ্ছেন তাদের।

আজকে এই জায়গাতেই আপনাদের যন্ত্রণা আপনারা রাশিয়ার কথা বলে অনেক চিৎকার করছেন, রাশিয়ার পতন নিয়ে অনেক কথা বললেন কিন্তু আজকে আপনারা ওই

পথেই নিয়ে যেতে চাইছেন দেশটাকে। রাশিয়ায় যেভাবে মানুষ না খেতে পেয়ে মরছে আপনারা সেই রাস্তায় নিয়ে যেতে চাইছেন। মানুষ যাতে না খেতে পেয়ে পোযাক-আসাক বিক্রি করছে। পায়ের জুতো জোড়া বিক্রি করে সেই ব্যবস্থা করতে চাইছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তা করতে পারবেন না। ভারতবর্ষের মানুষ এই পশ্চিমবঙ্গের দিকে তাকিয়ে আছে। কি করে একটা রাজ্য এইভাবে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে পারে তা নিয়ে তারা অন্যান্য রাজ্য থেকে দেখতে আসে। আসলে কংগ্রেসিদের এই ভালোটা চোখে দেখতে পায় না। আপনাদেরই হিসাব ইন্ডিয়া গভর্নমেন্টের ইকোনমিক সার্ভে থেকে পড়ে বলছি—আমাদের এই পশ্চিমবঙ্গের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, ১ কোটি ২০ টন খাদ্য এখানে উৎপাদন হয়, সেখানে গোটা ভারতবর্ষের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে পশ্চিমবঙ্গে যেখানে শতকরা সাড়ে ছয় পারসেন্ট উৎপাদন বৃদ্ধি পাচ্ছে, তখন গোটা ভারতবর্ষের উৎপাদন হচ্ছে শূন্য বা জিরো। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার রিভিউ রিপোর্ট বা সার্ভে থেকে বলছি না, ইন্ডিয়া গভর্নমেন্ট যে রিপোর্ট তাতে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে ৩৪ ভাগ উৎপাদন বৃদ্ধি হচ্ছে। এই থেকেই বোঝা যাচ্ছে যে, আজকে এই বুর্জোয়া ব্যবস্থার মধ্যেও ভূমি-সংস্কারের মধ্যে দিয়ে বর্গা রেকর্ড করে গরিব মানুষ ক্ষেত মজুরদের হাতে খাস জমি দেওয়া সম্ভব হয়েছে। আজকে কৃষি দপ্তরে যে সাহায্য পেয়েছে তা নিচের থেকে শুরু হয়েছে। আপনাদের মতো উপরের থেকে আমরা দেখিনা। বামপন্থী প্রতিনিধি মন্ত্রীরা একেবারে নিচের থেকে কাজে হাত দিয়েছেন তাই আজকে এই জায়গাতে এসে দাঁড়িয়েছে। কোকিল যেমন কোনওদিন নিজের বাসায় ডিম পাড়ে না, কাকের বাসায় গিয়ে ডিম পেড়ে আসে এবং কাক ওই ডিমগুলোকে তা দিয়ে দিয়ে যখন ডিম ফোটায় তখন দেখে একটাও তার ডিম নয়, সব কোকিলের ডিম তেমনি অতীতে আপনারা পশ্চিমবঙ্গে যা করে গেছেন আজকেও তাই করতে চাইছেন। আজকে তা হবে না, ক্ষেত-মজুর, মাঝারি চাষী, প্রান্তিক চাষী এবং সাধারণ মানুয খেটে খাওয়া মানুষের পাশে বামফ্রন্ট সরকার এসে দাঁড়িয়েছে। সেখানে বামফ্রন্ট সরকারের ব্যবস্থাপনায় সঠিকভাবে নির্দিষ্টভাবে খাদ্য উৎপাদন বৃদ্ধি করেছে। আজকে এই জায়গাতেই আপনাদের জ্বালা এবং যন্ত্রণা, সেই কারণে বাস্তব সত্যটাকেও স্বীকার করতে চাইছেন না। ডাঃ জয়নাল আবেদিন তাঁর বক্তৃতার মধ্যে অনেক কিছু বললেন এবং শেষকালে বললেন যে সি. পি. এমই সব কিছু ক্ষতি করে দিচ্ছে। আমরা কিন্তু দেখতে পাচ্ছি চিত্রটা অন্যরকম। বামপন্থী সরকারের প্রতিটি দপ্তরের অগ্রগতির মধ্যে দিয়ে কৃষি দপ্তরের উন্নতি করতে সক্ষম হয়েছে। কৃষি দপ্তর, ভূমি-সংস্কার দপ্তর, সেচ দপ্তর এবং পঞ্চায়েতের মাধ্যমে আজকে গ্রামে ৭৫ ভাগ মানুষ চাষ করতে পারছে। আজকে খাদ্যের ক্ষেত্রে একটা বিশেষ উন্নতি সাধন করতে সক্ষম হয়েছেন। এই চাষের ভেতর দিয়ে ছোট ছোট চাষগুলো আজকে বৃহৎ আকার ধারণ করতে সক্ষম হয়েছে। আপনারা শিল্পের কথা বলতে গিয়ে বললেন যে দেশে শিল্পের বাজার নেই। ভারতবর্ষ থেকে আজকে লন্ডন যাচ্ছে, ব্রিটেন যাচ্ছে, রুমানিয়া যাচ্ছে বাজার খুঁজতে, কিন্তু আমাদের এই দেশ তো কৃষিভিত্তিক দেশ। এখানকার শতকরা ৮০ ভাগ মানুষের মধ্যে শতকরা ৭৫ ভাগ মানুষ কৃষির উপর নির্ভর করে জীবন-যাপন করেন। বিশেষ করে ক্ষেত-মজুর, গরিব মানুষরা

আজকে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে জমি পেয়েছে। কৃষি গবেষণার মাধ্যমে, তার সাহায্য নিয়ে কৃষিতে অগ্রগতি ঘটাতে সক্ষম হয়েছে। ওঁরা তো এইপথে যাবেন না, কৃষি গবেষণার মাধ্যমে দেশের অগ্রগতি ঘটাবেন না। আজকে যদি বামফ্রন্ট সরকারের অনুসৃত নীতি মেনে চলতেন তাহলে ডাঙ্কেল সাহেবের কথায় নাক ঘষতে হত না, আই এম এফের কাছে ঋন নিয়ে মাথা বিকিয়ে দিতে হত না। এই ডাঙ্কেল প্রস্তাবের মধ্যে দিয়ে কংগ্রেস কৃষিকে ধ্বংস করতে চাইছেন। জয়নাল আবেদিন সাহেবরা বিজ্ঞান ভিত্তিক কৃষি গবেষনাকে গ্রহণ করে তার মধ্যে চাষবাসের ব্যবস্থা করুন এবং পশ্চিমবঙ্গের কাছ থেকে শিক্ষা নিন, তাহলে আর আপনাকে আমেরিকার কাছে গিয়ে হাত পাততে হবে না। আমার আরও কিছু বলার ছিল. লালবাতি জ্বলে গেছে তাই আমি আমার বক্তব্য সংক্ষিপ্ত করে বাজেট বরাদ্দকে সমর্থন করে সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-25 – 4-35 P.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী আজকে তার বিভাগের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এসেছে সেই কাট মোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আমরা বিভিন্ন দপ্তরের ব্যয়-বরাদ্দর দাবির উপর যখন অংশগ্রহণ করি তখন মন্ত্রী মহাশয়ের বক্তব্যও শুনি এবং সরকার পক্ষের মাননীয় সদস্যদেরও বক্তব্য শুনি। কিন্তু প্রত্যেকবারই আমরা শুনি সেই ভাঙ্গা রেকর্ড। সেই গরিব ক্ষেত-মজুর, আর সেই কেন্দ্রের বিরুদ্ধে স্লোগান। কিন্তু বাস্তব কি বলে? বাস্তবে এবারে পশ্চিমবাংলায় ধান উৎপাদন সত্যিই বেশি হয়েছে। কিন্তু একটা বছরের ইতিহাস দেখিয়ে, একটা বছরের উৎপাদনের রেকর্ড দেখিয়ে আপনারা যদি কৃতিত্ব দাবি করেন তাহলে কিন্তু সেই কৃতিত্ব শোভা পায়না। যদি আমরা দেখি কৃষি দপ্তর এমন পরিকাঠামো তৈরি করেছে যার ফলে উৎপাদন বৃদ্ধি হয়েছে তাহলে কৃষি দপ্তরের সত্যিই সেখানে প্রশংসা করা যায়। কিন্তু এই বছর বেশি ধান উৎপাদন একটা অঘটন। অনুকূল প্রাকৃতিক পরিবেশ এবং চাষীদের উৎসাহ এখানে কিছুটা কাজে লেগেছে। কৃষি-দপ্তরের কথা যদি বলা যায়, তাহলে এই দপ্তরের সঙ্গে অনেকগুলি দপ্তরের কো-অর্ডিনেশন দরকার। যেমন, সেচ, মাইনর ইরিগেশন, মেজর ইরিগেশন, ভূমি রাজস্ব দপ্তর, কৃষি দপ্তর এবং বিদ্যুৎ দপ্তর, এই দপ্তরগুলি যদি পারস্পরিক সহযোগিতা না করে তাহলে এই কৃষি দপ্তরের সাফল্য এগিয়ে যেতে পারে না। কিন্তু খুবই দুঃখের বিষয় এই দপ্তরগুলির পারস্পরিক কো-অর্ডিনেশনের অভাবে আজ কাজ হচ্ছে না। এক একটা দপ্তর, এক একটা শরিকদলের কাছে আছে তাই কো-অর্ডিনেশনের অভাব। স্যার, আমাদের রাজ্যের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি কতগুলি প্রশ্ন করব। এখানে কৃষিতে যে উৎপাদন হয়েছে, সেই উৎপাদন কি ধারাবাহিকতা রেখেছে?

আমাদের এককালের খাদ্য প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছিলেন যে খাদ্যের অভ্যাস

পাল্টাতে হবে। এবং যে সমস্ত খাদ্য শস্যর উৎপাদন হয় সেই সমস্ত খাদ্যৎপাদন যেমন ধান, চাল, গম এর ওপর নির্ভর করে আরও কিছু অন্যান্য ফলন উৎপাদন করতে হবে। আমাদের টেকনোলজিকে ডেভেলপ করতে হবে। আমাদের দেশে আন্ডার গ্রাউন্ড ওয়াটার কমে যাচ্ছে। আমরা যদি কেবলমাত্র আন্ডার গ্রাউন্ড ওয়াটারকে চাষের কাজে লাগিয়ে, যথেচ্ছভাবে এবং প্রকৃতির দানকে যদি যথাযথভাবে কাজে না লাগাই তাহলে আমাদের কাছে আন্ডার গ্রাউন্ড ওয়াটার আর সহজলভ্য হবে না। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাদের টেকনোলজি ডেভেলপ হচ্ছে না। আমরা এই সম্পর্কে সচেতন নয়। আমাদের গবেষণাগারগুলি সেই মতোন গবেষণা করছে না যাতে করে চাষের উন্নতি করা যায়। কিছু কিছু ক্ষেত্রে অর্থাৎ কৃষি উৎপাদনের ক্ষেত্রে ক্রাইসিস ফেস করতে হচ্ছে। এটাকে যদি ওভারকাম করতে হয় তাহলে গবেষণাগারগুলির উন্নতি করতে হবে। আমরা নতুন কোনও প্রযুক্তির দিকে যাচ্ছি না এই বিষয়ে কোনও উদ্যোগও নেওয়া হচ্ছে না। খুবই উদাসীন। এখনও গতানুগতিক পদ্ধতিতে সেই ডিপ টিউবওয়েলের ধারাবাহিকতা মেনে চলেছি। আপনারা নতুন কিছু আনতে পারছেন না। আমাদের দেশটা নদীমাতৃক দেশ। সারফেস ওয়াটারের যে সোর্সগুলি রয়েছে সেগুলিকে ঠিকমতোন কাজে লাগানো হচ্ছে না। অনিবার্যভাবে এর ফলস্বরূপ আমাদের যা কৃষিৎপাদনে মূল বাধা ভালো করে সেচও হচ্ছে না এবং ফসলও নষ্ট হয়ে যাচ্ছে। আপনার দপ্তর ১৫ বছর ধরে কি করেছে? যা দেখে আসছি খালি পূর্ব্বতন কৃষিমন্ত্রীর উপর দোষারোপ করে যাচ্ছেন। পজিটিভ কোনও স্টেপ দেখতে পাচ্ছি না। এর আগে কৃষিৎপাদনের ব্যর্থতা নিয়ে অনেকে বলেছেন, কিন্তু আপনার মধ্যে কোনও সঠিক উদ্যোগ দেখতে পাচ্ছি না। যে টেকনোলজিক্যাল ডেভেলপমেন্টের কথা বলছেন আজকে সেই টেকনোলজিকে তো স্বীকৃতি দিতে হবে। তা না হলে কৃষির উন্নতি সম্ভব নয়। আজকে টেকনোলজি, নতুন টেকনোলজি সম্বন্ধে জানতে হবে। আজকে ভাবতে হবে যে কি করে চাষের উন্নতি করা যায়। আজকে আপনাকে দেখতে হবে, অলটারনেটিভ ফুড প্রোডাকশনের কোনও রাস্তা বার করা যায় কি না? শুধু কেন্দ্রের উপর দোষ দিলে হবে না। রাজ্য সরকার এই ব্যাপারে কি অগ্রগতি ঘটাচ্ছেন সেটা আমরা জানতে চাই আপনার কাছ থেকে। মাননীয় খাদ্যমন্ত্রী আপনার কাছে জানতে চাইব যে, কৃষিবিভাগ-এর যে একজিসটেন্স নিয়ম আছে তাতে দেখতে পাচ্ছি কোনও ব্লকে ফিফটি পারসেন্ট-এর উপর প্রাকৃতিক দুর্যোগে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। সেই ক্ষেত্রে সেই ব্লকে এই কৃষিবিভাগ প্রকল্পের আওতায় আসছে কিন্তু এর সাথে সাথে অন্যান্য ব্লকে যখন ফসল নষ্ট হয়ে যাচ্ছে তারা কিন্তু এই প্রকল্পের আওতাতে আসছে না। আপনি বলবেন যে কেন্দ্রীয় সরকারের সংস্থা আপনার কিছু করবার নেই। এই বলে আপনারা চালিয়ে আসছেন এবং চালিয়েও যাবেন। সাথে সাথে এও জানতে চাইছি যে, এই ব্যাপারে রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে? হঠাৎ যদি প্রাকৃতিক দুর্যোগে ফসল নষ্ট হয়ে গেল, একটা মৌজার ফসল নষ্ট হয়ে গেল তাহলে তাকে এই নতুন প্রকল্পের আওতাতে আনবেন কি? একটা সেকশনের চাষের ক্ষতি হয়ে গেল রাজ্য সরকার তাকে সাহায্য করবার জন্য এগিয়ে আসতে পারবেন না। আজকে আপনাদের অবস্থা এমন

জায়গাতে দাঁড়িয়েছে কৃষিৎপাদনের ক্ষেত্রে বীজ আপনারা তৈরি করতে পারছেন না। উত্তরপ্রদেশ থেকে বীজ এনে চাষ করতে হচ্ছে। এর চেয়ে রাজ্যের লজ্জা আর কি থাকতে পারে? এর চেয়ে দুর্ভাগ্যের বিষয় আর কি হতে পারে? আজকে বলতে পারবেন না এই কথা যে, আমরা নিজেরা বীজ তৈরি করব। নিজে কৃষকদের বীজ দেব। অন্য কারুর উপর নির্ভর করে চলবে না, আমরা নিজেরা স্বয়ংসম্পূর্ণতা অর্জন করব কৃষিক্ষেত্রে। আজকে পনেরো বছর ধরে কৃষি গবেষণাগারগুলি এইটুকু সাফল্য অর্জন করতে পারল না। কেবলই বলেন কৃষিক্ষেত্রে অনেক সুযোগ-সুবিধার ব্যবস্থা করে দিয়েছি। আজকে ১৫ বছর ধরে এই ভোজ্য তেলের যে ক্রাইসিস, সেটা আমাদের বাইরে থেকে আনতে হয়। আপনারা সরষের চাষ বাড়াতে পারেননি, মশলার চাষ বাড়াতে পারেননি। আমাদের রাজ্যের মানুষকে টাকা দিয়ে আনতে হয় বাইরের রাজ্য থেকে। ১৯৭৬ সালে গম উৎপাদন পশ্চিমবাংলায় কত হয়েছিল, আর আজকে আপনাদের রাজত্বে পশ্চিমবঙ্গে গম উৎপাদন কত হচ্ছে? কেন এত উৎপাদন কমে গেল এই রাজ্যে? কি ব্যবস্থা নিয়েছেন? আপনি গমচাষীদের সুযোগ দিতে পারেননি ইতিমধ্যে। যারা গম চাষ করবে তাদের উৎসাহ দিতে না পারার জন্য আজকে অবস্থা এই রকম হয়েছে। পানচাষ, তমলুক-এর একটা বিরাট অংশ, হুগলি জেলার বারুইপাড়ার কাছে যান, তারা পান চাষ করে এবং এই পান বাইরের রাজ্যে কিছু যায়। সেজন্য শ্রীরামপুর ইত্যাদি স্থানে স্টপেজ দিতে হয়েছে। পান বাইরে যায়, কিন্তু বাইরেও পান চাষ হচ্ছে, প্রচুর হয়েছে। কিন্তু পান রক্ষণাবেক্ষণের কোনও সুষ্ঠ ব্যবস্থা করে দিতে পারেননি। একটা সেসনে ভাল পয়সা পায়, কিন্তু তারা সুযোগ-সুবিধা পায় না। আজকে কৃষি দপ্তরের দায়িত্ব নেওয়া উচিত ছিল। সেরিকালচারের ব্যাপারটা গুটি পোকার চাষ হচ্ছে সেটা হচ্ছে স্মল স্কেল ইন্ডাস্ট্রির। কিন্তু আপনার দপ্তরের অধীনে যদি এটা থাকত তাহলে যে চাষীরা আজকে গুটি পোকার চাষ করেন তারা বেশি হেল্প পেতেন। কারণ স্মল স্কেল ইন্ডাস্ট্রি একদিকে লোহা—লক্কড়ের ব্যাপার দেখবে, আবার অন্যদিকে গুটি পোকার চাষ করবে। কোনওটাই সে করতে পারে না। না ঘরকা, না ঘাটকা। আপনি ক্যাবিনেটকে বলুন, সেরিকালচারের দায়িত্ব আপনাকে দিয়ে দিতে। গোবর গ্যাস প্ল্যান্ট কাকে দিয়েছেন? স্মল স্কেল ইনডাস্ট্রিকে। এটা চাষ সংক্রান্ত ব্যাপার। গোবর গ্যাস প্ল্যান্ট কেন কৃষি দপ্তরের হাতে যাচ্ছে না? সেটা বলবেন না? আর একটা হচ্ছে, এরা পাটচাষীদের জন্য চোখের জল ফেলেন। আমাদের রাজ্য সরকার পাট চাষীদের জন্য কি করতে পেরেছেন? শুধু জে, সি, আইয়ের উপর নির্ভর করে বসে আছেন। কিন্তু পাটচাষীরা দালালদের পাল্লায় পড়ে কম দামে পাট বেচে দিতে বাধ্য হচ্ছে। চাষীরা প্রকৃত দাম থেকে বঞ্চিত হচ্ছে। অথচ আমাদের রাজ্যে পাট উৎপাদন বেশি হয়। সেটা বৈদেশিক মুদ্রা নিয়ে আসে। কিন্তু রাজ্য সরকার পাটচাষীদের জন্য কোনওরকম ব্যবস্থা নিতে পারেননি। সব ব্যাপারেই কেন্দ্রের উপর দোষ চাপিয়ে দায়মুক্ত হতে চান। আলু চাষ, এই বছর আলুর প্রোডাকশন বেশি হয়েছে। আলু চাষীরা প্রোডাকশন করছেন, যে সময়ে আলু ওঠে হুগলি, আরামবাগ, বর্ধমানে চাষীরা আলু স্টোরে রাখতে পারছেন না। রাস্তায় রাখছেন, রাস্তায় সেই আলু পচে গিয়ে এমন দুর্গন্ধ বেরোচ্ছে যে রাস্তা দিয়ে চলা দায়। পঞ্চায়েত থেকে আলুর

বন্ড দেওয়া হচ্ছে, কিন্তু সেই বন্ড নিয়ে আলু চাষীরা স্টোরে আলু রাখতে পারছেন না। কে রাখছে? একদল অসাধু ব্যবসায়ী যারা কম দাম দিয়ে আলু চাষীর কাছ থেকে কিনে নিচ্ছে ফলে একদিকে আলু চাষীরা ন্যায্য দাম থেকে বঞ্চিত হচ্ছে, আর অন্যদিকে জনসাধারণকেও বেশি দাম দিয়ে আলু কিনতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় আপনার দপ্তর এই চাষীদের কিছু করতে পারেনি। অথচ আলুর প্রোডাকশন বাড়ছে, তাদের প্রডাকশনের দাম বাড়ছে, কিন্তু আলু চাষীরা লাভবান হচ্ছে না। সেই আলু ব্যবসায়ীরা চড়া দরে বিক্রি করছে, জনসাধারণকে চড়া দরে আলু কিনতে হচ্ছে। আপনার দপ্তরকে এর দায়িত্ব গ্রহণ করতে বলছি। স্যার, আমাদের রেগুলেটেড মার্কেট কমিটি আছে। এগ্রিকালচারাল মার্কেটিং ডিপার্টমেন্টে আলাদা মন্ত্রী হয়েছেন। তিনি এইগুলো কন্ট্রোল করেন। মন্ত্রী মহাশয় নেই, আমি তাঁকে অনেক কিছু বলতে পারতাম। সময়ে রেগুলেটেড মার্কেট কমিটি কালেকশন হত আড়াই, তিন লক্ষ টাকা। টেন্ডারে বিট দিলাম, ম্যাকসিমাম বিট, হায়েস্ট বিট যে দিত তাকে দিয়ে দিতাম।

[4-35 – 4-45 P.M.]

আর এরা কি করলেন? বললেন, টেন্ডারে দুর্নীতি হবে, ডাইরেক্ট কালেকশন করবেনা। সেখানে ডাইরেক্ট কালেকশন করতে গিয়ে ৫০ হাজার টাকাও জমা পড়ছে না। চুরি হচ্ছে। মন্ত্রী মহাশয়কে অনেকবার বলেছি যে আপনি করাপশন বন্ধ করুন, দুর্নীতি বন্ধ করুন, আপনার রেভিনিউ বাড়বে। আপনারা গভর্নমেন্টে থাকতে পারেন কিন্তু রেভিনিউ বাড়ার পথ বললে যে কোনও মন্ত্রীই সেটা নিয়ে ভাবেন। কিন্তু এরা সেটা করলেন না। ওরা এটাকেই মদত দিচ্ছেন। আজকে তাই নিয়ন্ত্রিত বাজার যেগুলি সেগুলি চাষীদের উপকারে লাগছে না। সেখানে কিছু ফড়িয়া দু-হাতে পয়সা লুঠছে। আপনারা সেখানে কিছুই করতে পারছেন না। এখানে অনেক গ্রামের সদস্য আছেন, মাননীয় সেইসব সদস্যরা মার্কেট লিঙ্ক রোডের কথা জানেন। কেন্দ্রীয় সরকার টাকা দেন এই মার্কেট লিঙ্ক রোড করার জন্য। চাষীরা যাতে একেবারে পাড়াগাঁ থেকে তাদের উৎপাদিত ফসল শহরে নিয়ে আসতে পারেন তারজন্য আপনার ডিপার্টমেন্টকে কেন্দ্র আলাদ করে টাকা দেন যাতে এই মার্কেট লিঙ্ক রোড হতে পারে। কারণ গ্রামাঞ্চলে রাস্তা না থাকার জন্য সেখানকার চাষীরা তাদের উৎপাদিত ফসল শহরে এনে বিক্রি করতে পারেন না। আমার জিজ্ঞাস্য সেই মার্কেট লিঙ্ক রোড করার জন্য যে টাকা দেওয়া হয় তা দিয়ে আপনি কত জায়গায় সেই রাস্তা করতে পেরেছেন জানাবেন কি? কেন্দ্রীয় সরকারের দেওয়া সেই টাকা আপনারা খরচ করতে পারেননি। আপনি এইভাবে চাষীদের সেখানে বঞ্চিত করেছেন। আর যেটুকু রাস্তা করেছেন তা দিয়ে চলা যায় না। এরপর স্যার, আমি ফুড প্রসেসিং-এর ব্যাপারে কয়েকটা কথা বলব। যদিও এটা খাদ্য দপ্তরের করার কথা তবুও কৃষির সাথে এর সম্পর্ক আছে বলে বলছি। সিজিন্যাল ফ্রুট যা পাওয়া যায় সেটা যদি এই ফুড প্রসেসিং ডিপার্টমেন্টের মাধ্যমে সারা বছর কাজে লাগানো যায় তাহলে চাষীরা এই সমস্ত সিজিন্যাল ফ্রুট উৎপাদন করতে উৎসাহী হবে। এই প্রসঙ্গে আমি মালদহের আমের কথা বলতে পারি। মালদহের আম বিখ্যাত আম এবং সেখানে প্রচুর

পরিমাণে আম হয়। সেই আম নিয়ে যদি সারা বছর কাজ করা যেত তাহলে চাষীরা উৎসাহ পেত কিন্তু স্টো আপনারা করতে পারলেন না। সিজনের সময় সেই সমস্ত সিজিন্যাল ফ্রুট বেশি পাওয়া গেলেও চাষীরা দাম পায়না। যদি আপনারা এটা করতে পারতেন তাহলে চাষীরা দাম পেতে পারত। আমরা দেখছি, আপনার দপ্তর যেটুকু নিয়ে চিন্তা করেন সেটা হচ্ছে ধান চাষ। আপনারা ভাবছেন এগ্রিকালচার মানে ধান চাষ করলেই সব হয়ে গেল। আরে, চাষীরা নিজেরাই তো ধান চাষ করছে। সেখানে আপনারা তো তাদের না দিতে পারছেন উচ্চ ফলনশীল ধানের বীজ, না দিতে পারছেন সার। চাষীরা নিজেরাই সেখানে উৎসাহী হয়ে ধান চাষ করছে। এ বর্গার নামে আপনাদের বর্গীর হামলাটা যদি একটু কম হত তাহলে ধানের ফলন আরও বাড়ানো যেত। অন্যান্য ফলসের উৎপাদনের ব্যাপারে যে রকম উৎসাহ দেওয়া দরকার আমরা দেখছি, সেটা আপনারা দিতে পারছেন না। তারপর সিড ফার্ম যেগুলি করেছেন সেখানে কিছুই কাজ হয়না। আপনি কনফেড, বেনফেড ইত্যাদি করেছেন কিন্তু তা দিয়ে চাষীদের কি উপকার হচ্ছে সেটা একটু চিন্তা করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে এখানে প্রোডাকশন বেড়েছে, কিন্তু দুর্ভাগ্যের কথা যে আপনি বলছেন প্রোডাকশন বেড়েহে অথচ খাদ্যমন্ত্রী বলছেন খাদ্যের সঙ্কট বাড়ছে কারণ কেন্দ্রীয় সরকার চাহিদা মতোন দিতে পারছে না। এখানে চাহিদা বাড়ছে। স্যার উৎপাদন বাড়ছে বলে আপনি দাবি করছেন, অথচ খাদ্যমন্ত্রী বলছেন তাঁর খাদ্য ঘাটতি বেশি হচ্ছে। তাহলে কে সত্য কথা বলছেন? দুটোই তো একই দলের মন্ত্রী, খাদ্যমন্ত্রী আপনাদের দলের মন্ত্রী, কৃষিমন্ত্রী, কৃষিমন্ত্রী আপনাদের দলের মন্ত্রী, জানি না, এটা কমলবাবু'র গ্রুপের কী না, কারণ এই দলটা আজকে সার্পলি ডিভাইডেড হয়ে গেছে। খাদ্যমন্ত্রী সেদিন বাজেটে বলেছেন যে ৩০/৩৫ লক্ষ টন খাদ্য হয় কেন্দ্রের কাছ থেকে। আপনি দয়া করে বলবেন, কে সত্যি কথা বলছে? আপনি বলছেন রেকর্ড খাদ্য উৎপাদন আপনি করছেন, কি সব মেডেল টেডেল নাকি পাচ্ছেন, তখন খাদ্যমন্ত্রী খাদ্য সঙ্কটের কথা বলছেন। কেন এফ. সি. আই. চাল না দিলে চাল পাওয়া যায় না রেশনে? কয়েক মাস আগে রেশনে চাল বন্ধ ছিল, তারা বলতেন কেন্দ্রীয় সরকার চাল দেয়নি বলে চাল পাওয়া যায়নি। যেখানে আপনি বলছেন উৎপাদন বাড়ছে, উৎপাদন যদি বাড়ে তাহলে কেন্দ্র কেন দেবে? কাজেই উৎপাদন বৃদ্ধি হচ্ছে, আপনার এই দাবির সত্যতা সম্বন্ধে সন্দেহ আছে। শুধু তাই নয়, পাশের রাজ্য উড়িষ্যার মতো গরিব রাজ্য, সেখান থেকেও আপনাকে চাল চাইতে হয়। যদি এত প্রোডাকশন বেড়ে থাকে তাহলে অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যার কাছে গিয়ে খাবার চাইছেন কেন হাত পেতে? লজ্জা করে না তাদের কাছে গিয়ে হাত পাততে? কৃষকদের উৎসাহ দিতে আপনার সরকার কি ব্যবস্থা নিয়েছে? একটু শুনুন, আমি একটা ঘটনার কথা বলছি। সিঙুরের এম. এল. এ. এখানে নেই, থাকলে উনিও বলতেন। সেখানে কংগ্রেসিদের বিরুদ্ধে বললেন। সেচ-দপ্তরের কো-অপারেশনে সেখানে কতকগুলো শ্যালো টিউবওয়েল করা হয়েছিল জয়নাল সাহেবের আমলে চাষীদের জন্য। এলাহাবাদ ব্যাঙ্কের মাধ্যমে টাকা দেওয়া হয়েছিল, সাবসিডির টাকাটা সেন্ট্রাল গভর্নমেন্ট দিয়ে দেয়। অদ্ভুত ব্যাপার, আপনাদের বন্ধু সরকার ভি. পি. সিং সরকারের আমলে ১০ হাজার

টাকার ঋণ মকুব করে দিলেন। চাষীরা ভাবলেন যে তারা যে টাকা দিয়েছিলেন, তা ফেরত দিতে হবে না। কিন্তু যে সাবসিডিটা সেন্ট্রাল গভর্নমেন্ট দিয়েছিলেন, তার জন্য করলেন কি, সেই শ্যালো টিউবওয়েলগুলো তুলে নেওয়া হল। গভর্নমেন্টের অফিসাররা গিয়ে সেই শ্যালো টিউবওয়েলগুলো তুলে নিলেন। এ এলাকার চাষীরা চাষ করবে কী করে? এটা হচ্ছে সিঙুর, বারুইপাড়া, পান্ডুনগর ব্লকের ঘটনা। সেখানকার বি. ডি. ও. অফিস থেকে অফিসাররা গিয়ে শ্যালো টিউবওয়েলগুলো তুলে নিয়ে এলো।

[4-45 - 4-55 P.M.]

স্যার, আমরা মধ্য-যুগীয় বর্বরতার কথা শুনেছি, কিন্তু এই ঘটনা মধ্য-যুগীয় বর্বরতাকেও ছাড়িয়ে গেছে। স্যালো টিউবওয়েল তুলে নিয়ে বিক্রি হচ্ছে না, ১০/১৫ বছরের অকেজো জিনিসকে কিনবে, তথাপি চাষীরা তো মার খেল।

স্যার, এখানে সরকার পক্ষ থেকে ক্ষেতমজুরদের সম্বন্ধে অনেক কথা বলা হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি রাজ্যে ক্ষেতমজুররা কি মিনিমাম ওয়েজ সর্বত্র পাচ্ছে? ব্লকে ব্লকে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর আছে, তারা কি সমস্ত জায়গা খতিয়ে দেখে যে সমস্ত ক্ষেতমজুররা মিনিমাম ওয়েজ পাচ্ছে কিনা? আমরা আমাদের রাজ্যের ক্ষেতমজুরদের জন্য যে মিনিমাম ওয়েজ নির্দিষ্ট করেছি তা পাঞ্জাবের ক্ষেতমজুরদের ওয়েজের চেয়ে কম। পাঞ্জাবে ক্ষেতমজুররা যে ন্যূনতম মজুরী পায় এখানকার মজুররা তার অর্দ্ধেকেরও কম পায়। অথচ ক্ষেতমজুরদের জন্য অনেক কিছু করেছেন। পাঞ্জাবে তো আমাদের সরকার নেই, সেখানে ক্ষেতমজুররা যে ন্যূনতম মজুরি পায় তার অর্দ্ধেকও কেন পশ্চিম বাংলার ক্ষেতমজুররা পায় না? শুধু তাই নয় এখানে মজুররা মিনিমাম ওয়েজ পাচ্ছে কিনা তা কেউ খতিয়ে দেখে না। ব্লকে ব্লকে যে মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টররা আছে তার বিশেষ কোনও কাজই করে না, কখনও কখনও ভোটার লিস্ট তৈরি করা বা লোক-গণনা করা ছাড়া তারা আর কোনও কাজ করে না। আসলে তাদের কাজ দেওয়া হয় না। এই অবস্থায় মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আপনার দপ্তরের সাফল্য দাবি করেছেন! অথচ আজকে আমরা দেখছি পশ্চিম বাংলায় বাইরে থেকে তেল আমদানি করতে হয়, মশলা আমদানি করতে হয়, বীজ আমদানি করতে হয়। এর পাশাপাশি রাজ্যের কৃষকদের মাথার ঘাম পায়ে ফেলেও না খেয়ে থাকতে হয়। এই পরিস্থিতিতে আপনি দপ্তরের মন্ত্রী হিসাবে দপ্তরের কাজ-কর্মের যে সাফল্য দাবি করছেন তাকে আমি সমর্থন করতে পারছি না। তাই আপনার ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4-55 - 5-05 P.M.]

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট বরাদ্দ উপস্থাপিত করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। এই বাজেট

বরাদ্দকে সমর্থন করতে উঠে প্রথমেই আমি একটা কথা বলছি যে, আমি বরাবর দেখছি জয়নাল আবেদিন সাহেব বক্তৃতা করতে উঠে আমাকে ব্যক্তিগত আক্রমণ করে বলেন, 'আপনি এই দলে ছিলেন, এ' দলে ছিলেন ইত্যাদি। আমি তাঁকে আজকে পরিষ্কার একটা কথা বলতে চাই—আগে বলিনি—আমি কংগ্রেস থেকে কংগ্রেস খুব খারাপ বলেই যে বেরিয়ে এসেছি তা নয়, আমি যখন দেখলাম কংগ্রেস বলতে জয়নাল সাহেবের মতো জোতদার, জমিদার এবং তাঁরাই কংগ্রেসকে ঘিরে রেখেছে এবং যখন দেখলাম ইন্দিরা গান্ধী ওখানে এসে বসলেন তখন কংগ্রেসকে প্রণাম করে চলে এসেছি। কেন না আমি দেখলাম তখন আর আমার পক্ষে কংগ্রেসে বাস করা সম্ভব নয়। জয়নাল সাহেবরা ১৯৭৭ সাল পর্যন্ত গরিব বর্গাদারদের নামটাও রেকর্ডভুক্ত করার সুযোগ দেননি। গরিব মানুষ জমি পায়নি। গোটা রাজ্যের মানুষকে মাইলো খাইলো খাইয়ে রেখেছিলেন। এ দলে আজ থাকলেও আজও মাইলো খেতে হ'ত। আজকে বামফ্রন্ট রাজ্যে ভূমি ব্যবস্থায় পরিবর্তন এসেছেন ফলে রাজ্যের উন্নতি হয়েছে এবং গরিব মানুষের উপকার হয়েছে। কংগ্রেস আমলে এটা হয়নি, হতে পারতও না। হওয়া সম্ভব ছিল না। তাই তো আমি ওঁদের কাছ থেকে সরে এসেছি। আমার তো জমিদারি বাঁচাবার দরকার নেই। জয়নাল সাহেব জোতদার, তাঁর জমি বাঁচবার দরকার তাই কংগ্রেসে থেকে গেছেন। জয়নাল সাহেব আজকে বলতে উঠে বিশেষ কিছু বলতে পারলেন না, শুধু বললেন প্রোডাকটিভিটি বাড়ে নি। স্যার, প্রোডাকটিভিটি বেড়েছে, কি বাড়েনি তা একটা হিসাব থেকেই পরিষ্কার বোঝা যাবে। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় একটা বই দিয়েছেন, এই বইতে এটা পরিষ্কার করে বলা আছে। জয়নাল সাহেব বোধহয় এটা দেখেন নি। এখানে বলা হয়েছে ১৯৭২-৭৩ সালের প্রোডাকশনকে যদি ১০০ ধরা হয় তাহলে ১৯৯০-৯১ সালে প্রোডাকশন হয়েছে ১৪৮। অর্থাৎ এই সময়ের মধ্যে ৪৮% প্রোডাকশন বৃদ্ধি পেয়েছে। এটা কি কম হ'ল? আমরা জানি কৃষি উৎপাদনের একটা স্যাচ্যুরেশন পয়েন্ট আছে। জমিতে কতক্ষণ কর্ষণ করা যেতে পারে, জমিতে কত উৎপাদন হতে পারে তারও একটা ম্যাকসিমাম লিমিট আছে। সুতরাং ১০০ থেকে প্রোড়াকশনকে ১৪-এ তোলাটা খুব কম কথা নয়। জয়নাল সাহেব বলে দিলেন আপনারা প্রোডাকটিভিটি বাড়াতে পারেননি। তারপর বললেন, ট্রেনিং-এর জন্য খরচা করতে পারেননি। আজকে পশ্চিমবাংলার চাষীদের কোন মেঘে বৃষ্টি হবে, কোন মাটিতে ফসল হবে, কখন কি ফসল লাগাতে হবে তারজন্য ট্রেনিং দেওয়া প্রয়োজন নেই। আজকাল বি. এ, বি. এস. সি পাশ করা সরকারি কর্মচারী তাদের এগ্রিকালচার সম্বন্ধে যে জ্ঞান তার থেকেও চাষীরা ভাল জানেন। তবে হ্যাঁ, ট্রেনিং-এর দরকার আছে এবং তা কখন দরকার হয়? যখন নতুন নতুন জিনিসগুলি আসে, যেমন, সার আসছে, বীজ আসছে, এই সমস্ত বিষয়ে ট্রেনিং দেওয়া দরকার এবং সেই ট্রেনিং যথারীতি দেওয়া হয়। উনি বললেন, পাঞ্জাবের প্রোডাকশন বেশি, আমাদের প্রোডাকশন কম। আমার কথা হচ্ছে, কম হোক আর বেশি হোক, পশ্চিমবাংলার মানুষ এখন সকলে মাছ-ভাত না খেতে পেলেও, সকলে দু'বেলা ভাত খেতে পাচ্ছে। আপনাদের আমলে যেমন মাইলো খেয়ে থাকতে হত, ব্লক অফিসে জি. আরের জন্য ছুটতে হত সেই জিনিস এখন

আর হয় না। উনি বললেন খাদ্যশস্যের উৎপাদন কিছু হয়নি। ১৯৭৭-৭৮ সালে যখন ওঁরা ছিলেন তখন হয়েছিল ৮৯ লক্ষ ৭০ হাজার টন আর ১৯৯১-৯২ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ১ কোটি ২০ লক্ষ টনে। সুতরাং আপনি যে বাড়েনি বলছেন তাহলে এই ফিগারটা কোথা থেকে এল? সর্বভারতীয় ক্ষেত্রে হেক্টর প্রতি গড় উৎপাদন যেখানে হয়েছে ১৩৪৯ সেখানে পশ্চিমবাংলায় হয়েছে ১৮৬৩। সুতরাং উনি কোথা থেকে ফিগার নিয়ে বললেন তা আমি জানি না। উনি বললেন, তৈল বীজের উৎপাদন কিছুই হয়নি। জয়নাল সাহেবের তো বহু জমি আছে, আপনার জমিতে কত তৈল বীজ উৎপাদন করতে পারেন? এখানকার যে আবহাওয়া তাতে তৈল বীজ ভাল হয় না। যেখানে শীতের প্রকোপ বেশি এবং দীর্ঘস্থায়ী সেখানে ডাল এবং সরষে হয়। ওনার তো প্রচুর জমি আছে। সেই জমিতে ডাল করতে পারেন না? মালদায় যেসব জমিতে ডালের চাষ হত সেখানে বোরো চাষ করতে আরম্ভ করেছে। কারণ চাষীরা দেখবে কোনটা বেশি লাভ হয় সেইদিকেই যাবে। সুতরাং ডাল ছাড়া সমস্ত কিছুর চাষ হচ্ছে এবং তার উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। যখন কংগ্রেসি চলে যান তখন তৈল বীজ-এর উৎপাদন ছিল আড়াই পারসেন্ট আর এখন সেখানে ৬ পারসেন্ট। ওদের সময়ে ছিল '৭৭ হাজার টন আর ১৯৯০-৯১ সালে সেটা বেড়ে হয় ৪ লক্ষ ৫৪ হাজার টন। নাইট্রোজেন সার ১৯৭৬-৭৭ সালে ছিল ৯৭ হাজার ৫১২ টন। উনি বললেন সারের ব্যবহার হয়নি। আজকে সেই সারের ব্যবহার হচ্ছে ৪ লক্ষ ১১ হাজার ৮৯৬ টন। ওদের আমলে ছিল টোটাল ১ লক্ষ ৩৮ হাজার সামথিং আর আমাদের সময়ে সেটা বেড়ে হয় ৭ লক্ষ ৫৩ হাজার সামথিং। তাহলে কি কম সারের ব্যবহার হচ্ছে? তারপর আলু, ১৯৭৭-৭৮ সালে ছিল ১৯ লক্ষ টন আর ১৯৮৮-৮৯ সালে সেটা বেড়ে হয় ৪৫ লক্ষ টন। উৎপাদনের হার সর্বভারতীয় হার সর্বভারতীয় হেক্টর প্রতি যেখানে ১৬ লক্ষ টন সেখানে আমাদের হচ্ছে ২২ লক্ষ টন। আমি অনেক রাজ্যে গেছি, এবং সাবজেক্ট কমিটির মেম্বার হিসাবে অনেক মেম্বার গিয়েছেন, সব জায়গাতেই দেখবেন পশ্চিমবঙ্গে শাক-সবজীর দাম সবথেকে কম। আলু ছাড়া অন্যান্য শাক-সবজীর দাম এখানে ছাড়া ভারতবর্ষের অন্য কোথাও উৎপন্ন হয় না। আমি চালের কথা বলছি না, চাল উৎপাদনে আমরা ষষ্ঠ স্থানে আছি, সেটা সবাই জানেন। ভারতবর্ষ খাদ্য শস্য উৎপাদনে চতুর্থ স্থানে আছে। এটা জানা কথা। স্ট্যাটিসটিক্স দেখে বলছি, আমাদের পশ্চিমবঙ্গের এই যে জমি তা থেকে আমাদের পাট তৈরি করতে হচ্ছে। ১৯৭৭-৭৮ সালে পাট ৩৪।। লক্ষ বেল হত, এখনও ৫৪ লক্ষ বেল হচ্ছে। উৎপাদনের হার ওঁদের আমলে ১০।। বেল এখন হচ্ছে ১২ লক্ষ বেল। আজকে ডাল শস্য উৎপাদনের কথা বলা হচ্ছে, পাঞ্জাব, হরিয়ানা এবং উত্তরপ্রদেশে যা উৎপাদন হচ্ছে, পাঞ্জাবে উৎপাদন হচ্ছে প্রতি হেক্টরে ৩। লক্ষ টন, আমাদের এখানে সে জায়গায় ২ লক্ষ টন হচ্ছে, কিন্তু ওদের ওখানে আবহাওয়ার অনেক সুযোগ-সুবিধা আছে। এই কথাগুলি বুঝতে হবে। খামারের কথা উনি বলেছেন, আমাদের যে খামারগুলি আছে, মাননীয় মন্ত্রী মহাশয় প্রথমেই তার কথা বলেছেন। এখন মাননীয় মন্ত্রী মহাশয় একটি কমিটি করেছেন গ্রামের লোকেদের মধ্যে, তার সুফলও পাওয়া গেছে। এটা চালু হলে খামারের কাজের অগ্রগতি হবে। আমি

এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, আমাদের মালদার খামারটি বা ফার্মটি আছে সেটি পশ্চিমবঙ্গের মধ্যে সবথেকে ফার্মা কিন্তু সেটা ঘেরা না থাকায় চারিদিক থেকে লোকে দখল করেছে। এদিকে নজর দিতে অনুরোধ জানাচ্ছি। আমাদের বহুদিনের দাবি আছে, সম্ভব হলে ওখানে একটা এগ্রিকালচার কলেজ করা যায় কিনা সেটার দিকেও নজর দিতে অনুরোধ জানাচ্ছি। আমি একটা বিষয়ে কেবলমাত্র মাননীয় জয়নাল আবেদিন সাহেব এবং মান্নান সাহেবের সঙ্গে একমত। সেটা নিবেদন করতে চাই, সেটা হল কো-অর্ডিনেশন, যার জন্য কৃষি এগোতে পারছে না। কৃষিকে এগোতে গেলে সেচ, ক্ষুদ্রসেচ, অন্যান্য সকলকে নিয়ে এগোতে হবে। এ নিয়ে মাঠে মিটিং হয়, তবে তাতে খুব একটা কেউ আসেনা। কো-অর্ডিনেশন হওয়া দরকার। এর আগে এস. আর. সেলের রিপোর্টে বলেছে। আমি বলেছিলাম একজন এগ্রি করা দরকার। সব রাজ্যে হয়েছে, বিহারেও হয়েছে। তাহলে আমাদের রাজ্যে কেন হবে না? মাননীয় জয়নাল আবেদিন সাহেব যেটা বললেন আমিও সেই কথা বলছি। ক্ষুদ্র সেচ, অন্যান্য সেচ কিংবা সবগুলিকে মিলিয়ে আমাদের একটা কো-অর্ডিনেশন যদি না হয় তাহলে কিছু হবে না। এগ্রিকালচার প্রোডাকশন কমিশনার হলে সেটা হতে পারে। সেটা করার কথা ভেবে দেখবেন। সেক্রেটারি লেবেলে এবং মন্ত্রী পর্যায়ে করতে হবে। আমি ফিল করি কো-অর্ডিনেশন না থাকার ফলে অনেক জায়গায় অসুবিধা হয়, সেটা বিবেচনা করতে অনুরোধ করছি। আর একটি কথা, আমার আর একটি নিবেদন আপনার কাছে মাটি পরীক্ষার ব্যবস্থা করা। মাটি পরীক্ষার ব্যবস্থাটা ব্লক লেভেলে করা যায় কিনা? ট্রেনিং দিয়ে—আমি জানিনা, লে ম্যান—কতখানি জ্ঞান হয় ভলান্টারী কিছু করে ট্রেনিং দিয়ে করা যায় কিনা? কে. পি. সি. একজন আছে, তাকে ট্রেনিং দিয়ে যদি করা যায়, ব্লক লেবেলে যদি করা যায় তো ও কাজ করতে পারে। এগ্রিকালচার এক্সটেনশন অফিসার একজন আছেন, তাকে মিনিকীট বিলি ছাড়া আর কিছু করতে দেওয়া হয় না। যে গ্রামে যায় না, কি করে করবে? আমি জানি আপনাদের এমবার্গো আছে তবু ট্রেন্ড করে মাটি পরীক্ষা করা যায় কিনা সেটা একটু দেখার কথা বলছি।

আর একটি কথা হল, শস্য-বিমা সম্বন্ধে চিন্তা-ভাবনা করতে হবে। প্রয়োজনে কেন্দ্রীয় সরকারকে বলতে হবে। এবারে ঝড় একটা স্ট্রিপের উপর দিয়ে চলে গেছে। সেখানে একটা ব্লকের একটাই সব সময় এই ঝড়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে। মৌজার ওয়ার্ড এবং ব্লক ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু সেখানকার চাষীরা শস্য-বিমার সুযোগ পায়নি। তারা যাতে শস্য-বিমার সুযোগ পান তারজন্য চিন্তা-ভাবনা করবেন। মিনিকিট আপনারা অনেক দিয়েছেন এবং তার ফলে অনেক উন্নতি হয়েছে। তবে মিনিকিট দেবার ব্যাপারে একটা ডিফিকাল্টির কথা বলছি, এনকোয়ারি করে দেখবেন। সেখানে মিনিকিট আসার পর বেশ কিছু লোক সব মিনিকিট নিয়ে চলে গেছেন, ফলে সবাই পাননি। আমরা প্রাপকের তালিকা এ. ডি. ও.-র কাছে দেখতে চেয়েও পাইনি। এটা আপনাকে দেখবার জন্য বলছি। আমাদের ওখানে একটি অঞ্চলে বন্যা বেশি হয়। গতবারও সেখানে বন্যা হয়েছে। আমার এলাকায় যেটাকে আউট-সাইট এমব্যাঙ্কমেন্ট

বলে সেখানে সব সময় বন্যা হয়। কাজেই সেখানকার চাষীদের দেখার জন্য কলাই বীজ আগে থেকে সংগ্রহ করে রাখা দরকার, এর স্যাংশন আগে থেকে থাকা দরকার। বিষয়টা আপনি দেখবেন। পানচাষ সম্পর্কে বলছি, ডাইরেক্টোরেটে কিছু লোক আছেন যারা এ-সম্পর্কে কিছু জানেন না। এই পান চাষ সম্পর্কে ভাবতে হবে। উত্তরবঙ্গের পানচাষীরা পানের দাম ঠিকমতো পান না, কারণ সেখানকার পান-পাতা পাতলা হচ্ছে।.........(**লালবাতি**).........তবে কৃষিতে অনেক উন্নতি হয়েছে। সেজন্য ধন্যবাদ দিচ্ছি। আমাকে একটু সময় দেবেন। এখানে মান্নান সাহেব একটা রেগুলেটেড মার্কেট সম্বন্ধে অভিযোগ করেছেন যে, সেখানকার সবাই চোর, আমি ঐ রেগুলেটেড মার্কেট কমিটিতে আছি। আগে যে মার্কেট থেকে এক লক্ষ টাকা লাভ হত, আজকে সেখানে আট লক্ষ্য টাকা লাভ হয়েছে। কিন্তু উনিতো রেগুলেটেড মার্কেটের সবাইকে চোর বলে দিলেন। এটা অন্যায়। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, কৃষক যাতে তাঁর ফসলের যথার্থ মূল্য পান তার জন্য চেষ্টা করুন। এই বলে কাজের যে গতি এনেছেন তারজন্য ধন্যবাদ জানিয়ে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[5-05 – 5-15 P.M.]

শ্রী সুকুমার দাস : মিঃ চেয়ারম্যান স্যার, এখন হাউসে প্রায় ৩৮ জন সদস্য এবং তিনজন মন্ত্রী রয়েছেন, এখানে কৃষিনীতি নিয়ে আলোচনা চলছে। গতকাল শিল্পনীতি নিয়ে আলোচনা হল। আমাদের দেশ মূলত দুটি নীতির উপর দাঁড়িয়ে আছে, অন্যান্য নীতি যদিও আছে। তবে গতকালের আলোচনা শুনে মনে হল, ওঁরা শিল্পের উন্নতির জন্য প্রচন্ডভাবে ব্যস্ত, কিন্তু বাইরে গিয়ে দেখলাম, শাসকদলের নেতারা ধুম্রকুন্ডলীর মধ্যে বসে থেকে নিজেদের সম্বন্ধেই নিজেদের অবিশ্বাস। আজও কৃষিনীতি নিয়ে আলোচনা, বিরাট বাক্য, বিরাট বিশ্বাস, বাইরে গিয়ে নিজেদের দীর্ঘনিঃশ্বাস। এই অবিশ্বাস, দীর্ঘনিঃশ্বাস এই হল পশ্চিমবাংলার সকলের বিশ্বাস। এই নিয়ে আজকে আমাদের কৃষিনীতির আলোচনা। এখন এগ্রিকালচার, It is not an individual Culture. It is the culture of Combination of so many culture—first land culture, 2) Water culture i.e. irrigation culture. 3) Power culture, 4) Co-operation culture and 5) finance culture. এতগুলি অ্যামালগামেটেড কালচার যদি হয় তাহলে দেয়ার উইল বি ফুল ফ্লেজেড কালচার—ইনডিভিজুয়েলি দেয়ার ইজ নো কালচার। এখন দেখা যায় ল্যান্ড কালচার কি বলে। পশ্চিমবাংলায় চাষ হয় ১৩৮ লক্ষ একর। অতীতেও ১৩৮ লক্ষ একর চাষ হয়েছে, এখনও ১৩৮ লক্ষ একর। তার মধ্যে বামফ্রন্টের হাতিয়ার বন্ধু বর্গাদার, ১৩, ১৪ লক্ষ হানাদার। কি করছে? আমরা দেখছি যে বর্গাদাররা দেশের কাজ করছে, কৃষি ফলাচ্ছে। আমাদের মানুষ সীমাহীন কিন্তু ল্যান্ড সীমাব্রদ্ধ। বিনয়বাবু বক্তব্য, গতকাল তার একটা বই থেকে বলছিলেন যে ভেস্টেড ল্যান্ড কত, না, ১৩ লক্ষ একর। কংগ্রেস ডিস্ট্রিবিউশন করেছে কত? ৬ লক্ষ একর। বিনয়বাবুর ডিস্ট্রিবিউশন কত? ৬ লক্ষ একর। চিৎকার কারা করছে? বামফ্রন্টের সকলে চিৎকার করছে যে কংগ্রেস কিছু করেনি। এখনও কত বাকি? এক লক্ষ

কয়েক হাজার একর। বিনয়বাবু বলেছিলেন এক লক্ষ কয়েক হাজার। জবানবন্দি কোথায়? হাই কোর্টে। কে উত্তর দেবে কতদিন লাগবে উদ্ধার করতে? ১৫ বছর নীরব, নিস্তব্ধ। ১৩ লক্ষ জমি ডিস্ট্রিবিউশন করল কে? বামফ্রন্ট আবার কে। বক্তৃতা কোথায়? বিধানসভার ভিতরে এবং বাইরে। আজকে জয়নাল আবেদিন বলছিলেন যে সকলের দায়িত্ব আছে। বর্গাদারদের আপনারা লিগালাইজড করেছেন। আমরা কম লিগালাইজ করেছি। আমরা অন্ধত্বে ভুগিনা। আপনারা তোতা পাখীর মতো অন্ধত্বে ভুগছেন বলে এই ডিফারেন্স। আমরা যেটুকু পেরেছি, যেটুকু ব্যর্থতা ছিল, আমরা চলে গেছি। আপনারা আশীর্বাদ নিয়ে এসেছেন। আজকে আমরা বিরোধী দল। দেশটা একা কংগ্রেসেরও নয়, আবার সি. পি. এম-এর নয়, দেশটা আমাদের সকলের। আজকে যারা ৮৪ কোটি টাকা এক বছর ইনভেস্ট করে শিল্প শিল্প, বেকার সমস্যার কথা বলতে পারেন, তাদের কাছ থেকে আমরা কিছু আশা করিনা। আজকে বামফ্রন্টের বন্ধুরা বলবেন—ধান বছরে ফলেছে কত? এক কোটি ২০ লক্ষ টন। প্রোডাকশন বেড়েছে। ভারতবর্ষ যখন স্বাধীন হয় তখন দেশে কত খাদ্য ছিল? ৪ কোটি মেট্রিক টন। মাঝখানে হোচট মাইলো। স্লোগান কার? আপনাদের। আক্রমণ কার? আপনাদের। কুশ্রী ইতরজনের ভাষায় আক্রমণ কার? আপনাদের। ১৯৬৬ সাল পর্যন্ত গালিগালাজ দিয়েছেন, খাদ্যে অভাব ছিল। আজকে ভারতবর্ষ ১৮ কোটি মেট্রিক টন খাদ্য উৎপাদন করে প্রমাণিত হয়েছে যে সে স্বয়ংসম্পূর্ণ, হয়ত দারিদ্র অবস্থা আছে সেটা আলাদ কথা—হয়েছে। আমরা আমেরিকার কাছে যাই না, ক্যানাডার কাছে যাই না, অস্ট্রেলিয়ার কাছে যাই না। কিন্তু আপনারা বলছেন যে খাদ্যের এত ভান্ডার বেড়েছে। কেন্দ্রীয় সরকার গত মাসে ১০ হাজার টন গম কমিয়ে দিয়েছিল, তাতে আপনাদের চিৎকার ; চিৎকার, চিৎকার। ৯০ হাজার টন গম দিত, কেন্দ্রীয় সরকার বলছে যে আপনাদের ফসল বেড়েছে, আমরা ৮০ হাজার মেট্রিক টন গম দেব। তাতে আপনাদের চিৎকার বেড়ে গেল।

তাতে আপনাদের চিৎকার বেড়ে গেল। তাহলে আপনাদের উৎপাদন বাড়ল, আপনাদের সেই সঙ্গে চাহিদা বেড়ে গেল। আপনারা ভিক্ষার ঝুলি নিয়ে ছুটছেন। ভারতবর্ষের লোক বাড়ছে, ভারতবর্ষের উৎপাদন বাড়ছে। আপনাদের লোকসংখ্যা বাড়ছে, উৎপাদন বৃদ্ধি হচ্ছে। আপনারা ৬ কোটি লোককে ১৫ বছর ধরে খাওয়াতে পারছেন না। তারজন্য ব্যাপকভাবে দলীয়ভাবে শুধু দাও দাও দাও। ভারতবর্ষের ৮৫ কোটি লোক, তাদের তো খাওয়াতে হবে। তার কোনও দায়িত্ব আপনাদের নেই? খালি দাও দাও, ভিক্ষার ঝুলি নিয়ে বলা হচ্ছে গম দাও, চাল দাও, আমাদের দিতে হবে, এটা আমাদের অধিকার। আমাদের উৎপাদনের কোনও অধিকার নেই। তাই বলি ভারতবর্ষের মধ্যে একটা মাত্র রাজ্য সেটা হল পশ্চিমবাংলা যেখানকার তুলনায় অন্য যে কোনও রাজ্যে এত নদীবহুল এলাকা নেই। এত জল পাওয়ার সুযোগ-সুবিধা ভারতবর্ষের ২৫টি রাজ্যের মধ্যে আছে কিনা জানা নেই। সেইজন্য জ্যোতিবাবু বাইরে বক্তব্য রাখেন আমরা ধান উৎপাদনে প্রথম, বনসৃজনে প্রথম এবং মাছ উৎপাদনে প্রথম। মাছ খায় কে? মাছ তো পশ্চিমবাংলার বাইরে কেউ খায় না। শরৎচন্দ্রের একটা

গল্পের কথা আমার মনে পড়ে গেল। এক ভদ্রলোকের ৩ ছেলে, পরীক্ষা দিয়েছে এবং সেই ৩জনই পরীক্ষা দিয়েছে। তাদের মধ্যে একজন প্রথম, একজন দ্বিতীয় এবং একজন তৃতীয়। পাশে একজন বুদ্ধিমতী বসে ছিলেন, তৃতীয় যে বসে ছিল তাকে জিজ্ঞাসা করা হল কত পেয়েছো? সে বলল ১০০ মধ্যে ৬০ পেয়েছি। প্রথম কত পেয়েছে? সে বলল ১০০ মধ্যে ৯০ পেয়েছে। দ্বিতীয় কত পেয়েছে? সে বলল দ্বিতীয় পেয়েছে ১০০ নম্বরের মধ্যে ৭০ তখন ভদ্রলোক বলল তিন জনের মধ্যে তো তৃতীয় হবেই, আমি আর এই আনন্দে থাকব না। মাচ খায় কারা? পশ্চিমবাংলার বাইরে কোসটাল এরিয়ার কিছু লোক মাছ খায়। বাঙালিরা তো মাছ-ভাত বেশি খায়। অনেক বেশি নদী বহুল এলাকা পশ্চিমবাংলায় আছে, নদী বহুল এলাকায় মাছ তো হবেই। এটা তো প্রকৃতির সৃষ্টি। তার জন্য ৩৬ ইঞ্চি বুক নিয়ে চিৎকার করে বলবার কি আছে। ইকনমিক সার্ভে যে কথা বলছে—আজকে আমরা বলি জল না হলে চাষ হবে না—জল দুই রকমের আছে। একটা হল উপরের জল আর একটা হল ভেতরের জল। উপরের জলের মাধ্যমে কত পারসেন্ট ইরিগেশন হয়? ২৬ পারসেন্ট ইরিগেশন হয় উপরের জল দিয়ে। আপনারা চাষ বাড়াতে চাচ্ছেন। আজকে ভেতরের জল কত? ইরিগেশন মিক্স, মেজর ইরিগেশন, মাইনর ইরিগেশন, স্মল ইরিগেশন। মেজর ইরিগেশন দেবব্রতবাবু দেখুন। তার যে টাকা সেটা বন্যা প্রতিরোধ করতে এবং বাঁধ বাঁধতেই চলে যায়। নদীর জলকে কাজে লাগাবার মতো টাকা তাঁর নেই। দেবব্রতবাবু বার বার বলেছেন যে টাকা পাচ্ছি না, ২১ পারসেন্ট টাকা পাই, এই টাকা দিয়ে ইরিগেশন করা সম্ভব নয়। এটা গেল উপরের জলের ব্যাপারে। এবারে ভেতরের জল সম্পর্কে আমার বন্ধু শৈলজাবাবু বলবেন। মাইনর ইরিগেশন সম্বন্ধে বলি। মাইনর ইরিগেশন হচ্ছে স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এই সব নিয়ে। সেখানে হতাশার চিত্র। বিশ্বব্যাঙ্ক না করলে পশ্চিমবাংলায় কাজ হবে না। ৪৫০ কোটি টাকা দিচ্ছে বিশ্বব্যাঙ্ক। তারা আলটিমাটাম দিয়েছে ১৯৯৪ সালের ৩১ মার্চের মধ্যে কাজ শেষ করতে হবে। তোতা পাখির মতো ওনারা খালি বলে যাবেন, কোনও যুক্তি-তর্ক মানেন না, কোনও সময় স্যারেন্ডার করেন না, সমস্ত মুখস্থ বিদ্যা এখানে আউড়ে যান। এটা নিয়ে ভাবতে হবে, এখানে কংগ্রেস কমিউনিস্টের ব্যাপার নেই। তাই বলি আজকে মাইনর ইরিগেশনের ব্যর্থতা ফুটে উঠেছে। আজকে পাওয়ারে কি অবস্থা। সারা ভারতবর্ষে ২৫টি রাজ্যের মধ্যে ১৫টি রাজ্য সেন্ট পারসেন্ট বিদ্যুৎ দিয়েছে। আজকে পশ্চিমবাংলায় কি হচ্ছে? পশ্চিমবাংলায় হচ্ছে ৭০ পারসেন্ট। ফলে স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল লিফ্‌ট ইরিগেশন চলছে না। কো-অপারেটিভের ব্যাপারে দেখুন। আপনারা গ্রামে থাকেন, আমিও গ্রামে থাকি, এটাকে আপনারা মনোপলি বিজনেস করবেন না।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আজকে পশ্চিমবাংলায় লালবাতি জ্বলছে। শুনে রাখুন মন্ত্রী মহাশয়, আপনার উত্তরে বলবেন আমি যে প্রশ্নটা করছি। সমবায়ের ক্ষেত্রে আপনারা ডিক্লেয়ার করেছিলেন যে ডিউ টাইমে যে ঋণ মিট আপ করে দেবে তাকে আপনারা ইন্টারেস্টে সাবসিডি দেবেন। আমার এলাকায়

জানি যে সমস্ত এলাকায় আমি সমবায়ের সঙ্গে প্রত্যক্ষ না হলেও পরোক্ষভাবে যুক্ত সেখানে আমরা আবেদন করেছি ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টের-ঋণ মিটিয়ে দেবার জন্য এবং তারা সমস্ত ঋণ গিয়ে মিটিয়ে দিয়ে এসেছে। কয়েক লক্ষ টাকার ইন্টারেস্ট সাবসিডি পাইনি। লজ্জার কথা আজকে কয়েক লক্ষ টাকা মহিসাতলার চাষীরা পাবে।

[5-15 – 5-25 P.M.]

আপনারা সাবসিডি দিতে পারেননি মার্জিনাল ফার্মারদের। সেন্ট্রাল গভর্নমেন্ট আপনাদের ৩৭ কোটি টাকা দিয়েছিল অথচ আপনারা একটা পয়সাও মার্জিনাল ফার্মারদের দিতে পারলেন না, আপনারা তাদের ফাইনান্স দিতে পারছেন না। আমার সময় নেই, আমার অনেক কথা বলার ছিল। আমি বলব, এখানে আপনারা প্যারটের মতো বলে যাচ্ছেন। আপনাদের দীর্ঘনিশ্বাস বাইরে ছড়িয়ে গেছে। আজকে সমস্ত পশ্চিমবাংলার আপনারা সর্বনাশ করছেন। আপনাদের বিবেক নেই, মৃত সে মানুষের কাছে, এখানে শিল্পের হাহাকার, কৃষির ব্যর্থতা। প্রতি বছরে দিল্লির কাছে ধর্না দিতে হচ্ছে। আজকে পাঞ্জাব, উত্তর প্রদেশ ও অন্ধ্রকে প্রতি বছর বার'শ কোটি টাকা দিতে হচ্ছে। সরষে আনার জন্য, গম আনার জন্য, পেঁয়াজ আনার জন্য, চিনি আনার জন্য বার'শ কোটি টাকা দিতে হচ্ছে পশ্চিমবাংলার ভাঁড়ার থেকে। পশ্চিমবাংলার ভান্ডার থেকে অন্য রাজ্যে চলে যাচ্ছে। তারা আজকে ফুলে ফেঁপে উঠছে, বড় হচ্ছে। আপনারা যুক্তির কাছে সারেন্ডার করতে চান না। এখানে আবেগে কথা বলছেন আর কিউবার জন্য ভাবছেন। এখানকার সমস্যা নিয়ে ভাববার কোনও অবকাশ আপনাদের নেই। কারণ আপনারা হতাশাগ্রস্ত রাজ্যে বাস করছেন। আমি কৃষিমন্ত্রীর কাছে আবেদন করব, পান চাষ একটা ক্যাশ ক্রপ তমলুকের। এটা টী'-এর পরেই স্থান পায়। অথচ এরজন্য একটা রেগুলেটেড মার্কেট আপনারা করতে পারছেন না। তাদের আপনারা দাম দিতে পারছেন না। আমি এইজন্য এই বাজেটের বিরোধিতা করছি।

[5-25 – 5-35 P.M.]

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে কৃষিমন্ত্রী যে ডিমান্ড উপস্থাপন করেছেন, ৪৭, ৪৮ এবং ৫৫ নং ডিমান্ড, তা আমি সমর্থন করছি এবং বিরোধীদের কাটমোশনকে বর্জন করে কিছু কথা এখানে উপস্থাপন করতে চাই। বিরোধী দলের আবেদিন সাহেব যে কথা পেশ করেছেন, তাঁর প্রতিটি কথা বামপন্থীদের প্রতি ক্ষোভের। সেখানে আমার ব্যাখ্যাটা এই রকম—একটানা কালোদিন কেটে গিয়ে পশ্চিমবাংলায় বামপন্থী জমানায় হঠাৎ আলোর ঝলকানি দেখে জয়নালবাবুদের চোখ ধাঁধিয়ে গেছে। যথেষ্ট সুযোগ থাকা সত্ত্বেও তাঁরা সেই পথে যাননি, কৃষির উন্নয়নের চেষ্টা করেননি। কৃষিকে একেবারে মনোপলি তৈরি করেছিলেন। আজকে আমি বলব, গান্ধীজির কথা—তিনি তাঁর কর্মীদের উদ্দেশ্যে একটা সভায় বলেছিলেন, 'গো ব্যাক টু ভিলেজ' গ্রামে ফিরে যাও। কৃষি এবং কৃষক না বাঁচালে কৃষিভিত্তিক ভারতবর্ষ বাঁচতে পারে না। কিন্তু তাঁর মন্ত্রশিষ্যরা সেই পথে গেলেন না। তাঁরা

বৃহৎ শিল্পের দিকে গেলেন। তার পরবর্তীকালে—ভাষাটা অনেক খারাপ শোনাবে—নাথুরাম গান্ধীজিকে হত্যা করেছিলেন, কিন্তু গান্ধীজির আদর্শকে হত্যা করেন এই মন্ত্রশিষ্যরা। আজকে বামপন্থী দলের কর্মী, বিশেষ করে কৃষক সংগঠনের কর্মীরা পঞ্চায়েত আসার আগে যে ভাবে ঐ বে-আইনি জমি, খাস জমি আদায় করার জন্য এই সমস্ত ভূ-স্বামীদের বিরুদ্ধে লড়াই করেছিল, আমি বলব, প্রাথমিক স্তরে তারা জমি চাষ করে রেখেছে। পরবর্তীকালে যখন পঞ্চায়েত এলো তখন আমাদের প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের হাতে জমি তুলে দেওয়ার চেষ্টা করলাম। সার্বিক নথিভুক্ত কৃষকদের তালিকা তৈরি করে জমি তুলে দেওয়ার চেষ্টা করলাম। আগে কৃষিক্ষেত্রে যে মনোপলি ব্যবস্থা চালু ছিল সেই সিস্টেম বাতিল করে দিয়ে আজকে প্রত্যেক প্রান্তিক চাষীকে তার জমিতে নানারকম ফসল ফলাতে সাহায্য করা হচ্ছে। আগে আমরা দেখতাম মাঠের পর মাঠ পতিত জমি থাকত এখন সেখানে সুজলা সুফলা মাঠে পরিণত হয়েছে। বামফ্রন্ট সরকার এসে পতিত জমিতে শস্য শ্যামলা করতে পেরেছে এবং তার বদন পাল্টেছে এটাই বিরোধীদলের নেতৃবৃন্দ সহ্য করতে পারছেন না। তাই প্রতিটি ক্ষেত্রেই বিরুদ্ধচারণ করে যাচ্ছে। আমরা নাকি কেন্দ্রীয় সরকারের কাছে ভিক্ষা চাইছি এই হচ্ছে ওদের কথা, সত্যি কথা বলুন তো রাজ্য সরকারের কাছ থেকে যে রাজস্ব চলে যায় তার কতটুকু আমরা ফেরৎ পাই উত্তরবঙ্গ থেকে যে সম্পদ দিল্লি চলে যায় তার কত পারসেন্ট ফেরৎ আসে? তার কোনও দিন হিসাব করে দেখেছেন কি? আজকে যে জমি আমরা পেয়েছি তার ৬৫ ভাগ আমরা প্রান্তিক চাষীদের হাতে তুলে দিয়েছি। কিন্তু এখনও অনেক জমি আছে, নানারকম জটিলতা আছে, তার মধ্যেই সেগুলাকে উদ্ধার করতে হবে। আমি আরেকটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে, কৃষি এমন একটা দপ্তর যার সাথে ওতোপ্রোতভাবে জড়িত আছে আরও অনেকগুলো দপ্তর যেমন ক্ষুদ্র সেচ, সেচ, বিদ্যুৎ কৃষি বিপনন, ভূমি ও ভূমি রাজস্ব এবং পঞ্চায়েত। পশ্চিমবঙ্গের মানুষ এখনও প্রকৃতির উপরে নির্ভরশীল। আমি উত্তরবঙ্গের প্রতিনিধি, আমি জানি গত ১ মাস ধরে আমি দেখেছিলাম যে উত্তরবঙ্গের অনেক জায়গাতে এমন শিল পড়েছিল যার ওজন হচ্ছে ১১০০ গ্রাম এবং এর ফলে বীজ, ফসল সব একেবারে ধ্বংসে হয়ে গেছে। যে প্রকৃতির উপর নির্ভরশীল কৃষি, সেই কৃষি আজকে মরে যাচ্ছে। সেখানে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে চিন্তা-ভাবনা করছে এবং কৃষি দপ্তর কৃষি বিমা চালু করেছেন। তবে এই কৃষি যাতে আরও উদারভাবে ও ব্যাপকভাবে গ্রামে গ্রামে পৌঁছাতে পারে তার ব্যবস্থা করতে হবে। এই যে অতর্কিতে কৃষির উপর এই অঘটন ঘটল উত্তরবঙ্গে সেখানে কৃষকদের এবং কৃষিকে বাঁচাতে হলে আপনাদের সুচিন্তিতভাবে চিন্তা করে কাজ করতে হবে। এই বিষয়টাকে বিশেষভাবে আপনাদের মনেও রাখতে হবে।

এখনও কিছু কিছু দুর্গম এলাকা আছে, যেখানে কৃষি পণ্যের কোনও বাজার নেই। আজকেকৃষি বিপনন দপ্তরেকে তাদেরকে সহায়তা করতে হবে। কাছাকাছি যে এলাকায় হাট আছে সেই হাটগুলির সাথে যাতে রাস্তার যোগাযোগ হয় গ্রামগুলির সেটা দেখতে হবে। আমি একটা উদাহরণ দিচ্ছি। বহু আলোচিত তিনবিঘা, সেখানে কুচলিবাড়ি থেকে একটা রাস্তা চলে

আসছে মেখলিগঞ্জে, এটা ময়নাগুড়ি থানার অন্তর্ভুক্ত। কিন্তু তার পাশেই হেলাপাহাড়ি বলে একটা হাট আছে। ঐ হাটে মেখলিগঞ্জের লোকেদের যেতে হলে শেনিয়াজান নদীর উপর যে পুল আছে তার উপর দিয়ে যেতে হয়। কিন্তু ১৯৬৮ সালে বন্যার সময় ঐ পুলটা ভেঙ্গে যায় যার জন্য যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায়। তাই এই যোগাযোগ ব্যবস্থা ঠিক করতে হবে এবং এটা কৃষি বিপনন দপ্তরের দৃষ্টিভঙ্গিতে আনতে হবে। কাজেই কৃষি দপ্তরকে স্বয়ংসম্পূর্ণ করতে হলে আনুসঙ্গিক দপ্তরগুলিকে এগিয়ে আসতে হবে, তা নাহলে হবে না। আমাদের প্রত্যাশা জেগেছিল যেদিন তিস্তার মাস্টার প্লান তৎকালীন সেচমন্ত্রী ননী ভট্টাচার্য্য এবং মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু উদ্বোধন করেছিলেন। সেদিন উত্তরবঙ্গের মানুষের মনে উৎসবের মতো একটা জিনিস দেখা গিয়েছিল। কিন্তু দুঃখের বিষয় তিস্তা প্রকল্প আজকে এমন একটা জায়গায় পড়ে আছে যা উত্তরবঙ্গের মানুষের মধ্যে ক্রমশই হতাশার সৃষ্টি করছে। কৃষি জমির মধ্যে দিয়ে ক্যানেল কাটা হয়েছে, কিন্তু ক্যানেলের মুখগুলি যেগুলি বন দপ্তরের মধ্যে পড়েছে সেগুলি এখনও কাটা হয়নি। এখানে কৃষি জমিগুলিকে আগে নিয়ে নেওয়া হয়েছে, এই ধরনের নানান অসুবিধা সেখানে দেখা যাচ্ছে। যাই হোক তিস্তা বড় প্রকল্প সেটা একটু দেরি হতে পারে, কিন্তু ক্ষুদ্র ক্ষুদ্র সেচের কিছু প্রকল্প ছাড়া কৃষকদের উন্নতি হতে পারে না। আমি উত্তরবঙ্গের জমি সম্পর্কে একটু বলি, সেখানকার জমির অম্লতা খুব বেশি। সেখানকার জমিতে ডলোমাইট দেওয়ার শুরু হয়েছিল, কিন্তু এখন বন্ধ হয়ে গেছে। যদিও কৃষিমন্ত্রী তার বইতে লিখেছেন উত্তরবঙ্গের জমিতে ডলোমাইট দেওয়া হচ্ছে, যাতে সেখানকার জমির অম্লতা দূর হয়ে, সেখানে ফসল বেশি হয়। তাছাড়া ওখানে মাটি পরীক্ষা করার ব্যবস্থা দরকার, তবেই সেখানকার কৃষির উন্নয়ন হতে পারে। যাই হোক এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-35 – 5-45 P.M.]

শ্রী কলিমুদ্দিন শামস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনাকে অভিনন্দন জানাচ্ছি আমাকে প্রথমে বলবার অনুমতি দিয়েছেন বলে। কুচবিহার যাবার জন্য আমাকে ট্রেন ধরতে হবে তাই আমি প্রথমেই বলছি, পরে আমাদের ডিপার্টমেন্টের আরেক মন্ত্রী মাননীয় নীহার বোস মহাশয়, যদি কোনও উত্তর দেবার থাকে দেবেন। আমাদের ডিপার্টমেন্টের ৫৮ নং ডিমান্ড আমি মুভ করছি এবং এখানে যে সমস্ত কাট মোশন আছে তার বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলছি। বিরোধীদলের ডাক্তার জয়নাল আবেদিন সাহেব বক্তৃতা দেবার সময় কয়েকটি কথা এখানে বলে গেছেন।

মার্কেটিং ডিপার্টমেন্ট টাকা খরচ করেনি আমার মনে হয়েছে যে এই কথাটা সঠিকভাবে বলা হয়নি। তাঁদের এই ইনফরমেশনটা ঠিক না। এটা আপনাদের জানা উচিত যে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মার্কেট ডেভেলপের জন্য আমরা টাকা, পয়সা কিছু পাইনি। এটা আপনারা নিশ্চয় জানেন। আমাদের চাষী-ভাইদের ইন্টারেস্ট রক্ষা করবার জন্য আজকে

সবচেয়ে বেশি প্রয়োজন মার্কেট ডেভেলপ করবার জন্য। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে কেন্দ্রীয় সরকার আমাদেরকে ডেভেলপ করবার জন্য টাকা, পয়সা কিছু দিচ্ছেন না। এই টাকা না দেওয়ার ফলে আমাদের অনেক ক্ষতি হয়েছে। আমরা চাষীভাইদের উন্নতির জন্য আমরা সর্বাঙ্গীন চেষ্টা করে যাচ্ছি। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। লিঙ্ক রোড আমরা সব জায়গাতে মোটামুটি করেছি। যেখানে যেখানে লিঙ্ক রোডের প্রয়োজন আছে আমরা সেখানে করে যাচ্ছি। এটা ঠিকই যে, মার্কেটিং-এর জন্য যা কিছুর প্রয়োজন আছে আমরা সবই করছি। তবে কিছু কিছু ক্ষেত্রে আমরা প্রাধান্য দিতে পারছি না। চেষ্টা করা হচ্ছে। বিরোধীরা যেটা বলছেন যে কিছুই করা যাবে না, কিছুই হবে না এটা ঠিক নয়। পি. ডবলু. ডি মাধ্যমে আমরা লিঙ্ক রোড করেছি। আমি দুঃখিত যে বন্ধু ডাঃ জয়নাল আবেদিন বারবার প্রাইস সম্বন্ধে বলেছেন, তিনি বলেছেন যে কিছুই কাজ হয়নি এটা কিন্তু ঠিক নয়। তিনি জুট সম্বন্ধেও বলেছেন, মাননীয় স্পিকার স্যার, এটা আপনি নিশ্চয় জানেন যে, আমাদের চাষী ভাইদের ইন্টারেস্ট রক্ষা করবার জন্য আমরা আপ্রান চেষ্টা করে যাচ্ছি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া জে. সি. আই.-এর মাধ্যমে পশ্চিমবাংলায় চাষী-ভাইদের জুট কেনবার ব্যবস্থা করা হয়েছে। এবারে নিশ্চয় লক্ষ্য করেছেন, চাষী ভাইদের ইন্টারেস্ট রক্ষা করবার জন্য তাদের জুট কেনবার জন্য মাঠে নামেননি। আমার মনে হয় এই সম্বন্ধে চক্রান্ত হচ্ছে পশ্চিমবাংলায় চাষী ভাইদের বিরুদ্ধে। আমি আর একটা কথা বলি যে, এর চেয়ে দুঃখের এবং আশ্চর্যের আর কি হতে পারে, জি. সি. আই. কর্তারা আমাদের গত বছর অ্যাসিওর্ড করেছিলেন যে, পশ্চিমবাংলায় চাষী ভাইদের ইন্টারেস্ট রক্ষা করবার জন্য দশ কোটি টাকা দেবেন বলেছিলেন, পরে তাঁরা বলেছিলেন যে কুড়ি কোটি টাকা দেবেন কিন্তু কিছুই দেননি। সুতরাং জে. সি. আই. সম্বন্ধে যা বলেছেন তা ঠিক নয়। আপনারা জানেন আজকে মার্কেট ডেভেলপ করবার জন্য বামফ্রন্ট সরকার আজকে ১৫ বছর ধরে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। কাজ করে যাচ্ছেন। আমরাও আপ্রাণ চেষ্টা করে যাচ্ছি। কিন্তু কেন্দ্রীয় সরকারের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। পশ্চিমবাংলায় হোলসেল মার্কেট আছে, রাজ্যের মধ্যে প্রাইমারি আছে ২৯২৫টি এবং শুধু কলকাতার মধ্যে আছে ১৪৬টি রেগুলেটেড মার্কেট। আমি দুঃখের সঙ্গে এটা বলতে চাইছি আমরা চেষ্টা করার পরেও আজ পর্যন্ত সাউথ বেঙ্গল রেগুলেটেড মার্কেট গড়ে তুলতে পারিনি। কিন্তু আমরা এই দিকে একটু এগিয়ে যাওয়ার চেষ্টা করছি। আমরা সাউথ বেঙ্গলে মার্কেটিং সিস্টেম-এ মার্কেট নূতন করে করার জন্য এগিয়ে যাচ্ছি। স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে হাউসকে বলতে চাইছি, সাউথ ক্যালকাটার মধ্যে কলকাতার বুকে বেস ব্রিজে তারাতলার কাছে একটা মার্কেট করেছি। হকার্স মার্কেট সেখানে ছিল অস্থায়ীভাবে। ব্যবসা করতে পারত না। মার্কেটিং ডিপার্টমেন্ট বেস ব্রিজ মার্কেট উন্নতি করার জন্য এগিয়ে এল। আপনার মাধ্যমে হাউসকে জানাতে চাইছি, বেস ব্রিজ মার্কেট আজ ৩০ বছর নেগলেট ছিল। এই বামফ্রন্ট সরকারের নীতি অনুসারে চাষীদের ইন্টারেস্ট রক্ষা করার জন্য জননায়ক হেমন্ত বসুর নাম দিয়ে উন্নতি করার জন্য সাউথ বেঙ্গলে একটা মডেল মার্কেট করার জন্য আমাদের ডিপার্টমেন্ট এগিয়ে চলেছে। আপনার মাধ্যমে বলতে চাইছি, এইসব সীমিত ক্ষমতা থাকার ফলে এবং

আমাদের হাতে টাকা-পয়সা না থাকা সত্ত্বেও আমরা সিদ্ধান্ত করেছি বীরভূম জেলার বোলপুরে একটা এবং নলহাটিতে একটা রেগুলেটেড মার্কেট করব। আমরা জমির ব্যবস্থা করে নিয়েছি। আমাদের এগ্রিকালচার ডিপার্টমেন্টের মন্ত্রী নীহারদা এবং ওই ডিপার্টমেন্টের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। ওঁনারা চাষীদের অবস্থা দেখে চাষীদের ইন্টারেস্ট রক্ষা করতে জমি মার্কেটিং ডিপার্টমেন্টকে দিয়েছেন এবং ওই জমির উপরে মার্কেটিং ডিপার্টমেন্ট মার্কেট করার সিদ্ধান্ত নিচ্ছে। স্পিকার মহাশয়, আপনি জানেন জুট আর চায়ের পরে সব থেকে ফরেন এক্সচেঞ্জ যেটা আসে সেটা পান থেকে। মুর্শিদাবাদ এবং মালদহের সিল্ক ইন্ডাস্ট্রি দেশের মধ্যে বিখ্যাত ছিল। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আমরা যখন স্কুল-কলেজে পড়তাম, তখন মুর্শিদাবাদ-মালদহের সিল্ক ইন্ডাস্ট্রি নাম করা ছিল, কিন্তু স্কুল-কলেজ ছাড়ার পর মালদহের সিল্ক বইতে দেখলাম, কিন্তু বাজারে দেখলাম না। আমি এই ডিপার্টমেন্টের রেসপনসিবিলিটি গ্রহণ করে সিল্ক ইন্ডাস্ট্রি উন্নতি করবার চেষ্টা করেছি। আজকে সব থেকে বেশি সিল্ক চাষের উন্নতি করার প্রয়োজন আছে। কিন্তু দুঃখের বিষয় আমার বন্ধু জয়নাল সাহেব ওঁনার পাশের ডিস্ট্রিক্ট মালদহ, উনি যখন বাড়ি থেকে আসেন, মালদহ হয়ে আসেন, উনি চাষী ভাইদের সমস্যার-সমাধান করেননি। আমার ডিপার্টমেন্ট থেকে সিদ্ধান্ত দিয়েছি চাষী ভাইদের ইন্টারেস্ট রক্ষা করার আমরা চেষ্টা করব। সিল্ক কোকোন কিছু ট্রেডারস, মিডলম্যান চাষীদের কাছ থেকে কম দামে কিনে বাঙ্গালোর-কর্ণাটকে বেশি দামে বিক্রি করে দেয়। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন পশ্চিমবাংলায় ১৫/২০ টাকা কোকোন কিনে, ৮০/৯০ টাকায় বিক্রি করে দেয়। এটা করতে চাষী ভাইয়েরা বাধ্য হত। প্রসেসিংয়ের কোনও ব্যবস্থা ছিল না। কোনও মার্কেট ছিল না। তাই পশ্চিমবাংলার সিল্ক এতবড় একটা ইন্ডাস্ট্রি হওয়া সত্ত্বেও চোখে দেখতে পারতাম না। আমরা সিদ্ধান্ত নিয়েছি, মালদহে সিল্ক প্রসেসিংয়ের একটা সেন্টার করব যাকে পশ্চিমবাংলার সিল্ক এবং কোকোন চাষীদের কেউ এক্সপ্লয়েট করতে না পারে। সেইজন্য একটা ওয়ার্কশপ করব মালদহে। এই সম্পর্কে আমাদের দলের নেতা, এগ্রিকালচার ডিপার্টমেন্টের মন্ত্রীর কাছে আমরা কৃতজ্ঞ। আমাদের টাকা ছিল না, তিনি কিছু ব্যবস্থা করে দেন। কেন্দ্রীয় সরকার উত্তরপ্রদেশ, বিহার, রাজস্থান, গুজরাটে টাকা দিচ্ছে। দুদিন আগে গুজরাটের মার্কেট ডেভেলপমেন্টের চেয়ারম্যান এসেছিলেন।

আমার সঙ্গে রাইটার্স বিল্ডিং-এ এসে তিনি দেখা করেছিলেন। যখন উনি জানতে পারলেন যে আমরা একটাও পয়সা পাচ্ছি না কেন্দ্রীয় সবকারের কাছ থেকে এই মার্কেটিং ডিপার্টমেন্টকে উন্নত করার জন্য তখন উনি দুঃখ প্রকাশ করলেন। কিন্তু তবুও আমি আপনাদের বলছি, এই অসহায় অবস্থার মধ্যেও, আমাদের যে লিমিটেড রিসোর্সেস আছে তার মধ্যেই আমরা চাষী ভাইদের উন্নতি করার জন্য কিছু করার চেষ্টা করছি। আমরা এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে ফরটি থ্রি একরস অব ল্যান্ড মালদহে নিয়ে সেখানে এই সিল্ক চাষী ভাইদের কোকেন প্রোসেস করার জন্য ওয়ার্কশপ করার সিদ্ধান্ত নিয়েছি। আপনারা জানেন যে মালদহের আম খুব বিখ্যাত। এই আম নিয়ে কিছু করা যায় কিনা আমরা ভাবছি। ডাঃ

জয়নাল আবেদিন সাহেব তার বাড়ি পশ্চিমদিনাজপুরের ইটাহার থেকে এখানে আসার পথে যখন মালদহে থামেন তখন উনি নিশ্চয় দেখেন যে মালদহে আম রাস্তায় পড়ে আছে। এ সম্পর্কে আমরা যে সিদ্ধান্ত নিয়েছি সেটা আপনাদের কাছে বলছি। এই যে আমরা মার্কেট করতে যাচ্ছি মালদহে সেই মার্কেটের মধ্যে এরকম ব্যবস্থা করা হবে যাতে কেউ এ গরিব আমচাষী ভাইদের এক্সপ্লয়েড করতে না পারে। আপনারা জানেন ভারতবর্ষের বিভিন্ন জায়গা থেকে পশ্চিমবাংলায় মাছ আসে—রাজস্থান, হরিয়ানা, হায়দ্রাবাদ, পাঞ্জাব ইত্যাদি জায়গা থেকে এখানে এই পশ্চিমবাংলায় বা ইস্টার্ন ইন্ডিয়াতে বেশিরভাগ মাছ আসে। এর হেড কোয়ার্টার ছিল দিল্লিতে। দিল্লির ট্রেডাররা এ'সব গরিব দোকানদার ভাইদের এক্সপ্লয়েট করত এবং এরজন্য কোনও ব্যবস্থাও ছিল না। বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে আমরা যে রকম গরিব চাষী, ক্ষেতমজুরদের স্বার্থ রক্ষা করছি সেই রকম ছোট ছোট কারবারি সব্জী বিক্রেতা, মাছ বিক্রেতা, ছোট বিজনেসম্যান তাদের ইন্টারেস্টও রক্ষা করব। এরজন্য আমরা শিলিগুড়িতে ফিশ কমপ্লেক্স কনস্ট্রাক্ট করেছি। এই প্রসঙ্গে আমি আপনাদের বলতে চাই যে ফিশ কমপ্লেক্সে যে ৭৫টি স্টল হয়েছে আমরা চেষ্টা করছি কম করে ১৫০টা স্টল করে সেগুলিতে ছোটছোট বিজনেসম্যানদের দিয়ে তাদের সমস্যার সমাধান করার। স্যার, যেহেতু আমাকে বাইরে যাবার জন্য এখনই ট্রেন ধরতে হবে সেইজন্য বিস্তারিতভাবে আর বিশেষ কিছু বলার সময় নেই। আমি সংক্ষেপে আর দু-চারটি কথা বলেই আমার বক্তব্য শেষ করব। মার্কেটিং ডিপার্টমেন্টকে উন্নত করার জন্য আমরা নতুন নতুন জায়গাতে মার্কেট করার সিদ্ধান্ত নিয়েছি। আপনারা একটু আগেই তিনবিঘার জমি নিয়ে এখানে আলোচনা করলেন। সেখানে কুচলিবাড়ির উন্নতি করার জন্য আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনবিঘাতে গিয়ে বলেছিলেন যে তিনবিঘার জনসাধারণের সমস্যার সমাধান করার জন্য যা যা জিনিসের প্রয়োজন হবে আমরা তা করব। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন সেখানে রাস্তার ব্যবস্থা করার জন্য, ড্রেনেজ সিস্টেম, মার্কেটিং সিস্টেমের ব্যবস্থা করার জন্য, ব্রিজের ব্যবস্থা করার জন্য। স্যার, আপনার মাধ্যমে আমি এই হাউসকে বলতে চাচ্ছি যে যা কিছু ওখানে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন—তিনবিঘার সমস্যা যখন সামনে এসেছিল তখন নিশ্চয় পশ্চিমবাংলা সরকার জানতো যে কুচলিবাড়ির মানুষকে ইগনোর করা হবে না। তাই সীমিত ক্ষমতার মধ্যেও যতটুকু আমরা করতে পারি তা আমরা করতাম—আজকেও করছি, কালকেও করব। আমরা রাস্তার ব্যবস্থা করছি, রাস্তা কনস্ট্রাক্ট করছি, রাস্তা ছাড়া মার্কেট করার জন্য সেখানে জমি অ্যাকোয়ার করে নিয়েছি, খুব শীঘ্র মার্কেট পুরো করে দেব, ওখানে ড্রেনেজ সিস্টেম হয়ে গেছে। স্যার, ডাঃ জয়নাল আবেদিন সাহেব তার বক্তব্যের মধ্যে গো-ডাউন সম্বন্ধে বলেছেন। বোধহয় উনি আমার লিখিত বক্তব্যটা পড়েনি। সেটা পড়লে হয়ত একথা বলতেন না।

[5-45 – 5-55 P.M.]

আমি জানি উনি যা আগে এক্সপিরিয়েন্স গেন করেছিলেন, বর্তমানে সেই নলেজের উপর ভিত্তি করে চালিয়ে দিতে চাইছেন। আজকে তাঁকে বলি, আপনি খেটেখুটে একটু

ইনফরমেশন গ্যাদার করার চেষ্টা করুন। উনার ইনফরমেশনের জন্য বলি, মার্কেটিং ডিপার্টমেন্ট কন্সট্রাকশন অব স্টোরেজের জন্য কী কী উদ্যোগ নিচ্ছেন, 'To create requisite storage facilities for storing Agricultural Produce to prevent distress sale, a scheme under the National Grid at Rural Godowns was taken up in this state in 1980-81. Under this scheme, fifteen, 1000 M.T. and twenty, 500 M.T. Godowns have been completed against the sanctioned eighteen, 1000 M.T. and forty-one, 500 M.T. Godowns. এই জিনিসটা এই জন্য বলতে চাই যে আমরা কাজ করতে চাইছি। আর একটা কথা বলি, আলু সম্বন্ধে এখানে কথা উঠেছে। আলুর দাম ব্যবসায়ীরা ঠিক অক্টোবর, নভেম্বর মাসে দামটা বাড়িয়ে দেবার চেষ্টা করে। সেই জন্য আমরা রেগুলেটেড মার্কেট এর মাধ্যমে কোল্ড স্টোরেজে আলু স্টোর করার চেষ্টা করছি। এর রেজাল্ট হবে, আলু ব্যবসায়ীরা আর ব্ল্যাক মার্কেটিং এর কন্সপিরেসি করতে পারবে না। কিন্তু কেন্দ্রীয় সরকার এর জন্য কোনও পয়সা দিচ্ছে না। আমরা চেষ্টা করছি এই মার্কেটিং ডিপার্টমেন্টকে একটা সেপারেট ডিপার্টমেন্ট, একটা ইন্ডিপেন্ডেন্ট ডিপার্টমেন্ট তৈরি করতে। যাতে মার্কেটিং-এর হেল্‌থটা আরও চাঙ্গা হয়, আরও হেল্‌দি হয়। আমি আরও বলছি, গরিব চাষী, যারা এগ্রিকালচারাল প্রোডাক্ট মার্কেটে নিয়ে আসেন, তাদের কোনও সিকিউরিটি থাকে না। আমরা বোর্ডের মাধ্যমে একটা রেগুলেটেড মার্কেট করার চেষ্টা করছি। যেখানে ফারমারদের রেস্ট হাউস এর ব্যবস্থা থাকবে, এছাড়াও ফার্মারদের জন্য সেফটি ভল্টের ব্যবস্থা করার জন্য পরিকল্পনা আছে। কারণ ফার্মাররা যে সব উৎপাদিত জিনিসপত্র বিক্রি করে পয়সা কড়ি উপার্জন করে, সেটা রাস্তায় অনেক সময় লুঠ মার হয়ে যায়। আপনাদের আমি ধন্যবাদ জানাচ্ছি, আমার সময় খুব কম, কারণ আমাকে সন্ধ্যাবেলা দার্জিলিং মেল ধরে কুচবিহার চলে যেতে হবে। আমি আশা করব ডিমান্ড নং ৫৮, যেটা এখানে পেশ করা হয়েছে, সেটা আপনারা পাস করে দেবেন এবং বিরোধী দলের সদস্যারা যে সব কাটমোশন এখানে দিয়েছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করে দিচ্ছি।

[5-55 – 6-05 P.M.]

শ্রী শৈলজা দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি এবং তার সঙ্গে সংশ্লিষ্ট কৃষি বিপনন সহ কয়েকটি ডিমান্ডের ব্যয়বরাদ্দের যে দাবি উত্থাপিত হয়েছে, আমি তার বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে কাটমোশন আনা হয়েছে তার সমর্থনে আমি কয়েকটি কথা তুলে ধরতে চাই।

আজকে কৃষি খাতের বাজেট বরাদ্দের ওপর যখন বক্তৃতা শুরু হয় তখন আমাদের শ্রদ্ধেয় প্রবীণ সদস্য ডাঃ জয়নাল আবেদিন মহাশয় শুরুতেই জিজ্ঞাসা করেছিলেন, 'এই বাজেটকে কেন আমরা সমর্থন করব।' আমিও সেই প্রশ্ন মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি যে, কেন আমরা এই বাজেটকে সমর্থন করব? গত ১৯৯১-৯২ সালের প্রি-বাজেট স্ক্রুটিনির মাধ্যমে আমরা লক্ষ্য করলাম যে, বরাদ্দকৃত অর্থ এই দপ্তর খরচ করতে পারেনি এবং এর

থেকে এটাই প্রমাণ হয় যে, এই দপ্তর অতি গুরুত্বপূর্ণ দপ্তর হওয়া সত্ত্বেও রাজ্যের কৃষির স্বার্থ, কৃষকদের স্বার্থ এবং সর্বপরি জনগণের স্বার্থ রক্ষা করতে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছে। আজকে এই বিতর্কে অংশ গ্রহণ করে শাসক দলের সদস্য নয়ন সরকার মহাশয় ভূমি-সংস্কার, ভাগচাষ ইত্যাদি বললেন। হ্যাঁ, এ কথা নিশ্চয়ই স্বীকার করি ভূমি এবং কৃষক থেকে বিচ্ছিন্ন করে কৃষি নিয়ে আলোচনা করা যায় না, কৃষির সাফল্যের কথা ভাবা যায় না, অগ্রগতির কথা ভাবা যায় না। কৃষি সম্বন্ধে আলোচনা করতে গেলে সে আলোচনায় ভূমি-সংস্কারের কথা আসবে, সে আলোচনায় সেচের কথা আসবে, সমবায়ের কথা আসবে, কৃষক, বর্গাদার, ক্ষেতমজুর প্রভৃতির কথা আসবে। এর কোনওটাকে বাদ দিয়ে কৃষি কথা নিয়ে আলোচনা হতে পারে না। আজকে নয়ন সরকার মহাশয় দাবি করলেন যে তাঁদের চিন্তা-ভাবনার ফলে আজকে রাজ্যে ভূমি-সংস্কার হয়েছে এবং কৃষকরা উৎপাদিত ফসলের একটা বিরাট অংশ পাচ্ছে। মাননীয় সদস্যের স্মৃতি-শক্তি এতই দুর্বল যে তা আমি জানতাম না। তিনি ইচ্ছায় হোক, অনিচ্ছায় হোক বাস্তবকে অস্বীকার করে, অসত্য তথ্য পরিবেশন করে এই সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ কথা আজকে আমরা সবাই জানি যে, ভূমি-সংস্কারের ক্ষেত্রে আজকে পশ্চিমবাংলায় যা হয়েছে তার কৃতিত্ব কোনও দলের নয়, কোনও মানুষের নয়। এটা পশ্চিমবাংলার মানুষের মানসিকতার কৃতিত্ব। স্বাধীনতা আন্দোলনের যুগ থেকে আজ পর্যন্ত পশ্চিমবাংলার মানুষের মানসিকতা হচ্ছে প্রগিতিশীল মানসিকতা এবং একটা সমাজতান্ত্রিক অর্থনীতির মানসিকতা আছে। তাই আমরা জনগণের চাপে—হ্যাঁ, আমরা স্বীকার করি পশ্চিমবাংলায় ভূমি-সংস্কার আইন এবং জমিদারি প্রথা উচ্ছেদ আইন প্রণয়ন করেছিলাম, ল্যান্ড সিলিং আইন করেছিলাম। আপনারা বলতে পারেন তা সত্ত্বেও কেউ কেউ জমি লুকিয়ে রেখেছিল। আমরা সেটা অস্বীকার করি না। আপনারা হয়ত বলবেন এই সমস্ত আইনকে আমরা ঠিকভাবে বাস্তবে প্রয়োগ করতে পারিনি। আমি স্বীকার করছি, তা আমরা সর্ব-ক্ষেত্রে পারিনি। কিন্তু আমরা যতটুকু আইন করেছিলাম তারপর আপনারা আর কতটুকু কি করছেন? আমাদের তৈরি করা ভূমি-সংস্কার আইন অনুযায়ী ২৫ একরের সিলিং-কে আপনারা কতটুকু পরিবর্তন করেছেন? আপনারা এই ১৫ বছরের মধ্যে কেবলমাত্র তৃতীয় ভূমি সংস্কার (সংশোধনী) বিলের মাধ্যমে ভূমি-সংস্কার আইনের মধ্যে বাগান আর পুকুরকে ঢুকিয়েছেন। একমাত্র ভূমি-সংস্কার আইনে এক ব্যক্তি বা সিঙ্গলের ক্ষেত্রে ৮ একর ৩০ ডেসিবল বেশি জমি রাখা যাবে না বলা আছে, এটাকে তার নিচে আপনারা নামাতে পারেননি। যেখানে বলা আছে ২ থেকে ৫ জনের পরিবারের ক্ষেত্রে ১৭ একর ৩০ ডেবিবল্‌-এর ওপরে জমি রাখতে পারবে না। সেখানে সেটাকে আপনারা তার নিচে নামাতে পারেন নি। তার নীচে নামেননি। আমরা আইন তৈরি করেছিলাম মালিকরা পাবে ২৫ ভাগ আর কৃষকরা পাবে ৭৫ ভাগ। এ ব্যাপারে আপনাদের কোনও কৃতিত্ব নেই। জনস্বার্থে যে ভূমি-সংস্কার আইন তৈরি করে গিয়েছিলাম তার চেয়ে বেশি আপনারা কিছু করতে পারেননি। শহরাঞ্চলের সিলিং-এর ক্ষেত্রে আমরা যে কথা বলেছিলাম তার এক ইঞ্চি অগ্রগতি দেখতে পাইনি। এবং এ ব্যাপারে কোনও আন্তরিকতা দেখতে পাই না। আজকে

নিশ্চয়ই ভূমি-সংস্কারের ফলে বর্গাদারের নাম রেকর্ডভুক্ত করতে পারা গেছে। আজকে মালিকদের সাথে তাদের যদি সদ্‌ভাব না থাকে তাহলে বর্গাদাররা সমস্ত ধান তাদের ঘরে নিয়ে যাবে এবং মালিকরা তাদের ন্যায্য পাওনা তাদের ঘর থেকে নিয়ে আসবে। এই আইন আমরা তৈরি করেছিলাম। এটা আপনাদের কৃতিত্ব নয়। আজকে কৃষির সাথে যুক্ত যে সেচ নেই সেচের সুযোগ আপনারা দিতে পারেননি। জয়নাল সাহেব শুরুতে সেই কথা বললেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কৃষির ক্ষেত্রে তাদের উৎপাদন বেড়েছে। দ্রুত গতিতে তারা এগিয়ে যাচ্ছে। সেখানে পশ্চিমবাংলা ব্যর্থ হয়েছে। সেচের ব্যাপারে সেদিন সেচ বাজেটে আলোচনা হয়েছে তবুও প্রসঙ্গক্রমে এই কথা বলব, সেচের জন্য যে অর্থের দরকার ছিল, সর্বভারতীয় গড় হিসাবে দেখা গেছে আমরা অন্যান্য রাজ্য থেকে কম। ক্ষুদ্র সেচের ক্ষেত্রে আপনারা সাম্রাজ্যবাদীদের ভুত দেখেছেন। বিশ্বব্যাঙ্কের টাকা নিয়ে ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলি ডীপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট বসিয়ে সেখানে ক্ষুদ্রসেচের মাধ্যমে জমিতে জলসেচ দেবার ব্যবস্থা করেছেন। প্রথমে আপনারা বলেছেন, না, সাম্রাজ্যবাদীদের কাছ থেকে টাকা নেওয়া হবে না, কিন্তু পরে আপনারা বিশ্বব্যাঙ্কের কাছে মাথা নত করেছেন। আপনারা বলেছেন, বিশ্বব্যাঙ্কের আরোপিত শর্ত ভারতবর্ষের সার্বভৌমত্ব কংগ্রেস সরকার বিকিয়ে দিয়েছে। অথচ আপনারাই ক্ষুদ্র সেচের ক্ষেত্রে বিশ্বব্যাঙ্কের আরোপিত শর্ত মেনে নিয়েছেন। তারা শর্ত দিয়েছিলেন ক্ষুদ্রসেচের জন্য যেসব যন্ত্রপাতি লাগবে সেগুলি সেন্ট্রাল টেন্ডার করে ক্রয় করার ব্যবস্থা করতে হবে। আপনারা সেটা মেনে নিয়েছেন। সেখানে অনেক দুর্নীতির ঘটনা আছে। সেচ-দপ্তরের বাজেটের দিন এই বিষয়ে আলোচনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি বিপণন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য রেখে চলে গেলেন। সাধারণত এটা রীতি নয়, তবে শুনছি খুব জরুরি কাজে অন্যত্র যাবেন বলে চলে গেছেন। রেগুলেটিং মার্কেট, যে রেগুলেটিং মার্কেটের কথা আজকে খুবই প্রয়োজন, মাননীয় প্রভঞ্জন মন্ডল মহাশয় বলেছেন, উনি দক্ষিণ ২৪ পরগনার সাগরের মানুষ, পাশে আমাদের মেদিনীপুর জেলা, আমাদের দক্ষিণাংশে যে তরমুজ হয় সেটা কি দামে বিক্রি হয়? সেই তরমুজ বিক্রি করে চাষীরা কি রকম পয়সা পায়। কাকদ্বীপে, মেদিনীপুরের কাঁথি মহকুমায় বাজারে, দক্ষিণ ২৪ পরগনার বিস্তীর্ণ এলাকা পাথর প্রতিমা, নামখানা, সাগরের বিস্তীর্ণ এলাকায় সেই তরমুজ কৃষকেরা নিয়ে আসে, কি দাম পায়? আজকে তাদের জন্য কি মার্কেট তৈরি করা হয়েছে? আজকে যে রেগুলেটিং মার্কেটের কথা বলে গেলেন আমি মেদিনীপুর জেলার মানুষ হিসাবে মহকুমা শহরকে কেন্দ্র করে একটা রেগুলেটিং মার্কেট তৈরি করার প্রস্তাব বহুদিন ধরে নিয়ে এসেছি কিন্তু দীর্ঘদিন ধরে তা বাস্তবায়িত হয়নি। এখানে মাননীয় তমলুকের এম. এল. এ. রয়েছেন, আজকে সেখানে বহুদিন ধরে সেখানে জায়গাটা সংগ্রহ করা হয়েছে। তার পরিমাণ ১৯ একর, কোনও পরিবর্তন ঘটেনি, এই অবস্থার মধ্যে রয়েছে। সর্বক্ষেত্রেই আজকে এই অবস্থা, অথচ মন্ত্রী মহাশয় দীর্ঘ ভাষণ দিয়ে তাঁর সাফল্যের কথা তুলে ধরে তিনি চলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি যতটা জানি তাতে মানুষের প্রয়োজন বেড়েছে, কৃষিকে কি ভাবে দো-ফসলী করা যায়, ইংরাজিতে একটা কথা আছে, নেসেসিটি necessity

is the mother of invention. প্রয়োজন আবিষ্কারের জন্ম দেয়। যেমন, বিভিন্ন জায়গায় সরকারের কতকগুলি নির্দিষ্ট ফার্ম আছে, সেই ফার্মগুলির অবস্থা কি? কাঁথি মহকুমায় কতকগুলি ফার্ম আছে, ২৫ একর জায়গা নিয়ে ফার্ম হয়েছিল, ৫ একরে বাড়ি পুকুর ইত্যাদি করা হয়েছে, অথচ বাকি জায়গাটা লোকে দখল করে নিচ্ছে। আপনি আশ্চর্য হয়ে যাবেন সরকারি টাকা কি ভাবে নষ্ট হচ্ছে। মেদিনীপুরের বিস্তীর্ণ অঞ্চলে কাজুবাদাম হয়, আমি মাননীয় কৃষিমন্ত্রীকে জিজ্ঞাসা করছি দিঘায় রাষ্ট্রীয় কাজু উদ্যান বলে ১০০ একর জায়গা নেওয়া হয়েছিল, তার সাইনবোর্ডটা এখন আছে। দিঘায় কাজুবাদাম কত কুইন্টাল উৎপাদন হয়েছে? সেখানে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। অধিকাংশ জায়গায় যা হয় সব দখল হয়ে যাচ্ছে। কৃষির এই ব্যবস্থার জন্য আমার কতকগুলি সুনির্দিষ্ট প্রস্তাব আছে। কৃষকদের পেনশনের কথা বলা হয়েছিল, ১৯৮১ সেই সময়ে ব্লকের ভিত্তিতে একটা প্রায়রিটি তালিকা তৈরি হয়েছিল এক একটা ব্লকে ৩০/৩৫ জনকে দেওয়া হয়। প্রায়রিটির তালিকাতে ৩০০/৪০০ জনের মতো ছিল, ইতিমধ্যে অনেকেই বেঁচে নেই, আমি সেই প্রায়রিটি তালিকা বাতিল করে নূতন করে প্রায়রিটির তালিকা তৈরির কথা বলব। শস্য বিমার কথাও কেউ কেউ বলেছন, আজকে এক একটা ব্লক ভিত্তিতে বিমা দেওয়ার ব্যবস্থা করুন। আজকে এ শস্য বিমা একটা এমন রূপ ধরেছে যে প্রত্যেক ব্লকে সমানভাবে সমস্ত চাষীকে নেওয়া হয়নি। সেটা দেখতে হবে, আর তার সাথে সাথে রাসায়নিক সার, মাটির অবস্থা কি, কোন মাটিতে কি সার দেওয়া হয় কোন কোন জায়গায় মাটি পরীক্ষা করা হবে সেটা দেখবেন।

[6-05 – 6-15 P.M.]

আমি মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, মৌজাভিত্তির মাটি পরীক্ষা করে ব্লকভিত্তিক একটা ম্যাপ তৈরি করা হোক এবং তাতে জানানো হোক কোন জায়গার মাটির অবস্থা কি রকম, কোথায় কি সার প্রয়োগ করতে হবে। এই ব্যবস্থা করা হোক। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, বিগত বছরগুলি আমার বুদ্ধিতে পর্যালোচনা করে দেখলাম উনি ব্যর্থ, তাই এই বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

[6-15 – 6-25 P.M.]

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার উপর আমি কয়েকটি কথা বলতে চাই। উনি কৃষির অগ্রগতির দাবি করেছেন। কৃষির উৎপাদন যে বেড়েছে তার কারণ মূলত বামফ্রন্ট সরকারের ভূমি-সংস্কার নীতি, ক্ষুদ্র সেচ-ব্যবস্থা, বৃহৎ সেচ-ব্যবস্থা এবং পঞ্চায়েতের কৃতিত্ব বলে তিনি দাবি করেছেন। এটা ঠিকই, ভূমি-সংস্কার এবং সেচের উন্নতির কারণে আমাদের পশ্চিমবঙ্গে কৃষি উৎপাদন বেড়েছে, কিন্তু উৎপাদনটা সম্পূর্ণভাবে ভূমি-সংস্কার এবং কৃষিনীতির কারণে বেড়েছে সেটা সম্পূর্ণ সত্য নয়। কারণ আজকে পারিপার্শ্বিক পরিবেশ, মানুষের চাহিদা এবং অর্থনৈতিক সঙ্কট চাষীদের বাধ্য করেছে নিজেদের উদ্যোগে সরকারি সাহায্য ছাড়া চাষের দিকে নজর দিয়ে উৎপাদন বৃদ্ধি

করার। আজকে বামফ্রন্ট সরকার মুখে যতই ভূমি সংস্কারের কথা বলুন না কেন, অ্যাকচুয়াল ল্যান্ড রিফর্মস বলতে যা বোঝায় সেই আমূল ভূমি-সংস্কার তাঁরা করতে পারেননি। কৃষিতে যান্ত্রিকরণ এবং বৈজ্ঞানিক প্রথার প্রয়োগ ঘটালে কৃষি উৎপাদন বাড়ে। কিন্তু পশ্চিমবঙ্গে সেই অ্যাকচুয়াল ল্যান্ড রিফর্ম পলিসি এবং বৈজ্ঞানিক প্রথায় চাষ—এটা পশ্চিমবঙ্গে বাস্তব ক্ষেত্রে ঠিকভাবে প্রয়োগ হয়নি, করেননি। আজকে কৃষি উৎপাদন বৃদ্ধির যে দাবি করছেন তার কৃতিত্ব সম্পূর্ণভাবে কৃষকের। তারাই তাদের নিজেদের উদ্যোগ আয়োজনে এই উৎপাদন বৃদ্ধি ঘটিয়েছেন। আমরা দেখছি, সেচ দপ্তর তাদের মত চলছেন, ক্ষুদ্র সেচ দপ্তর সেইভাবেই চলছেন। যেখানে আর. এল. আই. বা ডিপ টিউবওয়েল আছে, সেগুলোর সঙ্গে বিদ্যুতের কোনও সম্পর্ক নেই, কানেকশন নেই এবং তারজন্য অনেক জায়গায় চাষের জমিতে জল দেওয়া যাচ্ছে না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরগুলির মধ্যে সমন্বয়সাধন করবার ক্ষেত্রে আপনার দপ্তর ব্যর্থ। যদি আপনি এই সমন্বয় সাধনে উদ্যোগী হন তাহলে যে পরিকাঠামো আছে তার মধ্যেই উৎপাদন বাড়ানো সম্ভব আপনি বলেছেন, ধানের উৎপাদন বেড়েছে, কিন্তু তার পাশাপাশি ডালশস্য এবং সরষের উৎপাদন তো বাড়াতে পারেন নি! যদি ভূমি-সংস্কার নীতি এবং কৃষিনীতির কারণেই উৎপাদন বেড়ে থাকে, এই কৃতিত্ব আপনারা দাবি করে থাকেন, তাহলে ডালশস্য এবং সরষে আজকে আমাদের রাজ্যে বাইরে থেকে আমদানি করতে হচ্ছে কেন? কাজেই আমি বলব যে এদিকে নজর দেওয়া দরকার। কৃষির জন্য অন্যতম হচ্ছে মৃত্তিকা পরীক্ষা, সেই মৃত্তিকা পরীক্ষার ব্যবস্থা কাগজ-কলমে আছে। এটা বাস্তবিক ব্লক স্তরে কোনও পরীক্ষার ব্যবস্থা নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে কোন জমিতে কি ফলন হবে, কোন শষ্য সেখানে চায হতে পারে,, কি সার প্রয়োগ করতে হবে, এই সব ব্যাপারে মাটির চরিত্র গুণাগুণ বিচার করা দরকার এবং সেটা কৃষকদের জানাতে হবে। সে জন্য ব্লক স্তরে মাটি পরীক্ষা করা একান্ত দরকার। যদি কৃষিক্ষেত্রে সত্যিকারের উৎপাদন বাড়াতে চান, চাষীকে সাহায্য করতে চান তাহলে ব্লক স্তরে মাটি পরীক্ষা করা একান্ত দরকার। প্রত্যেক ব্লকে কৃষি আধিকারিক আছেন। আপনি কে. পি. এস নিয়োগ করেছেন। কিন্তু তাদের গ্রামে খুঁজে পাওয়া যায়না। আপনি বলেছেন যে আধুনিক যন্ত্রপাতি, সার প্রয়োগ, মৃত্তিকা পরীক্ষা ইত্যাদি কাজে সাহায্য করার জন্য কৃষি সহায়ক আছেন, কিন্তু সেই কৃষি সহায়কদের গ্রামে খুঁজে পাওয়া যায় না।। কাজেই কাগজে-কলমে এই রকম কৃষি সমন্বয়ক না রেখে বাস্তবে যাতে তাদের কাজে লাগানো যায় সে জন্য পঞ্চায়েতের সঙ্গে এদের যুক্ত করুন। এই সব কৃষি সহায়করা যাতে গ্রামে কাজ করেন সেই দিকে নজর দিন। আপনি বলছেন যে উপকরণ দিয়ে তাদের সাহায্য করছেন। অর্থাৎ শস্য মাড়াই, শস্য বপন ইত্যাদি করার জন্য কিছু কিছু যন্ত্রপাতি দিয়ে সাহায্য করছেন, কিন্তু সেটা খুবই কম। আজকের দিনেও সেই পুরানো আমলের গরু এবং লাঙ্গল দিয়ে চাষ করার ব্যবস্থা চালু রয়েছে। আজকে আমাদের গো-চারণ ভূমির অভাব আছে, এতে রক্ষণাবেক্ষণের খরচ বেশি পড়ে যায়। সেক্ষেত্রে আজকে গ্রামে চাষের উন্নয়নের জন্য পাওয়ার টিলারের ব্যবস্থা করেছেন। আধুনিক বিজ্ঞানের যুগে ট্রাক্টর এবং পাওয়ার টিলার চাষবাসের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।

কিন্তু আমরা দেখছি যে পাওয়ার টিলার চালাতে গিয়ে তার যন্ত্রপাতি অনেক সময়ে বিকল হয়ে যায়। সেগুলি তাদের মেরামত করার জন্য শহরের দিকে নিয়ে আসতে হয়। তাতে সময়ও বেশি লাগে এবং খরচও বেশি পড়ে। সেগুলি মেরামত করার জন্য ব্লক স্তরে কোনও ব্যবস্থা করা যায় কিনা সেটা আপনাকে দেখতে হবে। গ্রামে কোনও জায়গায় একটা দোকানে যদি পার্টসের অ্যারেঞ্জমেন্ট করা যায় সেখান থেকে তারা তাদের পাওয়ার টিলার মেরামত করতে পারে। কাজেই এগুলির দিকে আপনি নজর দেবেন। এখানে অনেকে কৃষি পেনশনের কথা বলেছেন। আপনি এখানে বলেছেন যে ৯০ শতাংশ জমি ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী এবং বর্গাদাররা চাষবাস করেন। আর ক্ষেত-মজুরের সংখ্যাটা যুক্ত হলে সংখ্যাটা হবে বিরাট। আপনার ভূমি-সংস্কার দপ্তরে ৩০ লক্ষ বর্গাদার আছে। এই যে সংখ্যাটা, এর সঙ্গে যদি ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী যোগ করা হয় তাহলে সংখ্যাটা অনেক বেড়ে যাবে। আপনি ২২ হাজার ৭৫০ জনকে কৃষি পেনশন দিচ্ছেন। আজকে প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, বর্গাদার এবং পাট্টাদর যারা আছে তার তুলনায় সংখ্যাটা খুবই নগণ্য। আপনি এই সংখ্যাটা বাড়াননি। বৃদ্ধ কৃষক যারা চাষবাস করত, বৃদ্ধ বয়সে যাদের দেখার কেউ থাকে না তাদের জন্য আপনি যে ব্যবস্থা করেছেন, তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু টাকার পরিমাণ যা ধরেছেন সেটা খুবই নগণ্য। এই টাকার পরিমাণটা বাড়ানো যায় কিনা সেদিকে আপনাকে নজর দিতে বলব এবং সঙ্গে সঙ্গে যারা পেনশন পাচ্ছে তাদের সংখ্যাটা যাতে বাড়ানো যায় সেদিকেও দৃষ্টি দেবার জন্য অনুরোধ করব। আর বলেছেন শস্য বিমার ব্যাপারে। আপনারা শস্য বিমার ব্যাপারে ঠিকভাবে নজর দিচ্ছে না। আপনারা বলবেন কেন্দ্রীয় সরকারের নিয়ম-নীতি। একটা গ্রাম-পঞ্চায়েত এলাকায় বিরাট এলাকা জুড়ে ক্ষতি হল, ঝড়ে হোক, খরায় হোক, অধিক বৃষ্টিতে হোক গ্রাম-পঞ্চায়েতের একটা বিরাট অঞ্চলে শস্যের ক্ষতি হল। কয়েকটি মৌজায় বেশি ভাগ অংশে যদি শস্যের ক্ষতি হয় তাহলে কৃষকরা শস্য বিমা পাবে না কেন? এতে কৃষকদের ক্ষতিগ্রস্ত হতে হয়, অসুবিধা হয়। এটা মৌজা ভিত্তিক হবে না কেন? মৌজা ভিত্তি ক্ষতির অংশ ধরে কৃষকদের শস্য বিমা চালু করা যায় কিনা সেই দিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বলেছেন কৃষকদের কৃষির উপর শিক্ষামূলক ব্যবস্থা আছে। কৃকষকদের শিক্ষামূলক ব্যবস্থা কোথায়? ব্লকে তো আমরা খুঁজে পাই না। কৃষকদের উন্নত মানের বীজ দিয়ে শিক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করা এবং সেই অনুসারে প্রয়োগ করা আমরা দেখতে পাই না। এই ব্যাপারগুলি দেখার দরকার আছে। নানাভাবে কৃষকরা যাতে সঠিক কৃষি সম্বন্ধে জ্ঞান অর্জন করতে পারে, উন্নত বীজ এবং সার ঠিকমতো ব্যবহার করতে পারে সেটা দেখতে হবে। কারণ জমির মান নেমে যাচ্ছে সার প্রয়োগের ফলে। কৃষকদের কৃষি সংক্রান্ত ব্যাপারে জ্ঞানের প্রসার ঘটাতে হবে বলে আমি মনে করি। জৈব সারের প্রচলন এখন আর গ্রামে হচ্ছে না। জৈব সার অনেক ক্ষেত্রে নষ্ট হয়ে যাচ্ছে, কৃষকরা ঠিক ঠিক ভাবে প্রয়োগ করতে পারছে না। গ্রাম সেবক এবং কৃষি আধিকারিকরা আছেন, তাঁরা ব্লকে বসে থাকেন। তাঁরা শুধু মিনিকিট দেন এবং প্রাকৃতিক বিপর্যয় হলে ফসলের কি ক্ষতি হয়েছে সেইগুলির তালিকা করেন। আপনার কৃষি বিভাগের তাঁদের কাজ হচ্ছে তথ্য জোগাড় করা। কৃষি বিভাগে যে কাজ-কর্ম হচ্ছে সেটা

তদারকি করবার কোনও ব্যবস্থা নেই। আমরা দেখতে পাচ্ছি ব্লক স্তরে যুক্ত থাকার ফলে ব্লকে বি. ডি. ও এটা দেখবেন। এখন আপনি ব্লক এবং কৃষি দপ্তর দুটি আলাদা হয়েছে। দুটি জায়গায় অবস্থান করছে। কে কি কাজ করে সেটা বোঝার উপায় থাকে না। সেই জন্য ব্লক স্তরে যে কৃষি দপ্তর আপনি করেছেন, ব্লক স্তরে যাঁরা আছেন যে কৃষি আধিকারিক বলুন. আর ভূমি সহায়ক বলুন তারা যাতে গ্রামে যায়, গ্রাম-সেবক যার সঙ্গে গ্রামের কৃষকদের প্রতিনিয়ত যোগাযোগ তাদের কাছে জানতে পারে সেই সম্পর্কে আপনি বিশেষ লক্ষ্য রাখবেন। সব শেষে বলতে চাই যে কো-অর্ডিনেশনের প্রচন্ড অভাব। প্রচন্ড অভাবের জন্য কৃষি প্রচন্ড মার খাচ্ছে। কৃষকরা সব তাদের নিজেদের উদ্যোগে করছে। এই ব্যাপারে আপনি উদ্যোগ নেবেন, গুরুত্ব দেবেন, নজর দেবেন। যে সমস্ত স্যালো আছে, লিফ্ট ইরিগেশন আছে সেইগুলি যাতে ঠিক ভাবে চালু থাকে সেটা দেখবেন। রেগুলেটিং মার্কেটের কথা বলি। ইতিপূর্বে আমি বলেছি সুন্দরবন এলাকায় সাগর এলাকায় লঙ্কা প্রচুর পরিমাণে হয়, সেখানে কৃষকরা সঠিক দাম পায় না, কৃষকরা ঋনগ্রস্থ হয়ে যাচ্ছে। বারুইপুরে প্রচুর পরিমাণে ফল তৈরি হয়, সেখানে যদি একটা রৈগুলেটিং মার্কেট করা যায় তাহলে চাষীরা উপকৃত হবে। সেখানে মার্কেট তৈরি করে ব্যক্তিগত মালিকানায় পরিচালিত হয়। সেখানে যারা কেনাবেচা করে। সেই ক্রেতা-বিক্রেতাদের কাছ থেকে জবরদস্তি প্রচুর টাকা আদায় করে। সেখানে যে ব্যক্তিগতভাবে বড় বড় বাজার চলছে সেইগুলি যাতে সরকারি বাজারে রূপান্তরিত করা যায় সেই দিকে নজর দেবার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

এই ব্যাপারে জনপ্রতিনিধিদের সাহায্য নেওয়া দরকার। কোনও কোনও জায়গায় বাজার প্রচুর আছে তারমধ্যে যেগুলো বড়বড়, গুরুত্বপূর্ণ এবং সেন্টার প্লেসে আছে, যোগাযোগ সংযোগকারি রাস্তা আছে, সেগুলো যাতে অধিগ্রহণ করে সরকারি পরিচালনাধীনে আনা যায়, কৃষকদের সুযোগ-সুবিধা দেওয়া যায়, কৃষকদের সাহায্য দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। বিভিন্ন জায়গায় গোডাউনের অভাব আছে। আমি এগুলোর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গম উৎপাদনের ব্যাপারে পশ্চিমবঙ্গের অগ্রগতি দেখা যাচ্ছে না অথচ গম উৎপাদনের ক্ষেত্রে যে মিনিকীট আপনি দেন তা ঠিক সময়ে ব্লকে বিতরণ হয় না। আলুর উৎপাদন পশ্চিমবঙ্গে বেড়ে গেছে, তার সঙ্গে স্টোরেজের, কোল্ড স্টোরেজের প্রয়োজন আছে। কারণ কোল্ড স্টোরেজের সমস্যা এখানে আছে। চাষীরা যদি তার উৎপাদনকে ঠিক সময়ে কোল্ড স্টোরেজে রাখতে না পারে তাহলে সেগুলো তাকে জলের দামে বিক্রি করতে হয়। সেদিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বাজেট আপনি এখানে রেখেছেন, এই প্রসঙ্গে আমি যে বিষয়গুলোর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম আশাকরি, আপনি সেদিকে দৃষ্টি দেবেন। এই বক্তব্য রেখে আমার বক্তব্য আমি শেষ করলাম।

[6-25 – 6-35 P.M.]

শ্রী যোগেশচন্দ্র বর্মণ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকের সভায় কৃষিদপ্তর এবং

সংশ্লিষ্ট কৃষি বিপনন দপ্তরের ১৯৯২-৯৩ সালের যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপিত হয়েছে, আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং সেই সাথে বিরোধীদলের যে সমস্ত কাট মোশন, সেগুলোর বিরোধিতা করছি এবং এই প্রসঙ্গে কিছু বক্তব্য রাখছি। আমার একটা ধারণা ছিল যে কৃষি বাজেট আলোচনার সময়ে অন্ততপক্ষে বিরোধীদলের সদস্যরা একটা গঠনমূলক সমালোচনা করবেন এবং দপ্তরের সার্থকতা ব্যর্থতা উভয় দিক সম্বন্ধে তাঁদের বক্তব্য এখানে উপস্থাপন করবেন। কিন্তু আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম, মাননীয় সদস্য, জয়নাল সাহেব কৃষি বিষয়ক বাজেটের সমালোচনার মধ্যে সি. পি. এম. সম্পর্কে বিষোদ্গার করে গেলেন। অনুরূপভাবে মান্নান সাহেব, সুকুমার দাস এবং শৈলজাবাবুর কণ্ঠে একই সুর শুনতে পেলাম।

ডাঃ জয়নাল সাহেব ঘুরে ফিরে পাঞ্জাবের হিসাব-নিকাশ এইসব আনার চেষ্টা করেছেন। কিন্তু আমি বিনীতভাবে প্রশ্ন রাখতে চাই যে, পাঞ্জাবের সেচ-ব্যবস্থা এত ভাল এবং সেখানে রয়েছে ভাগরা নাঙ্গাল প্রোজেক্ট, তার মধ্যে সর্বশ্রেষ্ঠ সেচ-ব্যবস্থা, সেই সুবাদে পাঞ্জাবের মাটিতে সবুজ বিপ্লব সংঘটিত হচ্ছে। আমাদেরও পশ্চিমবঙ্গে তিস্তা বহুদিনের প্রকল্প, এই নিয়ে বহু স্লোগান আমরা আপনারা সবাই মিলে দিয়েছি কিন্তু কিছু কি করতে পেরেছেন? এই তিস্তা যদি আজকে হতে পারত তাহলে আমাদের উত্তরবঙ্গে তো খাদ্যোশস্যের কোনও সমস্যাই থাকত না। এর কি জবাব আপনারা দেবেন? অন্ধ্রপ্রদেশে সেখানেও নাগার্জুন সাগর প্রকল্প একটি জাতীয় প্রকল্প আমাদের পশ্চিমবঙ্গে সেইরকম কোনও প্রকল্প করা হচ্ছে না কেন? আমরা তো ভুগোলে পড়েছি যে পাঞ্জাব, হরিয়ানায় গম উৎপাদন ব্যবস্থা খুব ভাল এবং প্রধান উৎপাদিত ফসল হচ্ছে সেখানে পশ্চিমবঙ্গ এবং ভারতের পূর্বাঞ্চলে ধান উৎপাদনে বেশি হয় এবং পশ্চিমবঙ্গ রেকর্ড ধান উৎপাদন হয়েছে। সেইদিক থেকে আমরা যদি ওদের কাছ থেকে আমদানি করি তাহলে সেটা কি দোষের হবে? এই সহজ স্বাভাবিক ব্যাপারটাই খুব বিকৃতভাবে এখানে মাননীয় সদস্যরা প্রচার করলেন। মাননীয় বিরোধীদলের সদস্যরা বলেছেন এই ক্ষুদ্র সেচ এবং ইলেক্ট্রিফিকেশনের মধ্যে দিয়ে সেচে এবং কৃষিতে কোনওরকম সম্প্রসারণ ঘটেনি। আপনি আপনাদের কাছে অনুরোধ করছি আপনারা একটু গ্রামেগঞ্জে যান, গ্রামেগঞ্জে থাকেন না, শহরে বাস করেন গ্রামের খবর কিছুই রাখেন না। আজকে গ্রামে ক্ষুদ্র সেচের মধ্যে দিয়ে এবং বিভিন্ন ধরনের স্যালো টিউবওয়েলের মধ্যে দিয়ে চাষের উন্নতি হয়েছে। এর সাথে বিদ্যুতের সাহায্যে আজকে পশ্চিমবঙ্গে গ্রামে-গঞ্জে অভ্যন্তরে প্রত্যন্ত জায়গায় সেচ-ব্যবস্থার দ্বারা সুষ্ঠুভাবে সাধন করা সম্ভব হয়েছে। আজকে আপনারা ইলেক্ট্রিফিকেশনের কথা বলেন—বলুন তো কেন্দ্রীয় সরকার যে বিদ্যুতের ক্ষেত্রে ভরতুকি না দিয়ে বিদ্যুৎ ছাঁটাই নীতি গ্রহণ করেছেন এর ফলে কৃষিতে বিদ্যুত ব্যবহার হবে কি করে? তারপরে রাসায়নিক সার, যা পশ্চিমবঙ্গের প্রত্যেকটি চাষের ক্ষেত্রে মাঝারি এবং প্রান্তিক চাষীকে শেষ করে দিয়েছে। এই রাসায়নিক সার আপনারা ভরতুকি না দেওয়ার ফলে মাঝারি এবং প্রান্তিক চাষীরা আজকে আর্তনাদ করছে। এই রাসায়নিক সার দ্বারা পশ্চিমবঙ্গে একে

ফসলা জমিতে দুই ফসলা করা যেত, তিন ফসলা করা যেত আজকে সেই সার তারা পাচ্ছে না। আমি কোনও পরিসংখ্যানের মধ্যে যাচ্ছি না, আমার অনুভূতির মধ্যে দিয়ে যা উপলব্ধি করেছি সেই হিসাবে বলছি যে, এই ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে এবং ভূমি-সংস্কারের মধ্যে দিয়ে দেশে চাষের প্রভূত উন্নতি হয়েছে। আপনারা এই ভূমি-সংস্কারকে নিয়ে যতই বৃদ্ধাংগুষ্ঠ দেখান না কেন, এই ভূমি-সংস্কারের মধ্যে দিয়েই কৃষির উন্নয়ন এবং ভূমি-সংস্কার হচ্ছে কৃষির অন্যতম হাতিয়ার এর মধ্যে দিয়েই প্রত্যেকটি ছোট চাষী, ক্ষেত-মজুর আজকে কাজ পেয়েছে। মাননীয় জয়নাল আবেদিন সাহেব কি ওই ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সালের কথা ভুলে গেলেন? তখন কি কোনও আপনাদের পরিকল্পনা ছিল গ্রামের মানুষদের উপকার করার জন্য? আমি আমার অভিজ্ঞতা দিয়ে দেখেছি যে, মানুষ আর কুকুরে অর্ধ সেদ্ধ ফ্যান ভাত নিয়ে কাড়াকাড়ি করত। তার মধ্যে কংগ্রেসিরা আবার ওই খাবার দেওয়া নিয়েও লুটোপুটি করতেন। আজকে সেখানে মানুষকে বেঁচে থাকার জন্যে তাদের আত্ম-মর্যাদা প্রতিষ্ঠা করার জন্য এবং মাথা উঁচু করে দাঁড়িয়ে চলার উপায় বা পথ আমরা খুঁজে দিয়েছি, সেই পথে তারা চলে মাথা উঁচু করে দাঁড়াতে শিখেছে। এবং সেটাকেই আপনারা বিরূপ সমালোচনা করে বামফ্রন্ট সরকারের বিষোদগার করছেন। এই বিধানসভা হচ্ছে সমস্ত খেটে খাওয়া মানুষের পবিত্র স্থান। সেইজন্য আমি আপনাদের কাছে অনুরোধ করব বামফ্রন্ট সরকারকে সদর্থক সমর্থন করুন, ব্যর্থতা তুলে ধরুন এবং আমাদের যে ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলো সম্মিলিতভাবে কাটিয়ে ওঠার চেষ্টা করব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার কৃষি উন্নয়ন সব চাইতে যেটা প্রতিবন্ধক সেটা হচ্ছে সেচ ব্যবস্থা। এখানে এই সেচ দপ্তরের সাথে বিদ্যুত দপ্তরের একটা সমন্বয়ের কথা এখানে উত্থাপিত হয়েছে। তাই আমি বলতে চাই এই সমন্বয় কমিটিটা আরও দৃঢ় এবং সাবলীল করা দরকার এবং পশ্চিমবাংলার কৃষি ব্যবস্থা এবং সাধারণ মানুষের কৃষি উন্নয়নের জন্য এবং সঠিকভাবে এই কাজ করার অনুরোধ রেখে এই বাজেটকে আরেকবার সমর্থন করে ও কাট-মোশনের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-35 – 6-45 P.M.]

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী নীহার বসু মহাশয় যে বাজেট এনেছেন তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে কিছু কথা বলতে চাই। তিনি তার বাজেট ভাষণে কৃষি গবেষণা, কৃষি শিক্ষা, কৃষি প্রশিক্ষণ এবং সম্প্রসারণ এইসব কথাগুলির উপর জোর দিয়েছেন এবং খরাপ্রবণ এলাকার উন্নয়নের কথাও তিনি বলেছেন। তাছাড়াও তিনি কৃষকদের কৃষি উপকরণ সরবরাহ, মৃত্তিকা পরিশোধক, শস্য বিমা এবং কৃষকদের পেনশনের কথা বলেছেন। আমরা জানি ভারতবর্ষে এককালে প্রবীণ ঋষি যারা ছিলেন তারা উপনিষদের মাধ্যমে যে মতামত পোষণ করেছেন সেই কথা ঠিক। তারা বলেছেন—'অন্নং চ বহু কুর্বিত' এবং তার সঙ্গে সঙ্গে পার্থিব বহু বিষয়েও দৃষ্টি দিয়েছিলেন

আমরা দেখি কংগ্রেস আমলে এইদিকে বিন্দুমাত্র দৃষ্টি দেওয়া হয়নি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে ৭০ ভাগ কৃষক পরিবার উপকৃত হয়েছে। রাজ্যের যে সমস্ত জেলা অবহেলিত সেখানে কৃষিতে বৈজ্ঞানিক উপায়ে বৈপ্লবিক পরিবর্তন সূচিত হয়েছে এবং আজকে এই সরকার দিকে দিকে সবুজ বিপ্লব ছড়িয়ে দিতে বদ্ধপরিকর। গ্রামাঞ্চলে ল্যান্ড রিফর্মস হওয়ার পর এবং বিদ্যুতায়িত হওয়ার পর কৃষির প্রতি মানুষের আগ্রহ আজকে বেড়েছে এবং পতিত জমি প্রায় পড়ে নেই বললেই চলে। আজকে বোরো চাষ দিনের পর দিন জনপ্রিয়তা পাচ্ছে এবং কৃষক সমাজের আর্থিক স্বাচ্ছন্দতা বৃদ্ধি পাচ্ছে। আজকে খুব আনন্দের কথা যে উত্তরবঙ্গের জেলাগুলিতেও আজকে এই চাষ শুরু হয়েছে। তমলুক মহকুমায় ধানের পর আমরা অর্থকরী ফসল হিসাবে পানকে দেখি। আজকে সেখানে পানের চাষ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সেখানে সাঁচী পান, বাংলা পান, মিঠা পান হচ্ছে এবং ১৩,১১,৭৪০ হেক্টর জমিতে এই পান চাষ হয়। এখানে পানের বোরোজের সংখ্যা প্রায় ৯৪ হাজার এবং তমলুকে পান চাষীর সংখ্যা প্রায় ৫০ হাজার। তাই পানের উপর একটা রিসার্চ সেন্টার ওখানে হওয়া আবশ্যক। তাছাড়া পানে যেসব রোগ বেশি হয়, সেইসব রোগ প্রতিকারের দরকার। তাছাড়া পান চাষীরা ওষুধপত্র ঠিক সময়ে পায়না, তাই ব্লক ভিত্তিক রিসার্চ সেন্টার যদি হয় তাহলে পান চাষীরা উপকৃত হবে।

তমলুকে রেগুলেটেড মার্কেট হওয়ার কথা এবং এখনও পর্যন্ত কার্যকর হয়নি। এটা করা দরকার। পান চাষীরা, তাঁরা যখন এক্সপোর্ট করে তাঁদের খুব অসুবিধা ভোগ করতে হয়। এই বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নাজমুল হক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি খুব সংক্ষেপে বক্তব্য রাখছি। স্যার, ভারতবর্ষে আর কটাই বা রাজ্য আছে—একসাথে ধারাবাহিকভাবে ভূমিসংস্কার বিকেন্দ্রীকরণ করেছে। বনসৃজন করেছে। মৎস চাষে সাফল্যলাভ করেছে। সাক্ষরতা অর্জনে সফল হয়েছে। ক্ষুদ্রশিল্পে শীর্ষস্থান লাভ করতে পেরেছে। এই রকম রাজ্য একটাই এবং সেটা হচ্ছে পশ্চিমবঙ্গ। সঙ্গত কারণেই আমি কৃষিমন্ত্রীর ৪৭।৪৮।৪৯।৫৫।৫৮-র ওঁনার দপ্তরের যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করছি। যে সমস্ত কাট মোশন ৪৭।৪৮ নিয়ে ইত্যাদি—আমি তার বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন, আশির দশকের পর থেকে যে সমস্ত নীতি জাতীয় স্তরে গৃহীত হয়েছে বিশেষ করে নতুন শিল্পনীতি, নতুন নতুন দুর্নীতি এই সমস্ত কিছুর ফলস্বরূপ সারা ভারতবর্ষের শিল্পক্ষেত্রে, কৃষিক্ষেত্রে একটা বিকৃত চেহারা উপস্থাপিত করেছে এবং তার ভয়াবহ পরিণাম পশ্চিমবঙ্গ রাজ্যকে প্রভাবিত করেছে। তার প্রেক্ষাপটে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ অনেক ভালো স্থানে আছে। জি. আর যেখানে ধানের ১৬.০২ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে, জি. আর. ৬৪.২৮ খাদ্যশস্য সর্বভারতীয় ক্ষেত্রে, ১৩.৪২ পশ্চিমবঙ্গ, ২৯.৮৯ তৈলবীজ সর্বভারতীয় ক্ষেত্রে। এটা বৃদ্ধি হয়েছে। এটা পশ্চিমবঙ্গ সরকারের সাফল্য প্রমাণ করে। ভারতবর্ষ একটা বড় দেশ, ভারতের জাতীয় আয়ের শতকরা ৫০ ভাগ কৃষিক্ষেত্র থেকে আসে। কিন্তু এমনই দুর্ভাগ্য কেন্দ্রীয় নীতির ফলে আজকে সবই ওলট পালট হয়ে যাচ্ছে।

এই দেশের কোনও শিল্পনীতি নেই। ৮৫ কোটি মানুষের দেশ, তার কোনও শিল্পনীতি নেই। স্বাধীনতার অব্যবহিত পরেই ৫২ সালে নির্বাচন হয়েছিল। ক্রমশ এই দেশের লোকের ক্রয়-ক্ষমতা কমে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের নীতির জন্য বড় শিল্প তো ছেড়ে দিলাম, ক্ষুদ্রশিল্প গড়ে উঠতে অন্তরায় সৃষ্টি করছে। ফিরিয়ে দিয়েছিল তাদের মালিকানা, উৎসাহিত করেছিল, তাদের নিয়ে, তাদের ক্রয়ক্ষমতা নিয়ে, অভ্যন্তরীণ বাজার আলোকিত করেছিল। বিশ্বের বৃহৎ পুঁজি আকৃষ্ট হয়েছিল। চীনে তাই শিল্প বন্ধ হয়ে যায়নি, তাদের খাদ্য ভিক্ষা করতে যেতে হয়নি। অর্থনীতিতে আঙ্কেল, ডাঙ্কেল সাহেবের প্রস্তাব আসেনি, কিংবা কার্লাহিলেন হাইহিলের কাছে গিয়ে তার সামনে গলবস্ত্র দিয়ে নতজানু হয়ে আত্মসমর্পণ করতে হয়নি। ভারতবর্ষের মতো অখন্ড সার্বভৌমত্বকে বিকিয়ে দিতে হয়নি। স্বাভাবিক কারণে এই রাজ্যে ৩০ বছর আপনারা ছিলেন। এই রাজ্যে প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, মধ্যবিত্ত কৃষক তাদের জন্য কৃষিতে বিদায় নীতি চালু রেখেছিলেন। জোতদারদের কাছে, সামন্তদের কাছে বর্গাদারদের বিদায় দিয়েছিলেন। পাট্টাদারদের সারেন্ডার করিয়েছিলেন। স্বাভাবিক কারণে ১৯৫৯ সালে গুলি চালাতে হয়েছিল ভুখা কৃষকদের বিরুদ্ধে। শুধু এখানেই শেষ নয়, মাইলো আর কাঁচকলা চাষের মাহাত্ম কথা কৃষকদের শোনাতে হয়েছিল ঘটা করে আপনাদের। তারপর অন্ধকারের যুগ গিয়েছে ১৯৭২-৭৭। কৃষকরা আবার জেগেছে। শ্রেণী চেতনায় উদ্বুদ্ধ হয়েছে, উদ্যোগ সৃষ্টি হয়েছে। তাই আপনাদের সময়ে, আপনাদের সোনালী দিনের বিদায় বেলায় ১৯৭৬-৭৭ সালে আপনাদের যেখানে খাদ্যশস্য উৎপন্ন হয়েছিল মাত্র ৭৬ লক্ষ মেট্রিক টন বাংলায় সেখানে এখন ১২০ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন হচ্ছে। আপনাদের শেষ সময়ে ১২ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদন করেছিলেন এখন উৎপাদন হচ্ছে ৪৫ লক্ষ মেট্রিক টনের বেশি। ৮০ হাজার তৈলবীজ উৎপাদন করেছিলেন। তৈলবীজ নিয়ে গলা শুকনো করেছিলেন আপনি, জয়নাল সাহেব। সেদিন পশ্চিমবাংলার জনসংখ্যা ছিল ৪ কোটি। প্রয়োজন ছিল সেদিন ৮ লক্ষ মেট্রিক টনের, আর আপনারা উৎপাদন করেছিলেন ৮০ হাজার মেট্রিক টন, আপনারা চাহিদার এক-দশমাংশ উৎপাদন করেছিলেন। আজকে হচ্ছে ৪ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন অর্থাৎ ৫ লক্ষ মেট্রিক টনের মতো। স্বাভাবিক কারণে সমালোচনা করছেন, কারণ সমালোচনার জন্য সমালোচনা করেছেন অধিকাংশ ক্ষেত্রে আবেদিন সাহেব। আপনি আপনার বক্তব্যে প্রডাকটিভিটির কথা বলছিলেন। এটা কি উৎপাদনশীলতার ব্যর্থতার নমুনা হয়? পশ্চিমবঙ্গের জনসংখ্যা ৪ কোটি থেকে ৭ কোটিতে এসেছে। পশ্চিমবঙ্গে কৃষিজমির পরিমাণ কমে গিয়েছে। বনসৃজন হয়েছে, রাস্তাঘাট হয়েছে, বিল্ডিং হয়েছে, অন্যভাবে জমি নষ্ট হয়েছে। যদি উৎপাদনশীলতা না বাড়ে তাহলে পশ্চিমবাংলার ৭ কোটি মানুষ আজকে কেন মাইলো খাচ্ছে না। আজকে কেন তারা কোনও ভুখাঁ মানুষের মিছিল কলকাতায় নিয়ে আসছেনা আজকে কেন গুলি চালাতে হচ্ছে না? কৃষকদের উপরে আপনারা কি করেছিলেন? আপনি আর একটা কথা বলেছিলেন অয়েল সিডের ব্যাপারে। দুর্ভাগ্য আপনাদের, আপনারা যখন ছিলেন, শতকরা ২৪ ভাগ জমি পশ্চিমবঙ্গে জল পেতো। আর আজকে শতকরা ৫২ ভাগ জমিতে পশ্চিমবঙ্গের কৃষকরা সেচ পান। স্বাভাবিক কারণে লাভজনক ফসলের দিকে কৃষকদের মন।

কৃষকরা ধান উৎপাদন করছেন উচ্চ ফলনশীল। উৎপাদন করছেন অধিক লাভজনক আলু। স্বাভাবিক কারণে গম এবং তৈলবীজ চাষ কমেছে। যদিও অপেক্ষাকৃতভাবে আপনাদের সময়ের চেয়ে অনেক বেশি উৎপাদন হচ্ছে। পশ্চিমবঙ্গে আপনি বেসিক স্ল্যাগ এবং সয়েল টেস্টের কথা বলছিলেন। আপনি কি জানেন না পশ্চিমবঙ্গে ১৭ জেলার প্রত্যেকটি জেলার ৪টি ব্লকে সয়েল টেস্টের নিবিড় ব্যবস্থা আছে এবং বেসিক স্ল্যাগ নিয়মমাফিক বিতরণ করা হয়ে থাকে। আপনি যে জায়গায় থাকেন সেখানে বেশি হয় না, স্বাভাবিক কারণে হয়ত সবটা করে উঠতে পারছেন না। সেইজন্য দুঃখ রইলো। মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ করব, ওপাশটায় যেন একটু বেশি করে হয়। আর ইন কমপ্যারিসন টু পাঞ্জাব একটা কথা আপনি বলছিলেন। আপনি নিশ্চয় ভুলে যাননি যে সেন্ট্রাল অ্যাসিস্টেন্ট হরিয়ানা এবং পাঞ্জাবে কিভাবে দেওয়া হয়েছিল সবুজ বিপ্লব ঘটাতে। এর ফলে সারা ভারতবর্ষেই ঘটে অসম বিকাশ। দুটো রাজ্যকে কেন্দ্র করে মারাত্মক দুঃসহ অবস্থা আজ তাই ভোগ করছেন। নূতন করে আর পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় অর্থ প্রতিষ্ঠান থেকে টাকা লগ্নি হয়নি। টাকা লগ্নির ক্ষেত্রে বঞ্চিত হই আমরা। আজও পেপারে বেরিয়েছে যে মহারাষ্ট্র, তামিলনাড়ু, গুজরাটে বরাদ্দ হচ্ছে একভাবে ১৯৮৮ থেকে ১৯৯১, আর পশ্চিমবঙ্গে বিনিয়োগ হচ্ছে অন্যভাবে। তাই স্বাভাবিক কারণে কৃষিমন্ত্রী ৪৭, ৪৮, ৪৯, ৫৫, ৫৮ দাবি খাতে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন আমি তা সমর্থন করছি এবং যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-45 – 6-55 P.M.]

শ্রী নীহারকুমার বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশে ২.৬ শতাংশ ভৌগোলিক অংশ ৮ শতাংশ মানুষের খাদ্যের যোগান দেওয়া খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হওয়া একটা দুরূহ কাজ। সেইটা আমাদের সামনে একটা চ্যালেঞ্জ এবং এই চ্যালেঞ্জকে সামনে রেখে দৃঢ় পদক্ষেপে কৃষি কর্মসূচিকে এগিয়ে নিয়ে চলেছি। বিরোধী সদস্যদের মূল বক্তা মাননীয় ডাঃ জয়নাল আবেদিন সাহেব তিনি মূলত তাঁর বক্তব্যকে কেন্দ্রীভূত করেছেন উৎপাদনশীলতার মধ্যে, প্রোডাকটিভিটিতে। তিনি হিসাব দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন যে আমাদের রাজ্যে কৃষিতে উৎপাদনশীলতা বাড়ে নি।

এ হিসাব তিনি কোথা থেকে দিলেন আমি জানি না। তবে আমার কাছে যে হিসাব আছে এবং যে মূল্যায়ন আমরা করি—ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিক্স, তারা মূল্যায়ন করে যে হিসাব দেন সেই হিসাব থেকেই আমি হিসাবটা রাখছি। এতে প্রমাণিত হবে যে উৎপাদনশীলতা আমাদের রাজ্যে, আমাদের কৃষি কর্মসূচির মধ্যে দিয়ে অনেক বেড়েছে। আমি বেশি পেছনে যাচ্ছি না, কাছাকাছি রেখেই বলছি। ১৯৮৯-৯০ সালে আমাদের ধানের প্রোডাকশন হচ্ছে ১০৯.২৩ লক্ষ টন। প্রোডাকটিভিটি ১ হাজার ৯৪৩ কে. জি. পার হেক্টর। সেখানে জাতীয় স্তরে অবস্থাটা কি? ৭৪০.৫৩ লক্ষ টন আর প্রোডাকটিভিটি হচ্ছে ১৭৫৬ কে. জি. পার হেক্টর। এবারে আমি আসি সামগ্রিকভাবে খাদ্য উৎপাদনের ব্যাপারে। আমাদের এখানে

১১৮.১৯ লক্ষ টন, প্রোডাকটিভিটি ১৮৬৩ কে. জি. পার হেক্টর। জাতীয় স্তরে ১ হাজার ৭০৬.২৬ লক্ষ টন, প্রোডাকটিভিটি ১ হাজার ৩৪৯ কে. জি. পার হেক্টর। আমাদের হচ্ছে ১৮৬৩ কে. জি.। তাহলে এই হিসাবের মধ্যে দিয়ে এটাই প্রমাণিত হচ্ছে যে উৎপাদনশীলতা আমাদের রাজ্যে পূর্বের তুলনায় অনেক বেড়েছে। উনি আরও কিছু কিছু প্রশ্ন রেখেছেন যেগুলির উত্তর দেওয়া দরকার। উনি তৈলবীজের কথা বলেছেন। তৈলবীজের যে উৎপাদন সেটার যদি ১৯৭৭-৭৮ সাল থেকে হিসাব দেখি তাহলে দেখব অনেক বৃদ্ধি পেয়েছে। আমি হিসাবটা আপনাদের সামনে রাখছি। ১৯৪৭-৪৮ সালে আমাদের তৈলবীজের উৎপাদন ছিল ৪৫ হাজার ৬শো টন। ১৯৭৬-৭৭ সালে হল ৫৯ হাজার ৬০ টন, ১৯৮০-৮১ সালে ১ লক্ষ ৫০ হাজার ৪০২ টন, ১৯৯০-৯১ সালে ৪ লক্ষ ৫৫ হাজার ৯০ টন। এর পরেও যদি মাননীয় সদস্য বলেন যে উৎপাদনশীলতা আমাদের রাজ্যে বাড়েনি তাহলে বলার কিছু নেই। এই হিসাব থেকেই প্রমাণিত হচ্ছে যে উৎপাদনশীলতা আমাদের রাজ্যে যথেষ্ট বেড়েছে। এই উৎপাদনশীলতার প্রশ্নে বলতে গিয়ে উনি হরিয়ানা, পাঞ্জাবের নজির টানলেন। উনি পন্ডিত লোক, পুরাতন সদস্য, এটা নিশ্চয় ওর জানা আছে যে চাষবাসে, কৃষিতে এখন পশ্চিমবঙ্গের সাথে অন্য কোনও রাজ্যের তুলনা চলে না। উনি পাঞ্জাবের কথা বললেন, হরিয়ানার কথা বললেন, আমি পশ্চিমবঙ্গের কথা বলি। পশ্চিমবঙ্গে, আমাদের এখানে চাষবাস যা হয়, তাতে যারা অংশ গ্রহণ করেন তার মধ্যে ৮০ ভাগ হচ্ছে গরিব, প্রান্তিক কৃষক। ভূমি সংস্কারের কাজ হয়েছে বলে ভূমিহীনদের হাতে জমি তুলে দেওয়া হয়েছে। ভূমিহীন এবং প্রান্তিক কৃষক এদের সঙ্গে যদি রেকর্ডেড বর্গাদারদের সংখ্যা ধরি, তাহলে তার সংখ্যা দাঁড়াবে ৯০ ভাগ। তাহলে একটা রাজ্যে ৯০ ভাগ গরিবরা চাষ করবে। হরিয়ানা, পাঞ্জাবে গোটা চাষবাস বিত্তশালী চাষীদের হাতে রয়েছে, তাদের আধুনিক প্রযুক্তি প্রয়োগ করার ক্ষমতা আছে। সেই সব প্রয়োগ করার আর্থিক ক্ষমতাও তাদের আছে এবং আজকে হরিয়ানা, পাঞ্জাব, তাদের উৎপাদন বৃদ্ধি পেয়েছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু সেই উৎপাদন কতিপয় বিত্তশালীদের কাছে কুক্ষিগত হয়ে রয়েছে। উৎপাদিত ফসলের বাজার তারাই নিয়ন্ত্রণ করছে এবং এই অবস্থার মধ্যে, এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে তাদের কৃষি ক্ষেত্রে ধনবাদী ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে। পশ্চিমবঙ্গ হচ্ছে স্বতন্ত্র ব্যাপার, এখানে সরকারকে প্রযুক্তি জোগান দিতে হয় গরিব কৃষককে। এই সমস্ত কাজে পঞ্চায়েতকে যুক্ত থাকতে হয়। ভূমি-সংস্কার, পঞ্চায়েত ব্যবস্থা, সরকারের কৃষি নীতি এবং সমন্বয়ে পশ্চিমবঙ্গের চাষবাস হয়। নিশ্চিত ভাবে এই পদ্ধতি পশ্চিমবঙ্গের অগ্রগতি এনেছে। পশ্চিমবঙ্গের অগ্রগতি হয়েছে, এর বিরুদ্ধে হাজার ভুল তথ্য পরিবেশন করেও এই আসল সত্যকে গোপন করা যাবে না। ডাঃ আবেদিন ব্যক্তিগত ব্যাপারে কিছু প্রশ্ন তুলেছেন এবং উনি কিছু গঠনমূলক আলোচনাও করেছেন, যেটা আমি ওঁর কাছ থেকে আশা করতে পারি। উনি মাটি পরীক্ষার কথা বলেছেন। আমি ওঁর সঙ্গে একমত। যে পরিমাণ মাটি পরীক্ষা হওয়া উচিত তা আমরা করতে পারছি না। আরও মাটি পরীক্ষার ব্যবস্থা বাড়ানো উচিত। যদিও সংখ্যায় কম তবুও আমরা ২৬ হাজার ৬০০ মৃত্তিকা পরীক্ষা করেছি। আমরা ৭ হাজার ৫০০ মেট্রিক টন সিড অ্যানামলি সিস করেছি। ফার্টিলাইজার

স্যাম্পেল ১ হাজার ১০০ স্যাম্পেল আমরা পরীক্ষা করেছি এবং পেসটিসাইড ৩ হাজার স্যাম্পেল আমরা পরীক্ষা করেছি এইগুলো ঠিক কি না জানবার জন্য। এর মধ্যে ভেজাল আছে কি না জানবার জন্য। উনি তৈল বীজের কথা বললেন। প্রযুক্তিতে বীজের ভূমিকা অসীম, আধুনিক অধিক ফলনশীল যে বীজ ব্যবহার করছি, যার মধ্যে দিয়ে আজকে চাষবাসের ব্যাপ্তি হচ্ছে, কিন্তু বীজের ব্যাপারটা খুব আলোচনায় আসেনি। তারপর মাননীয় সদস্য ডাঃ আবেদিন এমন একটা বিষয়ের এখানে অবতারণা করলেন যে বিষয়ে ওঁরই সেদিন এখানে একটা প্রশ্ন ছিল, কিন্তু ওঁদের জন্যই আমি সেদিন উত্তর দিতে পারিনি। ওঁরা অন্য প্রশ্ন নিয়ে এত সময় কাটিয়ে দিলেন যে, সময় শেষ হয়ে যাওয়ার জন্য প্রশ্নটি এখানে তোলার সময় হয়নি। এবং আমিও উত্তর দিতে পারি না। বিষয়টা হচ্ছে সারে ভরতুকি বাবদ কেন্দ্রীয় সরকার যে ৯ কোটি টাকা আমাদের দিয়েছে, সেটা আমরা পেয়েছি কিনা এবং পেয়ে থাকলে সেটা আমরা কৃষকদের মধ্যে বিলি করছি কিনা? এই ভর্তুকি দেবার বিষয়ে কেন্দ্রীয় সরকার একটা নির্দিষ্ট নিয়ম ঠিক করে দিয়েছেন। সেখানে বলা হয়েছে, ২ হেক্টরের কম জমির মালিক যে সমস্ত ছোট চাষী রাজ্যে আছে তাদের এই টাকাটা সারের ভর্তুকি হিসাবে দিতে হবে। আমরা সেই টাকা কেন্দ্রীয় সরকারের নিয়ম মেনে প্রতিটি জেলায় বন্টন করেছি। গত ১০ই মার্চ সেই টাকা আমরা প্রতিটি জেলায় পৌঁছে দিয়েছি। আমি বিধানসভায় দাঁড়িয়ে ক্যাটাগোরিক্যালি বলছি, এটা বন্টন করতে আমাদের কিছুটা দেরি হয়েছে, কারণ বন্টন প্রক্রিয়ার মধ্যে বেশ কিছুটা জটিলতা ছিল। হিসাব নিকাশ করে বন্টন প্রক্রিয়া নির্দিষ্ট করতে আমাদের বেশ খানিকটা সময় লেগে যায় ২ হেক্টর পর্যন্ত জমি আছে এ রকম গরিব কৃষকের সংখ্যা আমাদের রাজ্যে প্রায় ৮৩ লক্ষ। ছোট চাষী, প্রান্তিক চাষী, বর্গাদার, সমস্ত মিলিয়ে ২ হেক্টর পর্যন্ত জমি চাষ করে এমন কৃষকের সংখ্যা ৮৩ লক্ষ, তাদের মধ্যে এই অনুদানের টাকা সম-পরিমাণে ভাগ করে দিতে গিয়ে আমরা দেখলাম যে, তারা মাথা-পিছু ৩৫ টাকা করে টাকা করে অনুদান পাবে। পঞ্চায়েত সমিতি থেকে ব্লক স্তরে কৃষকদের তালিকা তৈরি করতে হয়। সে তালিকা অনুযায়ী ব্লক স্তরের কৃষি আধিকারিকের ওপর অনুদান মঞ্জুর করার দায়িত্ব দেওয়া হয়। ২ হেক্টর পর্যন্ত জমি চাষ করেন এমন তালিকা ভুক্ত কৃষকরা তাঁদের নিজেদের ব্লকের সারের ডিলারের কাছ থেকে যখন সার কিনবেন তখন তিনি যত টাকার সার কিনবেন তত টাকা থেকে ৩৫ টাকা কম দিয়ে সার কিনে নিয়ে যাবে। এ ৩৫ টাকা ডিলারের বা দোকানের মালিক—সরকারি অনুদান হিসাবে—মহকুমা কৃষি আধিকারিকের কাছ থেকে সংগ্রহ করবেন। সারের অনুদানের গভর্নমেন্ট অর্ডারে এই নির্দেশ আছে। এইভাবে সেই টাকা মহকুমায় মহকুমায় পৌঁছে দেওয়া হয়েছে এবং বন্টন করা হয়েছে। মাননীয় সদস্য হয়ত ভেবে ছিলেন এ টাকা অন্য খাতে খরচ হয়ে গেছে, সরকারের অর্থিক সঙ্কট চলছে, অন্য খাতে খরচ করে ফেলেছে। হ্যাঁ, আমাদের আর্থিক সঙ্কট আছে, ঠিকই। কিন্তু কেন্দ্রীয় সরকারের দেয় কোনও বিশেষ খাতের টাকা এই সরকার কখনই অন্য খাতে খরচ করে না। এই টাকা দিতে দেরি হয়েছে প্রক্রিয়া-গত জটিলতার জন্য। জটিল প্রক্রিয়ার জন্য স্বাভাবিকভাবে কিছুটা

সময় নিতে বাধ্য হয়েছি।

[7-05 – 7-12 P.M.]

এবারে আমি বীজের কথা বলি। বীজের ব্যাপারে আমাদের রাজ্য দীর্ঘদিন পর্যন্ত বাইরের রাজ্যগুলির ওপর নির্ভরশীল ছিল। এখনও কিছু কিছু ক্ষেত্রে আমরা বাইরের রাজ্যের ওপর নির্ভরশীল। কিন্তু আমি আপনাদের সামনে গর্বের সঙ্গে বলছি আমাদের মূল ফসল যে ধান, সেই ধানের বীজ-এর ব্যাপারে এখন আর আমাদের কোনও বাইরের রাজ্যের কাছে যেতে হয় না। আমাদের যে 'বীজ নিগম' আছে, সেই 'বীজ নিগম'-এর মধ্যে দিয়ে আমরা বীজ সংগ্রহ করি এবং তা কৃষকদের বন্টন করি। এখন আর আমাদের কোনও ধানের বীজ বাইরে থেকে সংগ্রহ করতে হয় না। সমস্তটাই আমরা রাজ্যের মধ্যে থেকে সংগ্রহ করতে পারছি। আরও আনন্দের কথা এই যে, আমাদের 'বীজ নিগম'-এর কাছ থেকে 'ন্যাশনাল সীড কর্পোরেশন'ও বীজ সংগ্রহ করছে। এমন কি আসাম, উড়িষ্যা, বিহারও আমাদের 'বীজ নিগম' থেকে বীজ নিচ্ছেন। সুতরাং ধানের বীজের ক্ষেত্রে আমাদের সরকার একটা আমূল পরিবর্তন আনতে সক্ষম হয়েছে। কৃষি ক্ষেত্রে বীজ সংগ্রহ নিয়ে দীর্ঘ দিন ধরে আমরা অসুবিধা ভোগ করছিলাম। আমাদের জন্য রাজ্য থেকে বীজ সংগ্রহ করতে হ'ত। আজকে সে অসুবিধা আমরা দূর করতে সক্ষম হয়েছি। আমাদের 'বীজ নিগমে'র মাধ্যমে নিজেরাই বীজ তৈরি করতে সক্ষম হয়েছি। শুধু তাই নয়, আমাদের বীজ নিগম ১৯৯০-৯১ সালে প্রায় ১ কোটি টাকা লাভ করেছে, ৯৩ লক্ষ ৯০ হাজার টাকা লাভ করেছে আর ১৯৯১-৯২ সালে লাভ হয়েছে ৯৮ লক্ষ ৯০ হাজার টাকা এবং এ বছরের যে টার্গেট, এখন আমাদের যা অবস্থা তাতে ১ কোটি টাকা ছাড়িয়ে যাবে। এই কর্পোরেশনে পশ্চিমবঙ্গ সরকারের শেয়ার আছে। বীজ নিগমে পশ্চিমবঙ্গ সরকারের শেয়ার আছে এবং কর্পোরেশন আমাদের ডিভিডেন্ড দিচ্ছে। আমাদের ডিভিডেন্ড পাওনা ২৫ লক্ষ টাকা। এই চেক আমি নিজে মাননীয় মুখ্যমন্ত্রীর হাতে তুলে দিয়েছি। কৃষিতে বীজ নিজেরা তৈরি করে নিচ্ছে এবং লাভের টাকা সরকারকে ডিভিডেন্ড দিচ্ছে—এই রকম কোনও রাজ্যে আছে কিনা জানি না। আমি ডাঃ আবেদিন সাহেবের উপর ভরসা করতে পারি। আমি কোনও সমস্যায় ওনার সঙ্গে আলোচনা করি, কারণ আলোচনা করার মতোন পান্ডিত্য ওনার আছে। কিন্তু একটি বাজে কথা বলে গেলেন। উনি অভিযোগ করলেন কৃষি সহয়করা ওনার সঙ্গে করেন না। কার সঙ্গে দেখা করতে যাবে? আমি তো বলে দিয়েছি, কোনও কৃষি সহায়ক বিত্তশালী কৃষকের কাছে যাবে না। ওঁদের সময়ে গ্রাম সেবকদের দেখেছি তাঁরা গ্রামে থাকত না, শহরে থাকতেন, শহর সেবক ছিলেন। সপ্তাহে ১। ২ দিন গ্রামে যেতেন। অবস্থাপন্ন কৃষক যাদেরকে আমরা বলি জোরদার তাঁদের বাড়ি গিয়ে খাওয়া-দাওয়া করতেন এবং কিছু থাকলে ঝোলায় করে নিয়ে আসতেন। কৃষি সহায়কের কিছু অসুবিধা আছে। কোর্টে কিছু মামলা-মোকর্দ্দমার ফয়সালা করা যায় তারজন্য চেষ্টা করা হচ্ছে। ফয়সালা হয়ে গেলে আরও কিছু সহায়ক দিতে পারব। গ্রামে উন্নত প্রথায় চাষবাস করার

জন্য ডেমোনস্ট্রেশনের যে পরিকল্পনাগুলি রয়েছে তাকে কিভাবে জোরদার করা যায় সেইদিকে সচেষ্ট আছি। পাটের কথা উঠেছে। ঠিকই তো, ন্যায্য দাম কৃষকরা পায় না, পুরো নির্ভর করে কেন্দ্রীয় সরকারের উপর। পাটের দাম নির্ধারণ করে দেন ঐ জে. সি. আই অভাবি বিক্রি যাতে না হয়। পাট তারা খরিদ করেনি। আরও গভীর সঙ্কট আমাদের সামনে আসছে। খবর আছে, জে. সি. আইকে ওরা তুলে দেবেন। এই যদি হয় তাহলে আমাদের সামনে নিদারুণ বিপদ ঘনিয়ে আসছে কৃষি ক্ষেত্রে। কারণ পাট চাষ আমরা বন্ধ করতে পারি না, এটা একটা অর্থকরী ফসল। পাটের সাথে আড়াই লক্ষ শ্রমিক পরিবার জড়িত আছে এবং পাট থেকে ৫০০ কোটি টাকা বিদেশি মুদ্রা আমদানি হয়। পশ্চিমবঙ্গে পাট চাষ রাতারাতি বন্ধ করা সম্ভব নয় এবং বিকল্প চাষে যাওয়াও সম্ভব নয়, কারণ পাট হচ্ছে অর্থকরী ফসল। জে. সি. আই যদি উঠে যায়—কেন্দ্রীয় সরকার যে রাস্তায় নেমেছে—পাট তারা খরিদ করেনি—তাহলে পাটের দাম থাকবে কি করে? এমনও দিন আসবে যখন আমাদের নতুনভাবে চিন্তাভাবনা করতে হবে। আমি মাননীয় সদস্যদের এই ভরসা দিচ্ছি, এই সঙ্কট সরকার মোকাবিলা করবে, যথেষ্ট সাহসের সঙ্গে মোকাবিলা করবে। মহারাষ্ট্রে তুলো কর্পোরেশন আছে। যদি প্রয়োজন হয় আমরা নিজেরা জুট কর্পোরেশন করে নেব। পাট হচ্ছে বাংলার পুরাতন ফসল, অর্থকরী ফসল। তাকে আমরা ধ্বংস হতে দেব না এই আশা এবং ভরসা দিতে যেতে পারি। এই ভরসা আমি আপনাদের দিতে পারি। খাদ্যোৎপাদন আমাদের বেড়েছে, কিন্তু হর্টিকালচারের কাজকর্মে আমরা এখন অনেক পিছিয়ে আছি, বিশেষ করে ফল উৎপাদনে। তরীতরকারিদের চাষ অনেক বেড়েছে, আমাদের রাজ্যের জিনিস বাইরে যাচ্ছে। দিল্লি যাবেন, বলবে হলদিয়া বাজারের টমেটো চাই, সবজী মান্ডিতে শুনবেন। তবে ফলের চাষে যে পিছিয়ে আছি সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাদের সামনে যে ল্যাটারেট জোন অর্থাৎ পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, বীরভূমের যে অসম জমি কাঁকুরে মাটি জলের অভাব শুষ্ক জমি সেখানে ফলের চাষ করা যায় কিনা এ সম্পর্কে আমাদের একটা ভাবনা চিন্তা আছে। আমরা একটা পরিকল্পনা গ্রহণ করেছি। আধুনিক প্রযুক্তিতে এই সব জায়গায় মুশাম্বীও কমলালেবু করা যায় কিনা সে সম্বন্ধে আমাদের বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় থেকে এর উপর রিসার্চ হয়েছে এবং কার্যকর ব্যবস্থা নেওয়া হয়েছে। আমরা পুরুলিয়ায় এই ধরনের বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে সঙ্গে নিয়ে আমাদের ডিপার্টমেন্টের তরফ থেকে জমি দেখা হয়ে গেছে, এবং দু-তিন বছরের মধ্যে প্রোডাকশন আসতে পারে, ব্যাপকভাবে গ্রামে গ্রামে পেয়ারা, মিস্টিকুলের চারা ওখান থেকে পাশাপাশি গ্রামে গ্রামে কৃষকদের জন্য বন্টনের ব্যবস্থা থাকবে। এই কারণে আমরা নূতন কর্পোরেশন গঠন করার সিদ্ধান্ত নিয়েছি। তাদের কাজ অনেকটাই এগিয়ে গেছে, সেটাই হচ্ছে প্ল্যান্ট অ্যান্ড সিডিংস কর্পোরেশনগুলির চারা গ্রামের মানুষদের কাছে পৌঁছে দেওয়া, ব্যাপকভাবে যাতে ফলের চাষ হয়। গ্রামের চাষীদের কাছে পৌঁছে দেওয়া এবং সেজন্য এই কার্যকর ব্যবস্থা নিয়েছেন। যে সমস্ত প্রশ্ন বিরোধীপক্ষের তরফ থেকে আমাদের কাছে এসেছে আমি তার মীমাংসা করেছি। এবার মাননীয় বিরোধী সদস্যগণ যে কাট মোশন এনেছেন, সেই

কাটমোশনের বিরোধিতা করে আপনাদের সকলের সামনে আমার বাজেট পেশ করছি, এবং সমর্থনের জন্য আবেদন জানাচ্ছি, পশ্চিমবঙ্গের যে কৃষি তা অব্যাহত থাকবে এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Demand No.47

Mr. Speaker : There are two cut motions to Demand No.47. The cut motions are in order and taken as moved. I now put the cut motion to vote.

The motion of Dr. Manas Bhunia that the amount of the Demand be Reduced to Re.1/-, was then put and lost.

The motion of Shri Saugata Roy that the amount of thye Demand be reduced by Rs.100 was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.1,22,65,39,000 be granted for expenditure under Demand No.47, Major Heads : "2401 Crop Husbandry, 4401 Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) and 6401 Loans for Crop Husbandry (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.30,66,40,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Demand No.48

Mr. Speaker : There is one cut motion to Demand No.48. The cut motion is in order and taken as moved. I put the motion to vote.

The motion of Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs.100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.11,99,29,000 be granted for expenditure under Demand No.48, Major Heads : "2402 Soil and Water Conservation and 4402 Capital Outlay on Soil and Water Conservation". (This is inclusive of a total sum of Rs.2,99,90,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Demand No.55

The motion of Shri Abdul Mannan that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.21,45,79,000 be granted for expenditure under Demand No.55, Major Heads : "2415 Agricultural Research and Education and 4415 Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.5,37,50,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Demand No.58

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.37,58,76,000 be granted for expenditure under Demand No.58, Major Heads : "2435 Other Agricultural Programmes and 4435 Capital Outlay on Other Agricultural Programmes)".

(This is inclusive of a total sum of Rs.9,39,69,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-12 p.m. till 11.00 A.M. on Tuesday, the 9th June, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 9th June, 1992 at 11-00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 21 Ministers, 5 Ministers of State and 150 Members.

Held over Starred Questions
(to which written answers were laid on the Table)

পুরুলিয়া জেলায় ফল ও সব্জী সংরক্ষণ কেন্দ্র স্থাপন

*৭২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯৪) **শ্রী ভন্দু মাঝি** এবং **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে পুরুলিয়া জেলায় ফল ও সব্জী সংরক্ষণ কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসংগ্রহ করার পর বিষয়টি বিবেচনা করা হবে।

(খ) প্রশ্ন ওঠে না।

মালদহ, পশ্চিম দিনাজপুর ও মুর্শিদাবাদ জেলার বন্যাত্রাণ বাবদ বরাদ্দকৃত অর্থ

*৭২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৪) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছরে মালদহ, পশ্চিম দিনাজপুর ও মুর্শিদাবাদ জেলার বন্যাত্রাণ বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ;

(খ) উক্ত অর্থ কি কি কাজের জন্য বরাদ্দ করা হয়েছিল ;

(গ) এটা কি সত্যি যে, সংশ্লিষ্ট জেলাপরিষদ ও পুরসভাগুলির পক্ষ থেকে উক্ত অর্থব্যয়ের হিসাব এখনও পেশ করা হয় নি ; এবং

(ঘ) সত্যি হলে কারণ কি?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছরে মালদহ, পশ্চিম দিনাজপুর ও মুর্শিদাবাদ জেলায় ত্রাণ দপ্তর থেকে বন্যা ত্রাণ বাবদ মোট ১৯ লক্ষ ৩১ হাজার ৮৮৯ টাকা বরাদ্দ করা

হয়েছিল।

(খ) উক্ত অর্থ বিশেষ ক্ষয়রাতি সাহায্য আনুষঙ্গিক খরচা এবং গৃহ নির্মাণ হিসাবে বরাদ্দ করা হয়েছিল।

(গ) ত্রাণ দপ্তর থেকে বন্যা ত্রাণ বাবদ অর্থ সরাসরি জেলা সমাহর্তাকে বরাদ্দ করা হয়ে থাকে। সে কারণ সংশ্লিষ্ট জেলা পরিষদ ও পুরসভাগুলির পক্ষ থেকে উক্ত অর্থ ব্যয়ের হিসাব পেশের কোনও প্রশ্ন ওঠে না।

(ঘ) অপ্রাসঙ্গিক।

Starred Questions

(to which written answers were laid on the Table)

অষ্টম যোজনাতে পশ্চিমবঙ্গে নতুন অগ্নি নির্বাপক কেন্দ্র স্থাপন

*৯৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩২) **শ্রী আব্দুল মান্নান ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অষ্টম যোজনাতে পশ্চিমবঙ্গে নতুন অগ্নি নির্বাপক কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গৃহীত হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত সময়ে বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও খাতড়া মহকুমাতে নতুন অগ্নি নির্বাপক কেন্দ্র স্থাপন করা হবে কি না ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) তালিকা অনুযায়ী রাজ্যের বিভিন্ন স্থানে নতুন অগ্নি নির্বাপক কেন্দ্র স্থাপন করা হবে।

(খ) বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে উপযুক্ত জমি পাওয়া সাপেক্ষে একটি অগ্নি নির্বাপক কেন্দ্র স্থাপন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। খাতড়া মহকুমার জন্য অনুরূপ কোনও প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন নেই।

কলকাতায় সার্কুলার ক্যানেলের মাধ্যমে যাতায়াত ব্যবস্থা উন্নয়ন

*৯৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪০) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় সার্কুলার ক্যানেল প্রকল্প রূপায়নের মাধ্যমে যাতায়াত ব্যবস্থার উন্নয়নের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, এই ব্যাপারে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে গবাদি পশুসম্পদ বিকাশের প্রস্তাব

*৯৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯১) **শ্রী সুব্রত মুখার্জিঃ** প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে গবাদি পশুসম্পদ বিকাশের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোনও প্রস্তাব পেশ করেছেন কি না?

প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

হ্যাঁ।

১৯৯১-৯২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে বন্যাজনিত কারণে ক্ষতির পরিমাণ

*৯৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৩) **ডাঃ দীপক চন্দ ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে বন্যাজনিত কারণে ক্ষয়ক্ষতির পরিমাণ কত (আর্থিক মূল্যে) ; এবং

(খ) উক্ত ক্ষতিপূরণ বাবদ রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও আর্থিক সহায়তা পেয়েছেন কি না?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে বলা যাইতে পারে যে ১৯৯১-৯২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে বন্যা জনিত কারণে ফয়ক্ষতির পরিমাণ (আর্থিক মূল্যে) আনুমানিক ২১৭০৩.২৮ লক্ষ টাকা।

(খ) হ্যাঁ

চলচ্চিত্র উৎসবে 'আগন্তুক' ছবিটির কিছু অংশ না দেখানোর কারণ

*৯৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০৮) **ডাঃ জয়নাল আবেদিনঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৩তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ইন্ডিয়ান প্যানোরামা সেকশনে পরিবেশিত সত্যজিৎ রায়ের 'আগন্তুক' ছবিটির ইনট্রোডাকশন ও ছবিটির কিছু অংশ না দেখানোর কারণ সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি না ; এবং

(খ) অবহিত থাকলে, কারণটি কি?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

(ক) এরকম কোনও ঘটনা হয়েছে বলে রাজ্য সরকারের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

ঘরে ঘরে তরকারি সরবরাহের পরিকল্পনা

*৯৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮২) **শ্রী সুভাষ নস্কর ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের ঘরে ঘরে তরকারি সরবরাহের একটি পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি রূপরেক্ষা কি?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পরিকল্পনাটির রূপরেখা তৈরি হয়েছে। শীঘ্রই পরিকল্পনা অনুযায়ী কাজ শুরু হবে।

(খ) পশ্চিমবঙ্গ রাজ্য বিপনন পর্ষদ ও কৃষিজ বিপনন অধিকার যুগ্মভাবে পরীক্ষামূলকভাবে কলকাতার উপকণ্ঠে ভ্রাম্যমান গাড়িতে করে সব্জী, এগমার্ক গুড়ো মশলা, উৎকৃষ্টমানের ডাল ও কৃষিজ বিপনন অধিকারের তৈরি জ্যাম, জেলি, সরবরাহ করার পরিকল্পনা করেছেন।

মেট্রো রেলে যাতায়াতের ক্ষেত্রে বিধায়কদের সুযোগ-সুবিধা প্রদান

*৯৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮০১) **শ্রী আবু আয়েস মন্ডল ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেট্রো রেলে যাতায়াতের ক্ষেত্রে এ রাজ্যের বিধায়কদের সুযোগ-সুবিধা দানের কোনও সংবাদ সম্পর্কে রাজ্য সরকার অবগত আছেন কি না ; এবং

(খ) অবগত থাকলে, প্রস্তাবিত সুযোগ-সুবিধাগুলি কি?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমানে মেট্রো রেলে রাজ্যের বিধায়কদের সুবিধা দরে টিকিট বা কুপন দেওয়ার ব্যবস্থা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

নিয়ন্ত্রিত বাজারগুলির পরিচালন পদ্ধতি

*৯৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮৯) **শ্রী দীপক মুখার্জি ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গের নিয়ন্ত্রিত বাজারগুলি কি পদ্ধতিতে পরিচালিত হয়?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

পশ্চিমবঙ্গের নিয়ন্ত্রিত বাজারগুলি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রডিউস মার্কেটিং (রেগুলেশন) অ্যাক্ট ১৯৭২ (ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট ১৯৭২) অনুসারে পরিচালিত হয়।

প্রেস অ্যাক্রিডেশন কার্ডের বিষয়ে সাংবাদিকদের স্মারকলিপি

*৯৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭৯) **শ্রী শীশ মহম্মদঃ** গত ২৪শে মার্চ ১৯৯২ তারিখে প্রশ্ন নং *২৬৯ (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৫)-এর প্রদত্ত উত্তরের পরিপ্রেক্ষিতে তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি সাপ্তাহিক পত্রিকার প্রেস অ্যাক্রিডেশন কার্ড মঞ্জুর করার বিষয়ে সরকার সাংবাদিকদের স্মারকলিপি পেয়েছেন কি না ; এবং

(খ) পেয়ে থাকলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এরকম কোনও স্মারকলিপি হাতে পাইনি।

(খ) প্রশ্ন ওঠে না।

হিমঘরগুলিতে আলু রাখার জন্য ভাড়ার হার

*৯৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬০) **শ্রী আব্দুল মান্নান ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি হিমঘরগুলিতে আলু রাখার জন্য ভাড়ার হার বৃদ্ধি করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত হার কতটা বৃদ্ধি পেয়েছে ; এবং

(গ) এর ফলে আলুর মূল্যবৃদ্ধি রোধ করতে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন/করছেন?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) কুইন্ট্যাল প্রতি ২(দুই) টাকা।

(গ) এর ফলে প্রতি কেজিতে আলুর মূল্য ২ পয়সা বাড়ার কথা। অন্যান্য কারণে আলুর মূল্যস্তর বৃদ্ধি রোধ করার জন্য সরকার নিয়ন্ত্রিত বাজারের সমিতির মাধ্যমে আলু কিনে রেখেছেন। খোলাবাজারের আলুর দামের উপর সরকারি তীক্ষ্ণ নজর রেখেছেন।

Unstarred Questions
(to which written answers were laid on the Table)

বর্ধমান জেলার সরকারি কৃষি-খামার

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৫) **শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** কৃষিবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলায় ক'টি সরকারি কৃষি-খামার আছে ;

(খ) উক্ত খামারের সবগুলিতে জলসেচের ব্যবস্থা আছে কি না ;

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হলে, জলসেচের ব্যবস্থাহীন খামারগুলির নাম কি ;

(ঘ) এই খামারগুলিতে কি কি ধান বার্ষিক গড়ে কত পরিমাণে উৎপন্ন হয় ; এবং

(ঙ) রায়না ১নং ও ২নং ব্লকের কৃষি-খামারে জলসেচের কি ব্যবস্থা আছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ২২টি।

(খ) দুটি বাদে সবকটিতে কমবেশি জলসেচের ব্যবস্থা আছে।

(গ) জলসেচের ব্যবস্থাহীন খামারগুলির নাম (১) কাঁকসা ব্লক বীজ-খামার ও (২) কাঁকসা জেলা বীজ-খামার।

(ঘ) সেচ ব্যবস্থাহীন বীজ-খামার দুটিতে 'রসি', 'পাঙ্কে', 'আই-আর ৩৬', 'মোহন' প্রভৃতি স্বল্পমেয়াদী ধানের চাষ হয় এবং তা থেকে এই দুটি খামারে একত্রে বার্ষিক উৎপাদন হয় গড়ে ১৩.৬ টন।

(ঙ) রায়না ১ ও ২ নং ব্লকের কৃষি-খামারে খরিফ মরশুমে ডি ভি সি ক্যানেলের জল পাওয়া যায়। রায়না ১ নং ব্লক বীজ-খামারে রবি মরশুমে একটি অগভীর নলকূপ ও একটি পুকুর থেকে ২-৩ একর জমিতে সেচের জল পাওয়া যায়। রায়না ২ নং ব্লক বীজ-খামারের সম্প্রতি বসানো একটি মিনি ডিপ নলকূপ জমিতে সেচের জল পাওয়া যায়। রায়না ২নং ব্লক বীজ-খামারে সম্প্রতি বসানো একটি মিনি ডিপ নলকূপ থেকে ১০-১২ একর জমিতে সেচের জল পাওয়া যায়।

গাইঘাটায় বি এড কলেজ স্থাপন

৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৪) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত চাঁদপাড়ায় নতুন বি এড কলেজ খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগদ তা বাস্তবায়িত করা সম্ভব হবে বলে আশা করা যায়?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমানে নেই।

(খ) প্রশ্নও ওঠে না।

কলকাতার বড়বাজার থেকে সজি বাজারটির স্থানান্তরকরণ

৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৭) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কলকাতার বড়বাজার এলাকা থেকে সজি বাজারটি স্থানান্তরিত করার সিদ্ধান্ত নিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে কি পদক্ষেপ গৃহীত হয়েছে।

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বিষয়টি চিন্তাভাবনার স্তরে আছে।

(খ) 'ক'-এর উত্তরের পরিপ্রেক্ষিতে 'খ'-এর কোনও উত্তর হয় না।

হোস্টেলে পাঠরত আদিবাসী ছাত্র-ছাত্রী

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪২) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় আদিবাসী হোস্টেলে থেকে কতজন ছাত্র-ছাত্রী পড়াশুনা করে ; এবং

(খ) ১৯৯১-৯২ আর্থিক বছরে উক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ব্যয়ের পরিমাণ কত?

তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কলকাতায় কেবলমাত্র আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য কোনও ছাত্রাবাস বা ছাত্রীনিবাস নেই। তবে তফসিলি জাতি ও আদিবাসী ছাত্রদের জন্য ৩টি মাধ্যমিকোত্তর কেন্দ্রীয় ছাত্রাবাস ও ছাত্রীদের জন্য একটি কেন্দ্রীয় ছাত্রীনিবাস চালু আছে। এই সমস্ত ছাত্রাবাস এবং ছাত্রীনিবাসে মোট ২৭ জন আদিবাসী ছাত্র এবং ১৬ জন আদিবাসী ছাত্রী মাধ্যমিকোত্তর স্তরে পড়াশুনা করছে।

(খ) ১৫৮ জন তফসিলি জাতিভুক্ত ছাত্র ও ৬৮ জন তফসিলি জাতিভুক্ত ছাত্রী এবং উপরোল্লিখিত সংখ্যক আদিবাসী ছাত্র-ছাত্রীসহ ৩টি ছাত্রাবাস ও ১টি ছাত্রীনিবাস পরিচালনায় ১৯৯১-৯২ আর্থিক বছরে মোট ১৫ লক্ষ ৭২ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে।

ল্যাম্পস-এর মাধ্যমে কেন্দু পাতা সংগ্রহ

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৩) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ল্যাম্পস্-এর মাধ্যমে যে কেন্দু পাতা সংগ্রহ করা হয় তাতে প্রতিটি শ্রমিকের একদিনের মজুরি কত ;

(খ) ল্যাম্পস্ এলাকায় উৎপাদিত কেন্দু পাতা ক্রয় করা হয় কি না ; এবং

(গ) ২নং প্রশ্নের উত্তর 'না' হলে, এর কারণ কি?

তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ল্যাম্পস্‌গুলি সংগ্রহকারীদের কাছ থেকে প্রতি ১০০টি কেন্দু পাতা ৫০ (পঞ্চাশ) পয়সা দরে কেনে। সংগ্রহের পরিমাণের উপর আয়ের তারতম্য ঘটে।

(খ) হ্যাঁ। দু-একটি ল্যাম্পস্‌ বাদে সমস্ত ল্যাম্পস্‌ই ল্যাম্পস্‌ এলাকায় উৎপাদিত কেন্দু পাতা ক্রয় করে। এবং

(গ) ল্যাম্পস্‌-এর সাংগঠনিক দুর্বলতা।

কমার্স শিক্ষায় মহিলাদের স্থান

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪৯) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি কলেজে মেয়েদের কমার্স পড়ার ব্যবস্থা আছে ;

(খ) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজগুলিতে মেয়েরা কমার্স পড়ার সুযোগ না পাওয়ার কারণ কি ; এবং

(গ) বাঁকুড়া সম্মিলনী কলেজে মেয়েদের কমার্স পড়ার সুযোগ আজ পর্যন্ত না হওয়ার কারণ কি?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে ১২৬টি সহশিক্ষামূলক কলেজ এবং ১০টি মহিলা কলেজে মেয়েদের কমার্স পড়ার ব্যবস্থা আছে।

(খ) প্রশ্নটি অমূলক। কারণ উক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩২টি সহশিক্ষামূলক কলেজে কমার্স পড়ার ব্যবস্থা আছে।

(গ) এই কলেজেটিতে এখনও পর্যন্ত কেবলমাত্র ছেলেদের ভর্তি করা হয়।

রাজ্য বিদ্যুত পর্ষদের লোকসান

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৩) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ আর্থিক বছরে রাজ্য বিদ্যুৎ পর্ষদের লোকসানের পরিমাণ কত ; এবং

(খ) বিদ্যুৎ পর্ষদের লোকসান রোধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছরে সুদ বাবদ দেয় খরচা বাদে পর্ষদের লাভের পরিমাণ

৫৬৩ লক্ষ টাকা (প্রকৃত)। সুদ বাবদ দেয় খরচা বাদে লোকসানের পরিমাণ দাঁড়ায় ৭,২৮২ লক্ষ টাকা (প্রকৃত)।

১৯৯১-৯২ আর্থিক বছরে পর্ষদের (প্রাক-প্রকৃত) লাভ লোকসানের পরিমাণ নিম্নরূপ ঃ

(১) সুদ বাবদ দেয় খরচ বাবদ দেয় খরচ বাদে লাভের পরিমাণ ২,০৬২ লক্ষ টাকা।

(২) সুদ বাবদ দেয় খরচ বাদে লোকসানের পরিমাণ ৮,৪২৮ লক্ষ টাকা। উক্ত উভয় ক্ষেত্রে ক্যাপিটেল রিসিপ্ট এবং পেমেন্ট ধরা হয় নি।

(খ) পর্ষদের লোকসান রোধে নিম্নে বর্ণিত স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী কর্মসূচি গ্রহণ করা হয়েছে ঃ

(১) গত আর্থিক বছরে বিদ্যুত মাসূলের হার বৃদ্ধি করা হয়েছে।

(২) পরিবহন ও বণ্টনের অপচয় হ্রাস।

(৩) বিদ্যুৎ চুরি ও বিদ্যুৎ যন্ত্রাংশ বিশেষ করে লাইন, ট্রান্সফরমার, টাওয়ারের অংশ চুরি ইত্যাদি বিরুদ্ধে জেলা পুলিশের সহযোগিতায় প্রশাসনিক সতর্কতা গ্রহণ।

(৪) বিদ্যুত বিল আদায় ও বিল তৈরি বিষয়ে নতুন ও কার্যকর ব্যবস্থা গ্রহণ। প্রসঙ্গত উল্লেখ্য ১৯৯১-৯২ আর্থিক বছরে বিদ্যুৎ মাসুল বৃদ্ধি ও বিক্রিত বিদ্যুৎ বৃদ্ধির ফলে ১৯৯০-৯১ থেকে রাজস্ব আদায় ও অন্যান্য ক্ষেত্রে আয় বৃদ্ধি পেয়েছে যথাক্রমে— ১৬১ কোটি ২৯ লক্ষ ৫৩ হাজার টাকা ও ৬৬,৬৯৩ মিলিয়ন ইউনিট। আশা করা যায় বর্তমান আর্থিক বছরে (১১৯২-৯৩) বাল্ক কনজিউমারস এবং উচ্চ শক্তিসম্পন্ন শিল্প ও অন্যান্য গ্রাহকদের কাছ থেকে, তাদের প্রয়োজনীয় বিদ্যুতের চাহিদা মেটাতে পারলে রাজস্ব আদায় বাড়ার ফলে আয় ও ব্যয়ের ফারাকটা কিছু কমবে।

(৫) সম্প্রতি রাজ্য সরকার পর্ষদকে প্রদত্ত ঋণ ও ঋণের সুদের একটা বড় অংশকে সমানুপাতিক মূলধনে পরিবর্তন করছেন, ফলে ঋণের অনুপাত দাঁড়িয়েছে ১.৫ ঃ ১। এরূপ সিদ্ধান্ত গ্রহণ পর্ষদের ক্ষেত্রে এই প্রথম।

(৬) বিভিন্ন প্রকল্পের নবীকরণ ও আধুনিকীকরণ কর্মসূচি।

(৭) যথাসম্ভব জলবিদ্যুৎ প্রকল্পের অধিকতর রূপায়ণ। এর ফলে বিদ্যুতের উৎপাদন খরচ কয়লাভিত্তিক তাপবিদ্যুতের উৎপাদন খরচের তুলনায় অনেক কম হবে।

বাঁকুড়ায় তফসিলি ছাত্রদের হোস্টেল

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৫) **শ্রী হারাধন বাউরি ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে বাঁকুড়া জেলায় মাধ্যমিকস্তরের তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য নতুন হোস্টেল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) থাকলে, কোন কোন জায়গায় ; এবং

(গ) উক্ত জেলায় কতজন তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রী হোস্টেলে থেকে পড়াশুনা করে?

তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এখনও সিদ্ধান্ত হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) মাধ্যমিক স্তরে সাধারণ হোস্টেলে ৫,৮০৫ জন আদিবাসী এবং ৪,০০২ জন তফসিলি জাতি ছাত্র-ছাত্রী এবং আশ্রম হোস্টেলে ৩০০ জন আদিবাসী এবং ৯০ জন তফসিলি জাতি ছাত্র হোস্টেল ভাতা পেয়ে থাকে।

পুরুলিয়া জেলায় কৃষি পেনশন প্রাপকের সংখ্যা

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৪) **শ্রী ভন্দু মাঝি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত পুরুলিয়া জেলায় কৃষি পেনশন প্রাপকের মোট সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, বলরামপুর ও বরা বাজার পঞ্চায়েত সমিতি এলাকায় উক্ত প্রাপকের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত প্রাপকগণ উক্ত পেনশন নিয়মিত পাচ্ছেন কি না?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত পুরুলিয়া জেলায় কৃষি পেনশন প্রাপকের মোট সংখ্যা ৮৩৩ জন।

(খ) বরা বাজার পঞ্চায়েত সমিতি ও বলরামপুর পঞ্চায়েত সমিতিতে মঞ্জুরিকৃত প্রাপকের সংখ্যা যথাক্রম ১৪১ জন এবং ১০৫ জন। বরা বাজার পঞ্চায়েত সমিতিতে ঐ সময়ে প্রাপকের সংখ্যা ৫২ জন এবং বলরামপুর পঞ্চায়েত সমিতিতে ঐ সময়ে কোনও কৃষককে ঐ পেনশন মঞ্জুর করা সম্ভব হয় নি।

(গ) হ্যাঁ।

উত্তর-চব্বিশ পরগনা জেলায় বলিদাপুকুর-ভবানীপুর মার্কেটিং লিংক রোডটির নির্মাণ কাজ

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৯) শ্রী **কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর-চব্বিশ পরগনা জেলার বাগদা বিধানসভা এলাকায় বলিদাপুকুর থেকে ভবানীপুর পর্যন্ত মার্কেটিং লিংক রোডটির মাটি কাটার কাজ শেষ হয়েছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, উক্ত কাজটি কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত রাস্তাটি পাকা করার কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, হয়েছে।

(খ) উপরোক্ত 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্নের উত্তর হয় না।

(গ) এ ব্যাপারে এখনই কিছু বলা যাচ্ছে না।

কালিয়াগঞ্জ ও হেমতাবাদ সমষ্টি উন্নয়ন কেন্দ্রে ব্যয়

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৭) শ্রী **রমণীকান্ত দেবশর্মা ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ ও হেমতাবাদ সমষ্টি উন্নয়ন কেন্দ্র দুটিতে ১৯৮৯-৯০, ১৯৯০-৯১ সালে উন্নয়নমূলক কাজের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে (পৃথকভাবে ব্লকওয়ারি হিসাব) ; এবং

(খ) ঐ সময়ে কোথায় কোথায় এবং কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কালিয়াগঞ্জ সমষ্টি উন্নয়ন কেন্দ্রে ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ সালে উন্নয়নমূলক কাজের জন্য বিভিন্ন খাতে যথাক্রমে মোট ৭৭,৮৬,১৮০ টাকা এবং ৫২,৩৩,০৮০ টাকা বরাদ্দ করা হয়েছিল।

হেমতাবাদ সমষ্টি উন্নয়ন কেন্দ্রে ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ সালে বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য মোট বরাদ্দ টাকার পরিমাণ যথাক্রমে ৪১,১৪,২৭০ টাকা এবং ৩২,৭৭,৬০০ টাকা।

(খ) কালিয়াগঞ্জ সমষ্টি উন্নয়ন কেন্দ্রে ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ সালে মোট ব্যয়ের পরিমাণ যথাক্রমে ৭৩,৭২,১৮০ টাকা এবং ৪৯,৮১,০৮০ টাকা।

হেমতাবাদ সমষ্টি উন্নয়ন কেন্দ্রে ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ সালে ব্যয়িত মোট টাকার পরিমাণ যথাক্রমে ৪১,১৪,২৭০ টাকা এবং ২৯,২৭,৬০০ টাকা।

Statement referred to in reply of Clasue 'kha' of Question No. 316 (Amitted Question No. 1717)

কালিয়াগঞ্জ

প্রকল্প	১৯৮৯-৯০ কাজের বিবরণ	১৯৮৯-৯০ খরচ	১৯৯০-৯১ কাজের বিবরণ	১৯৯০-৯১ খরচ
জহর রোজগার যোজনা	গ্রাম পঞ্চায়েতের রাস্তা নির্মাণ ও সংরক্ষণ, জলসরবরাহ ব্যবস্থার উন্নয়ন, সংরক্ষণ, পঞ্চায়েতের ও বিদ্যালয়ের গৃহ নির্মাণ, সামাজিক বনসৃজন ইত্যাদি প্রকল্পের কাজ হয়েছে।	মোট বরাদ্দ ৫০,৪১,৪০০ টাকা।	গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে রাস্তা নির্মাণ, সংরক্ষণ, জলসরবরাহ ব্যবস্থা করা, পঞ্চায়েতের গৃহ সম্প্রসারণ, বিদ্যালয় গৃহ নির্মাণ, সামাজিক বনসৃজন ইত্যাদি কাজ হয়েছে।	মোট বরাদ্দ২৮,৬৫,৬৮০ টাকার সবই খরচ হয়েছে।
ঐ	পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে ইন্দিরা আবাস যোজনার অন্তর্ভুক্ত ৮৮টি গৃহ নির্মাণ হয়েছে।	মোট বরাদ্দ ১০,৯১,৩৩০ টাকা।	পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে ইন্দিরা আবাস যোজনার অন্তর্গত ৪০টি গৃহ নির্মাণ হয়েছে।	মোট বরাদ্দ ৮,১২,৪০০ টাকা।
ঐ	জেলা পরিষদের ক্ষেত্রে ঝিরকা ব্রিজ স্প্যান (২০২ ফুট) এবং ম্যালন রোড তৈরির কাজ চলছে।	মোট বরাদ্দ ১০,১৪,০০০ টাকার মধ্যে ৬,০০,০০০ টাকা।	জেলা পরিষদের ক্ষেত্রে ৫ কিমি রাস্তা নির্মাণ, ২টি এইচ পি কালভার্ট এবং সেতু তৈরির কাজ অগ্রসর হয়েছে।	মোট বরাদ্দ ৬,০০,০০০ টাকার মধ্যে ৪,২৭,০০০ টাকা।
আর এল ই জি পি	৪৫ ফুট দীর্ঘ একটি সেতু নির্মিত হয়েছে।	মোট বরাদ্দ ২,৬৫,০০০ টাকা।	—	—
ভি পি এস এফ	বালাস থেকে বানুথানুপাড়া, ঢাইপাড়া থেকে খাটাসা এবং বাগানপাড়া থেকে দুর্গাপুর পর্যন্ত খাল খনন হয়েছে।	বরাদ্দ ১,৩০,০০০ টাকা সবই।	কুমারি এবং গামারি নদীর উপর সেতু নির্মাণ এবং বেউরে মাগুরা সেতু নির্মাণ	বরাদ্দ ৩,৩০,০০০ টাকা খরচ হয়েছে।

কালিয়াগঞ্জ

প্রকল্প	১৯৮৯-৯০ কাজের বিবরণ	১৯৮৯-৯০ খরচ	১৯৯০-৯১ কাজের বিবরণ	১৯৯০-৯১ খরচ
অপারেশন ব্ল্যাক বোর্ড	পূর্ব গোগ্রা, পূর্ব তরঙ্গপুর এবং সুজিয়া প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ।	বরাদ্দ ১,৮০,০০০০ টাকা।	পশ্চিম কুনর, পশ্চিম গোগ্রা, রামকৃষ্ণপুর, চাপড় জোত জমাল, পূর্ব দুর্গাপুর প্রাথমিক এবং গোবিন্দপুর জুনিয়র বেসিক স্কুলগৃহ নির্মাণ হয়েছে। পূর্ব আবাস প্রাথমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণ চলছে।	৫,২৫,০০০ টাকা বরাদ্দ। তার মধ্যে ৪,৫০,০০০ টাকা খরচ।
আর ডব্লিউ এস	ব্লকের বিভিন্ন অঞ্চলে নলকূপের পুনঃখনন হয়েছে।	বরাদ্দ ৬৪,৪৫০ টাকা খরচ।	২টি নলকূপ খনন এবং ৬৮টি নলকূপের পুনঃখনন হয়েছে।	বরাদ্দ ১,০০,০০০ টাকা।
আর এল ই জি পি	দেউচি ব্রিজ স্প্যান (৮৯ ফুট দীর্ঘ) তৈরি হয়েছে।	বরাদ্দ ৪,৫০,০০০ টাকা সব।	—	—
ডি পি এস এফ	বাহারাইল হাইস্কুলের সম্প্রসার এবং হেমতাবাদ পঞ্চায়েত সমিতির রেস্ট হাউসের নির্মাণ হয়েছে।	বরাদ্দ ৪০,০০০ টাকা সব।	হেমতাবাদ হাইস্কুলের সম্প্রসারণ, বীণা নদীর বাঁধের উপর কালভার্ট, হেমতাবাদ ব্লকের বাউন্ডারি ওয়ালের, এইচ পি কালভার্ট, পঞ্চায়েত সমিতির রেস্ট শেড্ ইত্যাদি তৈরি হচ্ছে।	বরাদ্দ ১,৭৫,০০০ টাকার মধ্যে ১,২৫,০০০ টাকা এ পর্যন্ত খরচ হয়েছে।
অপারেশন ব্ল্যাক বোর্ড আর ডব্লিউ এস	৫০টি নলকূপ পুনঃখনন এবং ৭টি নলকূপ খনন হয়েছে ব্লকের বিভিন্ন এলাকায়।	বরাদ্দ ৪৭,৫০০ টাকার সবই খরচ হয়েছে।	ব্লকের বিভিন্ন এলাকায় ৪টি নলকূপ খনন এবং ৭২টি নলকূপ পুনঃখনন হয়েছে।	বরাদ্দ ১,০৮,০০০ টাকা সবই খরচ হয়েছে।

হেমতাবাদ সমষ্টি উন্নয়ন কেন্দ্র

প্রকল্প	১৯৮৯-৯০ কাজের বিবরণ	১৯৮৯-৯০ খরচ	১৯৯০-৯১ কাজের বিবরণ	১৯৯০-৯১ খরচ
জহর রোজগার যোজনা	বিভিন্ন পঞ্চায়েতের এলাকায় ইঁটের রাস্তা নির্মাণ, বিদ্যালয় গৃহ নির্মাণ, পঞ্চায়েতের ঘর তৈরি, খাল খনন, বাস-স্ট্যান্ডে যাত্রীদের জন্য শেড্ ইত্যাদি নির্মিত হয়েছে। সামাজিক বনসৃজন অগভীর নলকূপ খনন হয়েছে।	বরাদ্দ ৩১,০২,৫০০ টাকা সব।	বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের এলাকায় ইঁটের রাস্তা, বিদ্যালয় গৃহ, পঞ্চায়েতের ঘর তৈরি, খাল খনন, বাস-স্ট্যান্ডের যাত্রীদের জন্য শেড্ ইত্যাদি তৈরি হয়েছে। এছাড়া সামাজিক বনসৃজন, অগভীর নলকূপ খনন হয়েছে।	বরাদ্দ ২০,৪২,২০০ টাকা সব।
ঐ	পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে ৩৩টি আবাসন প্রকল্প তৈরি হয়েছে ইন্দিরা আবাস যোজনার অন্তর্ভুক্ত হয়ে। ৩৬টি অগভীর নলকূপ খনন হয়েছ।	বরাদ্দ ৪,৩৪,২৭০ টাকা সব।	ইন্দিরা আবাস যোজনার অন্তর্গত প্রকল্পে ২১টি আবাসন তৈরি হয়েছে। এছাড়া ১৫টি অগভীর নলকূপ খনন হয়েছে।	বরাদ্দ ৩,১৪,০০০ টাকা সব।
ঐ	—	—	জিলা পরিষদের ক্ষেত্রে রাস্তা তৈরির জন্য কাজ হচ্ছে।	এ পর্যন্ত বরাদ্দ ৬,০০,০০০ টাকার মধ্যে ৩,০০,০০০ টাকা খরচ হয়েছে।

নদীয়া জেলার শান্তিপুর থেকে বর্ধমান ও হুগলি জেলার মধ্যে সরকারি বাস চলাচল

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৫) **শ্রী অজয় দেঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুর থেকে বর্ধমান ও হুগলি জেলার সঙ্গে যোগাযোগের জন্য বাস চালু করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) দুর্গাপুর থেকে রানাঘাট ভায়া বর্ধমান এবং শান্তিপুর ব্যতীত অন্য রুটে বর্তমানে বাস চালু করার কোনও প্রস্তাব নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় কৃষি বিপনন কেন্দ্রের সংখ্যা

৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯১) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় কতকগুলি কৃষি বিপনন কেন্দ্র আছে ; এবং

(খ) ঐ মহকুমায় নতুন কোনও কৃষি বিপনন কেন্দ্র খোলার পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এখনও পর্যন্ত কাঁথি মহকুমায় কোনও নিয়ন্ত্রিত বাজার সমিতি নেই।

(খ) আছে।

পশ্চিমবঙ্গে সরকারি কৃষি-খামারের সংখ্যা

৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩৬) **শ্রী ইউনুস সরকার ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে পশ্চিমবঙ্গে সরকারি কৃষি-খামারের সংখ্যা কত (জেলাওয়ারি হিসাব) ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

বর্তমানে পশ্চিমবঙ্গের সরকারি কৃষি-খামারের সংখ্যা মোট ২২১টি।

জেলাওয়ারি হিসাব

	জেলা		কৃষি-খামারের সংখ্যা
১।	দার্জিলিং	..	১১
২।	জলপাইগুড়ি	..	১৩
৩।	কুচবিহার	..	০৯
৪।	পশ্চিম দিনাজপুর	..	১৫
৫।	মালদহ	..	১২
৬।	মুর্শিদাবাদ	..	২৬
৭।	নদীয়া	..	১৩
৮।	উত্তর চব্বিশ-পরগনা	..	০৯
৯।	দক্ষিণ চব্বিশ-পরগনা	..	০৭
১০।	হাওড়া	..	০৬
১১।	হুগলি	..	১৩
১২।	বর্ধমান	..	২২
১৩।	বীরভূম	..	১৪
১৪।	বাঁকুড়া	..	১৪
১৫।	পূর্ব মেদিনীপুর	..	১০
১৬।	পশ্চিম মেদিনীপুর	..	১৩
১৭।	পুরুলিয়া	..	১৪
		মোট	২২১ টি

রাজনগরের সিসল ফার্মে উৎপন্ন চারা গাছের রপ্তানি

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪৯) শ্রী **ধীরেন সেনঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রাজনগর থানায় অবস্থিত সিসল ফার্মে উৎপন্ন চারা গাছগুলি রপ্তানি করা হয় কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে,

(১) ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ আর্থিক বছর দুটিতে উক্ত রপ্তানিকৃত চারা গাছের সংখ্যা কত (পৃথকভাবে) ;

(২) আর্থিক মূল্যে উক্ত পরিমাণ কত (পৃথকভাবে) ; এবং

(৩) উক্ত চারা গাছগুলি কোথায় রপ্তানি করা হয়েছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রশ্ন পরিষ্কার নয়, রাজ্যের বাইরে অন্য অঙ্গরাজ্যে পাঠানোকে যদি মাননীয় সদস্য বোঝাতে চান তবে উত্তর 'হ্যাঁ'।

(খ) ১৯৯০-৯১—কোনও চারাগাছ রপ্তানি করা হয় নি,

(১) ১৯৯১-৯২—১৬.৩৫ লক্ষ চারা গাছ রপ্তানি করা হয়েছে।

(২) ১৯৯০-৯১—প্রশ্ন ওঠে না,

১৯৯১-৯২—৩.২৭ লক্ষ (তিন লক্ষ সাতাশ হাজার) টাকা মাত্র।

(৩) ১৯৯০-৯১—প্রশ্ন ওঠে না।

১৯৯১-২১ (যাকে রপ্তানি করা হয়েছে)	**পরিমাণ** (লক্ষ চারা)
ডিভিসনাল ফরেস্ট অফিসার, সাহেবগঞ্জ, বিহার	১০.২০
রেঞ্জ অফিসার, দুমকা-পূর্ব হিজলী, বিহার	৪.৭৫
রেঞ্জ অফিসার দুমকা-পশ্চিম হিজলী, বিহার	১.৪০

[11-00 — 11-10 A.M.]

(Loud noise, Several members of both the sides rose to speak)

Mr. Speaker : Please take your seat. Please take your seat. Please, please take your seat.

(Loud noise and interruptions)

I am on my leg. Please take your seat. Please. please.

শ্রী জ্যোতি বসু ঃ আপনারা চলে যান, কি করছেন? আপনারা চলে যান। বসে পড়ুন যার যার জায়গায়। আপনারা কি মনে করছেন বাইরে মস্তানি করছেন বলে এখানে করবেন? এখানে গুন্ডামি করতে পারবেন না।

(গোলমাল)

বসুন।

(তুমুল গন্ডগোল)

আপনাদের সাহস থাকে তো এখানে গুন্ডামি করুন, দেখুক মানুষ।

(গোলমাল)

(Noise and interruptions)

(Several members of both the sides rose to speak)

Mr. Speaker : Please take your seat. Please take your seat. Mr. Pandey, please take your seat. Mr. Mondal, please take your seat.

(Noise and interruptions)

Please, please, please take your seat. The Business Advisory Committee had a meeting this morning and we have decided that the Question hour and Mention remain suspended and two hours, time has been allotted on the motion of Tinbigha—non-official motion. There are two motions. One given by Shri Lakshmi Dey & others and the other given by Shri Deba Prasad Sarkar.

(Noise and interruptions)

Please, please. Several parties together decided...

(Loud noise and several members of the Opposition rose to speak)

Why do you go on in this way? Please, please. আমাকে শেষ করতে দিন।

I have not given the report. We have allotted two hour's time for discussion on this motion. I think I have the consent of the House on that allotment of time.

(Voice : yes)

That is approved. Now, Mr. Siddhartha Shankar Ray, what have you to say?

Shri Siddhartha Shankar Ray : We want adjournment of the House now for this purpose, for dicussion on what happened yesterday. It is a very serious matter.

(Noise and Interruptions)

Here is the tear-gas shall which was thrown on the third floor of the Congress office. Mamata Banerjee and I were there. I want a discussion on this. The Chief Minister have the power.

(Noise) get down the telephone

(গোলমাল)

স্যার, জিনিসটা এত গুরুত্বপূর্ণ

(At this stage Shri Rabin Mondal rose to speak)

Mr. Speaker : Mr. Mondal, don't disturb.

Shri Siddhartha Shankar Ray : Sir, I want and demand .. (noise) We want immediately a discussion on this. Thereafter, although wants that the Tin Bigha Resolution be passed. We shall do our national duty, but not (noise) please listen to this, listen the murderer of India. His policemen, yesterday, I tell you, Sir, please listen, you are a criminal lawyer, I went there at three O'clock, after we have withdrawn our candidate because there was a Press Conference, members of the Press were there. We had the Press Conference. After the Press Conference, certain things were required. There were a lot of boys outside. We were up in the building which was half-finished, which had not been fully completed no bathroom, no water, whatsoever, Press-men were down, part of them remain down with me. Mamata Banerjee went down. Subrata Mukherjee went down. Mr. Saugata Ray went down

.. (noise and interruptions)...

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ লজ্জা করে না, কাউন্টিং বন্ধ হয়ে গেছে? ইলেকশন কমিশন কাউন্টিং বন্ধ করে দিয়েছে। এই লোকটাকে চড় মেরেছে। এই লোকটার মুখে কালি দিয়েছে। চোর, সেদিন চুরি করেছেন। হরিয়ানার মেহাম বানিয়েছেন। আমরা কিছু বলিনি। স্যার, আমাকে টাইম দিন। আমি এইরকমভাবে বলতে চাই না।

Dr. Zainal Abedin : Sir, I rise on a point of order.

(noise)

[11-10 — 11-20 A.M.]

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ স্যার, আমি খালি এইটুকু বলতে চাইছি, আমাদের অনেক বলবার আছে। আমি এই রকম বিক্ষিপ্ত ভাবে বলতে চাই না। আমি বলব, আপনি আমাদের সময় দিন। আমরা বলব, আপনি শুনুন। আমাদের মুখ থেকে শুনুন। জানেন স্যার, এভিডেন্স সরিয়ে দেবার চেষ্টা করেছিল। দেখলাম মারছে। আমি যখন নেমেছিলাম তখন দেখলাম সবাইকে মারছে—সবাইকে মেরে ফেলবে। আমি এগিয়ে রাস্তায় নেমে গেলাম। Who is in charge here? What the hell are you doing? সোজা রাস্তায় নেমে গেলাম,

[9th June, 1992]

গিয়ে পরে একটি ছেলে লুকিং লাইকে এ মাংকি, তাকে গিয়ে জিজ্ঞাসা করলাম—কি করছেন পাগলের মতো (গোলমাল) স্যার, আমি বলব না।

Mr. Speaker : Don't disturb. Please take your seat. Mr. Ray go on.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় : আমি বিক্ষুদ্ধভাবে বলতে চাই না, আমাদের কতক্ষণ টাইম দেবেন আগে বলুন। আগে এটা নিয়ে আলোচনা করতে টাইম দিন, তারপরে ৩ বিঘা রেজলিউশন পাস করব। আমাদের প্রসেসনে যেতে হবে, এখনও মৃতদেহ ঠান্ডা হয় নি। আমরা গড়িয়াহাটা থেকে সোনারপুর প্রসেসন নিয়ে যেতে হবে। ওনারা যেমন সমস্ত দল নিয়ে সারা রাত ধরে মিটিং করতে পারেন তেমনি আমাদের ও মৃত সৈনিক, মৃত কর্মীকে শ্মশানে নিয়ে যেতে হবে। আমরা ১টা ১.৫০টার সময়ে চলে যাব। আপনারা যেখানে মনে করছেন যে এই রেজলিউশন পাস করতে ২ ঘণ্টা সময় লাগবে সেটা ঠিক নয়, এটা পাস করতে ১৫ মিনিট সময় লাগবে। এই রেজলিউশন উনিও দেখেছেন, আমিও দেখেছি এবং প্রাইম মিনিস্টারও দেখেছেন। এই রেজলিউশনটিতে একটি ভুল ছিল। আমিই বলেছি এতে ভুল আছে, কারেক্ট করতে হবে সুপ্রিম কোর্টের জাজমেন্ট, না দেখে করেছেন দোষ দিই না। উনি তো আইনের বই-টই দেখেন না ফলে ভুল হয়েছে। জাজমেন্ট এক কথা লেখা আছে আর উনি রেজলিউশন করলেন আরেকটা। আমি এই ব্যাপারটা সেন্টারকে বলেছি, সেন্টার বলেছে ঠিকই, ভুল হয়েছে কারেক্ট করতে হবে। আমি ধন্যবাদ জানাই জ্যোতি বাবুকে যে তিনি অন্তত এই ভুলটা স্বীকার করেছেন। পরশুদিন আমি ফোনে বলেছিলাম জ্যোতিবাবুকে, তিনি বলেছেন ঠিকই, ভুল হয়েছে, ঠিক করতে হবে। পরে আবার আমি একথাও বলেছিলাম যে, এটা বাংলায় করবেন না, ইংরাজিতে করুন। উনি রাজিও হয়েছেন ইংরাজিতে করতে এবং ইংরাজিতেই পাস করানো হবে। তবে আগে আমাদের এই ব্যাপার ডিসকাশন করতে সময় দিতে হবে এবং এটা হবার পর হাউস অল্প কিছুক্ষণের জন্য অ্যাডজর্ন করে এই তিনবিঘা নিয়ে আলোচনা শুরু হবে। এই তিন বিঘা নিয়ে আলোচনা করতে ১৫ মি সময় লাগবে না। আমি খালি সুপ্রিম কোর্টের থেকে ৩-৪টি জিনিস পড়ে শোনাব। আমাদের ১টা থেকে ১-৩০মি মধ্যে প্রসেসন নিয়ে যেতে হবে।

মিঃ স্পিকার : আগে তিনবিঘা নিয়ে আলোচনাটা হয়ে যাক।

Shri Siddhartha Shankar Ray : We are not in a mood to do So. I told the Chief Minister that we want do it.

মিঃ স্পিকার : আমার একটা প্রশ্ন আছে। I have a question which is disturbing my mind.

Shri Siddhartha Shankar Ray : I will not listen to anything excepting this.

(Noise and interruption)

Mr. Speaker : As far as I am informed, (noise and interruption I am on my legs

(noise and interruption)

Shri Siddhartha Shankar Ray : Where a Central Minister and the leader of the opposition have been tear-gased যেখানে মৃতদেহ পড়ে আছে সেখানে অধিকার-টধিকার থাকে না।

Mr. Speaker : We are Governed by certain rules and prcedents of this House.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ হোয়াট রুলস (গোলমাল)

মিঃ স্পিকার ঃ বসুন, বসুন, Under the rules of this House we cannot discuss any matter which is subjudice.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ আপনার আইনের জ্ঞানের উপরে আমি নির্ভর করি না।

Mr. Speaker : Listen to me. As for as I have been informed the Chief Election Commissioner has stayed the counting of the election has officials to make certains enquire on certain complaints having been received by him.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ You adjourn the House for 10 minutes, we will negotiat. যদি ৫-১০ মি বেশি হয় তাতে ভারত অশুদ্ধ হবে না।

(গোলমাল)

DISCUSSION ON THE INCIDENT OF BALLYGUNGE BY-ELECTION

মিঃ স্পিকার ঃ কেউ অশুদ্ধ হবে না, টাইমটা শিডিউল করতে হবে তো । ইউ স্ট্যার্ট দি ডিবেট।

[11-20 — 11-30 A.M.]

Shri Siddhartha Shankar Ray : Sir, there are five witness in our side. They are Shri Saugata Ray, Shri Sobhan Deb Chattopadhyay, Shri Sadhan Pande, Dr. Zainal Abedin and Shri Subrata Mukherjee. They will speak first. Then finally I will speak. আমরা ইরেসপনসিবিল নই, আমরা রেসপসিবল কথাই বলব, এক ঘণ্টায় যদি শেষ না হয় তাহলে ভারত অশুদ্ধ হবে না। স্যার, এক ঘণ্টা ধরে আলোচনা হবে, তারপর যদি পাঁচ, দশ মিনিট বেশি হয় তাতে ভারত অশুদ্ধ হবে না। আর তিন বিঘার ব্যাপারে যে রেজলিউশন আনা হয়েছে সেটা না থাকলেও

তিনবিঘা বাংলাদেশ নিয়ে নিত, এটা কোনও ব্যাপার নয়। তিন বিঘায় ১০ মিনিটের বেশি আলোচনা করতে সময় লাগবে না। ভারতের স্বার্থে এই রেজলিউশন-এর ব্যবস্থা করতে হবে। এখন আমাদের ডিসকাশন চলুক। এই যে ভদ্রলোক সেজে বসে আছেন।.....

মিঃ স্পিকার ঃ মিঃ সৌগত রায় বলুন।

শ্রী সৌগত রায় ঃ স্যার, গতকাল বালিগঞ্জ উপ-নির্বাচনকে কেন্দ্র করে সি পি এম দল এবং তার মুখ্যমন্ত্রী যে নগ্ন নির্লজ্জ, হিংস্র চেহারা দেখালো এই বিধানসভায় আমরা তার তীব্র নিন্দা করছি। এটা মেহামকেও ছাড়িয়ে গেছে এবং নিজেরা বালিগঞ্জে হেরে যাবে জেনে মুখ্যমন্ত্রীর উপদেশ, মন্ত্রী শ্যামল চক্রবর্তীর উপস্থিতিতে সি পি এম দল প্রকাশ্যভাবে রিগিং করে এই নির্বাচনকে এক প্রহসনে পরিণত করেছে, গণতন্ত্রকে ধর্ষণ করেছে এবং বলাৎকার করেছে। বেলা নটার পর থেকে প্রথম দু ঘণ্টা প্রকৃত শান্তিপূর্ণ নির্বাচন হয়েছিল। কিন্তু সি পি এম বাইরে থেকে শ্যামল চক্রবর্তী, লক্ষ্মী দে, রাজদেও গোয়ালার নেতৃত্বে বিরাট সংখ্যক গুন্ডা ও কুখ্যাত খুনি শ্রীধরকে নিয়ে এসে বেলা দশটার পর থেকে ৬৬ এবং ৬৭ নং ওয়ার্ডে একের পর এক মিছিল করে গিয়ে বুথগুলি দখল করে ও কংগ্রেসের পোলিং এজেন্টদের বুথ থেকে বার করে দেওয়া হয় ; কংগ্রেসের বুথ ক্যাম্পগুলি ভেঙ্গে দেওয়া হয়। পাঠভবনের বুথ একেবারে ভেঙ্গে দেওয়া হয় এবং এর প্রতিবাদে কংগ্রেস কর্মীরা বেলা ১১টার পর থেকে পথ অবরোধ করেছিল। সেই পথ অবরোধ করার পর ১টা১৫ মিনিট নাগাদ আমরা নির্বাচন থেকে আমাদের প্রার্থী প্রত্যাহার করে নিই। যখন আমরা বিজন সেতুর নিচে ছিলাম তখন শ্রীধরের নেতৃত্বে এবং সি পি এমের দুজন বিধায়ক দীপক চন্দ এবং কুমকুম চক্রবর্তীর উপস্থিতিতে মমতার গাড়িতে ওরা বোমা ফেলে। তারপর বিকেল তিনটের সময়ে যখন আমরা অফিসের মধ্যে প্রেস কনফারেন্স করছিলাম এবং মমতা যখন কর্মীদের শান্ত করার জন্য বক্তৃতা দিচ্ছিলেন তখন পুলিশের জীপ কংগ্রেস কর্মীদের ধাওয়া করে আসে এবং বিনা প্রোভোকেশনে প্রথমে টিয়ার গ্যাস ছোঁড়ে। গড়িয়াহাটা রোড যেখানে স্বপন চক্রবর্তী মারা গেল, সেখানে কোনও ঘটনাই ঘটেনি। শান্তিপূর্ণভাবেই সে দাঁড়িয়ে ছিল। ডি সি সাউথের নেতৃত্বে তাকে গুলি করে মারা হয় এবং তারপর সেই জায়গায় রক্ত ধুয়ে দিয়ে সেখানকার প্রমাণ লোপাট করার চেষ্টা করা হয়। সেখানে মনোজ ভগৎ বলে আরেকটি নির্দোষ ছেলেও গুলি খেয়েছে এবং সে এখন মৃত্যুর সঙ্গে লড়াই করছে। পুলিশ কমিশনার—কমিশনার হবার পর তিনি বামফ্রন্ট সরকারকে এটা তোফা দিলেন। এদিকে মুখ্যমন্ত্রী বলছেন কোনও ঘটনা ঘটেনি। মুখ্যমন্ত্রীর মতো এই রকম অসত্য ভাষণ—মুখ্যমন্ত্রীর মতো এই রকম গণতন্ত্রধর্ষণকারী মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় বসে আছেন, এটা আমরা অনুভব করছি। ওরা শিক্ষা পেয়েছে নির্বাচন কমিশনারের কাছ থেকে। নির্বাচন কমিশনার কাউন্টি বন্ধ করে দিয়েছেন। আমরা দাবি করছি অবিলম্বে তুষার তালুকদারকে সরিয়ে দিতে হবে এবং ডি সি জয়দেব চক্রবর্তীকে অবিলম্বে সাসপেন্ড করতে হবে। নিহত পরিবারকে ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দিতে হবে এবং এই ধরনের নির্বাচন নয়, সেন্ট্রাল অবজারভার এনে নির্বাচন করতে হবে। আমি তীব্র ধিক্কার জানাচ্ছি, এই মুখ্যমন্ত্রীকে।

শ্রী সাধন পান্ডে ঃ স্যার, গতকাল যে ঘটনা ঘটে গেছে—ভারতবর্ষের ইতিহাস গণতন্ত্রকে

এই রকমভাবে ধর্ষণ করবার যে নজির মুখ্যমন্ত্রীর নেতৃত্বে হয়েছে—তা ইতিহাস হয়ে থাকবে। স্যার, এই যে ভদ্রলোক বসে আছেন, কত রক্ত চান? হাজার হাজার কংগ্রেস কর্মীকে খুন করা হয়েছে, হচ্ছে, পুলিশ নৃশংসভাবে গুলি চালিয়েছে। ওর দপ্তরের পুলিশ গুলি চালিয়েছে। মানুষকে হত্যা করেছে। আর নির্বাচনের পর উনি ঘোষণা করছেন যে, কেউ মারা যায় নি। শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। এতবড় অসত্যবাদী, এতবড় নেকেড চরিত্রের আর কেউ হয় না। রক্ত পিপাসুর দল সব। আর তার নেতৃত্ব দিচ্ছেন এই ভদ্রলোক। সিদ্ধার্থবাবু আমাদের লিডার, আমাকে পি জি হাসপাতালে যেতে বললেন হাসপাতালে গিয়ে দেখছি পুলিশে ছয়লাপ এবং কে মারা গেছে। আমি যখন এডওয়ার্ড ওয়ার্ডে গিয়ে পৌছালাম দেখি একজন ব্যক্তি শুয়ে আছে, ওর নাকের মধ্যে নল ঢোকানো ডাক্তার বলছেন যে, মারা যায় নি। স্যার, আমি সিস্টারকে ডেকে পাঠালাম এবং বললাম এই ভদ্রলোক মারা গেছে, তার হাত ঝুলছে, গুলি ভেদ করে চলে গেছে। তখন তার নলখানা দিয়ে বলল যে মারা গেছে। স্যার, এইরকম লুকোচুরির খেলা পুলিশকে খেলতে শিখিয়েছে। আমি পুলিশ কমিশনারকে ফোন করে বললাম যে, হুমায়ুন কবির ইনস্টিটিউটে রিগিং চলছে, বুথ থেকে লোক বের করে দিচ্ছে। উনি বললেন দেখছি কিন্তু কোনও প্রতিকার হয় নি। পুলিশ কমিশনার বললেন যে দেখছি। বললেন কোথাও কিছু হয়নি। অবিলম্বে পুলিশ কমিশনারের সাসপেনশন চাইছি। স্যার, আমরা চাইছি মাননীয় বিরোধীদলের নেতা যে প্রসিকিউশন চাইছেন—মুখ্যমন্ত্রীর যদি সৎ সাহস থাকে তাহলে প্রসিকিউশন অ্যালাও করে দিন। সেখানে যে ডি সি-র নেতৃত্বে গুলি চলেছে তার প্রসিকিউশন চাইছি। ডি সি সাউথের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য আমরা এই হাউস থেকে দাবি করছি। দুঃখের ব্যাপার, পরিতাপের ব্যাপার এতবড় একটা মেহাম ঘটে গেল, আপনি চেয়ারে বসে আছেন বলে কিছু বলতে পারছি না। দুঃখ লাগছে—আপনাকে নির্বাচনে জড়িত করেছে, কলঙ্কের সঙ্গে জড়িত করেছে। আপনাকে আমরা টানতে চাইনি। কালকে মেহামের যে ঘটনা সেই ঘটনার পুনরাবৃত্তি ঘটেছে এই মুখ্যমন্ত্রীর নেতৃত্বে। নির্লজ্জ মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর যদি সাহস থাকে তাহলে বলবেন। স্যার, বরানগর ভুলে যাবেন না। এই নির্বাচন বাতিল করে অন্য রাজ্য থেকে প্রিসাইডিং অফিসার এনে নিরপেক্ষ নির্বাচন করুন তাহলে বুঝব। আপনার শক্তিটা দেখতে পারি। কিন্তু যদি না করেন পশ্চিমবঙ্গের মানুষ আপনাকে ক্ষমা করবে না। আপনি হরিয়ানায় বাড়ি করে চলে যেতে পারেন। স্যার, ভারতের মানুষ ভুলবে না। ইউ আর দি ডন অফ রিগিং, ইউ হ্যাভ ক্রিয়েটেড দিস রিগিং, ইউ আর দি ক্রিয়েটার অফ মেহাম ইন ওয়েস্ট বেঙ্গল। আপনাকে পশ্চিমবাংলার জনগণ ছাড়বে না। বরানগর আপনি ভুলে যাবেন না। প্রতিবাদী মানুষ—আপনাকে ছেড়ে দেবে না। পশ্চিমবঙ্গের মানুষ তৈরি হচ্ছে। আমরা চাইছি দাঁড়িয়ে উঠে সৎ সাহস থাকে তো স্বীকার করুন, রিগিং করেছেন আপনি এবং আপনার পুলিশ দপ্তর, ক্রিমিন্যাল সি পি এমের গুন্ডারা।

[11-30 — 11-40 A.M.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার স্যার, আমার লজ্জা বোধ হচ্ছে, আজকে পশ্চিমবাংলার সবচেয়ে (**) সবচেয়ে বড় (**) নেতার সামনে দাঁড়িয়ে আজকে

Note : [* Expunged as ordered by the Chair]

আমার বক্তব্য রাখতে হচ্ছে। গতকাল বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে।

মিঃ স্পিকার ঃ ওটা বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ ঠিক বলেছি, আবার বলব। এত বড় (**) গতকাল তার সাকরেদ শ্যামল চক্রবর্তী, লক্ষী দে, কুমকুম চক্রবর্তী, দীপক চন্দ, রাজদেও গোয়ালা হাজার হাজার নাম করা গুন্ডা দিয়ে বালিগঞ্জ উপনির্বাচন প্রহসনে পরিণত করেছেন, গণতন্ত্রের কফিনে শেষ পেরেক পুঁতে দিয়েছেন।

মিঃ স্পিকার ঃ মাফিয়া ডন বাদ যাবে, সব জায়গায় বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ জ্যোতি বসু কতকগুলো বাইরের মানুষ দিয়ে বুথ জ্যাম্প করে দিয়েছে। ঘণ্টার পর ঘণ্টার দাঁড়িয়ে থেকে যারা গণতন্ত্রের পূজারি যারা ভোট দিয়ে তাদের মতামত ব্যক্ত করতে চান সেই মানুষগুলো ভোট দিতে পারেন নি। ঘণ্টার পর ঘণ্টা রাস্তায় দাঁড়িয়ে থেকে তারপর বিরক্ত হয়ে চলে গিয়েছেন। এর নাম গণতন্ত্র? এর নাম নির্বাচন? নির্বাচনের নামে প্রহসন হয়েছে। একজন প্রখ্যাত সাহিত্যিক দিবেন্দু পালিত বলে গিয়েছেন, সংবাদপত্রে নিজের নামে লিখেছেন যে এত বড় প্রহসন গণতন্ত্রের নামে এর আগে পশ্চিমবঙ্গে হয় নি। আজকে সমস্ত গুন্ডাবাহিনীকে আমন্ত্রণ করেছেন এবং বিজন সেতুর নিচে যখন মমতা ব্যানার্জি তার গাড়ি নিয়ে আসে সেই গাড়ির মধ্যে বোমা নিক্ষেপ করা হয়। তার নেতৃত্ব দিয়েছে কে? তার নেতৃত্ব দিয়েছে শ্রীধর যে ৯টি খুনের আসামী। আপনারা তুষার তালুকদারকে নিয়ে এসেছিলেন কমিশনার করে বি কে সাহাকে সরিয়ে। তার লক্ষ্য কি ছিল? সেদিন মানুষ বুঝতে পারে নি। সেদিন মানুষ মনে করেছিল স্বপন দের সঙ্গে যোগাযোগ আছে বলে বুঝি তাকে সরিয়ে দেওয়া হয়েছে। আসল উদ্দেশ্য ছিল এই উপ-নির্বাচনকে সম্পূর্ণভাবে রিগিং করে আজকে তাকে দিয়ে এই কাজটা করিয়ে নেওয়ার জন্য তুষার তালুকদারকে আনা হয়েছে। যদি স্বপনদের সঙ্গে যোগাযোগ থাকার জন্য বি কে সাহাকে চলে যেতে হয়, তাহলে পুলিশের সামনে কুমকুম চক্রবর্তী, দীপক চন্দের সঙ্গে এক সঙ্গে হাতে হাত ধরাধরি করে শ্রীধর ছিল, কালকে বোমা ছুড়েছে, ঢিল ছুড়েছে। তাহলে তুষার তালুকদারকে কেন পদত্যাগ করানো হবে না। গতকাল আমাদের কংগ্রেস অফিসের মধ্যে পুলিশ এই সেলটি ছুঁড়েছিল, এই সেলটা ফাটে নি। আমি এই সেলটা ফাটিয়ে মুখ্যমন্ত্রীকে দেখিয়ে দেব, কতটা সুবিধা হয় বা কতটা অসুবিধা। আমি এটা ফাটিয়ে দেখিয়ে দিতে চাই। আমি জানিয়ে দিতে চাই আপনার এই ঘরে গণতন্ত্রকে হত্যা করার জন্য আগামীকাল আমরা কলকাতা বন্ধ ডেকেছি। সারা পশ্চিমবাংলায় আপনার কুশপুত্তলিকা দাহ হবে এবং আপনি চিরকাল মানুষের কাছে গণতন্ত্রের সবচেয়ে বড় হত্যাকারী হিসাবে পরিচিত থাকবেন। পশ্চিমবাংলার মানুষ আপনাকে ঘৃণা করবে। বাংলার অনেক মানুষ গণতন্ত্রের জন্য প্রাণ দিয়েছেন। আপনার প্রতি পশ্চিমবঙ্গের মানুষের ঘৃণা ভরে থাকবে। এইভাবে গুন্ডা আমদানি করে, মাফিয়া আমদানি করে সারা বালিগঞ্জের মানুষের সমস্ত গণতান্ত্রিক অধিকারকে টুটি টিপে হত্যা করা হয়েছে। এই জিনিস পশ্চিমবঙ্গের মানুষ দেখেছে। একটি শিশুকে, আর ৩০ বছরের মানুষকে পুলিশ গুলি করেছে।

Note : [* Expunged as ordered by the Chair]

জ্যোতি বসু বলেছেন কোনও গুলি চলে নি। এতবড় অসত্য ভাষণ দিয়েছেন। চিফ সেক্রেটারি বলেছেন কোথাও গুলি চলে নি। আর সংবাদপত্র প্রমাণ করে দিয়েছে, গতকাল টি ভি প্রমাণ করে দিয়েছে কিভাবে আপনারা গণতন্ত্রকে হত্যা করেছেন।

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ মিঃ স্পিকার স্যার, গতকাল বালিগঞ্জের নির্বাচনে কংগ্রেস যে হারবে, এটা ওদের আগেই জানা ছিল। কংগ্রেস (আইয়ের) সভাপতি শ্রী সোমেন মিত্র যিনি আজকে উপস্থিত নেই........

(গোলমাল)

স্যার, ওরা আলোচনা চেয়েছেন, আমি তো আলোচনা করছি। সোমেন মিত্র চিনে যাওয়ার আগে.....

(তুমুল গোলমাল ও বাধাদান।)

সিদ্ধার্থশঙ্কর বাবু আপনি যদি আপনার লোকদের নিরস্ত না করেন, আপনাকে বলতে দেওয়া হবে না, আপনার বক্তৃতা বন্ধ করে দেব। মিঃ স্পিকার স্যার, ওরা আলোচনা করতে চেয়েছিলেন।

(তুমুল হট্টগোল)

মিঃ স্পিকার ঃ শ্যামলবাবু আপনি বলুন।

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ কি করে বলব? আলোচনা ওরা চেয়েছিলেন। আমাকে যদি বলতে না দেওয়া হয় বিরোধী দলের নেতা শুনে রাখুন, আপনিও বলতে পারবেন না। আই উইল নট স্পিক।

Mr. Speaker : Mr. Ray, please, please take your seat. Please sit down. Mr. Siddhartha Shankar Ray, I request you to ask your members to sit down.

(Loud noise and interruptions)

Please take your seat. Please take your seat.

(Noise. Several members of the Opposition rose to speak)

Please take your seat. Please take your seat. Mr. Mukherjee, take your seat. Don't disturb.

(Loud noise and interruptions)

Please take your seat.

(Loud noise and interruptions)

Please take your seat. Mr. Mukherjee, please take your seat. Don't disturb.

(তুমুল হট্টগোল, একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন)

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ (স্যার, ওরা না বসলে আমি বলব না)

(তুমুল হট্টগোল, একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন)

Mr. Speaker : Please take your seat. Mr. Mukherjee, please take your seat. Don't disturb.

(Noise and interruptions)

Mr. Speaker : Mr. Ray, we cannot work in this way. Mr. Ray, Mr. Ray, please. এইভাবে চলতে পারে না।

The debate cannot go on in this way. I have to close the debate. I will close the debate. I will not allow the debate to go on in this way. I will expunge all that has been recorded. I will close the debate. It cannot work in this way. Mr. Shyamal Chakraborty, please speak.

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ স্যার, ওরা যখন বলছিলেন তখন কিন্তু আমরা শুনেছি, ওদের বিরক্ত করি নি। স্যার, কংগ্রেস (আই)

(তুমুল হট্টগোল)
(একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

স্যার কংগ্রেস (আই) যে হারবে তা ওদের নিশ্চিত জানা ছিল। এই গোটা ব্যাপারটাই পূর্ব পরিকল্পিত।

(গোলমাল)

কংগ্রেস (আই) সভাপতি.......

(গোলমাল)

আমাকে বলতে না দিলে উনি বলতে পারবেন না।

(গোলমাল)

কংগ্রেসি সদস্যরা বলছিলেন।

Mr. Speaker : Mr. Ray, the debate cannot go on in this way.

There has to be some patience and some responsibiltiy.

(Several members of the Congress (I) rose to speak)

I am on my leg. Please take your seat. I will close the debate and expunge all the record. I will not allow you to go on in this way. I will close the debate.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মন্ত্রী যদি বলতে চান—আমরা খুব ইমোশ্যনালি আপসেট হয়ে আছি। Let the Minister talk responsible and not iresponsible. Let him not talk politically as he tried to do সেটা বললে, (গোলমাল)

(Loud noise and interruptions)

Mr. Speaker : Mr. Ray, Please, please.

(Noise and interruptions)

Mr. Ray, I think no member has a right to modulate or guide the speech of any hon'ble member. Every member has got the right of free speech. Nobody has the rights to modulate your speech. How can you guide somebody else's speech ? You should have patience. Don't disturb.

(Noise and interruptions)

Please take your seat.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মন্ত্রী যদি বলতে চান আমরা খুব ইমোশন্যালি আপসেট হয়ে আছে। Let the Minister talk responsible and not irresponsible সেটা বললে Let him not talk politically as he tread to do (গোলমাল) Let him talk , Let him not try to defend the police কোয়েশ্চেন হচ্ছে, এখানে আমাদের অনেক বক্তব্য আছে সেটা আমরা রাখব। উনি বললেন, 'আমাকে বলতে না দিলে লিডার অব দি অপোজিশনকে বলতে দেব না। আমাকে বলতে না দিলে তো আজকে হাউসই হবে না।

(গোলমাল)

আজকে আমাকে যদি বলতে না দেন তাহলে হাউস হবে না। হাউসটা তো করতে হবে। কারণ তিনবিঘার ব্যাপারটা পাশ করাতে হবে। তাই ঐসব বড় বড় বাজে কথা যদি বলেন, ঠিক আছে, আপনারা যদি না চান।

[11-40 — 11-50 A.M.]

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ মাননীয় বিরোধী দলের নেতাকে ধন্যবাদ, তিনি আমাকে দায়িত্বশীল

বক্তৃতা করবার জন্য অনুরোধ করেছেন। পশ্চিমবাংলার সব থেকে (**) প্রাক্তন মুখ্যমন্ত্রীর কাছ থেকে এই রকম উপদেশ সকলেই পায়।

(গোলমাল)

মিঃ স্পিকার ঃ (দায়িত্ব জ্ঞানহীন) বাদ যাবে, এক্সপাঞ্জ করুন। (দায়িত্ব জ্ঞানহীন) এক্সপাঞ্জ করুন।

(গোলমাল)

বলুন শ্যামল বাবু। Please take your seat. Don't make any personal allegations. Don't do it, otherwise I will expunge it. ডোন্ট মেক পার্সন্যাল এলিগেশন, কারও পক্ষে করবেন না, ডোন্ট ডু ইট।

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাকে বলছেন?

মিঃ স্পিকার ঃ আমি সবাইকে বলছি। ডোন্ট মেক পার্সন্যাল এলিগেশন, ডোন্ট ডু ইট। টেক ইয়োর সিট প্লিজ (টু মেম্বার্স, দোজ হু রোজ টু স্পিক) আই উইল এক্সপাঞ্জ ইট, টেক ইয়োর সিট।

(গোলমাল)

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ কংগ্রেসের সভাপতি সোমেন বাবু যখন চিনে যান, যাবার সময় তিনি বলে গিয়েছিলেন, ভবিষ্যতবাণী করেছিলেন, বহরমপুরে কংগ্রেস জিতবে এবং বালিগঞ্জে রিগিং হবে। এটা উনি যাবার আগে সাংবাদিকদের বিবৃতি দিয়ে গিয়েছিলেন পরাজয়ের আগে, সংবাদ পত্রে বেরিয়েছে। একজন কেন্দ্রীয় মন্ত্রী, তিনি বারবার হুমকি দিয়েছেন আমি ২০ হাজার লোক নিয়ে আসবো ওখানে এবং কালকে বালিগঞ্জে নির্বাচন কেন্দ্রে এবং কালকে যারা যারা ছিলেন, তাদের নাম হচ্ছে একজন কেন্দ্রীয় মন্ত্রী, মাননীয় সৌগত রায়, যিনি নিজের হাতে, নিজের দলবলের ছেলে নিয়ে বাস পুড়িয়েছেন, বাসের চাকার হাওয়া খুলেছেনব, ছবি আমাদের কাছেও আছে। আর একজন তিনি বালিগঞ্জের লোক নন, আর একজন বিধায়ক বসে আছেন সাধন পান্ডে, তার নেতৃত্বে পুরানো পাঠ ভবন স্কুলের সামনে একদল গুন্ডা বদমায়েস মস্তান নিয়ে রিভলভার সমেত আক্রমণ করে। এইগুলো কি মিথ্যা?

(গোলমাল)

আমাদের আর একজন বিধায়ক, তিনিও বালিগঞ্জের নন, তিনি বারুইপুর কেন্দ্র থেকে নির্বাচিত, থাকেন অন্য জায়গায়। এখানে গলাবাজি করে বক্তৃতা করলেন শোভনদেব চট্টোপাধ্যায়, তিনি নিজে বসে সমস্ত ব্যাপারটা পরিচালনা করেছেন।

(গোলমাল)

Note : [* Expunged as ordered by the Chair]

এখন ধরুন একজন মারা গেছে স্বপন চক্রবর্তী, তিনি কে? তিনি কি বালিগঞ্জের লোক? তিনি সোনারপুরের।

(গোলমাল)

যেখানে যেখানে বামপন্থীরা ভোট পায়, তিলজলা এবং কসবা, আমরা বার বার জিতি, আজকে থেকে নয়। এবার তিলজলা এবং কসবাতে যাতে ভোটাররা সন্ত্রাস হয় তার জন্য পঙ্কজ ব্যানার্জি নামক কংগ্রেস নেতার নেতৃত্বে প্রথম থেকে হামলা চলে। জাভেদকে গ্রেপ্তার করা হয়েছে। জাভেদ নামে একজন কুখ্যাত মাস্তানকে গ্রেপ্তার করা হয়েছে।

(গোলমাল)

মিঃ স্পিকার ঃ সাধন পান্ডে বসুন, ডোন্ট ডিসটার্ব।

(গোলমাল)

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ জাভেদ নামে একজন কুখ্যাত মস্তানকে গ্রেপ্তার করা হয়েছে রিভলভার সহ। কংগ্রেসের লোক ওখান থেকে বেআইনি ভোট চায়। জাভেদ কাদের লোক, আগ্নেয় অস্ত্র সহ তাকে গ্রেপ্তার করা হয়েছে।

(গোলমাল)

কিন্তু কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে ছবি বেরিয়েছিল কেওড়াতলার কুখ্যাত মস্তান স্বপন দে'র? পশ্চিমবাংলার মানুষ জানে, পশ্চিমবাংলার মানুষ জানে না তা নয়। আসলে আমাদের প্রার্থী রবীন দেব, তার গাড়িকে আক্রমণ করা হয়েছে। এই যে ছবি রয়েছে। (একটি ছবি দেখান)। বাসের ওপর আক্রমণ করা হয়েছে। বাসে আগুন জ্বালানো হয়েছে। সেখানে কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন। সেখানে কেন্দ্রীয় মন্ত্রী উপস্থিত ছিলেন। সৌগত রায় উপস্থিত ছিলেন। তাদের উপস্থিতিতে হামলা হয়েছে এবং ফায়ার ব্রিগেডের গাড়িতে আগুন জ্বালানো হয়েছে। সুব্রতবাবু আজকে এত উত্তেজিত কেন? সৌগত রায় নেতৃত্ব দিয়েছিলেন, কংগ্রেস কর্মীদের হাত থেকে সুব্রতবাবুকে ছুটে পালাতে হয়েছে।

(প্রচন্ড গোলমাল)

শ্রী সুব্রত মুখার্জি ঃ স্যার, আমার পার্সোনাল এক্সপ্লানেশন আছে।

মিঃ স্পিকার ঃ পরে বলবেন। I will here you afterwards. Don't shout. Please take your seat.

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এখানে রিগিং-এর কথা বলা হচ্ছে। রিগিং মানে কি? জাল ভোট বেশি দেওয়া। স্যার, গতবার এই কেন্দ্রে ভোট পড়েছিল ৬৬%। ১৯৯১ সালের নির্বাচনে ভোট পড়েছিল ৬৬%। আর এবারে সেখানে ভোট পড়েছে—পোলিং এজেন্টদের কাছ থেকে যে রিপোর্ট পেয়েছি, সেটা হচ্ছে ৬২%। এটাকে রিগিং বলে? জাল ভোট বলে?

স্যার, এখানে ওরা বলছেন, এটা আমাদের নৈতিক জয়। পশ্চিমবাংলার নির্বাচনী অফিসারের কাছ থেকে কোনও খবর নেওয়া হল না। পশ্চিমবাংলার নির্বাচনের দায়িত্বে যারা আছেন তাদের কাছ থেকে কোনও খবর নেওয়া হল না। ওটা নাকি পরে হবে। অনেক উপনির্বাচনই এখানে বানচাল করার চেষ্টা করা হয়েছে। বিরোধী দলের নেতা সিদ্ধার্থশঙ্কর রায় যখন এখানে মেম্বার ছিলেন না তখন তিনি পশ্চিমবাংলায় নির্বাচন বন্ধ করার জন্য সুপ্রিম কোর্টে কেস করেন নি? সুপ্রিম কোর্ট ওর নাক ঘষে দিয়েছিল। স্যার, সিদ্ধার্থবাবু বলছেন সিকিউরিটি নেবেন না। আমি বলছি পশ্চিমবাংলায় সিদ্ধার্থবাবুর সিকিউরিটির দরকার নেই। তিনি পাঞ্জাবে আগুন জ্বালিয়ে এসেছেন, সিকিউরিটি নিয়ে তিনি দয়া করে সেখানে যান। স্যার, কংগ্রেসের যা অবস্থা হয়েছে তাতে ওদের এখন বাইরে থেকে লোক নিয়ে এসে ভোট করতে হচ্ছে, এরপরে ভোটারও ওদের পশ্চিমবাংলার বাইরে থেকে আনতে হবে। তাছাড়া পশ্চিমবাংলায় ওদের জেতা সম্ভব নয়।

[11-50 — 12-00 Noon]

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবাক হয়ে যাচ্ছি যে, একজন মন্ত্রী গতকাল ওখানে দাঁড়িয়ে খুন করার পরে নির্লজ্জের মতো সে সম্বন্ধে আজকে এখানে দাঁড়িয়ে বক্তৃতা করে গেলেন। স্যার, ওরা যেটা করছেন এটা বাংলার ঐতিহ্য নয়, বাংলার সংস্কৃতি নয়। জ্যোতি বাবু সাক্ষী। যিনি একদিন খাদ্য আন্দোলন করেছিলেন, যিনি একদিন বাস ভাড়া বৃদ্ধি নিয়ে আন্দোলন করেছিলেন, যিনি পুলিশ রাজ নিয়ে চিৎকার করেছিলেন—বরাবর যিনি এ সব নিয়ে বলেছেন আজকে সেই মানুষটা পুলিশ দিয়ে সরাসরি খুন করছেন। আমি নিজের চোখে দেখেছি—নৃশংস ভাবে খুন করার পর কুকুর বিড়ালের মতো একজন যুবককে, যুবকের দেহকে টেনে তুলে ফেলে দেওয়া হল এবং তার রক্ত ধুয়ে দেওয়া হল। আমি নিজের চোখে দেখেছি। আমি অবাক হয়ে যাচ্ছি, উনি বললেন, যে মারা গেছে সে বাইরের লোক! ওর সাগরেত রবীন দেব একটা বিবৃতি দিয়ে বলেছেন, 'ভারতবর্ষের যে কোনও মানুষ, যে কোনও নির্বাচনে আসতে পারেন।' সংবাদপত্রে সেটা দেখেননি শ্যামলবাবু? যে পুলিশ-কমিশনার লেনিন-এর ছবি ছাপিয়ে ওথ নিয়ে ছিলেন আমি তার কাছে খুব বেশি কিছু আশা করি না। কিন্তু মুখ্যমন্ত্রীর কাছে একটু আশা করি—তিনি তার হোম সেক্রেটারিকে একটু জিজ্ঞাসা করুন যে তিনি ভোট দিয়েছেন কিনা? তার হোম সেক্রেটারির ভোটও ফলস ভোট পড়ে গেছে। এর চেয়ে লজ্জার আর কি হতে পারে? এ লজ্জা রাখার কোনও জায়গা আছে? আজকে জ্যোতিবাবু বলতে পারেন পুলিশের গুলি চালনার কোনও দরকার ছিল? কোনও দরকার ছিল না? সেইজন্য বলছি, একটা জুডিশিয়াল এনকোয়ারি করুন, বিচারবিভাগীয় তদন্ত করুন। প্রমাণ করে ওদের কোমরে যদি দড়ি পরাতে না পারি তাহলে জীবনে বিধানসভায় আসব না। নিলর্জভাবে পুলিশ গতকাল গুলি চালিয়েছে। সেখানে লাঠি চালালেই যথেষ্ট ছিল। ৫০০ লোককে ছত্রভঙ্গ করতে লাঠি চালালেই যথেষ্ট ছিল। কিন্তু তা না করে পুলিশ সেখানে বেপরোয়াভাবে গুলি চালিয়েছে। আমি চোখের সামনে দেখেছি, আমি তখন ভোট দিতে যাচ্ছি। পুলিশ বেপরোয়াভাবে গুলি চালিয়েছে। কার নির্দেশে কনস্টেবল বেপরোয়াভাবে গুলি চালিয়েছে? মুখ্যমন্ত্রী বলেছেন, নির্বাচন শান্তিপুর্ণভাবে হয়েছে। কিসের শান্তিপূর্ণ নির্বাচন? এইভাবে আপনি পুলিশকে প্রোটেকশন দেবেন? বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদছে। যে গুলি আমাদের

দলের ছেলেদের উপর করেছেন জেনে রাখুন আগামীদিনে আপনার সন্তান সন্ততিদের উপর পুলিশ তাক করে গুলি করবে। রামমোহন রায়ের সেই কথাটা মনে রাখবেন, শেষের সেদিন বড় ভয়ঙ্কর। সেই ভয়ঙ্কর দিনের কথা মনে রেখে আগমী দিনের কথা ভাবুন। আজকে ডি ওয়াই এফ আইয়ের মস্তানবাহিনী নিয়ে মিছিল করছেন। আমাদেরও মিছিল বেরুবে। সেই মিছিলে আবার ছেলে মরতে পারে, আমাদের ছেলেরা খুন হতে পারে। আগামীকাল আমরা বন্ধ ডেকেছি। ঐদিন আমাদের ছেলেরা খুন হতে পারে। যারা খুন করছে পুলিশি পোষাক পরে মুখ্যমন্ত্রী তাদের প্রোটেকশন দিচ্ছে। কোথায় নিরাপত্তা? বিধানসভার ভিতরে মারছেন, বিধানসভার বাইরেও মারছেন। আবার বলছেন, নির্বাচন শান্তিপূর্ণভাবে হয়েছে? আমাদের ছেলেরা যথেষ্ট ধৈর্য্যের পরিচয় দিয়েছে। তারা দল বেঁধে নেতাদের বাড়িতে দাবি জানাতে এসেছিল। আরও বৃহৎ আন্দোলনের জন্য দাবি জানাতে এসেছিল। আমি লজ্জিত, তাদের আন্দোলন করতে দিতে পারিনি। আরও বড় আন্দোলন করলে কি হত? ওরা চেয়েছিল, থানা জ্বালাতে পুলিশকে আক্রান্ত করতে। কি নিদারুন ঘটনা চোখের সামনে দেখছি, পুলিশ রক্ত ধুয়ে ফেলছে। টিভিতে দেখিয়েছে, সংবাদপত্রে বেরিয়েছে। আর এখানে ওরা মিথ্যা কথা বলছেন। চোরের মতোন চুরি করে খুন করে রক্ত ধুয়ে সাফ করে দিচ্ছে। ফেলে রাখার মতোন ওদের হিম্মত নেই। জ্যোতিবাবু দুঃসাশনের মতোন সেই রক্ত গিয়ে চাটছে। রিগিং এক জিনিস। খুন করে সব সাফাই করে দেবার চেষ্টা করছে। বিধানসভার পবিত্রতা নষ্ট করেছে। বিধানসভার ঐতিহ্য যাতে রক্ষিত হয় তারজন্য আমি পুলিশ কমিশনারের পদত্যাগ দাবি করছি। মুখ্যমন্ত্রীর পদত্যাগ চাইছি। এটা কোনও কংগ্রেস, কমিউনিস্টের ব্যাপার নয়। জুডিসিয়াল এনকোয়ারি করুন। জ্যোতিবাবু দেওয়ালের লিখন পড়বেন। পুলিশ কমিশনার সহ জ্যোতিবাবুর পদত্যাগ আমি দাবি করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বালিগঞ্জের উপ-নির্বাচনে পুলিশ যেভাবে নির্বিচারে গুলি চালিয়ে একজন নিরপরাধ মানুষকে হত্যা করেছে আমি সর্বপ্রথমে এই গুলি চালনার জন্য তীব্র ধিক্কার জানাচ্ছি এবং গুলি চালনার জন্য দোষী পুলিশ অফিসারের অবিলম্বে শাস্তি দাবি জানাচ্ছি। নিহত এবং আহতদের ক্ষতি পূরণের দাবিও জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এই নির্বাচনের ঘটনাকে উপলক্ষ্য করে সরকার এবং বিরোধীপক্ষের মধ্যে যে চার্জ এবং কাউন্টার চার্জ হচ্ছে এটা তদন্ত সাপেক্ষ। কিন্তু যতই তদন্ত সাপেক্ষ হোক, এটা তো ঘটনা যে পুলিশ গুলি চালিয়েছে। সেই গুলি চালনার ফলে একজনের মৃত্যু ঘটেছে। সরকার পক্ষ থেকে যে ভাষণ দেওয়া হচ্ছে সেই ভাষণের সত্যতা সম্পর্কে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে এই কারণে যে প্রথমে এই ঘটনাকে সম্পূর্ণ চেপে যাবার চেষ্টা করা হয়েছিল, পরে রাত্রি ১০ টার সময় টিভির পর্দায় ধরা পড়ল, তখন সরকার পক্ষ থেকে এই হত্যাকান্ডের ঘটনা কমফার্ম করা হল। **এই একটা ঘটনাই প্রমাণ করে যে সরকার পক্ষ এটাকে নির্বিচারে চেপে যাবার চেষ্টা করছে। সম্পূর্ণ ব্যাপারটার একটা পূর্ণাঙ্গ-উচ্চ পর্যায়ে এবং নিরপেক্ষ—তদন্ত করার দাবি** আমি জানাচ্ছি। এই সরকার আজকে যেভাবে গণতন্ত্রকে প্রহসনে পরিণত করছেন তাকে ধিক্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রাজদেও গোয়ালা ঃ মিঃ স্পিকার স্যার, এরা সামান্য ভদ্রতাটুকুও জানেন না, কি রকম উক্তিটা করলেন শুনলেন? বললেন গোয়ালা আবার কি বলবে? যাক ওদের কাছ

থেকে বেশি কিছু আশা করা যায় না। সেদিনও শুনেছিলাম যে আমার কথা উঠেছিল, আজকেও শুনলাম মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় বললেন যে রাজদেও গোয়ালা ওখানে গিয়েছিলেন। ওরাও তো গিয়েছিলেন, ওদের যাওয়াটা অন্যায় নয়? আমরা গেলেই অন্যায় হল? ওরা যেতে পারেন, আমরা পারিনা? গতকাল ওখানে ওরা বার বার গণতন্ত্রকে হত্যা করার চেষ্টা করেছিলেন। আজ নয়, মাননীয় সিদ্ধার্থবাবুর আমল থেকে ১৯৭২ সালে কিভাবে রিগিং করেছিলেন, রিগিং মাস্টার, মনে আছে গতকাল ইলেকশন কমিশনার বেলা ৪টের সময় বন্ধ করে দিলেন। আমার সন্দেহ হচ্ছে যে ওরা দেশের গণতন্ত্রকে হত্যা করতে চায়, দেশের গণতন্ত্রকে আজকে রক্ষা করতে হবে। না করতে পারলে ওরা কেন্দ্রকে দিয়ে নির্বাচনকে একটা প্রহসনে পরিণত করতে চায়। আমাদের গণতন্ত্রকে রক্ষা করতে হবে, তাই আমরা ঠিক করেছি ওরা কি করবেন জানি না আমরা আগামীকাল গণতন্ত্রকে রক্ষা করার জন্য ২৪ ঘণ্টার বন্ধ পালন করব। সমস্ত বালিগঞ্জের মানুষ দেখেছেন গণতন্ত্রকে হত্যা করার জন্য কিভাবে আমাদের ক্যাম্প পুড়িয়ে দেওয়া হয়েছে এবং রড দিয়ে আমাদের লোকের মাথায় আঘাত করে মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে। এদের এই গণতন্ত্রের চেহারা আমি আপনার কাছে উপস্থিত করলাম।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংগঠিত আক্রমণে সংগঠিত অপরাধ যদি হয় তাহলে গৃহ যুদ্ধ বাঁধে। ঐ মাননীয় জ্যোতিবাবু এই রাজ্যের মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী, পুলিশের পক্ষে সংগঠিত ভাবে মাননীয় বিরোধীদলের নেতা, কেন্দ্রীয় মন্ত্রী, এবং কংগ্রেসিদের হত্যার ষড়যন্ত্র করছেন এবং গৃহ যুদ্ধের উস্কানি দিচ্ছেন। Sir, I impeach in the name of democracy, the murderer of democracy, the rapist of democracy, of all provocation he is the murderer. He is the instigator of murder, he is the murderer. Jyoti Basu, be careful. If you ask for civil war, we are prepared. We don't have only twenty five Congress members. We have challenged 24 hour's 'Bandh' tomorrow. If you have the guards. You are the murderer, conspirator, throughout the day you have briefed the Press Men. You attempted to kill the Leader of Opposition, the Minister for Human Resource Development. He is the murderer, conspirator. I impeach him in the name of democracy, in the name of free and fair election. In his regime no public can seek justice. I claim that he should resign and the Police Commissioner should be suspended forthwith. The D.C. in charge should be suspended and judicial enquiry must be held and civil war must be averted. Mr. Jyoti Basu, the leader of the House, should be taken to task for his misbehaviour. He must apologise to the nation for falsification. He must apologise to the people of the whole world. Mr. Jyoti Basu has raped democracy. I demand his resignation and his three masketeers. I demand immediate compensation to the victims who are fighting for death. I ask the Chief Minister, murderer of democracy to apologise to the nation and immediate compensation for the victims and an assurance from him for our security. Thank you.

[12-00 — 12-10 P.M.]

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাংলাতেই বলছি, কারণ বাংলাতে বলা দরকার যাতে আপনারা একটু বুঝতে পারেন আমি কি বলছি। (নয়েজ) যখনই আমাকে ইন্টারাপ্ট করবেন আমি তখনই বসে পড়ব এটা বলছি এবং যতক্ষণ আমার বক্তৃতা না শেষ করছি, এখানেই বসে থাকবো। এরপর একটা ইম্পর্টেন্ট রেজলিউশন আছে, সেটা আমি ভারতীয় হিসাবে পাশ করতে চাই। যদি ওরা সেটা না চান—সেটা ওদের উপর নির্ভর করছে। আপনারা যা শুরু করেছেন, আমার মনে হয়, তাতে গৃহ-যুদ্ধের সূচনা হচ্ছে। কালকে কি করেছেন ধারণা আছে? আমি সহজ সাদা বাংলায় কতগুলো কথা বলছি। আমাকে বলা হয়েছিল—উপ-নির্বাচন যা হবে, আপনি বুথে বুথে ঘুরুন। আমি বলেছিলাম লিডার অফ দি অপোজিশন এইভাবে ঘোরা উচিত নয়। মুখ্যমন্ত্রী আইন ভেঙ্গে আসতে পারেন, কিন্তু অমি ঘুরব না। মাননীয় মুখ্যমন্ত্রী বাইশ তেইশটি ট্রাকে করে লোক এনে বক্তৃতা দিতে পারেন, কিন্তু আমরা সেটা চাই না। আমি বাড়িতে বসেছিলাম। আমি তাদের বলেছিলাম বাড়িতে বসে থাকব, যখন যা সংবাদ পাবে ফোনে জানাবে। সেইমতো যখন যা হচ্ছিল তারা আমাকে জানাচ্ছিলেন। সাড়ে এগারটা পর্যন্ত চারদিক থেকে খবর আসছিল, আমাদের সংবাদ ভাল আমাদের প্রার্থী জেতার মুখে। **(ভয়েজঃ কে বলেছে?)** বালিগঞ্জের মানুষদের জিজ্ঞাসা করুন। সেখানে আমাদের শিক্ষিত মানুষ যারা আছেন তারা আমাকে বলেছেন। স্যার, ওরা যদি ইন্টারপ্ট করেন, বলতে পারব না।

Mr. Speaker : Please don't disturb him.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ তারপর ২টা-২টা ১৫ মিনিট নাগাদ সৌগত রায় আমাকে ফোন করে বললেন—মানুদা, আর চলতে পারে না, কারণ এখানে এই হচ্ছে, ঐ হচ্ছে। তাই আমরা ডিসিসন নিয়ে ১.১৫ থেকে আমাদের প্রার্থী উইথড্র করেছি। লোকাল লিডার মমতা ব্যানার্জি ছিলেন যখন ঐ পদ থেকে আমাদের প্রার্থী উইথড্র করা হয়। তিনটার সময় প্রেস কনফারেন্স হবে। বললাম, আমি আসছি। তিনটার সময় প্রেস কনফারেন্স হবে জানি বলে ৩টার সময় সেখানে গেছি। **(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)** নির্বাচনে অংশ নিতে হয়, ওখানে আমাদের যে অফিস ছিল সেখানে গেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচনী প্রচারে নিশ্চয়ই বক্তৃতা দিয়েছি—সেটাতেই কি ওরা আপত্তি করছেন? তারপর গেলাম সেখানে। গিয়ে দেখি, কিছু কিছু সাংবাদিক এসেছেন, আবার কিছু কিছু আসেন নি। আমারই ভুল হয়ে গিয়েছিল, কারণ কিছু সাংবাদিককে আমি বলেছিলাম—৪টার সময় প্রেস কনফারেন্স হবে, আবার কিছু কিছু সাংবাদিককে বলেছিলাম ৩টার সময় হবে। তাই কিছু কিছু সাংবাদিক সেখানে ছিলেন। ৩টা থেকে ৪টার মধ্যে ক্রমে ক্রমে তারা আসতে থাকলেন। প্রথমে প্রেস কনফারেন্স শুরু হল, বহু লোক এসেছিল। বাড়িটা তৈরি হয় নি, বাড়িটা এখনও শেষ হয়নি। জানালা নেই, দরজা নেই, জল নেই পায়খানা নেই, আলো নেই, কিছু নেই। সেখানে আমরা বসে আছি, বসে কথাবার্তা হচ্ছে। প্রেস কনফারেন্স শেষ হয়ে গেল, আমরা বক্তব্য রাখলাম, শেষ হয়ে গেল। তারপর অনেক ছেলে ছিল নিচে। অফিসের সামনে একটা কমপাউন্ড-এর মতো ছিল, সেখান থেকে বন্দেমাতরম, জিন্দাবাদ জিন্দাবাদ দিচ্ছিল। আমরা বেরিয়ে চলে এসেছিলাম

ইলেকশন থেকে। আমাকে আরও ডাকা হয়েছিল, যে উইথড্রয়ালের জন্য যে চিঠি-চুঠি দেওয়া হয়েছে, সেটা আইন মতো হয়েছে কিনা, সেটা দেখার জন্য। আমি পরীক্ষা করে দেখলাম যে, না সমস্ত আইন মতো হয়েছে। আমরা আইন মতো উইথড্র. করেছি সেইগুলি দেখলাম। তারপর ছেলেগুলো নিচ থেকে, আমার সঙ্গে মমতা ছিল, দিদি দিদি বলে চেঁচালো। মমতা নিচে গেল। একটা অ্যাম্বাসাডার গাড়ি এল, সাদা অ্যাম্বাসাডার গাড়ি এল। তার ছাদে, অন দি রুফ অফ দি অ্যাম্বাসাডার সেখানে মমতা উঠল, সেখানে সৌগতকে দেখলাম, সাধনকে দেখলাম, শোভনদেবকে দেখলাম, আরও ২-৪ জন ছিল, তার রুফে মমতা বক্তৃতা দিচ্ছে। শান্ত করছে বলছে চলে যাও। কোনও প্ররোচনা দিয়ে বক্তব্য দিচ্ছিল না, ক্রিটিসাইজ করছিল জ্যোতি বসুর নিশ্চয়ই সি পি এমকে নিশ্চয়ই ক্রিটিসাইজ করছিল, সমালোচনা করছিল, কিন্তু কোনও রকম প্ররোচনা মূলক বক্তব্য দিচ্ছিল না। হঠাৎ আওয়াজ শুনলাম। হঠাৎ আওয়াজ শুনে মনে হল কি ব্যাপার, কি হচ্ছে? হঠাৎ আওয়াজ ধোঁয়া আসছে। এটা কি হচ্ছে? সাংবাদিকরা ছিলেন। তারপর সামনে দেখলাম একটা টিয়ার গ্যাস সেল রাস্তা দিয়ে চলে গেল। তা, আমি ব্যাপারটা বুঝতে পারলাম না। বাইরে চলে গেলাম, একটা বারান্দা আছে সেই বারান্দার কাছে চলে গেলাম। বারান্দার কাছে যখন গেলাম তখন ছেলেরা বলছে গুলি করছে, মানুদা গুলি করছে, এখানে গুলি হয়েছে। আমি বললাম হতে পারে না, এখানে গুলি কেন করবে খামোকা? এটা তো চলছেই—গুলি করবে কেন? তখন এই কথা বললাম, এটা হতে পারে না। হঠাৎ একটা টিয়ার গ্যাস সেল, তেতোলার বারান্দায় দাঁড়িয়ে আছি, আমার পায়ের থেকে ৭ ইঞ্চি দূরে এসে পড়েছিল।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪২ সালে বিশেষ কিছু করিনি, দ্বারভাঙ্গা বিল্ডিং থেকে আমি ইঁট ছুঁড়েছিলাম ১৯৪২ সালের আন্দোলনে। তখন কতকগুলি অ্যাংলো ইন্ডিয়ান সাহেব ওরা সমস্ত টিয়ার গ্যাস সেল আমার দিকে ফেলেছিল। দারুণ যন্ত্রণা হয়েছিল চোখে, মনে আছে, সেটা মনে ছিল, তারপর ভুলে গিয়েছিলাম। তারপরের দিন হ্যারিসন রোডে ওই ট্রামের টিকি বলে একটা জিনিস ছিল আমি জানি না এখনও আছে কিনা সেই টিকি কাটা হল। ট্রামের টিকি কেটে দিলে ট্রাম চলত না। এই টিকি কাটতে গিয়েছিলাম, তখন এই হয়েছিল, চোখে লেগেছিল। অবশ্য জ্যোতিবাবু এইগুলি জানেন না, কারণ কংগ্রেস আন্দোলন যখন হচ্ছে তিরিশের শেষ ভাগে তখন উনি আই সি এস দিচ্ছিলেন, ফেল করেছিলেন, দিচ্ছিলেন, আর ফেল করেছিলেন ইংরেজদের তাবেদারিতে। তিনি সেই সময় ছিলেন না, তিনি জানেন না। এখানে জল নেই, কোনও ওয়াটার কানেকশন নেই, কিছু নেই, একটার পর একটা ফেলছে, এটা ফেললো তারপর আবার একটা ফেললো। তেতালায় আমরা ছিলাম, টারগেট করে এমনভাবে ফেলছিল যাতে সেটা আমাদের অফিসে এসে পড়ে। মমতা ছিলেন সেখানে, আমাদের সবাইকে কাঁদিয়ে দিল, আমাদের প্রত্যেকের চোখ লাল, আমার মাথা ঘুরতে শুরু করেছিল। সবার এক অবস্থা। ঘর একেবারে ভর্তি হয়ে গেল ধোঁয়ায়। আমি বললাম কতক্ষণ চলবে? ২০ মিনিট ধরে এটা চলছে, তাহলে আর কত দিন চলবে? রাস্তা ফাঁকা, কেউ নেই, পুলিশ দাঁড়িয়ে আছে বন্দুক নিয়ে। আমি তখন বললাম তোমরা সব থাকো, আমি যাচ্ছি নিচের রাস্তায়। সবাই বলল, না যাবেন না, যাবেন না। আই ডোন্ট কেয়ার, আমি

সকলকে ছাড়াই আই ওয়েন্ট ডাউন, রাস্তায় নামলাম। আমি রাস্তায় নেমে গিয়ে দূরে থেকে পুলিশের দিকে চেঁচিয়ে বললাম হু ইজ in charge? What the hell are you doing? একজ্যাক্ট ল্যাঙ্গুয়েজ হচ্ছে হু ইজ in charge and what the hell are you doing? আপনি গুলি চালিয়েছেন? আসুন এখানে I walked to them তারপর then a fellow lookling like a monkey with a peculiar hat on এসে বলল কে সে? ডি সি (সাউথ)। আমি ডি সি (সাউথ) এই সব চিনি-টিনি না। আমি তাকে প্রথম প্রশ্ন করলাম when did you join the I.P.S.? বলল, ১৯৭৭ সালে। তাকে জিজ্ঞাসা করলাম এটা কি করছেন? তারপর জিজ্ঞাসা করেছিলাম গুলি চালিয়েছেন? বলল না। মানুষ আহত হয়েছে? না। এই যে ছেলেরা বলছে গুলি চালিয়েছে, আহত হয়েছে? বলব না, শুধু টিয়ার গ্যাস চালিয়েছি। তখন সাংবাদিকরা ছিলেন, এখানে তার মধ্যে কেউ কেউ উপস্থিত আছেন, ওরা বলতে পারবেন। তারা বললেন, না, সিদ্ধার্থবাবু, রক্ত আছে এখনও, গিয়ে দেখে আসুন। রক্ত আছে দেখে আসুন গিয়ে। প্রথমে বলল রক্ত, তারপর বলল রক্ত ধোঁয়ার চেষ্টা করছে। আমি তখন বললাম ওখানে যাব। পুলিশরা কর্ডন করেছিল, আমি বললাম সরুন, আমি গিয়ে দেখব কি হচ্ছে। আমি সোজা চলে গেলাম। সেখানে গিয়ে রক্ত দেখলাম, তাতে দেখলাম রক্ত না খালি, সেখানে হাড় আছে, মাংস আছে। আমি তখল বললাম, এ কি বলছেন আপনি? খালি বলছেন টিয়ার গ্যাস ছুঁড়েছেন? হাড় কোথা থেকে আসলো? (হাস্য ধ্বনি) এটা হাঁসির ব্যাপার হচ্ছে? হাঁসুন। ঐ যে মুখে হাঁসছেন সেই মুখের কি অবস্থা হবে দেখবেন! লজ্জা বলে কোনও জিনিস নেই!

(গোলমাল)

[12-10 — 12-20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তখন যদি ইরেসপনসিবল হতাম, আমি যদি শ্যামল বাবুর মতো ইনডিসিপ্লিনড হতাম, তাহলে আমি ডিসিকে কান ধরে নিয়ে যেতাম। ঐ রক্তটা দেখাতাম, হাড়টা দেখাতাম আর মাংসটা দেখাতাম। তা না বলে আমি গিয়ে বললাম—আপনি জানেন, ইউ অর এ ক্রিমিন্যাল ল-ইয়ার। আপনি এখানে নোট করুন, ফরেনসিককে ডাকুন। নোট করুন যে, হাড় পাওয়া গেছে, মাংস পাওয়া গেছে। তারমানে এখানে গুলি চলেছে। তারপরে দেখলাম জল দিয়ে ধোয়ার চেষ্টা করছে। স্যার, আপনি বলুন, যারা ট্যাম্পারি অফ এভিডেন্স করে তাদের কত বৎসর জেল হয়? আপনি বলুন আপনি আমার থেকে ভালো জানেন। এই ডি সি-র নেতৃত্বে এই কমিশনার, কে জানিনা, শুনলাম, একবার নাকি তাকে আমরা হাজারিবাগে পাঠিয়ে দিয়ে ছিলাম। এই ডি সি (সাউথ), কে জানি না, অকর্মণ্য বলে পাঠিয়ে দিয়েছিলাম। তিনি কে জানি না তা যাইহোক, তাকে বললাম তার নির্দেশে কি এটা হয়েছে? ট্যাম্পারিং অফ এভিডেন্স হয়েছে। প্রথমে বললেন গুলি হয়নি। বেরিয়ে গেল গুলি চলেছে। মানুষ মারা গেছে। তারপরে বললেন যে, জল দিয়ে ধোয়ার চেষ্টা হয়েছে। রক্ত ধুয়ে দিয়েছে। ডিনাই করে দিত। আমি ধন্যবাদ দিচ্ছি, কৃতজ্ঞতা জানাচ্ছি সেই টেলিভিসন ক্যামেরাম্যানকে, যে এটা সমস্তটা টেলিভিসন ক্যামেরাতে তুলে দেখিয়ে দিয়েছেন। তারপর কি হল? এই সাধন পান্ডে ছেলেটিকে দেখতে হাসপাতালে গেল। খবর পেয়ে গেলাম। ছেলেটির

নাম স্বপন চক্রবর্তী, সোনারপুরের। আমরা সোনারপুরে যাব। সাধন পান্ডে গেল হাসপাতালে, পি জি হাসপাতালে। সেখানে গিয়ে বলল, স্বপন চক্রবর্তী আছে? বেঁচে আছে, না, মারা গেছে। কোথায় আছে বেঁচে? বলল আছে আছে। কোথায় আছে দেখান? পুলিশ দেখাবে না। বলল দেখাতে হবে। সাধন পান্ডে, জানেন তো অ্যাটাকিং। বলল, দেখাতে হবে। তারপর দেখালো। সাধন পান্ডেকে জোর করে বসিয়ে দেওয়ার ছেলে নয়। সে রাইট-এর জন্য ফাইট করবে। সুব্রত, সাধনকে বসানো যায় না। ওখানে গেল। গিয়ে দেখলো নাকে নল দিয়ে ছেলেটাকে রেখেছে। ছেলেটির হাতটা বেঁকে গেছে। আর ছেলেটা ডেড। বলল, ও তো মারা গেছে। বলল, না, এখনও বেঁচে আছে। ঐ যে ইয়েটা আছে। দেখুন বেঁচে আছে কিনা? ডাক্তার ডাকুন। মৃত লোককে জীবন্ত সাজিয়ে বসে আছে। আর ঘুমন্ত মুখ্যমন্ত্রীকে কবে জাগ্রত করব? অসম্ভব। ওকে, এখন সন্ধ্যাবেলায় তিনি যা খাচ্ছেন, তার ডোজটা একটু বাড়ালে হয়ত এইসব হতে পারে। মৃত লোককে জ্যান্ত বলে এম এল একে বলছে—যে ডেড, সে এখনও বেঁচে আছে।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটার পর একটা তিনটে এই রকম হল। প্রথমে বলল গুলি করেনি। প্রমাণ হয়ে গেল গুলি করেছে। রক্ত পড়ে আছে, মাংস আছে, হাড় আছে। রক্ত পড়েছে, সেটা ধুয়ে দেবার চেষ্টা করেছে, পারেনি। আমি নিজের চোখে দেখে এসেছি। টিভিতে বেরিয়েছে। স্যার, একটু সময় দিতে হবে। তারপর, মৃত হওয়া সত্ত্বেও বলল এখনও বেঁচে আছে। তারপর সাধনকে দেখালো। নাকটা দেখলো। ডাক্তার আসলো, নাক থেকে নল সরিয়ে দিল। বলল ডেড। তার মৃতদেহ পড়ে আছে। আমরা চারটের সময় যাব। এছাড়া অজিত দে বলে একজন খুন হয়েছে। তার মৃতদেহ, মুখ্যমন্ত্রী, আমরা এখনও খুঁজে পাইনি। কোথায় আছে খুঁজে বের করার চেষ্টা করুন। অজিত দে কসবায়। সে খুন হয়েছে। তাকে পাওয়া যাচ্ছে না—আপনাদের খুঁজে বার করতে হবে। একেও পেতাম না। পুলিশকে জিজ্ঞাসা করেছিলাম কোন হাসপাতালে আছে। উত্তর দিতে পারেনি। তারপর কেউ ফোন করে। একে ফোন করে, তাকে ফোন করে, প্রায় দশ পনের মিনিট পরে বলল কোথায় আছে। ৩নং মনোজ ভগৎ বলে একটি ছেলে এখনও পি জি হাসপাতালে আছে, অপারেশন হয়েছে গুলি লেগেছে। গুলি এদিক থেকে ওদিক হয়ে বেরিয়ে গেছে। বাঁচবে কিনা সন্দেহ। এছাড়া আরও ২০০ জন ইনজিওরড হয়েছে। এই তো অবস্থা, আমি তাই প্রশ্ন করতে চাই কোন সাহসে কংগ্রেস ইলেকশন অফিসকে টিপ করে তেতলায় লিডার অফ দি অপজিশন এবং ইউনিয়ন মিনিস্টার, ইউথ প্রেসিডেন্ট যেখানে বসে আছেন, এবং শত শত কংগ্রেস কর্মী যেখানে রয়েছে সেখানে অন্ধকূপ হত্যার মতো কোন পুলিশ টিয়ার গ্যাস চালাবার চেষ্টা করেছিলেন? সে যে কি ভয়ঙ্কর অবস্থা তা আপনি বুঝতে পারবেন না। স্যার, আপনি কখনও টিয়ার গ্যাসে আক্রান্ত হয়েছেন কিনা জানিনা হয়তো হয়ে থাকবেন। আমি ১৯৪২ সালে আক্রান্ত হয়েছিলাম, ভুলে গিয়েছিলাম সব কিন্তু কালকে এইরকম আক্রান্ত হলাম। আমাদের যে টিয়ার গ্যাস ছোঁড়া হয়েছিল তা তেতলার ঘর থেকে উদ্ধার করেছি। এটা অত্যন্ত সিরিয়াস ব্যাপার, আমি প্রাইম মিনিস্টার কে জানিয়েছি। জিতেন্দ্র প্রসাদ, গ্যাডগিল এবং আর যাকে যাকে জানানোর দরকার আমি তাদের সবাইকে জানিয়েছি। চিফ ইলেকশন কমিশনারকে জানিয়েছি, যদিও এটা

তার এক্তিয়ারে নয়, তবুও জানিয়েছি। এখন প্রশ্নটা হচ্ছে—আমাদের কি করণীয়? একটা হচ্ছে জুডিসিয়াল এনকোয়ারি, ইমিডিয়েট করতে হবে এবং খুব সিরিয়াস এলিগেশন। মানুষ শুধু যে খুন হয়েছে নয়, attempt to tampering with evidence, attempt to hide evidence, attempt to conceal evidence এই কাজ কে করেছে, না পুলিশ করেছে, This police has done this, not CPI(M) people. But his Police সুতরাং এইসব পুলিশ দিয়ে আপনি চালাবেন কতদিন? আমি আর এস পি ফরওয়ার্ড ব্লক, সি পি আই সবাইকে বলেছি একটু দেখুন, আপনারা কিছু করুন, পুলিশমন্ত্রী হিসাবে মুখ্যমন্ত্রী একা বসে থাকতে পারেন না। পরপর ১ মাসের ভেতরে সত্যজিত রায় সংক্রান্ত ঘটনা, বেগম জিয়া সাহেবা সম্পর্কে ঘটনা এবং আবার এই ইলেকশন This police is incapable acting rightly, this police is acting justly, this police incapable acting fairly, worst of all. This police is incapable acting intelligently like intelligent person. এরা বুদ্ধিমান মানুষ নয়, এদের মাথায় কিছু নেই, যা খুশি তাই করে। **এখন প্রশ্ন হচ্ছে যে জুডিসিয়াল এনকোয়ারি করবেন কিনা সেটা জানতে চাইছি মুখ্যমন্ত্রীর কাছে। একটা সিটিং জাজ দিয়ে জুডিশিয়াল এনকোয়ারি হবে কিনা? যদি জুডিসিয়াল এনকোয়ারি না করেন তবে আমাদের এনকোয়ারি করতে হবে।** সেই এনকোয়ারি কিভাবে হতে পার— আমরা চাইব স্যাংশন ফর প্রসিকিউশন। আই ডোন্ট ওয়ান্ট টু টেক এনি রিস্ক। আমি অনেক পুলিশ অফিসারকে স্যাংশন ফর প্রসিকিউশন ছিল না বলে ডিফেন্ড করেছি। আই জি পি , ডি জি পি এগেন্সটে ডিফেন্ট করেছি। স্যাংশন ফর প্রসিকিউশন ছিল না বলে সুপ্রিম কোর্ট পর্যন্ত গেছি। মার্ডার চার্জে স্যাংশন ফর প্রসিকিউশন দরকার আছে এবং সেই স্যাংশন ফর প্রসিকিউশন গভর্নমেন্টকে দিতে হবে। আপনারা এই স্যাংশন অফ প্রসিকিউশন দেবেন কিনা? আপনারা স্যাংশন অফ প্রসিকিউশন দিলে পরে আমরা ক্রিমিন্যাল কেসের ফাইল করব। আমরা ডি সি (সাউথের) এগেন্সেটে করব কমিশনারের এগেন্সটে করব কিনা সেটা আমরা ভেবে দেখব। এখন আপনারা বলুন জুডিশিয়াল এনকোয়ারি করবেন কিনা? যদি আপনারা জুডিশিয়াল এনকোয়ারি না করেন এবং আমাদেরও স্যাংশন না দেন দরখাস্ত করা সত্ত্বেও তাহলে আমরা হাইকোর্ট যাব। সেখানে গিয়ে বলব যে সরকারকে ডাইরেক্ট করে স্যাংশন দিতে হবে। ম্যালাফাইয়েড রিজেক্ট করছি, এতো অ্যাটেম্পট কেস এবং ট্যাম্পারিং উইথ এভিডেন্স রয়েছে। অ্যাটেম্পটেড কেস অফ কনসিলিং এভিডেন্স দেখিয়ে মুখ্যমন্ত্রীকে বোকা বানিয়ে দিয়েছেন, বলে দিয়েছেন যে কোনও খুন হয় নি। এবং ফাইলিং হয়েছে যে কোনও খুন হয় নি। আবার পুলিশ কমিশনার বললেন যে কোনও খুন হয় নি, বোমার আঘাতে মারা গেছে। তারপরে যখন টিভি নিউজ হয় ৬-৩০ মি না ৭-৩০ মি কখন হয় আমি দেখি না। যাইহোক ৭-৩০ মি এবং ১০-৩০ মি নিউজে যখন সব কিছু দেখানো হল তখন রাত্রির বেলা ওনারা তাদের বক্তব্য চেঞ্জ করলেন। সেখানে আবার দেখলাম যে মিসেস চক্রবর্তী এক কথা বলছেন এবং মুখ্যমন্ত্রী আরেক কথা বলছেন। মিসেস চক্রবর্তী বলছেন, শুনছি ঘটনার উপরে তাতে গন্ডগোল হচ্ছে না বলব কি করে? নির্বিবাদে হয়েছে বলব কি করে? আর ডাইরেক্টলি স্টেটমেন্ট পার্টিকুলারলি মুখ্যমন্ত্রীর মুখ দিয়ে যে কথা বেরিয়েছে তাতে প্রমাণিত হচ্ছে মিঃ জ্যোতি বাসু ওয়াজ মেড লুক লাইক ফুল বিফোর দি হোল অফ ইন্ডিয়া। তিনি যে কথা বলেছেন তা যে মিথ্যা কথা এটাই আজ প্রমাণিত হয়ে গেছে। ওকে আমি

মিথ্যাবাদী সেই রকম ভাবে বলতে চাচ্ছি না ওকে যে রকম ভাবে বলতে বলেছি সেই রকম ভাবে উনি বলেছেন, পুলিশ মিথ্যা কথা বলেছে। এর জন্য তো এনকোয়ারি হওয়া উচিত Which police can be seduced?

[12-20 — 12-30 P.M.]

আপনি সেইদিন বলেছিলেন, আমি এয়ারপোর্টে বসেছিলাম—সেদিন ছিলেন আপনি, আপনাকে কেউ বলল না কিছু বলতে পারত তো আপনাকে যে, সাংবাদিক বসে আছে, কিন্তু কেউ বললেন না—Which fool did not do it? Which is the idiot? Which didn't do it? Is it the Commissioner of Police? Which idiot are you carrying on with? এটা জানা দরকার স্যাংশন দেবেন কিনা—আনলেস আমাদের ধরতে হবে, আপনি ভান করছেন, আপনি সবই জানতেন সবই বুঝতেন, বোকা সেজে বসে আছেন, এটা আমার কথা নয়, অন্যরা তা ভাবতে পারেন। কিন্তু অমার পক্ষে এটা বোঝা শক্ত কারণ, আমি জানি আপনার কিছু বুদ্ধিসুদ্ধি আছে। এখন আমরা যে অবস্থায় পড়েছি তার জন্য আমরা সমস্ত কিছু জানতে চাই যে ছেলেটির কি হবে, ছেলেটি কি অবস্থায়, কোন পরিবারে আছে? অজিত দে—এর ব্যাপারে প্রাইম মিনিস্টারকে বলেছি টাকা পাঠাতে। প্রাইম মিনিস্টার বলেছেন, হ্যাঁ আমি টাকা দেব। কালকে আমরা বন্ধ ডেকেছি, কালকে বন্ধ হবে। আমরা এই অজিত দের মৃতদেহ কোথায় আছে সেটা আমরা চাইছি, আপনি দেখুন, অজিত দের মৃতদেহ কোথায় আছে। স্বপন চক্রবর্তী মৃতদেহটা আজকে যাতে তাড়াতাড়ি পোস্টমর্টেম করে চারটের মধ্যে দিয়ে দেন সেটা দেখবেন, কারণ ডেডবডিটা নিয়ে আমরা সোনারপুর যাব। আর মনোজ ভগতের দিকে নজর রাখুন, এখানে প্রশান্ত শূর মহাশয় আছেন, ডাক্তার লাগান, খরচ করুন, টাকা দিন, ছেলেটাকে বাঁচাতে হবে। আরও অন্যান্য কোথায় কি হচ্ছে, তার খোঁজ পাব থেকে থেকে। এর জন্য আমরা বলছি যে এই সমস্ত যা ঘটনা ঘটছে দেখছি তাতে মনে হচ্ছে আমরা রেপের কথা শুনি But the person which has been totally raped, the principal which has been totally raped yesterday, was the democracy. We have watched, witnessed the rape of democracy yesterday. রিগিং যা হয়েছে তা ছেড়ে দিন, বুথ ক্যাপচারিং যা হয়েছে ছেড়ে দিন, আমি সেখানে ছিলাম না, সাক্ষী দিতে আসিনি। কিন্তু আমি তিনটের পর যা দেখেছি You don't deserve to be Chief Minister. Mr. Jyoti Basu, you don't deserve to be the Chief Minister, the way this has happened. You should be ashamed. You should hide. হাত দিয়ে মুখ ঢেকে রাখুন, দিস ক্যানন্ট গো অন, অ্যান্ড ইফ (দিস) গোজ অন—যা দেখছি, পুলিশ যা খুশি তাই করছে সামনের দিক পরিষ্কার, কালকে কি হবে, বাংলার মানুষ কি করবেন, দেখুন প্রশান্তবাবু আপনি তো আর বেশিদিন নেই এখানে, আপনার মামলা তো শেষ হয়ে আসছে ৩০০ ভোটেতে জিতেছেন, আর মামলায় আপনার কি হচ্ছে তাতো জানেন। যাইহোক আপনি হাসুন, লাস্ট লাফটা হয়ে যাক। আপনারা শেষ হবেন, বাংলার মানুষ আপনাদের আশীর্বাদ করবে না, বাংলার মানুষ চাইবেন আপনারা যাতে নিঃশেষ হয়ে যান, যদি এরকমভাবে অত্যাচার চলে সেইজন্য আমরা মুখ্যমন্ত্রীর কাছে ডিমান্ড করছি আপনি এনকোয়ারি কমিশন বসাবেন কিনা, কিম্বা এনকোয়ারি কশিমন যদি না বসান তাহলে স্যাংশন দেবেন কিনা, পুলিশ কমিশনারকে সাসপেন্ড করবেন কিনা, ডেপুটি ডি সি

(সাউথ) যিনি আছেন, তাকে সাউথ ক্যালকাটা থেকে সরাতে হবে বা সাসপেন্ড করবেন কিনা এই প্রশ্নগুলির উত্তর আমি চাই। জানতে চাই কেন কংগ্রেস অফিসে বোমা ফেলা হয়েছে, কেন খুন করা হয়েছে, কেন আনপ্রভোকড ফায়ারিং হয়েছে, এর জবাব দিন। না দিলে বুঝব, আপনার কোনও জবাব নেই, দেবার ইচ্ছাও নেই। দেবেন না, এটাও জানি আজকে হয়ত বলবেন, আমি কিছু জানিনা কিম্বা একটা কিছু বলবেন, হয়ত সেই ৭২-র ঘটনা বলবেন। ঐ ৭২-র গল্প করে কিছু হবে না, আমরা বলে দিচ্ছি ঐসব বলে কিছু হবে না। যেমন আপনাদের বিরুদ্ধে ৪২ বলে কিছু পারিনি। কালকে হাউস হতে পারে না। স্যার, কালকে বন্ধ কালকে আমরা কেউ আসব না, হাউস হতে পারে না। কালকে হাউস হতে দেবও না। আজকে আমরা যা বলেছি এটা দেড়টার সময় যে সময়ে হবে, তিনবিঘা নিয়ে ১০ মিনিটে আলোচনা হয়ে যেতে পারে, ওতে কিছু নেই, এখানে একটা অ্যামেন্ডমেন্ট এসেছে দেখেছি আমি কালকে রাত্রিবেলায় বলেছিলাম এটা হওয়া উচিত, দেখলাম ঢুকিয়েছে, ধন্যবাদ সেটা পরে হবে। কিন্তু কথা হচ্ছে যে, এটা আমরা মানব না, আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জবাব নেই।

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অনেকগুলো বিষয় অবতারণা হল। এত বিষয় তো বলার কথা ছিল না। একটা পুলিশের ফায়ারিং হয়েছে এবং দুঃখের বিষয় একটা ছেলে মারা গেছে—সেই সম্বন্ধে ওরা বলেছিলেন আমরা আলোচনা করতে চাই। কিন্তু অনেক বিষয় এখানে আলোচনা হয়ে গেল, এমন কি ১৯৭২ সালের কথাও চলে এল। ভালোই হল, একটু মনে করিয়ে দিলেন সবাইকে। আমি বলছি ইলেকশন সম্বন্ধে যে কথা হয়েছে, বালিগঞ্জের যে এলাকা, সেখানে কংগ্রেস তো অনেকবার হেরেছে। আগে জিতেছেন, দু-একবার, কিন্তু অনেকবার হেরেছেন। গত এক বছর আগে যে ইলেকশন হয়েছে সেখানে কংগ্রেস হেরেছে। এবারে সেখানে আমাদের জেতবার কথা ছিল। তাই আমরা দেখলাম কংগ্রেস দল বোধ হয় নিশ্চিত ছিল, ফলাফল বেরোয়নি, আমি জানি না ফলাফল কি গিয়ে দাঁড়াবে—এটাই ভাবছিলেন, এটাই সিদ্ধান্ত এসেছিলেন কংগ্রেসের কিছু নেতার, যে ওরা হারবেন। কাজেই আটটা থেকে আমি শুনছি যে কংগ্রেসিরা মিছিল করছেন। হাঙ্গামা সৃষ্টি করবার চেষ্টা করছিল। ওদের লোকদের বলছে তোমরা অবরোধ কর একবার এই অঞ্চলে, একবার অন্য জায়গায়— একবার কসবা অঞ্চলে এইগুলি তারা করেছেন। যেখানে অনেক বেশি ভোট আমরা পাই, সেখানে গন্ডগোল করবার চেষ্টা করেছে। তারপরে আপনি শুনলেন যে, যানবাহনের উপর আক্রমণ হয়েছে, দমকলের উপর আক্রমণ হয়েছে, পুলিশকে মারতে বলা হয়েছে, রাস্তা অবরোধ হয়েছে, কংগ্রেসের নেতা-নেত্রীরা এইসব করিয়েছেন। সকাল থেকে রাস্তা অবরোধ হচ্ছে কেন? কারণ ওরা মনে করছে—গণনা হোক না, তারপর দেখা যাবে—ওরা মনে করছে ওরা হেরে যাবে। কাজেই ঐ নির্বাচনের কথা হল বলেই আমি ঐ কথাটা বলছিলাম, যে একেবারে প্রথম থেকে এগুলি হচ্ছে। এই বিষয়গুলি জুডিসিয়াল এনকোয়ারি করার দরকার নেই? পুলিশকে আক্রমণ করলে, দমকলকে আক্রমণ করলে, রাস্তা অবরোধ করলে, আর ইলেকশন বানচাল করতে চাইলে তাহলে কি জুডিসিয়াল এনকোয়ারি দরকার নেই? না শুধু একটা ঘটনার ওপর জুডিসিয়াল এনকোয়ারি দরকার এটাই খালি আমাদের প্রশ্ন থেকে যাচ্ছে। তারপর হচ্ছে, কংগ্রেসের এই নেতারা, যারা এখানে চিৎকার

করছে, ওরাই প্ররোচিত করেছে এইসব এবং বাইরে থেকে একগাদা কংগ্রেসি ছেলেদের এনেছে এবং শিখিয়েছে—মাঠে ময়দানে দাঁড়িয়ে কংগ্রেসের নেতা-নেত্রীরা বলেন— পুলিশকে আক্রমণ কর, জীপ পোড়াও ওদের, থানা আক্রমণ কর, থানা দখল কর, এইসব কথা ওরা বলেন। এটা কোনও নতুন ঘটনা আমাদের কাছে নয়। আর পুলিশকে আক্রমণ করে বলবেন, তারপর নিজেরা কোথায় পালিয়ে যাবেন ছোট ছোট ছেলেগুলোকে এগিয়ে দিয়ে বলবে, পুলিশের সামনে বোমা মার, ওদের পিস্তল কেড়ে নাও। তারপর দেখলাম ভীষণ দরদ তাদের, ছেলেটি মারা গেছে কোনও দরদ নেই আপনাদের? আপনারাই তার জন্য দায়ী এই ছেলেটিকে এগিয়ে দেওয়ার জন্য, প্ররোচনামূলক ঘটনার জন্য, প্ররোচনামূলক সমস্ত বক্তৃতা হয়েছে। যাই হোক, আমি বলছিলাম আমাদের মতে যে শান্তিপূর্ণ ভাবে নির্বাচনে (কংগ্রেসি সদস্যরা এই সময় চিৎকার করে ওঠে) (নয়েজ)—এই তো রাউডিরা রাস্তায় কি করে বুঝতেই পারছেন আমি বলছি, আমরা মনে করছি শান্তিপূর্ণভাবে নির্বাচন হয়েছে। সেইজন্য একটা নতুন কথা শোনা যাচ্ছে, যে রিগিং হয়েছে। এটা সায়েন্টিফিক রিগিং, কিছু বোঝা যাচ্ছে না। তার কারণ এই এতগুলো বুথ, সেই এতগুলো বুথ (শ্রী সুব্রত মুখার্জি রোজ টু স্পিক) (নয়েজ) আরে আপনাকে তো মারতে গিয়েছিল, আপনি চুপ করে বসুন। এই এতগুলো বুথের মধ্যে সব জায়গায় সাড়ে সাতটা থেকে পাঁচটা অবধি লাইন করে লোক ভোট দিয়েছে, মেয়ে-পুরুষরা ভোট দিয়েছে। আমি শুনেছি খালি একটা বুথে আধঘণ্টার জন্য ৬৭ নং ওয়ার্ডে নির্বাচন বন্ধ ছিল। এত বুথের মধ্যে মাত্র একটা বুথে আধঘণ্টার জন্য নির্বাচন বন্ধ ছিল। শান্তিপূর্ণভাবে নির্বাচন হয়নি তো কি? এই জিনিস আমরা দেখলাম এবং ওরা বলেন যে (নয়েজ) গোলমালটা কারা করেছেন? কংগ্রেসের নেতা, নেত্রী ও মন্ত্রীরা রাস্তায় বসেছেন। পুলিশ জিজ্ঞাসা করছে আমাকে রাইটার্স বিল্ডিংয়ে, ওরা রাস্তা বন্ধ করে বসে আছে, কি করব? আমি বললাম না, কেন্দ্রীয় মন্ত্রীদের অ্যারেস্ট করবার দরকার নেই, ওদের নেতাদের অ্যারেস্ট করবার দরকার নেই, কিন্তু ভোটাররা যদি যেতে চায়, অন্য জায়গা দিয়ে পুলের উপর দিয়ে না গিয়ে, তারা চলে যাক, ভোটটা দিক। তারপর এসে ওরা থানা অবরোধ করল, বালিগঞ্জ থানা। কতক্ষণ সহ্য করবে লোকে? অপরাধ কারোর ঘাড়ে দেওয়া চলবে না। তারপর ওরা যা বললেন, ঐসব বক্তৃতা শুনলাম, যে বিষয়টা নিয়ে এখানে কথা হয়েছে, এই যে ফায়ারিং-এর বিষয় এই যে গুলি করার বিষয়, সেটা নিয়ে নাকি মামলা করবেন বিরোধী দলের নেতা। তা মামলা করবেন, দেখা যাবে কি হয় সেখানে।

[12-30 — 12-40 P.M.]

সেজন্য পুরো রিপোর্ট না পেয়ে আমি কোনও কমেন্ট করতে পারি না। রিপোর্ট না পেলে আমরা কোনও কমেন্ট করতে পারি না। ওরা কি বক্তৃতা দিয়েছেন জানিনা। আমরা শুনেছি দুটো গাড়ি ছিল, একটা কেন্দ্রীয় মহিলা মন্ত্রীর জন্য যা দিতে হয় এবং আর একটা শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের গাড়ি। নেতারা ওপর থেকে নেমে এসে উস্কেছেন—তোমরা আক্রমণ কর। সামনে কোথাও কিছু না পেয়ে সিকিউরিটির গাড়ির ওপর একটি শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের এবং অপরটি মমতা ব্যানার্জির গাড়ি তাদের ওপরও আক্রমণ হয়েছে। এই জিনিস আমরা দেখেছি। কাজেই এনকোয়ারি হবে এবং আরও সব খরবাখবর বেরোবে। এর উপর আমি কোনও কমেন্ট করছি না। প্রধানমন্ত্রী যখন আমাকে ফোন করেছিলেন রাত দশটার

সময় তখন তিনি নিশ্চয় জেনেছিলেন, ওরা তো পৃথিবীময় প্রত্যেককে বলে বেড়িয়েছেন ইলেকশনের ব্যাপারে। তার মধ্যে, যে কোনও কারণেই হোক, উনি বললেন আমি তিনবিঘা নিয়ে চিন্তিত, কিন্তু ইলেকশন সংক্রান্ত একটি কথাও বলেন নি আমাকে। এই সমস্ত জিনিস আমরা দেখেছি। রাত ১১ টা অবধি জানি না গণনা বন্ধ করা হবে। এটা রাত ১১টা ১২টা অবধি জানতাম না। সকালবেলা সেই অর্ডার এসেছে। দিল্লি থেকে লোক আসবার কথা এখানে, জানিনা এসেছেন কি না? ওরা এসে তদন্ত করবেন, কথা বললেন যাদের সঙ্গে কথা বলবার দরকার। কাউন্টিং যেন না হয় এরা এইটা বলেছেন। আমরা বলেছি যে, এটা নতুন কোনও ব্যাপার নয়। এই বিষয়ে কোনও কমেন্ট করতে চাই না। আমরা শুনেছি যে, বামপন্থী দলের পক্ষ থেকে প্রতিবাদ করবেন এবং ২৪ ঘণ্টার জন্য প্রতিবাদ হবে। এটা হচ্ছে বালিগঞ্জ যারা ভোটার, তাদের অবমাননা, আমাদের পশ্চিমবাংলার অবমাননা। এই জিনিস ওই দিল্লি থেকে করছে, এমন একটা লোক যাকে আমরা বলেছিলাম সরিয়ে দিতে। ওদের প্রতিনিধি আসছেন, দেখবেন, এদের প্রতিনিধি তো ৩ জন ছিল, তারা কি রিপোর্ট দিয়েছেন জানি না। তাদের কাছে রিপোর্ট আমরা চাইতেও পারি না। আমি বলেছি, আমাদের কাছে এই রকম কোনও খরব নেই যে কোনও রকম খারাপ রিপোর্ট গেছে তাই আমরা বলেছি, আমাদের বামপন্থী দলের পক্ষ থেকে নিশ্চয় প্রতিবাদ করতে হবে দিল্লির অবমাননার বিরুদ্ধে এবং বালিগঞ্জের নির্বাচনের পরিপ্রেক্ষিতে। সকাল আটটা থেকে গন্ডগোল হয়েছে। এখনও পর্যন্ত গণনা হল না, কি হবে জানি না। ওরা ছেলেগুলোকে এগিয়ে দিয়ে পুলিশের সামনে, তারপর এখানে এসে দরদ দেখাচ্ছেন। ওরা বলছেন মানুষ না কি চিনে নিয়েছেন, চিনেতো নিয়েছে। প্রত্যেকে জানেন বালিগঞ্জের মানুষ আমাদের এতকাল ধরে ভোট দিয়ে এসেছেন, আশা করছি এবারেও দিয়েছেন। কিন্তু প্রচার করা হয়েছে সংবাদপত্রে, বালিগঞ্জ আমাদের থেকে ছিনিয়ে নেবেন। কিছু যদি ভোটার ভোট না দেয়। তারা অবশ্য ভোট দেবেন কিন্তু সেই কথা গণনা না হলে জানা যাবে না। কাজেই নির্বাচনের হারবার সম্ভাবনা হলেই গুন্ডামি করে, ইলেকশন বানচাল করে—এই হচ্ছে কংগ্রেস দল। পশ্চিমবাংলার মানুষ ওদের চিনে নিয়েছেন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received 4 notices of adjournment motions from Shri Siddhartha Shankar Roy, Shri Abdul Mannan, Shri Sudip Bandyopadhya, and Shri Saugata Roy all on the subject of alleged rigging and disturbances during the by-election at Ballygunge Assembly Constitutency held on 8th June, 1992. The matter has already been discussed. So, I disallowed the motions.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ আমরা যেসব কথা বললাম, জুডিসিয়াল এনকোয়ারি করবেন কিনা বলুন?

শ্রী জ্যোতি বসু ঃ আমরা সেই রিপোর্ট পেলে নিশ্চয় আমাদের এনকোয়ারি করতে হবে। আমি তো বলেছি, আমি Coment করছি না। বিরোধী দলের নেতা যা বললেন, জুডিসিয়াল এনকোয়ারি হবে কিনা এবং আর কি কি করতে হবে— সিদ্ধার্থশঙ্কর রায় কি

করেছেন, সৌগত রায় কি করেছেন, অন্যরা কি করেছেন, কেন্দ্রীয় মন্ত্রী কি করেছেন—এগুলো পরবর্তীকালে আমি দেখব।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মুখ্যমন্ত্রী জুডিসিয়াল এনকোয়ারি না মানায় আমরা সাময়িকভাবে সভাত্যাগ করছি। আমরা আধঘণ্টা পরে আসব। তিন বিঘা নিয়ে প্রস্তাব আধঘণ্টা পরে হবে।

(এই সময় বিরোধী কংগ্রেস (আই) দলের সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

CALLING ATTENTION

Mr. Speaker : I have received Six notices of Calling Attention, namely :-

1. Demand for repair of several roads at Nadia district	: Shri Biswanath Mitra
2. Reported death of three tea plantation labourers at Sonali Tea Garden, Jalpaiguri on 5.6.92	: Shri Birendra Kumar Moitra
3. Alleged death of one Swapan Chakraborty at Gariahat More under Ballygunge Assembly Contituency on 8.6.92 in police firing	: Shri Lakshman Seth and Shri Tapan Hore
4. Leakage of poisonous gas from Bengal Distrillery Factory of Shaw Wallace Company at Bhadreswar, under Unttarpara P.S. of Hooghly district	: Shri Abdul Mannan
5. Alleged murder of one Mohir inside his residence at Kalinagar village under Dhubulia P.S. of Nadia district on 8.6.91	: Shri Shish Mohammad and : Shri Abdul Haque

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of Leakage of poisonous gas from Bengal Distrillery Factory of Shaw Wallace Company at Bhadreswar, under Uttarpara P.S. of Hooghly district.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 18th June, 1992.

PRESENTATION OF REPORT

Presentation of the Thirty-ninth Report of the Committee on Estimates, 1991-92

Shri Nani Kar : Sir, I beg to present the Thirty-ninth Report of the Committee on Estimates, 1991-92.

ZERO HOUR

শ্রী আবু আয়েস মন্ডল ঃ স্যার, আজকে আমি যে বিষয়টা এখানে তুলতে চাইছি বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা উপস্থিত থাকলে ভাল হত। আমরা জানি বিধানসভার এই অধিবেশন ১০ এপ্রিল যখন এক মাসের জন্য মুলতুবি হয়ে যায় তখন একটা প্রসঙ্গ ওই দিন সভায় উঠেছিল। প্রসঙ্গটা তুলেছিলেন মাননীয় বিরোধী পক্ষের সদস্য ডাঃ জয়নাল আবেদিন। তিনি বলেছিলেন দূরদর্শনে এবং রেডিওর প্রচার মাধ্যমে ধর্ম নিরপেক্ষতা বজায় থাকা দরকার। অথচ ধর্মীয় অনেক জিনিসকে কেন্দ্র করে প্রচার করা হচেছ, এটা ঠিক নয়। তখন অধ্যক্ষ মহোদয় বলেছিলেন, আমি আপনার সঙ্গে একমত যে সরকারি মাধ্যমে ধর্ম নিরপেক্ষ চরিত্র বজায় রাখা দরকার। তাই এই বিষয়ে বিধানসভায় সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করা উচিত। তাই এই বিষয়ে আমাদের উদ্যোগ কেন্দ্রীয় বেতার ও সম্প্রচারমন্ত্রীর কাছে জানাই। সঙ্গে সঙ্গে বিরোধী পক্ষের আর একজন সদস্য সত্য বাপুলি বলেছিলেন, আমি এই প্রসঙ্গে একমত। কিন্তু বিধানসভা একমাসের জন্য মুলতুবি হয়ে যাচ্ছে সুতরাং প্রস্তাব তুলতেই হয় আমাদের পরে তোলা যাবে। এই সময়ে রাজ্য সরকার প্রশাসনিক স্তরে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করতে পারেন কিনা দেখুন। সঙ্গে সঙ্গে আপনি বলেছিলেন, আপনারাও চেষ্টা করুন কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে বিষয়টা নিয়ে আলোচনা করতে। এর পরে একমাস বিধানসভা মুলতুবি থাকে। মুলতুবি হওয়ার পরে ১৮ই মে বিধানসভা শুরু হয়। সেই থেকে প্রসঙ্গটা উঠে নি। ওদের দলের কথা, ওরা এই নিয়ে কোনও বক্তব্য রাখে নি। ওরা হৈ হৈ করেন, গন্ডগোল করেন, কিন্তু কোনও বিষয় আন্তরিকতা নিয়ে করেন না। যদি আন্তরিকতা থাকত তাহলে এই বিষয়টা ১৮ই মের পরে তারা তুলতেন। আমি বলি, এই বিষয়টা নিয়ে আলোচনা হওয়া উচিত এবং এটা একটা প্রস্তাব নিয়ে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে পাঠানো উচিত।

[12-40 — 12-50 P.M.]

শ্রী সুশীল বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সীমান্তবর্তী এলাকায় একেবারে বি এস এফের সামনে দিয়ে চোরাকারবারীরা তাদের কাজকর্ম চালিয়ে যাচ্ছে। আমার বিধানসভা কেন্দ্র নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ-এর একটি ব্লকের একটি এলাকাতে আমি গত পরশুদিন গিয়েছিলাম। জায়গাটি একেবারে সীমান্তবর্তী এলাকা। সেখানে চাল, ডাল থেকে আরম্ভ করে সমস্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্য বি এস এফের সামনে দিয়ে এপার থেকে ওপার চলে যাচ্ছে। বি এস এফ সেখানে নির্বিকার। স্যার, গরিব মানুষদের খাবার ওপারে এইভাবে চলে যাচ্ছে। এমন কি গরিব মানুষ জ্বালানি হিসাবে ব্যবহার করে যে ঘুঁটে সেই ঘুঁটে পর্যন্ত ও দেশে চলে

যাচ্ছে। একটা দেশ যেখানে কিছুই নেই সেখানে এ দিক থেকে সমস্ত কিছু চলে যাচ্ছে অথচ কেন্দ্রীয় সরকারের বি এস এফ নির্বিকার হয়ে বসে আছে, কোনও ব্যবস্থা তারা নিচ্ছেন না। আমার দাবি, অবিলম্বে বি এস এফকে সক্রিয় করতে হবে এবং তারা যাতে এই সমস্ত চোরাকারবারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয় তা দেখতে হবে।

শ্রী নটবর বাগদি ঃ (নট প্রেজেন্ট)

শ্রী তপন হোড় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী পক্ষের তরফ থেকে বালিগঞ্জের ব্যাপারে এখানে যে নাটক করা হল তা আমরা দেখলাম। স্যার, পশ্চিমবাংলার মানুষদের কাছ থেকে ওরা যে বিচ্ছিন্ন সেটা প্রমাণ হয়ে গিয়েছে। আজকে তাই স্যার, ওরা এইসব নাটক ইত্যাদি করে আবার পশ্চিমবাংলার মানুষের কাছে ফিরে আসার চেষ্টা করছেন। স্যার, গতকাল দিল্লিতে যে উপনির্বাচন হয়ে গেল সে ব্যাপারে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে খবরের কাগজগুলি দেখলে দেখবেন যে সেখানে দুই ফিল্ম স্টারের মারামারি বা লড়াইতে দিল্লি একটা রণক্ষেত্রে পরিণত হয়েছে। দিল্লির এই সংসদীয় আসনটি ছিল মর্যাদার লড়াই। সেই লড়াই-এ দেখা গেল দিল্লি একেবারে রণক্ষেত্রে পরিণত হয়ে গেল। স্যার, এখানে এই পশ্চিমবঙ্গে কংগ্রেস জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে নানান নাটক করছেন, আমি ওদের দিল্লির পরিস্থিতির দিকে একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই। দিল্লির ঘটনা ভারতবর্ষ তথা সারা বিশ্বের কাছে আমাদের মাথা হেঁটে করে দিয়েছে। যে কলঙ্কজনক ঘটনা দিল্লিতে ঘটেছে আমি একজন পশ্চিমবঙ্গবাসী হিসাবে এরজন্য মর্মাহত কারণ এই ঘটনা বিশ্বের কাছে আমাদের মাথা হেঁটে করে দিয়েছে। এই ঘটনা থেকেই আমরা বুঝতে পারছি যে কেন্দ্রীয় সরকারের যে অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপাসিটি থাকা দরকার সেই ক্যাপাসিটি তাদের নেই। স্যার, গতকাল যে প্রহসন দিল্লিতে ঘটে গেল সেই পরিপ্রেক্ষিতেই এখানকার কংগ্রেসি সদস্যদের আমি বলব, আপনারা আপনাদের প্রধানমন্ত্রীকে গিয়ে বলুন এই অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপাসিটি আপনাদের নেই। এখানে এইসব ব্যাপার নিয়ে প্রশ্ন তুলছেন কিন্তু দিল্লি আজ কি অবস্থায় দাঁড়িয়ে আছে সেটা একটু চিন্তা করুন। দিল্লির ঘটনা সারা বিশ্বের কাছে ভারতবর্ষের মাথা হেঁটে করে দিয়েছে। স্যার, আমার দাবি এই সভা থেকে দিল্লির ঘটনার প্রতি ধিক্কার জানানো হোক।

শ্রী আব্দুল মান্নান ঃ (নট প্রেজেন্ট)

শ্রী সৌগত রায় ঃ (নট প্রেজেন্ট)

শ্রী সাধন পান্ডে ঃ (নট প্রেজেন্ট)

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পরিবেশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় গঙ্গারামপুর এবং বাণীতলা ব্লকে কয়েকটি বোন্ মিল আছে। সেই বোন্ মিলে ওপেনলি পচা হাড়, দুর্গন্ধময় হাড় নিয়ে যাওয়া হয়। ঐ এলাকায় কয়েক শত উদ্বাস্তু ১৯৫৩ সাল থেকে বাস করছে, ঐ এলাকায় বাজার আছে, দোকান আছে এবং ঐ গঙ্গারামপুরে একটা পি ডবলিউ

ডি-র পার্ক আছে এবং সেখানে ৬২ নং বাস স্ট্যান্ড আছে। এই বোন্ মিলগুলো সেখানকার পরিবেশকে নষ্ট করে দিচ্ছে। সেখানকার পরিবেশ এমন দুর্গন্ধময় হয়ে উঠেছে যে ঐ এলাকার মানুষরা যারা ওখানে বাস করছে তারা খেতে পর্যন্ত পারছে না, বমি করছে এবং বিভিন্ন ব্যাধিতে তারা আক্রান্ত হচ্ছে। রাস্তায় রাস্তায় পোকা ঘুরে বেড়াচ্ছে। গঙ্গারামপুরের এবং বাণীতলা এই বোন্ মিলগুলো যাতে ঐ এলাকার পরিবেশ দূষণ না করতে পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুভাষ বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, কল্যাণী থানার অন্তর্গত নবগ্রামে গত দুই তারিখে শঙ্কর চক্রবর্তী বলে ২৬ বছরের একজন কংগ্রেস কর্মীকে কংগ্রেসের অন্য একটি গ্রুপ থেকে খুন করা হয়। সেই কংগ্রেস কর্মীর খুনের বদলা হিসাবে সেই গ্রুপের কর্মীদের ঘর বাড়ি পোড়াতে শুরু করে। তাতে আমাদের একজন কর্মীর বাড়িও আগুনে পুড়ে যায়। এইভাবে সেখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। সেখানে পুলিশ ব্যবস্থা নিতে গেলে তাদের ওপরেও ইঁট পাটকেল ছোঁড়া হয়। অপর গ্রুপের কংগ্রেস কর্মীরা এই কাজ করে। বিরোধী দল, তারা নিজেদের কর্মীদের খুন করছে, এক গ্রুপ আর এক গ্রুপে খুনোখুনি হচ্ছে, এইভাবে একটা সন্ত্রাসের সৃষ্টি করা হচ্ছে ঐ এলাকায়। আমি দাবি করছি মুখ্যমন্ত্রী এই সম্পর্কে জেলা পুলিশ অফিসারদের নির্দেশ দিন যাতে ওখানে শান্তিপূর্ণ ভাবে মানুষ বসবাস করতে পারে আর কংগ্রেসের দুই গ্রুপের মারামারি কঠোর হস্তে দমন করে এবং যারা খুন করেছে, সেই সব অপরাধীদের শাস্তির ব্যবস্থা করা হোক।

[12-50 — 1-00 P.M.]

শ্রী কুমকুম চক্রবর্তী ঃ অনারেবল স্পিকার স্যার, পশ্চিমবঙ্গের মানুষের কাছে গণতান্ত্রিক অধিকার রক্ষার সংগ্রাম, এটা আমরা পশ্চিমবাংলার সমস্ত মানুষের সঙ্গে মিলিত ভাবে প্রতিষ্ঠিত করতে পেরেছি। এটা ঠিক যে আজকে পশ্চিমবাংলার গণতন্ত্রের প্রতি যে সম্মান বোধ, তার দিকে ভারতবর্ষের গণতন্ত্র প্রিয় মানুষ তারা তাদের দৃষ্টিকে নিবদ্ধ রাখেন। কিন্তু আজকে সভায় অত্যন্ত প্রাসঙ্গিক যে কথাগুলো বলার প্রয়োজন আছে, আমি আপনার মাধ্যমে বিরোধী দলের সদস্য বন্ধুরা যারা এই গুরুত্বপূর্ণ সভার বাইরে রয়েছে, আমি তাদের উদ্দেশ্যে বলছি এবং বিধানসভার মাধ্যমে পশ্চিমবাংলার মানুষের কাছে বলছি, বালিগঞ্জ বিধানসভার যে উপনির্বাচন, সেই উপনির্বাচন সম্বন্ধে অত্যন্ত যথার্থ সত্য ঘটনা, এই রকম দু-একটি বিষয় সম্বন্ধে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এটা বুঝেছিলাম যে বালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনে পরাজয়ের আশঙ্কায় শঙ্কিত কংগ্রেস আই দল তারা মরিয়া হয়ে গিয়েছিলেন এবং প্রতিটি নির্বাচনী সভায় তারা এই আশঙ্কা প্রকাশ করেছিলেন, বালিগঞ্জ বিধানসভার নির্বাচক মন্ডলীর কাছে আস্থা না রেখে, তাদের কাছে গণতান্ত্রিক অধিকারের আহ্বান না জানিয়ে কেবল মাত্র নির্বাচনকে প্রহসনে পরিণত করে দেওয়া হবে, এই বিষয়ে আশঙ্কা প্রকাশ করেছিলেন, কারণ তারা জানতেন যে তাদের জয়ের কোনও সম্ভাবনা নেই। আমার দেখলাম যে বিধানসভার বালিগঞ্জ কেন্দ্রে বিভিন্ন জায়গায় তারা নির্বাচনকে কেন্দ্র করে একটা সন্ত্রাসের পরিমন্ডল তৈরি করবার চেষ্টা করেছেন। নিশ্চয়ই এই ক্ষেত্রে পুলিশ প্রশাসন, রাজ্য প্রশাসন তাদের দায়িত্ব

পালন করবেন। কিন্তু এটা আমরা সবাই অনুভব করি যে, একটা নির্বাচন যখন হয় তখন সেই নির্বাচনের স্বাভাবিক আবহাওয়া রক্ষা করা প্রয়োজন। তবে সেটা কেবল সরকার পক্ষের রাজনৈতিক দলগুলির ইচ্ছা থাকলেই হয় না। সে ক্ষেত্রে বিরোধী দলে যারা থাকেন তাদের সদিচ্ছারও প্রয়োজন রয়েছে যে, একটা নির্বাচনকে কি করে একটা উৎসবে পরিণত করা যায়। অবশ্য সে পরীক্ষা পশ্চিমবঙ্গের মানুষ বার বার দিয়েছেন এবং কলকাতা মহানগরীর নাগরিকরাও দিয়েছেন। কিন্তু গতকাল আমরা কি দেখলাম? বালিগঞ্জ নির্বাচন কেন্দ্রের ১২৭টি বুথের কথা আমি বলছি। তার মধ্যে ১২৩টি বুথে কংগ্রেস দল তাদের নিজস্ব দলীয় গন্ডগোলের জন্য, গোষ্ঠীদ্বন্দ্বের জন্য এজেন্ট দিতে অস্বীকৃতি জানিয়ে ছিলেন। জানি না প্রদেশ কংগ্রেসের সভাপতি এবং এই সভার মাননীয় সদস্য সোমেন মিত্রর সঙ্গে মাননীয় সদস্য সুব্রতবাবুর কি মত-পার্থক্য আছে। কিন্তু তারা ঐসব জায়গায় এজেন্ট দিতে অস্বীকার করেন। আমরা জানি নির্বাচনী বুথ কোনও স্কুলে, কলেজে, শিক্ষা প্রতিষ্ঠানের বা বড় কোনও ক্লাবে হয়। অথচ আমরা দেখলাম যে সব জায়গায় ভোট গ্রহণ করা হবে না সে সব জায়গায় কংগ্রেস দল বড় বড় টেন্ট খাটিয়ে ছিলেন বাইরে থেকে লোক নিয়ে এসে সেখানে রাখার জন্য। কি উদ্দেশ্যে এই কাজ তারা করেছিলেন? এই প্রশ্ন আমি তাদের কাছে রাখছি। সত্যভামা ইন্সটিটিউশনের পাশে এবং বিজন সেতুর পাশে আমি কালকে গিয়েছিলাম, আমি লক্ষ্য করেছিলাম এবং ওখানকার সমস্ত নাগরিকরা লক্ষ্য করেছিলেন যে, বিজন সেতু তথা বালিগঞ্জের অ্যাডজেসেন্ট অঞ্চলে কংগ্রেস দলের নেতাদের নেতৃত্বে, নেত্রীর নেতৃত্বে তারা ব্যারিকেড তৈরি করেছিলেন এবং সেখান থেকে তারা বোমা ছুঁড়েছিলেন। আমার সঙ্গে সেখানে ডাঃ দীপক চন্দ উপস্থিত ছিলেন। আমরা বাধা দিয়েছিলাম এবং আমরা তাদের অনুরোধ করেছিলাম, আপনারা নির্বাচনকে প্রহসনে পরিণত করবেন না, নির্বাচক-মন্ডলীকে সন্ত্রাস করবেন না। তারা আমাদের কাছে গন্ডগোল না করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু প্রতিশ্রুতি রক্ষা করেন নি। আমরা বিধানসভার সদস্য হিসাবে, কলকাতার নাগরিক হিসাবে সুস্থ পরিবেশ রক্ষা করার স্বার্থে সেখানে সমস্ত মানুষের সামনে, প্রেসের সামনে, সাংবাদিকদের সামনে আমাদের বক্তব্য উপস্থিত করেছিলাম। আজকে এখানে বিরোধী দলের সদস্যরা এখন উপস্থিত নেই। কিন্তু তারা ওখানে যে পরিবেশের সৃষ্টি করেছিলেন তার জন্য জনগণের আদালতে তাদের বিচার হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের বিরোধী দলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালদা জেলায় কংগ্রেসের দুটি দল—যুব কংগ্রেস এবং অন্য কংগ্রেস রোজ মারামারি করছে। নিজেদের মধ্যে মারামারি করছে। কয়েক দিন আগে যুব কংগ্রেসের সভাপতির গাড়িতে বোমা মারা হয় এবং সঙ্গে সঙ্গে সেখানে হরতাল ডাকা হয়। হরতাল হয়। ইতিমধ্যে মালদায় ওদের নিজেদের দু'দলের মধ্যে মারামারিতে বহু লোকের প্রাণ গিয়েছে। ফলে সেখানে একটা বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি হয়েছে। আমরা জানি কোনও দল যদি কোথাও হরতালের ডাক দেন তাহলে সেই দল তাঁদের রাজ্য কমিটির অনুমতি নিয়ে সেই ডাক দেন। কিন্তু মালদায় আদৌ তা হচ্ছে না। কংগ্রেসের পক্ষ থেকে কথায় কথায় মালদায় হরতালের ডাক দিয়ে জন-জীবন অচল করার চেষ্টা হচ্ছে। নিজেদের গোষ্ঠী রাজনীতির স্বার্থে তারা এই কাজ করছেন। সেজন্য আমি

বিরোধী দলের বন্ধুদের বলছি, তারা এই জিনিস বন্ধ করুন। সাথে সাথে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই বিষয়ে তিনি যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করুন। তা নাহলে মারামারি যত বাড়বে প্রশাসনিক ব্যর্থতার দায় ততই আমাদের সরকারের ঘাড়ে এসে পড়বে। মার্ডার কেসের আসামী একজন কংগ্রেসি ওখানে নেতা সেজে এই সমস্ত মারামারি করছে। মুখ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ অবিলম্বে তিনি ঐসব মানুষদের শক্ত হাতে দমন করুন।

শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় স্পিকার স্যার, আপনি জানেন, হুগলি জেলার শিয়াখালা হচ্ছে জাঙ্গীপাড়া ব্লক, হরিপাল ব্লক এবং চন্ডীতলা ব্লকের কেন্দ্রস্থল। কেন্দ্রীয় সরকারের কাছে শিয়াখালা থেকে হাওড়া পর্যন্ত রেললাইনের জন্য আমরা বারবার দাবি পেশ করেছি এবং আমাদের রাজ্য সরকারও সেই দাবি বারবার জানিয়ে এসেছেন। আমি দেখলাম, কিছু দিন আগে রেলমন্ত্রীর কাছে আমাদের যে প্রতিনিধিদল গিয়েছিলেন রেললাইন করার দাবিতে, কেন্দ্রীয় সরকার তথা কেন্দ্রীয় মন্ত্রী তা নাকচ করে দিয়েছেন। বর্তমানে যে অবস্থা সেখানে সৃষ্টি হয়েছে, দূরপাল্লার যে বাসগুলি যাতায়াত করে সেগুলি অত্যন্ত ভীড় অবস্থায় আসে। হাজার হাজার লোক জীবন বিপন্ন করে হাওড়া কলকাতায় ঝুঁকি নিয়ে যাতায়াত করে। ইতিমধ্যে সেখানকার বাসরুট বন্ধ হয়ে গেছে। প্রচন্ড ভীড়, মারামারি গন্ডগোলের মধ্য দিয়ে জীবন বিপর্যস্ত করে মানুষ যাতায়াত করছে। সেইজন্য আমি মনে করি, শিয়াখালাকে টার্মিনাস করে হাওড়া পর্যন্ত অথবা ডানকুনি রেললাইন অথবা বারুইপাড়া পর্যন্ত আমাদের রাজ্য সরকার-এর স্টেট ট্রান্সপোর্টের মাধ্যমে বাস চালানোর ব্যবস্থা যাতে করেন তারজন্য আমি বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মানুষ পৃথিবীতে বেঁচে থাকতে চায়। একটা ৯২ বয়সের বুড়ো মানুষও যদি অসুস্থ হয় তাহলে তার চিকিৎসা হোক এটা চায়। পৃথিবী এত ভাল যে সেই পৃথিবী ছেড়ে যেতে চায় না। আমি বিশেষভাবে লক্ষ্য করছি, আমাদের জঙ্গীপুর সদর হাসপাতাল আজ ৩ মাস ধরে অপারেশন বন্ধ হয়ে আছে। কেবলমাত্র যেগুলি এমারজেন্সি, এখনই না করলে নয়, সেগুলিই হচ্ছে। কারণ সেখানে গজ ব্যান্ডেজের অভাব। আমি মাননীয় মন্ত্রীর নিকট অত্যন্ত বিনয়ের সাথে অনুরোধ করব, আমার এলাকার জঙ্গীপুর মহকুমা এলাকার লোকগুলি জঙ্গীপুর সদর হাসপাতালের উপর নির্ভরশীল। যাদের টাকা-পয়সা আছে তারা নার্সিহোম যাচ্ছে, বহরমপুরে যাচ্ছে কলকাতার নার্সিহোমে যাচ্ছে এবং তারা যেতে পারে। কিন্তু যারা সাধারণ মানুষ যাদের ২-৪ দিনের মধ্যেই অপারেশন করতে হবে তা নাহলে আর কোনও উপায় নেই এইসব লোকগুলি অপারেশনের সুযোগ পাচ্ছে না। ঐ হাসপাতালে ডাক্তার পরিষ্কার বলছে, আমরা পারছি না, কারণ আমাদের গজ নেই, ব্যান্ডেজ নেই। ওষুধ তো থাকেই না, বাইরে থেকে কিনে আনতে হয়। সরকারের আর্থিক অনটন আছে এটা আমরা জানি, সব ওষুধ দিতে পারি না। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আপনি ব্যক্তিগতভাবে ইনিসিয়েটিভ নিয়ে জঙ্গীপুর সদর হাসপাতালে গজ এবং ব্যান্ডেজের যে অভিযোগ তুললাম সেই ব্যাপারে তদন্ত করে দেখুন এবং অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি।

[1-00 — 1-10 P.M.]

MOTION UNDER RULE-185

মিঃ স্পিকার ঃ এখন মোশন আন্ডার ১৮৫, মাননীয় শ্রী লক্ষ্মীকান্ত দে মহাশয় মুভ করবেন।

শ্রী দীপক সেনগুপ্ত ঃ মিঃ স্পিকার স্যার, আমার মনে হচ্ছে যেভাবে তিনবিঘার প্রস্তাবটা এসেছিল, কিছুক্ষণ আগে এখানে যেভাবে আলোচনা হয়েছে তাতে মাননীয় বিরোধীদলেরও থাকবার কথা—তারা বলেছিলেন। একমত হয়েই যখন প্রস্তাবটা এসেছিল—আমি জানি না এই মুহূর্তে তাদের এখানে আসবার সুযোগ আপনার করে দেওয়া উচিত এবং একমত হয়েই আলোচনা করা উচিত।

মিঃ স্পিকার ঃ ওরা তো বেলা একটার সময়ে আসবেন বলেছেন।

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় স্পিকার মহাশয়, একটা কথা ওরা আপনার ঘরে এসেছিলেন, বলেছেন বেলা একটার সময় আসবেন। প্রস্তাব উত্থাপনের আগে একটা সংবাদ সকলকে জানিয়ে দিচ্ছি যে, যে ব্যক্তি দুর্ভাগ্যবশত গুলিতে মারা গেছেন, তার পরিবারবর্গ আমাদের পার্টি অফিসে এসেছিলেন কিছুক্ষণ আগে। তারা বলেছেন যে উনি কোনও রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন না, ওর মৃতদেহটা আমাদের দিন, আমরা কোনও রকম রাজনীতির মিছিল ইত্যাদি করতে চাই না। আমি ভাবলাম যে সংবাদটা যখন এসেছে তখন কংগ্রেসিদের কাছেও পৌঁছে দিই, আমি ওদের বলেছি যে আপনারা যদি কেওড়াতলায় যেতে চান, যান, কিন্তু কোনওরকম মিছিল ইত্যাদি করবেন না, ওর পরিবারবর্গ আমাদের পার্টি অফিসে এসেছিলেন এবং একথা বলেছেন।

শ্রী দীপক সেনগুপ্ত ঃ স্যার, বেলা ১টা তো বেজে গেল, এখনও তো ওঁরা এলেন না?

মিঃ স্পিকার ঃ না এলে কি করব বলুন? হাউস কি অ্যাডজোর্ন করে দেব? বেলা ১টার সময় টাইম ফিক্স হয়েছে, ওদের আসার কথা, ওনারা আসবেন নিন, আপনি শুরু করুন।

(এই সময় মাননীয় কংগ্রেস সদস্যরা সভা কক্ষে প্রবেশ করেন।)

শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ আমি ১৮৫ মোশন, এটা ইতিমধ্যে সারকুলেট হয়েছে আপনারদের কাছে ফর্মালী মুভ করছি। Sir, I beg to move that—[i] The Indo-Bangladesh Land Boundary Agreement of 1974 provided for leasing in perpetuity of an area of approximately 178m.x85m. near Tin Bigha for the express purpose of connecting Dahagram with Panbari Mouza of Bangladesh for exercising sovereignty over Dahagram and Angrapota and for no other purpose. This was followed by an exchange of letters

between the Government of India and Bangladesh in 1982 stipulating the terms of the lease.

In 1980, the State Cabinet while endorsing the agreement, suggested certain safeguards relating to sovereignty, trial of cases etc. to the Government of India, for their consideration. The points and suggestions given by the State Government were considered by the Government of India and thereafter through an exchange of letters on 26-3-92 between the two countries the final modalities were worked out. According to this understanding the agreed arrangements would come into effect from 26-6-92.

The understanding arrived at between the two countries makes it clear that sovereignty over the leased area shall continue to remain with India. The Indian flag will fly at the four corners of the corridor. The existing north-south road between Mekhiliganj and Kuchlibari will continue to be used by India. There is, therefore, no qeustion of the people of Kuchlibari being isolated from the rest to the country. As regards the question of dealing with offence on the corridor, the existing arrangements will continue. A process of regulation of Bangladesh traffic has been worked out and it will normally have access through the corridor at alternate hours during the daylight period only.

The modalities also imply that the question of movement of Bangladesh traffic including movement of Military and para Military forces without the knowledge of Indian authorities does not arise.

Indian's sovereignty over Tin Bigha corridor has been ensured and will continue to remain, and the Supreme Court of India has also reiterated this and Bangladesh fully recognises India's sovereignty over this corridor.

This House believes that the implementation of the Tin Bigha Agreement will help in strengthening the friendship between the two countries. This House also is of the opinion that this an appropriate and timely step taken by the Government of India and will help in stengthening the social, political, economic and cultural cooperation between the two neighbouring countries.

আমি বলছি, আপনারা জানেন তিনবিঘার একটি করিডরকে কেন্দ্র করে যে সমস্যা তৈরি হয়েছে সেই সমস্যা ঠিক আন্তর্জাতিক একটা চুক্তি এবং এই আন্তর্জাতিক চুক্তিটা একদিনে এই ভাবে আসেনি। তিনবিঘার ছোট্ট করি[illegible]র, যার মাপের হিসাব হয়ত দেখা যাবে বিধানসভার চৌহদ্দির চেয়েও ছোট। আমাদের [illegible]রো এলাকা আছে, এবং তার উপরে

ভারতবর্ষের পুরো সভারেন্ট সমস্ত কিছু থাকবে। চারিদিকে পতাকা থাকবে এমন কি ট্রাফিক কন্ট্রোলের ব্যাপারও ভারতীয় পুলিশদের মাধ্যমেই হবে। মিলিটারি এবং প্যারামিলিটারি ইত্যাদি যদি বাংলাদেশের থেকে চলাচল করে সে ক্ষেত্রে আমরা দেখছি যে ভারতবর্ষের ট্রাফিক এবং পুলিশ এদের জ্ঞাতসারে করতে হবে। দিনের বেলায় এক ঘণ্টা পরে পরে কেবলমাত্র ট্রাফিকটা চলাচল করবে। এই আন্তর্জাতিক চুক্তি করার ক্ষেত্রে এক দিনে হয়নি, বিভিন্ন সময়ে বিভিন্ন সমস্যার পরিবর্তন হতে হতে বেরুবাড়ি ইত্যাদি হয়ে সর্বশেষ এই চুক্তিতে এসে দাঁড়িয়েছে। এই চুক্তিকে কার্যকর করার দায়িত্বটা কেন্দ্রীয় সরকারের, কারণ আন্তর্জাতিক চুক্তি আমরা দেখেছি এই চুক্তি করার ক্ষেত্রে যেন মনে হচ্ছে সবটাই পশ্চিমবঙ্গের দায়িত্ব। সবটাই পশ্চিমবঙ্গের উপর বর্তে যাচ্ছে। দায়িত্ব সবটাই কেন্দ্রীয় সরকারের, যেহেতু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার সেজন্য এই চুক্তিকে কার্যকর করার ক্ষেত্রে তারা উদ্যোগ গ্রহণ করেছেন। মানুষকে ইতিমধ্যে বোঝাবার চেষ্টা করছেন এবং মানুষকে একটা জায়গায় এনে কি করে আন্তর্জাতিক চুক্তিকে কার্যকর করা যায় তার মধ্যে দিয়ে বাংলাদেশের সঙ্গে সৌহার্দপূর্ণ অবস্থা তৈরি হয় তার ব্যবস্থার জন্য চেষ্টা করছেন। তাই আমরা চাই যে, এটা পশ্চিমবঙ্গের সমস্ত দল মান্য করুন এবং এই চুক্তিকে কি করে কার্যকর করা যায়, এ সম্পর্কে মানুষকে ভুল বুঝাবার যে চেষ্টা করা হচ্ছে সেটা কি করে দূরীভূত করা যায়, মানুষকে কি করে আশ্বস্ত করা যায়, তারজন্য রুল ১৮৫ অধীনে এই প্রস্তাব উত্থাপন করলাম।

Mr. Speaker : There is another motion by Shri Deba Prasad Sarkar. I will request him to move his motion.

[1-10 — 1-20 P.M.]

MOTION UNDER RULE-185

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার মোশন মুভ করছি।

স্যার, তিনবিঘা করিডর প্রশ্নে কোচবিহার জেলার মেখলিগঞ্জ নানা এলাকার বর্তমান উত্তেজনাকর পরিস্থিতিতে এই সভা গভীরভাবে উদ্বিগ্ন।

এই সভা ক্ষোভের সাথে লক্ষ্য করছে যে, তিনবিঘা সমস্যা সৃষ্টির জন্য এদেশের শাসকগোষ্ঠীই দায়ী। কারণ শাসকগোষ্ঠীর পক্ষ থেকেই স্বাধীনতার ৪৫ বছর বাদেও ভারত বাংলাদেশের সাথে গঙ্গা জল বণ্টন, ছিটমহলগুলির সামগ্রিক বিনিময় প্রভৃতি দ্বিপাক্ষিক সমস্যাগুলিকে ইচ্ছাকৃতভাবে অমীমাংসিত অবস্থায় ফেলে রাখা হয়েছে। অথচ বহুকাল আগেই নেহরু নুন চুক্তি অনুযায়ী দুই দেশের ছিটমহলগুলির সামগ্রিক বিনিময় হয়ে গেলে তিনবিঘা নিয়ে সম্প্রতি যে উত্তেজনার সৃষ্টি হয়েছে সেটা দেখা দিত না।

এই সভা মনে করে যে, সামগ্রিক ছিটমহল বিনিময় ও বকেয়া সমস্যাগুলির সার্বিক সমাধান না করে আন্তর্জাতিক চুক্তি রক্ষার দোহাই দিয়ে প্রশাসনিক দমননীতি প্রয়োগ করে কেন্দ্রীয় সরকার তড়িঘড়ি তিনবিঘা করিডর লিজ দেওয়ার যে পদক্ষেপ নিতে চাইছে, তার দ্বারা সমস্যা সমাধানের পরিবর্তে সমস্যা আরও জটিল হবে এবং তিনবিঘা একটি আন্তর্জাতিক স্পর্শকাতর এলাকায় পরিণত হয়ে ভবিষ্যতে আরও সমস্যার জন্ম দেবে।

এই সভা আশঙ্কা করছে যে, তিনবিঘা করিডরের উপর ভারতের সার্বভৌমত্ব ও বাংলাদেশের চিরস্থায়ী লিজস্বত্ব এই অদ্ভুত সিদ্ধান্ত ; প্রতিদিন ঘন্টা হিসাবে দুই দেশের জনগণের যাতায়াত, দুই দেশেরই অজ্ঞ দরিদ্র গ্রামবাসীকে দুর্নীতিগ্রস্ত প্রশাসনের হয়রানি, জোরজুলুম অত্যাচারের শিকার করবে, যার ফলে উত্তেজনা ও তিক্ততা বাড়বে এবং উভয় দেশের শাসকগোষ্ঠী ও মৌলবাদী শক্তিগুলি তার সুযোগ নেবে।

এই সভা আরও লক্ষ্য করছে যে, 'ভারতের স্বার্থে তিনবিঘা চুক্তি সংশোধিত হয়েছে' একথা কেন্দ্র ও রাজ্য সরকারের পক্ষ থেকে বারংবার প্রচার করা হলেও কেন্দ্রীয় সরকারের পাঠানো নতুন বয়ানে এমন কোনও কথার উল্লেখ নেই যে, লিজ-স্বত্ব প্রদত্ত তিনবিঘা ভূখন্ডে সংঘটিত সমস্ত অপরাধের বিচার একমাত্র ভারতীয় আদালতে সম্পন্ন হবে এবং একথারও কোনও উল্লেখ নেই যে, উক্ত এলাকা দিয়ে বাংলাদেশে সামরিক ও আধাসামরিক বাহিনীর যাতায়াতের প্রশ্নে ভারতীয় কর্তৃপক্ষকে আগাম অবহিত করতে হবে।

অতএব এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে স্থানীয় জনসাধারণের মতামতকে উপেক্ষা করে বল প্রয়োগের মাধ্যমে তিনবিঘা করিডর লিজ দেওয়ার অগণতান্ত্রিক পদক্ষেপ অবিলম্বে বন্ধ করা হোক এবং উভয় দেশের জনগণের মধ্যে যাতে সুসম্পর্ক ও মৈত্রী গড়ে উঠতে পারে সে উদ্দেশ্যে বিচ্ছিন্নভাবে কোনও ছিটমহল সমস্যা নয়, দুই দেশের ছিটমহলগুলির সামগ্রিক বিনিময় ও অন্যান্য বকেয়া সমস্যাগুলি সমাধানের প্রশ্নে আলোচনার জন্য অবিলম্বে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এক সর্বদলীয় বৈঠক আহ্বান করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখন শুধু প্রস্তাব মুভ করলাম, পরে আমার রাইট টু রিপ্লাই দেব।

শ্রী দীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আমরা ভারতবর্ষ এবং এই উপমহাদেশের একটা অত্যন্ত সেনসেটিভ ইস্যু নিয়ে আলোচনা করছি। ১৯৫৮ সালের নেহেরু নুন চুক্তি হয়েছিল যার মধ্যে একটা অংশ ৩নং ধারাতে ছিল যে জলপাইগুড়ির দক্ষিণ বেরুবাড়ি অংশ এটা পাকিস্তানের সঙ্গে যুক্ত হবে। ১০ নং ধারাতে পরিষ্কার বলা ছিল ভারতবর্ষ এবং পাকিস্তানের মধ্যে যে ছিটমহলগুলি আছে সেই সমস্ত ছিটমহলগুলি বিনিময় হবে। যে সমস্ত পাকিস্তানের ছিটমহল সেইগুলি ভারতবর্ষের অন্তর্ভুক্ত হবে এবং পূর্ব পাকিস্তানের মধ্যে যে সমস্ত ভারতীয় ছিটমহলগুলি আছে সেইগুলি সম্পূর্ণভাবে পূর্ব পাকিস্তানের অন্তর্ভুক্ত হবে। এটা ছিল ১৯৫৮ সালের নেহেরু নুন চুক্তি। সেই চুক্তি কার্যকর করতে হলে দক্ষিণ বেরুবাড়ি পূর্ব পাকিস্তানের সঙ্গে যুক্ত হবার কথা যদিও এটা সর্বদলীয় সিদ্ধান্ত হিসাবে আসা উচিত ছিল কিন্তু এস ইউ সি আই দল নেহেরু নুন চুক্তির কথা বললেন, বললেন ছিটমহল বিনিময় হোক কিন্তু দক্ষিণ বেরুবাড়ি যেটা দেওয়ার কথা সেই কথা তারা উল্লেখ করলেন না। অবস্থাটা এই রকম যে দোকানে গিয়ে দর দস্তুর করে ফাউটা নিয়ে নেবেন, আসলটা নেবেন না। এইভাবে ওনারা ঠগের ব্যবসা করতে চাচ্ছেন। নেহেরু নুন চুক্তি প্রথমে ফরওয়ার্ড ব্লক বিরোধিতা করেছিল, সমস্ত দল সেখানে যুক্ত হয়েছিল, এই বিধানসভা থেকে এই সম্পর্কে সর্বসম্মত প্রস্তাব গৃহীত হয়েছিল। ভারতবর্ষের সুপ্রিম কোর্ট দক্ষিণ বেরুবাড়ি দেওয়ার বিরুদ্ধে ছিল, সম্পূর্ণভাবে বিরোধিতাই নয়, সংবিধান সংশোধনের কথা বলেছিল। পরবর্তীকালে

বাংলাদেশের একটা অবস্থার পরিবর্তন আসে, পূর্ব পাকিস্তান বাংলাদেশে পরিণত হয়। মুজিবর রহমানের সঙ্গে আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর একটা চুক্তি হল এবং সেই সময় বিরোধী দলের নেতা সিদ্ধার্থবাবু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন। সেই সময় তিনি যখন জলপাইগুড়ি গিয়েছিলেন একটা সেতুর উৎবোধন করতে তখন কুচবিহারের হাজার দুই মানুষ তিস্তা নদীর ধারে তার প্রতিবাদ করেছিল যে, যেভাবে নিঃসর্ত ভাবে তিনবিঘা দিয়ে দিয়েছিল তাতে কুচলিবাড়ির বিরাট অংশ বিচ্ছিন্ন হবে। যারা আজকে এটা নিয়ে আন্দোলন করছেন তারা প্রথমে কতকগুলি মিথ্যার আশ্রয় গ্রহণ করেছেন। কুচলিবাড়িতে গত বছর ১৯৯১ সালের লোক গণনা অনুসারে সেখানকার লোক সংখ্যা ১৬,৭৫৩ জন। আজকে যারা তিন বিঘা দেব না বলে চিৎকার করছে তাদের বললেন সেখানে ৫০ হাজার ৫৫ হাজার মানুষ বাস করে। সংখ্যাটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে তিনবিঘার উপর সার্বভৌমত্ব থাকছে কিনা। এটা নিয়ে আমরা আন্দোলন শুরু করেছিলাম। পরবর্তীকালে বাংলাদেশে যখন প্রেসিডেন্ট এরশাদ ক্ষমতায় আসেন তখন সাধারণভাবে একটা সমঝোতা হয়েছিল যে এই তিনবিঘার উপর দিয়ে একটা ফ্লাইওভার হবে, একটা উড়াল পুল হবে। সেই উড়াল পুল দিয়ে ভারতবর্ষের নাগরিকরা বিনা বাধায় সেখানে যাতায়াত করতে পারবে, সেখানে বাংলাদেশের কোনও কর্তৃত্ব থাকবে না এবং তিনবিঘা দিয়ে বাংলাদেশের লোক যাতায়াত করবে তাতে ভারতবর্ষের কোনও কর্তৃত্ব থাকবে না। খুব স্বাভাবিক ভাবে ফরওয়ার্ড ব্লক থেকে আমরা আপত্তি করেছিলাম যে না, এটা হতে পারে না। ১৯৮০ সালে পশ্চিমবাংলা মন্ত্রী সভা থেকে সর্বসম্মত একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম। তাতে আমরা কতকগুলি শর্ত আরোপ করেছিলাম। আজকে দীর্ঘকাল পরে বাংলাদেশে যখন একটা নির্বাচিত সরকার এসেছে এবং যখন খালেদা জিয়া সেখানকার প্রধানমন্ত্রিত্বে আছেন, তার সরকারের কর্মচারী, আমাদের দেশের সরকারি কর্মচারী, সেই দেশের প্রধানমন্ত্রী আমাদের দেশের প্রধানমন্ত্রী তারা আলোচনা করে এই সিদ্ধান্তে এসেছেন এবং তারা দ্ব্যর্থহীন ভাষায় স্বীকার করেছেন যে তিনবিঘার উপরে ভারতবর্ষের সার্বভৌমত্ব থাকবে, ভারতবর্ষের প্রশাসনিক ক্ষমতা থাকবে, তিনবিঘার উপরে এক ঘণ্টা অন্তর বাংলাদেশের নাগরিক, প্রশাসন ছয় ঘণ্টার জন্য যাতায়াত করতে পারবেন, তখন একটা কথা বলা হচ্ছে যে, আমাদের সামরিক বাহিনী এবং আধা সামরিক বাহিনী সেখানে যেতে পারবে কিনা? এই কথা যারা বলছেন তারা আন্তর্জাতিক আইনের কথা ভুলে যাচ্ছেন। আন্তর্জাতিক নিয়ম হল, যদি কোনওদেশ অন্য দেশের সঙ্গে যুদ্ধ করতে চায় এবং সীমান্ত থেকে পাঁচ মাইলের মধ্যে সেনাবাহিনী নিয়ে অগ্রসর হয় তাহলে অপর দেশ ধরে নিতে পারবে যে সেই দেশের সঙ্গে সে যুদ্ধ করতে চাইছে। অপর দেশে তখন যুদ্ধের প্রস্তুতি নিতে পারবে। তিনবিঘা অঞ্চলে পাঁচ মাইলের ভিতরে যদি ওদের সামরিক বাহিনী আসে তাহলে ধরে নিতে হবে তারা যুদ্ধ করতে এসেছে। ভারত সরকার তখন তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন। কিন্তু যারা 'যদি' ইত্যাদি হাইপোথিটিক্যাল কথা বলছেন সেটা সত্যিকারের দুঃখজনক ঘটনা। ওখানে নির্বাচিত কুচবিহারে দল হল ফরওয়ার্ড ব্লক পার্টি, একটি গণতান্ত্রিক পার্টি। যেহেতু নির্বাচিত প্রতিনিধি ফরওয়ার্ড ব্লক পার্টির, সেই দলের লোক হিসাবে এই কথা বলতে চাই যে, ওখানে কিছু বিভ্রান্তি রয়েছে। এই বিভ্রান্তি গত ১৮ বছর ধরে রয়েছে। একটা বিভ্রান্তির সুযোগ নিয়ে বি জে পি-র মতো একটা দল সেই বিভ্রান্তিকে সম্প্রসারিত করবার সুযোগ পেয়েছে। অত্যন্ত দেরিতে হলেও দুঃখের সঙ্গে বলতে হয়, এটা দীর্ঘ সময় ধরে দায়িত্বশীল দল হিসাবে কংগ্রেস

'না ছুঁই পানীর' মতো (লালবাতি জ্বলতে দেখা যায়) অবস্থা করে চলছিল। এরফলে আজকে সেখানে কিছু অসুবিধা হচ্ছে।

(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ মিঃ স্পিকার স্যার, আজকে তিনবিঘা বিষয়টি বহু আলোচিত বিষয়। পাশাপাশি দেশ, প্রতিবেশী দেশ বাংলাদেশ। সেখানে গণতন্ত্র ফিরে এসেছে। বাংলাদেশের মানুষ আমাদের সঙ্গে দীর্ঘদিন ছিলেন। আমরা একসঙ্গে ছিলাম। একই দেশে আজকে রাজনৈতিক কারণে আমরা বিচ্ছিন্ন। ওরা আমাদের প্রতিবেশী এবং আমাদেরই ভাষায় কথা বলে। ওদের সংস্কৃতি এবং আমাদের সংস্কৃতি এক। আমরা নজরুল, রবীন্দ্রনাথের কথা বলব, ঐক্যবন্ধনের কথা বলব অথচ প্রতিবেশী দেশকে সহযোগিতা করতে এতটুকু এগিয়ে যাব না? এইসব বললে আমাদের মধ্যে উগ্র জাতীয়তাবোধ জেগে উঠবে। আজকে কেউ কেউ এটাকে নিয়ে রাজনৈতিক ইসু করার চেষ্টা করছে। তিনবিঘা করিডোরকে বাংলাদেশের মানুষের যাতায়াতের জন্য ছেড়ে দেওয়া হচ্ছে এটা নিয়ে প্রশ্ন তুলছেন। আজকে এখানে যে প্রস্তাব এসেছে, এই প্রস্তাবকে বাস্তবায়িত করতে পারলে প্রতিবেশী দেশের সঙ্গে আমাদের একটা সুসম্পর্ক গড়ে উঠবে। ছিটমহল এবং আরও যেগুলো আছে, এগুলো নিয়ে এই চুক্তি—একে স্বাগত জানাচ্ছি। আমাদের নেতা জ্যোতি বসু এই ব্যাপারে বিস্তারিত বলবেন। এটা নিয়ে আমাদের বিশদ বলার অপেক্ষা রাখে না। আমি এটাকে সমর্থন করছি।

[1-20 — 1-30 P.M.]

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় সদস্য লক্ষ্মী দে তিনবিঘা হস্তান্তর চুক্তির বিষয়ে যে প্রস্তাব, ১৮৫ মুভ করেছেন তাকে সমর্থন করে আমি এই কথা বলতে চাই যে, এই আন্তর্জাতিক চুক্তিটিকে রূপায়ণের ক্ষেত্রে অনেক দেরি হয়ে গেছে এবং অনেক জল ঘোলা হয়েছে। একটি পটভূমিকা আমরা সকলেই জানি। তবে আমি সামান্য ভাবে উল্লেখ করতে চাই এই কারণের জন্য। ভারতের ম্যাপে বেরুবাড়িকে ভুল করে পাকিস্তানের ম্যাপে দেখানো হয়েছিল। শ্রীমতী ইন্দিরা গান্ধী নেহেরু চুক্তিটিকে সংশোধন করে চুক্তি করেন এবং বাংলাদেশ যখন নতুন করে সৃষ্টি হল মুক্তি যুদ্ধের মধ্যে দিয়ে তখন ইন্দিরা গান্ধীর সঙ্গে মুজিবের চুক্তি হয়েছিল। তাতে বেরুবাড়িকে ভারতের তালিকায় স্থানান্তরিত হল এবং ছিট মহলকে পাকিস্তানের তালিকায় অর্থাৎ নতুন বাংলাদেশের তালিকায় স্থানান্তরিত করা হল। এই তিনবিঘা নিয়ে কিছু বিচ্ছিন্নতাবাদী শক্তি বি জে পি সেখানে আন্দোলন করছেন এবং আজকে এই নিয়ে ভারতের সার্বভৌমত্বের কথা উঠেছে, এতে সার্বভৌমত্ব খুন হচ্ছে কিনা প্রশ্ন উঠেছে। বি জে পি-র নেতা গতকালও বলেছেন যে এই চুক্তি অকেজো হয়ে গেছে এবং এতে ভারতের সার্বভৌমত্ব নষ্ট হতে বসেছে। আমাদের এই দেশ হচ্ছে জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপী গরীয়সী সেই দেশের সার্বভৌমত্ব খুন্ন যাতে না হয় সেইদিকটা আমাদের দেখতে হবে। আন্তর্জাতিক যে চুক্তি সেই চুক্তির মর্যাদা দেওয়ার ক্ষেত্রে প্রতিটি মানুষের দায়িত্ব বোধ থাকা উচিত। এই আন্তর্জাতিক চুক্তির মর্যাদা প্রতিটি মানুষ আজকে দিতে বাধ্য। গণতান্ত্রিক ভাবে দিতে বাধ্য। সেখানে যে চুক্তি সম্পাদিত হয়েছে তাতে বলা হয়েছে যে এই তিনবিঘা চারদিকে ভারতীয় পতাকা থাকবে এবং যাতায়াতের কোনও অসুবিধা হবে না। সর্বশেষে আমি এইকথা বলে শেষ

করতে চাই যে এই এলাকার চুক্তি যাতে রূপায়িত হয় এবং তারজন্য যে প্রস্তাব বিধানসভায় সর্ব সম্মতিক্রমে আনা হয়েছে সেই প্রস্তাবকে আন্তরিকভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার রুলস অ্যান্ড প্রসিডিওর এর ১৬৯ ধারায় এটাকে আনলে আরও এর ফোর্স বাড়বে। ওই ধারাতে এটাকে রাখতে দিতে পারতেন।

Mr. Speaker : Dr. Abedin, when this motion was filed there has been a long discussion prior to filing this motion. Your party leader has been consulted. When we discussed your party leader it is presumed that he had got the backing of the party. I am not concerned whether he has consulted with you or not. I am not concerned at that. I am not concerned with your individual capacity. I am concerned with group capacity. You are only disturbing. The matter has been decided.

শ্রী সমর হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বিধানসভায় যে তিনবিঘা নিয়ে সর্ব দলীয় প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। এই চুক্তি ইন্দিরা গান্ধী ও বাংলাদেশের রাষ্ট্রপতি মুজিবর রহমানের সঙ্গে তিনবিঘা লিজ দেওয়া নিয়ে যে আন্তর্জাতিক চুক্তি হয়েছিল, সেই আন্তর্জাতিক চুক্তি কার্যকর হলে প্রতিবেশী রাষ্ট্রর সঙ্গে আমাদের সম্পর্ক সৌহার্দ্যপূর্ণ হবে। নিজের ব্যাখ্যায় বলা হয়েছে বাংলাদেশিদের ছিট মহলের যাতায়াতের সুবিধার জন্য তিনবিঘাকে ব্যবহারের জন্য লিজ দেওয়া হয়েছে। তাতে আরও বলা হয়েছে যে, বাংলাদেশি নাগরিকরা শুধুমাত্র দিনের বেলায় যাতায়াতের জন্য তিন বিঘাকে ব্যবহার করতে পারবে। বাংলাদেশিরা কোনওরকম সামরিক বা আধাসামরিক যানবাহন চলাচলের জন্য ভারতের কাছে অনুমতি নিতে হবে। তিনবিঘার প্রশাসনিক ক্ষমতা ভারতের হাতে থাকছে। ভারতের সার্বভৌমত্ব কোনওভাবেই ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা নেই। আমি আমার পার্টির পক্ষ থেকে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় তিন বিঘার উপর যে মোশন আনা হয়েছে আমি সেই মোশনকে আমার পার্টির তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে একটা আন্তর্জাতিক চুক্তি হয়েছে এবং আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রীর কথা হয়েছে, আমি মনে করি আমাদের পার্টির তরফ থেকে, বাংলাদেশের সঙ্গে ভারতের একটা সুসম্পর্ক গড়ে উঠবে ; সুতরাং এই ব্যাপারে আমি মোশনকে সমর্থন জানাচ্ছি। এই কথা কয়টি বলে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ স্যার, তিনবিঘা বহু আলোচিত বিষয়। বাংলাদেশের সঙ্গে ভারতের সাংস্কৃতির যে একটা ঐতিহ্য আছে সেটা আমরা সকলেই জানি। ভারতবর্ষের প্রধানমন্ত্রী সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রীর একটা আলোচনা হয়েছে, এই চুক্তি যেটি হচ্ছে এটা একটা আন্তর্জাতিক চুক্তি। শ্রীমতী ইন্দিরা গান্ধী মুজিবরের একটা চুক্তি হয়েছিল সেটা দীর্ঘকাল কার্যকর হয়নি

তাই এই চুক্তি যাতে অতি সত্বর সাফল্যমন্ডিত হয় সেটা করা দরকার। আমরা মনে করি এতে ভারতবর্ষের সার্বভৌমত্ব নষ্ট হবে না যদি চারটি পয়েন্টে ভারতবর্ষের পতাকা থাকে। সেখানে শিশু জন্মালে সেটাতে ভারতীয় সন্তান হবে, সেখানে কোনও ক্রাইম হলে সেটাতো ভারতেই বিচার হবে। সুতরাং যেখানে ভারতের সার্বভৌমত্ব সুষ্ঠুভাবে বজায় থাকবে, তাই আমি মনে করি আমাদের পার্টির পক্ষ থেকে এটার ব্যাপারে সত্বর সমাধান হওয়া উচিত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddhartha Shankar Ray : Mr. Speaker, Sir, what Dr. Zainal Abedin was saying is perhaps right. But I take it that by taking this Rule or that Rule, this resolution will be passed unanimously by the House. This is a most important thing that we wanted the motion to be passed unanimously. Sir, I am speaking deliberately in English. Although I would have preferred to speak in Bengali for I feel that both I and the Chief Minister at least should speak in English. Because there is a possibility of the proceeding of this House being read by other countries-international countries for the purpose of finding out as to what we have said, and we don't want to be misunderstood. Sir, I support this Resolution on behalf of my party in full. In point of fact, the Resolution which was originally drafted in Bengali and when it came to me for my signature, I had a look at it and I was told that this has been approved by the Government of West Bengal and that very Resolution has been passed by the all-party meeting which the Chief Minister had held. I, therefore, signed the Resolution blindly without going into the details. Then when I went into the details I found that the Bengali Resolution which was passed by the all-party meeting was in some respect inconsistent with the Supreme Court Judgement. There was a talk of হস্তান্তর. There was a talk of giving and taking and all that thing was absolutely irrelevant. There was no হস্তান্তর. There was no transfer. There was no giving and taking and, therefore, I informed Delhi and the night before last I also informed the Chief Minister and both Delhi and the Chief Minister agreed with this and the entire thing was re-drafted in English. Because, Sir, as you know that there are some Bengali words which might have two or three meanings. So, it is best to have precise words used so that there is no confusion in the future and therefore the resolution which you have in the House now is a resolution which has been seen by the Chief Minister, if fact drafted by the Chief Secretary and seen by the Chief Minister. I had seen it and the Prime Minister approved it. But I felt something else should be there. So, I rang up Delhi and I also had talk with the Chief Secretary but I was not sure whether my suggestion will be taken or not. If you look at the resolution the last but one paragraph—second, third

but last paragraph the modelities also implied. "The question of movement of Bangladesh traffic including movement of military and para military forces without the knowledge of Indian authorities does not arise." I suggested this must be put in because the false propaganda is being made that movement of Bangladesh traffic including movement of military and para military forces can take place without our consent. So, that has to be specifically said that without our knowledge such a thing does not arise. In fact I suggested "doesn't" and "can't arise". But I see that the Chief Minister and the Government of India have accepted only "does not arise". I do not quarrel with them. Now, we have a resolution before this House which I want to support. We are not as a political party. I am not as a political being, concerned with what is happening inside the Left Front, as to what one unit of the Left Front is saying or the other. That is not my business. Our business is only to see that our international interests are protected, that India's honour is protected, that our honour, our words, our pledge remains in tact. Therefore we support this resolution not only, Sir, because in 1974 the Government of India had entered into a agreement with regard to Tin Bigha, not only because there have been clarifications in 1982 with regard to this 1974 agreement, not only because there have been further clarifications in 1992 with regard to this agreement. But taking international law as it is afterall is entitled to have some rights. An enclave is nothing else, Sir, but a servitude and an enclave has certain rights and that has been made clear by international jurists. I wen't waste your time with regard to all the international jurists but I think it may be worth the time of this House to listen only to the observation made by one of the greatest authorities on the international law, D.P.O. Connell. I am reading from his book "International Law", 2nd Edn., Vol.I. page 552 "The classical writers from Vitteria on where unanimous in their view that a State must permit others to trade with it, and hence must grant them accese and right of transit, and the opinion was maintained in spite of a mercantilis theory of trade." Then under the heading "Access to unclaves" it is said, "There is cogency in the argument that a State has a right of access acrose alien territory to its enclaves area and in fact enclaves have only survived becasue of the grant of necessary facilities." Therefore This is the position. Even if we are not in entering into this agreement, perhaps Bangladesh would go to some international court or something of the kind. I do not know what would happen. They are bound to do it. But this confusion should not have been there and Mrs. Indira Gandhi was absolutely right when she entered into the pact with Mujibar Rahman. I am glad that although you had opposed it then you are now fully supporting it. You

are obliged. National interest is being protected. Now, with regard to this very agreement all kinds of arguments have been raised. The Supreme Court and the Calcutta High Court had to go into this time and time again. Litigations have gone between 1982 right up to 3rd May, 1992 and the matter has been settled for all time to come. The High Court held that six principles should prevail. What are the six principles ? The full bench of the High Court—

One, implementation of the agreement of 1974 and 1982 did not involve cession of any Indian territory to Bangladesh.

Two, no exclusive or legal possession of Tin Bigha was being transferred to Bangladesh. Nothing would be transferred.

Thirdly, there was no question of transfer of sovereignty of India, wholly or partially, in respect of the said area.

Fourthly, certain privileges only, privilege only, had been conferred on Bangladesh and its nationals under the said agreements which otherwise they would not have.

Fifthly, as Dahagram and Angrapota would ramain as parts of Bangladesh territory, the agreements were necessary to enable Bangladesh to exercise its sovereignty in full over the said enclaves.

And lastly, in spite of the said agreements India would retain its sovereignty, ownership and control over Tin Bigha.

The High Court said this. But the High Court has said that there should be a constitutional amendment. Supreme Court said, no , you are wrong. There need to be any constitutional amendment. High Court had said, there should be a constitutional amendment. Why ? Because, High Court have thought that the 9th Amendment of the Constitution affected this agreement. But the Supreme Court said, no, the 9th Amendment was never notified. Therefore, the 9th Amendment does not apply. No Amendment, therefore, is necessary. This agreement is perfectly valid. In fact, th Surpreme Court went on as if to say as you see, Sir, I have got that book which is before you if you are still interested about some intellectual works. I think, 1990 AIR and the records of the Surpreme Court are before you. If you want to look, ask your Officer, to bring it to you, so that you could read when I am reading it. If you read page 1701, because this is the Supreme Court decision, not the High Court, the Supreme Court is approving by referring to Mrs. Justice Monjula Bose's judgement by

quoting her. So justice Munjula Bose delevered the concrete judgement. She held that sovereignty of the area, in fact, continued to be vested in India. She, however, held that there was no intention on the part of India to give Bangladesh either occupation or possesion of Indian territory as such but merely an undisturbing possession and used for the expressed purpose of connecting Dahagram with Bambari Mouza of Bangladesh to enable Bangladesh to exercise sovereignty over the Dahagram and Angrapota and or no other purpose. A perpetual right of passage and other constitutional right given to Bangladesh for the limited purpose for exercising the sovereignty over two enclaves within the territory of India and any restriction of India, does not tantamount to transfer of interest land. And finally, Sir, which clinched the matter for all time to come, this very important court of the land and under Article 141 (ii), which the Supreme Court have said, is binding upon all of us, everyone of us, is the law of the land. They go on to say, we must observe, Sir, what they say in paragraph 32, the most vital part. We must observe that this House does not really fight over a non-issue. This is really a fight over a non-issue. The division bench categorically held that there is no ecession of territory and lease in perpetuity. If that is so without the change in law or change in the constitution, the agreement should have been implemented in full and we hope that it will be done for the restoration of friendly relation between India and Bangladesh. So, law is absolutely clear, international law is absolutely clear. Indian agreements are absolutely clear and there is no reason why we should oppose it. If you look at the two agreement, you will find numerous clauses. For example, it is being said, Sir, I noticed it in Berhampore.

[1-40 — 1-50 P.M.

Some political parties-I do not want to enter into the arena of politics, but some persons belong to a political group or a particular political party were opposing this, saying that if a pregnant woman wanted to go from one part to the other, how would she wait for six hours I mean how could we prevent childbirth for six hours ? I am sorry, Sir, that gentlemen had not read the 1992 terms. The 1992 terms provided for that, saying that in the case of emergency, medical emergency, special provisions will be made. In so far as the control of traffic is concerned, the fullest discretion has been given to the Indian authorities. The law that will apply is Indian law. The court which will be administered the justice which will be adminstered - is Indian law. They are trying to say that this is not written there. I mean, of course, it is written there in the sense that if a country has

sovereignty over a particular piece of land, the law of that country applies to that land. Since we have sovereignty over that area, since there is no change of sovereignty whatsoever, the sovereignty remains with us. The Indian Penal Code applies there: the Criminal Procedure Code applies there; the Army Act applies there. Every provision of law that will apply, Indian Courts will have full jurisdiction, the Indian Flag will fly and there is no difficulty whatsoever. So, therefore, we ought not to quarrel about a non-issue as the Supreme Court has described it, and we should wholeheartedly support this Agreement, particularly becasue the last portion of the Agreement that "This House believes that the implementation of the Tin Bigha Agreement will help in strengthening the friendship between the two countries. This House also is of the opinion that this is an appropriate and timely step taken by the Government of India and will help in strenghtening the social, political, economic and cultural co-operation between the two neighbouring countries." There can be nothing more that we in Bengal want. We want the best of relation with Bangladesh. We in India want Bangladesh and India to be friends for all time to come. We do not want anybody to disrupt this friendship. But before I sit down, Sir, I want to tell the Chief Minister one thing. I have gone through all the facts. Delay has taken place - tremendous delays for acquisition proceedings and so and so. Some kind of enquiry should be made by the Chief Minister I will be glad to assist it which is the anti Indian officer in the West Bengal. Who are the officers who are responsible for this delay ? When the notification for acquisition was issued ? Why till 1991 they could have a choise of going to the court and stop the acquisition ? Only in 1991, you won the case. On the 3rd May, 1990 the Supreme Court had given the 'go-ahead' the green signal and said 'go ahead' you do it immediately : I read out that paragraph. Who are the people who stopped it ? I know from 1987 to 1990 nothing was done because then Mr. Atal Behari Bajpai was the Foreign Minister of India. So one can understand that. But then why later on there was delay ? And that is the reason why people in that area become restless, become suspicious and so and so. I don't blame the people of that area for feeling that they are being harassed, I mean, the future, things. Propaganda has not been made. In fact, I told the Government of India also in my letter to Prime Minister which I read the other day that Government of India has also failed to propagate this cause properly through its medium, i.e., the television and the radio. I again through this House, Sir, and through you beseech the Government of India and also the Government of West Bengal to take the most prompt and active step to see that the proper facts are placed before the people. I have no doubt that if the

proper facts are placed before the people, if the whole thing is shown on a map in the television, in the All India Radio, repeatedly, time and again, as to what the provisions are, what the safeguards are, I am sure this kind of opposition will not come.

Interested people will not be able to create any difficulty. And, Sir, after all, I am sorry that certain people whom I find were party to the Cabinet decision in 1980, are opposing what they had decided in 1980. This - I do not want to criticise anybody this is a sad picture which we notice, and I am sure this sadness can be removed by a frank talk with them and by telling them - 'look, this is the position, this is the thing.' Place all your cards on the table, go and tell the people that this is so, and remove whatever doubts - whatever doubts - people there have. After all, people who are doubting now, doubting their future, whether it is assured or not, are our brothers and sisters. So we have to go before them and tell them as to what the position is. And those who can make understand, make them feel 'yes ; those in whom they have confidence, should go there and tell that this is the position.

Sir, this step you must take. By 26th you have to have the road ready otherwise there will be breach of agreement on the 26th. But for that purpose we should proceed, not as you did yesterday with the help of the police that we saw but in a diplomatic manner, in a proper manner and not with the help of your cadres. You must do it properly, in a very polite manner. Go to the people and explain things to them. Things have to be explained. India's interest have to be protected. Our nation interest have to be protected. Our national interest must not be allowed to be slighted. Our pledge must be kept, and I am sure the Chief Minister will see to it that things are done. I thank you Sir. We fully support this resolution.

Shri Jyoti Basu : Mr. Speaker Sir, I wholeheartedly support the motion placed before the House by Shri Lakhi Kanta De and others. It has received the approval of all the members except one i.e. the S.U.C(I) representative. Earlier I had made a statement on a Calling Attention motion on the same subject of Tin Bigha, this international agreement between the Govt. of India and Bangladesh. At that time some questions were raised and the main point was what you are making a statement here but does the Govt. of India accept your interpretation whatever you have said ? Or does the Bangladesh Government accept it ? So, it was suggested to me by the Leader of the Congress Party that I should call all-party meeting which I did and all representatives attended. And there also except the BJP and particularly

the S.U.C. (I) representatives all others, as far as I can recollect, accepted our point of view and they informed us that they would be in full support of this international agreement. But they have said since in this meeting on my invitation Shri Feleiro and Shri Jacob had come from the Govt. of India sent by the Prime Minister that he has answered the question, but there seems to be some discrepancy or misunderstanding between the earlier documents, i.e. 1982 document and what has been there after developments which took place thereafter. Therefore, why can't the Govt. of India publish a fresh booklet ? Earlier they had published a booklet based on 1982 agreement and it was placed before both the Houses of Parliament. On this occasion, therefore, these representatives of the Govt. of India readily agreed that they would go back and talk to the officers and produce fresh documents including all that has happened upto this 1982 and that booklet is now with us. I do not know whether all the members have got copiees of the booklet but it is with us now and it is based on this understanding in the booklet that the resolution was prepared in it. I am thankful to the Leader of the Opposition that he also made some fresh suggestions, clarificatory suggestions and that also we have referred to the Govt. of India. I think he may have also referred to them and they have agreed. It further clarifies the position, underlines certain points which all of us have accepted. So, there is no cause for any confusion. Earlier also we had no confusion but then some people were carrying on with their misleading and wrong propaganda inregard to the sovereignty, in regard to whether the criminal cases will be held and so on and so forth.

[1-50 — 2-00 P.M.]

But unfortunately we, as far as the Left Parties are concened, are little delayed. There is only one sided propaganda. There are some committee, - calling themselves Sangram Committee. There are misleading propaganda, wrong propaganda, wrong inter-pretation. But we did not enter into the field because we had little difficulty amongst the Left Parties. So, later on, when all these difficulties were sorted out we went there. We conducted big and large meetings not only in that particular part but also in other parts of Cooch Behar, and in the coming few days we will again hold big meetings there. In the meanwhile, we had discussed the matter with one or two Congress leaders which usually we do not do as we do not agree with them on various issues. But this is an international agreement and therefore, we, the Left Parties are willing to go there altogether, to visit those areas, to explain the people, to tell the people, the perspective which is there, tell the people the importance of the international agreement in regard to

[9th June, 1992]

frindship with our neighbourhood. This is not a matter of leasing out of a piece of land, giving them a road, - but this has a wider aspect, that is friendship between our neighbours. This is India Government's agreement with Bangladesh Government. Now, Bangladesh has agreed to most of the suggestions made by us. It has taken a long time because there were cases before the High Court, before the Supreme Court and so on and so forth. There were some agitations also. Even now we find some parties who think along the communal lines. They are propagating absolutely on this line and they do not accept international agreement. I, myself, met their top leaders. I met Shri Vajpayee, and Shri Advani to explain them the actual positions. I told Mr. Vajpaye, "You were the External Affairs Minister at that time. You know everything". He replied, "I cannot quite explain to my people. But, I will see what can be done." Mr. Advani said, "I am not aware of the whole matter." I said, "You are the Leader of the Opposition. Why cann't you get aware from the Prime Minister, from the Foreign Minister. It is easy for you. There are so many issues where we differ fundamentally. You have also many issues to fight against us. But this an international agreement and you are the Leader of the Opposition. How can you oppose it and on what ground you are opposing?" Everything had been explained to him, but he did not answer. Only on one point he said, "why could not this agreement be made for 99 years," I said, "Nothing difference even if it was made for 99 years. The only difference that it would be needed to be renewed again. He said, "It is alright. I will find it out." Now, they are on political stand. So, all of us have to go, all secular parties must go together and oppose this vicious move. I am saying vicious because whenever we went there we found that the minorty Muslims were also getting afraid all the troubles.

Now, I am fully agreed with Shri Siddharthah Shankar Roy who has clarified the matter constitutionally, legally and so on. But what is necessary now is to vigorously go to the people, explain to them, go to the masses, explain to them about all which we are explaining ourselves here through this resolution and through this booklet which we have got. Earlier we had sent thousands of leaflets there explaining the main—we mean the Left Parties, the Government and so on. But now it is necessary atleast in one case to agree with the Opposition - the Main Opposition i.e. the Congress Party—its is after all their Government's agreement with Bangladesh. From 1982 onwards we have been supporting this. We had some clarifications to seek, some explanations to ask for. All those were given to us. Now we are agreed, we are satisfied-

absolutely satisfied to think that we are on the right line and we are not losing the soverignity of Koochli Bari people, Rest of the people of Koochli Bari on the other side—they are not being cut off, 16000 people are not being cut off from the other side. The original agreement which was there is no longer effective. Old road would be used i.e. north-south road for 18 hours a day. It would be with us for 6 hours in the day light when Bangladesh will have access one hour and then India will have access in other hour and so on, i.e. for six hours they will have access. Even on the ground it has been discussed with Bangladesh representatives. I am told that supposing you have no traffic at that time you have no movement on that road. You have atleast to wait to enter in your enclave. Shall we have to wait for another hour to use the old road for our citizens from north to south ? That can always be done, arranged on that ground. They will have access, you will have to that also. Then in regard to other questions, you remember, the question was raised not only about soverignity but also where the criminal cases will be held. So, we think, the documents say-nothing will be changed. In regard to other question—about the leases are given, hand over the corridor to them and so on—it would be as it exists now. In perpetuating our soverignity being retained—what is the position now ? If a Bangladesh is arrested on our soil then the case will be heard in our Court. This is the situation—this will continue. If this is not so then we have to change our law, criminal law will have to be changed. And this was discussed with the Central representatives and lawyers. I am convinced. So, there should be no difficulty in regard to that. Then there was a question of not only the traffic movement but also para-military forces, military forces all that has been in our resolution—clarified. This was suggested what was there - all right. To underline the position Siddhartha Shankar Ray too however had sent an amendment, then we referred it to the Central Government. There is no harm in it. It only further clarified the positions and underlines the position. So, I do not want to analise the motion which has been placed. Everybody has agreed to it and it has been placed before the House. But I say that time-table has to be worked out. I do not know whether Mr. Ajit Kumar Panja has come. (Voice-Mr. Panja is here) OK. Mr. Panja is here—who met me and suggested to me some date. I do not know exactly the date. Now I say, let the resolution be adopted first altogether and when we shall immediately go, we should not waste time, Already two - three meetings announced there in Cooch Behar town and so on and so forth. I think we can go together—what exactly we shall do, where to go that we shall discuss amongst ourselves. If 2/3 Congress (I) representatives meet our people then we

can work out something there. But the work has to be started, you see 26th is the deadline. Now some time before that work has to start and some people probably are determined to create trouble there. Although I am still now from this forum appealing to them to desist from such thing where will be India's position if violence takes place there by few motivated people who are not for international agreement, not for any friendship with our neighbours. We can never accept this position. Again I am appealing to them to accept this position. They can protest. But let that road is now going to be built by us—C.P.W.D. We have now to start that work. In some newspaper I find in one English newspaper that thousands of people in Tinbigha will be ousted. There is not a single family in Tinbigha. It is a paddy land and we have to give them a little road to go to their enclave because it is dependent on the territory of South Berubari which we had with Bangladesh. So, this is all I have got to say and need not further elaborate. It is not necessary. But my main concern is that when the Prime Minister rang me up yesterday I told him that this would surely be passed by all of us together. But the main concern after passing—what programme we shall have jointly or severally. Severally also Congress will go on its won. We are going on our own. But it is necessary that we go together and give correct message to the people all over the world. So this is all I have got to say. I fully support this motion which has been placed before us.

Shri Siddhartha Shankar Ray : Sir, on a point of information. There is some criticism that Bangladesh has not yet accepted all the terms mentioned in a letter dated 26th March, 92. I have just received a document and I am sure the Hon'ble Chief Minister has also been given a copy of it. It is Indo-Bangladesh joint communique dated 28th May, 92 where Mr. Narasima Rao and Begum Khaleda Zia have categorically said, both sides noted with satisfaction the recent exchange of letters regarding the modalities for implementation of the terms providing for 'right of passage'. Underline **right of passage** for Bangladesh citizens through Tinbigha area which would become effective from 26th June, 1992. No doubt about it.

With regard to daley the Chief Minister is right. I ask you to look into your own department who are the officers who have delayed the acquisition.

Thank you.

[2-00 — 2-10 P.M.]

শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ মাননীয় স্পিকার স্যার, আমার যে মোশন আমি উত্থাপন করেছিলাম আমার ধারণা ছিল সব পার্টির পক্ষ থেকে এই মোশনকে সমর্থন করা হবে। দুঃখের ব্যাপার, এস ইউ সি পার্টি তাদের নিজস্ব মোশন উত্থাপন করেছেন।

মিঃ স্পিকার ঃ এস ইউ সি অফিসিয়াল পার্টি নয়, গ্রুপ।

শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ গ্রুপের ২জনই সমর্থন করছেন না। আমাদের আশা ছিল আন্তর্জাতিক চুক্তি রূপায়ণে পশ্চিমবঙ্গ সরকারের যে উদ্যোগ বিশেষত বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গের মধ্যে সৌহার্দ্যপূর্ণ আচরণের মধ্য দিয়ে দেশের মধ্যে সুন্দর ব্যবস্থা গড়ে উঠবে তারজন্য যে আশা সেটা পুরোটা পূরণ হল না। কিন্তু আজকে এই হাউসের মধ্য থেকে সকল পার্টি বিশেষত বিরোধীদল এবং সরকারি দল সকলে সমর্থন করে আগামীদিনে এই সৌহার্দ্যপূর্ণ ব্যবস্থা যেটা গড়ে উঠতে চলেছে পশ্চিমবাংলা তথা ভারতবর্ষ এবং বাংলাদেশের মধ্যে তাকে সুন্দর করে গড়ে তোলার প্রচেষ্টা করব। কিছু কিছু লোক যারা মানুষকে ভুল বোঝানোর চেষ্টা করছে বিভিন্নভাবে কেবলমাত্র নিজেদের স্বার্থকে রক্ষা করার জন্য, দেশের স্বার্থ না দেখে, মানুষের স্বার্থ না দেখে তাদের বিরুদ্ধে মানুষকে সচেতন করার দায়িত্ব নিশ্চয়ই সকলকে গ্রহণ করতে হবে। আমরা চাই, সকলে মিলে সেখানে গিয়ে সেখানকার মানুষকে আমাদের বক্তব্য তুলে ধরা এবং সত্যিকারের মানুষকে একটা জায়গায় নিয়ে আসা। সেইদিক থেকে এই প্রস্তাব সকলে মিলে সমর্থন করবেন এই আশা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় লক্ষ্মী দে এবং মাননীয় অন্যান্য সদস্যরা যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করে বলছি যে, তিনবিঘা প্রসঙ্গে কেন্দ্রীয় সরকার যে পদক্ষেপ নিতে চলেছেন এবং রাজ্য সরকার সেই পদক্ষেপকে সমর্থন করেছেন, কিন্তু সেই পদক্ষেপে সমস্যার সমাধান হওয়া তো দূরের কথা সমস্যাকে আরও জটিল করে তুলবে। উভয় দেশের মধ্যে সুসম্পর্ক গড়ে তুলতে সাহায্য করা দূরে থাক, আরও তিক্ততা বৃদ্ধি করতে সাহায্য করবে। ফলে এই প্রস্তাবের বিরোধিতা করে আমি একটি বিকল্প প্রস্তাব এখানে উত্থাপন করছি উভয় দেশের স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য। এখানে কেন্দ্রীয় সরকারের যে নতুন বয়ানটি রয়েছে তাতে বলা হয়েছে যে, ভারতবর্ষের স্বার্থে কিছু পরিবর্তন করা হয়েছে। আমি মনে করি ইট ইজ ডিসিভিং। এখানে যেটা বলা হচ্ছে অফেন্সের কোয়েশ্চেনে ভারতীয় আদালতে বিচার হবে। এটা সমস্যার কথা, মিলিটারি প্যারা মিলিটারি যাওয়ার ক্ষেত্রে আগাম পারমিশন নিতে হবে, এসব কথা এখানে প্রদত্ত ডকুমেন্ট ২৬-৩-৯২ তারিখে দু দেশের বিদেশ সচিবের এভিডেন্সের আদান প্রদানের মধ্যে কোথাও লেখা নেই। শুধু বলা আছে প্রসিকিউশন এবং অফেন্সের ব্যাপারে জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্টদের কথা একে অপরকে সহযোগিতা করবে কোথাও এ কথা বলা নেই। মিলিটারি, প্যারা মিলিটারি এবং মিলিটারি ফোর্স এদের ক্ষেত্রে যেটা ছিল সেটাতে আনফেটার্ড রাইট নালিফায়েড হল এমন কোনও কথা এখানে নেই নতুন বয়ানে। এইরকম পরিবতর্ন নেই, ফলে ১১ পয়েন্টে পিপলকে ডিসিভ করা হচ্ছে। আমি এই কথা বলতে চাই বারংবার এই আন্তর্জাতিক চুক্তির কথা কেন্দ্রীয় সরকার বলেছেন, মাননীয় জ্যোতিবাবু বলেছেন,

আমি শুধু বলতে চাই আন্তর্জাতিক চুক্তিতে দু'দেশের জনস্বার্থে বিরোধী কাজের প্রতিবাদ করা যায় না, তাহলে ১৯৫৮ সালে বেরুবাড়ি আন্তর্জাতিক করার প্রশ্নে মাননীয় জ্যোতিবাবু কেন বিরোধিতা করেছিলেন?

(এই সময় লালবাতি জ্বলিয়া ওঠে।)

মিঃ স্পিকার : শেষ করুন। নাউ ডাঃ জয়নাল আবেদিন।

(মাইক বন্ধ হয়ে যাওয়া মাননীয় সদস্য তার আসন গ্রহণ করেন।)

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, I would first like to attract your attention and the attention of the Hon'ble Chief Minister that while in 1980, Shrimati Indira Gandhi came to power, Shri Jyoti Basu, as Chief Minister and Leader of the House moved a resolution under Rule 169 and sought our permission and an amendement was possibly there, and the support also was there. Sir, here the fundamental difference should not be misunderstood. The question of a motion means to elicit the opinion of the House while the question of a resolution means to elicit the decision of the House. This should be differentiated. Not that you don't understand the force of the motion. You are always in the habit of clubbing all members from Tom, Dick and Harry. The resolution is in the form of a motion. Sir, you are fundamentally mistaken that the force of a motion is much weaker than the force of a resolution. A resolution means to elicit the decision of the House and a motion means to elicit the opinion of the House. In such case, you give cockroaches power to the S.U.C. Party having one or two members and you had allowed them to submit a counter motion. They would be allowed to move an amendment not a substitute motion. They would not be allowed to move a substitute motion. You have fundamentally mistaken with the conception. You are always clubbing Tom, Dick and Harry. You are always in the habit of clubbing. What was the harm if the Hon'ble Chief Minister have moved the motion under Rule 169 ? You have referred to Rule 174, and this can be done with the permission of the Chair, and only fifteen minutes time is not sufficient enough to discuss such subjects. Sir, you have the omnibus power. You are omnipotent. Your power is more than the God. Your power is more than a Saitan everbody knows it. And you are behaving in such a way in such an international issue, I am terribly offended that a man of your experience having experience of the whole world, you have not allowed a proposal and a resolution under Rule 169 which would have moved and supported by the Hon'ble Chief Minister and participated by anyone you would have liked. This would have been supported by the Leader

of the Oppsition and they would have put only an amendment. Not that they would have put a counter resolution. So I am terribly sorry that you have mistaken this. I don't agree with you. I shall not agree with you.

[2-10 — 2-45 P.M. (including Adjournment)]

Mr. Speaker : Dr. Zainal Abebin, here is a point that I should have allowed the motion or the resolution under Rule. 169. The resolution or the motion should have been admitted under Rule 185 and the resolution should have been moved by the Chief Minister. The Hon'ble Member appears to have been carried away momentarily. I do not decide who moves a motion or a resolution. It is the members to decide who will move the motion or the resolution.

(Noise and interruptions)

So, it is the descretion of members to decide who will move a motion.

(Noise and interruptions)

Please, please, please sit down. It is the descretion of members of the opposition or ruling Party who will move their motion or resolution. In this matter the ruling party whip and the opposition whip Mr. Gyan Singh Sohanpal met me several days as regards this motion and in what form it should be. There were several corrections and the Leader of the Oppostion also gave me his suggestions and all these things and it was ultimately decided that it would be under Rule 185. I personally prefer it to be under 185. Why ? Because independent members may want to move certain other motion, not agree with the motion of the ruling party or other members of the House. Under Rule 169, there was no provision for that. Under 185 there is a provision for that and the opportunity has been provided to the Hon'ble Member Shri Deba Prasad Sarkar. Under 169 they could only move an amendment and they could not move an independent motion. As such I do not see any reason why they should be deprived of that opportunity. In an earlier occasion under 169 a resolution might have been moved by the Chief Minister. On this occasion, the Chief Minister might not have moved the motion and may feel that it may be moved by other members and it could be supported by him. I do not see how the gravity has changed. The Leader of the Opposition has supported it, the Chief Minister has supported it, how does it less its importance ? I do not feel that there is any force in Dr. Abedin's agrument and as such I do not agree with it.

The motion of Shri Deba Prasad Sarkar that

"তিন বিঘা করিডর প্রশ্নে কোচবিহার জেলার মেখলিগঞ্জ থানা এলাকার বর্তমান উত্তেজনাকর পরিস্থিতিতে এই সভা গভীরভাবে উদ্বিগ্ন।

এই সভা ক্ষোভের সাথে লক্ষ্য করছে যে তিন বিঘা সমস্যা সৃষ্টির জন্য এদেশের শাসকগোষ্ঠীই দায়ী। কারণ শাসকগোষ্ঠীর পক্ষ থেকেই স্বাধীনতার ৪৫ বছর বাদেও ভারত বাংলাদেশের সাথে গঙ্গার জল বণ্টন, ছিটমহলগুলির সামগ্রিক বিনিময় প্রভৃতি দ্বিপাক্ষিক সমস্যাগুলিকে ইচ্ছাকৃতভাবে অমীমাংসিত অবস্থায় ফেলে রাখা হয়েছে। অথচ বহুকাল আগেই নেহেরু-নুন চুক্তি অনুযায়ী দুই দেশের ছিটমহলগুলির সামগ্রিক বিনিয়ম হয়ে গেলে তিন বিঘা নিয়ে সম্প্রতি যে উত্তেজনার সৃষ্টি হয়েছে সেটা দেখা দিত না।

এই সভা মনে করে যে, সামগ্রিক ছিটমহল বিনিময় ও বকেয়া সমস্যাগুলির সার্বিক সমাধান না করে আন্তর্জাতিক চুক্তি রক্ষার দোহাই দিয়ে প্রশাসনিক দমননীতি প্রয়োগ করে কেন্দ্রীয় সরকার তড়িঘড়ি তিন বিঘা করিডর লীজ দেওয়ার যে পদক্ষেপ নিতে চাইছে তার দ্বারা সমস্যা সমাধানের পরিবর্তে সমস্যা আরও জটিল হবে এবং তিন বিঘা একটি 'আন্তর্জাতিক স্পর্শকাতর' এলাকায় পরিণত হয়ে ভবিষ্যতে আরও সমস্যার জন্ম দেবে।

এই সভা আশঙ্কা করছে যে তিন বিঘা করিডরের উপর ভারতের সার্বভৌমত্ব ও বাংলাদেশের চিরস্থায়ী লীজ স্বত্ব—এই অদ্ভুত সিদ্ধান্ত, প্রতিদিন ঘণ্টা হিসাবে দুই দেশের জনগণের যাতায়াত, দুই দেশেরই অজ্ঞ দরিদ্র গ্রামবাসীকে দুর্নীতিগ্রস্ত প্রশাসনের হয়রানি, জোরজুলুম অত্যাচারের শিকার করবে। যার ফলে উত্তেজনা ও তিক্ততা বাড়বে এবং উভয় দেশের শাসকগোষ্ঠী ও মৌলবাদী শক্তিগুলি তার সুযোগ নেবে।

এই সভা আরও লক্ষ্য করছে যে, 'ভারতের স্বার্থে তিন বিঘা চুক্তি সংশোধিত হয়েছে' একথা কেন্দ্র ও রাজ্য সরকারের পক্ষ থেকে বারংবার প্রচার করা হলেও কেন্দ্রীয় সরকারের পাঠানো নতুন বয়ানে এমন কোনও কথার উল্লেখ নেই যে লীজ স্বত্ব প্রদত্ত তিন বিঘা ভূখন্ডে সংঘটিত সমস্ত অপরাধের বিচার একমাত্র ভারতীয় আদালতে সম্পন্ন হবে এবং একথারও কোনও উল্লেখ নেই যে উক্ত এলাকা দিয়ে বাংলা দেশের সামরিক ও আধা-সামরিক বাহিনীর যাতাযাতের প্রশ্নে ভারতীয় কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

অতএব এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে স্থানীয় জনসাধারণের মতামতকে উপেক্ষা করে বল প্রয়োগের মাধ্যমে তিন বিঘা করিডর লীজ দেওয়ার অগণতান্ত্রিক পদক্ষেপ অবিলম্বে বন্ধ করা হোক এবং উভয় দেশের জনগণের মধ্যে যাতে সুসম্পর্ক ও মৈত্রী গড়ে উঠতে পারে সে উদ্দেশ্যে বিচ্ছিন্নভাবে কোনও ছিটমহল সমস্যা নয় দুই দেশের ছিটমহলগুলির সামগ্রিক বিনিময় ও অন্যান্য বকেয়া সমস্যাগুলি সমাধানের প্রশ্নে আলোচনার জন্য অবিলম্বে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এক সর্বদলীয় বৈঠক আহ্বান করা হোক।"

was then put and a division-was taken with th , following results :-

NOSE

Abdul Haque, Shri

Abdur Razzak Molla, Dr.

Abul Basar, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Bal, Shri Sakti Prasad

Basu, Shri Jyoti

Basu, Shri Nihar Kumar

Basu, Shri Subhas

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshi

Biswas, Shri Sushil

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborti, Shri Subhas

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chakraborty, Shri Satyasadhan

Chakraborty, Shri Shyamal

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Shri Santasri

Chatterjee, Shrimati Shanti

Dakua, Shri Dinesh Chandra

Dal, Shrimati Nandarani

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das, Shri Paresh Nath

Das, Shri Soumindra Chandra

Das, Shri Trilochan

Das Mahapatra, Shri Kamakshyanandan

Deb, Shri Goutam

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Ganguly, Shri Santi

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Samar

Halder, Shri Krishna Chandra

Hore, Shri Tapan

Idrish Mondal, Shri

Jahangir Karim, Shri Sk.

Jamadar, Shri Badal

Kalimuddin Shams, Shri

Kisku, Shri Upen

Meheta, Shri Nishikanta

Maity, Shr Hrishikesh

Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath

Malik, Shri Sreedhar

Mandal, Shri Bhadreswar

Mandal, Shri Bhakti Bhusan

Mondal, Shri Biswanath

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Sailendranath

Mondal, Shri Shashanka Sekhar

Md. Ansaruddin, Shri

Md. Nizamuddin, Shri

Mohammad Ramjan Ali, Shri

Md. Yakub, Shri

Minj, Shri Prakash

Mirquasim Mondal, Shri

Misra, Shri Surya Kanta

Mitra, Shri Biswanath

Moitra, Shri Birendra Kumar

Mostafa, Bin Quasem, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Nirmal

Murmu, Shri Debnath

Murmu, Shri Sarkar

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Subhas

Nath, Shri Madanmohan

Nath, Shri Monoranjan

Nazmul Haque, Shri

Omar Ali, Dr.

Oraon, Shri Jagannath

Paik, Shri Sunirmal

Pakhira, Shri Ratan Chandra

Pathak, Shri Patit Paban

Phodikar, Shri Probhas Chandra

Pradhan, Shri Prasanta

Pramanik, Shri Abinash

Putatunda, Shrimati Anuradha

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Jatindra Nath

Roy, Shri Mrinal Kanti

Ray, Shri Subhash Chandra

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sisir

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhiren

Sen Gupta Dipak

Sengupta (Bose), Shrimati Kamal

Sen Gupta, Shri Prabir

Seth, Shri Lakshman Chandra

Shaw, Shri Pravin Kumar

Shish Mohammad, Shri

Singh, Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sur, Shri Prasanta Kumar

Tirkey, Shri Monohar

Toppo, Shri Salib

Unus Sarkar, Shri

Abedin, Dr. Zainal

Abu Hena, Shri

Abdus Salam Munshi, Shri

Adhikari, Dr. Tarun

Banerjee, Shri Prabir

Bapuli, Shri Satya Ranjan

Basu, Dr. Hoimi

De, Shri Ajoy

Fazale, Azim Molla, Shri

Gyan Singh Sohanpal, Shri

Lahiri, Shri Jatu

Mitra, Shrimati Sabitri

Mukherjee, Shri Subrata

Pande, Shri Sadhan

Roy, Shri Sougata

Ray, Shri Siddartha Shankar

Rubi Nur, Shrimati

AYES

Purkait, Shri Probodh

Sarkar, Shri Deba Prasad.

The Ayes being 2, and the Noes 134, the motion was lost.

Mr. Speaker : The motion of Shri Lakshimi Kanta Dey that—

The Indo-Bangaladesh land Boundary Agreement of 1974 provided for leasing in perpetuity of an area of approximately 178 m. × 85 m. near Tin Bigha for the express purpose of connecting Dahagram with Panbari Mouza of Bangladesh for exercising sovereignty over Dahagram and Angrapota and for no other purpose. This was followed by an

exchange of letters between the Government of India and Bangladesh in 1982 stipulating the terms of the lease.

In 1980, the State Cabinet while endorsing the agreement, suggested certain safeguards relating to sovereignty, trial of cases etc. to the Government of India, for their consideration. The points and suggestions given by the State Government were considered by the Government of India and thereafter through an exchange of letters on 26-3-92 between the two countries the final modalities were worked out. According to this understanding the agreed arrangements would come into effect from 26-6-92.

The understanding arrived at between the two countries makes it clear that sovereignty over the leased area shall countine to remain with India. The Indian flag will fly at the four corners of the corridor. The existing north-south road between Mekhliganj and Kuchlibari will continue to be used by India. There is, therefore, no question of the people of Kuchlibari being isolated from the rest of the country. As regards the question of dealing with offences on the corridor, the existing arrangements will continue. A process of regulation of Bangladesh traffic has been worked out and it will normally have access through the corridor at alternate hours during the daylight period only.

The modalities also imply that the question of movement of Bangladesh traffic including movement of Military and para Military force without the knowledge of Indian authorities does not arise.

India's sovereignty over Tin Bigha corridor has been ensured and will contine to remain, and the Supreme Court of India has also reiterated this and Bangladesh fully recognises India's sovereignty over this corridor.

This House believes that the implemention of the Tin Bigha Agreement will help in strengthening the friendship between the two countries. This House also is of the opinion that this an appropriate and timely state taken by the Government of India and will help in stengthening the social, political, economic and cultural cooperation between the two neighbouring countries, - was then put and agreed to.

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কথা দিয়েছিলাম ন্যাশনাল ডিউটি করব, আমরা সেই ন্যাশনাল ডিউটি করেছি। আমরা এই রেজলিউশন পাস করে দিয়েছি। তার আগে আমরা নির্বাচনের ব্যাপারে ওয়ার্ক আউট করেছিলাম। আমরা আবার এসেছিলাম এই তিন বিঘার আলোচনার ব্যাপারে। নির্বাচনের ব্যাপারে প্রোটেস্ট করছি এবং আবার আমরা ওয়াক আউট করছি।

(At this stage the Hon'ble Congress (I) Members walked out of the chamber)

শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ আমরা একটা অল পার্টি ডেলিগেশনে গিয়ে মেখলিগঞ্জের মানুষকে বোঝাবার চেষ্টা করব। আমরা সেখানে ১১ তারিখে পৌছাব।

মিঃ স্পিকার ঃ আপনি একটা অল পার্টি ডেলিগেশনের সদস্যদের লিস্ট দেবেন। সেটা বিরতির পর সার্কুলেট হবে।

(At this stage the House was adjouned at 2.16 p.m. till 2.45 p.m)

(After Adjournment)

[2-45 — 2-55 P.M.]

মিঃ স্পিকার ঃ কালকে তো হাউস হচ্ছে না। কালকে যে বিজনেস আছে এটা আমরা পরে ঠিক করব। সিলেক্ট কমিটির রিপোর্ট যেটা আগামীকাল পেশ করার কথা ছিল সেটা আপনাদের অনুমতি নিয়ে টাইমটা আমি এক্সটেন্ড করছি। এটা ১৮ তারিখে মন্ত্রী পেশ করবেন। পঞ্চায়েতের উপরে যে সিলেক্ট কমিটির যে রিপোর্ট সেটা ঐদিন মন্ত্রী পেশ করবেন। আশাকরি, এতে সকলের সম্মতি আছে? (হ্যাঁ, হ্যাঁ।) এটা গৃহীত হল।

Discussion and Voting on Demands for Grant

Demand No. 41

Dr. Manas Bhunia : Sir, I beg to move that amount of the Demand be reduce to Re. 1./-

Shri Abdul Mannan **Shri Saugata Roy** **Shri Sobhan Deb Chattopadhyay**	: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী নরেন হাঁসদা ঃ (মানতাং স্পিকার গোক্কে জোহার), স্যার, তফসিলি জাতি, আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বিবৃতি পশে করেছেন সেটা আমি পুংখানুপুঙ্খ ভাবে পড়েছি। এটা পড়ার পর আমার এখান থেকে যা মনে হয়েছে সেটা আমি ব্যক্ত করার চেষ্টা করছি। স্যার, খুব দুঃখের সাথে জানাতে বাধ্য হচ্ছি যে, আজ স্বাধীনতা সংগ্রামের বীর শহিদ বীরশা মুন্ডার তিরোধান দিবস। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার-এর আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী বাজেট বিবৃতি যেটা পেশ করেছেন সেই বাজেট বিবৃতিতে শহিদ মুন্ডার নাম উল্লেখ নেই। এটা থেকেই মনে হয় আদিবাসী, পিছিয়ে পড়া মানুষ এদের কাছ থেকে কতখানি আশা করতে পারে। শহিদ বীরশা মুন্ডা অন্তরের প্রাণ, শরীরের রক্ত, তাকে এই দপ্তর অমর্যাদা করেছেন, আমি এর বিরোধিতা করছি। এই আদিবাসী বিভাগের যে কাঠামো এতে আমরা দেখছি একজন রাজা দু'জন দেহরক্ষীকে সাথে দিয়ে পশ্চিমবাংলার আদিবাসী

এবং তফসিলি কল্যাণ দপ্তর দেখেছেন। এই দপ্তর আদিবাসীদের কতখানি কল্যাণ করবে, কতখানি মঙ্গল করবে সেটা পরের বিষয়। কিন্তু মন্ত্রী মহাশয়ের যে বাজেট বিবৃতি, এটা থেকে মনে হয় বামফ্রন্টের মৃতপ্রায় একটা সংস্থা এটা, এর জীবনীশক্তি আছে বলে, এই বাজেট বিবৃতিতে আমার মনে হয় না। আমরা দুঃখের সাথে লক্ষ্য করছি যে এই বাজেট বিবৃতিতে আদিবাসী, পিছিয়ে পড়া মানুষকে নিচে নামিয়ে এদের প্রতিষ্ঠিত করা হয়েছে। নিজেদের বাড়ি থেকে প্রবাসী করা হয়েছে, নিজেদের বাড়ি থেকে চলে যেতে হচ্ছে, এদের বাধ্য করা হচ্ছে চলে যেতে। এদের শিক্ষায় দীক্ষায়, সংস্কৃতিতে, এদের ভাষাতে বৈষম্য সৃষ্টি করা হচ্ছে। এখানে একটা অদ্ভুত নজির সৃষ্টি করা হয়েছে। পশ্চিমবঙ্গে এক শ্রেণীর মানুষ তাদের স্বার্থে এই আদিবাসী পিছিয়ে পড়া মানুষ এবং তফসিলি সম্প্রদায়ের মানুষকে পিছিয়ে দেওয়ার একটা চক্রান্ত চালাচ্ছে। এই কারণে আমি বিশেষভাবে বিরোধিতা করছি। আমরা খুব উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি এই পিছিয়ে পড়া তফসিলি সম্প্রদায় ও আদিবাসী সম্প্রদায়ের যে ভাষা, সংস্কৃতি, কৃষ্টির ইতিহাসকে এবং রীতিনীতিকে মূল্যায়ন না দিয়ে, মর্যাদা না দিয়ে তাদের নিজেদের বাড়িতে পরবাসার মতো করে রেখে দেওয়া হয়েছে। এই পিছিয়ে পড়া মানুষ এবং তফসিলি ও আদিবাসী সম্প্রদায় তো রাশিয়া বা জাপান থেকে আসে নি, এরা জন্ম থেকে বংশ পরম্পরায় এখানে বসবাস করছে। কিন্তু আজ অবধি তারা তাদের নিজেদের ভাষা, সংস্কৃতি এবং কৃষ্টির মর্যাদা পায় নি, আজকে খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে বামফ্রন্ট সরকারের তরফ থেকে তাদের প্রতি কোনও দৃষ্টি দেওয়া হয় নি। আমরা সবাই জানি যে একটা মানুষ যেমন না খেয়ে বাঁচতে পারে না, তেমনি কোনও মানুষ নিজের ভাষা ছাড়া বাঁচতে পারে না। সেখানে তার সামাজিক রীতিনীতি, সংস্কৃতি, সামাজিক, অর্থনৈতিক সব দিক থেকে সমৃদ্ধিশালী হতে গেলে ভাষার চর্চার উপরে গুরুত্ব দিতে হবে, সেইদিকেই কোনও গুরুত্ব দেওয়া হচ্ছে না। খাবারের অভাবে মানুষ যেমন বাঁচতে পারে না তেমনি ভাষা ছাড়া মানুষ বাঁচতে পারে না। আমি খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমাকে মাননীয় রাষ্ট্রমন্ত্রী উপেনবাবু বললেন যে আপনি এত হৈচৈ করছেন কেন? একটা শিশু জন্মানোর সঙ্গে সঙ্গেই কি দাঁড়াতে পারবে? আমি তাকে শুধু একটি প্রশ্ন করতে চাই, এই বামফ্রন্ট সরকারের আমলে আজ অবধি কেন অলচিকি, গুরমালি ভাষা স্বীকৃতি পেল না? আজ অবধি পন্ডিত মূর্মুকে আপনারা স্বীকৃতি দেন নি। আজকে সাড়ে তিনকোটি মানুষ তাদের মাতৃভাষা থেকে বঞ্চিত। সুতরাং আপনারা যেভাবে এই হাউসকে বিভ্রান্ত করেছেন এবং যেভাবে এই সম্প্রদায়ের মানুষদের বঞ্চিত করেছেন তাতে আপনাদের লজ্জা হওয়ার কথা। এই আদিবাসী কল্যাণ দপ্তর রাজনীতি করেছে এবং তার বিরুদ্ধে আমি জেহাদ ঘোষণা করছি। এই ভাষা নিয়ে আপনারা রাজনীতি করেছেন, এই জিনিস করবেন না, আমি এর তীব্র প্রতিবাদ করছি। আপনারা খুব গর্বের সঙ্গে (এই সময়ে সময় শেষ হয়ে যাওয়া মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী শিবপ্রসাদ দোলুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ১৯৯২-৯৩ সালের দাবি ৪১ সংক্রান্ত পশ্চিমবঙ্গের তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মন্ত্রী বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা উল্লেখ করতে চাই। ১৯৭৭ সালের পরে বামফ্রন্ট সরকার আসার পরে এই তফসিলি সম্প্রদায়ের প্রভূত উন্নতি করেছে। আমাদের

বিরোধী পক্ষ থেকে নরেন হাঁসদা মহাশয় যে বক্তৃতা দিলেন তাতে তিনি বামফ্রন্টকে দোষারোপ করে গেলেন? আজকে তিনি সত্যিকরে বলুন তো ১৯৭৭ সালে যে অবস্থা ছিল এই পিছিয়ে পড়া শ্রেণীর আজকে বামফ্রন্ট সরকার আসার পরে সেই অবস্থা আছে কিনা?

(এই সময় শ্রী নরেন হাঁসদা মহাশয় প্রতিবাদ করতে করতে ওয়াক আউট করলেন।)

[2-55 — 3-05 P.M.]

আজকে ওই তফসিলি সম্প্রদায়ের মানুষকে তাদের মানবাধিকার দেওয়া হয়েছে, তাদের সমস্ত রকম সুযোগ সুবিধার ব্যবস্থা করা হয়েছে। আজকে ৬০ হাজারের মতো ছেলে মেয়ে পড়ার সুযোগ পেয়েছে। এছাড়া জমি বন্টনের ক্ষেত্রে আজকে পশ্চিমবঙ্গ সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের মানুষের ও পিছিয়ে পড়া মানুষের ব্যাপক অংশর মানুষের বাধা বিঘ্নের মধ্যে দিয়েও তাদের জমি দিতে সক্ষম হয়েছেন। এই ধরনের দৃষ্টান্ত ভারতবর্ষে আর কোথাও নেই। আজকে এই তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মধ্যে কিছুটা আর্থিক সঙ্গতি রক্ষা করতে পারা গেছে। তারপরে নানা রকম প্রকল্পের মাধ্যমে ওই তফসিলি সম্প্রদায়ের মানুষকে কাজে যুক্ত করার চেষ্টা করা হয়েছে। আজকে স্বনিযুক্ত প্রকল্পের মাধ্যমে তাদের এর আওতায় আনার চেষ্টা করা হয়েছে বিভিন্ন ল্যাম্পের মাধ্যমে এই স্বনিযুক্ত প্রকল্পের আওতায় এনে এই আদিবাসী ও তফসিলি সম্প্রদায়কে নানা রকম কাজের সাথে যুক্ত করা হয়েছে। শিল্পের সঙ্গে যুক্ত করার জন্য তাদের নানা রকম প্রশিক্ষণের মাধ্যমে কাজ শেখানোর চেষ্টা করা হচ্ছে। আজকে বামফ্রন্ট সরকার তাদেরকে একটা অবস্থার মধ্যে দিয়ে আসতে সক্ষম হয়েছে, যদিও স্বাভাবিক ভাবে আরও বেশি হওয়া উচিত ছিল কিন্তু কেন্দ্রীয় সরকারের বঞ্চনার ফলে এই বিভাগের উন্নতির ক্ষেত্রে কিছুটা বাধা এসে দাঁড়িয়েছে। এখানে নরেনবাবু যে বক্তব্য রাখছিলেন যে আদিবাসীদের ক্ষেত্রে কিছু করা হচ্ছে না। তাদেরকে দেখা হচ্ছে না এটা সম্পূর্ণ অসত্য কথা। আমরা উদাহরণস্বরূপ বলতে পারি আদিবাসীদের তাদের নিজেদের সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার জন্য সরকারিভাবে নানা রকমভাবে আদিবাসীদের জন্য অনুষ্ঠান করা হচ্ছে। হুল উৎসব করা হচ্ছে, লোক-সংস্কৃতি করা হচ্ছে, যুব কল্যাণ দপ্তরের মাধ্যমে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বামফ্রন্ট সরকার তাদেরকে একটা জায়গায় প্রতিষ্ঠিত করার চেষ্টা করছে। বিভিন্ন একাঙ্ক নাটক যারা লেখেন তাদেরকে সম্মানিত করার জন্য বামফ্রন্ট সরকার বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে তাদেরকে সম্মানে ভূষিত করছেন। আমাদের পশ্চিমবাংলার অনেকগুলি ক্ষেত্রে দেখা যাচ্ছে যেখানে তফসিলি জাতি উপজাতির এই সমস্ত পিছিয়ে পড়া মানুষরা রয়েছেন তাদের ব্যাপারে আমরা দেখেছি ৭৭ সালের আগে কি হয়েছে আর বামফ্রন্ট সরকার যেখানে নেই সেখানে কি হয়েছে, এই ব্যাপারে বলতে পারি এখানে যা হয়েছে পন্ডিত রঘুনাথ মুর্মুর নামে বাঁকুড়া জেলায় একটা কলেজ করা হয়েছে। এখানে কিছু দিন আগে যিনি এক সময় সদস্য ছিলেন প্রয়াত হয়েছেন, যিনি পিছিয়ে পড়া মানুষের প্রতিনিধি ছিলেন তার এখানে প্রতিকৃতি টাঙানো হয়েছে। তিনি হচ্ছেন টুডু হাঁসদা। এটা কিন্তু ভারতবর্ষের ক্ষেত্রে একটা নজির। আমরা অন্যান্য রাজ্যগুলিতে দেখেছি যেখানে কংগ্রেসি শাসক দল রয়েছে সেখানে এই সমস্ত পিছিয়ে পড়া মানুষদের মাথা উঁচু করে চলার ক্ষমতা নেই, তাদের উপর নানা রকম ভাবে নির্যাতন চালানো হয়। তারা

নানা রকম সুযোগসুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। বর্তমানে বামফ্রন্ট সরকারের যে সমস্ত ফাঁক-ফোকরগুলি রয়েছে সেইগুলিকে আমরা বন্ধ করার চেষ্টা করছি এবং এদের অধিকারগুলিকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করছি। চাকরির ক্ষেত্রে বিভিন্ন পদে লোক নিয়োগের ব্যাপারে আমরা চেষ্টা করছি কিন্তু সেখানেও নানা রকম অসুবিধা রয়েছে, সেইগুলিকে আমরা দূর করার চেষ্টা করছি। ৭৭ সালের পর এখানে বামফ্রন্ট সরকার তফসিলি জাতি ও উপজাতিদের জন্য যে সমস্ত অধিকারগুলিকে প্রতিষ্ঠিত করেছে এই ব্যাপারে বলা যেতে পারে সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবাংলার সরকার যা করেছে এটা একটা দৃষ্টান্ত। আজকে তফসিলি উপজাতির কল্যাণ বিভাগ বিভিন্ন ক্ষেত্রের মধ্যে শিক্ষা ক্ষেত্রে যেভাবে কাজ করেছে, বামফ্রন্ট সরকার যেভাবে সার্বিক উন্নতি সাধন তাদের জন্য করেছে সেটা বলার নয় ; যেমন ভূমি সংস্কারের মাধ্যমে তফসিলি জাতি ও উপজাতির লোকেদের জমি পাইয়ে তাদের জন্য চাষাবাদের ব্যবস্থা করেছে। তার মাধ্যমে মহাজনের হাত থেকে বাঁচিয়ে সমস্যার সুরাহার ক্ষেত্রে যেভাবে সহযোগিতা এবং সাহায্য করতে চাই এবং এই ব্যয়-বরাদ্দের ক্ষেত্রে তারা যেভাবে উপকৃত হচ্ছে এটা আর অন্য কোনও রাজ্যে হচ্ছে না। ত্রিপুরায়, যেখানে কংগ্রেস পরিচালিত সরকার রয়েছে, সেখানে আদিবাসী অধুষিত গ্রামগুলিতে আদিবাসী ও তফসিলি মেয়েদের উপর ধর্ষণ ইত্যাদি নির্যাতন হচ্ছে। এই জিনিসগুলো পশ্চিমবাংলায় হয় না, এই জিনিসগুলো পশ্চিমবাংলায় হতে দেওয়া হয় না। আমরা এখানে আইন-শৃঙ্খলাকে সুষ্ঠুভাবে বাঁচিয়ে রেখে এই সমস্ত জিনিসগুলোকে বন্ধ করতে পেরেছি। ত্রিপুরাতে বামফ্রন্ট সরকার যখন ছিল তখন কিন্তু এসব ঘটনা হত না। আজকে পশ্চিমবাংলায় দাঁড়িয়ে কিছুক্ষণ আগে বিরোধী নেতা যে ধরনের অসত্য ভাষণ দিলেন, আমরা সেই ধরনের অসত্য কথা বলি না। আজকে তফসিলি জাতি উপজাতিদের একটা স্তরে নিয়ে আসার জন্য যে ধরনের সুযোগ-সুবিধা দেওয়া হয় তাতে উপকৃত হয়েছে। তাই এই ব্যয়-বরাদ্দেকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধীপক্ষ থেকে যে কাট মোশন দেওয়া হয়েছে তার তীব্র প্রতিবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-05 — 3-15 P.M.]

শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ মাননীয় চেয়ারম্যান, আমাদের মাননীয় মন্ত্রী ৪১ নং দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করে আমার বক্তব্যের অবতারণা করছি। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার তার নিজের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে তফসিলি জাতি ও উপজাতিদের জন্য যে কাজগুলি করছেন সেটা ভারতবর্ষের মধ্যে উল্লেখযোগ্য বলে সুস্পষ্টভাবে আমরা দাবি রাখতে পারি। অন্যান্য রাজ্যে যেসব সুযোগ-সুবিধা আদিবাসী এবং তফসিলিদের জন্য দেওয়া হয় তার থেকে অনেক বেশি সুবিধা এখানে দেওয়া হয়। মন্ত্রী মহাশয় বলেছেন একটা স্ট্যান্ডিং কমিটি মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে হয়েছে এবং কোনও জায়গায় কাজ হচ্ছে কি না সেটা কমিটি দেখছে। আমার বিশেষ অনুরোধ এই কমিটির সদস্যদের নাম জানানো এবং কোথায় কি কাজ হচ্ছে সেটা যদি আগে থেকে জানিয়ে দেন তাহলে আমরা পরিকল্পনা মাফিক সুযোগ-সুবিধা নিতে পারি। পশ্চিমবাংলায় বিভিন্ন সংস্থার মধ্যে দিয়ে যেসব জনহিতকর কাজ হচ্ছে, যেমন ল্যাম্পের মধ্যে দিয়ে আদিবাসী যারা আছেন তাদের উপকার করা হচ্ছে ও পরিকল্পনা নেওয়া হচ্ছে। অধিকাংশ জায়গায় যে ১৪-১৫টি ল্যাম্প আছে তারা সুষ্ঠুভাবে কাজ করছে, তবে কংগ্রেস পরিচালিত কয়েকটি জায়গায় খারাপ কাজ হচ্ছে।

আদিবাসীরা সেখানে নিজেরা বাঁশ, বেত দিয়ে নানা রকম জিনিস তৈরি করে। এইসব কাচাঁমাল কেনার ক্ষেত্রে যখন টেন্ডার ডাকা হয় তখন সেখানে কিছু লোক দালালি খায়, যার ফলে দাম বেড়ে যাচ্ছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি, ল্যাম্প নির্দিষ্টভাবে গভর্নমেন্টের থ্রু দিয়ে যদি কাঁচামাল কিনতে পারে তাহলে ন্যায্য দামে জিনিস বিক্রি করতে পারবে, তাহলেই ল্যাম্পের সভ্যদের উন্নতি হবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আরেকটা নিবেদন আমি করতে চাই, বিভিন্ন খাতে টাকাটা যাতে বি ডি ও-র মাধ্যমে যায়। আমরা অনেক সময় দেখি এস সি, এস টি এলাকার রাস্তাঘাটের জন্য যে অর্থ বরাদ্দ করা হয় সেটা সেই এলাকার জন্য খরচ না হয়ে অন্য এলাকায় খরচ হয়ে যাচ্ছে এবং রাস্তাটা যেখান দিয়ে যাওয়ার কথা ছিল সেখানে দিয়ে না গিয়ে সেই এলাকার কোনও কংগ্রেস লোকের বাড়ির পাশ দিয়ে রাস্তাটা তৈরি করা হচ্ছে। আমি আরেকটা কথা আপনাকে বলতে চাই, পশ্চিমবাংলায় যে সমস্ত ছাত্র-ছাত্রী, যারা মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, বি এ, এম এ ক্লাশে পড়ে তারা যে টাকা-পয়সা পায় সেই টাকা তারা ঠিকমতো পায় না। ছাত্রদের টাকাটা যাতে প্রতি মাসে মাসে পায় এবং ঠিকমতো পরিমাণে পায় সেটা আপনি দেখবেন, নইলে ঐ টাকা দিয়ে তাদের কোনও কাজ হবে না, ঐ জামা-কাপড় ও সিনেমা দেখার কাজে লাগিয়ে দেবে। এস সি, এস টিদের ক্ষেত্রে যে সুযোগ সুবিধাগুলি আছে তা যাতে পাওয়া যায় সেটা দেখার জন্য অনুরোধ করছি। চাকরি, বাকরির ক্ষেত্রে যে সুযোগগুলি আসে তাও আমলাদের চক্রান্তের জন্য অনেক সময় পাওয়া যায় না। শিডিউল কাস্ট যেখানে রিজার্ভ আছে সেখানে নন শিডিডল কাস্ট নিয়ে নেয়। আমলারা অনেক সময় বাই পাস করে। আপনি যদি পারেন, অনুসন্ধান করে দেখবেন, এস সি, এস টি ছেলেমেয়ের উচ্চ শিক্ষার ক্ষেত্রে অনেক অসুবিধা আছে। বাগদা বিধানসভা কেন্দ্রের বোয়াড়া হাইস্কুল ১৯৭৬ সালের পর থেকে এস সি, এস টি, নেয়নি। এস সি, এস টিদের ক্ষেত্রে যে টাকা পয়সা আসে তাও ঠিকমতোন পাওয়া যায় না। ইচ্ছা করেই এই ঘটনাগুলো ঘটানো হয়। বয়রা সম্মিলনীতে ডি আই ২৪ পরগনা শিডিউল কাস্ট নিয়োগ না করে অন্য কোটা থেকে নিয়ে নিয়েছে। তা ছাড়া এস সি, এস টিদের জন্য যে স্কীমগুলি আছে এবং এর যে সুযোগ সুবিধা তাও ছেলেরা সময় মতোন পায় না। দেরিতে পায়। আজকে ব্যাঙ্কে গেলে তাদের নানারকমভাবে হয়রানি হতে হয়। প্রধানরা সার্টিফিকেট দিলেই হয়ে যায় কিন্তু ব্যাঙ্ক অনেক সময় মানতে চায় না। এম এল এ সার্টিফিকেট দিলেও মানে না। এরপর আমরা নিজেরা গেলে তখন ব্যাঙ্ক ম্যানেজার দিতে বাধ্য হয়। অনেক সময় এস ডি ও সাহেব বললেও দেয় না। এই বলে বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের যে সমস্ত কাট মোশন আছে সেগুলির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সালিব টোপ্পু ঃ আজকে আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং বিরোধীদের দেওয়া কাট মোশনের বিরোধিতা করে আমি দু, চার কথা বলতে চাই। এটা ঠিক পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার হওয়ার পরে আদিবাসী তফসিলি এবং অন্যান্য পিছিয়ে পড়া মানুষ তাদের যে অধিকার সেই অধিকারটা তারা অর্জন করতে পেরেছে। বিভিন্ন ক্ষেত্রে যে সুযোগ সুবিধা পেয়েছে সেটা অন্য রাজ্যে হয় কি না জানি না। কিন্তু আমি শুধু যেটা হয়েছে সেটা বলব না কিন্তু যেটা হয়নি সেটার সম্বন্ধে বলব। যেটা আইনে আছে কিন্তু আমরা পাচ্ছি না। মাননীয় মন্ত্রী মহাশয় কয়েকদিন

আগে বিবৃতি দিয়েছিলেন যে, এস সি, এস টিরা ৬ সপ্তাহের মধ্যে সার্টিফিকেট পাবে কিন্তু আমি দায়িত্বের সঙ্গে বলতে পারি যে ৬ মাস হয়ে গেলেও পাচ্ছে না। বিভিন্ন কারণ এবং অজুহাত দেখানো হচ্ছে। এইদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। সময় মতোন যাতে সুযোগ সুবিধা পায় তা দেখবার জন্য অনুরোধ করছি। আজকে যে ল্যান্ড রেস্টোরেশন অ্যাক্ট যে আদিবাসীরা জমি বিক্রি করছে তাদের জন্য আইন করা হয়েছে সেই জমিটা ফেরত পাবে আইন আছে কিন্তু সরকারি ঢিলেমির জন্য সেই জমিগুলি আদিবাসীরা ফেরত পাচ্ছে না। এদিকে দেখবার জন্য অনুরোধ করছি। তা ছাড়া আদিবাসী হিন্দিভাষী এলাকাতে উচ্চ শিক্ষার ব্যবস্থা না থাকবার জন্য অন্যান্য রাজ্যে শিক্ষা গ্রহণ করতে চলে যাচ্ছে। এটাও দেখবার জন্য অনুরোধ করছি। কিন্তু এক্ষেত্রে আমি দেখেছি অনেক আদিবাসী ছাত্র-ছাত্রী যে স্ট্যাইপেন্ড পাওয়ার কথা, সরকারি সুযোগ-সুবিধা পাওয়ার কথা তা থেকে বঞ্চিত হবে। বিশেষ করে হিন্দিভাষী এলাকায় শিক্ষার জন্য যারা যাচ্ছে তারা পাচ্ছে না। যদি মন্ত্রী মহাশয় বলেন তাহলে আমি কয়েকটা নাম বলে দিতে পারি। আজকে চাকরির ক্ষেত্রে রোস্টার আছে ২০-পয়েন্ট• রোস্টার। ব্রিলিয়ান্ট কোনও স্টুডেন্ট তফসিলি কি আদিবাসী হয়, ব্রিলিয়ান্ট হলেও তাদের রোস্টারের মধ্যে ধরা হচ্ছে। তাদের যে জেনারেল ক্যাটাগরিতে ধরা হবে, তা হচ্ছে না, তাদেরও ২০ পয়েন্ট রোস্টার অনুযায়ী ধরা হচ্ছে। কোনও স্টুডেন্ট, কোনও ক্যানডিডেট জেনারেল ক্যাটাগরিতে ভাল ফল করলে, টপ হলেও তাকে রিজার্ভেশন ক্যাটাগরিতে ধরা হচ্ছে। এটা ঠিক নয়। আমি মন্ত্রী মহাশয়কে বলব, হাউসকে বলব, যারা টপ হচ্ছে তাকে জেনারেল ক্যাটাগরি হিসাবে ধরতে এবং রিজার্ভেশন কোটা রিজার্ভেশন হিসাবে মেনটেন করা হক। আজকে উত্তরবঙ্গের আদিবাসীদের দিকে দেখা দরকার। আদিবাসী কল্যাণমন্ত্রীও উত্তরবঙ্গের লোক। চা বাগানে যে আদিবাসীরা থাকেন, চা-বাগানে শ্রমিক হিসাবে কাজ করেন তাদের ডিপেনডেন্টরা চা বাগানের থেকেও সুযোগ-সুবিধা পাচ্ছেন না, সরকারের থেকেও পাচ্ছেন না। ব্যাঙ্কিং ফেসিলিটিস পাচ্ছে না। দার্জিলিং-এ তিনশোর মতো চা-বাগান আছে। তাদের ৯০ ভাগ মানুষ আদিবাসী তফসিলি, তাদের কোনও সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না। উত্তরবঙ্গের চা-বাগানের ৭০ পারসেন্ট মানুষ হিন্দীভাষী। তাদের উচ্চশিক্ষার ব্যবস্থা নেই। আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করে বলেছি, ওখানে যে সমস্ত চা-বাগান আছে, তাদের ছেলেদের মিডিয়াম হিন্দি, তাদের হিন্দি স্কুল আছে, কিন্তু একটাও হিন্দি কলেজ নেই। আমি দুঃখের সঙ্গে বলছি যে মন্ত্রী মহাশয় আমাকে বলেছেন বাংলা মিডিয়ামে তো পড়লে পারে। বিহারে চলে যেতে হয় পড়বার জন্য। হিন্দিভাষা স্কুলে আছে, কিন্তু হিন্দিভাষী কলেজ নেই। তাদের বাধ্য হয়ে শ্রমিকদের ছেলেদের ড্রপ করে দিতে হয় পড়া, না হলে বিহারে যেতে হয়, যেখানে আজ ঝাড়খন্ড মুভমেন্ট। তাদের মাথায় ঝাড়খন্ড মুভমেন্ট ঢুকবে। যখন তারা সেই আন্দোলন করবে, তখন বলা হবে ওরা বিচ্ছিন্নতাবাদী। আজকে তাদের বিচ্ছিন্নতাবাদী হবার সুযোগ করে দিচ্ছেন। আমরা চাইছি সেটা যাতে বন্ধ হয় সেজন্য তাদের উচ্চশিক্ষার ব্যবস্থা এখানেই করতে হবে। কয়েকদিন আগে উত্তরবঙ্গে যে ঝাড়খন্ড মুভমেন্ট শুরু হচ্ছে তারজন্য কে দায়ী হবে। আমি সবিনয়ে হাউসের কাছে আবেদন করব, তখন বলা হবে ওরা বিচ্ছিন্নতাবাদী। আজকে তাদের বিচ্ছিন্নতাবাদী হবার সুযোগ করে দিচ্ছেন। আমরা চাইছি সেটা যাতে বন্ধ হয় সেজন্য তাদের উচ্চশিক্ষার ব্যবস্থা এখানেই করতে হবে। উত্তরবঙ্গের সমস্ত জায়গায় আজকে আদিবাসী তফসিলিদের খাস জমি পাট্টা দেওয়ার জন্য। ৬০ পারসেন্ট জমি তাদের হাতের বাইরে চলে

গিয়েছে। সেই সম্পর্কে সরকারের চিন্তা করা দরকার যে এই জমি বেহাত না হয়ে যায়। আজকে আদিবাসীদের ইনটিরিয়র কর্ণারে কোনও চিকিৎসা ব্যবস্থা নেই। আজকে চা-বাগানের কথা বলি আজ চা-বাগানে যদি হাসপাতাল না থাকে তাহলে বাসিন্দারা চিকিৎসার অভাবে মারা যেতে পারে। আজকে সরকারের কোনও চিকিৎসার ব্যবস্থা নেই। আমি বলব চা-বাগানের একটা সেন্টারে একটা জায়গায় একটা বড় হাসপাতাল করলে তাহলে তারা চিকিৎসার সুযোগ পেতে পারে। এই বলে আমি বাজেটের উপর বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[3-15 — 3-25 P.M.]

শ্রী দেবনাথ মুর্মু ঃ মাননীয় চেয়ারম্যান মহোদয়া, আজ এই সভায় পশ্চিমবঙ্গের আদিবাসী ও তফসিলি কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন তা আন্তরিকভাবে সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমি প্রথমেই বলব যে আমি খুব গর্বিত যে দীর্ঘদিন পরে হলেও আমাদের এই বিধানসভায় তুর্কু হাঁসদার প্রতিকৃতি স্থান পেয়েছে। এই বামফ্রন্ট সরকার যে আদিবাসী সমাজকে মর্যাদা দেন বা তা দেওয়ার জন্য যে এগিয়ে এসেছেন এটা দেখে আমি গর্বিত। তুর্কু হাঁসদার মতোন আদিবাসী ও পিছিয়ে পড়া অংশের একজন মানুষকে বা এইরকম একজন ব্যক্তিত্বকে এখানে স্থান দেওয়ার জন্য আমি আবার বলছি যে আমি গর্বিত। তাছাড়া সিধু, কানু ডহরের নাম অনুসারে এখানে একটি অঞ্চলের নামকরণ করে আদিবাসী সমাজের মানুষকে যেভাবে মর্যাদা দেওয়া হয়েছে সে কারণেও আমি গর্ব অনুভব করছি। স্যার, ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর আমরা গর্বের সঙ্গে লক্ষ্য করছি যে পশ্চিমবাংলার আদিবাসী, তফসিলি সম্প্রদায়ের মানুষরা তাদের নিজেদের পরিবারের আয় বাড়ানোর জন্য সরকারের যে সমস্ত প্রকল্প রয়েছে তাতে তারা উৎসাহের সঙ্গে অংশ গ্রহণ করছেন এবং এই সসস্ত কর্মসূচিকে তারা কার্যকর করছেন। শুধু কার্যকর নয়, সক্রিয় ভাবে তারা এতে অংশ গ্রহণ করছেন। বিরোধীপক্ষের মাননীয় সদস্য নরেন হাঁসদা এই বাজেটের সমালোচনা করে অনেক কথা বলে গেলেন। স্যার, তাকে বলি, বামফ্রন্ট সরকার এই সমস্ত আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের মানুষদের কল্যাণের জন্য ১৯৭৭ সালের পর যে সমস্ত সুযোগ সুবিধা করে দিয়েছেন এর আগে এই সব সম্প্রদায়ের মানুষরা তা কল্পনাও করতে পারতেন না। আমরা যারা গ্রামে বসবাস করি, আমরা লক্ষ্য করেছি যে আজকে নানান ভাবে এই সমস্ত সম্প্রদায়ের মানুষদের মধ্যে বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা চলছে। কংগ্রেসিরাও এই বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে। কংগ্রেসিরাও এই বিভ্রান্তি ছড়াচ্ছেন। তারা যেভাবে ঐ ঝাড়খন্ডিদের, বিচ্ছিন্নতাবাদীদের মদত যোগাচ্ছেন তা আমরা দেখছি। কিন্তু তাসত্ত্বেও এই সমস্ত আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের মানুষরা বামফ্রন্ট সরকারের পাশাপাশি থেকে এই সরকারের সঙ্গে যুক্ত হয়ে তাদের উন্নয়নের কাজ করে চলেছেন। বামফ্রন্ট সরকার যদি এদের ক্ষেত্রে সঠিক নীতি না নিতেন বা তাদের কল্যাণের জন্য কাজ না করতেন তাহলে তারা সহজেই বিভ্রান্ত হতেন এবং ঐ নরেন হাঁসদার মতোন বামফ্রন্টের বিরুদ্ধে চলে যেতেন। তা কিন্তু হয়নি। যতদিন যাচ্ছে ততই তারা বামফ্রন্টের পক্ষে কাজ করছেন এবং বামফ্রন্টের পক্ষে থাকছেন। বামফ্রন্ট সরকার তাদের মঙ্গলের জন্য কাজ করছেন কিন্তু বিরোধীরা এটাকে তাদের ক্ষেত্রে অমঙ্গল হিসাবে চিহ্নিত করে সেইভাবে এই সমস্ত কর্মসূচির অপব্যাখ্যা করে আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের মানুষদের বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমরা লক্ষ্য করছি যে

এখানে তফসিলি, আদিবাসী সম্প্রদায়ের মানুষের জন্য যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো রয়েছে সরকারি এবং আধা সরকারি প্রতিষ্ঠানগুলোতে যে সমস্ত কর্মসংস্থান ছিল, সেই সমস্ত শূন্য পদ আদিবাসী এবং তফসিলি জাতিদের জন্য সংরক্ষিত ছিল, ১৯৭৭ সালের আগে পর্যন্ত কংগ্রেস আমলে তা মানা হত না। তারা আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়কে বঞ্চিত করেছে। আজকে বামফ্রন্ট সরকার আসার পর সেইগুলোর ক্ষেত্রে সঠিক ভাবে রূপায়ণের ফলে তফসিলি জাতি এবং উপজাতি আদিবাসী এদের অবস্থার পরিবর্তন হয়েছে, তারা অনেক উন্নত হয়েছে। আজকে বামফ্রন্ট সরকার সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে যে সমস্ত উন্নয়নমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন, তা ৩০ বছরের কংগ্রেস আমলে হয়নি। তারা যদি ৩০ বছর আগে এই ব্যবস্থাগুলো গ্রহণ করত তাহলে এই সব আদিবাসী, তফসিলি জাতি তারা আরও বেশি উন্নত হতে পারত। আমি মনে করি এবং আশা করি আগামী দিনে বামফ্রন্ট সরকার এই সম্প্রদায়ের মানুষের জন্য আরও নানা ভাবে নতুন পদ্ধতি গ্রহণ করে নতুন নতুন পরিকল্পনা রূপায়ণ করে এই সব পিছিয়ে পড়া ব্যাপক মানুষের জন্য কল্যাণ সাধন করবেন। কল্যাণমুখী নানা কর্মসূচি ব্যাপক ভাবে রূপায়ণ করে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সারা ভারতবর্ষে একটা উদাহরণ সৃষ্টি করবেন। এখানে বলতে চাই, সাধারণ ভাবে আদিবাসী সম্প্রদায়ের যে সমস্ত সংস্কৃতি, সেই সংস্কৃতি বিলুপ্তির পথে চলে যাচ্ছিল। এই বামফ্রন্ট সরকার আসার পর থেকে বিভিন্ন ভাবে সরকারি অনুদান দিয়ে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করে ব্যাপক অংশের তফসিলি জাতি এবং উপজাতি যাতে সেই সব সাংস্কৃতির অনুষ্ঠানে অংশ গ্রহণ করতে পারে, সেই সব ব্যবস্থা করেছেন। বামফ্রন্ট সরকার আদিবাসী, তফসিলি জাতিদের সংস্কৃতিকে রক্ষা করার জন্য দায়িত্ব গ্রহণ করে সেইগুলোকে বিলুপ্তির পথ থেকে বাঁচিয়েছেন। যে সমস্ত হারিয়ে যাওয়া সংস্কৃতি ছিল, আদিবাসীদের নাচ গান, সেই সমস্ত সংস্কৃতিগুলোকে ধরে রাখবার আপ্রাণ চেষ্টা করছেন। আমি মনে করি, এখানে শুধু শিক্ষা ব্যবস্থা নয়, আমাদের পশ্চিমবাংলাতে বামফ্রন্ট সরকার যে সমস্ত খাস জমি, ভেস্টেড ল্যান্ড পাওয়া গেছে, সেই সব জমি আদিবাসী তফসিলি জাতিদের মধ্যে বিলি বণ্টনের ব্যবস্থা করেছেন অগ্রাধিকারের ভিত্তিতে। আমার এলাকাতে আমরা দেখেছি যে সমস্ত খাস জমি পাওয়া গেছে, যে সমস্ত খাস জমি জমিদার জোতদারদের কাছ থেকে দখল করা হয়েছে, সেই সব জমি তফসিলি জাতি ও উপজাতিদের মধ্যে বিলি করা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় জমি বিলির ব্যাপারে যে ইতিহাস সৃষ্টি হয়েছে, পশ্চিমবাংলার মতো যদি সারা ভারতবর্ষে এই ভাবে জমিদার জোতদারদের হাত থেকে জমি নিয়ে সেই সব আদিবাসী তফসিলি জাতিদের মধ্যে বিলি করা হত তাহলে এই সব আদিবাসী তফসিলি জাতি সম্প্রদায়ের মানুষ অনেক উন্নত হত। এই জিনিস হয়নি বলেই আজকে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন গড়ে উঠেছে। আজকে বিহার, উত্তরপ্রদেশ, উড়িষ্যা এই সমস্ত এলাকায় যে সমস্ত আদিবাসী সম্প্রদায় বাস করেন, তারা আজকে যে আন্দোলন গড়ে তুলছেন, ঝাড়খন্ডী বিচ্ছিন্নতাবাদী আন্দোলন গড়ে তুলেছেন, তারা নানা দিক থেকে বঞ্চিত দীর্ঘদিন ধরে হয়েছে বলেই এই সব আন্দোলনগুলো দানা বাঁধছে। পাশাপাশি আমরা কী দেখতে পাই, এই সব বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে পশ্চিমবঙ্গে কংগ্রেসিরা মদত জোগাচ্ছেন। পশ্চিমবাংলায় নরেন হাঁসদার ঝাড়খন্ডী বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে কংগ্রেসিরা মদত দিচ্ছেন, আমাদের বামফ্রন্ট সরকারের কর্মসূচিকে, নানা উন্নয়নমূলক আন্দোলনকে ব্যর্থ করবার জন্য। বিভিন্ন বিচ্ছিন্নতা

বাদী আন্দোলনের সঙ্গে তারা যোগসাজশ করছেন, তাদের মদত জোগাচ্ছেন। আমি মনে করি এই সব আন্দোলনের বিরুদ্ধে তফসিলি জাতি এবং উপজাতি, তারা যেভাবে এতদিন তার বিরোধিতা করেছে এবং প্রতিহত করেছে, সেই রকমভাবেই ঝাড়খণ্ডী বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে তারা প্রতিহত করতে পারবে। এই আশা রেখে এবং এই বক্তব্য রেখে এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-25 — 3-35 P.M.]

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয়া চেয়ার পারসন, আজকে তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ১৯৯২-৯৩ সালের জন্য তার বিভাগের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। আমরা জানি আমাদের সমাজে তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষরা সব চেয়ে বেশি নিগৃহীত এবং লাঞ্ছিত। দীর্ঘ দিন ধরে এই জিনিস চলছে। ১৯৭৭ সালের পর থেকে আমাদের রাজ্যে তফসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষদের জীবনের উন্নতির জন্য নানা রকম চেষ্টা চলছে। তারা যাতে অন্যান্য শ্রেণীর মানুষের মতো জীবন-যাপন করতে পারেন সে উদ্দেশ্যে অনেকগুলি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। স্কুল, কলেজে পড়াশুনা থেকে শুরু করে চাকরি-বাকরির ক্ষেত্রে তাদের জন্য যে রিজার্ভেশন ব্যবস্থা আছে তা যথাযথভাবে পালন করার চেষ্টা হচ্ছে। যাতে তারা সমাজ জীবনে কিছুটা উন্নত জায়গায় এগিয়ে যেতে পারে। এরজন্য আমি আমাদের বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের অতীত ইতিহাস বলছে, আমাদের দেশে তফসিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষরা সমাজের সম্ভ্রান্ত শ্রেণীর মানুষের কাছে দাস হিসাবে বিবেচিত হত এবং ঘৃণিত জীব হিসাবে বিবেচিত হত। তাদের সামাজিক জীব বলে গণ্য করা হত না। এখনও আমাদের বহু জায়গায় তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত মানুষদের মন্দিরে ঢোকবার অধিকার নেই। অবশ্য এ সমস্ত জিনিস আমাদের রাজ্যে বামফ্রন্ট রাজত্বে আস্তে আস্তে দূর হচ্ছে। আমাদের রাজ্যে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের মানুষরা সামজিক জীব হিসাবে প্রতিষ্ঠিত হতে চলেছে। ৭৭ সালের পর থেকেই এটা হচ্ছে। তথাপি আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি এই সম্প্রদায়ের মানুষদের উন্নতির প্রতি আরও ভালভাবে নজর দেওয়া হোক। বিশেষ করে বিভিন্ন ক্ষেত্রে তাদের জন্য যে রিজার্ভেশনের ব্যবস্থা আছে তাকে আরও দৃঢ় ভাবে পূরণ করার জন্য তিনি উদ্যোগ গ্রহণ করুন। আমি হাসান তফসিলি সংরক্ষিত কেন্দ্রে থেকে এখানে নির্বাচিত হয়ে এসেছি। আমি আমার কেন্দ্রে দেখেছি এখনও আমাদের তফসিলি জাতির ছাত্র-ছাত্রীদের তফসিলি জাতি হিসাবে তারা যে সার্টিফিকেট পেয়ে থাকে তা পেতে যথেষ্ট দেরি হচ্ছে। বছরের পর বছর তাদের হয়রানি হতে হয়। তারা সঠিক সময়ে সঠিক সুবিচার পায় না। এস ডি ও-র সঙ্গে এ নিয়ে বার বার কথা বলেছি। তিনি কতবার আমাদের কথা দিয়েছেন যে, ১৫ দিনের মধ্যে সার্টিফিকেট ঠিক করে দিয়ে দেওয়া হবে। কিন্তু তা কার্যকর হয় নি। মন্ত্রী মহাশয়ও এখানে আমাদের কথা দিয়েছিলেন। কিন্তু তার সে কথা সব সময় কার্যে রূপায়িত হচ্ছে না। সুতরাং আজকে আবার আমি এই বিষয়টার প্রতি মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে এমন অনেক গ্রাম আছে যেখানে ৫০%-এর ওপর তফসিলি সম্প্রদায়ের মানুষের বাস, অথচ এখনও সে সমস্ত গ্রাম ঠিকমতো রাস্তা ঘাট নেই, পানীয় জলের ব্যবস্থা নেই, বিদ্যালয়

নেই। যদিও আমি জানি বামফ্রন্ট সরকার সর্বতোভাবে চেষ্টা করছে তথাপি এই সমস্ত গ্রামগুলির দিকে একটু বিশেষ দৃষ্টি দিতে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি। আদিবাসী এবং তফসিলি সম্প্রদায় অধ্যুষিত গ্রামগুলিতে বিনা পয়সায় ল্যাম্প জ্বালাবার যে সুযোগ দেওয়ার পরিকল্পনা আছে সে পরিকল্পনা সর্বক্ষেত্রে কার্যকর হচ্ছে না। এ বিষয়ে যাতে আদিবাসী এবং তফসিলি অধ্যুষিত গ্রামগুলির প্রতি সুবিচার করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আমি আশা করব তিনি এদিকে একটু লক্ষ্য দেবেন। আজকে এই সম্প্রদায়ের মানুষদের সম্বন্ধে বলতে গেলে বিবেকানন্দের ভাষায় বলতে হয় যে, "জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।" অর্থাৎ প্রতিটি শ্রেণীর মানুষকে ভালবাসতে হবে। সুতরাং এই সম্প্রদায়ের মানুষদের যদি না ভালবাসা যায় তাহলে তারা সমাজে প্রতিষ্ঠিত হবে কি করে? আমার সময় খুবই স্বল্প, সুতরাং আমি এই ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে এখানেই আমার বক্তব্য শেষ করছি।

শ্রী উপেন কিস্কু ঃ মাননীয় সভানেত্রী মহাশয়, আজকে তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে বাজেট বরাদ্দ উপস্থাপিত করা হয়েছে সেই বাজেট বরাদ্দের বিতর্কে অনেকেই অংশ গ্রহণ করেছেন। আমি দু-একটি কথা সভার সদস্যদের অবগতির জন্য জানাতে চাই। আপনারা সকলেই জানেন, আমাদের তফসিলি ও উপজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে তফসিলি জাতি ও আদিবাসী মানুষদের জন্য কিছু কাজকর্ম করে থাকে। কিন্তু এই কাজকর্মটা সমস্ত তফসিলি জাতি এবং আদিবাসী মানুষদের জন্য এই দপ্তর একাই যে করে তা নয়, বামফ্রন্ট সরকারের আমলে যতগুলি দপ্তর আছে দপ্তর সে সেচ হোক, কৃষি দপ্তর হোক, রাস্তাঘাটের জন্যই হোক, পানীয় জলের জন্যই হোক এবং অন্যান্য যে সমস্ত দপ্তর আছে সমস্ত দপ্তর মিলিয়ে গরিব মানুষদের জন্য কাজ করে এবং গরিব মানুষ হিসাবে তফসিলি জাতি এবং আদিবাসী মানুষদের অগ্রাধিকার দেওয়া হয়। অনেক সদস্য জমি বিলির উদারহণ দিয়েছেন। আমি তার বিস্তৃত ব্যাখ্যার মধ্যে যাচ্ছি না, আমি যে কথাটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে, এই সমস্ত কাজের মাঝখানে আমাদের এই দপ্তর পরিপূরক দপ্তরের কাজ করে। মূল দপ্তরগুলি কাজকর্ম করতে গিয়ে কিছু কিছু ফাঁক থেকে যায়, সেই ফাঁকগুলি পূরণ করার জন্য ছোট-ছোট কাজকর্ম এই দপ্তরের মাধ্যমে হয়ে থাকে। মূল কাজের মধ্য দিয়ে তফসিলি জাতি ও আদিবাসী মানুষরা শিক্ষায় পিছিয়ে পড়ে, তাদেরকে শিক্ষার অঙ্গনে আনার জন্য, সম পর্যায়ে আনার জন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়। এই ব্যাপারে অনেক সদস্য তাদের বক্তব্যের মধ্য দিয়ে বলেছেন, আমি আর ব্যাখ্যা করতে চাচ্ছি না। এটা আমাদের কাছে গৌরবের বিষয়, পিছিয়ে পড়া তফসিলি ও আদিবাসী মানুষরা তারা বেশি করে শিক্ষার অঙ্গনে আসছে যা অতীতে আমরা দেখিনি এবং সেখানে মেয়েদের যে হার তা ছেলেদের হারের থেকেও বেশি এটা উল্লেখযোগ্য দিক। আমরা ৬০ হাজার ছেলে-মেয়েকে স্টাইপেন্ড দিয়েছি প্রি-ম্যাট্রিক স্তরে। এবং সেই চাহিদা বেশি বেশি করে বাড়ছে। এই যে ৬০ হাজার ছেলে-মেয়েকে স্টাইপেন্ড দেওয়া হয়েছে ভারতবর্ষের আর কোথাও এত সংখ্যক ছেলেমেয়েকে স্টাইপেন্ড দেওয়া হয়েছে দেওয়া হয়নি। সেইদিক থেকে এত সংখ্যক ছেলেমেয়ে হোস্টেলে থেকে পড়াশুনার সুযোগ পাচ্ছে। এটা উল্লেখযোগ্য দিক। এ ছাড়া আদিবাসী সমস্ত ছেলে-মেয়েদের বাড়ি থেকে যাতায়াত করার জন্য মাসে ২৫ টাকা করে এবং তফসিলি সম্প্রদায়ের

৮০ হাজার ছেলেমেয়েকে এই সুযোগ দেওয়া হয়। এ ছাড়া মেরিট স্কলারশিপ চালু করেছি। বিভিন্ন জেলায় যারা ভাল রেজাল্ট করে সেই রকম ৫০ জন আদিবাসী এবং ১০০ জন তফসিলি সম্প্রদায়ের ছেলেমেয়েদের জন্য নাইন, টেন, ইলেভেন, টুয়েলভ পর্যন্ত সরকার পড়াশুনার দায়িত্ব নিয়েছে। ৫০০ টাকা তাদের স্কলারশিপ দেওয়া হয়। এই সুযোগগুলির মধ্যে দিয়ে শিক্ষার অঙ্গনে বেশি ছেলেমেয়ে আসছে এবং কমপালসারি চার্জ, কোচিং-এর জন্য কিছু টাকা-পয়সা এবং বই কেনার জন্য টাকা-পয়সা পায়। এছাড়া পোষাক, প্রাইমারি লেভেলে এবং জুনিয়ার লেভেলে দেওয়া হয়। আপনারা জানেন, এইসব গরিব ছেলেমেয়েদের হোস্টেলে থাকার জন্য টাকা পয়সা দিতে পারে না। গত বছর থেকে আমরা তাদেরকে মাসে মাসে স্টাইপেন্ড দেওয়া চালু করেছি পোস্ট ম্যাট্রিক স্তরে, ব্যাঙ্কের মাধ্যমে এই প্রকল্প চালু করা হয়েছে। কিন্তু নিচের তলায় এটা চালু করা যায়নি বিশাল সংখ্যার জন্য। ওরা সময় মতো স্টাইপেন্ড যাতে পায় সেই ব্যাপারে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। এছাড়া বিরোধীবন্ধুরা কিছু অভিযোগ করেছেন। যেমন, মাননীয় সদস্য নরেন হাঁসদা মহাশয় নাটক করায় অভ্যস্ত। গত বছরেও যখন এই দপ্তরের বাজেট উত্থাপিত হল সেবারেও তিনি এইরকম নাটক করে বেরিয়ে গেলেন। দু-একটি বক্তব্য রেখে চলে গেলেন। উনি যে কথাগুলি তুললেন সেই ব্যাপারে সরকারের বক্তব্য কি বা অন্যান্য সদস্যরা কি বলছেন সেটা শোনার ধৈর্য ওনার হল না, সেইরকম ক্ষুরধার যুক্তি ওনার নেই। সেইজন্য বক্তব্য রেখেই চলে গেলেন। সরকারি দলের বক্তব্য শোনার ধৈর্য নেই। উনি বিরসা-মুন্ডার বিষয়ে তুললেন। উনি বললেন বিরসা-মুন্ডার ব্যাপারে আপনারা কিছু করেননি। সুবর্ণরেখা সেতুর নামকরণ করা হয়েছে সিধু-কানু বিরসা-মুন্ডার নামে। কারও জন্মদিন বাজেটে উল্লেখ থাকে না। না জেনেশুনে উনি বক্তৃতা করে গেলেন।

[3-35 — 3-45 P.M.]

এছাড়া আদিবাসী বীর সিধু, কানহুকে আমরা কি স্বীকৃতি দিইনি? তাদের নামে কলকাতার রাজপথের নামকরণ করা হয়েছে, দুর্গাপুরের ইন্ডোর স্টেডিয়াম করা হয়েছে, আদিবাসী বীর টুরকু হাঁসদার প্রতিকৃতি স্থাপন করা হয়েছে। যে সমস্ত আদিবাসী বীর দেশের জন্য আত্মত্যাগ করেছেন তাদের আমরা সম্মানিত করেছি। পন্ডিত রঘুনাথ মুর্মুকেও বামফ্রন্ট সরকার সমর্থন জানিয়েছেন। উনি একে একে বলে গেলেন যে কিছুই করা হয়নি। ভাষা এবং সংস্কৃতির প্রশ্ন যা করা হয়েছে সে কথা উনি একবারও বললেন না, উনি জানেন না যে আমরা অলচিকি ভাষায় বই ক্লাশ ফাইভ পর্যন্ত তৈরি করেছি এবং পঞ্চায়েতের মাধ্যমে তা বিলি করেছি, ওদের পুরুলিয়ায় তো আদিবাসী পরিচালিত অনেকগুলি পঞ্চায়েত আছে, সেই বইগুলি প্রাথমিক বিদ্যালয়ে আমরা পাঠিয়েছি, পড়ানো হচ্ছে উনি দেখছেন না, কোনও ছেলে যদি পড়তে না চায় তাকে তো আমরা জোর করে পড়াতে পারি না। পড়াবার জন্য আমরা শিক্ষকদের ট্রেনিং দিয়েছি, কিন্তু কোনও অভিভাবক যদি অলচিকি না পড়ান তাহলে আমরা কি করব? ভাষার প্রশ্নে ১৯৮৮ সাল থেকে আমরা একাংক নাটক প্রতিযোগিতা করছি। সাঁওতালী, মুন্ডারী এবং বোরো এই তিনটি ভাষায় বিশাল একাংক নাটক প্রতিযোগিতা হয়, এতবড় প্রতিযোগিতা আমরাই পরিচালনা করি এবং এর জন্য আমরা ৪ লক্ষ টাকার মতো খরচ করি। ভাষা এবং সংস্কৃতি উন্নয়নের প্রশ্নে এটা কোনও ব্যাপার নয়। যারা সাঁওতালী

এবং অন্যান্য ভাষায় নাটক লেখেন, প্রবন্ধ লেখেন তাদের আমরা পুরস্কৃত করার ব্যবস্থা করেছি। মাননীয় নরেন হাঁসদা মহাশয় সে কথা বললেন না। বামফ্রন্ট সরকারের যতদুর ক্ষমতা আছে তার মধ্যে করার চেষ্টা করছেন। উনি বলে গেলেন যে আদিবাসীরা পরবাসে রয়েছেন, আদিবাসীরা কেন পরবাসে থাকবেন? আগে তারা পুরুলিয়া, বাঁকুড়া থেকে বর্ধমান, হুগলিতে খাটতে আসতেন, দলে দলে, এখন পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের খরা জমিতে বিভিন্ন ধরনের কাজকর্ম হচ্ছে, সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে ছোট ছোট সেচের মধ্যে দিয়ে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। সেখানকার জমিতে আদিবাসীরা নিজেদের ভাগ্যকে পরিবর্তন করার জন্য সংগ্রাম করেছেন। নরেন বাবু সেকথা একবারও বললেন না। তাছাড়া মাননীয় কমলাক্ষ্মীবাবু যেকথা বলেছেন আজকে কাপড় ইত্যাদি অন্যান্য সামগ্রী টি ডি সির মাধ্যমে ক্রয় করে ল্যাম্পসের মাধ্যমে সরবরাহ করা হয়, ন্যায্য দামে তা আদিবাসী মানুষদের কাছে পৌঁছে দেওয়া হয়। আদিবাসী যুবক যুবতীরা কৃষিকাজ এবং অন্যান্য কর্মসংস্থানের মাধ্যমে ব্যবস্থা করছেন এবং করার উদ্যোগ নিয়েছেন। সে সম্বন্ধে প্রশিক্ষণ দেবার উদ্যোগও নিয়েছেন। আমি এই সভাকে অবহিত করতে চাই যে, আজকে তফসিলি ও আদিবাসী মানুষ যে সুযোগ সুবিধা পাচ্ছেন তা আমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে তাদের কাছে পৌঁছে দিতে চাই এবং আমরা এটাকে চালিয়ে নিয়ে যাব। আজ আদিবাসীদের সঙ্গে অন্যান্য সম্প্রদায়ের যে সম্প্রীতি গড়ে উঠেছে, একই আলোতে সকলে বাঁচার কথা ভাবছেন এবং নিজেদের ভাগ্যকে পরিবর্তনের চেষ্টা করছেন এবং বাজেটের মধ্যে সেই সুযোগ নেবার চেষ্টা করার কথা বলা হয়েছে। আমি এটা নিশ্চয় বলতে পারি যে এই যে পথ এই পথের সাহায্যে আদিবাসী মানুষরা তাদের ভাগ্যে পরিবর্তন করার চেষ্টা করছে, এই কথা বলে মাননীয় বিরোধী বন্ধুরা যে কথা বললেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ মাননীয় সভানেত্রী, আমাদের তফসিলি জাতি এবং উপজাতি দপ্তরের যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেটে আমাদের মূল বিষয়গুলি বাজেট বক্তৃতায় বলা হয়েছে। আমাদের সরকার পক্ষের সদস্যরা বিশেষ করে শিক্ষা এবং আরও কয়েকটি দিক নিয়ে আলোচনা করেছেন। মাননীয় রাষ্ট্রমন্ত্রীও কয়েকটি বিষয়ে সরকারি বক্তব্য রেখেছেন। বিরোধী দল থেকে কংগ্রেস আজকে নেই একমাত্র নরেন হাঁসদা কিছু প্রশ্ন রেখেছেন এবং তার উত্তরও মাননীয় রাষ্ট্রমন্ত্রী দিয়েছেন। এখান আমাদের সরকার পক্ষের দুই-জন সদস্য আমাদের কয়েকটি কাজের সমালোচনা করেছেন। আমি প্রথমে এই বিষয়ে বলতে চাই। এখানে বিরসা মুন্ডা সম্পর্কে উত্তর দেওয়া হয়েছে। বাজেট বক্তৃতার মধ্যে কিন্তু কোনও ব্যক্তির নাম উল্লেখের রেওয়াজ নেই বলেই সেটা করিনি। তবে মাননীয় সদস্যগণ নিশ্চয়ই খুশি হবেন, বিরোধীপক্ষ খুশি হবেন কিনা সেটা আলাদা কথা, তবে যারা চিরকাল অবহেলিত ছিলেন, যাদের প্রথমে স্বীকৃতি দেওয়া প্রয়োজন, সেই স্বীকৃতি বামফ্রন্ট সরকারের আমল থেকে দেওয়া হচ্ছে। সেটা দিতে গিয়ে বিধানসভা কক্ষে সর্বশেষ যে প্রতিকৃতি রাখা হয়েছে সেটা তুর্কু হাঁসদার। তার আগেও এখানে আরও দুই-একজন তফসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের বিখ্যাত ব্যক্তির প্রতিকৃতি রাখা হয়েছে। তবে প্রতিকৃতি রাখলেই যে সেই সম্প্রদায়ের সমাজের উন্নতি হয়ে যাবে তা নয়। তবে এই প্রতিকৃতি রাখার একটা সিম্বলিক ভ্যালু আছে। সেই সিম্বলিক ভ্যালুর কারণে কয়েকদিন আগে উত্তরবঙ্গের তফসিলি জাতির একজন নেতা রায়

সাহেব পঞ্চানন বর্মন এবং তুর্কু হাঁসদার প্রতিকৃতি রেখেছি। এই কাজগুলি নিশ্চয়ই স্মরণ রাখার জন্য। এখানে একজন মাননীয় সদস্য তফসিলি আদিবাসী সম্প্রদায়ের সংস্কৃতির কথা বলে গেছেন। এই সংস্কৃতি অনেকের মধ্যেই থাকে, কিন্তু তফসিলি উপজাতি সংস্কৃতির একটা আলাদা বৈশিষ্ট আছে। তাই এটা আমরা অঞ্চল, সম্প্রদায়গত দৃষ্টিভঙ্গি থেকে বিবেচনা করছি। ট্রাইবালদের একটা নিজস্ব সংস্কৃতি আছে। ষাটের দশকে আন্তর্জাতিক বৈঠক হয়েছিল, তাতে ট্রাইবালদের কি করে উন্নতি করা যায় সে বিষয়ে আলোচনা করতে বিশ্বের বড় বড় সব পন্ডিতরা সেখানে উপস্থিত হয়েছিলেন। সেখানে তারা বলেছিলেন যে, ট্রাইবালদের মেইন স্ট্রিমে অ্যাসিমিলটে করতে হবে, প্রধান প্রধান এলাকার মানুষের মধ্যে তাদের মিশিয়ে দিতে হবে। এই মিশিয়ে দিতে গিয়ে দেখেছি, আমেরিকা এবং গোটা ইউরোগ কি হয়েছে, বিশেষ করে জার্মানীতে কি হয়েছে। তারপর ১৯৭৪-৭৫ সালে আর একবার অস্ট্রেলিয়ায় এটা করা হয়। সেখানে এইভাবে মিশিয়ে দিতে গিয়ে তাদের লোপ করিয়ে দেওয়া হয়, যারজন্য বর্তমানে অনেক আদিবাসী সম্প্রদায়ের কোনও অস্তিত্ব পর্যন্ত নেই, অ্যাবোলিশ হয়ে গেছে। তারপর পন্ডিতেরা ভাবতে শুরু করলেন যে, এইভাবে হবে না ; ওদের আইডেনটিটি বাঁচিয়ে রেখে মেইন স্ট্রিমে মিশাতে হবে।

[3-45 — 3-55 P.M.]

আমাদের ভারতবর্ষ সেই ভাবেই চলছে। বিশেষ করে আদিবাসীদের নিজ নিজ যে প্রাপ্য আর্য সংস্কৃতি আছে তার মধ্যে ভাল দিক আছে এবং মন্দ দিক আছে। যেমন এই ডাইনি হত্যা, এটা একটা অপসংস্কৃতি। তারপর জানগুরু যে ব্যবস্থা আছে সেটাকে অপসংস্কৃতি বলা যায়। এই অপসংস্কৃতি যাতে বিলুপ্ত হয় তার চেষ্টা করব। ওদের মধ্যে ভাল সংস্কৃতি আছে, যেমন তাদের নাচ-গান একটা ভাল সংস্কৃতি। তাদের একটা কমিউনিটি লাইফ আছে, কমিউনিটি প্রপার্টি আছে যেটা বেশ কিছু দিন ধরে অবলুপ্তি হয়েছে। তাদের একটা কমিউনিটি লাইফ আছে, একটা কমিউনিটি সোসাইটি আছে সেটা খুবই ভাল সংস্কৃতি, এটা আমরা রক্ষা করার চেষ্টা করব। তাদের জন্য নাটকের কথা বলেছি। ওদের নাচ গানের সংস্কৃতির একটা বড় অংশের সেটা আমরা রক্ষা করার চেষ্টা করছি। মাননীয় সদস্যদের আমি মনে করিয়ে দিতে চাই তফসিলি জাতির মধ্যে বিশেষ করে সংখ্যা গরিষ্ঠ জাতি হচ্ছে রাজবংশী যারা মূলত উত্তরবঙ্গে থাকে, তাদের নিজেদের একটা লোকসংস্কৃতি আছে। সেটা হচ্ছে তাদের ভাওইয়া গান আছে ভাওইয়া নাচ আছে। এই ভাওইয়া নাচ-গান দীর্ঘ দিন কংগ্রেস রাজত্বে অনাদরে অবহেলায় নষ্ট করা হয়েছে। ৪-৫ বছর ধরে সেটাকে আমরা প্রাঞ্জলিত করেছি। পশ্চিমবাংলায় সরকারি ব্যবস্থাপনায় একটা প্রতিযোগিতার মধ্যে সেটাকে আনা হচ্ছে। অনুরূপ ভাবে আদিবাসীদের মধ্যে তাদের নিজেদের একটা ল্যাঙ্গুয়েজ আছে, সেই ল্যাঙ্গুয়েজ উন্নত নয়, সেই ল্যাঙ্গুয়েজ বই-পত্র নেই, সেই ল্যাঙ্গুয়েজে তারা কথাবার্তা বলে, সেই ল্যাঙ্গুয়েজ নিয়ে আমরা ঠিক করেছি তারা যদি বই-পত্র লেখে ম্যানাসক্রিপট লেখে এবং সেইগুলিকে নিয়ে যদি নাটক করা হয় তাহলে তারা উৎসাহিত হবে। কয়েক বছর থেকে আমরা এই রকম নাটক লিখে, নিজেদের ভাষায়, আমরা যেটা সাঁওতালি ভাষা বলি, আদিবাসী ভাষা বলি ম্যানাসক্রিপটে বেশির ভাগ হয় তাদের নাটক প্রতিযোগিতার ব্যবস্থা করেছি জেলা স্তরে, আঞ্চলিক স্তরে এবং রাজ্য স্তরে। দক্ষিণ বাংলার আদিবাসীদের নাটক প্রতিযোগিতা হচ্ছে। এই প্রতিযোগিতার

মধ্যে দিয়ে তফসিলি জাতি এবং উপজাতি, আদিবাসীরা ওদের নিজ নিজ সংস্কৃতি লালন-পালন করছে। আমি অন্য দিকে না গিয়ে বলতে চাই যে তফসিলি জাতি এবং আদিবাসীদের সমস্যা আছে। নিশ্চয়ই সরকারি পক্ষের এবং বিরোধী পক্ষের সকলের তরফ থেকে কথা উঠবে ওদের সমস্যা আছে। সেই সমস্যাটার প্রধান অংশ হচ্ছে গরিব মানুষের যে সমস্যা, সমস্ত ভারতবর্ষে অন্যান্য গরিব মানুষের যে সমস্যা সেই সমস্যা তাদের। টোটো পাড়ায় কি হল না হল আমাকে যদি কেউ জিজ্ঞাসা করে কি বলব? তাদের লোন দিয়েছেন কি হল? অন্যান্য ক্ষেত্রে যেমন গরিব মানুষরা খেয়ে বসে আছে অভাবের তাড়নায় সেই রকম অনেক জায়গায় টোটোদের দেওয়া হয়েছে তাদেরও তাই হয়েছে। অন্য জায়গায় অনেকে ঠিক ভাবে ব্যবহার করেনি, অনেকে ব্যবহার করতে পেরেছে টাকা। অন্য ৫ জন গরিব মানুষের সঙ্গে এদের মিল আছে। অর্থাৎ শিডিউলড কাস্ট হবার তিনটি কারণ আছে। সামাজিক ভাবে পশ্চাদপদ, শিক্ষাগত ভাবে পশ্চাদপদ এবং অর্থনৈতিক দিক থেকে পশ্চাদপদ। অর্থনৈতিক দিক থেকে পশ্চাদপদ এটা সংবিধানে নেই। সামাজিক এবং শিক্ষাগত পশ্চাদপদ হয় তাহলে অর্থনৈতিক দিক থেকে পশ্চাদপদ থাকা উচিত। এই তিনটি কারণে পশ্চাদপদ হওয়ার জন্য তফসিলিদের বিচ্ছিন্ন করা হয়েছে। আর ইকনোমিক্যালি কম্পালসরি হয়ে যায়। ওদের মধ্যে দেখা যাচ্ছে, এই যে পশ্চাদপদ অংশ, এদের উন্নয়ন ঘটিয়ে মেইন স্ট্রিমের কাছাকাছি এনে মেইন স্ট্রিম কেন, না, আমাদের অ্যাভারেজ লিটারেশি যেটা আছে তাতে পশ্চিমবাংলায় লাস্ট ৮১ সালে যে সেন্সাস হয়েছিল সেই হিসাব অনুযায়ী, তারপরে সরকারি ভাবে কোনও সেন্সাস পাবলিশ হয়নি, সেটাতে বলা আছে ৪০ পারসেন্ট। এই ৪০ পারসেন্টে যদি কোনও কমিউনিটি উঠে যায় তাহলে বোঝা যায় মেইন স্ট্রিমের কাছে পৌঁছেছে। ৫০ পারসেন্ট যদি কোনও কমিউনিটি উঠে যায় তাহলে বোঝা যায় সেই তফসিলি কমিউনিটি উন্নতি করেছে, এটাকে ধরা হবে। কোনও কমিউনিটির মধ্যে মোটামুটি ৪০ পারসেন্ট বা ৫০ পারসেন্ট এখন ৮০ পারসেন্ট আছে, সাধারণ ভারতবর্ষের মধ্যে আমি বলব, এই ৮০ পারসেন্ট যখন হবে তখনই বলব মেইন স্ট্রিমে উঠে এসেছে, তার আগে না। আমাদের বিশ্বাস যে, অর্থনৈতিক ভাবে এবং শিক্ষাগত ভাবে ভারতবর্ষের সামনে যদি অ্যাভারেজ কমিউনিটি এসে যায়, কোনও কমিউনিটি আর্থিক ভাবে উন্নত পর্যায়ে যখন আসবে তখন সে মেইন স্ট্রিমে আসার যোগ্যতা অর্জন করেছে বলা যাবে। আমাদের এখানে দশ বছর পরপর সেন্সাস হয়। প্রথমে ৫০ সালে যে সেন্সাস হয়েছিল সেই হিসাবে দেখা যায় যে অঙ্কের হিসাবে দেখা যায় খুব বেশি পশ্চাদপদ নেই। তার একটা কারণ আছে। বর্তমানে স্বাধীন ভারতবর্ষে যে অর্থনৈতিক আক্রমণ চলছে তাতে যারা আছে, যাদের গায়ে কিছু শক্তি আছে বা সহ্য করার শক্তি আছে তারা নয়, অন্য সাধারণ যে মানুষ তারাই একেবারে পর্যুদস্ত হয়ে যাচ্ছে। অর্থাৎ আরও বেশি অভাবে জর্জরিত হয়ে যাচ্ছে মূল্যবৃদ্ধি ইত্যাদির আক্রমণে, বেকারত্বের আক্রমণে সবশ্রেণীর মানুষই আক্রান্ত হচ্ছে। এগুলো শুধুমাত্র তফসিলি জাতি বা আদিবাসীদের দেখে আক্রমণ করে না। এই যে অনস্লট-ইকনোমিক অনস্লট, সেটা ভারতবর্ষের সাধারণ ফোনোমেনা। সমস্ত মানুষ এতে বিপর্যস্ত। গ্রামে ম্যালেরিয়া হলে সুস্থ মানুষকে পরে ধরে, যে অসুস্থ তাকে আগে ধরে, সে আগে ম্যালেরিয়াতে আক্রান্ত হয়। তফসিলি জাতি বা উপজাতি, আদিবাসী এরা উইক, এদের ক্ষমতা কম। সুতরাং ভারতবর্ষে এই যে অনস্লট-ইকনোমিক অনস্লট, অর্থনৈতিক আক্রমণ যেটা চলছে, অন্যরা যেখানে হিমসীম খেয়ে যাচ্ছে, সেখানে এই উইক সম্প্রদায়, তফসিলি

জাতি বা উপজাতিদের উপরে এটা ঘটতে বাধ্য। এটা একটা স্বাভাবিক কারণ। খুব একটা উন্নতি কোথায় হয়েছে এটা আমরা মনে করি না। গোটা ভারতবর্ষের এই হিসেব এটা দেখেও কি বলতে হবে পশ্চিমবাংলায় ব্যতিক্রম আছে? হ্যাঁ, আছে। সেটা হল, অন্য দরিদ্র মানুষের মধ্যে মিশে আছে গোটা ভারতবর্ষে, যেটা অন্য জায়গায় পারেনি, সেটা পশ্চিমবাংলা পেরেছে। তফসিলি কেন হয়েছে, অচ্ছুৎ কেন হয়েছে? -এর দুটো জিনিস আছে। এরা সম্পত্তি থেকে বঞ্চিত হয়েছিল, তখন আইন বলে কিছু ছিলনা। অস্ত্র, বেদ, মানে বিদ্যা আর সম্পত্তি, এই তিনটে জিনিস এর উপরে এদের নিষেধাজ্ঞা ছিল বৈদিক যুগে। তা থেকে বিবেচিত হয়েছে এবং এই ভাবে সম্পত্তি থেকে বঞ্চিত হয়েছে। ভারতবর্ষে সম্পত্তি বলতে ভূসম্পত্তি বোঝায়। ভূ-সম্পত্তি মানে মূল সম্পত্তি, অন্য সম্পত্তি আর কজনের আছে?

[3-55 — 4-05 P.M.]

এই যে ভূ-সম্পত্তি খাস জমি তা ভারতবর্ষের অন্য রাজ্যে কেউ পায় নি, তারা ব্যবস্থা করতে পারেনি। বহু জায়গাতেই ভেস্ট জমি গবির মানুযের মধ্যে বিলি হয় নি। কিন্তু পশ্চিমবঙ্গে ওই জমি গবির মানুষরাই পেয়েছে। আমরা হয়ত কলকারখানা তাদের করে দিতে পারি নি, কিন্তু সাধারণ মানুষের সম্পত্তি বলতে যা বোঝায় যেমন, গরু-বাছুর জমি জমা ইত্যাদি, তার ব্যবস্থা করে দিতে পেরেছি। অনুরূপভাবে শহরাঞ্চলে আমরা কুটিরশিল্পের জন্য আমরা তাদের জমি দিয়ে বা অন্যান্য সাহায্য দেওয়ার চেষ্টা করেছি। আমাদের দেশের প্রধান সম্পত্তি জমি, সেই জমি পশ্চিমবঙ্গের গরিব মানুষরা পেয়েছে। এইভূমি সংস্কারের মধ্যে দিয়েই তা করা সম্ভব হয়েছে, যা ভারতের অন্য কোনও রাজ্যে সম্ভব হয় নি। এই তফসিলি সম্প্রদায় এবং আদিবাসী সম্প্রদায় প্রায় ২৮ শতাংশ, কিন্তু জমির প্রাপক হচ্ছে শতকরা ৬০ ভাগ। জমির ক্ষেত্রে কোনও রিজার্ভেশন না থাকায় তারা আরও বেশি করে জমি পেয়েছে। এই জমির ক্ষেত্রে রিজার্ভেশনের প্রশ্নে দিল্লিতে ও কথা উঠেছিল, সেখানেও জমির মধ্যে কোনও রিজার্ভেশন রাখেন নি। আজকে জমির মধ্যে এই রিজার্ভেশন রাখলে শতকরা ২৮ ভাগ আদিবাসী সম্প্রদায় সকলেই জমি পেতে পারত না। কারণ জমি বিলির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার নিয়ারেস্ট অ্যান্ড পুয়োরেস্ট দেখেই জমি বিলি করেছিলেন এবং সেখানে ৬০ পারসেন্টর মধ্যে তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ও পড়ছে। তফসিলি জাতি এবং উপজাতিরা এই ভাবে খাস জমি পাচ্ছে এবং কিছু কিছু ছোট ছোট পাট্টাও পাচ্ছে। অনেকক্ষেত্রে চাষ জমি না পেলেও বাস্তু জমি পাচ্ছে। আজকে তারা ভিটে পেয়েছে। আজকে গ্রামের গরিব মানুষরা ফুটিং উপর দাঁড়িয়ে আছে এবং তারা আজকে পাট্টা পেয়েছে। পশ্চিমবঙ্গে তফসিলি সম্প্রদায় ও আদিবাসী সম্প্রদায় আজকে আমাদের এখানে ভূমি সংস্কার সংক্রান্ত আইন কার্যকর হওয়ার ফলে এই সুযোগ পাচ্ছে। সেই সংগ্রামকে হাতিয়ার করে আজকে গ্রামের মানুষরা এগিয়ে চলেছে এবং গরিব মানুষরা জমি পাচ্ছে। অথচ ভারতবর্ষের অন্যান্য রাজ্যে অনেক কিছু দেখা যাবে কিন্তু মৌলিক জিনিস ভূমি সংস্কার সেখানে স্থান পায় নি। আমরা কল-কারখানার মালিক গ্রামের মানুষদের করতে পারিনি ঠিকই, কিন্তু ২-১ বিঘার জমির মালিক করতে পেরেছি যা ভারতবর্ষের কোথাও পাবেন না। আসলে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি আর ভারতবর্ষের দৃষ্টিভঙ্গির পার্থক্য আছে। এই প্রসঙ্গে আমি আরেকটি কথা উল্লেখ করতে চাই সেটা হচ্ছে যে, বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি আজকে ভারত সরকার বুঝতে পেরেই

তারাও সম্প্রতি এই দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে চায়। আজকে আমাদের যে মূল সমস্যা যথা-চাকুরির অভাব, ভূমির সমস্যা, মূল্যবৃদ্ধি ইত্যাদি জনিত যেসব সমস্যা, সেই সমস্যার সমাধান করতে হলে ভূমি সংস্কারের দিকে দৃষ্টি দিতে হবে। সমস্ত গণতান্ত্রিক মানুষের মধ্যে লড়াই অব্যাহত রেখে আজকে গরিব মানুষদের জমি দিতে সক্ষম হয়েছি এবং সেই সুযোগ তফসিলি জাতি ও উপজাতিও পেয়েছেন। এই লড়াই হচ্ছে মূল্যবৃদ্ধির ও বেকারির বিরুদ্ধে লড়াই এবং সেই লড়াই যাতে কোনওভাবে ক্ষতিগ্রস্ত না হয় সেইদিকে দৃষ্টি দিতে হবে এবং সেই প্রচেষ্টা আমরা ভীষণভাবে পালন করছি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে রিজার্ভেশনের বড় বড় কথা বলা হয়েছে কিন্তু রিজার্ভেশন নামেই করা হয়েছে, সেই দৃষ্টিভঙ্গি নিয়ে তারা তফসিলি সম্প্রদায় এবং আদিবাসী সম্প্রদায়কে দেখেন না। তাতে ইন্টারভিউ চালিয়ে দেখা গেছে যে কেবল শুধু আইনেই লেখা আছে কিন্তু কার্যক্ষেত্রে সেটা প্রয়োগ করা হয় না। কিন্তু পশ্চিমবঙ্গে আমরা সেটা মেনটেন করার চেষ্টা করেছি। আমি এই প্রসঙ্গে একটি কথাই বলতে চাই Reservation is not the only solution আজকে ভারতবর্ষের চাকুরির হারের কি অবস্থা? সেখানে ভিলেজ পলিসি ঠিকমতো প্রয়োগ করা হয় নি। চাকুরির ক্ষেত্রে যে পলিসি তাতে জিরোতে চলে এসেছে। সেখানে পশ্চিমবঙ্গের তফসিলি জাতি ও উপজাতিরা মূল্যবৃদ্ধির বিরুদ্ধে লড়াই করছে। একসঙ্গে সবাই মিলে এই সমস্যার সমাধান করার জন্য আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে এবং এই সমস্যা সামনে রেখে অক্ষত রেখে এগিয়ে যাওয়ার চেষ্টা চালাচ্ছে। তারই মধ্যে তফসিলি ও উপজাতি সম্প্রদায় যাতে বিশেষ সুযোগ সুবিধা পেতে পারে তার জন্য চেষ্টা করতে হবে। এরইমধ্যে তারা অনেক সুযোগ সুবিধা পেয়েছে, কিন্তু তবুও কিছু ত্রুটি বিচ্যুতি আছে, সেগুলো দূর করার চেষ্টা করছি। তবে ভারতবর্ষের অন্যান্য জায়গায় বিশেষ করে কংগ্রেস শাসিত রাজ্যে কিন্তু সেই দৃষ্টিভঙ্গি দেখা যায় না। আজকে যদি মূল্যবৃদ্ধি বেকারত্ব এই সমস্ত সমস্যাগুলি নিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে রিজার্ভেশন কতকগুলি পেল না পেল এটা ব্যাপার নয়, তাদের দৃষ্টিভঙ্গি রিজার্ভেশনের মাধ্যমে সমস্যার সমাধান করে দেব চাকরি হোক বা না হোক। তারা ভাবে যে চাকরির শূন্যস্থানকে এত পারসেন্টেজ দিয়ে গুণ করলেই চাকরি হয়ে যাবে, কিন্তু শূন্যকে যতই পারসেন্টেজ দিয়ে গুণ করি না কেন তার ফল শূন্যই থাকবে। আমরা দেখতে পাচ্ছি ওরা কাস্ট ওয়ার লাগিয়ে দেওয়ার চেষ্টা করছে এতে ওদের সুবিধা হবে, দুই পক্ষকে লাগিয়ে দিলে মুনাফা লোটার সুবিধা হবে। আমাদের এখানে মন্ডল কমিশন নিয়ে মারামারি হয়নি, এটার জন্য আমরা গর্বিত। আমাদের পশ্চিমবাংলার তফসিলি ও অতফসিলি এদের সকলের জন্য যৌথ সংগ্রামের মাধ্যমে তফসিলি জাতি উইকার সেকশনে যারা আছে তাদের জন্য যাতে কিছু করতে পারি তার চেষ্টা করা হচ্ছে। আমাদের ডিপার্টমেন্টেরই কিছু লুপ হোলস আছে সেটা আমরা পুরো দূর করতে পারিনি। আশাকরি মাননীয় সদস্যরা সকলে সহযোগিতা করবেন এবং এখানে যে সমস্ত কাটমোশন এসেছে সেইগুলির আমি বিরোধিতা করছি, এবং এই বাজেটকে সমর্থন করার জন্য সকলকে অভিনন্দন জানাচ্ছি।

Mr. Speake : There are five cut motions to Demand No. 41. All the cut motions are in order. I now put the motions to vote.

The motiôn of Dr. Manas Bhunia that the amount of the Demand

be reduced to Re. 1/-, was then put and lost.

The motions of Shri Abdul Mannan, Shri Saugata Roy and Shri Sobhan Deb Chattopadhyay that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 25.3.1992 that a sum of Rs. 1,43,18,58,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "2202—General Education (Tribual Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and other Backward classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Excluding Zoological Park and Lloyd Botanic Garden, Darjeeling) (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricaltural Programme (Tribal Areas Sub-Plan), 2501—Special Programme for Rural Development (Tribal Areas Sub-Plan), 2515—Other Rural Development Programme (Community Development) Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 4225—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan),4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital Outaly on Crop Husbandry (Encluding Public Undertakings), 4425—Capital Outlay on Cooporation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare and Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan),

[9th June, 1992]

6575—Loans for Others Special Areas Programmes (Tribal Areas Sub-Plan) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)'', was then put and agreed to.

Demand No. 38

Mr. Speaker : Now, discussion on Demand No. 38.

There are eight cut motions to Demand No. 38. All the cut motions are in order and taken as moved.

1. Shri Abdul Mannan
2. Shri Subrata Mukherjee
3. Shri Deba Prasad Sarkar
4. Shri Saugata Ray
5. Shri Sudip Bandyopadhyay

: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

[4-05 — 4-15 P.M.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন সেই তথ্য ও সংস্কৃতি বিষয়েই আমি প্রথমে বলব। সমাজ জীবনে আজকে শুধু অর্থনৈতিক এবং রাজনৈতিক সঙ্কট নয়, সাংস্কৃতিক জীবনে আজকে যে মারাত্মক অবক্ষয় দেখা গেছে, সেটা আজকে প্রতিটি শুভবুদ্ধিসম্পন্ন গণতন্ত্রপ্রিয় মানুষকে ভাবাচ্ছে, বিশেষ করে আগামী প্রজন্মের কথা চিন্তা করে ভাবাচ্ছে। কারণ আমরা দেখতে পাচ্ছি, শিল্প, সাহিত্য, সাংস্কৃতি—রেনেসাঁর যুগ থেকে যে শিল্প, সাহিত্য, সংস্কৃতি সমাজকে উন্নত, সুন্দর ও সমাজ সচেতন করেছিল, আজকের দিনে সেই শিল্প, সাহিত্য, সংস্কৃতি নেই। আজকে যেভাবে ব্যাপক পর্ণোগ্রাফি চলচ্চিত্র এবং বিভিন্ন ব্যবসায়িক অশ্লীল বিজ্ঞাপনের ব্যাপকতা, অশ্লীল পুস্তক-পুস্তিকা যেভাবে আজকে বাজারে ছেয়ে যাচ্ছে, যা দেখে আজকে প্রতিটি শুভবুদ্ধিসম্পন্ন মানুষ খুবই উদ্বিগ্ন হয়ে পড়েছে। এর সঙ্গে আজকে যুক্ত হয়েছে মারাত্মক রকমের মাদক ব্যবসা, ড্রাগের নেশা। এই জিনিসগুলো আজকে ব্যাপকহারে দেখা দিয়েছে। চলচ্চিত্রে আজকে ব্যাপকহারে ব্লু ফ্লিম দেখানো হচ্ছে। অতি সম্প্রতি আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত অশ্লীল চলচ্চিত্রের বিরুদ্ধে, যেগুলি বে-আইনিভাবে চলছে সেনসরশিপকে অমান্য করে খোদ কলকাতার বুকে সেটা বন্ধ করার জন্য আপনি কিছু প্রশাসনিক উদ্যোগ নিয়েছেন। কিন্তু গ্রামাঞ্চলে এবং মফস্বলেও আমরা এই জিনিস দেখতে পাচ্ছি। আজকে শুধু শহরাঞ্চলে নয়, আজকে গ্রামাঞ্চলেও ব্যাপকভারে ভিডি ও পার্লার গড়ে উঠছে এবং সেখানে যে ভি ডি ও ক্যাসেট দেখানো হচ্ছে তার প্রভাব আজকে রুট লেভেল পর্যন্ত চলে গেছে এবং সেখানে এটা একটা মারাত্মক সামাজিক ব্যাধি হিসাবে দেখা দিয়েছে এবং আগামী প্রজন্ম নিয়ে আমরা চিন্তিত। গ্রামাঞ্চলের স্কুলের সুকুমারমতী ছাত্র-ছাত্রীরা তাদের পড়াশোনা বাদ দিয়ে, স্কুল পালিয়ে ভিডিও পার্লারে গিয়ে সিনেমা দেখছে। এটা আজকে একটা সংক্রামক ব্যাধি হিসাবে সমাজে সংক্রামিত হচ্ছে। এইগুলি খুবই উদ্বেগের ব্যাপারে এবং এইরকম পরিস্থিতির উদ্ভব আজকে হয়েছে যেটা ক্রমবর্ধমান। এটা একদিনে তো হয়নি, এটা কি করে

সম্ভব হল? আজকে সমাজের বিভিন্ন স্তরে অদ্ভুত ধরনের অপসংস্কৃতির প্রবণতা দেখা দিচ্ছে। পর্ণোগ্রাফির এই ট্রেন্ডটা আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি—এটা ক্রমবর্ধমান। যারা সমাজের শাসকগোষ্ঠী তারা নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য ক্ষুদ্র সংকীর্ণ দৃষ্টিভঙ্গি থেকে এটা করছে। আগামী প্রজন্মকে যদি সুস্থ, সংস্কৃতির পরিবেশ গড়ে না দিতে পারি তাহলে তার দায়বদ্ধতা কিন্তু আমাদেরই থাকবে। আমরা যারা সমাজের জন্য ভালো কথা চিন্তা করি তাদের কে ভাবতে হবে যে একটা সামগ্রিক পরিকল্পনার মাধ্যমে কি করে একটা অবরোধ এর বিরুদ্ধে তৈরি করা যায়। যারা শোষণের বিরুদ্ধে যারা সুস্থ মনুষত্বের অধিকারী আমরা যদি এ অপসংস্কৃতির বিরুদ্ধে দাঁড়াতে না পারি তাহলে মানুষ আমাদের ক্ষমা করবে না। এটা না হলে আমাদের মনুষত্বকে বিকিয়ে দিতে হবে, জলাঞ্জলি দিতে হবে। আমাদের দেশ রবীন্দ্রনাথ, নেতাজির দেশ, মনুষত্বের অবনমনের বিরুদ্ধে এই দেশের মনীষীরা একসময় সোচ্চার হয়ে উঠেছিলেন। কিন্তু আজকে দেখতে পাচ্ছি গভীর উদ্বেগের সাথে শাসকগোষ্ঠী কেন্দ্রীয় সরকারের সহায়তায় সুস্থ সংস্কৃতির কণ্ঠরোধ করতে চাইছেন। আমরা তার প্রতিকার করতে পারছি না, অবরোধ সৃষ্টি করতে পারছি না। আমাদের এখানে বামফ্রন্ট সরকার আছে তাদের যে ভূমিকা এই ব্যাপারে পালন করা উচিত ছিল—মাননীয় তথ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় এখানে আছেন, তিনি তার বাজেট ভাষণে অনেক গুরুত্বপূর্ণ কথা বলেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই সংস্কৃতি দূষণের জন্য যে লোকগুলি দায়ী তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন আর যদি ব্যবস্থা নাই নেন তাহলে সুস্থ সংস্কৃতির চর্চা কি করে করবেন? অতএব দেখা যাচ্ছে যে, যে ভূমিকা তাদের পালন করা উচিত ছিল তারা তা করছেন না। আজকে এই সংস্কৃতি দূষণের জন্য যারা দায়ী তাদের বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা নিয়েছেন? তাদের চিহ্নিত করতে পেরেছেন কি? কিন্তু আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছি যে, প্রায় একশো ভিডিও, ব্লু ফ্লিম এবং অশ্লীল সিনেমা প্রদর্শনী চলছে। এর বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা নিতে পেরেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন, তিনি সংবাদপত্রের স্বাধীনতার ব্যাপারে উল্লেখ করেছেন কিন্তু আজকে দেখা যাচ্ছে সংবাদপত্রের উপর আক্রমণ নিত্যকার ঘটনা। আমরা দেখছি বামফ্রন্ট সরকারের রাজত্বকালে এবং আমরা বার বার উল্লেখও করেছি যে সাংবাদিকরা যখনই সরকারের বিরুদ্ধে তাদের বক্তব্য রেখেছেন তখনই তাদের হিংসার স্বীকার হতে হয়েছে। কাজেই সংবাদপত্রের স্বাধীনতা, সাংবাদিকদের স্বাধীনতার উপরে হস্তক্ষেপের ঘটনা অহরহ ঘটছে। বামফ্রন্ট সরকারের আমলে ১৯৭৯ সালে যে সান্যাল কমিশন হয়েছিল তার মধ্যে ৮৮টা সুপারিশ ছিল কিন্তু আমরা কি দেখলাম তার মধ্যে সরকার মাত্র ২৭টি গ্রহণ করলেন ১৯৮০ সালে আংশিকভাবে বা খানিকটা। কিন্তু আমরা বাস্তবে দেখছি, সাতাশটি সুপারিশের মধ্যেও অনেকগুলি সুপারিশ যেগুলি গ্রহণ করেছেন বলে বলেছেন সেগুলি এখনও কার্যকর হয়নি।

[4-15 — 4-25 P.M.]

যেমন বিনা ভাড়ায় বাসে ভ্রমণ করার ব্যাপারে—এইরকম যেসব সুপারিশ সেগুলো আজ পর্যন্ত কার্যকর হল না। মফস্বলের সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিয়েশন কার্ড দেওয়ার ব্যাপারে যে জটিলতা, সেই জটিলতা দূর করে একটা সহজ প্রক্রিয়া আজও চালু করা হল না। মাননীয় তথ্যমন্ত্রীর মহাশয় জেলার সর্বস্তরে সরকারি দায়িত্বে যে সমস্ত অধিষ্ঠিত

আধিকারিকরা আছেন সাংবাদিকদের তথ্য সংগ্রহে যে বিধি নিষেধ তাদের দেওয়া আছে স্বাধীন সাংবাদিকতার স্বার্থে সেই বিধি-নিষেধগুলো তুলে দেওয়া হল না, প্রেস কাউন্সিলের সুপারিশ অনুযায়ি—এই বিষয়গুলি আপনার দৃষ্টি আকর্ষণ করি। আমি জানি মাঝারি এবং ক্ষুদ্র সংবাদপত্রগুলোর কাছ থেকে এই সম্পর্কে দাবি এবং স্মারকলিপি আপনি পেয়েছেন। আমি আশা করব, এই বিষয়গুলো সম্বন্ধে আগামীদিনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

(এই সময় লালবাতি জ্বলিয়া ওঠে।)

সর্বশেষ, ফিল্ম ইন্সটিটিউট রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগে ১০ কোটি টাকা পাওয়া গিয়েছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যাওয়া রিপোটার্স টেবিল থেকে কিছু শুনতে পাওয়া যায় নি।)

শ্রী প্রভাত আচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী যে দাবি রেখেছেন, আমি তার প্রতি পূর্ণ সমর্থন জানাই। আর বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করি। আমাদের বিরোধী পক্ষের দেবপ্রসাদ সরকার যেসব কথা বলেছেন, তার মধ্যে কিছু সত্যিকার দেখা দরকার, আর কিছু ঠিক নয়। তিনি যে স্পিরিট নিয়ে সংস্কৃতি সম্পর্কে বলতে গেলেন তাতে আমার আপত্তি আছে। তিনি রেনেসাঁস বা নব জাগরণের কথা বলেছেন, সেই নব জাগরণের সমস্ত জীবনের অর্থে প্রতিচ্ছবির কথা বলেছেন। কিন্তু আমাদের সমাজ যে ভেঙ্গে গিয়েছিল সেকথার উল্লেখ করলেন না। আমাদের বাংলার সংস্কৃতির বৈশিষ্ট যা ছিল সমগ্র গ্রাম বাংলাকে নিয়ে বৈশিষ্ট তার সম্পর্কে তিনি ওয়াকিবহাল নন। তাই চিরস্থায়ী বন্দোবস্ত, বর্গীয় হাঙ্গামা পরে সাথে সাথে ৭৬-এর মন্বন্তর সমগ্র গ্রাম বাংলাকে ভেঙ্গে দিল। ভেঙ্গে যাওয়ার পরে আমরা দেখেছি আনন্দমঠের মধ্যে তার ছবিটা যেখানে মহেন্দ্র এবং কল্যাণী গ্রাম ছেড়ে এল। সেকালে যারা জমিদার ছিলেন গ্রাম ভিত্তিক জীবন যাপন করতেন 'হুজুরেরা নিজের তরেই আরাম করেন, বন্দি মজুরেরা যায় বেঁচে, এই তো খোদার ফন্দি' জসিমুদ্দীনের গান। সেই জমিদারের সাথে বাঁধা ছিলেন সেই জমিদারেরা সম্পূর্ণ চলে গেলেন। এল চিরস্থায়ী বন্দোবস্ত। দেড় লাখ জমিদার, আর ৯ লাখ তার পত্ত নিদার মধ্যস্বত্বভোগী। তার ফলে গ্রামবাংলা নিশেষ হয়ে গেল। বেনের বাঈজী সুন্দরী কলকাতা গড়ে উঠল। বিত্তবান মানুষ, বুদ্ধিমান ছেলেরা ইংরাজি পড়াশোনা শুরু করল। বাংলা মায়ের স্তন পান করে বাংলায় কথা বলে তাদের মনে করে দেয় বাংলা, আর তারা পড়াশোনা করে ইংরাজি। আর তাই ইউরোপীয় রীতি অনুসারে লেখাপড়া শিখে আমাদের গ্রাম বাংলা বিচ্ছিন্ন জীবন নিয়ে যে সভ্যতা সেই সভ্যতার আলোকপ্রাপ্ত হলেন। সেই আলোকপ্রাপ্ত হওয়ার মানে সাম্রাজ্যবাদী অনুশাসন মেনে তাদের অধীনে থাকা। আমাদের রেনেসাঁসে যে সমস্ত বুদ্ধিজীবী ছিলেন তারা কখনও সমস্ত মানুষের একত্রিত উপকারে আসুক, একথা বলেন নি। আমাদের যে জমিদারি ব্যবস্থা তার স্পষ্ট বিরোধিতা খুব কম লোকে করেছেন। সাম্রাজ্যবাদের বিরোধিতা করা স্বদেশী আন্দোলনে দেখেছি। কিন্তু আমাদের জমিদারি ব্যবস্থার তারা যথেষ্ট প্রতিবাদ করেন নি। আমরা দেখছি এরা জমিদারি নিজেরা কিনে নিয়েছেন। আমাদের যারা সেকালের রেনেসাঁসের মানুষগুলো—দ্বারকানাথ ঠাকুর থেকে আরম্ভ করে রামমোহন পর্যন্ত সকলেই কিনে নিয়েছেন,

আর মধ্যবিত্ত মানুষ তাদের সাহায্য পেয়ে তাদের চিন্তাধারার পরিবর্তন হয়ে মানুষকে মানুষ ভাবে নি। এল সুদীর্ঘ শাসন। স্বাধীনতা আন্দোলন মধ্যবিত্তকে নির্ভর শুরু হয়েছিল। বিত্তবান জমিদারেরা প্রথম যে জমিদারি শুরু করেছিলেন সেই জমিদার অ্যাশোসিয়েশন থেকেই কংগ্রেসের উদ্ভব ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় সেটা মানবেন। তারা গ্রামের মানুষ শিক্ষিত, সুন্দর হয়ে উঠুক, সেকথা কখনও ভাবেন নি। তারা ইংরাজদের সাথে টেবিলে বসে স্বাধীনতা আনতে চেয়েছেন। সেদিন একদিকে দেখা যাচ্ছে দ্বিতীয় মহাযুদ্ধ আর এক দিকে দুর্ভিক্ষ ৫০-এর মন্বন্তর। তারপর পার্টিশন অর্থাৎ বাংলা ভাগ। সমগ্র বাংলা একেবারে নষ্ট হয়ে গেল। আমরা যে দেড় লক্ষ জমিদার এবং ৯ লক্ষ পত্তনিদারের কথা বলেছিলাম তাদের যে অধিকার তাতে গ্রামবাংলা নিঃশেষ হয়ে গেল। একটা দুর্বিনীতি পরিবেশ হয়ে গিয়েছে। সেই পরিবেশের মধ্যে নতুন কিছু মানুষ এসে উদ্ভব হলেন। তাই ১৯৭৭ সালে দেখেছি নতুন ঘটনা ঘটল। বামফ্রন্ট এল, মানুষ বামফ্রন্টকে নিয়ে এসেছে। সংস্কৃতি বা কালচার শব্দটা পুরানো নয়, ইংরাজিতে কালচার শব্দটা অষ্টাদশ শতাব্দির শেষে ঊনবিংশ শতাব্দির প্রথমে আসে। এই কালচার শব্দটার অর্থ ছিল—পশুপালন ও কৃষিকার্য। আর তার পরিপ্রেক্ষিতে আমরা বাঙালিরা বিংশ শতাব্দির প্রথম পাদে এই কালচারটাকে কর্ষণের সাথে এক করে সমুতকর্ষ, উৎকর্ষ ইত্যাদি বলেছিলাম। রবীন্দ্রনাথ তাকে কৃষ্টি বলেছিলেন। পরবর্তীকালে তার ব্যাপকতা বেড়েছে। বাংলাভাষা এবং সংস্কৃতি এসে যখন উপস্থিত হল সেই সংস্কৃতি হচ্ছে সমগ্র মানুষের যে সংগ্রামী অধিকার, সংগ্রামের যে চিন্তা এবং চেতনা এবং তার সংগ্রাম মারফত যে ফল পাওয়া, তাকে নিয়ে হল সংস্কৃতি। সুতরাং সমগ্র মানুষের সফল সংগ্রামের যে ফলশ্রুতি তাকেই বলে সংস্কৃতি। সেখানে জীবন সংগ্রামের যে ধারা সেই জীবন সংগ্রামের ধারার দিকে লক্ষ্য করেই আজকে সমগ্র বাংলাদেশ নতুন করে গড়ে উঠেছে। জমিদারের এক কালের শোষণ ব্যবস্থা দূরীভূত হয়েছে, অন্তত এখান থেকে দূরে গিয়েছে। অর্থনৈতিক জীবনে তারা সম্পূর্ণভাবে এখনও প্রতিষ্ঠিত না হলেও পশ্চিমবাংলার কৃষক, বাংলার কৃষক বুক ফুলিয়ে দাঁড়িয়ে মানুষের মর্যাদায় প্রতিষ্ঠিত হয়ে বলতে পারছে যে আমরাও মানুষ আমরাও গান চাই, আমরাও প্রাণ চাই। তাই কংগ্রেস আমলে যে অবস্থা ছিল সেই অবস্থা আজকে আর নেই। জমিদার, জোতদাররা তাদের শোষণ তীব্রতর করেছিল। এই যে ভূমি সংক্রান্ত অ্যাক্টে বা আইন সেই, আইনকে তাদের অধিকারে প্রতিষ্ঠিত হোক এটা কখনও কংগ্রেসের কামনায় ছিল না। জমিদার জোতদার ছাড়া কংগ্রেস ছিল না। তখনও যারা ভদ্রবেশী, ভদ্রলোক, শিক্ষিত বলে দাবি করেন তাদের ও প্রেম সাধারণ মানুষের প্রতি ছিল না, গ্রামের কৃষকের প্রতি ছিল না। তাই যে সংস্কৃতির বড়াই আমরা করি সেই সংস্কৃতি হচ্ছে শহরের সংস্কৃতির। সমগ্র বাংলার গ্রামের সংস্কৃতির সাথে তা এক ছিল না। কেন না ইংরেজ লালিত, আশ্রিত যে সংস্কৃতি সেই সংস্কৃতিরই আমরা পরিপোষণ করেছি। আমরা মধ্যবিত্ত সম্প্রদায় পরবর্তীকালে এসে সেই বিদ্যা আয়ত্ব করে তাকেই সংস্কৃতি বলা শুরু করেছি। স্যার, আপনারা জানেন ভারতের রত্ন সত্যজিৎ রায় কিছুদিন আগে ইহলোক ত্যাগ করেন। নন্দনের আঙ্গিনায় তার মরদেহ রাখা হয়েছিল এবং সেখানে হাজার হাজার মানুষ একত্রিত হয়ে তাকে শ্রদ্ধা জানিয়েছিলেন তার পথের পাঁচালি সম্বন্ধে পরবর্তীকালে আমরা অনেক আলোচনা শুনেছি। ইংরাজরা না বললে, ইউরোপের লোকরা কিছু ভাল না বললে আমরা তাকে ভাল বলতে পারি না। কেন পারি না সেটা একটু ভেবে দেখা দরকার। আমাদের মধ্যবিত্তের মধ্যে সেই

ইউরোপীয়দের যে পোষা নীতি সেই পোষা নীতি বা ব্যবস্থাটাই আছে। আমরা জানি এই পথের পাঁচালি যখন গ্রামবাংলায় দেখানো হয়েছিল তখন গ্রামবাংলার মায়েরা, সাধারণ মানুষরা এটাকে তাদের আপন জিনিস বলে গ্রহণ করেছিলেন। এমন কি ইন্দিরা ঠাকুরানীর মুখের সেই গান—'হরি দিন তো গেল সন্ধ্যা হল এবার পার কর আমারে' গ্রামের মানুষরা সেটাকে আপন করে নিয়েছিল। কিন্তু যাদের এলিট বলে, যারা নিজেদের খুব সংস্কৃতিবান বলে মনে করেন এবং তা নিয়ে একটা অহঙ্কার প্রকাশ করেন তারা কিন্তু তখন সেই পথের পাঁচালিকে আপন করে নিতে পারেন নি কারণ ইউরোপিয়রা তখন তা বলেন নি। গ্রামবাংলার মানুষ জানে যে কোনটা ভাল, কোনটা মন্দ এবং তাদের নিজেদের বুদ্ধি দিয়েই এবং ইন্সটিংট দিয়ে বলতে পারেন যে কোনটা সত্য এবং কোনটা অসত্য। স্যার, ১৯৭৭ সালের পর থেকে সেই গ্রামবাংলার চেহারা পাল্টাতে আরম্ভ করেছে কারণ বামফ্রন্ট সাধারণ গরিব মানুষদের প্রতিনিধিত্ব করে বলেই সেই সাধারণ মানুষদের শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে তারা একটা জোয়ার আনতে চেষ্টা করেছেন। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় নাট্য অ্যাকাডেমি, সঙ্গীত অ্যাকাডেমি থেকে আরম্ভ করে লোকসংস্কৃতির বিভিন্ন ধারা সম্পর্কে যত্নবান হয়ে সেগুলির পূর্ণ বিকাশের জন্য উদ্যোগ নিয়েছেন। তবে এখনও শহর কেন্দ্রীক চিন্তা আমাদের মধ্যে কিছু রয়ে গেছে। আমরা রডন স্কোয়ার করতে পারি, নন্দন করেছি ঠিকই, তা ছাড়া বিভিন্ন জেলা শহরে রবীন্দ্রভবন ইত্যাদিও করেছি ও লোক সংস্কৃতির বিভিন্ন ধারার উন্নতির জন্য প্রয়াস নিয়েছি সেকথাও ঠিক কিন্তু এই প্রসঙ্গে আমার প্রস্তাব হচ্ছে, চন্ডীমন্ডপ এবং মসজিদের মধ্যে যে মিটিংগুলি হয় তা না করে একটা সেকুলার জায়গায় মুক্ত মঞ্চের মতোন কিছু করা যায় কিনা প্রতিটি জায়গায় সেটা চিন্তা করে দেখবেন কারণ সেটা করলে সকলেরই মঙ্গল হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[4-25 — 4-35 P.M.]

শ্রী মহঃ ইয়াকুব ঃ অনারেবল স্পিকার মহাশয়, মাননীয় তথ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে দু-একটি কথা বলব। প্রথমে আমি অভিনন্দন জানাই, তথ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে, কারণ তার দপ্তরের মাধ্যমে বামফ্রন্ট সরকারের নীতি অনুসারের আমাদের রাজ্যে বিশেষ করে সাম্প্রদায়িকতা ও বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে ব্যাপক প্রচার অভিযান ইনফর্মেশন অ্যান্ড কালচারাল ডিপার্টমেন্ট থেকে বিভিন্ন জেলা, মহকুমার স্তরে করা হয়েছে এবং এই প্রোগ্রামগুলো সত্যিই প্রশংসনীয়। সাধারণ গ্রামের মানুষকে, সাধারণ শ্রমজীবী মানুষকে একত্রিত করে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে সাম্প্রদায়িকতা, বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে আমাদের করণীয় কি, আমাদের মূল লক্ষ্য কি, সেই সমস্ত বিষয়ে আলোচনা করার সুযোগ করে দিয়েছেন, সচেতন করার সুযোগ করে দিয়েছেন। কালচারাল এবং ইনফরমেশনের ব্যাপারে একটা বিষয় আমরা সকলেই অবগত আছি এবং জানি যে আকাশবাণী ও দূরদর্শনের যে মাধ্যমে, যেটা সবচেয়ে শক্তিশালী মিডিয়া, সেটা কিন্তু কেন্দ্রীয় সরকারের তথ্য দপ্তরের নীতি অনুসারে পরিচালিত হয় এবং আমরা আমাদের রাজ্যের কৃষ্টি, আমাদের রাজ্যের সংস্কৃতি, সমস্ত অনুধাবন করে বাস্তব অভিজ্ঞতার মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার জানিয়েছিলাম যে এই আকাশবাণী এবং দূরদর্শনের বিকেন্দ্রীকরণ করা দরকার। রাজ্যের হ'ত কিছু অধিকার থাকা দরকার,

বিশেষত তথ্য দপ্তরের, কিন্তু সেই দাবিতে তারা কর্ণপাত করেন নি। নিশ্চয়ই তারা একটা অ্যাডভাইসারি কমিটি করেছেন। সেই অ্যাডভাইসারি কমিটি থেকে কোনও সুপরামর্শ, কোনও নীতি নির্ধারণের ক্ষমতা, সেই কমিটির যারা সদস্য তাদের থাকে না। এই রকম একটা ব্যবস্থায় স্বাভাবিক ভাবে আমাদের রাজ্যের পক্ষ থেকে পরিষ্কার ভাবে তার প্রতিবাদ করা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রসারণ দপ্তরের পক্ষ থেকে এর কোনও উত্তর পর্যন্ত পাইনি। তবে আমাদের এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে যেতে হবে। আমি সাথে সাথে এই কথাও বলব, যে তথ্য এবং প্রচার দপ্তরের পক্ষ থেকে সাক্ষরতা অভিযানেও তারা ব্যাপকভাবে প্রচার চালিয়ে যাচ্ছে, সেটাও অভিনন্দন যোগ্য এবং আমি অভিনন্দন জানিয়ে সাথে সাথে এই কথাও বলতে চাই যে বিভিন্ন সিনেমা হলে কুরুচিপূর্ণ যে সব ছবি প্রদর্শন হত, দেরিতে হলেও তথ্য দপ্তর বলিষ্ঠ ভূমিকা পালন করেছন. তারা সেই সব অশ্লীল ছবি বন্ধ করার সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করেছেন। যদিও গ্রামাঞ্চলে কিছু কিছু জায়গায় ভিডিও পার্লার বা অন্যান্য মাধ্যমে সেইগুলো দেখবার একটা প্রবণতা আছে। সেখানে আরও বেশি আমাদের এই দপ্তরকে সক্রিয় হতে হবে এবং এটা খুবই প্রয়োজনীয়। সাথে সাথে এই কথাও বলতে চাই যে ভাল ছবি তৈরি করার জন্য পশ্চিমবঙ্গের তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে যে উদ্যোগ নেওয়া হয়েছে, গত কয়েক বছর ধরে বিভিন্ন ভাল ছবি তৈরি করার চেষ্টা চলছে। আমাদের আরও ভাল ভাল ছবি করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সাথে সাথে বিভিন্ন সিনেমা হলে বর্তমানে কুরুচিপূর্ণ হিন্দি ছবির প্রদর্শন চলছে তা বন্ধ করতে হবে। এখন যে সমস্ত হিন্দি ছবি আমদের দেশে তৈরি হচ্ছে তা আমাদের কালচার, আমাদের সামাজিক অবস্থান বিরোধী। এই সব ছবি আমাদের নবীন যুবকদের কুপথে পরিচালিত হতে সহায়তা করছে। এই সব হিন্দি ছবি দেখে তাদের একটা অন্য ধরনের মানসিকতা তৈরি হচ্ছে। সুতরাং আমাদের তথ্য দপ্তরকে এ বিষয়ে আরও সক্রিয় হতে হবে, এই সব ছবি প্রদর্শনের ক্ষেত্রগুলিকে নিয়ন্ত্রণে আনতে হবে এবং সাথে সাথে দেখতে হবে যাতে সেখানে আমাদের রাজ্যের ভাল বাংলা ছবিগুলির প্রদর্শনীর ব্যবস্থা হয়। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহোদয় এ দিকে একটু দৃষ্টি দেবেন। রডন স্কোয়ারে যে কালচারাল সেন্টার হতে চলেছে তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অভিনন্দন জানাচ্ছি। আগামী দিনে নিশ্চয়ই এটা পশ্চিমবাংলার মানুষের কাছে দৃষ্টান্ত স্বরূপ হয়ে দাঁড়াবে। পাশাপাশি আমি একথাও বলছি যে, উলুবেড়িয়ার রবীন্দ্রসদন নির্মাণের কাজ ৭৪ সালের কোনও এক সময়ে নাকি আরম্ভ হয়েছিল, কিন্তু আজও সে কাজ সম্পূর্ণ হয় নি। আবার উত্তর ২৪-পরগনার বারাসাতের রবীন্দ্র ভবনটি ভগ্ন অবস্থায় পড়ে রয়েছে। সুতরাং উলুবেড়িয়ার বরীন্দ্র সদন নির্মাণের কাজ সম্পন্ন করার এবং বারাসাতের বরীন্দ্র ভবনটির সংস্কারের আবেদন জানিয়ে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-35 — 4-45 P.M.]

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ মাননীয় স্পিকার স্যার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং এর ওপর যে কাট মোশনগুলি আনা হয়েছে তা বিরোধিতা করে দু-একটি কথা বলতে চাই। আমার সময় খুব কম, তাই বেশি কিছু বলা সম্ভব নয়। একথা ঠিক যে, যে কথা মাননীয় সদস্য প্রভাত

আচার্য মহাশয় বললেন, আমাদের দেশের সাধারণ মানুষদের বিরুদ্ধে একটা অঘোষিত যুদ্ধ চলছে। এই অঘোষিত যুদ্ধে আমাদের অবস্থানটা খুবই বিপজ্জনক জায়গায়। আজকে আমাদের এই সমাজে যাদের আমরা শাসক শক্তি বলে মনে করি তারা এখনও পর্যন্ত একটা সুবিধাজনক অবস্থা থেকে আমাদের মূল্যবোধের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাচ্ছে। আমার মনে হয় এ যুদ্ধে তারা অনেক বেশি সুবিধাজনক অবস্থায় থেকে বেশি সুবিধা পাচ্ছে এবং সহজেই যুদ্ধ চালিয়ে যাচ্ছে। এটা স্বাভাবিক আমাদের সমাজের মতো একটা সমাজ ব্যবস্থায় ওপরতলায় যারা বসে থাকবে তারা তাদের অবস্থানের সুযোগটা সম্পূর্ণভাবে গ্রহণ করবে। তাই আমরা দেখছি আমাদের ঘরের ছেলে মেয়েরা বিভিন্নভাবে শোষিত হচ্ছে। দেবপ্রসাদবাবু খানিকটা বলতে চেষ্টা করলেন, কিভাবে আমাদের মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ঘরের ছেলে-মেয়েদের মধ্যে অব-মূল্যবোধ কাজ করছে, নিচের দিকে নামিয়ে নিয়ে যাচ্ছে এবং তারা মনুষ্যত্বহীন হয়ে যাচ্ছে। এটা বাস্তব, এটাকে অস্বীকার করবার উপায় নেই। একটা রাজ্যের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকে একটা দপ্তরের যেটুকু ক্ষমতা সেটুকু ক্ষমতা দিয়ে এই ভয়ঙ্কর ব্যাপারে খুব বড় একটা কিছু করতে পারবে, এটা ভাবার কোনও কারণ নেই। তাহলেও আমরা পশ্চিমবঙ্গে এ বিষয়ে অন্যান্য রাজ্যের তুলনায় কিছুটা গর্বিত। দেবপ্রসাদ বাবু নিশ্চয়ই স্বীকার করবেন, আজও মূল্যবোধের দিক দিয়ে বিচার করলে পশ্চিমবাংলার ছেলে-মেয়েদের মানসিকতা ভারতবর্ষের যে কোনও রাজ্যের তুলনায় অনেক বেশি উন্নত সংস্কৃতি-মন্ডিত। এ ক্ষেত্রে বিগত ১৫ বছরে বামফ্রন্ট সরকারের একটা অবদান রয়েছে। কেন না আমরা এ রাজ্যে মূল্যবোধ ধ্বংসের বিরুদ্ধে এখনও সংগ্রামে লিপ্ত আছি। আমরা সব দিক দিয়ে চেষ্টা চালিয়ে যাচ্ছি। তবে এ ক্ষেত্রে আমাদের যা অর্থ বরাদ্দ তা অতি সামান্য। এই সামান্য অর্থ দিয়ে এই সংগ্রাম চালিয়ে যাওয়া খুবই শক্ত। তাহলেও লড়াই চলছে এবং লড়াই-এ নিশ্চয়ই আমরা খানিকটা সাফল্যলাভ করতে পেরেছি ; এ বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি মনে করি সংস্কৃতিক রক্ষা করা এবং উন্নত করার বিষয়টাকে আন্দোলন হিসাবে নেওয়া দরকার। আমাদের তথ্য সংস্কৃতি দপ্তর এটাকে আন্দোলন হিসাবেই গ্রহণ করেছে বলে আমি মনে করি। ফলে প্রতি বছরই অসংখ্য তরুন নতুনভাবে আলোকপ্রাপ্ত হচ্ছে এবং বিভিন্ন গঠনমূলক কাজে নিজেদের নিয়োজিত করছে। এখনও সময় আছে পথভ্রষ্ট বিভ্রান্ত তরুনদের আমরা ভাল পথে ফিরিয়ে আনতে পারি এবং সকলকে ভাল পথে আকৃষ্ট করে রাখতে পারি। যদি আমরা তাদের জন্য যে খোরাকির প্রয়োজন সেই খোরাকি যোগাতে পারি। গ্রামাঞ্চলে নিয়মিত সেই খোরাকির ব্যবস্থা করার জন্য, নিয়মিত যোগান দেওয়ার জন্য—যেটা প্রভাতবাবু বলেছেন যে,—গ্রামে মুক্ত মঞ্চ ধরনের কিছু করা দরকার। সেখানে নিয়মিত সেমিনার হোক, আলোচনা হোক, সাংস্কৃতিক গ্রামাঞ্চলে তৈরি করা হোক এই ইস্যু নিয়ে আগামী বছর আন্দোলনের মতো গড়ে নিয়ে তথ্য ও সাংস্কৃতিক দপ্তর যাতে এগুতে পারে, গ্রামের যুবক-যুবতীদের কাছে খানিকটা মূল্যবোধ পৌঁছে যাতে দিতে পারে এই আশা আমি করব। এই দপ্তর অশ্লীল সিনেমা বন্ধ করেছেন ঠিকই, কিন্তু আমি লক্ষ্য করে দেখেছি, ব্লু ফ্লিমের যে অত্যাচার চলছে—এখনও পাড়ায় পাড়ায় আমাদের ছেলেমেয়েরা রাতে লুকিয়ে বাড়ির ঘরে নানা কায়দায় ব্লু-ফিল্ম দেখে। এছাড়া একশ্রেণীর মানুষ আছেন যারা এগুলি দেখবার সুযোগ পান। এইদিকে ভালভাবে এই দপ্তরের দৃষ্টি দেওয়া দরকার। এই ব্লু-ফিল্মের ভি ডি ও ক্যাসেট বিভিন্ন জ য়গায় ঢুকে পড়েছে, এগুলি রেড করা দরকার, বিভিন্ন জায়গায় রেড ক'রা দরকার যাতে ছড়ি য় পড়তে না পারে। অনেক

সময় ছেলেরা ট্যাক্স একজেমপ্ট করে চ্যারিটি শোর নাম করে এইসব ফিল্ম দেখায়। এক্ষেত্রে বামপন্থী মনোভাবাপন্ন ছেলেরা যেমন আছে তেমনি অন্য পন্থী ছেলেরাও আছে। সেখানে এমন এমন ফিল্ম দেখাচ্ছে যা দেখলে মূল্যবোধ নামিয়ে দেয়। তাদের টাকার দরকার সেইজন্য এইসব ছবি দেখাতে হবে। পাড়ায় প্যান্ডেল বেঁধে এইসব ছবি দেখাবার চেষ্টা করা হচ্ছে বা হয়েছে। এইসব ছেলেরা চ্যারিটি শোর নাম করে ট্যাক্স একজেমপ্ট করে নিয়ে এইসব ছবি দেখাবে আর আমরা চ্যারাটি শো অনেক ছেলে করছে বলে পিছনে থাকি। এটা ঠিক নয়, এ ব্যাপারে নজরদারি থাকা দরকার যাতে এই ফিল্ম নিয়ে ব্যবসা করতে না পারে। যা হোক, আমার সময় কম, তাই আমি এই তথ্য ও সাংস্কৃতিক দপ্তরের ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় স্পিকার স্যার, তথ্য ও সংস্কৃতিক দপ্তরের যে ব্যয়-বরাদ্দ ১৯৯২-৯৩ সালের জন্য উপস্থাপিত হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই রাজ্যের সাংস্কৃতিক বিভাগ আমাদের পশ্চিমবাংলার একটা গর্বের ব্যাপার। আমাদের রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি যেটা আমাদের পশ্চিমবাংলার মানুষের একটা গর্ব, এই সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার কৃতিত্ব যে দপ্তর দাবি করতে পারে সেই দপ্তর হচ্ছে তথ্য ও সাংস্কৃতিক দপ্তর অর্থাৎ তার প্রচার বিভাগ। কোনও ঘটনাকে কেন্দ্র করে যাতে সাধারণ মানুষের মধ্যে কোনও ভুল বোঝাবুঝির সৃষ্টি না হয় তারজন্য এই দপ্তর ব্যাপকভাবে প্রচার করে। এই ব্যাপারে আমি দু-একটি কথা বলতে চাই। শহরাঞ্চলে যেমন পুস্তক দিয়ে ব্যাপক প্রচার হয় বড় বড় বোর্ড লাগিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য কিম্বা নানা ব্যাপারে যেমন প্রচার করা হয়, মফস্বলের ক্ষেত্রে এইসব জিনিস যাতে ব্যাপক করা হয়, বিশেষ করে জেলা শহরগুলিতে এইসব প্রচার হচ্ছে বটে কিন্তু সাধারণভাবে মহকুমা স্তরে কিম্বা যে সমস্ত গঞ্জগুলি গড়ে উঠেছে সেখানে শহরাঞ্চলের মতো যাতে ব্যাপক প্রচার হয় সেদিকে লক্ষ্য দিতে হবে, যাতে করে মানুষের মধ্যে একটা ব্যাপকভাবে ঢোকে। আমি গ্রামাঞ্চলের প্রতিনিধি হিসাবে একটি ব্যাপারে আবেদন করব সেটা হচ্ছে ভি ডি ও। এই ভি ডি ও গ্রামাঞ্চলে ব্যাঙের ছাতার মতোন গজিয়ে উঠেছে। এতে করে সিনেমা শিল্প উঠে যাচ্ছে কি যাচ্ছে না সে ব্যাপারে মন্ত্রী মহাশয় বিশেষভাবে নিশ্চয়ই খোঁজ করবেন, আমি সে ব্যাপারে যাচ্ছি না এবং বলছি না, আমি বলতে চাইছি, ভি ডি ও ক্ষতিকর দিকটার কথা। ভি ডি ও-র ব্যাপারে পুলিশের একাংশ জড়িত আছে। আমার কনস্টিটিউয়েন্সিতে সাম্প্রতিককালে এস ডি ও কে দিয়ে "রেড করানো হয়েছে। চারদিকেই ভি ডি ও চলছে এমনকি একেবারে গার্লস স্কুলের সামনে ভি ডি ও হাউস চলছে, স্কুল চলাকালীন সময়ে দুপুর বেলায় শো হচ্ছিল, বাকি সময়েও শোগুলি চলে বেশির ভাগই ব্লু ফিল্ম চলছে। প্রশাসনকে দিয়ে হলটাকে সিজ করানো দরকার। যে ঘটনার কথা বলছিলাম, কিছুদিন আগে একটা কাগজে দেখছিলাম কলকাতায় ওখানে ব্লু ফিল্মের ল্যাবরেটরি আছে। আমি জানি না, কাগজে বেরিয়েছিল, এটা সমাজের ক্ষতিকারক জিনিস। মাদক দ্রব্যের মতো ব্যাপার, বয়স্ক লোক থেকে আরম্ভ করে অল্প বয়সী ছেলে মেয়েরাও পাগলের মতো দেখতে ছুটছে। আমি আপনার কাছে আবেদন করব আইন করে বন্ধ করা যায় কিনা সেটা আপনি একটু ভেবে দেখবেন। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। বসুমতী পত্রিকা একটা ঐতিহ্যশালী পত্রিকা, এককালে

যথেষ্ট সুনাম ছিল এবং ইংরাজ আমলে স্বাধীনতা আন্দোলন থেকে আরম্ভ করে সেই সময়ের বিদেশি শাসনের প্রগতিশীল আন্দোলনের সমস্ত সংবাদ পরিবেশনের ব্যাপারে বসুমতীর ভূমিকা ছিল, যখন বিবেকানন্দ মুখোপাধ্যায় মহাশয় সম্পাদক ছিলেন। তার সেই রুগ্ন অবস্থা কাটিয়ে ওঠার জন্য কি কি স্টেপ নিয়েছে, শিলিগুড়িতে একটা অংশ নিয়ে যাচ্ছেন, সেটা ভাল হচ্ছে। কারণ আমরা মাঝে মাঝে নর্থ বেঙ্গল যাই, সেখানে বসুমতীর কোনও রকম প্রচার নেই। এটা যদি জনপ্রিয়তা লাভ করে বা এর রুগ্ন অবস্থা কাটিয়ে ওঠার জন্য যদি দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা ভাবেন যাতে রুগ্নতা কাটিয়ে উঠতে পারেন। বাকি যে সব প্রস্তাব এনেছেন তাতে সেকেন্ড চ্যানেল যাতে রাজ্যের হাতে দেওয়া হয়—এটা আমাদের নৈতিক দাবি—এই সমস্ত বিষয়গুলির প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-45 — 4-55 P.M.]

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেটা সর্বান্তকরণে গ্রহণ করছি, সমর্থন জানাচ্ছি এবং দু-একটি কথা বলছি। এই সংস্কৃতি শব্দটি প্রথম আসে বৈদিক যুগে ঐস্তরের ব্রাহ্মণ থেকে। একটা অখন্ড জীবন পথের নানা মুখের যে বহিঃপ্রকাশ, তারই নাম হচ্ছে সংস্কৃতি। এটার নানা দিকে নানা শাখা প্রশাখার বহিঃপ্রকাশ বিশেষ করে আমাদের বাংলার সংস্কৃতি। এই বাংলার সংস্কৃতি যদি আলোচনা করা যায় তাহলে এর বৈশিষ্ট্য দেখা যাবে যে নানা শাখা প্রশাখায় এর প্রসার এবং বাংলার সংস্কৃতিকে এক কথায় রবীন্দ্রনাথের ভাষায় বলা যায়, যে, নয়নের দৃষ্টি হতে ঘুচুক কালো। যেখানেতে পড়ে সেটা ফুটুক আলো। একটা সাবলীল স্বচ্ছ ভাবধারা এই সংস্কৃতির মধ্যে রয়েছে। মাননীয় প্রভাষ আচার্য মহাশয়, অধ্যাপক মানুষ, উনি ছাত্র পড়ান, সেদিক থেকে সুন্দরভাবে বাংলার অতীতের সংস্কৃতির সঙ্গে বর্তমানে কাজগুলির মাঝখানে যে একটা ফারাক একটা গ্যাপ পিরিয়ড সেটাই আমাদের সর্বনাশ করে দিয়েছে। নানা বৈদেশিক আক্রমণ আমাদের অতীতের সাংস্কৃতিক গৌরব নষ্ট হয়েছে এবং সংস্কৃতি পিছিয়ে পড়েছে। বর্তমানে আমাদের সংস্কৃতিকে পরিবর্তন ঘটানোর একটা প্রচেষ্টা চলেছে। কতকগুলি দিল্লি মার্কা অশ্লীল ছবির দ্বারায় আমাদের যুবক যুবতীদের দৃষ্টি আচ্ছন্ন করে একটা জাতিকে ধ্বংস করার চেষ্টা চলছে এই ব্যাপারে বামফ্রন্ট সরকার সচেতন আছেন, যার জন্য আজকে হল মালিকদের মাথায় হাত পড়ে গেছে। আগে রাস্তাঘাটে যেসব অশ্লীল ফিল্মের পোস্টার টাঙ্গান হোত সেসব আস্তে আস্তে বন্ধ হয়ে যাচ্ছে। ঐসব পোস্টারের কারণে রাস্তা দিয়ে ছেলেমেয়েকে নিয়ে বাবা-মা যেতে পারতেন না, সেটা বন্ধ হয়ে যাচ্ছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় অনেক দিন আগেই জেহাদ ঘোষণা করেছেন। আজকে মানুষের শুভ বুদ্ধি ফিরে আসছে। তারাও বলছেন— এটা মানা যায় না, বন্ধ করে দিন। আজকে সাক্ষরতা অভিযানের ভাল কাজ হয়েছে। আজকে আর তারা গ্রামে অশ্লীল ভিডিও ঢুকতে দিচ্ছেন না, ফলে একের পর এক ভিডিও হল বন্ধ হয়ে যাচ্ছে। লোক সংস্কৃতির প্রতি বামফ্রন্ট সরকার বরাবরই শ্রদ্ধাশীল। লোক সংস্কৃতি মানুষকে সচেতন করে, ভাল হতে সাহায্য করে। সরকারের সেদিকে লক্ষ্য রয়েছে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তর এক্ষেত্রে মানুষের সঙ্গে সহযোগিতা করছেন। পরিচ্ছন্ন চলচিত্র প্রদর্শনের ক্ষেত্রে এই দপ্তরের কৃতিত্ব উল্লেখযোগ্য। অধুনা 'গুপী বাঘা ফিরে এল' চলচ্চিত্রটির পরিচ্ছন্নতা মানুষকে আকর্যিত করতে পেরেছে।

এখানে পুরাতত্ত্ব বিভাগের কথা বলতে গিয়ে বলছি যে, তমলুকে অনেক পুরাতাত্ত্বিক নিদর্শন পাওয়া গেছে এবং তা দিয়ে সেখানে মিউজিয়াম গড়ে উঠেছে। এরজন্য সেখানে আরও অনেক জায়গায় খনন করা উচিত, তা না হলে তমলুকে আর খননের জায়গা খুঁজে পাওয়া যাবে না। সেখানে আরও খনন করলে এইরকম অনেক নিদর্শন পাওয়া যাবে। আজকে আকাশবাণী এবং টি ভির দ্বিতীয় চ্যানেল আমাদের অধিকারে থেকে যাতে আমরা বেশি সময় পাই, এতে আমাদের যাতে অধিকার জন্মায় তারজন্য এই দপ্তর চেষ্টা করছেন। এর জন্য মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাই। সর্বশেষে বিরোধীদের সমস্ত কাট মোশন বিরোধিতা করে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভটাচার্য ঃ মিঃ স্পিকার স্যার, আমার বাজেট প্রস্তাবের পক্ষে যে আলোচনা এখানে মাননীয় সদস্যরা করেছেন, তাতে মূলত তারা এই প্রস্তাবকে সমর্থনই করেছেন। এস ইউ সি-র মাননীয় সদস্য দুই-একটি কথা বলেছেন। আমি এই প্রস্তাবের সমর্থনে এখানে যে আলোচনা হয়েছে তার উপর সংক্ষেপে কয়েকটি মন্তব্য করতে চাই। সরকার পক্ষ থেকে সংবাদপত্র সম্পর্কে আমাদের নীতির কথা একাধিকবার বলেছি। আমরা গণতন্ত্রের এই নীতিতে বিশ্বাস করি যে, প্রতিটি সংবাদপত্রের তাদের নিজস্ব মতামত স্বাধীনভাবে প্রকাশ করবার অধিকার রয়েছে, স্বাধীনতা রয়েছে এবং প্রতিটি সংবাদিকের অধিকার আছে স্বাধীনভাবে সংবাদ পরিবেশন করার। আমাদের সরকার এই নীতিতে বিশ্বাসী, বামপন্থীরা চিরকাল বিশ্বাসী। কিন্তু দুর্ভাগ্যেজনক ঘটনা একটা ঘটেছে এই রাজ্যে সন্দেহ নেই। সেই ঘটনা ঘটবার সঙ্গে সঙ্গে সরকারের মনোভাব পরিষ্কারভাবে প্রকাশ করা হয়েছে এবং প্রতিকারের ব্যবস্থা নেওয়া হয়েছে। এক মাননীয় সদস্য এখানে এয়ার পোর্টের ঘটনার কথা উল্লেখ করেছিলেন। সে সম্পর্কে সরকারি সিদ্ধান্ত ইতিমধ্যে সকলেই জানেন। আমি শুধু স্মরণ করিয়ে দিচ্ছি, এখানেই অতীতের সরকারের সঙ্গে বর্তমান সরকারের পার্থক্য, যে ঘটনা ঘটেছে এয়ার পোর্টে সেই ঘটনা ঘটে যাবার পর সরকারের বুঝতে সময় লাগেনি যে, এটা অন্যায় হয়েছে। এই ঘটনা আবার নতুন করে না ঘটে, পুনরাবৃত্তি না ঘটে তার জন্য আমরা তদন্তের রিপোর্টের জন্য অপেক্ষা করছি। প্রশাসনিক দিক থেকে আমরা চিন্তা করছি যাতে সাংবাদিকরা ভবিষ্যতে এই ধরনের ঘটনার মুখোমুখি না হয়। উনি যে ভাবে বলে গেলেন তাতে মনে হল যে ঘটনা ঘটেছে এটা সরকারের নীতি। সরকারের নীতি ঠিক তার উল্টো। সেই নীতিতে কোনও কাজের ব্যতিক্রম হলে তখন সরকারকে দেখতে হয় কেন সেই ঘটনা ঘটল। এই পার্থক্যটা আমি তাকে বলার চেষ্টা করছি। এটা তার বোঝা উচিত ছিল। কেন শুধু কথা বলার জন্য বলে যান সেটা আমি বুঝতে পারছি না। ওই নীতিতে আমরা বিশ্বাস করি না। আমাদের এই রাজ্যের আমরা দেখেছি ৫ বছর ধরে সাংবাদিকরা কোথায় যাবেন, কি লিখবেন, কি লিখবেন না সব কিছু ডান্ডার মুখে, বন্দুকের মুখে ঠিক করা হত। আমরা সেই নীতির বিরোধী, আমরা সেই নীতির চিরকাল বিরোধিতা করছি। আমরা এখানে স্বাধীনভাবে সব কিছু করতে দিই। কোনও সংবাদপত্র আমাদের সমর্থন করবেন কেউ করবেন না, কেউ কেউ আমাদের কোনও কোনও নীতিকে সমর্থন করবেন কোনও কোনও নীতিকে সমর্থন করবেন না এই তো খেলার নিয়ম। আমরা গণতন্ত্রের এই নীতিতে বিশ্বাস করি। সুতরাং এরায়পোর্টের ক্ষেত্র তুলে নতুন করে এই কথা ওনার বলা উচিত হয় নি। অল ইন্ডিয়া রেডিও এবং টি

ভি সম্পর্কে একজন মাননীয় সদস্য বলেছেন, আমি সংক্ষেপে কিছু কথা বলি। এই কলকাতা কেন্দ্র এ আর আই এবং টিভি-র ভূমিকা সম্পর্কে আমাদের রাজ্য সরকার এখনও পর্যন্ত সন্তুষ্ট নয়। তারা নিয়মিত ভাবে সুপরিকল্পিত ভাবে এক পেশে সংবাদ পরিবেশন করছেন রাজনৈতিক কারণে। আমরা এই কথা কেন্দ্রীয় সরকারকে বারে বারে জানিয়েছি, কেন্দ্রের মন্ত্রীকে বারে বারে জানিয়েছি। আমাদের শেষ চিঠি যা লেনদেন হয়েছে তাতে এই সমস্যার কি করে সমাধান করা যায় সেই ব্যাপারে আমাদের কাছে প্রস্তাব চেয়েছিল শ্রীযুক্ত অজিত পাঁজা মহাশয়। কি করে সমাধান করা যায়, রাজ্য সরকারকে কিভাবে সাহায্য এবং সহযোগিতা করতে পারবে কলকাতা কেন্দ্রগুলি এ আর আই এবং টিভি সেই ব্যাপারে আমরা প্রস্তাব পাঠিয়েছি। এখন বল ওদের কোর্টে, ওরা এটা ঠিক করবেন ওরা এটা মানবেন কিনা। কিন্তু এই মুহূর্তে এ আর আই এবং টিভি যেটা করছে সেটা একটা এক পেশে রাজনৈতিক প্রচার তারা করছেন। ক্ষুদ্র সংবাদপত্রের জন্য শশাঙ্ক সান্যাল কমিশন আমরা তৈরি করেছিলাম। এই ব্যাপারে আমরা জানি এবং আমরা সর্তক, কমিশনের অনেকগুলি প্রস্তাব আমরা গ্রহণ করতে পেরেছিলাম, এখনও অনেকগুলি পারিনি। যেগুলি পারিনি সেইগুলির মধ্যে একটা বড় প্রশ্ন হচ্ছে স্মল পেপারগুলির রেজিস্ট্রেশনের জন্য দিল্লিতে ছুটতে হয়। আমরা দিল্লিকে বারে বারে বলেছি কলিকাতায় একটা অফিস করুন রেজিস্ট্রেশনের জন্য। তার হচ্ছে নিউসপ্রিন্ট। এটা কলকাতা থেকে পাওয়া যায় কিনা, সস্তায় পাওয়া যায় কিনা তার একটা ব্যবস্থা। ছোট কাগজগুলির জন্য যদি সাবসিডি দেন তাহলে আমরা দিতে পারি রাজ্যে। এই দুটি হচ্ছে নির্দিষ্ট কাজ। এছাড়া ক্ষুদ্র সংবাদপত্রের সাংবাদিকদের জন্য আমরা মাস মিডিয়া সেন্টার লাইব্রেরি করেছি। ট্রেনিং ইন্সটিটিউ করেছি যা কোনও দিন পশ্চিমবাংলায় হয় নি। মফস্বল এর সংবাদপত্রে সাংবাদিকদের জন্য কলকাতায় ট্রেনিং ইন্সটিটিউট এটা কোনও দিন হয়নি। এটা আমরা করেছি। মাননীয় সদস্যদের হয়ত জানা নেই যে কলকাতা শহরে মাস কমিউনিকেশনের উপরে সব চেয়ে বড় লাইব্রেরি আছে। আমি বিনীত ভাবে দাবি করছি সবচেয়ে বড় ভাল লাইব্রেরি আছে আমাদের রাজ্য সরকারের দপ্তরে এই রকম আর কোথাও নেই। সি আই সি অনেক সাংবাদিক জানেন না, সবাই জানেন না সব চেয়ে ভাল লাইব্রেরি আছে। ক্ষুদ্র সংবাদপত্রগুলির আরও কিছু কাজ বাকি আছে, সেই কাজগুলি আমাদের করতে হবে। ভিডিও পার্লার, ভিডিও শো নিয়ে গ্রামাঞ্চলে যা হচ্ছে আমি একমত মাননীয় সদস্যদের সঙ্গে যে উদ্বেগ আপনারা প্রকাশ করেছেন। এর দুটি দিক আছে। একটা হচ্ছে সরাসরি যেটা বেআইনি, আনঅথরাইজড সেই গুলি আমরা সোজাসুজি বন্ধ করব। আমরা কলকাতায় সুরু করেছি, একটু বাইরে যাচ্ছি, এক সঙ্গে সবগুলি করতে পারা যাবে না, ক্ষমতা নেই আমাদের। মফস্বলে যেখানে আনসেনসার্ড ফিল্ম দেখাচ্ছে সেটা জোর করে বন্ধ করার ব্যবস্থা করতে হবে, আইন যারা ভাঙছে তাহলে তাদের বিরুদ্ধে আইনে যে ব্যবস্থা আছে তাই করব। আর একটা আছে লাইসেন্সড ভিডিও পার্লার আছে। যারা ভিডিও শো করছে এই ক্ষেত্রে বলেছি একটা হচ্ছে তাদের লাইসেন্স নিতে হবে সরকারকে নিয়মিত প্রমোদ কর দিতে হবে।

[4-55 — 5-02 P.M.]

অ্যামিউজমেন্ট ট্যাক্স দিতে হবে, যেটা সিনেমা হল সেখানে দিতে হয়। এই দুটো রেস্ট্রিকশন, বাধা নিষেধ আমরা এখানে আনতে চাইছি। কিন্তু এই ব্যাপারে আমরা আইন

করে গ্রামাঞ্চলে কোনও ভিডিও শো হবে না এটা বলতে পারি না। আমাদের উদ্দেশ্য হচ্ছে, সেনসর্ড ভিডিও যেগুলো হচ্ছে, এগুলো দেখছি। মাননীয় সদস্যরা এ সম্বন্ধে বলেছেন আমাদের একটু সময় দিন, কলকাতা এবং চব্বিশ পরগনার একেবারে বেআইনি, শক্ত হাতে বন্ধ করেছি। বাইরের জেলাগুলিতে আস্তে আস্তে যাব। বেআইনিগুলো বন্ধ করব। শুধু সরকারি নয়, এই ব্যাপারে বেসরকারি স্তরে, রাজনৈতিক স্তরে, সাংস্কৃতিক স্তরে যুবকদের যদি পাই তাহলে সেই কাজ সুবিধা হবে। একজন মাননীয় সদস্য এখানে বলেছেন, কলকাতায় আপনি ভাল হল করেছেন, আপনি রবীন্দ্র সদনগুলোর কথা ভাবুন। রবীন্দ্র সদনে আমাদের সমস্যা রয়েছে, এগুলো কংগ্রেস রেখে গেছে। তারা অনেকগুলো রেখে গেছে। কলকাতায় একটা খাতে খরচ হয়, আর বরীন্দ্র সদনের ক্ষেত্রে আর একটা খাতে খরচ হয়। রবীন্দ্র সদনের অনেকগুলো. আমরা করেছি, অনেকগুলো বাকি আছে। আমরা যদি টাকা পেতাম তাহলে অনেগুলো শেষ করতে পারতাম। ভবিষ্যতে কাজগুলো আরও তাড়াতাড়ি করতে পারব। একটা প্রস্তাব ক্ষিতি গোস্বামী করেছেন বলেছেন, গ্রামাঞ্চলে সাংস্কৃতিক কার্যক্রমকে আরও জোরদার করুন। ভালো প্রস্তাব। কিছুটা করেছি, আরও কি করে করা যায় সেই ব্যাপারে আমি ওর সঙ্গে পরামর্শ করব। সামগ্রিকভাবে এই ব্যাপারে আমাদের উদ্যোগ নিতে হবে। বসুমতীর ব্যাপারে এখানে কথা উঠেছে। বিরোধী কংগ্রেসিরা যদি থাকতেন তাহলে ওরাও বলতেন। এখানে কয়েকজন সদস্য এটা তুলেছেন। কথাটা গুরুত্বপূর্ণ কাগজে কিছু কিছু খবর বেরোয় সরকার নাকি গোপন করছে। আমরা গোপনে কিছু করছি না, যা করছি তা প্রকাশ্যেই করছি। বসুমতী যেভাবে চলছে সেটা ঠিক নয়। জনগণের টাকায় যেটা চলে সেটা একটা অনাথ আশ্রম নয়, তাকে পরিবর্তন করার জন্য নির্দিষ্ট কয়েকটা প্রকল্প করতে চাই। এরজন্য তিনটি কাজ যেমন, কলকাতায় সাংস্কৃতিক পত্রিকা, শিলিগুড়িতে দৈনিক পত্রিকা এবং তার সঙ্গে সঙ্গে পাবলিকেশন উয়িং যেটা আছে—বসুমতী পুরানো পাবলিশার, অনেক নামকরা বই আছে—এই তিনটিকে একসঙ্গে উন্নতি করার চেষ্টা করব। অর্থনীতি দেখছি, এই মুহূর্তে আর্থিক অবস্থা হচ্ছে সরকারের কাছে সাড়ে ছয় কোটি টাকা আটকে আছে। এক একটা বছরে সত্তর আশি লক্ষ টাকা ক্ষতি হচ্ছে। কে নিয়েছেন জানিনা। আমরা নিই নি। আগের সরকার নিয়েছিল। এই ধরনের প্রতিষ্ঠানকে নেওয়া ঠিক কিনা, এটা একটা মৌলিক প্রশ্ন। একটা সংবাদপত্রের মালিকানাকে হাতে নেওয়া ঠিক কিনা, এটা মৌলিক চিন্তা। বামফ্রন্ট সরকার এটা করেনি। সাড়ে ছয় কোটি টাকা, সরকারের টাকা আটকে আছে এবং প্রতি বছর সত্তর আশি লক্ষ টাকা ক্ষতি হচ্ছে। কোনও সরকারের নেওয়ার প্রয়োজন নেই—তবে এই অবস্থা দিনের পর দিন চলবে? যদি এই তিনটি, কলকাতায় সাংস্কৃতিক পত্রিকা,, শিলিগুড়িতে দৈনিক পত্রিকা এবং পাবলিকেশন উয়িং হয়, তাহলে অর্থনৈতিক এই অবস্থা থেকে আমরা বেরিয়ে আসতে পারব। এরজন্য শ্রমিক কর্মচারী একজনও ছাঁটাই হবেন না। কারও ক্ষতি হবে না, কোনও শ্রমিকের চাকুরি যাবে না। শ্রমিক কর্মচারিদের সমস্ত ইউনিয়নের সঙ্গে আলোচনা করে এই কাজ আমরা করেছি। সবাই সমর্থন করেছেন, তবে দু'একজন মামলা করেছেন। এই প্রতিষ্ঠানের সমস্ত শ্রমিকদের সাথে কথা বলেছি. তাদের সাথে খোলাখুলি কথা বলেছি। কারও মাইনে কাটা যাবে না, কেউ ছাঁটাই হবেন না, কারও চাকুরি যাবে না। কেউ পড়ে থাকবেন না। এই নীতি নিয়ে চলতে চাইছি। এটা করা ছাড়া আমাদের আর বেশি কিছু করার নেই। শেষ কথা হচ্ছে, সংস্কৃতি দপ্তরে আমাদের সাধ্যমতো চেষ্টা করছি। আমাদের

দেশে এই পুঁজিবাদী সমাজের সমস্ত স্তরে যে অন্ধকার জমা আছে, সংস্কৃতিতে একটা অন্ধকার স্রোত আছে, খোলা বাজারের অর্থনীতি থেকে এই স্রোত আসে, খোলা বাজারের অন্ধকার থেকে এই যে স্রোত আসছে একে আমরা রোখার চেষ্টা করছি। আমাদের বিকল্প হচ্ছে ফিল্ম দিয়ে। আমাদের বিকল্প নাটক দিয়ে। আমাদের বিকল্প সাহিত্যে রচনা দিয়ে। আমরা আপ্রাণ চেষ্টা করছি। পশ্চিমবাংলায় আমরা এখনও সংস্কৃতির জন্য মাথা তুলে আছি। মাননীয় সদস্য এস ইউ সি আইয়ের বললেন যে আমাদের নাকি ছিদ্র ওনারা দেখতে পাচ্ছেন, আমি বলি অত ছিদ্রান্বেষী হয়ে যাবেন না, একটু আগে দেখুন। একটু আকাশের দিকে তাকিয়ে মাথা তুলে রাখুন। আমি সমস্ত রাজ্যে জগতে, চলচ্চিত্রের জগতে, নাটকের জগতে, সাহিত্যের যে অন্ধকারে স্রোত বইতেছিল সেই অন্ধকারের স্রোত থেকে আমরা বেরুতে পেরেছি এবং সাংস্কৃতিক জগতের মানুষকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছি। এই কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে এবং সবাইকে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করতে অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 38

The motions of Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Deba Prasad Sarkar Shri Saugata Roy and Shri Sudip Bandyopadhyay that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 25.3.1992 that a sum of Rs. 16,55,83,000 be granted for expenditure under Demand No. 38, Major Head : "2202—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity"(This is inclusive of a total sum of Rs. 4,15,00,000 already voted on account.) was then put and agreed to.

Mr. Speaker : Tomorrow is the payment day of the Hon'ble Members, but it will not be made tomorrow. T.A & D.A. of the Members will be paid on the 11th June. According to the Business Advisory Committee, another day will be announced on 18th June to transact the business fixed for tomorrow. There will be no House tomorrow.

Adjournment

The House was then adjourned at 5.02 P.M. till 11 A.M. on Thursday, the 18th June 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 18th June, 1992 at 11.00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 6 Ministers of State and 154 Members.

[11-00 — 11-10 A.M.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

(গোলমাল)

মিঃ স্পিকার ঃ বসুন, বসুন, বসুন।

প্রথমে নূতন মেম্বারের ওথ হবে, তারপরে অবিচুয়ারি হবে, তারপরে প্রশ্নোত্তর হবে। আমি এখন শ্রীমতী মায়ারানি পালকে ওথ নেবার জন্য অনুরোধ করছি।

(এই সময় শ্রীমতী মায়ারানি পাল শপথ গ্রহণ করেন)

OBITUARY REFERENCES

Mr. Speaker : Before taking up the business of the day I rise to perform a molancholy duty to refer to the sad demise of Shri Kamal Sarkar and Shri Monoranjan Ray, ex-members of the West Bengal Legislative Assembly, and Shri Sachin Chawdhury, ex-Union Finance Minister who breathed their last after the House met last on the 9th June, 1992.

Shri Kamal Sarkar, veteran trade union leader and former member of the West Bengal Legislative Assembly, breathed his last on 9th June, 1992 in S. S. K. M. Hospital, Calcutta after a brief illness. He was 79 and a bachelor.

Born at Bhawanipur, Calcutta on July 8, 1913 Shri Sarkar passed Matriculation Examination from Padmapukur Institution. He took active part in country's liberation movement and suffered imprisonment at different times before and after the independence of the country. He was the founder of Bengal Labour Party and along with others organised the Calcutta Port Workers Strike on 1934. He alongwith other members of Labour party joined the Communist party in 1936 and devoted themselves to the task of organising the workers of Engineering and Jute Industries. He also represented Bengal in the Congress National Convention hold at Lucknow in 1936.

In 1938 he was elected a member of Provincial Committee of the Communist Party in a secret Conference at Chandernagore. Shri Sarkar was a very powerful writer and joined the Communist daily Swadhinata in 1952 and hold the charge of the "Labour Table." He was made a member of State Committee of the undivided communist party during the sixties. He had also been a member of the State-Committee of the Communist Party of India (Marxist) till 1988 after the split in the Communist Party of India. Shri Sarkar devoted his whole life to the cause of the Labour and organised innumerable movements throughout the country. He was a firebrand leader of the CITU, his principal field of activity being the Jute Industry. He was associated with the CITU since its inception and was elected the Vice-President of its All India Body.

He was also the Secretary of Bengal Chatkal Mazdoor Union. He authored a number of books on Trade Union movement.

Shri Sarkar was successively elected to the West Bengal Legislative Assembly in 1977 and 1982 from Khardah Constituency as a candidate of Communist Party of India (Marxist). He was the Chairman of the Committee on Public Undertakings for several years.

The State has lost a front-ranking leader of the labour movement and a true friend of the working classes at the demise of Shri Sarkar.

Shri Manoranjan Roy: Veteran freedom fighter and Trade Unionist, passed away on the 13th June, 1992 at the S. S. K. M. Hospital, Calcutta following a heart attack. He was 83.

Shri Roy was born at village Kuorpur in the district of Faridpur of present Bangladesh. During his early life he had his education from different schools located in Chittagong, Jalpaiguri, and Rongpur. He had his B.Sc. degree from Chittagong College and thereafter got admission in the Presidency College, Calcutta for post-graduate studies. He joined the Non-Cooperation Movement in 1921 at the age of 12. While he was still a student in the Presidency College, Shri Roy came in contact with the Jugantar Group of Revolutionaries. In 1930, he was imprisoned for his participation in the freedom struggle and remained in jail till 1938. He joined the Communist Party of India after his release from the jail. Later he joined the Labour Party. Shri Roy began his Trade Union activities at Titagarh in 1945. He was elected the Assistant Secretary of the AITUC State Committee in 1947. In 1948, after the ban of the Communist Party he went underground and started organising the tea garden workers in North Bengal. Shri Roy became the General Secretary of the B.P.T.U.C. in 1960.

Shri Roy was elected to the West Bengal Legislative Assembly in 1962 from Bijpur Constitutency. In 1969, he was elected a Member of the Rajya Sabha. A founder member of the CITU, he was elected the Secretary of its State Committee and latter its President. He was also the Treasurer of the Central Committee of the CITU and was later elected its Vice-President.

At this death the country has lost a veteran freedom fighter and a doyen of the trade union movement of this country.

Shri Sachin Chowdhury : The former Union Finance Minister and a noted lawyer died at his residence in Calcutta on 12th June, 1992, after a long illness. He was 89.

Born on February 24, 1903, in Calcutta. Shri Chowdhuri had his education at Rani Bhabani School, Calcutta, Presidency College, Calcutta, Fitzquilliam Hall, Cambridge and Lincoin's Inn, London. An M.A. from Cambridge in 1927 he built up a very good practice in Calcutta High Court and in 1937, was enrolled as an advocate of the Federal Court in New Delhi where he became a senior advocate in 1943. In due course he became a senior advocate of Supreme Court. During his 37 years as a lawyer, he appeared in a variety of cases not only in India but also in England, including House of Lords.

Shri Chowdhuri represented India as a delegate to the U.N. General Assembly in 1949 and 1951. He was one of the two Indian members of the Asian African Legal Consultative Committee at the Bandung Conference. In 1959, he joined the Indian Law Commission on invitation from the Government and served till December, 1961. He had represented the Committee at a diplomatic and legal Conference in Vienna.

Shri Chowdhuri was the President of the Calcutta Board of the State Bank of India and member of the State Bank of India's Central Board. He was also on the board of directors of many large corporations. He became the first Indian director of the Calcutta Electric Supply Corporation in 1964.

Shri Chowdhuri was elected to the Lok Sabha in 1962 from Ghatal Constituency as a candidate of Congress party. He was sworn in as the Finance Minister on January, 1966.

At this death the country has lost an eminent and able administrator.

Now, I would request the Hon'ble members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(Voices from the Congress (I) Benches : স্বপন চক্রবর্তীর শোক প্রস্তাব কই? আমরা স্বপন চক্রবর্তীর জন্য আলাদাভাবে শোক পালন করছি)

(At this stage, the Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved families of the deceased.

[11-10 — 11-20 P.M.]

PRESENTATION OF REPORT

24th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 24th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber on 9th June, 1992 recommended the following :

Tuesday, 18.6.92	(i) Demand No.	25	Public Works	
	(ii) Demand No.	79	Department	—4 hours.
	(iii) Demand No.	12		
	(iv) Demand No.	77		
	(v) Demand No.	78	Transport Department	— 2 hrs.
	(vi) Demand No.	80		
	(vii) Demand No.	81		
	(viii) Demand No.	64	Hill Affairs Department	— 1 hr.
	(ix) Demand No.	1	Parliamentary Affairs Department	
	(x) Demand No.	3	Home (C&E) Department	
	(xi) Demand No.	5	Home (C&E) Departmnt	
	(xii) Demand No.	6	Finance (Taxation) Department	
	(xii) Demand No.	9	Finance (Taxation) Department	— 1 hr.
	(xiv) Demand No.	10	Excise Department	
	(xv) Demand No.	11	Finance (Taxation) Department	

(xvi) Demand No. 13	Finance (Taxation) Department
(xvii) Demand No. 14	Finance (Audit) Department
(xviii) Demand No. 16	Finance (Budget) Department
(xix) Demand No. 20	Finance (Audit) Department
(xx) Demand No. 22	Home (Jails) Department
(xxi) Demand No. 27	Home (Civil Defence) Department
(xxii) Demand No. 28	Finance (Audit) Department
(xxiii) Demand No. 29	Finance (Taxation) Department
(xxiv) Demand No. 31	Sports & Youth Services Department
(xxv) Demand No. 42	Relief & Welfare (Welfare) Department
(xxvi) Demand No. 43	Relief & Welfare (Welfare) Department
(xxvii) Demand No. 44	Relief & Welfare (Relief) Department
(xxviii) Demand No. 46	Finance (Taxation) Department
(xxix) Demand No. 49	Animal Resources Development Department
(xxx) Demand No. 50	Dairy Development Department
(xxxi) Demand No. 52	Forest Department
(xxxii) Demand No. 65	Development & Planning (Devolopment) Department

(xxiii) Demand No.	82	Environment Department
(xxxiv) Demand No.	83	Development & Planning Department
(xxxv) Demand No.	84	Tourism Department
(xxxvi) Demand No.	85	Development & Planning Department
(xxxvii) Demand No.	89	Environment Department
(xxxviii) Demand No.	99	Finance (Budget) Department

Friday, 19.6.92 The West Bengal Appropriation (No. 2) Bill 1992 (Introduction, Consideration and Passing) — 4 hrs.

There will be no Mention Case on Wednesday, 18th June, 1992.

Mr. Speker : Now, I reqest the Minister-in-Charge, Parliamentary Affairs Dept. to move the motion for acceptance of the House.

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য ও উপদেষ্টা কমিটির চতুর্বিংশতিতম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করবার প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পিকার ঃ আশা করি গৃহীত হইয়াছে।

Held Over Starred Question
(to which oral answers were given)

মালিক কর্তৃক কারখানার জমি বিক্রয়

***৩৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৪) **শ্রী রাজদেও গোয়ালা ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের বেশ কয়েকটি কারখানার মালিক কারখানার জমি বিক্রয় করার জন্য উদ্যোগী হয়েছেন এই মর্মে সরকারের কাছে কোনও তথ্য-সংবাদ আছে কি ; এবং

(খ) থাকলে, এ সম্পর্কে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, বা হচ্ছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ

(ক) বিভিন্ন সময়ে কিছু কিছু রুগ্ন শিল্প সংস্থা তাদের শিল্পের পুনরুজ্জীবনের জন্য তাদের অধিকৃত জমির কিছু অংশ বিক্রয়ের জন্য সরকারের কাছে অনুমতি চায়।

(খ) উক্ত শিল্প সংস্থাগুলিকে পুনরুজ্জীবনে সাহায্য করার জন্য রাজ্য সরকারের ভূমি ও ভূমি-সংস্কার দপ্তর ঐরূপ সংস্থাগুলির অধিকৃত উদ্বৃত্ত জমি অধিগ্রহণ ও তার বিনিময়ে আর্থিক সহায়তা দানের একটি পরিকল্পনা প্রণয়ন করেছে। ঐ দপ্তর উক্ত কারখানাটি শিল্প ও বাণিজ্য দপ্তর, কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তর, শিল্প পুনরুজীবন দপ্তর ও অর্থ দপ্তরের সাথে পরামর্শক্রমে রূপায়ণ করে। বি. আই. এফ. আর অনুমোদিত কোন পুনরুজ্জীবন প্রকল্পের ক্ষেত্রে শুধুমাত্র উদ্বৃত্ত জমি বিক্রয় করার অনুমতি দেওয়া হবে—এই মর্মে রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

কেতুগ্রাম থানা এলাকায় বিদ্যুতের সাব-স্টেশন

*৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭৩।) **শ্রী রাইচরণ মাঝি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার কেতুগ্রাম থানা এলাকায় যে বিদ্যুতের সাব-স্টেশন নির্মাণের প্রকল্প ছিল বর্তমানে তা কোনও পর্যায়ে আছে এবং কবে নাগাদ কাজ শুরু হবে?

ডঃ শঙ্করকুমার সেন ঃ

(ক) এ রকম কোনও পরিকল্পনা নেই। সুতরাং কাজ শুরুর প্রশ্ন ওঠে না।

(No Supplementary)

বুড়িখালি-ঘাসখালি গভীর নলকূপে বিদ্যুত সংযোগ

*৬৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫৩) **শ্রী রাজকুমার মণ্ডল ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, হাওড়া জেলার উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত বুড়িখালি-ঘাসখালি মাঠে গভীর নলকূপে বিদ্যুত সংযোগ করার জন্য প্রয়োজনীয় অর্থ জমা দেওয়া সত্ত্বেও এ পর্যন্ত নলকূপে বিদ্যুত সংযোগ দেওয়া হয়নি ; এবং

(খ) অবগত থাকলে,

(১) এর কারণ কি ; এবং

(২) কবে নাগাদ বিদ্যুত সংযোগ দেওয়া হবে বলে আশা করা যায়?

ডঃ শঙ্করকুমার সেন ঃ

(ক) হ্যাঁ।

(১) ঐ সকল অঞ্চলে নলকূপে বিদ্যুত সংযোগ দেবার উদ্দেশ্যে জরিপের কাজ সম্পন্ন হয়েছে এবং ওয়ার্ক ওর্ডারও দেওয়া হয়েছে। এ জন্য পোল পোঁতার কাজও

শেষ হয়েছে। কিন্তু বিশেষ ধরনের লৌহ দ্রব্য না পাওয়ার দরুন আপাতত কাজ বন্ধ আছে।

(২) উক্ত সঠিক দ্রব্যাদি পাওয়া গেলে দু-এক মাসের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেওয়া যাবে বলে আশা করা হচ্ছে।

(No Supplementary)

আলিপুরদুয়ার মহকুমায় শিল্প স্থাপন

*৬৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩২) **শ্রী নির্মল দাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গের আলিপুরদুয়ার মহকুমায় ক্ষুদ্র, মাঝারি অথবা ভারী ধরনের কোনও শিল্প গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, তা কি কি;

(গ) কবে নাগাদ উক্ত শিল্প/শিল্পগুলি নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) উক্ত মহকুমায় প্রস্তাবিত ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্সে কি ধরনের শিল্প স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ

(ক) হ্যাঁ।

(খ) উত্তরবঙ্গের আলিপুরদুয়ার মহকুমায় রাজ্য সরকারের পরিচালনায় একটি চা বাগান তৈরির প্রকল্প রূপায়িত হচ্ছে।

তাছাড়া ঐ অঞ্চলে বিভিন্ন ধরনের ক্ষুদ্র শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকার নানারকম সহায়তা প্রদান করেছেন। ঐ সমস্ত শিল্পগুলির মধ্যে যেগুলি উল্লেখযোগ্য তার স্থাপনকাল অনুসারে তিনটি তালিকা সংশ্লিষ্ট 'ক', 'খ', ও 'গ' পত্রে দেখানো হয়েছে।

(গ) চা বাগানটির উৎপাদন ১৯৯১-৯২ সাল হতে শুরু হয়েছে।

ক্ষুদ্র শিল্পগুলির মধ্যে অনেকগুলি ইতিমধ্যেই উৎপাদন শুরু করেছে। অন্যান্যগুলি বর্তমান বছরে উৎপাদন শুরু করবে বলে আশা করা যায়।

(ঘ) আলিপুরদুয়ার মহকুমা এলাকায় কোনও ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স তৈরির পরিকল্পনা আপাতত নেই।

Statement referred to in repply to clause 'Kha' of Starred questions *682

প্রতিষ্ঠিত ক্ষুদ্রশিল্প

ক্রমিক নং	শিল্পের নাম	সংখ্যা (আনুমানিক)	মোট আনুমানিক লগ্নি (লক্ষ টা.)	আনুমানিক কর্ম সংস্থান
১)	মিল	১	৭৫.০০	২৫
২)	ডলোমাইট পাউডার	১	৩.৫০	৭
৩)	আর. সি. সি. স্পান পাইপ	২	২০.০০	৩০
৪)	রিজিও পি. ভি. সি. পাইপ	১	৩৫.০০	১৭
৫)	রোলিং সাটার গেট	৪	১০.০০	৩৬
৬)	অটো ইঞ্জিনিয়ারিং শপ্	৫	১৫.০০	৩৫
৭)	স্টিল ফার্নিচার	৬	১৮.০০	৩৬
৮)	পলিথিন ফিল্ম	১	২.৫০	৮
৯)	টায়ার রিট্রোডিং	২	১৫.০০	১৪
১০)	আইসক্রিম	১	২.৭৫	৫
১১)	আইস স্ল্যাচ	১	৪.০০	৯
১২)	সাইকেল স্পোক	১	১২.০০	৭
১৩)	এইচ. বি. আর	১	৮.০০	৮
১৪)	পাথর ..	১	৩.০০	৮
১৫)	মোজাইক টালি	১	৩.০০	৮

Statement referred to in repply to clause (গ) of Starred questions *682

যে সমস্ত ক্ষুদ্র শিল্প জেলা শিল্প কেন্দ্রে নিবন্ধিকরণপূর্বক উৎপাদন শুরু করিয়াছে তাহার একটি তালিকা।

ক্রমিক নং	শিল্পের নাম	সংখ্যা (আনুমানিক)	মোট আনুমানিক লগ্নি (লক্ষ টা.)	আনুমানিক কর্ম সংস্থান
১)	ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ	২৫	৬২.০০	২৫০
২)	অটোমবাইল রিপেয়ারিং	৪০	৬০.০০	২০০
৩)	স্টিল ফার্নিচার	৩	১০.০০	১০

ক্রমিক নং	শিল্পের নাম	সংখ্যা (আনুমানিক)	মোট আনুমানিক লগ্নি (লক্ষ টা.)	আনুমানিক কর্ম সংস্থান
৪)	সোডিয়াম মিলিকেট	১	৭.০০	১২
৫)	ওয়াশিং সোপ	১১	২২.০০	৫৫
৬)	বেকারি	২৮	২০.০০	১৪০
৭)	পাটের সুতলি	১	১০.০০	১৫
৮)	চুন ভাটি	২	৫.০০	২০
৯)	কাঠ চেরাই কারখানা	১৬	৫০.০০	১৩০
১০)	অ্যালুমিনিয়াম দ্রব্য	১	৫.০০	১০
১১)	গ্যালভানাইজড বালতি	১	২.৫০	৪
১২)	ঢালাই কড়াই	১	৩.০০	৬
১৩)	প্লাস্টিক জ্যারিকেন	১	৫.০০	৭
১৪)	আইস ক্রিম	৫	৭.৫০	৪০
১৫)	স্পান পাইপ	৩	২১.০০	৪৫
১৬)	পি. সি. সি. পোল	১	২০.০০	৪০
১৭)	প্লাস্টিক বোতাম	১	২.৫০	৬
১৮)	ইট ভাটা	২২	১১০.০০	৮০০
১৯)	লিকার চটলিং প্ল্যান্ট	১	২০.০০	২৫

Statement referred to in repply to clause (ঘ) of Starred questions *682

সরকারি সহায়তায় প্রস্তাবিত নতুন ক্ষুদ্র শিল্প

ক্রমিক সংখ্যা	শিল্পের নাম	আনুমানিক অর্থলগ্নি (লক্ষ টাকা)
১)	এল. এল ডি. পি. ই. ফিল্ম	৩৬.০০
২)	এ. সি. প্রেসার পাইপ	১১২.০০
৩)	টায়ার রিসোলিং রিট্রেডিং	২৫.০০
৪)	সেপার্টম গুডস্	১.০০
৫)	পাথর ভাঙ্গাই	৬.০০

ক্রমিক সংখ্যা	শিল্পের নাম	আনুমানিক অর্থলগ্নি (লক্ষ টাকা)
৬)	ডলোমাইট পাউডার	৪.০০
৭)	ডাটা প্রসেসিং	৩.০০
৮)	ট্রাক ও বডি বিল্ডিং	৩.০০
৯)	ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ	১২.০০
১০)	সরিষার তৈল	৬.০০
১১)	পুশুখাদ্য প্রস্তুত	৩০.০০
১২)	আচার, জ্যাম, জেলি	৪.০০
১৩)	হোটেল	২২.০০
১৪)	চিড়া মিল	২.০০
১৫)	হোসিয়ারি দ্রব্য	৪.০০

(No Supplementary)

Held over Starred Questions
(to which written answers were laid on the Table)

ক্ষুদ্রসেচ পাম্পের বিদ্যুত চার্জ

*৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২১) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১ সালের মে মাস থেকে ক্ষুদ্রসেচ পাম্পের ইউনিট প্রতি বিদ্যুত চার্জ বাড়ানো হয়েছে কি এবং হলে কত ;

(খ) সর্বনিম্ন বাৎসরিক ইউনিট প্রথা চালু আছে কি ;

(গ) থাকলে, (১) কোনও সাল থেকে ; (২) এর কারণ কি ;

(ঘ) মিটার রিডিং প্রতি মাসে নেওয়ার জন্য বিদ্যুৎ দপ্তর কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি এবং করলে কবে থেকে ;

(ঙ) এটা কি সত্যি যে, ক্ষুদ্রসেচ পাম্পে দু হাজার ইউনিটের কম ব্যবহার করা চাষিদের অধিক পরিমাণে বিদ্যুতের বিল দিতে হয় ; এবং

(চ) সত্যি হলে, তার কারণ কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না, প্রশ্ন ওঠে না।

(খ) হ্যাঁ।

(গ)

(১) ১৯৮৩ সালের সেপ্টেম্বর মাস থেকে।

(২) বিদ্যুত সরবরাহের জন্য প্রয়োজনীয় ফিকসড কস্ট আদায়ের জন্য সর্ব নিম্ন বাৎসরিক চার্জ আদায় করা হয়।

(ঘ) ক্ষুদ্র সেচের গ্রাহকদের ক্ষেত্রে মিটার ছাড়াই বিদ্যুত সরবরাহ করা হয়। মাসিক মিটার রিডিং তাই প্রয়োজন হয় না।

(ঙ) হ্যাঁ, সত্য।

(চ) বাৎসরিক ন্যূনতম চার্জ চালু করার জন্য একটি সর্বনিম্ন চাহিদা ধরা হয়ে থাকে এবং সাধারণত প্রতিদিন ৪ ঘণ্টা বিদ্যুত ব্যবহার করলে এই এক জন গ্রাহক এই ন্যূনতম চাহিদা স্তরে বিদ্যুত ব্যবহার করে থাকে এই ভিত্তিতে উত্তরবঙ্গের জেলাগুলির ক্ষেত্রে বাৎসরিক ২৫০১ ইউনিট এবং দক্ষিণ বঙ্গের জেলাগুলির ক্ষেত্রে বার্ষিক ৩০৯১ ইউনিট ন্যূনতম চাহিদার স্তর হিসাবে ধরা হয়েছে।

Utilisation of the vacant land of Calcutta Port and in Alipore

*626. (Admitted question No. *228) **Chowdhary Abdul Karim, Shri** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) whether the State Government has information about the proposal of the Central Government to use the vacant land of Calcutta Port at the Jetty and in Alipore areas for commercial purposes and for building residential complex; and

(b) if, so,

(i) the brief outlines of the proposal; and

(ii) the suggestions, if any, submitted by the State Government regarding utilisation of the above vacant land ?

Minister-in-charge of the Housing Department :

(a) Yes,

(b) i) The riverside vacant land by the side of Strand Road as well as in Alipore and B. B. D. Bag areas belonging to the Calcutta Port Trust is proposed to be developed by Calcutta Port Trust for construction of commercial as well as residential building complexes.

ii) The Government in Housing Department desired that a portion in Alipore area be earmarked and transfer to the State Government for taking up Housing Schemes catering to the people of different income groups. The matter has been taken up with the Central Government as well as with the Calcutta Port Trust.

Starred Question
(to which oral answers were given)

মাদক ব্যবসায়ী

*৯৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯০) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এই রাজ্যে মাদক ব্যবসায়িদের বিরুদ্ধে বিশেষ পুলিশি অভিযানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, বিগত এক বছরে মাদক ব্যবসার সঙ্গে জড়িত থাকার অপরাধে কত জন কারবারিকে পুলিশ গ্রেপ্তার করেছে?

শ্রী জ্যোতি বসু ঃ মিঃ স্পিকার, আপনি কোয়েশ্চেন বন্ধ করে দিন।

(ক) হ্যাঁ।

(খ) বিগত এক বছরে (১৯৯১) চোলাই মদ ও ড্রাগ ব্যবসার সঙ্গে জড়িত থাকার অপরাধে ৩,০৩৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

(নো সাপ্লিমেন্টারি।)

অলাভজনক কাপড়ের কল

*৯৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জাতীয় বস্ত্র কর্পোরেশন (এন. টি. সি.) কর্তৃক রাজ্যের অলাভজনক কাপড়ের কলগুলি বন্ধ করে দেবার কোনও পরিকল্পনার বিষয়ে সরকার অবগত আছে কি না ; এবং

(খ) অবগত থাকলে, উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে রাজ্যের কোনও কাপড়ের কল বন্ধ হয়ে যাবে কি না?

শ্রী পতিতপাবন পাঠক ঃ

(ক) এ ব্যাপারে রাজ্য সরকারের নিকট কোনও তথ্য নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গোলমাল)

শ্রী দিলীপ মজুমদার ঃ স্যার, কংগ্রেস আমলে আজ হাজার হাজার কল-কারখানার শ্রমিককে যে খুন করা হচ্ছে তা রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্টে দেখছি। বেশ কিছু কল-কারখানা রুগ্ন হয়েছে এবং কেন্দ্রের কংগ্রেস সরকার মৃত্যুর পরোয়ানা জারি করেছেন। সেই কেন্দ্রের কংগ্রেস সরকারের বিরুদ্ধে আমরা ধিক্কার জানাচ্ছি। আমি বলছি লক্ষ লক্ষ শ্রমিক না খেয়ে মরছে, শ্রমিকদের প্রকৃতপক্ষে হত্যা করা হচ্ছে। আমাদের দেশের সরকারি টাকাকে আনা হচ্ছে, জাপানকে আনা হচ্ছে, আমেরিকাকে আনা হচ্ছে। কল-কারখানার লক্ষ লক্ষ শ্রমিককে এরা সারপ্লাস করে বিদায় নীতি নিয়েছেন। আমাদের দেশের কল-কারখানায় এরা বিদেশ থেকে অনেক কিছু করছে। মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি আমাদের পশ্চিমবঙ্গের কল-কারখানার পুনরুজ্জীবনে জন্য কেন্দ্রের কাছ থেকে উপযুক্ত সাহায্য পাচ্ছেন কি?

শ্রী পতিতপাবন পাঠক ঃ কোনও সাহায্য আমরা পাচ্ছি না।

বানিবন ওয়াটার রিজার্ভার প্রকল্প

*৯৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭৪) **শ্রী রাজকুমার মণ্ডল ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন দীর্ঘ দিন পূর্বে উলুবেড়িয়া ২নং ব্লকের অন্তর্গত বানিবনে একটি ওয়াটার রিজার্ভেশন ট্যাঙ্ক নির্মাণ কাজের অনুমোদন প্রাপ্ত হওয়ায় এবং প্রয়োজনীয় জিনিসপত্র সংশ্লিষ্ট এলাকায় মজুত করা সত্ত্বেও নির্মাণ কাজ আরম্ভ হয়নি ;

(খ) সত্যি হলে, তার কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ নির্মাণের কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

শ্রী গৌতম দেব ঃ

(ক) হ্যাঁ।

(খ) প্রথমত প্রকল্পের প্রযুক্তিগত কিছু পরিবর্তন করার দরকার হয়েছিল। দ্বিতীয়ত, দরপত্র আহ্বানের ভিত্তিতে এক ঠিকাদারের দর গৃহীত হয়েছিল কিন্তু কার্যের আদেশনামা দেওয়া হয়নি এসময়ে সেই ঠিকাদার পূর্বের নির্ধারিত দরে কাজ করতে অসম্মতি জানায় এবং মাননীয় হাইকোর্টের নিকট আরবিট্রেটর (Arbitrator) নিয়োগ প্রার্থনা করেন এবং সে প্রার্থনা মঞ্জুর হয়। মাননীয় আরবিট্রেটর (Arbitrator) এর কাছে ব্যাপারটি বিচারাধীন (Sub-judice) আছে।

(গ) উপরোক্ত সমস্যাগুলি নিরসনের পরেই কাজটা আরম্ভ করা যাবে বলে আশা করা যায়।

(নো সাপ্লিমেন্টারি)

গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যয়

***৯৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৩) শ্রী সুশান্ত ঘোষ ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ (জানুয়ারি, '৯২) আর্থিক বছরে রাজ্যে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য মোট ব্যয়ের পরিমাণ কত ; এবং

(খ) এর মধ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত টাকার পরিমাণ কত?

ডঃ শঙ্কর সেন ঃ

(ক) ১৯৯১-৯২ (জানুয়ারি, '৯২ পর্যন্ত) আর্থিক বছরে রাজ্যের গ্রামীণ বৈদ্যুতিকরণের মোট ব্যয়ের পরিমাণ আনুমানিক ২২৬৬.৬২ লক্ষ টাকা (নির্মাণের জন্য সুদ বাদে)।

(খ) উল্লিখিত পুরো টাকাটাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ হিসাবে পাওয়া।

[11-20 — 11-30 A.M.]

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সমস্ত গ্রাম বৈদ্যুতিকরণের ব্যাপারে আপনার কত সময় লাগবে এবং কত অর্থ এরজন্য প্রয়োজন হবে? এরজন্য আপনি কেন্দ্রীয় সরকারের কাছে কত অর্থ দাবি করেছেন?

ডঃ শঙ্করকুমার সেন ঃ কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যে টাকা পাই সেটা ঋণ হিসাবে পাই এবং চড়া সুদে সেটা শোধ করতে হয়। সেই হিসাবে আমরা বেশি টাকা বছরে চাইতে পারি না। আগামী বছর ৪০ কোটি টাকা চেয়েছি, জানি না কত পাওয়া যাবে। আমাদের যে এস্টিমেট তাতে আগামী ৫ বছর লাগবে—৪০ কোটি করে যদি বছরে দেয় ৫ বছর লাগবে সমস্ত গ্রাম বৈদ্যুতিক করতে।

(সেভারেল কংগ্রেস মেমবার্স স্টুড ইন দেয়ার সিটস।)

(নয়েজ)

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কংগ্রেসিরা যে চিৎকার চেঁচামেচি করছেন, এদের ইতিহাস তো আমরা জানি। আমি এই প্রসঙ্গে বলতে চাই কংগ্রেস পশ্চিমবঙ্গে জনগনের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন। আমার এই প্রসঙ্গে একটা প্রশ্ন যে বৈদ্যুতিকরণের জন্য কংগ্রেস যে টাকা নয় ছয় করেছে এবং আমাদের সরকারের সময় যে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ চলছে, সেই কাজে আপনি সোলার এবং উইন্ড মিল থেকে পাওয়ার জেনারেশন করা, এই সমস্ত বিষয়গুলোতে বিচার বিবেচনা করবেন কি না, সোলার এবং উইন্ড মিল যে নন-কনভেনশনাল এনার্জি রিসোর্স আছে, তাকে বৈদ্যুতিকরণের কাজে লাগাতে পারেন কি না, এই সম্পর্কে জানতে চাই।

(নয়েজ)

(অ্যাট দিস স্টেজ কংগ্রেস এম. এল. এ.-জ ওয়াকড আউট অব দি চেম্বার)

ডঃ শঙ্করকুমার সেন ঃ পশ্চিমবঙ্গে এমন অঞ্চল আছে যেখানে প্রথাগত যে বিদ্যুতের লাইন, সেটা নিয়ে যাওয়ার অসুবিধা আছে। দক্ষিণ বঙ্গে অনেক দ্বীপ আছে, যেখানে প্লেন ল্যান্ড থেকে লাইন নিয়ে যাওয়ায় অসুবিধা আছে। সেই সব জায়গায় আমরা সোলার এবং উইন্ড, এইগুলো বসাবার জন্য ব্যবস্থা নিচ্ছি। এই সম্পর্কে সার্ভে চলছে, আশা করছি মাস তিনেকের মধ্যেই কিছু জায়গায় কাজ দেখতে পাবেন।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে সারা পশ্চিমবঙ্গে কংগ্রেসের সময় এবং আপনাদের সময়েও বহু মৌজায় পোস্ট পুঁতে দিয়ে লাইন টানা হয়েছিল। কিন্তু দীর্ঘদিন এইভাবে পড়ে থাকার ফলে, ইলেক্ট্রিক কানেকশন না দেবার ফরে, সেখানে আলো জ্বলে নি। যার ফলে সেই সব পোস্টগুলো পড়ে গেছে, অনেক জায়গায় তার চুরি হয়ে গেছে। এই সম্পর্কে জানতে চাই, দীর্ঘদিন ধরে যে লাইনগুলো পড়ে ছিল এবং যেগুলো চুরি হয়ে গেছে, নুতন কাজ করবার আগে সেইগুলোকে আগে করার কোনও ব্যবস্থা নিচ্ছেন কি না?

ডঃ শঙ্করকুমার সেন ঃ আমরা একটা রিভাইট্যালাইজেশন স্কীম নিচ্ছি। এটা পুরোপুরি রাজ্য সরকারের টাকায় হবে। সুতরাং বুঝতেই পারছেন এক সঙ্গে করতে গেলে অনেক টাকা এই রিভাইট্যালাইজেনশন স্কীমের জন্য লাগবে। সেই জন্য একটু সময় লাগবে। কারণ আর্থিক সীমাবদ্ধতা আমাদের আছে। যদিও এই রিভাইট্যালাইজেশন স্কীমে ইনভেস্টমেন্ট যা হবে সেটা খুব বেশি নয়। আমরা কাজে হাত দিয়েছি। কিছু কিছু জায়গায় কাজ শুরু হয়েছে বলতে পারি।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ আমি একটা জায়গায় কথা বলছি পাথর ঘাটা, সেখানে ১০ বছর আগে ইলেক্ট্রিফায়েড করার জন্য যে লাইন গিয়েছিল, তার লাগানো হয়েছিল, সেইগুলো সব কংগ্রেস এবং নকশালরা চুরি করে নিয়েছে। পরবর্তীকালে তারাই আবার সুরক্ষা কমিটি করেছে। সেটা অন্য ইস্যু, আমি এই সম্পর্কে বলছি না। কিন্তু ১০ বছর আগে যে লাইন গিয়েছিল এবং যেগুলো চুরি হয়ে গেল, আবার যদি সেই জায়গায় নুতন করে ইলেক্ট্রিফায়েড করতে হয়, তার জন্য রিভাইট্যালাইজেশন প্রোগ্রাম আপনাদের আছে কি না, এবং তার থেকে টাকা পাওয়া যাবে কি না, না কনজিউমারদের কাছ থেকে আবার টাকা তুলে দিতে হবে, এই বিষয়ে জানতে চাই।

ডঃ শঙ্করকুমার সেন ঃ আগেই বলেছি যে আর্থিক সীমাবদ্ধতা থাকার জন্য সব কাজে হাত দেওয়া সম্ভব হচ্ছে না। রিভাইট্যালাইজেশন স্কীমে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে লোন পাওয়া যায় না। রাজ্য সরকারের আর্থিক ক্ষমতার মধ্যেই এটা করতে হবে। কিছু কিছু জেলা পরিষদকে বলা হয়েছে, তাদের অ্যানুয়াল বাজেট থেকে যাতে তারা কিছু সাহায্য করতে পারে। বলতে পারেন পার্শিয়াল ইনভলভমেন্ট, এটা করলে মনে হয় কাজটা তাড়াতাড়ি হবে। তবে সঠিক কবে হবে সেটা এখন বলা সম্ভব নয়।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ আমার প্রশ্নের উত্তরটা ঠিক পেলাম না। আমার প্রশ্ন হচ্ছে ঐ জায়গায় রিইলেক্ট্রিফায়েড করার জন্য কনজিউমারদের টাকা পয়সা দিতে হবে কি না। কারণ ১০ বছর আগে লাইন হয়েছিল এবং সেই লাইন চুরি হয়ে গেছে। সেই জায়গায় আবার

নুতন করে আমাদের যদি টাকা তুলে দিতে হয় কনজিউমারদের কাছ থেকে, সেই জায়গায় রিভাইট্যালাইজেশনের পরিকল্পনা আছে কি না, এই রকম প্রস্তাব আছে কি না?

ডঃ শঙ্করকুমার সেন ঃ কনজিউমারদের কাছ থেকে বার বার টাকা নেওয়া সম্ভব নয়। কারণ এমন অনেক কনজিউমার আছেন যাদের আর্থিক অবস্থা মোটেই ভাল নয় এবং তাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। তাই আমরা চেষ্টা করছি জেলা পরিষদ এবং পঞ্চায়েতের যে বাজেট আছে তা থেকে তারা পার্শিয়ালি কিছু দিতে পারেন কিনা—যদি তারা কিছুটা দিতে পারেন তাহলে এই কাজ তাড়াতাড়ি করতে পারি। এ বিষয়ে কিছু কিছু জায়গা থেকে আমরা সাড়া পাচ্ছি এবং সে সমস্ত জায়গায় কাজ হাতে নিচ্ছি।

শ্রী দেবেশ দাস ঃ মাননীয় মন্ত্রী মহোদয়, যেহেতু দিনের বেলা বিদ্যুতের চাহিদা বেশি সেহেতু গ্রামের পাম্প সেটগুলি রাত্রিবেলা যাতে চালানো হয় তার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি?

ডঃ শঙ্করকুমার সেন ঃ ইতিমধ্যেই আমরা রাত্রিবেলা পাম্প সেট চালাবার জন্য সার্কুলার দিয়েছি এবং টেলিভিশনের মাধ্যমেও এ বিষয়ে প্রচার করেছি। তবে এটা বাধ্যতামূলক করা সম্ভব নয়। কারণ আগে থেকে যে ইলেক্ট্রিফিকেশন লাইনগুলি করা হয়েছে সে একই লাইনে ডোমেস্টিক অ্যাণ্ড পাম্প আছে। ফলে সেই লাইন দিনেরবেলা অফ রেখে রাত্রিবেলা অন করা সম্ভব নয়।

ডাঃ নির্মল সিন্‌হা ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, গ্রামে বিদ্যুত পৌঁছে দেওয়ার ক্ষেত্রে প্রতিটি মৌজায় একটা করে ট্রান্সফর্মার বসানো হচ্ছে, কিন্তু বড় বড় মৌজাগুলিতে একটা ট্রান্সফর্মার বসালে ঠিকমতো বিদ্যুত সেখানে সরবরাহ করা সম্ভব হবে না। অতএব ইনটেনসিফিকিশেন স্কীমে বড় মৌজাগুলির ক্ষেত্রে এই বিষয়টা কি বিবেচনা করছেন এবং ইন্টেন্সিফিকেশন স্কীমের কাজ কি এ বছরের মধ্যে শেষ হবে?

ডঃ শঙ্করকুমার সেন ঃ ইন্টেন্সিফিকেশন স্কীম বা অন্যান্য যে স্কীমগুলি আছে ইনক্লুডিং রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন, সেগুলি সব আমরা অ্যানালাইসিস করছি। আমি ইতিপূর্বেই এই বিধানসভায় ঘোষণা করেছি যে, আমরা এ বছর শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস, অন্যান্য ব্যাকোয়ার্ড কমিউনিটি এবং মাইনরিটি কমিউনিটির বাস যে সমস্ত এলাকায় বেশি সে সমস্ত এলাকায় বিশেষভাবে জোর দিতে চাই। তবে অন্যান্য এরিয়ায় একদম হবে না, তা নয়। তবু এ বছরে ঐ জায়গাগুলির উপর বেশি জোর দিয়ে পরিকল্পনা গ্রহণ করেছি।

শ্রী ধীরেন সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, পুনর্নবীকরণের ব্যাপারে জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি আর্থিক সাহায্য করলে কাজ করতে পারবেন। এ বিষয়ে কোনও সার্কুলার জেলা পরিষদের কাছে গিয়েছে কি? গিয়ে থাকলে কোন কোন জেলা পরিষদের কাছে গিয়েছে?

[11-30 — 11-40 P.M.]

ডঃ শঙ্করকুমার সেন ঃ প্রায় দেড় মাস আগে আমি প্রত্যেক জেলা পরিষদের সভাধিপতিদের ডেকে একটা সভা করেছিলাম এবং সেখানে বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যানও

উপস্থিত ছিলেন। সেই সভায় নীতি-গত-ভাবে প্রস্তাব গ্রহণ করা হয় এবং সেই প্রস্তাব পরবর্তীকালে বিভিন্ন জেলা পরিষদ সভাধিপতিদের কাছে পাঠিয়ে দেওয়া হয়। তাদের বলা হয় পঞ্চায়েত সমিতির সভাপতিদের এবং গ্রাম পঞ্চায়েতের প্রধানদেরও জানিয়ে দিতে। বর্তমানে আমরা এই বিষয়ে কিছু কিছু জায়গা থেকে সাড়াও পাচ্ছি। ফলে আমার মনে হয় ঐ প্রস্তাবের বক্তব্য সব জায়গায় পৌঁছে গেছে। তবে নির্দিষ্টভাবে আমি এখানে বলতে পারছি না যে, সব জায়গায় ঐ প্রস্তাব অনুযায়ী নির্দেশ গিয়েছে কিনা।

বিধায়কদের মধ্যে ফ্ল্যাট বণ্টন

*৯৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩২) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তফসিলি জাতি ও উপজাতি বিধায়কগণের ক্ষেত্রে সরকারি আবাসন ফ্ল্যাট বণ্টনের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, তা কি?

শ্রী গৌতম দেব ঃ

(ক) বর্তমানে এমন কোনও পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ স্যার, এখানে তফসিলি জাতি ও উপজাতি বিধায়কগণের বিষয়ে প্রশ্ন করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি তাদের ছাড়া অন্যান্যদের ক্ষেত্রে কোনও অগ্রাধিকারের পরিকল্পনা আছে কি?

শ্রী গৌতম দেব ঃ না, এ রকম কিছু নেই।

শ্রী নটবর বাগদি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন, সরকারি যে ফ্ল্যাট বিতরণ করা হয়ে থাকে সেখানে সরকারি যারা চাকরি করেন তাদের ক্ষেত্রে সংরক্ষণ আছে, কোটা সিস্টেম আছে। এই রকম রেশিওতে ফ্ল্যাট বণ্টন করার সময়ে তফসিলি ও আদিবাসীদের জন্য বাসস্থানের ব্যাপারে, গৃহ নির্মাণে ব্যাপারে আপনার দপ্তরের কোনও পরিকল্পনা আছে কিনা?

শ্রী গৌতম দেব ঃ হাউসিং ডিপার্টমেন্ট-এর গ্রামে বাড়ির বিষয়ে আগে সেইভাবে খুববেশি উদ্যোগ নেওয়া সম্ভব হয়নি। সম্প্রতি কিছু পরিকল্পনা নেওয়া হচ্ছে যাতে গ্রামের কম আয়ের মানুষদের জন্য বিভিন্ন লোনস্ স্কীমে বাড়ি করা যায় এবং হাডকোর কাছ থেকে লোন নিয়ে সেইরকম কিছু স্কীম শুরু করেছি। এ ছাড়া গ্রামীণ উন্নয়ন বিভাগ যেটা আছে তারা এইরকম গ্রামে কম আয়ের মানুষদের জন্য বিভিন্ন বাড়ি করে এবং এটা স্বাভাবিকই, বিরাট অংশের তফসিলি জাতি, আদিবাসী ও পিছিয়ে পড়া অংশের মানুষরাই পান। কিন্তু তফসিলি জাতি ও উপজাতি বলে এইভাবে বিশেষ কোনও স্কীম আমাদের নেই।

থানার ও. সি.-দের বিরুদ্ধে অভিযোগ

*৯৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৪) **শ্রী শীশ মহম্মদ ঃ** স্বারাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ ও কলকাতার কোন কোন থানার ও. সি.-দের সম্বন্ধে অভিযোগ সম্বলিত স্মারকলিপি সরকার পেয়েছেন ; এবং

(খ) পেয়ে থাকলে, উক্ত বিষয়ে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি, ভগবানগোলা, জিয়াগঞ্জ ও হরিহরপাড়া থানার এবং কলিকাতার পার্ক স্ট্রিট, ওয়াটগঞ্জ ও উল্টাডাঙ্গা থানার ও. সি.-দের সম্বন্ধে অভিযোগ পাওয়া গেছে।

(খ) এ বিষয়ে তদন্ত পূর্বক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ—

(১) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ, ভগবানগোলা ও হরিহরপাড়া থানার এবং কলকাতার পার্কস্ট্রিট ও ওয়াটগঞ্জ থানার ও. সি.-দের অন্যত্র বদলি করা হয়েছে।

(২) সুতি থানা ও ওয়াটগঞ্জ থানার ও. সি.-দের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি।

(৩) পার্কস্ট্রিট ও উল্টাডাঙ্গা থানার ও. সি.-দের বিরুদ্ধে তদন্ত এখনও চলছে।

শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন তদন্ত করা হচ্ছে। আমি জানতে চাইছি, এই সমস্ত ও. সি.-দের বিরুদ্ধে যে অভিযোগগুলি এসেছে সেই অভিযোগগুলি কি ধরনের?

শ্রী জ্যোতি বসু ঃ এক এক জন ও. সি.-র বিরুদ্ধে এক এক ধরনের অভিযোগ ছিল, সুতি থানার ও.সি.র বিরুদ্ধে অভিযোগ হচ্ছে যে, যখন গন্ডোগোল হয়েছিল তখন কিছু না করার, সেই সময়ে ও. সি. উপস্থিত থাকা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেননি। আবার জিয়াগঞ্জের অভিযোগ যে সমাজবিরোধীদের বিরুদ্ধে ও. সি. কোনও রকম ব্যবস্থা নেননি, ওটা একটা রাজনৈতিক দলের অভিযোগ। তারপর ভগবানগোলা, সেখানে অভিযোগ ঐসব সমাজবিরোধী—ক্রিমিন্যালদের বিরুদ্ধে কোনও অ্যাকশন নেওয়া হয়নি। ওটা ফরওয়ার্ড ব্লকের অভিযোগ ছিল। হরিহরপাড়ায় ঐ একই ধরনের অভিযোগ ২/৩টি ঘটনা উল্লেখ করে বলা হয়েছিল যে সমাজবিরোধীদের যখন গোলমাল করে তখন তাদের বিরুদ্ধে কোনও রকম ব্যবস্থা নেওয়া হয়নি। পার্কস্ট্রিটের ও. সি.-র বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে, কোথায় নাকি একটা বাড়ি করেছেন এবং নীলকমল বলে একটা জুয়ার আড্ডায় যাতায়াত করেন, এই কেসটার তদন্ত হয়ে এখন ভিজিলেন্সে গেছে। তারপর উল্টাডাঙ্গাতেও ঐ ধরনের অভিযোগ ছিল—সমাজবিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়নি। তা ছাড়া মিসইউজ অফ অফিসিয়াল ক্যাপাসিটিতে এ অভিযোগও ছিল। তারপর ওয়াটগঞ্জ, ওখানে সমাজবিরোধীদের কাছ থেকে

ঘুস নেওয়ার অভিযোগ ছিল। যাইহোক এগুলির মধ্যে দুটি ভিজিলেন্স কমিশনে গেছে এবং বাকিগুলিকে বিভিন্ন জায়গায় ট্রান্সফার করা হয়েছে।

রপ্তানি বাণিজ্য বৃদ্ধি হেতু কর্পোরেশন গঠন

*৯৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৭) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রপ্তানি বাণিজ্য বৃদ্ধি করার জন্য রাজ্য সরকার একটি কর্পোরেশন গঠন করার কথা চিন্তা-ভাবনা করছেন ; এবং

(খ) সত্যি হলে, বিষয়টি বর্তমানে কোনও পর্যায়ে আছে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে না। আমাদের রাজ্যে রপ্তানি বাণিজ্য বাড়ানোর ব্যাপারে কোনও উদ্যোগ নিয়েছেন কিনা এবং নিয়ে থাকলে কী নিয়েছেন দয়া করে বলবেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ রপ্তাণি বাণিজ্য আমাদের রাজ্যে যাতে বাড়ে তার জন্য আমরা ফলতায় এক্সপোর্ট প্রোমোশন জোন করেছি এবং সেই জোনটাকে শক্তিশালী করার জন্য চেষ্টা করছি, আরও যাতে শিল্পপতিরা আসেন তার জন্যও চেষ্টা করছি। আমরা ডাইরেক্টার অফ ইন্ডাস্ট্রিজের নেতৃত্বে একটা এক্সপোর্ট প্রোমোশন সেল গঠন করেছি, সেখানে বিভিন্ন ধরনের রপ্তানি কারকরা যাতে জটিল আইনকানুনের ব্যাপারে পরামর্শ পেতে পারেন, রপ্তানি সংক্রান্ত বিষয়ে সাহায্যে পেতে পারেন এবং কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করতে পারেন সেজন্য এই এক্সপোর্ট সেল গঠিত হয়েছে। প্রথমে federation of Indian export organisation ছিল, অন্যান্য যেসব ব্যক্তি রপ্তানি ব্যবস্থার সাথে যুক্ত আছেন, বিভিন্ন সংস্থার সাথে রাজ্যের নিয়মিত যোগাযোগ রাখা ডাইরেক্টার অফ ইন্ডাস্ট্রিজের এক্সপোর্ট প্রোমোশন সেলের মাধ্যমে এইভাবে রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করেছি। কিন্তু কোনও অন্য সেল গঠন করার বিষয়ে এখনও বিবেচনা করা হয়নি।

[11-40 — 11-50 A.M.]

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ রপ্তানি প্রোমোশনের সেল করেছেন, কিন্তু গত আর্থিক বছরে আমাদের রাজ্য থেকে রপ্তানি বাবদ কত আয় হয়েছে তার কিছু হিসাব আছে কিনা, এবং থাকলে তা দয়া করে জানাবেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ এখনই সঠিক তথ্য দেওয়া সম্ভব হচ্ছে না, নোটিশ দিলে সংগ্রহ করে দিতে পারি।

শ্রী কৃষ্ণধন হালদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—যে আপনাদের এক্সপোর্ট প্রোমোশন সেল কোন বছর থেকে চালু করেছেন এবং এটাকি আপনাদের পক্ষে বলা সম্ভব—আমি জানতে চাইছি—সেলটা গঠন করার পর এবং সেটা কার্যকরি করার পর প্রতি বছরের এই এক্সপোর্টটা বৃদ্ধি হচ্ছে কিনা এবং হলে তার পরিমাণটা কত?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ দু বছর আগে এই এক্সপোর্ট প্রোমোশন সেল গঠিত হয়েছে এবং এটা আরও শক্তিশালী করার চেষ্টা করা হচ্ছে, নিয়মিত এগুলি রিভিউ করা হচ্ছে। সারা দেশে সামগ্রিকভাবে রপ্তানির ক্ষেত্রে গত বছরের তুলনায় পরিমাণ কমেছে, টাকার অঙ্কে, আর মূল্যমানের তুলনায় পশ্চিমবঙ্গে রপ্তানির পরিমাণ গত বছরের তুলনায় এ বছর কমেনি বলেই আমার ধারণা। তবে এখনই সুনির্দিষ্ট তথ্য দেওয়া মুশকিল, কারণ বিভিন্ন ব্যক্তিকেন্দ্রিক উদ্যোগ, বিভিন্ন সংস্থা আছে, একটা জায়গায় আমাদের এক্সপোর্ট প্রোমোশনের কেন্দ্র আছে, যেমন ফলতা, সেটা নোটিশ দিলে সংগ্রহ করে দিতে পারি।

প্রশাসনিক সংস্কার কমিটির সুপারিশ

*৯৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮৮) **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জেলা ও মহকুমা ভাগ সংক্রান্ত প্রশাসনিক সংস্কার কমিটির সুপারিশগুলি সরকার গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, ঐ সুপারিশমতো কোন কোন জেলা ও মহকুমাকে এ পর্যন্ত ভাগ করা হয়েছে?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) এই সম্পর্কিত সুপারিশ কিছুটা অপরিবর্তিত ও কিছুটা পরিবর্তিত আকারে গৃহীত হয়েছে।

(খ) ২৪-পরগনা জেলাকে ইতিপূর্বেই দ্বিখণ্ডিত করে উত্তর ২৪-পরগনা ও দক্ষিণ ২৪-পরগনা নামে দুটি পৃথক জেলার সৃষ্টি করা হয়েছে। প্রশাসনিক সংস্কার কমিটির সুপারিশের কিছু পরিবর্তন করে পশ্চিম দিনাজপুর জেলাকে দ্বিখণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয় ও অতি সম্প্রতি এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। তদনুযায়ী গত ১লা এপ্রিল থেকে উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুর নামক দুটি জেলার প্রকাশ ঘটেছে।

কমিটির সুপারিশ অনুযায়ী হলদিয়ায় একটি নতুন মহকুমা গঠন করা হয়েছে। খড়গপুর, বারুইপুর ও কাকদ্বীপেও পৃথক মহকুমা স্থাপনের বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। এছাড়াও আরও ৬টি মহকুমা গঠনের বিষয়টিও সরকারের সক্রিয় বিবেচনার মধ্যে আছে।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ দক্ষিণ ২৪-পরগনা জেলার বারুইপুর এবং ক্যানিং এই দুটি মহকুমা ভাগ হয়েছে বলে শুনেছি, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী এই মহকুমা দুটির নাম করলেন না। এই সম্পর্কে জানতে চাই।

শ্রী জ্যোতি বসু ঃ দুটির ক্ষেত্রে ভাগ করবার সুপারিশ রয়েছে এবং তা কার্যকর করতে হবে। তার সঙ্গে আরও রয়েছে ৬টি। আমাদের কাছে আরও ৯টি মহকুমা ভাগের সুপারিশ করা হয়েছে। মুখ্য সচিবের সভাপতিত্বে যে কমিটি হয়েছে তারা ৯টি জায়গায় সাব-ডিভিশন করবার কথা বলেছেন। যদি নাম জানতে চান, বলে দিতে পারি।

শ্রী দিলীপ মজুমদার ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, প্রশাসনিক সুবিধার জন্য বর্ধমান জেলাকে বিভক্ত করবার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ আর কোনও জেলাকে দ্বিখণ্ডিত করবার প্রস্তাব আমাদের কাছে আপাতত নেই, সাব-ডিভিসন করবার প্রস্তাব আছে।

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলার কাকদ্বীপকে সাব-ডিভিসন বলে যে ঘোষণা করা হয়েছে, কিন্তু তারজন্য প্রশাসনিক কাজ কার্যকরভাবে শুরু হয়নি। প্রশাসনিক স্তরে এর কাজ কেন শুরু হয়নি সে সম্পর্কে কোনও তথ্য আপনার কাছে থাকলে তা জানালে বাধিত হব।

শ্রী জ্যোতি বসু ঃ এ-সম্পর্কে আমি এখন কিছু বলতে পারছি না। তবে এ-ব্যাপারে সিদ্ধান্ত হয়ে গেছে। এর কাজ যদি শুরু না হয়ে থাকে, দ্রুত গতিতে সেটা করতে হবে।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, ঐ ৯টি নতুন মহকুমা কোনও কোনওটি এবং বর্ধমান জেলায় কোনও নতুন মহকুমা করবার কোনও পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা, থাকলে কোনটি?

শ্রী জ্যোতি বসু ঃ আমি যেগুলো বললাম তা ছাড়া আর কোনও মহকুমা করবার সুপারিশ আসেনি আমার কাছে।

হলদিয়া বন্দর সম্প্রসারণ ও আধুনিকীকরণ

*১০০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮২১) **ডাঃ দীপক চন্দ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া বন্দর সম্প্রসারণ ও আধুনিকীকরণের পরিকল্পনা সম্পর্কে কোনও তথ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, তা কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ

(ক) হ্যাঁ আছে, তবে বিষয়টি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত।

(খ) একটি সাধারণ মাল গুদামের (Cargo berth) নির্মাণের কাজ চলছে। আরও একটি সাধারণ মালগুদাম নির্মাণের সম্ভাব্যতা খতিয়ে দেখা হচ্ছে। মাল উঠানো নামানো এবং অন্যান্য কাজের জন্য হলদিয়া বন্দর সম্প্রসারণের জন্য খনন কাজ করার পরিকল্পনা আছে। পুরানোর বদলে নতুন তিনটি লোকোমোটিভ, তিনটি টাগ এবং দুটি ড্রেজার আনার ব্যবস্থা হচ্ছে। সাধারণ পরিকাঠামোগত উন্নয়নের

জন্য রাস্তা নির্মাণ, জলসরবরাহ, অগ্নিনির্বাপক ব্যবস্থা, গৃহ নির্মাণ প্রভৃতির ব্যাপক পরিকল্পনার রূপরেখা তৈরি করা হয়েছে। হলদিয়া বন্দর কমপ্লেক্স-এর সঙ্গে রেল সংযোগ বৃদ্ধির সামগ্রিক পরিকল্পনাও রচনা করা হয়েছে। হলদিয়ায় একটি আধুনিক জাহাজ মেরামতির কারখানা স্থাপনের সম্ভাব্যতা খতিয়ে দেখা হচ্ছে।

[11-50 — 12-00 Noon]

ডাঃ দীপক চন্দ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এটার সম্ভাবনা আছে, পরিকল্পনা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে লেখা হয়েছে। এই লেখা কবে হয়েছিল এবং সেই লেখার পরে কেন্দ্রীয় সরকারের তৎপরতা সেই রকম ভাবে দেখা যাচ্ছে কিনা জানাবেন কি—

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ ১৯৭৭ সাল থেকে এই হলদিয়া ডক সম্প্রসারণের জন্য রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করে বারবার বলেছেন, চিঠি লিখেছেন এবং সর্বশেষ ১৮ই মে তারিখে প্রধান মন্ত্রীর কাছে মুখ্যমন্ত্রী চিঠি লিখেছেন যে এই ৮ম পরিকল্পনায় যাতে এই কাজটা অন্তর্ভুক্তি হয়। এখনও পর্যন্ত এই ব্যাপারে পরিষ্কার কোনও উত্তর বা রিপ্লাই পাওয়া যায়নি।

শ্রী দেবেশ দাস ঃ মাননীয় মহাশয় কি জানাবেন, যে ধরনের আধুনিকিকরণের কথা ভাবা হচ্ছে তাতে কর্মীর সংখ্যা সারপ্লাস হওয়ার সম্ভাবনা আছে কিনা এবং যদি থাকে তাহলে সে সম্পর্কে কি করা হচ্ছে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ প্রকল্পের বিস্তৃত বিষয় যেহেতু এখনও আমাদের কাছে আসেনি, শুধু ওরা ৮ম পরিকল্পনায় কত টাকা বরাদ্দ করছে সেটা জানা গেছে এবং এ বছর কত টাকা খরচ করবে সেটা জানা গেছে। সেজন্য শ্রমিক কর্মচারীর বিষয় আমার কিছু জানা নেই—কমানো হবে কিনা ইত্যাদি।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, হলদিয়া বন্দরে একটা কোল হ্যান্ডলিং প্লান্ট আছে। সেই কোল হ্যান্ডলিং প্লান্ট থেকে কয়লা তামিলনাড়ুতে বিদ্যুৎ প্রকল্পে যায়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এই রকম খবর আছে কিনা যে কোল ইণ্ডিয়া যদি প্রয়োজনীয় কয়লা সরবরাহ করতে না পারে—হলদিয়া কোল হ্যান্ডলিং প্লান্ট কর্মহীন অবস্থায় পড়ে আছে, ব্যবহার করা হচ্ছে না—তার ফলে হলদিয়া সম্প্রসারণ করার কাজ ব্যহত হচ্ছে। কোল ইণ্ডিয়ার এই অসহযোগিতার ফলে হলদিয়া বন্দরের রেভিনিউ কম হচ্ছে এবং কাজও ব্যহত হচ্ছে—এই রকম তথ্য আপনার কাছে আছে কিনা ; থাকলে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আপনি কথা বলেছেন কি না?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ এই ব্যাপারে কোনও নির্দিষ্ট তথ্য আমার কাছে নেই। তবে এই বিষয়টা আমি দেখব।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, হলদিয়া বন্দর কলকাতার সাবসিডিয়ারি বন্দর। আধুনিকিকরণের উদ্দেশ্য হচ্ছে বন্দরের সামগ্রিক উন্নয়ন। কলকাতা এবং হলদিয়া বন্দর, এর সঙ্গে নাব্যতা বাড়ার সম্পর্ক জড়িয়ে আছে। বিশেষজ্ঞরা বলেন শুখা মরশুমে ভাগিরথি এবং গঙ্গায় ৪০ হাজার কিউসেক জল বহনের ব্যবস্থা করলে ২টি বন্দরের নাব্যতা

বাড়বে। এই ব্যাপারে আমাদের সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছেন কিনা, প্রস্তাব রেখেছেন কি না এবং সেই ব্যাপারে কতদূর অগ্রসর হয়েছে সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ হলদিয়া বন্দরের উন্নয়নে জন্য এবং সম্প্রসারণের জন্য সামগ্রিক যে প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে রাখা হয়েছে এবং ১৯৭৭ সাল থেকে খুব দৃঢ়ভাবে চাপ দেওয়া হচ্ছে, ড্রেজিংয়ের বিষয়টা তার মধ্যে আছে। গঙ্গার নাব্যতা বৃদ্ধির জন্য এই প্রকল্প অন্তর্ভুক্তি হওয়া উচিত, সেকথা জোরের সঙ্গে বলা হয়েছে। কিন্তু তাদের কাছ থেকে কোনও সুনির্দিষ্ট সাড়া এখনও পর্যন্ত আমরা পাইনি।

জলের ব্যাপারে আমরা ওদের বলেছি, কিন্তু এখনও পর্যন্ত ওদের কাছ থেকে নির্দিষ্ট কোনও সাড়া পাওয়া যায়নি।

শ্রী প্রবোধ পুরকাইত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হলদিয়া বন্দর সম্প্রসারণ এবং আধুনিকিকরণের জন্য আপনারা প্রস্তাব দিয়েছেন কেন্দ্রীয় সরকারের কাছে, কেন্দ্রীয় সরকার আজও তার জবাব দেয়নি। এই ব্যাপারটা নিয়ে এখান থেকে কোনও প্রতিনিধি দল কেন্দ্রীয় সরকারের মন্ত্রীর কাছে পাঠানোর কোনও কথা আপনি ভাবছেন কিনা?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ সেই রকম কিছু এখনও বিবেচনা করা হয়নি, তবে করা যেতে পারে।

শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ হলদিয়া বন্দরকে সম্প্রসারণ করতে গেলে প্রথমে দরকার জাহাজকে নিয়ে আসতে হবে, তা না হলে কিছু হবে না। কলকাতাকে সাবসিডিয়ারি করে হলদিয়া বন্দর তৈরি হল। কিছু ভুল প্ল্যানিং-এর জন্য হলদিয়া বন্দর মজে যাচ্ছে, কোনও বড় জাহাজ ঢুকতে পারছে না। বড় জাহাজের মাল বেগুয়াখালি লাইট হাউসের কাছে খালাস করে তারপর তাকে ভাসিয়ে নিয়ে আসা হচ্ছে। নাব্যতা রক্ষার জন্য যে স্কীম, যে প্রোজেক্ট, যে পরিকল্পনা দেওয়া হয়েছে তাতে ৪০ হাজার কিউসেক জল ছাড়া বা আসার জন্য ড্রেজিং করা এবং ডাউনস্ট্রিমে কাটার কথা এই দুটি বিষয় পাশাপাশি রাখা হয়েছে কিনা? তা ছাড়া এই এলাকায় যে ভূমিক্ষয় হচ্ছে সেটা রোধ করার ব্যাপার নিয়ে পাশাপাশি তিনটি বিষয় রাখা হয়েছে কিনা জানাবেন কি?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার এই বিষয়ে উৎকণ্ঠিত এবং এই বিষয়ে যথেষ্ট আগ্রহ প্রকাশ করেছেন। এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী ১৮ই তারিখে এই সব জিনিসগুলি নিয়ে সমস্ত কিছু যোগ করে প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন। স্যার, আপনি যদি অনুমতি দেন তাহলে চিঠিটা পড়ে দিচ্ছি।

মিঃ স্পিকার ঃ চিঠি পড়ার দরকার নেই, আপনি এটা টেবিলে লে করে দিন। নাও কোশ্চেন আওয়ার ইজ ওভার, এখন অন্য কোনও বিজনেস হবে না, এখন ওথ টেকিং অফ নিউ মেম্বার।

(এই সময় মাননীয় সদস্য শ্রী সুভাষচন্দ্র সোরেন শপথ গ্রহণ করেন)

Starred Questions
(to which written answers were laid on the Table)

ডাঙ্কেল প্রস্তাব

*৯৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৯) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেধাসত্ত্ব ও বিনিয়োগ ব্যবস্থা সংক্রান্ত ডাঙ্কেল প্রস্তাবটি গ্রহণের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোনও প্রস্তাব দিয়েছেন কি না?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

না।

শালবনিতে টাঁকশাল

*৯৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭১) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ সালে মেদিনীপুর জেলার শালবনিতে প্রস্তাবিত টাঁকশালের কাজ শুরু হয়েছে কি না ;

(খ) অষ্টম যোজনাতে উক্ত টাঁকশালের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত টাঁকশালের কতজনের কর্মসংস্থানের সুযোগ হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) এই প্রকল্পের যাবতীয় ব্যয়ভার ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক বহন করছেন। তাই কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের জন্য অষ্টম যোজনায় কোনও অর্থ বরাদ্দ করেনি।

(গ) ২,২০০ (দু হাজার দুশো)

দক্ষিণ ২৪-পরগনা জেলায় ব্যাঙ্ক ডাকাতির ঘটনা

*৯৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪৮) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলায় জুন, ১৯৯১ থেকে ফেব্রুয়ারি, ১৯৯২ পর্যন্ত কতগুলি ব্যাঙ্ক ডাকাতির ঘটনা ঘটেছে ; এবং

(খ) ঐ ঘটনায় (১) লুণ্ঠিত অর্থের পরিমাণ কত ;

(২) কত টাকা উদ্ধার করা গিয়েছে ; এবং

(৩) কত জনকে উক্ত ঘটনায় জড়িত থাকার জন্য গ্রেপ্তার করা হয়েছে?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৭টি।

(খ) (১) ৭,১৫,৪৯২ টাকা ১০ পয়সা।

(২) ৬৮,৬০০ টাকা।

(৩) ১৮ জনকে।

Home Guards

*993. (Admitted question No. *2631) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Home (Civil Defence) Department be pleased to state—

(a) the amount paid to the Home (Guards and the basis of such payment ;

(b) other facilities, if any allowed to them ; and

(c) is there any contemplation on the part of the Government to bring the Home Guard Personnel under the coverage of the Third Pay Commission ?

Minister-in-charge of the Home (Civil Defence) Department :

(a) Duty Allowance is paid at following rates :

Home Guard—Rs. 37.00 per head per day

Duty Commandant,

Group Commandant & Dy. Group Commander of Home Guards—Rs. 30.00 per head per day

Home Guard Commandant & Dist. Commandant of Home Guards—Rs. 41.00 per head per day All on "no work, no pay" basis.

(b) Home Guards are allowed facilities like Uniform, Death & injury compensation while on duty.

They are also paid Bonus for a maximum of 25 days duty allowance in a year if they were deployed at least for 120 days in a year.

Enrolment of one dependent of any deceased Home Guard in harness is given.

(c) No.

শিল্প কাঠামো

*৯৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫৯) **শ্রী সোমেন্দ্রনাথ মিত্র ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যে শিল্প কাঠামো তৈরি করার জন্য সরকার কি কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(খ) করে থাকলে তা কি কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(১) হ্যাঁ।

(২) (ক) পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগমের তত্ত্বাবধানে বর্তমানে বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে, কুচবিহার জেলার কুচবিহারে, মালদহ জেলার মালদহে ও নদীয়া জেলার কল্যাণীতে (২য় পর্যায়) নতুন শিল্প বিকাশ কেন্দ্র নির্মাণের কাজ চলছে।

(খ) ভারত সরকারের সহায়তায় (আংশিক) পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি, মালদা ও বীরভূম জেলায় তিনটি বৃহৎ শিল্প বিকাশ কেন্দ্র নির্মাণের প্রাথমিক কাজ শুরু হয়েছে।

(গ) পশ্চিমবঙ্গ ইলেক্ট্রনিক্স উন্নয়ন নিগমের তত্ত্বাবধানে সল্টলেকে ইলেক্ট্রনিক্স কমপ্লেক্সে একটি সফটওয়ার টেকনোলজি পার্ক স্থাপন করা হচ্ছে। ইহা ছাড়া ঐ কমপ্লেক্সে একটি আধুনিক ইন্টেলিজেন্ট বিল্ডিং তৈরির প্রস্তাব আছে। তার প্রাথমিক কাজ ১৯৯২-৯৩ সালে শুরু হবে বলে আশা করা হচ্ছে। উক্ত ইলেক্ট্রনিক্স উন্নয়ন নিগম সল্টলেক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স-এর মতো আরও একটি ইলেক্ট্রনিক্স পরিকাঠামো তৈরি করার পরিকল্পনা করেছে। তার প্রাথমিক কাজ ইতিমধ্যে শুরু হয়েছে।

(ঘ) হলদিয়া উন্নয়ন সংস্থা হলদিয়াতে একটি নতুন শিল্প বিকাশ কেন্দ্র নির্মাণের কাজ শুরু করেছে।

পশ্চিমবঙ্গ বিদ্যুত উন্নয়ন নিগমের আর্থিক বরাদ্দ

*৯৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮২) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ আর্থিক বছরে বরাদ্দকৃত অর্থের মধ্যে মোট কত টাকা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড (ডব্লু. বি. পি. ডি. সি. এল.)-কে দেওয়া হয়েছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে পঃ বঃ বিদ্যুত উন্নয়ন নিগমে বিনিয়োগের মাধ্যমে

বরাদ্দকৃত অর্থের পরিমাণ ছিল ২৩২.৮১ কোটি টাকা। উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে প্রাপ্ত টাকার পরিমাণ নিম্নরূপ ঃ

(১)	সরকারি বিনিয়োগ	৬২.৭২ কোটি
(২)	অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ বাবদ	২৯.০০ ,,
(৩)	পাওয়ার ফিনান্স কর্পোরেশন থেকে প্রাপ্ত	৫৫.০০ ,,
	মোট	১৪৬.৭২ ,,

পুলিশ খাতে ব্যয়

*১০০১। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৪৮) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ আর্থিক বছরে পুলিশ খাতে ব্যয়ের পরিমাণ কত?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

মোট ৩২১,৫৯,৩০,৮৮০ টাকা (মোট তিন শত একুশ কোটি উনযাট লক্ষ ত্রিশ হাজার আটশত আশি) টাকা।

মাসুল সমীকরণ

*১০০২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯২) **শ্রী মনোহর তিরকি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মাসুল সমীকরণ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নীতির ব্যাপারে রাজ্য সরকারের কোনও তথ্য আছে কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

অতি সম্প্রতি লৌহ ও ইস্পাতের ক্ষেত্রে মাসূল সমীকরণ নীতি কেন্দ্রীয় সরকার প্রত্যাহার করে নিয়েছেন। তবে এর সঙ্গে লৌহ ও ইস্পাতের উপর সরকারি মূল্য নিয়ন্ত্রণও প্রত্যাহার করে নেওয়া হয়েছে। তা ছাড়া, ১লা এপ্রিল, ১৯৯২ থেকে রেলের মাসূলের হারও পূনর্বিন্যাস করা হয়েছে।

ফারাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র

*১০০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪১) **শ্রী আবুল হাসনাৎ খান ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাঁবেন কি—

(ক) ফারাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে রাজ্যে প্রাপ্ত বিদ্যুতের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত বিদ্যুতের জন্য ইউনিট প্রতি কত করে মূল্য দিতে হয়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ফারাক্কা তাপ বিদ্যুত কেন্দ্র থেকে রাজ্যে প্রাপ্ত বিদ্যুতের পরিমাণ ঃ

১৯৮৮-৮৯	৪১৬.৩২ মিঃ ইউনিট
১৯৮৯-৯০	৬৪২.৮৪ মিঃ ইউনিট
১৯৯০-৯১	৫৯৬.২৮ মিঃ ইউনিট

খ) প্রতি ইউনিটের গড় মূল্য—

১৯৮৮-৮৯	৭০.৯৩ পয়সা
১৯৮৯-৯০	৭৬.০৮ পয়সা
১৯৯০-৯১	৭৭.৮৫ পয়সা

লবণ শিল্প

*১০০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৫) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায়

(১) লবণ শিল্পের সংখ্যা কত ;

(২) কোথায় কোথায় উক্ত শিল্পগুলি অবস্থিত ; এবং

(খ) উক্ত শিল্পগুলির মধ্যে

(১) সরকার পরিচালনাধীন শিল্পের সংখ্যা কত ; এবং

(২) বেসরকারি মালিকানাধীন শিল্পের সংখ্যা কত?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক)

(১) ৪৭টি।

(২) কাঁথি ও রামনগর থানায় অবস্থিত।

(খ)

(১) সরকার পরিচালনাধীন লবণ শিল্প নাই ;

(২) ৪৭টি।

লোড ডেসপ্যাচ কেন্দ্র

*১০০৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬৬) **শ্রী দীপক মুখার্জি ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্ব ব্যাঙ্কের রিপোর্টে, আঞ্চলিক ও রাজ্যের লোড ডেসপ্যাচ কেন্দ্রগুলির দায়ি এন. পি. টি. সি.-কে দেওয়ার জন্য সুপারিশ করা হয়েছে—এই মর্মে সরকারে কোনও তথ্য আছে কি ;

(খ) থাকলে, এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কোনও নির্দেশাবলি এসেছে কি না এব এসে থাকলে রাজ্য সরকার কী ব্যবস্থা করছেন?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) জানা নাই।

(খ) কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের মতামত জানতে চায়। রাজ্য সরকার এই ব্যাপারে আপত্তি জানিয়েছে।

রাণাঘাটে খনিজ তেলের সন্ধান

*১০০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭৮) **শ্রী রাজদেও গোয়ালা ঃ** শিল্প ও বাণিজ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সম্প্রতি নদীয়া জেলার রাণাঘাটের কাছে ও. এন. জি. সি. বিশেষজ্ঞরা খনিজ তেলের সন্ধান পেয়েছেন—এই মর্মে সরকারের কাছে কোনও তথ্য আছে কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

রাজ্য সরকার এ বিষয়ে এখনও পর্যন্ত কোনও রিপোর্ট ও. এন. জি. সি.-র কাছ থেকে পায়নি।

জলবিদ্যুৎ কেন্দ্র

*১০০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৪৬) **শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে জলবিদ্যুত কেন্দ্রের সংখ্যা কত ;

(খ) ঐ কেন্দ্রগুলি থেকে মোট কত মেগাওয়াট বিদ্যুত উৎপাদিত হয় ; এবং

(গ) উৎপাদিত মোট বিদ্যুত-এর কত পরিমাণ রাজ্যকে দেওয়া হয়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক)	১)	জলঢাকা স্টেজ-১	৩ × ৯ = ২৭ মেগাওয়াট
		জলঢাকা স্টেজ-২	২ × ৪ = ৮ মেগাওয়াট
	২)	অন্যান্য ছোট জল বিদ্যুৎ	৬.৩ মেগাওয়াট
			৪১.৩ মেগাওয়াট

(খ) গত মে মাসে ঐ কেন্দ্রগুলি থেকে দৈনিক গড়ে ১২ মেগাওয়াট বিদ্যুত উৎপাদিত হয়েছে।

(গ) কেবলমাত্র ম্যাসেঞ্জার জল বিদ্যুত কেন্দ্র থেকে উৎপাদিত বিদ্যুতের বেশ কিছু অংশ বিহারকে দেওয়া হয়।

১৯৯১-৯২ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ঐ কেন্দ্রের উৎপাদিত মোট ৩.৬৪ মিলিয়ন ইউনিটের মধ্যে ২.৬৭ মিলিয়ন ইউনিট বিহারকে দেওয়া হয়েছে, বাকিটা রাজ্যেই ব্যবহৃত হয়েছে।

ফোর্ট উইলিয়ম

*১০০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৪) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতার ফোর্ট উইলিয়ামের নাম সিরাজদ্দৌলার নামে চিহ্নিত করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোনও প্রস্তাব দিয়েছেন কি না?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

বিধানসভায় গৃহীত একটি প্রস্তাব রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন।

বিদায় নীতি

*১০০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬২) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত "বিদায় নীতি" রাজ্যের রুগ্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে কার্যকর করার বিষয়ে কেন্দ্রের কোনও নির্দেশের কথা রাজ্য সরকারের জানা আছে কি?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

না।

ডি. ভি. সি.-র বিদ্যুত

*১০১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৫) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১ সালের জানুয়ারি মাসে রাজ্যের ইস্পাত ও কয়লা শিল্পে ডি. ভি. সি. কর্তৃক কত পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে ;

(খ) উক্ত সময়ে ডি. ভি. সি. কর্তৃক সি. ই. এস. সি.-কে দৈনিক বিদ্যুত সরবরাহের পরিমাণ কত ছিল ;

(গ) এটা কি সত্যি যে, ১৯৯০-এর জানুয়ারি থেকে ১৯৯১ সালের জানুয়ারি পর্যন্ত ডি. ভি. সি.-র দেওয়া বিদ্যুত, বিদ্যুত পর্ষদ বা সি. ই. এস. সি. গ্রহণ করেন নি ; এবং

(ঘ) সত্যি হলে, তার কারণ কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯১ সালের জানুয়ারি মাসে ডি. ভি. সি. কর্তৃক রাজ্যের ইস্পাত শিল্পে ২৮.৪১৫ মিলিয়ন ইউনিট এবং কয়লা শিল্পে ৩৯.৩৭১ মিলিয়ন ইউনিট বিদ্যুত সরবরাহ করা হয়েছে।

(খ) উক্ত সময়ে ডি. ভি. সি., সি. ই. এস. সি.-কে মোট ২১.৯৫৭ মিলিয়ন ইউনিট বিদ্যুত সরবরাহ করেছিল। দৈনিক হিসাবে এই সরবরাহের পরিমাণ ০.৭০৮ মিলিয়ন ইউনিট।

(গ) না।

(ঘ) প্রশ্নই ওঠে না।

নলবাহী পানীয় জলসরবরাহ প্রকল্প

*১০১১। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৮) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অষ্টম যোজনাকালে রাজ্যে কতগুলি এবং কোথায় কোথায় নলবাহী পানীয় জলসরবরাহ প্রকল্প গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মোট ১৯৬টি নির্মিয়মান প্রকল্প চালু করা এবং নূতন আরও ১০০টি প্রকল্পের কাজ এই অষ্টম যোজনাকালে হাতে নেওয়া হবে। জেলাভিত্তিক হিসাব নিচে দেওয়া হল ঃ

জেলা	নির্মিয়মান প্রকল্প	নূতন প্রকল্প
১। কুচবিহার	১৫	১
২। জলপাইগুড়ি	১০	৩
৩। (ক) দার্জ্জিলিং সমতল	৩	১
(খ) দার্জ্জিলিং গোর্খা হিল কাউন্সিল	×	×
৪। পঃ দিনাজপুর	১৬	৬
৫। মালদহ	১০	৬
৬। মুর্শিদাবাদ	১২	৫
৭। নদীয়া	১৫	৬
৮। উঃ ২৪ পরগনা	১৭	১২

জেলা	নির্মিয়মান প্রকল্প	নূতন প্রকল্প
৯। দঃ ২৪ পরগনা	১৮	২১
১০। হাওড়া	১০	২
১১। হুগলি	১৫	৭
১২। মেদিনীপুর	১৯	২১
১৩। বাঁকুড়া	৬	১
১৪। পুরুলিয়া	৪	×
১৫। বর্ধমান	১৩	৬
১৬। বীরভূম	১৩	২
	১৯৬	১০০

এছাড়াও পানীয় জল সংকট পরিস্থিতি বিবেচনা করে আরও নূতন কিছু প্রকল্প গ্রহণ করা হতে পারে।

National Power Grid

*1012. (Admitted question No. *1430) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has any information about the programme of the National Power Transmission (NPTC) to set up a National Power Grid ; and

(b) if so—

(i) the brief outlines of the programme;

(ii) the progress made so far; and

(ii) to what extent this National Power Grid can improve availability of Power in West Bengal ?

বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এ রকম কোনও তথ্য রাজ্য সরকারের কাছে নেই।

(খ) এ সম্পর্কে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের মতামত জানতে চান। রাজ্য সরকার এ ব্যাপারে কোনও কোনও বিষয়ে আপত্তি জানিয়েছে।

রাজ্যে জলবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রস্তাব

*১০১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬৫) **শ্রী দীপক মুখার্জি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে জলবিদ্যুত কেন্দ্র স্থাপনের জন্য সেন্ট্রাল ইলেক্ট্রিক অথরিটির কাছে রাজ্য সরকার কোনও প্রস্তাব দিয়েছেন কি ;

(খ) দিয়ে থাকলে, রাজ্যের কোথায় কোথায় ঐ কেন্দ্র নির্মাণের জন্য প্রস্তাবে উল্লেখ করা হয়েছে ; এবং

(গ) এ বিষয়ে সেন্ট্রাল ইলেক্ট্রি অথরিটির সর্বশেষ প্রতিক্রিয়া কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমানে রাজ্য বিদ্যুৎ পর্যদ প্রস্তাবিত পুরুলিয়া পাম্পড স্টোরেজ জল বিদ্যুত প্রকল্পটি (৪ × ২২৫ মেঃ ওঃ) সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির অর্থ কারিগরি অনুমোদনের জন্য উক্ত সংস্থার বিবেচনাধীন আছে।

(খ) পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়ে কেস্ট বাজার নালাতে উক্ত প্রকল্প স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছে।

(গ) রাজ্য বিদ্যুত পর্ষদ এপ্রিল ১৯৯২-তে প্রকল্পটির ডি. পি. আর সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির আর্থ-কারিগরি অনুমোদনের জন্য উক্ত সংস্থার নিকট স্থানীয় পরামর্শদাতা (ওয়া পকোজ) এর মাধ্যমে জমা দিয়েছে। এ বিষয়ে সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির কোনও প্রতিক্রিয়া এখনও জানা যায় নি।

Implementation of recommendations of Third Pay Commission in Kalyani Spinning Mills

*1014. (Admitted question No. *2646) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) if it is a fact that the recommendations of the Third Pay Commission have not been implemented in the Kalyani Spinning Mills; and

(b) if so, the reasons thereof ?

Minister-in-charge of the Public Undertakings Department :

(a & b) Necessary Govt. order sanctioning the revised Pay Scales and allowances for the employees of Kalyani Spinning Mills Ltd. on the basis of the recommendations of the 3rd Pay Commission have been issued. Before giving effect to the revised pay scales and Allowances some formalities such

as framing of rules, invitation of option, from the concerned employees etc. are yet to be completed. The same are now under process.

রাজ্যে শিল্প সম্প্রসারণে আন্তর্জাতিক সংস্থার পরামর্শ

*১০১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮৭) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এই রাজ্যে শিল্প সম্প্রসারণের জন্য রাজ্য সরকার জাপানের টোকিওতে অবস্থিত এক অনাবাসী ভারতীয়ের আন্তর্জাতিক ম্যানেজমেন্ট পরামর্শদাতা সংস্থার পরামর্শ গ্রহণ করার কথা চিন্তা করছেন ; এবং

(খ) সত্যি হলে, (১) উল্লিখিত সংস্থা কোন কোন বিষয়ে রাজ্য সরকারকে পরামর্শ দেবে ; এবং

(২) এই পরামর্শ গ্রহণ করার জন্য আনুমানিক কত পরিমাণ খরচ হবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) রাজ্য সরকারের পরিচালনাধীন সংস্থা পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগমের কাছে এ সম্পর্কে একটি প্রস্তাব এসেছে।

(খ) (১) এ বিষয়ে এখনও সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

(২) এখনই এ প্রশ্ন ওঠে না।

সুন্দরবন সুগারবিট প্রসেসিং কোং

*১০১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮) **শ্রী দিলীপ মজুমদার** ঃ সরকার পরিচালনাধীন সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রকের নির্দেশে রাজ্য সরকারের শিল্পোদ্যোগ "সুন্দরবন সুগারবিট প্রসেসিং" কোম্পানি বন্ধ হয়ে গেছে?

সরকার পরিচালনাধীন সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

হ্যাঁ।

Promulgation of Cr. P.C. 144 in Baidyabati Municipality areas

*1017. (Admitted question No. *2018) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

(a) whether it is a fact that Cr. P.C. 144 has been promulgated at Baidyabati Municipality area on and from 20. 12. 1991 ; and

(b) if so, the reasons thereof ?

Minister-in-charge of the Home (Police) Department :

(a) No.

(b) Does not arise.

সায়েন্স ভিলেজ

*১০১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৯) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রাজ্যে "সায়েন্স ভিলেজ" গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, কোথায় কোথায় ঐ ভিলেজ গড়ে তোলা হবে?

বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) "হ্যাঁ।"

(খ) বর্তমানে বীরভূম জেলার রামপুরহাট মহকুমার অন্তর্গত মারগ্রাম, মেদিনীপুর জেলার নন্দীগ্রাম-৩ ব্লকের অন্তর্গত কুলাপাড়া এবং দক্ষিণ চব্বিশ পরগনার সাগরদ্বীপের অন্তর্গত রুদ্রনগর গ্রামে গ্রামীণ জীবনযাত্রা প্রক্রিয়া ও আর্থ-সামাজিক অবস্থার সাথে সমতা রক্ষা করে বিজ্ঞান ও প্রযুক্তির যথার্থ প্রয়োগের উদ্দেশ্যে পরীক্ষামূলক প্রকল্প গড়ে তোলার কাজ চলছে। এই পরীক্ষার ফলাফলকে ভিত্তি করে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রতিটি জেলায় অন্তত একটি 'বিজ্ঞান গ্রাম' গড়ে তোলার কাজ শুরু করা হবে।

Unstarred Questions

(to which written answers were laid on the Table)

ঝাউডাঙ্গায় পশুচিকিৎসালয় স্থাপন

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৩) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলায় ঝাউডাঙ্গা এলাকায় পশুচিকিৎসালয় স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায়?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় উত্তর ২৪-পরগনা জেলায় নলকূপ স্থাপন

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৩) **শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> ৩১শে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত উত্তর ২৪-পরগনা জেলায় বিশ্বব্যাঙ্কের আর্থিক সাহায্যে নলকূপ স্থাপন প্রকল্পে কতগুলি গভীর ও অগভীর নলকূপ কোন কোন এলাকায় স্থাপিত হয়েছে?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় নেওয়া পশ্চিমবঙ্গ ক্ষুদ্রসেচ প্রকল্পের আওতায় উত্তর ২৪-পরগনা জেলায় ৩১শে জানুয়ারি পর্যন্ত বিভিন্ন ব্লকে যে সংখ্যক নলকূপের কাজ শুরু হয়েছে তার বিস্তারিত তথ্য নিচে দেওয়া হল ঃ

ব্লকের নাম	উচ্চ ক্ষমতার গভীর নলকূপ			মাঝারি ক্ষমতার গভীর নলকূপ			নিম্ন ক্ষমতার গভীর নলকূপ		অগভীর নলকূপ	
	নলকূপ খনন	বৈদ্যুতিকরণ	পাইপ লাইন	নলকূপ খনন	বৈদ্যুতিকরণ	পাইপ লাইন	নলকূপ খনন	বৈদুতিকরণ	নলকূপ খনন	বৈদ্যুতিকরণ
ব্যারকপুর	৪	—	১	—	—	—	—	—	—	—
বারাসাত-১ নং	৩	২	—	—	—	—	—	—	—	—
বারাসাত-২ নং	৩	৩	—	—	—	—	—	—	—	—
হাবড়া-১ নং	১	১	—	—	—	—	—	—	—	—
হাবড়া-২ নং	৫	৩	১	—	—	—	১২	—	৬	—
বাগদা	৪	২	১	—	—	—	—	—	—	—
রাজার হাট	১	১	১	—	—	—	—	—	১২	—
স্বরূপনগর	১	—	—	—	—	—	—	—	—	—
বনগাঁ	২	—	—	—	—	—	—	—	—	—
বাদুড়িয়া	১	—	—	১	—	—	—	—	১২	৬
বসিরহাট-১ নং	১	১	—	—	—	—	—	—	১৮	১২
বসিরহাট-২ নং	১	১	—	—	—	—	—	—	১২	—
হাসনাবাদ	—	—	—	—	—	—	—	—	—	—
	২৬	১২	৪	১	—	—	১২	—	৬০	১৮

হলদিয়া প্লাস্টিক ডেভেলপমেন্ট সেন্টার স্থাপন

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৬) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া প্লাস্টিক ডেভেলপমেন্ট সেন্টার স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, এটা কবে নাগাদ স্থাপিত হবে বলে আশা করা যায়?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) এবং (খ) ঃ হলদিয়াতে 'এক্সটেনশন সেন্টার অফ সিপেট' নামক প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য রাজ্য সরকার ভারত সরকারের নিকট প্রস্তাব পাঠিয়েছেন, যা এখন ভারত সরকারের বিবেচনাধীন।

Perspective Plan of Cacutta till 2011

324. (Admitted question No. 1058) **Shri Ambica Banerjee** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Urban Development Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has obtained opinion/ suggestion of Scholars, Technical persons and Experts on the "Perspective Plan of Calcutta till 2011" and

(b) if so.

(i) the brief outlines of the opinion/suggestion so far received,

(ii) the contemplations of the State Government ?

Minister-in-charge of the Urban Development Department : (a) Yes.

(b) (i) It will not be possible to state in brief all the suggestions received so far within a short. However, the proceedings of the seminar on "Perspective Plans for Calcutta 2011" held on 17th, 18th and 21st September, 1991 in Calcutta is available in my office for inspection by the Members of the House.

(ii) As different agencies are still working on it, the State Government is yet to take a final decision in the matter.

আদিবাসী ছেলেমেয়েদের খেলাধূলার জন্য ব্যয়িত অর্থ

৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১২৩) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে আদিবাসী ছেলেমেয়েদের খেলাধূলার জন্য কোন কোন জায়গায় কি কি পরিকল্পনা আছে ; এবং

(খ) ঐ বাবদ কত টাকা ব্যয় করা হয়?

ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) সরকারের বর্তমান নীতি অনুসারে মোট পরিকল্পনা ব্যয়ের কমপক্ষে ৬ শতাংশ আদিবাসী অধ্যুষিত এলাকার খেলাধুলার পরিকাঠামো তৈরির জন্য বরাদ্দ করা হয়।

বিভিন্ন জেলায় বিশেষ করে আদিবাসী অধ্যুষিত জেলাগুলিতে বিভিন্ন রকম খেলাধুলার জন্য ব্যাপক প্রশিক্ষণের উপর জোর দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গ ক্রীড়া পর্ষৎ ছেলেমেয়েদের খেলাধূলার মান উন্নয়নের জন্য যে ৩৩টি বিদ্যালয়ে দীর্ঘমেয়াদি আবাসিক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করছেন তার মধ্যে ১৩টি বিদ্যালয় তফসিলি ও আদিবাসী এলাকায় অবস্থিত। এই প্রকল্প বেশ উল্লেখযোগ্য সংখ্যক আদিবাসী শিশুদের খেলাধূলার প্রয়োজন মেটাচ্ছে। আদিবাসী শিক্ষার্থিদের জন্য একটি বিশেষ প্রশিক্ষণ শিবির গত বৎসরের ৯ই আগস্ট থেকে ১১ই আগস্ট যুবভারতী ক্রিড়াঙ্গনে অনুষ্ঠিত হয়। ১০৬ জন আদিবাসী শিক্ষার্থী ঐ শিবিরে অংশগ্রহণ করে।

পশ্চিমবঙ্গ ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর আদিবাসী ছেলেমেয়েদের অনুপ্রাণিত করার জন্য বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করার জন্য উৎসাহিত করে। এই দপ্তর ঝাড়গ্রামে মহকুমা স্তরে ১৯৯০-৯১ সালে আদিবাসীদের মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য আর্থিক সাহায্য দিয়েছেন। এই প্রতিযোগিতার মাধ্যমে বহু প্রতিভাবান খেলোয়াড় আবিষ্কার করা হয়। যারা পরবর্তী স্তরে "জাতীয় ক্রীড়া মেধা প্রতিযোগিতায়" প্রতিনিধিত্ব করে।

(খ) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় আদিবাসীদের জন্য ক্রীড়াখাতে ৮১.৪২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

পুরুলিয়া জেলার ঝালদা পৌরসভাকে সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থ

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৭) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ঝালদা পৌরসভাকে ১৯৭৭ সাল থেকে ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত রাজ্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত (বছরওয়ারি হিসাব) ; এবং

(খ) উক্ত অর্থ কোন কোন খরচের জন্য বরাদ্দ করা হয়েছিল?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক)

বছর		প্রদত্ত অর্থ
১৯৭৭-৭৯	..	৩,৫১,৭৯৩
১৯৭৮-৭৯	..	৫,০৭,৫৯৮
১৯৭৯-৮০	..	৭,৫৮,১৭৩
১৯৮০-৮১	..	৮,৬৩,৮৪৪
১৯৮১-৮২	..	৬,৪৩,৯৮৬
১৯৮২-৮৩	..	১০,৫৯,৫৪০
১৯৮৩-৮৪	..	৬,১৩,০৮১
১৯৮৪-৮৫	..	১১,২৬,০৪২
১৯৮৫-৮৬	..	১৩,০৪,৪৭৩
১৯৮৬-৮৭	..	১৩,৮৪,৮৫৩
১৯৮৭-৮৮	..	১৫,১৮,৬৭৯

১৯৮৮-৮৯	..	২৩,৬১,২৪৫
১৯৮৯-৯০	..	৩১,৮০,৯৪৭
১৯৯০-৯১	..	৩১,৭১,০৫৮
৩১.০১.১৯৯২	..	১০,০৮,১৮৫

(খ) একটি বিস্তারিত তালিকা বিধানসভার গ্রন্থাগারের টেবিলে উপস্থাপন করা হল।

বৈদ্যবাটি পুরসভাকে নেহেরু রোজগার যোজনা খাতে বরাদ্দকৃত অর্থ

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৮) **শ্রী আবদুল মান্নান ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ ১৯৯২ পর্যন্ত হুগলি জেলার বৈদ্যবাটি পুরসভাকে নেহেরু রোজগার যোজনা প্রকল্প খাতে প্রদত্ত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত অর্থের ইউটিলাইজেশন সার্টিফিকেট পাওয়া গেছে কি না।

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ৩১শে মার্চ, ১৯৯২ পর্যন্ত বৈদ্যবাটি পুরসভাকে নেহেরু রোজগার যোজনার বিভিন্ন প্রকল্পে মোট ৯,২৫,৬০৭ টাকা দেওয়া হয়েছে। বিস্তৃত বিবরণ নিচে দেওয়া হল ঃ

U.M.E.	৫,৬৬,৯০০ টাকা
U.W.E.	৩,৪৬,২০৭ টাকা
A. & O.E.	১২,৫০০ টাকা
মোট	৯,২৫,৬০৭ টাকা

(খ) মোট ৪,৫৬,২৩৯ টাকার ইউটিলাইজেশন সার্টিফিকেট পাওয়া গেছে।

মুর্শিদাবাদ জেলায় অকেজো নলকূপের সংখ্যা

৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৪) **শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় অকেজো (১) গভীর ও (২) অগভীর নলকূপের সংখ্যা কত; এবং

(খ) উক্ত নলকূপগুলি অকেজো হাওয়ার কারণ কি ; এবং

(গ) উক্ত নলকূপগুলি চালু করার কোনও ব্যবস্থা গৃহীত হয়েছে কি না?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) মুর্শিদাবাদ জেলায় অকেজো গভীর নলকূপের সংখ্যা ২৭টি। মুখ্যবাস্তুকারের অধীন ৬১টি এবং ক্ষুদ্র সেচ নিগমের অধীন ১১টি। এবং অগভীর নলকূপের সংখ্যা ৭৪৭টি।

(খ) উক্ত নলকূপের অকেজো হওয়ার কারণ—

মুখ্যবাস্তুকারের ক্ষেত্রে গভীর নলকূপ

(অ)	চুরি (বৈদ্যুতিক সরঞ্জাম)	২৪টি
(আ)	পার্টের্ড	৫টি
(ই)	চোকড়	১৮টি
(ঈ)	সার্জি ও ডেভেলেপমেন্ট	৮টি
(উ)	পদ্মায় গ্রাস করেছে	১টি
(ঊ)	স্থানীয় গন্ডগোলের জন্য	১টি
(ঋ)	সাময়িক অকেজো	৪টি
		৬১টি

ক্ষুদ্র সেচ নিগমের ক্ষেত্রে গভীর নলকূপ

(অ)	পদ্মা নদীর গর্ভে বিলীন	১টি
(আ)	ট্যান্সফরমার চুরি ও পাল্টাবার জন্য	৫টি
(ই)	ভোলটেজ কম থাকার জন্য	১টি
(ঈ)	বালি ও পাথর বার হওয়ার জন্য	৪টি
		১১টি

অগভীর নলকূপ (মুখ্যবাস্তুকারের ক্ষেত্রে)

(অ)	চুরি	৬৮৯টি
(আ)	রিসিংকিং, মোটরপুড়ে যাওয়া, পাম্প স্টার্টার খারাপ হওয়া এবং এল. টি. লাইন খারাপ হয়ে যাওয়া	৫৮টি
		৭৪৭টি

(গ) উক্ত অকেজো নলকূপগুলি চালু করার জন্য গৃহীত ব্যবস্থা—

মুখ্যবাস্তুকারের ক্ষেত্রে গভীর নলকূপ

(অ) চুরির ক্ষেত্রে থানায় এফ. আই. আর. করা হয়েছে, কিন্তু ফাইনাল রিপোর্ট পাওয়া যায়নি।

যে সমস্ত ট্রাসফরমার দুই বা ততোধিক বার চুরি হয়েছে সেগুলি পুনঃ স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নেই। চাষিদের এ ব্যাপারে দায়িত্ব বহন করতে অনুরোধ করা হয়েছে।

(আ) পার্টের্ড—রিড্রিলিং-এর কাজ চলছে কতকগুলি ক্ষেত্রে। আবার কতকগুলির ক্ষেত্রে প্রস্তাব পর্যায়ে রয়েছে।

(ই) চোকড্—বালি, মাটি পরিষ্কারের কাজ চলছে।

(ঈ) সার্জি ডেভেলপমেন্ট—শীঘ্রই কাজ শুরু হবে।

(উ) সাময়িক অকেজো—চালু করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

অগভীর নলকূপ

চুরি—থানায় এফ. আই. আর. করা হয়েছে, কিন্তু ফাইনাল রিপোর্ট পাওয়া যায়নি। যে সমস্ত ট্রান্সফরমার দুই বা ততোধিক বার চুরি হয়েছে সেগুলি পুনঃ স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নেই। চাষীগণকে এ ব্যাপারে দায়িত্ব বহন করতে অনুরোধ করা হয়েছে।

ক্ষুদ্র সেচ নিগমের ক্ষেত্রে গভীর নলকূপ

অকেজো গভীর নলকূপগুলি চালু করবার জন্য আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণ করবার পরিকল্পনা নেওয়া হচ্ছে।

সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড কর্তৃক ধার্য কর

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৩) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড ১৯৮৯-৯০ আর্থিক বছরে বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া, বীরভূম ও বর্ধমান জেলার পৌরসভাগুলিতে বাড়ির জন্য কত পরিমাণ কর ধার্য করেছেন ;

(খ) উক্ত সময়ে ঐ সব জেলার পৌরসভাগুলি থেকে উক্ত কর বাবদ আদায়িকৃত অর্থের পরিমাণ কত ;

(গ) উক্ত সময়ে উক্ত করের বিরুদ্ধে কতগুলি অভিযোগ উক্ত পৌরসভাগুলিতে জমা পড়েছে ; এবং

(ঘ) তন্মধ্যে, কতগুলি অভিযোগ সম্বন্ধে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বিচার বিবেচনা করেছেন (২৯শে ফেব্রুয়ারি, ১৯৯২ পর্যন্ত)?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ১৯৮৯-৯০ আর্থিক বছরে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বর্ধমান জেলার কালনা পুরুলিয়া জেলার রঘুনাথপুর ও পুরুলিয়া কেবলমাত্র এই তিনটি পৌরসভার চূড়ান্ত ভ্যালুয়েশন লিস্ট প্রকাশের মাধ্যমে পৌর কর ধার্য করা হয়েছে। বাঁকুড়া, মেদিনীপুর ও বীরভূম জেলার কোনও পৌরসভার কর উক্ত আর্থিক বছরে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড কর্তৃক ধার্য হয়নি।

	পৌরসভার নাম	ধার্য কর
	রঘুনাথপুর	৩.৮৭ লক্ষ টাকা
	পুরুলিয়া	৩২.৬৩ লক্ষ টাকা
	কালনা	১০.৬৫ লক্ষ টাকা
(খ)	রঘুনাথপুর	৬৪,০০০ টাকা
	(বকেয়া ৩২,০০০ টাকা + চলতি ৩২,০০০ টাকা)	
	পুরুলিয়া	১৫.৫৩ লক্ষ টাকা
	কালনা	৬.৬৫ লক্ষ টাকা
(গ)	রঘুনাথপুর	২৮৭ টি
	পুরুলিয়া	৪৭৫ টি
	কালনা	৭১৭ টি
(ঘ)	রঘুনাথপুর	২৮৭ টি
	পুরুলিয়া	৪৫৮ টি
	কালনা	৭১৭ টি

বিভিন্ন পুরসভার অনাদায়ি পুরকর

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৪) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলার পৌরসভাগুলির অনাদায়ি পুরকরের পরিমাণ সম্পর্কে কোনও তথ্য রাজ্য সরকারের কাছে আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত অনাদায়ি পুরকরের পরিমাণ কত (পুরসভা ভিত্তিক হিসাব)?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) আছে।

(খ) বঙ্গীয় পৌর আইন, ১৯৩২ দ্বারা পরিচালিত বিভিন্ন জেলার পৌরসভাগুলির ১৯৮৯-৯০ আর্থিক বছরে অনাদায়ি পুরকরের পরিমাণ সম্বলিত পুরসভা ভিত্তিক একটি তালিকা নিচে দেওয়া হল।

ক্রমিক সংখ্যা	পুরসভার নাম	১৯৮৯-৯০ সালের অনাদায়ি পুরকরের পরিমাণ (লক্ষ টাকায়)	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)
জেলা হাওড়া			
১।	বালি	১৬৯.৪৮	
২।	উলুবেড়িয়া	৪৪.৬৭	

জেলা হুগলি

৩।	বাঁশবেড়িয়া	৬৩.৭১
৪।	হুগলি-চিনসুরা	৪৯.৭১
৫।	ভদ্রেশ্বর	৩৭.৯৬
৬।	চাঁপদানি	১৩৩.০১
৭।	বৈদ্যবাটি	৪৮.৭১
৮।	শ্রীরামপুর	১৮৮.১৭
৯।	রিষড়া	৩১.৪৫
১০।	কোন্নগর	৬৫.১৮
১১।	উত্তরপাড়া-কোতরং	১৯.৯৮
১২।	আরামবাগ	৮.৬৪
১৩।	তারকেশ্বর	১৭.৯৪
১৪।	চন্দননগর	৫০.১২

জেলা বর্ধমান

১৫।	বর্ধমান	২৩৫.৮১
১৬।	কালনা	৮.১৩
১৭।	কাটোয়	১.৭০
১৮।	দাঁইহাট	২.৮০
১৯।	রানিগঞ্জ	১২.০৩
২০।	আসানসোল	২৬৪.২০
২১।	গুশকরা	— নূতন পুরসভা। কর ধার্য হয় নাই
২২।	দুর্গাপুর (নোটিফায়েড)	৩৯৫.৭৯
২৩।	কুল্‌টি-বরাকর ”	১৮৯.৫৬
২৪।	নিয়ামতপুর ”	৩৯.৭৮
২৫।	দিশেরগড় ”	৩৭.১০
২৬।	বার্ণপুর ”	৫৩.০১

জেলা বীরভূম

২৭।	সিউড়ি	৫৪.৭১
২৮।	রামপুরহাট	৩৩.৭৩
২৯।	বোলপুর	২২.৯০
৩০।	দুবরাজপুর	— নূতন পুরসভা। কর ধার্য হয় নাই।
৩১।	সাঁইথিয়া	৯.৭০

জেলা বাঁকুড়া

৩২।	বাঁকুড়া	২০.৫৮
৩৩।	বিষ্ণুপুর	২৪.১৪
৩৪।	সোনামুখি	৯.৬৩

জেলা মেদিনীপুর

৩৫।	মেদিনীপুর	৫৭.২৭
৩৬।	তমলুক	৮.৬৬
৩৭।	ঘাটাল	৪.০৩
৩৮।	চন্দ্রকোনা	০.৭৫
৩৯।	রামজীবনপুর	০.২৪
৪০।	ক্ষীরপাই	০.৩৯
৪১।	খরার	০.৫৮
৪২।	খড়গপুর	৩৩.৩৯
৪৩।	ঝাড়গ্রাম	২৪.৩৭
৪৪।	কন্টাই	১৪.৫৯
৪৫।	হলদিয়া	৬১৪.৩৯

জেলা পুরুলিয়া

৪৬।	পুরুলিয়া	৩৭.৩৪
৪৭।	ঝালদা	২.৯১
৪৮।	রঘুনাথপুর	৫.৫১

জেলা উত্তর ২৪-পরগনা

৪৯।	কাঁচরাপাড়া	১৬৭.৭৬
৫০।	হালিশহর	৬৯.৪৯
৫১।	নৈহাটি	২৪৯.৮৮
৫২।	ভাটপাড়া	৩৭৩.১৪
৫৩।	গারুলিয়া	১৬৮.৯০
৫৪।	নর্থ ব্যারাকপুর	২৫.৩০
৫৫।	ব্যারাকপুর	৪৯.৭০
৫৬।	টিটাগড়	৫৩.৪৩
৫৭।	খড়দা	৪.০২
৫৮।	পানিহাটি	১৪২.৭৪
৫৯।	কামারহাটি	৬৪.৯৪
৬০।	বরানগর	২৮১.৫৭

৬১।	নর্থ দমদম	২২১.০৫
৬২।	সাউথ দমদম	২৫৭.৬৮
৬৩।	দমদম	৪.৬৬
৬৪।	বনগাঁ	১৯.৮৪
৬৫।	বারাসাত	২৭.০৭
৬৬।	গোবরডাঙ্গা	৩৫.২৩
৬৭।	বাদুরিয়া	৬.৮৭
৬৮।	বসিরহাট	৮.৪৮
৬৯।	টাকি	১০.২৮
৭০।	নিউ ব্যারাকপুর	৪৮.৩১
৭১।	অশোকনগর-কল্যাণগড়	২৮.১৪
৭২।	হাবড়া	৭.৬১
৭৩।	বিধাননগর	১৬.০০
জেলা দক্ষিণ ২৪-পরগনা		
৭৪।	বজবজ	১৪৬.০৭
৭৫।	রাজপুর	৪৪.৪৬
৭৬।	জয়নগর-মজিলপুর	৫.৯১
৭৭।	বারুইপুর	২৪.৩৯
৭৮।	ডায়মণ্ডহারবার	১০.১৮
জেলা নদীয়া		
৭৯।	কৃষ্ণনগর	৩৯.২৩
৮০।	নবদ্বীপ	২০.৬৫
৮১।	শান্তিপুর	১৬.০৩
৮২।	রানাঘাট	১৫.০১
৮৩।	বীরনগর	২.২০
৮৪।	চাকদহ	৩৫.০২
৮৫।	কল্যাণী	২১১.৯৮
৮৬।	গয়েশপুর	১২১.৫৩
জেলা মুর্শিদাবাদ		
৮৭।	বহরমপুর	২৩.৭৩
৮৮।	মুর্শিদাবাদ	১০.৩৭
৮৯।	জিয়াগঞ্জ-আজিমগঞ্জ	৪.৩৭
৯০।	কান্দি	৩.৫৬

৯১। জঙ্গিপুর	৬.৮৮	
৯২। ধুলিয়ান	০.৯৭	
৯৩। বেলডাঙ্গা	৩১.৮২	
জেলা জলপাইগুড়ি		
৯৪। জলপাইগুড়ি	১৩.৬৪	
৯৫। আলিপুরদুয়ার	২৩.১৮	
৯৬। মাল		— নতুন পুরসভা। কর ধার্য হয় নাই।
জেলা মালদা		
৯৭। ইংলিশবাজার	২১.৯০	
৯৮। ওল্ড মালদা	১.৫৩	
জেলা দার্জিলিং		
৯৯। দার্জিলিং	৫১.৮০	
১০০। কার্সিয়াং	১১.২৭	
১০১। কালিম্পং	২১.৩২	
১০২। শিলিগুড়ি	১৪৬.৩৮	
১০৩। মিরিক	০.২৬	
জেলা দক্ষিণ দিনাজপুর		
১০৪। বালুরঘাট	১৬.৯৬	
জেলা উত্তর দিনাজপুর		
১০৫। রায়গঞ্জ	৬৩.২৭	
১০৬। ইসলামপুর	২.৮১	
১০৭। কালিয়াগঞ্জ	০.০৭	
জেলা কুচবিহার		
১০৮। কুচবিহার	২৬.৫৩	
১০৯। দিনহাটা	৪.৪৫	
১১০। তুফানগঞ্জ	১.২৫	
১১১। মাথাভাঙ্গা	১৫.৭৬	
১১২। মেখলিগঞ্জ	১.৪৩	
১১৩। হলদিবাড়ি	৩.৭৫	

বিদ্যুত ঘাটতি দূরীকরণে গৃহীত ব্যবস্থাদি

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২০১১) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিদ্যুত বিভ্রাট ও বিদ্যুত ঘাটতি দূর করার জন্য রাজ্য সরকার ১৯৯০-৯১, ১৯৯১-৯২ সালের আর্থিক বছরগুলিতে কি কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন, এবং উক্ত সময়ে কি পরিমাণ ঘাটতি দূর করতে সক্ষম হয়েছেন :

(খ) উক্ত আর্থিক বছরগুলিতে রাজ্য বিদ্যুত পর্ষদ কত পরিমাণ বকেয়া বিলসহ বর্তমান বিলের টাকা আদায় করতে সক্ষম হয়েছেন ;

(গ) ১৯৯২ সালের জানুয়ারি পর্যন্ত রাজ্যের বিদ্যুত পর্ষদের বকেয়া অর্থের পরিমাণ কত ; এবং

(ঘ) রাজ্য বিদ্যুত পর্ষদকে উক্ত সময়ে ঋণের কত পরিমাণ সুদসহ শোধ করতে হয়েছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ আর্থিক বছরে কোলাঘাট তাপ বিদ্যুৎ প্রকল্পের দুটি ইউনিট (স্থাপিত ক্ষমতা ২১০ মেগাওয়াট × ২ = ৪২০ মেগাওয়াট) চালু করা হয়—এদের বাণিজ্যিক ভিত্তিতে বিদ্যুত উৎপাদনের ফলে বিদ্যুত ঘাটতি অনেকাংশে লাঘব হয়।

উক্ত আর্থিক বছর দুটিতে সি. ই. এস. সি-র ২ × ৬৭.৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সাউদার্ন জেনারেটিং স্টেশনের দুটি ইউনিট পর্যায়ক্রমে বিদ্যুত উৎপাদন শুরু করে।

নবীকরণ ও আধুনিকীকরণ কর্মসূচির মাধ্যমে সাঁওতালদির দুটি তাপবিদ্যুত প্রকল্প উক্ত সময়ে অধিক পরিমাণ বিদ্যুত উৎপাদনে সক্ষম হয়। ঐ সময়ে জলঢাকা জলবিদ্যুত প্রকল্পটিও বিদ্যুত উৎপাদনে উন্নতির ফলে ঘাটতি লাঘবে সহায়তা করে।

(খ) ১৯৯০-৯১ সালে বকেয়া বিলসহ বর্তমান বিল আদায়ের পরিমাণ — ৫২,২৮০ লক্ষ টাকা প্রকৃত

এবং

১৯৯১-৯২ সালে এর পরিমাণ — ৬৫,৭৩৪ লক্ষ টাকা (প্রাক্ প্রকৃতি)

(গ) ২৪,১৬৬ লক্ষ টাকা (প্রাক্ প্রকৃত) আর্থিক বছর ১৯৯১-৯২।

(ঘ) ১৬,০১৯ লক্ষ টাকা (ফেব্রুয়ারি—১৯৯২ পর্যন্ত)

হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ডুমুরের জলায় স্টেডিয়াম নির্মাণ

৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২১০৯) **শ্রী জটু লাহিড়ী ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ডুমুরের জলায় কোন স্টেডিয়াম-নির্মাণের পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ডুমুর জলায় স্পোর্টস কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনাটি রূপায়িত করার দায়িত্ব হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনকে ন্যস্ত করা হয়েছে। এ-বাবদ রাজ্য সরকার কর্তৃক চার লক্ষ পঁচানব্বই হাজার সাতাত্তর টাকা একাশি পয়সা অনুদান দেওয়া হয়েছে।

(খ) প্রাথমিক কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।

বর্ধমান জেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিশু ভর্তির সংখ্যা

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৬) **শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় শিক্ষামন্ত্রী (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ শিক্ষাবর্ষে বর্ধমান জেলায় কত সংখ্যক শিশু প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বর্ষে ভর্তি হয়েছে ;

(খ) এই সংখ্যা পূর্ববর্তী বর্ষে কত ছিল ?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ২,২৩,৯৬২ জন শিশু প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বর্ষে ভর্তি হয়েছে।

(খ) পূর্ববর্তী বর্ষে এই সংখ্যা ছিল ১,০০,৭০০ জন।

নদীয়া জেলায় নতুন প্রাথমিক বিদ্যালয়

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৮) **শ্রী অজয় দে ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় ১৯৮১ সালের পর হতে ১৯৯১ পর্যন্ত কোনও নতুন প্রাথমিক বিদ্যালয় (১) স্থাপন ও (২) শিক্ষক নিয়োগ করা হয়েছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে এর কারণ কি?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ,

(খ) প্রশ্ন ওঠে না।

রাজ্যে আইনের সাহায্য প্রদান

৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩৪) **শ্রী ইউনিস সরকার ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯২ সালে ফেব্রুয়ারি পর্যন্ত সময়ে রাজ্যে কতজনকে আইনের সাহায্য প্রদান করা সম্ভব হয়েছে (জেলাভিত্তিক)?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ ১৯৯০ সালের জানুয়ারি থেকে ১৯৯১ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ৫,৯৭৭ ব্যক্তিকে আইনগত সাহায্য দেওয়া হয়েছে।

জেলাভিত্তিক নিচে দেওয়া হল ঃ

জেলার নাম		১৯৯০	১৯৯১
উত্তর ২৪ পরগনা	..	৩৬৪	২৯২
দক্ষিণ ২৪ পরগনা	..	১৭৭	১০৩
হাওড়া	..	১০৭	১২৪
মেদিনীপুর	..	১৫৭	১৬১
মুর্শিদাবাদ	..	৪৬১	১৬১
পুরুলিয়া	..	৬৭	তথ্য পাওয়া যায় নাই
দার্জিলিং	..	২৭	১৪
পশ্চিমদিনাজপুর	..	১৭৩	২০২
বীরভূম	..	১৭২	১৫৪
কুচবিহার	..	৩৮৯	৪৫৭
কলকাতা	..	৪২৮	তথ্য পাওয়া যায় নাই
জলপাইগুড়ি	..	৭৫	৬৬
বর্ধমান	..	৭৩	১৬৯
হুগলি	..	৪১৭	২৯৮
মালদহ	..	৮২	৪৫
নদীয়া	..	১৭৩	১৩৯
বাঁকুড়া	..	৬১	২১

মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্লকের জন্য অনুমোদিত নলকূপ স্থাপনের প্রকল্প

৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫০) **শ্রী আবুল হাসনাৎ খান ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্লকের জন্য কিছু মাঝারি ও উচ্চ ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ ও অগভীর নলকূপ স্থাপনের প্রকল্প সরকারি অনুমোদন লাভ করা সত্ত্বেও নলকূপগুলি স্থাপিত হয়নি ; এবং

(খ) সত্যি হলে, উক্ত নলকূপ স্থাপনের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) আংশিক সত্য। মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্লকে বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় পশ্চিমবঙ্গ ক্ষুদ্রসেচ প্রকল্পের অধীনে ২টি উচ্চ

ক্ষমতার ১টি মাঝারি ক্ষমতার এবং ৬টি (১টি গুচ্ছ) নিম্ন ক্ষমতার গভীর নলকূপের জন্য স্থান নির্বাচিত হয়েছে। এর মধ্যে ৬টি নিম্ন ক্ষমতার গভীর নলকূপ খনন করা হয়েছে লাভপুর মৌজায় (জে. এল. নং ৫৪)।

(খ) আশা করা যায় বর্তমান আর্থিক বৎসরে অর্থাৎ ১৯৯২-৯৩ সালে উচ্চ ও মাঝারি ক্ষমতার গভীর নলকূপ খননের কাজ হাতে নেওয়া হবে এবং নিম্ন ক্ষমতার গভীর নলকূপ গুচ্ছটির বাকি কাজ শেষ করার জন্য ব্যবস্থা নেওয়া হবে। ২টি উচ্চ ক্ষমতার ও ১টি মাঝারি ক্ষমতার নলকূপের কাজ জুন ১৯৯৩ নাগাদ শেষ হবে আশা করা যায়।

দেগঙ্গায় ডিগ্রি কলেজ স্থাপন

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫৮) **শ্রী মহঃ ইয়াকুব ঃ** শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনা জেলার দেগঙ্গায় ডিগ্রি কলেজ স্থাপনের জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ স্থাপিত হবে বলে আশা করা যায়?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

সোনাখালিতে ভ্রাম্যমাণ পশু চিকিৎসালয়

৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭৬) **শ্রী সুভাষ নস্কর ঃ** প্রাণী সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, (১) দক্ষিণ চব্বিশ পরগনা জেলার সোনাখালিতে ভ্রাম্যমাণ পশু চিকিৎসার জন্য 'পশুকল্যাণ' নামে একখানা যন্ত্রচালিত নৌকা চালানো হচ্ছে ও (২) ভ্রাম্যমাণ পশু চিকিৎসার অফিসটি ক্যানিং পশু হাসপাতালের সঙ্গে যুক্ত ; এবং

(খ) সত্যি হলে, সোনাখালিতে না হয়ে ক্যানিং-এ হওয়ার কারণ কি?

প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) (১) 'পশুকল্যাণ' নামে যন্ত্রচালিত নৌকা সোনাখালিতে চালানো হচ্ছে না। সোনাখালি, বাসন্তি এবং পার্শ্ববর্তী এলাকায় একখানা ভাড়া করা যন্ত্রচালিত নৌকা চালানো হচ্ছে।

(২) হ্যাঁ

(খ) যখন পশুকল্যাণ নৌকা চালানো হতো তখন দক্ষিণ চব্বিশ পরগনার ক্যানিং, বাসন্তী, গোসাবা ইত্যাদি এলাকায় এই যন্ত্রচালিত জলযানের পরিধি বিস্তৃত ছিল। তখন ক্যানিং-এ এর অফিস করা হয়েছিল। এখন এই অফিস আবার বাসন্তিতে সরিয়ে আনার পরিকল্পনা আছে।

কৃষি বাজারগুলির উন্নতির জন্য বরাদ্দকৃত অর্থ

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮৩) **শ্রী সুভাষ নস্কর ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯২-৯৩ আর্থিক বছরে পশ্চিমবঙ্গের কোন কোন কৃষি বাজারের উন্নতির জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে (পৃথকভাবে)

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ বার্ষিক আয়কর বরাদ্দে পৃথকভাবে কোন বাজারের টাকা বরাদ্দ করা থাকে না। সীমিত ব্যয়-বরাদ্দের মধ্যে গুরুত্ব ও প্রয়োজন অনুযায়ী কৃষি বাজারের উন্নতির জন্য টাকা বরাদ্দ করা হয়ে থাকে।

কৃষ্ণনগরে রাস্তা নির্মাণ বাবদ ব্যয়

৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৮৯) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষ্ণনগর ১ নং ব্লকের অধীনে ভাণ্ডার খোলা অঞ্চলের তারকদাসপুর গ্রাম থেকে পোড়াগাছা অঞ্চলের ঝাউতলা পর্যন্ত রাস্তা তৈরি করতে কত খরচ হয়েছে ; এবং

(খ) ঐ রাস্তা তৈরি করতে দেরি হওয়ার কারণ কি?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) কৃষ্ণনগর ১নং ব্লকের অধীন ভাণ্ডার খোলা অঞ্চলের তারকদাসপুর গ্রাম থেকে পোড়াগাছা অঞ্চলের ঝাউতলা পর্যন্ত রাস্তা তৈরির ক্ষেত্রে মোট বরাদ্দকৃত ১ লক্ষ টাকা। তার থেকে ১৯৯১-৯২ সালে খরচ হয়েছে ৮৫,৪৯৯.৯৬ টাকা।

(খ) রোলার না পাওয়ার জন্য উক্ত রাস্তা তৈরি করতে দেরি হচ্ছে।

নহাটা যোগেন্দ্রনাথ মণ্ডল মহাবিদ্যালয়

৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯৫) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তর ২৪-পরগনা জেলার নহাটা যোগেন্দ্রনাথ মণ্ডল স্মৃতি মহাবিদ্যালয় প্রতিষ্ঠা করার সময় ইউ. জি. সি. থেকে কত টাকা দেওয়া হয়েছিল?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ কোনও টাকা দেওয়া হয়নি।

ডিস্ট্রিক্ট প্ল্যানে বরাদ্দকৃত অর্থ

৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬১১) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলা পরিষদে ১৯৯০-৯২ এবং ১৯৯১-৯২ সালে ডিস্ট্রিক্ট প্ল্যান-এ কত টাকা বরাদ্দ হয়েছিল ;

(খ) তন্মধ্যে বনগাঁ মহকুমায় বনগাঁ, বাগদা, গাইঘাটা পঞ্চায়েত সমিতি ও পৌরসভাগুলিকে কত টাকা বরাদ্দ করা হয়েছে (আলাদাভাবে) ; এবং

(গ) ডিস্ট্রিক্ট প্ল্যান-এর টাকায় বনগাঁ মহকুমার পঞ্চায়েত সমিতিগুলি এবং পৌরসভাগুলি কোথায় কোথায় কি কি কাজে কত টাকা খরচ করেছে ? (আলাদাভাবে)

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) উত্তর ২৪-পরগনা জেলা পরিষদে ডিস্ট্রিক্ট প্ল্যানে ১৯৯০-৯১ সালে মোট ১,২২,৫৫,০০০ টাকা এবং ১৯৯১-৯২ সালে মোট ১৬,৩৩,০০০ টাকা বরাদ্দ করা হয়েছিল ;

(খ) উত্তর ২৪-পরগনা জেলার বনগাঁ মহকুমার বনগাঁ, বাগদা, গাইঘাটা পঞ্চায়েত সমিতি এবং পৌরসভাগুলিকে আলাদাভাবে কোনও অর্থ বরাদ্দ করা হয় নি

উপরোক্ত ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালের বরাদ্দকৃত মোট ১,৩৮,৮৮,০০০ টাকাই জেলার বিভিন্ন রাস্তার উন্নয়নের জন্য বরাদ্দ হয়েছিল।

(গ) প্রশ্ন ওঠে না।

পশ্চিমবঙ্গে এস. ডি. পি. এ. সেন্টার গঠন

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২০) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার এস.পি.ডি.এ সেন্টার গঠন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দিয়েছেন ;

(খ) সত্যি হলে, সেই সেন্টারগুলি কোন কোন স্থানে হবে বলে আশা করা যায় ; এবং

(গ) এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের ভূমিকা কি ?

ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) আপাতত বর্ধমান ও দার্জিলিং জেলার লেবং-এ এস.পি.ডি.এ. সেন্টার গঠন করার প্রস্তাব আছে।

(গ) রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগে এই প্রকল্পটি পরিচালিত হবে। রাজ্য সরকার খেলাধূলার জন্য পরিকাঠামোগত সুযোগ-সুবিধা দেবেন। শিক্ষার্থীদের খাওয়া, পড়াশুনা ও প্রশিক্ষণ প্রভৃতি বাবদ খরচ কেন্দ্রীয় সরকার বহন করবেন।

রূপনারায়ণপুরে পরিবেশ দূষণ

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮০) **শ্রী এস. আর. দাস ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, সালানপুর থানার অন্তর্গত রূপনারায়ণপুরে ভারতীয় কেমিক্যাল কোং নামে একটি রসায়ণ শিল্পের বর্জ্য পদার্থের ফলে ঐ এলাকার

(১) জল, বায়ু ও মাটি ঘিরে সমস্ত পরিবেশ দুষিত হয়ে গেছে ;

(২) ঐ চত্বরে অবস্থিত পানীয় জলের একমাত্র উৎস কুয়োর জল ব্যবহারের অনুপযুক্ত বলে বিবেচিত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে কি পদক্ষেপ নেওয়া হয়েছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) সত্যি।

(১) পারিপার্শ্বিক জলবায়ু দূষিত হচ্ছে ;

(২) নিকটবর্তী কয়েকটি কুয়োর জল দূষিত হচ্ছে।

(খ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ থেকে এই কোম্পানিকে পরিবেশ দূষণ প্রতিরোধের জন্য যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য বহুবার নির্দেশ দেওয়া সত্ত্বেও কোনও ফল না হওয়ায় এই কোম্পানির বিরুদ্ধে সরকারি আইন অনুযায়ী আদালতে মামলা দায়ের করা হয়েছে।

বারাবনি ও সালানপুর ব্লকে পানীয় জল

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮১) **শ্রী এস. আর দাস ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে আসানসোল মহকুমার অন্তর্গত বারাবনি ও সালানপুর ব্লকে অনেকগুলি গ্রামে পানীয় জলের কোন উৎস নেই ;

(খ) সত্যি হলে, কোন গ্রামে?

(গ) উক্ত দুটি ব্লকের কোন কোন গ্রামে গ্রীষ্মকালে পানীয় জলের উৎস শুকিয়ে যায়, এ মর্মে কোনও তথ্য থাকলে তা কোন কোন গ্রামে ;

(ঘ) উক্ত গ্রামগুলিতে পানীয় জলসরবরাহের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(ঙ) থাকলে, কবে নাগাদ ঐ পরিকল্পনা রূপায়িত হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বারবনি ব্লকের অন্তর্গত খামরা গ্রাম ব্যতীত সমস্ত গ্রামেই এক বা একাধিক পানীয় জলের উৎস আছে।

(খ) খামরা গ্রামে।

(গ) সালানপুর ব্লকের অন্তর্ভুক্ত ৫টি গ্রামে ও বারবনি ব্লকের অন্তর্ভুক্ত ৬টি গ্রামের কুয়োর শতকরা আশি ভাগ-এর জলস্তর গ্রীষ্মকালে নিচে নেমে যায় এবং এর মধ্যে বেশিরভাগেরই প্রচণ্ড গ্রীষ্মে পানীয় জল শুকিয়ে যায়।

(ঘ) এবং (ঙ) সালানপুর ব্লকের পাহাড়গোড়া এবং মহেশমুড়া গ্রামে নলবাহি জল সরবরাহ প্রকল্পের সুবিধা আছে কিন্তু এই সুবিধা থেকে পানীয় জলের যোগান বৃদ্ধির চেষ্টা চলছে।

নদীয়া জেলার বেতাইয়ে বি. আর. আম্বেদকর কলেজে নতুন বিষয় চালু

৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩০) **শ্রী কমলেন্দু সান্যাল** ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদীয়া জেলার অন্তর্গত বেতাইয়ে ডঃ বি. আর. আম্বেদকর কলেজে বর্তমান শিক্ষাবর্ষে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস ও হিসাবশাস্ত্রে সাম্মানিক বিষয় চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ বর্তমানে নেই।

নিম্ন আদালতে বাংলা ভাষা চালু করার সিদ্ধান্ত

৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩৪) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী** ঃ বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নিম্ন আদালতে বাংলা ভাষা চালু করার সরকারি সিদ্ধান্ত কতদূর কার্যকরি করা হয়েছে ;

(খ) যে জেলাগুলিতে ঐ কাজ চালু করা হয়েছে সেগুলি দেখার জন্য সরকার কোনও ব্যবস্থা করেছেন কি ; এবং

(গ) বাকি জেলাগুলিতে বাংলা ভাষায় কাজ কতদিনে শুরু করা সম্ভব হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বিগত ১৯৮৯ সালের ১৮ই সেপ্টেম্বর থেকে হুগলি, বীরভূম ও মালদা জেলার নিম্ন আদালতগুলিতে সীমিতক্ষেত্রে বাংলা ভাষায় কাজকর্ম শুরু হয়েছে।

(খ) উক্ত জেলাগুলির এ সকল কাজকর্ম সংশ্লিষ্ট জেলা জজগণই দেখাশুনা করে থাকেন।

(গ) পর্যায়ক্রমে সমস্ত জেলার নিম্ন আদালতগুলির কাজকর্ম বাংলা ভাষায় চালু করার পরিকল্পনা সরকারের আছে।

বর্তমানে আরও নয়টি জেলা যথাক্রমে মেদিনীপুর, বর্ধমান, পুরুলিয়া, কোচবিহার, বাঁকুড়া, মুর্শিদাবাদ, নদীয়া, জলপাইগুড়ি ও দক্ষিণ-চব্বিশ পরগনা নিম্ন আদালতগুলিতে বাংলা ভাষা চালু করার পরিকল্পনা সক্রিয়ভাবে বিবেচনাধীন আছে।

পানীয় জল সরবরাহ খাতে ব্যয়িত অর্থ

৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৪৭) **শ্রী সত্যরঞ্জন বাপুলি** ঃ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ আর্থিক বছরে পানীয় জল সরবরাহ খাতে বরাদ্দকৃত মোট টাকার মধ্যে উক্ত আর্থিক বছরের শেষে কত টাকা ব্যয় হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ বরাদ্দকৃত মোট অর্থের পরিমাণ ছিল ৬,৫১৫ লক্ষ টাকা এবং এর মধ্যে ব্যয়ের আনুমানিক পরিমাণ হল ৪,৪৪২.৬৭ লক্ষ টাকা।

সরকারি গ্রন্থাগারের সংখ্যা ও খরচের পরিমাণ

৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০৪) **শ্রী কমলেন্দু সান্যাল ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৬-৭৭ সালে সরকার অনুমোদিত গ্রন্থাগারের সংখ্যা এবং এ-ব্যাপারে সরকারের খরচের পরিমাণ সম্পর্কে কোনও তথ্য সরকারের আছে কি ;

(খ) ১৯৯১-৯২ সালে ঐ সংখ্যাগুলি কত হয়েছে ; এবং

(গ) নব সাক্ষরদের উপযোগী গ্রামীণ গ্রন্থাগার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ১৯৭৬-৭৭ সালে এরূপ গ্রন্থাগারের সংখ্যা ছিল ৭৬২টি। ঐ সালে গ্রন্থাগার পরিষেবার জন্য মোট খরচের পরিমাণ ছিল ৭৭ লক্ষ ২ হাজার ১ শত ৯০ টাকা।

(খ) ২,৫২৩টি।

(গ) হ্যাঁ।

তুলসিবেড়িয়া-জগরামপুর নুতন বাঁধ

৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০৭) **শ্রী রাজকুমার মণ্ডল ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়া ২নং ব্লকে তুলসিবেড়িয়া-জগরামপুর নূতন বাঁধ-রাস্তাটি মেরামতের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে কবে নাগাদ এটা কার্যকর হবে বলে আশা করা যায়?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) এই বাঁধ-রাস্তাটি মেরামতের প্রস্তাব "ফ্লাড প্রোটেকশন ওয়ার্ক অন এক্স জমিনদারি বাঁধ ফ্রম তেহট্ট মৌজা টু তুলসিবেড়িয়া মৌজা ভায়া জগরামপুর মৌজা" প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং অনুমোদনের জন্য ব্লক থেকে জেলা প্ল্যানিং কমিটির কাছে গত এপ্রিল মাসে পাঠানো হয়েছে।

(খ) অনুমোদন পেলে এবং রাজ্য সরকারের অর্থ মঞ্জুরি পেলে কাজ শুরু হবে। এখনি কোনও তারিখ দেওয়া সম্ভব না।

ব্যারাকপুরের জুট রিসার্চ ইনস্টিটিউটের স্থানান্তরকরণ

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪) **শ্রী দিলীপ মজুমদার ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ব্যারাকপুরের কেন্দ্রীয় কৃষি বিভাগের অধীন জুট রিসার্চ ইনস্টিটিউটটি অন্যত্র স্থানান্তরিত করা হচ্ছে—এই মর্মে কোনও সংবাদ রাজ্য সরকারের কাছে এসেছে কি না ; এবং

(খ) এসে থাকলে, উক্ত বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোনও প্রতিবাদ পত্র পেশ করেছেন কি না?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ব্যারাকপুরের কেন্দ্রীয় কৃষি বিভাগের অধীন জুট রিসার্চ ইনস্টিটিউট অন্যত্র স্থানান্তরিত করার ব্যাপারে কৃষি বিভাগের কাছে কোনও সংবাদ নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

বোলপুরে এগ্রিকালচারাল মার্কেটিং কমপ্লেক্স স্থাপন

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৮) **শ্রী তপন হোড় ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার বোলপুরে এগ্রিকালচারাল মার্কেটিং কমপ্লেক্স গড়ে তোলার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) কাজ শুরু হয়েছে। কবে শেষ হবে বলা যাচ্ছে না।

১৯৯১ সালে শিলাবৃষ্টিতে ফসলের ক্ষতি

৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮) **শ্রী তোয়াব আলি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯১ সালে পশ্চিমবঙ্গে শিলাবৃষ্টিতে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে?

(খ) সত্যি হলে ক্ষতির পরিমাণ কত (জেলাওয়ারি হিসাব) ; এবং

(গ) উক্ত ক্ষতিপূরণের জন্য কোনও ব্যবস্থা গৃহীত হয়েছে কি না?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) না, ব্যাপক ক্ষতি হয়নি। তবে বিক্ষিপ্তভাবে কয়েকটি জেলায় ফসলের সামান্য ক্ষতি হয়েছিল।

(খ) পশ্চিম দিনাজপুরে টাকার অঙ্কে ফসলের ক্ষতি ২৭ লক্ষ ৪২ হাজার টাকা, মালদহে ১৮ লক্ষ ৪০ হাজার টাকা, বাঁকুড়া জেলায় ২৯ লক্ষ ৭৪ হাজার টাকা, বীরভূমে ২৬ লক্ষ ৩৬ হাজার টাকা, মেদিনীপুর (পশ্চিম) জেলায় ৬২ হাজার টাকা। মোট ক্ষতির পরিমাণ ১ কোটি ২ লক্ষ ৫৪ হাজার টাকা।

(গ) উক্ত ক্ষতিপূরণের জন্য রাজ্য সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন তা হল—(১) বিনা মূল্যে বিভিন্ন মিনিকিট বিতরণ (২) ভর্তুকিতে উন্নতমানের বোরো ধানের বীজ বিতরণ ইত্যাদি।

ধূপগুড়িতে হিমঘর নির্মাণ

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫১) **শ্রী যোগেশচন্দ্র বর্মণ ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জলপাইগুড়ি জেলার ধূপগুড়িতে পরিকল্পিত হিমঘর নির্মাণের কাজটি বিলম্বিত হচ্ছে ;

(খ) সত্যি হলে কারণ কি ; এবং

(গ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে উক্ত নির্মাণ কাজের অগ্রগতি কিরূপ?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ, জলপাইগুড়ি জেলার ধূপগুড়িতে প্রস্তাবিত দুটি হিমঘর, যার একটি সমবায়ভিত্তিতে ও অপরটি ব্যক্তিগত মালিকানাধীনে নির্মিত হওয়ার প্রস্তাব কৃষিজ বিপণন দপ্তরে যথাক্রমে ১৯৯০ ও ১৯৮৮ সালে এসেছিল ও অনুমোদন লাভ করেছিল, সাম্প্রতিক সংবাদ অনুযায়ী সেইদুটি হিমঘরেরই নির্মাণকার্যের অগ্রগতি উল্লেখযোগ্য নয়।

(খ) সর্বশেষ খবর অনুযায়ী জানা যায় যে, ব্যক্তিগত মালিকানাধীন হিমঘরটির ক্ষেত্রে পর্যাপ্ত অর্থের অসঙ্গতিই নির্মাণকার্যে বিলম্ব ঘটার কারণ। সমবায়ভিত্তিক হিমঘরটি ক্ষেত্রে কোনও সুস্পষ্ট কারণ কর্তৃপক্ষের তরফ থেকে জানানো হয়নি।

(গ) প্রশ্ন আসে না।

কৃষি প্রযুক্তি সহায়কের সংখ্যা

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৬) **শ্রী রমণীকান্ত দেবশর্মা ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৯শে ফেব্রুয়ারি, ১৯৯২ পর্যন্ত পশ্চিমবঙ্গে কৃষি প্রযুক্তি সহায়কের মোট সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে পশ্চিম দিনাজপুর জেলায় কত (ব্লকওয়ারি হিসাব)?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কৃষি প্রযুক্তি সহায়কের সংখ্যা হল—৩৫২৯।

(খ) পশ্চিম দিনাজপুর জেলায় ব্লকভিত্তিক কৃষি প্রযুক্তি সহায়কের সংখ্যা নিচে দেওয়া হল ঃ

(১) চোপড়া .. ৭ জন

(২) ইসলামপুর .. ৮ ''

(৩)	গোয়ালপুকুর (১)	..	৯	”
(৪)	গোয়ালপুকুর (২)	..	৫	”
(৫)	করণদিঘি	..	১৭	”
(৬)	রায়গঞ্জ	..	১৬	”
(৭)	হেমতাবাদ	..	১০	”
(৮)	কালিয়াগঞ্জ	..	১৫	”
(৯)	কুশমাণ্ডি	..	১১	”
(১০)	ইটাহার	..	১৯	”
(১১)	বংশীহার	..	১৫	”
(১২)	গঙ্গারামপুর	..	২৪	”
(১৩)	কুমারগঞ্জ	..	১৭	”
(১৪)	তপন	..	২০	”
(১৫)	বালুরঘাট	..	৩১	”
(১৬)	হিলি	..	৯	”
(১৭)	অন্যান্য	..	১০	”
	মোট সংখ্যা		২৪৩	জন

বীরভূম জেলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামীর সংখ্যা

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৮) **শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামীর সংখ্যা কত (জেলাওয়ারি হিসাব)?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ বীরভূম জেলার সিউড়ি জেলা কারায় যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত আসামীর সংখ্যা হল উনিশ (১৯)।

পুরুলিয়া জেলায় কৃষি সম্প্রসারণ আধিকারিকের শূন্য পদ

৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭১) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলায় কৃষি সম্প্রসারণ আধিকারিকের কিছু পদ শূন্য আছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) উক্ত শূন্য পদের সংখ্যা কত (ব্লকের নামসহ) ;

(২) উক্ত পদগুলি শূন্য থাকার কারণ কি?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) (১) একটি পদ, আরসা ব্লক।

(২) ১৯৮২ সালে এ রাজ্যের ব্লক কৃষি উন্নয়ন আধিকারিক-এর পদের নিয়োগ বিধি পরিবর্তন করে সংশ্লিষ্ট কৃষি সম্প্রসারণ আধিকারিক-এর পদ ও আধিকারিক (যারা কৃষি স্নাতক)-গণকে একসাথে কৃষি উন্নয়ন আধিকারিক পদে উন্নীত করা হয়েছে এবং সেই সময় হতে ব্লক কৃষি সম্প্রসারণ আধিকারিকের (যেগুলি উন্নীত করা যায় নি) পদে নিয়োগ বন্ধ আছে। —এটাই উক্ত পদটি শূন্য থাকার কারণ।

বাসন্তী পশু চিকিৎসালয়টির স্থানান্তরকরণ

৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭৭) **শ্রী সুভাষ নস্কর ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলায় বাসন্তী পশু চিকিৎসালয়টি নতুন ভবনে স্থানান্তরিত করা হবে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত স্থানান্তরকরণের কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) শীঘ্রই স্থানান্তরকরণের চেষ্টা করা হচ্ছে।

ময়না-মেদিনীপুর রুটে চলাচলরত বাসের সংখ্যা

৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩৫) **শ্রী মাণিক ভৌমিক ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ময়না-মেদিনীপুর রুটে চলাচলরত (১) বেসরকারি ও (২) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাসের সংখ্যা কত ;

(খ) উক্ত বাসগুলি নিয়মিত চলাচল করে কি না ; এবং

(গ) উক্ত রুটে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাসের সংখ্যা বৃদ্ধি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) (১) বেসরকারি—৯টি। (২) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা—১টি।

(খ) নিয়মিত চলাচল করে।

(গ) আরও ১টি বাস চালানোর প্রস্তাব আছে।

ডি. আর. ডি. এ. স্কীম

৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৬১৫) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডি. আর. ডি. স্কীমে বেনিফিসিয়ারি সিলেকশনের পদ্ধতি কি ;

(খ) বনগাঁ পঞ্চায়েত সমিতির এলাকাধীন অঞ্চলগুলিতে ১৯৮৩ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত—

(১) দারিদ্র্যসীমার নিচের মোট কতজন মানুষকে ডি. আর. এ.-র লোনের মাধ্যমে আর্থিক উন্নয়নের ব্যবস্থা করা হয়েছে ;

(২) তার শতকরা হিসাব কত ;

(গ) ঐ সময় পর্যন্ত ডি. আর. ডি. স্কীমের মাধ্যমে কতজন মানুষকে ডেয়ারি লোন দেওয়া হয়েছে ;

(ঘ) উক্ত ডেয়ারি প্রকল্পে বনগ্রাম পঞ্চায়েত সমিতির গ্রামীণ উৎপাদন কত ;

(ঙ) তন্মধ্যে কতগুলি ডেয়ারি বন্ধ হয়ে গেছে ; এবং

(চ) বন্ধ হওয়ার কারণ কি?

গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) দারিদ্র্যসীমার নিচে অবস্থানকারি পরিবারসমূহের যে তালিকা গ্রাম পঞ্চায়েত স্তরে রাখা আছে তা থেকে দরিদ্রতম পরিবারগুলিকে অগ্রাধিকার দিয়ে প্রস্তুত তালিকা গ্রাম পঞ্চায়েত প্রধান বা পঞ্চায়েত সমিতির আই. আর. ডি. পি. উপ-সমিতিতে পেশ করেন। পুঙ্খানুপুঙ্খ আলোচনার পর বেনিফিসিয়ারিদের প্রস্তাবিত স্কীম সহ অনুমোদিত তালিকা ব্যাঙ্ক সমূহের কাছে প্রেরণ করা হয় যৌথ পরিদর্শনের জন্য। এই তালিকা থেকে যে সব ব্যক্তির স্কীম অর্থনৈতিকভাবে সফল হওয়ার সম্ভাবনাময় বলে বিবেচিত হয় সেগুলিকে নির্বাচন করে যথাযথ নথিপূরণ করে আবেদন পত্র গ্রাম পঞ্চায়েতের প্রধান মারফৎ জমা দিতে বলা হয়। এইভাবেই আই. আর. ডি. পি. স্কীমে বেনিফিসিয়ারি নির্বাচন করা হয়।

(খ) বনগাঁ পঞ্চায়েত সমিতির এলাকায় ১৯৮৩-৮৪ সাল থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত দারিদ্র্যসীমার নিচে মোট ১০,৪৭৫ টি পরিবারকে ডি. আর. ডি.-এর লোনের মাধ্যমে আর্থিক উন্নয়নের ব্যবস্থা করা হয়েছে, ৩২.৪২%।

(গ) ১৯৮৩-৮৪ সাল থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত আই. আর. ডি. পি. স্কীমের মাধ্যমে মোট ৮০২ জন মানুষকে ডেয়ারি লোন দেওয়া হয়েছে।

(ঘ) ১৫,৩৯,৫৭০ লিটার।

(ঙ) ৩৯৪টি।

(চ) বন্ধ হওয়ার কারণগুলি ঃ (১) পশু মৃত্যু, (২) কম দুগ্ধ উৎপাদন, (৩) দুগ্ধের বিক্রয়মূল্য হ্রাস, (৪) পশুখাদ্য সমস্যা ইত্যাদি।

Allotment of Fund under Neheru Rojgar Yojana For Kandi Municipality

361. (Admitted question No. 2629) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Municipal Affairs Department be pleased to state—

(a) Whether any Fund has been allotted under Neheru Rojgar Yojana for Kandi Municipality in the district of Murshidabad for the years 1990-91 and 1991-92.

(b) if so, the amount thereof; and

(c) if the answer to clause 'a' be in the negative, the reasons thereof ?

Minister-in-charge of the Municipal Affairs Department : (a) Yes.

(b) A statement is placed below.

(c) Does not arise.

Statement referred to in reply to clause (b) of the question No. 361 (Admitted Question No. 2629)

1990-91

No.	Dated	Rs.	
171/C-10/3S-28/89	16.4.90	1,06,000	UME (CS)
171/C-10/3S-28/89	16.4.90	2,52,000	UME (CS)
304/C-10/1G-05/90	7.8.90	26,500	UME (SS)
437/C-10/1G-05/90	23.3.90	37,100	UME (SS)
175/C-10/1G-05/90	22.3.91	42,400	UME (SS)
178/C-10/1G-05/90	22.3.91	3,700	A & O.E. (CS)
	1991-92		
151/C-10/1G-6/91	13.3.92	2,200	A & O.E. (SS)

C. S.—Central Share.

S. S.—State's Share.

১৯৯২-৯৩ সালে বিভিন্ন জেলায় গভীর নলকূপ বসানোর পরিকল্পনা

৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৭০২) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩ সালে নূতন পানীয় জলের গভীর নলকূপ বসানোর পরিকল্পনা আছে কি ;

(খ) থাকলে কয়টি এবং কোথায় কোথায় ; এবং

(গ) নদীয়া জেলায় জলে আর্সেনিক দূষণের সমস্যা প্রতিকারের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৯৯২-৯৩ সালে গভীর নলকূপ বসানোর প্রস্তাবিত কর্মসূচি নিম্নে দেওয়া হল ঃ

(১) জেলার নাম	হস্তপ্রোথিত নলকূপ এবং কূপ	রিগপ্রোথিত নলকূপ	মোট
কুচবিহার	২৪	১২	৩৬
জলপাইগুড়ি	১৭৬	১২৯	২০৫
দার্জিলিংয়ের			
(ক) সমতল	২৪	২৪	৪৮
(খ) গোর্খাহিল কাউন্সিল	—	—	—
পশ্চিম দিনাজপুর	৯৬	—	৯৬
মালদহ	২৩৬	—	২৩৬
মুর্শিদাবাদ	৮৮	—	৮৮
নদীয়া	২৪	—	২৪
২৪ পরগনা (উঃ)	১৮৪	—	১৮৪
২৪ পরগনা (দঃ)	২৪০	—	২৪০
হাওড়া	১৬	—	১৬
হুগলি	২৪	—	২৪
মেদিনীপুর	৩৫৯	১৩৭	৪৯৬
বাঁকুড়া	৬০	১০৮	১৬৮
পুরুলিয়া	২৪	১২০	১৪৪
বর্ধমান	১৩৬	৭৬	২১২
বীরভূম	২৮	৮৯	১১৭
	১৭৩৯	৬৯৫	২৪৩৪

(২) নলবাহী পানীয় জল সরবরাহের জন্য বড় ব্যাসের গভীর নলকূপ (পাম্পিং মেশিনারি সমেত) বসানোর প্রস্তাবিত কর্মসূচি)

জেলার নাম	নলবাহি পানীয় জলসরবরাহ কর্মসূচির নাম	নলকূপের সংখ্যা
কুচবিহার	১। কুচবিহার মিউনিসিপ্যাল	৪
	২। গোসানিমারি	১
	৩। ঘুঘুমারি	২
	৪। নলংগাবাড়ি	২
	৫। কামিনীর হাট	২
	৬। চেকোর চর	২
জলপাইগুড়ি	১। পুঁটিমারি	২
	২। ডালমের বামজোড়া চা বাগান	২
	৩। ক্রান্তি	২
	৪। ডালিমপুর	২
পশ্চিমদিনাজপুর	১। তাইয়ের	২
	২। পাঁজিপাড়া	২
	৩। বজরাপুকুর	২
মালদহ	১। ইংলিশবাজার	৩
	২। মথুরাপুর	২
	৩। হরিশ্চন্দ্রপুর	১
	৪। ওল্ড মালদহ	২
	৫। মালদহ জেলা সদর	১

জেলার নাম	নলবাহি পানীয় জলসরবরাহ কর্মসূচির নাম	নলকূপের সংখ্যা
মুর্শিদাবাদ	১। মহালান্দি	১
	২। জগতাই	১
	৩। কাকুরিয়া জাফরাবাদ	১
নদীয়া	১। কৃষ্ণনগর গ্রামীণ	২
	২। বাদকুল্লা	৪
	৩। ভালুকা	২
	৪। ভেউরখালি	১
	৫। তেহট্ট	১
	৬। নাজিরপুর	১
	৭। মাগুরখালি	২

	৮। কল্যাণী বোট পার্ক (এন. এ)	১
২৪-পরগনা (উত্তর)	১। মসলন্দপুর	১
	২। বনগাঁ	১
	৩। অশোকনগর-কল্যাণগড়	১
	৪। সোহাই-সেপপুর	১
	৫। বসিরহাট হাসপাতাল	১
২৪-পরগনা (দক্ষিণ)	১। ক্যানিং	২
	২। বামুনিয়া	১
	৩। ভোগালি	১
	৪। কালিনগর	১
	৫। ঘাসিয়ারা	১
	৬। মথুরাপুর	১
	৭। নলভাঙ্গা	১
	৮। বাক্‌রাহাট	২
	৯। উস্তি	২
	১০। রাসপূজা	১
মেদিনীপুর	১। খড়্গপুর	১
	২। দীঘা	১
	৩। নাচিন্দা	১
বীরভূম	১। বোলপুর	২
	২। চন্ডীদাস-নানুর	১
	৩। আমেদপুর	২
	৪। পুরন্দরপুর	২
	মোট	৮১

(গ) ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ অনুসন্ধান এবং আর্সেনিক দূরীকরণের জন্য অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ্, সেন্টার ফর স্টাডি অব ম্যান অ্যান্ড এনভায়রনমেন্ট, সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড, স্টেট ওয়াটার ইনভেস্টিগেটিং ডাইরেক্টরেট, স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন, জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া, যাদবপুর বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং পি. এইচ. ই-র বিশেষজ্ঞদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। আশা করা যায় এই কমিটির বিশেষজ্ঞরা ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ দূরীকরণের বিষয়ে যথাযথ পরামর্শ দিতে পারবেন।

ফলতায় সরকার অধিগৃহীত "শিশু কানন"

৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭২) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার ফলতা থানা এলাকায় সরকার অধিগৃহীত 'শিশু কাননটি' বর্তমানে বন্ধ আছে ;

(খ) সত্যি হলে, কারণ কি ; এবং

(গ) এই সম্পর্কে, সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ঐ স্থানে এই বিভাগের পরিচালনায় কোনও শিশু কানন নেই।

(খ) কোন প্রশ্নই আসে না।

(গ) কোন প্রশ্নই আসে না।

জয়নগরে সুসংহত শিশু বিকাশ প্রকল্প

৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭৭) **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার জয়নগর ২নং ব্লকটিকে সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এই প্রকল্পের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

জোমজুড় থেকে ডানলপ পর্যন্ত সরকারি বাস চালানোর পরিকল্পনা

৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৮২) **শ্রী পদ্মনিধি ধর ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডোমজুড় থেকে ডানলপ (ভায়া বোম্বে রোড-দিল্লি রোড) পর্যন্ত সরকারি বাস চালাবার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি কার্যকরি হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বর্তমানে কোনও পরিকল্পনা বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

বর্ধমান জেলার মন্তেশ্বর এলাকায় সরকারি বাস চালানোর পরিকল্পনা

৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০২) **শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার মন্তেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় সরকারি বাস চালানোর কোনও পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত এলাকায় কোন কোন রুটে বাস চলাচল করবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বর্তমানে এরূপ কোনও পরিকল্পনা গৃহীত হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

নদীয়ার বেতাইয়ে ডঃ বি. আর. আম্বেদকর কলেজ সংলগ্ন পুকুর

৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮২৬) **শ্রী কমলেন্দু সান্যাল ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে,

(১) নদীয়ায় বেতাই ডঃ বি. আর. আম্বেকর কলেজ সংলগ্ন পুকুরটি সরকারের ন্যস্ত জমিতে অবস্থিত ;

(২) পুকুরটি ভূমি ও ভূমি সংস্কার বিভাগ কর্তৃক বেতাই ১ নং গ্রাম পঞ্চায়েতকে হস্তান্তরিত করা হয়েছে ;

(৩) কলেজ কর্তৃপক্ষ উক্ত পুকুর লিজ দিয়েছেন ; এবং

(খ) সত্য হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করছেন/করেছেন?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) (১) হ্যাঁ।

(২) না।

(৩) না।

(খ) প্রশ্ন ওঠে না।

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের বিভিন্ন শাখায় ইঞ্জিনিয়ারের অনুমোদিত পদ

৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯২) **শ্রী সুভাষ নস্কর ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জনস্বাস্থ্য কারিগরি বিভাগে সিভিল, ইলেক্ট্রিক্যাল এ মেকানিক্যাল শাখায় মোট কতগুলি একসিকিউটিভ ইঞ্জিনিয়ার এবং সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ারের অনুমোদিত পদ আছে (পৃথকভাব),

(খ) ঐ পদগুলিতে কোন কোন পদে কতজন তফসিলি জাতি এবং তফসিলি উপজাতিভুক্ত ইঞ্জিনিয়ার নিযুক্ত আছেন, এবং

(গ) ঐ পদগুলিতে প্রমোশনের সময় 'সংরক্ষণ নীতি' বিবেচনা করা হয় কি?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) জনস্বাস্থ্য কারিগরি বিভাগের অধীনস্থ জনস্বাস্থ্য কারিগরি অধিকারে (১) সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় নির্বাহিবাস্তুকার (একসিকিউটিভ

ইঞ্জিনিয়ার)-এর অনুমোদিত পদের সংখ্যা ৪৯ (উনপঞ্চাশ) এবং অধীক্ষক বাস্তুকার (সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার)-এর অনুমোদিত পদের সংখ্যা ১৫ (পনের)। মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল (একই পর্যায়ভুক্ত) শাখায় নির্বাহি বাস্তুকার (একসিকিউটিভ ইঞ্জিনিয়ার) এর পদের সংখ্যা ১২ (বারো) এবং অধীক্ষক বাস্তুকার (সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার)-এর অনুমোদিত পদের সংখ্যা ২ (দুই)।

(খ) উপরোক্ত পদগুলির মধ্যে কেবলমাত্র সিভিল ইঞ্জিনিয়ারিং শাখার নির্বাহী বাস্তুকার পদে ২ (দুই) জন তফসিলি জাতিভুক্ত ইঞ্জিনিয়ার আছেন। কোনও পদেই কোনও তফসিলি উপজাতিভুক্ত ইঞ্জিনিয়ার নাই।

(গ) হয়।

হাওড়ার শ্যামপুর থানায় বৈদ্যুতিকরণ

৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯০০) **শ্রী রাজকুমার মন্ডল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাওড়া জেলার শ্যামপুর থানার কাশাটি ২ নং ব্লকের রামনগর মৌজায় এখনও পর্যন্ত বৈদ্যুতিকরণ করা হয় নি ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত মৌজায় বৈদ্যুতিকরণ করা হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ক্যানিং-এ সরকারি আবাসন

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৭৪) **শ্রী বিমল মিস্ত্রী ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং থানা এলাকায় সরকারি আবাসন গড়ে তোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) না ; বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

[12-00 — 12-10 P.M.]

Adjournment Motion

Mr. Speaker : To day I have received three notices of Adjournment Motion. The first is from Shri Sudip Bandyopadhyay on the subject of order of re-polling in 46 Booths of Ballygunj Assembly Constit-

uency by the Election Commission. The second is from Shri Abdul Mannan on the subject of alleged failure of the police to maintain law and order in the State and the third is from Shri Saugata Roy on the subject of alleged support of the State Government to Bangla Bandh on 16th June.

None of them are present. So, these are not considered.

Calling Attention to Matters of Urgent Public Important

I have received five notices of Calling Attention, namely.

1. Non-availability of A. R. V. and A. V. injection in Sadar and sub-divisional Hospitals of Hooghly district from Shri Abdul Mannan.

2. Reported non-encashment of Cheques of the State Government on 15. 6. 1992 from Shri Ajoy De.

3. Reported lock-out of Honuman Jute Mill at Howrah from Shri Lakshman Chandra Seth.

4. Alleged terrorism at the village Alampur of Burdwan on 16. 6. 1992. from Shri Sobhan Deb Chattopadhyay.

5. Alleged death of the Madhab Chandra Patra at P. G. Hospital on 2. 6. 92 due to negligence of the Hospital authority from Shri Manik Bhowmik.

I have selected the notice of Shri Lakshman Chandra Seth on the subject of Reported lock-out of Honuman Jute Mill at Howrah.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Patit Paban Pathak : The statement will be made on 26. 6. 92.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Minister-in-charge of Home (Police) Department will make a statement on the reported bus accident near Dehradun, U. P. resulting in death of a number or tourists from West Bengal.

(Attention called by Shri Subhas Goswami on 3. 6. 1992)

Shri Jyoti Basu :

Mr. Speaker, Sir,

I rise to make this statement in connection with the Calling Attention Notice from Shri Subhas Goswami regarding the bus accident

on 2nd June, 1992, near Dehradun, resulting in death and injury to some passengers belonging to West Bengal.

The mishap took place on the 2nd June, 1992, at about 9. 30 A. M. at Sahashra Dhara in Dehradun district of U. P. When a bus carrying passengers fell into a gorge. Reports indicate that seven passengers died on the spot. The following dead persons were identified :

1. Shrimati Manjushree Roy, W/o. P. C. Roy of 166; Bangur Avenue, Lake Town PS.
2. Kumari Jharna Ganguly, D/o. S. Ganguly of R. B. I. Staff Colony, Dum Dum.
3. Kumari Sucharita Chakraborty, D/o. Shrimati Anita Chakraborty of Durgapur town.

Fifteen persons were injured in the accident and admitted to a hospital in Dehradun for treatment. The names of the injured persons are :

1. Shrimati Debrina Ram, D/o. Debdas Ram of EM-506 Durgapur.
2. Shrimati Mitua Ram, D/o. Debdas Ram of EM-506 Durgapur.
3. Smt. Meera Ganguly, W/o. S. R. Ganguly of R. B. I. Staff Colony, Chitpur, Dum Dum.
4. Smt. Madhabi Banerjee, W/o. E. R. Banerjee, Hooghly.
5. Kumari Rupa Ganguly, D/o. S. R. Ganguly of 1/1, R. B. I. Staff Colony.
6. Shri B. K. Raha, S/o. R. B. Raha of Budge Budge.
7. Shri A. D. Banerjee of Garalgacha, Hooghly.
8. Smt. Sumita Bag, W/o. Ananta Bag of Bajagipur, Hooghly.
9. Shri Ananta Bag of Bajagipur, Hooghly.
10. Kumari Kundan Banerjee, D/o. E. R. Banerjee, Hooghly.
11. Shri Sukomal Ganguly of R. B. I. Colony, Aswini Nagar, Dum Dum.
12. Smt. Putul Banerjee, W/o. Arun Banerjee, Garalgacha, Hooghly.
13. Shri P. C. Roy, S/o. J. L. Roy of Block B-166, Bangur Avenue, Lake Town P. S.

14. Shri Suprita K. Roy, S/o. P. C. Roy of Block B, 166, Bangur Avenue, Lake Town P. S.

15. Shri Madhai Chakraborty, S/o. Upendra Chakraborty, Durgapur.

STATEMENT UNDER RULE—346

Mr. Speaker : The Minister-in-charge of Power Department will make a statement on the beginning or work of the proposed 500 M. W. Thermal Power Plant by the C. E. S. C. at Budge Budge.

Dr. Sankar Kumar Sen :

Hon'ble Speaker Sir,

In reply to the Calling Attention Motion on the subject of beginning of work of the proposed 500 MW Thermal Power Plant by CESC at Budge Budge in respect of which a notice has been given by Shri Dipak Mukherjee, MLA, I like to make the following statement.

Budge Budge Thermal Power Project is an extremely vital and important project towards meeting the ever increasing power requirement of Calcutta and its adjoining areas.

Detail Project Report for Budge Budge 2 × 250 MW Thermal Power Project was submitted in January, 1990 and immediate steps were initiated to obtain the necessary clearances as required under the statute from different authorities so as to start the work of the project as quickly as possible.

CEA accorded 'in principle' techno-economic clearance in its 98the meeting held on 8. 1. 91 subject to fulfilment of certain conditions laid down in the letter dt. 29. 1. 91. Immediate steps were taken to fulfil the pre-conditions laid down by Govt. of India.

Govt. of India, Ministry of Energy, Department of Power in their letter dated 5. 6. 92 has informed CESC that the financing package as proposed by CESC has been approved. Department of Economic Affairs, Ministry of Finance has already authorised CESC for signing the loan documents for the ADB component of the financing package. CESC is further required to approach DEA for issue of formal sanction for other components of the financing package as and when formal offer from the lending institution is received by CESC.

CESC are proceeding with finalising the various loan package with IFc. CDc and Klienwort Benson (Supplier's Credit). Formal Loan Agreement with ADB is to be signed at Manila on 26. 6. 92.

In view of the fulfillment of all the pro-conditions as laid down by Govt. of India including the approval of financial package by the Department of Economic Affairs there is no problem now to start the work of the project in full swing. In fact on receipt of 'in principle' clearance from CEA the preliminary work of Land Acquisition was taken up in right earnest so that the work of the project may start immediately on receipt of clearance from Govt. of India.

The site for the power station was selected at Pujali Mouza under Budge Budge P. S. after taking into consideration the relative advantages for setting up of a new power station taking into account CESC's existing net work for supply of power to consumers as well as linkage with the grid, proximity to the existing licensed area of CESC and availability of in take water supply and also Line for Railway communication. A Rehabilitation Committee with District Magistrate as Chairman and the following Members was constituted to help the local administration in matters relating to inter-action with the affected persons and giving suggestions regarding various components of rehabilitation package :

1. District Magistrate—Chairman.
2. Representative of Member of Parliament.
3. Representative of Sabhadhipaty.
4. M. L. A., Budge Budge.
5. S. P., South 24-Parganas or his representative.
6. A. D. M. & D. L. L. R. O.
7. A. D. M. (L. A.)
8. S. D. O., Sadar.
9. Sabhapati of Budge Budge Panchayat Samity.
10. Pradhan, Pujali G. P.
11. Pradhan, Rajibpur G. P.
12. B. D. O., Budge Budge-I.
13. B. L. L. R. O., Budge Budge-I.
14. S. K. Hatim, Member, Budge Budge Panchayat Samity.
15. 5 (five) members to be nominated from the affected persons.

The committee has been meeting at regular intervals and rehabilitation package agreed to be CESC has been incorporated in a pamphlet and distributed in the locality through the Panchayat bodies. Package is placed before the House.

Rehabilitation Package for Budge Budge Power Plant

1. The area required for setting up of the Power Station is 220 acres in Pujali Mouza. Further, 100 acres of land within a distance of 2 Kms. from the site will be purchased by CESC for emergency has disposal. A suitable open plot of land will be identified within 3 Kms. of Pujali Mouza and acquired for the purpose of setting up a Rehabilitaion village for the affected families.

2. CESC will provide all infrastructure facilities like roads, drainage, water supply and electricity at the Rehabilitation Village.

3. A comprehensive list of land losers and homestead losers will be prepared after detailed survey and site enquiry.

4. CESC will promote setting up of Industrial Estate in Kalipur Mouza to provide avenues for employment to at least 140 persons, mainly from families affected by land acquisition.

5. CESC will help eligible persons among the land/homestead losers to form Consumers Co-operative Store with know-how and guidance at the site of the Rehabilitation Village.

6. Ownership of land to be acquired for the Project as also the compensation payable will be determined by the Land Acquisition Collector. 80% of the compensation will be paid within one month of taking possession of land.

7. Compensation for structure existing at the time when notification was issued (both kutchha and pucca). Will be given alongwith compensation for land on valuation to be done by the Public Works Department to homestead losers.

8. Each homestead loser family on addition to compensation as per item (7) above, will be entitled to get either a land upto a maximum of 0.04 acreas in the rehabilitation village or a unit of low cost flats to be built by CESC. The homestead lossers will also be eligible for payment of a "Shifting Cost" as determined by the State Government.

9. Unauthorised cultivators, as determined by the local authority, on Government vested lands will be given cash compensation upto a total value of ten crops.

10. CESC will, on the advice of the Zilla Parishad, assign suitable civil works to the Panchayat Samity or the Gram Panchayat at the proposed Rehabilitation Village.

11. There will be "Rehabilitation Committee" under the Chairmanship of the District Magistrate or his representative. A representative of CESC, M.L.A. or his representative, M.P. or his representative, Sabhapati of Panchayat Samity, B.D.O., Pradhan of the Gram Panchayat and B.L. & L.R.O. will be its members. Five representatives of land/ homestead losers will be nominated by the Committee to participate in the discussions.

Although the rehabilitation package is most liberal and site is more ideal and full care has been taken to keep the project free of all pollution problems, some local inhabitants lead by interested persons are consistently creating obstacles threatening the Survey Party and obstructing the progress of work. District Magistrate is personally handling the situation and it is hoped that the work will be restarted in immediate future.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : The Minister-in-charge of the Environment Department will make a statement on the subject of leakage of poisonous gas from Bengal Distillery Factory of Shaw Wallace Company at Bhadrakali Under Uttarpara P. S. at Hooghly district.

[12-10 — 12-20 P.M.]

Dr. Ambarish Mukhyopadhyay :

In response to the notice given by Sri Abdul Mannan, M.L.A. calling my attention to the alleged leakage of poisonous gas from Bengal Distillery Factory of Shaw Wallace & Co. Ltd., Bhadrakali (Hooghly district), I make the following statement :

I got the matter enquired into by our officer who visited the place on 13-6-92 and 14-6-92. It is learnt that the production in the above mentioned factory has remained suspended with effect from 28-5-92 for annual overhauling. Under this circumstance, the change of leakage of gas from the effluent treatment plant is remote of Bio-gas may come out prior to preventive measure is put into operation and successfully run. The traces of H_2S present in this Bio-gas is a source of bad odour which may be the cause of dissatisfaction of the local people. The effluent treatment plant is currently under stabilization process which is expected to take another six months for completion. Thereafter the emission of H_2S may attain the permissible limit.

The factory authorities are being directed for monitoring constantly the performance of effluent treatment plant and for taking steps for

preventing any leakage from digester/valves/pipeline/pump/blower etc. They are also being directed to flare all the excess gas through a flare stack.

However, the concerned officers have been instructed to keep a close watch.

Presentation of the Second report of the Subject Committee On Power and Commerce and Industries (1991-92)

Shri Santasri Chatterjee : Sir, I beg to present the Second Report of the Subject Committee on Power and Commerce and Industries 1991-92 on the Kolaghat Thermal Power Project.

Presentation of The Report of The Select Committee On West Bengal Panchayat (Amendment) Bill, 1992.

Shri Surjya Kanta Mishra : Sir, I beg to present the Report of the Select Committee on West Bengal Panchayat (Amendmnt) Bill, 1992.

Laying of The Sixth Report of The Committee, on Rules, 1991-92

Shri Hashim Abdul Halim : Sir, I beg to lay the Sixth Report of the Committee on Rules, 1991-92.

Statement Under Rule 346

Shri Debabrata Bandyopadhyay :

In accordance with the proposal of Hon'ble Speaker of the West Bengal Legislative Assembly on 30th March, 1992, an All-Party Delegation for meeting the Central Government on the Teesta Barrage Project and Subarnarekha Project to be led by Shri Debabrata Bandyopadhyay, Minister-in-Charge of Irrigation & Waterways Deptt. was constituted with the following members :

1. Shri Debabrata Bandyopadhyay,
   Minister-in-Charge of Irrigation & Waterways Department.
2. Shri Probodh Chandra Sinha,
   Minister-in-Charge of Parliamentary Affairs Department.
3. Shri Kiranmoy Nanda, Minister-in-Charge of
   Fisheries Department.
4. Shri Ganesh Chandra Mondal,
   Minister of State, Irrigation Department,

5. Shri Rabindra Nath Mondal.
6. Shri Dipak Sen Gupta.
7. Shri Nirmal Das.
8. Shri Kamakhyanandan Das Mahapatra.
9. Shrimati Minati Ghosh.
10. Shri Jogesh Chandra Barman.
11. Shri Subhendu Chowdhury.
12. Shri Deba Prasad Sarkar.
13. Dr. Zainal Abedin.
14. Dr. Anupam Sen
15. Shri Md. Abdul Karim Chowdhary, and
16. Shri Kripa Sindhu Saha.

The members of the delegation met in a meeting at Calcutta and finalised the memorandum on Teesta Barrage Project and Subarnarekha Project to be submitted to the Central Government.

The members of the delegation again met in an informal meeting at Banga Bhavan on 27th April, 1992 (morning hours) and discussed the issues.

The delegation thereafter met Dr. Monmohan Singh, Union Minister of Finance and explained in detail the need for Central Assistance for Teesta Barrage Project and Subarnarekha Project. Dr. Monmohan Singh patiently heard the submission of the members of the delegation and stated that the issues merit consideration in Central Government level. Dr. Monmohan Singh also assured the delegation that he will arrange for immediate meeting with Union Minister of Water Resources and Deputy Chairman, Planning Commission to resolve the issues.

The delegation then met Shri V. C. Sukla, Union Minister of Water Resources and stressed the need for adequate Central assistance for the two important irrigation projects viz. Teesta Barrage Project and Subarnarekha Project. Shri Sukla opined the matter for considering Teesta Barrage Project of West Bengal as a National Project along with other such important projects in India is being examined by the Planning Commission for complete financial outlay by Central Government. Shri Sukla added that the issue has not yet been decided upon by the Planning Commission and suggested that the Delegation of West Bengal

Legislative Assembly should finalise these issues while discussing with Planning Commission.

The delegation met Shri Pronab Mukherjee, Deputy Chairman, Planning Commission, on 28th April, 1992 at Yojana Bhavan, New Delhi. Miss. Mamata Bandyopadhyay, Union Minister of State, Ministry of Human Resources Development, Government of India was also present on this occasion. The members of the delegation appealed to the Deputy Chairman, Planning Commission, for liberal Central assistance for Teesta Barrage Project and taken assistances for Subarnarekha Project as these two projects aims at development of irrigation in the backward areas of the State. Miss. Mamata Bandyopadhyay, also supported the demands of the delegation and made an appeal to the Deputy Chairman, Planning Commission for favourable consideration of the issues. Shri Pranab Mukherjee, however, explained that due to financial stringency in the country it will not possible for Government of India to consider full financing of several irrigation projects in the country as National projects. Shri Mukherjee sympathised with the demands of the delegation in regard to Teesta Barrage Project and expressed hope that the issue of Central assistance for Teesta Barrage Project will be considered very deeply in the Planning Commission in consultation with the Union Ministers of Finance and Water Resources. Shri Mukherjee, however opined that Government of West Bengal should form a Steering Committee for Teesta Barrage Project with the Chief Minister as Chairman to review and resolve issues connected with expeditious implementation of the project.

The Delegation of the West Bengal Legislative Assembly could not meet Shri Kamalnath, Union Minister for Environment & Forest as Shri Kamalnath was outside the country attending conferences on Environment.

In conclusion, I may state that the All-Party Delegation put forward the demands of the State to the Central Government in an united manner in the interest of the State and we may expect favourable consideration from the Central Government on the concern of the West Bengal Legislative Assembly on the issues of Teesta Barrage Project and Subarnarekha Project.

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতকাল উত্তরবঙ্গে মেখলিগঞ্জ থানার বিভিন্ন গ্রাম সরেজমিনে ঘুরে যে অভিজ্ঞতা নিয়ে এসেছি আমি তা মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং গোটা হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, এই তিন বিঘা এলাকার কুচলিবাড়িতে—মুখ্যমন্ত্রী এখানে আছেন—১৪৪ ধারা জারি করা নেই।

[12-20 — 12-30 P.M.]

অথচ আমরা সেখানে পাবলিক মিটিং করতে চেয়েছিলাম ওই জায়গায়। মেখলিগঞ্জে লিখিতভাবে রিগ্রেট করেছে, কুচলিবাড়িতে লিখিতভাবে রিগ্রেট করেছে, তিন বিঘাতে লিখিতভাবে রিগ্রেট করেছে। আমি আপনাকে স্যার, কপি দেখাব। সেখানে জেলা প্রশাসন কার নির্দেশে এটা করল যেখানে কোনও ১৪৪ ধারা জারি নেই। সেখানে না কি সকলের মতামত ব্যক্ত করার সুযোগ দেওয়া হয়েছে। ১৫ তারিখে মিটিং করবার কথা ছিল এবং আমার ও শ্রী প্রতাপ ঘোষের অ্যাড্রেস করবার কথা ছিল, কিন্তু আমরা সেখানে পারমিশন না পাওয়াতে মিটিং করতে পারিনি। পরশুদিন বন্ধ ছিল, কালকে গিয়ে দেখি গোটা কুচলিবাড়ির ৪০ হাজার মানুষের বিরুদ্ধে রাজ্য সরকার ওয়ার ডিক্লেয়ার করেছে। সেখানে সমস্ত হাসপাতালগুলিতে—মেখলিগঞ্জ মহকুমা হাসপাতাল রিক্যুইজিশন করা হয়েছে, পুলিশ ক্যাম্পের জন্য স্কুল বিল্ডিং রিক্যুইজিশন করা হয়েছে। সি.আর.পি., পুলিশ সেখানে মহিলা, শিশুদের ওপর অকথ্য এবং নির্বিচারে অত্যাচার করছে। ভাতে মারবার জন্য ১৪ তারিখ থেকে বহির্জগত থেকে বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছে। সেখানে খাদ্য নেই, চাল নেই এইরকম অবস্থা চলছে। স্যার, নির্মম অত্যাচার চলছে। সি.আর.পি. সেখানে কিভাবে অত্যাচার করছে—যেখানে এক বছরের কিশোরকে তার দাঁতের উপরে বুটের বাড়ি মারা হয়েছে এবং মেখলিগঞ্জ হাসপাতালে ভর্তি আছে। এই রকম অত্যাচার চলছে। **(এই সময় মাননীয় অধ্যক্ষ মহাশয়কে লক্ষ্য করে ছবি প্রদর্শন করেন এবং কক্ষত্যাগ করে চলে যান।)**

শ্রী মানবেন্দ্র মুখার্জিঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার কাছে একটা বিশেষ বিষয়ের উপর সাহায্য দাবি করছি। আপনি জানেন স্যার যে, এর আগে বিধানসভার ভিতরে আমি মাননীয় বিরোধী দল নেতার বিরুদ্ধে অভিযোগ এনেছিলাম তিন বিঘা সংক্রান্ত বিষয়ে। বিষয়টা হচ্ছে — ভারতীয় জনতা পার্টির সাথে গোপনে বোঝাপড়া করা হয়েছে। আমি মাননীয় স্পিকার স্যার, বিরোধী দল নেতার বিরুদ্ধে পুনর্বার এই অভিযোগ করতে চাই এবং যেহেতু তিনি কলকাতাতে নেই আমার পক্ষে তাঁকে নোটিশ দেওয়া সম্ভব হচ্ছে না। সেদিনকে আমি অভিযোগ করেছিলাম এবং সকলে বলেছিলেন যে, বিরোধীদল নেতার বক্তব্য বিধানসভাতে লিখিত হোক। ভবিষ্যতে তাঁর কার্যকলাপ প্রমাণ করবে যে, আমার অভিযোগ সঠিক। ভারতীয় জনতা পার্টির সাথে রাজনৈতিকভাবে তিনি হাত মিলিয়েছেন। এই অভিযোগ তাঁর কাজের মধ্য দিয়েই প্রমাণিত হবে। গত কয়েকদিন—আমাদের রাজ্যের বুকে যে ঘটনা ঘটছে, নতুন করে আমার অভিযোগের সত্যতা প্রমাণ করে। কংগ্রেস সভাপতির নির্দেশকে অমান্য করে ভারতীয় জনতা পার্টির প্রাক্তন সভাপতির প্রশংসা নিয়ে কংগ্রেস তিন বিঘা সম্পর্কিত বিষয়ে বি.জি.পি.র সাথে হাত মিলিয়েছে। এবং সর্বদলীয় মিটিংয়ে প্রধানমন্ত্রীর ব্যক্তিগত দূত হিসাবে মাননীয় মন্ত্রী শ্রী অজিতকুমার পাঁজা যা বলেছিলেন, এখানে সর্বদলীয় প্রস্তাব পাস করবার সময় কংগ্রেস দল যে কথা বললো কুচলিবাড়িতে গিয়ে তাঁরা প্রাক্তন সভাপতি আদবানির বক্তব্যকে সমর্থন করে এসেছে। কাজেই মাননীয় স্পিকার স্যার, আপনি আমাকে সাহায্য করুন মাননীয় বিরোধী দল নেতা—তিনি ব্যক্তিগত কাজে বোম্বেতে গিয়ে বসে আছেন। আমি তাঁকে নোটিশ দিতে পারছি না। আমি তাঁকে ব্যক্তিগত নোটিশ দিতে চাই, অভিযোগ আনতে চাই বি.জে.পি.র সাথে মাননীয় বিরোধী দলের নেতার মিটিংয়ের ভিত্তিতে কুচলিবাড়িতে এই ঘটনা ঘটেছে। সর্বদলীয় কমিটিতে না যাওয়ার কারণ হচ্ছে যদি সর্বদলীয় কমিটির সঙ্গে

কুচলিবাড়ি যেতেন তাহলে বি. জে. পি-র সঙ্গে হাত মেলাতে পারতেন না। **(গোলমাল।)** কাজেই গোটা বিষয়টা গোপনে বি. জে. পি.-র সাথে হাত মিলিয়ে কাজ করেছেন। কাজেই আমি আপনার সাহায্য চাইছি। বিরোধী দলের নেতাকে বিধানসভায় হাজির করা হোক। আমি তাঁর বিরুদ্ধে আবার অভিযোগ আনতে চাই—বি. জে. পি.-র সঙ্গে গোপনে আঁতাতের। আর বালিগঞ্জ নিয়ে এত বক্তৃতা দিচ্ছেন, মাননীয় সৌগত রায় আপনাকে চ্যালেঞ্জ জানাচ্ছি, ৪৬টা বুথে পুনর নির্বাচনে পার্টিসিপেট করুন সাহস থাকলে। বালিগঞ্জের পুনর্নির্বাচনে পার্টিসিপেট করুন। আমরা যদি রিগিং করে থাকি সেটা প্রমাণ করে দিন ৪৬টা বুথে। চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করুন। আপনারা নির্বাচনে আসুন। আমরা জানি, আপনারা বালিগঞ্জের নির্বাচনে অংশ নেবেন না, আপনাদের সমস্ত মুখোশ খুলে যাবে। কাজেই, স্পিকার মহোদয়, নীতিহীনভাবে এই রাজ্যের সর্বনাশ করার জন্য এই যে চরিত্রহীন কাজ কংগ্রেস রাজনীতির আমি নাম করে অভিযোগ জানাতে চাই। অভিযোগ আনতে চাই বিরোধী দলের নেতা সিদ্ধার্থ রায়ের বিরুদ্ধে। আমি আপনার মাধ্যমে বলতে চাই, উনি সেদিন যেকথা বলেছিলেন, আমি ফিরিয়ে দিই, উইথ হিজ ফাদারস নেম, বিধানসভায় আসুন এবং প্রমাণ করুন বি. জে. পি.-র সঙ্গে গোপন আঁতাত করেন নি। যেকথা বলেছিলেন সেকথা ফিরিয়ে দিচ্ছি। আমি আপনার কাছে সাহায্য চাইছি, ওঁনাকে বিধানসভায় হাজির করুন। আমি ওঁর বিরুদ্ধে অভিযোগ আনতে চাই ব্যক্তিগতভাবে।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমি আজকে জিরো আওয়ারে ভেবেছিলাম বর্ধমানের ব্যাপারে বলব। আমি গতকাল বর্ধমানের আলমপুরে গিয়েছিলাম। সেটা শ্রদ্ধেয় বিনয়বাবুর কেন্দ্র। সেখানে কংগ্রেসের রবি উল হকের হাত কেটে নিয়েছে সি. পি. এমের লোকেরা। শুধু রবি উল হকের হাত কেটে নেয় নি, আমি গতকাল আলমপুর গ্রামে গিয়েছিলাম, সেখানে সি. পি. এমের জেলা পরিষদের সদস্য মদন ঘোষের সামনে একটি ছেলের হাত কেটে নিয়েছে, তার নাম রবি উল হক। রহমন আলি বলে একজন লোকের চালকল আছে, এই সি. পি. এম হায়নারা সেখানে লুঠ করেছে, সেখান থেকে ৬ হাজার টাকা ডাকাতি করে নিয়ে গিয়েছে। আর সি.পি.এম শুধু খুনি নয়, ওরা চোর এবং ডাকাত। বিনয়বাবু শ্রদ্ধেয় লোক, কিন্তু পার্টির লোক ওঁর কথা মানে না। **(গোলমাল।)** খুন হল, আমি এর নিন্দা করছি। ওরা খুনি, ওরা চোর, ডাকাত, একটা ছেলের হাত কেটে নিয়েছে এবং এখন নাচছে, ওদের লজ্জা করে না।

Mr. Speaker : Today is the last day for discussion of all Demands, as such the Guillotine will fall at 7 P.M. Now, discussion on Demands for Grants. Demand No. 64.

[12-30 — 12-40 P.M.]

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT
Demand No. 64

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের আজকে পার্বত্য এলাকা বিষয়ক যে বাজেট বিবৃতি সে সম্পর্কে আমি আমার বক্তব্য আলোকপাত

করতে এসেছি। স্যার, পার্বত্য এলাকার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং এ সম্পর্কে স্বভাবতই আমাদের বক্তব্য—সরকার বা বিরোধীপক্ষে, যেই যেখানে থাকুন না কেন—এটা অত্যন্ত আবেগপ্রবণ বিষয়, এ নিয়ে আমাদের যথেষ্ট সজাগ এবং সচেতন থাকা প্রয়োজন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয় তাঁর বাজেট বক্তৃতার শেষ অংশ যে কথা বলেছেন যে "রাজ্য সরকার বিশ্বাস করে যে পুরাতন সমস্যাগুলি পারস্পরিক আলাপ-আলোচনার মাধ্যমে ধৈর্য এবং সহযোগিতার ভিতর দিয়ে মেটানো যেতে পারে। রাজ্য সরকার পার্বত্য এলাকার বিশেষ সমস্যাগুলি সম্পর্কে সম্পূর্ণ অবস্থিত এবং পার্বত্য এলাকার মানুষদের আইনসম্মত আশা-আকাঙ্খার বাস্তব রূপায়ণের জন্য সব রকম ব্যবস্থা নিতে কৃতসংকল্প"। এটা মাননীয় মুখ্যমন্ত্রী তার বক্তৃতার শেষ অংশে বলেছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতা প্রসঙ্গে বলতে চাই যে এখানে এই অংশে তিনি যে কথা বলেছেন সেটাতে তিনি নিশ্চয় যথেষ্ট সংযম প্রদর্শন করেছেন কিন্তু তাঁর দলের নেতারা কিম্বা সি.পি.এম. পার্টির পক্ষ থেকে উত্তরবাংলায় জি. এন. এল. এফের আন্দোলন সম্পর্কে কিম্বা রাজ্য পর্যায়ে জি. এন. এল. এফের আন্দোলন সম্পর্কে যখন কোনও কথাবার্তা বা বক্তৃতা রাখা হয় তখন তাদের উগ্রতা এত বেশি পর্যায়ে চলে যায় যেখানে আমাদের মনে হয় যে সমস্যার সমাধান হওয়া তো দূরের কথা বরং সমস্যাকে আরও ঘনীভূত করে তুলেছে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির নেতাদের বিভিন্ন ধরনের বক্তব্য, তাদের কথাবার্তা, তাদের বিভিন্ন সময়ের হুংকার ও হুমকি। এ সম্পর্কে সরকারকে প্রথম থেকে সংযম নিয়ে থাকতে হবে। সরকারের সঙ্গে সি. পি. এম. দলের মধ্যে যদি এ প্রশ্ন একটা সমন্বয় না থাকে, কো-অর্ডিনেশন না থাকে, সরকার বাজেট বক্তৃতায় বলবেন যে এগুলি অন্তত আমাদের আলাপ-আলোচনার মাধ্যমে মিটিয়ে নিতে হবে আর বাস্তব ক্ষেত্র যখন আসবে তখন একটা এমন পরিস্থিতির সৃষ্টি হবে যেটা উগ্রতায় পরিপূর্ণ তা হলে কিন্তু পরিস্থিতি নিয়ন্ত্রণের মধ্যে থাকে না। আজকে দার্জিলিং-এর পরিস্থিতি বা অবস্থা কি রকম অগ্নিগর্ভ হয়ে উঠেছে আমরা দেখতে পাচ্ছি। তিনজন জি. এন. এল. এফ. এম. এল. এ পদত্যাগ করেছেন। এই জি. এন. এল. এফের এম. এল. এ.-রা পদত্যাগ করার পর পরিস্থিতি এখনও পর্যন্ত সেখানে কি পর্যায়ে আছে—তাদের পদত্যাগপত্র গৃহীত হয়েছে কিনা, কি কি কারণে তারা পদত্যাগ করলেন, মুখ্যমন্ত্রী যদি মনে করেন আলাপ-আলোচনার মাধ্যমে এবং ধৈর্য ধরার মাধ্যমেই সমস্যার সমাধান করবেন তাহলে জি. এন. এল. এফের এই বিধায়কদের মুখ্যমন্ত্রী কেন একদিন ডেকে কথা বললেন না কিংবা সুভাস ঘিসিং-এর সাথে এই পরিস্থিতি নিয়ে একদিনের জন্য তার আলোচনা করতে অসুবিধা কোথায়। তিন তিনজন নির্বাচিত জনপ্রতিনিধি, তারা বিধানসভায় আসছেন না, তারা পদত্যাগ করছেন এবং তার পরেও তাদের সম্পর্কে এরকম একটা উদাস মনোভাবের কখনও রাখা ঠিক নয়। আমরা দেখেছিলাম, বিধানসভার মাননীয় স্পিকার মহাশয় তাদের ডেকে পাঠিয়েছিলেন কিন্তু তারা সেই ডাকে সাড়া দেন নি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, বিধানসভার এই তিনজন বিধায়ক যারা পদত্যাগ করেছেন তারা তাদের পদত্যাগপত্র প্রত্যাহার করে নিয়ে যাতে তারা আমাদের এই সংসদীয় গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মধ্যে, বিধানসভার মধ্যে যাতে আবার অংশগ্রহণ করেন তারজন্য মাননীয় মুখ্যমন্ত্রী সুভাষ ঘিসিং-এর সঙ্গে অবিলম্বে কথা বলুন। তিনি অবিলম্বে কথা বলে এই বিষয়টির নিষ্পত্তি করার জন্য চেষ্টা করুন। আমরা এর পরেও নিশ্চয় একথা বলব যে সুভাস ঘিসিং দার্জিলিং-এর আইনগত অবস্থান সম্পর্কে

যে প্রশ্ন তুলেছেন সেই সম্পর্কে আমরা নিশ্চিত ওয়াকিবহাল আছি এবং আমরাও খুব উৎকণ্ঠিত হয়ে আছি যে ভারতবর্ষের সার্বভৌমত্ব বিপন্ন করার ক্ষেত্রে এই ধরনের কোনও মানসিকতাকে কখনই আমরা সমর্থন করি না। তার কারণ আমরা মনে করি যে দার্জিলিং-এর স্ট্যাটাস সম্পর্কে প্রশ্ন থাকার কোনও অবকাশ নেই। আমাদের ভারতবর্ষের স্বরাষ্ট্র মন্ত্রী স্পষ্টভাবে সুভাস ঘিসিংকে জানিয়ে দিয়েছেন যে দার্জিলিং পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষের অবিচ্ছেদ্য অঙ্গ। এই অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে দার্জিলিং-এর প্রশ্নে যদি কেউ কোনওরকম প্ররোচনার সৃষ্টি করতে চান তাহলে সেই প্ররোচনা সৃষ্টির কোনও প্রচেষ্টাকে আমরা কোনও অবস্থাতেই সমর্থন করি না। আমরা নিশ্চয়ই এই কথা বলব যে একদিন দার্জিলিং-এ জি. এন. এল. এফ এর আন্দোলন করতে গিয়ে পশ্চিমবাংলার এবং দার্জিলিং-এর অনেক ক্ষতি আপনারা করেছেন। রাজীব গান্ধী দার্জিলিং-এ যতদিন না গেছেন, জ্যোতিবাবু দার্জিলিং পর্যন্ত যেতে পারেন নি। রাজীব গান্ধী আমার হাত ধরে তুমি নিয়ে চলো সখা, আমি যে পথ চিনি না করে হাত ধরে ধরে দার্জিলিং গেছেন। আর ঐ মৃত মানুষটার নাম এখানে উচ্চারণ করবেন না। উনি ছিলেন বলে মুখটা রক্ষা করেছেন দার্জিলিং প্রশ্নে। তাই আজকে দার্জিলিং-এর প্রশ্নে এককালে আপনারা ঘৃণ্য রাজনীতি করেছেন, নোংরা খেলা খেলেছেন, জি. এন. এল. এফকে রুখছি রুখব, পশ্চিমবাংলা ভাগ হতে দিচ্ছি না, দেবো না, নির্বাচনের আগে প্রতিনিয়ত বাংলার দেওয়ালে দেওয়ালে, গঞ্জে গঞ্জে শ্লোগান লিখে মানুষকে বিভ্রান্ত করেছেন এবং এই কথা রাজীব গান্ধী আমাদের প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী বারবার বলা সত্ত্বেও নোংরা রাজনীতি নির্বাচনের আগে খেলা খেলে আপনারা দার্জিলিং-এর সমস্যাকে এমন গভীর থেকে গভীরতর করেছিলেন যে আজকে পরিস্থিতি নিয়ন্ত্রণের মধ্যে রাখতে পারছেন না। দলকে দিয়ে পাগলের মতো কথা বলাচ্ছেন আর মুখ্যমন্ত্রী তার উপর প্রলেপ লাগানোর একটা বাজেট বক্তৃতা করছেন অত্যন্ত নরম এবং স্পষ্ট কথায়। আজকে আমরা তাই মনে করি, দার্জিলিং-এর মানুষের প্রতি আমাদের সমর্থন আছে, দার্জিলিং এর সমস্যা সমাধানে পশ্চিম বাংলার সরকার উদ্যোগ গ্রহণ করবেন এটাই প্রত্যাশা, কারণ দার্জিলিং এর মানুষেরা তারাও পশ্চিমবাংলার বাইরে নয়। সি. পি. এম.-এর দিকে সমর্থন না জানালে, সি. পি. এম.-কে ভোট না দিলে সেই এলাকার মানুষ পশ্চিমবাংলার একেবারে ঘৃণ্য পদার্থে পরিণত হবে, সেই জেলা, সেই এলাকা সম্পূর্ণভাবে তাদের প্রতি বিমাতৃ সুলভ আচরণ করা হবে, এটা কোনও অবস্থাতেই মেনে নেওয়া যায় না। তাই দার্জিলিং এর গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষ—নির্বাচন যদি সরকার ব্যবস্থা করে দিয়ে থাকেন এবং সেখানে যদি গোর্খা পার্বত্য পরিষদ গঠিত হয়ে থাকে, সেখানকার অধিকাংশ জনগণের মতের প্রতিফলনের পরিপ্রেক্ষিতে তাহলে রাজ্য সরকারকেও সেই প্রতিফলিত জনমতের উপর সম্পূর্ণভাবে মর্যাদা প্রদর্শন করতে হবে এবং দার্জিলিং এর একটা রাজনৈতিক দল, তাদের সঙ্গে যদি সরকারের দ্বিমত থাকে, তাদের সঙ্গে যদি মত পার্থক্য থাকে তাহলে সেটা সংযমের সঙ্গে মোকাবিলা করতে হবে। আজকে দার্জিলিং জেলাতে ন্যাওড়াখোলাতে যে জল প্রকল্প তৈরি হয়েছে, কেন্দ্রীয় প্রতিরক্ষা দপ্তরের উদ্যোগে, আমাদের প্রতিরক্ষা মন্ত্রী শারদ পাওয়ার এর সঙ্গে যেদিন গৌতমবাবু কথা বলেছিলেন সেদিন আমিও ছিলাম। দার্জিলিং এর জলকষ্ট এত তীব্র থেকে তীব্রতম হয়েছে, এই প্রকল্পকে দ্রুত রূপায়ণ করা দার্জিলিং এর মানুষের স্বার্থে অত্যন্ত প্রয়োজন এবং আমার মনে হয় যে এই সংকট যত দ্রুত নিরশন হবে তত আমাদের দার্জিলিং জেলার মানুষ এর পক্ষে একটা

আশার কথা সঞ্চার করবে, এই কথা বলে আমি আবার মুখ্যমন্ত্রীকে বলব দার্জিলিং এর প্রশ্নে আপনি আরও বেশি উদ্যোগ নিন এবং সমস্যা সমাধানে অধিকতর উদ্যোগী এবং ব্রতী হোন এই আবেদন জানাচ্ছি।

[12-40 — 12-50 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী দার্জিলিং সম্বন্ধে '২৫৫১—হিল এরিয়াস', '৪৫৫১—ক্যাপিট্যাল আউটলে অন হিল এরিয়াস' এবং '৬৫৫১—লোনস ফর হিল এরিয়াস'-এর অধীনে দু পাতার বক্তব্য রেখে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন। কিন্তু তিনি তার দু পাতার বক্তব্যের মধ্যে দার্জিলিং-এর মানুষদের কোথাও আহ্বান বা আশ্বস্ত করনেনি। ওরা যে ওখানে মিসলিড হচ্ছে কিংবা মিসলিড হতে পারেন, অতএব ওদের কিছুটা আশ্বস্ত করা দরকার, এটাও কি তার মনে হ'ল না। আজকে এখানে সেই আশ্বাস কোথায়? কেবলমাত্র লাস্ট প্যারায় কয়েকটি কথা বলেছেন। এ ছাড়া আর একটা প্যারাতেও অ্যাচিভমেন্টস সম্বন্ধে কোনও কথা বলেন নি। ওদের হিল কাউন্সিলের যে সহযোগিতার দরকার, সে-টুকুও বলেননি। ফলে ওরা ওখানে মানুষকে ভ্রান্ত প্রচারের মাধ্যমে মিসলিড করে ভ্রান্ত পথে নিয়ে যাচ্ছেন 'নো ম্যান্স ল্যাণ্ড' ইত্যাদি ইস্যু তুলে দার্জিলিংবাসীদের মিসলিড করছে।

মাননীয় মুখ্যমন্ত্রী, আমি আপনাকে সরাসরি বলি, দার্জিলিং সমস্যা নিয়ে যখনই কোনও কথা বলা হয় তখনই আপনারা কংগ্রেসের তথাকথিত ৩০ বছরের শাসনের কথা বলেন। মোটেই কংগ্রেস এখানে টানা ৩০ বছর ক্ষমতায় ছিল না। আমরা (কংগ্রেস) ১৫ বছর ক্ষমতায় ছিলাম। প্রথম ১৯৬৭ সালে আপনারা ক্ষমতায় এসে সমস্ত লণ্ড-ভণ্ড করেছিলেন। তারপর রাষ্ট্রপতি শাসন হয়েছিল এবং তারপর আবার ১৯৬৯ সালে আপনারা ক্ষমতায় এসে আবার লণ্ড-ভণ্ড করেছিলেন। তারপর আবার রাষ্ট্রপতি শাসন হয়েছিল। এখন তো আপনারা একটানা ১৫ বছর ক্ষমতায় রয়েছেন। আপনারাই এই সমস্যার সৃষ্টি করেছেন। আপনারা বিভিন্ন আন্দোলনের নামে মানুষকে বাস পোড়ানো, সরকারি সম্পত্তি পোড়ানো শিখিয়েছেন। আপনাদের শেখানো জিনিসই জি. এন. এল. এফ. ওখানে করেছে। আপনারা কোনও অ্যাডমিনিস্ট্রেটিভ মেজার নিতে পারেন নি।

স্যার, আমি সরাসরি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি। আপনি কি অ্যাডমিনিস্ট্রেটিভ মেজার ওখানে নিয়েছিলেন? আপনারা রিকন্সিলিয়েশন-এর, ডিসকাশনের পথ না নিয়ে ক্যাডারদের হাতে অস্ত্র তুলে দিয়েছিলেন। ব্যারাকপুর থেকে অস্ত্র নিয়ে ওখানে ক্যাডারদের কাছে পাঠিয়ে দিলেন ওদের মোকাবিলা করার জন্য। আপনারা গৃহ যুদ্ধের সূচনা করেছিলেন, অ্যাডমিনিস্ট্রেটিভ মেজার নেননি, রিকন্সিলেশনের পথে যাননি। আপনারা কংগ্রেসের ৩০ বছরের রাজত্বকালের কথা বলেন! কখনই কংগ্রেস এখানে ৩০ বছর রাজত্ব করেনি, তবুও ধরে নিচ্ছি এখানে কংগ্রেসের ৩০ বছরের শাসনকাল ছিল, কিন্তু তখন কি এই সমস্যার সৃষ্টি হয়েছিল? কোনও রকম গৃহ যুদ্ধের সূচনা কি হয়েছিল? আপনাদের দলের মাননীয় সদস্যরা আমার সঙ্গে ছিলেন, আমি ওখানে গিয়েছিলাম এবং যা দেখে শুনে এসেছিলাম, বুঝেছিলাম সে বিষয়ে আমার অভিজ্ঞতা এবং বক্তব্য মাননীয় স্পিকার মহাশয় আমাকে গোপনে হাতে লিখে দিতে

বলেছিলেন। কারণ টাইপ করে দিতে গেলে জানা-জানি হয়ে যাবে। মাননীয় ঘিসিং সাহেব গত নভেম্বর মাসে অত্যন্ত অশ্লীল ভাষায় আমাদের কাছে কিছু কথা জানিয়েছিলেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, আপনারা হিল কাউন্সিল যখন সেট-আপ করলেন তখন পুরো সেট্-আপই কেন তৈরি করে ওদের হাতে তুলে দিলেন না? কেন এটাকে পঞ্চায়েতের মতো মনে করলেন? ইট ইজ নট এ পার্ট অফ পঞ্চায়েত। এটাকে পঞ্চায়েতের মতো করে না দেখে এন্টায়ার সেট-আপ তৈরি করে ওদের হাতে তুলে দেওয়া উচিত ছিল। ইতিপূর্বে যে দায়িত্ব রাজ্য সরকারের হাতে ছিল সে দায়িত্ব পূর্ণভাবে ওদের হতে তুলে দেওয়া উচিত ছিল। কিন্তু আপনারা তা দিলেন না। আপনারা কাউন্সিলকে পঞ্চায়েতের মতো মনে করলেন। যে মেশিনারি ওদের হাতে তুলে দেওয়ার কথা তা দিলেন না। যার ফলে ওখানে মানুষের মধ্যে ক্ষোভের সৃষ্টি হ'ল। সঠিক ক্ষমতা না পাওয়ার ফলে ওরা ফেল করছে। এর ফলে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলেরও ক্ষোভ বাড়ছে সরকারের উপর। এমন কি ওরা ঠিকমতো জানেই না যে, কি কি ওদের আপনারা দিয়েছেন এবং কি কি দেননি। কেন আপনারা মেশিনারি দিলেন না? ওদের প্রয়োজনীয় ট্রান্সপোর্ট দেননি। আপনারা ওদের সমস্ত রকম মেশিনারি দিয়ে কেবলমাত্র সুপারভিসন অ্যাণ্ড ইন্সপেকশন রাখলেন না? নর্থ বেঙ্গলের কমিশনার আছেন, তাকে সেই দায়িত্ব দিতে পারতেন। ওদের যে যে পোস্টের প্রয়োজন ছিল সে সে পোস্ট ওদের তৈরি করে দিতে পারতেন। ৩৫-টা আই. জি. পোস্ট তো তৈরি করেছেন। তাহলে ওদের কেন আরও কিছু অ্যাডমিনিস্ট্রেটর দিলেন না? তা যদি দিতেন তাহলে ওদের গাইড করতে পারতেন। ওদের জন্য কেন্দ্রের টাকা আসছে এবং আপনারাও টাকা দিচ্ছেন। কিন্তু আপনারা একবারও বললেন না যে, কেন্দ্র কত টাকা দিয়েছে। এখানে বলা নেই। মাত্র দু পাতার মধ্যে সামান্য কয়েকটা কথা বলেছেন। তা যদি বলতেন তাহলে এটা ৭ পাতা হ'ত। এটা একটা সেন্সিটিভ ইস্যু। কনফ্রন্টেশনের সব রকম রাস্তাই পরিহার করা উচিত ছিল। কিন্তু তা না করে মাননীয় মুখ্যমন্ত্রী, আপনারা উদ্দেশ্য প্রণোদিতভাবে ক্যাডার দিয়ে মোকাবিলা করতে গেলেন। তার ফলে গৃহ যুদ্ধের সূচনা হতে পারত। যাই হোক এখন অন্তত সেই পথ আপনারা পরিহার করুন। ক্যাডার নয়, ইনভলভমেন্ট অফ্ দি পিপল্-এর দিকে জোর দিন। কালকেই বিজনবাড়িতে একজন মারা গেছে। আজকের সংবাদপত্রে অ' .া দেখলাম। সুতরাং ঐ পথ ছেড়ে সকল স্তরের মানুষকে যুক্ত করার পথ গ্রহণ করুন। তারপর সুদীপবাবু বললেন, এই হাউসের তিন জন সদস্য পদত্যাগ করেছেন অন প্রোটেস্ট, তা. . বিষয়ে আমরা অন্যভাবে পারস্যুয়েড করতে পারি। আজকে বিষয়টা বিচ্ছিন্নতার দিকে, সিসেশনের দিকে চলে যাচ্ছে, এটা আমরা প্রিভেন্ট করতে পারি বাই ডিসকাশন। আমরা অনেক সদস্যই ওখানে গিয়েছিলাম। কিন্তু ওদের সঙ্গে আলোচনা করা যায়নি। আমরা খোঁজ করেছিলাম। ওদের তিন-জনের একজনকে তখন ওখানে পাইনি। নান্ হ্যাড বিন প্রোজেক্ট। একজনও ছিলেন না। আগে ওদের অফিসগুলি সুপারভিসন করতে বলি, তা না হলে টাকা এলে অ্যাবিউজ হয়ে যাবার সম্ভাবনা থাকে এবং এতে সাধারণ মানুষ বঞ্চিত হয়, মানুষের বিক্ষোভ জন্মায়। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এটাকে পার্টি ইস্যু করবেন না। অন্য যে সমস্ত সেসেসনিস্ট প্রবলেম শুরু হয়েছে সেগুলি সামান্য অঙ্কুরিত অবস্থায় আছে। এর বীজ যাতে ছড়িয়ে পড়তে না পারে নিপড ইন বার্ড সেটা কররার জন্য অনুরোধ করি। যতগুলি টেকনিক্যাল এক্সপার্টাইজের দরকার সেই টেকনিক্যাল এক্সপার্টাইজদের ডেপুটেশন

দেবেন না কেন? ব্যয় সংকোচের প্রশ্ন নয়, ডেপুটেশন অন লিয়েন হিল কাউন্সিলে লোক দিচ্ছেন না কেন? আপনি বলেছেন, ৪টি দপ্তর ছাড়া বাকিগুলি দিয়ে দেবেন। ওরা কাজ করবে কি করে? যে কাঠের কাজ জানে না তাকে বলছেন টেবিল তৈরি কর, যে কামারের কাজ জানে না তাকে বলছেন কাটারি তৈরি করে দাও। এতে ন্যাচারালি সমস্যা দেখা দেবে। আমি অনুরোধ করব, আর একটা সেসেসনিস্ট প্রবলেমে আমরা যেন না যাই এবং যদি দরকার হয় সর্বদলীয় প্রতিনিধিদল যেতে পারে। আমরা বসতে পারি, অ্যাক্রস দি টেবিল উইথ আওয়ার ফ্রেন্ডস—কেন বিধানসভা থেকে চলে যাচ্ছেন—এই উদ্যোগ আমরা নিতে পারি। বিধানসভা থেকে চলে যাওয়া মানে এক পা এগিয়ে যাওয়া। ভারতীয় মেইন স্ট্রিমে নিয়ে আসতে পারি উইদিন দি অ্যমবিট অ্যন্ড আমব্রেলা অফ দি কনস্টিটিউশন। এই অনুরোধ আমি করি, দলবাজি বাদ দিন। অনেক সিট তো আপনারা পেয়েছেন, রিগিং করে আর একটি পেতে পারেন কিন্তু গৃহ যুদ্ধের সূচনা তৈরি করবেন না? আপনি ধৈর্যশীল, সহানুভূতিশীল এবং আপনার এক্সপেরিয়েন্স আছে, অভিজ্ঞতার বিকল্প হয় না। সমস্যার মোকাবিলা করার চেষ্টা করুন এবং তা করেননি বলেই বাজেট বরাদ্দকে সমর্থন করছি না, বিরোধিতা করছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সাধন পান্ডে ঃ মাননীয় স্পিকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দার্জিলিং-এর বাজেট বরাদ্দ পেশ করেছেন। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই, এই দার্জিলিং সমস্যার প্রথম দিকে তিনি অ্যান্টি-ন্যাশনাল বলেছিলেন কিন্তু রাজীব গান্ধী ওনার সঙ্গে একমত হননি। আমরা বলেছিলাম, দার্জিলিং মুভমেন্ট ক্যানন্ট বি কল্ড অ্যন্টি-ন্যাশনাল, যদিও আপনাদের দু-একজন আজে বাজে চিঠি লিখেছিলেন। যা হোক, যদি কেউ ভুল করে সেই ভুল শুধরে নেওয়া যায় এবং তাদের ন্যাশনাল মেইন স্ট্রিমে নিয়ে আশা যায়। আমি আবার মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, আপনি বা আপনার দল দার্জিলিং-এ গেছেন, বুদ্ধদেববাবুও সেখানে গেছেন। আপনাদের পার্টির কথা তারা মানছেন না, তারা আরও উগ্রতম দাবি করছে। তারা লিফলেট ছড়িয়ে দাবি করছে। আপনারা গিয়েছিলেন তাদের কন্ট্রোলে আনার জন্য। তারা আপনাদের চ্যালেঞ্জ করছে, এইসব জিনিস তারা মানে না, তারা বলছে, কলকাতার দল আলাদা, দার্জিলিং-এর দল আলাদা। আমি বলছি, আপনারা এমন কোনও ব্যবস্থা নেবেন না, যে পথে আমরা যাচ্ছি তাতে কিন্তু ঘিসিং-এর ট্রাপে পড়ে যাচ্ছি। এখনও দরজা খোলা আছে। ওরা যে আন্দোলন করতে যাচ্ছে—নোম্যান্স ল্যান্ড বলছে। আমি শুনলাম, ওদের এম. পি. পার্লামেন্টে ভাষণ দিয়েছিলেন। সেখানে সোমনাথবাবু জানতে চেয়েছিলেন, উনি ফ্লোর অফ দি হাউসে দাঁড়িয়ে বলেছিলেন না, আমরা নোম্যান্স ল্যান্ড বলছি না, আমরা মনে করি ভারতের মধ্যে। ওরা হিল কাউন্সিল থেকে বেরিয়ে ইউনিয়ন টেরিটোরির দিকে এগুতে চাইছেন। ঐ ট্রাপে আমরা যেন পড়ে না যাই এবং সেইদিক থেকে ভুল করলে আমাদের চলবে না। যদি তা করা হয় তাহলে আমরা অপোজ করব, আমরা বাধা দেব।

[12-50 — 1-00 P.M.]

এখানে আমি একটা জিনিস দেখালম, ইউটিলাইজেশন সার্টিফিকেট ফর দি ফান্ড রিলিজড হ্যাভ নট বিন ফুল্লী রিসিভড। আপনি একটা সেন্টেন্স লিখেছেন, যে সেন্টেন্সটা আপনারা ম্যানেন না। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাওয়ার পরে ইউটিলাইজেশন সার্টিফিকেট

আপনারা দেন? আপনারা নিজেদের দিকে তাকিয়ে বলুন। অতএব আমি বলছি ইম্পোজিশন অফ দি স্টেট গভর্নমেন্ট হুইমস, এর উপর বলবেন না। একটা হিল কাউন্সিল তৈরি হয়েছে, লেট ইট বি ফর্মড। বাচ্চাকে শিশু অবস্থায় মেরে দিলে তারা তাদের অবশ্য দাবির দিকেই এগিয়ে যাবে এবং সেই দাবিটা হল ইউনিয়ন টেরিটরি। তারা বলবে আমরা মাননীয় জ্যোতি বসুর সরকার মানি না, কলকাতার রুল্ড সরকারের আন্ডারে আমরা থাকব না। আমি বেশি বলতে চাইছি না, আমি শুধু একটা কথা বলব, যে ওখানে যদি আপনাদের দলের রেস্ট্রেন চলে—আমি বুঝতে পারছি না, রেস্ট্রেন হবে কিনা—প্রত্যেকটি বাগানে শ্রমিক ইউনিয়নের লড়াই চলছে, আমি বলতে পারি না যে আপনি ইউনিয়ন করবেন না। যেখানে পশ্চিমবঙ্গের স্বার্থ, সেই সেটেলমেন্টে আপনার দলকে একটু পিছিয়ে নিয়ে এসে—মাননীয় রাজীব গান্ধী বলতেন দল পড়ে গেলেও ক্ষতি নেই—আমরা আসামের ব্যাপারে বলেছিলাম যে দলের থেকে দেশ বড়, সেই রকম সেটেলমেন্ট করেছিলাম, সেই রকম আপনার কাছে আমার অনুরোধ আপনি দয়া করে দার্জিলিং ইস্যুটাকে পার্টির ইস্যু করবেন না। ওখানে সি. পি. এমের পতাকা না থাকলেও আস্তে আস্তে মেন স্ট্রিমে চলে যাবে। এখানে তো আপনি দার্জিলিংয়ে কোনও ট্রেনিং ইনস্টিটিউট করার কথা বলেননি, অত ছেলে কি করবে? তাদের কোনও কাজ নেই। ওসব করলে কোলাবোরেশন হতে পারে। অস্ট্রেলিয়া, ইউরোপের মতো সুন্দর জিনিস হতে পারত, হাইব্রিড করা যেতে পারত, এ রকম ক্লাইমেট কন্ডিশন ছিল যে পলিউশন ফ্রি ইন্ডাস্ট্রি করা যেতে পারত। আপনি বলেছেন আমরা টাকা দিলাম, টাকার কোনও হিসাব দিল না, ওরা বললেন আমরা পদত্যাগ করালাম, গাড়ি ফেরত দিলাম, আমরা চললাম এই স্টেলমেট হচ্ছে। আপনাকে আমি অনুরোধ করছি রাইজ অ্যাবাভ দি পার্টি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পার্টির উপরে উঠুন। দার্জিলিং ইস্যুটাকে নিজের হাতে নিন। ওখানকার ছেলেদের ট্রেনিং দিন, আপনার কম্পিটেন্ট অফিসার রয়েছেন তাদের সুযোগ সুবিধা দিন, ওরা নেগলেকটেড ফিল করছে, দে আর ইন আইসোলেশন, এই আইসোলেশন জিনিসটা অত্যন্ত খারাপ। তাই আপনাকে বলছি যে নেকস্ট পদক্ষেপের আগেই ব্যবস্থা নিন। স্যার, এখানে আপনাকেও একটা জিনিস বলার আছে, সেটা খুবই ইমপরট্যান্ট। ৩ জন মাননীয় বিধায়কের ব্যাপারে, আপনি তাদের ডাকবেন, চেম্বারে কথাবার্তা বলবেন তারা বিধানসভায় আছেন কিনা, তাদের রেজিগনেশন অ্যাকসেপটেড হয়েছে কিনা সেগুলি দেখা দরকার। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মিঃ স্পিকার স্যাব, আমি আপনার মাধ্যমে দার্জিলিং পার্বত্য অঞ্চলের সম্পর্কে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেট প্রস্তাবের সমর্থনে দু-একটি কথা উল্লেখ করতে চাই। আমাদের এবং বিরোধী কংগ্রেস (আই) দলের সঙ্গে বিভিন্ন বিষয়ে রাজনৈতিক পার্থক্য যতই থাক না কেন দার্জিলিং সম্পর্কে আমাদের ঐক্যমত খুবই জুরুরি। তার কারণ দার্জিলিংয়ে যে হিল কাউন্সিল তৈরি হয়েছে সেই হিল কাউন্সিল তৈরি করার পিছনে কার বেশি বা কম কৃতিত্ব আছে সেই আলোচনা তুলে রেখে বুঝতে হবে যে তৎকালীন রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের কৃতিত্ব এই হিল কাউন্সিল তৈরি করার পিছনে রয়েছে। যখন পাঞ্জাব এবং কাশ্মীরে প্রতিদিন দুর্ঘটনা ঘটছে, উত্তর পূর্ব ভারত বিচ্ছিন্নতার আগুনে জ্বলছে তখন এই সভায় দার্জিলিংয়ের ব্যাপারে ঐক্যবদ্ধ মতটাকে টিকিয়ে রাখা উচিত। গোটা ভারতবর্ষের

বিচ্ছিন্নতাবাদের সমস্যা এই দার্জিলিং হিল কাউন্সিলের বিষয়ে সমস্ত রাজনৈতিক দলের আছে, কাজেই দার্জিলিংয়ের ব্যাপারে মত পার্থক্য রাখা উচিত নয়।

যে হিল কাউন্সিল তৈরি হয়েছে দার্জিলিংয়ে তার অর্থনৈতিক এবং রাজনৈতিক অধিকার আপনি দিয়েছেন সরকারের মাধ্যমে এবং এটা নিঃসন্দেহে দার্জিলিং-এর নেপালি ভাষাভাষি মানুষদের স্বায়ত্ব-শাসনের ধারণা এবং মর্যাদাবোধকে উৎসাহিত করেছে। কিন্তু তাদের নিজস্ব আত্মমর্যাদাবোধ তখনই পূর্ণাঙ্গ চেহারা নিতে পারবে যখন রাজনৈতিক এবং অর্থনৈতিক অধিকারের পাশাপাশি তাদের ভাষাগত অধিকার স্বীকৃত হবে। তাই আজকে দার্জিলিং হিল কাউন্সিলের বাজেট অলোচনা করতে গিয়ে প্রাসঙ্গিকভাবে যা চলে আসে তা হল নেপালি ভাষার সাংবিধানিক স্বীকৃতির প্রশ্ন। এবারের বাদল অধিবেশনে নেপালি ভাষাকে সংবিধানের অষ্টম শিডিউলে অন্তর্ভুক্ত করবার ব্যাপারে যে আলোচনা চলছে সেক্ষেত্রে নেপালি ভাষাকে যাতে সাংবিধানিক স্বীকৃতি দেওয়া হয় তারজন্য ইতিমধ্যে আপনি প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন। এরজন্য আমি আপনাকে অভিনন্দন জানাব। নিঃসন্দেহে এই ভাষার স্বীকৃত দার্জিলিংবাসীর আত্মমর্যাদাবোধ এবং স্বায়ত্তশাসনের ধারণাকে আরও শক্তিশালী করবে। আমি বিরোধী দলের কাছে একটা অনুরোধ করব, দার্জিলিং হিল কাউন্সিলকে টিকিয়ে রাখাবার প্রশ্নে আমাদের মতো আপনাদেরও কিছু দায়িত্বপালন করা উচিত। সাধনবাবু আলোচনাকালে লোকসভায় সোমনাথ চ্যাটার্জির বক্তৃতার কথা উল্লেখ করছিলেন এখানে, কিন্তু তিনি বলেননি, যার আলোচনার পরিপ্রেক্ষিতে তার ঐ মন্তব্য তিনি ইন্দ্রোজিৎ খুল্লার এবং তিনি জি. এন. এল. এফ.-এর সাংসদ নন্‌, জাতীয় কংগ্রেসের সাংসদ। প্রথমে তিনি জি. এন. এল. এফ. ছিলেন, কিন্তু পরে কংগ্রেস এম. পি. হয়েছেন। এটা বোধ হয় আজকে আমাদের এই সমস্যা সমাধান করতে সাহায্য করবে না। অতীতে আমরা এখানে ঐকামত হয়েছি, কিন্তু আজকে নেপালি ভাষার বদলে গুর্খালি ভাষার কথা বলছেন ক্ষুদ্র লাভের আশায়। যে দৃষ্টিভঙ্গি থেকে ক্ষুদ্র লাভের আশায় কমিউনাল বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়েছেন, সেই একই দৃষ্টিভঙ্গি থেকে আজকে যদি জি. এন. এল. এফের সঙ্গে হাত মেলান, তাতে দার্জিলিং এর লাভ হবে কিনা জানি না, কিন্তু আমাদের গোটা রাজ্যের পক্ষে সেটা সাংঘাতিকভাবে ক্ষতি হয়ে যাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন করতে গিয়ে সতর্কতার দিকে লক্ষ্য রেখে একটি অনুরোধ করব, আজকে দার্জিলিং এর পাহাড়াঞ্চলের বনাঞ্চল যেভাবে ধ্বংস করা হচ্ছে তাতে শুধুমাত্র দার্জিলিং নয়, উত্তর-পূর্বাঞ্চলে পরিবেশের ক্ষেত্রে একটা বিপর্যয় নেমে আসতে পারে। কাজেই এই ব্যাপারে কড়া ব্যবস্থা নেওয়া হোক। ঐ পাহাড় অঞ্চলের যেখানে সবুজে ঢাকা ছিল তার একটা অংশ থেকে নির্বিচারে গাছ কেটে ফেলা হচ্ছে। কাজেই আজকে তাদের পরিবেশ সম্পর্কে সাবধানতা নেবার জন্য বলুন। আজকে সেখানে প্রয়োজন শান্তির। শান্তি না থাকলে গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে না, আর গণতন্ত্র প্রতিষ্ঠিত না হলে দার্জিলিংয়ে স্বায়ত্ব-শাসন ব্যবস্থাটাও অসম্পূর্ণ হয়ে থাকবে। কিন্তু সেখানে কয়েক মাস ধরে জি. এন. এল. এফের নেতৃত্বে ঐকটা হিংসার রাজনীতি তৈরি করা হচ্ছে। গত দুই দিনে আমাদের দলের দুইজন কর্মীকে খুন করেছে জি. এন. এল. এফ.। কিন্তু সেখানে যদি ঐ হিংসার বাতাবরণ থাকে তাহলে দার্জিলিং-এর উন্নতি হওয়া সম্ভব নয়। এটা বুঝাবার প্রশ্নে নিশ্চয়ই জাতীয় ভূমিকা থাকবে—এটা প্রত্যাশা করি। দার্জিলিংয়ে শান্তি থাকলে তাদের অধিকারও

সুপ্রতিষ্ঠিত হবে। সেখানকার ডিপার্টমেন্টগুলিতে হয়ত কিছু টেকনিক্যাল ফল্ট আছে, কিছুদিন পর সেসব কেটে যাবে, কিন্তু যে স্বায়ত্ব-শাসনের ধারণাটা হিল কাউন্সিলের মধ্যে দিয়ে তৈরি হয়েছে, যেটা গোটা দেশের কাছে একটা উদাহরণ হয়েছে, সেই ধারণাকে আর শক্তিশালী করবার জন্য অবিলম্বে নেপালি ভাষার সাংবিধানিক স্বীকৃতি প্রয়োজন। এই প্রসঙ্গে রাজ্য সরকারের বক্তব্য এবং বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[1-00 — 1-10 P.M.]

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের যে বাজেট মাননীয় মুখ্যমন্ত্রী এখানে নিয়ে এসেছেন, আমি তার বিরোধিতা করছি। জাতীয় প্রশ্নে আমাদের কংগ্রেস দল সর্বক্ষেত্রে দলের স্বার্থের উর্ধ্বে উঠে কাজ করেছে, যা প্রমাণিত হয়েছে দার্জিলিং অ্যাকর্ডের মাধ্যমে। রাজীব গান্ধীকে সুভাষ ঘিসিংয়ের মদতকারি বলেছিল যে সি. পি. এম., সেই রাজীব গান্ধীর প্রচেষ্টায় সুভাষ ঘিসিংয়ের সঙ্গে জ্যোতিবাবু রাজভবনে দার্জিলিং অ্যাকর্ডে সই করেছিলেন। তার আগেকার একটা ঘটনার কথা আমার মনে আছে। একবার রাজীব গান্ধীর সঙ্গে দার্জিলিংয়ে যাবার সুযোগ আমার হয়েছিল। রাজভবনে রাজীব গান্ধী, মুখ্যমন্ত্রী এবং রাজ্যপাল বসে আছেন। সুভাষ ঘিসিং ৪০ জনের একটা ডেপুটেশন নিয়ে ঢুকলেন। উনি এসে প্রাইম মিনিস্টারকে নমস্কার করলেন, রাজ্যপালকেও নমস্কার করলেন, কিন্তু জ্যোতিবাবুকে নমস্কার করলেন না। তখন আন্দোলন চলছিল। রাজীব গান্ধী তাকে ডেকে বললেন, মিঃ ঘিসিং, প্লিজ স্যালিউট ইওর চিফ মিনিস্টার এই ছিলেন রাজীব গান্ধী। এই হচ্ছে জাতীয় কংগ্রেসের মনোভাব। এটা সেই সময়ের কথা যখন হেলিকপ্টার ছাড়া জ্যোতিবাবু দার্জিলিংয়ে যাবার কথা ভাবতে পারেন নি। সেই সময়ে রাজীব গান্ধী এই রকম মনোভাব দেখিয়েছিলেন। আমরা সেই মনোভাব রাখতে চাই। তার কারণ দার্জিলিংয়ে যে অ্যাকর্ড হয়েছিল তার একটা জাতীয় দায়িত্ব সকলেরই আছে এবং এটা একটা নুতন মডেল ফর ডেভেলপমেন্ট যা দিয়ে একটা অঞ্চলের স্বায়ত্তশাসনে মানুষের আশা-আকাঙ্খা মিট করা যায় কিনা। মুখ্যমন্ত্রী নিশ্চয়ই সেটা বোঝেন, তা না হলে মুখ্যমন্ত্রী এই অ্যাকর্ডে সই করতেন না। কিন্তু মুখ্যমন্ত্রীর যেটা সমস্যা সেটা হচ্ছে তার পার্টির কিছু অ্যাডভাইসর আছে। যেমন—দার্জিলিংয়ের ব্যাপারে, ৩ বিঘার ব্যাপারে ওঁর অ্যাডভাইসর হচ্ছেন বুদ্ধদেব ভট্টাচার্য। ওঁরা সব সময়ে সব ব্যাপারের মধ্যে একটা পার্টি ঢুকিয়ে নেয়। প্রথম থেকে রাজীব গান্ধীর সঙ্গে কথা বলে যদি দার্জিলিং অ্যাকর্ডের রাস্তায় যেতেন তাহলে দার্জিলিংয়ে সেই রকম হিংসাত্মক আন্দোলন হত না। আমরা ৩ বিঘা অ্যাকর্ডকে সমর্থন করি। কেন্দ্রীয় সরকার এই ৩ বিঘা অ্যাকর্ড করেছে সেটা ইমপ্লিমেন্ট করা হোক কিন্তু সেটা ইমপ্লিমেন্ট করার নামে সি. আর. পি. দিয়ে, পুলিশ দিয়ে কুচলিবাড়ির নিরীহ মানুষদের কোতল করে সেটাকে ইমপ্লিমেন্ট করতে হবে—এই রকম কথাতো অ্যাকর্ডে ছিল না। সব জায়গায় একটা উগ্রতা, একটা জোর ফলানোর চেষ্টা। সব জায়গায় একটা ঔদ্ধত্য সি. পি. এম.-র মনোভাবের মধ্যে দেখা গেছে। পার্স্যুয়েশন নয়, ফোর্স দিয়ে সব কিছু করার একটা মনোভাব দেখা গেছে। আমি মুখ্যমন্ত্রীকে বলব যে এই মনোভাব ছেড়ে দিতে। আপনি তো ১৫ বছর ধরে মুখ্যমন্ত্রী আছেন, দেশের লোক আপনার কাছে অনেক কিছু আশা করে। কিন্তু মুখ্যমন্ত্রী বালিগঞ্জের উপনির্বাচনকে নিয়ে সেশনকে ধমকাচ্ছেন। মুখ্য নির্বাচনী কমিশনারকে মুখ্যমন্ত্রী হুমকি দিচ্ছেন। সব বেআইনি কাজ করছেন এই পার্টির

লোকদের উৎসাহের জন্য, পার্টিতে নিজের পজিশন রাখার জন্য। আমি মুখ্যমন্ত্রীকে বলব যে আপনি অনেকদিন ক্ষমতায় এসেছেন, এই পার্টিকে আর অ্যাপিজ করে লাভ নেই। আপনি নিজের বিবেক অনুসারে কাজ করুন তাহলে দার্জিলিংয়ের সমস্যা, ৩ বিঘার সমস্যা, পশ্চিমবঙ্গে সি. পি. এম. ক্যাডারদের রিগিংয়ের সমস্যার অনেকটা সমাধান হবে। গতকাল খুব দুঃজনক ঘটনা ঘটল। বিজন বাড়িতে একজন সি. পি. এম. কর্মী মারা গেছে। দার্জিলিংয়ে জোর করে বনধ করতে যাবার কি দরকার ছিল, কি দরকার ছিল বর্ধমানের আলমপুরে জোর করে বন্ধ করতে গিয়ে লোকের হাত কেটে দেবার? এগুলির তো কোনও দরকার ছিল না। আপনি বন্ধ ডেকে দিন, যারা পারবে দোকান খুলবে, যারা পারবে না তারা দোকান খুলবে না। এই যে জোর করে সব জায়গায় কিছু করার প্রবণতা, এটা ত্যাগ করুন। আমি মুখ্যমন্ত্রীকে বলব যে এই মনোভাব ত্যাগ করে একটা সমঝোতার মনোভাব নিন। যে মনোভাব উনি দেখিয়েছেন, এটা একটা জবরদস্ত মনোভাব। এটা ওঁর পার্টির চাপে হয়েছে, নিজের ইচ্ছায় নয়। এটা দার্জিলিংয়ের ব্যাপারেও আগে দেখিয়েছিলেন, ভুল করেছিলেন। ৩ বিঘার ব্যাপারেও দেখিয়েছেন ভুল করেছেন। বালিগঞ্জ উপনির্বাচনেও দেখিয়েছেন, ভুল করেছেন। এই যে জবরদস্তি করে বন্ধ করা হল, এটা ডাক দিয়ে নয়, মানুষের সমর্থন নিয়েও নয়। এই মনোভাব যদি না ছাড়েন তাহলে কোনও সমস্যার সমাধান হবে না। এই প্রসঙ্গে আপনাকে বলতে চাই যে সুভাষ ঘিসিং দার্জিলিং নিয়ে যে নুতন সমস্যা তুলেছেন, আমরা তাকে সমর্থন করি না। আমরা মনে করি দার্জিলিং পুরোপুরি ভাবে ভারতবর্ষের অংশ। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী জানিয়ে দিয়েছেন যে ঘিসিং যে পয়েন্ট তুলেছেন দার্জিলিং নো ম্যানস ল্যান্ড বলে, সেই পয়েন্টের কোনও যুক্তিকতা নেই। কিন্তু ঘিসিং কেন এটা করেছেন? ঘিসিং করেছেন তার সহজ কারণ, যে কারণে ১৯৮৭ সালের নির্বাচনের আগে আপনারা "রক্ত দেব, কলিজা দেব, কিন্তু বাংলা ভাগ হতে দেব না"—এ সব কথা বলেছিলেন। আমরা বলেছিলাম, "কমরেডরা, আপনারা কলিজা দেবেন না, আপনাদের কলিজটা থাক, রাজীব গান্ধীকে ধরে তার লাইনে চলুন তাহলেই সমস্যার সমাধান হয়ে যাবে। আমাদের সেই একই কথা। ঘিসিং যে পলিটিক্যাল লাইনে যাচ্ছে, ১৯১৩ সালে হিল কাউন্সিলের ইলেকশন আসছে, ঘিসিংয়ের জনপ্রিয়তা কমছে। সি. পি. এম. যেমন ইলেকশনের আগে একটা ইলেকশন ইস্যু তোলে, ঘিসিংও সেই রকম তোলার চেষ্টা করেছেন। ঘিসিং শেষ পর্যন্ত থাকবেন কিনা সেটা জনসাধারণ বিচার করবেন। কিন্তু আমি আপনাকে বলছি, গত বছর আমি প্রায় ১৫ দিন দার্জিলিংয়ে ছিলাম। আপনারা ঘিসিংয়ের কাছে এই হিসাব চাওয়ার নামে যা করেছেন তাতে দার্জিলিংয়ের ভাল হচ্ছে না। আপনি বলছেন যে ঘিসিংকে হিসাব দিতে হবে। আপনি তাকে কি দিয়েছেন? এই পর্যন্ত আপনি ২ জন আই. এ. এস. অফিসার দিয়েছেন, একজন হচ্ছে বৃদ্ধ পেরিয়ার এবং আর একজন তরুন হেম পান্ডে। তারা যে অ্যাডমিনিস্ট্রেশন চালাচ্ছে এই অ্যাডমিনিস্ট্রেশন চালাবার তাদের অভিজ্ঞতা নেই। কত জন আই. এ. এস. অফিসারকে আপনি দার্জিলিং-এ ডেপুট করেছেন? কত জন্য ডবলু. বি. সি. এস অফিসারকে আপনি দার্জিলিং-এ ডেপুট করেছেন? কত জন আপনি পি. ডবলু. ডি.-র চিফ ইঞ্জিনিয়ার র‍্যাঙ্কের অফিসারকে দার্জিলিং-এ ডেপুট করেছেন? এই মুহূর্তে অ্যাডমিনিস্ট্রেশন চালাবার ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেশনে অনভিজ্ঞ ঘিসিংকে হোঁচোট খেতে হচ্ছে। প্ল্যান অ্যালোকেশন বলতে কিছু জানে না, কি করে হিসাব

দেবে? একজন চিফ একজিকিউটিভ অফিসারকে নিয়ে যদি অ্যাডমিমিস্ট্রেটিভ সাপোর্ট দিতে হয় তাহলে সে দিতে পারবে না। তাই তার বিরুদ্ধে অভিযোগ আসছে। আপনি নিশ্চয়ই জানেন দার্জিলিং-এর জন্য আপনি কি দিয়েছেন। ১৯৯১-৯২ সালে আপনি প্ল্যানে দিয়েছেন ৪৬ কোটি টাকা। ১৯৯০-৯১ সালে আপনি দিয়েছিলেন ৩৯ কোটি টাকা। এবারের টোটাল বাজেট হচ্ছে ৫৫ কোটি টাকা, বেশির ভাগ প্ল্যান অ্যালোকেশনের টাকা কোনও সন্দেহ নেই। কেন্দ্র যে তার ম্যাচিং টাকা দিয়েছে, স্পেশাল সেন্ট্রাল অ্যাসিস্টেন্স সেটা হল ২৫ কোটি টাকা। এই টাকা দার্জিলিং-এর ডেভেলপমেন্টের জন্য পাওয়া যাচ্ছে। এটা আপনাকে অ্যাসেসমেন্ট করতে হবে এই টাকা দিয়ে দার্জিলিং-এর উন্নয়ন হচ্ছে কিনা। দার্জিলিং-এর প্রবলেম কি? দার্জিলিং-এর মূল প্রবলেম হল কমিউনিকেশন। পাহাড়ি রাস্তা, অত্যন্ত খারাপ অবস্থায় রয়েছে। পি. ডবলু. ডি. হচ্ছে ট্রান্সফার ডিপার্টমেন্ট বেশির ভাগ কাজ তারা করছে, কিন্তু অ্যাডিকোয়েট ম্যান পাওয়ার নেই। দার্জিলিং-এর হিলে মেন হচ্ছে হিল কাট রোড এবং তারপর হচ্ছে সেবক রোড যেটা ন্যাশনাল হাইওয়ে, সেটা মেন্টেনেন্স হচ্ছে। কিন্তু আর বাকি যে সমস্ত ছোটখাট রাস্তা আছে সেইগুলি ইন এ টেরিবেল কন্ডিশন। সেখানে পি. ডবলু. ডি. ব্রেক আপ করছে। মাননীয় মুখ্যমন্ত্রী শিল্পমন্ত্রীও বটে। Darjeeling has an ideal weather for making electronic and high precision goods. ১৯৭৫ সালে কথা হয়েছিল কার্শিয়াং-এ ওয়াচ মেকিং ফ্যাক্টরি তৈরি হবে। আমি জিজ্ঞাস করতে চাই কি নূতন শিল্প দার্জিলিং-এ করেছেন। শঙ্করবাবু বসে আছেন, বিদ্যুত দপ্তর ফেল করছে। রাম্মাম হাইড্রো ইলেক্টিক প্রোজেক্টের যন্ত্রপাতি শিলিগুড়িতে পড়ে আছে, হাইড্রো ইলেকট্রিক প্রোজেক্টের যন্ত্রপাতি নিয়ে যেতে পারছেন না, রাস্তা করতে হবে। দার্জিলিং ক্যান বি অ্যান আইডিয়াল সুইজারল্যান্ড। হাইড্রো ইলেকট্রিক পাওয়ার তৈরি করার পক্ষে একটা উপযুক্ত জায়গা, টপে একটা প্ল্যান করে কি করা যায় সেটা দেখতে হবে। লুক অ্যাট দার্জিলিং টাউন টুডে। আজকে সব চেয়ে বেশি ট্যুরিস্ট বুম চলছে দার্জিলিং-এ, শিলিগুড়ি থেকে একটা প্লেনের টিকিট পাওয়া যাচ্ছে না। দার্জিলিং শহরের প্ল্যানে বিগ ওয়াটার সাপ্লাই স্কীম নেই, কার্শিয়াং-এ করেছে সেটা ডিফেন্স মিনিস্ট্রির টাকা দিয়ে করা হয়েছে। দার্জিলিং-এ একটা প্রপার পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম নেই। দার্জিলিং-এর ডেভেলপমেন্টের জন্য যদি টাকা না দেন তাহলে ঘিসিং না হলে আরও নূতন কেউ আওয়াজ তুলবে দার্জিলিং ডেভেলপমেন্টের জন্য, আলাদা হয়ে যাওয়ার জন্য। আমি বলতে চাই হিল কাউন্সিল অ্যাকর্ড সেটা যেন নষ্ট না হয়। এটা এক্সপেরিমেন্ট করে দেখতে হবে ভারতবর্ষের অন্যান্য জায়গায় এই জিনিসটা নিয়ে চেষ্টা হতে পারে, তার জন্য এটা এনসিয়োর করতে হবে। দার্জিলিং-এর জন্য অ্যাডিকোয়েট ডেভেলপমেন্ট যেটা দরকার সেটা করতে হবে, সেচকে এনসিয়োর করতে হবে। পলিটিক্যাল পারপাসে যেন না চলে এটা কিছু সি. পি. এম.-কে রিহ্যাবিলেট করার জন্য নয়, লক্ষ্য হচ্ছে দার্জিলিং-এর জন্য অ্যাসিয়োর করতে হবে। দার্জিলিং-এর মানুষের আশা-আকাঙ্খা যেন এইভাবে প্রতিফলিত হয় যে তারা পশ্চিমবাংলায় থেকে লোকসান করছে না, লাভবান হচ্ছে। স্পিকার স্যার, আপনাকে প্রশ্ন করতে চাই [* * * * * * * * * * * *]।

---

* Expunged as ordered by the Chair.

[1-10 — 1-20 P.M.]

মিঃ স্পিকার ঃ It is not a statement of the Hill affairs. So that will be expunged from the records.

শ্রী সৌগত রায় ঃ গণতন্ত্রটা এমন হয়ে যায়। আমি আর একটি কথা বলছি—জি. এন. এল. এফ.-র তিনজন রিজাইন করেছেন, সেই ব্যাপারে আমাদের জানা দরকার। স্পিকার যদি তা আমাদের না জানান, তবে মুখ্যমন্ত্রী সেটা জানান। আজকে কমল গুহ হাউসে আসছেন না তিন বিঘা বিষয় নিয়ে। আস্তে আস্তে দেখা যাবে হাউসের অন্য সদস্যারা রিজাইন করে চলে যাবে, আর আমরা শূন্য শ্মশানে বসে থাকব। এরপরে দেখা যাবে ঝাড়খণ্ডের সদস্যও চলে যাবে—আমরা শূন্য শ্মশানে বসে থাকব? গণতন্ত্রের স্বার্থে এই ব্যাপারে একটা ফয়সালা হওয়া উচিত। এই কথা বলে আমি হিল কাউন্সিল বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, with your permission, I wish to make a few remarks in support of my Budget, and I see, there was no cut motions as I can make out.

Our Government has always wished the Darjeeling Hill District Council to succeed. And we have been making all attempts to see that it does succeed. We have been very very patient. We have had discussions with the Darjeeling Hill Council, I myself along with my Finance Minister. We visited Darjeeling. He visited twice and I visited once. We had detailed discussions for the difficulties faced, according to Shri Ghising of D. H. D. C., and, we thought, we had sorted out the problems, because he said to us.....I asked him 'why are you all the time giving statements against us that we have not provided you with funds ?' Then we told him that very time when we met with them as to 'how much fund they want for Darjeeling from Central Government and from our fund ?' He said, 'no, I no more speak about fund just now'. Then he told me, I think a little frankly, that 'I am the Chairman, but I have no administration, how to give you returns and accounts and so on ?' And also he talked about to give him providing him with Engineers and other technical people, he told me. And I told him, 'we shall do all this, 'send as senior officer, and IAS officer. He is there for 'last two or three years and is trying to help the Council, and I believe about eighty six or ninety posts have been created already, and then he (Ghising) made another complaint to me sometimes—'how do you appoint here, in Darjeeling ? They come here, stay a few days and go down; that also create difficulties for me', I said, 'these are a small matters, we can sort them out.' I thought, we had a satisfactory discussion. This is the background which I am stating before the Hon'ble Members of the House.

But, unfortunately, time and again, I do not want to go into whole history, but, time and again, Shri Subhas Ghising raised, not only these issues—this legitimately issues were raised sometimes and we tried to solve them, but non-issues, the latest has been for the two or three months of if not more—that Darjeeling is not a part of India and the areas around in Dooars, are not part of India,—he has found out. His legal advisor told him that—this situation is not cleared at all and they should be clarified by the Government of India. Nothing to do with us, the West Bengal Government. And I believe that because he is not carrying on with his developmental works and is becoming a little isolated from the people and, therefore, he is raising such a non-issue. It is unimaginable, unthinkable that anybody can raise such a issue after forty four years of independent. He has raised this and even published a book. When I met the Home Minister in Delhi, Shri Chavan, he had that book with him. It is an illegal publication and I think some action has been taken. Some case has been registered there. This book tries to prove that it is a no-man's land, mentions about the agreement with the British, safeguarding that agreement, then it refers to other agreements after we became independent. And the conclusion is that 'nothing is cleared'—Darjeeling and some parts of Dooars are not part of India.

Now this is, of course, to divert attention, according to me. Once he had told me after this struggle which went on with arms in hand and so on that—'now all that is over. Now we have agreed and now I believe in development of Darjeeling. We have to do that and you please help us.' I said—'very good, we shall certainly help you. and the Act is there, the rules are there, the regulations are there. You and we, both have to abide by that'. But, unfortunately, as I say, this issue has been raised. And now the Congress (I) members are pleading with me that—you be patient, talk to these M. L. As who have sent in their resignation. So I read you out one of the resignation letters. All three are same—written to the Hon'ble Speaker : "I, N. K. Kumai, (M. L. A.) from Darjeeling Constituency hereby submitting my resignation to your honour from West Bengal Assembly seat in protest against the Central Government of India that it completely failed to clarify the legal status of the lands of Darjeeling, Kalimpong, Western Dooars an Assam Dooars within the ultimate period as given by the Gorkha National Liberation Front. As a result of it the locus stand; of the M. L. As from the said constituencies became completely vague so as to attend the Session of the West Bengal Assembly in future.

Please note that this is our final resignation as per the resolution of the Joint Convention of the G. N. L. F. Party dated 3rd April, 1992."—These are the three letters.

.....(noise).....

But I am happy to state that when Ghising, ignoring us he went to Delhi, the Home Minister finally dealt with him quite strongly and made his Government's position absolutely clear—'that you can raise any issue, but not an issue which is not quite patriotic. You are writing to foreigners, you are taking a stand that Darjeeling is not a part of India. How can one tolerate a situation as this ?' This is exactly what the Home Minister Shri Chavan told me. That was good.

I was happy to hear this, because—He goes on telling the Darjeeling people that the West Bengal Govt. is against us, but the Central Government is for us. I am sorry to say that the M. P. from that area is not helpful at all. He is a Congress M. P. now. He is also, in this matter, not helpful I have asked the Home Minister to talk to his own M. P. about all the issues which have been raised. But, unfortunately, Ghishing is persisting in his attitude. Now communication with him has also, therefore, become difficult. On this issue what are we to communicate ? What to discuss ? I have no authority to discussed all these. The person who has the authority has already duscussed these with him. But he can't disabuse his mind of some conclusions which Shri Ghising and his Council there arrived at. But again I say that we are still patient and we want the Council to succeed. But it must also co-operate with us, for instance, the Nepali language. For twenty/twenty-five years we have all been agitating including the Congress, the Gorkha League, the communists—C. P. I. and the C. P. I(M) and every party there—

[1-20 — 2-10 P.M.] (including adjournment)

That it must be included in the 8th Schedule of the Constitution. He said this is not my language. This is not the language of Darjeeling. Then I said 'what is your language?' He said 'Gorkhali'. What is Gorkhali? 'Gorkhali is a village in Nepal. Now we must adopt that language'. But what that language is I do not know. The Central Govt. does not know. We all pledged in the Assembly and particulary here we took an unanimous resolution on this and sent it to the Central Govt. Thereafter also I worte so may times to the Central Govt. and the All India Convention which was there of the Nepalees. In India and Sikkim and some other places another time. They have all reiterated the demand that Nepali language should be included in the 8th Schedule of the Constitution. I myself had a talk with the Home Minister last time when I was in Delhi and he promised to look into the matter in the next session of Parliament which will be starting on the

8th of July. Similarly, when he talks about Gorkhali language we told him that in West Bengal there is a language Act, Nepali Language Act, but you have given a circular to your schools and so on that you will adopt the Gorkhali language in that state. That Act does not exist for Gorkhali language. It is the Nepali language that is in the Act. Well, we can't reason with persons who do not believe in any reason. Therefore, these are the points of conflict which have arisen not on development or funds. These are the points of conflict which have arisen between the Gorkha Hill Council and the Govt. of India and the Govt. of West Bengal. Now I don't know what will be the advice of the Congress because this is a separate kind of Congress here in West Bengal, so what do they want me to do I don't quite understand. Now becasue some financial questions have been raised — I have already talked about the administrative set-up, about the infrastructure which was really weak, so we have tried to strength that As I said earlier, now I tell you that financial questions have been raised. They do not support their Govt. in Delhi. That is my difficulty with these Congressmen. In spite of the overall financial constraints the State Government has sought to provide adequate funds to the Council, Public funds in any public institutions have to be spent and accounted for with propriety and in accordance with the financially prescribed Rules and Regulations. According to the DGHC Act, no funds can be spent without budget grant. No budget has been submitted for the last two years by the Council. There is irregularity in the purchase of immovable property. For purchase of immovable property prior approval of the Govt. is required. The hill Council did not follow this although advised to do so. They have purchased property in Delhi for a huge sum of about Rs. two crores. When Mr. Ghising had referred to his own discussion in Darjeeling and sent me a letter that rupees four crores have been set apart for buying real property House and land in Delhi I requested him not to make this wasteful expenditure. I told him that now we have lot of rooms there in the Bangabhavan and you can go and stay there. If you want we can reserve rooms. I can tell by P.W.D. minister to reserve a few rooms for you so that you can use these rooms when you have to come to Delhi, may be for administrative reasons or for treatment of your petients. Already I have given you a piece of land at Salt Lake. Your building is six-storied. You can use our premises till the completion of the six-storied house there. Why today you spend it ?

We told them to spend it for the Darjeeling people. It would be more fruitful. But he did not listen to us. It had no effect on him.

D.G.H.C. has opened numerous bank accounts with Commercial Banks without the permission of the State Government, in violation of the D.G.H.C. Finance and Accounts Rules, 1990.

Utilisation Certificates were not being submitted in the prescribed manner. Expenditure on non-priority items from the Central assistance is being made. A large number of casual and other categories of staff have been appointed, a huge fleet of vehicles have been purchased. Up to date Rs. 86 crores worth utilisation certificates have been submitted out of Rs. 124 crores approximately released to the DGHC, so far. Promotions have been given to posts which could only be done by the Public Service Commission.

DGHC has set up an internal security system without the approval of the State Government and appointed a large number of persons more than required. We have, with the permission of the Central Govrnment provided the Chairman of the Council with one company of BSF—armed BSF we have provided.

The Council is following a procedure for land acquisition which is in conformity with the West Bengal Land Acquisition Act. This may result in legal complications and loss of money.

Withdrawal of Financial Powers of the Chief Executive Officer which was ordered recently by the Chairman, DGHC on 5.6.92 is an violation of the specific provisions of the DGHC, Finance and Accounts Rules, 1990.

On 5.6.92, the Chairman reternched about 400 daily wage and casual employees alleging that this was in pursuance of instructions from the State Government. This was a deliberate move to create confusion. State Government has not passed any such orders.

DGHC has set up a parallel pay committee without consulting the State Government or the Finance Department. This is also wholly outside the purview of the DGHC Act.

Advance of more than Rupees nine crores have been drawn by the officers for running offices – this is grossly violative of the financial rules and propriety and attracts audit objections. This is continuing despite governments advice to adhere to financial rules.

This is all that I have got to say. Again I want to reiterate what I said in the last lines of my Budget Speech. The State Government belives that outstanding isues can be sorted out through mutual discussion and in a spirit of cooperation. The Government is seized of the special

problems of the hill areas and is taking all steps for the fulfilment of the legitimate aspirations of the people of the hills. Thank you.

Demand No. 64

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 55,37,62,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads : "2551–Hill Areas, 4551–Capital Outlay on Hill Areas and 6551–Loans for Hill Areas".

(This is inclusive of a total sum of Rs. 13,84,50,000 already voted on account in March 1992), was then put and agreed to.

(At this stage the House was adjourned till 2 p.m.)

AFTER ADJOURMENT

[2-00 — 2-10 P.M.]

শ্রী দিলীপ মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি তা হচ্ছে ৩ বিঘা চুক্তি এবং রাজ্য কংগ্রেসের ভূমিকা নিয়ে। স্যার, আপনি জানেন যে এই ৩ বিঘার একটি করিডোর বাংলাদেশকে ব্যবহার করতে দেওয়া। এটা হচ্ছে একটা আন্তর্জাতিক চুক্তি ভারত এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী লেভেলে এই চুক্তি হয়েছে। তারপর ভারত সরকার এটা ঠিক করেছেন যে, ১৯৯২ সালের ২৬শে জুনের মধ্যে এই চুক্তিকে কার্যকর করা হবে এবং রাজ্য সরকার আন্তর্জাতিক চুক্তির গুরুত্ব অনুযায়ী তারা এই চুক্তি যাতে ঠিকভাবে রূপায়ণ করা যায় সেই বিষয়ে চেষ্টা করেছেন। কিন্তু স্যার, এই চুক্তির বিরুদ্ধে স্থানীয় কিছু বিপথগামি মানুষ—মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। তাঁরা কিছু লোককে নিয়ে আন্দোলনের নামে বিশৃঙ্খলা করবার চেষ্টা করছেন। কিন্তু এই বিধানসভায় কয়েকদিন আগে সর্বদলীয় প্রস্তাব গৃহীত হয়েছে যে, ৩ বিঘা চুক্তিকে কার্যকর করা হবে এবং সমর্থন করা হয়েছে।

একটা সন্দেহ মানুষের মধ্যে ছিল এবং এই বিধানসভায় কিছুদিন আগে একটা অভিযোগ শুনেছি যে, বিধানসভায় কংগ্রেসের যে নেতা—তিনি গোপনে বি.জে.পি. পার্টির সাথে হাত মিলিয়েছেন এবং সেই চুক্তির বিরোধিতা করবে যাতে এই চুক্তি না হতে দেওয়া যায়। সেখানে বিশৃঙখলা করবার চেষ্টা করছেন, চুক্তিকে বানচাল করবার চেষ্টা করা হচ্ছে। সেখানে যে সর্বদলীয় কমিটি যাবার কথা ছিল—সেখানে তিনি অনুপস্থিত থাকলেন এবং কোনও একটা জায়গাতে ভোটের ব্যাপারে, ভোট হচ্ছে স্থানীয় ব্যাপার কিন্তু তিনি সেই ঘটনাকে কেন্দ্র করে বললেন যে, আমরা ৩ বিঘা যাব না। যাঁরা গেলেন তাঁদের মধ্যে কয়েকজন সদস্য আছেন এখানে। সৌগতবাবুও আছেন। কিন্তু ওখানে গিয়ে বলে আসা হল স্থানীয় মানুষদের যে তোমাদের ক্ষোভ, বিক্ষোভের কথা জানতে এসেছি, তাঁদের প্রতি সহানুভূতি দেখানো হয়েছে। তা ছাড়া, কমল গুহ বা যাঁরা আছেন, এবং বি.জে.পির কিছু লোক তাঁদেরকে মদত দিতে এসেছেন। এই আন্তর্জাতিক চুক্তিকে বানচাল করবার চেষ্টা করছেন। এবং কাগজ,

কাগজে, কাগজে বিরিয়েছে, আজকাল পত্রিকাতেও বেরিয়েছে যে, মানুষ ক্ষুব্ধ হয়েছেন। আনন্দবাজারেও বেরিয়েছে যে, রাজ্য সরকার না কি বলপ্রয়োগ করছে।

স্যার, এইসব কথা বলে কংগ্রেস পার্টি এই আন্তর্জাতিক চুক্তির সম্পূর্ণ বিরোধিতা করছে। আমি স্যার নীতিগত বিষয় তুলতে চাই। সর্বদলীয় প্রস্তাব যার মধ্যে কংগ্রেস পার্টি শরিক সর্বদলীয় প্রস্তাবে বললেন এক রকম আর ওখানে গিয়ে তার বিরোধিতা করলেন। এইটা বিধানসভার সঙ্গে বিশ্বাসঘাতকতার সামিল। আমি সৌগতবাবুর বিরুদ্ধে অধিকার ভঙ্গের প্রস্তাব আনছি। আনতে চাই এই কারণে যে তিনি বিধানসভার সর্বদলীয় প্রস্তাবে তার দল শরিক। তার প্রতি বিশ্বাসভঙ্গ করে তিনি রাজ্যের ক্ষতি করেছেন, দেশের ক্ষতি করেছেন। বিদেশে আমাদের দেশের যে ভাবমূর্ত্তি তা নষ্ট করেছেন। এই কংগ্রেস পার্টি দেশের মানুষের সঙ্গে চিরকাল বেইমানি করেছে। আমি সৌগতবাবুর বিরুদ্ধে অধিকার ভঙ্গের প্রস্তাব আনছি।

(তুমুল গোলমাল।)

শ্রী আবদুল মান্নান : মাননীয় স্পিকার মহাশয়, ধন্যবাদ। আমার একটা পারশন্যাল এক্সপ্লেনেশন আছে। একটু আগে মাননীয় সদস্য দিলীপবাবু কিছু সংবাদপত্রের উদ্ধৃতি দিয়েছেন এবং বলছিলেন কংগ্রেস পরিষদীয় দল এবং প্রদেশ কংগ্রেসের যে টিম গিয়েছিল সে সম্পর্কে মন্তব্য করছিলেন। সংবাদপত্রের রিপোর্টের ভিত্তিতে উনি নিজেও বিভ্রান্ত হয়েছেন, হাউসকেও বিভ্রান্ত করছেন। প্রদেশ কংগ্রেসের টিম এবং কংগ্রেস পরিষদীয় দলের টিম যাঁরা গিয়েছিলেন তার মধ্যে আমি একজন ছিলাম। আমাদের অনেক সদস্যই ছিলেন। কেউ আমরা বলি নি, তিন বিঘা চুক্তি মানতে হবে না। একই রাজ্যের একটি এলাকায়, একটি রিমোট ভিলেজে যদি মানুষের ক্ষোভ থাকে সেটা নিশ্চয় শোনার দায়িত্ব সবাইয়ের। আমরা কতগুলো কথা বলেছি এবং কতকগুলো প্রশ্ন তারা আমাদের যা করেছিলেন তার উত্তর দিতে পারি নি। দিলীপবাবু প্রশ্নটা করি, উত্তরটা দিন। মধুসূদন রায় তিনি কংগ্রেসের এম.এল.এ. ছিলেন। ১৯৭৪ সালে ইন্দিরা-মুজিব চুক্তি যখন হয় তখন তিনি সংগ্রাম কমিটিতে যুক্ত হয়ে আন্দোলনের সামিল হয়েছিলেন। পরবর্তীকালে যে কোন কারণেই হোক, তিনি পদত্যাগ করেন। তিনি বললেন, জ্যোতিবাবু বিরোধী দলের নেতা থাকাকালীন কুচলিবাড়ির সংগ্রাম কমিটিকে মদত দিয়েছেন। আজকে কমলবাবুকে বি.জে.পি. নেতা হিসাবে দিলীপবাবু বললেন। কমলবাবু আপনাদের প্রাক্তন মন্ত্রী। তাঁরা আমাদের প্রশ্ন করেছিলেন যে জ্যোতিবাবু আমাদের মদত দিয়েছিলেন, সমর্থন করেছিলেন, আজকে সেই জ্যোতিবাবু কেন আমাদের কথা শুনছেন না। আমরা তাদের ক্ষোভটা জানাতে গিয়েছিলাম এবং ক্ষোভটা জানা থাকলে আমরা সঠিক পদক্ষেপ নিতে পারব। মাননীয় সদস্য সব কিছু ঠিক ঠিক জেনে তারপর কথা বললে ভালো করতেন।

[2-10 — 2-20 P.M.]

আপনি এটাও অ্যাসার্টেন করুন স্পেসিফিক ফরোয়ার্ড ব্লক থেকে হুইপ দেওয়া হয়েছিল কিনা। সংবিধানের ১০-ম তপশীলে যে ব্যবস্থা.....

(গোলমাল)

স্যার, ওদের চিৎকার একটু বন্ধ করুন। ওদের পার্টির আমরা সেদিন ৯ জন সদস্যকে এখানে উপস্থিত থাকতে দেখি নি। আমরা দেখি নি উপস্থিত থাকতে। ফরোয়ার্ড ব্লকের ৯ জন সদস্যকে আমরা উপস্থিত থাকতে দেখিনি। আজকে অ্যান্টি-ডিফেকশন আইনে, সংবিধানের ১০-ম তপশিলকে এটা অ্যাট্রাক্ট করে আপনি বিবেচনা করবেন। আমি আপনার কাছে নালিশ করছি। ওদের যদি হিম্মৎ থাকে, আজকে কংগ্রেসের বিরুদ্ধে অভিযোগ করছে ঐ অঞ্চলের মানুষরা আপনার আশীর্বাদপুষ্ট হয়ে। আজকে এটা জানবার চেষ্টা করুন যে ওদের মধ্যে স্যাবোটেজের ব্যাপারে কে কি ভূমিকা নিয়েছে এবং এরা কি প্রতিকারটা করেছে। আজকে তা যদি হয়....

(গোলমাল)

তোমাদের বোঝার বাইরেও সংবিধান তোমাদের মাথার উপরে আছে। আজকে জবাব দিতে হবে যে সংবিধান অমান্য করল কেন? আজকে আপনার কাছে জানতে চাই—আই রেজ এ স্পেসিফিক পয়েন্ট। হুইপ যদি পার্টি দিয়ে থাকে তাহলে হুইপ অমান্য করলে—আমাদের শিডিউল টেন-এ, আপনি আমাকে রুলিং দেবেন। সব লোক ছিল না। কোনও কারণ দেখিয়েছে কিনা। আপনি কৈফিয়ত তলব করছেন কিনা?

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, আপনি প্রথম যে পয়েন্টটা তুললেন অ্যান্টি ডিফেকশন অ্যাক্টের ব্যাপারে, এটা নিয়ে সর্বভারতীয় স্তরে একটা বিতর্ক চলছে। আমার ব্যক্তিগত মতেও আইনটা ডিফেকটিভ। এখনই বাতিল করে নতুন একটা ভাল আইন করা উচিত। এটা ১৯৮৫ সাল থেকে বলছি। আমাদের প্রতিটি প্রিসাইডিং অফিসারস কনফারেন্সে বলছি যে ঐ আইনটা কার্যকর করা যায় না। এবারেও আলোচনা হয়েছে এবং আবারও বলে এসেছি যে এই আইন-এ কারুর মেম্বারশিপ নেওয়া যায় না, কিছুই করা যায়না, এটা ডিফেকটিভ আইন। যাক। অন্য উদ্দেশ্য নিয়ে আইনটা করা হয়েছিল এবং সেই কারণটা আপনারা জানেন না যে কেন করা হয়েছিল। একটা দলকে ক্ষমতায় রাখার জন্য করা হয়েছিল। আমি এটা রেকর্ডে বলেছি। এটা অন রেকর্ড আছে। এসব ছেড়ে দিন। এখন প্রশ্ন হচ্ছে, মূলত আপনি হুইপ জানতে চান কোন একদল দিয়েছে কিনা তাহলে আপনাকে জানাতে হয় আপনার দল দিয়েছিল কিনা কারণ আপনার দলেরও অনেক লোক অনুপস্থিত ছিল সেদিন। ওটার কি হবে?

(গোলমাল)

আরে কি বিপদ। আপনার দলের অনেক লোক অনুপস্থিত ছিল, ওর দলের অনেক লোক অনুপস্থিত ছিল।

(গোলমাল)

আরে, হুইপের প্রসিডিওর হচ্ছে হুইপ থাকলে তারা স্পিকারকে জানায়, কপি একটা স্পিকারকে দেয়। সেটা আমার ব্যাপার আমি বুঝব। এ নিয়ে ওনার অত মাথাব্যথা কিসের আমি বুঝছি না। যাক, ছেড়ে দিন। নাউ ডিবেট....is closed.

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 25

There are two cut motions to Demand No. 25. All the cut motions are in order.

Shri Sobhan Deb Chattopadhyay & Shri Saugata Roy : Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100./

Demand No. 79

Mr. Speaket : There are seven cut motions to Demand No. 79. All the cut motions are in order.

Shri Abdul Mannan, Shri Prabir Banerjee, Shri Deba Prasad Sarkar & Shri Saugata Roy : Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী সৌগত রায় ঃ অন এ পয়েন্ট অব পারসোনেল এক্সপ্ল্যানেশন, স্যার, মাননীয় সদস্য শ্রী দিলীপ মজুমদার বললেন যে তিনি আমার বিরুদ্ধে প্রিভিলেজ আনতে চান। প্রিভিলেজ আনার নিয়ম হচ্ছে যে সেই মেম্বার কনসার্নকে আগে নোটিশ দিতে হয়। আমি আপনার কাছে জানতে চাইব যে উনি নোটিশ দিয়েছেন কিনা। যদি দেন, উনি দিতে পারেন কিনা আমি জানি না, হয়ত অন্য কেউ লিখে দিতে পারে। স্যার, আমি আপনাকে বলছি, দিলীপবাবু কিছু ইরেলেভেন্ট কথা তিন বিঘা নিয়ে এনেছেন। আমি স্যার, আপনার কাছে জানতে চাই....

মিঃ স্পিকার ঃ না, না, হল না, নট অ্যালাউড। নাউ decision on Demand No. 25 and 79, Shri Abdul Mannan.

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশনগুলো এসেছে, সেইগুলোকে সমর্থন করছি। স্যার, পূর্ত দপ্তরের ব্যয়-বরাদ্দের দাবি পেশ করার আগে পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়, তাঁর যে সাফল্যের খতিয়ান দেখিয়েছেন, বাস্তবের সঙ্গে তার কোন মিল নেই। স্যার, সারা পশ্চিমবাংলার আপনি যদি রাস্তাঘাটগুলোর অবস্থা দেখেন তাহলে বুঝতে পারবেন যে পূর্তমন্ত্রী যে সাফল্যের খতিয়ান দেখিয়েছেন তার সঙ্গে বাস্তবের কোন মিল খুঁজে পাবেন না। পূর্ত দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরের কাজকর্মের উপর সারা পশ্চিমবাংলার উন্নয়ন নির্ভর করে। কারণ যোগাযোগ ব্যবস্থা যত উন্নত হবে, রাজ্যের উন্নয়নও তার উপর নির্ভর করে। কিন্তু দুঃখের বিষয় আমাদের রাজ্যের রাস্তাঘাটের অবস্থা এমন খারাপ যে আমাদের মুখ্যমন্ত্রীকে পর্যন্ত কলকাতার বাইরে কাছাকাছি, এমন কি কল্যাণী, চুঁচুড়া, শ্রীরামপুর, উত্তরপাড়া যেতে হলেও হ্যালিকপ্টারে করে যেতে হচ্ছে। তিনি রাজ্যের মুখ্যমন্ত্রী তাঁর অনেক সুযোগ-সুবিধা আছে, তিনি হ্যালিকপ্টারে করে যেতে পারেন, কিন্তু রাজ্যের সাধারণ মানুষ, যারা পদাতিক, যারা সাইকেল বা গাড়ি বা বাসে করে যাতায়াত করেন, তাদের অবস্থা আমরা অনুমান করতে পারি। অনেক কিছু কথা বলেন পূর্তমন্ত্রী, কিন্তু আমরা এই পূর্ত মন্ত্রীর আমলে যা দেখছি গোটা পশ্চিমবাংলার

স্বাধীনতার আগে কেউ দেখেনি এবং আমরা যারা স্বাধীনতার পরে জন্মেছি, আমরাও দেখিনি। আমাদের রাজ্যের রাস্তা খারাপ হলে বাস বন্ধ, এটা কেউ কোনওদিন শুনেছেন? আমাদের এখানে তা হয়। তাহলে পূর্ত দপ্তর কী করতে রয়েছে? ন্যাশনাল হাইওয়ের টাকাগুলো সেন্ট্রাল গভর্নমেন্ট দেয়, সেইগুলো আপনারা একজিকিউট করেন। সেখানে আপনাদের ব্যর্থতা এত বেশি, কনট্রাকটারদের সঙ্গে যোগাযোগ এত বেশি যে এই দপ্তরকে মন্ত্রী চালায় না কন্ট্রাকটর চালায় বোঝা যায় না। পি. ডবলিউ. ডি.-র কন্ট্রাক্টার যারা এনলিস্টেড হয় তারা হচ্ছে ফার্স্ট ক্লাশ কন্ট্রাক্টর, ফার্স্ট ক্লাশ কন্ট্রাক্টরদের এনলিস্ট করার কথা। কিন্তু যাদের ক্ষেত্রে কন্ট্রাক্ট দেওয়া হচ্ছে তাদের কাজের কোনও অভিজ্ঞতা নেই। মন্ত্রীর যারা ঘনিষ্ঠ ব্যক্তি, তাদের কন্ট্রাক্টর হিসাবে এনলিস্ট করা হচ্ছে। তাদের কোনও অভিজ্ঞতা নেই, শুধু রাজনৈতিক প্রভাব খাটিয়ে বা অন্য কোনও উপায়ে ম্যানেজ করে তারা কন্ট্রাক্টর নেয়। তারপর রাস্তাঘাট করতে গিয়ে দেখা যায় অভিজ্ঞ কন্ট্রাক্টররা বাদ গেছে। ফলে ম্যাক্সিয়াম রাস্তাঘাট দেখবেন— পি.ডবলিউ.ডি.'র যে সমস্ত বড় বড় রাস্তা, স্টেট হাইওয়ের রাস্তাগুলোর ডবল লাইনে মোরাম দেবার কথা, কিন্তু সেইগুলো মাটি ফেলে মোরাম দিয়ে কাজ চালানো হচ্ছে, ব্ল্যাক টপ নেই। এই হচ্ছে কন্ট্রাক্টারদের কাজের নমুনা। আর একটা জিনিস দেখা যায় জুন মাসের পর রাস্তা মেরামতি কাজ শুরু হয়। বর্ষার শুরুতে কাজ আরম্ভ হয় এবং কাজ শেষ হতে হতেই বৃষ্টির জলে সেই রাস্তার অবস্থা আরও সঙ্গীন হয়ে যায়। তাছাড়া কন্ট্রাকটররা ঠিক সময়ে টাকা না পাবার ফলে মন্ত্রী পর্যন্ত তাদের উপর খবরদারি করতে পারেন না। মন্ত্রী মহাশয় খুব বঙ্গভঙ্গ নিয়ে বড় বড় কথা বলেন। আমাদের বুদ্ধদেববাবু থাকলেও বলতেন। উনি অনেক ডাঁটের সঙ্গে বলেন বে-আইনি বাড়িঘর ভেঙ্গে দেব। ভাল কথা।

[2-20 — 2-30 P.M.]

এখন যদি দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন বলে, 'বঙ্গ-ভবন আমরা ভেঙে দেব', তাহলে? কারণ বঙ্গ-ভবনের ৭-তলা এবং ৮-তলার কোন প্ল্যান নেই, পারমিশন নেই। ওটা আনঅথরাইজড কনস্ট্রাকশন। যেখানে স্টেট গভর্নমেন্টের মিউনিসিপ্যাল ডিপার্টমেন্ট বলছে, যে কোনও আন-অথরাইজড কন্‌স্ট্রাকশন তারা ভেঙে দেবে, সেখানে সেই স্টেট গভর্নমেন্ট নিজেই দিল্লিতে আন-অথরাইজড কন্‌স্ট্রাকশন করছে! যার ফলে আজকে দিল্লির বঙ্গ-ভবনের সেভেনথ অ্যাণ্ড এইট্‌থ ফ্লোর অফিসিয়ালি ভাড়া দিতে পারেন না। ওটা আন-অথরাইজড কন্‌স্ট্রাকশন, ওটার পারমিশন পান নি। তারপর বঙ্গ-ভবনের এমনই অবস্থা যে, সেখানে যাঁরা থাকবার জন্য যান তাঁদের অন্যান্য রাজ্যের গেস্ট হাউসে চলে যেতে হয়। সেখানকার মেন্টেন্যান্স এতই খারাপ যে, এই হাউসের মাননীয় সদস্যরা এবং রাজ্য সরকারের অফিসাররা সেখানে গিয়ে থাকতে পারেন না। এই হাউসের মাননীয় সদস্য শংকর দাস পাল বঙ্গ-ভবনে অসুস্থ হয়ে পড়েছিলেন, একজন ডাক্তারকে সেখানে পাওয়া যায় নি। বঙ্গ-ভবনের অতগুলো রুম থাকা সত্ত্বেও সেখানে একজন ডাক্তার রাখার ব্যবস্থা করা সম্ভব হয় নি। সরকারি অফিসাররা, বিধায়করা সেখানে গিয়ে কোন সুযোগ-সুবিধা পান না। সেখানে কোনও টেলিফোন ব্যবস্থা নেই। প্রয়োজনে টেলিফোনের সাহায্য পাওয়া যায় না। বঙ্গ-ভবনের নিচে একটা টেলিফোন আছে, ফোন এলে, কেউ যদি দয়া করে ডেকে দেন, তবেই সেই সুযোগটুকু পাওয়া যায়। সরকারি কাজকর্মের মিনিমাম ইনফ্রাস্ট্রাকচারটুকুও সেখানে নেই। অথচ সেখানে ইন্‌টিরিয়র

ডেকোরেশনের জন্য বে-আইনিভাবে লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে। উইদাউট টেণ্ডারে যেখানে ইন্‌টিরিয়ার ডেকোরেশনের জন্য লক্ষ লক্ষ টাকার অর্ডার দেওয়া হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এ বিষয়ে কবে টেণ্ডার ডাকা হয়েছিল, কি কি কাজের জন্য টেণ্ডার ডাকা হয়েছিল কত টাকার টেণ্ডার অনুমোদন করে অর্ডার দেওয়া হয়েছিল এবং কি কি কাজ কত টাকার বিনিময়ে হয়েছে? এগুলি মাননীয় মন্ত্রী মহাশয় সমস্ত কাগজপত্র সহ হাউসে লে করুন। আমরা সমস্ত কিছু দেখতে চাই। একে তো আন-অথরাইজড কন্‌স্ট্রাকশন করে দিল্লিতে পশ্চিম বাংলার মান-মর্যাদা নষ্ট করা হয়েছে, তা ছাড়াও বিভিন্ন বে-আইনি কাজকর্ম সেখানে হচ্ছে।

স্যার, এই বিভাগ পশ্চিমবাংলার রাস্তাঘাটের যে অবস্থা করেছে তা আর এখানে উল্লেখ করার অপেক্ষা রাখে না। এই ডিপার্টমেন্টের কাজকর্মের গতি এমনই যে, একটা ছোট নির্মাণে এরা হুগলি সেতুকেও হার মানিয়ে দেয়। এক আমলের ব্রিজ আর এক আমলে শেষ হয় এবং ততক্ষণে প্রথম দিকের কাজ নষ্ট হয়ে যায়, সেখানে আবার মেরামতি কাজ শুরু করতে হয়। আরামবাগ থেকে মায়াপুরে যাবার পথের ওপরের ব্রিজটি যতীনবাবুর সময়ে শুরু হয়েছিল, আজ পর্যন্ত সেটা শেষ হয়নি। জি. টি. রোডের ওপর তারকেশ্বরে কাছে ছোট একটা কাজের ব্রিজ নির্মাণ করার সাথে সাথে ভেঙে গেল। আবার সেখানে বাইপাস তৈরি করে ব্রিজ মেরামত করতে হচ্ছে। প্রত্যেক জায়গায় দেখা যাচ্ছে কাজ শেষ হবার সাথে সাথে আবার তা মেরামত করার জন্য অর্ডার দিতে হচ্ছে। রাস্তার ক্ষেত্রেও একই অবস্থা। একটা রাস্তাও আজকে কেউ দেখাতে পারবেন না যে, নির্মিত হবার পর একটা পিরিয়ড ভাল আছে। এখানে আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বক্তব্য এই যে, রাস্তাগুলোর স্ট্রেন্থ আজকে বাড়াতে হবে। আগের দিনে ১০ টন, ১২ টনের লরি রাস্তা দিয়ে যাতায়াত করত, কিন্তু বর্তমানে ২২, ২৫, ৩০ টনের লরি রাস্তায় বেরুচ্ছে। ফলে আগের মতো এখনও যদি রাস্তার স্ট্রেন্থ রাখা হয় তাহলে রাস্তা অল্প দিনের মধ্যে নষ্ট হতে বাধ্য। অথচ আমরা দেখছি সেই আগের আমলের নিয়ম মেনে— মানধাতার আমলের নিয়ম অনুযায়ী—এখনো রাস্তা নির্মাণ করা হচ্ছে। ফলে রাস্তা তৈরি হবার সাথে সাথে রাস্তা ভেঙ্গে যাচ্ছে, তাকে আবার মেরামত করতে হচ্ছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এ রাজ্যে রাস্তাগুলোর এমন অবস্থা হয়েছে যে, একটা রাস্তার অবস্থাও সমতল নেই, সব ঢেউ-খেলানো হয়ে গেছে। তারপর মাঝে মাঝেই বিশাল বিশাল গর্ত। স্যার, আপনি দিল্লি রোড ধরে গাড়ি করে যান, আপনার মনে হবে সমুদ্রের উপর ঢেউ খাচ্ছেন। এ রাজ্যে ন্যাশনাল হাইওয়েগুলোর অবস্থাও এই হয়েছে। কারণ সেগুলির মেন্টেন্যান্স দায়িত্ব রাজ্য সরকারের। রাস্তাগুলোর এমনই অবস্থা যে, যে কোনও সময়ে যে কোনও গাড়ি উল্টে যেতে পারে। কোথাও কোনও রাস্তার ওপর পিচ দেখতে পাবেন না। কোথাও একটা প্লেইন রাস্তা দেখতে পাবেন না। সব রাস্তার পিচ উঠে গেছে এবং সব ঢেউ খেলান রাস্তা। এই অবস্থায় ডিপার্টমেন্ট কি করছে আমরা জানি না! অবশ্য অতীতে হাউসিং ডিপার্টমেন্ট এই ডিপার্টমেন্টের মধ্যে অন্তর্ভুক্ত ছিল এবং সেখানে মধু ছিল। আজকে সেই ডানা কেটে দেওয়া হয়েছে। ফলে পি. ডবলু. ডি.-কে সম্পূর্ণভাবে ঠিকাদারদের ওপর নির্ভরশীল হয়ে পড়তে হয়েছে। তাদের কাছ থেকে বেশি করে মধু সংগ্রহ করতে গিয়ে রাস্তাঘাটের এই অবস্থা হচ্ছে। তাছাড়া এই দপ্তরের টাকা আজকে মাইনে দিতেই

শেষ হয়ে যাচ্ছে। ফলে কোন রকমে মাটি এবং পাথর দিয়ে রাস্তা তৈরি করতে হচ্ছে। পিচ্ দেওয়া সম্ভব হচ্ছে না। এই অবস্থায় এই দপ্তরের ব্যয়-বরাদ্দের দাবিকে কখনই মানা যায় না। সেজন্য আমি এই দপ্তরের ব্যয়-বরাদ্দের দাবির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী হৃষিকেশ মাইতি ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। স্যার, আপনি জানেন, আমাদের দেহের শিরা-উপশিরা মাথা থেকে আরম্ভ করে পা পর্যন্ত যেভাবে ব্যপ্ত হয়ে আছে তা গোটা দেহকে সচল করে রেখেছে, রক্ত চলাচল করছে। ঠিক তেমনি আমাদের সমাজ দেহে এই রাস্তাঘাটের গুরুত্ব, গোটা দেশের পরিবহন ব্যবস্থাকে এক জায়গার সঙ্গে আর এক জায়গার যোগাযোগ সব কিছুই মেইনটেন করছে। সুতরাং এটা ভয়ঙ্কর গুরুত্বপূর্ণ বিষয়। স্যার, আপনি জানেন, আমাদের দেশের ক্ষেত্রে যদি বিচার করতে যাই, তার সামাজিক, অর্থনৈতিক অবস্থার কতকগুলি মাপকাঠি এসে যায়। তখন এটা একটা গোটা দেশে কি পরিমাণ তার যাতায়াতের ব্যবস্থা, কি রকম এটার উপর নির্ভর করে বিচার করতে পারি। তার সামাজিক অবস্থান কোথায়, অর্থনৈতিক অবস্থান কোথায় এইসবগুলিই লক্ষ্য করি, রাস্তাঘাটের অবস্থা, পরিবহন ব্যবস্থা এগুলি আমাদের দেখা দরকার। একথা ঠিকই, মাননীয় সদস্য মান্নানসাহেব যা বললেন—টাকার দরকার। টাকার দরকার আমরা বেশি করে বলছি। আমাদের বামফ্রন্ট সরকার সামগ্রিক দেশের উন্নয়নের স্বার্থে বারবার কেন্দ্রের কাছে চিৎকার করে বলছে, টাকা, টাকা, টাকা চাই। আমাদের দেশ থেকে বিভিন্ন উপায়ে কেন্দ্রীয় সরকার টাকা নানা দিক থেকে নিয়ে যাচ্ছেন। কিন্তু আমাদের দেশের উন্নয়নের জন্য টাকা দিন এবং সেই টাকা যাতে প্রপারলি ইউটিলাইজ হয় তা আমরা নিশ্চয়ই দেখবো এবং এই বিষয়ে বারবার এই বিধানসভায় আমরা উল্লেখ করেছি যে আমরা বঞ্চিত। আমাদের প্রয়োজন অনুযায়ী কেন্দ্রের কাছ থেকে সেই সাহায্য পাচ্ছি না। আমি এই প্রসঙ্গে দু-একটি কথা পরে বলব, কিন্তু প্রথমে যেটা আমি শুরু করতে চাচ্ছি সেটা হচ্ছে, স্বাধীনতা যুগের আগে এবং তার পরবর্তী সময়ে অর্থাৎ কংগ্রেসি রাজত্বের সময়কালে যেহেতু কংগ্রেস দল ২৮ বছর ক্ষমতায় ছিলেন। স্বাধীনতা প্রাপ্তির আগে আমাদের দেশে বৃটিশ রাজত্বকালে বৃটিশরা আমাদের দেশ লুটেপাটে খাওয়ার জন্য এসেছিল এবং তারা সেই কাজ সঠিকভাবেই পালন করেছে, দেশের উন্নয়নের জন্য কোনও ব্যবস্থাই তারা করেনি। তারপর যখন দেশে স্বাধীনতা এল, তখন কংগ্রেস দলের হাতে ক্ষমতা গেল। তখন জনগণ অনেক আশা করেছিল ওদের কাছে যে দেশে এটা হবে, ওটা হবে, সেটা হবে, সব কিছু হবে। কিন্তু আমরা কি দেখছি? ওরা কিছু করেছে, করেনি যে তা নয়, যা কিছু করেছে — আমি ওদের কাছে প্রশ্ন করতে চাই—আমার পরে ওদের বক্তারা হয়তো বলবেন—সবটাই কি জনস্বার্থে করেছেন? না কি রাজনৈতিক স্বার্থে করেছেন? জনগণের স্বার্থে কিছু করেছেন ঠিকই, কিন্তু রাজনৈতিক স্বার্থে ওদের সুবিধার্থে ওঁরা করেছেন। তার একটি প্রমাণ আমার হাতে আছে। আমি সুন্দরবনের মানুষ। আপনি ভাল করে জানেন, আমাদের ঐ সুন্দরবনের কৃষক জনগণ সংগ্রাম করেছিল জমিদার-জোতদারদের বিরুদ্ধে। ঐ জমিদার-জোতদারদের সাহায্য করতে কংগ্রেস দল তখন কিন্তু দ্রুত পুলিশ পাঠাতে পারত না, সেইজন্য ওদের তখন অসুবিধা হয়েছিল। তখন ওখানে তেভাগা আন্দোলন হওয়ার পরে তদানীন্তন শ্রদ্ধেয় ডাঃ

বিধানচন্দ্র রায়—ডাঃ জয়নাল আবেদিন সাহেব নিশ্চয়ই জানেন—তিনি অর্ডার দিয়েছিলেন, ফাইলে আছে, ঐ এলাকার আন্দোলনকে যদি আমাদের কাউন্টার করতে হয়, পুলিশ পাঠাতে হয় তাহলে ওখানে রাস্তাঘাট করতে হবে।

[2-30 — 2-40 P.M.]

পুলিশ পাঠাবার জন্য, জোতদার, জমিদারদের সাহায্য করার জন্য তাড়াতাড়ি রাস্তা করার প্রয়োজন, এই হচ্ছে কংগ্রেস দল। সুতরাং রাজনৈতিক স্বার্থে এইগুলি করেছিলেন, এই হচ্ছে কথা। স্যার, কেন্দ্রীয় সরকার আমাদের প্রতি বিমাতৃসুলভ আচরণ করে চলেছেন, কি করে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় সমগ্র এলাকার আমাদের প্রয়োজন অনুযায়ী রাস্তাঘাট করবেন? আমরা দেখেছি যেখানে কতগুলি ন্যাশনাল হাইওয়ে আছে, জাতীয় সড়ক আছে, এক রাজ্য থেকে আর এক রাজ্যে যাবার সড়ক আছে সেইগুলি পশ্চিমবঙ্গ সরকারকে মেনটেন করতে হয়, তার জন্য টাকা দরকার, এই মেনটেনেন্স বাবদ একটা কথা ঠিক হয়েছিল ৩ বছর আগে কেন্দ্রে একটি সেন্ট্রাল বোর্ড ফাণ্ড তৈরি হয়েছিল এবং বলা হয়েছিল যে এই জন্য পশ্চিমবঙ্গ সরকার প্রতি বছর ১৫ কোটি করে টাকা পাবেন, তাহলে ৩ বছরে ৩×১৫ এই ৪৫ কোটি টাকা রাজ্যের পাওনা হয়, এই ৩ বছরে আমরা কত পেয়েছি—ওঁরা বোধহয় হিসাব রাখেন না, মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জেনে নেবেন—৪৫ কোটির জায়গায় যখন বর্তমানে টাকার দাম কমে যাচ্ছে, বেশি টাকা দেবার কথা, তখন ঐ তিস্তা প্রকল্পের মতো মাত্র ২ কোটি টাকা দিয়েছেন। আর এখানে বসে বক্তৃতা করছেন যে আমার চাঁপদানির রাস্তা হচ্ছে না কেন? এই হচ্ছে ওঁদের চেহারা। সুতরাং কেন্দ্রের এই বিমাতৃসুলভ আচরণের ফলে আমাদের বামফ্রন্ট সরকার বিপদে পড়েছেন, মানুষের অনেক রাস্তাঘাটের প্রয়োজন থাকা সত্ত্বেও তা করা যাচ্ছে না। আমরা জনস্বার্থে সমস্ত কিছু করতে চাই, তাই মাননীয় বিরোধীপক্ষের কাছে অনুরোধ যে বর্তমান মূল্যবৃদ্ধির যুগে যাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের পাওনা বাবদ টাকাগুলি পাওয়া যায় তার জন্য একটা ব্যবস্থা করুন না। বা এইসব কথাগুলি তাঁদের কাছে পৌঁছে দিন না। আজ যে কাজের জন্য একটা টাকার এস্টিমেট করলেন ৬ মাস পরে সে টাকায় আর হচ্ছে না, মূল্য বৃদ্ধি হয়ে গেছে, এর জন্য কারা দায়ী? এর জন্য দায়ি কেন্দ্রীয় সরকার। অনবরত মূল্য বৃদ্ধি করে চলেছেন। একটু আগে কনট্রাক্টরি সিস্টেমের কথা বলা হয়েছে, কন্ট্রাক্টর সিস্টেম বাতিল করা উচিত, কিন্তু সেটা রাজ্য সরকার করতে পারেন না, এ জন্য কেন্দ্রীয় সরকারের ব্যবস্থা করা উচিত। এই সিস্টেমের ফলে কন্ট্রাকটাররা আরবিট্রেশনে ফল করে টাকা নিয়ে যায়, এই সিস্টেম বাতিল করা উচিত। মাননীয় মন্ত্রী মহাশয় তা পারেন না, তাহলে এখনি খবরের কাগজে বেরোবে এবং এখানে চিৎকার হবে যে উনি বে-আইনি কাজ করেছেন। আমরা নিয়মের মধ্যে থাকতে চাই, এই হচ্ছে বামফ্রন্ট সরকারের পজিশন। স্যার, ১৮/১৯ কিলোমিটার রাস্তা করতে টাকা নিশ্চয়ই দরকার, কিন্তু অসুবিধাও অনেক আছে, আমি সেগুলি আপনার সামনে উল্লেখ করলাম। আমাদের কতকগুলি ন্যাশনাল হাইওয়ে আছে, আমাদের মন্ত্রী মহাশয় তার জন্য কতকগুলি প্রস্তাব দিয়েছেন। ইন্টার-স্টেট রাস্তার জন্য প্রস্তাব দিয়েছেন, বালেশ্বর থেকে আসানসোল, কলকাতা থেকে ডায়মণ্ডহারবার, এইগুলিকে জাতীয় সড়ক করার জন্য কেন্দ্রের কাছে প্রস্তাব দিয়েছেন, কিছুই হচ্ছে না। মাননীয় বিরোধীপক্ষরা এ ব্যাপারে কিছু সাহায্য

করুন না। এই প্রসঙ্গে একটা আবেদন করছি, শুধু ডায়মণ্ডহারবার নয়, এটাকে কাকদ্বীপ বা হলদিয়া পর্যন্ত যদি করা যায় তাহলে প্রয়োজনে লাগবে। বাজেটের ৬ ধারাতে একটা প্রস্তাব আছে। অতএব অসুবিধা সত্ত্বেও উনি কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন।

কোন কোন নতুন স্কীম নিতে যাচ্ছেন, কোন কোনগুলি মেরামত করছেন তার সবটা এই বই-এর মধ্যে লেখা আছে। বর্তমানে আর্থিক অসুবিধা থাকা সত্ত্বেও এত সব ব্যবস্থা গ্রহণ করছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই। আর একটি কথা বলি, অতীতে আমরা বিভিন্ন বিষয়ে নানা সঙ্কীর্ণতা লক্ষ্য করেছি, কিন্তু আপনার মধ্যে কোনও সঙ্কীর্ণতা দেখিনি। এই বই এর মধ্যে দেখেছি, আপনি ইন্দিরা গান্ধীর মূর্তি তৈরি করতে দিয়েছেন, প্যাটেল ও অজয় মুখার্জির মূর্তি তৈরি করতে দিয়েছেন। এক্ষেত্রে বামফ্রন্ট সরকার এবং মন্ত্রী মহাশয় কোনও দ্বিধা করেন নি। কারণ আমরা নিচ নই, আমরা নিরপেক্ষভাবে দেশের কৃতি পুরুষদের মূর্তি স্থাপন করছি। কাজেই বিরোধী পক্ষকে বলছি, অন্যায়ভাবে সমালোচনা করবেন না।

আর একটি কথা বলি, এই বইয়ে লেখা আছে, বাক্স বন্দি শিবির মেরামত করবেন। এরজন্য কি বলে মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো জানি না, কারণ ওখানে লেখা আছে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস। শুধু, স্বাধীনতা সংগ্রামীদেরই নয়, ১৯৪৭ সালের ১৫ই আগস্ট স্বাধীনতা লাভের পর কমিউনিস্ট বন্দিদের বকসা ফোর্টে আটকে রেখে তাদের উপর নিষ্ঠুর অত্যাচার করা হয়েছে। এই ধরনের একটা বন্দি শিবির রক্ষা করার ব্যাপারে উদ্যোগ নিয়েছেন তারজন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই। যারা গণতান্ত্রিক আন্দোলনের জন্য জনজীবন সংগ্রাম করতেন তাদের উপর ঐ বিরোধী কংগ্রেস দল কত অত্যাচার করেছেন সেই বক্সা জেলে। যারা ঐ জেলে না থেকেছেন তারা বুঝবেন না যে, এক্ষেত্রে ওরা কতদূর যেতে পারেন। বিচ্ছিন্ন জায়গা, পালিয়ে আসার উপায় নেই। সেখানে বন্দিদের উপর নিষ্ঠুর অত্যাচার করার জন্য ঐ জেল তৈরি হয়েছিল। সেজন্য আমরা ঐ বন্দি শিবিরকে প্রিজার্ভ করে রাখতে চাই। যদি মাননীয় মন্ত্রী মহাশয় বলেন, কংগ্রেস এবং আমরা একসঙ্গে গিয়ে সেটা দেখে আসতে পারি।

সর্বশেষে কয়েকটি প্রস্তাব রাখতে চাই। আমাদের কাকদ্বীপের একটি ব্রিজ—ইংলিশ ব্রিজ, তার অবস্থা অত্যন্ত খারাপ। তার পাশেই একটা হাসতাপাতাল রয়েছে, সুন্দরবনের একমাত্র হাসপাতাল। ঐ ব্রিজ বন্ধ হয়ে গেলে বহু মানুষ হাসপাতালের সুযোগ থেকে বঞ্চিত হবেন। অবশ্য এ-ব্যাপারে আপনার ডিপার্টমেন্টের পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমি আর একটি আর. সি. ব্রিজ যাতে করা যায় তারজন্য বলছি। আর একটি রাস্তা, সাগরিকার কাছে, দুই বছর ধরে যে অবস্থা হয়েছে তাতে কি হবে জানি না। যদি অবিলম্বে সেখানে আর একটি রাস্তা তৈরি না হয় তাহলে বিস্তীর্ণ অঞ্চল বিচ্ছিন্ন হয়ে পড়বে। আর একটি বিষয় হল আমতলা ফ্লাইওভার। আপনি কিছুতেই ওখান দিয়ে তাড়াতাড়ি যেতে পারবেন না। তাই অবিলম্বে সেখানে ফ্লাইওভার নির্মাণ করা দরকার। আর কাকদ্বীপ পর্যন্ত রাস্তাকে ন্যাশনাল হাইওয়ে করবার ব্যাপারে কেন্দ্রীয় সরকার কি করবেন জানি না। সেখানে রাস্তা চার-পাঁচ কিলোমিটার চওড়া করা হয়েছে।

[2-40 — 2-50 P.M.]

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমি এই পূর্ত বাজেট পরিপূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের আনীত কাট মোশন সমর্থন করছি। এই ডিপার্টমেন্ট যে অপদার্থ তার একটা প্রমাণ হচ্ছে তিন বিঘার রাস্তাটি ওদের করতে হয়নি। সেখানে সি. পি. ডবলু. ডি.-কে নিয়ে আনা হয়েছে। আমরা তিন বিঘা গিয়েছিলাম, সেখানে দেখে এসেছি সেন্ট্রাল পি. ডবলু. ডি. জোর করে রাস্তাটা করার জন্য প্রস্তুতি নিচ্ছে। তিন বিঘা নিয়ে অনেক কথা বলা হচ্ছে। আমি আবার বলছি যে তিন বিঘার ব্যাপারে যে এগ্রিমেন্ট হয়েছে বাংলাদেশের সঙ্গে সেটা মানা হোক, এটা আমরা চাই। কিন্তু এটা আমরা মনে করি না এটা ইমপ্লিমেন্ট করতে গিয়ে কুচলিবাড়ির সাধারণ লোককে কোতল করতে হবে। বি. জে. পি. যে প্রোপাগান্ডা করছে সেটা কমিউনাল প্রোপাগান্ডা। সেখানে সি. পি. এম. জবরদস্তি করে যেভাবে চুক্তি রূপায়িত করবার চেষ্টা করছে আমরা তার সম্পূর্ণ বিরোধী। স্যার, আমি তিন বিঘা গিয়েছিলাম, জলপাইগুড়ি থেকে মেখলিগঞ্জ যে রাস্তা, মেখলিগঞ্জ থেকে ধাপারহাট যে রাস্তা সেই রাস্তা দেখলাম পুরোপুরি ভাঙ্গাচোরা। তার মধ্যে একটা জায়গায় ব্রিজের পাশ দিয়ে ডাইভারশন হচ্ছে। ৩ কোটি টাকা দেওয়া হয়েছে কুচলিবাড়ি ডেভেলপমেন্টের জন্য, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা। এখানে একটা কাঠের ব্রিজ আছে। এই কাঠের ব্রিজ নিয়ে চিফ সেক্রেটারি বিবৃতি দিলেন ব্রিজের কাজ শুরু হয়েছে। আমরা স্যার দেখলাম একটা ইটও পড়েনি। কুচলিবাড়ি যাবার পথে এটা একটা ভাইটাল রোড ব্রিজ, এটা এখনও কাঠের রয়েছে সেখানে একটা ইটও পড়েনি। শুনে রাখুন ওখানকার মানুষ সেন্স অফ আইসোলেশনে ভুগছে। সেখানে আপনারা সি. আর. পি. পাঠাচ্ছেন, বিধানসভায় বড় বড় বক্তৃতা দিচ্ছেন আর সেখানকার মানুষ ঘরে পচে মরছে। আমরা এই এগ্রিমেন্টের পক্ষে কিন্তু সাধারণ মানুষের অত্যাচারের বিপক্ষে। আমি এবার স্পেসিফিক পি. ডবলু. ডি. বাজেট নিয়ে বলতে চাই। বঙ্গভবনের দুর্নীতির ব্যাপারে কুমার স্যান্ড কোম্পানির বিরুদ্ধে অভিযোগের ব্যাপারে আমি আগেই বলেছি। প্রতিবার আমি দিল্লিতে গিয়ে বঙ্গভবনে থাকি, আমার পয়সা নেই অন্য কোনও জায়গায় থাকার। I have never seen a state Guest House in such a shabby state of maintenance. ২ বছর আগে ৬-৭ তোলা কমপ্লিট হয়ে পড়ে আছে। এখনও পর্যন্ত এন. ডি. এম. সি.-র পারমিশন জোগাড় করতে পারেন নি। তার ফলে ঘর দেওয়া যায় না। কখনও কখনও বেসরকারি ভাবে ঘর দেন, সরকারি ভাবে ঘর দিতে পারে না। বঙ্গভবনে চিফ মিনিস্টারের একটা সুট তৈরি করা হয়েছে, সেটা রাজভবনকে হার মানায়, ফাইভ স্টার হোটেলের দুই ধাপ উঁচুতে। গরিব লোকের মুখ্যমন্ত্রী, সর্বহারার মুখ্যমন্ত্রীর জন্য সব খরচ করে চিফ মিনিস্টারের জন্য সুট করা হল। আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন, আমি গিয়েছিলাম সেখানে, মুখ্যমন্ত্রীর স্ত্রী তিন মাস গিয়ে বঙ্গবভনে রয়েছেন। এম. এল. এ.-রা জায়গা পান না, সাধনবাবু চিৎকার করেন কিন্তু মুখ্যমন্ত্রীর স্ত্রী সেখানে তিন মাস রয়েছেন এবং তার সিকিউরিটি সেই বঙ্গভবনে রয়েছে। ওনার ছেলে হরিয়ানায় খামার বাড়ি তৈরি করছেন। তারা চিকিৎসা করার জন্য এবং তার ছেলের খামার বাড়ি সুপারভাইজ করার জন্য তিন মাস থাকলেন। মহারাণী দিদি আপনি এইভাবে বঙ্গভবনে থাকবেন কিনা বলবেন। বঙ্গভবনে গিয়ে দেখলাম নূতন কয়েকটি ছেলে কাজে লেগেছে। আমি ওদের জিজ্ঞাসা করলাম তোমরা পি. এস. সি. থেকে এসেছ না এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে এসেছ? ওরা বলল না, আমাদের

চেনা-শোনা আছে রাইটার্স বিল্ডিং-এ, আমাদের ক্যাজুয়াল কর্মী করে পাঠিয়েছে। চাকুরি দিন, বাধা দেব না। ক্যাজুয়াল হিসাবে নেওয়ার ব্যাপারে পার্টি সোর্সের মাধ্যমে আসতে পারে, আর. এস. পি.-র নেতার মাধ্যমে আসতে পারে, পি. ডবলু. ডি.-র অফিসারের মাধ্যমে আসতে পারে। আপনারা করতে চান পারমানেন্ট করুন। বাচ্ছা বাচ্ছা ছেলেদের নিয়ে বেআইনি ভাবে আপনারা কাজে লাগাচ্ছেন, আমি তার তীব্র প্রতিবাদ করছি। এই বঙ্গভবন দিল্লিতে একটা প্রেসটিজিয়াস বাড়ি, এখানকার ঘরগুলির মেন্টেনেন্স অত্যন্ত খারাপ এই দপ্তরের। আমি বলতে চাই এম. এল. এ.-দের জন্য এখানে একটা আলাদা করে ব্লক করে দিন যেখানে এম. এল. এ.-রা ছাড়া কেউ থাকতে পারবেন না।

আজকে যার তার চিঠি নিয়ে পার্টির লোক, বাইরের লোক, যে সে এসে বঙ্গবভনে থাকছেন। অথচ দরকার হলে আমরা পাচ্ছি না। এত টাকা খরচ করে বঙ্গভবনে একটা লাক্‌জুডিয়াস সুইট তৈরি করা হল চিফ মিনিস্টারের জন্য, কিন্তু সেখানে পার্টির লোকেরা যখন তখন যাবেন, আর কিছু লোককে চাকুরি দেবার ব্যবস্থা করা হল। এইভাবে টাকার ওয়েস্টেজ করা হল। আজকে এই দপ্তরের মন্ত্রীর এটা বক্তব্য নয়, এটা মন্ত্রীর কান্না। মন্ত্রী বলছেন, কি করব, কিছু করতে পারছি না, বাজেটে টাকা নেই। ১৮৩ কোটি টাকার বাজেটে, তার মধ্যে প্ল্যান আউট লে হচ্ছে মাত্র ৪২ কোটি টাকা। পি. ডবলু. ডি.-র মতো একটা দপ্তরে ৪২ কোটি টাকার বাজেট। একটা ভাল ব্রিজ তৈরি করতেই তো এটা লেগে যাবে। আপনারা জানেন যে দ্বিতীয় হুগলি সেতু করতে কত টাকা লেগেছে। সেখানে ৪২ কোটি টাকায় কি হতে পারে? আজকে যেখানে ব্রিজের দরকার সেখানে ব্রিজ নেই। ১০/১৫ বছর ধরে যতীনবাবু মন্ত্রী ছিলেন। আজকে ক্ষিতিবাবু এই বিষয়ে কিছু বলুন। লেক গার্ডেনের ফ্লাই ওভার আজকে ১৫ বছর ধরে ঝুলিয়ে রেখেছেন। মন্ত্রী বলছেন, কিন্তু এখনও পর্যন্ত লেক গার্ডেনের ফ্লাই ওভারের জন্য বাজেটে একটা পয়সাও আপনারা স্যাংশন করলেন না। মানুষকে শুধু আপনারা ঠকাচ্ছেন। আপনারা বলছেন যে রেল অথরিটির সঙ্গে নেগোসিয়েশন হচ্ছে, অথচ আপনাদের বাজেটে টাকা নেই। নির্বাচনের আগে বলবেন যে লেক গার্ডেনের ফ্লাই ওভার হবে, কিন্তু তার জন্য বাজেটে টাকা নেই। একই কথা বালিগঞ্জে নির্বাচন করতে গিয়ে বলেছেন। বন্ডেল গেটের ফ্লাই করার ব্যাপারে ওখানে নির্বাচনের আগে বলেছেন যে এই ফ্লাই ওভার হবে। কিন্তু সেকথা বামফ্রন্টের এতদিনেও মনে হয়নি। ৩/৪টি ছেলে ওখানে কাটা পড়ে গেল। শচীনবাবু যখন বেঁচে ছিলেন তখন বিধানসভায় একথা তুলেছিলেন। কলকাতার দুটো ভাইটাল এলাকায় দুটো ফ্লাই ওভার দীর্ঘদিন আগে হওয়া দরকার ছিল। সেই ফ্লাই ওভারের ব্যাপারে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে স্যাংশন হয়ে আছে। এখন মন্ত্রী বলছেন যে Negotiation with the Railway authority is going on to settle alignments and allied matters in respect of three Road over Bridges at Bondel Gate, Lake Gardens and Liluah respectively. সাত বছর আগে বরকৎ সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন উনি বলেছিলেন যে লেক গার্ডেনের ব্যাপারে রেলের পোরশন করে দেবেন। তখন থেকে আজ পর্যন্ত এই অপদার্থ দপ্তর একটা স্টেপও এগিয়ে যেতে পারেননি। তিনটে ভাইটাল ফ্লাই ওভারের ব্যাপারে এরা একটুও এগিয়ে যেতে পারলেন না। এদের এই বাজেটে বোট দিতে হবে কোন কারণে? আমি এখানে আর একটা কথা বলি, নুতন যে ফ্লাই ওভার ব্রিজ হচ্ছে, রোড ওভার ব্রিজ, সেগুলি এস. এস. পাইল ওভার করে রাস্তায় পড়বে

তার কোনও প্ল্যানিং নেই। যাদবপুরের সুকান্ত সেতু উনি তাড়াতাড়ি করে মুখ্যমন্ত্রীকে দিয়ে ইনবোরেট করে দিলেন। কিন্তু সুকান্ত সেতু থেকে যেখানে ট্রাফিক সুবোধ মল্লিক রোডে পড়ছে সেটাকে ওয়ইডেন করার জন্য কোনও প্ল্যান-প্রোগ্রাম নেই। সন্তোষপুরের দিকটা ওয়াইডেনিং হয়েছে। তার ফলে এখানে টোটাল ট্রাফিক বটলনেক হচ্ছে। এই সব জিনিস চিন্তা না করে একটা ওভার ব্রিজ করে আরও জ্যাম্ বাড়িয়ে দেওয়া হয়েছে। সেম জিনিস হতে চলেছে দ্বিতীয় হুগলি সেতুর ক্ষেত্রে। হুগলি সেতু বানানো ওর দায়িত্বে নেই। আমরা শুনেছি যে এটা সেপ্টেম্বর মাসে শেষ হবে। হুগলি সেতু থেকে আবার যখন ট্রাফিক পড়বে কলকাতার দিকে এবং হাওড়ার দিকে তখন একই বটলনেকের সৃষ্টি করবে। কিন্তু তার জন্য এখন পর্যন্ত কোনও কাজ ওরা কমপ্লিট করতে পারলেন না। হুগলি সেতুও সেন্ট্রালের টাকায় তৈরি হচ্ছে, মেট্রো রেলও সেন্ট্রালের টাকায় তৈরি হয়েছে। আপনারা মেট্রো রেলের কাজ দেরি করে দিলেন। আপনারা হিন্দুস্তানে সি. আই. টি. ইউ-র কর্মীদের দিয়ে স্ট্রাইক করিয়ে দিলেন। আপনারা পশ্চিমবঙ্গের উন্নতি চান, না অন্য কিছু চান? এসব নিয়ে যত কম বলা যায় তত ভাল। স্যার, আমরা দেখছি যে রাস্তাগুলি দরকার সেগুলি হচ্ছে না। তিনটে খুব এসেন্সিয়াল ব্রিজের কথা বলছি কমলবাবু এখানে নেই। তিনি ৩ বিঘা নিয়ে লড়ছেন। তাকে আমি অভিনন্দন জানাই। তিনি অন্তত জেলার মানুষের কথা ভাবছেন। কমলবাবু এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে আমরা এটা করব—ব্রিজ ওভার তোর্ষা নিয়ার কুচবিহার, আর ব্রিজ ওভার শিল তোর্শা ইন জলপাইগুড়ি। আমরা দেখেছি যখন ফেয়ার ওয়েদার থাকে তখন কাঠের একটা ব্রিজের উপর দিয়ে কুচলিবাড়ির দিকে মানুষ যায়। তারপরে যখন বর্ষা নেমে যায় তখন ব্রিজটা সরিয়ে নেওয়া হয়। তার ফলে মানুষকে অনেক ঘুরে যেতে হয়, অনেক দেরি হয়ে যায়। উনি বলেছিলেন, Besides above, investigation and survey work for the following works with had been under active consideration would be taken up in 1992-93. অর্থাৎ ইনভেস্টিগেশন, সার্ভে ওয়ার্ক এই বছরই শুরু হবে। তাহলে কবে নাগাদ ব্রিজ শুরু করা হবে? ২০১০ সালের আগে ব্রিজ কমপ্লিট হবে না। উত্তরবঙ্গে ব্রিজ হয়েছিল চাইনিজ অ্যাগ্রেশনের পরে এবং সেন্ট্রালের টাকা দিয়ে।

কিন্তু সেই পুরো প্রসেসটা, আপনাদের আমলে একটা নতুন রাস্তা, মেজর রোড ব্রিজ উত্তরবঙ্গে হল না। আপনি স্বীকার করেছেন। আসলে মন্ত্রীর বক্তৃতার কিছু সত্যি কথা লিখতে হয়, তারফলে আপনি লিখে ফেলেছেন যে, নতুন কিছু আপনি করতে পারেন নি। আমি বলছি, এটা খুব ইম্পর্ট্যান্ট নো রিজিওন্যাল ওয়ার্ক ওয়ার্থ মেনশনিং উড্ বি টেকেন আপ ডিউরিং দি ইয়ার ১৯৯১-'৯২ রিগার্ডিং রোডস্ অ্যান্ড বিল্ডিং। একটা নতুন কাজ গত বছরে শুরু করেননি। অসীমবাবু বাজেট না দেওয়ায় আপনি একটা নতন কাজ শুরু করতে পারেন নি। তিনি আপনার দপ্তরকে গলা টিপে মারছেন, আপনি নতুন কাজ শুরু করতে পারছেন না। অথচ পশ্চিমবাংলায় যেটা সবচেয়ে বেশি দরকার সেটা হল যোগাযোগ ব্যবস্থা ভাল করা। আপনারা ১৫ বছর ক্ষমতায় বসে আছেন, আপনারা গ্রাম বাংলার কথা বলেন, বলুন তো, গ্রামবাংলার কোথাও একটা জায়গায় কোনও স্কীম নিয়েছেন টু কানেক্ট অল ভিলেজেস বাই মেটাল রোড উইদিন টেন, ফিফটিন, টোয়েন্টি ইয়ার্স? ২০ বছরের মধ্যে পশ্চিমবাংলার অর্দ্ধেক গ্রামে দেখা যাবে পাকা রাস্তা থেকে কাট অফ হয়ে গেছে। এই মরশুমে এক হাঁটু কাদা লেগে যাবে, গরুর গাড়ি ছাড়া যানবাহনের কোনও ব্যবস্থা নেই সেখানে। একটা প্রোজেক্ট, একটা

প্ল্যান আছে আপনার দপ্তরে? পশ্চিমবাংলায় যে কয়েক হাজার কি. মি. রাস্তা দরকার তারজন্য লং টার্ম থিংকিং আছে আপনার দপ্তরের? আপনি কি বলেছেন—ওনলি সিকস্টি কিলোমিটার অব নিউ রোডস্ কানেক্টেড দেয়ারবাই টু ফিফটি ভিলেজেস ইন দি স্টেট প্রোভাইডেড দি ফ্লো অব ফান্ড টু মেনটেন। ৬০ কি. মি. রাস্তা আপনি করবেন গ্রামের ভিলেজকে কানেক্ট করতে। একটা পুরো বছরে যদি ২৫০ ভিলেজকে কানেক্ট করতে লেগে যায় তাহলে চল্লিশ হাজার ভিলেজকে কানেক্ট করতে কত বছর লাগবে? কোনও পারস্পেকটিভ প্ল্যানিং কোনও চিন্তা আছে? কিছুই নেই। বোলপুরে শান্তিনিকেতন রবীন্দ্রনাথের স্মৃতি বিজড়িত মহান একটা জায়গা। তপনবাবু, আপনি কেন বলছেন না—ভেদিয়ায় কেন একটা রোড ব্রিজ হল না?। ইলমবাজার হয়ে পানাগড় ঘুরে বোলপুর যেতে হয়। বিসাইডস ইনভেস্টিগেশনস অ্যান্ড সার্ভে ওয়ার্ক উইল বি টেকেন আপ ইন ১৯৯২-৯৩—অজয় ব্রিজ ভেদিয়ায় হবে, তারজন্য ইনভেস্টিগেশন, সার্ভে ওয়ার্ক নেই। তারজন্য স্যাংশন আছে? বাজেটে টাকার অ্যালোকেশন আছে? ওখানে কনস্ট্রাকশন শুরু হবে দেখা যাবে তপনবাবু যখন মারা যাবেন, যখন আমরা মরে যাব তখন। আমাদের মৃত্যুর পর কমপ্লিট হবে। এটা তো আপনারা বুঝবেন যে মানুষের প্রয়োজন কোথায়? এই কথাটা বোঝার দরকার আছে। কিন্তু ওরা বুঝবেন না। তারফলে আমরা দেখছি যে কিভাবে কস্ট এক্সকালেশন হচ্ছে। মতীশবাবু আমাকে ৬ মাস আগে বলেছিলেন যে দমদম-বেলঘরিয়া এক্সপ্রেস হাইওয়ে মে মাসের মধ্যে মুখ্যমন্ত্রীকে দিয়ে ওপের করাবেন। কিন্তু তা হল না। কারণ কি একটা শর্ট সার্কিটের জন্য দোকানে আগুন লেগে গেল, তারজন্য ওপন করানো গেল না। এখন পর্যন্ত—গতবছর পর্যন্ত—কত কস্ট এক্সকালেশন হয়েছে? এখন পর্যন্ত দমদম বেলঘরিয়া এক্সপ্রেস হাইওয়ের কাজ শেষ হল না। এরজন্য কত টাকা ক্ষতি হয়েছে? কে দেখবে? এটা ভাবা যায় না। মতীশবাবু লোক খারাপ নন। ওকে দুপুরবেলায় ফোন করুন, সবাই বলবে, উনি খেয়ে রেস্ট নিচ্ছেন। পি. ডবলু. ডি.-এর একজন মন্ত্রী, তিনি যদি দুপুরবেলায় রেস্ট নেন, তাহলে সারা পশ্চিমবাংলায় রাস্তাগুলো যে খারাপ অবস্থায় আছে সেগুলোকে কে দেখবে? উনি অসুস্থ, তাই উনি পারেন না। আপনারা একজন সুস্থ লোককে কেনও এই ইম্পর্ট্যান্ট দপ্তরের ভার দিচ্ছেন না? কেন একজন ইয়ং লোককে, যে ভালভাবে কাজ করতে পারবে তাকে দিচ্ছেন না?

তারফলে কোথাও ঘুরে তিনি রাস্তার কাজ দেখছেন না, কোনও কনস্ট্রাকশনের কাজ দেখছেন না, ফলে একটা প্যাথেটিক অবস্থার মধ্যে এই পি. ডব্লিউ. ডি. পড়ে রয়েছে। এর কাজ ক্রমশই পিছিয়ে যাচ্ছে। এরজন্য আমি বলছি P. W. D. needs an active minister. এই দপ্তরে দৌড়াতে পারেন সেই রকম যদি কোনও মন্ত্রী থাকেন অর্থাৎ যিনি কিনা সমস্ত রাস্তা ঘাটের কাজ দেখাশুনো করতে পারেন, কনস্ট্রাকশনের কাজ দেখতে পারেন—সেইরকম একজন মন্ত্রীকে এই দপ্তরে রাখলে ভাল হত। আমার মনে হয় সেই রকম একজন মন্ত্রীকে এই দপ্তরে রাখা উচিত। কিন্তু দুর্ভাগ্যবশত এখানে নতুন কোনও কনস্ট্রাকশনের কাজ হচ্ছে না। যেটুকু কাজ হচ্ছে সেটা শুধু সেন্ট্রাল রোড ফান্ডের মাধ্যমে আর ন্যাশনাল হাইওয়ে যে কাজ হচ্ছে তার টাকার থেকে কাজ হচ্ছে। অর্থাৎ স্টেট পি. ডব্লিউ. ডি.-র নিজের টাকায় কোনও কাজ হয় না এবং মন্ত্রী সেকথা স্বীকারও করেছেন। আসলে আপনারা পরের ধনে পোদ্দারি করেন। আজকে সেন্ট্রাল গভর্নমেন্টের

আপনারা রোড কনস্ট্রাকশনের কাজ করছেন, মেন্টেনেন্সের কাজ করছেন কিন্তু নতুন করে রাস্তা তৈরি করার কোনও পরিকল্পনা আপনাদের নেই। একটার পর একটা যে রাস্তা তৈরি করছেন সে তো সেন্ট্রাল গভর্নমেন্টের টাকায় এবং সেকথা তো আপনি আপনার স্পিচে বলেছেনও যে "Construction of an approach road with a bridge over river Saraswati connecting Kalyani Bridge with National Highway-2 on Western side in the district of Hooghly—out of present C.R.F. accumulation amounting to Rs. 166.25 lakhs. সেই সাথে আপনি বলেছেন—Diversion of National Highway-31 from Falakata to Pundibari. কাজও চলছে। এছাড়াও আপনি Four Laning work of N.H.-2, section Barakar to Raniganj for a length of 36.9 km., a World Bank aided project (Phase-II) is in final stage of sanction by the Ministry of Surface Transport, Govt. of India. বিষয়টির উল্লেখ করেছেন।

কল্যাণীতে যে ব্রিজ কনস্ট্রাকশনের কাজ হচ্ছে তার টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আসছে। এবং ন্যাশনাল হাইওয়ে ৩৫-এর টাকাও সেন্ট্রাল গভর্নমেন্টের মিনিস্ট্রি অফ সারফেস ট্রান্সপোর্ট থেকে আসছে। তারপরে এন. এইচ. বনগাঁতে ইচ্ছামতি নদীর উপরে সেতুটির জন্যও সেন্ট্রাল গভর্নমেন্টের মিনিস্ট্রি অফ সারফেস ওয়াটার ট্রান্সপোর্ট থেকে টাকা আসছে এবং কাজ শুরু হয়েছে। আপনি বলেছেন ওয়ার্ক অন ইচ্ছামতি ব্রিজ অ্যাট বনগাঁ অন এন. এইচ ৩৫ হ্যাজ অলরেডি কমেন্সড্। এন. এইছ. ৩৪ বাইপাসে যেটি রয়েছে তারজন্যও সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা আসছে। মতীশবাবুর জায়গা বিবেকানন্দ সেতু তার যে টোটাল রিপেয়ার, তারজন্যও গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে টাকা এসেছে। সুতরাং আপনার দপ্তরের ১৮৩ কোটি টাকার বাজেট, তারমধ্যে তো মাইনে দিতেই আপনার ১৪০ কোটি খরচ হয়ে যাবে। বাকি থাকবে ৪২ কোটি টাকা, এই টাকা দিয়ে তো দুটো ব্রিজও তৈরি হবে না। তারফলে আপনার দপ্তরের সামগ্রিকভাবে এই বাজেটের টাকা দিয়ে মাইনে দেওয়া ছাড়া অন্য কোনও কাজই হবে না বা করা যাবে না। অবশ্য আপনি আপনার বাজেটে একথা স্বীকারও করেছেন, "In one of my Budget speeches I stated that it was one thing to construct new roads and another to maintain it upto proper standard. I know that the condition of many roads is far from satisfactory". উনি নিজে স্বীকার করেছেন অসচ্ছল অবস্থা, খুবই অসন্তোষ জনক অবস্থা, these require immediate and thorough repairs. অবিলম্বে পুরোপুরি রিপেয়ার করার দরকার। কিন্তু সঙ্গে সঙ্গে কি বলছেন—"But the fund allocated for this purpose becomes too inadequate after payment of wages." মন্ত্রী নিজে স্বীকার করেছেন যে রাস্তার রিপেয়ার করার দরকার, রাস্তা কোথাও নেই, সব গর্তে ভরে গেছে। আমরা জানি একটা রাজ্যের শিল্প গড়ে উঠতে গেলে সেখানকার রাস্তা ঘাটের অবস্থা বিশেষ ভালো হওয়া দরকার। পশ্চিমবঙ্গে কোনও শিল্প গড়তে গেল্লে তার ইনফ্রাস্ট্রাকচার দরকার। এখন এই ইনফ্রাস্ট্রাকচার তৈরি হওয়ার ক্ষেত্রে বেসিক হচ্ছে রোডস। কিন্তু পশ্চিমবঙ্গে এই রোডসের অবস্থা খুবই খারাপ। একমাত্র ন্যাশনাল হাইওয়েগুলো ভালভাবে মেন্টেন হচ্ছে কিন্তু স্টেট রোডস্ ভালভাবে মেন্টেনই হয় না। আপনারা বলছেন এখানে নতুন গ্রোথ সেন্টার তৈরি করবেন। ফলতাতে

এক্সপোর্ট প্রসেসিং জোন খুলছেন, কিন্তু ফলতাতে যে আঁকা বাঁকা রাস্তা, তাতে কোনও এক্সপোর্ট অরিয়েন্টেড ইউনিট এখানে আসবে জানি না। তারপরে বড়জোলা এবং মেজিয়াতেও ইউনিট খোলার পরিকল্পনা আছে আপনাদের, কিন্তু ওখানকার রাস্তার যে অবস্থা তাতে করে কোনও ইফ্রনিট আসবে আমার জানা নেই। অতএব পশ্চিমবঙ্গে ইন্ডাস্ট্রি না হওয়ার বড় কারণ হচ্ছে পাওয়ার অভাব এবং আরেকটি বড় কারণ হচ্ছে রাস্তা ঘাটের অবস্থা খুবই খারাপ। তবে একটি সুখবর যে মাননীয় মন্ত্রী এতদিন পরে রোড কর্পোরেশন তৈরি করবেন বলেছেন। আজকে ১০ বছর আগে এই রোডস্ কর্পোরেশনের কথা আপনাদের ভাবা উচিত ছিল। এই স্টেট রোড কর্পোরেশন সংক্রান্ত ব্যাপারে আপনি বলেছেন We may expect a fund of a crores of rupees for this purpose. শ্যামলবাবু জাপানি সহযোগিতায় এবং পিয়ারলেসের সহযোগিতায় রোড ওভার ব্রিজ তৈরি করেছেন শিয়ালদহ এবং মানিকতলায়। কিন্তু তাতে একজনকেও দেখি না যে ওই ব্রিজ দিয়ে হেঁটে পেরিয়ে কেউ আসেন। সুতরাং আমি আপনাকে একটা প্রোপজ করছি, গতবারও প্রোপোজাল দিয়েছিলাম, এবারও দিচ্ছি—নতুন হাইওয়ে করার ক্ষেত্রে মহারাষ্ট্র গভর্নমেন্ট যেমন লিজ দিয়ে প্রাইভেট পার্টিকে দিয়ে করাচ্ছে, আপনারাও সেই রকম করুন। হিন্দুস্তান কনস্ট্রাকশন তাকে রাস্তা তৈরি করবার জন্য টেন্ডার দিয়ে দিন, এতে ভাল ছাড়া খারাপ হবে না। আপনি তো এই ৪২ কোটি টাকা দিয়ে বিল্ডিং মেন্টেনেন্স করতে পারছেন না, কোনও নতুন রোড করতে পারছেন না, কোনও ব্রিজ তৈরি করতে পারছেন না, সেখানে নতুন হাইওয়ে রাস্তা ইত্যাদি করার ব্যাপারে প্রাইভেট পার্টিকে লিজ দিয়ে দিন। ওই প্রাইভেট পার্টিই রাস্তা তৈরি করবে। তবে এই ব্যাপারে আপনাদের নিজের দলের লোককে দেবেন না। এটা যদি করতে পারেন তাহলে কিছুটা উন্নতি করা সম্ভব হবে। তারপরে কলকাতা থেকে দুর্গাপুর কানেক্টিং যে এক্সপ্রেস হাইওয়ে আছে এবং এন. এইচ.-৩৪ এক্সপ্রেস হাইওয়ে আছে এইগুলো রিপেয়ার করতে গেলে ফান্ডের দরকার। কিন্তু সেক্ষেত্রে আপনার যা ফান্ড তাতে আমাদের জীবদ্দশাতে হবে বলে তো মনে হয় না, আর আপনার জীবদ্দশাতে তো নয়ই।

সুতরাং কিছু ইমাজিনেশন দরকার, কিছু প্ল্যানিং দরকার, এবং কিছু ফরওয়ার্ড থিংকিং দরকার। এই ফরওয়ার্ড থিংকিং আপনাদের ইস্যুর মাধ্যমে হবে না। আমি আপনাকে আরও বলতে চাই যে, আপনারা অনেক হিসাব দিয়েছেন কোথাও কোথাও আপনি বাড়ি বানিয়েছেন, কোথাও কোথাও হাসপাতাল বানিয়েছেন। আমরা দেখছি কনস্ট্রাকশন বোর্ড—যে হাউসিংগুলি করেছে বর্তমানে হাউসিং ডিপার্টমেন্ট এটা পার্টলি আলাদা হয়েছে, কিন্তু কি অবস্থায় সরকারের হাউসিংগুলি রয়েছে সেটা আপনি দেখেছেন কি? ওখানে যে মেটিরিয়াল ব্যবহার করা হয় আপনি শুনেছেন কি সেখানে কি পরিমাণে কোরাপশন হয়? রাস্তার ব্যাপারে আমরা দেখেছি কত রাস্তা হয়েছে কিন্তু সেই রাস্তা করার ৩ মাস পরে আবার রিপেয়ার করতে হয়। সারা পৃথিবীতে আজকে যেখানে রোড টেকনোলজির মডার্ন অ্যাডভান্সমেন্ট হচ্ছে সেখানে পশ্চিমবাংলায় রোড টেকনোলজি মাত্র ২/৩টি রাস্তার ক্ষেত্রে মডার্ন মেশিন দেখা যায়, আর কোনও জায়গায় দেখা যায় না। রোড টেকনোলজির মডার্ন মেশিন আপনাদের এখানে আসেনি ফলে মডার্নাইজেশন কিছু হচ্ছে না। মানুষ এই নিয়ে কমপ্লেন করে আজকে ক্লান্ত হয়ে গেছে। সামনে বর্ষা এসে পড়েছে, গ্রামে আস্তে আস্তে এক একটা এলাকায় বাস বন্ধ হয়ে যাবে, রাস্তা না সারালে বাস

চালাতে পারবে না। সবাইতো আর হৃষিকেশ মাইতি নয় যে ধন্যবাদের পর ধন্যবাদ দিয়ে চলে যাবে, সত্যি কথা হচ্ছে পশ্চিমবাংলায় দেয়ার ইজ নো ইনফ্রাস্ট্রাকচার। পাঞ্জাবে ১০ বছর আগেই সমস্ত গ্রামকে উইথ মেটার গুডস তারা কানেক্ট করে দিয়েছে। আপনি তার থেকে ১ হাজার যোজন দূরে রয়েছেন। আজকে হাইওয়ের সঙ্গে স্টেট হাইওয়ের কোনও কানেক্টিং রোডস নেই, তাই আমার মনে হয় এটা সম্পূর্ণভাবে নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে দেখা উচিত। আর একটি ব্যাপারে আপনার দপ্তরের দাবি আছে সেটার জন্য আপনার দপ্তর খুব পাবলিসিটি পান, সেটা হচ্ছে মূর্তি করার জন্য। আপনি বলেছেন আপনার দপ্তর ইন্দিরা গান্ধীর মূর্তি তৈরি করছে, ১৯৮৪ সালের ৩১শে অক্টোবর ইন্দিরা গান্ধী মারা গেছেন, আজ পর্যন্ত তার মূতির অর্ডার প্লেস হয়েছে, এটা বলা হবে কেন? এতদিনে মূর্তি বসে যায়নি কেন? এর উত্তর তো আপনাকেই দিতে হবে কি কারণে এতদিন ডিলে হয়েছে? ইন্দিরা গান্ধী মারা যাবার ৮ বছর পরেও কেন এটা বসানো হল না? আমি এই হাউসে ডিমান্ড করছি এই ব্যাপারে মন্ত্রী নিশ্চয় অ্যাসিওরেন্স দেবেন প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী তিনি দেশের জন্য প্রাণ দিয়েছেন তার একটা মর্মর মূর্তি কলকাতার উপকণ্ঠে বসানো হোক। সি ইজ দি মার্ডার ফর দি কজ অফ দি নেশান, তিনি দেশের জন্য প্রাণ দিয়ে গেছেন সুতরাং তার উদ্দেশ্যে তার প্রতি শ্রদ্ধা জানানোর জন্য একটা মূর্তি আমাদের বসানো দরকার। সর্দার প্যাটেলের ১০০ বছর হয়ে গেছে কিন্তু তার মূর্তির ব্যাপারে জাস্ট আপনারা অ্যাপ্রুভ করেছেন, আপনারা অ্যালোকেট করেছেন কিনা ঠিক কি করেছেন সেটা কিন্তু আমাদের জানা নেই। বক্সাদুয়ারের বন্দি শিবির-র ব্যাপারে আপনারা প্রিজারভেশন-এর জন্য প্ল্যান নিয়েছেন, ভাল কথা। বুড়ি বালামে বাঘা যতীনের মিউজিয়াম স্থাপন করার কথা চিন্তা করছেন এর জন্য প্রশংসা করছি। চার্লি চ্যাপলিনের স্ট্যাচু স্থাপন করেছেন ভাল কথা প্রশংসা করছি। কিন্তু আমি আপনাদের বলব কলকাতা কর্পোরেশনের যে রোড রিপেয়ারিং কমিটি আছে সেই রকম আপনার দপ্তরেও একটা কমিটি থাকা দরকার কাদের স্ট্যাচু রেকমেন্ড আমরা করব, কোনও স্ট্যাচুগুলির ইস্যু নিয়ে হাইলাইটেড হবে, কোনও ব্যক্তি জাতীয় বিচারে গুরুত্বপূর্ণ সেটা আপনার দপ্তর ইউনিল্যাটারালি করুন। অনেক সময়ই দেখা যায় যাদের স্ট্যাচু করা উচিত তাদের স্ট্যাচু করা হয় না। যাদের স্ট্যাচু করার দরকার ছিল না তাদের করা হয়। আমি আপনাকে সাজেস্ট করব আপনি এই কাজটা ইমিডিয়েট শুরু করুন। আপনি অনেক দিন থেকে রাজ্য সরকারের দপ্তরগুলি দেখছেন, রাইটার্স বিল্ডিংয়ে আজকে মন্ত্রীরা ঠিকমতো ঘর পাচ্ছে না, এখানে অশোকবাবু আছেন নূতন মন্ত্রী হয়েছেন ওনার ঘর নেই। রোটান্ডার পাশে বাথরুমের পাশে ছোট্ট ঘরে মন্ত্রীকে বসতে হয়, মন্ত্রীরা কেউ রাইটার্স বিল্ডিং ছেড়ে যেতে চান না। বসার মধ্যে বিদ্যুৎমন্ত্রী নিউ সেক্রেটারিয়েটে বসছেন, কোনও মন্ত্রী রাইটার্স থেকে শিফট করতে চান না। মন্ত্রীর সেক্রেটারিদের বারান্দার মধ্যে পার্টিশন করে বসতে হচ্ছে। মন্ত্রীর সঙ্গে কেউ দেখা করতে এলে সে দেখবে মন্ত্রী বাথরুমের পাশে ছোট্ট ঘরে বসে আছে, আর সেক্রেটারি বারান্দার মধ্যে পার্টিশন করে বসে আছে।

কতদিন থেকে আমরা শুনছি আপনি ক্যামাক স্ট্রিটের নতুন অফিস কমপ্লেক্স করবেন, কিছু বিল্ডিং ডিসেন্ট্রালাইজ করবেন। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছি আপনি কিছু ডিসেন্ট্রালাইজ করুন, রাইটার্স বিল্ডিঙে আর কোনও জায়গা নেই। কিন্তু আপনারা এখনও কিছু করেননি।

আমরা দীর্ঘদিন ধরে বলছি আজকে আপনি বলবেন, যে ক্যামাক স্ট্রিটের নতুন অফিস কমপ্লেক্স-এর কাজটা কবে আপনি সম্পূর্ণ করবেন? মতীশবাবু আপনি এমন একটা দপ্তর নিয়ে বসে আছেন যে দপ্তরের প্রশংসা করার কিছু খুঁজে পেলাম না। পশ্চিমবাংলায় যে সমস্ত দপ্তরের কাজ আমরা লক্ষ্য করি তাতে প্রশংসা করার কিছু নেই। আপনার ইনঅ্যাডিকোয়াসি অফ ফান্ড রয়েছে, কিন্তু অরিজিনাল থিংকিং অন ইওর পার্ট সে ইনঅ্যাডিকোয়েসি দূর করার ক্ষেত্রে আমরা কিছু দেখতে পাচ্ছি না। আমরা সেই রকম কিছু দেখতে পাচ্ছি না এবং আপনিও এখনও পর্যন্ত কিছু দেখাতে পারেননি। ফান্ডের জন্য প্রোজেক্টগুলি পুরোপুরি ব্লকড হয়ে যাচ্ছে। কিছু স্পেসিফিক প্রবলেম আমি বলছি এবং এই ব্যাপারে আপনার অ্যাসিওরেন্স চাইছি। (১) দিল্লিতে বঙ্গভবনের জন্য ছয়-সাত তলার টাকা কবে অ্যালোকেটেড করবেন এবং এর জন্য কবে পারমিশন দেবেন? (২) বঙ্গভবনের টেমপোরারি এমপ্লয়িদের ব্যাপারে আপনি কবে সিদ্ধান্ত নেবেন? (৩) লেক গার্ডেন, বেন্ডেল রোড এবং লিলুয়ার ফ্লাইওভারের তৈরির ব্যাপারে আপনার টার্গেট ডেট অফ কমপ্লিশন কি? (৪) উত্তরবঙ্গে দুটো ব্রিজ এবং অজয় নদীর উপর ভেদিয়ায় ব্রিজ তৈরির ব্যাপারে আপনার সিদ্ধান্ত কি? (৫) ইন্দিরা গান্ধীর মূর্তি এবং রাজীব গান্ধীর মূর্তি কলকাতায় বসানোর ব্যাপারে আপনার রি-অ্যাকশন কি? (৬) পশ্চিমবাংলায় সমস্ত গ্রামকে মেটাল রোড দিয়ে কানেক্ট করার কোনও পরিকল্পনা আপনার আছে কি? আমি যে প্রশ্নগুলি আপনার সামনে রাখলাম, আমি আশা রাখি আপনি আপনার ভাষণে এইগুলি বলবেন পুরোপুরিভাবে এবং আপনি যে হিসাব দিয়েছেন সেগুলি পুরোপুরিভাবে সঠিক না বলে আমি মনে করি। আজকে সকালেই হিল কাউন্সিলের ব্যাপারে আমি বলেছিলাম, আপনি একটা হিসাব দিলেন কতজন ইঞ্জিনিয়ারকে ট্রান্সফার করা হয়েছে। কোনও সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ারকে নয়, কয়েকজন ইঞ্জিনিয়ারকে ট্রান্সফার করা হয়েছে। আপনি আমাকে বলুন হিল কাউন্সিলে কেন একজন চিফ ইঞ্জিনিয়ার আপনি দেবেন না? হিল কার্টস রোডটাকে আলাদাভাবে করতে আপনার কি অসুবিধা আছে? হোয়াট নট এ ফুলফ্লেজড্ চিফ ইঞ্জিনিয়ার দেয়ার? হিলকার্ট রোডটাতো সেন্টার নিয়েছে। হোয়াট ইজ দি টেকনিকাল ডিফিকালটিস? ওখানকার রাস্তাগুলি করার পয়সা আপনার নেই, ক্ষমতাও আপনার নেই। ন্যাশনাল হাইওয়ের টাকাতে সমস্ত জায়গায় রাস্তাগুলো হচ্ছে। আর আমি একই কথা বার বার বলতে চাইছি না, আজকে পশ্চিমবাংলার রাস্তার অবস্থা সবচাইতে খারাপ। আপনার কোনও পারসপেকটিভ প্ল্যানিং নেই, যার জন্য পশ্চিমবাংলায় ইনফ্রাস্ট্রাকচার তৈরি হচ্ছে না এবং আগামী দিনে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের রাস্তাও তৈরি হবে না। তাই আমি বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করে দু-চারটি কথা এখানে বলতে চাই। স্যার বিরোধী পক্ষের কথা এতক্ষণ আমি শুনছিলাম। তবে, বঙ্গভবনের কথাটা সত্যি, সেখানে ডাক্তারের খুব অভাব। টাকা পয়সার ব্যাপারে আপনি ঠিকই বলেছেন যে টাকার অভাব আছে। এবং এটাও ঠিক যে কেন্দ্র টাকা দিচ্ছে না। ১৯৮৮ সালে সংসদে টাকা দেওয়ার কথা পাশ হওয়ার পরেও আজকে পর্যন্ত ডিপার্টমেন্ট টাকা পায়নি। তাহলে কেন্দ্রের আচরণ বা মনোভাব পশ্চিমবঙ্গের প্রতি—সহজেই অনুমেয়। বাধ্য হয়ে আপনি কর্পোরেশন গড়েছেন।

আষ্টম যোজনায় কিছু টাকা পাবেন এবং তা দিয়ে কাজকর্ম হবে। আপনার চেষ্টা থাকা সত্ত্বেও এই কথা সত্য যে, রাস্তার অবস্থা খুবই খারাপ, এই কথা অনেকে বলেছেন। আমিও এই সঙ্গে বলতে চাই যে, রাস্তার অবস্থা খুবই খারাপ। আর একটা কথা হল পি. ডবলু. ডি. রোডসের সঙ্গে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের একটা কো-অর্ডিনেশন থাকা দরকার। কারণ রাস্তা করা হয়েছে ৫ টনের, কিন্তু সেখান দিয়ে কুড়ি টন করে মাল যাচ্ছে। কোনও চেকিং নেই। আপনি তাদের কাছ থেকে টোল নিন, এতে টাকা, পয়সা আসবে এবং সরকার লাভবান হবেন। এটার পরিবর্তন হওয়া দরকার। ইউ. পি.-তে আছে, বিহারে আছে—এটা আমরা দেখেছি। ওভারলোড ট্রাকের উপর ওখানে ফাইন হয়, চেকিং হয়, কিন্তু পশ্চিমবাংলায় এই সবের কোনও বালাই নেই। আপনার ডিপার্টমেন্টের সঙ্গে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের একটা কো-অর্ডিনেশন থাকলে আপনি অনেক টাকা আদায় করতে পারবেন। আমরা বলি যে, রাস্তা খারাপ হয়ে গেছে, কন্ট্রাক্টারের দোষ দিই, ইঞ্জিনিয়ারের দোষ দিই, সুপারভাইজারের দোষ দিই কিন্তু অনেক ক্ষেত্রেই গাফিলতি আছে। কিন্তু সেই সঙ্গে আমার মনে হয়েছে যে, গরুর গাড়ির লোহার চাকা যতদিন না পর্যন্ত নিউম্যাটিক সিস্টেম না হবে ততদিন পর্যন্ত রাস্তা ভালভাবে থাকতে পারবে না। এবং ওভারলোডের ব্যাপারে—যদি একে সচেস্টভাবে না বন্ধ করতে পারেন তাহলে এই রাস্তা চলতে পারে না। আপনার আন্তরিকতা আছে। কিন্তু আমরা দেখছি কয়েকটা ব্যাপারে আপনি বলেছেন ময়ূরাক্ষী বা অন্য কি সবের উপরে ব্রিজ করবেন—আমি গত বারের বাজেটেও বলেছিলাম আপনাকে যে, বোলপুর হতে যে রাস্তাটা সিউড়ি গেছে এবং বক্রেশ্বর নদীর উপর যে ব্রিজটা আছে সেটা যে কোনও মুহূর্তে ভেঙ্গে যাবে এবং একটা বিরাট অ্যাক্সিডেন্ট হবে। গতবারে এস. পি., ডি. এম. আমাকে অনুরোধ করেছিলেন যে, এই ব্রিজটা তৈরি করবার ব্যবস্থা করুন, তা না হলে একটা বিরাট অ্যাক্সিডেন্ট হবে, বারবার বলেছি। সেই সঙ্গে আর একটা ব্রিজের কথা বলছি, পানাগড় হতে ইলামবাজার পর্যন্ত ব্রিজ সেখানে যে কি করে ট্রাকগুলি যাচ্ছে জানি না। সাবধান বাণী লিখে দিয়েছে ৫ টনের বেশি যাবে না কিন্তু সেখান দিয়ে কুড়ি টনেরও বেশি গাড়ি যাচ্ছে। এই ক্ষেত্রে ডিপার্টমেন্টের গাফিলতি আছে। এই কথা আমি না বলে পারছি না। এটা ভালভাবে দেখবার জন্য অনুরোধ করছি। আমি আর একটা প্রস্তাবের বিরোধিতা করছি, ভেদিয়াতে যে ব্রিজ সম্বন্ধে বলা হয়েছে আমি বলছি, তার আগে দরকার পান্ডবেশ্বরের উপর ব্রিজ। সবচেয়ে আগে দরকার এটা, কারণ, এখান দিয়ে নর্থ বেঙ্গলে ট্রান্সপোর্ট হয়, কয়লা, গম, খাদ্যশস্য সব কিছু যায়। আগে এটা করা উচিত্ তারপর ভেদিয়া বা অন্যান্য যা আছে হোক। এটা ভালভাবে দেখবার জন্য অনুরোধ করছি। কত ট্রান্সপোর্ট, কত বাস, কত ট্রাক আসানসোল হতে নর্থ বেঙ্গল পরিবহনে যায়। ভেদিয়াও প্রয়োজন, কিন্তু তার চেয়ে প্রয়োজন আগে এটা। আমার মনে হয় কোথাও একটা কমিউনিকশন গ্যাপ আছে। আপনি ইনভেস্টিগেশন করুন এবং আমার যে বক্তৃতা তার সত্যতা যাচাই করুন।

পানাগড়-মৌরীগ্রাম এটা একশো কোটি টাকার প্রোজেক্ট, তিন বছর দেখছি, ডি. এল. সি. সি. মিটিংয়ে দেখছি এবং বলছি ইমিডিয়টে করা হোক। চিফ ইঞ্জিনিয়ার বললেন, দয়া করে দেখুন যাতে ল্যান্ড অ্যাকুইজেশন তাড়াতাড়ি হয়। আমি এইবার বলেছি মন্ত্রীকে, কিন্তু জমি অধিগ্রহণে বহু সময় যায়। কিন্তু আপনাদের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে পাওয়া যায়

না। বোলপুরে ইঞ্জিনিয়ারের বাড়ি, কিন্তু সিউড়িতে কাজ করেন। এইসব বন্ধ করুন। হোম ডিস্ট্রিক্ট ট্রান্সফার বন্ধ করুন। যখন দেখছি রাস্তা খারাপ, তখন রোডস বলেন আমাদের নয়, পি. ডবলিউ. ডি.-র। নলহাটি থেকে বুজুং রাস্তাটা ৪ মাইল। অর্দ্ধেকটা করছে রোডস, অর্দ্ধেকটা করছে পি. ডবলিউ. ডি.। আপনি চিন্তা-ভাবনা করুন এই বিষয়ে। সিউড়ি থেকে ৫০ মাইল দূরে রাস্তা দেখছে এক ডিপার্টমেন্ট, আর ৩০ মাইল দূরে রাস্তা আর একটা ডিপার্টমেন্ট বাকিটা দেখছে। এর ফলে ডিপার্টমেন্টের খরচ বাড়ে। এইটা না করে যে কোনও একটা ডিপার্টমেন্টকে দিলে সময়ও কমবে, টাকাও কমবে, অফিসারদের হয়রানিও কমবে। এইটা গুরুত্ব সহকারে বিবেচনার জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, আপনাকে বলছি যে রাস্তা তৈরি আছে সেগুলো মেন্টেনের সময় দেখা যায় যে রকম পিচ দেওয়া দরকার, সে রকম পিচ দেওয়া হয় না। আমি আশ্চর্য হয়ে যাই যখন বলা হয় পিচ বাজারে পাওয়া যায় না। অথচ ধরুন নলহাটিতে পাথরকয়েরিতে কোথায় পিচ ফেলবে? আপনাদের ডিপার্টমেন্ট থেকে পিচ রাস্তায় দেওয়া হল এটা কম দেওয়ার ফলে রাস্তাটা ভাল হল না। আমি বলছি একশ কোটি টাকার প্রোজেক্ট মৌরীগ্রাম এটা হলে উত্তরবঙ্গের দিক থেকে খুবই সুবিধা হবে, উত্তরবঙ্গের সঙ্গে এন. এইচ. ৩৪ দিয়ে যুক্ত হবে। সয়েল টেস্ট হয়ে গিয়েছে। তিন বছর ধরে চেষ্টা করছি। কিছু জমি অধিগ্রহণ হয়েছে, কিছু জমি অধিগ্রহণ হয়নি। টাকার তো কোনও অভাব নেই। কিন্তু কেন তিন বছর ধরে কাজটা হচ্ছে না? তাহলে আপনার ডিপার্টমেন্টে যে সমস্ত অফিসার আছেন, তারা ঠিকমতো কাজ করছেন না। এইটা হচ্ছে আমার বক্তব্য। এইটা যাতে হয় সেদিকে দেখুন। আমি আর একটা কথা বলছি। আপনি চেষ্টা করছেন, অনেক সেতু করেছেন, কাজও করেছেন। কিন্তু এই যে বছরে ৬০ কিলোমিটার করেন মাত্র, তাহলে মুশকিল। কৃষি-শিল্পের উন্নতি করতে হলে রাস্তার অপরিসীম দায়িত্ব আছে। সুতরাং এই ব্যাপারটা ভাল করে দেখুন। আমি আর একটা কথা বলতে চাইছি। আপনাদের ডিপার্টমেন্টের দায়িত্ব, আপনি বুঝবেন, আশ্চর্য হয়ে যাবেন। আমার জেলা ইলামবাজার-এর ব্রহ্মমানি-সাঁইথিয়া ব্রিজের টোল ট্যাক্স আদায় হয়। কিন্তু গত ৫/৬ মাস টোল ট্যাক্স নেওয়া হয়নি। সরকারের কত টাকা নষ্ট হল। কি ব্যাপার, না, টিকিট ছাপা নেই। এত টাকা খরচ হচ্ছে। অথচ টিকিট ছাপা না থাকার জন্য ৫/৬ মাস টোল ট্যাক্স আদায় হল না। এর জন্য যে অফিসার দায়ী তার শাস্তি হওয়া উচিত। কেন সরকারি অর্থ এইভাবে অপচয় হবে? কে এরজন্য দায়ী? আপনাদের অফিসারদের মধ্যে রোডসকে বললে, বলে আমি নয়, পি. ডবলিউ. ডি.। সুতরাং দয়া করে কোনটা কি ভাল করে দেখুন।

[3-20 — 3-30 P.M.]

আর গতবার আমাকে একটা কথা বলেছিলেন কিন্তু এক বছর পরেও দেখছি কিছু হচ্ছে না সেইজন্য আবার বলছি। যখন আপনার লোকরা কাজ করতে যাচ্ছে তখন দেখছি যেখানে ৬টি বাম্প ছিল সেখানে আরও তিনটি অ্যাড হয়ে গেল। এই বাম্পের জন্য অনেক ছিনতাই হচ্ছে। আপনি জানেন, আমাদের বীরভূম জেলাতে অনেক ট্যুরিস্ট যায়। এ বছর প্রচুর ছিনতাই হয়েছে। বিবাহ বাড়িতে যে সমস্ত রিজার্ভ বাস যায় তাতেও ছিনতাই হচ্ছে। তা ছাড়া অনেক সরকারি গাড়ি এবং প্রাইভেট গাড়ি এবং বাম্পের ধাক্কায় নষ্ট হয়ে যায় এর ফলে একদিকে যেমন পেট্রোল কনজামশন বেশি হয় অপর দিকে সময়ও প্রচুর লাগে।

উদাহরণস্বরূপ আপনাকে বলছি, সিউড়ি থেকে কড়িথ্যা গ্রামের মধ্যে ১৩টি বাম্প আছে। আপনি ব্যাপারটা বুঝুন, একটা গ্রাম ক্রশ করতে গেলে ১৩টি বাম্প পড়ে। এগুলি কেন হচ্ছে? আপনি গতবার বলেছিলেন যে এরজন্য আইন করেছি কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই যে এই আইন প্রযোজ্য হচ্ছে না কেন? এই জিনিসটা অত্যন্ত গুরুত্ব সহকারে দেখার জন্য আমি আবারও অনুরোধ জানাচ্ছি। তারপর আর একটা ব্যাপার গতবারও বলেছিলাম, এবারও বলছি। আপনি জানেন, বক্রেশ্বর একটি তীর্থস্থান ও দর্শক আকর্ষণের স্থান। বহু ট্যুরিস্ট সেখানে যান। সেখানে যে ইন্সেপেকশন হাউসটি আছে সেটা আপনি সেখানকার হিলিয়াম গ্যাসকে দিয়ে দিলেন। এই হিলিয়াম গ্যাস, ওদের তো টাকার অভাব নেই, এর ফলে পর্যটকদের খুবই অসুবিধা হচ্ছে। এই ব্যাপারটি আপনাকে পুনর্বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। এই ইন্সেপেকশন হাউসের সামনে অনেক জায়গা আছে। আপনার সেক্রেটারির সঙ্গে আমার কথা হয়েছিল, তিনি বলেছিলেন, সামনের জায়গাটি দিয়ে দেব কিন্তু এখনও সেই ইন্সেপকেশন হাউসটি 'হিলিয়াম গ্যাস প্রটেকটেড এরিয়া' বলে লিখে রেখে দেওয়া হয়েছে। এতে ট্যুরিস্টদের অনেক অসুবিধা হয়। আমি আগেই বলেছি যে বক্রেশ্বরে অনেক ট্যুরিস্ট যায়। বক্রেশ্বরে যেখানে লোকজন স্নান করে সেখানে লাইটের ব্যবস্থা ছিল। স্নান ছাড়া অনেকে সেখানে সকাল সন্ধ্যায় বেড়াতেও যায় কাজেই সেখানে লাইটের ব্যবস্থা করা দরকার। এতবড় ডিপার্টমেন্ট, কোটি কোটি টাকা খরচ হয়, সেখানে এই ব্যবস্থাটা করা দরকার। ট্যুরিস্ট ডিপার্টমেন্ট ঐ খরচটা নাকি দিত। সেটা জমা না দেবার জন্য সমস্ত লাইটের কানেকশন সেখানে ইলেকট্রিক ডিপার্টমেন্টে কেটে দিয়েছে। এর ফলে সেখানে অসামাজিক কাজকর্ম হচ্ছে, ভদ্রঘরের মেয়েরা সন্ধ্যার পর সেখানে ফ্রিলি ঘুরতে পারছে না। সেখানে যাতে ইমিডিয়েটলি লাইটের কানেকশন দেওয়া হয় সেটা দেখার জন্য আপনাকে বিশেষ করে অনুরোধ জানাচ্ছি। এই বলে আপনার ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজয় দে : মাননীয় চেয়ারম্যান মহাশয়, পূর্ত দপ্তরের যে ব্যয় বরাদ্দ এই সভায় পেশ করা হয়েছে তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশন আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বক্তব্য এখানে পেশ করেছেন তার বিরোধিতা আমাদের করতেই হচ্ছে কারণ কোনও জায়গাতেই সঠিকভাবে তিনি কোনও স্পষ্ট ধারণা আমাদের দিতে পারেননি। তিনি লিখেছেন, '১৯৯২/৯৩ সালে আমরা অতিরিক্ত ৬০ কি. মি. নতুন সড়ক নির্মাণের চেষ্টা করব। আশা করা হচ্ছে যে ১৯৯২/৯৩ সালে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ সেতুগুলির নির্মাণের কাজ শেষ হবে।' তারপর আবার বলেছেন, 'যদি অর্থের সংকুলান হয় তাহলে ১৯৯২/৯৩ সালে নিম্নলিখিত প্রকল্পগুলির নির্মাণেও সন্তোষজনক অগ্রগতি ঘটবে বলে আশা করা যায়।' অর্থাৎ সমস্ত কিছুই একটা অনিশ্চিত অবস্থায় রয়েছে বা অধিকারে রয়েছে। স্যার, আমাদের এই পশ্চিমবাংলায় রাস্তাঘাটের অবস্থা কি সেটা আমরা সকলেই জানি। আমাদের এই পূর্ত দপ্তরের প্ল্যান এবং নন প্ল্যানের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে পরিকল্পনা যা নেওয়া হয়েছে তাতে দপ্তরের কর্মীদের মাহিনা দিতেই শতকরা ৮০ ভাগ টাকা চলে যাচ্ছে। যে দপ্তরের শতকরা ৮০ ভাগ টাকা মাইনে দিতে চলে যায়, সেখানে পশ্চিমবাংলার রাস্তা ঘাটের যা অবস্থা, তাতে আগামীদিনে যে রাস্তাঘাটের যে আরও কি শোচনীয় অবস্থা দাঁড়াবে সেটা সকলেই উপলব্ধি করতে পারছেন। আজকে এমন

অবস্থার মধ্যে দিয়ে চলছে বিশেষ করে আমাদের গ্রামাঞ্চলের রাস্তাগুলোর যা অবস্থা হয়েছে, জাতীয় সড়ক যেগুলো রয়েছে, ন্যাশনাল হাইওয়ে, সেই সব রাস্তার জন্য সেন্ট্রাল থেকে টাকা আসছে, সেই টাকায় কিছু কাজ হচ্ছে, যেমন ৩৪ নং জাতীয় সড়কের কাজ চলছে, রাস্তা চওড়া হচ্ছে। কিন্তু সব থেকে দুঃখের বিষয়, পরিতাপের বিষয় আমাদেব রাজ্যের যে সমস্ত রোড্‌স স্টেট হাইওয়ে বলুন, পি. ডবলিউ. ডি.-র যে সমস্ত রাস্তা রয়েছে সেইগুলোর অবস্থা এমন পর্যায়ে চলে গেছে, সেখানে কোনও রকম মেন্টেনেন্স হচ্ছে না, নুতন রাস্তার কথা ছেড়ে দিলাম, যে রাস্তাগুলো রয়েছে সেইগুলোর মেন্টেনেন্স একদম হচ্ছে না ফলে সড়ক যোগাযোগ আস্তে আস্তে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে এবং পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা পিছিয়ে যেতে বাধ্য হচ্ছে। এমন ভাবে দপ্তরের কাজগুলো চলছে, সেখানে কোনও সিস্টেম নেই। ধরুন একটা রাস্তা আমরা দেখতে পাচ্ছি ২০ বছর আগে আরম্ভ হয়েছে, ২০ বছর ধরে সেই রাস্তার কাজ চলছে, ফলে সেই রাস্তা শেষ না হওয়া পর্যন্ত যতটা পর্যন্ত হয়েছে তার মেন্টেনেন্সের জন্য খরচ করতে পারছেন না প্রশাসনিক নীতি অনুযায়ী, ফলে সেই রাস্তা যখন শেষ হচ্ছে দেখা গেল ২০ বছর বাদে কোথা থেকে আরম্ভ হয়েছে, সেটা আমরা দেখতে পাচ্ছি না। এমনি ভাবে পশ্চিমবাংলার রাস্তাঘাটগুলোর অবস্থা দাঁড়িয়েছে। মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় বলেছেন ৬০ কিলো মিটার রাস্তা তৈরি করবার তিনি চেষ্টা করবেন। যেখানে আমাদের ৪০ হাজার গ্রাম, এই রাস্তা যদি হয় তাহলে সেখানে মাত্র ২।। গ্রামের সঙ্গে যোগাযোগ হবে, এটাও কিন্তু তিনি নিশ্চিতভাবে বলতে পারছেন না। তিনি শুধু চেষ্টা করব বলছেন। কিছুদিন বাদে বর্ষা আসবে, কোনও নুতন রাস্তা পাচ্ছি না, কিন্তু যে সমস্ত রাস্তাগুলো রয়েছে সেইগুলোও মেন্টেনেন্সের অভাবে ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। রাস্তাগুলোর অবস্থা এমন হয়ে পড়েছে, বর্ষাকাল বলেই নয়, কি শীত, কি গ্রীষ্ম, সব সময়েই রাস্তাগুলোর অবস্থা অত্যন্ত খারাপ, বাস বন্ধ হয়ে রয়েছে রুট থাকা সত্ত্বেও। যে কোনও জায়গায় যান যাত্রী সাধারণ বাসে চড়ে ঈষ্ট নাম জপতে জপতে যায়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব, আপনি অগ্রাধিকারের ভিত্তিতে অন্তত রাস্তাগুলোর কাজ শুরু করুন। যেখানে মানুষের যাতায়াতের ব্যবস্থা শুধু বাসের মাধ্যমে করতে হয়, যেখানে কোনও রেল যোগাযোগ নেই, সেই সমস্ত জায়গায় অগ্রাধিকারের ভিত্তিতে রাস্তাগুলো সারানোর ব্যবস্থা করুন। যেমন আমি বলব নদীয়া জেলার করিমপুর যেখানে সড়ক যোগাযোগ ছাড়া অন্য কোনও পথ নেই, রেল যোগাযোগ নেই, সেই রাস্তা এমন অবস্থায় রয়েছে, যার ফলে সেখানকার মানুষ অসহনীয় অবস্থার মধ্যে রয়েছে। আপনি জানেন মায়াপুরের যে রাস্তা, সেই রাস্তার অবস্থা এমন পর্যায়ে দাঁড়িয়েছে, সেখানে প্রচুর লোক সমাগম হয়, ফরেনাররা পর্যন্ত সেখানে যাচ্ছে, একটা বাস যেতে গেলে কৃষ্ণনগর থেকে সময় লাগা উচিত আধ ঘন্টা থেকে ৪০ মিনিট, কিন্তু সেখানে সময় লাগছে দু ঘন্টা থেকে আড়াই ঘন্টা। আজকে দিঘার রাস্তার অবস্থা দেখুন, মুখ্যমন্ত্রী পর্যন্ত এই সম্পর্কে বলেছেন। এই ধরনের রাস্তাগুলোতে আপনার দপ্তর থেকে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করা উচিত। গ্রামাঞ্চলের রাস্তা সম্পর্কে বলি, গ্রামাঞ্চলে রাস্তার সব থেকে বেশি প্রয়োজন। কিন্তু মন্ত্রী মহাশয় বলবেন যে অর্থের অভাব। কিন্তু আমরা অনেক আগেই বলেছি যে গ্রামাঞ্চলের রাস্তাগুলোর দু' ধারে যদি ব্রিক রোড করে দিতে পারি, গ্রামাঞ্চলের মানুষ অন্তত বর্ষার সময় কিছুটা স্বস্তিতে চলাফেরা করতে পারবেন। ব্রিক রোড হলে পরে কাজ চলতে পারে তারপর সেই রাস্তাগুলো পরে হাতে নিন, যেখানে মেটাল রোড দু' কিলো মিটার করবেন বলছেন,

সেখানে ক্রিক রোড করলে ছয় কিলো মিটার করতে পারবেন এতে গ্রামের মানুষের সুবিধা হবে, এই বিষয়টা নিয়ে চিন্তা ভাবনা করতে পারেন কি না দেখবেন, এই বিষয়ে তিনি তার জবাবি ভাষণে আশা করি উত্তর দেবেন।

মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণের মধ্যে অনেক সাহিত্যিক, রাজনীতিবিদ্ এবং মনীষীর মূর্তি স্থাপনের কথা উল্লেখ করেছেন। আমাদের দলের পক্ষ থেকে সৌগতবাবু বলেছেন, আমিও দাবি করছি, তৃতীয় বিশ্বের নেতা রাজীব গান্ধী বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে লড়াই করতে গিয়ে নিহত হয়েছেন। তার মূর্তি স্থাপনের কথাও আজকে সরকার এখানে ঘোষণা করুন। সাথে সাথে আমি আর একটা দাবি এখানে পেশ করতে চাই। ঋষি বঙ্কিমচন্দ্রের জন্ম ভিটে—নৈহাটির কাঠালপাড়ায়—অধিগ্রহণ করার জন্য নৈহাটির বিধায়ক ডাঃ তরুণ অধিকারি দীর্ঘ দিন ধরে সোচ্চার হবার পর ১৯৮১ সালে এই বিধানসভা অনুমোদন নিয়ে ২৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। কিন্তু সে কাজ এখনও পর্যন্ত শুরু হয়নি। আমি আশা করব সে বিষয়ে কতদূর কি হয়েছে, না হয়েছে সে সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় আজকে এই সভায় আলোকপাত করবেন।

পরিশেষে আমি বলতে চাই, ন্যাশনাল হাইওয়ে সংলগ্ন বাই-পাস রাস্তাগুলির মধ্যে আমরা দেখছি শান্তিপুরের বাইপাস রাস্তাটির নাম আছে। উনি ওর বাজেট বক্তৃতার মধ্যে লিখেছেন, 'স্থল পরিবহন মন্ত্রকের অনুমোদন পেলে শান্তিপুর বাইপাসের কাজ ১৯৯২-৯৩ সালে শুরু হবে বলে আশা করা যায়'। আবার কয়েক দিন আগে আমরা সংবাদপত্রে দেখলাম এবং রেডিও, টি. ভি.-তে শুনলাম যে, উনি বলেছেন, 'শান্তিপুর বাইপাসের কাজ আরম্ভ হচ্ছে'। প্রকৃত সত্য কোনটি তা আমি ওর কাছে জানতে চাইছি। দুটো বক্তব্যের মধ্যে মিল নেই। ফলে এটা আমাদের কাছে অনিশ্চিত মনে হচ্ছে। এই রাস্তাটি খুবই ইমপর্টেন্ট রাস্তা। এ বিষয়ে কেন্দ্রীয় মন্ত্রী জগদীশ টাইটলারের কাছে আমি চিঠি লিখে এ বিষয়ে জানতে চেয়েছিলাম। উনি আমাকে উত্তর দিয়েছেন, "স্টেট গভর্নমেন্টের কাছে রিকাস্ট প্রপোজল চেয়েছি, সেটা পেলেই অনুমোদন দেওয়া হবে।" সেই রিকাস্ট প্রপোজল পাঠানো হয়েছে কিনা আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি। বর্তমানে শান্তিপুর বাইপাসের প্রস্তাব কি অবস্থার আছে? সত্যিই ১৯৯২-৯৩ সালে সেখানে কাজ আরম্ভ হতে চলেছে, না এখনও অনুমোদনের অপেক্ষায় আছে? এই ক'টি কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 P.M.]

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ মাননীয় চেয়ার পার্সন মহাশয়, আমি আমাদের বিরোধী পক্ষের বক্তাদের বক্তব্য শুনলাম। শুনতে শুনতে আমার মনে হ'ল যে, ওরা নিজেদের জালেই জড়িয়ে পড়েছেন। ওরা বললেন রাস্তাঘাটের অভাবে মানুষের খুবই অসুবিধা হচ্ছে এবং তার ফলে ওদেরও খুবই যন্ত্রণা ভোগ করতে হচ্ছে। পশ্চিম বাংলায় রাস্তাঘাট না থাকার যন্ত্রণা থেকে পশ্চিম বাংলার জনগণকে এবং ওদের যদি মুক্তি দিতে হয় তাহলে যে অর্থের প্রয়োজন সে অর্থ কি পশ্চিমবঙ্গ সরকারের আছে? পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত বিভাগ মিলিয়ে মোট যে বাজেট বরাদ্দ তা যদি সমস্তটাই পূর্ত দপ্তরে নিয়োজিত করা হয় তাহলেও ঐ যন্ত্রণার উপশম

হবে না। এটাই বাস্তাব। আমরা সবাই রাস্তা চাইছি। অবশ্যই প্রয়োজনকে অস্বীকার করা যাবে না। কিন্তু আমাদের সবসময়ই ভাবতে হচ্ছে এই প্রয়োজনের সংস্থানটা আসবে কোথা থেকে। বিরোধী দলের সদস্যরা অভিযোগ করে বলছেন যে, মন্ত্রী মহাশয় ঠিকমতো উদ্যোগ গ্রহণ করেননি, ডিপার্টমেন্ট উদ্যোগ গ্রহণ করেনি, ডিপার্টমেন্ট সচল নয় ইত্যাদি। কিন্তু তারা একটা কথা ভুলে গেলেন যে, গাড়ি চালাতে গেলে রসদের যোগান দরকার। রসদের যোগান যদি না থাকে গাড়ির স্পিড উঠবে কি করে? লাফা-লাফি করলে-ই কি কাজ হবে? কাজের জন্য পয়সা চাই। পয়সার ব্যপারে তারা বললেন যে, রাজ্য সরকারের পি. ডাবলু. ডি.-কে আরও বেশি যত্ন নিয়ে দেখা দরকার। বাজেটের একটা বড় অংশ পি. ডাবলু. ডি.-কে দেওয়া দরকার। এই সব কথা বললেন। কিন্তু একথা বললেন না কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের যে প্রাপ্য টাকা যেটা আমাদের মাননীয় সদস্য উল্লেখ করলেন যে আনুপাতিক হারে আমরা টাকা পাব যেটা শতকরা ৩ শতাংশ টাকা নয়, যেটা অলরেডি দেওয়া হবে বলা হচ্ছে সেই টাকাও পাওয়া যাচ্ছে না। সেই টাকা যদি না পাওয়া যায় সেক্ষেত্রে আপনারা বিন্দুমাত্র সমালোচনা করবেন না? রাজ্যের মানুষ হিসাবে এইটুকু সমালোচনা আপনাদের করা উচিত ছিল, কিন্তু আপনারা তা করলেন না। রাজ্য সরকার মানুষের এই যন্ত্রণা মেটাতে চাচ্ছে কিন্তু এই যন্ত্রণা মেটাতে গেলে রাজ্য সরকারের যে রসদ আছে রাজ্য সরকার সেই রসদ যেমন দিচ্ছে তেমনি এক্ষেত্রে কেন্দ্রের যে দায়িত্ব রয়েছে সেটা তো আপনারা উল্লেখ করবেন, কিন্তু সেই কথা উল্লেখ না করে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট সব কিছু করে দিচ্ছে না কেন বলছেন? এই যে দৃষ্টিভঙ্গি, এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন করা দরকার। আজকে গ্রামের মানুষ কি বলে? গ্রামের মানুষ বলে এই যে মেট্রোরেল হয়েছে এই মেট্রোরেলে কি পরিমাণ অর্থ ব্যয় হয়েছে। আপনারা তখন পশ্চিমবঙ্গে ক্ষমতায় ছিলেন এবং আপনাদের দল কেন্দ্রীয় মন্ত্রিসভায় ছিলেন। সেই সময় মেট্রো রেল করেছিলেন। আজকে গ্রামের মানুষের কাছে গিয়ে মেট্রো রেলের কথা বলবেন। দেখবেন, তারা কি বলেন? তারা বলেন, আমরা মেট্রো রেল চাই না। গ্রামকে আপনারা দীর্ঘদিন ধরে অবহেলিত করে রেখে দিয়েছেন। আপনারা মেট্রো রেল করতে গিয়ে যত কোটি টাকার স্টিল এবং সিমেন্ট কিনেছেন তার ১০ ভাগের ১ ভাগ টাকা ব্যয় করলে পশ্চিমবাংলার গ্রামের মানুষ আমরা অন্ততপক্ষে কিছু রাস্তা পেতাম এবং এতে বাণিজ্যিক যোগাযোগ হত, অর্থনৈতিক উন্নয়ন ঘটত। কিন্তু সেই দৃষ্টিভঙ্গির কথা আপনারা উল্লেখ করলেন না। আর আজকে আপনারা গ্রামের মানুষের জন্য চোখের জল ফেলছেন। আজকে গ্রামের মানুষ অনেক সচেতন হয়েছে। আমরা নিশ্চয়ই গ্রামের উন্নয়ন চাইছি এবং উন্নয়ন করতে গেলে যে প্রশ্নগুলি আমাদের সামনে হাজির হচ্ছে সেগুলি তোলবার চেষ্টা করছি। আজকে বাস্তব দৃষ্টিভঙ্গি দিক দিয়ে বিচার করে দেখতে হবে। একে অপরকে অঙ্গুলি নির্দেশ করে গালাগালি করলে চলবে না। এই বিভাগের ভারপ্রাপ্ত যারা অফিসার আছেন, করনিক আছেন এবং দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী আছেন সকলে মিলে সামান্য অর্থের মধ্যে যেভাবে কাজ করা দরকার সেইভাবে আমরা কাজ করছি। কিন্তু আমাদের যা প্রত্যাশা যেটা আমরা চাইছি তা দিতে পাচ্ছি না। কাজ করতে গিয়ে কোনও ক্রুটি-বিচ্যুতি নেই, এইকথা বলার সাহস নেই, কিন্তু যে পরিস্থিতির মধ্যে আমরা চলেছি তাতে ক্রুটি-বিচ্যুতি হওয়া স্বাভাবিকই এবং সেই ক্রুটি-বিচ্যুতি কোনও কোনও ক্ষেত্রে হচ্ছে। যেমন, সুপারভিসনের ক্ষেত্রে কিছু কিছু ভুল হতে পারে। কিন্তু এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে কতকগুলি দৃষ্টিভঙ্গি

নেওয়া হচ্ছে যেগুলি আমরা বাস্তবে রূপায়িত করতে চাই। এই দপ্তরের যে দৃষ্টিভঙ্গি আছে তার পরিপূরক রিসোর্স আমাদের নেই এবং আমরা চাইলেও তা পাই না। মাননীয় সদস্য শ্রী অজয় দে বললেন একটি পরিকল্পনা ২০ বছর ধরে শেষ হচ্ছে। এটা ঘটনা। কিন্তু আপনারা বললেন, অমুক রাস্তা খারাপ আছে আবার বলছেন নতুন রাস্তা করে দিতে হবে। আসলে নীতিটা আগে ঠিক করতে হবে। যে রাস্তা আছে সেটা আগে মেইনটেনেন্স করা হবে, না নতুন রাস্তা তৈরি করা হবে। রাস্তা ইট সলিং করে ব্ল্যাক টপ করে দিলাম কিন্তু ব্ল্যাক টপ করে নির্মাণ করলে সেই রাস্তা ক্রমশ খারাপ হয়ে যাচ্ছে এবং সেই রাস্তা ব্যবহারের অযোগ্য হয়ে পড়ছে। অর্থের অপচয় ঘটছে। কিন্তু যেটা অলরেডি তৈরি করা আছে—তাকে যদি সঠিকভাবে মেইনটেনান্স করা হত তাহলে পরে সেই রাস্তা সঠিকভাবে ব্যবহার করতে পারতেন। সুতরাং সঠিক করা উচিত মেইনটেনেন্স পার্টে কি পরিমাণ অর্থ ব্যয় করব এবং নতুন পরিকল্পনা কি পরিমাণে নেব। আর্থিক সংকুলানের উপর দাঁড়িয়ে সেটা ভাল করে বিবেচনা করা দরকার এবং ডিপার্টমেন্টকে সেই প্রিন্সিপ্যালটা ঠিক করতে হবে, মেইনটেনান্সে কত টাকা দেবে আর নতুন প্রকল্পে কি পরিমাণ টাকা দেবে। এই বিষয়গুলি ভাবা দরকার। এগুলি না করার ফল মানুষের যে সুবিধা পাওয়া দরকার সেই সুবিধা মানুষ পাচ্ছে না।

পশ্চিমবঙ্গের কিছু কিছু ক্ষেত্রে আপনারা কতকগুলি জায়গা নিয়েছেন, ব্যাকওয়ার্ড এরিয়া, যেমন পশ্চিম দিনাজপুর, সেখানে অলটারনেটিভ রাস্তা যেটা প্রোপোজ হয়েছে তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব এই কারণে যে সেই জেলার অনেকাংশেই কাজ হয়েছে। সেখানে রেলওয়ে যোগাযোগ নেই, দীর্ঘদিন ধরে ঐ বালুরঘাট পরিকল্পনার ব্যাপারে আমরা এবং ওনারা সকলেই চিৎকার করেছি। কেন্দ্রের এই বিমাতৃসুলভ আচরণের প্রতিবাদ করতে আমাদের সঙ্গে ওনারাও গিয়েছিলেন। একটা রেল বিহীন জায়গা, যেখানে বন্যা, বর্ষার সময়ে রাস্তাঘাট ডুবে যায় সেজন্য বিকল্প পরিকল্পনা নিয়েছেন এটা বাস্তব সম্মত এবং এটাকে এক্সপিডাইট করতে হবে এই দাবি আমি করব। এ ছাড়াও উত্তরবঙ্গের কতকগুলি দাবি আছে। উত্তরবঙ্গের জয়গাঁ থেকে কুমারগ্রাম দিয়ে আসামের দিকে যাবার জন্য ন্যাশনাল হাইওয়ে করার কথা হয়েছে। রাজ্যের তরফ থেকে এর জন্য জোরদার দাবি তুলতে হবে। শিলিগুড়িতে দ্বিতীয় সেতু করছেন, তিস্তা বাঁধ তৈরি হচ্ছে, তিস্তা বাঁধ ধরে ধরে রাস্তার ব্যবস্থা করা যেতে পারে, তিস্তা বাঁধের সঙ্গে যদি শিলিগুড়িকে যুক্ত করা যায় তাহলে আর একটি রাস্তা ইসলামপুর শিলিগুড়ি হয়ে রাজপুর পর্যন্ত হতে পারে। পিছিয়ে পড়া জেলাগুলিকে উন্নতির দিকে টেনে আনতে পারে। বাঁকুড়া এবং পুরুলিয়ার ছাতনার দিকে রাস্তার যে অবস্থা তাতে একটা গাড়ি বেরোতে পারে না, দুধারের রাস্তা মানুষ এনক্রোচ করে ফেলেছে, তার জন্য বাইপাস পরিকল্পনা নিয়েছেন। দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে দ্বারা পুরুলিয়া এবং বাঁকুড়ার মতো ব্যাকওয়ার্ড জেলাকে দুর্গাপুর শিল্পাঞ্চলের সঙ্গে বা কলকাতার সঙ্গে যোগাযোগের যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেই পরিকল্পনা বাস্তবোচিত এবং জনকল্যাণমূলক, এ জন্য বিশেষ করে তাকে ধন্যবাদ জানাচ্ছি। এই কাজকে গুরুত্ব দিয়ে করার ব্যবস্থা করতে হবে। দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে কেন্দ্রীয় সরকারের টাকায় হচ্ছে এবং এটা করতে গোলোযোগের সৃষ্টি হচ্ছে, কারণ এর দুধারে ছোট ছোট শিল্প গড়ে উঠেছে। আমাদের রাজ্যে শিল্প বিনিয়োগ হয় না, এই কথা আমরা বার বার শুনি, কিন্তু এর মধ্যে ছোট ছোট শিল্প গড়ে উঠেছে। মামলা

মোকর্দমা হওয়ার জন্য ১০ কিলোমিটার যাবার পরে মেন্টেনেন্স না হওয়ায় লরি বা অন্য কোনও ট্রান্সপোর্ট ইত্যাদির ব্যবস্থা না থাকায় ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে। তাই বলছি যে আপনি একটা কিছু ব্যবস্থা করুন, না হলে ঐ ছোট ছোট ইন্ডাস্ট্রিগুলি দম আটকে মরে যাবে। কেন্দ্রীয় সরকারের প্রকল্প, রাজ্য সরকারের হাত পা বাঁধা, তাই মাননীয় বিরোধী বন্ধুদের বলছি যে কেন্দ্রের উপর একটু চাপ দিন। দুর্গাপুর হাইওয়ে কেন্দ্রের করার কথা, কাজটাকে ত্বরান্বিত করতে হবে। এই রাজ্যে শিল্পায়ণ হচ্ছে না বলে অনেক সময় আপনারা আমাদের গালাগালি করেন, যে শিল্পগুলি তৈরি হয়ে গেছে সেগুলি যাতে চলতে পারে তার ব্যবস্থার জন্য চেষ্টা করতে হবে এবং আপনারা তার জন্য সহযোগিতা করবেন এই আশাই করি। মাননীয় সৌগতবাবু বঙ্গভবন সম্বন্ধে প্রশ্ন তুলেছেন, ওখানে ওনারা যান, আমরাও যাই, উনি বললেন স্যাভেলি ম্যানেজড, কথাটা শুনে আমার খুব খারাপ লাগল। সমস্ত মাননীয় বিধায়ক বন্ধুদের অভিজ্ঞতা আছে, সেখানে অল্প বয়সী ছেলেরা কাজ করছে, আমরা যখন যাই তারা আন্তরিকতার সঙ্গে আমাদের সেবা করে, এই বাজেট যখন সেখানে পৌছাবে—তারা আমাদের ভি. আই. পি.-দের যেভাবে সেবা যত্ন করে এটা শুনে তাদের মনে খারাপ লাগবে। আপনারা বিরোধী সদস্য বলে আপনাদের দিকে তারা বেশি করে নজর দেয়, যতদূর সম্ভব দেখাশোনা করে। সামান্য কারণে—একজন হয়ত হঠাৎ এক্সট্রা ঘর চাইলেন, ঘর দেওয়া গেল না, গেস্টকে এন্টারটেন করবেন, না পারলেই বলবেন মন্ত্রী অপদার্থ, স্যাবি, ছেলে ছোকরারা কাজ করে না। এই রকম আন কাইন্ড রিমার্ক করবেন না। আপনারা যাচ্ছেন, দেখছেন আজকে যেখানে দাঁড়িয়েছে, নূতন বিল্ডিং হওয়ার পরে এ ব্যাপারে আমি ওখানে ফ্লোরে দাঁড়িয়ে এ নিয়ে অনেকের সঙ্গে কথা বলেছি, মাননীয় শঙ্কর পাল মহাশয় মারা গেছেন....

(**এ ভয়েস ঃ** ডাক্তারের ব্যবস্থার কথা বলুন।) হাঁ, ডাক্তার রাখার কথা মাননীয় সাত্ত্বিকবাবু বলেছেন। এই ভাবে ছেলেরা সেবা করে, এই রকম আন্ডারমাইন্ড কথা, বঙ্গভবনে কিছু হচ্ছে না এ কথা বলবেন না। যারা ভি. আই. পি.-দের রাখবার জন্য চেষ্টা করছেন তাদের এই রকম কথা বলবেন না।

কলকাতার বহু লোক সেটা দেখতে পান না, কিন্তু তারা যদি সেটা দেখতে পেতেন তো বুঝতেন যে, রাজ্য সরকার একটা কাজের মতো কাজ করেছেন। এটা ঠিকই, সেখানে ছেলেরা সবাই ক্যাজুয়াল, টেম্পোরারি কাজ করছেন। কিন্তু ঐ কাজে তারা যোগ্যতার প্রমাণ রেখেছেন, কাজেই তাদের স্থায়ী চাকরি হওয়া উচিত। যদি এ-সম্পর্কে কোনও আইনগত সমস্যা না থেকে থাকে তাহলে তাদের পার্মানেন্টলি অ্যাবজর্ভ করা দরকার বলে আমি মনে করি এবং সেটা দ্রুত করা দরকার। তারা সেখানে এক-দেড় বছর ধরে যে যোগ্যতার প্রমাণ রেখেছেন তাতে ভাববার কোনও কারণ নেই যে, তারা অযোগ্য। এখানে মূর্তি স্থাপন সম্পর্কে বলতে গিয়ে বলেছেন যে, ইন্দিরা গান্ধীর মূর্তিকে কৃপা করুন। এতে কৃপার কোনও ব্যাপার নেই। ১৯৮৪ সালে ইন্দিরা গান্ধী মারা গেছেন এবং তারপরই রাজ্য সরকার তার মূর্তি স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু তার মূর্তি অ্যাপ্রুভালের ব্যাপারটা আপনাদের দল একমত হয়ে ঠিক করতে পারেন নি যে, কোনটি গৃহীত হবে। কাজেই আজকে যদি এ-ব্যাপারে ডিলে হয়ে থাকে সেটা হয়েছে আপনাদেরই মত পার্থক্যের কারণে, কারণ কোন মূর্তি অ্যাপ্রুভ করছেন সেটা জানাতে আমাদের দীর্ঘদিন অপেক্ষা করতে হয়েছে।

মাননীয় সভাপাল মহাশয়, এই ব্যয়-বরাদ্দ সম্পর্কে মন্ত্রী মহাশয় যে কথাগুলি বলেছেন সেটা সমর্থন করছি, তবে কতগুলি বিষয়ে ভাবা দরকার বলে মনে করি। আজকে জিনিসপত্রের দাম যেভাবে বেড়ে যাচ্ছে তাতে সরকারের প্রাইস শিডিউল ছয় মাস অন্তর অন্তর চেঞ্জ করা দরকার, না হলে ঠিকাদাররা কাজ করতে পারবে না। যেভাবে স্টিল সিমেন্টের দাম বেড়ে যাচ্ছে তাতে ছয় মাস অন্তর প্রাইস শিডিউল চেঞ্জ করা দরকার। টেন্ডার ব্যবস্থা—সেটাও একটা অদ্ভুত ব্যাপার। 'হুইচ এভার ইজ লোয়েস্ট' এই যে পদ্ধতি তাতে দেখা যায়, বহু ক্ষেত্রে ৬০ বা ৭০ পারসেন্ট লেসে কাজ হয়। ১০০ টাকার মধ্যে ৭০ টাকাই নেই, সেক্ষেত্রে ৩০ টাকায় কি কাজ হতে পারে? এটা বাস্তবে স্বীকার করা যায় না। কাজেই 'হুইচ এভার ইজ লোয়েস্ট' এই পদ্ধতিতে চলতে পারে না। বিভাগে টেকনিক্যাল অফিসাররা রয়েছেন। তারা বোঝেন যে একটা কাজ করতে গেলে টাকার ফিগার কত দরকার। কাজেই এসব ক্ষেত্রে টেন্ডার কমিটির সিদ্ধান্তের উপর দাঁড়িয়ে থাকতে হবে এটা হয় না, কাজেই পদ্ধতিটা চেঞ্জ হওয়া দরকার এবং তাহলে ডিপার্টমেন্টের পক্ষেও কাজ করা সহজ হবে। এই বলে মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন করছি এবং বিরোধী দলের কাট মোশনের বিরোধিতা করছি।

[3-50 — 4-00 P.M.]

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয় তার দপ্তরের যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে আমি বিরোধিতা করছি। আমার আগে অনেক বক্তা তাদের বক্তব্য রেখেছেন। আমি প্রথমে একথা বলব যে, মাননীয় মন্ত্রীর এই বক্তব্য পেশের মধ্যে বঙ্গভবন সম্পর্কে পুরোপুরি বক্তব্য নেই। বঙ্গভবনের উপরে যে দুটি তলা তৈরি হয়েছিল, সেই দুটি তলা আমি মনে করি ফায়ার ব্রিগেডের কাছ থেকে পুরোপুরি পার্মিশন নিয়ে করা হয়নি। কারণ যদি পার্মিশন নিয়ে করা হত তাহলে ঐ দুটি তলা বঙ্গভবনের ব্যবহার করা যেত। উপরের ঐ দুটি তলা ভি. আই. পি., রাজ্যপাল, মুখ্যমন্ত্রীদের জন্য করা হয়েছিল। আমি দায়িত্ব নিয়ে বলছি, মন্ত্রী মহাশয় উত্তর দেবেন, ফায়ার ব্রিগেডের পার্মিশন না নিয়ে বে-আইনি ভাবে এই বাড়ি করা যায় না। মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু কলকাতায় বারবার বলেছেন, কুন্দোলিয়াদের বাড়ি ভেঙ্গে পড়েছে তখন বঙ্গভবনের এই দুটি তলা তৈরি হয়েছে। এই দুটি তলা তৈরি হয়েছে। এই বাড়ি তৈরি হওয়ার ক্ষেত্রে ফায়ার ব্রিগেড থেকে বলা হয়েছিল যে পিছনের যে বাড়িটা আছে সেটাকে সম্পূর্ণভাবে ডিমোলিশ করতে হবে। কারণ উপর তলায় যদি কখনও আগুন লাগে, সেখানে যদি গাড়ি ঢোকানো না যায় তাহলে আগুন নেভানো যাবে না, ফলে সেই বাড়ি তৈরি অনর্থক হয়ে যাবে। কিন্তু তাসত্ত্বেও সেই পুরানো বিল্ডিং না ভেঙ্গে কার স্বার্থে, কোন ঠিকাদারের স্বার্থে, কোন ইঞ্জিনিয়ারের স্বার্থে তার উপরে বিল্ডিং তৈরি করা হয়েছিল? এই অবৈধ কাজের সঙ্গে যারা যুক্ত আছে মন্ত্রী মহাশয় তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন, সেটা আমি তার কাছে জানতে চাই। কারণ একদিকে লক্ষ লক্ষ টাকা খরচ করে দিল্লির বঙ্গভবন তৈরি করা হল, তার উপরে আবার দুটি তলা তৈরি করা হল, অপরদিকে সেখানে ভাড়া আদায় হয় না। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় কিছু বলেন নি। আমি আশা করব তিনি এই ব্যাপারে সঠিক জবাব দেবেন। আমি মনে করি যে সমস্ত ইঞ্জিনিয়ার রয়েছে তাদের সঙ্গে একটা অবৈধ লেনদেন হয়েছে এবং যার ফলে এই সব কাজ হয়েছে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি এর জবাব চাই। আমরা দেখছি যে

কলকাতার মহাকরণ থেকে প্রশাসন চালানো অথচ মহাকরণের পাশে অলিতে-গলিতে বেআইনি ভাবে জায়গা দখল হয়ে আছে। সেই দখলদারদের আপনি উচ্ছেদ করতে পারছেন না। কারণ মহাকরণের সামনে থেকে তাদের উচ্ছেদ করলে মন্ত্রীর ঘরের সামনে আন্দোলন হবে, মন্ত্রীকে আন্দোলনের সামনে পড়তে হবে, মন্ত্রীর কাছে কো-অর্ডিনেশন কমিটির চাপ আসবে। কাজেই তিনি মহাকরণের কাছে এই বে-আইনি দখলদারদের উচ্ছেদ করতে পারছেন না। এবারে আমি সড়কের ব্যাপারে কয়েকটি কথা এখানে বলব। গত বছর যখন ভয়ঙ্কর বন্যা হয়েছিল সেই সময়ে জেলায় একটা ফুটবল কম্পিটিশন হয়েছিল। নর্থ বেঙ্গলের জলপাইগুড়ি যাতায়াতের যে জাতীয় সড়ক সেই সড়ক ভেঙ্গে গিয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় দ্রুত হস্তক্ষেপ করে সেই রাস্তাট তৈরি করেছিলেন। কিন্তু আমরা দেখেছি যে এক মাসের মধ্যে সেই সড়কটি আবার ভেঙ্গে যায়। তখন মন্ত্রী মহাশয় তার নমুনা এনে পরীক্ষা করে দেখেছিলেন। তার ফল কি হয়েছিল সেটা মন্ত্রী মহাশয় আমাদের আশা করি জানাবেন। এই জাতীয় সড়কের সঙ্গে যে সমস্ত ঠিকাদার এবং যে সমস্ত কর্মচারিরা যুক্ত ছিল তাদের তিনি নিশ্চয়ই শাস্তি দিয়েছেন। যদি না দিয়ে থাকেন, সেই জাতীয় সড়ক ভেঙ্গে যাওয়ার পরে যে নমুনা পরীক্ষা করেছিলেন তার জন্য কি ব্যবস্থা করেছেন সেটা জানানোর জন্য আপনার কাছে দাবি রাখছি। আমরা দেখেছি যে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় ছিলেন তখন তার ঘরে একটা বাথরুম তৈরি করার জন্য আপনারা অনেক সমালোচনা করেছিলেন। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই, এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে পশ্চিমবঙ্গের বর্তমান মুখ্যমন্ত্রীর ঘর সাজাতে গিয়ে কত টাকা ব্যয় করা হয়েছে? আমি মনে করি যে যে অর্থে মুখ্যমন্ত্রীর ঘর সাজানো হয়েছিল সেই অর্থে ৫০টি বাথরুম তৈরি করা যায়। একজন মুখ্যমন্ত্রীর ঘর এই ভাবে সাজানো হল, কিন্তু অন্যান্য মন্ত্রীদের পায়রার খোপে রাখা হয়েছে। আজকে এই সব প্রশ্নের উত্তর দিতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে যাই যে মাননীয় মুখ্যমন্ত্রী যখন হিন্দুস্তান পার্কে বাড়িতে ছিলেন সেই সময়ে পূর্ত বিভাগ থেকে মুখ্যমন্ত্রীর বাড়িতে একটা লিফ্‌ট বসানো হয়েছিল। কিন্তু মুখ্যমন্ত্রী এখন সল্ট লেকে চলে গেছেন। পূর্ত বিভাগের বসানো সেই লিফট এখন কারা ব্যবহার করছে, কাদের স্বার্থে সেই লিফ্‌ট ব্যবহার করা হচ্ছে সেকথা আমি জানতে চাই?

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার কিছু জিজ্ঞাস্য আছে উনি বাজেট বই-এর মধ্যে কয়েকটি ফিরিস্তি দিয়েছেন। সেই গুলি হচ্ছে যে উনি বলছেন "যদি অর্থের সংকুলান হয় তাহলে ১৯৯২-৯৩ সালে নিম্ন লিখিত প্রকল্পগুলির নির্মাণেও সন্তোষজনক অগ্রগতি ঘটবে বলে আশা করা যায়" তার মধ্যে আছে নদীয়া জেলায় চুর্ণি নদীর উপর একটি সেতু। পরবর্তী পর্যায়ে একটা জায়গায় বলেছেন নদীয়া সীমান্তে রাধানগর ঘাটে জলঙ্গি নদীর উপর সেতু। মাননীয় মন্ত্রী মহাশয় দুটি সেতুর কথা বলি। উনি জানেন পূর্ত বিভাগ থেকে একটি সেতু তৈরি হয়েছিল যেটাতে মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্ত মন্ত্রী উদ্বোধন করতে গিয়েছিলেন, সেই সেতুটি হল কৃষ্ণনগর এবং বর্দ্ধমানকে যুক্ত করে সেই চৈতন্য সেতু। সেখানে একটা টোল বসিয়ে রাখা হয়েছে। সেই টোলের অর্থ কিভাবে আদায় করা হচ্ছে আপনারা দেখলে আশ্চর্য হয়ে যাবেন। গরিব মানুষ যারা হাটে বাজারে আসে তাদের কাছ থেকে অর্থ জুলুম করে আদায় করা হচ্ছে। এটা বন্ধ কেন হবে না? বছরের পর বছর কত দিন আর চলবে।

এর জন্য আপনি কি আইন তৈরি করেছেন, কত দিন ধরে এই টোল আদায় করা চলবে? সাধারণ যান-বাহন গেলে তাদের থেকে টোলের অর্থ আদায় করা হয়। টোল নেবার কি আইন আছে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন। আর একটা সেতুর কথা বলতে চাই। কৃষ্ণনগর ন্যাশনাল হাইওয়ের উপর দিয়ে যেতে কৃষ্ণনগর বহরমপুর, ফারাক্কা, পশ্চিমদিনাজপুর যুক্ত করে একটা সেতু আছে, জলঙ্গি নদীর উপর সেতু আছে, তার স্লাব চুরি হয়ে যাচ্ছে। এখান থেকে পি. ডবলু. ডি. কমিটি গিয়েছিল সেখানে, অনেক মেম্বার আছেন, তাদের সামনে সেই বক্তব্য তুলে ধরা হয়েছিল। মাননীয় জেলাশাসক, এস. পি. সকলে বলেছিলেন, পি. ডবলু. ডিপার্টমেন্ট থেকে কোনও রকম তত্ত্বাবধান করা হচ্ছে না। এই ব্রিজের মধ্যে জল জমে থাকছে, ফাটলের মধ্যে জল আটকে থাকছে।

(এই সময় লাল বাতি জ্বলে উঠে)

আমি মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করব। একটা হচ্ছে আমাদের ওখানে শ্রী চৈতন্য মহাপ্রভুর নাম সবাই জানেন, এখানে একটা উৎসব হয়। সারা পৃথিবীর লোক সেখানে আসে কিন্তু সেখানে রাস্তা-ঘাটের যে অবস্থা তাতে যানবাহন চলার অনুপোযোগী। সেখানে রাস্তার উপর গাড়ি উল্টে যাচ্ছে, সেখানে মাসে দু-তিনবার গাড়ি পড়ে যাচ্ছে। সেখানে রাস্তাঘাটে যানবাহন চলতে পারে না, মাঝে মাঝে দুর্ঘটনা ঘটছে, মাসে দু-তিনবার দুর্ঘটনা ঘটছে। সেখানে মানুষ মারা যায়, রাস্তা অবরোধ হয়, বিভিন্ন জায়গার যাত্রিরা এসে হয়রান হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ মায়াপুরের কথা ভেবে এই জায়গার প্রতি লক্ষ্য রাখবেন। আর একটা হচ্ছে ইন্দিরা গান্ধীর স্ট্যাচুর কথা আমরা বারে বারে বলছি। আপনারা কলকাতায় বিভিন্ন জায়গায় স্ট্যাচু তৈরি করছেন। আমাদের দল চায় এবং আমি চাই অনতিবিলম্বে রেড রোডের নাম যেটা ইন্দিরা গান্ধী রোড করেছেন সেখানে ইন্দিরা গান্ধীর মূর্তি বসাবার ব্যবস্থা করুন। এই আবেদন রেখে আপনি যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 P.M.]

শ্রী বিনয়কৃষ্ণ বিশ্বাস ঃ মাননীয় চেয়ারম্যান, আমি পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় তার ২৫ নং এবং ৭৯ নং দাবিতে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন সেই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশনগুলোর বিরোধিতা করে সামান্য কয়েকটি কথা তুলে ধরেত চাই। আমি দীর্ঘ সময় ধরে বিরোধীদের কিছু কথা শুনচিলাম। কিন্তু তাদের কথার মধ্যে গঠনমূলক দিক কিছু পেলাম না। তারা শুধু কাল্পনিক ভ্রান্তির মধ্যে আছেন এবং বিকৃতভাবে তথ্যাদি পরিবেশন করেছেন। মন্ত্রী মহাশয় তার বক্তব্যের প্রথমেই তার যে দুর্বলতা, তার দুর্বলতার কারণ কি সেটা তুলে ধরেছেন। তিনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগিতা ও অনুদান হ্রাস পাওয়ায় ১৯৯১-৯২ সালটি আমরা তীব্র আর্থিক সংকট এবং সময় মতো অর্থ পাওয়ার ব্যাপারে অনিশ্চয়তা নিয়ে কাটাচ্ছি। এটা তিনি বলেই দিয়েছেন। অথচ কেন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অর্থনৈতিক দিক দিয়ে সহযোগিতা করা হল না, টাকা পয়সা কেন সময়মতো পাঠানো হল না এই বিষয়গুলো কংগ্রেস পক্ষ থেকে বিস্তার তুলে ধরা হল না। তারা শুধু সিবিজ অব ওয়ার্কস যা হয়নি সেগুলো তুলে

নানাভাবে বামফ্রন্ট সরকারকে সমালোচিত করেছেন। এই পুস্তকের মধ্যে আরও যে বিষয়গুলো রয়েছে, তারমধ্যে বিশেষভাবে সড়কের ক্ষেত্রে যে ৬০ কিলোমিটার রাস্তা নির্মাণের কথা রয়েছে, তাছাড়া আরও কতকগুলো দিক আছে, যেমন, মন্ত্রী মহাশয় খুব সঠিকভাবেই গুরুত্ব দিয়ে—যে সমস্ত রাস্তাগুলোর গুরুত্ব বেশি—সেগুলো আরও প্রশস্ত করার যে প্রচেষ্টা নিয়েছেন এবং যে সমস্ত রাস্তাগুলোর উপর দিয়ে পরিবহনের চাপ বেশি পড়ে সেগুলো যাতে আরও বেশি মজবুত করা যায়, অর্থাৎ রাস্তাগুলোর সংরক্ষণের যে বিষয়গুলো রয়েছে সেদিকে বিশেষভাবে লক্ষ্য দিয়েছেন। যার ফলে সীমাবদ্ধ অর্থনৈতিক ক্ষমতার মধ্যে যে সামান্য অর্থ থাকছে, তার মধ্যে নতুন রাস্তা করার ক্ষেত্রে কছু অসুবিধা রয়ে গিয়েছে। অথচ কেন্দ্র-রাজ্য সম্পর্ক সম্বন্ধে আমরা অতীত দিন থেকে বলে আসছি—কি রাজনৈতিক দিক, কি আর্থিক দিক—এই ব্যাপারে কেন্দ্র রাজ্যের যে সম্পর্ক তার একটা বিন্যাস হওয়া প্রয়োজন। সেই ব্যাপারে কংগ্রেসি বন্ধুরা কোনও কথা বললেন না। অথচ তারা এটা হল না, ওটা হল না, এটা বামফ্রন্ট করতে পারল না, এটা তারা বললেন। এটাই তাদের ধর্ম। কারণ আসল যে অসুবিধাটা, আর্থিক অসুবিধাটা, কেন্দ্র-রাজ্য সম্পর্কের যে অসঙ্গতি, সেই বিষয়গুলো সাধারণ মানুষের কাছে তুলে না ধরে কি করে বিকৃত তথ্য সাধারণ মানুষের সামনে তুলে ধরে সাধারণ মানুষকে বিভ্রান্তিতে নিয়ে যাওয়া যায় এটাই কংগ্রেসি কালচার হয়ে দাঁড়িয়েছে। যাইহোক, মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণের মধ্যে যে প্রকল্পগুলো রূপায়ণের কথা বলেছেন, হয়ত সব প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে অর্থনৈতিক কারণে রূপায়ণ সম্ভব হবে না, তথাপি আমি বলব মাননীয় মন্ত্রী মহাশয় বিশেষভাবে সচেষ্ট হবেন যাতে আরও রাস্তা এই সীমিত অর্থনৈতিক অবস্থার মধ্যে দিয়ে সংস্কার করা যায় এবং নতুন কিছু রাস্তা তৈরি করা যায় এই প্রচেষ্টা তিনি রাখবেন। এছাড়াও একটা কথা আসছিল, বারে বারে কংগ্রেসের পক্ষ থেকে যেটা শুনছিলাম—বেতনের কথা—কর্মচারিদের বেতন দিতেই নাকি সব অর্থ বেরিয়ে যায়। বিষয়টি যদি একটু খতিয়ে দেখা যায় তাহলে পরিষ্কার বোঝা যাবে। তাদের কাছে আমার প্রশ্ন কর্মচারীর সংখ্যা কি পূর্ত দপ্তরে বেশি আছে? কাজের অনুপাতে কর্মচারীর সংখ্যা যদি বেশি না থাকে, কেন্দ্রীয় সরকার যে হারে বেতন, মহার্ঘ ভাতা দিচ্ছে, তাদের থেকে কি পূর্ত দপ্তর বেশি দিচ্ছে? তা দিচ্ছে না। দ্রব্যমূল্যের সঙ্গে সঙ্গতি রেখে যে বেতন কাঠামো, সেই বেতন কাঠামোর মধ্যে দিয়ে বেতন দেওয়া হচ্ছে। তাহলে এত চিৎকার চেঁচামেচি কেন?

কেন্দ্রীয় সরকার দেবে না সেখানে রাজ্য সরকারকে তার সীমাবদ্ধ অর্থনৈতিক অবস্থার মধ্যেও এবং এই দ্রব্যমূল্য বৃদ্ধির মধ্যেও লড়াই করে তার সরকারি কর্মচারিদের পুষতেই হবে। তাই নিয়ে আবার কংগ্রেস পক্ষ থেকে স্লোগান তোলা হচ্ছে যে ব্যস, সব টাকাটাই নাকি চলে গেল মাইনে দিতে। আমি একটা কথা বলতে চাই, শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৯৮৪ সালে মারা গেছেন কিন্তু আজ অবধি তার কোনও মূর্তি তৈরি হয়নি বলে কংগ্রেসিরা অনেক সমালোচনা করলেন। কিন্তু আমি একটা প্রশ্ন আপনাদের কাছে রাখতে চাই সেটা হচ্ছে যে, নেহেরুজি তো বহু আগে মারা গেছেন, তখন তো পশ্চিমবঙ্গ কংগ্রেস শাসিত রাজ্য ছিল এবং আপনারাই ক্ষমতায় ছিলেন তখন কি মূর্তি তৈরি করেছিলেন। তারপরে তো ১৯৫২ সাল থেকে সিদ্ধার্থবাবুর আমল, যে সাল নিয়ে বারবারই আলোচনা হয়, সেই সময়ে কি জওহরলাল নেহেরুর মূর্তি তৈরি করা হয়েছিল? এই বিধানসভার লবিতে নেহেরুজীর যে

তৈলচিত্র রয়েছে সেটাকে টাঙিয়েছিলেন? আপনারা তো বলে থাকেন যে নব ভারতের রূপকার নেহেরুজী, সেই নেহেরুজীর ছবি কারা টাঙালো? সুতরাং আপনাদের লজ্জা থাকলে আর এইসব কথা বলতেন না। আপনাদের লজ্জা নেই তাই এইসব কথা বলে থাকেন। যাইহোক আমি আমার বক্তব্য শেষ করার আগে আরেকটি কথা বলে শেষ করব। আমি একটি ব্যাপারে কংগ্রেসের অজয় দে যে কথাটি বলেছেন তার সাথে একমত হয়ে বলছি যে, করিমপুরে কোনও রেল যোগাযোগের ব্যবস্থা নেই। একমাত্র বাসই ওখানকার যোগাযোগের রাস্তা। সেই হিসাবে আমি বিশেষভাবে আপনার কাছে অনুরোধ করছি যে, ওই রাস্তাটির প্রতি বিশেষভাবে দৃষ্টি দেওয়ার দরকার এবং সাথে সাথে আরো দুটি রাস্তা আগামি বছরের মধ্যে নতুন করে গঠন করার আবেদন জানাচ্ছি। একটি বাজার থেকে আরেকটি বাজার যেতে প্রায় ৪০ কিলোমিটার পথ এবং সেখানে বাজারে যেতে গেলে যোগাযোগের ব্যবস্থার খুব অভাব রাস্তা না থাকার জন্য। এই রাস্তা দুটি তৈরি হলে রেল যোগাযোগের অনেক সুবিধা হবে এবং বহু গ্রামীণ মানুষ তাদের পণ্য সামগ্রি নিয়ে বাজারে যেতে পারবেন এবং এতে গ্রামের মানুষের যথেষ্ট উপকার হবে। ওই রাস্তা দুটি হচ্ছে নদীয়া জেলার বগুলা থেকে আরঘাটা— এই রাস্তাটি ১১ কিলোটিমার এবং আরেকটি হচ্ছে দত্তফুলিয়া থেকে আইসমালিয়া—এই দুটি রাস্তা তৈরি হওয়া বিশেষ দরকার। এই বলে মাননীয় মন্ত্রীর বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Prabodh Purkait : (Was not present)

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রী মতীশ রায় কর্তৃক আনীত যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমি আর কয়েকটি কথা বলছি। এই যে রাস্তাগুলো ভেঙ্গেচুরে আছে সেগুলোতো আর বামফ্রন্ট সরকার আসার পর তৈরি হয় নি। আগের থেকেই তৈরি করা হয়েছিল। ওই রাস্তা দিয়ে যে গুরুত্বপূর্ণ যানবাহন চলাচল করবে সেই চিন্তা-ভাবনা করে তো তারা রাস্তা তৈরি করেন নি। সেই পরিকল্পনা প্রভূত না থাকার ফলে যেসব পথ দিয়ে ভারী ভারী ভেহিক্যালস্ চলতে থাকলে সেগুলো ভেঙে যেতে লাগলো। পরবর্তীকালে ওইসব রাস্তা দিয়ে এত পরিমাণ ভেহিক্যালস্ যাতায়াত করতে লাগলো যে রাস্তাগুলো ভেঙে যেতে লাগলো।

[4-10 — 4-20 P.M.]

আগে থেকে সেইভাবে পরিকল্পনা করে রাস্তা করলে রাস্তাগুলির ঐ দুর্দ্দশা হত না। মাননীয় চেয়ারম্যান স্যার, কয়েকটি বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে মেছেদা দিঘা রোডের অনেক জায়গায় ক্ষত-বিক্ষত আছে সেগুলো সারানো হোক। চণ্ডীপুর-নন্দীগ্রাম রাস্তাটি কয়েক বছরের উপর খারাপ হয়ে পড়ে আছে ফলে বাস চলাচলের অযোগ্য হয়ে পড়েছে, রাস্তাটি সারানো দরকার। ললাট জনকা রোডের কাজ তাড়াতাড়ি শেষ করতে হবে। অবশ্য এই কাজগুলি বামফ্রন্টের আমলেই শুরু হয়েছে এগুলি কংগ্রেস করেনি। গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে পি.ডবলিউ.ডি. রোডসের সঙ্গে ট্রান্সপোর্টের সংযোগ থাকা দরকার। নাহলে ভেহিক্যালস্ নিয়ে যাওয়া যাবে না যেমন ভাবেই রাস্তা করা হোক না কেন, সেটায় রাস্তারই ক্ষতি হবে। রাস্তা রক্ষণাবেক্ষণের দায়িত্ব পঞ্চায়েতের সঙ্গে সংশ্লিষ্ট করা যায় কিনা

এটা ভেবে দেখবেন, আমার মনে হয় এর দ্বারা রাস্তা রক্ষণাবেক্ষণের কাজ অনেকটা সুন্দর হবে। আমার কেন্দ্রে নরঘাট থেকে গোপীনাথপুর ভায়া চৌখালি এ রাস্তাটি একান্তভাবে পাকা রাস্তা হওয়া দরকার, বহুকাল ধরে রাস্তাটি অবহেলিত হয়ে পড়ে আছে হাজার হাজার মানুষ এবং বহু গাড়ি এই পথ দিয়ে প্রত্যহ যাতায়াত করে, জেলা পরিষদ থেকে মোরাম ফেলা হয়েছে এই রাস্তায় কিন্তু খানা-খন্দে ভর্তি হয়ে গেছে। তাই এই রাস্তাটি পাকা করার জন্য চিন্তা করবেন কি? এই রাস্তাটি নরঘাটের পশ্চিমাঞ্চলের যাতায়াতের একমাত্র পথ। এই রাস্তাটি পাকা হলে পশ্চিমাঞ্চলের প্রায় ৫০টি গ্রাম উপকৃত হবে। আর একটি কথা বলি নরঘাট দিঘা রুটে হলদি নদীর উপর ১৭১১ ফুটের মাতঙ্গিনী সেতুটি যেটি ১৯৮২ সালের ৯ই আগস্ট উদ্বোধন হয়েছিল সেটি এখনও বিদ্যুতায়িত হয়নি। পূর্ত দপ্তরের ইলেকট্রিক্যাল দপ্তর যাতে এ বৎসর তাম্রলিপ্ত ৪২-এর আন্দোলনের শরিক মাতঙ্গিনী হাজরার আত্মাহুতির ৫০ বছরে যাতে ব্রিজটি বিদ্যুতায়িত করে তার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি বিষয় হচ্ছে, খেজুরি থানা মেদিনীপুর জেলা শহর এবং মহকুমা শহর থেকে প্রায় বিচ্ছিন্ন হয়ে পড়েছে, তার একটিমাত্র রাস্তা বেগোহেঁড়িয়া যেটি দীর্ঘ কয়েক বৎসর মেরামত হয়নি, এটি অবিলম্বে মেরামত করা দরকার, এই এলাকাটি মেদিনীপুর জেলার অধিকতর তফসিলি অধ্যুষিত এলাকা। মেচেদা পুরযাঘাট রুটে একটি মাত্র বাস চলে কিন্তু রাস্তার অবস্থা খুবই খারাপ, ১ কি. মি.ও পিচ নেই, ব্ল্যাক টপ নেই, অবিলম্বে রাস্তাটি সংস্কার করা দরকার। ট্যাংরাখালি রাস্তাটিও অনেক জায়গায় খারাপ হয়ে পড়েছে, এটিও মেরামতি করা দরকার। তমলুক-শ্রীরামপুর রাস্তাটিও খারাপ, এটি অবিলম্বে সংস্কার করা প্রয়োজন। নন্দীগ্রাম-মালদা রোড এটি অনেকদিনের প্রকল্প, এই রাস্তায় এখন কিছুদিন হল মোরাম ফেলা হয়েছে, এটি পি. ডবলিউ. ডি.-র অনুমোদন লাভ করেছে এখনও এটি পাকা হয়নি। স্থানীয় বিধায়ক শক্তি প্রসাদ বল তিনি এই রাস্তাটি নিয়ে বহুবার মন্ত্রীকে বলেছেন পুনরায় এই রাস্তাটির ব্যাপারে দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করব। আপনি কলকাতায় ৪২-এর আন্দোলনের একটি স্মারক স্তম্ভ যাতে নির্মাণ করেন সুবর্ণজয়ন্তী বর্ষে '৯২তে তার জন্য একটা অনুরোধ জানাচ্ছি। '৭৫ সালে মাতঙ্গিনী হাজরার দ্বিতীয় মূর্তির প্রতিষ্ঠার ব্যাপারে তমলুকে এবং আলিনানে মাতঙ্গিনীর বাসস্থান যেখানে সেখানে বসানোর জন্য তৈরি হয়।

তৎকালীন পূর্তমন্ত্রী ছিলেন ভোলানাথ সেন, তার নির্দেশে কৃষ্ণনগরের ক্লে মডেলারস্ অ্যাশোসিয়েশন এটা নির্মাণ করে এবং ১৯৭৫ সালের ১৭ই ডিসেম্বর এই মূর্তিটি আনা হয় তমলুকে। কিন্তু এতকাল পর্যন্ত মূর্তিটির কোন হদিশ ছিল না। তারপর আমরা এনকোয়ারি করে জানতে পারলাম যে মূর্তিটি কংগ্রেস অফিসের গুদামের মধ্যে ১৯৭৫ সাল থেকে ভাঙাচোরা অবস্থায়, অসংরক্ষিত অবস্থায় পড়ে আছে। তাদের চিঠি লিখুন যেন মূর্তিটি মহকুমা শাসক বা পূর্ত দপ্তরের অফিসে তাড়াতাড়ি জমা দিয়ে দেওয়া হয় এবং আগামী ১৭ই ডিসেম্বর আলিনানে যাতে তার মূর্তি প্রতিষ্ঠিত হয় সেই বিষয়ে দৃষ্টি দেবেন। সর্বশেষে আমি মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় একজন বিশিষ্ট ভদ্রলোক। কিন্তু উনি তো বামফ্রন্টের শরিক এবং ছোট শরিক বলেই ওনাকে কিছু

অসুবিধার মধ্যে পড়ে থাকতে হচ্ছে। তাই আমি সরাসরি কয়েকটি প্রশ্ন ওনার কাছে রাখতে চাই। (১) আপনি নির্দ্বিধায় বলে দিন, একথা কি ঠিক যে আপনারা ৫০০টি রাস্তার কাজ হাতে নিয়েছেন এবং একটা রাস্তাও কমপ্লিট করতে পারেননি। কোথাও দু'মাইল হয়েছে, কোথাও পাঁচ মাইল হয়েছে, পুরোটা কোথাও হয়নি। টোটাল ইনফ্রাস্ট্রাকচার ফেইল করেছে। আপনার কি কোনও কম্পালশন আছে, একটা রাস্তা কমপ্লিট না করেই আরেকটি রাস্তায় হাত দিলেন কেন? আপনার রিসোর্স পজিশান কি সেটা তো আপনি ভালো করে জানেন? আপনি কতটাকা ব্যয় করতে পারবেন সেটা তো আপনি জানেন? তাহলে আপনি একাধিক রাস্তা নিলেন কেন? একটা রাস্তা কমপ্লিট না করেই আরেকটা রাস্তা আপনি কেন নিলেন? আপনি একাধিক রাস্তা নিয়েছেন, কিন্তু কোনওটাই কমপ্লিট করেননি এবং যেটা কমপ্লিট হয়েছে সেগুলোও ভেঙে যাচ্ছে, নষ্ট হয়ে যাচ্ছে। (২) ল্যাণ্ড অ্যাকুইজিশন যদি কমপ্লিট না হয় তাহলে আপনি কাজ শুরু করলেন কেন? (৩) আপনার কি কম্পালশন হল যে আফটার ফাইনালাইজেশন এই এলাইনমেন্ট চেঞ্জ করা যায়? (৪) হোয়াট আর দি গাইড লাইনস্ ফর আবান্ডমেন্ট অফ এ রোড? আপনি তো জানেন রিসোর্সের অভাব, আপনি সেই রিসোর্স জুডিসিয়াস ইউজ না করে হ্যাপাজার্ড ইউজ করছেন কেন পলিটিক্যাল কম্পালশনে পড়ে? আপনি. বলেন লোকাল প্রেসারের জন্য কাজ করা যাচ্ছে না অনেক সময়। হোয়াট ডু ইউ মীন বাই লোকাল প্রেসার? এখানে আপনারা রাস্তা তৈরির এজেন্সি, মোর দ্যান পি. ডবলিউ. ডি. আরও যারা আছে, তারা আপনাকে কোনও কো-অর্ডিনেশন করেনা। এগুলো কে লিঙ্ক করবে, কে মেইনটেনেন্স করবে? What is their expertise and what is their relation and co-ordination with the Railways. আপনি দু-একটা ফ্লাই ওভারের কথা বলেছেন (৫) আর রবীন্দ্র সরোবরে আপনার ক্রীড়া ও যুব দপ্তর প্রমোদ কানন করার কথা বলছে, আবার ওখান দিয়েই ফ্লাই ওভার হওয়ার কথা। এই যে ইন্টার ডিপার্টমেন্টাল, কো-অপারেশন, কো-অর্ডিনেশন, রিলেশন, এগুলো কোথায়?

[4-20 — 4-30 P.M.]

আপনার তো নেডাল ডিপার্টমেন্ট সব দপ্তরই। other possible forest সব দপ্তরের কাজইতো আপনাকে করতে হবে। আপনার হোয়াইট What is the criteria for Building. এখানে একজন বললেন যে সিক্সটি পারসেন্ট লস কিন্তু আমি তো বলেছি যে যদি টেন পারসেন্ট লস হয় তাহলে What is the quality control. এই যে টেন পারসেন্ট এস্টিমেট করলেন এতে কোয়ালিটি কনট্রোল করবার কি মেশিনারি আছে? কারণ সব কাজই তো আপনাদের করবার কথা। শুধু একটা, দুটো ডিপার্টমেন্ট কাজ করে। Because you monitor all the Government Buildings. এখানে কোয়ালিটি কনট্রোলটা কি? এর সাথে জিজ্ঞাসা করি, অ্যাকসপেটেন্স, রিজেকশন এবং টেণ্ডারের —ক্রাইটেরিয়া কি? আপনি বলবেন, পারফরমেন্স অব কন্ট্রাক্টারস দেখে পরবর্তিকালে তাঁদেরকে এনরোলমেন্ট ডিসকার্ডেড করবেন। এরপর নেক্সট পঁয়েন্টে আসছি, আপনাদের যে টেণ্ডারের এগ্রিমেন্ট হয় সেটা কি? কোন কোন ক্ষেত্রে এগ্রিমেন্ট না মানা হলে সরকারকে ওভারপেমেন্ট করতে হবে। বিকজ I am the chairman of the Public accounts Committee. I know it, we have taken all these facts in consideration. আমি রিপোর্ট দিতে পারি,

হোয়াট আর দি কনডিশনস—এই কথাটা কি জিজ্ঞাসা করতে পারি? আজকে কেন এই প্রবলেম থাকবে? আজকে কেন এই ল্যাকুনাগুলি দেখা দেবে? অফিসাররা কি আপনাদের কোনও গাইডলাইন দেয় না? কেন কন্ট্রাক্টারদের মোর পেমেন্ট করতে হয় — এটা আপনি ব্যাখ্যা করবেন।

এক বছর আগে যখন ওয়েস্ট দিনাজপুরে বাইফারকেট করলেন, আপনার এই তিন পাতার বাজেট বক্তৃতার মধ্যে কোথাও ইনফ্রাস্ট্রাকচার সম্বন্ধে কোনও কথা দেখতে পেলাম না। এখানে দেখছি যা ছিলো তাও কিছু কিছু চুরি হয়ে গেছে। আপনি তো সে সম্বন্ধে কোনো ইঙ্গিতও করলেন না। এই বিষয়টা কি আপনার এক্তিয়ারের মধ্যে পড়ে না? যদি পড়ে তাহলে নতুন ইনফ্রাস্ট্রাকচার সম্বন্ধে ইঙ্গিত কোথায়? পি. ডবলিউ. ডির. দায়িত্বটা কি এই বিষয়? ইজ ইট নট এসেনসিয়াল? এরপর বলি, আজকে জেলা ভাগ করলেন কিন্তু আমাদের কনসেনসাস নিয়ে করলেন না। আপনারা আমাদের সাথে আরবিট্রেশান করেছেন। আজকে নতুন ইনফ্রাস্ট্রাকচার দূরে থাক, পুরোনো যে ব্রিজ, রোডস, — যেগুলি আমাদের আমলে শুরু হয়েছিল সেগুলি পর্যন্ত কমপ্লিট হল না। আপনাদের তো এইগুলি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে এগুলি করা উচিত ছিল।

কে কে জিনিস চুরি করল? এই রামপুর ব্রিজ ১৭ বছরে কেন হল না? হু ইজ রেসপনসিবল? আপনি তো একইভাবে এই দপ্তরে আছেন। আগে একজন ছিলেন, তার সম্বন্ধে না বলাই ভালো। এখানে জলের ব্যবস্থা নেই তার নাম করলে জল দিয়ে মুখ ধুতে হয়। আজকে ১৭ বছরে কেন হল না? ওয়েস্ট দিনাজপুর দু'ভাগ হয়ে গিয়েছে। দক্ষিণে কুশমুণ্ডি আর উত্তরে চূড়ামণি ঘাট তৈরি করতে গেলেন না। হোয়াট আর দি রিজিনস? এইটা কেন করতে গেলেন না? হোয়াট আর দি কমপালসান্স? আজকে চিফ মিনিস্টার ছিলেন। আজকে এই বাজেটে আলোচনা করতে হবে বলে ঠিক ছিল না। আই হ্যাভ গট পেপারস উইথ মি In between kharba and West Dinajpur, ওখানে চূড়ামণি থেকে ডাইভারসান হয়ে গিয়েছে লালগঞ্জ হয়ে মাধবপুর। মহানন্দার এসটিমেট এইবার কত ঠেকেছে? হাউসিং ডিপার্টমেন্ট আপনার হাতে নেই, বলতে চাইছি না। কতকগুলো কথা আছে আপনাদের ডিপার্টমেন্টের ভাষায় যেমন গ্যাংকুলি। যে রাস্তায় জল জমে যায় সেখানে খারাপ হয়, গর্ত হয়। সেই জলটা একটা পথে বের করে দেওয়ার ব্যবস্থা করতে হয়। একজন মানুষ একশো কিলোমিটার রাস্তা সুপারভাইস করতে পারেন। এখন দেখছি মাল-মশলা পাঠাচ্ছেন। একটু ড্রেন করে দিলেই জমা জল চলে যায়। কিন্তু দেখেন না। মাই স্টংগেস্ট পয়েন্ট হচ্ছে, এই পি, ডবলিউ, ডি রোড এনক্রোচ করছে, এইটা আপনি কি করবেন? রোডস অফ দি পি, ডবলিউ, ডি আর দি লারজেস্ট এনক্রোচড রোডস্। এইটা আপনি কি প্রক্রিয়ায় করবেন? হোয়াট ইজ দি মেশিনারি বিহাইন্ড? কি সেট-আপ আপনার আছে যাতে এনক্রোচমেন্টস অফ দি রোডস বন্ধ করা যায়? আজকে মানুষের অসুবিধা হচ্ছে। হকার বসছে, রোডের পরে দোকান, টাকা-পয়সা নিচ্ছেন, আর দোকান বসতে দিচ্ছেন। তিন ঘণ্টার কমে যাওয়া যায় না এবং ফারলং পথ। রাস্তার উপরে দোকান, রাস্তার উপরে দোকান থাকলে কোনও ব্যবস্থা থাকে না। হকার উত্তোলনের ব্যবস্থা আছে কি? তিন ঘণ্টা লাগবে নেগোসিয়েট করার জন্য? টেম্পোরারি হকিং অন পাবলিক রোডস, মেন, প্রিন্সিপাল রোডস্—এইটা চেক করার কি

মেশিনারি আছে আমি জানতে চাই। এর জন্য প্রয়োজন হয় অ্যামেন্ডমেন্ট করুন। কেন করছেন না? বন্যা, বন্ধের মতো বারো মাসে তেরো পার্বন। চতুর্দশ পার্বন বন্ধ এবং পঞ্চদশ পার্বন বন্যা। বন্যার পর রাস্তা নষ্ট হয়ে যায়। একটা শিল্প প্রায়ই পাই ওয়ার্ক অর্ডার দেওয়া হচ্ছে, এক লক্ষ তিন হাজার টাকার, কি এক লক্ষ ১০ হাজার টাকার। এইটা রিয়েল চেক করা হয় কি? আপনাকে আমি তদন্ত করবার অনুরোধ জানাচ্ছি, আপটিল নাউ আমি কাজ দেখলাম না। আই হ্যাভ নট সিন দি ওয়ার্ক। আমি কাজ দেখতে পেলাম না। আই হ্যাভ ব্রট দি কপি অফ দি ওয়ার্ক অর্ডার। আজকে আর একটা কথার জবাব দেবেন। রেলের পশ্চিমবাংলায় সম্ভাবনা নেই। আমরা পাতাল রেল করেছি। সবাই তো পাতালে যেতে পারবে না। আমাদের সারফেস ট্রান্সপোর্টের উপর নির্ভর করতে হবে। অল পার্টি ডেপুটেশনে গিয়ে এম. এল. এদের বুঝেছি নতুন রেলের সম্ভাবনা নেই। রেলের ক্যাপাসিটি নেই। সারফেস ট্রান্সপোর্ট করা ছাড়া গতি নেই। ওভারঅল পিকচার অফ দি ওয়েস্টবেঙ্গল অন এ্যা ক্যানভাস করতে হবে।

[4-30 — 4-40 P.M.]

আমি মনে করি না যে আপনি ৩৮ হাজার গ্রামেই পাকা রাস্তা করবেন। তবে জওহর রোজগার যোজনার যে টাকাটা পঞ্চায়েতে গিয়েছে বা রিসোর্সেস সেখানে যা গিয়েছে সেটা যদি সাকসেফুল ব্যবহার করা হ'ত এবং তার সুপারভিসানটা এফেকটিভ করা হত তাহলে কিন্তু প্রত্যেকটা গ্রামের রাস্তাতে ইট সোলিং করা যেত। আমি অবশ্য আপনাদের কাছে সে স্বপ্ন দেখি না। কিন্তু আপনি ওভারঅল পশ্চিমবঙ্গে কি করতে চান সেটা তো বলবেন। হোয়াট আর দি লিংকস? রেলওয়ে লিংক ওখানে নেই। সামনের ৮ম পরিকল্পনায় পশ্চিমবঙ্গের কি পিকচারটা আমরা পাচ্ছি about the roads and about the transport system, surface and water. —ওয়াটারটা আপনার হাতে নেই, আপনার পিছনে যিনি বসে আছেন তার কাছে আছে। কিন্তু আপনারা তো একই মন্ত্রিসভার সদস্য। আজকে একই জায়গায় ওয়াটার ট্রান্সপোর্ট আছে, ট্রেন ট্রান্সপোর্ট আছে, রোড ট্রান্সপোর্ট আছে, আণ্ডারগ্রাউন্ড ট্রান্সপোর্ট আছে আবার আকাশের ট্রান্সপোর্টও আছে কিন্তু আমাদের ওখানে নাথিং। We have got only our feet. আজকে এ জিনিসটা তো আপনি দেখবেন। আমি বলছি, কো-অর্ডিনেশনের কথা। আপনার দপ্তর থেকে কেন এ সম্পর্কে রেকমেন্ডস যাবে না টু গভর্নমেন্ট অব ইণ্ডিয়া? ত্রিপুরা যদি রেল কমিউনিকেশনের সুযোগ না থাকার জন্য তারা এয়ার ট্রান্সপোর্ট-এ কনসেসান পেতে পারে তাহলে পশ্চিমবাংলার যেসব জেলায় রেলওয়ে কমিউনিকেশন নেই তারা কেন সেই সুযোগ পাবেন না? Why do not you recommended it to the Govt. of India and airlines authority? যে সুযোগ ত্রিপুরা পেতে পারে সেটা পশ্চিমবঙ্গের মানুষ কেন পাবে না? Why don't you negotiate? Why don't you come with a constructive proposal? যেখানে রেলওয়ের কোনও সম্ভাবনা নেই, ভবিষ্যতে জলের ব্যাপারে কোনও সম্ভাবনা নেই তাহলে সেখানে তারা যাবে কি করে? আজকে এ ব্যাপারে আপনাকে বলতে হবে। তারপর আর একটা ব্যাপার আপনার কাছে জানতে চাই। আপনার রেটটা কি এবং গভর্নমেন্ট অব ইণ্ডিয়ারই বা রেটটা কি ফর রিপেয়ার অব দি রোডস সেটা বলবেন। আমি শুনেছি নাকি এখানে পার কি.মি.

২ হাজার ৩শো টাকা এবং অল ইণ্ডিয়ার স্ট্যাণ্ডার্ড হচ্ছে ১৫ হাজার টাকা। আমার এ ব্যাপারে ঠিক জানা নেই, আমি আশা করি আপনি এটা রেকর্ড দেখে বলবেন। কারণ যদি সাব-স্ট্যাণ্ডার্ড রিপেয়ার হয়, সাব-স্ট্যাণ্ডার্ড কনস্ট্রাকশন হয় তাহলে তো মুশকিল। এটা হলে তার ডিউরেশনও থাকবে না। আপনি একজন অভিজ্ঞ মানুষ, আপনি জানেন যে রাস্তার প্রথম বছর নির্মাণের মেন্টেনেন্সের দায়িত্ব বেশি পড়ে। আপনার দপ্তরের সঙ্গে ফরেস্ট দপ্তরের কি যোগাযোগ আছে আমি জানি না। আপনারা অনেক জায়গায় বনসৃজন করেন গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার টাকাতে। ৬০ হাজার টাকাতে একটা গাছ তো দাঁড়িয়েছে। এখন এইসব গাছ যে ইনডিসিক্রিমিনেট ফেলিং হচ্ছে এখানে পি. ডবলিউ. ডি. তে তার কতখানি টাকা জমা হচ্ছে? কে জমা করছে? আমি আশা করি আপনার কাছ থেকে এসব ব্যাপারে জানতে পারব। আপনার দপ্তরের আমি শুভ কামনা করি। আপনি একজন ভদ্র মানুষ। আপনি আপনার সহকর্মিদের সুবিধা-অসুবিধা দেখেন, বোঝেন, আমরা চাই ন্যাশনালিটি আপনার দপ্তরের আসুক। এটা আপনি জানতে পারবেন বলে আমি আশা করি। এই প্রশ্নের উত্তর আপনার বাজেট বক্তৃতায় নেই, তাই প্রশ্নগুলি রাখলাম, আশা করি আপনি উত্তর দেবেন। আমি পারলে এটা সমর্থন করতাম কিন্তু যেহেতু এগুলি নেই সেইহেতু আমি আপনাকে সমর্থন করতে পারছি না, আপনার ব্যয়-বরাদ্দের বিরোধিতা করছি। এই কথা বলে, মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মতীশ রায়ঃ মিঃ চেয়ারম্যান, দীর্ঘ সময় ধরে আমাদের সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের বক্তৃতা শ্রদ্ধা সহকারে শোনবার চেষ্টা করেছি। আমি প্রথমে জয়নাল সাহেবকে বলি, আজকে আপনি যেমন ভদ্রভাবে আমার বাজেটের বিরোধিতা করলেন, আমি আপনাকে একটা দুঃসংবাদ দিচ্ছি ভদ্রভাবে। আজকে আমি অর্থমন্ত্রীর কাছ থেকে জানতে পারলাম, কেন্দ্রীয় সরকার আমাদের এই বাজেট পেশ করার পরে পশ্চিমবাংলার ক্ষেত্রে যে অর্থ বরাদ্দ করেছিলেন তার থেকে ৭৫ কোটি টাকা তারা কেটে দিয়েছেন। সংকটটা অনুভব করবেন। এবং এই যে হঠাৎ ৭৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার কেটে দিলেন, তার বিরূপ প্রতিক্রিয়া রাজ্যের প্রতিটি দপ্তরের ক্ষেত্রে সেটা প্রযোজ্য হবে। আমি আমার বাজেট বক্তৃতায় পরিষ্কারভাবে বলেছি যে পূর্ত দপ্তরের ক্ষেত্রে যে ন্যূনতম অর্থ প্রয়োজন, সেই অর্থ আমরা যোগান দিতে পারনি। পারিনি এই কথা বলা সত্ত্বেও আমাদের সীমিত ক্ষমতার মধ্যে থেকে আমরা পশ্চিমবাংলার জনগণের স্বার্থে কিছু কাজ করবার সার্থকভাবে চেষ্টা করেছি। বঙ্গ ভবনের কথা দিয়ে আমি শুরু করি। আপনাদের এক একজন সদস্য বঙ্গ ভবন সম্বন্ধে এক এক ধরনের উক্তি করলেন। মাননীয় সদস্য আবদুল মান্নান বললেন যে বঙ্গ ভবনকে তৈরি করা হয়েছে প্ল্যান ছাড়া। এটা অসত্য কথা। বঙ্গভবন যখন তৈরি হয়, দিল্লির তখন যে প্রচলিত আইন ছিল, সেই আইন অনুযায়ী তার নক্সা দিয়ে তার প্ল্যান সাবমিট করে, সেটাকে অনুমোদন পাবার পরে কাজ শুরু হয়। পরবর্তীকালে নিউ দিল্লি ডেভেলপমেন্ট কাউন্সিল তারা নয়াদিল্লি শহরের বড় বড় বাড়ি রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে তারা আইনের সংশোধন করলেন এবং সেই সংশোধনের আওতায় বঙ্গ ভবনও পড়ল। সংশোধনটা হচ্ছে, আপনারা জানেন, খবরের কাগজে দেখেছেন, যাঁদের সেই স্মৃতি শক্তি আছে, দিল্লিতে একটা বড় ধরণের অগ্নি কাণ্ড হয়েছিল। সেই অগ্নিকাণ্ডের ফলে বিরাট বাড়িতে দমকল বাহিনী সঠিকভাবে আগুন নির্বাপনের

চেষ্টা করতে পারেনি। তার ফলে বেশ কিছু লোক মারা গিয়েছিল। তারপর থেকে নিউ দিল্লি ডেভেলপমেন্ট কাউন্সিল তার আইনের সংশোধন করে দিলেন ফায়ার ব্রিগেড সার্ভিসের ফায়ার সার্ভিসের জন্য যাতায়াতের বাধা যাতে না থাকে বৃহৎ বাড়ির ক্ষেত্রে, সেই রকম স্কিম রাখতে হবে। আমাদের বঙ্গ ভবন তৈরি হবার পর সেই আইনের ক্ষেত্রে ফায়ার ব্রিগেড-এর পক্ষ থেকে এই শর্ত আরোপ করেছিল। সেই অনুসারে আমাদের বঙ্গ ভবনের পিছনে যে স্টাফ কোয়ার্টার আছে, সেখানে যে দুটো বিল্ডিং আছে সেইগুলো ভেঙে দিতে হবে তাহলেই তারা এটার অনুমোদন দেবেন। তাদের পরামর্শ মতো আমরা সেই কাজ করেছি, সেই বিল্ডিং দুটো আমরা ভেঙে দিয়েছি। আমাদের স্টাফদের বিকল্প জায়গা নয়াদিল্লির উপকণ্ঠে বসন্ত কুঞ্জে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে তিন একর জমি আমরা পেয়েছি। আগামী দিনে সেখানে তাদের জন্য আমরা কোয়ার্টার তৈরি করব। এবং বঙ্গ ভবনের ছয় তলা এবং সাত তলা সম্পর্কে যে কথা উঠেছে, যেটা বে-আইনিভাবে তৈরি করা হয়েছে বলা হয়েছে, সেটা সঠিক নয়।

[4-40 — 4-50 P.M.]

আগামী কিছুদিনের মধ্যেই অনুমোদন পাব, এই আশা আমরা রাখি। আমি মনে করি বিরোধী দলের পক্ষ থেকে বঙ্গ ভবনের কর্মচারিদের সম্পর্কে যে সমস্ত কথা বলা হয়েছে তা খুবই অপমানজনক। আপনারা শুনে রাখুন যাঁরা বঙ্গ ভবনে আমাদের সেবা করছেন তাঁদের মধ্যে শতকরা ৫০ জনই হায়ার সেকেণ্ডারি পাশ বা গ্র্যাজুয়েট। গ্র্যাজুয়েট হওয়া সত্ত্বেও তাঁরা চতুর্থ শ্রেণীর কর্মচারিদের মতো কাজ করেন। আমাদের মতো লোকেদের—আমরা যারা বঙ্গ ভবনে যাই, এম. এল. এ., যাঁরা যান, অফিসার যাঁরা যান বা বাইরের মানুষ যাঁরা যান তাঁদের প্রত্যেককে মানুষের মতো দরদ দিয়ে সেবা করেন ঐ কর্মচারিরা। সেই কর্মচারিদের সম্বন্ধে আজকে বিধানসভায় যে কটূক্তি করা হয়েছে, আমি মনে করি তা আমাদের কাছে খুবই কলঙ্কের। দ্বিতীয় কথা আমি বলছি যে, আমাদের সরকারের যে নিয়ম এবং বিধি আছে সেই নিয়ম এবং বিধি অনুযায়ী ঐ কর্মচারিরা পার্মানেন্ট হবেন। বিরোধী দলের সদস্যাদের আমি এখানে স্মরণ করিয়ে দিতে চাই যে, আমরা তাঁদের আমলের মতো কাউকে সিগারেটের খোলে লিখে অ্যাপয়েন্টমেন্ট দিতে পারি না। আমরা আইন মেনে তাঁদের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি এবং আইন মেনেই তাদের স্থায়ি করা হবে। তৃতীয় কথা হচ্ছে, বঙ্গ ভবনে এম. এল. এ.-দের জন্য বিশেষ রিজার্ভেশন-এর ব্যবস্থার কথা এখনই আমরা চিন্তা করছি না। আমি মন্ত্রী হিসাবে দায়িত্ব নিয়ে বলছি, আমাদের সরকারি দলের এম. এল. এ.-দের বঙ্গ ভবনে ঘর দেওয়ার ক্ষেত্রে অসুবিধা থাকলে অনেক সময়ই প্রত্যাখান করি। কিন্তু বিরোধি দলের বন্ধুদের অধিকাংশ সময়েই সুযোগ দিয়ে থাকি। এই প্রসঙ্গে আমি হাউসকে জানাচ্ছি যে, গতকাল বিরোধী দলের মাননীয় নেতার কাছ থেকে আমার কাছে একটা চিঠি আসে যে, বিরোধী দলের ৮ জন এম. এল. এ.-র জন্য বঙ্গ ভবনে চারখানা এ. সি. ঘর দেওয়ার ব্যবস্থা করা হোক। চিঠিতে ৮ জন এম. এল. এ-র নামও উল্লেখ করা হয়। আমি চিঠিটাকে সম্পূর্ণ মর্যাদা দিয়ে চারখানি এ. সি. ঘরের অ্যালটমেন্ট অর্ডার দিয়েছি। কিন্তু দুঃখের বিষয় আজকে বিরোধী দলের একজন মাননীয় সদস্য এসে আমাকে বললেন যে, 'আমাদের ৬-খানা ঘর দিতে হবে'। আমি তাঁকে জিজ্ঞাসা করলাম,— কেন? তিনি আমাকে বললেন, ''আমার সঙ্গে

বাইরের আরো লোক যাবে।" আমি তাঁকে বললাম—আপনার দলের নেতা লিখে দিয়েছেন চারখানা ঘরের জন্য, আপনি বলছেন ৬-খানা! তিনি বললেন, 'তা আমি জানি না। আমার দরকার আছে। আমার সঙ্গে আরো লোক আছে, আমাকে ঘর দিতে হবে।' এই হচ্ছে আমাদের বিরোধী দলের বন্ধুদের চেহারা!

আমি আমার উত্তরে বলেছি, দ্বিতীয়বার আর উল্লেখ করতে চাচ্ছি না। আমি আমার বাজেট বক্তব্যে আর একটি কথা বলেছিলাম সেটা হচ্ছে বিরোধী দলের বন্ধুরা বলেছেন রাস্তা খারাপ—আমি তো কোথাও বলিনি যে রাস্তা যে স্তরে থাকা উচিত অন্তত আন্তর্জাতিক মান অনুযায়ী, আমি সেই জায়গায় রাস্তার মান রাখতে পেরেছি—এটা আমার স্বীকৃতি আছে এবং তার কারণগুলিও আমি বলেছি। কিন্তু বিরোধী দলের বন্ধুরা একবারও স্বীকার করলেন না যে পশ্চিমবঙ্গ সরকারের এত আর্থিক সংকট থাকা সত্ত্বেও আমার বাজেট বক্তৃতায় কতকগুলি কথা বলেছি যে যোগাযোগ ব্যবস্থার উন্নতি করার জন্য আমি সবচেয়ে বেশি প্রয়োজন মনে করেছি সেতু তৈরি করার এবং সেই সেতু তৈরি করার ক্ষেত্রে আমি নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়েছি যে আমরা এই কাজগুলি নির্দিষ্ট সময়সীমার মধ্যে করব। বর্ধমানের বাঁকা নদীর উপর যে সেতুটা তৈরি হয়েছে আমি শিলান্যাসের সময় বলেছিলাম এই সেতুটির কাজ ২ বছরের মধ্যেই সম্পূর্ণ করবো, শেষ করব। আমাদের প্রবীণ মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী মহাশয়ের নেতৃত্বে সেই সেতুর উদ্বোধন আমি ৪ দিন আগে করেছি। এর বাইরেও উত্তরবাংলার দিকে আমি বিশেষ নজর দিয়েছি, কারণ উত্তরবাংলা পিছিয়ে আছে যোগাযোগের দিক থেকে। উত্তরবাংলায় আমি দুদুয়া নদীর উপর বর্তমান বছরে শিলান্যাস করেছি এবং আমি বিরোধী দলের বন্ধুদের বলছি, সেই দুদুয়া নদীর উপর যে সেতুটি তৈরি করতে চলেছি সেটি বর্তমান বছরের মধ্যেই শেষ করব। শিলিগুড়িতে যানজটের জন্য আমি বিকল্প মহানন্দা সেতু তৈরি করার পরিকল্পনা নিয়েছি এবং সেই কাজ চলছে, এবং আমি আশা করছি বর্তমান আর্থিক বছরের মধ্যেই সেই কাজ শেষ করব। এ বাইরেও আমার বাজেট বক্তৃতায় বহু সেতুর কথা বলেছি। আমার বাজেট বক্তৃতার আগে কয়েকজন কংগ্রেসি বন্ধু এবং সরকারি দলের কয়েকজন বন্ধুরা উল্লেখ করেছিলেন যে মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে গঙ্গার উপর সেতু হওয়া দরকার, কারণ আজকে ভাগিরথীর উপর যে সেতুটি আছে বহরমপুরে, সেতুটি যদি কোনওক্রমে ভেঙে যায় তাহলে গোটা উত্তরবাংলা দক্ষিণবঙ্গ থেকে আলাদা হয়ে যাবে। আমি কেন্দ্রীয় মন্ত্রীর সাথে কিছুদিন আগে দিল্লিতে কথা বলতে গিয়েছিলাম, এই সেতু তৈরি করতে ২০ কোটি টাকার দরকার। আপনারা রাজ্য সরকারে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সাহায্য করুন। তিনি বললেন, এক পয়সাও দিতে পারব না, রাজ্য সরকারের দায়িত্ব, রাজ্য সরকারকে এই কাজ করতে হবে। জয়নাল সাহেব আমার কাছে কয়েকটি প্রশ্ন জানতে চেয়েছেন, নিশ্চয়ই আমি তাঁকে জানাব, কিন্তু তার আগে তাঁর সহযোগিতা আমি চাইছি।

[4-50 — 5-00 P.M.]

তিনি সেন্ট্রাল রোড ফাণ্ড সম্বন্ধে জানেন, ৩ বছর আগে সেই সেন্ট্রাল রোড ফাণ্ড সংসদে সর্বদলীয় আলোচনার মধ্যে দিয়ে গৃহীত হয়েছে এবং পশ্চিমবাংলার ভাগে কেন্দ্রীয় সরকার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত করেছেন যে প্রতি বছর ১৫ কোটি টাকা করে দেবেন। দুঃখের বিষয় এই ৩ বছরে ৪৫ কোটি টাকার মধ্যে মাত্র ২ কোটি টাকা পেয়েছি। আমি

কেন্দ্রীয় সরকারের যিনি মন্ত্রী তাকে অনুরোধ করেছিলাম যে বর্তমান বছরে কিছু টাকা দিন। তিনি বলেছিলেন যে আমাদের যিনি অর্থমন্ত্রী তার কাছ থেকে কিছু পাওয়া যাবে বলে আপনি আশা করবেন না। মাননীয় জয়নাল সাহেব রাজ্য সরকারের অপচয়ের কথা তুলেছেন। আমি শুধু একটা উদাহরণ দিচ্ছি যে খবরের কাগজে তা নিয়ে তোলপাড় চলছে। এই শেয়ার নিয়ে যে ফাটকা হল তাতে সাড়ে চার হাজার কোটি টাকা ভারতবর্ষের বাইরে চলে গেছে এবং আজকে কেন্দ্রীয় সরকার বলেছেন আমরা তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করছি। কত টাকা তারা আহরণ করবেন দেশের মানুষ তা জানেন। সেই কারণেই আমি বলছি আমরা রাজ্য সরকার বিশেষ করে আমাদের অর্থ দপ্তর আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি এই ব্যাপারে মন্ত্রিসভায় পরিষ্কারভাবে নির্দেশ দিয়েছেন যে, যে কোনও পরিকল্পনাই আমরা গ্রহণ করি যেটা করব সেটা যেন সময় সীমার মধ্যে তার কাজ শেষ করতে পারি এবং সেখানে যাতে কোনও রকম অপচয় না হয় তার জন্য আমরা চেষ্টা করব। একজন মাননীয় কংগ্রেসি বন্ধু অভিযোগ করেছেন উত্তর বাংলার একটা ন্যাশনাল হাইওয়ের ব্যাপারে, তিনি আমার কাছে উত্তর দাবি করেছেন। সেই রাস্তাটা খারাপ হয়ে গেছে তৈরি করার পরে। আমরা এনকোয়ারি কমিটি বসিয়েছিলাম, এনকোয়ারি কমিটির রিপোর্ট বেরিয়েছে, আপনি শুনে খুশি হবেন কিনা জানিনা, সেই রিপোর্ট বের হওয়ার সেই কন্ট্রাক্টারকে পি. ডবলিউ. ডি. তরফ থেকে কোনও কন্ট্রাক্ট দিচ্ছি না এবং এনকোয়ারিতে বেরিয়েছে সাব স্ট্যান্ডার্ড মেটিরিয়েলস ব্যবহার করা হয়েছিল। সেই কারণেই বলছি যে আমরা কোনও কিছুই গোপন করি না, আমরা আমাদের যে সমস্ত কাজ পি. ডবলিউ. ডি.-তে হয় বিল্ডিং থেকে আরম্ভ করে রাস্তা পর্যন্ত, তার জন্য আমাদের পি. ডবলিউ. ডি. রিসার্চ ল্যাবরেটরি আছে এবং সেই ল্যাবরেটরিতে টেস্ট করা হয়।

(এই সময়ে লালবাতি জ্বলে উঠে)

আমাকে একটু সময় দেবেন। মাননীয় জয়নাল আবেদিন সাহেবকে এটুকু বলি, তিনি উৎকণ্ঠা জানিয়েছেন যে দিনাজপুর ভাগ হয়েছে উত্তর এবং দক্ষিণ হিসাবে, কিন্তু আমাদের বাজেট বক্তব্য তার কোনও উল্লেখ নেই।

উল্লেখ করার কোনও জায়গা ছিল না। কিন্তু জয়নাল সাহেবকে আমি বলছি—মুখ্যমন্ত্রী এই ব্যাপারে বিশেষ উদ্যোগ নিয়েছেন। তিনি সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দিয়েছেন, পি. ডব্লু. ডি.-কে নির্দেশ দিয়েছেন এবং ঐ দুটি জেলার জন্য মুখ্য সচিবকে দায়িত্ব দিয়ে একটি কমিটি করে দিয়েছেন। সেই কমিটি ইতিমধ্যে তাদের প্রারম্ভিক রিপোর্টে বলেছেন যে, ঐ দুটি জেলাকে স্বয়ংসম্পূর্ণভাবে গড়ে তুলতে হলে ৩০ কোটি টাকা দরকার হবে। সেই ৩০ কোটি টাকা সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেছেন যে, প্রয়োজনবোধে রাজ্য সরকার টাকা খরচ করে উত্তর এবং দক্ষিণ দিনাজপুর শহরকে সেইভাবে জেলা শহরে পরিণত করা হবে। সেজন্য আজকে উত্তর এবং দক্ষিণ দিনাজপুর জেলায় যে সমস্ত রাস্তার সমস্যা রয়েছে সে সম্পর্কে মুখ্যমন্ত্রী পরিষ্কারভাবে নির্দেশ দিয়েছেন, সেই রাস্তাগুলির কাজ যাতে যত তাড়াতাড়ি সম্ভব শুরু করা যায় তার জন্য অর্থ বরাদ্দ করতে হবে এবং কাজও শুরু হবে।

আর একটি কথা জয়নাল সাহেব কেন বললেন জানি না। তিনি বলছিলেন যে, পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান হিসাবে তার কাছে কিছু রাস্তার নজির আছে যে

রাস্তার জন্য যা অর্থ ধার্য হয়েছিল পরবর্তীকালে তার চেয়ে বেশি টাকা দিতে হয়েছে। আমি জয়নাল সাহেবকে বিনীতভাবে বলছি, দিল্লিকে একটু অনুরোধ করুন না, সিমেন্টের দামটা যেন তারা সঠিকভাবে বেঁধে দেন ; দিল্লিকে একটু অনুরোধ করুন না, স্টিলের দামটা যেন তারা সঠিকভাবে বেঁধে দেন। তাহলে প্রাইস এক্সকালেশন বেনিফিট আইন অনুযায়ী কন্ট্রাক্টরদের যে বাড়তি টাকাটা দিতে হয় সেটা আমাদের দিতে হবে না এবং রাজ্য সরকারও কিছু টাকা সাশ্রয় করতে পারবেন। যদি জিনিসের দাম এইভাবে লাগামছাড়া ভাবে বাড়ে তাহলে সেটা গোটা দেশের পক্ষে সেটা অসহনীয় হবে। সেজন্য আমি বলতে চাই, পি. ডব্লু. ডি. তার সীমিত ক্ষমতার মধ্যেও পরিকল্পনা মাফিক কাজ করে চলেছে। আমরা ডায়মন্ডহারবার রোডকে সুন্দরবন পর্যন্ত জাতীয় সড়ক হিসাবে ঘোষণা করবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছি, কিন্তু এখনও সেই দাবি স্বীকৃত হয়নি। এটা কাকদ্বীপ পর্যন্ত জাতীয় সড়ক হিসাবে গণ্য হোক আমরা চাই। আমরা পশ্চিম দিনাজপুরের হিলি থেকে ঐ জেলার ভেতর দিয়ে মালদা পর্যন্ত যে রাস্তাটি আছে সেটিকেও জাতীয় সড়ক হিসাবে চাই। শান্তিপুরের ক্ষেত্রে বাইপাসের কথা কংগ্রেস বন্ধু অজয় দে মহাশয় উল্লেখ করেছেন। আমরা বলছি, সেই পরিকল্পনা বেশ কিছুদিন আগে পাঠিয়ে দিয়েছি দিল্লির কাছে, কিন্তু দিল্লির অনুমোদন এখনও আসেনি, যার জন্য আমরা সেই কাজ শুরু করতে পারছি না। আমাদের ইন্দিরা গান্ধী সম্পর্কে অনেকে অনেক কথা এখানে বলেছেন। আমি বেশি দূর যাব না। আমাদের বন্ধু বিরোধী দলের উপনেতা সত্য বাপুলি মহাশয় বসে আছেন। তিনি ইন্দিরা গান্ধীর মূর্তির মডেল কবে অ্যাপ্রুভ করেছেন সেটা তিনিই এই বিধানসভায় বলুন। বিধানসভার সিদ্ধান্ত ছিল, কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে ইন্দিরা গান্ধীর মূর্তি অ্যাপ্রুভ করে দেওয়া হবে এবং তারপর কাজ শুরু হবে। সেই কাজটা তিনি গত বছর করেছেন এবং তারপরই আমরা অর্ডার দিয়ে কাজটা শুরু করেছি। আমরা আশা করছি, ইন্দিরা গান্ধীর মূর্তি আগামী ১৯৯৩ সালের মধ্যে কলকাতার একটা উপযুক্ত স্থানে বসবে।

[5-00 — 5-10 P.M.]

রাজীব গান্ধীর মূর্তির ব্যাপারে দাবি উঠেছে, সরকার এই ব্যাপার নিয়ে আগামীদিনে চিন্তা-ভাবনা করে একটা সিদ্ধান্ত নেবে। কিন্ত আপনাদের কাছে এই ক্ষেত্রে বলতে চাই, রাজীব গান্ধী ফাউন্ডেশন কমিটি হয়েছে কয়েক শত টাকা দিয়ে। সর্দার প্যাটেল মেমোরিয়াল কমিটি হয়েছে। তারা সেই ব্যাপারে আগ্রহ নিয়ে আমাদের কাছে চিঠি দিয়েছে। আমরা পশ্চিমবঙ্গে সর্দার প্যাটেলের মূর্তি তৈরি করে উপযুক্ত স্থানে বসিয়ে দিতে চাই। কিন্তু আপনাদের কাছ থেকে এই ধরনের কোনও প্রস্তাব পাইনি। যদি সেই ধরনের প্রস্তাব আসে সেটা আমরা নিশ্চয়ই বিবেচনা করব। আর এনক্রোচমেন্টের ব্যাপারে কিছু বক্তব্য এখানে রাখা হয়েছে। আমি একথা বলব যে কংগ্রেসের আমলে যে আইন তৈরি হয়েছিল সেই তৈরি আইনে যথেষ্ট দুর্বলতা আছে। আমরা আশা করছি আগামী বিধানসভায় সেই আইনকে সংশোধন করার জন্য একটা বিল আনব। রাস্তার এনক্রোচমেন্ট যাতে বন্ধ করতে পারি তার জন্য সার্বিকভাবে আমরা চেষ্টা করব। ইতিমধ্যেই আমরা সেই ব্যবস্থা শুরু করেছি। এই কথা বলে প্রত্যেকটি কাট মোশনের বিরোধিতা করে, আমি যে বাজেট প্রস্তাব এখানে পেশ করেছি সেই প্রস্তাব অনুমোদনের জন্য আবেদন জানাচ্ছি।

DEMAND No. 25

Mr. Speaker : There are two cut motions to Demand No. 25. I now put all the cut motions to vote.

The motions of Shri Sobhan Deb Chattopadhyay and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/-,—were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta : that a sum of Rs. 1,83,18,65,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2059—Public Works, 2202—General Education (Buildings), 2205—Art and Culture (Buildings), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 2216—Housing (Buildings), 2230—Labour and Employment (Buildings), 2235—Social Security and Welfare (Social Welfare) (Buildings), 2401—Crop Husbandary (Buildings), 2403—Animal Husbandry (Buildings), 2401—Dairy Development (Buildings), 2406—Forestry and Wild Life (Zoological Park and Llyod Botanic Garden, Darjeeling), (Buildings) 2408—Food, Storage and Warehousing (Buildings), 2852—Industires (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 3475—Other General Economic Services (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210 —Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Publsic Undertakings) (Tribals Areas Sub-Plan) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Panchayati Raj) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) and 4885—Other Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings)".

(This is inclusive of a total sum of Rs. 45,79,76,000 already voted on account in March, 1992),—was then put and agreed to.

DEMAND No. 79

Mr. Speaker : There are seven cut motions to Demand No. 79. I now put all the cut motions to note.

The motions of Shri Abdul Mannan, Shri Prabir Banerjee, Shri Deba Prasad Sarkar and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/-,—were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,48,39,23,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges".

(This is inclusive of a total sum of Rs. 37,09,82,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

Mr. Speaker : There is some announcement. On the 20th june, there is a Seminar on the "Health Situation in West Bengal" organised by the Commonwealth Parliamentary Association, West Bengal Branch in collaboration with Department of Helath and Family Welfare, Government of West Bengal to inaugurated by Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Health and Family Welfare, Government of West Bengal and presided by me.

আগামী ২০ তারিখ শনিবার হেলথের উপর একটি সেমিনার হচ্ছে, সেখানে লঞ্চের ব্যবস্থা আছে। আশাকরি আপনারা সবাই অংশগ্রহণ করবেন।

শ্রী ত্রিলোচন দাস যে প্রিভিলেজ নোটিশ এনেছিলেন সেই ব্যাপারে আমরা আনন্দবাজার পত্রিকায় চিঠি লিখেছিলাম। তার উত্তর তারা দিয়েছেন।

They have replied 'Dear Mr. Chattopadhyay,

Please refer to your letter No. 259(2) L. A./PVC dated May 30, 1992.

We state that there was some unintentional mis-reporting of the speech of Mr. Trilochan Das, a member of the august House on 26th May, 1992.

We would like to state that it was a genuine mistake and that it was not malafide. We certainly had no intention and/or motive to malign Mr. Das or the august House.

As I was out of Calcutta during that period, it was not possible to reply to your letter earlier.

Thanking you,

Yours sincerely,
Sd/-
(Aveek Sarkar)
Editor

I feel this is not good enough. There should have been an apology for the mistake when the mistake is acepted. There should be an apology and they should undertake to print the correct version of what has happened, and also to print this letter in the Press. The Secretary will communicate to the concerned editor and the Press of the views of this House.

[5-10 — 5-20 P.M.]

Mr. Speaker : Now discussions on Demand Nos. 12, 77, 78, 80, and 81.

There is no cut motion to Demand No. 12, Demand No. 77 and Demand No. 78.

There are six cut motions to Demand No. 80. All the cut motions are in order.

There is no cut motion to Demand No. 81. Hon'ble Members may now move their cut motions.

1. **Shri Prabir Banerjee, 2. Shri Abdul Mannan, 3. Shri Deba Prasad Sarkar, 4. & 5. Shri Saugata Roy, 6. Shri Sobhan Ded Chattopadhyay :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী আমাদের সামনে যে বাজেট বরাদ্দের বক্তব্য পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে কাট মোশন আনা হয়েছে সেই কাট মোশনের আমি সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম যে পরিবহন দপ্তরে শেষকালে এত অর্থাভাব হয়েছে, অর্থাভাবের কথায় আমি একটু পরে আসছি, শেষকালে তাদের হাত পাততে হয়েছে পিয়ারলেস জেন্যারেল ফাইনান্স অ্যান্ড ফিনান্সিয়াল কর্পোরেশন লিমিটেডের কাছে। এই রকম দুরবস্থায় যে পরিবহন দপ্তর আছে এটা আমাদের কল্পনার মধ্যে ছিল না। এরজন্য পরিবহন দপ্তরের বাজেটকে আমরা সমর্থন করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখছি যে, এই যে বক্তব্য আমাদের সামনে পাশে করেছেন মাননীয় পরিবহন মন্ত্রী এতে তার কান্নার সুরই ফুটে উঠেছে। তার বক্তব্যে বলেছেন, একেবারে প্রথম পাতাতেই

যে, ফিনান্সিয়াল constraints have affected the performance of this department during the year. তিনি আগে থেকে গেয়ে রাখলেন যে, তিনি টাকা পাননি সেজন্য তার দপ্তরের পারফরম্যান্স খারাপ হয়েছে। কি রকম ধরনের অ্যালোকেশন ছিল এবং কি ধরনের শেষ পর্যন্ত বরাদ্দ হয়েছে বা তিনি পেয়েছেন তার একটা নমুনা আপনাদের সামনে আমি রাখতে চাই। ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ১৯৯১-৯২ সালের প্ল্যান অ্যালোকেশন ছিল ১০ কোটি টাকা, পেয়েছেন কত, না ২ কোটি ৯৫ লক্ষ টাকা। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে প্ল্যান অ্যালোকেশন ১৯৯১-৯২ সালে ছিল ৬ কোটি টাকা, পেয়েছেন মাত্র ২ কোটি টাকা, অর্থাৎ ওয়ান থার্ড। সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে বরাদ্দ ছিল, ১৯৯১-৯২ সালে প্ল্যান অ্যালোকেশন ছিল ৬ কোটি টাকা, পেয়েছেন মাত্র ২ কোটি টাকা। এখানেও প্রায় ওয়ান থার্ড এবং এইজন্য সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে বাস কিনবার জন্য তারা পিয়ারলেস জেনারেল ফাইনান্স অ্যান্ড ফিনান্সিয়াল কর্পোরেশন লিমিটেডের কাছ থেকে লোন নেবার ব্যবস্থা করেছেন। এত দুরবস্থা হয়েছে এই দপ্তরের যে এই রকম একটা প্রাইভেট সংস্থার কাছ থেকে টাকা নেবার জন্য তাদের হাত পাততে হয়েছে। এটা লজ্জার কথা, ক্ষোভের কথা। ক্যালকাটাক ট্রামওয়েস'য়েতে ১৯৯১-৯২ সালে বরাদ্দ ছিল ১০ কোটি টাকা, পেয়েছেন ৩ কোটি ১০ লক্ষ টাকা। ট্রান্সপোর্টেশন অপারেশন ইনক্লুডিং মেন্টেনেন্স, যার দ্বারা বিভিন্ন রোডের সংযোগ রক্ষা হয়, এই রকম একটা স্কীম আপনার দপ্তর থেকে নেওয়া হয়। সেটার জন্য ১৯৯১-৯২ সালে প্ল্যান অ্যালোকেশন ছিল ২ কোটি ৯১ লক্ষ টাকা, পেয়েছেন মাত্র ৮৩ লক্ষ টাকা। এখানে একটি কথা আমি বলতে চাইছি যে, এখানে আপনারা বক্তব্যে বলেছেন যে, প্রাচী সিনেমার কাছে একটা পেডেস্ট্রিয়ান ফুট ফ্লাই ওভার করেছেন, ভাল কথা। সৌগতবাবু তার বক্তব্যে বলেছেন, এমন একটা ফুট ওভার ব্রিজ করেছেন, এমন পর্বত প্রমাণ যে সেই ব্রিজ দিয়ে রাস্তা পেরোতে গেলে একজন লোককে অন্ততঃপক্ষে দুশো ফুট সরু রাস্তার পথ দিয়ে যেতে হবে। এটা খুবই কষ্টসাধ্য। সেজন্য খুব কম পথচারি সেই ফুট ওভারব্রিজ ব্যবহার করেন এবং এর সমস্ত টাকাটাই জলে গেছে বলে মনে হয়। এর থেকে যদি একটা সাবওয়ে করতেন—সাবওয়ে করতে খরচ বেশি, তবে এটা করতে পারলে ভাল হোত এবং পথচারিরা সেই রাস্তা ব্যবহার করতে পারত এবং তাদের রাস্তা পারাপারে সুবিধা হোত। পরবর্তীকালে আপনার দপ্তর যখন এই ধরনের কোনও পরিকল্পনা করবে তখন এটা ভেবে দেখতে অনুরোধ করব, এই ধরনের কোনও পরিকল্পনা নিতে পারেন কিনা—ওভারব্রিজ করতে টাকার অঙ্কে কিছু সস্তা হতে পারে, কিন্তু তাতে পথচারিদের কতটা সুবিধা হচ্ছে, তার থেকে সাবওয়ে করতে পারলে নিশ্চয়ই সুবিধা বেশি হবে। সেটা আশাকরি ভবিষ্যতে ভেবে দেখবেন। এই প্রসঙ্গে আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে এস. এন. ব্যানার্জি রোড এবং চৌরঙ্গি রোড জংশন খুব বিজি জংশন। এখান দিয়ে বহু লোক রাস্তা পারাপার করে, বহু গাড়ি রাস্তার দু'দিক দিয়ে যায়। সেখানে একটা ফ্লাই ওভার করবার কথা আপনারা খুব ঢাকঢোল পিটিয়ে বলেছিলেন এবং খবরের কাগজে তা বেরিয়েছিল। সেটা ধামাচাপা পড়ে গেছে। এখন আমরা সেই ফ্লাই ওভারের কথা আর শুনতে পাচ্ছি না। এটা আপনার দপ্তর থেকে করা যায় কিনা ভেবে দেখবেন। মাঝে আমরা শুনেছিলাম যে জাপান থেকে এক্সপার্ট আসবে। এই কাজ কতদূর এগিয়েছে, প্ল্যান ফাইনালাইজ হয়েছে কিনা আমরা জানি না। মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দেবার সময় নিশ্চয়ই আমাদের

সে সম্বন্ধে জানাবেন। তারপর দেখুন, কনস্ট্রাকশন অব বাস স্ট্যান্ড সম্বন্ধে যে কথা বলছিলাম, প্ল্যান অ্যালোকেশন মানি যা পেয়েছেন তার মধ্যে কনস্ট্রাকশন অব বাস স্ট্যান্ড বাবদ ১৯৯১-৯২ সালে অ্যালোকেশন ছিল ৯৫ লক্ষ টাকা, মন্ত্রী মহাশয় পেয়েছেন ১৮.৫২ লক্ষ টাকা।

ওয়েস্ট বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন এক্ষেত্রে আপনাদের ১৯৯০-৯১ সালের প্ল্যান অ্যালোকেশনের বরাদ্দ ছিল ৩০ কোটি টাকা, সেখানে পেয়েছেন মাত্র ৫০ লক্ষ টাকা। ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউট, এটি একটি খুব ইম্পর্টেন্ট ইনস্টিটিউট, সেখানে বরাদ্দ ছিল ৩০ লক্ষ টাকা আর পেয়েছেন মাত্র ৪.৭৯ লক্ষ টাকা। এর থেকেই পরিষ্কার বোঝা যাচ্ছে যে যা বরাদ্দ করা হয়েছিল তার একটা খুব কম ভগ্নাংশ শেষ পর্যন্ত পেয়েছেন। ফিনান্সিয়াল কনস্ট্রেন্ট আপনাদের সময়মতো হয়নি। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই এই বছর আপনি তো বিভিন্ন খাতে কত বরাদ্দ করা হয়েছে তার উল্লেখ করলেন কিন্তু শেষ পর্যন্ত এই বছর যে আর্থিক অবস্থা তাতে খুব উন্নতি করতে পারবেন বলে মনে হয় না। সেখানে অ্যালোকেশন যা ছিল তার থেকে শতকরা ১০ ভাগ, ১৫ ভাগ, ২০ ভাগ মাত্র পেয়েছেন এবং সেক্ষেত্রে একটা দপ্তরের কতটা আপনি উন্নতি করতে পারবেন সেই বিষয়ে সন্দেহ আছে। এই বছর যে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছেন তাতে কতটা সফল হবেন সেই বিষয়ে সন্দেহ আছে। এবং এই ভিসিয়াস সার্কেল থেকে বেরিয়ে আসবেন কি করে সেই নিয়ে ভাবনা-চিন্তা করতে অনুরোধ করব। বাসের সংখ্যা আগের থেকে নিশ্চয় বেড়েছে কিন্তু তার সাথে সাথে আমরা দেখছি ক্ষতির পরিমাণও অনেক বেড়েছে। আমি আপনার সামনে পরিসংখ্যান দিয়ে বলছি যে, সিএসটিসিতে অ্যাকুমুলেটেড লস হচ্ছে ৩৪১.৬৫ কোটি টাকা। সেখানে ১৯৯০-৯১ সালে ক্ষতি হয়েছে ৪১.৮৩ কোটি টাকা। ১৯৮৩-৮৪ সালে অ্যাকুমুলেটেড লস হচ্ছে ৯৬ কোটি ৫৭ লক্ষ টাকা এবং ১৯৮৩-৮৪ সালে ক্ষতি হচ্ছে ২৩ কোটি টাকা। সি. এস. টি. সি.-র ১৯৯০-৯১ সালে ৪১ কোটি টাকা লস হয়েছে। এস. বি. এস. টি. সি.-র অ্যাকুমুলেটেড লস হচ্ছে ২৮ কোটি টাকা, তারমধ্যে লক্ষটাতো ছেড়েই দিলাম। ১৯৯০-৯১ সালে লস হয়েছিল ৪ কোটি টাকার মতো। এবং সেটা ১৯৮৩-৮৪ সালে অ্যাকুমুলেটেড লস হয়েছে ১১ কোটি টাকা এবং ১৯৮৩-৮৪ সালে লস হয়েছে শুধু ৯১ লক্ষ টাকা এবং সেটা ১৯৯০-৯১ সালে বেড়ে দাঁড়াল ৪ কোটি টাকার মতো। তারপরে এন. বি. এস. টি. সি.-তে অ্যাকুমুলেটেড লস হচ্ছে ১৯৯০৯১ আপ টু ৪৩ কোটি টাকা এবং ওই সালেই অর্থাৎ ১৯৯০-৯১ শুধু লস হচ্ছে ৪ কোটি টাকা। আরও অনেক ফিগার আমার কাছে নেই। ১৯৮৩-৮৪ সালের ফিগার যদি কাছে থাকত তাহলে এই লসের পরিমাণ ১৯৯০-৯১ সালে আরও বেশি হয়ে যেত এবং প্রায় ২-৩ গুণ বেশি হয়ে যাবে। তারপরে ট্রামওয়েজ কর্পোরেশন, এক্ষেত্রে অ্যাকুমুলেটেড লস হচ্ছে ১৯৯০-৯১ সালে ২৫ কেটি টাকা। ১৯৮৩-৮৪ সালে এই অ্যাকুমুলেটেড লস হচ্ছে ৬৯ কোটি টাকা। এবং ১৯৮৩-৮৪ সালে শুধু লস হচ্ছে ১৫ কোটি টাকার মতো। সেই টাকার পরিমাণটা বেড়েই ১৯৯০-৯১ সালে দাঁড়াল ২৫ কোটি টাকাতে। অর্থাৎ ১৯৮৩-৮৪ সালে যেখানে ১৫ কোটি টাকা লস হয়েছিল সেই লসের পরিমাণ ১৯৯০-৯১ সালে গিয়ে দাঁড়াল ২৫ কোটি টাকাতে।

আমরা জানতে চাইছি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রত্যেকটি সংস্থা যেগুলি সরকারি সংস্থা আছে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট, সাউথ বেঙ্গল স্টেট

ট্রান্সপোর্ট প্রত্যেকটিতে আমরা দেখছি ক্ষতির পরিমাণ হুহু করে বেড়ে যাচ্ছে। এই ক্ষতির পরিমাণ কি করে কমান যায় সেটা নিয়ে চিন্তা করা দরকার। অথচ বাস ট্রামের ভাড়া ক্রমাগত বেড়ে যাচ্ছে, এর জন্য আন্দোলনও হয়ে গেছে, যেটা বেড়েছে সেটা ১ পয়সা, ২ পয়সা নয় বড় অঙ্কের ভাড়াই বেড়েছে। এত কিছু সত্ত্বেও কর্মীর সংখ্যা কিন্তু বাড়েনি, সেখানে মন্ত্রী মহাশয় কিছুটা দেখছেন কর্মীর সংখ্যা যাতে না বাড়ে। বাসের সংখ্যা বাড়ছে, ভাড়া বাড়ছে, যদিও আমরা দেখছি লসও বাড়ছে। ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫-তে প্রত্যেকটি সংস্থায় লস যা ছিল তার দুইগুণ, তিনগুণ, চারগুণ বেড়েছে। এটা কেন বেড়েছে তার ব্যাখ্যা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে চাচ্ছি। কর্মীর সংখ্যা কিন্তু বাস বাড়ার তুলনায় বাড়েনি। সি. এস. টি. সি.-তে ৯০-৯১-তে ছিল কর্মীর সংখ্যা ১২ হাজার ৩৫০, ৮৫-৮৬ সালে ৫ বছর আগে ছিল ১৪ হাজার ৩৪৩, ৫ বছর আগে যা ছিল ৫ বছর পরে ৯০-৯১-তে ২ হাজার কর্মীর সংখ্যা কমে গেল। এন. বি. এস. টি. সি.-তে ৯০-৯১-তে কর্মীর সংখ্যা ছিল ৫ হাজার ৮০৪, ৮৫-৮৬-তে ১৭৩ ; এখানে কর্মীর সংখ্যা বাড়ল কিন্তু সঙ্গে সঙ্গে বাসের সংখ্যাও অনেক বেড়েছে। বাসের সংখ্যা ছিল ৮৯-৯০-তে ৬৪০, ৯১-৯২-তে বেড়ে দাঁড়াল ৯১০, যে পরিমাণে বাসের কর্মীর সংখ্য বাড়ল সেই পরিমাণে কিন্তু বাসের সংখ্যা বাড়ল না। ক্যালকাটা ট্রামওয়েজ ৯০-৯১-তে ট্রামের কর্মীর সংখ্যা হয়েছে ৮৯৭৫,, ৮৫-৮৬ সালে সেটা ছিল ৮৯৯৫। এখানে আমরা দেখছি নাম্বার অফ সার্ভিসিবিল ট্রাম ৮৯-৯০-তে ছিল ৩৯০, ৯১-৯২-তে কমে দাঁড়াল ৩৮২। এ থেকে আমরা দেখতে পাচ্ছি একটা বিদায় নীতি এই দপ্তর নিয়েছে। যাতে করে দেখা যাচ্ছে কর্মীর সংখ্যা বাড়েনি। এখানে বিদায় নীতি নেওয়া হয়েছে, নূতন কর্মী নেওয়া হচ্ছে না। এটা এক দিক থেকে খারাপ নয়। আপনারা জানেন স্টাফ ট্রাম রেশিও তে বেশি যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে আরম্ভ করে বিভিন্ন সংস্থা যারা এদেরকে লোন দেন বাস কেনবার জন্য তারা বলেছেন স্টাফ বাস রেশিও এবং স্টাফ ট্রাম রেশিও এটাকে কমাতে হবে। সেইদিক দিয়ে বলতে পারি মাননীয় মন্ত্রী মহাশয় কর্মীর সংখ্যা বাড়াতে দেননি এটা ঠিকই কিন্তু আমরা দেখছি ক্ষতির পরিমাণ কিন্তু তার জন্য কমেনি। বছর বছর ক্ষতির পরিমাণ বাড়ছে আবার বাস ট্রামের সংখ্যাও বাড়ছে। এই গ্যাপটাকে কিভাবে আপনি মেটাবেন সেটা আপনার বক্তব্যের সময় বলবেন। স্টাফ বাস রেশিও সি. এস. টি. সি.-তে ৮৯০-৯০-তে ছিল ১৪.৪২ এরা কাজ করত, ৯০-৯১-তে সেটা হল ১৪.৭২। ৯১-৯২-তে সেটা হল বা কমে দাঁড়াল ১৩.৬৮। আপনারা জানেন একটা প্রাইভেট বাস চালাতে বড়জোর ৪ থেকে ৫ কর্মী নিয়োগ হয়, সেখানে সি. এস. টি. সি.-র বাস চালাতে প্রত্যেকটি বাস পিছু ১৩/১৪ জন লোক নিযুক্ত করা হয় ; এটাকে কমানো অত্যন্ত প্রয়োজন কর্মীদের এফিসিয়েন্সি বাড়িয়ে যাতে কম লোকে বাস চালানো যায় সেটা আপনাকে চিন্তা-ভাবনা করতে অনুরোধ করছি। আপনার এন. বি. এস. টি. সি.-র ক্ষেত্রেও এক অবস্থা সেখানে স্টাফ বাস রেশিও হচ্ছে ৮.৫৫, এখানে ৯১-৯২-তে কিছুটা কমে এসে দাঁড়াল ৭.৫২। এস. বি. এস. টি. সি.-তে ৮৯-৯০-তে স্টাফ বাস রেশিও ৫.৪৩, সেখানে ৯১-৯২-তে বেড়ে হল ৫.৫২ ; ক্যালকাটা ট্রাম ওয়েজের ক্ষেত্রে ৮৯-৯০-তে ২০.৭৫, ৯১-৯২-তে ২২.০৮। সুতরাং এই যে স্টাফ বাস রেশিও এবং স্টাফ ট্রাম রেশিও এত বেশি যে কোনও সংস্থাই এই সারকামসটেন্সে লাভ করতে পারে না। এটাকে কমানো যথেষ্ট প্রয়োজন আছে। এটা দুই ভাগে করা যায় এক হচ্ছে বাসের সংখ্যা ট্রামের সংখ্যা বাড়িয়ে কর্মী এক রেখে

এবং তাদের কর্ম ক্ষমতা বাড়িয়ে এই গ্যাপ মেটানো যেতে পারে, এই ভাবে রেশিওটাকে কমানো যেতে পারে। বা আরও রেশিও কমিয়ে আনতে পারা যাবে। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় এটা আগামী বছর বা এই বছর চেষ্টা করবেন যাতে এই পরিমাণটা কমিয়ে আনা যায়। আমরা দেখছি সি. এস. টি. সি. গত তিন বছরে ৪২১টি বাস কিনেছেন। কিন্তু আমরা দেখছি সার্ভিসেবল বাসের সংখ্যা ক্রমশ কমে যাচ্ছে। ১,০৮৮ থেকে বাসের সংখ্যা কমে এখন ১,০৬৮টি এসে দাঁড়িয়েছে। ১৯৮৫-৮৬ সাল থেকে ১২০৪টি বাস কেনা হয়েছে, অথচ সার্ভিসেবল বাসের সংখ্যা ক্রমশ কমে যাচ্ছে। বাস কন্ডেম করা হচ্ছে এবং কি বেসিসে কন্ডেম করা হচ্ছে সেটা আমরা আপনার কাছে জানতে চাই এবং এও জানতে চাই যে সার্ভিসেবল বাসের সংখ্যা কমে যাওয়ায় যে প্রচন্ড অসুবিধা হচ্ছে সেই অসুবিধা কি করে মাননীয় মন্ত্রী মহাশয় দূর করবার চিন্তাভাবনা করছেন? ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টের কথা বাদ দিলাম, গ্রামাঞ্চলে, যেখানে বাদুড় ঝোলা অবস্থা, যেখানে বাসের পেছনে একটা বুড়ো আঙ্গুল কোনওরকম আঁকড়িয়ে যায় সেখানে বাসের সংখ্যা বৃদ্ধি করা দরকার? যেখানে ট্রেনের ব্যবস্থা নেই, যেখানকার লোকেরা বাসেরই উপর নির্ভরশীল সেখানে বাসের সংখ্যা বৃদ্ধি করা দরকার। রুট পারমিট দেওয়ার ক্ষেত্রে আপনি কি নীতি গ্রহণ করেছেন সেটা আপনার কাছ থেকে আমরা জানতে চাই? আমরা দেখছি অনেক জায়গায় বিভিন্ন প্রাইভেট সংস্থা বাস চালাতে চান, কিন্তু তাদের পারমিট দেওয়া হচ্ছে না। সেখানে বলা হচ্ছে গভর্নমেন্ট এই রুটগুলিতে বাস চালাতে চান সেইজন্য প্রাইভেট সংস্থার হাতে এই রুটগুলিকে দেওয়া হচ্ছে না। অথচ আমরা দেখছি সেখানে গভর্নমেন্ট বাস চালাচ্ছে না এবং যাত্রী সাধারণ বাদুড় ঝোলা অবস্থায় যাতায়াত করছে। আমরা আশা করি আপনি এই ব্যাপারে নিশ্চয় নজর দেবেন। আমি আরও দু-একটা কথা বলতে চাই এই পল্যুউশনের ব্যাপারে। পল্যুউশন কন্ট্রোল এটা একটা মারাত্মক ব্যাপার, আমরা দেখি সরকারি বাস কিভাবে কালো ধোঁয়া ছড়াতে ছড়াতে যাচ্ছে। আমরা মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই পল্যুউশন কন্ট্রোলের ব্যাপারে আপনি একটাও সরকারি বাসকে কি বসাতে বাধ্য করেছেন? আমি নিজে এই ব্যাপারে ভুক্তভোগি, এক বছরেরও পুরনো হয়নি আমার নতুন মারুতি গাড়ি একদিন পুলিশ ধরল। সেদিন গাড়িতে পল্যুউশন কন্ট্রোল সার্টিফিকেট ছিল না, যার জন্য ট্যাক্স টোকেনটা পুলিশ নিয়ে চলে গেল: তারপর আমি সি. পি.-কে ফোন করলাম এবং পল্যুউশন কন্ট্রোল সার্টিফিকেট দেখালাম তারপর ট্যাক্স টোকেনটা ফেরত পেলাম। আমি একজন এম. এল. এ পরিচয় দেওয়ার রূপেও যদি পুলিশের দ্বারা এইভাবে অত্যাচারিত হই, তাহলে সাধারণ মানুষের উপর পুলিশ কি করছে সেটা সহজেই বোঝা যায়। তবে আমার একটা দোষ ছিল সেটা হচ্ছে পল্যুউশন কন্ট্রোল সার্টিফিকেটটা আমার গাড়িতে ছিল না। পুলিশ সাধারণ মানুষকেও আজকে এইভাবে হয়রানি করছে, কিন্তু সবচেয়ে পল্যুউশন যে করছে সেই সরকারি বাসের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না।

[5-20 — 5-40 P.M.]

তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, আগে নিজের ঘর সামলান। এই বাসগুলির পলিউশন ফ্রি করুন তারপর পুলিশকে নির্দেশ দিন বাইরের গাড়িকে—ধরুন। আর একটা কথা বলতে চাই, সাধারণত সার্টিফিকেটগুলি মাত্র তিন মাসের জন্য দেওয়া হয়, তিন মাস

অন্তর অন্তর আবার পলিউশন কন্ট্রোল সার্টিফিকেট কোনও পেট্রোল পাম্পে বা যারা এইসব সার্টিফিকেট দেয়—তাদের কাছে যাওয়া অত্যন্ত কস্টসাধ্য ব্যাপার এবং অবাস্তব ব্যাপার। তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, যাতে পলিউশন ফ্রি ডিক্লেয়ার দেওয়া হয় বা সার্টিফিকেট পায় তা তিন মাসের বদলে ৬ মাস বা ১ বছর যদি করা যায় তাহলে ভাল হয় এবং সাধারণ গাড়ির যারা ওনার তারা বাঁচতে পারে। এবারে আর একটা বিষয়ে অনুরোধ করছি, বেহালার ফ্লাইং ইন্সটিটিউট সম্বন্ধে। দুর্ভাগ্যের কথা, পশ্চিমবাংলা থেকে আজকে আর পাইলট তৈরি হচ্ছে না। আপনারা বিভিন্ন জায়গাতে যান, আজকে যখন অ্যানাউনসমেন্ট হয় তখন কোনও বাঙালির নাম শুনতে পাবেন না। এটা লজ্জা এবং ক্ষোভের কথা। ১০/১৫/২০ বছর আগেও আমরা যখন বিভিন্ন জায়গাতে যেতাম প্লেনে করে তখন শুনতে পেতাম ক্যাপ্টেন ঘোষ, ক্যাপ্টেন দাস, ক্যাপ্টেন ভট্টাচার্য এই রকম কোনও না কোনও বাঙালির নাম শোনা যেত। কিন্তু আজকে কোনও বাঙালির নাম শুনতে পাবেন না। বেহালায় যেটা পাইলট তৈরির কেন্দ্র আজকে সেখানে বেশি বেশি করে সেখানে বাঙালিদের ট্রেনিং দিতে হবে। গত বছর বরাদ্দ ছিল ৩০ লক্ষ টাকা কিন্তু শেষ পর্যন্ত সেই জায়গাতে পাওয়া গেছে মাত্র ৪.৭৯ লক্ষ টাকা। এর কারণ তো আপনারা ভাল করেই জানেন। আজকে পাইলট তৈরি হচ্ছে না। গত বছর খালি একজন কমার্শিয়াল পাইলট হয়েছে। কিন্তু আপনি অন্যান্য রাজ্যে যান সেখানে দেখবেন—বোম্বেতে যান, ইউ. পি.-তে যান—দেখবেন বা ভারতবর্ষের বিভিন্ন জায়গাতে যান তারা ফ্লাইং ইনস্টিটিউট করেছেন এবং পাইলটের জন্ম দিচ্ছেন। ছেয়ে ফেলেছে। কিন্তু পশ্চিমবাংলা থেকে পাইলট তৈরি হচ্ছে না। আজকে আপনারা ছেলেখেলা করছেন। টাকা যা বরাদ্দ করছেন তা পাওয়া যাচ্ছে না। বছরে একটা, দুটো পাইলট বেরোচ্ছে কিন্তু তারা অন্য জায়গাতে চলে যাচ্ছেন, আমি আমার বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না। এই সমস্ত কারণে বাজেট বরাদ্দের বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশন আছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ রায় ঃ মাননীয় পরিবহন দপ্তরের মন্ত্রী মহাশয় আজকে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং দু-চার কথা বলতে চাই। মাননীয় বিরোধীদলের সদস্য এখানে যে ক্ষতির কথা উল্লেখ করেছেন এই ক্ষতি সম্বন্ধে পরিবহন দপ্তরের মন্ত্রী মহাশয় জবাব দেবেন। পরিবহন দপ্তর এমনই একটা দপ্তর যাকে আরও বেশি করে গুরুত্ব দিতে হবে। আজকে যে লোকসানের কথা বলা হল এটা আমার মনে হয় ব্যাপারটা ঠিক করে বলা হয়নি। আজকে জনগণের স্বার্থের কথা, যাত্রী সাধারণের স্বার্থের কথা চিন্তা করে এই দপ্তরকে গতিশীল রাখতে হবে এবং কি করে গতিশীল রাখা যায় তার কথা ভাবতে হবে। আজকে বিরোধীদলের যে কথা বললেন অর্থাৎ স্টাফের সংখ্যা। আমার মতে এই স্টাফের সংখ্যা একদিনে এই সংখ্যা বৃদ্ধি হয়নি, কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন তারা এই স্টাফের সংখ্যা ইচ্ছাকৃতভাবে বাড়িয়ে গেছেন এবং আমরা যখন ক্ষমতায় এলাম তখন এই স্টাফ সংখ্যা আমাদের পক্ষ থেকে কমানো সম্ভব নয়। এই স্টাফের সংখ্যা আরও যাতে বৃদ্ধি না হয়, মাথাভারী না হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আজকে বলা হল সার্বিক ব্যার্থতা। এবং বলা হল যে পরিবহন দপ্তর ব্যার্থতায় পর্যবসিত হয়েছে।

কিন্তু আমরা বাস্তব অভিজ্ঞতায় দেখছি, পরিবহন দপ্তরের তার সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে আজকে তার সামনে নানারকম সমস্যা এসে দাঁড়িয়েছে। কলকাতার শহরাঞ্চল বেড়ে চলেছে। জনসাধারণের চাপ বৃদ্ধি পাচ্ছে, পরিবহনে চাপ আসছে। সেই চাপ এড়াবার জন্য পরিবহন দপ্তরকে আজকে আরও বেশি বেশি করে বাসের সংখ্যা বৃদ্ধি করতে হচ্ছে। আজকে একথা ঠিক, মন্ত্রী বাজেট ভাষণে যে কথা বলেছেন, জনসাধারণের চাহিদা মেটাতে বাসের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি করতে হয়েছে। আজকে চারটে সংস্থা সরাসরি নিয়ন্ত্রাধীনে চলছে, সরকারের পরিচালনায় চলছে। এই চারটে সংস্থা হল—সি. এস. টি. সি., দক্ষিণ বঙ্গ পরিবহন সংস্থা, উত্তরবঙ্গ পরিবহন সংস্থা এবং অর্ন্তদেশীয় জলপথ পরিবহন নিগম। এই চারটে সংস্থা তারা বাস চলাচলের ব্যবস্থা করেছে এবং আমরা দেখতে পাচ্ছি, জনসাধারণের চাহিদা মেটাতে তারা বাসের সংখ্যা বাড়িয়ে চলেছে। আজকে একথা ঠিক, বাস যে পরিমাণ বাড়ছে, বাসের সারভিস সেইমতো হচ্ছে না। বাস চালু হওয়ার পরে সেই বাস যাতে দীর্ঘদিন জনসাধারণের পরিষেবার কাজে নিয়োজিত হয়, সেই বিষয়ে পরিবহন দপ্তরকে আরও সচেষ্ট হতে হবে, সতর্ক থাকতে হবে। আজকে এখানে বিরোধী দলের সদস্যরা যে সমস্ত কথা বললেন, সেই সম্বন্ধে বলতে গিয়ে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে পরিবহন দপ্তর কতকগুলো ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে। আজকে অর্ন্তদেশীয় জলপথ পরিবহন নিগম তারা জলপথে পরিবহনের কাজ করত, জনগণকে পারাপারের ব্যবস্থা করত। জনসাধারণের অসুবিধার কথা মনে রেখে তারা বিকল্প এবং পরিপূরক ব্যবস্থা হিসাবে স্থলপথে বাস করেছেন। আমাদের ওই এলাকায় বামগঙ্গা বাস সেইটা দীর্ঘদিন মানুষের চাহিদা পূরণ করেছে। আমাদের এলাকায় আমতলা এবং কুলটির উপর দিয়ে আজকে বামগঙ্গা বাস চলছে। এই অর্ন্তদেশীয় জলপথ পরিবহন নিগম এরা আজকে অনেক জায়গায় জলপথের সঙ্গে স্থলপথে জনসাধারণের চাহিদা মেটাচ্ছে। আজকে প্লট নং ৮, কচুবেড়িয়া, হলদিয়াতে চলাচলের ব্যবস্থা করা হয়েছে। আজকে তাই অর্ন্তদেশীয় জলপথ পরিবহন নিগম তার নাম পাল্টে ভূতল পরিবহন নিগম নাম করেছে। যখন বাস সারভিস যুক্ত করেছে তখন থেকে তার নাম পরিবর্তন করা হয়েছে। আজকে দেখছি পরিবহন দপ্তর তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে জনগণের ক্রমবর্ধমান চাহিদার কথা চিন্তা করে বাস সারভিস চালু করছে, বাসের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি করছে এবং এইভাবে জনগণের চাহিদা মেটাচ্ছে। আমরা দেখছি, সি. এস. টি. সি.-র ১৯৯১ ছিল ১১৯৬টি বাস সেখানে ১৯৯২-তে বাস হয়েছে ১২৩৫টি। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ১লা এপ্রিল ১৯৯১-তে ছিল ৮০৩ টি বাস, সেখানে ১৯৯১-৯২-তে সেখানে ৯শো হবার কথা। তারপর আমরা দেখছি এসপ্ল্যানেডে বাস গুমটিতে কম্পিউটার চালু হয়েছে।

এই কম্পিউটার ব্যবস্থা চালু হবার ফলে আসন সংরক্ষণ ব্যবস্থা আরও সুষ্ঠুভাবে করা যাবে এবং অন্যান্য কাজও সুষ্ঠুভাবে করা যাবে। এর ফলে দৈনন্দিন কাজকর্ম করার ব্যাপারে উৎকর্ষতা আরও বৃদ্ধি পাবে। স্যার, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার যে কাজ সেটা শুধু দক্ষিণবঙ্গের মধ্যেই সীমাবদ্ধ থাকে তা নয়, কলকাতা এবং আশেপাশের জেলা শহরগুলিতেও এই পরিবহন সংস্থা কাজ করে চলেছে। আজকে তাদের বাসের সংখ্যা ৫৬৭-তে এসে দাঁড়িয়েছে। সেখানে দুর্গাপুরেও কমপিউটার ব্যবস্থা চালু করার ফলে সেখানে যন্ত্রাংশের গুণগত মান ও কাজের পরিমাণগত বৃদ্ধি করা সম্ভব হয়েছে। তা ছাড়া বাসের ধোঁয়া থেকে যে দূষণ

ঘটে থাকে তা প্রতিরোধ করার ব্যবস্থা করা হয়েছে। এই প্রচেষ্টা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। তা ছাড়া আরও অভিনন্দনযোগ্য ব্যাপার হচ্ছে, পথ দুর্ঘটনা কল্যাণ তহবিল যেটা গঠিত হয়েছে তাতে ১লা এপ্রিল, ১৯৯১ সালের পর যদি কেউ পথ দুর্ঘটনায় মারা যায় তাহলে সেখানে তাদের দেয় টাকার পরিমাণ দুই হাজার থেকে বাড়িয়ে ৫ হাজার টাকা করা হয়েছে। তা ছাড়া যদি কোনও ট্যাক্সি চালক মারা যায় তাহলে ৫০ হাজার টাকা দেওয়ার সংস্থান রাখা হয়েছে। পরিশেষে বলছি, বামফ্রন্ট সরকার যে দৃষ্টিভঙ্গি নিয়ে চলছেন তাতে পরিবহনের সঙ্গে রাষ্ট্রীয় পরিবহনের সঙ্গে যুক্ত কর্মীদের জন্য পেনশনের ব্যবস্থা করা হয়েছে। এরজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। স্যার, এই কথা বলে, এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী আজ এই সভায় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা সমস্ত কাট মোশনগুলির প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। স্যার, এই দপ্তরের যে খতিয়ান বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন তা পড়ে আমরা হতাশ হয়েছি। তার কারণ এই একটা দপ্তর যে দপ্তরটা শুধু ব্যর্থতায় ভর্তি। আজকে ও দিককার বন্ধুদের আমি এই প্রসঙ্গে অতীত দিনের কিছু কথা স্মরণ করিয়ে দিতে চাই। পশ্চিমবঙ্গে যখন কংগ্রেস সরকার ছিল—ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে শুরু করে সিদ্ধার্থশঙ্কর রায়ের আমল পর্যন্ত—তখন আজকে যারা সরকারি দলে আছেন তারা বিরোধীদলের সদস্য হিসাবে এই সি. এস. টি. সি. ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন এবং ট্রাম কোম্পানি সম্বন্ধে নানান কথা বলতেন। ওরা মূলত যে কথাগুলি বলতেন সেগুলি হল কংগ্রেস সরকারের আমলে কংগ্রেসের লোকদের অপদার্থতায় ও দুর্নীতিতে এই দপ্তরের লোকসান দিনের পর দিন বাড়ছে। আজকে আমি স্যার, বামফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রী মহাশয়কে আসামীর কাঠগোড়ায় দাঁড় করিয়ে জবাব চাইছি যে গত ১৫ বছর ধরে তার দপ্তর কি করেছেন সেটা তিনি বলুন। আমাদের দলের মাননীয় সদস্য শ্রী অতীশ চন্দ্র সিনহা মহাশয় হিসাব দিয়ে বলেছেন যে ১৯৭৭ সালে কি অবস্থা ছিল এবং এই ১৯৯২ সালে যখন বাজেট পেশ করা হয়েছে তখন এই দপ্তরের অ্যাকুমুলেটেড লস কত। স্যার, রাষ্ট্রীয় পরিবহনের কয়েকটি সংস্থা আছে এবং তারমধ্যে নবতম সংস্থা হচ্ছে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন। আমি প্রায়ই দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে যাতায়াত করি।

আমি যে এলাকা থেকে এসেছি, সেই মেদিনীপুর জেলার কাঁথি তথা দক্ষিণ বঙ্গের একটা বিরাট অংশ যেখানে আমাদের নির্ভর করতে হচ্ছে শুধু বাসের উপর কলকাতার যাতায়াতের জন্য। আমি যদি ধরে নিই, কংগ্রেস যখন পশ্চিমবাংলায় ছিল, তারা তাদের স্বজন পোষণ করবার জন্য তাদের নিজেদের ছেলেদের চাকরি দিয়েছে, তার জন্য লস দিয়েছে। কিন্তু যে দক্ষিণ বঙ্গ স্টেট ট্রান্সপোর্ট আপনাদের সৃষ্টি, যা আপনারা তৈরি করলেন; আমি দেখেছি যে বাসগুলো হাওড়া থেকে দিঘা যায় এবং দিঘা থেকে বিভিন্ন পয়েন্টে যায়, সেই বাসগুলোর কর্মচারীর সংখ্যা মাত্র দুই জন। অথচ ভাবতে অবাক লাগে সেই দক্ষিণ বঙ্গ স্টেট ট্রান্সপোর্টেও কেন লস যায়। সেই দক্ষিণবঙ্গতে লোকসানের পরিমাণ বছরে বছরে কেন বাড়ছে। কেন লোকসানের বছরকে অ্যারেস্ট করা যায় না। তাহলে কি এই কথা বলা যায় না, সেখানে

ভীষণ দুর্নীতি চলছে? যেখানে যাত্রীরা তাদের ভাড়া হিসাবে টাকা দেয়, সেই টাকা মাঝ রাস্তায় থেকে যায়, আমার মনে পড়ছে, এটা ব্যক্তিগত কথা হলেও, আমি রেফারেন্স হিসাবে দিতে চাই, গত কয়েকদিন আগে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর ঘরে গিয়েছিলাম এই কথা বলতে যে আমার নির্বাচনী এলাকা কাঁথি মহকুমা শহর এবং পশ্চিমবাংলার একটা পর্যটন কেন্দ্র দিঘা, সেই দিঘা থেকে কিছু বাসের সংখ্যা বাড়াবার ব্যবস্থা করুন। সেখানে ম্যানেজিং ডিরেক্টার সি. এস. টি. সি. বসেছিলেন, এই বাসের সংখ্যা বাড়ানোর কথা বলার সঙ্গে সঙ্গে তিনি বললেন বাস বাড়িয়ে কি হবে, সেখান থেকে তাদের কোনও আয় হয় না। কিন্তু আমার অভিজ্ঞতা বলে সেখানে সি. এস. টি. সি.-র যে সব বাস যায়, ঐ বাসগুলোতে প্যাসেঞ্জার ভর্তি থাকে, উপছে পড়ে। অথচ সেই প্যাসেঞ্জারদের ভাড়া সি. এস. টি. সি.-র ঘরে জমা পড়ে না। এই সম্পর্কে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমি জবাব চাইব, তিনি তার জবাবি ভাষণে এই সম্পর্কে আশা করি বলবেন। আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই, গতবারে বাজেট বক্তৃতাতেও এই কথা বলেছিলাম, আপনারা কথায় কথায় কেন্দ্রের কথা বলেন, কেন্দ্রের বঞ্চনা, কেন্দ্রের অবিচার, এই সব কথা বলেন? মন্ত্রী মহাশয় গতবারে আশ্বস্ত করেছিলেন, আমি তুলেছিলাম আর. টি. এ. অফিস থেকে যে সমস্ত বেকারদের জন্য অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীমে লোন দেওয়া হয়, তাদের কোনও রুট দেওয়া হয় না। মন্ত্রী মহাশয় গতবারে বলেছিলেন সেই সমস্ত ছেলেদের এবার গেলে নিশ্চয়ই পাবে। আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই, এ. ই. পি. স্কীমে খোলা হয়েছিল, পশ্চিমবাংলায় যখন কংগ্রেস সরকার ছিল, সিদ্ধার্থশঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন। আমাদের দৃষ্টিভঙ্গি এই ছিল যে কোনও বেকার যুবক এ. ই. পি. স্কীমে সিলেক্ট হলে, তার সঙ্গে তাকে একটা রুট দেওয়া হত। এটা শুধু বিরোধিতা করবার জন্য বলছি না, এই কথা মূল্যায়ন করার জন্য যাচাই করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আমাদের দিঘা একটা পর্যটন কেন্দ্র বলে সেখান থেকে বহু বাস আসে, যেমন সি. এস. টি. সি.-র বাস যাতায়াত করে, দক্ষিণ বঙ্গের বাস যাতায়াত করে, কিন্তু তার চেয়ে অনেক বেশি প্রাইভেট বাসগুলো যাতায়াত করে এবং মূলত তারাই সেখানে সার্ভিস দিয়ে থাকে। আমার দেখলাম না আমাদের মেদিনীপুরের আর. টি. এ. অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীমে বেকার যুবকদের সিলেক্ট করার সময় দিঘা পয়েন্ট থেকে কোনও একটা লম্বা রুট, একটা কোনও প্রফিটেবল রুটে কোনও বেকার ছেলেকে দেওয়া হয়েছে। এই জয়াগায় রহস্য লুকিয়ে আছে। বিরাট লেনদেন চলছে। অনেক পয়সার বিনিময়ে রুট বিক্রি করা হচ্ছে। বেশি বিত্তশালিদের বিরাট অঙ্কের অর্থের বিনিময় রুট দিয়ে দেওয়া হচ্ছে। আমি আশা করব মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণের মধ্যে এ বিষয়ে উল্লেখ করবেন। এর সাথে সাথে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে, আমি আপনাকে আগেও বলেছিলাম—দিঘায় একটা বাস স্ট্যান্ড আছে, সেটি পরিচালনার জন্য সেখানে একটা সরকারি ও বেসরকারি মানুষদের নিয়ে কমিটি ছিল। সেই বাস স্ট্যান্ডে প্রায় ২০০ প্রাইভেট বাস থাকে। সম্প্রতি সেই বাস স্ট্যান্ডটা আপনি নিয়ে নিতে চাইছেন এবং নেবার জন্য অনেকটাই এগিয়ে গেছেন। সেই বাস স্ট্যাণ্ডটিতে ১২ জন কর্মচারী এবং কয়েক জন সুইপার কাজে নিযুক্ত আছেন। আমি আশা করব আপনি তাদের বিষয়ে কিছু ভাবছেন এবং সেটা আমাদের জানাবেন। সাথে সাথে ঐ যে বেসরকারি বাসগুলি মানুষের পরিষেবায় নিযুক্ত আছে তাদের দিঘায় একটা বিকল্প বাস স্ট্যান্ড করে দেবেন। এই আবেদনও আমি আপনার কাছে রাখছি। এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্য

প্রভঞ্জনবাবুকে একটা কথা বলব যে, তিনি এক সময় কাঁথিতে ছিলেন, কাঁথি কলেজে পড়াশুনা করেছেন। এখন তিনি সাগরে থাকেন এবং সেখানকার বিধায়ক। তার নির্বাচনী এলাকা সাগর থেকে আমার নির্বাচনী এলাকা মেদিনীপুরের রসুলপুর পর্যন্ত যে দীর্ঘ আড়াই ঘণ্টা সময়ে লঞ্চ সার্ভিসটি চালু আছে সেই সার্ভিসের মাধ্যমে সাগর সহ দক্ষিণ ২৪-পরগনা জেলার বিস্তীর্ণ অঞ্চলের মানুষরা জল পথে মেদিনীপুর জেলার বিস্তীর্ণ অঞ্চলে যাতায়াত করেন। আমি প্রস্তাব করছি সেখানে ছোট লঞ্চের পরিবর্তে ভেসেল সার্ভিস চালু করা হোক। আমি আশা করব সাগরের বিধায়ক হিসাবে প্রভঞ্জনবাবু এ বিষয়ে আমার সঙ্গে এক মত হবেন। আমি শুনেছি সেখানে ভেসেল সার্ভিসের জন্য অনুসন্ধান করা হয়েছে, সার্ভে করা হয়েছে। সুতরাং দ্রুত সেই সার্ভিস চালু করার জন্য আমি প্রস্তাব রাখছি। পশ্চিম বাংলা ছাড়া ভারতবর্ষের প্রত্যেক রাজ্যে ট্রাক টারমিনাস আছে। কেবল পশ্চিম বাংলায় নেই। গত ১৫ বছর ধরে হাওড়ায় একটা ট্রাক টার্মিনাস করার প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে। কিন্তু আজ পর্যন্ত তা হয়নি। আমরা জানি কলকাতা মহানগরী সহ রাজ্যের বিভিন্ন জায়গায় বুকিং এজেন্সি আছে। এগুলি ব্যক্তিগত মালিকানাধীন। আজকাল আমাদের রাজ্যে বহু বেকার যুবক লরির ব্যবসায় যুক্ত আছে। তারা মিডিল ম্যানদের খপ্পরে পড়ছে। বাস এবং ট্যাক্সির ক্ষেত্রে যেমন রেট ফিক্সেশন আছে তেমন ট্রাকের ক্ষেত্রে নেই। বেসরকারি বুকিং এজেন্সিগুলির কোনও লাইসেন্স নেই। তারা অবৈধ ব্যবসা করছে। রেট ফিক্সেশনের জন্য দীপেন ঘোষের নেতৃত্বে একটা কমিটি তৈরি করা হয়েছিল। এবং সেই কমিটি তাদের রিপোর্টও সরকারের কাছে জমা দিয়েছেন। কিন্তু তা আজ পর্যন্ত প্রকাশিত হয়নি। আমি দাবি করছি মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণের মধ্যে দিয়ে আমাদের জানান যে, সেই রিপোর্ট অনুযায়ী—কি রেট তারা ধার্য করেছেন এবং সেটা কবে থেকে কার্যকর হবে? আমি আশা করব মাননীয় মন্ত্রী স্পষ্টভাবে সেটা আমাদের কাছে আজকে রাখবেন।

পরিশেষে আমি বলব যে, যে সংসার ধার করে চলে সে সংসারে সুখ থাকতে পারে না, সমৃদ্ধি তো অনেক দূরে। এই পরিবহন দপ্তরেরও সেই অবস্থা। তাই আমি এই দপ্তরের জন্য আনা বাজেটকে সমর্থন করতে পারলাম না। আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস ঃ মাননীয় স্পিকার স্যার, আমি পরিবহন দপ্তরের ব্যয় বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনের তীব্র বিরোধিতা করে দু-চারটে কথা বলছি।

পরিবহন ব্যবস্থা মূলত একটা সমাজ সভ্যতার অগ্রগতির সাথে সাথে যুগে যুগে, দেশে দেশে পরিবর্তিত হয়। আজ থেকে ২০ বছর পূর্বে পরিবহন ব্যবস্থায় যা প্রয়োজন ছিল তা আজকে সমাজ জীবনের সাথে সাথে পরিবর্তিত হয়ে গেছে। বর্তমানে আমরা দেখছি কেন্দ্রীয় সরকার তার নয়া অর্থনীতির মধ্যে দিয়ে ভারতবর্ষের যুক্ত রাষ্ট্রীয় শাসন ব্যবস্থার উপর একটা বিরাট আঘাত হেনেছেন। যার ফলে বিভিন্ন রাজ্য সরকারের যে প্রাপ্য অর্থ সেই অর্থ থেকে বঞ্চিত হচ্ছে এবং মাননীয় মন্ত্রী মহাশয় তার ব্যয়-বরাদ্দের যে পুস্তিকা দিয়েছেন তার প্রতিটি ক্ষেত্রে দেখা যাচ্ছে অর্থ সংস্থানের বিরাট সমস্যা, প্রয়োজন অনুসারে অর্থ পাওয়া যাচ্ছে না। যার ফলে আধুনিকীকরণে বা উন্নয়ন সম্ভব হচ্ছে না। বিভিন্ন ক্ষেত্রে যেমন, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টের ক্ষেত্রে গাড়ি বেড়েছে ৩৯টি, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ক্ষেত্রে গাড়ি

বেড়েছে ৯৭টি, আবার দক্ষিণ বঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ক্ষেত্রে গাড়ি বৃদ্ধি হয়েছে ৪৬টি। এক্ষেত্রে আমি বিশেষ করে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার সমস্যা সমাধানের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছিল। ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পরে জনজীবনে মানুষের গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে দিয়েছিল। কিন্তু গত ৬ মাস ধরে দেখছি, বিশেষ করে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার চেয়ারম্যান যিনি এখানকার বিধানসভার মাননীয় সদস্য শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি, তিনি চেয়ারম্যান পদ থেকে যাওয়ার পর সরকারি প্রশাসক মিঃ বি. সি. গুপ্তা তিনি চেয়ারম্যান হিসাবে আসেন এবং উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর যিনি কোচবিহারে রয়েছেন, শ্রী নির্মল চ্যাটার্জি, তিনি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার একটা সেকশন শ্রমিক কর্মচারীর উপর অত্যাচার এবং স্টিম রোলার চালিয়ে যাবার চেষ্টা করছেন। যার ফলশ্রুতি দেখতে পাচ্ছি, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার যারা ড্রাইভার রয়েছেন তাদের উপর অবৈধভাবে বদলির খড়গ নেমে আসছে। যেখানে বামফ্রন্ট সরকার সমাজের প্রতিটি অংশের মানুষকে সংগঠিত হবার গণতান্ত্রিক অধিকার দিয়েছে, এমন কি পুলিশ কর্মচারিদের ইউনিয়ন করবার অধিকার দিয়েছে, অ্যাশোসিয়েশন করবার অধিকার দিয়েছে যা ভারতবর্ষের দিক-দিগন্তে প্রশংসিত হয়েছে, কিন্তু এই এম. ডি. যে ড্রাইভার অ্যাশোসিয়েশন গড়ে উঠেছে দীর্ঘদিন ধরে এবং যারা শ্রমিক আন্দোলন করে আসছেন তাদের স্বীকৃতি তো দিচ্ছেন না, উপরন্তু এন. বি. এস. টি. সি.-র ড্রাইভারস অ্যাশোসিয়েশন যারা কর্মকর্তা রয়েছেন তারা যাতে অ্যাশোসিয়েশন করতে না পারে তার জন্য তাদেরকে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে বদলি করা হচ্ছে গণতান্ত্রিক অধিকার খর্ব করে যা বামফ্রন্ট সরকারের ভাবমূর্তিকে নষ্ট করে। এইভাবে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার শ্রমিক কর্মচারিদের হেয় করছে প্রতিদিন। আর একটি বিষয়, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় মাল পরিবহনের যে বিভাগ ছিল সেই বিভাগটি তুলে দেওয়া হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি, ঐ মাল পরিবহনের সাথে উত্তরবঙ্গের বিরাট অংশের মানুষের সুখ-দুঃখ, ব্যথা-বেদনা জড়িয়ে আছে, সুতরাং এই মাল পরিবহন-এর আধুনিকিকরণ করার দাবি রাখছি, তার উন্নয়নের জন্য দাবি রাখছি। আর একটি কথা বলছি, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় সেন্ট্রাল ওয়ার্কশপটি কোচবিহারে স্থাপন করার প্রচেষ্টা নেওয়া হয়েছিল। দীর্ঘ ১৫ বছর অতিবাহিত হয়েছে, গঙ্গা, যমুনা, তিস্তা এবং মহানন্দা দিয়ে বহু জল গড়িয়ে গেছে যদিও বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে জনজীবনে পরিবর্তন এসেছে, দেশের উন্নয়ন হয়েছে কিন্তু কোচবিহারে সেন্ট্রাল ওয়ার্কশপটি অদ্যাবধি স্থাপিত হয়নি। সেইজন্য সেন্ট্রাল ওয়ার্কশপটি অবিলম্বে শুরু করার জন্য দাবি রাখছি। কোচবিহারে বাস-টার্মিনাস-এর জায়গা নেওয়া হয়েছে, কিন্তু বাস টার্মিনাসের কাজ আজও শুরু হয়নি। সেই ক্ষেত্রে ঐ কুচবিহারের বাস স্ট্যান্ড অবিলম্বে শুরু করবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহনসহ সমস্ত পরিবহনের ক্ষেত্রে আধুনিক বাস স্ট্যান্ড নির্মিত হচ্ছে এবং বিভিন্ন ক্ষেত্রে এই যে বাস স্ট্যান্ডগুলি নির্মিত হচ্ছে এর রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে মনে হয় একটু যত্নবান হওয়া প্রয়োজন। এ ক্ষেত্রে দীনহাটায় এবং অন্যান্য জায়গায় যেমন বাস স্ট্যান্ড নির্মিত হয়েছে, কুচবিহারের ক্ষেত্রে তেমন হয়নি ও অন্যান্য মহকুমায় সে রকম হয়নি। শিলিগুড়িতে তেনজিং নোরকে বাস টার্মিনাস অত্যন্ত প্রশংসিত হয়েছে মানুষের মধ্যে বামফ্রন্ট সরকারের সাফল্য তুলে ধরেছে

এইভাবে প্রতিটি কাজে গুরুত্ব দেওয়া হয়েছে, যেগুলিতে গুরুত্ব দেওয়া হয়নি সেগুলিতে গুরুত্ব দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। দুর্ঘটনা জনিত মৃত্যুর জন্য যে অর্থ প্রদান করা হত সেই দু-হাজার টাকাকে বাড়িয়ে আপনি ৫ হাজার টাকা করেছিলেন, কিন্তু আমার অনুরোধ যে ঐ ৫ হাজার টাকাকে বাড়িয়ে ১০ হাজার টাকা করুন। কারণ বর্তমান আর্থ-সামাজিক ব্যবস্থায় ৫ হাজার টাকাটা খুবই সামান্য। আর একটি কথা হচ্ছে এম. ভি. আই. এবং পুলিশের যৌথ অভিযানে পরিবহনের বিভিন্ন আইন কানুন সঠিকভাবে প্রয়োগ হচ্ছে না, এবং না হয়ে থাকলে কোথায় ত্রুটি বিচ্যুতি আছে তা দেখবার জন্য যে ব্যবস্থা রয়েছে সেই ব্যবস্থার নাম দিয়ে এক শ্রেণীর আমলা এবং অফিসার দুর্নীতি করছেন। মানুষের সমস্যার সমাধান এই আমলা এবং অফিসারদের জন্য হচ্ছে না। আমি জানি মাননীয় মন্ত্রী মহাশয় অত্যন্ত ডায়ানামিক, তিনি এ ব্যাপারে বলিষ্ঠ পদক্ষেপ নেবেন। বামফ্রন্টের যে উদ্দেশ্য ছিল এই আমলা এবং অফিসাররা তাকে যাতে ভিন্ন দিকে প্রবাহিত না করতে পারেন তার জন্য বিশেষ ভূমিকা নিতে অনুরোধ করছি। আর একটি বিষয় হচ্ছে উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ এবং কলকাতা রাষ্ট্রীয় পরিবহনে বছর বছর বাসের সংখ্যা বাড়ছে এবং পাশাপাশি যে বাসগুলি রুগ্ন এবং অচল হয়ে যাচ্ছে অবিলম্বে সেগুলি সারানো এবং রুটে নামানো প্রয়োজন। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে দূর পাল্লার বিশেষ করে নূতন নূতন রুটের সুযোগ সুবিধা মানুষের মধ্যে প্রসারিত করছে, কিন্তু পাশাপাশি লোকাল রুটের গাড়ির সংখ্যা দিন দিন কমে যাচ্ছে। গ্যারেজের মধ্যে দেখা যাচ্ছে রুগ্ন গাড়ির সংখ্যা বাড়ছে। যদি ৫০ খানা গাড়ি নামে তো ৭০ খানা বসে যায়। সারানোর ব্যবস্থা থাকলে এই অবস্থা হত না, সারানোর ব্যবস্থা এবং এর আধুনিকিকরণ এবং অন্যান্য বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি বিষয় হচ্ছে যে, বামফ্রন্টের ঘোষিত নীতিই হচ্ছে প্রশাসনে সমাজের সর্ব স্তরের মানুষের অংশ গ্রহণের মধ্যে দিয়ে সাফল্য লাভ করা, অথচ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা সম্বন্ধে বিশেষ করে আবেদন করছি—আমার বাড়ি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের হেড অফিসের এক কিলোমিটারের মধ্যে—আমি মাঝে মাঝে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য সেখানে যাই কিন্তু ঐ এম. ডি. সাহেব, তার ন্যূনতম বোধ, এবং গণতান্ত্রিক মূল্যবোধ নেই। আমার সাথে তিনি অত্যন্ত রূঢ় আচরণ করেছেন। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা মানুষের স্বার্থের সাথে ওতপ্রোতভাবে জড়িত, কিন্তু এক শ্রেণীর আমলা ও অফিসারদের জন্য তা বাঞ্চাল হতে বসেছে। তারা যাতে এটা বাঞ্চাল করতে না পারে এবং তার পাশাপাশি কেন্দ্রীয় সরকারের বঞ্চনা যা চলছে সে সম্পর্কে সর্বস্তরের মানুষকে অবহিত করে পশ্চিমবঙ্গের পরিবহনকে আধুনিকিকরণ করবেন, আপনার কাছে আবার এই অনুরোধ রেখে, আপনার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ পুরকায়েত ঃ (মাননীয় বক্তা উপস্থিত ছিলেন না।)

শ্রী মনোহর তিরকি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সম্পূর্ণ রূপে সমর্থন করছি। এই আর্থিক অনটন এবং দূরবস্থার মধ্যেও উনি যে ভাবে পরিবহন ব্যবস্থাকে পরিচালনা করছেন তার জন্য সাধুবাদ জানাই। বিভিন্ন ব্যক্তি নিজের নিজের এলাকার সমস্যার কথা বলছেন। আমি উত্তরবঙ্গের ডুয়ার্স অঞ্চলের পাহাড় এবং জঙ্গলের এলাকার মানুষ।

আমদের রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলির মধ্যে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা নাম করা বিহার হোক, আসাম হোক, বহু জায়গায় বাসগুলি যাতায়াত করে। পরিবহনের ক্ষেত্রে এর সুনাম আছে। কিন্তু এই সংস্থায় বাস ছাড়ার ক্ষেত্রে টাইম-টেবল মেন্টেন করা হচ্ছে না। এ-ব্যাপারে আমি চিঠি লিখেছি, কিন্তু কোনও উত্তর পাইনি। চেয়ারম্যানের সঙ্গে দেখা করতে গিয়ে তার দেখা পাইনি। সবার অভিযোগ, চেয়ারম্যান ওখানে থাকেন না। পাবলিক রিপ্রেজেন্টেটিভ হিসাবে আমি এই অভিযোগ করছি। ঐ সংস্থায় বোর্ড যা গঠিত হয়েছে তাতো কোনও বিধায়ক নেই। আগে প্রাক্তন বিধায়ক নাথানিয়াল মুর্মু ছিলেন। এই রকম কিছু বিধায়ককে বোর্ডে রাখা হোক এই অনুরোধ করছি। দূর পাল্লার যেসব বাস চলে তাতে কোনও সিকিউরিটি ব্যবস্থা নেই। বাসগুলিতে সিকিউরিটি ব্যবস্থা করবার জন্য বলছি। ঐ সংস্থার যেসব বাস রাঁচিতে যায় তার থেকে সবচেয়ে বেশি প্রফিট হয়। ঐ বাসে আদিবাসী জনগণ বেশি যাতায়াত করেন। কিন্তু অনেক সময় তাদের সঙ্গে অভদ্র ব্যবহার করা হয়। রাস্তায় বলা হয়—যাও তো যাও, না হয় উতার যাও। টিকিটও ঠিকমতো দেওয়া হয় না। যাতে এসব না ঘটে সেটা দেখবার জন্য অনুরোধ করছি। বাস স্ট্যান্ডের ব্যাপারে বলছি, শিলিগুড়িতে যেমন বাসস্ট্যান্ড করেছেন তেমনি আলিপুরদুয়ার, কুমারগ্রাম, জয়গাঁ, বীরপাড়াতে বাসস্ট্যান্ড গড়ে তুলুন এবং সেখানকার নতুন নতুন রুটে বাস চালু করা হোক। কিন্তু লক্ষ্য করেছি, দূর পাল্লার বাস চালু করতে গিয়ে সেখানকার লোকাল বাস উঠিয়ে দিচ্ছেন। ফলে বর্তমানে লোকাল বাস যা জলপাইগুড়ি জেলাতে চলত তা বহু জায়গা, বিশেষ করে বনাঞ্চল এবং চা বাগান এলাকা কভার করতে পারছে না। সেজন্য অনুরোধ করছি ঐসব রুটে পাবলিক বাস হোক বা প্রাইভেট বাস হোক, দেওয়া হোক।

[6-10 — 6-20 P.M.]

আমার আর একটা সাজেশন হচ্ছে, রেলের যেমন কম্পিউটার সিস্টেম চালু আছে বাসের টিকিটের ক্ষেত্রে যদি সেই রকম ব্যবস্থা চালু করা যায় তাহলে ট্যুরিস্টদের খুব সুবিধা হবে। কলকাতা থেকে নর্থ বেঙ্গলে অনেকে বেড়াতে যায়। তাদের টিকিট কাটা নিয়ে একটা প্রবলেম দেখা দেয়। কারণ শিলিগুড়িতে অনেকে টিকিট পায় না, তাতে অনেক ঝামেলা হয়। আলিপুরদুয়ার থেকে যাতে ব্রেক জার্নি করতে পারে সেইরকম ব্যবস্থা থাকলে যাত্রিদের অনেক সুবিধা হয়। কারণ তারা মালদা, হাজারদুয়ারি ইত্যাদি বিভিন্ন জায়গায় দর্শনীয় স্থান দেখে আবার ঐ টিকিট ব্যবহার করতে পারে। আপনি পশ্চিম বাংলায় রোড ট্রান্সপোর্টের সুবিধা জনগণের কাছে পৌঁছে দেবার যে ব্যবস্থা করেছেন সেটা ভাল কাজ করেছেন। আপনি কলকাতায় মিডি বাস, ম্যক্সি বাস করে ভাল করেছেন। এতে যদিও কিছু পয়সা বেশি লাগে কিন্তু এতে জনগণের অনেক সুবিধা হয়েছে। আপনাকে বলব যে উত্তরবঙ্গে যেখানে বাস নেই, যে সমস্ত জায়গায় লোকেরা লোডেড ট্রাকে করে যাতায়াত করে, প্রাইভেট গাড়িতে দুই, তিন গুণ বেশি পয়সা দিয়ে তাদের যাতায়াত করতে হয়। তারপরে অনেক সময়ে তাদের অনেক দূর থেকে মেন রাস্তায় এসে বাস ধরতে হয়। সেই সমস্ত জায়গায় যদি এই রকম মিডি বাস চালাতে পারেন তাহলে সেখানকার জনগণের অনেক উপকার হয়। এইসব জায়গায় বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিয়ে উঠছে। তারা মনে করছে যে আগের সরকারের আমলেও বাস ছিল না, এই সরকারের আমলেও কোনও ব্যবস্থা হল না। কাজেই আমি আপনার কাছে

অনুরোধ করব যে এই বিষয়ে আপনি নজর দেবেন। আরও কিছু কিছু অসুবিধা আছে। দুর্নীতি রোধের ব্যাপারে আপনি চেষ্টা করছেন। আমি আজকে বাসে আসার সময়ে দেখেছি যে বাসে টিকিট চেকিং হচ্ছে এবং দুই-একজন ধরাও পড়েছে। বাসে এই ধরনের চেকিংয়ের ব্যবস্থা দেখে আমি খুশি হয়েছি। মাঝে মাঝে এই রকম চেকিংয়ের ব্যবস্থা করলে ভাল হয়। আইন আছে যে টিকিট ফাঁকি দিলে তাদের শাস্তি হবে। অনেক সময়ে দেখা যায় যে কিছু কিছু লোক টিকিট কাটে না। এক টাকার ভাড়ার জায়গায় কন্ডাক্টরকে আট আনা দিয়ে চলে যায়, আর কন্ডাক্টরও তাদের টিকিট দেয় না। এইভাবে যখন দেখা যায় যে টিকিট বিক্রি হচ্ছে না তখন সেই অজুহাত দেখিয়ে রুটটা বন্ধ করে দেওয়া হয়। এক্ষেত্রে কন্ডাক্টরও যাতে ফাঁকি দিতে না পারে সেটাও দেখা দরকার। আমাদের ঐসব এলাকায় বেশির ভাগ আদিবাসী সম্প্রদায়ের মানুষ বাস করে। তারা অশিক্ষিত লোক, তারা কিছু বুঝতে পারে না। তাদের নানা অজুহাত দেখিয়ে বাসগুলি বন্ধ করে দেওয়া হচ্ছে। আমি এই ব্যাপারে নজর দেবার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি। কুচবিহারে জানি না কি কারণে ক্যাজুয়াল কর্মীদের ছাঁটাই করা হল। আশা করি এই সম্পর্কে বলবেন। আর একটা কথা হচ্ছে, ওখানে আগে যিনি চেয়ারম্যান ছিলেন, শিবেন চৌধুরি মহাশয়, তিনি বলেছিলেন যে ওখানে একটা সেন্ট্রাল ওয়ার্কশপ হওয়া দরকার। আমি মনে করি যে এটা হওয়া দরকার। ওখানে সেন্ট্রাল ওয়ার্কশপ হলে যে সব বাসগুলি খারাপ হয়ে পড়ে আছে সেগুলি মেরামত করে চালানো যায়। তাতে লাভও হবে এবং অনেক মানুষের কর্মসংস্থানও হবে। কাজেই এদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেবার জন্য অনুরোধ করব। আর একটা কথা হচ্ছে, ভূটান থেকে কলকাতায় বাস আসে। কাজেই কলকাতা থেকে ভূটান সীমান্ত এলাকা জায়গায় পর্যন্ত বাস চলাচল করার ব্যবস্থা করলে ভাল হয়। কারণ এটা করলে ভূটানের সঙ্গে সিকিমের সঙ্গে যোগাযোগ করা যায়। তারপরে মেন্টেন্যান্স-এর ব্যাপারে যে সব ত্রুটি-বিচ্যুতিগুলি আছে সেগুলি দূর করা দরকার। এছাড়া উত্তরবঙ্গের বাস দক্ষিণবঙ্গে যাচ্ছে, দক্ষিণবঙ্গের বাস উত্তরবঙ্গে যাচ্ছে, এগুলি ভাল কথা। কিন্তু উত্তরবঙ্গের শিলিগুড়ি পর্যন্ত কেন, আলিপুরদুয়ার পর্যন্ত যাক। কলকাতার বাস দক্ষিণবঙ্গে যাচ্ছে, ঐদিকেও যাক। লোকে যাতে না ভাবে যে দক্ষিণবঙ্গে বেশির ভাগ বাস যাচ্ছে, উত্তরবঙ্গে যাচ্ছে না। কাজেই দক্ষিণবঙ্গেও যাক, উত্তরবঙ্গেও যাক, পুরুলিয়ায়ও যাক, সব জায়গায় যাওয়া-আসা করুক।

যে ত্রুটিগুলি আছে এবং যে সাজেশন রাখলাম সেই দিকে নজর দেবেন। এই কথা বলে আপনার বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ দীপক চন্দ ঃ স্যার, আজকে ডিমান্ড নং ১২, ৭৭, ৭৮, ৮০ যে পেশ করা হয়েছে আমি সেই ডিমান্ডগুলিকে সমর্থন করে এবং বিরোধীদের তরফ থেকে যে সমস্ত প্রস্তাব এসেছে সেইগুলি সমর্থন করছি না, বিরোধিতা করছি। আমি কলকাতার এম. এল. এ. কলকাতাকে আমি কন্সেন্ট্রেট করব। আমি বলব সি. এস. টি. সি.-র সারভিস নিয়ে। কলকাতা আনপ্ল্যানটেড সিটি শুরু থেকেই। সারা পৃথিবীর সমস্ত দেশের মানুষকে আমরা এখানে জায়গা দিই, আমরা বিমুখ করি না। উদ্বাস্তুরা এসেছিল, ৪৫ লক্ষ লোক এসেছিল এই শহরে। কিন্তু সেই পরিকল্পনা মাফিক কলকাতা শহর তৈরি হয় নি। আমাদের এখানে যে পরিমাণ রাস্তাঘাট থাকা উচিত ছিল সেটা নেই। পৃথিবীর মেট্রোপলিটান টাউনে যেটা আছে ৪০ পারসেন্ট রাস্তা,

আমাদের এখানে সেটা নেই, আমাদের আছে ৬ পারসেন্ট। এই সীমিত রাস্তাঘাট নিয়ে, কেন্দ্রীয় সরকারের টোটাল বঞ্চনা নিয়ে আমাদের শহরের গরিব মানুষদের দিকে তাকিয়ে তাদের উপকারে লাগাবার, তাদের প্রয়োজনে লাগাবার জন্য সারভিসটাকে ব্যবহার করার চেষ্টা করছি। গত ১৪ বছরে এফিসিয়েন্ট বেড়েছে, আরো এফিসিয়েন্ট বাড়বে। আমি আপনাদের পরিসংখ্যান দিয়ে বলবো। অতীশবাবু মাননীয় ব্যক্তি, একসঙ্গে পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে আছেন, উনি ভাল কথাবার্তা বলেন। তিনি এখানে এই কথা বললেন না যে টাকা পরিকল্পনা খাতে পেল না, ব্যাংক থেকে লোন নিতে হল, লজ্জার কথা। এটা লজ্জার কথা নয়। লজ্জার কথা হচ্ছে আই. এম. এফ-এর কাছে ভিক্ষের ঝুলি নিয়ে যাওয়া। আপনারা গেছেন বিদেশের কাছে আমাদের দেশের সংস্থার কাছে গেছেন। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা খাতে আরো টাকা দেওয়া উচিত ছিল। কেন্দ্রীয় সরকার যদি টাকা দিত তাহলে আমরা বাস আনতে পারতাম, আরো বাস কিনতে পারতাম। এখন আপনারা তা দেন নি, সেই জন্য আমাদের দেশের ফাইনান্সিয়াল ইন্সটিটিউট স্টেট কো-অপারেটিভ ব্যাংক থেকে টাকা নিয়েছি এবং তাদের কাছ থেকে ১৮ পারসেন্ট সুদ দিয়ে নিয়েছি। সাধারণ মানুষের প্রয়োজনে ব্যবহার করার জন্য এই টাকা নেওয়া হয়েছে সারা পশ্চিমবাংলার জন্য সারা ভারতবর্ষের প্রিন্সিপ্যাল মেট্রোপলিটান টাউনগুলির বাস ভাড়ার একটা পরিসংখ্যান তুলে ধরছি। আমাদের এখানে সাধারণ মানুষের জন্য পার কিলোমিটার শর্ট ডিসটেন্সে ভাড়া ৮ পয়সা এবং লং ডিসটেন্সে ১৩ পয়সা। সেখানে অন্যান্য জায়গায় পার কিলোমিটার সট ডিসটেন্সে ২৫ পয়সা এবং লং ডিসটেন্সে ৫০ পয়সা। এর পরে গ্রামে-গঞ্জে গরিব সাধারণ মানুষকে কতটা শহরে নিয়ে আসতে পেরেছি। শহরের মেন এলাকাগুলির মেন রাস্তা থেকে সাধারণ মানুষের প্রয়োজনে আমাদের ক্ষমতা মতো বাস নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। তার একটা পরিসংখ্যান তুলে ধরছি।

[6-20 — 6-30 P.M.]

আমাদের নাম্বার অফ রুটস্ এই কলকাতায় ১৯৭১-৭২ সালে ছিল ২৯টি, ১৯৭৬-৭৭ সালে আপনাদের শেষ সময়ে হয়েছিল ৪৭টি রুট। ১৯৮২-৮৩ সালে হয়েছিল ৬৫টি এবং ১৯৯১-৯২ সালে হয়েছে ১১১টি। নতুন নতুন রুট এখন হয়েছে, অর্থাৎ আরো বেশি মানুষকে কনভেয়ান্সের কাছাকাছি এনেছি। আমাদের লং ডিসটেন্স রুট সি-এস-টি-সি-তে ছিল ১৯৭১-৭২ সালে ৮টা। এফিসিয়েন্সির কথা বলছেন? ১৯৭৬-৭৭ সালে লং ডিসটেন্সে ছিল ২৮টি, ১৯৮২-৮৩ সালে এটা ছিল ৫৮টা, আর ১৯৯১-৯২ সালে হয়েছে ৯১টা। রুট লেনথ্ পার কিলোমিটার যে টোটাল কভার করছি পার বাসে, আমাদের এই যে রুট বন্ধ, আপনাদের টোটাল রুট লেনথ্ ১৯৭১-৭২ সালে ছিল ৩৬২ কিলোমিটার। ১৯৭৬-৭৭ সালে, অর্থাৎ আপনারা যখন চলে গেছেন সেই সময়ে করে গেছেন, ৬৪৬ কিলোমিটার কভার করেছেন। আমরা ১৯৮২-৮৩ সালে কভার করেছি ১,০৩৬ কিলোমিটার। আর ১৯৯১-৯২ সালে ১,৮৭২ কিলোমিটার কভার করেছি রুট লেনথ্। এফিসিয়েন্সির কথা বলছেন? লং ডিস্টান্সে ১৯৭১-৭২ সালে আপনারা কভার করেছিলেন, টোটাল লেনথ্ ৮২৪ কিলোমিটার। যেদিন আপনারা ছেড়ে চলে গেলেন তখন ৫,৬৫৮ কিলোমিটার কভার করেছিলেন। লসের কথা বলছেন, গ্রস লস? লসের কথায় আমি পরে আসছি। ১৯৮২-৮৩ সালে কত ছিল কভারেজ — ৯,০৪৭ কিলো মিটার। আর ১৯৯১-৯২ সালে লং ডিস্টান্স যেটা হয়েছে—১৫০০০

হাজার কি.মি. ডেইলি কভারেজ হয়েছে—এফেকটিভ কভারেজ হয়েছে। আমাদের ডেইলি কভারেজ, সি-এস-টি-সি-তে ডেইলি যে সমস্ত বাস চলে সেগুলোর মধ্যে আপনাদের সময়ে ছিল ৬২,৪৬৬ কি.মি. ছিল, যেদিন আপনার চলে গেলেন তখন ছিল ৯৭,২৬০ কি.মি. ডেইলি কভারেজ। ১৯৮২-৮৩ সালে তা হয়েছিল ১ লক্ষ ১৯ হাজার, আর ১৯৯১-৯২ সালে তা হয়েছে ১ লক্ষ ৫৬ হাজার। কোথায় ছিলেন আপনারা ৬২ হাজারে দাঁড়িয়ে, সেখানে আমাদের সময়ে এফেকটিভ কভারেজ পার বাস অনেক বেড়েছে। আপনাদের সময়ে, ১৯৭১-৭২ সালে ছিল ৭৭ কি.মি., আর যখন চলে গেলেন তখন ছিল ৯৮ কিমোমিটার। ১৯৮২-৮৩ সালে এফেকটিভ—পার বাস হয়েছে ১.৯১, আর আজকে ১৩১.৬১ কিলোমিটার —এটা গোল। এরই উপরে অবজেকটিভটা নির্ভর করছে। লসের কথা যেটা আপনার বারবার বলছেন—যে লস মেট্রোপলিটান টাউনে—আমি পৃথিবীর সব জায়গায় ঘুরি, আপনার সংবাদপত্র ইত্যাদির মাধ্যমে নিশ্চয়ই খবর রাখেন বলে মনে করি, আপনার ইগনোর‍্যান্ট বলে মনে করি না। নিউইয়র্কে ওয়ান বিলিয়ান ডলার সাবসিডি দিতে হয় তাদের মেট্রোপলিটান টাউনে। এক ডলার দিয়ে এ মাথা থেকে ওমাথা যেতে পারবেন, সেখানে স্টেট সাবসিডি দিচ্ছে। লণ্ডনে মার্গারেট থ্যাচার সমস্ত ইউটিলিটির ব্যাপারে ইনফ্লেশান কমাতে বাধ্য হয়েছেন। পাবলিক ট্রান্সপোর্টে লণ্ডনে কমাতে পারেনি। আজও তারা এক হাজার শত পাউণ্ড সাবসিডি দিচ্ছে।

আপনার দিল্লির সরকার কত সাবসিডি দেয় বলুন তো? সেখানে ২৫ পয়সা পার কিলোমিটার বাস ফেয়ার দিতে হয় এবং ৫০০ টাকার পরে সাবসিডি দিতে। আপনারা নর্থের কথা বলছেন, আমাদের সঙ্গে আপনাদের তফাৎ আছে। আমরা অবজেকটিভ ভাবে চলার চেষ্টা করি অর্থাৎ আমরা গরিব মানুষকে তাদের কর্মস্থানে যাতে পৌঁছাতে পারে তার ব্যবস্থা করেছি। আপনাদের আমলে তো গ্রামের গরিব মানুষরা ফসল তৈরি করত আর মাঝখানে আপনারা থেকে দালালের কাজ করতেন। তখন তো বাস ছিল না, আপনারা নিজেদের লরি ইত্যাদির সাহায্যে সেই ফসল নিয়ে শহরে আসতেন আর গ্রামে গরিব মানুষরা শহরের কাছাকাছি আসতে পারত না। গ্রামের মানুষরা ফসল তৈরি করত কিন্তু তারা ন্যায্য মূল্য পেত না। সেইদিক থেকে এখন অনেক পার্থক্য। আমরা চাষিদের ন্যায্য মূল্যে পণ্য সরবরাহ করার ব্যবস্থা করেছি। ১৯৩৩ সালে দারুণ আর্থিক সংকট ছিল আমেরিকাতে এবং সেই সময়ে রুশভেল ছিলেন আমেরিকার প্রেসিডেন্ট। সেই সময়ে সমস্ত লোকের চাকুরি চলে গেছিল এবং অর্থ ভাণ্ডার একেবারে শূন্য হয়ে গেছিল। দারুণ এক ইকোনমিক ক্রাইসিস চলছিল। তিনি তখন ভীষণভাবে চিন্তা করলেন এবং শেষ পর্যন্ত এই সিদ্ধান্তে এলেন যে দেশের মধ্যে ইন্টার কানেকশন যদি করতে না পারেন তাহলে কিছুতেই অর্থ সংকট মোচন করতে পারবেন না। এবং সেই কারণে তিনি গ্রাম থেকে শহরের মধ্যে ইন্টার কানেকশন করলেন। এবং এই কারণে আজকে আমেরিকা এতো উচ্চ আসনে বসে আছে। সমস্ত গ্রামের মধ্যে একটা ইন্টার কানেকশন আছে, বাস চলাচল করে। আপনারা বোধহয় জানেন না যে, আমেরিকার নর্টজাম থেকে নিউইয়র্ক ৪ হাজার মাইল, কিন্তু এখন সেখানে মাত্র ৪ দিনে পৌঁছানো যায়। সুতরাং যানবাহনের ব্যবস্থা না থাকলে কখনো দেশের উন্নতি হবে না।

(গোলমাল)

আপনার পার বাস প্রতি যে পারসেনটেজ আগে যা ছিল এখনও তাই আছে। তখনও ২ টাকা খরচ হলে আয় হত ১ টাকা, এখনো তাই আছে। আমরা এখনো সেই রান করছি। আমাদের ৬ টাকা আয় হলে কিন্তু এখন ৬ টাকা লস হচ্ছে। সুতরাং কত পারসেনটেজ লস হচ্ছে—৫০ পারসেন্ট লস হচ্ছে। সুতরাং আপনাদের আমলে যে পারসেনটেজ লস হত এখনো তাই আছে। তবে আমাদের অবজেকটিভ হচ্ছে আমরা আরো বেশি করে বাস বার করেছি যাতে করে গ্রামের মানুষরা শহরে আসতে পারে। এইবার আমি আসছি এন বি এস টি সির ব্যাপারে, এখানে টোটাল কভারেজ ক্ষেত্রে পার ডে কভারেজ ৭৮,০০০ মাইল এবং সেটা কিলোমিটার হিসাবে ধরলে পার ডে কভারেজ ১.৯৩ কি.মি.। সুতরাং লস তো হবেই এবং সেক্ষেত্রে ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের কাছ থেকে ধার নিতে বাধ্য হচ্ছি। পরিকল্পনা খাতে টাকা দেওয়ার ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা দেওয়ার কথা ছিল। সি-এস-টি-সি-তে ১০ কোটি টাকা দেওয়ার কথা ছিল, সেখানে দিয়েছে মাত্র ৫ কোটি টাকা। সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিতে না পারলে আমরা বাধ্য ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের কাছ থেকে ধার নিতে। প্ল্যান্ড ফাণ্ডের টাকা যেটা অ্যাসিওর করার কথা ছিল সেটা বছরে বছরে দিচ্ছেন না কেন? সেই ব্যাপারে আপনারা বলুন। সুতরাং স্বাভাবিক কারণেই ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের কাছ থেকে ধার নিতেই হবে। তারপরে বিরোধীপক্ষের কোনও একজন সদস্য বললেন যে পেডেস্ট্রিয়ান ব্রিজ ২০০ ফুট উঁচুতে। আমি বলতে বাধ্য হচ্ছি আপনার ওই সম্বন্ধে কোনও ধারণাই নেই, ২০০ ফুট হতেই পারে না, ৫০ ফুটের নিচে। ৫০ ফুট তো নেহাৎই কম নয়, যথেষ্ট উঁচুতে। এইসব ব্যাপারে একটু চিন্তা-ভাবনা করে বলা উচিত।

[6-30 — 6-40 P.M.]

আমিও দেখছি ৭৫ শতাংশ পেডেস্টেরিয়ান যারা এই ব্রিজ ক্রশ করেন, আপনার বয়সের লোকেরাও যায়, বাচ্ছারাও যায় ; আমিও বলছি সাবওয়ে ইজ মাচ বেটার দ্যান পেডেস্টেরিয়ান ব্রিজ কিন্তু টাকা দেবে কে? পশ্চিমবাংলায় যে ইনফ্লাক্স অফ রিফিউজি আছে তারা বাংলাদেশ থেকেই আসুক বা বিভিন্ন জায়গা থেকেই আসুক আমরা তাদেরকে এখানে জায়গা দিই, জায়গা না দিলে তারা কোথায় যাবে তাই তাদের সবাইকে আশ্রয় দিচ্ছি। আমরা মনে করি আমরা ভারতবর্ষের একটা অঙ্গ তাই আমাদের এখানে সবাই আসুক। মহারাষ্ট্রের মতা আমরা বলিনা এখানে আমরা ছাড়া কেউ থাকতে পারবে না। আমরা বলি পশ্চিমবঙ্গ হচ্ছে ভারতবর্ষের অঙ্গ, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের পীঠস্থান। এখানে সবাই আসতে পারে, রুটি -রুজির প্রয়োজনে তারা যদি কিছু করতে পারেন তাহলে থাকতে পারেন। এই সমস্ত মানুষগুলির কাজের জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের প্ল্যানে ওয়েস্ট বেঙ্গলকে টাকা দেওয়া প্রয়োজন যত ছিল আপনারা পশ্চিমবাংলার জন্য কুম্ভিরাশ্রু বিসর্জন করেন, এখানে যদি সত্যিকারের অশ্রুপাত করেন তাহলে আমাদের এর জন্য যে দাবি ১৮২৭ কোটি টাকা যেটা আমাদের দরকার সেটা সেন্ট্রাল গভর্নমেন্টকে দিতে বলুন না। এশিয়াড করতে গিয়ে আপনারা ২৮টি ফ্লাইওভার করেছেন, আমরা ২৮টি ফ্লাইওভার চাই না, ১৪টার জন্য টাকা দিন না, যদি দিতেন তাহলে সাধারণ মানুষের অনেক সমস্যার সমাধান হয়ে যেত। এই বলে ডিমাণ্ডকে সমর্থন জানিয়ে আপনাদের মারাত্মকভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই কাটমোশনগুলির বিরোধিতা করছি। এই পরিবহন দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনার সময় আমি ভাবছিলাম যেভাবে ওরা এটা পূর্ণাঙ্গ আলোচনার জন্য দাবি করেছিলেন তাতে হয়ত কঠিন আক্রমণই ওরা পরিচালনা করবেন। কিন্তু আমি খুব হতাশ হলাম যা প্রস্তুতি নিয়ে এসেছিলাম তাকে আবার ফাইলবন্দি করে নিয়ে যাচ্ছি, কারণ ওদের কিছু বলার নেই ; যেমন কাটমোশন নেই তেমনি বলারও কিছু নেই। ওরা নিজেরাই জানেন যা বলেছেন সবটা ওরা নিজেরাও বিশ্বাস করেন না। বাইরে মানুষ অন্য কথা বলছেন, মানুষের অসুবিধা নেই এটা বলছি না, অসুবিধা সত্ত্বেও মানুষ অন্য কথা বলছে এটা ওরা ভাল করেই জানেন। আমি শুধু কয়েকটি কথা বিধানসভায় যারা মাননীয় সদস্য আছেন তাদের কাছে উল্লেখ করতে চাই, কারণ ওদের কাছে এইসব ধর্মের কাহিনী শুনিয়ে লাভ নেই আমাদের দেশের পরিবহনের অবস্থাটা কি। পরিবহনের ক্ষেত্রে আমাদের দেশে যে পরিবহন নীতি আছে সেটা কোনও সুষ্ঠু পরিবহন নীতি নয়। আমাদের দেশের অর্থনীতি পরিকল্পনার সঙ্গে অত্যন্ত অসঙ্গতিপূর্ণ এবং শুধু তাই নয় আপনারা নিশ্চয় জানেন, এটা অনেকেই হয়ত জানেন আমাদের দেশের ৩ ভাগের মধ্যে ১ ভাগ পর্যন্তও রাস্তা পৌছায়নি, ৩ ভাগের মধ্যে ২ ভাগ গ্রাম আছে অল ওয়েদার রোড নেই। আমি সমস্ত দেশের কথাই এখানে বলছি আপনারা যে হয়রানির কথা বলছেন সেই হয়রানি হচ্ছে তার একটা অংশ। আমাদের দেশের ট্রান্সপোর্ট বা পরিবহন ব্যবস্থা হচ্ছে একটা শরীরের মতো, শরীরের শিরা-উপশিরা দিয়ে যেমন রক্ত চলাচল করা দরকার তেমনি পরিবহন ব্যবস্থাটাও সেই রকম হওয়া দরকার। সেইজন্য আমরা মনে করি দেশের পরিবহন ব্যবস্থাকে দেশের একটি অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে স্বীকৃতি দেওয়া উচিত এবং সেই হিসাবে টাকা বরাদ্দ করা উচিত।

কিন্তু আমাদের দেশে সরকারি পরিবহনের বরাদ্দ ক্রমশ কমে যাচ্ছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের দেশে পরিবহনের ক্ষেত্রে বরাদ্দ ছিল শতকরা ২৩ ভাগ, এখন অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেটা কমতে কমতে এসে দাঁড়িয়েছে প্রায় আট ভাগ বা সাত ভাগ। আপনারা জানেন পরিবহনের সঙ্গে রাস্তার খুব যোগাযোগ এবং আমাদের রাস্তায় প্রায় তিনভাগের মধ্যে একভাগ হচ্ছে ন্যাশনাল হাইওয়ে। এই ন্যাশনাল হাইওয়েগুলির অবস্থা খুব খারাপ, তাই এগুলি যদি মেরামত না করা যায় তাহলে পরিবহন ব্যবস্থাটা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে। এখন এই অবস্থার মধ্যে আমাদের দেশটা চলছে এবং পরিবহনের যে বিভিন্ন ভাগ তার মধ্যে পথ পরিবহনের বরাদ্দ আরও বেশি করে কমছে, অথচ পথ পরিবহনের চাপ বাড়ছে। এই অবস্থার মধ্যে আমাদের দেশের পরিবহণ ব্যবস্থা চলছে এবং আমাদের দেশের সরকার চায় পরিবহণ ব্যবস্থাটাকে বেসরকারির হাতে দিয়ে দিতে। রাষ্ট্রীয় পরিবহণ সেক্টরে শতকরা ৬৯ ভাগ বাস যাত্রীবহন করে কি গুরুত্বপূর্ণ ভূমিকা আমাদের রাজ্যে পালন করছে অনেক সমালোচনা সত্ত্বেও। এখন এটাকে সম্পূর্ণ বেসরকারিকরণ করে দেওয়া হচ্ছে সমস্ত রাজ্যে স্টেট সেক্টরগুলি এখন সমস্ত জায়গায় থরহরি কম্প। কেন্দ্রীয় সরকারের নীতির হাত থেকে কি করে বাঁচা যায় তাই চিন্তা করছে সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলো। তারা এখন থরহরি কম্প। মহারাষ্ট্রে বডি বিল্ডিং-এর একটি কারখানা আমি দেখে এসেছিলাম, সেখানে গিয়ে আমি দেখলাম গত ছয়মাস ধরে সেখানে নতুন কোনও বাস তৈরি করা হয়নি। সেখানে ক্রমশ বেসরকারিকরণের দিকে যাচ্ছে। কিন্তু একমাত্র ব্যতিক্রম হচ্ছে পশ্চিমবঙ্গ। গোটা দেশের মধ্যে

একমাত্র পশ্চিবঙ্গ সরকারই বেশি বেশি করে রাষ্ট্রীয়করণের দিকে যাচ্ছে। সুতরাং আমাদের সামাজিক কিছু দায়বদ্ধতা আছে এই পরিবহনের ক্ষেত্রে। কেন পরিবহনের লোসকান হচ্ছে তার অনেক কারণ আছে। এইসব কারণের মধ্যে একটা হচ্ছে—এখানে অসীমবাবু আছেন—আমাদের এখানে যাত্রিবাহী গাড়ির উপর ট্যাক্স বসে না, পণ্যবাহী লরির উপর ট্যাক্স বসে না। কিন্তু সারা ভারতবর্ষে আমাদের রাজ্য ছাড়া যাত্রিবাহী ট্যাক্স সব জায়গায় বসানো হয় এবং পণ্যবাহী লরির উপর ট্যাক্স বসানো হয় এবং অন্যান্য জায়গাতে যাত্রী ট্যাক্সও আদায় করা হয়। আমরা যখন পশ্চিমবাংলায় বাস চালাই তখন এক রকম খরচ হয়, কিন্তু যখন পশ্চিমবাংলার সীমান্ত অতিক্রম করে উড়িষ্যা বা বিহারে যায় তখন আমাদের অনেক বেশি ট্যাক্স দিতে হয়।

[6-40 — 6-50 P.M.]

আমরা ভাবতে পারিনা পশ্চিমবাংলার পরিবহন সেক্টরের উপর এইভাবে আক্রমণ আসবে। তারপর সেই ১৯৫০ সালের টেকনোলজি নিয়ে বাসগুলি এখনও চলছে। সারা পৃথিবীতে এখন আধুনিক টেকনোলজির যুগ। সেই আধুনিক টেকনোলজির সুযোগ আমাদের এখানে নেই। আজকে আপনারা বলছেন সংরক্ষণের কথা। কিন্তু আমরা কি করে করব? আজকে অশোক লেল্যাণ্ড কোম্পানি যে বাস তৈরি করছে সেই বাস আমরা কিনতে বাধ্য হচ্ছি। তাদেরকে আমরা বাধ্য করতে পারছি না নতুন টেকনোলজি কাজে লাগাতে। কলকাতায় ফুয়েল এফিসিয়েন্সিতে এখন অনেক গাড়ি চলছে। আমাদের এখানে এখনো পর্যন্ত যে যা বাস দিচ্ছে আমরা তাদের থেকে কিনতে বাধ্য হচ্ছি। রাজ্য সরকারের তরফ থেকে পরিবহনের ক্ষেত্রে আমরা জনগণকে কনসেশান দিই, আমরা জনপ্রতিনিধিকে কনসেশন দিই, ছাত্রদেরকে কনসেশান দিই, স্বাধীনতাসংগ্রামীদের কনসেশান দেওয়া হয়—এইসব কনসেশন রাজ্য সরকারকেই বহন করতে হয়। এর ফলে পরিবহনের আর্থিক নীতির ক্ষেত্রে কিছুটা ক্ষতি স্বীকার করতে হচ্ছে। এরপর অতীশবাবু আপনি বলছেন ভাড়া বাড়ছে, দু'বছর আগে ভাড়া বেড়েছে। কিন্তু অতীশবাবু আপনি নিশ্চয় একমত হবেন যে, দুই বছর আগে যে মূল্যে আমরা জিনিস সংগ্রহ করতে পারতাম এখন তা পারছি না। সমস্ত রকম যন্ত্রাংশের ক্ষেত্রে অস্বাভাবিক ভাবে মূল্যবৃদ্ধি ঘটছে। ফলে খরচ বাড়ছে। ভাড়া যদি না বাড়ানো হয় তাহলে আয় এবং ব্যায়ের মধ্যে পার্থক্যটা বিরাট হয়ে দাঁড়াবে। এর দায়িত্ব কিছুটা কেন্দ্রীয় সরকারের নেওয়া উচিত। দিল্লিতে যখন পরিবহন মন্ত্রীদের যে কনফারেন্স হয়েছিল সেখানেও বিষয়টা উত্থাপন করা হয়েছিল কিন্তু কেন্দ্রীয় মন্ত্রী শ্রী জগদীশ টাইটলার বলেন যে আপনারা পাবলিক বাসকে ছাড় দিন। পাবলিক বাসের ভাড়া বাসের মালিকরাই ঠিক করবেন কিন্তু রাজ্য সরকার এই ব্যপারটির সঙ্গে সহমত হতে পারেন নি। আমরা এর বিরুদ্ধে প্রতিবাদ করেছিলাম। আবার এই কথাও উঠেছিল যে, যে রুটে আয় কম সেখানে স্টেট বাস চালাবার জন্য আবার কোনও কোনও ক্ষেত্রে ভাড়া কমানোর কথাও বলা হয়েছিল। কোনও কোনও রুটে ওরা স্টেট বাস চালাতে বলেছেন আবার কোথাও কোথাও বাস কমাবার কথা বলেছেন। এই পরিকল্পনায় ভাড়া বাড়াতে বাধ্য। আমরা পশ্চিমবাংলায় বর্তমানে যে ভাড়াটা নিই সেটা সবচেয়ে কম ভাড়া। আমাদের এখানে সর্বনিম্ন ভাড়া হচ্ছে সত্তর পয়সা সেখানে দিল্লিতে গিয়ে দেখুন মাত্র দু'কিলোমিটারের জন্য দিতে হয় এক টাকা। কলকাতায় সত্তর পয়সাতে যেটুকু যাওয়া যায়

দিল্লিতে সেটুকু যেতে গেলে প্রায় আড়াই টাকা থেকে তিন টাকা দিতে হয়। এই ধরনের ঘটনা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের ক্ষেত্রেও ঘটছে। তবে পরিবহনের ক্ষেত্রে নতুন আঙ্গিকে চিন্তা-ভাবনা করা হচ্ছে। তবে এই কথাও মনে রাখতে হবে যে, আমাদের সীমাবদ্ধতা অনেক বেশি কিন্তু দায়বদ্ধতার কথা মাথায় রেখে অনেক কিছু করতে হচ্ছে। এই দুটোর মধ্যে সামঞ্জস্য রেখে আমাদের পরিকল্পনা করতে হচ্ছে। আমরা জনগণের দাবি কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং আমরা চেষ্টা করছি জনগণের আশা-আকাঙ্খাকে পূরণ করতে।

জয়নাল সাহেবের কথার উত্তর জাফর শরিফ দেন নি। মানুষ বলেই গণ্য করেন না দেখলাম **(ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনিও তো ছিলেন, আপনাকে, দেন নি।)** আমি ছিলাম বলেই তো সাক্ষী। আমার সঙ্গে তো শত্রুতার সম্পর্ক। আপনারা তো পায়ের তলায় বসে থাকেন। তমলুক-দিঘা কত বাস দেবো? বছরের পর বছর হয়ে যাচ্ছে, কি করে পারব? বললাম মেট্রো রেলের কাজ হচ্ছে না, কন্ট্রাকটর কাজ করছে না। উনি বললেন, পালটে দেবো। হ্যাঁ, এখন কিছু কাজ হচ্ছে। কিন্তু টাকা যা বরাদ্দ করা হয়েছে, দু'হাজার সালের মধ্যে মেট্রো রেল শেষ হওয়ার সম্ভাবনা নেই। তাহলে যাত্রী পরিবহনের একটা অংশ রেলের করা উচিত, সেটা তারা করছেন না। যাত্রী পরিবহন-এর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের করা উচিত, সেটাও তারা করছেন না। ন্যাশনাল ওয়াটার ওয়েস অথরিটি তারা যে টাকা বরাদ্দ করেন পশ্চিমবঙ্গের ভাগে ছিটে-ফোঁটাও জোটে না। সব হচ্ছে, নর্মদা-গোদাবরীতে। তাছাড়া গঙ্গা-ব্রহ্মপুত্র দোষ করল কোথায়? তা পেলে একটা বিরাট সংখ্যক মানুষকে জলপথে পরিবহনের ব্যবস্থা করা যেত। এই সমস্ত আক্রমণের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। আমরা রাষ্ট্রীয় মালিকানায় করব। গত কয়েক বছরের হিসাবে দেখা যাচ্ছে ১০ পারসেন্ট যেখানে ছিল রাষ্ট্রীয় মালিকানা সেখানে ২৩ পারসেন্ট হয়েছে। তিন-চার বছরে বৃদ্ধি নিশ্চয় বৃদ্ধি। অনেক বেশি বৃদ্ধি করা উচিত ছিল—সে সমালোচনা আমি গ্রহণ করতে রাজি আছি। কিন্তু আমরা যা করেছি, পারসেন্টেজের দিক থেকে, অগ্রগতির দিক থেকে, ভারতবর্ষের জন্য রাজ্যে হয় নি। আপনারা শুনেছেন, অসীমবাবু বলেছেন কিভাবে বঞ্চনা করা হচ্ছে। সেকথা বললেন 'না, না বলে অতীশবাবু বললেন, মাননীয় বিধায়ক, পারফরমেন্স ভাল আপনার রিপোর্টের মধ্যে পাই নি। অতএব পারফরমেন্স খারাপ। আমি বলছি, পারফরমেন্স খারাপ নয়, পারফরমেন্স ভাল। কারণ, বাস বাড়লে, কিলোমিটার বাড়লে, যাত্রী সংখ্যা বাড়লে, যাত্রী নিতে পারলে, পারফরমেন্স সেই দিক থেকে বোঝা যায়। এইটা যদি বলেন, আরও ভাল করে করা উচিত ছিল, সেটা মানতে রাজি আছি। কিন্তু পারফরমেন্স ভাল নয়, এটা মানতে রাজি নয়। টাকার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করবেন, অসীমবাবু বারবার গিয়ে বুঝিয়ে, ধর্মঘট করে টাকা পাবেন না, আমরা তো রাজ্যকে মরুভূমি করে দিতে পারি না। আমাদের মুখ্যমন্ত্রী একথা বলেছেন। অতএব টাকা সংগ্রহ করতে হবে। এই টাকা সংগ্রহ করতে বিদেশের কাছে হাত পাততে যাই নি। এইখান থেকেই টাকা সংগ্রহ করার চেষ্টা করছি। আপনারা তো দেশকে বিকিয়ে দিয়ে টাকা নিচ্ছেন। আমরা টাকা ব্যাংক থেকে নেবো, টাকা শোধ দেবো, শোধ দিয়েও যাচ্ছি। এখন বলছি অসুবিধা কি আছে। আমরা আই. এম. এফ. বা ওয়ার্ল্ড ব্যাংক থেকে নয়, দেশের মানুষের টাকা জমা আছে ব্যাংকে, সেটা নেবো না কেন? এখানে অতীশবাবু না জেনেই বলেছেন, পরিবহন সম্পর্কে খবর রাখেন না।

বলেছেন, আপনারা ফুট ব্রিজ কেন করছেন? আমি জানি ফুট ব্রিজে লোকের উঠতে অসুবিধা হবে। কিন্তু আমার প্রশ্ন ১৮ ফিট উঁচু, না, ৩০ ফিট উঁচু। সাবওয়ে কলকাতায় করতে হলে ৩০ ফুট নিচে নামতে হবে। ৩০ ফুট থেকে ১৮ ফুট কম। সেইজন্য উপরের দিকে করছি। কিন্তু সমস্ত কাজ শেষ হয়নি। রাস্তা চওড়া হলে মানুষ কষ্টের হাত থেকে রেহাই পাবে। তারপর, এস. বি. এস. টি. সি সম্পর্কে উনি বলেছেন, অনেক জায়গায় উনি দেখেন দু জন মাত্র লোক। সব মানুষ দু'চোখ দিয়ে দেখেন। কিছু লোক সাধারণভাবে কিছু দেখে তার বাইরে মাথায় কিছু প্রবেশ করতে পারে না। কিছু মানুষ ভিতরের চোখ দিয়ে দেখেন। বাস্তব বুদ্ধির চোখ দিয়ে দেখতে পায়। দু'জন লোকের দেখা দু'রকম হয়। স্টাফ বাস আছে, গ্যারেজে যায়। কাজেই অন্য রকমভাবে এগুলো দেখতে হয়, জানতে হয়।

[6-50 — 7-00 P.M.]

কথাটা হচ্ছে এই যে আমাদের কর্মী সংখ্যা এস. বি. এস. টি. সিতে বেশি নয় এটা ঠিকই। আবার দু'জনও নয়। আমাদের কর্মী সংখ্যা বাস পিছু ৭ জন। কিন্তু ভাড়া যা তার সঙ্গে আমাদের যা ব্যয় তার সঙ্গে আমরা সামঞ্জস্য রাখতে পারছি না। তবে আমরা কোনও বিদায়নীতি করি না। আমাদের কয়েক হাজার কর্মী যারা অবসর নিয়েছেন তার জায়গায় অন্যরা এসেছেন। নতুন কর্মীর সংখ্যাও বেড়েছে। দক্ষিণ বাংলায় ১৩শো কর্মী ছিল এখন প্রায় ৪ হাজারের মতন কর্মী এসেছেন। আমাদের কর্মী বেড়েছে। কোনও কর্মীকে বিদায়নীতি যাকে বলে—যেটা আপনারা করছেন যে কিছু টাকা দিয়ে ঘাড় ধরে বিদায় করে দিচ্ছেন—এই যে বিদায়নীতি এরকম কোনও বিদায় নীতি আমরা আমাদের এখানে করি নি। বরং নতুন কর্মী এখানে চাকরি পাচ্ছেন। তারপর আপনারা বলছেন যে রুট বিক্রি করা হয়েছে, এটা একেবারেই উল্টো। আমরা পারমিট দিচ্ছি না। আপনারা কেউ কেউ এ ব্যাপারে যেটা বলেছেন সেটা ঠিক নয়, রুট বিক্রি করার কোনও প্রশ্নই নেই। তবে কিছু প্রাইভেট বাস পারমিট পাচ্ছে সেটা কোর্টের আদেশে। আর সেল্ফ এমপ্লয়মেন্ট স্কিমে সেখানে আমরা বাস দিচ্ছি না। আমরা বলছি, লরি, টেম্পো, ট্যাক্সি, ম্যাটাডোর নিন দেব কিন্তু প্রাইভেট বাস দেব না। যা অতীতে হয়েছে এখন দিচ্ছি না। এখন একেবারেই বন্ধ। গত তিন বছরে কারুকে দেওয়া হয়নি। একমাত্র কিছু প্রতিবন্ধী যারা আগে টাকা দিয়ে অ্যাপ্লিকেশান করে বসেছিল সে ব্যাপারে আপনারাও অনুরোধ করেছিলেন, আমরা সেই অনুরোধ রেখেছি, প্রতিবন্ধী বলে তাদের দিয়েছি, দেওয়াটা উচিত বলে কিন্তু তাছাড়া দেওয়া হচ্ছে না। এর পর আমি ফ্লাইং ট্রেনিং ইন্সটিটিউট সম্বন্ধে কয়েকটি কথা বলছি। এ ব্যাপারে আমরা দেখলাম যে আমাদের ওখানে কিছু অসুবিধা হচ্ছে। অসুবিধা হচেছ মানে ওখানে দু'রকমের লাইসেন্সের ব্যাপার আছে—একটা হচ্ছে প্রাইভেট লাইসেন্স এবং আর একটা হচ্ছে কমার্সিয়াল লাইসেন্স। এই প্রাইভেট লাইসেন্স দেবার পর কমার্সিয়াল লাইসেন্স নেবার জন্য আমাদের ওখানে লোক আসছে না। কেন আসছে না? তার একটা কারণ হচ্ছে, প্রায় এক থেকে দেড় লক্ষ টাকা খরচ হয় এবং ২/৩ বছর সময় লাগে। এখন আমরা ঠিক করেছি এটাকে আরো আকর্ষণীয় করার জন্য। গত কয়েক বছরে অনেকে লাইসেন্স নিয়েছেন কিন্তু ঐ প্রাইভেট লাইসেন্স নিয়ে তো আর পাইলটের চাকরি করা যায় না। নিজের প্ল্যান থাকলে চালানো যায় বা শখের জন্য শেখা যায়। আমরা এই শখের শেখাটা এবার বন্ধ করছি। আমরা বণ্ড নিয়ে টাকা জমা নিয়ে

যারা টাকা দিতে পারবেন— প্রায় এক লক্ষ টাকার মতন খরচ হয়, তার একটা বড় অংশ জমা নিয়ে আমরা এবার ঠিক করেছি যে ট্রেনিং-এর ব্যবস্থা করব। আর মোট ৫টি গরিব ঘরের ছেলেমেয়েদের যাদের বাবা, মার অথবা অভিভাবক ৩ হাজার টাকার কম বেতন পান—আগে ২।। হাজার ছিল এখন সেটা বাড়িয়ে তিন হাজার করেছি—তারা যদি ট্রেনিং নিতে চান পাইলটের ট্রেনিং—ভাল ছেলে, মেধাবী ছাত্র যদি হয় এবং যদি পরীক্ষায় পাশ করে তাহলে আমরা ৫ জনকে ফ্রিতে শেখাব সরকার থেকে বৃত্তি দিয়ে।

(গোলমাল)

তিনজন স্কলারশিপ পেয়েছেন। এই তিনজন হয়ত আগামি এক বছরের মধ্যে আমাদের এই পশ্চিমবাংলা থেকে বহু বছর বাদে পাইলট তৈরি হয়ে বেরুবে। এই ফ্লাইট ট্রেনিং ইন্সটিটিউটের ব্যাপারে আমাদের অভিজ্ঞতার অভাব ছিল সেটা স্বীকার করতে আমাদের কোনও অসুবিধা নেই। শখের লাইসেন্সের জন্য এত লোক ভিড় করে আসবে এবং তারা পুরোপুরি কমপ্লিট করবে না—সেটা এবারে আমরা সংশোধন করছি। আমাদের ধারণা আগামী বছর তিনজন বেরুবেই। এর পর থেকে আমাদের যে সীমিত ক্ষমতা আছে তা নিয়ে বছরে কয়েকজন করে পাইলট আমরা এখান থেকে নিতে পারব। তারপর সেন্ট্রাল ওয়ার্কশপ সম্পর্কে এল. বি. এস. টি. সি'র দুজন সদস্য বলেছেন। এন. বি. এস. টি. সি'র ব্যাপারে যে কথাটা উঠেছে মেন্টেনেন্সের ব্যাপারে, সেন্ট্রাল ওয়ার্কশপের ব্যাপারে এই অভিযোগটা সঠিক, এই সমালোচনাটা একেবারে সঠিক। কারণ যে পরিমাণে বাস বেড়েছে সে পরিমাণে মেন্টেনেন্সের কাজ ওখানে হয়নি, তার পরিকাঠামো নেই। আমরা পরিকাঠামোটা তৈরি করছি। তার পরিকাঠামোটা নেই। এই জন্য' আমরা পরিকাঠামোটা তৈরি করছি। প্রত্যেক জেলা সদরে আমরা জমি নিয়েছি। সেখানে আমরা ডিপো করব যাতে কাজটা ঠিকমতো হতে পারে। এটা শুধু নর্থ বেঙ্গলের ক্ষেত্রে নয়, এটা সাউথ বেঙ্গলের ক্ষেত্রেরও প্রযোজ্য। নর্থ বেঙ্গলের ক্ষেত্রে যেহেতু আমাদের এক্সপার্টাইজটা নেই, খুব কম বেতনে ইঞ্জিনিয়ার আছেন, বড় অভিজ্ঞতা সম্পন্ন নয়, কারণ এখানে স্টেট ট্রান্সপোর্ট-এর স্ট্রাকচারটাই ছিল না। এই জন্য সারা ভারতবর্ষে যে টেকনিক্যাল সংস্থা আছে স্টেট ট্রান্সপোর্ট, তার সি. আই. আর. টি. পুনেতে, এদের সঙ্গে আমাদের চুক্তি হয়েছে, ওরা আধুনিক যন্ত্রপাতি সমস্ত দিয়ে আমাদের কর্মীদের ট্রেনিং দিয়ে, যন্ত্রগুলো বসিয়ে, সেন্ট্রাল ওয়ার্কশপ করে দিয়ে যাবে সেপ্টেম্বর মাসের মধ্যে ওরা রিপোর্ট দিয়ে দেবে এবং এটা করতে ওরা প্রায় বলেছেন টোটাল প্রোজেক্টটা ওদের কমপ্লিট করতে দু'বছর লাগবে। সেন্ট্রাল ওয়ার্কশপ, ডিভিসনাল ডিপো, সমস্ত কিছু সাজিয়ে যন্ত্রপাতি নিয়ে এসে কর্মীদের ট্রেনিং দিয়ে তারা যাবে। এবং সেটা আমাদের রাজ্যের ক্ষেত্রে একটা নতুন সংযোজন টেকনোলজির ক্ষেত্রে এবং কর্ম দক্ষতা বাড়ানোর ক্ষেত্রে, মেন্টেনেন্স ওয়ার্ক-এর ক্ষেত্রে একটা নতুন সম্ভাবনা এখানে সূচিত করবে। সেইজন্য কথাটা হচ্ছে এই, এই সমালোচনাটাকে আমরা আগেও গ্রহণ করেছি, কিন্তু আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি, আমরা একটা পরিকল্পনা নিয়েছি, আমার ধারণা কিছুদিনের মধ্যেই ধীরে ধীরে সুফল পেতে শুরু করব। শেষ কথা যেটা বলতে চাই, ট্যুরিজম সম্পর্কে কথা উঠেছে, আমরা এটাও পরিকল্পনা করেছি, কারণ পথের সঙ্গে আমাদের জলপথ পরিবহন এবং এন. বি. এস. টি. সি.-র সঙ্গে আমরা ট্যুরিজম এর একটা সম্পর্ক স্থাপন করব এবং নিজেরা খানিকটা ট্যুরিজম এর ব্যবস্থা

করব। কারণ আমাদের কিছু অর্থ সংস্থাপন করা দরকার। সেইজন্য এই কথা বলে যে ছাঁটাই প্রস্তাব এসেছে। এখানে, আমি তার বিরোধিতা করছি এবং আমি আশা করি, আমার এই বাজেট সকলে একমত হয়ে পাস করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 12

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,43,39,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles".

(This is inclusive of a total sum of Rs. 85,85,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Demand No. 77

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 86,36,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses".

(This is inclusive of a total sum of Rs. 21,59,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Demand No. 78

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 60,30,000 be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053—Civil Aviation".

(This is inclusive of a total sum of Rs. 15,10,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Demand No. 80

The motions of Shri Abdul Mannan, Shri Prabir Banerjee, Shri Deba Prasad Sarkar, Shri Saugata Roy and Shri Sobhan Ded Chattopadhyay that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,13,57,60,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055—Roads Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for Road Transport".

(This is inclusive of a total sum of Rs. 28,39,40,000 already voted on account in March, 1992), was then put and agreed to.

[7-00 — 7-18 P.M.]

(At this Stage the guilloline bell was rung)

DEMAND No. 81

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 56,71,00,000 be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services".

(This is inclusive of a total sum of Rs. 14,17,75,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 1

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,48,48,000 be granted for expenditure under Demand No. 1, Major Head : "2011—State Legislatures".

(This is inclusive of a total sum of Rs. 96,12,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 3

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,07,25,000 be granted for expenditure under Demand No. 3, Major Head : "2013—Council of Ministers".

(This is inclusive of a total sum of Rs. 26,82,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 5

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 8,85,50,000 be granted for expenditure under Demand No. 5, Major Head : "2015—Elections".

(This is inclusive of a total sum of Rs. 2,21,38,000 already voted on account in March, 1992)—was then put and a Division taken with the following results :

NOES

Abdul quiyom Malla, Shri

Abu Ayes Mondal, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Adhikari, Shri Nityananda

Bagdi, Shri Bijoy

Barman, Shri Debendra Nath

Bera, Shri Bishnupada

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Kamalakshi
Bouri, Shri Haradhan
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shrimati Santi
Chowdhury, Shri Subhendu
Das, Shri Ananda Gopal
Das, Shri Nirmal
Dasgupta, Dr. Asim Kumar
Dey, Shri Lakshmi Kanta
Dhar, Shri Padmanidhi
Doloi, Shri Siba Prasad
Ganguly, Shri Santi Ranjan
Ghosh, Shri Biren
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Susanta
Goswami, Shri Kshiti
Hajra, Shri Samar
Halder, Shri Krishnadhan
Hore, Shri Tapan
Id. Mohammed, Shri
Jamadar, Shri Badal
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Lakshi Ram
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Mahata, Shri Kamala Kanta
Mahboob Zahedi, Shri
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Nandadulal
Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath
Malick, Shri Shiba Prasad
Mondal, Shri Dhiren
Mondal, Shri Kshiti Ranjan
Mandal, Shri Prabhanjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Manik Chandra
Mazumdar, Shri Dilip Kumar
Mirquasim Mondal, Shri
Mistry, Shri Bimal
Moitra, Shri Birendra Kumar
Mukhopadhyay, Dr. Ambarish
Mukherjee, Shri Dipak
Mukherjee, Shrimati Mamata
Murmu, Shri Maheswar
Nazmul Haque, Shri
Neogy, Shri Brajo Gopal
Omar Ali, Dr.
Pradhan, Shri Prasanta
Roy, Shri Mrinal Kanti
Roy, Shri Sattik Kumar
Saha, Shri Kripa Sindhu
Sanyal, Shri Kamalendu
Sen, Shri Dhiren
Sen Gupta, (Bose), Shrimati Kamal
Seth, Shri Lakshman Chandra
Shaw, Shri Pravin Kumar
Shaikh Khabiruddin Ahmed, Shri
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Nirmal
Tirkey, Shri Monohar

NOES

Chattopadhyay, Shri Shobhan Deb
Ray, Shri Siddhartha Shankar

Seth, Shri Bhupendra Nath

Sinha, Shri Atish Chandra

Zainal Abedin, Dr.

The Ayes being 73 and the Noes—05 ; the motion was carried.

DEMAND No. 6

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,34,98,000 be granted for expenditure under Demand No. 6, Major Head: "2020—Collection of Taxes on Income and Expenditure".

(This is inclusive of a total sum of Rs. 58,75,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 9

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,62,000 be granted for expenditure under Demand No. 9, Major Head: "2035—Collection of Other Taxes on Property and Capital Transactions".

(This is inclusive of a total sum of Rs. 4,91,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 10

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 13,44,41,000 be granted for expenditure under Demand No. 10, Major Head: "2039—State Excise".

(This is inclusive of a total sum of Rs. 3,36,11,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 11

The motion of Dr Asim Kumar Dasgupta that a sum of Rs. 20,61,00,000 be granted for expenditure under Demand No. 11, Major Head: "2040—Sales Tax".

(This is inclusive of a total sum of Rs. 5,15,25,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 13

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,81,48,000 be granted for expenditure under Demand No. 13, Major Head: "2045—Other Taxes and Duties on Commodities and Services".

(This is inclusive of a total sum of Rs. 1,95,37,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 14

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,89,25,000 be granted for expenditure under Demand No. 14, Major Head: "2047—Other Fiscal Services".

(This is inclusive of a total sum of Rs. 97,32,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 16

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 42,00,000 be granted for expenditure under Demand No. 16, Major Head: "2049—Interest Payments".

(This is inclusive of a total sum of Rs. 10,50,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 20

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,26,15,000 be granted for expenditure under Demand No. 20, Major Head: "2054—Treasury and Accounts Administration".

(This is inclusive of a total sum of Rs. 3,56,54,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 22

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 24,16,12,000 be granted for expenditure under Demand No. 22, Major Head: "2056—Jails".

(This is inclusive of a total sum of Rs. 6,04,03,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 27

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 62,23,14,000 be granted for expenditure under Demand No. 27, Major Head: "Other Administrative Services (Excluding Fire Protection and Control—".

(This is inclusive of a total sum of Rs. 15,56,00,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 28

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,17,06,79, 000 be granted for expenditure under Demand No. 28, Major Head: "2071—Pensions and other Retirement Benefits".

(This is inclusive of a total sum of Rs. 54,27,00,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 29

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,60,77,000 be granted for expenditure under Demand No. 29 Major Head: "2075—Miscellaneous".

(This is inclusive of a total sum of Rs. 1,41,00,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 31

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 21,18,78,000 be granted for expenditure under Demand No. 31 Major Head: "2204—Sports and Youth Services".

(This is inclusive of a total sum of Rs. 5,30,00,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 42

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 93,55,24,000 be granted for expenditure under Demand No. 42 Major Head: "2235—Social Security and Welfare (Social Welfare".

(This is inclusive of a total sum of Rs. 23,28,81,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 43

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,81,95,000 be granted for expenditure under Demand No. 43 Major Head: "2236—Nutrition".

(This is inclusive of a total sum of Rs. 1,70,50,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 44

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 80,00,00,000 be granted for expenditure under Demand No. 44 Major Head: "2245—Relief on account of Natural Calamities".

(This is inclusive of a total sum of Rs. 20,00,00,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 46

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 9,97,55,000 be granted for expenditure under Demand No. 46 Major Head: "2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services".

(This is inclusive of a total sum of Rs. 2,49,42,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 49

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 46,55,34,000 be granted for expenditure under Demand No. 49 Major Head : "2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings".

(This is inclusive of a total sum of Rs. 11,64,41,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 50

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 70,91,60,000 be granted for expenditure under Demand No. 50 Major Head : "2404—Dairy Development, 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) and 6404—Loans for Dairy Development (Excluding Public Undertakings".

(This is inclusive of a total sum of Rs. 17,72,90,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 52

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 59,27,54,000 be granted for expenditure under Demand No. 52 Major Head : "2406—Forestry and Wild Life (Excluding Zollogical Park and Lloyd Botanic Garden, Darjeeling) and 4406—Capital Outlay on Forestry and Wild Life".

(This is inclusive of a total sum of Rs. 14,81,90,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 65

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 23,35,53,000 be granted for expenditure under Demand No. 65 Major Head : "2575—Other Special Areas Programme and 4575—Capital Outlay on Other Special Areas Programmes".

(This is inclusive of a total sum of Rs. 5,83,89,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 82

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,64,000 be granted for expenditure under Demand No. 82 Major Head : "3425—Other Scientific Research".

(This is inclusive of a total sum of Rs. 91,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 83

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,69,60,000 be granted for expenditure under Demand No. 83 Major Head: "3451—Secretariat-Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 3,67,40,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 84

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,97,41,000 be granted for expenditure under Demand No. 84 Major Head: "3452—Tourism and 5452—Capital Outlay on Tourism".

(This is inclusive of a total sum of Rs. 99,40,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 85

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,06,77,000 be granted for expenditure under Demand No. 85 Major Head: "3454—Census Surveys and Statistics".

(This is inclusive of a total sum of Rs. 1,01,70,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 89

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,99,26,000 be granted for expenditure under Demand No. 89 Major Head: "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution) and 2406—Forestry and Wild Life (Zoological Park and Lloyd Botanic Garden, Darjeeling)".

(This is inclusive of a total sum of Rs. 99,85,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

DEMAND No. 99

The motion of Dr. Asim Kumar Dasgupta that sum of Rs. 43,60,60,000 be granted for expenditure under Demand No. 99 Major Head: "7610—Loans to Government Servants etc. and 7615—Miscellaneous Loans".

(This is inclusive of a total sum of Rs. 12,50,15,000 already voted on account in March, 1992)—was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.17 P.M. till 11 A.M. on Friday, the 19th June, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 19th June 1992 at 11-00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 6 Ministers of State and 131 Members.

Held over (Starred Question)

to which Oral Answers were given)

[11-00 — 11-10 A.M.]

নতুন গ্রামীণ হাসপাতাল স্থাপন

*৬০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪০০) **শ্রী সুশান্ত ঘোষ** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ সালে সারা রাজ্যে কতগুলি নতুন গ্রামীণ হাসপাতাল স্থাপন করা হয়েছে; এবং

(খ) এর মধ্যে মেদিনীপুর জেলায় কতগুলি

শ্রী প্রশান্তকুমার শূর ঃ (ক) একটিও নয়,

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী সুশান্ত ঘোষ - মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কি জন্য হয় নি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমাদের প্রত্যেক স্বাস্থ্য কেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে উন্নয়ন করার কতগুলি কর্মসূচী আছে। এখানে কতকগুলি ব্যাপার আছে। ১৯৯০ সালে আমরা উদয়নারায়ণপুর, হাওড়ায় এটা করতে গিয়ে বিল্ডিং শেষ হয়েছে সেদিন। এখন আমরা যন্ত্রপাতি কেনার অর্ডার দিয়েছি। তারপরে ১৯৯১ সালে ৩টির অর্ডার দিয়েছি। তারপর কেশপুর ব্লকে প্রাইমারি সেল্ফ সেন্টারের জন্য এক কোটি ৯ লক্ষ ৬৬ হাজার টাকা আমরা স্যাংশন করেছি, কিন্তু এখনও পর্যন্ত বিল্ডিং শেষ হয় নি। এগরা রুর‍্যাল হাসপাতাল করার জন্য আমরা নির্দেশ দিয়েছি, টাকা স্যাংশন হয়েছে ৮৫ লক্ষ ৯৩ হাজার ৩৭৫ টাকা, কিন্তু শেষ হয় নি। ২৪-পরগনার গোবরডাঙ্গা প্রাইমারি হেলথ সেন্টার উন্নয়ন করার জন্য ১ কোটি

৩১ লক্ষ ৮ হাজার ৩০৬ টাকা দিয়েছি। এই বিল্ডিং কমপ্লিট হবার পরে সেটা হ্যান্ড ওভার করা হবে। এই সব কারণে আমাদের এগুলি ব্যবস্থা করতে দেরি হচ্ছে, কিন্তু আমাদের পরিকল্পনা আছে যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলি ধীরে ধীরে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করব।

শ্রী সুশান্ত ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মঞ্জুরি দেওয়া হয়েছে, টাকা স্যাংশন হয়েছে, তাসত্ত্বেও কাজ করে হস্তান্তর করা হয় নি। এর ফলে জনগণের অসুবিধা হচ্ছে। কাজেই কাদের গাফিলতির জন্য এটা হচ্ছে সেটা জানাবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ এটা এখন বলতে পারব না। আপনারা জানেন যে আমাদের স্বাস্থ্য দপ্তরকে নির্ভর করতে হয় পি.ডব্লিউ.ডি. উপর। তাদের আবার কতকগুলি ভাগ আছে যেমন—সিভিল, ইলেকট্রিক্যাল এবং পি.এইচ.ই, এই সবের উপর নির্ভর করতে হয়।. এই সমস্ত দপ্তরের সঙ্গে সমন্বয় রক্ষা করে আমাদের কাজ করতে হয়। সরকারি যে কোনও বিল্ডিং এরা তৈরি করেন। আমাদের এখন পর্যন্ত যে নিয়ম আছে সেটা হচ্ছে, পূর্ত দপ্তরকে আমরা টাকা দিই, তারা কাজ করেন, তদারকীও তারা করেন। কাজেই এই নানা কারণে দেরি হয়ে যায়।

শ্রী সুশান্ত ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, পূর্ত দপ্তরের যে কাজ করার কথা বললেন, এটা দ্রুত করার জন্য, জেলা পরিষদকে টাকা দিয়ে দ্রুত করার কোনও পরিকল্পনা স্বাস্থ্য দপ্তরের কাছে কিনা জানাবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমাদের পরিকল্পনা আছে এবং পূর্ত দপ্তরের সঙ্গে এই নিয়ে আমরা আলোচনা করেছি। বিশেষ করে উপ-স্বাস্থ্য কেন্দ্র গঠন করার ক্ষেত্রে ৪টি জেলায় আমাদের আই.পি.পি.-৪ অনুযায়ী কিছু কিছু কাজ করছি পঞ্চায়েতকে দিয়ে। তাছাড়াও কিছু কিছু কাজ আমরা পঞ্চায়েতকে দিয়ে করাচ্ছি। এখন পঞ্চায়েত কাজ করলেও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পি.ডব্লিউ.ডি নেন। কারণ পঞ্চায়েতের পক্ষে এটা রক্ষণাবেক্ষণ করা অসুবিধা আছে। কারণ আলাদাভাবে অর্থ দেবার কোনও স্যাংশন থাকে না। এই জিনিসটা মীমাংসা না করা পর্যন্ত অসুবিধা আছে। তবে আমরা কিছু কিছু কাজ করছি, কিন্তু এটা আমাদের মীমাংসা করতে হবে।

ডাঃ মোতাহার হোসেন ঃ মন্ত্রী মহাশয় জানেন বিগত কংগ্রেস সরকার ১৯৭৬ সালে বীরভূমের মুরারইতে একটা হাসপাতাল মঞ্জুর করেছিলেন। লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে এখনও হাসপাতাল চালু হয় নি। সেই হাসপাতাল ফুল ফ্লেজেড কবে চালু হবে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আপনি জানেন আমার কর্মসূচি, আপনার সাথে কথা হয়েছে। আগামী মাসের ৪/৫ তারিখে সেখানে যেয়ে দেখে আসব এবং যা ব্যবস্থা করার করব।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ আপনি একজন এফেক্টিভ মন্ত্রী। আপনার স্বাস্থ্য দপ্তরের পলিসি ছিল সাবসিডিয়ারী হেলথ সেন্টার যেটা ৪ বেডের যদি ভাল চলে এবং চাপ থাকে রুগীর তাহলে তাকে আপগ্রেড করে ৬ বেডের করা হবে এবং প্রাইমারি হেলথ সেন্টারগুলো আপগ্রেড করবেন। রাজারহাটে প্রাইমারি হেলথ সেন্টার-এ যথেষ্ট চাপ আছে, সেখানে ১০/১৫ টা বেড এই কায়দায় চলে অর্থাৎ কখনও ১০ টা কখনও ১৫ টা। এইটাকে রুর‍্যাল হেলথ সেন্টারে কনভার্ট কি করলে করা যায় সে সম্পর্কে একটু এ্যানলাইটেন করবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমি তো বললাম পরিকল্পনা আছে ব্লক স্তরের যত হেলথ সেন্টার আছে, কমিউনিটি হেলথ সেন্টার যাকে আমরা গ্রামীণ হাসপাতাল বলি সেগুলোর উন্নয়ন করা হবে। সেগুলো ধীরে ধীরে কর্মসূচি অনুযায়ী, আর্থিক সামর্থ অনুযায়ী করছি। সেক্ষেত্রে আপনারটা নিশ্চয় হবে।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ব্লক স্তরে ব্লক ভিত্তিক যে স্বাস্থ্য কেন্দ্র আছে সেগুলো নির্দিষ্ট সময়ে মধ্যে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার জন্য আপনার নির্দিষ্ট পরিকল্পনা আছে কি না?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমি তো আগেই একথা বললাম। আপনারা জানেন মিনিমাম নিড প্রোগ্রাম অনুযায়ী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পরিকল্পনা বাবদ যে অর্থ পাই তা দিয়ে কাজ করতে হয়। আমাদের পরিকল্পনা আছে এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশ আছে। সুতরাং যেমন যেমন অর্থ পাব, তেমন তেমন উন্নয়ন করব।

শ্রী রাইচরণ মাঝি ঃ মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন যে সমস্ত জায়গায় প্রাইমারি হেলথ সেন্টার রুর‍্যাল হেলথ সেন্টারের আকারে তৈরি হয়ে গিয়েছে, বিশেষ করে কেতুগ্রাম থানার কাঁদরা বা রামজীবনপুর আজ পর্যন্ত সেগুলো গ্রহণ করলেন না কেন?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ হাসপাতাল তৈরি হয়ে গেলে পূর্ত দপ্তর থেকে স্বাস্থ্য দপ্তরে হস্তান্তরিত করা হয়। তারপর ক্যাবিনেটে যায়। ডাক্তার, নার্স, স্টাফ স্যাংশন করার ব্যবস্থা করা হয়। এখনও হস্তান্তরিত হয়েছে কিনা জানি না। যদি হয়ে থাকে এইভাবে হবে।

[11-10 — 11-20 A.M.]

শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ মাননীয় স্বাস্থ্য মন্ত্রী বললেন যে চারটি জেলায় উপ-স্বাস্থ্য কেন্দ্র চালু করার চেষ্টা করছেন। সেই জেলাগুলি কি কি? আমার নির্বাচনী কেন্দ্র কালিগঞ্জে প্রাক্তন স্বাস্থ্য মন্ত্রী অজিতকুমার পাঁজার সময় চারটি উপ-স্বাস্থ্য কেন্দ্র গড়ে উঠেছিল। কিন্তু সেগুলি এখন বন্ধ হয়ে গেছে। সেগুলি আবার চালু করার ব্যবস্থা নেওয়া হবে কি?

মিঃ স্পিকার ঃ হবে না। নোটিশ দিতে হবে।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে, প্রাইমারি হেলথ সেন্টার গুলিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করা হচ্ছে। সেগুলি গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত হলে সেগুলিতে কি কি সুযোগ সুবিধা বেশি পাওয়া যাবে?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ বেশ কিছু উন্নত ধরনের ব্যবস্থা সেখানে চালু হবে। ই.সি.জি.-র ব্যবস্থা থাকবে, এক্স-রে মেশিন বসবে, অ্যাম্বুলেন্স থাকবে এবং কিছু কিছু বিশেযজ্ঞ ডাক্তারও থাকবেন। কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে এই হাসপাতালগুলি ৩০ শয্যা বিশিষ্ট হবে। একটা কথা জানা দরকার, পশ্চিমবঙ্গ ছাড়া ভারতবর্ষের আর কোথাও উপ-স্বাস্থ্য কেন্দ্র বলে কোনও সেন্টার নেই। অর্থাৎ ব্লক স্তরের স্বাস্থ্য কেন্দ্র তার নিচে উপ কেন্দ্র আছে, মাঝখানে কোনও উপ-স্বাস্থ্য কেন্দ্র নেই। কিন্তু আমাদের রাজ্যে ৯০০ উপ-স্বাস্থ্য কেন্দ্র আছে। সেই স্বাস্থ্য কেন্দ্রগুলিকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা হলে সেখানে ঐ সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হবে। ই.সি.জি. এক্স-রে, অ্যাম্বুলেন্স এবং কিছু বিশেষজ্ঞের সুযোগ সুবিধা সেখান থেকে মানুষ পাবে।

শ্রী সালিব টোপ্প ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তর বাংলার চা-বাগানগুলিতে চা-বাগানের কর্মচারিদের চিকিৎসার জন্য ছোট ছোট হাসপাতাল আছে। কিন্তু চা-বাগান অঞ্চলে চা-বাগানের কর্মচারী নয় এমন বহু মানুয বসবাস করে, তাদের চিকিৎসার জন্য সরকারের কি কোনও পরিকল্পনা আছে?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ চা-বাগানের শ্রমিক কর্মচারিদের জন্য বা অন্যান্য শ্রমিক কর্মচারিদের জন্য অনেক জায়গায়ই আলাদা চিকিৎসার সুযোগ সুবিধা থাকা সত্ত্বেও আমাদের গ্রাম স্তর থেকে, ব্লক স্তর থেকে শুরু করে কলেজ হাসপাতাল পর্যন্ত যে চিকিৎসা ব্যবস্থা আছে তার সুযোগ সুবিধা সকল শ্রেণীর মানুষই গ্রহণ করতে পারেন এবং করেন। চা-বাগানে বা অন্য কোনও সংস্থায় কাজ করে বলে কাউকে বঞ্চিত করা হয় না। সুতরাং চা-বাগান অঞ্চলের প্রতিটি মানুষ—সে চা-বাগানের কর্মচারী হোক বা না হোক—সে অঞ্চলে আমাদের যে চিকিৎসা ব্যবস্থা আছে তার সুযোগ গ্রহণ করতে পারে।

শ্রীমতী মিনতি ঘোষ ঃ আমার নির্বাচনী কেন্দ্র গঙ্গারামপুরের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করা হয়েছে, কিন্তু গ্রামীণ হাসপাতালের জন্য নির্দিষ্ট সুযোগ সুবিধা থেকে জনসাধারণ এখনও বঞ্চিত হচ্ছে। দীর্ঘদিন ধরে ওখানে একটা এক্স-রে মেশিন অকেজো হয়ে পড়ে রয়েছে। এক্স-রে মেশিন সহ বিভিন্ন সুযোগ সুবিধা যাতে সেখান থেকে জনসাধারণ পেতে পারে তার জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয়া সদস্যা বিষয়টি এখানে উল্লেখ না করলেই পারতেন। কারণ তিনি ইতিমধ্যে এ বিষয়ে আমার সঙ্গে ৩/৪ বার কথা বলেছেন। ওখানে মূল সমস্যা হচ্ছে ইলেকট্রিকের। এ ক্ষেত্রে আমাদের পূর্ত দপ্তরের সঙ্গে সমন্বয় করে ব্যবস্থা গ্রহণ করতে

হবে। ইলেকট্রিক কানেকশন না পাওয়া পর্যন্ত ঐ হাসপাতালটিকে সঠিক ভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না। স্যার, এই মাত্র পূর্তমন্ত্রী আমাকে বললেন যে, সম্প্রতি ওখানে ইলেকট্রিক কানেকশন হয়ে গেছে। সুতরাং আমি মাননীয় পূর্তমন্ত্রীকেই অনুরোধ করছি এ বিষয়ে কিছু বলার জন্য।

শ্রী মতীশ রায় ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, পূর্ত দপ্তরের বৈদ্যুতিক সংযোজনের যে ব্যবস্থা করার কথা ছিল সেটা ইতিমধ্যেই করে দেওয়া হয়েছে।

উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা

*৭০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৯) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে যে সমস্ত রোগীরা ভর্তি হচ্ছে তাদের সমস্ত ঔষধ বাইরে থেকে কিনে দিতে হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ (ক) না, সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, স্থানীয় বিধায়ক বলছেন ওযুধ কিনে দিতে হচ্ছে কিন্তু আপনি বলছেন দিতে হচ্ছে না। এই ব্যাপারে তদন্ত করে দেখবেন কি না?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ শুনুন, ওষুধের যে তালিকা আমাদের আছে সেই তালিকার মধ্যে আমরা ওষুধ সরবরাহ করে থাকি। তবে সব সময় সব যে ওষুধ হাসপাতালে থাকে তা আমি বলতে পারি না। কারণ হল, ওষুধের দাম প্রায় আড়াই গুণ, তিন গুণ বেড়ে গেছে। গত বছর ৩১ কোটি টাকার ওষুধ কিনেছি। এবারে লাগবে ৭৫ কোটি টাকা ওষুধ দিতে। যা হোক, তা সত্ত্বেও আমি আপনাকে দিয়ে দিতে পারি। ৯-৪-৯২ তারিখ পর্যন্ত এই হাসপাতালে যে ওষুধ আছে আমি তার লিস্ট করে এনেছি। ওষুধ যে নেই তা নয়, তবে দু-চারটি আইটেম নাও থাকতে পারে। সেই ওষুধ এই লিস্টের মধ্যে যদি থাকে তাহলে ওষুধ কিনে নিতে পারেন।

শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ যে সব ওষুধ হাসপাতালে পাওয়া যায় সেই রকম কোনও লিস্ট দিতে পারেন কিনা?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ হ্যাঁ, তালিকা দিয়ে দেব।

শ্রী তপন হোড় ঃ যেসব ওষুধের লিষ্টের কথা বললেন বিভিন্ন হাসপাতালে মহকুমা হাসপাতালে, জেলা হাসপাতালে, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে যে ওষুধ পাঠান, যে স্টক ওখানে থাকে সেটা প্রকাশ্যে টাঙিয়ে দেবার ব্যবস্থা এবং স্টক মেইনটেন করার কোনও পরিকল্পনা আছে কি না?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ প্রত্যেক হাসপাতালে আমাদের স্টোর কিপার আছে, মেডিক্যাল স্টোর কিপার আছে। আমাদের সেন্ট্রাল মেডিক্যাল স্টোর থেকে ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোরে ওষুধগুলি যায়। সেখান থেকে সমস্ত হেলথ সেন্টারে এবং হাসপাতালে যায়। এখন আমাদের যেমন সেন্ট্রাল মেডিক্যাল স্টোরে এবং ডি আর এসে যেমন আছে তেমনি প্রত্যেক হাসপাতালে স্টোর কিপার আছে। মেডিক্যাল স্টোর কিপার দেখাশুনা করে। আমি কয়েকটি হাসপাতালে গেছি।

শ্রী তপন হোড় ঃ টাঙিয়ে দিলে এফেক্টিভ হবে?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ এই ব্যাপারে আমি কয়েকটি জায়গায় বলেছি। যেমন, শিলিগুড়িতে আমি গিয়েছিলাম। সেখানে বলেছিল ওষুধের লিস্ট টাঙিয়ে দিতে। আমি বলেছিলাম, টাঙিয়ে দিতে। এটা যদি চান আমি টাঙিয়ে দেবার ব্যবস্থা করতে পারি।

ডাঃ মোতাহার হোসেন ঃ মহকুমা হাসপাতালগুলিতে যে ওষুধ সাপ্লাই করা হয় তার সোর্স কি সি.এম.এস., না, ডি.আর.এস., কোথা থেকে হাসপাতালে সাপ্লাই হয় এবং কোনও রোগীকে এমারজেন্সি কোনও ওষুধ দিতে গেলে লোকাল পারচেজের ক্ষমতা সুপারইনটেন্ডের আছে কিনা? যদি থাকে তবে কত টাকা পর্যন্ত তিনি ওষুধ পারচেজ করতে পারেন?

[11-20 — 11-30 A.M.]

মিঃ স্পিকার ঃ যে কোনও একটা প্রশ্নের উত্তর দেবেন।

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমাদের সি.এম.এস. থেকে প্রত্যেক ডিস্ট্রিক্টে রিজার্ভ স্টোরে যায়, সেখান থেকে ওষুধ সরবরাহ করে, আর একটি জিনিস আছে, যদিও মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে একটু রেস্ট্রিক্ট করে দিয়েছেন, আমি বলতে পারি আমাদের এ ছাড়াও মেডিক্যাল কলেজগুলিতে ডিসেন্ট্রালাইজ টাকা দিয়ে থাকি, কারণ হল ওখানে কঠিন কঠিন অস্ত্রপাচার হয় সেখানে বিশেষ ওষুধ দরকার, সেগুলি তারা কিনতে পারে না। ডিস্ট্রিক্ট হাসপাতালের জন্য আলাদা করে টাকা দেওয়া থাকে, সি.এম.ও. এইচের আলাদা ফান্ড আছে দরকার হলে দিতে পারে। সুতরাং সেন্ট্রাল মেডিক্যাল স্টোর থেকেই যে ওষুধ যাবে তার কোনও কথা নেই, যেখানে খুশি কিনতে পারে।

ডাঃ মোতাহার হোসেন ঃ সুপারিনটেনডেন্ট কত পর্যন্ত কিনতে পারে, মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমাদের তালিকার মধ্যে যতটা দরকার ততটাই কিনতে পারেন।

শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দেবার সময় বললেন যে ওষুধের দাম যা বাড়ছে তার জন্যই বাইরের প্রভিশন বাড়াতে হচ্ছে, সেই কারণেই কিছু সমস্যা হচ্ছে। ১২.৪.৯২ পর্যন্ত যে তালিকা হাউসে লে করলেন তাতে ওষুধ মোটামুটি হাসপাতালেই পাওয়া উচিত, মনে হয় সাপ্লাইয়ের ক্ষেত্রে কিছু বটলনেক হচ্ছে, এর ফলে হাসপাতালে সি.এম.এস. বা ডি.আর.এস থেকে ওষুধ পাওয়া যাচ্ছে না।

শ্রী প্রশান্তকুমার শূর ঃ সমস্যাটা হল এই যে, আপনারা জানেন প্রতি দু'বছর অন্তর টেন্ডার কল করা হত, এবারে এটাকে পরিবর্তন করার চেষ্টা করা হয়েছে। এবারে টেন্ডার কল করার একটা ব্যবস্থা করেছিলাম। যে সব ওষুধ টেন্ডার কল করে আমরা অর্ডার দিই সেইসব ওষুধ প্রথমে যারা সাপ্লাই দেয় সেই সাপ্লাই অনুযায়ী কিছু টেস্ট করার চেষ্টা করছি। তারা সাপ্লাই করছে, প্রত্যেক ব্যাকটারাইজের সাপ্লাই নিয়ে টেস্ট করার চেষ্টা করছি. এই যখন শুরু করেছি, তখন সাপ্লায়াররা সাপ্লাই দিতে অসন্তুষ্টি প্রকাশ করছে, কোথায় করছে, সব কথা এখানে বলা যাবে না। স্ট্রিক্টলি চেষ্টা করেছিলাম যে কোনও সাপ্লায়ার সাব স্ট্যান্ডার্ড মেডিসিন সাপ্লাই করছে কিনা। পদ্ধতিটা বদল করার জন্য দেখছি সাপ্লাই কমে যাচ্ছে।

অপুষ্টিজনিত রোগে আক্রান্ত শিশু

*৭০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৬) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ সালের আর্থিক বছরগুলিতে অপুষ্টিজনিত রোগে কতজন আক্রান্ত হয়েছেন;

(খ) উক্ত সময়ে কতজন শিশু উক্ত অপুষ্টিজনিত রোগে আক্রান্ত হয়েছে এবং মৃত্যু ঘটেছে;

(গ) অপুষ্টিজনিত রোগের আক্রমণের হাত থেকে রক্ষার জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না; এবং

(ঘ) যক্ষ্মা রোগ হতে রক্ষার জন্য রাজ্য সরকার উক্ত সময়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ (ক) ঐরূপ কোনও পরিসংখ্যান নেই।

(খ) উক্ত সময়ে অপুষ্টিজনিত রোগে শিশুর আক্রান্ত ও মৃত্যুর কোনও রিপোর্ট নেই।

(গ) অপুষ্টিজনিত রোগের আক্রমণ দূরীকরণের জন্য পশ্চিমবঙ্গ সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছেন;

(১) মিল্কফিডিং প্রোগ্রাম গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে করা হয়;

(২) সমাজ কল্যাণ ও স্বাস্থ্য বিভাগের যৌথ উদ্যোগে সুসংহত শিশু বিকাশ প্রকল্প (আই.সি.ডি.এস.) এর মাধ্যমে ব্যবস্থা করা হয়।

(৩) পুষ্টিশিক্ষার জন্য পুষ্টিবিভাগ বিভিন্ন হাসপাতালের শিশুর বিভাগে পুষ্টি প্রকল্প পরিচালনা করেন। এছাড়া বিভিন্ন জেলার স্বাস্থ্যকেন্দ্রেও এই ধরনের প্রকল্প পরিচালনা করা হয়।

(৪) বিভিন্ন হাসপাতাল ও জেলাস্বাস্থ্য কেন্দ্রে শিশুদের অপুষ্টিজনিত অন্ধত্ব ও রক্তাল্পতার প্রতিরোধকল্পে বিনামূল্যে ভিটামিন-এ' অয়েল ও ফলিফার ট্যাবলেট বিতরণ করা হয়। এছাড়া মায়েদেরও ফলিফার ট্যাবলেট বিতরণ করা।

(ঘ) যক্ষ্মা রোগ প্রতিরোধে রাজ্য সরকার যক্ষ্মা নিয়ন্ত্রণী কর্মসূচির মাধ্যমে এই দুই আর্থিক বছরে যথারীতি রোগীর এক্স-রে পরীক্ষা ও কফ পরীক্ষার ব্যবস্থা করেছেন। রোগাক্রান্তগণের হাসপাতালে স্বাস্থ্যকেন্দ্রে ও ক্লিনিকে চিকিৎসা ব্যবস্থা করেছেন এবং ০-১ বছরের শিশুদের যক্ষ্মা প্রতিরোধক বি.সি.জি. টীকাদানের ব্যবস্থাও করেছেন। তাছাড়া স্বাস্থ্য বিভাগের অধীনে জেলাস্বাস্থ্য দপ্তর জনসাধারণকে এই রোগ প্রতিরোধে সচেতন করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

ডাঃ মোতাহার হোসেন ঃ অপুষ্টিজনিত রোগে কতজন আক্রান্ত হয়েছে এইরকম পরিসংখ্যান তাঁর কাছে নেই বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, কাজেই ওঁর কাছে পরিসংখ্যানটা থাকা দরকার। আজকে হাজার হাজার মানুষ অপুষ্টিজনিত রোগে মারা যাচ্ছেন। কাজেই এই পরিসংখ্যান না রাখলে তার প্রতিকারের ক্ষেত্রে কার্যকর ব্যবস্থা নেওয়া সম্ভব হবে না। তাই আমি মন্ত্রীর কাছে জানতে চাই, ভবিষ্যতে সরকার এই পরিসংখ্যান রাখবেন কি না?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ এটা রাখা অসম্ভব, কারণ আপনি জানেন যে, ভারতবর্ষে আজও মৌলিক সংস্কার হয় নি যেখানে, সেখানে মানুষকে পুষ্টিকর খাবার দেবেন কোথা থেকে? যেখানে ভারতের অধিকাংশ মানুষ কৃষির সঙ্গে জড়িত, যে দেশে ৮০ ভাগ মানুষ গ্রামে বাস করেন, সে দেশে কৃষকের হাতে যদি জমি না থাকে, খাদ্য না থাকে, সে দেশের শিশু স্বাভাবিকভাবেই অপুষ্টিজনিত রোগে মারা যাবে কারণ শিশু জন্মাবার আগে তার মা প্রয়োজনমতো ক্যালোরী খাবার পায় না। আমরা প্রতিষেধক ব্যবস্থা করছি। কোনও কারণে মানুষ অসুস্থ বলা না গেলেও বলতে হয়, বহু লোক অপুষ্টিজনিত রোগে রুগ্ন হয়ে পড়ে।

তবে তার পরিসংখ্যান রাখা অসম্ভব। যদি ডাক্তাররা পরিষ্কারভাবে বলে দেন যে, এর রোগ অপুষ্টিজনিত কারণে হয়েছে তাহলেই সম্ভব, না হলে এটা সম্ভব নয়।

ডাঃ মোতাহার হোসেন ঃ স্যার, উনি ধান ভানতে শিবের গীত গাইলেন। যা বলবেন তার বদলে ভূমি সংস্কার নিয়ে এলেন। বলছেন, এক্ষেত্রে পরিসংখ্যান রাখা সম্ভব নয়। কিন্তু উনি বিবৃতিতে বলেছেন যে, রাজ্য সরকারের কর্মচারিরা এক-তৃতীয়াংশই হচ্ছেন স্বাস্থ্য দপ্তরের কর্মী। এত কর্মী যেখানে ভিলেজ লেভেলে রয়েছেন সেখানে এই পরিসংখ্যান রাখা সম্ভব বলে আমি মনে করি। উনি স্বীকার করেছেন যে, অপুষ্টিজনিত রোগে মানুষ আক্রান্ত হচ্ছেন। কাজেই এই পরিসংখ্যান থাকা দরকার বলে মনে করি। সেজন্য সরকারকে অনুরোধ করছি, ভবিষ্যতে এটা রাখবেন কিনা সেটা চিন্তা করে দেখবেন।

শ্রী প্রশান্তকুমার শূর ঃ কোনও চিকিৎসক যদি রোগী দেখে বলেন যে, রোগটা অপুষ্টিজনিত কারণে হয়েছে তাহলে তার রেকর্ড রাখা সম্ভব, কিন্তু কোনও চিকিৎসক বলেন না যে, রোগটা কি কারণে হয়েছে। তিনি চিকিৎসা করেন। এই হচ্ছে আমাদের চিকিৎসা-ব্যবস্থা। আমাদের দেশে যেসব রোগ হয় তার শতকরা ৮০-৮৫ ভাগ রোগ আমরা রোধ করতে পারি প্রতিষেধক-ব্যবস্থার মাধ্যমে। সেজন্য প্রতিযেধক-ব্যবস্থার উপর আমরা জোর দিচ্ছি। জন্মাবার এক বছরের মধ্যে লক্ষ লক্ষ শিশু আমাদের দেশে মারা যায়। সেজন্য আমরা ইউনিভার্সাল ইমিউনাইজেশনের উপর জোর দিয়েছি। সেন্ট্রাল গভর্নমেন্টের ডাইরেকশন আছে, ইউনিসেফ বা ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের ডাইরেকশন আছে যে, সেন্ট পারসেন্ট ইমিউনাইজেশন করতে হবে, মায়েদের দুটি করে টিটেনাস-টকসাইড দিতে হবে, মায়েদের পুষ্টিকর খাদ্য সরবরাহ করতে হবে। এইসব নিয়ম আছে। কিন্তু এক্ষেত্রে আমাদের দেশে কত দূর কি হচ্ছে, না হচ্ছে, সেটা আপনারা বুঝতে পারছেন।

শ্রী সুভাষ গোস্বামী ঃ কয়েকটি পত্র-পত্রিকায় দেখছিলাম, সম্প্রতিকালে থ্যালাসামিয়া রোগ বৃদ্ধি পেয়েছে। এ-ব্যাপারে সরকার অবগত আছেন কিনা এবং থাকলে এর বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

[11-30 — 11-40 A.M.]

শ্রী প্রশান্তকুমার শূর ঃ থ্যালাসামিয়ার কথা বলছেন, এই সম্বন্ধে আমরা ওয়াকিবহাল আছি। তবে এটার সাথে ওটা আসে না। এটা সব সময় যে অপুষ্টিজনিত কারণে হয় তা নয় এটা জন্মগত কারণেও হয়। রুগীকে রক্ত দিতে হয় তা না হলে মারা যায়।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে ভূমি সংস্কারের জন্য বহু শিশু মারা গেছে। আপনি বামফ্রন্ট সরকারের ওই ডিপার্টমেন্টের মন্ত্রী হয়ে অপুষ্টি দূরীভূত করে পুষ্টিকর খাদ্য দেওয়ার কোনও ব্যবস্থা করছেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আপনারা বিরোধীদল বলে আমাদের সরকারের খবরাখবর রাখেন না। আপনারা জানেন ১৪ বছরের মধ্যে আমরা প্রচুর জমি বন্টন করেছি, প্রায় ১৬ লক্ষ ১৭ লক্ষ্য ভাগচাষীকে চাষ করবার অধিকার দিয়েছি। সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর। আপনারা ৭৬ সালে ৭৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করেছিলেন এবং আমরা ১৪ বছরে সেটা করেছি ১ কোটি ২০ লক্ষ টন। ৪৫ লক্ষ টন বাড়িয়েছি। ভারতবর্ষে ৯০ শতাংশের মধ্যে ২৯ শতাংশ জমি মাত্র বন্টন করা হয়েছে। আপনারা জমিদারদের স্বার্থরক্ষা করে চলেছেন, আর এইরকম করে চলেন।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় আপনি ফান্ডামেন্টাল উত্তরেই গেছেন। অপুষ্টিজনিত ব্যাপারটা কোনও রাজ্যের ব্যাপার না এটা একটা জাতীয় সমস্যা এবং এটাকে ন্যাশনাল কনটেক্সট হিসাবে বিচার করতে হবে। স্বাস্থ্যের ব্যাপারটা কেন্দ্রীয় স্বাস্থ্য পরিকল্পনাতে যদি থাকে তাহলে সেই ইনফ্রাস্ট্রাকচারের মধ্যে রাজ্যের স্বাস্থ্যের যে পরিকল্পনা এই অপুষ্টিজনিত বিষয়ে কেন্দ্রের যে অ্যাসিস্ট্যান্স আছে কি না বা তাঁরা কোনও পদক্ষেপ গ্রহণ করেছেন কি না? কেন্দ্রের কোনও ইতিবাচক ভূমিকা আছে কি না?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আপনারা শুনেছেন বোধ হয়, যে জমি যেভাবে কেন্দ্রীভূত হয়ে রয়েছে তাতে করে পুষ্টিকর খাদ্য আসবে কোথা থেকে? পুষ্টিকর খাদ্য উৎপাদন করতে হবে আজকে যদি পুষ্টিকর খাদ্য না উৎপাদন হয় তাহলে অপুষ্টিজনিত কারণে ছেলেমেয়ে মারা যাবে। তবে কেন্দ্রীয় সরকার আই.সি.ডি.এস. প্রকল্পতে আমাদের সাহায্য করে থাকেন।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে আপনি বললেন যে, ওই অপুষ্টিজনিত রোগেতে পঞ্চায়েত থেকে যে মিল্ক ফিডিংয়ের ব্যবস্থা কত জায়গাতে চালু আছে, দয়া করে জানাবেন?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ সেটা আমাদের পঞ্চায়েতমন্ত্রী বলতে পারবেন। আমরা পঞ্চায়েতের মাধ্যমে কাজ করি। পঞ্চায়েত দপ্তর কোথায় কোথায় জমি বন্টন করছে সেটা পঞ্চায়েত দপ্তরই দেখে।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যক্ষ্মা রোগ নিবারণের জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন এবং প্রাইমারি হেলথ সেন্টার এবং রুর‍্যাল হেলথ সেন্টারগুলিতে এই যক্ষ্মা রোগ নিবারণের জন্য কি কি কর্মসূচি গ্রহণ করেছেন. ওখানে ওষুধ পাওয়া যাবে কি না?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমার (গ) প্রশ্নের উত্তর আপনি লক্ষ্য করেন নি। আমাদের ৮ হাজার ৬৪টি উপকেন্দ্র আছে এবং হাসপাতালের শয্যা সংখ্যা ৬ হাজার ৪৩৩টি। কিন্তু এই ধরনের রোগের জন্য হাসপাতালে ভর্তি হতে হয়। আমি খুব সংক্ষেপে বলছি যে কটি টি.বি সেনিটেরিয়াম আছে—নিরাময় টি.বি. সেনিটোরিয়াম, এম.আর সেনিটোরিয়াম, ডাঃ বি.সি.রায়

চেস্ট সেনিটোরিয়াম, নেতাজী সুভাষ বোস টি.বি. সেনিটোরিয়াম ইত্যাদি।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ও শিলিগুড়ি রেড এন্ড সোসাইটি দ্বারা পরিচালিত টি.বি. হাসপাতালটি সরকার অধিগ্রহণ করার পরে একটি এক্স-রে মেশিন দেওয়া হয়। কিন্তু সেই এক্স-রে মেশিনটি এবং ফটো মেশিনটি নষ্ট হতে বসেছে, সেটাকে চালু করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ এটা আলাদাভাবে আপনাকে প্রশ্ন করতে হবে।

শ্রী বীরেন ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যক্ষ্মারোগের প্রতিষেধক হিসাবে কোনও ওষুধ হাসপাতাল থেকে বার করা হয়েছে কিনা? কারণ ইউনিভার্সাল ইমিউনাইজেশন প্রোগ্রাম যেমন টিকা দেওয়ার ব্যবস্থা আছে তেমনি যক্ষ্মা রোগের প্রতিষেধক টিকা হাসপাতাল থেকে দেওয়ার ব্যবস্থা আছে কিনা?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমাদের ইউনিভার্সাল ইমিউনাইজেশন প্রোগ্রাম অনুসারে বি.সি.জি. টিকা দেওয়া হয়ে থাকে যক্ষ্মা রোগের প্রতিষেধক হিসাবে এবং এই বি.সি.জি. টিকা দেওয়া নিয়ে ডাক্তারদের মত পার্থক্য আছে। কোনও ডাক্তার বলেন এই টিকা দেওয়া ভাল আবার কোনও ডাক্তার বলেন যে এই টিকা দেওয়া ভাল নয়।

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা

***৭১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৬২) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ২-১০-৯১ তারিখে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে জনৈক ব্যক্তি ভুল চিকিৎসার জন্য মারা যান;

(খ) সত্যি হলে, উক্ত ঘটনার তদন্ত রিপোর্ট প্রকাশ না হওয়ার কারণ কি;

(গ) উক্ত হাসপাতাল ১৯৮৭ সালের জানুয়ারি হতে ১৯৯১ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন রোগীর ভুল চিকিৎসার জন্য মৃত্যু ঘটেছে; এবং উক্ত সময়ে কোনও তদন্ত কমিটি গঠিত হয়েছিল কি না; এবং

(ঘ) উক্ত হাসপাতালে সুচিকিৎসা ও ঔষধপত্রসহ হাসপাতালের পরিবেশকে সুস্থ করার জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না। তবে উক্ত সময়ে দুইটি মৃত্যুর ঘটনায় মৃতের আত্মীয়স্বজন দ্বারা আনীত অভিযোগের ভিত্তিতে কমিটির দ্বারা তদন্ত করা হয়েছিল।

(ঘ) হাসপাতালের চিকিৎসা ও ঔষধ সরবরাহের নিয়মানুগ ব্যবস্থা নেওয়া আছে।

[11-40 — 11-50 A.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে অভিযোগের ভিত্তিতে মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে তদন্ত করা হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে, সেই তদন্ত রিপোর্টে কি বলা হয়েছিল সেটা জানাবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ একটি তদন্তে বলা হয়েছে, "Scrutiny of the bed head tickets and discussion with the nursing staff involved did not show any gross irregularity during postoperative management and after-care. The patient was attended by internees, house staff and Dr. Kousik Chakraborty, M.S. (Ortho.) on separate occasions."

শ্রী আব্দুল মান্নান ঃ সেই তদন্ত কে করেছিলেন সেটা জানাবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ তদন্ত করেছিলেন, Prof. P.K. Dutta, Principal, BSMC Superintendent, BSMCH Prof. K.C. Chowdhury Hd. of Dept. Ortho. Dr. J.N. De, Hd. of Dept., F.S.M. Dr. J. Sengupta, Hd,. of Dept., Pathology Mrs. K. Sarkar Nursing Supdt. BSMCH Dr. D.D. Chatterjee, Dy. Supdt., BSMCH.

শ্রীমতী মহারানী কোনার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'ঘ' প্রশ্নের উত্তরে হাসপাতালের চিকিৎসা সম্পর্কে বলেছেন। আমার কথা হচ্ছে, হেলথ সেন্টারগুলি হচ্ছে গ্রামগঞ্জে। আপনি সেখানে ডাক্তার পাঠাচ্ছেন, কিন্তু ডাক্তাররা যাচ্ছেন না। তারা যে যাচ্ছে না, কি কারণে যাচ্ছে না, তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সেটা আমি জানতে চাচ্ছি? যদি হেলথ সেন্টারগুলি চালু হয় তাহলে বড় বড় রুরাল হাসপাতালের উপরে প্রেসারটা কম পড়ে এবং রুগীও মারা যায় না হেলথ সেন্টারগুলি চালু থাকলে গ্রাম-গঞ্জের মানুষ সেবা পায় কাজেই এই ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে জানাবেন কি?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয়া সদস্যা যুক্তি সঙ্গত প্রশ্ন করেছেন এবং আমি তার সঙ্গে একমত। কিন্তু কথা হচ্ছে, যাকে সাইকোলজিস্ট বলে আমি তা নই। কেন যাচ্ছে না সেটা তারাই জানেন আমি হাউসে পরিসংখানটা দিয়েছি আমরা যে ডাক্তার পাঠাচ্ছি তার শতকরা ৫০ ভাগও তারা জয়েন করে না আবার যারা জয়েন করেন তারা ফিরে আসেন কেন জয়েন করেন না, কেন থাকেন না, সেটা তারাই জানেন। আগে কংগ্রেস আমলে যে ব্যবস্থা ছিল এখন তা নেই। আগে ছিল একবার নিয়োগ পত্র দিলে ১০ বছর পরেও

যোগদান করতে পারত। কিন্তু আমাদের নিয়মে ২১ দিনের মধ্যে জয়েন না করলে তার চাকুরি থাকবে না। এইভাবে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে যাতে রিক্রুট হয় সেই ব্যবস্থা আমরা করেছি। এবারে ইতিমধ্যে আমরা পাঠিয়েছি যাতে রিক্রুট করা হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, আপনি বলছেন ডাক্তাররা যাচ্ছে না এবং আপনি সাইকোলজিস্ট নন। আমি আপনাকে বলি, আমি ডাক্তারদের জিজ্ঞাসা করেছিলাম যে আপনারা কেন থাকতে চান না? তারা যে উত্তর দিয়েছে সেটা আপনার জানা দরকার। এই সম্পর্কে কি অভিমত আপনারা সেটা আমাদের জানাবেন। তারা বলেছেন যে সেখানে কি মারধর খাবার জন্য যাব। সেখানে ডাক্তারি করতে গেলে আমার ডাক্তারি বিদ্যা ভুলে যেতে হবে। কারণ ডাক্তারি করতে গেলে ন্যূনতম যেগুলি প্রয়োজন যেমন—ঔষধ-পত্র, চিকিৎসা করার জন্য অন্যান্য যন্ত্রপাতি, এগুলি থাকে না। তারপরে একটা অপারেশন করতে গেলে তার জন্য যেসব জিনিসের প্রয়োজন সেগুলির সাপ্লাই নেই। কাজেই দেখা যাচ্ছে এই সব কারণে তারা যেতে চায় না। আপনি এই সব সম্পর্কে কি কোনও ব্যবস্থা নিয়েছেন?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয় সদস্য যে কথা বললেন সে সম্পর্কে মাননীয় সদস্য নিজেই একটু ভেবে দেখবেন। কারণ তিনি আমাদের ভারতবর্ষের নাগরিক। আমাদের শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামে বাস করেন। তাদের মধ্যে ৭০/৭৫ ভাগ ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর, ভাগচাষী। এখন আমাদের ডাক্তাররা পশ্চিমী দেশের শিক্ষা ব্যবস্থা অনুযায়ী পড়াশোনা করে তারা চান বড় বড় হাসপাতাল, আধুনিক যন্ত্রপাতি দিয়ে চিকিৎসা করবেন। আমাদের গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র বা সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে আমাদের বিশেষজ্ঞ চিকিৎসার ব্যবস্থা থাকতে পারে না। আপনি ডাক্তারদের ব্রিফ নিয়েছেন, ভাল কথা। কিন্তু ডাক্তার কেন গ্রামীণ চিকিৎসা কেন্দ্রে যাচ্ছে না, গেলেও চলে আসছেন, কেন হেলথ অ্যাসিস্ট্যান্টের উপর ভার দিয়ে চলে আসছেন, একটা চিকিৎসা কেন্দ্রে কেন ডাক্তার নেই, একটা হেলথ অ্যাসিস্ট্যান্ট কি চিকিৎসা করবে? আপনি বলছেন, ডাক্তারের কথা বুঝেছেন। আমি বলছি, ডাক্তারের কথাটা বোঝেন নি এখনও। ভাল করে বোঝাবার চেষ্টা করুন।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ছাত্ররা যখন হাসপাতালে ডাক্তারি পড়তে আসে তখন তাদের জন্য এক্সচেকার থেকে কত টাকা খরচ করতে হয়? ভর্তির সময় বাধ্য করা হয় কিনা গ্রামে কিছু দিন কাজ করতে হবে বলে লিখে দিতে?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আপনি জানেন, আমাদের বহু টাকা, লক্ষ লক্ষ টাকা ব্যয় হয়। আমি একটা কথা বলব, আমাদের যিনি বর্তমান প্রধানমন্ত্রী নরসিংমা রাও তিনি যখন হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের মন্ত্রী ছিলেন তখন স্বাস্থ্য দপ্তরও দেখতেন। তিনি একটা স্বাস্থ্যমন্ত্রী সম্মেলনে তিনটে পয়েন্টের মধ্যে একটা পয়েন্ট বলেছিলেন আমাদের দেশের প্রয়োজন অনুযায়ী স্বাস্থ্যের শিক্ষা দরকার। সেই স্বাস্থ্য শিক্ষা আমরা দিতে পারছি না। এখন কথা হল,

শিক্ষা ব্যবস্থা যদি না পাল্টায় আমাদের দেশের বাস্তব পরিস্থিতি অনুযায়ী যা প্রয়োজন সেই অনুযায়ী চিকিৎসা শিক্ষা ব্যবস্থা না হয়, তাহলে সঠিকভাবে এটা চলতে পারে না। আমরা ইচ্ছা করলেই কিছু করতে পারি না, কোনও রাজ্য সরকারের সে অধিকার নেই। কারণ মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়ার নির্দেশে সব ব্যবস্থা হয়। আমরা ইচ্ছা করলে একটা শিক্ষা ব্যবস্থা চালু করতে পারি না।

শ্রী অরুণকুমার গোস্বামী ঃ আপনি কি জানেন, আপনার লিস্টে হাসপাতালে যে ঔষধপত্র দেওয়া হয়. .. ..

মিঃ স্পিকার ঃ হবে না, উনি কি জানেন না জানেন তা নিয়ে প্রশ্ন হবে না। উনি কি জানেন না জানেন তা নিয়ে আমাদের দরকার নেই। নট অ্যালাউড কোয়েশ্চেন।

[11-50 — 12-00 Noon]

শ্রী দিলীপ মজুমদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, কিছু দিন পূর্বে পি.জি. হাসপাতালে একজন কার্ডিয়াক অ্যারেস্ট রুগীকে কয়েকজন মানুষ নিয়ে যান, সেখানে ডাক্তারবাবু—ডাঃ অজিত মাইতি তাঁদের বলেন যে, ১৮০০, ১৮০০-৩৬০০ টাকা দামের দুটি ইঞ্জেকশন এক ঘন্টার মধ্যে দিয়ে আসতে হবে। কলকাতা শহর বলে তাঁরা যেমন করেই হোক সেই ইঞ্জেকশন দুটি নিয়ে আসেন। আজকে চিকিৎসা ব্যয় এই জায়গায় গিয়ে পৌঁছেছে। এই অবস্থায় সরকার জীবন-দায়ী বিভিন্ন ওষুধ-পত্র কেনার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করছে কি?

মিঃ স্পিকার ঃ এ প্রশ্ন ওঠে না। নট অ্যালাউড।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ ১৯৯১ সালের ৩০ শে আগস্ট মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি একটি দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে একটা স্টেটমেন্ট করেছিলেন যে, বনগাঁর ডাঃ জে.আর.ধর সাব-ডিভিসনাল হাসপাতালে ডাক্তার, ওষুধ ইত্যাদি সমস্ত কিছু ঠিকমতো আছে। কোনও বিষয়েই সাধারণ মানুষদের কোনও অসুবিধা হচ্ছে না। অথচ বর্তমানে সেখানে দীর্ঘদিন ধরে ওষুধ না থাকার জন্য জনসাধারণের পক্ষ থেকে আন্দোলন চলছে। এমন কি আজও সেখানে সুপার ঘেরাও হয়ে আছেন।

মিঃ স্পিকার ঃ বক্তৃতা করা যাবে না। নট অ্যালাউড।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, অনুগ্রহ করে জানাবেন কি, ১৯৮৭ সাল থেকে ১৯৯১ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পশ্চিম বাংলায় কতজন মানুষ চিকিৎসার অভাবে বা চিকিৎসার অব্যবস্থার জন্য মারা গেছেন?

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল প্রশ্নের সঙ্গে মাননীয় সদস্যের প্রশ্নের কোনও সম্পর্কে নেই। সুতরাং এখানে এই প্রশ্ন ওঠে না।

Starred Question

(to which oral answer were given)

বিবেকানন্দ সেতু ও জুবিলি সেতুর মধ্যে নতুন সেতু নির্মাণ

***১১১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১১০৬) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে,

(১) গঙ্গার উপর বিবেকানন্দ সেতু ও জুবিলি সেতুর (নৈহাটি-গরিফা ও হুগলি ঘাট সংযোগকারী সেতু) মাঝামাঝি একটা নতুন সড়ক সেতু নির্মাণের জন্য এশীয় উন্নয়ন ব্যাঙ্ক অর্থ সাহায্যে রাজি হয়েছে;

(২) শ্রীরামপুর থেকে ব্যারাকপুর পর্যন্ত সেতু নির্মাণের জন্য সি এম ডি এ কর্তৃপক্ষ কর্তৃক কোনও প্রস্তাব গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ এর কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

শ্রী মতীশ রায় ঃ (ক) (১) না।

(২) এই বিভাগের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী অরুণকুমার গোস্বামী ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, কিছু দিন পূর্বে দিল্লিতে মিটিং হয়েছে এবং এশিয় উন্নয়ণ ব্যাঙ্ক টাকা দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছে। কয়েক দিন আগে সি.এম.ডি.এ. এবং আপনার দপ্তর রাইটার্স বিল্ডিংস-এ মিটিং করেছে। শ্রীরামপুর একটা ইন্ডাস্ট্রিয়াল বেল্ট এবং ব্যারাকপুরও একটা ইন্ডাস্ট্রিয়াল বেল্ট। ওখানে গঙ্গায় জল কমে গেছে। এই অবস্থায় উভয় তীরের শ্রমিক কর্মচারী ও সাধারণ মানুষদের যাতায়াতের ক্ষেত্রে খুবই অসুবিধায় পড়তে হচ্ছে। ফলে শ্রীরামপুর থেকে ব্যারাকপুরের মধ্যে গঙ্গার ওপর একটা গুরুত্বপূর্ণ সেতু নির্মাণের প্রস্তাব কি আপনি গ্রহণ করছেন?

শ্রী মতীশ রায় ঃ মাননীয় সদস্য এবং অন্যান্য সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, কিছু দিনপূর্বে দিল্লিতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সাথে এই নিয়ে আলোচনা হয়েছে এবং পানাগড়-মোরীগ্রাম রাস্তার যে সম্প্রসারণ সেই সম্পর্কে আলোচনা হয়। সেই সময় গঙ্গা নদীর উপর একটি দ্বিতীয় সেতু নির্মাণের একটা প্রস্তাব পেশ করেছি। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক এই ব্যাপারে আগ্রহ দেখিয়েছেন। কিন্তু এটা এখন বিবেচনাধীন স্তরে আছে।

শ্রী অরুণকুমার গোস্বামী ঃ এখানকার সি.এম.ডি.এ. কর্তৃপক্ষ এই রকম কোনও প্রস্তাব গ্রহণ করেছেন কি না কিছু কাজের, তার মধ্যে শ্রীরামপুর, ব্যারাকপুর, কল্যাণী ব্রিজ এবং বিবেকানন্দ ব্রিজের মাঝখানে শ্রীরামপুর ব্যারাকপুর ব্রিজ করার জন্য প্রস্তাব গ্রহণ করেছেন কিনা?

শ্রী যতীশ রায় ঃ আমি ইতিমধ্যেই আমার উত্তরে বলেছি, সি.এম.ডি.এ. আলাদাভাবে করছেন কিনা আমার দপ্তরের তা জানা নেই।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় একটি প্রশ্নের জবাবে বলেছিলেন গঙ্গার উপর দ্বিতীয় সেতু নির্মাণের প্রস্তাব করা হচ্ছে। আপনি বললেন, পাঠিয়েছেন কেন্দ্রীয় সরকারের কাছে। আমার প্রশ্ন হচ্ছে, কোনও জায়গা ঠিক করেছেন কিনা এবং যদি করে থাকেন তাহলে দয়া করে জানাবেন কি?

শ্রী যতীশ রায় ঃ গোটা জিনিসটা বর্তমানে বিবেচনাধীন আছে। যখন এটা স্থিরিকৃত হবে তখন স্থানটা জানতে পারবেন।

শ্রী শৈলজাকুমার দাস ঃ কিছু সেতুর উপর পারপার করার সময় টোল আদায় করা হয়ে থাকে। যেমন, মেদিনীপুর জেলার কাঁসাই, রূপনারায়ণ এবং রসুলপুর নদীর উপর টোল অনির্দিষ্টকালের জন্য কি আদায় করবে, না নির্দিষ্ট নিয়ম নীতির উপর নির্ভর করে নির্দিষ্ট সময় সীমার ভিত্তিতে আদায় করবে?

শ্রী যতীশ রায় ঃ এই প্রশ্নের সাথে জড়িত নয়। মাননীয় সদস্য যদি নোটিশ দেন তাহলে আমি উত্তর দিয়ে দেব।

Starred Question

(to which written answers were laid on the Table)

কালোবাজারি, মজুতদার, ভেজালদার গ্রেপ্তারের সংখ্যা

***১১২০।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৮) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১ সালের ১লা জানুয়ারি থেকে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত সময়ে পশ্চিমবাংলায় খাদ্যদ্রব্য বিষয়ে কত জন কালোবাজারি, মজুতদার ও ভেজালদারকে গ্রেপ্তার করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

৫০২ জন।

তফসিলি জাতি ও আদিবাসীদের জন্য বিশেষ কর্মবিনিয়োগ কেন্দ্র

*১১২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১০) **শ্রীমতী আরতি হেমব্রম** ঃ শ্রম দপ্তর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, তফসিলি জাতি এবং আদিবাসী কর্মপ্রার্থীদের জন্য রাজ্য সরকারের বিশেষ কর্মবিনিয়োগ কেন্দ্র আছে; এবং

(খ) সত্যি হলে, ১৯৯১, ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত কেন্দ্রে কত জন কর্মপ্রার্থীর নাম নথিভুক্ত আছে? (শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী)

শ্রম দপ্তর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯১ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ঐ কেন্দ্রে রক্ষিত (সেকেন্ডারি) কার্ডের সংখ্যা—

তফসিলি জাতি- ১৮,১৭১,

তফসিলি উপজাতি- ১৩,৯৫৭

সমবায় ব্যাঙ্ক

*১১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৪) **শ্রী সত্যরঞ্জন বাপুলি** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মোট সমবায় ব্যাঙ্কের সংখ্যা কত;

(খ) এর মধ্যে ১৯৯১-৯২ আর্থিক বছরে কত সমবায় ব্যাঙ্ক বন্ধ হয়ে আছে;

(গ) সমবায় ব্যাঙ্ক বন্ধ হয়ে যাবার কারণ কি; এবং

(ঘ) উক্ত বন্ধ ব্যাঙ্ক চালু করার বিষয়ে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছেন?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

৪৮টি (আটচল্লিশটি)।

একটিও না।

প্রশ্ন ওঠে না।

প্রশ্ন ওঠে না।

পাতিপুকুরে পূর্ত বিভাগের কর্মীদের কুটির

***১১২৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০৪) **ডাঃ দীপক চন্দ ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, যশোর রোডে (পাতিপুকুর) পথিপার্শ্বে পূর্ত বিভাগের কর্মীদের জন্য স্থায়ীভাবে কুটির আছে; এবং

(খ) সত্যি হলে, কলকাতা ও শহরতলির অন্যান্য এলাকাতেও এ ধরনের যেসব কুটির আছে তা তুলে দেবার কোনও পরিকল্পনা আছে কি না?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, ৪, ৫টি স্থায়ী কুটির আছে। এগুলিতে পূর্তদপ্তরের কর্মীরাই থাকে। এগুলি ৫০-৬০ বৎসরের পুরানো।

(খ) কলকাতা ও শহরতলির অন্যান্য এলাকাতেও এধরনের যেসব কুটির আছে, সেগুলি তুলে দেবার কোনও পরিকল্পনা সরকারের নেই। এটি পূর্তদপ্তরের মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।

বিষ্ণুপুর গ্রামে হাসপাতাল নির্মাণ

***১১২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৫) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার গাইঘাটার অন্তর্গত বিষ্ণুপুর গ্রামে হাসপাতাল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এই ধরনের কোনও পরিকল্পনা সরকারের কাছে আপাতত নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

রাজ্যের রাস্তাঘাট সংস্কারের জন্য ব্যয়ের পরিমাণ

***১১২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫০) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** পূর্ত (সড়ক)

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের রাস্তাঘাট মেরামত ও সংস্কারসহ নতুন রাস্তাঘাট নির্মাণের জন্য ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে কত টাকা দেওয়া হয়েছে;

(খ) যোজনা কমিশনের কাছে রাস্তাঘাট নির্মাণের ক্ষেত্রে ঐ সময়ের জন্য কত পরিমাণ অর্থের সুপারিশ করা হয়েছে;

(গ) জাতীয় সড়কগুলির মেরামত ও সংস্কারের জন্য উক্ত সময়ে কেন্দ্রীয় সরকারের দেয় টাকার পরিমাণ কত; এবং

(ঘ) জাতীয় সড়ক নির্মাণ, মেরামত ও সংস্কারের জন্য যোজনা কমিশনে বরাদ্দের জন্য রাজ্য সরকার সুপারিশ করেছেন কি না?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে পূর্ত বিভাগ এবং পূর্ত (সড়ক) বিভাগকে প্রদত্ত অর্থের পরিমাণ যথাক্রমে ৭১৪৮.২৬ লক্ষ টাকা এবং ৬৮৬০.৮০ লক্ষ টাকা।

(খ) যোজনা কমিশনের কাছে সরাসরি দাবি জানানোর সুযোগ এই দপ্তরের নাই। রাজ্যের উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরের মাধ্যমে বার্ষিক খসড়া পরিকল্পনা অনুযায়ী ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ আর্থিক বছরের জন্য যথাক্রমে ৫৭৮১.৫০ লক্ষ টাকা এবং ৫৭১২.৩০ লক্ষ টাকা কেবলমাত্র রাস্তাঘাট নির্মাণের জন্য দাবি জানানো হয়েছিল।

(গ) ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালের আর্থিক বছরের জন্য কেন্দ্র সরকার দ্বারা প্রদত্ত অর্থের পরিমাণ যথাক্রমে ১০৬৬.৩২ লক্ষ টাকা এবং ১২৮৪.৩৫ লক্ষ টাকা।

(ঘ) জাতীয় সড়ক সংশ্লিষ্ট কাজের জন্য এই দপ্তর কেন্দ্র সরকারের এজেন্ট হিসাবে কাজ করেন। তাই যোজনা কমিশনে এ বিষয়ে বরাদ্দের দাবি জানানোর সুযোগ রাজ্য সরকারের নাই। এই ব্যাপারে কেন্দ্রীয় ভূতল পরিবহন মন্ত্রণালয়ের (M.O.S.T.) সুপারিশক্রমে জাতীয় সড়কের জন্য বার্ষিক যোজনা বরাদ্দ নির্ধারিত হয়।

লেভি-ফ্রী সিমেন্টের দাম

***১১২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০৪) **শ্রী আব্দুল মান্নান ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে সিমেন্টের বিশেষত লেভি-ফ্রী সিমেন্টের দাম রাজ্য সরকার বেঁধে দিয়েছেন

কি না;

(খ) এটা কি সত্যি যে, উৎপাদন বৃদ্ধি হওয়া সত্ত্বেও সিমেন্টের দাম কমছে না; এবং

(গ) সত্যি হলে, কারণ কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) সিমেন্টের উৎপাদন, বন্টন এবং দামের উপর সরকারের কোনও নিয়ন্ত্রণ নাই।

রাজ্যের হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালগুলির প্রশাসনিক ব্যবস্থা

***১১৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৫০) **শ্রী সোমেন্দ্রনাথ মিত্র ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালগুলির প্রশাসনিক দূরবস্থা ও অচল অবস্থা দূরীকরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) বর্তমানে উক্ত কলেজ ও হাসপাতালগুলির বিশেযত ডি.এন.দে হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালের অর্থনৈতিক অবস্থার উন্নতির জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সরকার পরিচালিত হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালগুলিতে কিছু অর্থনৈতিক সংকট থাকলেও প্রশাসনিক দূরবস্থা বা অচল অবস্থা সৃষ্টি হয় নাই।

(খ) অন্যান্য কলেজসহ ডি.এন.দে হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালের ক্ষেত্রেও সেন্ট্রাল কাউন্সিল অব হোমিওপ্যাথি কর্তৃক নির্দেশিত শিক্ষা ও প্রশিক্ষণগত মান উন্নয়নের জন্য উপযুক্ত সংখ্যক শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগ এবং হাসপাতালের সুযোগ সুবিধা বাড়ানোর মাধ্যমে সার্বিক উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ভগবানপুর গ্রামীণ হাসপাতালের কাজ

***১১৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৩) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর গ্রামীণ হাসপাতালের কাজ কবে নাগাদ শেষ হবে; এবং

(খ) উক্ত গ্রামীণ হাসপাতালের কয় জন (১) ডাক্তার, (২) কম্পাউন্ডার ও (৩) নার্সের প্রয়োজন হবে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৫ শয্যা বিশিষ্ট ভগবানপুর গ্রামীণ হাসপাতালের অতিরিক্ত নির্মাণ কাজের প্রাক্কলনটি চূড়ান্ত করণের পর্যায়ে রয়েছে। কবে নাগাদ কাজ শেষ হবে এখনই বলা সম্ভব নয়।

(খ) সংশোধিত নিয়মাবলি অনুসারে ১৫ শয্যা বিশিষ্ট গ্রামীণ হাসপাতালের বিভিন্ন প্রয়োজনীয় পদ সংখ্যা নিম্নরূপ ঃ

(১) ডাক্তার	২২ জন
(২) ফার্মাসিস্ট	১ জন
(৩) নার্স	৭ জন

সি.এইচ.জি. কর্মীদের ভাতা বাড়ানোর সিদ্ধান্ত

*১১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৫) **শ্রী মানিক ভৌমিক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার সি.এইচ.জি. স্বাস্থ্যকর্মীদের ভাতা বাড়ানোর কোনও সিদ্ধান্ত নিচ্ছেন কি না;

(খ) উক্ত সি.এইচ.জি. স্বাস্থ্যকর্মীদের হাতে জনসাধারণের জন্য ঔষধপত্র দেওয়া হচ্ছে কি না; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হলে তার কারণ কি?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) না।

(গ) কারণ এটি সম্পূর্ণ ভাবে একটি ভারত সরকারের প্রকল্প। এই প্রকল্পের শুরুতে ভারত সরকার প্রতিটি সি.এইচ.জি.কে মাসিক ৫০ টাকা মূল্যের ঔষধ সাধারণ রোগের চিকিৎসার জন্য সরবরাহ করতেন। কিন্তু ১৯৮৫-৮৬ সাল থেকেই ভারত সরকার সি.এইচ.জি.দের এই ঔষধ সরবরাহ করা বন্ধ করে দিয়েছেন।

বর্ধমান জেলায় পূর্ত দপ্তরের অধীন রাস্তার পরিমাণ

***১১৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬৮) **শ্রী সমর বাওরা :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে বর্ধমান জেলায় পূর্ত দপ্তরের অধীন কত পরিমাণ রাস্তা আছে;

(খ) অষ্টম যোজনায় বর্ধমান জেলায় পূর্ত দপ্তর নতুন রাস্তা নির্মাণের কোনও পরিকল্পনা নিয়েছেন কি না; এবং

(গ) নিয়ে থাকলে, তার রূপরেখা কিরূপ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) পূর্ত দপ্তরের অধীনে ৫০০ কিমি এবং পূর্ত (সড়ক) দপ্তরের অধীনে জাতীয় সড়ক সহ ১৪০২ কিমি রাস্তা আছে।

(খ) ও (গ) অষ্টম যোজনাকালে নতুন রাস্তা নির্মাণের কয়েকটি প্রকল্প এই বিভাগের বিবেচনাধীন আছে।

জলপাইগুড়ি জেলায় ম্যালেরিয়া রোগ দূরীকরণের ব্যবস্থা

***১১৩৭।** (অনুমোদিত প্রশ্ন ২৩৬৫) **শ্রী মনোহর তিরকী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় বছরে কতদিন কোথায় কোথায় ডি.ডি.টি. ছড়িয়ে ম্যালেরিয়া রোগ দূরীকরণের ব্যবস্থা নেওয়া হয়েছে;

(খ) চা-বাগিচা এলাকাতে বছরে কতদিন ডি.ডি.টি ছড়িয়ে রোগ নিরাময়ের ব্যবস্থা নেওয়া হয়েছে; এবং

(গ) সারা বছর ডি.ডি.টি. ছড়িয়ে ম্যালেরিয়া রোগ দূরীকরণের কোনও পরিকল্পনা আছে কি না?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) জলপাইগুড়ি জেলায় ১৩টি ব্লকের বিভিন্ন গ্রাম এলাকা ও চা-বাগিচায় প্রতি বছর দুই রাউন্ড (প্রতি রাউন্ড আড়াই মাস করে মোট ৫ মাস) ডি.ডি.টি ছড়িয়ে ম্যালেরিয়া রোগ প্রতিরোধের ব্যবস্থা নেওয়া হয়েছে। এ ছাড়া ম্যালেরিয়ার প্রকোপ বেশি হলে সেই বছরে ম্যালেরিয়া আক্রান্ত এলাকায় অতিরিক্ত ১ মাস (স্পেশাল রাউন্ড) ডি.ডি.টি. ছড়ানো হয়।

(খ) চা-বাগিচা এলাকাতেও বছরে দুই রাউন্ড ডি.ডি.টি. ছড়িয়ে ম্যালেরিয়া রোগ প্রতিরোধের ব্যবস্থা নেওয়া হয়েছে।

(গ) না।

এস.টি.কে.কে. রাস্তাটির সম্প্রসারণ

***১১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৫) শ্রী অবিনাশ প্রামানিক ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এস.টি.কে.কে রোড আদিসপ্তগ্রাম থেকে নবদ্বীপ পর্যন্ত সম্প্রসারণ করা ও মেরামতির জন্য কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না; এবং

(খ) নেওয়া হয়ে থাকলে, কবে থেকে কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ। রাস্তাটির কিছু কিছু অংশের জন্য অনুরূপ কাজের ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) কাজ ইতিমধ্যেই আরম্ভ করা হয়েছে।

সময়মতো ঋণ পরিশোধে সুবিধাদান

***১১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬১) শ্রী শিশিরকুমার সরকার ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সমবায় কৃষিঋণ নির্ধারিত সময়ে পরিশোধ করলে সুদের একটি অংশ সরকার প্রদান করেন; এবং

(খ) সত্যি হলে, এই প্রকল্পে ১৯৯০-৯১ আর্থিক বছরে কতজন কৃষক উপকৃত হয়েছেন এবং এই খাতে সরকারের কত টাকা ব্যয় হয়েছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯০-৯১ আর্থিক বৎসরে মোট ১ লক্ষ ৫৪ হাজার ৮২২ জন কৃষক সদস্য এই প্রকল্পের দ্বারা উপকৃত হয়েছেন এবং উক্ত বৎসরে এই খাতে সরকারের মোট ২ কোটি ৪৯ লক্ষ ৬৪ হাজার টাকা ব্যয়িত হয়েছে।

কাটোয়ায় গ্রামীণ হাসপাতাল

***১১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯০) শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাটোয়া ১নং পঞ্চায়েত সমিতি এলাকায় কোনও গ্রামীণ হাসপাতাল তৈরির প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে,

(১) কবে নাগাদ এই কাজ শুরু করা যাবে;

(২) উক্ত কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

বীরভূম জেলার বিভিন্ন রাস্তায় বাম্প

***১১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৫) শ্রী সাত্ত্বিক রায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলায় (১) বোলপুর-সিউড়ি, (২) সিউড়ি-নলহাটি এবং (৩) সিউড়ি-দুবরাজপুর ভায়া বক্রেশ্বর—এই রাস্তাগুলিতে অসংখ্য বাম্প আছে;

(খ) সত্যি হলে, উক্ত বাম্প গুলির দু'দিকে সাইন বোর্ড না থাকায় দুর্ঘটনা ঘটছে; এবং

(গ) ঘটলে, ঐ দুর্ঘটনা বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য; ঐ রাস্তাগুলিতে বেশ কিছু বাম্প রয়েছে।

(খ) দুর্ঘটনার খবর আমাদের জানা নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

ক্যানিং বাসস্ট্যান্ড থেকে রায়বাঘিনীর মোড় পর্যন্ত রাস্তাটির সংস্কার

*১১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭২) শ্রী বিমল মিস্ত্রী ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার ক্যানিং থানার অধীন বাসস্ট্যান্ড থেকে কেন্দ্রীয় লবণাক্ত গবেষণা কেন্দ্র পর্যন্ত রাস্তা ও হেড়োভাঙ্গা পাকা রাস্তা—এই দুটির সংযোগকারী রাস্তাটি (সনাতন মন্ডলের বাড়ি থেকে রায়বাঘিনীর মোড়) পাকা করার পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মালডাঙ্গা-কুবাইজপুর সেতু পর্যন্ত রাস্তা নির্মাণ

*১১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৭) শ্রী আবু আয়েস মন্ডল ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালডাঙ্গা ভায়া খাঁপুর ভোজপুর শুশুনিয়া গোপালনগর ও কুবাইজপুর সেতু পর্যন্ত রাস্তা নির্মাণের কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ উক্ত রাস্তা নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

নলহাটী শহরে রেলওয়ে ক্রসিং-এ উড়ালপুল

*১১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৬) শ্রী সাত্ত্বিক রায় ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলায় নলহাটী শহরের মধ্যে যে রেলওয়ে ক্রসিং আছে তাতে কোনও উড়াল পুল করার পরিকল্পনা আছে কি না?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

না।

পূর্বানুখা উপস্বাস্থ্য কেন্দ্র

***১১৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৭) **শ্রী মানিক ভৌমিক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর নাইকুড়ি ব্লক ১-এ পূর্বানুখা এস.ডি.এইচ. স্বাস্থ্যকেন্দ্রে কোনও কর্তব্যরত নার্স আছে কি না;

(খ) যদি না থাকে তবে তার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ উক্ত পদ পূরণ করা হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

কুসুমগ্রাম-সমসপুর রাস্তাটির নির্মাণ কাজ

***১১৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬০) **শ্রী আবু আয়েস মন্ডল ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার কুসুমগ্রাম-সমসপুর পর্যন্ত রাস্তার কাজ দশ বছর ধরে অসমাপ্ত অবস্থায় পড়ে আছে;

(খ) সত্যি হলে, ঐ কাজ সমাপ্ত করার কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে কবে নাগাদ ঐ কাজ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) পরিকল্পনা অবশ্য আছে।

(গ) আর্থিক দুরবস্থার দরুন কাজটি আপাতত গ্রহণ করা হচ্ছে না। জেলা পরিকল্পনা

কমিটিও রাস্তার ঐ অংশের জন্য কোনও অগ্রাধিকার দেয়নি এবং সে কারণে বর্তমান আর্থিক বছরেও কোনও অর্থ বরাদ্দ করা হয় নি।

শীলতোরষা নদীর উপর অস্থায়ী সেতু নির্মাণ

*১১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৭) **শ্রী মনোহর তিরকী ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জলপাইগুড়ি জেলায় শীলতোরষা নদীর উপর অস্থায়ী সেতু তৈরি করতে বছরে কত টাকা খরচ হয়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

অস্থায়ী সেতু তৈরির জন্য বাৎসরিক খরচ নির্দিষ্টভাবে বলা যায় না। তবে পূর্ত (সড়ক) বিভাগের মাধ্যমে ১৯৮৩-৮৪ থেকে ১৯৯১-৯২ পর্যন্ত ঐ সেতু বাবদ প্রায় ১.২৩ কোটি টাকা খরচ হয়েছে।

মীন দ্বীপে হেলিপ্যাড নির্মাণ

*১১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯৫) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্ব জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মীন দ্বীপে হেলিপ্যাড নির্মাণ করার প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে অনাবাসী ভারতীয়দের সাহায্য করা হবে কি না?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received one notice of Adjournment Motion from Dr. Manas Bhunia. But I find he is not present in the House as such the matter is not being taken up.

CALLING ATTENTION

Mr. Speaker : To-day I have received five notices of Calling

Attention, Namely :-

1. Ransacking of Howrah Municipal Corporation Office on 18.6.1992 : Shri Subhas Goswami

2. Erosion of river Ganga at Mejirdanga Nrishinghapur and other areas of Shantipur : Shri Ajoy Dey

3. Death of 60 Maleria patients in different Blocks of Jalpaiguri district. : Shri Nirmal Das

4. Alleged brutal Killing of Mr. Mahendra Hembram, a W.B.C.S. officer, at Diasi Village of P.S. Belpahari in Midnapore district. : Dr. Manas Bhunia and Shri Tapan Hore

5. Demand for Setting up a Junior High School at Village Sadhubazar under Tehai-2 Gram-Panchayat area. : Shri Kamalendu Sanyal

I have selected the notice of Shri Subhas Goswami on the subject of Ransacking of Howrah Municipal Corporation office on 18.6.1992.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible, or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 25th June 1992.

Mr. Speaker : To-day there will be no Mention cases. Now, I call upon Mr. Manab Mukherjee to move his privilege motion.

[12-00 — 12-10 P.M.]

PRIVILEGE MOTION

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আনন্দবাজার পত্রিকার বিরুদ্ধে বিধানসভার অধিকার ভঙ্গের অভিযোগ আনতে চাই। গত ১৩ই জুন, আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত 'মৃত্যু লইয়া এই নির্লজ্জ রাজনীতি' এই সংক্রান্ত যে প্রথম সম্পাদকীয়টি প্রকাশিত হয় তার ৩৪তম লাইনে বলা হয়েছে তাই স্বয়ং মুখ্যমন্ত্রী খোদ বিধানসভার কক্ষে স্বপনকে

তাঁর দলের কর্মী রূপে দাবি করিয়া মমতার দাবি নাকচ করিয়া দেন।' গত ৮ই জুন, গড়িয়াহাটের মোড়ে পুলিশের গুলিতে নিহত স্বপন চক্রবর্তীর কথা এখানে উল্লেখিত হয়েছে। স্বপন চক্রবর্তী সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী গত ৯ই জুন বিধানসভাতে প্রথম আওয়ার্সে বিতর্কে একবার এবং পরবর্তী ক্ষেত্রে পয়েন্ট অফ ইনফরমেশনে এখানে আমাদের জানান সেটি আমি আপনার কাছে পড়ে দিচ্ছি। সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী যা বলেছিলেন তা হল, "মাননীয় স্পিকার মহাশয়, একটা কথা, ওঁরা আপনার ঘরে এসেছিলেন, বলেছেন বেলা একটার সময় আসবেন। প্রস্তাব উত্থাপনের আগে একটা সংবাদ সকলকে জানিয়ে দিচ্ছি যে, যে ব্যক্তি দুর্ভাগ্যবশত গুলিতে মারা গেছেন, তাঁর পরিবারবর্গ আমাদের পার্টি অফিসে এসেছিলেন কিছুক্ষণ আগে। তাঁরা বলেছেন যে, উনি কোনও রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন না, ওঁর মৃতদেহটা আমাদের দিন, আমরা কোনও রকম রাজনীতির মিছিল ইত্যাদি করতে চাই না। আমি ভাবলাম সংবাদটা যখন এসেছে তখন কংগ্রেসিদের কাছেও পৌঁছে দিই। আমি ওঁদের বলেছি যে, আপনারা যদি কেওড়াতলায় যেতে চান, যান, কিন্তু কোনও রকম মিছিল ইত্যাদি করবেন না, ওঁর পরিবারবর্গ আমাদের পার্টি অফিসে এসেছিলেন এবং এই কথা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতিতে কোথাও এ কথা বলেন নি যে নিহত স্বপন চক্রবর্তী—তিনি, মাননীয় মুখ্যমন্ত্রী যে দল করেন, সি.পি.আই.এম.—তার দলীয় কর্মী। কখনও বিধানসভাতে দাঁড়িয়ে বলেন নি। কিন্তু গত ১৩ই জুন প্রথম সম্পাদকীয়টি 'মৃত্যু লইয়া রাজনীতি' লিখতে গিয়ে আনন্দবাজার পত্রিকা লিখছে খোদ বিধানসভার কক্ষে দাঁড়াইয়া, স্বপনকে তাঁর দলের কর্মী রূপে দাবি করিয়া ইত্যাদি, ইত্যাদি। মাননীয় মুখ্যমন্ত্রী যে দাবি করেন নি, যে কথা বলেন নি সেই সম্পর্কে সংবাদ পরিবেশন করায় বিধানসভার অধিকারভঙ্গ আনন্দবাজার পত্রিকা করেছেন। আমি এই অভিযোগ আনতে চাই, কোনও একটা রাজনৈতিক দলের বিরুদ্ধে মন্তব্য করার, বিশ্লেষণ করার অধিকার যে কোনও সংবাদপত্রের ১০০ বার অধিকার আছে। যে কোনও রাজনৈতিক দলের বিরোধিতা করা, কোনও একজন বিশেষ নেতার পক্ষে প্রকাশ্যে দাঁড়িয়ে কথা বলার অধিকার নিশ্চয় যে কোনও সংবাদপত্রের আছে, কারণ আমরা এই ব্যাপারে প্রিভিলেজ আনতে পারি না যে, কেউ যদি নিহত স্বপন চক্রবর্তীর বাড়িতে কংগ্রেস (আই) দলের পক্ষ থেকে সাহায্য পৌঁছে দিলে সেটা মানবিকতা বলছে, আবার তারাই রাজ্য সরকার সাহায্য করতে চাইলে রাজনীতি বলে এডিটোরিয়ালে লিখছে—দরকার আছে, বুঝে নেবেন, নিরপেক্ষতা—কিন্তু বিধানসভার ভিতরে দাঁড়িয়ে বিধানসভার ভিতরকার প্রসিডিংস সম্পর্কে জনসমক্ষে বিকৃত ধারণা তৈরি করার অধিকার কোনও ব্যক্তি বা কোনও সংবাদপত্রের নেই। কাজেই বিধানসভার সম্পর্কে সংবাদপত্রের অধিকার রেখেই বিধানসভার ভিতরকার কথাকে বিকৃতভাবে জনসাধারণের কাছে প্রচার করার জন্য আমি এই অধিকার ভঙ্গের অভিযোগ আনন্দবাজার পত্রিকার বিরুদ্ধে আনছি।

Mr. Speaker : Honourable member Mr. Manabendra .Mukherjee has moved a notice of a breach of privilege against the Ananda Bazar Patrika for certain comments in the editorial referring to certain state-

ment of the Chief Minister on the floor of the House. I have gone through the notice, but before we taken any decision on this matter, it is better to write a letter to the editor of the Ananda Bazar Patrika and ask for his comments. Then we shall proceed further in the matter. Secretary shall write a letter to the Ananda Bazar Patrika for his comments in the matter.

শ্রী মানবেন্দ্র মুখার্জি : স্যার, এতে আমার কোনও আপত্তি নেই।

Mr. Speaker : After we receive the comments we shall proceed accordingly.

ZERO HOUR

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল : মাননীয় স্পিকার মহাশয়, আমি প্রথমে একটি বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের গণতন্ত্র রক্ষার প্রশাসনিক হেড, সবচেয়ে উঁচু জায়গা, সেটা হচ্ছে নির্বাচন কমিশন এবং তার প্রধান—নির্বাচন কমিশনার। কিন্তু আমরা দেখছি, ভারতবর্ষের এইরকম একটা গুরুত্বপূর্ণ জায়গায় বসে তিনি মহম্মদ-বীন তুঘলকের মতো আচরণ করছেন। আমরা দেখেছি, মহম্মদ-বীন তুঘলক একদিকে যেমন রক্তললুপ হিংস্র প্রকৃতির ছিলেন, আবার কিছু কিছু ক্ষেত্রে তিনি দরদীও ছিলেন। আমরা তার ইতিহাস পড়ে দেখেছি, কোনও শিশু অসুস্থ হয়ে পড়লে রাত জেগে তিনি তার সেবা করছেন। এইরকম চরিত্রের লোক ছিলেন তিনি। কিন্তু আজকের এই মহম্মদ বীন তুঘলককে দেখছি, ভারতবর্ষের গণতন্ত্রকে হত্যা করবার জন্য স্বৈরতন্ত্রের প্রতি আনুগত্য দেখিয়ে কংগ্রেস দলের প্রতি একেবারে নতজানু হয়ে আত্ম সমর্পণ করেছেন এবং তারফলে আজকে ভারতবর্ষের গণতন্ত্র বিপন্ন হতে চলেছে। তবে তিনিও বিনিদ্র রজনী যখন করেন কংগ্রেস দলের প্রতি আনুগত্য দেখাবার জন্য। আমরা দেখছি, রাত ২টার সময় বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের গণনার কাজ বাতিল করে দিলেন। এটা সম্পূর্ণভাবে কংগ্রেস দলের প্রতি আনুগত্য দেখাবার জন্য। এই রকম একটা নিরপেক্ষ জায়গায় দাঁড়িয়ে তাঁর এই ভূমিকা কংগ্রেস দলের সমাজবিরোধীদের ঐক্যবদ্ধ, সংগঠিত করতে সাহায্য করছে। আমি সেজন্য দাবি করতে চাই, ভারতবর্ষের এইরকম একটা গুরুত্বপূর্ণ জায়গায় বসে নির্বাচন কমিশনারদের হতে হবে নিরপেক্ষ, গণতন্ত্রের অতন্দ্র প্রহরী। কিন্তু তিনি সমস্তরকম শালীনতা বিসর্জন দিয়ে, শোভনতা বিসর্জন দিয়ে যেভাবে বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের মানুষদের অপমানিত করেছেন, রাত ২টার সময় নির্বাচন ঘোষণা স্থগিত রেখে যেভাবে কংগ্রেসের প্রতি নির্লজ্জ আনুগত্য প্রকাশ করেছেন, তাতে আমি চাই, লোকসভায় তাঁর ইমপিচমেন্ট করা হোক, তাঁর বিচার হোক—এই দাবি আমি আপনার মাধ্যমে দৃঢ়ভাবে করছি।

শ্রীমতী মিনতি ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার

মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৬ই জুন বামপন্থী ট্রেড ইউনিয়নের নেতৃত্বে গোটা ভারতবর্ষে সর্বাত্মক ব্যাঙ্ক বন্ধ পালিত হয়েছে। সেই বন্ধের দিনে আমার বিধানসভা কেন্দ্র গঙ্গারামপুরের ইসরাইল্ গ্রামে কংগ্রেসি সমাজ-বিরোধী মস্তান গুন্ডাবাহিনী ক্ষেত-মজুরদের আগ্নেয়াস্ত্র নিয়ে আক্রমণ করেছে। তাদের সেই আক্রমণের হাত থেকে পুরুষই নয়, মহিলারাও রেহাই পাননি। আমি আপনার কাছে এই দলিলগুলি পেশ করছি। সেখানে নুনহার বিবি, দীনেশ বর্মন, রাখাল কিস্কু, ঐ কংগ্রেসি ঘাতক বাহিনীর হাতে আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। স্যার, আপনার মাধ্যমে এটাই বলতে চাই, কংগ্রেস দলের সাথে বি.জে.পির আঁতাত যে রয়েছে সেটা জনসাধারণের মধ্যে প্রচারিত হয়ে গেছে।

[12-10 — 12-20 P.M.]

গত ২৮শে মে এই বি.জে.পি. উত্তরবাংলায় বন্‌ধ ডেকেছিল। সেই বন্ধকে আমরা ব্যর্থ করে দিয়ে স্বাভাবিক রেখেছিলাম। সেই বন্ধ কিন্তু রোধ করবার কংগ্রেসের কোনও ভূমিকা ছিল না।

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্বতন দুই বিধায়কের জঘন্য চরিত্রের কথা উল্লেখ করছি। গত কাল হাওড়া জেলায় এই সভার কংগ্রেস দলের একজন বিধায়কের নেতৃত্বে হাওড়ার মেয়রের ঘরে ঢুকে সমস্ত কিছু ভাঙ্গচুর করেছেন। ঘরের মধ্যে টেবিল চেয়ার এবং ফ্যান বাথরুমের মধ্যে সব কিছু ভেঙ্গে চুরমার করে দিয়েছে। মেয়র সেখানে এসে জিজ্ঞাসা করে কি বিষয়ে এখানে এসেছে। তাঁরা তার গায়ে হাত দিয়েছে, তাঁর জামা ছিঁড়ে দিয়েছে। তারপর গুন্ডামীর চরম করে রাস্তা অবরোধ করেছে। যে দল জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে সেই কংগ্রেস দলের একমাত্র পাথেয় গুন্ডামীর আশ্রয় নেওয়া। আজকে এই বিধায়ক হাওড়ার মুখে কালিমা লেপন করেছেন, হাওড়ার মানুষকে অপমান করেছেন। তাঁদের দায় রায় সোপর্দ করা উচিত। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি তাঁদের নামে যে কেস হয়েছে অবিলম্বে সেই কেস যাতে আরসন কেস হিসাবে দেখিয়ে গ্রেপ্তার করা হয়।

শ্রী শ্যামাপ্রসাদ ঘোষ ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিধানসভার অবগতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাই। গতকাল বিধানসভার অভ্যন্তরে বিধানসভার অধিবেশন চলাকালীন বিরোধী দলের কংগ্রেসের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় বর্ধমান জেলার আলামপুরের একটা ঘটনাকে কেন্দ্র করে বিকৃত তথ্য পরিবেশন করেছেন। এই বিধানসভাকে তিনি বিভ্রান্ত করেছেন এবং বিধানসভাকে বিভ্রান্ত করার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করেছেন। যে বিকৃত তথ্য তিনি এখানে উত্থাপন করেছেন সেটা ঘটনা নয়, সেই ঘটনা আমি রাখব এবং পরবর্তীকালে একটা প্রস্তাব এই সম্পর্কে রাখব। আমি প্রথমে উত্থাপন করতে চাইছি মাননীয় সদস্য সৌগতবাবু যিনি অধ্যাপক তিনি অভিযোগ করেছিলেন যে তাদের কর্মী রবীউলের দুই হাত নাকি কাটা গিয়েছে। আমি বলতে

চাই তাঁদের দলের পক্ষ থেকে তাঁদের কর্মী, রবীউলের আত্মীয় গত ১৬ তারিখ বেলা ১১.৪৫ মিনিটে থানার অভ্যন্তরে যে এজাহার দিয়েছিল সেটা। সেই এজাহারে বলা হয়েছে দুই হাত জখম হয়েছে। গত কালকের বেড টিকিটে যে রিমার্কস আছে, বর্ধমান হাসপাতালের বেড টিকিটে যে রিমার্কস আছে সেটা আমি পড়ে দিচ্ছি। তার সম্পর্কে লেখা আছে cut right index and middle fingure from তারপর সেখানে ডাক্তার নোট দিয়েছেন occasionally he is not found in the bed. আমি যেটা বলতে চাইছি—বিকৃত তথ্য পরিবেশনের মধ্যে দিয়ে তিনি বিধানসভাকে বিভ্রান্ত করেছেন এবং বিধানসভার অভ্যন্তরে এই কথা বলে মানুষকে বিভ্রান্ত করছেন। তার হাত কাটা যায় নি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য যে কথা বললেন . . . .

(গোলমাল)

আলমপুরে চলুন আমার সঙ্গে, দেখিয়ে দেব কি করেছেন।

(গোলমাল)

স্যার, এই রকম হতে থাকলে বাজেটের সময়ে আমরাও এই রকম করব। লজ্জা করে না, সাধারণ মানুষের হাত কেটে দিয়েছেন আপনারা?

(গোলমাল)

স্যার, আমাকে বলতে দিচ্ছে না। স্যার, আই সিক ইওর প্রোটেকশন।

মিঃ স্পিকার ঃ বলতে দিন। আপনারা বসুন, বসুন।

শ্রী আব্দুল মান্নান ঃ আপনারা আলমপুরে চলুন, ওখানে গিয়ে দেখিয়ে দেব কি করেছেন। আলমপুরে ওরা যে অত্যাচার করেছেন, আমার সঙ্গে চলুন আলমপুরে দেখিয়ে দেব কি ভাবে অত্যাচার করেছেন। আপনারা হাত দুটো ফিরিয়ে দিতে পারবেন? যে হাত দুটো কেটে নিয়েছেন, সেই হাত দুটো যদি ফিরিয়ে দিতে পারেন তাহলে আমি আপনাদের কাছে করজোড়ে ক্ষমা চেয়ে নেব।

মাননীয় স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আমাদের এই ব্যাপারে তিনি আমাদের পরিষ্কার করে হাইলাইট করুন। কিছুদিন আগে আমাদের বিধানসভা থেকে একটি সর্বদলীয় প্রতিনিধি দল কেন্দ্রীয় সেচমন্ত্রী এবং যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যানের সঙ্গে দেখা করেছিলেন তিস্তা প্রকল্পকে জাতীয় প্রকল্প হিসাবে গ্রহণ করার জন্য। আমরা পশ্চিমবঙ্গবাসী সবাই উদগ্রীব এবং এই ব্যাপারে আমাদের দাবিও আছে। বিধানসভা থেকে সর্বদলীয় প্রতিনিধি এই

ব্যাপারে তদ্বির তদারকি করতে দিল্লি গিয়েছিলেন। কিন্তু কেন্দ্রীয় মন্ত্রীর কাছ থেকে এবং পরিকল্পনা কমিশনের কাছ থেকে যেটুকু খবর আমরা পেয়েছি তাতে জানতে পেরেছি যে, আমাদের রাজ্য মন্ত্রী সভার এই মন্ত্রী বিভিন্ন সময়ে বিভিন্ন হিসাব দেওয়ার জন্য, আজ পর্যন্ত তিস্তা প্রকল্পের জন্য কত টাকা দরকার তার সঠিক হিসাব দিতে পারছেন না অথচ কেন্দ্রীয় সরকারের নামে নানা রকম মন্তব্য করছেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার স্যার, এই সভায় কয়েকদিন আগে একজন মাননীয় সদস্য সমাজবিরোধীদের সঙ্গে রাজনৈতিক নেতার যোগাযোগের কথা উল্লেখ করেছিলেন। আমরা গত ৮ই জুন নির্বাচনের দিনে দেখলাম যে, দক্ষিণ কলকাতার কুখ্যাত সমাজবিরোধী শ্রীধর দাসকে সঙ্গে নিয়ে আমাদের দুজন বিধায়ক এবং মন্ত্রী শ্রীধর দাসের নেতৃত্বে এই বিধানসভার দুজন সদস্য এবং সদস্যা তাকে সামনে রেখে যথেচ্ছ ভাবে বোমা, ইট চালাচ্ছিলেন। আজকে সমাজবিরোধীর কথা বলছেন। ৯টি খুনের আসামী এই শ্রীধর দাস।

[12-20—12-30 P.M. (including Adjournment)]

এই ব্যক্তিটি যখন কলকাতায় বহাল তবিয়তে রয়েছে তখন তাকে কলকাতার পুলিশ গ্রেপ্তার করছে না। তিনি কোথায় আছেন তার অবস্থান জানা সত্ত্বেও তাকে গ্রেপ্তার করা হচ্ছে না এবং তিনি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতাদের আশ্রয়ে আছেন।

(At this stage the House was adjourned till 1-00 P.M.)

(After Adjournment)

[1-00 — 1-10 P.M.]

LEGISLATION

The West Bengal Appropriation (No.2) Bill, 1992.

Dr. Asim Kumar Das Gupta : Sir, I beg to introduce the West Bengal Appropriation (No.2) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

Dr. Asim Kumar Das Gupta : Sir, I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 1992, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India, no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

During the present session, under the provision of Article 203 of the Constitution, the Assembly voted certain grants in respect of the estimated expenditure for the financial year 1992-93. The Bill is being introduced under the provision of Article 204 of the Constitution to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of the money required to meet the expenditure charged on such Consolidated Fund as also for grants made by the Assembly in respect of the estimated expenditure of the Government of West Bengal for the financial year 1992-93. The amount included in the Bill on account of the charged expenditure does not in any case exceed the amount shown in the statement laid before the House during the present Session.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill, having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the consolidated Fund of the State.

The details for the proposed Appropriation Bill will appear from the Schedule to this Bill.

Sir, with these words, I commend my motion for acceptance of the House.

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আলোচনায় অংশগ্রহণ করতে উঠে প্রথমেই আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে আজকে মন্ত্রীরা সব অনুপস্থিত। আজকে সমস্ত দপ্তরের মন্ত্রীরা বরাদ্দকৃত টাকা অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মাধ্যমে পাবে কিন্তু সেই সমস্ত মন্ত্রীরা আজকের দিনে—আমাদের মাননীয় অর্থমন্ত্রী এখানে আছেন এবং আরেকজন মন্ত্রী এখানে বসে আছেন—তাছাড়া আর কোনও মন্ত্রী উপস্থিত নেই এখানে। বিধানসভায় অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আজকে দীর্ঘ ১৮ বছর অংশগ্রহণ করেছি। কিন্তু এই রকম কুৎসিত চেহারা আমি আজ পর্যন্ত দেখিনি। আমরা আশা করেছিলাম মন্ত্রীরা এখানে উপস্থিত থেকে আমরা কি বলি শুনবে। আমরা যে টাকা দেব, তার আগে আমাদের কথাগুলি শোনবার মানসিকতা পর্যন্ত মন্ত্রীদের নেই। মুখ্যমন্ত্রীর আজকে হাউসে উপস্থিত থাকা উচিত ছিল। জানি না, মুখ্যমন্ত্রী আছেন কি না, যদি থাকেন তাহলে যেন হাউসে আসেন। আমরা অ্যাপ্রোপ্রিয়েশন বিল নিয়ে আলোচনা করব, সকলের কথা শোনা দরকার—আমাদের অসীমবাবু ভদ্রলোক, তিনি এখানে আছেন—আমরা আলোচনা করব এবং মন্ত্রীদের সেই আলোচনা শোনা দরকার। আমরা দেখি তিন-চার জন মন্ত্রী ছাড়া হাউসে আর কেউ থাকেন না। এখানে তিন চার জন ছাড়া সকলে তাদের দপ্তরের ত্রুটি-বিচ্যুতি, অপদার্থতা, অকর্মণ্যতা ঢাকার চেষ্টা করে। আমরা আশা করি সরকার পক্ষের মন্ত্রীদের বক্তব্যের মধ্যে মানুষের কথা থাকবে,

কিন্তু তাদের বক্তব্যে আমরা মানুষের কথা পাই না। পাই তাদের দপ্তরের কথা এবং যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলো ঢাকবার প্রচেষ্টা। আজকে পশ্চিমবাংলার মানুষের কথা যদি মন্ত্রীরা না বলেন, তাহলে স্বাভাবিক কারণে আমরা হতাশাগ্রস্ত হব এবং আমার মনে হয় এই রকম হতাশাগ্রস্ত আমরা কোনও দিন হইনি। আমরা লক্ষ্য করছি এইবার বিধানসভায় মন্ত্রীদের সংখ্যা অনেক বেড়ে গেছে। তারা বক্তৃতা দেবার সময় শুধু তাদের দপ্তরের গুনগাণ গান। মুখ্যমন্ত্রীর বক্তৃতা আমরা শুনেছি, তিনি দাম্ভিক লোক, তার বক্তৃতার সময়ও সেই দাম্ভিকতার পরিচয় পাওয়া যায়, তিনি পড়াশোনার সময় পাননা, তার সেক্রেটারিরা যা বলে দেন তিনি তাই বলেন। আমরা কিছু সংখ্যক মন্ত্রীদের মধ্যে সেই রকম দাম্ভিকতা দেখতে পাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রত্যেকটি দপ্তরে আমরা দুর্নীতি দেখতে পাচ্ছি। প্রত্যেকটি কালেকটরেট অফিসে আজকে দূর্নীতি ছেঁয়ে গেছে। আপনারা টাকা নেবেন, আমরা বাজেটে টাকা দেব, কিন্তু সেই টাকা ব্যয় হচ্ছে কিনা ঠিকমতো সেটা দেখার কেউ নেই। আপনি একজন পন্ডিত লোক, একজন ভদ্রলোক, আপনি মাঝে মাঝে রাশ টেনে ধরার চেষ্টা করেন, যার জন্য মন্ত্রীরা মাঝে মাঝে আপনার উপর ক্ষুব্ধ হয়। আমরা দেখতে পাই মন্ত্রীরা তাদের দপ্তরের কাজ করার চেয়ে তাদের পার্টির কাজ করার দিকেই বেশি নজর দেয়।

[1-10 — 1-20 P.M.]

তাহলে দপ্তরগুলোর যে অবস্থা হওয়া উচিত, যে চেহারা হওয়া উচিত, সেই চেহারা হয়েছে দীর্ঘ ১৫ বছরে। এই ১৫ বছরে রাইটার্স বিল্ডিংস থেকে শুরু করে জেলা দপ্তর মহকুমা দপ্তর, পুলিশ দপ্তর সব জায়গায় একই ছবি, সেটা হল কি, বামফ্রন্ট সরকারের মনস্তুষ্টি করে চলার একটা পথ খুঁজে বার করা এবং তার জন্য সমস্ত বিভাগ থেকে মন্ত্রীদের যে নির্দেশ থাকে সেই ভাবে কাজ করা। গতকাল সুভাষ বাবুর দপ্তরের আলোচনা হল না। দুর্ভাগ্যের বিষয় তিনি চিঠি লিখেছিলেন পাশ করিয়ে দেবার জন্য, দিস ইজ এ করাপশন। তার অফিসের চেয়ারের অপব্যবহার, তার ক্ষমতার অপব্যবহার এবং স্বজন পোষণ করা, এটা একটা দূর্নীতি। কিন্তু আজকে দুর্ভাগ্যের বিষয় এই সুভাষ চক্রবর্তী এখনও মন্ত্রী আছেন। আমি বলব ক্যালকাটা ইউনিভার্সিটিতে যে চিঠি লিখেছিলেন, তার পরের দিন তার আর মন্ত্রী থাকা উচিত ছিল না। মন্ত্রী সভা থেকে তাকে বরখাস্ত করা উচিত ছিল। আমার বাঁদিকে বসে আছেন যাঁরা, তাঁদের একজন কন্ট্রাক্টরকে চিঠি লিখেছিলেন বলে এবং সেই চিঠি সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল বলে তাঁকে মন্ত্রিত্ব ছাড়তে হয়েছিল। কিন্তু আজকে প্রশ্ন করি সুভাষ বাবু যা করেছেন, যে কুকীর্তি করেছেন, তাতে তার মন্ত্রী থাকার কোনও যোগ্যতা আছে কি না, মানসিকতার দিক থেকে নয়, মানবিকতার দিক থেকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এই বিষয়ে 'প্রশ্ন করি। আজকে বিবেক কোথায়? আমরা দেখেছি সংবাদপত্রে যে কীর্তি বেরিয়েছে—একটা নয় এর আগে তিনি একজন ব্যবসায়ীকে পদ্মশ্রী, পদ্মভূষণ পাইয়ে দেবার জন্য রেকমেন্ট করেছিলেন। আবার তিনি পাশ করিয়ে দেবার জন্য রেকমেন্ড করলেন। কারণ তিনি জানেন এই সরকার দুর্নীতিকে প্রশ্রয় দেয় বলে তার গায়ে হাত দেবার কোনও উপায়

নেই। আমি সেইজন্য বলব, misuse of power- and abuse of power - is a corruption and I charge him on misuse and abuse of power - for his corruption - and he should resign .... আমি বিরোধী দলের তরফ থেকে তার পদত্যাগ দাবি করছি এবং মুখ্যমন্ত্রী যদি থাকেন তিনি এই সম্পর্কে বলবেন। তাঁর সৎসাহস আছে কিনা তার এই দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করার। মুখ্যমন্ত্রী অবশ্য অসন্তুষ্ট হয়েছেন এটা ঠিক, কিন্তু এটা বড় কথা নয়। আজকে দেখতে পেলাম ২৪ পরগনার কালেক্টরেট যে দুর্নীতি ধরা পড়ল, যে অফিসার ধরল, তাকে একটা ছোট্ট পোস্টে পাঠিয়ে দেওয়া হল। তাকে অ্যারেস্ট করার চক্রান্ত পর্যন্ত হয়েছিল। শ্রীরামপুর কালেক্টরেটে কি হয়েছে ১৬ লক্ষ টাকার কেলেঙ্কারী ধরা পড়েছে। প্রত্যেকটা জেলা প্রশাসনে দুর্নীতি ধরে গেছে। আজকে আমি বলব জওহর রোজগার যোজনার টাকা—এখানে মন্ত্রী রয়েছেন, তিনি বলবেন, জওহর রোজগার যোজনার টাকা আপনারা ঠিক ঠিক ভাবে খরচ করতে পারছেন কি না। জওহর রোজগার যোজনার টাকায় সরকারি কর্মচারিদের মাইনে দেওয়া হয়েছে। আজকে পরিষ্কার ভাবে এই তথ্য তুলে ধরছি। ১৯৯০-৯১ সালের ৩০ কোটি জওহর রোজগার যোজনার টাকা, জেলা পরিষদের টাকা তছনছ হয়েছে, তার জন্য আপনার কাছে অভিযোগ আছে। ১৯৯০-৯১ সালে এই জওহর রোজগার যোজনার টাকা ৩০ কোটি টাকা আপনি কি করেছেন, আপনি সরকারি কর্মচারিদের মাইনে দিয়েছেন। ১৯৯০-৯১ সালে ১৫ কোটি ৭২ লক্ষ ৬৩ হাজার টাকা আপনারা খরচ করেছেন। মোট বরাদ্দ যা ছিল জেলা পরিষদ যা পায় তার কতটা আপনি দিতে পেরেছেন এবং যাও দিয়েছেন তাও ছয় দফায় দিয়েছেন। অর্থাৎ এই সব পরিকল্পনা খাতে কম টাকা দিয়েছেন এর কারণ কি? জওহর রোজগার পরিকল্পনার টাকা, ইয়ারমার্ক করা টাকা, সেই টাকা নিয়ে অন্য জায়গায় ব্যয় করেছেন। আপনার দপ্তরে নিশ্চয়ই এই তথ্য আছে। আমি জানতে চাই জওহর রোজগার যোজনার জন্য যে টাকা দেওয়া হয়েছে গ্রামের বেকারদের বেকারী দূর করার জন্য, গ্রামের উন্নতির জন্য, সেই টাকা নিয়ে অর্থ দপ্তরের সম্মতি নিয়ে সরকারি কর্মচারিদের মাইনে দেওয়া, সেটা ঠিক হয়েছে কি না সেটা আমি জানতে চাইব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দাঁড়িয়ে গতকাল শ্যামল চক্রবর্তী মহাশয় বক্তৃতা রাখছিলেন, আজকে তিনি এখানে নেই, তাঁর ব্যাপারে আমি কতকগুলি মূলগত প্রশ্ন এখানে রাখব। সেটা আমাদের এই বিধানসভারই প্রশ্ন। অশোক ঘোষ মহাশয় সেই প্রশ্ন করেছিলেন, সেটা হল স্টার কোশ্চেন ৬৮ (অনুমোদিত প্রশ্ন নং *৮৯)। প্রশ্ন ছিল (ক) ১ লা এপ্রিল ১৯৯০ সাল থেকে ৩১শে জানুয়ারি ১৯৯১ সাল পর্যন্ত রাজ্য সরকারের সি.এস.টি.সি ও সি.টি.সি.কে প্রদত্ত ভরতুকির পরিমাণ কত? (খ) উক্ত সময়ের মধ্যে কোনও নতুন গাড়ি নামানো হয়েছে কিনা? (গ) উক্ত সময়ের মধ্যে কতগুলি গাড়ি বিকল হয়েছে? উনি জবাব দিয়েছেন (ক) ১লা এপ্রিল, ১৯৯০ সাল থেকে ৩১শে জানুয়ারি ১৯৯১ সাল পর্যন্ত রাজ্য সরকারের সি.এস.টি.সি. ও সি.টি.সি.কে প্রদত্ত ভরতুকি হচ্ছে (১) সি.এস.টি.সি. ২০৯২.৩৪

লক্ষ টাকা এবং (২) সি.টি.সি ১১৬২.০০ লক্ষ টাকা। (খ) উক্ত সময়ের মধ্যে নতুন গাড়ি নামানো হয়েছে (১) সি.এস.টি.সি ১৯৮ টি এবং (২) সি.টি.সি. কোনও নতুন গাড়ি নামানো হয় নি। (গ) উক্ত সময়ের মধ্যে গাড়ি বিকল হয়েছে ১) সি.এস.টি.সি. ৮৬১ টি এবং ২) এস.টি.সি ৫১১ টি গাড়ি। উনি কাল বক্তৃতা দিচ্ছিলেন, বক্তৃতা দেবার সময় পরিবেশ দূষণ সম্পর্কে বলছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিবেশ দূষণ নিয়ে সারা বিশ্ব চিন্তিত। পরিবেশ দূষণ নিয়ে নানা রকম আলোচনা হচ্ছে। কলকাতায় পরিবেশ দূষণ করে পরিবহন মন্ত্রীর বাসগুলি। আজকে সাধারণ লোকের বাসগুলি না ধরে শ্যামলবাবুর গাড়িগুলো ধরুন। কলকাতায় পরিবেশ দূষণ সব চেয়ে বেশি করে সি.এস.টি.সি.-র বাসগুলো। পরিবেশ দূষণের জন্য যদি কাউকে গ্রেপ্তার করতে হয় তাহলে শ্যামলবাবুকে গ্রেপ্তার করে পরিবেশ দূষণের জন্য হাজতে রাখুন। কারণ সেই পরিবেশ দূষণ করছে। পরিবহন মন্ত্রীর উত্তর থেকে দেখা গেল ৫১১ টি বাস ১ বছরে বিকল হয়ে পড়ে আছে। মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন, বিধানসভার একটি প্রশ্নের উত্তরে তিনি বলেছেন। এর পর তিনি কালকে বড় বড় বক্তৃতা দিলেন। নিহাত কালকে আমি বক্তৃতা দিইনি, আমার বক্তৃতা দেবার সুযোগ থাকলে আমি বলব বলে ঠিক করেছিলাম। আপনারা বলুন ভরতুকির পরিমাণ দিনের পর দিন বাড়ছে, বাস বেরোচ্ছে কম কেন? সরকারি প্রশাসন যন্ত্র ভেঙ্গে পড়েছে সব জায়গায়, নিজেদের পার্টি করার মনোভাব তৈরি করেছেন সেটাই হল তার কারণ। রাইটার্স বিল্ডিং থেকে যদি সরকার পরিচালনা হত, মন্ত্রীর দপ্তর থেকে পরিচালনা হত তাহলে সরকারি কাজ অন্য রকম হত। প্রকৃতপক্ষে সরকারি কাজ রাইটার্স বিল্ডিং থেকে পরিচালিত হয় না, আলিমুদ্দিন স্ট্রিট থেকে মন্ত্রীর দপ্তরগুলি চলে একটা কনস্টিটিউশনাল অথরিটি নিয়ে যদি কাজ করে, রাইটার্স বিল্ডিং-এ মন্ত্রীরা যদি বসে থাকেন তাহলে পার্টি কর্তৃত্ব প্রশাসনের উপর এসে পড়বে। প্রশাসন অকেজো হয়ে পড়বে, প্রশাসকরা অপদার্থ হয়ে যাবে। প্রশাসনিক কাজ দীর্ঘ ১৫ বছর ধরে এমন পর্যায়ে গিয়েছে যাতে প্রতিটি মন্ত্রীর দপ্তর ভাগ করে সামাল দেবার জন্য চিৎকার করতে হচ্ছে। এইগুলি সত্য কিনা বলুন, পরিবহন মন্ত্রীর থেকে জেনে নিয়ে জবাব দেবেন এটা সত্য কিনা। যদি তাই হয়ে থাকে তাহলে আমরা কোথায় আছি?

[1-20 — 1-30 P.M.]

পরিবহন পশ্চিমবাংলার একটা সবচেয়ে বড় অংশ এবং পরিবহন নীতিগত ভাবে কনস্টিটিউশনাল অবলিগেশন অব দি গভর্নমেন্ট, সেখানে কি করছেন? কলকাতার মধ্যে এক বছরের মধ্যে দেখছি সি.এস.টি.সি.-র পাঁচশো বাস খারাপ হয়ে পড়ে আছে। সি.এস.টি.সি. নতুন গাড়ি নামিয়েছেন ১৫৮টি। সি.টি.সি.র কোনও নতুন গাড়ি নামেনি। খারাপ হয়েছে ৫১১টি। কলকাতা পরিবহন সংস্থা চলছে এই অবস্থায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলি, আমাদের স্বাস্থ্যমন্ত্রী তাঁর ব্যয়-বরাদ্দের অনুমোদন চেয়েছেন। তিনি দুঃখ করছিলেন যেখানে হাসপাতাল থেকে শিশু কুকুরে টেনে নিয়ে যায়, সেখানে এই প্রশাসন যন্ত্রের উপরে দাঁড়িয়ে বলছেন, আমার বাজেটের টাকা আপনারা পাস করিয়ে দিন। যেখানে দেখা যায়

হাসপাতালে উপরে মানুষ শুয়ে আছে আর নিচে কুকুর, গ্রামের অধিকাংশ হাসপাতালে ডাক্তার নেই, কম্পাউন্ডার রোগীকে ওষুধ দেয়। কয়েকদিন আগে সংবাদপত্রে এটা বেরিয়েছে, আপনারা নিশ্চয়ই দেখেছেন যে, একটা হাসপাতালে দু'জন কম্পাউন্ডার তিন বছর ধরে হাসপাতাল চালাচ্ছে। এই স্বাস্থ্য দপ্তরের জন্য আমরা টাকা দিচ্ছি। আপনি টাকা চাইছেন, টাকা পাবেন, টাকা নেবেন। কিন্তু কিসের জন্য টাকা নিচ্ছেন? আপনারা কি দেখাচ্ছেন পশ্চিমবাংলার মানুষকে? তাদের জন্য ন্যূনতম চিকিৎসার ব্যবস্থা আছে? আপনারা কি ভাবে দেখবেন? নার্সরা হাসপাতালে নির্দ্বিধায় ঘুরতে পারে না। সমাজবিরোধীরা হাসপাতালের ভিতরে ঢুকে নার্সদের শ্লীলতাহানি করে। হাসপাতালে রোগী শুয়ে আছে, সমাজবিরোধীরা সেখানে ঢোকে—আর.জি.কর হাসপাতালে সমাজবিরোধী রাত্রিবেলাতে ঢুকে রোগীর উপরে বলাৎকর করার চেষ্টা করেছে। আর কোন জায়গায় এই রকম ঘটনা ঘটে? যেখানে প্রশাসন যন্ত্র সম্পূর্ণ পঙ্গুঁ, হাসপাতালে চিকিৎসা হয় না, নার্সদের রোগীদের কোনও নিরাপত্তা নেই, সেখানে স্বাস্থ্যমন্ত্রী দাঁড়িয়ে—এখানে দাঁড়িয়ে স্বাস্থ্যমন্ত্রী বড় বড় বক্তৃতা করেন যে হাসপাতাল ভাল চলছে। তিনি আবার মাঝে মাঝে বলেন, ডাক্তাররা আমার কথা শুনছে না। তারা জানে যে, কথা না শুনলে তাদের কিছু হবে না। কারণ তারা কো-অর্ডিনেশন কমিটির সমর্থক, কো-অর্ডিনেশন কমিটিকে চাঁদা দেয়। সেজন্য তাদের গায়ে হাত দেবার ক্ষমতা নেই। আমি এখানে দ্ব্যর্থহীন ভাষায় বলব, অপদার্থ এই স্বাস্থ্য দপ্তর পশ্চিমবঙ্গের মানুষের মৌলিক অধিকার চিকিৎসার সুযোগ পাওয়া, স্বাস্থ্যের দিকে লক্ষ্য দেওয়া, সেইদিকে এই দপ্তরের কোনও লক্ষ্য নেই। এই দপ্তর আবার আমাদের সুন্দর করে বই ছেপে দেয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ওঁকে বলুন, তিনি যেন ঐ রকম বইগুলো আমাদের আর ছেপে না দেন। হাসপাতালের চিত্র এক রকম আর বইগুলোতে দেখা যাচ্ছে সুন্দর প্রসূতি মা, এটা ছেপে বেরোচ্ছে। অথচ এটা ছেপে বেরোচ্ছে না যে কুকুরে একটা শিশুকে টেনে নিয়ে চলে যাচ্ছে। সংবাদপত্রে ছেপে বেরোয়, উপরে মা শুয়ে আছে, রোগীর খাবার কুকুরে টেনে নিয়ে যাচ্ছে। মালদাতে আমরা কি দেখেছি? মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা জানা উচিত আপনারা প্রত্যেকটা দপ্তরের জন্য টাকা দেবার ক্ষেত্রে নীতিগত ভাবে যে দায়বদ্ধতা নিয়েছেন, সেই ব্যাপারে বলব, আমরা আজকে কোথায় এসে দাঁড়িয়েছি? আজকে সারা বাংলাদেশের বর্ডার এলাকাগুলো অনুপ্রবেশে ভরে গেছে। আর এখানে দু হাত দিয়ে তাদের রেশন কার্ড দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলার মানুষের কপাল পশ্চিমবাংলার মানুষের উপরে নির্ভর করছে না। ওপার বাংলার লোক দলে দলে এপারে চলে আসছে, আর আমরা তাদের দুহাত ভরে রেশন কার্ড দিচ্ছি। বিধানসভার একটি প্রশ্ন নম্বর ১৯০ অনুমোদিত প্রশ্ন নম্বর ১২৩৮, প্রশ্ন করেছিলেন সি.পি.এম.এর সদস্য ডাঃ দীপক চন্দ।

সি.পি.এম. পার্টির সদস্য ডাঃ দীপক চন্দর একটি প্রশ্ন ছিল যে জাল রেশন কার্ড কত ছিল এবং কতগুলো বাতিল হয়েছে, তার উত্তরে মাননীয় মন্ত্রী বলেছেন যে ১৯৯০-৯১ সালে ভুয়ো রেশন কার্ড ছিল ৩ লক্ষ ৪৩ হাজার ৬৫০, সেগুলো বাতিল করে দেওয়া হয়েছে।

আর নতুন রেশন কার্ড হয়েছে ৬,২১,৮৬৪ সুতরাং এর থেকেই বোঝা যাচ্ছে যে যত বাতিল হয়েছে তার ডবল নতুন রেশন কার্ড তৈরি হচ্ছে। এই যে হিসাব দিলাম এটা শুধু কলকাতার মধ্যেই হিসাব দিলাম। তারপরে আমরা দেখতে পাচ্ছি যে বর্ডার এরিয়া থেকে দিনের পর দিন ওপার বাংলার লোক এপার বাংলায় চলে আসছে এবং তাদের রেশন কার্ডও নানা ভাবে হয়ে যাচ্ছে। এম.এল.এরা সার্টিফিকেট দিয়ে পার্মানেন্ট রেসিডেন্ট অফ দি অ্যাবাভ প্লেস এইভাবে সার্টিফিকেট দিয়ে তাদের ভোটার করে নিচ্ছেন। এক্ষেত্রে গ্রামের অঞ্চল প্রধানও সার্টিফিকেট দিয়ে নতুন রেশন কার্ড করে দিচ্ছেন। শুধুমাত্র রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করবার জন্য এইভাবে বর্ডার এলাকায় ওপার বাংলার অনুপ্রবেশকারীদের রেশন কার্ড দিয়ে নাগরিকত্ব দেওয়া হচ্ছে। এইভাবে একটার পর একটা নির্বাচনে আপনারা পার পেয়ে গেছেন। আজকে এই অনুপ্রবেশকারীদের ব্যাপারে স্বয়ং মুখ্যমন্ত্রীও চিন্তিত হয়ে পড়েছেন। বর্ডার এরিয়াতে বি.এস.এফ আছে তেমনি আপনাদের লোক ভেতরে আছে, তারা কি করছে? এই ব্যাপারে একটু গভীরভাবে চিন্তা-ভাবনা করুন। আজকে খাদ্য দপ্তরে চরম দূরবস্থা রেশনের মাধ্যমে যে গম, চাল পাওয়া যায় সেক্ষেত্রে রাইস মিল, হাস্কিং মেশিন ইত্যাদি যে চলে তারজন্য সরকার থেকে লেভি করে দিয়েছেন। কিন্তু তার ৫০ পারসেন্টও লেভি আপনারা তুলতে পারেন না। আজকে যদি এই লেভি তুলতে পারতেন তাহলে কেন্দ্রের কাছে আমাদের চাল, গমের জন্য ভিক্ষা করতে হত না। আমাদের নিজেদের রিসোর্স মবিলাইজেশন দিয়েই আমরা আমাদের খাদ্য সরবরাহ করতে পারতাম। কিন্তু সে তো আপনারা করবেন না। এই খাদ্য দপ্তরে অপদার্থতায় ভরে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবার আসছি মাটি কেলেঙ্কারীর ব্যাপারে, এই মাটি কাটা নিয়ে একটা বিরাট কেলেঙ্কারী হয়েছে এবং এই নিয়ে খুব চিৎকারও হয়েছে। এই মাটি কাটার ব্যাপারে ১৯ লক্ষ টাকা খরচ হয়ে গেছে এবং একজন সি.পি.এম. পার্টি জড়িত এবং সি.পি.এম. পার্টির খোদ নেতা জড়িত এই ব্যাপারে। কেন্দ্র টাকা দিচ্ছে রাজ্য সরকারকে, সেই টাকা আপনাদের দায়িত্ব ঠিকমতো খরচ করার, কিন্তু আপনারা সেই টাকা ঠিকমতো খরচ করতে পারছেন না। সুভাষ বাবু ছিলেন না, তিনি এসে গেছেন খুব ভাল হয়েছে, উনার উচিত সভার কাছে তাঁর অন্যায় স্বীকার করে নিয়ে পদত্যাগ করার। তিনি যে অন্যায় করেছেন তা পশ্চিমবঙ্গের মানুষের কাছে ক্ষমতার অযোগ্য। সবচেয়ে দুঃখের বিষয় আমরা দেখছি যে, এই মাটি কেলেঙ্কারীতে আগেও একজন মন্ত্রী অভিযুক্ত ছিলেন, তার বিরুদ্ধে অভিযোগ এনেছিলাম, এবারও সেই একই জিনিস ঘটল। এইভাবে একটার পর একটা মাটি কাটাকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গের টাকা চলে যাচ্ছে, উন্নয়নের কাজ আর হচ্ছে না। সমস্ত টাকা পার্টির কাজে ব্যয় হচ্ছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে একটি প্রশ্ন রাখতে চাই, সেটা যদি আপনি আমাদের জানান খুব উপকার হয়। আপনাদের মন্ত্রী সভার যতজন মন্ত্রী আছেন এবং তাদের যে পরিবার বর্গ আছেন তাদের এ্যাসেটে অ্যান্ড লাইবিলিটিসের একটা হিসাব আপনাকে দেখাতে বলুন। প্রত্যেকটি মন্ত্রী যে দপ্তরেরই হোন কেন, মন্ত্রী হবার আগে কি এ্যাসেটে অ্যান্ড লাইবেলিটিস ছিল আর এখন মন্ত্রী হয়ে কি এ্যাসেটস এবং তার পরিবার বর্গের লাইবেলিটিশ হয়েছে সেগুলো

আপনাকে দাখিল করতে হবে। এই বিধানসভাতে আপনাকে তার হিসাব দিতে হবে। প্রত্যেকটি মন্ত্রী, এমন কি মুখ্যমন্ত্রী জ্যোতি বসু থেকে শুরু করে প্রশান্ত শূর সব মন্ত্রীদের এবং তাদের পরিবারবর্গের, মন্ত্রিত্বের আগে কি অ্যাসেটস ছিল আর এখন কি অ্যাসেটস, লাইবিলিটিস হয়েছে এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে তার একটা হিসাব আপনার কাছে তাদের রাখতে হবে। এই বিধানসভাতে আপনাকে সেই হিসাব আমাদের জানাতে হবে। এরজন্য আপনারি একটা তদন্ত করার দরকার এবং একটা রিপোর্টও দিতে হবে। এত টাকা ওইসব মন্ত্রীদের কোথা থেকে হল? আজকে প্রায় ৩০০ কোটি টাকার মতো অ্যাসেটস তৈরি করেছেন। সমস্ত ডিপার্টমেন্টের টাকা নিয়ে আপনারা পার্টির কাজে লাগাচ্ছেন, পার্টির কাজে ব্যবহার করছেন। আজকে সবচেয়ে বড় দুঃখের কথা যে, সমস্ত দপ্তরের মধ্যে রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকে গেছে। প্রত্যেকটি ডিপার্টমেন্টই একটা দুর্নীতির আখড়াতে পরিণত হয়েছে এবং এর জন্মস্থান হচ্ছে রাইটার্স বিল্ডিংস, আর এই দুর্নীতি করতে সাহায্যই বলুন বা সমর্থনই বলুন করছেন কারা না, একটি বিশেষ রাজনৈতিক দল ওখানে বসে আছেন তার নাম হচ্ছে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি।

[1-30 — 1-40 P.M.]

তাই আমি বলব এই ডিপার্টমেন্টের সকলে যে যেখানেই থাকুক তাদের কাউকে ধরা যায় না, আমি তো বলব মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে যে লজ্জার কথা আমি শুনলাম মাননীয় মুখ্যমন্ত্রী দুর্নীতির কথা বলছেন, কিন্তু তিনি কি দেখাবেন কলকাতার কালেক্টরের একটা হিসাব দিয়ে? স্যার, কলকাতার কালেক্টর অডিট করতে গিয়ে দেখা গেছে অডিটে ৩ কোটি ২২ লক্ষ টাকার হিসাব মিলছে না। সি.এ.জি.-র রিপোর্টেও আমি দেখেছি সব জায়গায় হিসাব মেলেনি, যে সমস্ত টাকাগুলি আমরা দিই এইগুলির ব্যাপারে আমাদের জানার অধিকার আছে। টাকা দেওয়া হবে অথচ টাকা ব্যয় হচ্ছে না, চুরি হচ্ছে, দুর্নীতি হচ্ছে, ডিপার্টমেন্টের টাকা নিয়ে স্বজনপোষণ হচ্ছে তার জন্য আজকে পশ্চিমবাংলার এই দূরাবস্থা। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে এখানে নেই, এই বিধানসভায় যখন অশোক ঘোষ ছিলেন সেই সময়ে বিমলা দেকে হত্যা করা হয়েছিল পুলিশের গুলিতে কিন্তু বিমলা দের ব্যাপারে এক পয়সাও ক্যাপেনসেশন দেওয়া হয় নি। বিমলা দের ছেলেকে শ্রাদ্ধের আসর থেকে আনার জন্য কেউ ছুটে যায় নি। স্বপন চক্রবর্তী মারা গেল মমতা ব্যানার্জি তাঁকে সহানুভূতি দেখিয়েছে, টাকা দিয়েছে, সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে লোক ছুটে গেল তাঁর স্ত্রীকে ও পুত্রিকে শ্রাদ্ধের আসর থেকে তুলে আনা হল মমতা ব্যানার্জিকে ঠেকাতে। মুখ্যমন্ত্রীর ঘরে স্বপন চক্রবর্তীর সদ্য বিধবা স্ত্রীকে এবং পুত্রকে যখন নিয়ে আসা হল, তখন মুখ্যমন্ত্রীর ঘরে সে অজ্ঞান হয়ে গেল—এই তো অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি হিন্দু পরিবারের বিধবা স্ত্রীকে সদ্য স্বামীহারা একজন মহিলাকে তুলে নিয়ে এল শ্রাদ্ধের আসর থেকে, এটা আপনারা শুধু অন্যায় করেন নি যে অমানবিকতার কাজ করেছেন সেটা পশ্চিমবাংলার ইতিহাসে লেখা থাকবে। আমরা ১৪ বছরে কি দেখছি চারিদিকে শুধু গণ ধর্ষণ আর নারী নির্যাতন দিনের পর দিন বেড়ে চলেছে।

আমাদের এখানে মুখ্যমন্ত্রী হচ্ছেন পুলিশ মন্ত্রী তার আমলে মানিকচকে যে ঘটনা ঘটে গেল এটা পশ্চিমবাংলার ইতিহাসে একটা কলঙ্কজনক অধ্যায়। আজকে পুলিশ খাতে প্রচুর টাকা দেওয়া হচ্ছে টাকা নেবেন পুলিশ বাড়বে অনেক ডি.জি., এ.জি.নিতে হবে কিন্তু তা সত্ত্বেও দিনের পর দিন নারী নির্যাতন বেড়েই যাচ্ছে। আমাদের কাছে পুলিশের ব্যর্থতার যে হিসাব আছে তাতে দেখা যাচ্ছে ৪ বছরেই শুধু অশালীনতা নারী ধর্ষণ হয়েছে ৪ হাজার। আপনারা এইসবের পরেও বলবেন আমাদেরকে টাকা দিন, আমাদের মন্ত্রীর দপ্তর আছে টাকা দিতে হবে। আপনারা কি বলতে পারেন কোনও সভ্য দেশে, কোনও সভ্য রাজত্বে যেখানে নারী ধর্ষণ হয়, নারীর সম্মান থাকে না, নারীর সম্মান যে সরকার রক্ষা করতে পারে না সেই সরকারের পুলিশ দপ্তরের জন্য কোনও টাকা দেওয়ার দরকার আছে? আপনারা কয়েকজন মন্ত্রী আছেন যারা ভদ্র ভাষায় বক্তৃতা দেন তাদের বক্তৃতার সুর ভালো লাগে, এডুকেশান মিনিস্টারের বক্তৃতা ভাল লাগে, আপনি বললে ভাল লাগে নতুন মন্ত্রী গৌতম বাবু আছেন বললে ভাল লাগে, কিন্তু সেদিন ছায়াদেবী বলছিলেন—তিনি নিজে বাইরে বলছেন, ত্রাণ কার্যে টাকা দেওয়া হচ্ছে, চুরি হচ্ছে—যেভাবে বলছিলেন দেখে মনে হচ্ছে গ্রামের মেয়েরা যেমন ঝগড়া করে সেই রকমভাবে বক্তৃতা দিচ্ছিলেন। যেন একটা মাঠ, এই মাঠে বক্তৃতা দিচ্ছেন। যেন বক্তৃতা দেওয়ার জন্যই বলছে, আমাদের দপ্তরে কোনও দুর্নীতি নেই, আমাদের দপ্তর ভালভাবে কাজ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব বিনীতভাবে অর্থমন্ত্রী মহাশয়কে বলি, আপনারা কখনও কোনও জিনিস স্বীকার করেন না। এই ব্যর্থতার ইতিহাস, এই কলঙ্কের ইতিহাস, এই দুর্নীতির ইতিহাস পনেরো বছরে বামফ্রন্ট সরকার যা করেছে, পশ্চিমবাংলায় দীর্ঘ স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত আর কেউ এই জঞ্জালের ইতিহাস করতে পারেনি। এত নারী ধর্ষণ কোনও দিন হয় নি। প্রকাশ্য দিবালোকে রাস্তার ওপর থেকে তুলে নিয়ে গিয়ে নারী ধর্ষণ কোথাও হয় নি। লক আপে কতজন খুন হয়েছে এই প্রশ্নের উত্তর মুখ্যমন্ত্রী বললেন যে এতজন লক আপে খুন হয়েছে। লক আপে খুন এটাতো একটা কলঙ্কজনক ব্যাপার। মুখ্যমন্ত্রী তো একদিনও বলেননি যে এই ঘটনার জন্য আমি পদত্যাগ করছি। মুখ্যমন্ত্রীর সঙ্গে আমি অনেক ব্যাপারে কথা বলে দেখেছি, যে তিনি কিছু করতে চান। কিন্তু তার কিছু করার ক্ষমতা নেই। যিনি পুলিশ কমিশনার, পেপারে তার একটা ছবি বেরিয়েছিল, লেলিনের ছবির পাশে দাঁড়িয়ে আছে, মার্কসবাদ কমিউনিস্ট পার্টির বিশ্বাসী, কি তালুকদার। জ্যোতি বাবুর উচিত ছিল স্বপন চক্রবর্তী যেদিন মারা যান সেদিনই অবিলম্বে পুলিশ কমিশনারকে সরিয়ে দেওয়া। কারণ তিনি মুখ্যমন্ত্রীকে মিস লীড করেছে। মুখ্যমন্ত্রী এই বিধানসভায় দাঁড়িয়ে পরের দিনও পরিষ্কার করে বলতে পারে নি যে তার কি করে মৃত্যু হয়েছে। তাহলে মুখ্যমন্ত্রীর দপ্তরে কি আমরা টাকা দেব খুন করার জন্য, নারী ধর্ষণ করার জন্য? আমরা কি টাকা দেব হাসপাতালের রোগীকে কুকুরে খেয়ে যাওয়ার জন্য? সরকারি প্রশাসন যন্ত্র ব্যবহার করে আজকে কোটি কোটি টাকা খরচ করে প্রতিটি জেলাতে আজকে পার্টি অফিস করা হচ্ছে। সংখ্যাধিক্যের জোরে দাঁড়িয়ে এই বিধানসভায় সমস্ত কিছু পাস করিয়ে নেওয়া হচ্ছে। বালিগঞ্জের নির্বাচন তো এক কলঙ্কজনক ইতিহাস। বালিগঞ্জের নির্বাচন

আপনারা কিভাবে করেছেন তা বালিগঞ্জের শিক্ষিত লোকেরা দেখেছে। আপনাদের কোনও মানবতা নেই, কোনও ভদ্রতা নেই, কোনও সভ্যতা নেই, আছে একমাত্র পার্টির উপর আনুগত্য ও ক্ষমতা দখল করার জন্য যে কোনও ভাবে সরকারি ক্ষমতা দখল করার চেষ্টা। তারজন্য আজকে বহু লোক আপনাদের পার্টি থেকে চলে গেছেন। আজকে রাইটার্স বিল্ডিং থেকে তাই সুভাষ বাবু চিঠি লেখেন। can he write a letter having seated in his chair? It is a misuse of power. This is a serious charge. He should resign at once.... তিনি ক্ষমতার অপব্যবহার করছেন। তার কোনও ভদ্রতা নেই, কোনও মানবিকতা নেই, তারজন্য তিনি ব্যবসায়ীকে পদ্মশ্রী দিতে বলেন। আজকে যেভাবে শ্মশান হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে দ্ব্যর্থহীন ভাষায় বলি আমরা টাকা দিই, কিন্তু দপ্তরে কোনও কাজ নেই। মন্ত্রীরাই বেশির ভাগ সময়ে তাদের পার্টির কাজে ব্যস্ত থাকে। আমার মনে হয় তারা পার্টিই করুক, সরকারের কাজ আর করতে হবে না। আমরা দেখি সমস্ত ডিপার্টমেন্টে টাকা ঠিকমতো খরচ হয় না। টাকা দিয়ে দপ্তরের কাজ হয় না, টাকা দিয়ে পার্টির কাজ হয়।

[1-40 — 1-50 P.M.]

আজকে আমি তাই বলব—জওহর রোজগার যোজনার টাকা নিয়ে আপনারা আত্মসাৎ করেছেন। প্রত্যেক কালেক্টরেটের টাকা নিয়ে দুর্নীতি হয়েছে, ক্যাগ রিপোর্টে ছেয়ে গেছে। আমরা দেখেছি—আপনারা স্বজনপোষণ করেন, দুর্নীতি করেন, আপনারা পার্টিবাজি করেন, দপ্তরের প্রতি আপনাদের লক্ষ্য নেই, দপ্তরের অপদার্থতা, ব্যর্থতায় ভরে গেছে। প্রত্যেক জায়গাতে দুর্নীতি হচ্ছে। তাই আমি বলব মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অ্যাপ্রোপ্রিয়েশন বিল নয়, দিস বিল ইজ মিস অ্যাপ্রোপ্রিয়েশন বিল, মিস অ্যাপ্রোপ্রিয়েশন বিল অফ দি গভর্নমেন্ট, মিস অ্যাপ্রোপ্রিয়েশন বিল অফ দি পার্টি, বাট নট অর দি বেনিফিট অফ পিপল। সেজন্য আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ নিজামুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল বাজেটের উপর আমরা প্রথম থেকেই দাফাদারি আলোচনা যা এখানে হয়েছে বিরোধী দলের সভ্যরা যে সমস্ত বক্তব্য রেখেছেন সেই সমস্ত বক্তব্যর মধ্যে দিয়ে আমার মনে হয়েছে বা হচ্ছিলো পশ্চিমবঙ্গ বোধ হয় একটা আলাদা স্টেট। এটা যে ভারতবর্ষের একটা অঙ্গরাজ্য, ভারতবর্ষের কেন্দ্রীয় নীতি যেভাবে গ্রহণ করা হয় তার প্রতিফলন যে সারা দেশে পড়েছে তা তাঁরা মনে করেন না। মানুষকে ভুল বোঝানোর জন্য এই সমস্ত বক্তব্য এখানে উপস্থিত করেছেন। এত বেকার কেন? জ্যোতিবাবু জবাব দাও, যেন পশ্চিমবঙ্গে বেকার জ্যোতিবাবুর জন্যই হয়েছে। কল-কারখানা বন্ধ কেন, বামফ্রন্ট সরকার জবাব দাও। সারা ভারতবর্ষেও তো কলকারখানা বন্ধ হয়ে গেছে। ওঁনাদের কথা শুনে মনে হয়, ২ লক্ষ ৯১ হাজার কলকারখানা—সবটাই যেন পশ্চিমবঙ্গে। এখানে মাননীয় বিরোধী দলের মাননীয় সদস্য বাপুলি সাহেব বললেন যে, এরা মানুষের কথা বলেন না। ৪৫ বছর ধরে স্বাধীনতার পর, এই ৪১ বছর ধরে তাঁরাই

রাজত্ব করেছেন কেন্দ্রে এবং তার প্রতিফলন কি? আমি বলছি না, তাঁদের প্রধানমন্ত্রী, তাঁদের অর্থমন্ত্রী তাঁরাই বলছেন আজকে দেশে গভীর সংকট। সেই অর্থনৈতিক সংকট থেকে বেরিয়ে আসবার জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই.এম.এফ. থেকে ঋণ নিতে হয়েছে। সমস্ত মন্ত্রীরাই বলছেন। কিন্তু তাঁরাই তো রাজত্ব করেছেন। যদি এই অর্থনৈতিক সংকটের জন্য কেউ দায়ী হয় হতে পারে—তাহলে তাঁরাই দায়ী। এবং আজকে তাঁরা যা করছেন—আজকে তাঁরা ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই.এম.এফ.য়ের ঋণ নিয়ে অর্থনৈতিক সার্বভৌমত্ব সমস্তটাই বিপন্ন করতে চলেছে।

আমি একটা একটা করে আসছি, যা ঋণ নেওয়া হয়েছে সেই ঋণের সুদ দেবার জন্য প্রতি বছরে আরও ঋণ নিতে হয়। মাননীয় সভ্য শ্রী সৌগত রায় মহাশয় বলছিলেন কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি বাজেটের দিন যে, জ্যোতিবাবু, তাঁর বাজেট ভাষণে কেন্দ্রীয় ব্যাঙ্ক এই কথা বলেছেন কেন? এই সরকার আসবার পর দশ, বারো দিনের মধ্যে ক্ষেপে ক্ষেপে তিনবার আন্তর্জাতিক বাজারে ২১ পারসেন্ট টাকার মূল্য কমিয়ে দিয়েছে। এই সরকার আসবার আগে পুতুল সরকার যখন ছিল, চন্দ্রশেখরের সরকার, তারপর এই সরকার আসবার পর সুইজারল্যান্ড এবং ইংল্যান্ড আমাদের দেশের ৬৭ টন সোনা তাঁরা পাঠিয়েছেন। আমরা বলছি যে, তাঁরা বিক্রি করেছে। আমাদের দেশে ৭৫ হাজার কোটি টাকার কালো ধন—তার পাহাড় জমছে। কিন্তু এই সরকার কিছু করতে পারছেন না। মুদ্রাস্ফীতি বাড়ছে। বাড়তে বাধ্য।

বেকারদের কথা আমি আগেই বলেছি। ১৯৫১ সালে আমাদের দেশে যেখানে বেকারের সংখ্যা ছিল—রেজিস্ট্রিকৃত বেকার—৩ লক্ষ ২৯ হাজার ১৯৯০ সালে সেখানে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা হচ্ছে ৩ কোটি ৪২ লক্ষ ৮৬ হাজার। আর রেজিস্ট্রি করেন নি এরকম বেকারের সংখ্যা আরও ১০ কোটির মতন। অর্থাৎ প্রায় ১৩/১৪ কোটি বেকার আমাদের দেশে রয়েছে। তারপর জিনিসপত্রের দাম আমাদের দেশে কি হারে বাড়ছে সেটা আপনারা সকলেই জানেন। মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম আজ হু হু করে বাড়ছে। আমি প্রথমেই ফুড আর্টিকেলসের কথা বলি। ডিসেম্বর ৮৯ থেকে ডিসেম্বর ৯১ এই দু বছরের মধ্যে ফুড আর্টিকেলসের দাম বেড়েছে ৪২.৯ পারসেন্ট। ফুড গ্রেন্সের দাম বেড়েছে ৩৮.৬ পারসেন্ট। চালের দাম বেড়েছে ৩৬.৭ পারসেন্ট গমের দাম বেড়েছে ৪২.৩০ পারসেন্ট, জোয়ারের দাম বেড়েছে ৬২.৩ পারসেন্ট। এই জোয়ার আপনারা খান না, এই জোয়ার গরিব লোকদের খাবার। পটেটো আর একটা আইটেম যেটা গরিব মানুষেরা খায় তার দাম বেড়েছে ৫৬.৫ পারসেন্ট। এর জন্য কি কেন্দ্রীয় সরকার দায়ি নয়? এরজন্য কি বামফ্রন্ট সরকার দায়ী? আজকে কেন্দ্রীয় সরকারকে এরজন্য জবাব দিতে হবে। আমার কাছে আরও অনেক পরিসংখ্যান আছে কিন্তু সময়ের অভাবে আমি সেসব দিতে পারছি না। আমি তাই বলছি, কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির জন্যই আজকে দেশে জিনিসপত্রের দাম বাড়ছে ও মানুষের সংকট বাড়ছে। এই প্রসঙ্গে আমি আই.এম.এফ.র কথাও একটু বলতে চাই। আমরা দেখছি, আই.এম.এফ-র এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের অনুমতি নিয়ে এবং তাদের কথা মতই আমাদের দেশের অর্থনীতি, শিল্পনীতি, বাণিজ্য নীতি আমদানি ও রপ্তানি নীতি ঠিক করা হচ্ছে এবং

সেইভাবেই কাজ করা হচ্ছে। আমরা জানতাম যে কেন্দ্রীয় বাজেট আগে পার্লামেন্টে পেশ করার কথা কিন্তু আজকে দেশের এমনই ব্যাঙ্ক ক্রাপ্ট অবস্থা যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক ও আই.এম.এফের অফিসারদের তা দেখিয়ে এবং তারা তা পাস করলেই তবে সেটা পার্লামেন্টে রাখা হয়। স্যার, তারা বিদেশি, তারা আমাদের দেশের রুরাল এরিয়ার কথা জানেন না কাজেই তারা সেখানে সেই সব প্রকল্প যাতে রুর‍্যাল এরিয়ার উন্নতি হয় এবং সেখানকার মানুষদের রোজগারের পথ করে দেওয়া যায় তারা সেগুলি বন্ধ করে দিচ্ছেন। সঙ্গে সঙ্গে ঐ সমস্ত সাম্রাজ্যবাদী দেশের যে সমস্ত মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলি আছে তাদের প্রস্তুত করা মাল যখন এ দেশে আসছে তখন তার আমদানি ট্যাক্স একদিকে কমিয়ে এখানে তাদের বাজার সৃষ্টি করা হচ্ছে অপর দিকে আমাদের দেশে প্রস্তুত মালগুলির উপর অতিরিক্ত ট্যাক্স আরোপ করা হচ্ছে। দেশে বাণিজ্য নীতি উদার করে দিয়ে অবাধে যাতে বিদেশি মাল এখানে আসতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। ৯০ কোটি মানুষের দেশের বিরাট একটা বাজার যাতে ঐ বিদেশিরা পেতে পারে তারজন্যই এইসব ব্যবস্থা করা হয়েছে। এসব কথা কি আপনারা অস্বীকার করতে পারেন? না, তা পারেন না কারণ এসব অস্বীকার করার জায়গা আপনাদের নেই। কেন্দ্রীয় সরকারের নীতির জন্য এখানে বিদেশি মাল সস্তা হচ্ছে এবং দেশে তৈরি মালের দাম হু হু করে বাড়ছে। তারপর আমরা দেখছি যে পাবলিক সেক্টরকে বন্ধ করে দেওয়ার কথা বলা হচ্ছে। তা ছাড়া আমরা আরও দেখছি যে পাবলিক সেক্টরের বিভিন্ন কলকারখানা প্রাইভেট মালিকদের হাতে তুলে দেবার চেষ্টা করা হচ্ছে এবং এ ব্যাপারে তারা নানান রকমের ডিসিসনও নিচ্ছেন। এরকম একটা কথা হাওয়ায় ছড়িয়ে দেওয়া হচ্ছে যে সরকারি কারখানা মানেই লোকসান, সেখানকার শ্রমিক কর্মচারিরা কাজ করেন না ইত্যাদি। এইভাবে ওরা চিরকালই শ্রমিক কর্মচারিদের অপমান করে এসেছেন।

[1-50 — 2-00 P.M.]

এবং এই নীতির বিরুদ্ধে যখন ধর্মঘট হয় মনমোহন সিং বলেন—তিনি বলছেন, কেন্দ্রীয় মন্ত্রী মনমোহন সিং আজ মন্তব্য করেছেন ধর্মঘটে সামিল হয়েছে যে শ্রমিক শ্রেণী তা সভ্যতা বহির্ভূত ভাবে। এই জিনিস বলার অধিকার কে দিয়েছে মনমোহন সিংকে, শ্রমিক শ্রেণীকে অপমান করার অধিকার কে দিয়েছে? আর তাদেরও কেন্দ্রীয় আই.এন.টি.ইউ.সি নেতা কি বলছেন, সেটাও একটু পড়ে শুনিয়ে দিচ্ছি। তিনি বলছেন এ.আই.সি.সি. মুখপাত্র বি.এন. গ্যাডগিল প্রমুখের উপস্থিতিতে এই বৈঠক হয়েছিল। এরা বারবার আই.এন.টি.ইউ.সি.-র দপ্তরে ফোন করে ও লোক পাঠিয়ে গোপেশ্বরকে আসতে অনুরোধ করেন। গোপেশ্বর সাফ জানিয়ে দেন যে তিনি বৈঠকে যাবেন না। কারণ আজ পর্যন্ত রুগ্ন শিল্পকে চাঙ্গা করার থেকে শুরু করে ত্রিপাক্ষিক ডি.এ. কমিটির বৈঠক পর্যন্ত যা যা প্রস্তাব করেছিলেন সরকার তার, কোনওটাতেই কোনও কান দেননি। পরে বৈঠকে না যাবার কারণ জানতে চাইলে গোপেশ্বর বলেন তিনি নিজেও এই কথা জানেন। তিনি বলেন আই.এন.টি.ইউ.সি. কংগ্রেসের শাখা সংগঠন নয়, কংগ্রেসের শিল্প ও অর্থনৈতিক নীতি আমরা মানি না। এই সব কথা যে আমরা

বলি তা তো নয়? তারা ঐ মাল্টি ন্যাশনাল কোম্পানি দেশে যাতে সমস্ত কলকারখানা উদ্যোগে অবাধে টাকা লাগাতে না পারে, আগে যেটা ফেরা অ্যাক্টের মাধ্যমে ইনস্ট্রাকশন ছিল সেই ইনস্ট্রাকশন তুলে নিচ্ছেন। তুলে নিয়ে এখন ৫১ ভাগ করে দিয়েছেন এবং কয়েকটি ক্ষেত্র বাদ দিয়ে ১৫০ ভাগ পর্যন্ত তারা টাকা লগ্নি করতে পারবেন এই কথা বলেছেন। আচ্ছা বলুন তো, মারুতি কার কোম্পানি বিদেশি কোম্পানির সঙ্গে আমরা যৌথ ভাবে সেক্টারে ছিল। তাদের ছিল ৪০ ভাগ শেয়ার, যেখানে রাজ্যেরও ছিল, সেটা কেন ৫১ ভাগ সুজুকী কোম্পানি কে করে দেওয়া হয়েছে? কোনও জবাব দিতে পারবেন না। আমাদের ছোট ছোট কলকারখানাতে এই যে মনোপলি একচেটিয়া পুঁজিপতি, তাদের প্রবেশ করার কোনও অধিকার ছিল না। এম.আর.টি.পি. অ্যাক্ট তুলে দিয়ে দেশি বিদেশি পুঁজিপতিদের এই ছোট উদ্যোগেও তারা যেতে পারবে, লগ্নি করতে পারবে, যার ফলে কি হবে, এই সমস্ত ছোট ছোট কলকারখানা বন্ধ হবে, শ্রমিকরা সেখান থেকে কাজ ছাড়া হবেন। শুধু শ্রমিকরা নয়, এই যে ছোট এবং মাঝারি মালিক, তারাও তাদের ব্যবসা থেকে বঞ্চিত হবে। তাদের রোজগার থেকে তারা বঞ্চিত হবে। আজকে দেশের সমস্ত অংশের মানুষকে ভাবতে হবে ৫৮টা কারখানা বি.আই.এফ.আর.-এ পাঠিয়ে দেওয়া হয়েছে। বি.আই.এফ.আর., আমি বলি একটা ডাক্তার আছে, এই ডাক্তারের কাছে যত পেশেন্ট পাঠানো হয়, তিনি সকলকে অপারেশন করেন, কোনওটা সাকসেসফুল হয় না। এখন যেগুলো বি.আই.এফ.আর.-এ গেছে সেখানকার শ্রমিকরা আতঙ্কিত হয়ে পড়েন, এবার গেলাম। এই ৫৮টা কারখানা যদি করা হয় তাহলে চার লক্ষ শ্রমিক নতুন ভাবে বেকার হবেন। এদের বিদায় দেবার জন্য ৬ হাজার ৭০০ কোটি টাকা লাগবে। আমাদের পশ্চিমবঙ্গে ১৭টা এই রকম কারখানা আছে। নিশ্চয়ই তার বিরুদ্ধে এই নীতির বিরুদ্ধে আমরা সংগ্রাম করছি এবং সেই কাজ আমরা চালিয়ে যাব। কেন্দ্রীয় সরকার তার নিজের কারখানাকে অর্ডার দেবেন না? দেবেন কাদের, ওদের প্রভু এ সমস্ত মাল্টি ন্যাশনাল কোম্পানি পুঁজিপতি দেশ, সাম্রাজ্যবাদী দেশগুলির কারখানাগুলোকে। আমি একটা দুটো উদাহরণ দেব। আমাদের Braithwaite, Burn Standard, Jessop Company এদের দেবে না, কিন্তু বিড়লার টেক্সম্যাকো, যার ক্যাপাসিটি ৪ হাজার ৮০০ তৈরি করার, তাদের তার থেকে বেশি অর্ডার দেওয়া হয়। আর আমাদের জেশপ কোম্পানি, যার ক্যাপাসিটি ৩ হাজার ২৭৯, তাকে হাজার খানেকও অর্ডার দেওয়া হয় না। র'মেটেরিয়ালের জন্য তারা ৫৪০ এর বেশি তৈরি করতে পারেনা। আমাদের 'ভেলের' বয়লার, টার্বাইন সারা পৃথিবীর মধ্যে নাম করা। কিন্তু তারা ভেলকে অর্ডার দেন না, অর্ডার দেন ইউ.এস.এ., ওয়েস্ট জার্মানি, ইংল্যান্ডকে। সেখান থেকে ইমপোর্ট করে মাল আনতে হবে। এগুলি কি দেশের স্বার্থে করা হচ্ছে? আমি একটা হিসাব দিতে চাই। পাবলিক সেক্টরকে এরা তুলে দিতে চায় লোকসানের জন্য। আমি একটা উদাহরণ দিই। আমাদের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি কর্তৃক অভ্যন্তরীণ যে সম্পদ সৃষ্টি করেছে (কোটি টাকায়) সেটা আমি বলছি। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৬১-৬৫) ২৮৭ কোটি টাকা। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (৬৯-৭৩) ১২ শত ৬০ কোটি টাকা পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩ হাজার ৪৩৯ কোটি টাকা। ১৯৭৯-

৮০ সালে ১ হাজার ৩০ কোটি টাকা। যষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৮০-৮৪) ১৩ হাজার ৭৭৫ কোটি টাকা। তারপরে সপ্তম পরিকল্পনা যেটা শেষ হয়েছে, ৩৭ হাজার ৬৭৯ কোটি টাকা অর্থাৎ মোট ৫৭ হাজার ৪৭০ কোটি টাকার সম্পদ তৈরি করেছে। কেন্দ্রীয় সরকারের কোষাগারে কত কোটি টাকা জমা দিয়েছে? কেন্দ্রীয় সরকারের কোষাগারে ১ লক্ষ ১৩ হাজার ১০৫ কোটি টাকা জমা দিয়েছে। যদি শ্রমিকরা কাজ না করত তাহলে কি এই সম্পদ সৃষ্টি হত? কেন্দ্রীয় সরকারের কাছে কি টাকাগুলো যেত, যেত না। শ্রমিকদের আপনারা মানুষ বলে মনে করেন না। তারপরে বেঙ্গল পটারীকে কি করে ভায়েবল করা যায় সে সম্পর্কে রিপোর্ট দেওয়া হল যে ১৫ কোটি টাকা দিলে এটাকে ভায়েবল করা যাবে। ১৫ কোটি টাকা আপনারা এককালীন দিতে পারবেন না। কিন্তু মাঝে মাঝে যে টাকা দিচ্ছে তাতে ১৫০ কোটি টাকা দিতে হচ্ছে। ১৫০ কোটি টাকা তারা দিতে পারেন, কিন্তু ১৫ কোটি টাকা এককালীন দিলে যে সেটাকে ভায়েবল করা যায় সেটা তারা দেবেন না। কারণ বিড়লার শ্রমিক কারখানা কি করে চলবে, একজিট পলিসিতে এটা করতে হবে। তারপরে এইচ.সি.এল.-তে যারা কাজ করেন, সেই শ্রমিকের সংখ্যা হচ্ছে ২০ হাজার ৬১৩। তারা ঘোষণা করেছেন যে ১৪ হাজার শ্রমিক কর্মচারীকে তারা ছাঁটাই করবেন। ২০ হাজারের মধ্যে ১৪ হাজার যদি ছাঁটাই হয় তাহলে যে বেকার সৃষ্টি হবে তার জন্য আপনাদের জনগণের কাছে জবাব দিতে হবে। তারপরে এন.টি.সি.তে টোটাল কাজ করেন ১৪ হাজার শ্রমিক কর্মচারী। তারা ঘোষণা করেছেন যে ৪ হাজার ৮০০ জনকে ভলেনটারী রিটায়ারমেন্ট স্কীমে যেতে হবে।

[2-00 — 2-10 P.M.]

এই জিনিস বুঝতে হবে। টেলিভিসনে ১৬ তারিখে ধর্মঘটের বিরোধিতা করে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী বক্তৃতা দিলেন। উনি বললেন, আমরা এক বছর ধরে যে নীতি নিয়ে চালাচ্ছি সেই নীতির বিকল্প নীতি কেউ দেয় নি। এটা অসত্য কথা, টেলিভিসনে একজন কেন্দ্রীয় মন্ত্রী কি ভাবে এই রকম একটা অসত্য কথা বললেন সেটা আমি বুঝতে পারছি না। বামফ্রন্ট সরকার বিকল্প নীতি দিয়েছিল। বাইরে থেকে যে জিনিসপত্র আনা হচ্ছে তার রেস্ট্রিকশন করা দরকার। যেগুলি আনার দরকার সেইগুলি আনতে হবে। পেট্রোলিয়ামজাত জিনিস আনতে হবে এবং অন্যান্য জিনিস আনতে হবে। কিন্তু যেগুলির আনার দরকার নেই, না এনেও চালানো যায় সেটা আনা হবে কেন? এই ব্যাপারে আমি একটা হিসাব দিচ্ছি। আমি ইকনমিক সার্ভে থেকে বলছি ১৯৮৫-৮৬ সাল থেকে ১৯৮৯-৯০ সাল পর্যন্ত টোটাল এক্সপোর্ট হয়েছে ৮৬,৯৩৬ কোটি টাকার জিনিস, আর ইমপোর্ট হয়েছে ১,২৫,৬৪৯ কোটি টাকার জিনিস। তার মধ্যে এসেন্সিয়াল যেটা তার পরিমাণ হচ্ছে ৩৮,৭২৫ কোটি টাকার জিনিস। ১৯৮৫-৮৬ সাল থেকে এসেন্সিয়াল ইমপোর্ট সব চেয়ে বেশি যেটা হয়েছে সেটা হল ১৯৮৬-৮৭ সালে ৩৯.৭ পারসেন্ট এবং সব চেয়ে কম যেটা হয়েছে তা হল ২৪.৭ পারসেন্ট। এই হচ্ছে প্রকৃত অবস্থা, এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি। আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। আমরা এখানে যে ভাবে পঞ্চায়েত রাজ কায়েম

করেছি, যে ভাবে জমি বন্টন করেছি সেটা ভারতবর্ষের কোনও জায়গায় হয় নি। আমরা প্লান বাজেটের ৫০ ভাগ টাকা পঞ্চায়েতের মাধ্যমে খরচ করছি। পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম উন্নয়নের কাজ করা হচ্ছে, সেচের ব্যবস্থা করা হয়েছে, পাম্প সেট দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। যার জন্য খাদ্য উৎপাদনে আজকে পশ্চিমবাংলা শীর্ষে। এখানে ১২ ক্লাশ পর্যন্ত বিনা বেতনে শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এখানে পঞ্চম ক্লাশ পর্যন্ত বই দেওয়া হয়। আমরা এখানে যা স্মল স্কেল ইন্ডাস্ট্রি খুলেছি সারা ভারতবর্ষে তা করতে পারে নি। সমস্ত রকম বাধা সত্ত্বেও আমরা ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে ১৯৯০ সালেই ১৯টি ইউনিট খুলেছি এবং তার জন্য ৪২৭৬ কোটি টাকা খরচ করেছি। ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে আমরা টোটাল ৯টি গ্রোথ সেন্টার করেছি। এখানে যে সমস্ত মাল তৈরি হচ্ছে সেটা এক্সপোর্ট পর্যন্ত হচ্ছে। তারপর দুর্গাপুর কেমিক্যালস, ব্রিটেনিয়া ইঞ্জিনিয়ারিং টেক্সটাইল কর্পোরেশন এই সমস্ত আজকে মন্ত্রী মহাশয়ের উদ্যোগে ভাল ভাবে চলছে। সরস্বতী প্রেস, ইলেকট্রো-মেডিক্যাল ইন্ডাষ্ট্রি, ওয়ার হাউসিং কর্পোরেশন আমরা ভালভাবে চালিয়ে যাচ্ছি। হলদিয়া পেট্রো-কেমিক্যালের কাজ এগিয়ে যাচ্ছে। অনেক বাধা-বিপত্তি আসছে ঠিকই, তাহলেও আমরা কাজ এগিয়ে নিয়ে যাচ্ছি। অনেক বাধা-বিপত্তি সত্ত্বেও বিদ্যুত উৎপাদনের কাজ আমরা এগিয়ে নিয়ে যাচ্ছি। বক্রেশ্বরের জন্য আমাদের টাকা দেওয়া হচ্ছে না, কেন্দ্রীয় সরকারে এই ব্যবস্থা গ্রহণ করা উচিত। তাঁরা তা করছেন না। ওঁদের পশ্চিমবাংলার জন্য কোনও দরদ নেই। আমাদের এখানে কোনও ঝগড়া গন্ডোগোল হলে তাঁরা তার উস্কানি দেন। তিন বিঘায় গিয়ে সেখানে বিচ্ছিন্নতাবাদী শক্তি, সাম্প্রদায়িক শক্তি যা আছে তাদের মদত জুগিয়েছে। আমার সময় হয়ে গিয়েছে, আমি এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুল মান্নান ঃ মিঃ চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল, ১৯৯২ নিয়ে এসেছেন, সেই বিতর্কে খুব ব্যাথাহত চিত্তে অংশ গ্রহণ করছি। স্যার, আমাদের অনুমোদন দিতেই হবে। কারণ সরকারি কর্মচারিদের মাইনের ব্যাপার আছে, উন্নয়নমূলক কাজের ব্যাপার আছে, সবই আছে। সব থেকে বড় কথা হচ্ছে, হাউসে আপনাদের জোর আছে, আপনাদের হাউসে সংখ্যার জোর আছে। কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রীকে বিনয়ের সঙ্গে কয়েকটা প্রশ্ন করব যে, আপনি আপনার বিবেকের কাছে প্রশ্ন করুন, ১৫ বছর এই হাউসে আপনি খরচের জন্য অনুমোদন নিয়েছেন, বাজেট প্লেস করেছেন এবং তা পাসও হয়েছে, কিন্তু ১৫ বছর পরে পশ্চিমবাংলার যে সমস্যা তা কতটুকু দূর করতে পেরেছেন? কংগ্রেস কি কি করেছে, কংগ্রেস কি করতে পারেনি এই সব বিতর্কে না গিয়ে আজকে পশ্চিমবাংলার দিকে একটু তাকিয়ে দেখুন, বাংলার বেকার সমস্যা আজ কোন পর্যায়ে দাঁড়িয়েছে? বেকার যুবকরা আজকে কোথায় এসে পৌছেছে? আজকে তারা হতাশাগ্রস্ত হয়ে পড়ে জীবনের প্রতি মায়া সম্পূর্ণভাবে ত্যাগ করে উদভ্রান্তের মতো ঘুরে বেড়াচ্ছে। যে যুবক ১৮ বছর আগে জন্মেছে, জ্ঞান হওয়ার পর থেকে দেখছি পশ্চিমবাংলায় আপনারা সরকারে আছেন। ১৫ বছর

সময়টা খুব কম সময় নয়। আপনারা হয়ত কংগ্রেসের কথা বলছেন। কিন্তু কংগ্রেস তাদের কাছে ইতিহাস, জ্ঞানত তারা আপনাদেরই দেখছে। আপনাদের সরকারকে দেখছে। আপনারা কি তাদের কাছে দাঁড়িয়ে বলতে পারছেন যে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করছেন? তাদের হাতে চাকুরির নিয়োগপত্র দিতে পারছেন? তাদের জ্বালা-যন্ত্রণা অনুভব করে তাদের দুঃখ হতাশা মোচন করতে পারছেন? সংখ্যার কারচুপি করে এগুলোকে ঢেকে দেওয়া যায় না। পশ্চিমবাংলার যে কোনও শহরে কিম্বা গ্রামে যদি যান, মধ্যবিত্ত পরিবারে যদি যান তাহলে দেখবেন, প্রতিটি বাড়িতে বেকারত্ব কত বেশি, বেকারত্বের জ্বালা এত বেশি এবং তাদের জীবনটা কোন অবস্থায় রয়েছে। এরজন্য কি আপনাদের সরকার দায়ী নন? অর্থমন্ত্রী হিসাবে কি আপনি দায়ী নন? আপনারা তাদের সঠিকভাবে পথ দেখাতে পারেন নি, এরজন্য কি সরকার দায়ী নয়? এখানে গণতান্ত্রিক সরকার একটা ক্ষমতায় আছে। আমাদের সৌভাগ্য যে ১৯৫২ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত পার্লামেন্টে আপনারা একশোটি সীট পান নি। তাহলে গোটা ভারতবর্ষকে বালিগঞ্জের মতো অবস্থা করতেন। একটা সরকার আছে, আমাদের দেশে সমস্যা আছে, আমরা সমস্যায় জর্জরিত এটা অস্বীকার করছি না, উন্নয়নশীল দেশে সমস্যা কিছু থাকবে, কিন্তু তা কাটাতে চেষ্টা করবে কি? এরজন্য দরকার একটা গণতান্ত্রিক পরিবেশ। পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ এই ভারতবর্ষ। সেই দেশেরই একটা অঙ্গরাজ্য এটা, আপনারা এখানে গণতন্ত্রের পরিবেশকে নষ্ট করে দিয়েছেন, গণতন্ত্রের যে অধিকার তা হরণ করে, পরিবেশকে নষ্ট করে দিয়েছেন আপনারা। আপনারা বালিগঞ্জের উপ-নির্বাচনে দেখিয়ে দিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী এর আগে বলেছিলেন, কিছু দিন আগে তিনি বলেছিলেন যে, নির্বাচন কমিশন সার্টিফিকেট দিয়েছেন সুষ্ঠু এবং অবাধ নির্বাচন হয়েছে। তিনি গর্ব করে এই কথা বলেছিলেন। নির্বাচন কমিশনের পেরী শাস্ত্রী, তিনি নাকি এই সার্টিফিকেট দিয়েছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী গর্ব করে বললেন যে সার্টিফিকেট আপনাদের পক্ষে দিয়েছেন। নির্বাচন কমিশনের সার্টিফিকেট যখন আপনাদের পক্ষে যায় তখন সেই সার্টিফিকেটের কথা ফলাও করে প্রচার করলেন, বললেন যে নির্বাচন কমিশন আপনাদের সার্টিফিকেট দিয়েছেন, আপনারা অবাধ নির্বাচন করেছেন।

[2-10 — 2-20 P.M.]

এইবার নির্বাচন কমিশনার বললেন যে ৪০-৪৬ টি বুথে আবার নতুন করে উপনির্বাচন করতে হবে এবং ওই নির্বাচন বাতিল করে দিয়েছেন। এবং আবার আপনাদের নতুন করে উপ নির্বাচন করতে হবে। যে পশ্চিমবঙ্গ এক সময়ে গর্ববোধ করত আজকে সেখানে সুষ্ঠুভাবে নির্বাচন হতে পারে না। আপনাদের মন্ত্রী সভার মধ্যেই ব্যর্থতা অনেক আছে, কেউ কারুর সাফল্য সহ্য করতে পারেন না। এক্ষেত্রে আপনারা রাজ্যের সাফল্য দাবি করেন কোন হিসাবে? একজন মন্ত্রী আরেকজন মন্ত্রীর বিরুদ্ধে সমালোচনা করেন। সংসদীয় গণতন্ত্রে যে যৌথ দায়িত্ব সেটা কিন্তু ঠিকমতো রক্ষিত হয় না। আমরা সংবাদপত্রে কি দেখছি—সেখানে দেখা যাচ্ছে যে ত্রাণ মন্ত্রী আপনার সমালোচনা করছেন আর আপনি ত্রাণ মন্ত্রীর সমালোচনা

করছেন। একে অপরের ব্যর্থতার অভিযোগ এনে সমালোচনা করছেন। সেখানে আমরা তো বিরোধী দলে আছি বলে অনেক কথা বলছি কিন্তু আপনারা এর দ্বারা পশ্চিমবঙ্গবাসীর কাছে কি আদর্শ দেখাতে পারছেন? কিছুক্ষণ নিজামুদ্দিন সাহেব সরকার পক্ষের হয়ে অনেক কথা বলে গেলেন। আমরা জানি গোয়ালা কখনও বলে না যে নিজের দই টক, সুতরাং সেইদিকে মাননীয় সদস্য ঠিকই করেছেন, সরকারের ব্যর্থতা তুলে ধরেন নি। আজকে বলুন তো কত শ্রমিক অনাহারে মারা গেছে, কত কারখানা বন্ধ, তার কতটা আপনারা খুলতে পেরেছেন? আজকে যে এত কারখানায় লক আউট, ক্লোজার চলছে তার কতগুলো আপনারা খুলতে পেরেছেন? আপনাদের নতুন করে কারখানা খুলতে হবে না, যেগুলো কংগ্রেস আমলে তৈরি হয়েছিল এবং চালু ছিল তার কতগুলি আপনারা চালু রাখতে পেরেছেন? আজকে যদি সেগুলো চালু থাকত তাহলে আর নতুন করে বেকার হত না। যে সমস্ত কারখানাতে ক্লোজার লক আউট ইত্যাদি চলছে সেখানে আপনারা যতই নোটিশ দিন না কেন মালিকপক্ষ ডোন্ট কেয়ার করে আপনাদের দাবি মানছেন না। আজকে স্বাস্থ্য দপ্তরের অবস্থা কি—সেখানে স্বাস্থ্যমন্ত্রী নিজে বলছেন যে দেখেশুনে মনে হচ্ছে এই দপ্তর রাখা উচিত নয়, রাত্রিবেলা কোনও মুমূর্ষু রোগী বেড প্যান চাইলে বেড প্যান পায় না, সেখানে কোনও কর্মচারী থাকে না, ডাক্তার দরকার হলে ডাক্তার নেই, কোনও কর্মচারীকে রাত্রিবেলা আশেপাশে পাওয়া যাবে না, এই অবস্থায় একটা স্বাস্থ্য দপ্তর চলে কি করে? মানুষের ন্যূনতম যে দাবি স্বাস্থ্য সম্পর্কিত সেটা পর্যন্ত আপনারা পূরণ করতে পারছেন না। সরকার পক্ষ থেকেই মাননীয় মন্ত্রী নিজেই যেখানে বলছেন সেখানে বিরোধী পক্ষ তো বলবেনই। মুমূর্ষু রোগী যেখানে বেড প্যান চাইলে পায় না সেখানে আমার প্রশ্ন এরপরে কি অর্থমন্ত্রীর একটু বিবেকবোধ থাকবে না যে ওই অপদার্থ দপ্তরকে টাকা দেওয়ার ব্যাপারে? যে দপ্তর টাকা ঠিকমতো খরচ করতে পারছে না, যেখানে মন্ত্রীর এতটুকু বিবেক নেই, হাত পেতেই আছেন সেখানে সব জেনেও আপনি টাকা দেবেন আর আমাদের তা মেনে নিতে হবে এতো হতে পারে না। মন্ত্রী তাঁর মন্ত্রিত্ব ছেড়ে দিন না, সংসার চলবে না তা তো নয়। সুতরাং এই দপ্তর রেখে লাভ কি? এই স্বাস্থ্য দপ্তর বিধানসভার থেকে অর্থের মঞ্জুরি নিয়ে যাবেন আর আমরা বিরোধীপক্ষরা চুপ করে বসে থাকব এতো হয় না। আজকে যেখানে হাসপাতালে ওষুধ নেই, চিকিৎসা বলে কিছু নেই সেখানে এই দপ্তর থাকার কোনও দরকার নেই।

হাসপাতালে যখন রোগীরা যায় সেখানে তাদের যে মিনিমাম ঔষধ পাওয়া দরকার সেটাও পাওয়া যাচ্ছে না। কয়েকদিন আগে শুনলাম সাপে কামড়ানোর রোগী এখন প্রচুর হচ্ছে কোনও হাসপাতালেই সাপে কামড়ানোর ঔষধ নেই বা ইঞ্জেকশন নেই। সাপে কামড়ানোর রোগী পি.জি.তে গেলেও ভর্তি নেওয়া হচ্ছে না অথচ সাপে কামড়ানোর রোগীর যত তাড়াতাড়ি সম্ভব চিকিৎসা করা দরকার, না হলে যত দেরি হবে ততই সে মৃত্যুর পথে এগিয়ে যাবে। কয়েকদিন আগে মেদিনীপুরের সবং থেকে একটা পেশেন্ট এসেছিল তাকে পি.জি. হাসপাতালে নিল না, আমি সৌগত রায় মহাশয়কে বলেছিলাম তুমি সেখানকার অ্যাডভাইজারি কমিটির

মেম্বার একটু বলে দেখ, কিন্তু পি.জি.তে সেই পেশেন্টকে নেয়নি ফলে পেশেন্টটি মারা গেল এই হচ্ছে আপনাদের হাসপাতালের অবস্থা। এছাড়াও আরও একটু দেখলে দেখা যাবে, আমাদের আমলে সন্তান সম্ভাবনা মা যখন হাসপাতালে যেতেন এবং বাড়িতে যখন নতুন শিশুকে নিয়ে আসতেন তখন আনন্দের জোয়ার বয়ে যেত। কিন্তু আপনাদের আমলে সন্তান সম্ভাবনা মা যখন হাসপাতালে শিশুর জন্ম দিচ্ছে তখন সেই শিশু কিন্তু বাড়ি ফিরছে না, সেই শিশু কুকুরের পেটে চলে যাচ্ছে, তাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব আপনি এই দপ্তর সম্বন্ধে চিন্তা করবেন না? আমরা জানি আপনারা দেওয়ালে লেখেন শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, কিন্তু কি বিপ্লব যে আপনারা করছেন তা আমি জানি না। কয়েকদিন আগে আমি বলেছিলাম আমাদের অর্থমন্ত্রীর সৌভাগ্য যে তিনি কংগ্রেস আমলে লেখাপড়া করেছিলেন তাই তিনি অর্থমন্ত্রী হতে পেরেছেন, অর্থনীতিবিদ হতে পেরেছেন। কিন্তু আপনাদের আমলে যারা শিক্ষা নিচ্ছেন, পাস করছেন, তাদের মধ্যে থেকে কেউ অর্থমন্ত্রী হওয়া তো দূরের কথা, অর্থনীতিবিদ হওয়া তো দূরের কথা, অধ্যাপক হওয়া তো দূরের কথা তারা প্রাইম্যারি স্কুলের শিক্ষকও হতে পারবেন না। আপনারা এমনই শিক্ষা ব্যবস্থা চালু করেছেন যে স্কুলে গিয়ে হাজির দিলেই পাস হয়ে যাবে। আমাদের মাননীয়া মন্ত্রী অঞ্জু করকে এই দিকে একটু দেখতে বলব আপনাদের সরকারের আমলে যে শিক্ষা ব্যবস্থার জন্য আপনারা যাদেরকে সার্টিফিকেট দিচ্ছেন হয়ত আবার এখানে গিয়ে সার্টিফিকেট নিতে হবে সাক্ষরতার জন্য। ১লা মে থেকে সব স্কুলে আবার নতুন সিলেবাস চালু হয়েছে, এই ব্যাপারে ছাত্র-ছাত্রীদের যে সব পাঠ্য পুস্তক দেওয়া হয়ে থাকে তা এখন পর্যন্ত একটি স্কুলেও সব পাওয়া যাবে না এবং এই পাঠ্যপুস্তকগুলি দেওয়া হয়েছে বলেও আমার জানা নেই। এই ব্যাপারে আমি চ্যালেঞ্জ করছি যদি কোনও এম.এল.এ. বলতে পারেন তার এলাকার স্কুলে সবগুলি বই দেওয়া হয়েছে তাহলে সেই এম.এল.এ.-র এলাকায় আমি যেতে রাজি আছি। বহু স্কুল আছে যেখানে ৪০ শতাংশ পাঠ্যপুস্তকও পৌঁছায়নি—এই হচ্ছে আপনাদের অবস্থা। আপনারা এইখানে দাঁড়িয়ে অনেক কিছু বলেন কিন্তু গ্রামে যখন যান, এলাকায় যান, যখন স্কুলের মাস্টার মশাইরা বলেন বই পাইনা, তখন তো কিছু বলতে পারবেন না। বলুন না, অর্থমন্ত্রী মহাশয়, সেখানকার স্কুলের ছেলেরা বই পাচ্ছে না—পাঠ্যপুস্তক পাচ্ছে না সেখানে লেখাপড়ার কি হবে? শুধু কি স্কুলের মাস্টারদের ১লা তারিখে মাইনে দিলেই লেখাপড়া হয়ে গেল, টিচাররা না হয় একটা ফ্যাক্টার, ছাত্ররাও তো একটা ফ্যাক্টার সেই ছাত্রদের স্বার্থটা একটু দেখলেন না। বিনা পয়সায় শিক্ষা ব্যবস্থা চালু করলেই সব সমস্যার সমাধান হয়ে যায় না। আমাদের রাজ্য থেকে ক'টা আই.এ.এস. হতে পেরেছে, আপনাদের আমলে কেউ কিছু হতে পারবে না, বাইরের রাজ্য থেকে যারা শিক্ষিত হয়ে আসবে তাদেরকেই নিতে হবে অ্যাডমিনিস্ট্রেটিভ লাইনে, তাদেরকেই আপনাদের সেক্রেটারি করতে হবে।

[2-20 — 2-30 P.M.]

এখানে আমাদের সুভাষ বাবু নেই, তিনি প্রতিটি ব্লকে একটা করে ইউথ অফিস করে

বসে আছেন। ব্লক ইউথ অফিসার যারা আছেন তাদের কাজ কি? তাদের প্রয়োজনটা কি? ইউথ সার্ভিস ডিপার্টমেন্টে কাজও নেই, টাকাও নেই। ঐ সমস্ত ইউথ অফিসে যে সব কর্মচারিরা আছেন তাদের মাঝে মাঝে ভোটার লিস্ট তৈরি করার কাজে বা সেনসাসের কাজে লাগানো হচ্ছে, তাছাড়া তাদের কোনও কাজ নেই। তারা অফিসে বসে ক্যারাম খেলছে, নইলে বি.ডি.ও.র সঙ্গে বসে গল্প করছে। একটা ব্লক আধিকারিক তার কোনও কাজ নেই, তাদের রিকোয়েস্ট করা হচ্ছে পঞ্চায়েতের কাজ কিছু কিছু করে দিন, কিন্তু তারা বলছে আমাদের অর্ডার নেই আমরা কাজ করব না। আমাদের নিজামুদ্দিন সাহেব বক্তৃতা রাখার সময় ইন্ডাস্ট্রিয়াল পলিসিকে খুব ক্রিটিসাইজড করলেন। আমি এই ব্যাপারে বেশি ব্যাখ্যা দিতে চাই না, কারণ আমি নিজে তো ইন্ডাস্ট্রিয়ালিস্ট নই। আপনারা বেসরকারিকরণের বিরুদ্ধে কথা বলছেন, কিন্তু ওয়েবেলের ৫১ শতাংশ শেয়ার বিক্রি করে দেওয়া হয়েছে একটি সংস্থার কাছে। আপনারা টাটা, রুশী, গোয়েঙ্কাদের খোশামোদ করছেন। আপনারা বিদ্যুত দপ্তর তো গোয়েঙ্কাদের কাছে বিক্রি করে দিয়েছেন। সি.ই.এস.সি.-তো আপনারা গোয়েঙ্কাদের কাছে বিক্রি করে দিয়েছেন। শুধু গৌরীপুর আপনারা বিড়লাদের কাছে দিয়েছেন। বিদ্যুত দপ্তর আজকে গোয়েঙ্কারা কিনে নিয়েছে, এটা সরকারের আছে বলেই মনে হয় না। তাহলে আপনারা কি করে কথা বলেন ইন্ডাস্ট্রিয়াল পলিসির বিরুদ্ধে। মাননীয় মুখ্যমন্ত্রী তো এখানে অনেকবার বলেছেন ইস্কোর আধুনিকীকরণের জন্য স্বরাজ পালকে নেওয়ার জন্য। মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন তো যেখানে সরকারের ক্ষমতা নেই, সেখানে বেসরকারিকরণ করা হোক। আপনাদের সমাজতন্ত্রের একমাত্র আদর্শ সোভিয়েত রাশিয়া আজকে নেই। আপনারা স্বপ্ন দেখেছিলেন বক্রেশ্বর সোভিয়েত রাশিয়া করে দেবে। কোথায় গেল আপনাদের বক্রেশ্বর? প্রতিটি নির্বাচনের আগে আপনারা একটা করে স্লোগান দেন। আপনারা স্লোগান দিয়েছিলেন—রক্ত দিয়ে গড়ব মোরা বক্রেশ্বর, শোনো হে দিল্লিশ্বর। পৃথিবীর মানচিত্র থেকে আজকে সোভিয়েত রাশিয়া মুছে গেছে। আপনারা নিজেরাও জানতেন রক্ত দিয়ে বক্রেশ্বর হবে না, কেবল মানুষের সেন্টিমেন্টে ঘা দেবার জন্য আপনারা এই কথা বলে বেড়িয়েছিলেন। কেবলমাত্র নির্বাচনী বৈতরণী পার হবার জন্য আপনারা এই কথা বলে বেড়িয়েছিলেন। ইন্ডিয়ান পাম্প বেসরকারি হাতে দেওয়ার জন্য মুখ্যমন্ত্রী নিজে প্রস্তাব দিয়েছিলেন, আবার নিজেরাই পেছনে রাজনীতি করছেন। আপনারা একরকম কথা বলেন কিন্তু বাইরে আবার আরেক রকম কথা বলেন। বাস্তবে আপনারা কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি বোঝেন, আপনারা বোঝেন শিল্পের উন্নতি হওয়া দরকার, বেকার সমস্যার সমাধান হওয়া দরকার, কিন্তু আপনারা রাজনীতি করার জন্য এই শিল্পনীতির সমালোচনা করেন। আমাদের দুঃখ হয় যে আপনারা সত্যি কথা বলার সাহস রাখেন না। আপনারা রেডিও টি.ভি.-র বিরুদ্ধে কথা বলেন কিন্তু আজকে আপনাদের সরকার মিসইউজ অফ মানি করছেন। পার্টির ছেলেদের মার্কসবাদ-লেলিনবাদ শেখবার জন্য আপনি কত টাকা মিসইউজ অফ মানি করেছেন। এই যে পশ্চিমবঙ্গ পত্রিকা, এই যে যুবমানস পত্রিকা, এই যে ওয়েস্ট বেঙ্গল পত্রিকা, যুব বার্তা—অনেক কিছু বেরোচ্ছে। এইসব পত্র. পত্রিকা বের করবার জন্য আপনারা কোটি কোটি টাকা খরচা করছেন। মার্কসবাদ, লেনিনবাদের চিহ্নস্বরূপ।

এই যে পশ্চিমবঙ্গ পত্রিকা, একটাও দেখান তো যে, স্থানীয় লোকেদের বক্তব্য ছাড়া বিরোধী পক্ষের কোনও বক্তব্য সেখানে বেরিয়েছে। আপনারা দুরদর্শন কে সমালোচনা করেন, আপনারা রেডিওকে সমালোচনা করেন। আজকে অর্থমন্ত্রী মহাশয়কে আমি বলি, আপনার দেওয়া টাকা নিয়ে, আপনার বরাদ্দকৃত অর্থ নিয়ে ওই তথ্য দপ্তর কি করছে? শুধু দলের মুখপত্র হিসাবে এইগুলি কাজ করছে। সেগুলি এত প্রিন্ট হয় এবং কেনবার কোনও লোক না থাকবার জন্য সেগুলোকে কে.জি. দরে বিক্রি করতে হয়। এটা মিসইউজ অফ মানি হচ্ছে না? যেখানে হাসপাতালে রোগীরা ওষুধ পাচ্ছে না, যেখানে পানীয় জল পাওয়ার জন্য টিউবওয়েল বসানো যায় না টাকার অভাবে অথচ আজকে সেখানে মিসইউজ করছেন। আমাদের মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি মহাশয় বলেছেন পুলিশের ব্যাপারে। আমিও প্রথমেই বলছি যে, আজকে পুলিশ গণতান্ত্রিক পরিবেশ নষ্ট করে দিয়েছে। নির্বাচনী বৈতরণী পার হওয়ার জন্য আজকে আর আপনারা জনগণের উপর ভরসা করে নয় আজকে পুলিশের ওপর ভরসা করতে হচ্ছে। ১৫ বছর আগে যে মুখ্যমন্ত্রীকে দেখেছিলাম বিরোধীদলের নেতা হিসাবে পুলিশের বিরুদ্ধে কথা বলতে, কংগ্রেসি মুখ্যমন্ত্রীকে বলতেন ওরা কোনও দিন সত্য রিপোর্ট দেয় না। আপনারা রামায়ণ, মহাভারত, বেদে বিশ্বাস করেন না আপনারা দাস ক্যাপিটালে" বিশ্বাস করেন। আজকে পুলিশের রিপোর্ট দাস ক্যাপিটাল হয়ে গেছে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পুলিশের রিপোর্ট দাস ক্যাপিটাল হয়ে গেছে। একবারও বিচার করে দেখেন না যে, রিপোর্ট সত্যি না ভিত্তিহীন। আজকে রিপোর্ট তৈরি করে আপনাদের দিচ্ছে আর সেই রিপোর্টের উপর ভিত্তি করে আপনারা বাহবা কুড়োচ্ছেন। আপনারা পুলিশের উপর নির্ভরশীল হয়ে পড়েছেন। যে পুলিশ আজকে মহিলাদের সম্মান দিতে পারে না। আজকে বাঙালি হিসাবে গর্ববোধ করেন না? আগে বাংলার মায়েদের, লোকেদের সম্মান দিত। কিন্তু আজ! আজকে বাঙালি হিসাবে সেই জায়গাতে গর্ববোধ করেন? এই বাংলার যে সংস্কৃতি, এই বাংলার যে কৃষ্টি আজকে গর্ব কোথায়? আজকে সেখানে মায়েদের, বোনেদের লাঞ্ছিত হতে হচ্ছে। শুধু সমাজবিরোধীরা নয় আজকে পুলিশ পর্যন্ত করে। কাকলি সাঁতরা কি করেছে? ওই বিদ্যুতমন্ত্রীর এলাকায় ঘটনাটা হয়েছিল। উত্তেজিত হবেন না, কোনও সি.পি.এমের এম.এল.এ. রেপ করেছেন বলছি না, অন্য জায়গায় কি করেন জানি না। সে কি অপরাধ করেছিল? থানায় লক আপে রেপ করেছিল। সাসপেন্ডেড হয়েছিল তারপর কি হয়েছে জানি না। সেই কাকলী সাঁতরা কে চুঁচড়া জেলে বসতে হচ্ছে। ধর্ষিতা মহিলা সরকারের কাছে বিচার পেলেন না। তাঁর উপর অত্যাচার হল, অবিচার হল, ধর্ষিতা হলেন মহিলা। তিনি বিচার পেলেন না। তিনি কি পেলেন? পেলেন জেল হাজত। এই বাংলার মায়েদের, বোনেদের লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে। আজকে সেই পুলিশ দপ্তরে আপনি টাকা দিচ্ছেন। পশ্চিমবঙ্গ ঢাক, ঢোল পিটিয়ে পঞ্চায়েত নির্বাচন হল, পঞ্চায়েত নির্ব্বাচনে কি হল? বললেন গ্রামের উন্নয়ন করব, পঞ্চায়েতের অ্যাসেট বাড়বে। প্রথমবার দেবব্রতবাবুকে মন্ত্রী করলেন। পঞ্চায়েত অ্যাসেট বাড়া তো দূরের কথা, অ্যাসেট বাড়ার বদলে সি.পি.এমের অফিস বাড়তে লাগল। এনকোয়ারি করতে শুরু করলেন দেবব্রতবাবু। আপনারা ভাবলেন যে এইবারে চোর ধরে ফেলবে। দেবব্রতবাবুকে

সরিয়ে দিলেন। এরপর বিশিষ্ট ভদ্রলোক বিনয়বাবুকে করলেন কিন্তু তিনিও ফ্রাস্টেডেট হয়ে গেলেন। পঞ্চায়েত অ্যাসেট তৈরি করতে পারবে ভাবলেন। কিন্তু পঞ্চায়েত অ্যাসেট তৈরি করতে পেরেছে? কেন্দ্রের কোটি কোটি টাকা আছে। কিন্তু আজকে অ্যাসেট তৈরি করতে পেরেছেন? দুর্নীতি সম্বন্ধে কোনও ব্যবস্থা নিতে পেরেছেন? আপনার দলের লোক সেগুলি করছেন। পুরমন্ত্রী মহাশয় যে টাকা দিয়েছেন, নেহেরু রোজগার যোজনার সম্বন্ধে একটা প্রশ্ন করেছিলাম একটা মিউনিসিপ্যালিটি নিয়ে, বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটি নিয়ে। ৯ লক্ষ ২৫ হাজার সামথিং।

[2-30 — 2-40 P.M.]

ইউটিলাইজেশন সার্টিফিকেট পেয়েছে ৪ লক্ষ ৫৬ হাজার টাকা। একটা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে টাকা দিচ্ছেন, আপনি বলতে পারেন না, টাকার হিসাব দাও। আপনি বাড়ির লোককে বাজারে পাঠান, সে যখন বাজার থেকে আসবে, তাকে জিজ্ঞাসা করবেন না টাকা যা দিয়েছি, তার হিসাবটা দাও। কোন খাতে কত খরচ করেছ, কি কি কিনেছো। আজকে সাহস নেই এই লোক্যাল বডিস যেভাবে টাকা আত্মসাৎ করছে তার হিসাব নেওয়ার। প্রতিটি দপ্তরের অর্থ নেই। টাকা তছরূপ হচ্ছে। শুধু কেন্দ্রের বিরুদ্ধে কথা বলছেন। কেন্দ্রের বিরুদ্ধে কথা বলার আগে বলুন তো, তিস্তা প্রকল্প হচ্ছে। আমরাও চাই তিস্তা জাতীয় প্রকল্প করতে। আপনারা ইনফ্রাস্ট্রাকচার কি করেছেন? তিস্তার হেড অফিস করেছেন কলকাতায়, অথচ কলকাতা থেকে সাড়ে ছশো কিলো মিটার দূরে ওই প্রকল্প। ওই প্রকল্প কত টাকা লাগবে সেটা সেন্ট্রাল গভর্নমেন্টকে বলতে হবে। সর্বদলীয় কমিটি গেল, কাগজপত্র দিয়ে বললেন ৩৯৬ কোটি টাকা। আপনাদের যেটা দেওয়ার কথা, তাদের যেটা দেওয়ার কথা, সেটা ঠিক হল। তারপর কাগজপত্র পাঠাচ্ছেন ৩২০ কোটি টাকার। কি দপ্তর আপনাদের? আপনাদের অফিসারেরা তো কিছুটা লেখাপড়া শিখেছেন কংগ্রেস আমলে। তারপর হিসাব দিচ্ছেন যেটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করে আনতে হবে। সর্বদলীয় যে কমিটি গিয়েছিল তাদের আপনারা বিভ্রান্ত করেছেন। সঠিকভাবে তারা বক্তব্য পেশ করতে পারছেন না। আর বলছেন, দিল্লি বৈষম্য করছে, সেইজন্য করতে পারছি না। এখন কনস্ট্রাকটিভ করুন। নেগেটিভ পলিটিক্স যখন বিরোধী দলে ছিলেন, তখন করেছেন। আজকে বিবেককে প্রশ্ন করুন, কেন সরকারে আছেন। পশ্চিমবাংলার উন্নয়ন আমরা চাই। শুধু ধাপ্পাবাজি দিয়ে বিভ্রান্ত করবার চেষ্টা করবেন না। সঠিকভাবে চিন্তা করুন তাহলে ভাল হবে।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ পয়েন্ট অফ অর্ডার, স্যার। আমি এখনই সংবাদ পেলাম আমাদের এম.এল.এ. বিধানসভার সদস্য জটু লাহিড়ী তাঁর সঙ্গে কমিশনার আছেন অসীম রায়, অমিয় দত্ত তাঁদের হাওড়া থানায় আটকে রেখে দিয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের বিধানসভার সদস্য এবং গণতান্ত্রিক আন্দোলনে ডেপুটেশন দিতে গিয়ে পুলিশ গ্রেপ্তার করেছে এবং থানায় আটক আছেন। আপনাকে জানাচ্ছি, আপনি ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন, আমি আন্তরিকভাবে সমর্থন করছি। তাঁকে আন্তরিকভাবে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি এইজন্য যে তিনি যেভাবে অস্বচ্ছলতার মধ্যে এই রাজ্যের হাল ধরে চলছেন। পশ্চিমবঙ্গের এই অবস্থায় তিনি যেভাবে চালাচ্ছেন সেজন্য আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। একটু আগে মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় এখানে আমাদের রাজ্যের অর্থনীতি সম্পর্কে বলছিলেন। তিনি বলছিলেন আমরা কিছু করতে পারছি না। এখন দিল্লির মসনদে কংগ্রেস বসে আছে। এখন দিল্লি সমস্ত দেশ থেকে অর্থ শোষণ করে তুলে নেয়। ওখানে দেখছি তারা গোল্ডেন হ্যান্ডশেক করে বিদায় নীতি দেওয়ার ব্যবস্থা করছেন। রাজ্যের হাতে ইনকামের রাস্তা নেই, সমস্ত ইনকাম কেন্দ্রের হাতে, সেন্ট্রালের হাতে। সেই সময় আমাদের এই রকম কটাক্ষ করার অধিকার আছে বলে জানি না। একটু সামান্য নীতিজ্ঞান থাকলে এটা করতে পারতেন না। আজকে পশ্চিমবাংলার যে বাজেট তৈরি হয়েছে তাতে কেন্দ্রীয় বাজেটের যে প্রতিফলন হবে সেটা তো সহজ কথা।

আমাদের রাজ্যের একটা ইনকামের রাস্তা স্বল্প সঞ্চয়ের মাধ্যমে সেটাও কেন্দ্রীয় সরকার সংকুচিত করে দিয়েছেন। গত বছর এর থেকে আমাদের আয় ৫০০ কোটি টাকা কম হয়েছে এবং এ সম্পর্কে বিস্তারিত তথ্য আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দিয়েছেন। আমরা দেখছি, একদিকে রাজ্যগুলির আয়ের পথকে কেন্দ্রীয় সরকার সংকুচিত করে দিচ্ছেন অপর দিকে দায়িত্ব অনেক বেশি আমাদের ঘাড়ে চাপাচ্ছেন। রাজ্যকে নিজের অর্থ নিজেই সংকুলান করে উন্নয়নমূলক কাজ করতে হচ্ছে কারণ কেন্দ্র টাকা দিচ্ছেন না। এমন কি সেখানে ওভারড্রাফট নেওয়ার ব্যাপারেও নানান রকমের বাধানিষেধ আরোপ করা হচ্ছে। এই অবস্থায় রাজ্যগুলি কি করতে পারে সে সব কথা কংগ্রেস দলের বন্ধুরা একবারও বললেন না। ওরা খালি পুলিশের কথা বললেন, নারী ধর্ষণের কথা বললেন। আরে, খোদ দিল্লি তে কি হারে হত্যাকান্ড হচ্ছে নারী ধর্ষণের ঘটনা ঘটছে সেগুলি কি আপনারা একবারও ভেবে দেখছেন? সেসব ঘটনার কথা আপনারা কি খবরের কাগজে দেখতে পান না? দিল্লির সেইসব ঘটনার তো কোনও সুরাহাই হচ্ছে না। সেগুলি আপনারা একটু বলুন। তা না বলে শুধু রাজ্যের কথা কেন বলছেন? তারপর সত্য বাপুলি মহাশয় পরিবহনে ভরতুকি নিয়ে অনেক কথা বললেন। পরিবহনে ভরতুকি কেন দিতে হয় সে সম্পর্কে গতকাল বিস্তারিতভাবে মাননীয় পরিবহনমন্ত্রী বলে গেছেন। আমি এই পরিবহনে ভরতুকির ব্যাপারে ওদের দৃষ্টি একটু দিল্লির দিকে আকৃষ্ট করছি। দিল্লিতে আমাদের থেকে ভাড়া ডবল কিন্তু তা সত্ত্বেও তাদের ভরতুকি দিতে হচ্ছে। তাদের যদি ভরতুকি দিতে হয় তাহলে আমাদেরও যে দিতে হবে এতে আর আশ্চর্যের কি আছে। তারপর আপনারা জানেন, আমাদের এই পশ্চিমবঙ্গে শুধু বাংলাদেশ থেকেই অনেক লোক আসেন নি সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মানুষরা এই রবীন্দ্রনাথের দেশে আসেন। এটা আমাদের গৌরব করার মতো কথা। আমরা তাদের রেশনকার্ড দিই, খেতে দিই এবং তাদের নানানভাবে রক্ষা করার ব্যবস্থা করি। এইসব কারণে এখানে লোকসংখ্যা

বাড়ছে। তার উপর পশ্চিম পাকিস্তানের মতন আমাদের এখানে পূর্ব পাকিস্তানের রিফিউজিদের সমস্যার সমাধান হয় নি। আমরা এরজন্য দিল্লিতেও ডেপুটেশন দিয়েছি এবং তাতে কংগ্রেসের লোকজনও ছিলেন কিন্তু আমাদের খালি হাতে ফিরতে হয়েছে। তারপরে আমাদের তিস্তা প্রকল্পের কাজ যদি সম্পূর্ণ করা যেত তাহলেও আমাদের অনেক উপকার হত কিন্তু কেন্দ্রীয় সরকার অর্থ না দেওয়ার জন্য তা হয় নি। কেন্দ্র ভাকরা নাঙ্গালের জন্য টাকা দিতে পারেন কিন্তু তিস্তার জন্য পারেন না। ফলে ভাকরানাঙ্গাল হল কিন্তু তিস্তা হল না। এইসব কথা ভেবে যদি কংগ্রেসিরা সমালোচনা করতেন তাহলে ভাল হত। কিন্তু তা না করে ওরা শুধু সমালোচনা করার জন্যই সমালোচনা করে গেলেন। হ্যাঁ, আমাদের ত্রুটি কিছু আছে এবং সেগুলি আমরা নিশ্চয় দেখব। লক আপে খুনের কথা বলে বলেছেন যে এটা খুবই লজ্জার কথা। হ্যাঁ, আমরাও মনে করি লক আপে খুন হওয়া উচিত নয়, আমরা এটা সমর্থন করি না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন যে এটা হওয়া উচিত নয়। কিন্তু আমি এই প্রসঙ্গে কংগ্রেসিদের জিজ্ঞাসা করি, এই ব্যাপারটি কি শুধু পশ্চিমবাংলাতেই হচ্ছে, ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে কি হয় না? আমাদের রাজ্যের পুলিশরা অন্য দেশ থেকে আসে নি, তারাও এই দেশেরই মানুষ। কাজেই এইসব ব্যাপারগুলি ভেবে চিন্তে বললে ভাল হয়। শুধু সমালোচনা করার জন্যই সমালোচনা করা উচিত নয়। উনি যদি কিছু কিছু সাজেশন রাখতেন তাহলে আমি খুশি হতাম। আজকে আমি কংগ্রেসিদের জিজ্ঞাসা করি, জে.সি.আই.যে পাট কিনতে নামল না এবং তার ফলে যে পাট চাষীরা পাটের দাম পেল না এরজন্য কে দায়ী? এটা তো কেন্দ্রীয় সরকারের সংস্থা, কেন তারা বাজারে পাট কেনার জন্য নামল না তার জবাব কংগ্রেসিরা দেবেন কি? তারা যে কমার্সিয়াল পার্চেস করল না, পাট চাষীরা যে সাপোর্ট প্রাইসও পেল না এ ব্যাপারে তো তারা কিছু বললেন না? কেন জে.সি.আই পাট কিনলেন না? আপনারা জানেন যে ভারতবর্ষ ভাগ হবার সময় পাটের কলগুলি পশ্চিমবঙ্গে এবং পাটের জমিগুলি পূর্ববঙ্গে পড়ায় আমাদের ধানের জমিতে পাট চাষ করতে হয়েছে এবং এরজন্য পশ্চিমবঙ্গের প্রয়োজন মতো যে কেন্দ্রের খাদ্যশস্য এফ.সি.আই.-এর মাধ্যমে দেওয়ার কথা সেটা তারা দিচ্ছেন না। আমাদের ধানের জমি চলে গিয়েছে কিন্তু তার বদলে আমরা খাদ্য পাচ্ছি না। এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের কিন্তু তারা গম বা অন্যান্য খাদ্যশস্য পাঠাচ্ছেন না ঠিকমতন। তিস্তার জন্য তারা মাত্র ৫ কোটি টাকা দিয়েছেন এ পর্যন্ত, এখন বলছেন দেব।

[2-40 — 2-50 P.M.]

গতবার আমাদের অর্থমন্ত্রী যে ভাবে মাত্র ২২ কোটি টাকা ডেফিসিট রেখে এই রাজ্যকে উন্নতির দিকে নিয়ে গেছেন, এটা সত্যই প্রশংসার যোগ্য। তিনি সীমিত ক্ষমতার মধ্যে যে ভাবে পশ্চিমবঙ্গ সরকারকে চালাচ্ছেন, কংগ্রেসের বিরোধিতা, সেন্ট্রাল গভর্নমেন্টের সব রকম অসহযোগিতার বিরুদ্ধে দাঁড়িয়ে তিনি যেভাবে এই রাজ্যকে চালাচ্ছেন উইদাউট এনি ওভারড্রাফট, এটা সত্যই প্রশংসার দাবি রাখে। এতে তাঁর অত্যন্ত টেনশন হচ্ছে, তাঁকে টেনশন সহ্য

করতে হচ্ছে। সেই জন্য এই বিলকে সমর্থন জানিয়ে এখানে একটা কথা বলতে চাইছিলাম, মহারাষ্ট্র যেখানে ৭৪ টা লেটার অব ইনটেন্ট পেয়েছে ইন্ডাস্ট্রি করার জন্য, সেখানে আমাদের এখানে দেওয়া হয়েছে মাত্র ১৪ টি, এই বইতে এই সম্পর্কে আছে, সেটা দেখবেন। আজকে হলদিয়াকে পর্যন্ত ঝুলিয়ে রাখা হয়েছে। আমি অর্থমন্ত্রীর কাছে একটি বিষয় সবিনয়ে নিবেদন করতে চাই, আমাদের এই যে অবস্থা, আমাদের যে এমবার্গো করা হয়েছে, আমাদের সীমিত ক্ষমতায় এটা আমরা ভেবে দেখতে পারি কি না—প্ল্যান হলিডে অনেক সময় করতে হয়, একটা বছর যদি আমরা প্ল্যান হলিডে করি, একটা বছর যদি উন্নয়নের কাজ স্টপ করে কিছু অর্থ সঞ্চয় করে পরের বছর থেকে ভাল ভাবে উন্নয়নের কাজ করতে পারি কি না, সেটা করা যায় কি না ভেবে দেখবেন, মন্ত্রী মহাশয় এই সম্পর্কে ভাল বোঝেন, আমরা যদিও এই সম্পর্কে বুঝি না, এই বিষয়টা বিবেচনা করে দেখবেন। যদিও এটা একটা পলিসির ব্যাপার। আমরা যে সমস্ত কাজ করতে যাচ্ছি, সেখানে হঠাৎ এমবার্গো অর্ডার যাচ্ছে, ফলে একটা ভুল বোঝাবুঝি হচ্ছে, সেইজন্য এটা করা যায় কি না, এটা ভেবে দেখতে হবে। আমাদের ইনকাম বাড়াবার জন্য একটা চিন্তা ভাবনা করার দরকার আছে। আমরা দেখি, আমরা রাস্তার জন্য জমি অ্যাকোয়ার করছি, তার জন্য টাকা দিচ্ছি, কিন্তু রাস্তার পাশের জমিগুলো বড় বড় লোকেরা দখল করে নিয়ে বাড়ি করছে এবং অন্যান্য কাজে লাগাচ্ছে, ব্যবসা বাণিজ্য করছে। অথচ আমাদের মেশিনারি আছে, আমাদের লোক আছে, তারা কিন্তু এতে বাধা দিচ্ছে না। যদি রাস্তার জন্য জমি দরকার না হয়, যেমন রেল করছে, রেল তার জমি বিক্রি করে দিচ্ছে, সেই রকম ভাবে রাস্তার ধারের জমি বিক্রি করে দেওয়া যেতে পারে। এই রকম ভাবে অর্থ আদায় করতে হবে। আমরা অ্যাকুইজিশনের টাকা দিয়ে জমি কিনব, বড়লোক বা যে কোনও লোক তারা রাস্তার পাশের সেই জমি দখল করে বসবে, এটা চলতে পারে না। সেখানে কেউ কোনও বাধা দিচ্ছে না। আমি কিছু কিছু জায়গায় দেখেছি, হাইওয়ের ধারে বা বড় বড় রাস্তার ধারে বড় লোকেরা ভাল ভাল দোকান বাড়ি করে বসে আছে, তার জন্য তারা কোনও ট্যাক্স বা অন্যান্য কোনও উপায়ে সরকারকে কোনও টাকা দিচ্ছে না। তাদের উচ্ছেদ করতে হবে। হাইওয়ের পাশের জমি বড় বড় লোকেরা নিচ্ছে উইদাউট গিভিং এনি ট্যাক্স অর সালামি, গভর্নমেন্টকে না দিয়ে নিচ্ছে। এই বিষয়টা ভেবে দেখতে বলব। আর একটা বলব, এই বিষয়টা সেন্ট্রাল গভর্নমেন্টও বলছে, আমরা কিছু রাস্তা নন-অফিসিয়্যাল লোককে দিয়ে করাতে পারি। আমাদের যা আর্থিক অবস্থা, তাতে নন-অফিসিয়্যাল লোকেরা যদি আসে, তারা যদি ভাল রাস্তা করে, সেই লাইনে যেতে পারা যায় কিনা এটা ভাববার জন্য অনুরোধ করছি। যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট বলেছে। মহারাষ্ট্র করেছে, তারা বলেছে একটা কর্পোরেশন হবে। নন-অফিসিয়্যাল সংস্থা তারা রাস্তা তৈরি করবে, তারপর তারা কয়েক বছর টোল আদায় করবে। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এইভাবে যদি কিছু রাস্তা তৈরি করা যায় তাহলে গ্রামের লোকের উপকার হবে। আমার মনে হয় গ্রামের লোক এতে আপত্তি করবে না। তাহলে গরুর গাড়িও অন্তত নিশ্চিন্তে যেতে পারে এবং আমি মনে করি এতে কেউ আপত্তি করবে না। সুতরাং মাননীয় অর্থমন্ত্রীকে আমি এটা চিন্তা করতে অনুরোধ করছি।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনাকে আমি আগেও বলেছিলাম, আবারও বলছি, আপনি যখন ভি.ডি.ও. শো-এর ওপর সপ্তাহে ৭৫০ টাকা ট্যাক্স ধার্য করেছিলেন তখন আমি আপনাকে বলেছিলাম যে, গ্রামের মানুষরা অত টাকা ট্যাক্স দিতে পারবে না। এখন আবার আপনাকে বলছি যে, প্রতিটি গ্রামে আজকে ভি.ডি.ও. শো চলছে, কিন্তু বেশিরভাগই ট্যাক্স দিচ্ছে না। পুলিশের সঙ্গে ব্যবস্থা করে ভি.ডি.ও চালাচ্ছে, সরকার একটা পয়সাও পাচ্ছে না, পুলিশ পাচ্ছে। ভি.ডি.ও শো থেকে কি ভাবে পয়সা আদায় করা যায় সে বিষয়ে আপনাকে নতুন করে ভাবনা চিন্তা করতে হবে। আমার মনে হয় ট্যাক্সের হার যদি কিছুটা কমিয়ে দেন তাহলে আদায় হবে। ট্যাক্সের হার কমিয়ে সঠিকভাবে যদি ট্যাক্স আদায় করা যায় তাহলে এর থেকে সরকারের প্রচুর টাকা ইনকাম হতে পারে। মাননীয় অর্থমন্ত্রী এই ট্যাক্স আদায় করার জন্য আপনার প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার নেই। হয় আন-অথোরাইজড ভি.ডি.ও শো বন্ধ করতে হবে না হয় তাদের কাছ থেকে উপযুক্ত পরিমাণ ট্যাক্স আদায় করতে হবে। সিনেমা হলের ক্ষেত্রে শহরে কি হয় আমি বলতে পারব না। কিন্তু গ্রামের সিনেমা হলগুলি সরকারকে সঠিক পরিমাণে ট্যাক্স দেয় না। গ্রামে এ নিয়ে প্রচুর দু নম্বর কারবার হয়। গ্রামে ট্যাক্স আদায়ের সরকারের প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার নেই। শুনেছি এদের ধরবার নাকি কোনও লোক নেই। ব্লক পর্যায়ে সিনেমা হল এবং ভি.ডি.ও. শো যারা করে এবং ট্যাক্স ফাঁকি দেয় তাদের ধরবার নাকি ভি.ডি.ও-র কোনও অধিকার নেই। তাহলে এটা কে দেখবে? এ বিষয়ে মন্ত্রী মহাশয়, অবিলম্বে আপনাকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। তা করতে পারলে আমাদের সরকারের অনেক ইনকাম বেড়ে যাবে।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ট্রাক্টরকে ট্যাক্সের আওতা থেকে বাদ দিয়েছেন। কিন্তু গ্রামাঞ্চলে আজকে বেশ কিছু লোক ট্রাক্টরকে চাষের কাজে এবং মাল পরিবহনের কাজে ভাড়া খাটাচ্ছে এবং প্রচুর টাকা মুনাফা করছে। আজকে গ্রামাঞ্চলে ট্রাক্টরগুলি সব চেয়ে বেশি রাস্তা খারাপ করছে। অথচ ট্যাক্স দিচ্ছে না। এদের সম্বন্ধে আমি আপনাকে চিন্তা ভাবনা করতে অনুরোধ করছি। আপনি পঞ্চায়েতের সমস্ত প্রধানদের জিজ্ঞাসা করুন, তাঁদের ওপিনিয়ন নিন, দেখবেন তাঁরা সকলেই বলবেন যে, গ্রামাঞ্চলে ট্রাক্টর সবচেয়ে বেশি রাস্তা নষ্ট করছে। তারা মাল পরিবহন করে রোজগার করবে, কেন ট্যাক্স দেবে না? এটা আপনাকে ভেবে দেখতে হবে।

মাননীয় মন্ত্রী মহাশয়, গরুর গাড়ির লোহার চাকা গ্রামাঞ্চলের রাস্তাগুলি নষ্ট করছে। লোহার চাকার বদলে বাধ্যতামূলকভাবে রবারের চাকা যাতে তারা ব্যবহার করে তারজন্য আপনি কোনও ব্যবস্থা করতে পারেন কিনা একটু ভেবে দেখুন। আর একটা কথা হচ্ছে, গ্রামের লোকেরা প্রায়ই বলে যে, শহরের বাবুরা বছরে ২৮ হাজার টাকা ইনকাম করলেও তাদের মাফ করে দেওয়া হয়—কর দিতে হয় না, আর আমরা গ্রামের মানুষরা মাথার ঘাম পায় ফেলে বছরে মাত্র ১০,০০০ টাকা ইনকাম করলেই আমাদের এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স দিতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ডিসপ্যারিটি রয়েছে, এটা দূর করা দরকার।

এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে আমরা দেখছি বহু আগে থেকে কিছু লোকের জোতদার হিসাবে সরকারের খাতায় নাম আছে, কিন্তু এখন তাদের সমস্ত জমি, বাগান ইত্যাদি হয়ত বিক্রি হয়ে গেছে, অথচ এখনও তাদের ট্যাক্স দিতে হচ্ছে। তাদের নামে ট্যাক্সের নোটিশ আসছে। তারপর এ বছর মালদায় একদম আম হয় নি, তথাপি এ বছরও আম-ওয়ালাদের নামে ট্যাক্সের নোটিশ চলে যাবে এবং তাদের ট্যাক্স দিতে হবে। অপর দিকে আজকাল যে নতুন জোতদার শ্রেণীর সৃষ্টি হয়েছে, যারা স্যালো টিউবওয়েল দিয়ে হাজার হাজার বিঘা জমি চাষ করছে এবং প্রচুর টাকা আয় করছে তাদের ট্যাক্স দিতে হচ্ছে না। আমার অনুরোধ এই নতুন জোতদার শ্রেণীকে নির্দিষ্ট করে এদের ওপর থেকে উপযুক্ত পরিমাণ ট্যাক্স আদায় করার ব্যবস্থা গ্রহণ করুন। আমি আর একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট উপযুক্ত পরিমাণ নন-জুডিশিয়াল স্ট্যাম্প সরবরাহ করতে পারছে না। ফলে আজকে এই স্ট্যাম্প নিয়ে কালোবাজারি হচ্ছে। একটা বেকার ছেলে যখন চাকরির দরখাস্ত করার জন্য ১০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এর খোঁজ করে পাচ্ছে না, তখন তাকে বাধ্য হয়ে সেই স্ট্যাম্প ব্ল্যাকে ২৫ টাকা দিয়ে কিনতে হচ্ছে। এ বিষয়ে আপনি কি ব্যবস্থা গ্রহণ করতে পারেন তা আপনাকে একটু ভেবে দেখতে আমি অনুরোধ করছি।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার আর একটা নিবেদন হচ্ছে—যদিও আমরা জানি হাইকোর্টে আপনার কোনও হাত নেই, তথাপি আমরা দেখছি যে, আমাদের মুনসেফ কোর্টগুলিতে মাসের পর মাস বছরের পর বছর মুনসেফ থাকে না। ফলে বছরের পর বছর মামলা পড়ে থাকছে। এ বিষয়ে কি করা যায় তা আপনাকে একটু ভেবে দেখতে অনুরোধ করছি।

[2-50 — 3-00 P.M.]

মাননীয় অর্থমন্ত্রীর কাছে আর একটি বিষয় নিবেদন করতে চাই সেটা হচ্ছে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের ব্যাপারে। নর্থ বেঙ্গল নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টই দেখাশুনা করতে পারে বলে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে তৈরি করা হয়েছিল। এই স্টেট ট্রান্সপোর্ট খুব ভালভাবেই কাজ করছে নর্থ বেঙ্গলে। কিন্তু এখন ওরা কি ফেল করেছে? কারণ দেখা যাচ্ছে, সেখানে সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের বাস চলে যাচ্ছে, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টের বাস চলে যাচ্ছে। একটা আন-হেল্দি কমপিটিশন তৈরি হয়েছে। এসপ্লানেডে যখন যাই তখন দেখি ওরা বলছে, আমার গাড়িতে আসুন, এরা বলছে, আমার গাড়িতে আসুন। এই আন-হেল্দি কমপিটিশন কেন হচ্ছে? নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কি একা পারছে না? এই আন-হেল্দি কমপিটিশন যাতে না হয় এটা আপনি বিবেচনা করে দেখবেন। আমাদের গ্রামে আমি আগে দেখতাম সরকারি কর্মচারিরা সাইকেল করে যেত। এখন আর কেউ সাইকেল করে যায় না, ব্লকের জীপে করে যাবে অথচ টি.এ. বিল ফুল করবে। এই ব্যাপারে আপনি চেক করবেন, এটা

চেক হয় না। আমি বি.ডি.ওকে বলেছি, আপনার গাড়িতে ট্যুর করবেন অথচ টি.এ. বলে টাকা নিচ্ছে—এটা কেন হবে। আমার ৬৮ বছর বয়সেও আমি সাইকেল করে যেতে পারি, ওরা তাহলে কেন যেতে পারবে না? এরপর আর একটি ব্যাপারে বলছি, আমরা কিছু স্কুলকে গ্রান্ট দিতে পারছি না, আগামী ৫ বছরে দিতে পারব না এবং দেওয়া সম্ভবও নয়। কিছু কিছু স্কুল বলছে, আমরা কোনও গ্রান্ট নেব না, আমরা স্টান্ডার্ড মাস্টার রাখব, কিন্তু আমাদের রেকগনিশন দেওয়া হোক। এই ক'টি কথা বলে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ মাননীয় সভাপতি মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর মাননীয় সরকার পক্ষের সদস্যদের কিছু কিছু বক্তব্য শুনছিলাম। সেই একই ভাঙা পুরানো রেকর্ড বাজিয়ে চলেছেন যে কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা। কিন্তু আপনাদের আমি বলতে চাই, এই বছর যে বাজেট কেন্দ্রের অর্থমন্ত্রী পেশ করেছেন তাতে আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন—কিন্তু লক্ষ্য করেও না লক্ষ্য করার ভাণ করছেন—যে কেন্দ্রীয় সরকার যে ট্যাক্স আদায় করেন এবং একটা নির্দিষ্ট ফর্মূলা অনুযায়ী গ্যাডগিল ফর্মূলা অনুসারে সেই টাকা বিভিন্ন রাজ্যগুলি কিভাবে পাবে তা ঠিক হয় এবং এবারে যাতে রাজ্যগুলি আরও বেশি টাকা পায় তারজন্য আপনারা জানেন—এক্সাইজ ডিউটি যেগুলি রাজ্য এবং কেন্দ্রের মধ্যে ভাগ হয় কিন্তু, কাস্টম ডিউটি সেটা ভাগ হয় না। কেন্দ্রীয় সরকারের যা আদায় হয় তার সবটাই কেন্দ্রীয় সরকার পান। এবারের বাজেটে যে কর বেশি করে ধার্য করা হয়েছে তাতে এক্সাইজ ডিউটি বাড়ানো হয়েছে যাতে করে তার একটা অংশ রাজ্যগুলি পায়। এবারের নতুন কাঠামোতে কেন্দ্রের লোকসান হবে ৫১৭ কোটি টাকা। এবং রাজ্যগুলি উৎপাদন শুল্ক ভাগে পাবে বলে সমস্ত রাজ্যগুলির লাভ হবে ১৫০০ কোটি টাকা। এ থেকেই বুঝতে পারছেন কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা আপনারা বড় বড় করে বললেও বাস্তবে কিন্তু তা হচ্ছে না। এটা ঠিক যে একটা নির্দিষ্ট ফর্মূলা যার কথা একটু আগে আপনাদের বলছিলাম, সেই গ্যাডগিল ফর্মূলা অনুসারে টাকা ভাগ হয়। সেখানে একটা দৃষ্টান্ত দেখাতে পারবেন না যে সেই ফর্মূলা অনুসারে পশ্চিমবঙ্গের যা প্রাপ্য সেই প্রাপ্য টাকা কেন্দ্রীয় সরকার কমিয়ে দিচ্ছেন বা অন্য কোনও রাজ্যকে বেশি করে দেওয়া হচ্ছে। আমাদের বক্তব্য যে এই অর্থনৈতিক অবস্থার মধ্যে—শুধু এই বছর বলে নয়—গত কয়েক বছর ধরে—আপনারা ১৫ বছর এই পশ্চিমবঙ্গে আছেন, এই ১৫ বছরের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে সেই একই আর্থিক ব্যবস্থার মধ্যে তারা যেটুকু উন্নতি করতে পেরেছেন আমার মনে হয় পশ্চিমবঙ্গে সেটা পারে নি। পশ্চিমবঙ্গ সবদিক থেকে ১৫ বছর পিছিয়ে গেছে। শুধু আইন শৃঙ্খলার অবনতিই নয়, শিল্প, পঞ্চায়েত, শিক্ষা ব্যবস্থার উন্নতির ক্ষেত্রে, বেকার সমস্যা সমাধানের ক্ষেত্রে যে দিকেই তাকান সেদিকেই একটা হতাশার চিত্র, পশ্চিমবঙ্গ ক্রমশ অবনতির দিকে চলে যাচ্ছে, পশ্চিমবঙ্গে একটার পর একটা শিল্প বন্ধ হয়ে যাচ্ছে, আপনারা কিছু অল্টারনেটিভ ইকনমিক থিয়োরী সাজেস্ট করতে পেরেছেন? পশ্চিমবঙ্গে কোনও শিল্পে লগ্নি করার জন্য খুব

বড় কোনও প্রকল্প এখানে আসে নি, বড় বড় অর্থবান লোক তাঁরা এখানে লগ্নি করতে আসেন না। সুতরাং এই ক্ষেত্রে আমার মনে হয় পশ্চিমবঙ্গ যে কেন্দ্রের দ্বারা বঞ্চিত হয়েছে, তার প্রতি বিমাতৃসুলভ আচরণ করা হয়েছে এই কথাটা আদৌ ঠিক কথা নয়। আপনারা জানেন ইকোয়ালাইজেশন অফ ফ্রেট স্টীলের উন্নতির ক্ষেত্রে কি হয়েছে। আপনারা এবং মাননীয় অসীমবাবু কিছুদিন আগে যে ব্যাপারে প্রচন্ড হৈ চৈ করেছিলেন স্বল্প সঞ্চয়ে সুদের হার কমিয়ে দেওয়ার জন্য, ৪০০ কোটি টাকার কথা বলেছিলেন আপনাদের চেঁচামেচির জন্যই হোক, বা যে কারণেই হোক স্বল্প সঞ্চয়ে সুদের হার কেন্দ্রীয় সরকার বাড়িয়ে দিয়েছেন। সুতরাং এই যে বঞ্চনার কথা হচ্ছে এই বঞ্চনার কথাটা আদৌ সত্য নয়, এবং পশ্চিমবঙ্গের আর আপনারাদের কথা মেনে নিচ্ছেন না। সুতরাং এটা পাল্টে যাতে পশ্চিমবঙ্গের সত্যিকার উন্নতি করা যায় পশ্চিমবঙ্গের গ্রামে এবং শহরে বিদ্যুত, শিল্প, শিক্ষা এবং বেকার সমস্যার উন্নতি করা যায় তার জন্য সচেষ্ট হতে হবে। একটু আগে মাননীয় বীরেন বাবু রিফিউজি প্রবলেমের কথা বললেন। আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে এটা সত্যিই পশ্চিমবঙ্গের একটা জ্বলন্ত সমস্যা। একমাত্র পাঞ্জাব ছাড়া ভারতবর্ষের অন্যান্য কোনও রাজ্যকে এই সমস্যার সম্মুখীন হতে হয় নি। যখন রিফিউজি প্রবলেম দেখা দিয়েছিল তখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়, আপনাদের স্মরণে আছে তখন তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে ঝগড়া করে এই শত শত লক্ষ লক্ষ রিফিউজি যারা পূর্ব বাংলা থেকে এসেছিল তাদের পুনর্বাসন দেবার জন্য পশ্চিমবঙ্গের বাইরে উড়িষ্যা, মধ্যপ্রদেশে থাকবার ব্যবস্থা করেছিলেন। আন্দামান, নিকোবরে তারা যাতে গিয়ে বসতি স্থাপন করতে পারে তারজন্য ব্যবস্থা করেছিলেন। তখন কেন্দ্রীয় সরকারের সঙ্গে ঝগড়া করে রিফিউজি প্রবলেম সলভ করার তাঁর যে প্রচেষ্টা তাতে কারা বাধা দিয়েছিল? নিজেদেরকে জিজ্ঞাসা করুন। আপনারা তখন আন্দোলন করে বলেছিলেন যে রিফিউজি যারা আসছে তাদের পশ্চিমবঙ্গে রাখতে হবে। আন্দামান, নিকোবরে যাবে না। কিছুদিন আগে আমরা আন্দামান গিয়েছিলাম, আপনাদের বাধা সত্ত্বেও যে কয়টি রিফিউজি সেখানে বসতি স্থাপন করতে পেরেছিল তারা কেমন সুন্দর ভাবে, আনন্দের সঙ্গে সেখানে বাস করছে।

(এ ভয়েস ঃ মরিচঝাঁপির কথা বলুন।)

মরিচঝাঁপির কথায় আসছি, সেটা আপনাদের কাছে একটা অত্যন্ত লজ্জার ব্যাপার। রিফিউজিদের যেতে না দিয়ে অন্যায় কাজ আপনারা করেছিলেন সেই পাপের ভোগ আমাদের এখনও ভুগতে হচ্ছে। সেই জায়গাতে কেরালা, তামিলনাড়ু, আন্দামান, নিকোবর সেখানকার জমিকে চাষের জমিতে পরিণত করে তারা কত সুন্দর জীবন যাপন করছে।

[3-00 — 3-10 P.M.]

সেই লক্ষ লক্ষ রিফিউজিকে যদি সেদিন সেখানে পুনর্বসতি করতাম তাহলে পশ্চিমবঙ্গের ঘাড় থেকে খানিকটা বোঝা নামাতে পারতাম। কিন্তু সেই পথে আপনারা বাধা দিয়েছিলেন।

আপনারা বলেছিলেন—না, আমরা ওঁদের পশ্চিমবঙ্গের বাইরে যেতে দেব না। পশ্চিমবঙ্গের বাইরে দন্ডকারণ্যে যারা ছিলেন তাদের বলতেন ওখান থেকে চলে আসুন। যখন কংগ্রেস আমল ছিল তখন সেই সরকার যাতে বিব্রত হন তার জন্য এই কথা বলে তাদের এখানে আনবার চেষ্টা করতেন। কিন্তু দুঃখের কথা, আপনাদের সরকার আসার পর আপনাদেরই একজন মন্ত্রী সেইসব রিফিউজিদের পশ্চিমবঙ্গে ফিরিয়ে আনবার চেষ্টাও করেছিলেন। কিছুদিন আগের কথা, ভুলে যাবার কথা নয়। সেইমতো যারা এসে মরিচঝাঁপিতে বসতি স্থাপন করেছিলেন তাদের কুকুর বেড়ালের মতো গুলি করে মেরেছিলেন। কংগ্রেস সরকার হলে তাদের আহ্বান করবেন, কিন্তু আপনাদের সরকারের আমলে বিহার, উড়িষ্যা, মধ্যপ্রদেশ প্রভৃতি স্থান থেকে তারা এলে, এমন কি মরিচঝাঁপির মতো জায়গায় এলেও তাদের মেরে তাড়িয়ে দেবেন—এই হচ্ছে আপনাদের নীতি। এখন কংগ্রেস সরকার ছিল তখন এখানকার সরকারি কর্মচারিদের বলতেন—কাজ কোরো না, বেশি মাইনে চাও যাতে সরকার বিব্রত হন। আপনারা ১৫ বছর ক্ষমতায় থেকে হাড়ে হাড়ে বুঝতে পেরেছেন যে, ওদের দিয়ে কাজ হবে না, যারজন্য মুখ্যমন্ত্রীকে বলতে হচ্ছে—কাদের কাজ করতে বলব? কাজ করাবেন কি করে? আজকে ওয়ার্ক কালচারটাই তো আপনারা নষ্ট করে দিয়েছেন। এই দোষটা শ্রমিক কর্মচারিদের মধ্যে কংগ্রেস আমলে ছিল না তা নয়। তখনও ছিল। কিন্তু এখন এই অভ্যাসটা সর্বত্র বিস্তারিতভাবে ছড়িয়ে পড়েছে, যারজন্য পশ্চিমবঙ্গের বাঁচবার উপায় নেই। হয়ত এক্ষেত্রে আপনারা বিহারের উদাহরণ দেখাবেন, মধ্যপ্রদেশের উদাহরণ দেখাবেন। বিহার এ-ব্যাপারে বরাবরই জর্জরিত ছিল, কিন্তু বিহারে হচ্ছে বলে পশ্চিমবঙ্গেও সেটা শেখানো হবে? বিহার, দিল্লিতে নারী ধর্ষণ হচ্ছে, কাজেই পশ্চিমবঙ্গে হলে ক্ষতি কি—এই যে আত্মসন্তুষ্টির মনোভাব, একে আমি ধিক্কার দিচ্ছি। এইরকম মনোভাব নিয়ে চললে পশ্চিমবঙ্গকে কোনওদিন ভাল রাজ্যে পরিণত করতে পারবেন না। তাই পশ্চিমবঙ্গকে যাতে বাঁচানো যায় তারজন্য আপনাদের চেষ্টা করা উচিত।

মাননীয় সভাপাল মহাশয়, আমি বাজেট বক্তৃতার সময় বলেছিলাম, এটা একটা দেউলিয়া সরকারের বাজেট। তার কারণ, আমরা দেখেছি, এই বাজেট সরকারি কর্মচারী, শিক্ষক, পৌরসভার কর্মচারী এবং আধা সরকারি কর্মচারিদের বেতন দিতে সরকার যেসব সংস্থা থেকে টাকা ধার নিয়েছেন তার সুদ দিতে শতকরা ৯২ ভাগ টাকা খরচ হয়ে যাচ্ছে। বাকি ৮ শতাংশ টাকা দিয়ে কি উন্নতি করবেন? ঐ আট শতাংশের মধ্যে আবার সাড়ে সাত শতাংশ চুরি হয়ে যাচ্ছে। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে এ-পর্যন্ত কত কোটি টাকা খরচ করেছেন? সেই টাকা যদি সত্যিকারের ভালভাবে খরচ হত তাহলে পশ্চিমবঙ্গকে সোনার বাংলায় পরিণত করতে পারতেন। এই অর্থ কাঠামোর মধ্যে হরিয়ানা, পাঞ্জাব, কর্ণাটকের মতো রাজ্যগুলি যদি প্রতি গ্রামে বিদ্যুতায়ন করতে পারে, পাকা রাস্তা দিয়ে যদি যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলে পারে, তাহলে পশ্চিমবঙ্গ কেন সেটা পারবে না? কালকে ট্রান্সপোর্ট বাজেটের সময়ে আমি বলেছিলাম। শ্যামল চক্রবর্তী মহাশয় বহু উদাহরণ দিয়েছেন যে কেন তিনি পশ্চিমবঙ্গে

পারছেন না। তিনি পারবেন কি করে? তিনি উদাহরণ দিয়ে বললেন যে তার যা প্লান অ্যালটমেন্ট হচ্ছে বছরে তার শতকরা ১০ কি ১৫ ভাগ পাচ্ছেন। প্রতিটি দপ্তরের এই রকম অবস্থা। শুধু ট্রান্সপোর্ট দপ্তরে নয়, বিদ্যুত দপ্তরে, শিক্ষা দপ্তরে, প্রতিটি দপ্তরের উন্নয়নের জন্য যে টাকা বাজেটে ধার্য হচ্ছে কিন্তু প্রকৃতপক্ষে দেখা যাচ্ছে বছরের শেষে শতকরা ১০ ভাগ, ১৫ ভাগ তারা পাচ্ছে। এতে কি উন্নয়ন হবে? একটা স্কুল বাড়ি মেরামত হবে, একটা নতুন স্বাস্থ্য কেন্দ্র তৈরি হবে, একটা নতুন পাকা রাস্তা করতে হবে—এগুলি কি এতে হতে পারে? এগুলি হতে পারে না। কালকেও ট্রান্সপোর্ট বাজেটে বলেছিলাম, আজকেও বলছি, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের জন্য ১৯৯১-৯২ সালে প্লান অ্যালোকেশন হয়েছে ১০ কোটি টাকা। অসীমবাবু দিয়েছেন মাত্র ২ কোটি ৯৫ লক্ষ টাকা। তারপরে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের জন্য প্লান অ্যালোকেশন হয়েছিল ৬ কোটি টাকা, পেয়েছে মাত্র ২ কোটি টাকা। প্রতিটি জায়গায়, প্রতিটি সংস্থায় দেখবেন যে প্লান অ্যালোকেশন যা হয়েছে তার শতকরা ১০ ভাগ কি ১৫ ভাগের বেশি টাকা থাকছে না। এই যদি অবস্থা হয় তাহলে কি করে পশ্চিমবঙ্গের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজ চালিয়ে যাবেন? গত বছর সোসাল সার্ভিসে ১৯৯১-৯২ সালের বাজেটের কথা বলছি, এখানে টাকা ধার্য ছিল ২ হাজার ৭ শত ৫৪ কোটি টাকা। সেখানে পাওয়া গেল ২ হাজার ৩৮১ কোটি টাকা। প্রায় ৪ শত কোটি টাকা কম পাওয়া গেল। ইকনমিক সার্ভিসে ১৯৯১-৯২ সালে ছিল ১৩ শত ৭৪ কোটি টাকা, পাওয়া গেল মাত্র ১২ শত ১০ কোটি টাকা। ১৬০ কোটি টাকা ঘাটতি। এই যে ৮ হাজার ৭শত ৬৬ কোটি টাকার যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে পেশ করেছেন, আমরা জানি যে এই টাকার অধিকাংশ সরকারি কর্মচারী এবং শিক্ষকদের মাইনা দিতে চলে যাবে, কোনও দপ্তরের উন্নতি করতে পারবেন না। সুতরাং এই বিতর্কে অংশ গ্রহণ করে যদি এই বাজেট বরাদ্দ করি এবং যদি আশা করা যায় যে বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজ করব, পশ্চিমবঙ্গের বিভিন্ন জ্বলন্ত সমস্যা যেগুলি আছে সেই সমস্যাগুলি সমাধান হয়ে যাবে তাহলে সেটা বাতুলতা ছাড়া আর কিছু নয়। এরপরে আমি ভূমিসংস্কার সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। ভূমি সংস্কার বাজেটের সময়ে আমি থাকতে পারিনি, সেই সময়ে আমি বহরমপুরে কয়েকটা কাজে ব্যস্ত ছিলাম, সেই সময়ে ভূমি সংস্কার বাজেট পাস হয়ে গেছে। আপনারা বলেছেন যে ভূমি সংস্কারের আমূল পরিবর্তনের মাধ্যমে বেকার সমস্যার সমাধান করা হবে। এত ভূমি কোথায় আছে? এটা ইলাস্ট্রিক নয় যে বেড়ে যাবে। যা ভূমি আছে এবং আমাদের যা জনসংখ্যা তাতে মার্কসীয় নীতিতে যদি সমান ভাবে ভাগ করা যায় তাহলে মাথা পিছু ৫ কাঠার বেশি পড়ে না। কাজেই কি আমূল ভূমি সংস্কারের কথা বলছেন? আমূল ভূমি সংস্কার করলেও মাথা পিছু ৫ কাঠার বেশি হবে না। এই ৫ কাঠা জমি নিয়ে বৌ, ছেলে-পেলেদের খাওয়াতে পারবে? আপনারা দেওয়ালে লিখেছেন যে আমূল ভূমি সংস্কারের দ্বারা বেকার সমস্যার সমাধান করবেন। মার্কসবাদী এই যে বুলি, এটা ভ্রান্ত নীতিতে প্রমাণিত হয়েছে। কাজেই এই ভ্রান্ত পথ থেকে আপনারা সরে আসুন এবং সত্যিকারের যাতে পশ্চিমবাংলার উন্নতি করা যায় সেই দিকে নজর দিন। আজকে পশ্চিমবঙ্গে যে মারামারি

হচ্ছে, যে নারী ধর্ষণ হচ্ছে, আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে সে সব কথা বলা হল না। আজকে পুলিশ হেফাজতে মানুষ খুন হচ্ছে। গত বছর ৮০ টি মানুষ খুন হয়েছে।

[3-10 — 3-20 P.M.]

আপনারা পুলিশ অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন? কয়েকটি খুন হল, আমাদের কাঁথিতে হয়েছে জানি। কি ব্যবস্থা নেওয়া হয়েছে পুলিশ অফিসারের বিরুদ্ধে? কোনও কিছু নেওয়া হয় নি। যথারীতি পুলিশ হেফাজতে খুন হলে পুলিশ রিপোর্ট দেয় ফ্যানের সঙ্গে ঝুলিয়ে দিয়ে, সিলিং-এর সঙ্গে ঝুলিয়ে ফাঁস দিয়ে বলে নিজে আত্মহত্যা করেছে। কতখানি মিথ্যা কথা বলে! বালিগঞ্জে স্বপন চক্রবর্তী খুন হল, টেলিভিসনকে ধন্যবাদ, সংবাদপত্রকে ধন্যবাদ, তারা যদি টেলিভিসন এবং সংবাদপত্রের মাধ্যমে ছবি বার না করত তাহলে পুলিশ কমিশনার যে অসত্য ভাষণ দিয়েছিলেন সেটাই সবার কাছে প্রমাণিত হত যে কংগ্রেসের নিজেদের অন্তর্দ্বন্দ্বে বোমার আঘাতে মারা গেছে। অসত্য কথা বলে, ভাঁওতা দিয়ে মানুষকে কতদিন ভুলিয়ে রাখবেন জিজ্ঞাসা করতে চাই। এই জিনিস যতদিন না পাল্টাচ্ছেন ততদিন পশ্চিমবাংলার উন্নতি করতে পারবেন না। কংগ্রেসকে ভোট দিলে হাত কাটা হচ্ছে। এই নিয়ে সেইদিন বিধানসভায় হইচই হয়েছে কংগ্রেসকে ভোট দেওয়ার জন্য তার হাত কেটে নেওয়া হয়েছে। এই বন্ধের দিন একজন গ্রসার তার দোকান খুলেছিল, তার হাত কেটে নেওয়া হয়েছে। আপনারা বললেন বন্ধ খুব সাকসেসফুল। বন্ধে সব আপন মনে স্বপ্রণোদিতভাবে কেন্দ্রের শিল্প নীতির বিরুদ্ধে বন্ধ পালন করেছেন। আমরা জানি কি ভাবে অত্যাচার মানুষের উপর চালিয়েছেন আপনারা। যারা ইচ্ছুক কর্মী বিভিন্ন জায়গায় কাজ করতে গিয়েছিল, অফিসে গিয়েছিল, কারখানায় গিয়েছিল তাদের মারধরের ভয় দেখিয়ে তাড়িয়ে দেওয়া হয়েছে। এর নাম বন্ধ? আপনারা বন্ধ ডাকুন, মানুষকে ভয় দেখিয়ে নয়। আপনারা বন্ধ ডাকুন, যারা ইচ্ছা করবে তারা কাজে যোগ দেবে, যাদের ইচ্ছা নেই তারা কাজে যোগ দেবে না তাতে আমরা দেখব কত ভাগ লোক কাজ করে কত ভাগ লোক কাজ করে না। আপনারা যদি সত্যি কারের বন্ধ ডাকতে চান, আপনাদের যদি সত্যি কারের সৎ সাহস থাকে, আপনারা যদি কেন্দ্রের শিল্প নীতি যাচাই করতে চান তাহলে এই রকম বন্ধ ডাকুন। যেখানে জোর জুলুমের ভয় থাকবে না, যেখানে সন্ত্রাস থাকবে না। মানুষকে আপনারা জোর করে বন্ধের দিকে ঠেলে দিতে চাচ্ছেন। এইভাবে চলতে পারে না। আর একটা ঘটনার কথা বলছি। নওদা থানার ব্যাপারে গতকাল মুখ্যমন্ত্রীকে বলেছি। আমাদের এম.এল.এ নাসিরুদ্দিন সাহেব ছিলেন। এখানে কোনও হিন্দু-মুসলিমদের ব্যাপার নয়, দু-পক্ষই মুসলিম। ঈদের দিন একটা গ্রামে মুসলিমদের একপক্ষ বলেছে আমরা এখানে ছাগলের কুরবানি করব, আর একপক্ষ বলছে আমরা এটা এখানে করতে দেব না। এই নিয়ে দু-দলের মধ্যে মারপিট হল। একজন খুব জখম হল, হাসপাতালে ভর্তি হবার তিনদিন পরে মারা গেল। স্বাভাবিকভাবে এখন যা ঘটছে, একপক্ষ কংগ্রেসের দলে গেল একপক্ষ আর.এস.পি.-র দলে গেল। এটার পরে যে ঘটনা ঘটেছে তা হল রাজনীতি। প্রতিটি ক্ষেত্রে আপনারা রাজনীতি করেন, পশ্চিমবাংলার গ্রামে-

গঞ্জেও রাজনীতি করে থাকেন। এখানে কোনও রাজনীতির গন্ধ ছিল না, পরে রাজনীতি এল। ৪ দিন পরে যখন দেখা গেল লোকটা মারা গেছে সেই লোকটা কংগ্রেসের নয় আর.এস.পি-র। তারপর কংগ্রেসের উপর অত্যাচার শুরু হল। অত্যাচার করল পুলিশ। সেখানে পুলিশ গিয়ে সন্ত্রাস সৃষ্টি করেছে, সেখানে ১০-১২ টি বাড়ি সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে। পুলিশ এই কাজ করল। এর থেকে লজ্জাজনক ঘটনা আর কি ঘটতে পারে? তাদের বাড়িতে যা ধান ছিল যা টাকা-পয়সা ছিল, যা সম্পত্তি ছিল তা সমস্ত লুট করে নিয়ে চলে গেছে। সমস্ত কিছু ধ্বংস করে দিয়ে চলে গেছে। এইভাবে আপনারা পুলিশকে দিয়ে সন্ত্রাস ছাড়িয়ে দিয়ে পশ্চিমবাংলার ক্ষমতার গতিতে চিরকাল বসে থাকবেন বলে মনে করেন তাহলে আপনারা মুর্খের স্বর্গে বাস করছেন। পারবেন না, পারবেন না। পশ্চিমবাংলার মানুষ জেগে উঠবে সেই দিন পুলিশের শত বুলেটেও তা আপনারা রুখে দিতে পারবেন না। এই কথাটা আপনাদের স্মরণ করিয়ে দিয়ে আজকে এখানে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল আনা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই সভায় মাননীয় অর্থমন্ত্রী মহোদয় যে ব্যয়ানুমোদন বিল উত্থাপন করেছেন আমি তার সমর্থনে দু'চার কথা বলতে চাই। এই আলোচনার সূত্রপাত করে মাননীয় বিরোধী দলের সদস্য সত্যবাবু দীর্ঘ সময় অনেক প্রসঙ্গের অবতারণা করেছেন, তারমধ্যে দুর্নীতি নিয়ে তিনি একটু বেশি সময় নষ্ট করেছেন। কি করব, স্যার, আমাদের শুনতে হল, উপায় নেই, শুনতে হবে। কারণ সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় তাঁরা যা বলবেন, সত্যি হোক মিথ্যা হোক অবান্তর হোক, তা আমাদের শুনতে হবে। এই কারণে আমাদের তাঁদের মাঝে মাঝে মনে করিয়ে দিতে হয়, তাঁদের আমলে ওয়াংচু কমিশনের কথা। তাঁরা যেভাবে সরকার চালাতেন, পশ্চিমবাংলার মানুষ সেটা খুব ভাল করেই জানেন যে সরকার পরিচালনার নীতি হিসাবে তাঁরা নীতিগত সমস্ত নিয়ম-কানুনকে বিসর্জন দিয়েছিলেন। আজকে তাঁরা এখানে দুর্নীতি স্বজনপোষণের কথা বলেছেন আর তা আমাদের শুনতে হচ্ছে। আসলে তাঁরা হতাশ হয়ে গেছেন। দীর্ঘদিন তাঁরা ক্ষমতায় ছিলেন। এখন তাঁরা ধরেই নিয়েছেন, সোজা পথে, গণতান্ত্রিক পথে, নির্বাচনের পথে ঐ ট্রেজারি বেঞ্চে যেতে পারবেন না। সেই কারণেই বিগত কয়েকদিন ধরে শুনছি তাঁরা ট্রেজারি বেঞ্চের দিকে আঙুল দেখিয়ে বলছেন, আর মাত্র ছয় মাস—ডিসেম্বরের পর আপনাদের অবসর নিতে হবে। অর্থাৎ তারা ধরে নিয়েছেন যে সংবিধানের ৩৫৬ ধারা আর তারপর সিদ্ধার্থবাবুর ৭২ এর ধারা অবলম্বন করে এখানে বসবেন। সেই স্বপ্নে ইদানিং মশগুল হয়ে গেছেন। স্বপ্ন দেখা ভাল, আপত্তি নেই। স্বপ্ন দেখে আনন্দ পেলে আমরা আপত্তি করব না। কিন্তু এখানে যে প্রসঙ্গ আনছেন, আসলে তাঁরা ঝোপে-ঝাড়ে ভুত দেখছেন—সন্ত্রাসের ছায়া দেখছেন, নির্বাচন হলে রিগিংয়ের ভুত দেখছেন। পশ্চিমবাংলার মানুষ কিন্তু ভাল করেই জানেন, তাঁদের প্রশাসন কার্যের নমুনা জনগণ দেখেছেন। তাঁরা কেন্দ্রে যেভাবে সরকার চালাচ্ছেন সেটাও জনগণ দেখছেন এবং দেখছেন বলেই বারে বারে এই পশ্চিমবাংলার মানুষ যতগুলো নির্বাচন হয়ে গেছে—কি

পঞ্চায়েতের নির্বাচন, কি বিধানসভার নির্বাচন, লোকসভার নির্বাচন—প্রতিটি নির্বাচনে এই রাজ্যের মানুষ তাঁদের ব্যর্থ হাতে ফিরিয়ে দিয়েছেন। তবে বিধানসভায় বিরোধী দলের ভূমিকা পালন করতে গিয়ে এইসব তাঁদের বলতেই হবে, কিন্তু তাঁরা ভাল করেই জানেন যে আমাদের রাজ্য বর্তমানে একটা দারুণ অর্থনৈতিক সংকটের মধ্যে দিয়ে চলছে এবং এই সংকটের কারণটা কি সেটাও তাঁদের অজানা নেই। তাঁরা এটা ভাল করেই জানেন, এই সমস্ত রাজ্যে ছিল না। ৭৭ সাল পর্যন্ত যে ভাবে আমাদের সরকার পরিচালিত হয়েছে, যেভাবে জনগণের দাবি, জনগণের আশা আকাঙ্খা, গ্রাম বাংলার উন্নয়ন-এর সমস্ত কাজ এখন দ্রুত গতিতে এগিয়ে গেছে, আগেকার আমলের সঙ্গে তার তুলনাই হয় না। সেটাই তাদের গাত্রদাহ ও ঈর্ষার কারণ। পশ্চিমবাংলার মানুষ এটা বুঝে গেছেন যে বামফ্রন্ট সরকার বন্ধু সরকার। এই সরকারই তাঁদের জন্য কল্যাণকর কিছু কাজ করতে পারেন এবং সেজন্য তাঁরা চাইছেন এই সরকারকে অটুট রাখতে। সেই কারণে বিরোধী পক্ষের বন্ধুরা হতাশ হয়ে গেছেন এবং প্রলাপ বকতে শুরু করেছেন।

[3-20 — 3-30 P.M.]

আমি মাননীয় অর্থমন্ত্রীকে সাধুবাদ জানাই যে এইরকম একটা সংকটের মধ্যেও পশ্চিমবঙ্গকে যিনি অচল হতে দেন নি। এখনও পর্যন্ত তিনি তালে তাল সামলে চলে যাচ্ছেন। অনেক অসুবিধা রয়েছে, অনেক ক্ষেত্রে বিভাগীয় অনেক কাজে টাকার অভাবে হতে পারছে না কিন্তু তার মধ্যেও তিনি সামাল দিয়ে চলেছেন। আজকের যে অবস্থার মধ্যে দিয়ে চলেছি আরও আমাদের সংকটের দিন আসছে তারজন্য আমাদের অপেক্ষা করতে হবে, সুতরাং তারজন্য আমাদের আরও বেশি করে হিসাবী হওয়া দরকার। আরও হিসাব-নিকাশ করে কোনগুলোতে অগ্রাধিকার দেওয়া দরকার সেগুলো চিহ্নিত করে দেওয়া দরকার হয়ে পড়েছে। কারণ অনেক সময়ে দেখা যাচ্ছে যে, যে দপ্তরে অর্থ এখনই দরকার নেই সেখানে খরচ হয়ে যাচ্ছে। আর যে দপ্তরে অর্থের জন্য প্রয়োজনীয় কাজ বন্ধ হয়ে যাচ্ছে সেখানে অর্থ পাওয়া যাচ্ছে না। সুতরাং এইসব ব্যাপারে আরও হিসাব-নিকাশ করে করা দরকার। আমরা দেখছি বিশেষ করে স্বাস্থ্য বিভাগ, যেটা প্রত্যক্ষভাবে জনগণের সঙ্গে জড়িত, একটা খুব সেনসিটিভ দপ্তর, সেখানে স্বাস্থ্য-মন্ত্রীর এই দপ্তরের কাজকর্মে দেখার ক্ষেত্রে আরও সজাগ দৃষ্টি রাখার দরকার। এই ব্যাপারে বিরোধী পক্ষ তো বটেই সরকারি পক্ষ থেকেও নানা কথা বলা হয়েছে। অবশ্যি আমরা জানি এরজন্য যে অর্থের যোগান দরকার সেই যোগান নামে মাত্রই পাওয়া যায়। ওষুধ-পত্র ঠিক সময় পাওয়া যায় না চিকিৎসার সুব্যবস্থা নেই। যেখানে রোগীর জীবণ মৃত্যু নিয়ে সংশয় সেই দপ্তরে যদি অবহেলা বা উদাসীনতা দেখা যায় তাহলে কেউ সহ্য করতে পারবেন না। আজকে এই স্বাস্থ্য দপ্তরে সেই অবস্থা দেখা যাচ্ছে। একটা হাসপাতালে ডাক্তার বা কর্মচারী ঠিকমতো পাওয়া যায় না। সেক্ষেত্রে এই বিভাগকে আরও কিভাবে সচল করে রাখতে পারা যায় সেইদিকে দৃষ্টি দিতে হবে এবং ব্যয় সংকোচকে এমনভাবে করতে হবে যাতে স্বাস্থ্য বিভাগের কাজে লাগে। আমরা জানি বড় বড়

হাসপাতালগুলিতে রোগীদের যে খাবার দেওয়া হয় সেই খাদ্য খাওয়ার অযোগ্য। হাসপাতালে ভর্তি রোগীরা সময়ে বাইরে থেকে খাবার কিনে খান, হাসপাতালের খাবার মুখে দেয় না। অথচ ডায়েট সাপ্লায়ার তার বিলের টাকা কিন্তু পেয়ে যাচ্ছেন। এই ব্যাপারটা একটু চিন্তা ভাবনা করার দরকার আছে। হাসপাতালে থাকলেই যে ডায়েট দিতে হবে এইরকম যে মনোভাব থাকা তো উচিত নয়। বিশেষ করে যারা পেয়িং বেডে থাকেন তারা বেশি খরচ করে বাইরে থেকে খাবার কিনে খেতে পারেন, সেক্ষেত্রে বিনামূল্যে হাসপাতালের খাবার দেওয়ার তো কোনও প্রয়োজন নেই। এমন কি ওষুধ পত্র তো তারা বাইরে থেকে কিনে নিতে পারেন। এই ব্যাপারে আমাদের একটা বিকল্প চিন্তা ভাবনা করা উচিত। ত্রিপুরাতে রোগীদের মাছ সরবরাহ করা হত না বলে বহু কাগজে লেখালিখি হয়েছিল এবং অনেক সমালোচনাও হয়েছে এবং বলা হত যে সেখানকার রোগীরা নাকি বিধবা। আমার তো মনে হয় এই পদ্ধতিটা ভুল নয়, কারণ হাসপাতালে রুগীরা আসবে চিকিৎসার জন্য, সেখানে যদি মাছ, মাংস, ডিম খেতে দিতে হয় তাহলে তারা তাদের বাড়ি গিয়ে খান, এখানে খাওয়ার কি দরকার। তারপরে আউটডোরে যে সমস্ত ওষুধ বিনা পয়সায় দেওয়ার ব্যবস্থা আছে দুস্থ রোগীদের জন্য সেটাও করা উচিত। কারণ অধিকাংশ সময়ে দেখা যায় যে ওই ওষুধগুলো চতুর্থ শ্রেণীর কর্মচারিরা এবং লোক্যাল বাসিন্দারা নামে বেনামে ওইসব ওষুধপত্র চুরি করে নিয়ে যায়। সুতরাং এই যে সরকারের পয়সার অপচয় হচ্ছে এটা বন্ধ করার দরকার। এই অবস্থায় আউটডোরে ঔষধ দেওয়া চলবে কিনা এটা ভাবতে হবে। তেমনি বিদ্যুত-এর ক্ষেত্রেও এখানে মানুষ সরাসরি রিঅ্যাক্ট করে, কলকাতার কথা আলাদা এখানে অল্পেই হৈ চৈ হয় একটু বেশি। কিন্তু রুর‍্যাল বেঙ্গলে এখন পর্যন্ত বিদ্যুত-এর ক্ষেত্রে অনিশ্চিত অবস্থায় রয়েছে, এখানে বোধহয় কোনও সময়েই বলে দেওয়া সম্ভব নয় দিনে কত ঘন্টা বিদ্যুত থাকবে কি থাকবে না। এছাড়াও লো ভোল্টেজের প্রবলেম আছে। কিছুদিন আগে মাননীয় বিদ্যুতমন্ত্রী বলেছিলেন এক ঘন্টার বেশি বিদ্যুত না থাকলে তাঁকে যেন এটা জানানো হয়। ইদানিং সেই আদেশ মেনেই চলার চেষ্টা হচ্ছে। দিনে কত ঘন্টা বিদ্যুত থাকছে তার কিন্তু কোনও নিশ্চয়তা নেই। দেখা যাচ্ছে এক ঘন্টার জায়গায় ৫ মিঃ বিদ্যুত থাকল তো ৫৫ মিঃ বিদ্যুত থাকল না ৫ মিঃ-র জন্য এসে চলে গেল। তবে কয়েকটি সাব-স্টেশনের কাজ চলছে, তার মধ্যে মেজর কাজটা হয়ে গেছে কিছু অ্যাঙ্গেল, হুক নাট, বোল্টের জন্য কাজটা সম্পন্ন করা যায় নি যার ফলে লো ভোল্টেজের যে সমস্যা সেটা আমরা দূর করতে পারিনি। এছাড়াও জনসাধারণের স্বার্থে সংশ্লিষ্ট যে বিভাগ আছে পূর্ত বিভাগ তাদের রাস্তাঘাট খানাখন্দে অনেক জায়গায় ভরে গেছে। মেঠো রাস্তা, মোরাম রাস্তা দিয়ে হাঁটা যায়, কিন্তু ব্লাক টপের মাঝখানে যদি গর্ত হয়ে যায় তাহলে সেখানে দিয়ে যানবাহন চলাচলের ক্ষেত্রে অনেক অসুবিধা হয়। আমরা বাঁকুড়ার রাস্তায় দেখেছি সেখানকার রাস্তা বর্ষায় ডুবে গিয়েছে সেই রাস্তা মেরামতি করা যাচ্ছে না। এই ব্যাপারে বলতে গেলে কথা শুনতে হচ্ছে তাই এই ব্যাপারটি নিয়ে ভাবা দরকার। শিক্ষা ক্ষেত্রেও আমরা দেখেছি যেমন টাকার অভাব আছে, তেমনি গত কয়েক বছরে নতুন রাস্তা করা যায় নি, অ্যাডিশনাল পোস্ট দেওয়া হয় নি। আজকে এমন একটা অবস্থা

দাঁড়িয়েছে শিক্ষাক্ষেত্রে যে ছাত্র-ছাত্রীদের ভর্তির সময় একটা প্রবল সমস্যা দেখা দিচ্ছে। আমাদের এলাকায় ছাদনাতে একটা গার্লস স্কুল আছে ফোর ক্লাশ পর্যন্ত জুনিয়র স্কুল সেখানে ৫০০ ছাত্র-ছাত্রী পড়ে সেটাকে হাইস্কুল করা যাচ্ছে না। ৩০/৪০ জনের মতো ছাত্র-ছাত্রীকে ভর্তি করা যায় নি। তারা বারে বারে ধর্ণা দিচ্ছেন কিন্তু কিছুই করা যাচ্ছে না। আমি এই প্রসঙ্গে আর একটি কথার অবতারণা করতে চাই মাননীয় অর্থমন্ত্রীর বিচার বিবেচনা করার জন্য। এখানে বীরেন বাবু যেটা উল্লেখ করেছিলেন পঞ্চায়েতগুলির ব্যাপারে এইগুলিকে ঠিকাদারী হিসাবে দেখতে চাই না, স্বনির্ভর হিসাবে দেখতে চাই, এইগুলি কি সরকারি অনুদানের উপরই চলবে না তাদের নিজেদের রিসোর্সের কথা বিবেচনা করা হবে। তাদের নিজেদের আর্নিং-এর ক্ষেত্র হয়েছে এটা দেখলে ভাল লাগবে। কোথাও অর্থের অপচয় হচ্ছে সরকারি রিসোর্স আদায় ঠিকমতো হচ্ছে না, তাই বলব বিভিন্ন পঞ্চায়েতকে যদি বলে দিলে হয় বিল্ডিং কনস্ট্রাকশনের জন্য যে বিভিন্ন জায়গায় পাথর উত্তোলন করা হয়, বিভিন্ন জায়গায় যে ইঁট তৈরি করা হয় এই সমস্ত ক্ষেত্রে যে রয়ালটি আদায় করা হয় বেশির ভাগ ক্ষেত্রে আদায় হয় না—এই সমস্ত আদায়ের অধিকারগুলি যদি স্থানীয় পঞ্চায়েতের উপর অর্পণ করা হয় তাহলে নিশ্চয় আদায়টা অনেক বেশি হবে। তেমনি ভি.ডি.ও.র ক্ষেত্রে যেমন বেআইনিভাবে যত্রতত্র প্রদর্শন হচ্ছে, সেখানে সরকারের যে নিয়ম আছে তাতে সরকার থেকে ঠিকমতো নিয়ন্ত্রণ করা যাচ্ছে না ট্যাক্সও ঠিকমতো সংগ্রহ করা যাচ্ছে না, এই ব্যাপারে পঞ্চায়েতকে ভার দিলে পঞ্চায়েতের আয় বাড়বে, সরকারের রেভিনিউও আসবে। এই বিষয়গুলি বিবেচনা করার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব এবং অ্যাপ্রোপ্রিয়েশন বিলের ব্যয়-বরাদ্দের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জাহাঙ্গীর করিম ঃ মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল ৯২ এই সভায় উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি বিরোধী পক্ষের বক্তব্যের জবাবে কিছু বক্তব্য রাখছি। অত্যন্ত ধৈর্য ধরে বিরোধী পক্ষের যে সমস্ত কথাবার্তা শুনলাম তাতে মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় যা বললেন তিনি হিসাব করে করে শুধু দুর্নীতির কথাই তার ভাষণে বলেছেন।

[3-30 — 3-40 P.M.]

কিন্তু তাদের আমলে খোদ দিল্লির সরকারের মন্ত্রী থেকে শুরু করে বিভিন্ন রাজ্যে তাদের দলের মুখ্যমন্ত্রীদের দুর্নীতির কথা তার হয়ত ঠিক মনে পড়েনি, এটা আমি তাকে একটু স্মরণ করিয়ে দিতে চাইছি এবং সেই বিষয়গুলো তার একটু মনে রাখা উচিত। আমরা জানি রাজীব শাসনের আমলে ভারতবর্ষের বুকে বেপরোয়া ভাবে একটা দুর্নীতির আখড়া তৈরি হয়েছিল। কংগ্রেস ভারতবর্ষে একটা দুর্নীতির ইতিহাস তৈরি করেছিল। ভারতবর্ষের লজ্জা বোফর্সের ১৪০০ কোটি টাকা এবং বর্তমানে শেয়ার কেলেঙ্কারীর ঘটনাকে কেন্দ্র করে যে হাজার হাজার কোটি টাকা তছরূপ হয়েছে সেই বিষয়ে নতুন করে আর বলার কিছু

নেই। এছাড়া আমরা জেনেছি কংগ্রেস দিল্লির মসনদে স্বাধীনতার পর থেকে ৪১ বছর আসীন হয়ে আছে এবং তাদের রাজত্বে বিদেশি সংস্থাকে ও.এন.জি.সি.-র অর্ডার পাইয়ে দেওয়া হয়েছে এবং শুধু তাই নয় রাজীবের বিশেষ ঘনিষ্ঠ পরিবারদের সম্পর্কেও দুর্নীতির বহু অভিযোগ আমরা শুনতে পেয়েছি এবং এটা ভারতবর্ষের মানুযে জানেন। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের সম্পর্কে বহু অভিযোগ আমরা জানি। তৎকালীন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী হরিয়ানার হিসাবে কয়েক শত কাঠা জমির উপর রাজপ্রাসাদ তৈরি করেছেন এবং ২৫ টি কোম্পানির তিনি মালিক। শুধু মালিকই নয়, তিনটে মার্সিডিজ বেনজ্ গাড়ির মালিক। তাছাড়া পেট্রোল পাম্পের ও সিনেমা হলেরও তিনি মালিক। আমরা আরও জানি রাজেন্দ্রকুমারী বাজপেয়ীর দত্তক পুত্রকে রাতের অন্ধকারে একটা সার কারখানার শেয়ার পাইয়ে দেওয়া হয়েছে; খান চৌধুরী সাহেব কিরিটী এন্টারপ্রাইজকে রেলের জমি পাইয়ে দিয়ে কোটি টাকা সেখান থেকে রোজগার করেছে। পনেরো বছর পশ্চিমবাংলার বুকে বামফ্রন্ট সরকার রয়েছে, দুর্নীতির সঠিক তথ্য নিয়ে আপনারা হাইকোর্টে কেস করছেন না কেন। আপনারা কেস করে দুর্নীতির ব্যাপারটা যাচাই করছেন না কেন? মাননীয় সত্যবাবু শ্রদ্ধেয় ব্যক্তি, উনি নিজে উকিল, ওনার কাছে বিনম্রভাবে আমি বলব, যে ভারতবর্ষের বুকে আজকে সাত-আটটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়ে গেল, কিন্তু বেকার সমস্যা আজকে ভয়াবহভাবে বাড়ছে। গ্রামের দিকে একটা কথা আছে, যখন ব্যাঙ ডাকে তখন গ্রামের মানুষ বোঝে বর্ষাকাল এসে গেছে, যখন কোকিল ডাকে তখন বোঝে যে বসন্তকাল এসে গেছে, যখন কংগ্রেস ডাকে তখন বোঝা যায় যে নির্বাচন এসে গেছে। ওরা নির্বাচনের আগে প্রতিশ্রুতির বন্যা বইয়ে দেন। এই রকম অসংখ্য প্রতিশ্রুতির কথা তারা বলেন। আমি প্রশ্ন করি লোকসভা ও বিধানসভা নির্বাচনের আগে আপনারা যে সব কথা বলেছিলেন, সেই ১০০ দিনের মধ্যে আমরা জিনিসপত্রের দাম কমিয়ে দেব, পরিবার পিছু একজন করে চাকরি দেব, সেই সমস্ত প্রতিশ্রুতি আপনাদের কোথায় গেল? যে পরিকল্পনাগুলি হল প্রায় সাতটা পরিকল্পনা হল। কিন্তু লাভ কি হল? প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর আমাদের কত লক্ষ বেকার ছিল? আমরা যা হিসাব দেখছি, সে সময় বেকার ছিল ৫৩ লক্ষ আর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা হল তখন বেকারের সংখ্যা বেড়ে গেল প্রায় ৭১ লক্ষ হল। আর তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে আমরা দেখতে পাচ্ছি, ৩ কোটি ৫০ লক্ষ বেড়ে গেছে। বাড়তে বাড়তে অনেক বেড়ে গেছে। এখন প্রশ্ন হচ্ছে, আপনারা জানেন যে ভারতবর্ষের সংবিধানে আইন যা আছে—কোনও স্বামী যদি তাঁর স্ত্রীকে খুন করে তাহলে কোর্ট তার বিচার করেন। এবং বিচারে যদি সিদ্ধান্ত হয় তাহলে যে স্বামী তাঁর স্ত্রীকে খুন করছে তাহলে যাবজ্জীবন কারাদন্ড হতে পারে এমন কি ফাঁসির হুকুমও দিতে পারেন বিচারক। তেমনিভাবে যদি মা তাঁর শিশুকে হত্যা করে তাহলে মায়ের বিচার হবে। নয় যাবজ্জীবন অথবা ফাঁসির হুকুম দেওয়া যেতে পারে। ঠিক তেমনিভাবে ভারতবর্ষের সংবিধানে লেখা আছে যে, সমস্ত বেকার ছেলে-মেয়েদের দায়, দায়িত্ব কেন্দ্রীয় সরকারের বহন করতে হবে। তাঁদেরকে চাকুরি দিতে হবে। ভি.পি.সিংহের সরকার যখন ছিলেন তখন এই দাবিটা তিনি মেনে নিয়েছিলেন কিন্তু এখন সেই স্বীকৃতি পাওয়া যাচ্ছে না। আজকে সংবিধানে

স্বীকৃত অধিকার থাকা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এই দাবিকে লংঘন করে যাচ্ছেন। আজকে বেকার ছেলেমেয়েরা জ্বালায় ভুগছেন, হতাশায় ভুগছেন। অনেক অর্ধাহারে, অনাহারে না খেতে পেয়ে মারা যাচ্ছেন। হতাশায় ভুগছেন। আজকে বেকার ছেলেরা কাজ পাচ্ছে না। নানা রকম আর্থিক অনটনে, ও হতাশার মধ্যে থেকে আত্মহত্যা করছে। তাঁদের এই অমূল্য জীবনগুলিকে রক্ষা করবার দায়িত্ব কার? এই দায়িত্ব তো ভারতবর্ষের সরকারকেই নিতে হবে। এই দাবি কিন্তু ভারতবর্ষের প্রধানমন্ত্রী পি.ভি. নরসিমা সরকার কিন্তু মানেন নি। আমরা লক্ষ্য করেছি আজকে এখানে পুলিশের কথা বলছেন, স্যার, ছাদনাতলায় মালা বদল করে কংগ্রেস আর বি.জে.পি একসঙ্গে। বৈবাহিক আবদ্ধ হননি ঠিকই কিন্তু একই ছাদের তলায় কংগ্রেস আর বি.জে.পি. ঘর কন্যা করে। এটাতো আমরা লক্ষ্য করেছি স্পিকার, ডেপুটি স্পিকার নির্বাচনের সময়। জন্মু, কাশ্মীরে কে পতাকা তুলবে না ওই বি.জে.পি. যে আছে তাঁকে তুলতে হবে। বিশেষ বিমানে করে তাঁকে নিয়ে যাওয়া হল। জাতীয় পতাকা তোলবার জন্য তাঁকে নিয়ে যেতে হয়েছে। আজকে যদি পুলিশ খাতে টাকা না দেওয়া হয় তাহলে তো ওঁরাই নিজেরা মারামারি, কাটাকাটি করে মরবেন। একটু মারামারি, কাটাকাটি তো কম করতে পারেন। আর যদি বেশি টাকা না দেওয়া যায় তাহলে ওঁরাই দু দিন পরে বলবেন যে পুলিশ কোনও ব্যবস্থা নেয় না। এতো আমরা বালিগঞ্জ নির্বাচনের সময় দেখলাম, মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি আক্রান্ত হলেন। কারা করল? আমরা বর্ধমানেও একই জিনিস দেখলাম। সেখানেও এই একই অবস্থা। আজকে তাঁদের নিজেদের মধ্যেই গলদ রয়েছে। নিজেরাই মারামারি, কাটাকাটি করছেন। সুতরাং আজকে তো পুলিশ খাতে টাকা দিতেই হবে। তা না হলে ওঁরা নিজেরা খুনোখুনিতে মরে যাবেন। স্বাভাবিকভাবে সেই বিষয়টার দিকে তাকিয়ে আমাদের চিন্তা-ভাবনা করতে হবে। তাই আমি বলব, মাননীয় বিরোধী সদস্যদের আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে Appropriation Bill Submit করেছেন তাকে সমর্থন করুন নিজেদের স্বার্থে এইবলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 P.M.]

শ্রী শিবপ্রসাদ দলুই ঃ মাননীয় চেয়ারম্যান মহোদয় আজকে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল মন্ত্রী মহাশয় এনেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। এর আগে বিরোধী দলের সদস্যরা অনেক কথা বলেছেন, কিন্তু তাদের অতীত ব্যর্থতার কথা একেবারে বলেন নি। যাইহোক, তাঁরা বিরোধিতা করার জন্য বলেছেন। আমি যেটা বলতে চাইছি, পশ্চিমবঙ্গ সরকার যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থেকে একটি অঙ্গ রাজ্যে সীমাবদ্ধতার মধ্যে কাজ করে যাচ্ছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার এই সরকারের প্রতি বারে বারে বঞ্চনা করেছেন। ৩২৫ কোটি টাকা দেয় নি। ১০০৭ কোটি টাকার গপ্পো শোনানো হয়েছে—ইত্যাদি কথা আমরা তুলতে পারি। দুর্নীতির কথা বললেন, সাম্প্রতিককালে যে শেয়ার কেলেঙ্কারী হল তাতে সারা দেশের মানুষের মাথা নুইয়ে দেওয়া হয়েছে। আর বালিগঞ্জের কথা বললেন, ১৯৭২ সালের নির্বাচন কয়েক ঘন্টার মধ্যে শেষ হয়ে গিয়েছিল। চোরা ভোটে সরকার গঠন করেছিলেন। আর বড়

বড় কথা বলছেন। পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল। কংগ্রেস আমলে যে অবস্থা ছিল, তার থেকে অত্যন্ত উন্নত। এখন মানুষ আন্দোলন করার সুযোগ পায়। আমাদের বারোশো কর্মী খুন হয়েছিল, একটাও মামলাও হয় নি। কিন্তু বর্তমানে আইনের শাসন আছে। ১৯৭৬ সালের কথা বলছি এখানে একজন সদস্য নরেশ চাকি বলেছিলেন ঃ "আমি জানতে চাই—পশ্চিমবাংলায় সাধারণ মানুষের উপর যে অত্যাচার চলছে—তার কি বিচার হবে? আমি জানি জনৈক মন্ত্রী নদীয়া জেলায় অত্যাচার চালাচ্ছেন। আমি নদীয়া জেলার ২২ লক্ষ মানুষের তরফ থেকে বলছি— এই অত্যাচারের জবাব চাই।" আর একজন সদস্য শ্রী বিমল দাস ১৯৮৬ সালে বলেছিলেনঃ "২৫ নভেম্বর রাত্রে মালদহ জেলার হবিবপুর থানায় সি.পি.আই অফিস আছে। সেই অফিসে পুলিশ হঠাৎ গুলি চালায়। গভীর রাতে পুলিশ অফিস তছনছ করে। লুট পাট করে নিয়ে যায় জিনিসপত্র। যে সমস্ত কর্মীরা অফিসে ঘুমোচ্ছিল—তাদের উপর অকথ্যভাবে অত্যাচার চালানো হয়।" এই বিধানসভায় উল্লেখ করা হয়েছিল। আর একজন সদস্য বলেছিলেন, কুমারদীপ্তি সেনগুপ্ত ১৯৭৬ সালে ঃ "আজকে সারা দিন ধরে যতক্ষণ পর্যন্ত বিধানসভা বসেছে ততক্ষণ পর্যন্ত পুলিশি সন্ত্রাস, পুলিশি বিভিষিকা, পুলিশি অত্যাচার এখানে বিবৃত হল। আব্দুল মালেক একজন মাস্টার মশাই প্রতিবাদ করেছিলেন। তাকে বলা হয়েছিল তোর কোনও কংগ্রেস বাব আছে তোকে রক্ষা করবে। তোর হাত ভেঙ্গে দেব। তারপর তাকে উলঙ্গ করে দেওয়া হল। সে জল চাইল—তখন তার বুকে চাবুক মারা হল এবং লাথি মারা হল। আমি মনে করি মন্ত্রিসভা বেঁচে নেই। পশ্চিমবঙ্গে জঙ্গলের রাজত্ব চলছে। এখানে চেঙ্গিজ খাঁ এসেছে—হিটলারী রাজত্ব সৃষ্টি হয়েছে। কি প্রয়োজন আছে মন্ত্রীর থাকার। তার পদত্যাগ করা উচিত।" এইখানে বলেছিলেন, বিধানসভায় বলেছিলেন। শিক্ষার কথা বললেন, আমি বলতে চাই, ওঁদের আমলে যে অবস্থা ছিল এখন তার থেকে অত্যন্ত উন্নত। আরও অনেক কথা আছে। সত্য বাপুলি মহাশয় বলেছিলেন ১৯৭৬ সালে ঃ "সাহর জনকল্যাণ বিদ্যালয় যে আছে সেখানে শিক্ষকরা অনশন ধর্মঘট করছেন। সেখানে হেড মাস্টারকে ছাত্ররা গুন্ডা নিয়ে মেরেছে—জখম করেছে। আমি জানাতে চাই—সাগর, পাথরপ্রতিমা, কাকদ্বীপ এর শিক্ষকরা তাঁরা তাঁদের দুরবস্থার কথা জানাতে এসেছেন। বাইরে অপেক্ষা করছেন। এডুকেশন মিনিস্টার তাঁদের সঙ্গে দেখা করুন। ছাত্ররা মাইনে দিতে পারছে না, স্কুল চালাতে পারছে না।" আর একজন বলেছিলেন এই বিধানসভায় হরশঙ্কর ভট্টাচার্য "গত কয়েক মাস ধরে উচ্চ শিক্ষা জগতে প্রচন্ড বিশৃঙ্খলা চলছে। শিক্ষা জগৎ সম্পূর্ণ নাজেহাল হয়ে গিয়েছে। গন্ডগোলের মাত্রা এত বেশি হয়ে গিয়েছে যে লেখাপড়া সম্পূর্ণ উঠে যাচ্ছে। এবং ছাত্রদের একটা জেনারেশন সম্পূর্ণ ধ্বংস হতে চলেছে।"

মাননীয় বিরোধীদলের সদস্যরা পঞ্চায়েতের কথা বললেন। স্যার, কংগ্রেসের আমলে তারা পঞ্চায়েতের নির্বাচন করেন নি। বামফ্রন্ট ক্ষমতায় আসার পর আমরা বারে বারে পঞ্চায়েতের নির্বাচন করেছি এবং পঞ্চায়েতের মাধ্যমে কাজ করে গ্রামের আমূল পরিবর্তন

ঘটিয়েছি। সেখানে গণতন্ত্রীকরণের মাধ্যমে যে কাজ করা হয়েছে তাতে একথা বলা যায় যে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় পঞ্চায়েত ব্যবস্থা খুবই উন্নত এবং সবচেয়ে ভাল অবস্থায় আছে। এটা শুধু আমাদের কথা নয়, পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে কেন্দ্রীয় সরকারও প্রশংসা করেছেন। এর পর আমি সাম্প্রদায়িক সম্প্রীতির কথায় আসি। সাম্প্রদায়িক সম্প্রীতির ব্যাপারে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার অবস্থা সবচেয়ে ভাল। এখানে সাম্প্রদায়িক ব্যাপার নিয়ে কেউ গোলমালের চেষ্টা করলে সঙ্গে সঙ্গে সেটা থামিয়ে দেওয়ার চেষ্টা করা হয়। এই প্রসঙ্গে আমি কংগ্রেসি বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং শ্রী রাজীব গান্ধীর হত্যাকান্ডের পর সারা ভারতবর্ষে যখন ডামাডোল সৃষ্টি হয়েছিল এবং একটা অস্থির অবস্থার সৃষ্টি হয়েছিল সেখানে পশ্চিমবাংলায় তা করা সম্ভব হয় নি। সামান্য দু/একটা ছোটখাট ঘটনা ঘটলেও বড় ধরনের কোনও ঘটনা ঘটে নি। এটা না ঘটার কারণ হচ্ছে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছেন এবং এই সরকারের সতর্ক দৃষ্টির জন্যই তা সম্ভব হয়েছে। এটা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে সম্ভব হয়নি। এর পর আমি তফসিল জাতি এবং উপজাতিদের নিরাপত্তার প্রশ্নে আসছি। এ ব্যাপারেও পশ্চিমবঙ্গের স্থান ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় সবচেয়ে ভাল। এখানে তফসিলি জাতি উপজাতি মানুষরা পুলিশের দ্বারা অত্যাচারিত হয় না এবং জোতদাররা তাদের সঙ্গে এখানে বদমাইশি করার সুযোগ পায় না। এই প্রসঙ্গে শ্রী সরোজ রায় কি বলেছিলেন সেটা একটু বলছি। ওদের আমলে ১৯৭৬ সালে, সেটা বলছি। গ্রামাঞ্চলে বর্গাদাররা কি অবস্থায় পড়েছে—একেবারে অরাজকতা বলা চলে। বর্গাদারদের মালিকরা উচ্ছেদ করছে আর সেখানে পুলিশ সাহায্য করছে মালিকদের। জোতদাররা রাতারাতি কংগ্রেস হয়ে যাচ্ছে। তিনটি পয়েন্ট একসঙ্গে মিলিত হয়ে বর্গাদারদের বিরুদ্ধে কাজ করছে এক, পুলিশ আর এক হচ্ছে জোতদার এবং আর এক হচ্ছে কোর্ট। স্যার, এই ছিল এখানে কংগ্রেসের সরকারের হাল। স্যার, আমি যে এলাকা থেকে নির্বাচিত সেই এলাকার এক কংগ্রেসি সদস্য এই বিধানসভায় বলেছিলেন ১৯৭৬ সালে যে,পশ্চিমবাংলায় ৯৫ লক্ষ তফসিলি এবং ২০ লক্ষ আদিবাসী বাস করে। বর্তমানে ফসল কাটার সময় বর্গাদাররা ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। বর্ধমান জেলার খন্ডঘোষ ব্লকের কয়েকটি জায়গায় বর্গাদারকে উচ্ছেদ করছে জোতদাররা এবং পুলিশ এ ব্যাপারে নীরব দর্শকের ভূমিকা অবলম্বন করে আছে। বেআইনিভাবে জোতদাররা পুলিশের সাহায্যে ফসল কেটে নিচ্ছে। একজন কংগ্রেসি সদস্য আমি যে এলাকা থেকে নির্বাচিত সেই এলাকা থেকে নির্বাচিত হয়ে এসে একথা বলেছিলেন। এই হচ্ছে কংগ্রেসের অবস্থা। কংগ্রেসের সদস্যরা কিন্তু এইসব কথা একবারও বললেন না। এর পর আমি কৃষির কথায় আসি। ভারতবর্ষের মধ্যে কৃষি ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা জায়গা করে নিতে পেরেছে। রাজ্যে কৃষির উন্নতির ফলে গ্রামাঞ্চলে মাথাপিছু আয়ের ক্ষেত্রে এ রাজ্যের স্থান উপরের দিকে। কৃষি ক্ষেত্রের এই পরিবর্তন এ রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে অনুসৃত মূল নীতির সঙ্গে সম্পর্কযুক্ত। এই নীতি শুরু হয়েছে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে। এখানে বর্গাদারদের জমি ব্যবহার করার অধিকার নিশ্চিত করা হয়েছে। পরে ধাপে ধাপে আরও উন্নতি হয়েছে।

সিলিং-এর বাইরের জমি নিয়ে খাস করে সেই জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে। তাছাড়া ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জমি ছাড়া অন্যান্য উপকরণ যেমন ঋণ, সেচ, বীজ, সার সরবরাহ করা হয়েছে। বিকেন্দ্রীকৃত জেলা পরিকল্পনার মাধ্যমে এবং পঞ্চায়েতের সাহায্যে গ্রামীণ দরিদ্র জনগণের সক্রিয় সহযোগিতা নানান প্রকল্প রূপায়িত হচ্ছে। এই নীতির ফলে শুধু যে গ্রামাঞ্চলে কায়েমী স্বার্থবাদীদের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতা কমেছে তাই নয় এই সঙ্গে দরিদ্র চাষীদের এক বিশাল অংশের কাছে চাষের উন্নতির ব্যবস্থাও পৌঁছে দিতে পারা গেছে। স্যার, আমার সময় অল্প, আমি তাই পরিশেষে বলব, ১৯৭১ সালে যেখানে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্প ছিল ১৯ হাজার ৪২৩ টি সেখানে ১৯৮৬ সালে এই সংখ্যা হয়েছে ১ লক্ষ ২৫ হাজার ৫৭টি। ১৯৭১ সালে ভারতের মোট ক্ষুদ্র শিল্পের ৮.১ শতাংশ ছিল এখানে এবং এ ব্যাপারে এ রাজ্যের স্থান ছিল ৫-ম আর ১৯৮৬ সালে এটা হয়েছে ১৩ শতাংশ এবং এ ব্যাপারে পশ্চিমবঙ্গের স্থান প্রথম। স্যার, এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বিলকে সমর্থন করে এবং মাননীয় বিরোধী সদস্যরা যে সব বক্তব্য রেখেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[3-50 — 4-00 P.M.]

শ্রী শৈলজাকুমার দাস : মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল ১৯৯২-৯৩ সালের জন্য এনেছেন, সেই আলোচনার অংশ নিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। শাসক দলের বন্ধুরা, তাঁরা আলোচনায় মুখ্যত যে কথা বলবার চেষ্টা করেছেন, যে সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে থেকেও পশ্চিমবাংলায় তারা অনেক উন্নয়ন করতে পেরেছেন। কিন্তু আমাদের অভিজ্ঞতা কি বলে? আমরা প্রতিটি দপ্তর সম্পর্কে যখন পুঙ্খানুপুঙ্খ ভাবে বিশ্লেষণ করি এবং প্রতিটি দিনের অভিজ্ঞতায় কি দেখতে পারি, আমরা দেখতে পাচ্ছি গত ১৫ বছরে পশ্চিমবাংলাটা তিল তিল করে সর্বনাশের পথে এগিয়ে যাচ্ছে। আজকে এই রাজ্য সরকার তারা সীমিত অর্থনৈতিক ক্ষমতা এবং কেন্দ্রর বঞ্চনার কথা তারা বলছেন। আমরা এই কথা বিশ্বাস করি না, পশ্চিমবাংলা ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য, ভারতবর্ষের একটা যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে এই রাজ্যটা চলছে, ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যগুলো কি ভাবে এগোচ্ছে দেখুন, তারা এগোচ্ছে কারণ তাদের একটা পরিকল্পিত ব্যবস্থা আছে, তাই তারা এগোচ্ছে। আজকে আমাদের পক্ষ থেকে যা বক্তব্য রাখা হয়েছে তারা প্রত্যেকেই বলেছেন গত ১৫ বছরে কি ভাবে দুর্নীতি সর্ব স্তরে সংক্রামিত হয়েছে। সেই কথা তারা উল্লেখ করেছেন। তার জবাব দিতে গিয়ে বিরোধী পক্ষের বন্ধুরা বললেন রাজীব গান্ধীর দুর্নীতির কথা, তারা বোফোর্সের কথা বলেছেন। কিন্তু এই কথা বহুবার আলোচিত হয়েছে। এই আলোচনা বেশি না করাই ভাল। কিন্তু আমি স্পষ্ট ভাবে এই কথা বলতে চাই এবং যারা বলছেন, তারাও জানেন যে একটা কল্পিত ভাবে এই দুর্নীতির কথা, একটা ভাঁওতা রাজীব গান্ধীর বিরুদ্ধে তারা ১৯৮৯ সালের নির্বাচনের সময় সারা ভারতবর্ষে তুলেছিলেন, কিন্তু এখনও পর্যন্ত কোনও রেকর্ড দিয়ে, কোনও কাগজ পত্র দিয়ে এই কথা, দুর্নীতির কথা

রাজীব গান্ধীর বিরুদ্ধে প্রমাণ করতে পারেন নি। বরং আমরা যদি এই কথা বলি, আজকে পশ্চিমবাংলার যিনি মুখ্যমন্ত্রী তাঁর ছেলে চন্দন বসু, জ্যোতি বসুর মুখ্যমন্ত্রিত্বের শুরুতে যিনি একজন সামান্য কেরানী ছিলেন, তিনি আজকে কত টাকার মালিক হয়েছেন, কত ব্যবসা ফেঁদেছেন। আজকে কত সম্পদ সংগ্রহ করেছেন, তার জবাব তারা দেবেন কি? আজকে এই কথা তারা বলবেন না। ইস্টার্ন বিস্কুট ফ্যাক্টারি দুর্গাপুর, সেখানে কত টাকার এক্সাইজ ডিউটি ফাঁকি দিয়েছেন এবং তা থেকে রক্ষা পাবার জন্য ইন্দিরা গান্ধীর শরণাপন্ন পর্যন্ত হয়েছিলেন কি না? আজকে এই কথা বলতে চাই, মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে এই অর্থমন্ত্রীর কাছে, আজকে শিক্ষা স্বাস্থ্য—স্বাস্থ্যের কথা বলতে গিয়ে আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত, সেই কেন্দ্র কাঁথি নয় পশ্চিমবাংলার মধ্যে একটা মাত্র মফস্বলে আয়ুর্বেদিক কলেজ ছিল কাঁথিতে, সেখানে ডিপ্লোমা কোর্সে পড়ানো হত। সর্ব ভারতীয় একটা সিদ্ধান্ত হল, আয়ুর্বেদে ডিপ্লোমা কোর্স থাকবে না। তাই সেই কলেজটা উঠে গেল। আজ পর্যন্ত বহু আবেদন নিবেদন করা হয়েছে এবং বামফ্রন্ট সরকারের এক একজন স্বাস্থ্যমন্ত্রী সেই কলেজ ভিজিট করে আশ্বাস দিয়ে এসেছেন যে ডিগ্রি কলেজ চালু করা হবে। কিন্তু আজ পর্যন্ত ডিগ্রি কোর্স চালু করা যায়নি অর্থের অভাবে। তাহলে কি করে বলব পশ্চিমবাংলার উন্নয়ন ঘটছে, উন্নয়নের পথে এগোচ্ছে।

স্যার, গত ১৫ বছরে গোটা পশ্চিমবাংলায় বিদ্যালয়ের সংখ্যা বাড়ে নি। আমি মেদিনীপুর জেলার কাঁথি শহর থেকে নির্বাচিত হয়ে এসেছি। আমাদের কাঁথি মহকুমা শহরে গত ১৫ বছর আগে ২২-টি প্রাইমারি বিদ্যালয় ছিল। ১৫ বছর পরে আজও সেখানে ২২-টি প্রাইমারি বিদ্যালয় আছে, ২৩-টি হয় নি। ১৫ বছরে একটিও বাড়ে নি। এ বিষয়ে যখন দরবার করি তখন শুনি যে, অর্থ নেই। এ ছাড়াও প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণী থেকে ছাত্ররা পাস করে পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে পারছে না। কারণ স্কুল বিল্ডিং নেই, মাস্টার বেশি নেই, স্কুলের সংখ্যা বাড়ে নি। ফলে বেশি ছাত্র ভর্তি করা যাচ্ছে না। এলিমিনেশন টেস্টে বহু ছেলেকে এলিমিনেট করা হচ্ছে। তাদের ঘরে বসে থাকতে হচ্ছে। তারা পড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এটাই কি শিক্ষার অগ্রগতি? নিশ্চয়ই এটা শিক্ষার অগ্রগতি নয়।

চেয়ারম্যান স্যার, আজকে রাজ্যে পানীয় জলের কি অবস্থা হয়েছে তা আমরা সকলেই অবগত আছি। মেদিনীপুর জেলার বিস্তীর্ণ অঞ্চল স্যালাইন ওয়াটার অঞ্চল। ফলে সেখানে টিউবওয়েল পুঁতে পানীয় জল সরবরাহ করা যায় না। অথচ ঐ বিস্তীর্ণ অঞ্চলে পানীয় জল সরবরাহ করার জন্য নতুন কোনও প্রকল্প তো গ্রহণ করা হয় নি, উপরন্তু অতীতের যে কয়েকটি পানীয় জল সরবরাহের প্রকল্প চালু ছিল সেগুলিও অকেজো হয়ে গেছে। কংগ্রেস আমলে ওখানে তিনটি জল সরবরাহ প্রকল্প রূপায়িত হয়েছিল। জলাধার হয়েছিল, পাম্প লাগান হয়েছিল এবং জল সরবরাহও হয়েছিল। সেই জল সরবরাহ প্রকল্পগুলিতে যে টিউবওয়েলগুলি থেকে জল তোলা হত সেগুলি কোনটা ৪ বছর আগে নষ্ট হয়ে গেছে, কোনটা ১০ বছর আগে নষ্ট হয়ে গেছে, কিন্তু সেগুলির আর মেরামত করা হচ্ছে না। কারণ

কি, না অর্থাভাব। অর্থ নেই তাই সেগুলির সংস্কার হচ্ছে না। এর নাম উন্নয়ন? এর নাম মানুষের সেবা? এর নাম মানুষের উন্নতি?

বিগত ১০ বছরে আমাদের মেদিনীপুর জেলায় একজনও প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয় নি। আড়াই হাজার প্রাথমিক শিক্ষকের পদ শূন্য হয়ে আছে। ফলে স্কুলগুলির অবস্থা সঙ্গীন। কেন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হচ্ছে না? অর্থাভাব।

স্যার, আমরা এই বাজেটে লক্ষ্য করছি যে, সরকারের প্রতি ১ টাকায় ৯১ পয়সা শুধু মাইনে দিতেই চলে যাচ্ছে। এরপরেও ১৯৯১-৯২ সালে এমবার্গো করে প্রতিটি দপ্তর থেকে বরাদ্দ কার্টেল করা হয়েছে। উন্নয়নের জন্য টাকা পাওয়া যায় নি। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই যে, গত এক মাসে ট্রেজারিগুলিতে কত রকম সার্কুলার গিয়েছে? আমি জানি কয়েক রকমের সার্কুলার গিয়েছে। গত সোমবার আমি নিজে দেখে এসেছি সার্কুলার গিয়েছে, তাতে বলা হয়েছে, কোনও রকম পেমেন্ট করা চলবে না। যদি কোনও এমার্জেন্সী প্রয়োজন হয় তাহলে ফিনান্স দপ্তর থেকে আগাম অনুমতি নিতে হবে। কেন? কি ব্যাপার? এ যেন অর্থ দপ্তর থেকে একটা তুঘলকি প্রশাসন চালানো হচ্ছে। আজকের খবরের কাগজেই দেখলাম যে সেই সার্কুলারকে সংশোধন করে বলা হয়েছে, কেবল মাত্র সরকারি কর্মচারিদের জন্য যে টাকা দরকার সেটাই পেমেন্ট করা যাবে, বাকি সমস্ত পেমেন্ট বন্ধ। এর ফলে আজকে আমরা দেখছি উন্নয়নের অবস্থা সঙ্গীন এবং দুর্নীতি একটা নিয়মে পরিণত হয়েছে। আজকে এই অবস্থার মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার চলছে।

পরিশেষে আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে এ কথা বলতে চাই যে, যে প্রতিশ্রুতি দিয়ে, যে অঙ্গীকার করে আপনারা ক্ষমতায় এসেছিলেন সেটা তো রাখতেই পারেন নি, উপরন্তু এক ভয়াবহ অবস্থার আপনারা সৃষ্টি করেছেন। সেই ভয়াবহতা আজকে নানাভাবে আপনার বাজেটের মধ্যে দিয়ে প্রকাশিত হয়ে পড়েছে। আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের ওপর আলোচনায় অংশ গ্রহণ করে এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 P.M.]

ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ মাননীয় সভাপতি মহাশয়, ২ নম্বর অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর আলোচনায় এই বিলের সমর্থনে বক্তব্য রাখছি। বক্তব্য রাখছি এমন একটি মুহূর্তে যখন রাজ্য সরকার এক তীব্র আর্থিক সংকটের মুখোমুখি দাঁড়িয়ে। কিন্তু কেন সংকট হল, কি করে এই সংকট থেকে আমরা বেরিয়ে আসতে পারব এই মূল প্রশ্ন সামনে রেখে আমরা বক্তব্য মাননীয় সভাপতি মহাশয় আমি রাখার চেষ্টা করছি এবং খোলাখুলি আমি আমার বক্তব্য রাখব। বক্তব্য রাখতে গিয়ে মাননীয় বিরোধী দলের বিধায়করা যে প্রশ্নগুলি তুলেছেন তার যতগুলি তাৎক্ষণিক শুনে উত্তর দেওয়া সম্ভব আমি উত্তর দেবার চেষ্টা করব। আমি বললাম, একটা সংকটের মুখোমুখি দাঁড়িয়ে আমি বক্তব্য রাখছি। কিন্তু ঠিক এই ধরনের তীব্র

সংকট আগে ছিল না। রাজ্যস্তরে আমাদের সীমিত ক্ষমতা, সেই সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা একটা জায়গায় যাবার চেষ্টা করেছিলাম। কিছুটা ভারসাম্য জায়গায় যাবার চেষ্টা করেছিলাম। সেখান থেকে কি করে সংকট হল—আমি মাননীয় সভাপতি মহাশয় আপনার অনুমতি নিয়ে একটু পিছনের দিকে তাকাচ্ছি। আমি পঞ্চম যোজনার সময় থেকে শুরু করছি যেহেতু মাননীয় বিরোধী দলের সদস্যদের বক্তব্য মাঝে মাঝে কিছুটা সেখান থেকে উদ্ধৃতি চলে এসেছে বলে পঞ্চম যোজনার সময় ১৯৭৪ থেকে ১৯৭৮ সাল প্রথম মূল সময়ে আপনারা রাজ্যে ছিলেন, কেন্দ্রেও আপনারাই ছিলেন মূল সময়ে। এই পঞ্চম যোজনায় পরিকল্পনা খাতে বরাদ্দ ছিল ১ হাজার ২৪৭ কোটি টাকা। বাস্তবিক খরচ হয় ৮৩৯ কোটি টাকা, ৬৭ শতাংশ। বিভিন্ন দপ্তরের যা বরাদ্দ ছিল তার থেকে অনেক কম খরচ হয়। আমার হাতের কাছে যে তথ্য আছে তাতে দেখতে পাচ্ছি, বিদ্যুত-রাজ্য বিদ্যুত পর্যদের জন্য ২ কোটি ৬৭ লক্ষ টাকা ছিল, সেখানে ৮৭ লক্ষ টাকা খরচ হয়, সামগ্রিকভাবে ৬৭ শতাংশ খরচ হয়। তারপর ষষ্ঠ যোজনায় আমরা আসি। ষষ্ঠ যোজনায় আমাদের বরাদ্দ ছিল ৩ হাজার ৫০০ কোটি টাকা, খরচ হল ২ হাজার ২৬৭ কোটি টাকা, ৬৮ শতাংশ। এখানে বলা প্রয়োজন যেটা মাননীয় সদস্য শ্রী অতীশচন্দ্র সিনহা মহাশয় তুলেছেন—কোনও বঞ্চনা উনি দেখতে পাননি। ষষ্ঠ যোজনার একটা বঞ্চনার কথা পশ্চিমবাংলার মানুষ ভুলবে না। সেই সময়ে অষ্টম অর্থ কমিশন ৩২৫ কোটি টাকা বিশেষ করে সুপারিশ করেছিলেন পশ্চিমবাংলার জন্য। সেটা আমরা শূন্য পাই এবং ষষ্ঠ যোজনার শেষ বছরে কেন্দ্রীয় পরিকল্পনা সাহায্য প্রায় শূন্য পেয়েছিলাম। আমাদের ৬৮ শতাংশ খরচ করতে পারি আমাদের বরাদ্দের পঞ্চম যোজনায় তাই ছিল। সপ্তম যোজনায় ১৯৮৪-৮৫ সাল থেকে ১৯৮৯-৯০ সালে সপ্তম যোজনায় বরাদ্দ ছিল ৪ হাজার ১২৫ কোটি টাকা। এবারে আমরা খরচ করতে সক্ষম হই ৪ হাজার ৫১১ কোটি টাকা, ১০৯ শতাংশ, যা বরাদ্দ ছিল ১০০ থেকে কিছুটা বেশি, ৯ শতাংশ বেশি। এটা উল্লেখ করা প্রয়োজন সেই সময় দ্বিতীয় বামফ্রন্ট সরকার এসে গেছে। যেখানে কেন্দ্রের পরিকল্পনা সাহায্য খাতে দেওয়ার কথা ছিল ১ হাজার ২১৪ কোটি টাকা, মোট পরিকল্পনা ব্যয়ের ২৫ শতাংশের মতন, সেটা পাওয়া যায়নি, পাওয়া যায় ১ হাজার ১৪৪ কোটি টাকা, ৬ শতাংশের কম। রাজ্য সরকার নিজেদের সম্পদ সংগ্রহের কথা বলেছিল ২ হাজার ৯১১ কোটি টাকা, সেটা আমরা অতিক্রম করতে সক্ষম হই। আমরা সেটাকে অতিক্রম করতে সক্ষম হই। ২৯১১ কোটি টাকা নয়, রাজ্যের সম্পদ সংগ্রহ করে ৩৩৬৭ কোটি টাকা, ১৫ শতাংশ বেশি, সেটা ঐ ৬ শতাংশ কে কাটিয়ে ৯ শতাংশ বেশি পরিকল্পনা খরচ সম্ভব হয়। আমরা এখানে উল্লেখ করতে চাই এই কারণে যে একটা বক্তব্য এসেছে ভারসাম্য রাখার ক্ষেত্রে। আমরা বলি যে, সেই সময়ে নতুন নিয়ম এসে গেছে, পর পর ৭ দিনের বেশি ওভার ড্রাফট রাখা যায় না। আমরা চেষ্টা করেছি প্রতিদিন আয় ব্যয়ের মধ্যে ভারসাম্য রাখতে। ১৯৮৭-৮৮ সালে দুটি বিচ্ছিন্ন দিনে ওভার ড্রাফট নিতে হয়েছিল, ১৯৮৮-৮৯ সালে গোটা বছরে একটিও ওভার ড্রাফট নিতে হয় নি। ১৯৮৯-৯০ সালেও গোটা বছরে একটিও ওভার ড্রাফট নিতে হয় নি। আমাদের মাঝে মাঝে এ রকম বক্রোক্তি শুনতে হয়েছে যে,

আপনারা এ ধরণের বাজেট করেছেন, কিন্তু উন্নয়ন স্তব্ধ হয়ে গেছে। তথ্যটা তাড়াহুড়ো করে দেখে আসার সুযোগ হয় নি, তাই হঠাৎ এসে বলেছেন। আমরা দেখতে পাচ্ছি—কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য—এখানে কেন্দ্রীয় যোজনা কমিশনের ১৯৮৭-৮৮ থেকে ১৯৮৮-৮৯ সালে পরিকল্পনা বরাদ্দ ২১ শতাংশ বৃদ্ধি পায় এক বছরে, তার পরের বছরে ২৪ শতাংশ বৃদ্ধি পায়, এটা ইদানিংকালে সম্ভব হয়। শুধু অর্থ বরাদ্দ নয়, উন্নয়নের মূল যেটা উৎপাদনের জায়গায় সেখানে কিন্তু উর্ধ্বরেখা চোখে পড়তে শুরু করে। আমি আবার ভূমি সংস্কারের উপর গুরুত্ব দিয়েই বলছি, ভূমি সংস্কারের গুরুত্ব এইখানেই আসছে—মাননীয় বিধায়ক শ্রী অতীশ সিনহা মহাশয় একটা প্রশ্ন তুলেছেন আমূল ভূমিসংস্কার বলতে আপনারা কি বোঝেন? যা কৃষিযোগ্য জমি আছে তা সকলের মধ্যে বন্টন করতে পারলে ৫/৬ কাঠার বেশি আসে না, মাননীয় বিধায়ক শ্রী অতীশচন্দ্র সিনহা মহাশয়কে একটু মনে করাব নম্রতার সঙ্গে যে, উনি ভাগ করতে গিয়ে গোটা রাজ্যের জনসংখ্যা দিয়ে ভাগ করে ফেলেছেন। আমরা সাধারণভাবে বলি যে, কৃষি পরিবার হচ্ছে ৫৫ লক্ষ, আর কৃষিজমি ৫৫ লক্ষ হেক্টর, যদি সমান ভাবে একটুভাগ করে দেন তাহলে মাথা পিছু এক হেক্টর, অর্থাৎ, ২.৪৫ একর একটা পরিবার পিছু আসত। এটা আপনারা জানেন সেই ধরেই বলছি মাননীয় সভাপতি মহাশয় আপনার মাধ্যমে যেখানে ফার্ম ম্যানেজমেন্ট স্ট্যাডিজ্ যেটা কেন্দ্রীয় সরকার করেন, এবং রাজ্য স্তরে আমরাও করি, তার থেকে একটা বিস্ময়কর তথ্য যেটা আমাদের কাছে আনন্দদায়ক—আমি জানি না, মাননীয় বিধায়ক শ্রী সিনহার কাছে আনন্দদায়ক কিনা—যে একর প্রতি উৎপাদন বাড়ানোর সবচেয়ে বেশি রেকর্ড আমরা কিন্তু জমিদার, জোতদারদের জমি থেকে পাইনা, পাই সবচেয়ে ছোট কৃষকের জমি থেকে, তাই ভূমি সংস্কার করে জোতদার জমিদারদের কাছ থেকে উদ্বৃত্ত জমি নিয়ে গরিব কৃষককে দেওয়া হচ্ছে। এটা কোনও দয়া দাক্ষিণ্যের ব্যাপার নয়, যার হাতে উৎপাদনের বেশি রেকর্ড তার হাতে উৎপাদনের মাধ্যমে বৃদ্ধি পায়। আমরা মনে করি বৃদ্ধি পাচ্ছে, শুধু ভূমি সংস্কার নয়, তার সঙ্গে সেচের বিস্তার, আমি কেন্দ্রীয় যোজনা কমিশনের কথা উল্লেখ করছি যা চাষ যোগ্য জমি আছে তার ৪৫ শতাংশ সেচের ক্ষমতার আওতায় আনা সম্ভব হয়েছে। একটু উল্লেখ করি, যেহেতু বলা হচ্ছে, উন্নয়নের গতি স্তব্ধ হয়ে গেছে। সপ্তম যোজনায় বড় এবং ছোট সেচ বৃদ্ধি পেয়ে ৭.৬৫ লক্ষ হেক্টর জমিতে সেচের জল পৌছে দেবার লক্ষ্যমাত্রা ছিল। আমরা ৭.৬৫ লক্ষ হেক্টর নয়, তার থেকে বেশিই পেয়েছি, ৯.৪৪ লক্ষ হেক্টরে। বলা উচিত যে কৃষিতে খাদ্য শস্যের উৎপাদন এটা কিন্তু লক্ষ্যণীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। যেটা ১৯৭৫-৭৬ সালে ৭৬ লক্ষ টনের মতো ছিল, সেটা এখন ১২০ টনে চলে এসেছে, আমি কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা—গত বছরের উল্লেখ করছি। সপ্তম যোজনায় রাজ্যগুলির মধ্যে সবচেয়ে বেশি হারে খাদ্যশস্য বৃদ্ধি পেয়েছে পাঞ্জাব, হরিয়ানায় নয়, পশ্চিমবাংলায়। সপ্তম যোজনায় ৩৪ শতাংশ হারে খাদ্য শস্যের উৎপাদন বৃদ্ধি পেয়েছে, তারপরে হরিয়ানায় ২৪ শতাংশ, পাঞ্জাবে ২৩ শতাংশ। কেন্দ্রীয় সরকারের তথ্য, যাতে আমার তথ্য, বনাম আপনার তথ্যের মধ্যে কোনও সংঘাত না হয়, তাই আমি কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা উল্লেখ করলাম। আমরা নম্রতার সঙ্গে বলছি যে, ধানের উৎপাদনে

পশ্চিমবাংলা আজকে প্রথম।

[4-10 — 4-20 P.M.]

আলু উৎপাদনে দ্বিতীয়। খবর, শীঘ্রই প্রথম হয়ে যাব। মাছের উৎপাদনেও প্রথম। এরসঙ্গে বলছি, আমাদের রাজ্যের মধ্যে এই চালের স্বাভাবিক প্রক্রিয়াটা বজায় থাকে সেদিকে আমাদের লক্ষ্য দিতে হবে বলে এক্ষেত্রে সামাজিক নিয়ন্ত্রণ রাখতে হবে। কিন্তু চালের উৎপাদন বৃদ্ধি হয়েছে। শুধু উৎপাদন বৃদ্ধিই নয়, হেক্টর প্রতি উৎপাদন ক্ষমতায় অদ্ভুত প্রকৃতি লক্ষ্য করা গেছে। খাদ্যশস্যের যেখানে ১,৩৮২ কিলোগ্রাম হেক্টর প্রতি সারা ভারতবর্ষে উৎপাদন ক্ষমতার অধিকারী, পশ্চিমবঙ্গে সেটা ১,৭৩৫ কেজি হেক্টর প্রতি হয়েছে। আলু উৎপাদনে যেখানে সর্বভারতীয় ক্ষেত্রে উৎপাদন গড় হেক্টর প্রতি ১৬ টন, পশ্চিমবঙ্গে সেটা হেক্টর প্রতি ২৩ টন। শুধু উৎপাদন বৃদ্ধিই নয়, সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি, যাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ মনে করি; এখানে তার জাতীয় সমীক্ষার সর্বশেষ নমুনা উল্লেখ করছি। ১৯৮২-৮৩ সালে সারা ভারতে মাথা পিছু খাদ্যশস্য, ৩০ দিনে এক মাসের হিসাবে গ্রহণের পরিমাণ ছিল ১৪.৮০ কিলোগ্রাম, কিন্তু ১৯৮৯-৯০ সালে সর্বভারতীয় ক্ষেত্রে সেটা কমে ১৪ কিলোগ্রাম হয়েছে। পশ্চিমবঙ্গে সেটা ১৪.২৮ কিলোগ্রাম থেকে বেড়ে ১৫.৪৪ কিলোগ্রাম হয়েছে। এক্ষেত্রে বৃদ্ধির হারটা সারা ভারতবর্ষে প্রথম।

এখানে গ্রামীণ উন্নয়ন সম্পর্কে প্রশ্ন তুলেছেন সত্য বাপুলি মহাশয়। সংক্ষেপে তার উত্তর দিচ্ছি। প্রশ্ন উঠেছে পঞ্চায়েতের মাধ্যমে যে কাজ হচ্ছে সেটা ঠিকমতো হচ্ছে কিনা, দলবাজি হচ্ছে কিনা? আমাদের সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প আই.আর.ডি.পি.-তে সপ্তম যোজনায় লক্ষ্যমাত্রা ছিল ১০.১২ লক্ষ পরিবারের কাছে পৌছানো, তাদের সাহায্য করার। সেটা ১০০ শতাংশ অতিক্রম করে ১৪.০১ লক্ষ পরিবারের কাছে যেতে সক্ষম হয়েছি। ১৯৯১-৯২ সালে, যে বছর আমাদের আর্থিক সমস্যা ছিল, সেই বছর এক্ষেত্রে ১.৮৫ লক্ষ অতিক্রম করে ২ লক্ষ ছাড়িয়ে গেছে। ১০০ শতাংশ করা গেছে। এন.আর.ই.পি., বর্তমানে যেটা জওহর রোজগার যোজনা, এতেও ১৯৯১-৯২ সালে চূড়ান্ত আর্থিক অসুবিধার মধ্যেও যা লক্ষ্যমাত্রা ছিল তার ৯০ ভাগ অতিক্রম করা সম্ভব হয়েছে। একটু বলি যে, জওহর রোজগার যোজনায় কিন্তু হঠাৎ করে গত বছর মার্চ মাসে কেন্দ্রীয় সরকার ২০০ কোটি টাকা কেটে দেন। এটা আই.এম.এফ.এর শর্ত ছিল কিনা জানি না। তবে এর টাকা যা ১৯৯১-৯২ সালে আসার কথা ছিল, সেটা এপ্রিল মাসে পরের বছর এসেছে। এখানে প্রশ্ন উঠেছে, কাজটা কি ঠিকভাবে হচ্ছে? আমি কেন্দ্রীয় সরকারের গ্রামীণ উন্নয়ন বিভাগ থেকে এক্ষেত্রে যে কংকারেন্ট ইভালুয়েশন সার্ভে করা হয়েছে সেই রিপোর্ট থেকে উদ্ধৃতি করছি। এতে আই.আর.ডি.পি.র ক্ষেত্রে বলা হয়েছে, পশ্চিমবঙ্গে শতকরা ৯৫ ভাগ উপকৃতকে সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে। বলা হয়েছে, সর্বভারতীয় ক্ষেত্রে যেখানে যে সম্পদ দেওয়া হয়েছে সেটা যথাস্থানে আছে কিনা? এতে বলা হয়েছে, সর্বভারতীয় ক্ষেত্রে এবং ৭২ শতাংশ সম্পদ

ইনট্যাক্ট আছে, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৯৮ শতাংশ অ্যাসেটস ইনট্যাক্ট আছে। আয় বৃদ্ধি এক্ষেত্রে আই.আর.ডি.পি.র মাধ্যমে পরিবার পিছু ১,০০০ টাকার বেশি হয়েছে কিনা? এটা সারা ভারতবর্ষে ৫০ শতাংশ হয়েছে, পশ্চিমবঙ্গে ৮০ শতাংশ হয়েছে। জওহর রোজগার যোজনার ক্ষেত্রে যেহেতু প্রশ্ন উঠেছে, প্রশ্ন হচ্ছে যে সাধারণ মানুষকে যুক্ত করা হয়েছে কি না পঞ্চায়েতের সঙ্গে? সর্বভারতীয় ক্ষেত্রে ৫৫ শতাংশ ক্ষেত্রে হয়েছে পশ্চিমবাংলার ক্ষেত্রে শতকরা ১০০ ভাগ হয়েছে। এখানে প্রশ্ন, স্থানীয় সম্পদ ব্যবহার করা হয়েছে কি না? সর্ব ভারতীয় কৃষক এর মাধ্যমে কাজ পেয়েছে কি না? সর্ব ভারতীয় ক্ষেত্রে ৩৫ শতাংশ ক্ষেত্রে হয়েছে, পশ্চিমবঙ্গে ৮২ শতাংশ ক্ষেত্রে হয়েছে। আপনারা যে প্রশ্নগুলি তুলেছেন, আমি সেগুলি এখানে খন্ডন করলাম। ছোট শিল্পের ক্ষেত্রে খুব ভাল বক্তব্য রাখা হয়েছে আমি বলছি না। কিন্তু বড় শিল্পের ক্ষেত্রে, মাননীয় সদস্য অতীশ সিনহা বললেন যে এসব পিছিয়ে যাচ্ছে। আমি ওদের আমল থেকে আর্থিক সমীক্ষা এবং কেন্দ্রীয় সরকারের যে তথ্য, দুটোকে একত্রিত করে বলছি। বড় শিল্পের ক্ষেত্রে এবং শিল্প উৎপাদনের মোট সূচক, ৬০ দশকে যখন ওরা ছিলেন তখন প্রথম দিকে ছিল ১২০। তারপরে সেটা কমতে শুরু করে এবং ১৯৭৪-৭৫ সালে সব চেয়ে বেশি কমে যায়। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন যে সূচক ১২০ ছিল সেটা ১০২ হয়ে যায়। তারপরে আস্তে আস্তে উঠতে উঠতে ১৫০ গিয়ে দাঁড়ায়। এটা ইউ' সেপের মতো। ৬০ দশকের থেকে কমতে শুরু করে। আমরা মনে করি মাসুল সমীকরণ নীতি থাকার জন্য এটা কমতে শুরু করে এবং একেবারে কমে আপনাদের সময়ে এবং তারপরে এটা উঠে এখন ১৫০ এসেছে। আপনাদের অনেক বিরোধিতা সত্ত্বেও এটা হয়েছে। আপনি একটা সি.এস.টি.সি'র প্রশ্ন তুলেছেন। আমার হাতে কিছু তথ্য থাকে তার ভিত্তিতে আমি উত্তর দিচ্ছি। আপনার প্রশ্ন ছিল ভরতুকিকে কেন্দ্র করে, আর একটা ছিল ব্রেক ডাউন ফিগারকে কেন্দ্র করে। আমাকে শুনে শুনে তাড়াতাড়ি জোগাড় করতে হয়েছে। ব্রেক ডাউনে আপনি একটা বছরের উল্লেখ করে বলেছিলেন যে এর পরে ব্রেক ডাউন বাড়ল। আমি ৩ বছরের তথ্য এনেছি। সি.এস.টি.সি'র ক্ষেত্রে ১৯৯০-৯১ সালে ব্রেক ডাউনের যে পারসেন্টেজ দেওয়া হয়, এটা ছিল ১৪.০১ পারসেন্ট। ১৯৯১-৯২ সালে আপনার কথা শুনে মনে হচ্ছিল যে বেড়েছে, কিন্তু বাড়েনি, কমেছে। ব্রেক ডাউনের ফিগার হচ্ছে ১৩.০৫ পারসেন্টেজ, এটা কমেছে আরও অনেকগুলি তথ্য ট্রান্সপোর্টের আমার কাছে আছে। আপনি ব্রেক ডাউনের ফিগারটা একটু বলুন? (**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ ব্রেক ডাউনের ফিগার হচ্ছে ৫১১।**) সত্য বাপুলি মহাশয় এটা একটু বিভ্রান্তিকর হয়ে গেছে। ব্রেক ডাউনের শুধু উপরের সংখ্যাটা দিলেন। বাট ব্রেক ডাউন অ্যাজ এ পারসেন্টেজ অব হোয়াট? টোটাল বাসের সংখ্যা দিয়ে ব্রেক ডাউন এক্সপ্রেস করতে হয়। ট্রান্সপোর্ট ইকনমিকে এটা করে। তা না হলে বোঝা যায় না। আমরা তাই পারসেন্টেজ করি ঐ তথ্য নিয়ে। আমি শুধু ভাগ দিয়ে দেখলাম। (**শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ এটাতে একটা ফ্যালাসি থেকে যাচ্ছে। আমি টোটাল নাম্বার অব কার, টোটাল নাম্বার অব ব্রেক ডাউন—এটা চেয়েছি।**) মাননীয় সদস্য, সত্য বাপুলি মহাশয়, এটা কোনও ফ্যালাসি নয়। আমি বলেছি কত বাসের সংখ্যা—তার মধ্যে কত ব্রেক ডাউন

হয়েছে? আগে ছিল ১৪.১ পারসেন্ট, এটা কমে হয়েছে ১৩.৫ পারসেন্ট। এর মধ্যে ফ্যালাসি হলে ফ্যালাসি। এটা অত্যন্ত সহজ কথা। আপনি ভরতুকির কথা বলে একটু গোলমাল করলেন। আমি সমস্ত দেশের ভরতুকি ফিগার করেছি। পার বাস যেটা লস হয় পার ডে আমি ৩টি ট্রান্সপোর্ট কর্পোরেশনের কিছু তথ্য দিচ্ছি—সি.এস.টি.সি., দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশন, এবং পহেলবন। আমি ১৯৮৬-৮৭ থেকে ১৯৯১-৯২ এর ফার্স্ট কোয়ার্টার পেলাম। দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশন, এটাই সবটাই ভরতুকিতে চলছে। যেটা ছিল মাইনাস ৯৬২, সেটা ১৯৯১-৯২ তে বৃদ্ধি হয়ে হয়েছে মাইনাস ১.৭৩৮। পহেলবন—১৯৮৬-৮৭ সালে ছিল ৮৩, সেটা বৃদ্ধি পেয়ে হয়েছে মাইনাস ৩৮০। আর সি.এস.টি.সিতে ১৯৯০-৯১ তে ছিল মাইনাস ১২৫৪, সেটা বাড়েনি, সেটা কমে হয়েছে মাইনাস ৮৫৩।

[4-20 — 4-30 P.M.]

তবে আপনারা সাবসিডির কথা বলছেন তো? আমরা মনে করি সাধারণ মানুষের উপর চাপ সৃষ্টি করে ভাড়া বৃদ্ধি না করে প্রয়োজন হলে ভরতুকি কী দেব। সত্যরঞ্জন বাবু, এটা শুধু আপনার কথা নয়, এটা কেন্দ্রীয় সরকারও বলে। কেন্দ্রীয় সরকার বলে কেন জানেন? এখন কেন্দ্রীয় সরকারের একটা উপদেষ্টা আছে, তাঁরা বলে তাই। এই মুহূর্তে তাঁরা যেখানে প্রতিষ্ঠিত সেই আমেরিকা শহরের বিভিন্ন জায়গায় ভরতুকি কি দেয়। সেই তথ্য আমি দেব। সি.এস.টি.সি-তে আমাদের ভরতুকির পারসেন্টেজ হচ্ছে ৪৪। নিউইয়র্ক-এ হচ্ছে ৪০ পারসেন্ট এবং বোসটনে হচ্ছে ৬০ পারসেন্ট। তারা এই সমস্ত উপদেশ দিচ্ছে। কাদের কথা শুনে আপনারা বলছেন আমি বুঝতে পারছি না। এতো গেল ট্রান্সপোর্টে। মাননীয় স্পিকার মহাশয়, আমি শুধু প্রথমে বলেছিলাম এই জায়গায় আমরা যাওয়ার চেষ্টা করেছিলাম। উন্নয়নের এই গতি কৃষি, শিল্প, এবং অন্যান্য ক্ষেত্রে আনার আমরা চেষ্টা করেছিলাম। বলেছেন পরিকল্পনা বরাদ্দ এইভাবে এক-একটা বছরে ১০০ ভাগের বেশি বরাদ্দ করে কি হল? আমি আপনাদের খোলাখুলি ভাবে বলছি। ১৯৯০-৯১ সালে আমরা বেতন কাঠামো পুনর্বিন্যাস করি সরকারি কর্মচারী, মাননীয় শিক্ষক মহাশয়দের এবং অন্যান্যরাও যে সমস্ত প্রতিষ্ঠান আছে তাদের জন্য। অন্যান্য রাজ্য সরকার করেছে, তার আগে কেন্দ্রীয় সরকার করেছে, আমরাও করেছি। একটা কথা এখানে প্রথমেই বলি, মাননীয় বিধায়ক অতীশচন্দ্র সিনহা মহাশয় বললেন যে, আপনার বাজেটের ৯২ ভাগ মাইনে দিতে চলে যায় ইত্যাদি। আমি এখানে অনেক বার বলে দেওয়ার পর তথ্য দেবার পরেও আপনারা দেখার সময় পান না। আমি এখানে খুব পরিষ্কারভাবে বলেছি। আমাদের বাজেট ৭৭০০ কোটি টাকার। ১৯৯২-৯৩ সালে পরিকল্পনা বাজেট হচ্ছে ১৫০০ কোটি টাকা। পরিকল্পনা বহির্ভূত বাজেট তাকে বাদ দিয়ে আমি মোটা অঙ্কে বলছি—৭৭০০ কোটি টাকা থেকে ১৫০০ কোটি টাকা বাদ দিলে দাঁড়ায় ৬২০০ কোটি টাকা। এই ৬২০০ কোটি টাকার মধ্যে মাইনে দিতে কত টাকা যায়? মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি মহাশয় অর্ধ সত্য কথা বললেন। ৬২০০ কোটি টাকার মধ্যে ৩০০০ কোটি টাকা মাইনে দিতে চলে যায় আর ৩২০০ কোটি টাকা হচ্ছে

মেনটেনেন্সের উপর খরচ হয়, ঔষধের উপর খরচ হয় এবং ডায়েটের উপর খরচ হয়। এইগুলি কিন্তু বিরাট খরচ। এই ৭৭০০ কোটি টাকার মধ্যে মাইনে দিতে খরচ হয় ৩০০ কোটি টাকা যেটা মোট বাজেটের ৪০ শতাংশ। একটা কথা বলি আমরা মাননীয় শিক্ষকদের বেতনের দায়িত্ব ভারটা নিয়েছি, আপনারা নেননি। আপনাদের সময় যদিও আপনারা পেছিয়ে যান, মাননীয় শিক্ষকদের বেতনের দায়িত্ব ভার আপনারা যখন সরকারে ছিলেন তখন নেন নি। এটা না থাকলে তাহলে কিন্তু এই ৩০০০ কোটি টাকা থাকত না, অর্দ্ধেক হত এই ৩০০০ কোটি টাকার। তার মানে মোট বাজেটের ২০ শতাংশ হত। আমরা মাননীয় শিক্ষকদের দায়িত্ব নিয়েছি। মাননীয় শিক্ষকদের মাইনে দেবার জন্য যেটা দাঁড়াচ্ছে সেটা আপনারা মিলিয়ে দেখবেন তাহলে সব মিলে যাবে। ১৯৯০-৯১ সালে বেতন কাঠামোর পুনর্বিন্যাস হয়। আমি আপনাদের খোলাখুলি বলি যে বছর বেতনের পুনর্বিন্যাস হয় সেই বছর জানবেন প্রতিটি রাজ্যের আর্থিক ব্যবস্থার উপর একটা চাপ আসে। আমরা জানতাম এই চাপ আসবে। চাপ আসার পর এ.জি.-র প্রথমে একচুয়াল ফিগার যা পাওয়া গিয়েছিল, ১৯৯০-৯১ সালে পরিকল্পনা খাতে বরাদ্দ ছিল ১৩২৮ কোটি টাকার, তার আমরা ৮০ ভাগ এক রেখে রক্ষা করতে সমর্থ হয়েছি। নানান কারণ আছে। আমরা বক্রেশ্বরের ১৩৫ কোটি টাকার পেলাম না, শূন্য পেলাম। এটা হলে ৮০ শতাংশ থাকত না, ৯০ শতাংশ উঠত। এটা আমি ১৯৯০-৯১ সালের হিসাব দিলাম। ১৯৯১-৯২ সালে, যে বছরটা শেষ হল, আমি খোলাখুলি আলোচনা করছি, সেই বছরে কিন্তু বেতন কাঠামো পুনর্বিন্যাসের ঝড়-ঝাপটা গেছে। আগের বছর ১৯৯১-৯২ সালে নতুন কোনও ঝড়-ঝাপটা আসার কথা ছিল না। আমরা ১৪৮৬ কোটি টাকার পরিকল্পনা বরাদ্দ স্থির করি এবং আগের বছরে যেখানে ৮০ শতাংশ রক্ষা করেছি, রক্ষা করতে পারতাম মনে করেছিলাম, কেন না, মূল বেতন কাঠামোর পুনর্বিন্যাস হয়ে গেছে। কিন্তু দুটি অপ্রত্যাশিত আঘাত এল। এখন পুরো কারণটা আমরা জানি। প্রথমটা, পরিকল্পনা খাতে ২১৫ কোটি টাকা সাহায্য দেওয়া হবে বলে কেন্দ্রীয় যোজনা কমিশন থেকে আমাদের লিখিত ভাবে জানানো হয়েছিল। ১৯৯১-৯২ সাল আমরা অপেক্ষা করলাম। ১৯৯১-৯২ সাল এল, চলেও গেল। কিন্তু ২১৫ কোটি টাকা এল না। এর জায়গায় 'শূন্য' টাকা আমরা পেলাম। এটা লিখিত প্রতিশ্রুতি ছিল। স্বাধীনতার পর এই রকম কখনও হয় নি। তখন আমাদের বলা হয়, এই অর্থ আমরা দিতে পারছি না। আপনারা প্রয়োজন হলে আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লক্ষ্য করুন, আর্থিক প্রতিষ্ঠানের সুদের হার বেশি, সেই বেশি হারে সুদ দিয়ে ২১৫ কোটি টাকার মতো ক্ষতিপূরণ করার জন্য ঋণ দিতে পারেন বলা হল। আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে কথা হয়েছিল, কিন্তু কোনও ঋণ আমরা নিইনি। ওরা এই ঋণটা আমাদের কাঁধে চাপাতে চেয়েছিলেন—উই ওয়ার ফোর্সড টু টেক ইট। আমরা আগের বছর ঋণটা নিইনি। কিন্তু এই বছরের ঋণটা নিয়েছি। তবে ২১৫ কোটি টাকা নিতে চাইনি। আমরা একশো কোটি টাকার মতো ঋণ নিয়েছি। তারমধ্যে ৪০ কোটি টাকা নিয়েছি স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক—রাজ্য সমবায় ব্যাঙ্ক—এর কাছ থেকে এবং পিয়ারলেসের কাছ থেকে ৬০ কোটি টাকা, মোট ১০০ কোটি টাকা নিয়েছি

২০ পারসেন্ট রেট অফ ইন্টারেস্টে। ২১৫ কোটি টাকা দেওয়ার কথা ছিল, 'শূন্য' এল। আমরা বললাম সুদের হার কে বহন করবে—যদিও কেন্দ্রের পরিকল্পনা খাতে যে সাহায্য তার ৭০ ভাগ ঋণ, কিন্তু সুদের হারটা তো কম থাকে—এটা কে বহন করবে? রাজ্য সরকারকেই বহন করতে হবে। কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং পিয়ারলেসের কাছ থেকে এই ঋণটা আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়ে নিয়েছি—আমরা ভেবে স্বল্প মেয়াদী একটা ঋণ নিয়েছি। আমরা যখন বাজেটটা প্লেস করেছিলাম তখন বলতে পারিনি, এখন বলতে পারলাম। দ্বিতীয়ত ২১৫ কোটি টাকা ১৯৯১-৯২তে এল না। আর একটু বলে রাখি, স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে—মাননীয় বিধায়ক অতীশচন্দ্র সিনহা মহাশয় প্রশ্নটা তুলে ভাল করেছেন—আমরা বুঝতে পারিনি, স্বল্প সঞ্চয়ে ৩২৫ কোটি টাকা থেকে তিন বছরে তিন গুণের মতো বৃদ্ধি করে এক হাজার কোটি টাকায় নিয়ে গিয়েছিলাম—গ্রাম গঞ্জের যাঁরা আছেন তাঁরা এটা ভাল জানেন, সেখানে এটাতে একটা উৎসাহ দেওয়া হয়েছিল, বলা হয়েছিল আপনাদের লক্ষ্যমাত্রা পূরণ করতে পারলে অর্দ্ধেক জেলার কাজের জন্য দেওয়া হবে। আমরা একটা জোয়ার তুলেছিলাম স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট ব্যাঙ্ক ফান্ড স্কীমটা অগমেন্ট করে। বিস্ময়কর ঘটনা, গত এক বছর ধরে শুরু হল, স্বল্প সঞ্চয়ের সুদের হারের চাইতে সুদের হারটা একটু বেশি করে মিউচ্যুয়াল ফান্ড স্কীম করে ব্যাঙ্কগুলোতে ফ্লোট করা শুরু হল পরপর অত্যন্ত দ্রুততার সাথে। আমরা বললাম—বারবার বলেছি, আপনারা কি করছেন? কোটি কোটি টাকা , সত্তর পঁচাত্তর কোটি টাকা কমে গিয়ে সেটা তিরিশ কোটি, দশ কোটিতে কমে গেল। এটা হওয়া উচিত নয়। কারণ কেন্দ্রীয় সরকার সুদের হারটা ঠিক করেন। ক্যালেন্ডার ইয়ার পর্যন্ত, ডিসেম্বর পর্যন্ত ৪০ শতাংশ ক্ষতি হল। এরমধ্যে কংগ্রেস, সি.পি.এম বা বি.জে.পি.র ব্যাপার নেই—সব রাজ্যেরই এতে ক্ষতি হয়েছে। আমাদের এক হাজার কোটি টাকার চল্লিশ শতাংশ অর্থাৎ প্রায় ৪১৪ কোটি টাকার মতো ক্ষতি হল। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আমরা কিন্তু প্রথম স্থানে চলে গিয়েছিলাম। গ্রামেগঞ্জে সব পরিকল্পনা আমাদের যা আছে, সবটাতে পৌঁছুতে পারা যায় নি। এটা নিয়ে আপনারা প্রত্যেকে প্রায় বলেছেন। হ্যাঁ, পারা যায় নি।

[4-30 — 4-40 P.M.]

কারণটা জানবেন মূল এখানেই, রাজ্য অর্থ দপ্তরে নয়, অন্য জায়গায় কারণটা সৃষ্টি হয়েছে। এর কারণ শুধু দিল্লিতে নয়, এর পেছনে একটা ব্যাপার আছে, আমি এবার সেটাতেই আসছি। কেন এইরকম হল? আগে তো কখনও হয় নি। কেন্দ্রীয় সরকারের যোজনা কমিশন অর্থ দেবেন, আগে তো কখনও এইভাবে অর্থ দেবেন না বলেন নি। আজকে কেন এই রকম ঘটল? কেন্দ্রীয় যোজনা কমিশন থেকে আমাদের বলা হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের ব্যয়ের উপরে আই.এম.এফের শর্ত অনুযায়ী কতগুলি উর্ধ্বসীমা চলে এসেছে, তাই এই প্রতিশ্রুতিগুলো রাখতে পারছেন না। কিন্তু এতো ওঁদের সিদ্ধান্ত নয়, ওঁরা আরেকটা সিদ্ধান্ত মেনে নিয়েছেন তাই এই অবস্থা। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে কি হল জানেন? এখানে ১ হাজার কোটি টাকার থেকে ৪০০ কোটি টাকা কমে গেল। এই ৪০০ কোটি টাকা কোথায়

গেল? এই ৪০০ কোটি টাকা গেল মিউচ্যুয়াল ফান্ড এবং ব্যাঙ্ক ইত্যাদিতে। ব্যাঙ্ক এই ৪০০ কোটি টাকা দিয়ে কি করলেন সেটা আমরা পরে দেখতে পাব, সি বি আইয়ের এনকোয়ারী থেকেই বেরুবে। সেখানে এই ৪০০ কোটি টাকাকে সেয়ার মার্কেটে ঢুকিয়ে দেওয়া হল এবং শেয়ারের দামগুলোকে কৃত্রিমভাবে বাড়ানো হল। যেখানে উৎপাদন নেই সেখানে কৃত্রিমভাবে দাম বাড়ানো হল এবং পরে সেটা পড়েও গেল। এই যে ফেলিওর এটা নিয়ে আমি পরে আলোচনায় রাখছি। এখানে কোনও তর্ক-বিতর্কর বিষয় নয়। এই যে অর্থটা, এটা যদি স্বল্প সঞ্চয়ের জন্য রাজ্যের কাছে থাকত তাহলে এটা দিয়ে পরিকল্পনা খাতে খরচ হতে পারত অন্য বছরের মতো, কিন্তু স্বল্প সঞ্চয়ে বেসরকারিকরণ করা হল। সেখানে মানুষের সঞ্চয়ের অর্থ রাজ্য সরকারের কাছে থেকে নিয়ে ব্যাঙ্কগুলোর মাধ্যমে শেয়ার মার্কেটে ঢেলে দেওয়া হল। তারপরে আপনারা নতুন অর্থনীতির কথা বলেছেন, জেনে রাখুন নতুন অর্থনীতির সবচেয়ে বড় অর্থনীতি হচ্ছে সাধারণ মানুষের বিরুদ্ধে যাওয়া এবং তাতেই এখানে সবচেয়ে ফেলিওর বলে আমি মনে করছি। আজকে পশ্চিমবঙ্গের গ্রামে গঞ্জের রাস্তা ঠিক নয় বললেন, তারপরে কে একজন বললেন যে কাঁথির কথা, আমি বলি কি, জানেন এর পেছনে নয়া অর্থনীতি যুক্ত আছে। আজকে নয়া অর্থনীতির জন্য এই অবস্থা। আমি দায়িত্ব নিয়ে বলছি, এই পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কাছ থেকে টাকা নিয়ে শেয়ার মার্কেটে ঢালা হচ্ছে। আমি হিসাব পুরোপুরি দিচ্ছি, হ্যাঁ, এটা যদি যোগ করেন তাহলে দেখবেন যে ৪১৪ কোটি, ২১৫ কোটি এই দুটো মিলিয়ে হয় ৬২৯ কোটি টাকা। এখানে একটা প্রশ্ন মাননীয় বিধায়ক শ্রী অতীশ সিনহা মহাশয় রেখেছেন, তিনি বলেছেন কেন্দ্রীয় সরকার যে আয়ের ভাগ পান সেটা তো বাড়েনি। আমি তো খোলাখুলি বলেছি যে ১৯৯১-৯২ সালের আয়ের যে ভাগটা ধরা হয়েছে তার থেকে ৯৫ কোটি টাকা বেশি পাচ্ছি। সঙ্গে সঙ্গে তার নিচের লাইনটাও দেখবেন, সেখানে বাজেট অ্যাট এ গ্লান্স ৯৫ কোটি টাকা আমরা বেশি পেয়েছি। কিন্তু গ্রান্ট ইন এইডে সেখানে ৮৭ কোটি টাকা কম পেয়েছি। আর ইনস্টিটিউশনাল ফিনান্সের ক্ষেত্রে ১২ কোটি টাকা কম পেয়েছি। সুতরাং ৮৭ কোটি আর ১২ কোটি মিলিয়ে ৯৯ কোটি টাকা হচ্ছে। সেখানে মাইনাস ৪ করে ৯৫ কোটি টাকা করে দিচ্ছে। সুতরাং অতিরিক্ত যে আয় হয়েছে তা আয়কর ইত্যাদির থেকে হয়েছে, অন্যখাতে কম আয় হয়েছে। আমরা স্বল্প সঞ্চয়ের এবং সেন্ট্রাল প্ল্যান অ্যাসিস্ট্যান্সের ৬২৯ কোটি টাকা পেলাম না। আমাদের পরিকল্পনা বাজেটে ১৪৮৬ কোটি টাকা ধরা আছে, তার থেকে ৬২৯ কোটি টাকা বাদ দিলে পরিকল্পনা খাতে খরচ হওয়া উচিত ৭৫৭ কোটি টাকা। আপনারা যে প্রতিটি দপ্তর ধরে ধরে দেখছেন যে কম খরচ হয়েছে ঠিক এইরকম কম হওয়ার উৎসটা কোনখানে সেটা আগে দেখুন। আই এম এফের নির্দেশে তো আজকে এইসব হচ্ছে। আমাদের পরিকল্পনা বাজেটে এত কম পেয়েও ৭৫৭ কোটি টাকা করেছি, এরপরেও ৯১২ কোটি টাকাতে টেনে আমরা তুলতে পেরেছি এবং পরিকল্পনা বহির্ভূত খাতে কিছু সাশ্রয় আমরা করতে পেরেছি। এরজন্য কিছুক্ষেত্রে নিষেধাজ্ঞাও আরোপ করতে হয়েছে। আমরা এইকারণে নিষেধাজ্ঞা আরোপ করতে বাধ্য হয়েছি যে তা না হলে প্রতিদিনের আয়-ব্যয়ের মধ্যে কোনও সামঞ্জস্য থাকছে না। কিন্তু আশ্চর্যের ব্যাপার

কি জানেন কেন্দ্রীয় সরকার ওভারড্রাফ্ট যত খুশি নিতে পারেন, রাজ্য সরকার ৭ দিনের বেশি ওভারড্রাফ্ট নিলেই তার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন। মাননীয় বিধায়ক শৈলজা দাস মহাশয়ের উত্তরে জানাই যে অর্থমন্ত্রী হিসাবে আমাকে কিছু নিষেধাজ্ঞা জারি করতে হয়েছে। এটা কিন্তু ১৯৯১-৯২ সালের, ১৯৯২-৯৩ সালের অন্য বার্তা বহন করে আনা হয়েছে। যা ছিল তার উপরে অদ্ভুত একটা মোচড় এসেছে। যারফলে এই নিষেধাজ্ঞা অনুষ্ঠিত হয়েছে। এইবারে কিন্তু একটা অদ্ভুত ঘটনা ঘটে গেল। মাননীয় বিধায়ক অতীশ সিনহা মহাশয় বললেন যে, আমরা প্রতিবাদ করেছিলাম বলেই স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে ২ শতাংশ বৃদ্ধি করা হয়। হ্যাঁ হয়, মান্থলি ইনকাম স্কীম এবং কিষাণ বিকাশ পত্র যেটা সাড়ে ৫ বছরে দ্বিগুণ হত সেটা এখন ৫ বছরে দ্বিগুণ হবে। আমি এরজন্য আপনাদের ধন্যবাদ জানাই। কিন্তু জানেন একটা অদ্ভুত বঞ্চনা হয়ে গেল, মার্চের তৃতীয় সপ্তাহে পার্লামেন্টে বলা হল যে এগুলো বৃদ্ধি করা হবে। কিন্তু মার্চ মাস গেল, এপ্রিল মাস গেল কোনও নির্দেশ এলো না। কেন জানেন? জানুয়ারি ফেব্রুয়ারি, মার্চ এপ্রিল এই ৪টি মাসই হচ্ছে স্বল্প সঞ্চয়ের সবচেয়ে বড় মাস। আপনারা তো খতম করে দিলেন, আমরা এপ্রিল মাসে স্বল্প সঞ্চয়ে যা পেতাম আগের বছরে তার চেয়েও কমে গেল এবং এপ্রিল মে তে এসে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে একেবারে নগণ্য অর্থ চলে এল, কেন এটা করলেন? আপনারা সিদ্ধান্ত নিলেন যখন তখন কেন নির্দেশ বার করলেন না, এ আঘাত কেন আপনারা হানলেন? এরসঙ্গে অদ্ভুত একটা বিস্ময় অপেক্ষা করছিল এই ৪ঠা জুন, যেটা আমরা অ্যাসেম্বলি চলছে বলে সেইজন্য এখানে রাখলাম, মোট ৭৫ কোটি টাকা ওরা ভুল করে কেটেছিলেন, কেন্দ্রীয় সরকারের কেন্দ্রীয় যোজনা কমিশন যেটা ভুল করে কেটেছিলেন সেই ব্যাপারে কেন্দ্রীয় অর্থমন্ত্রক বলেন পশ্চিমবঙ্গকে ৭৫ কোটি টাকা দিন—এটা ২১৫ কোটি টাকার সঙ্গে যুক্ত নয়, এটা আলাদা ব্যাপার—যেটা ভুল করে কেটেছিলেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রকের কাছে চিঠি চলে যায়, আমাদের চীফ সেক্রেটারিকে ওরা সরকারিভাবে জানান জুন মাসের প্রথম দিকে ঠিক যখন আমরা ৭৫ কোটি টাকা পাব, প্রতিদিন যখন আমাদের একটা ব্যালেন্সিং থাকে, ৩৬৫ দিনে কতটা আয়-ব্যয় হবে, আমরা আশা করছি ৭৫ কোটি টাকা পাব, ৪ঠা জুন পর্যন্ত আশা করছি, আমি এতটুকু বাড়িয়ে বলছি না ৬ই জুন আমাদের কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রক থেকে হঠাৎ জানানো হল যে তারা অর্থটা দিতে পারছে না। কিন্তু এটা তো আমাদের প্রাপ্য অর্থ, ওরা বলছেন যে ওদের খরচের উপর হঠাৎ নিষেধাজ্ঞা জুন মাসে এসে গেছে, লক্ষ্য করুন কেন এসে গেছে। দেখুন আই এম এফের শর্ত কি রকম ভাবে নতজানু হয়ে মানলে কি হয়। এটাকে কোয়ার্টালি রিভিউ আই এম এফ বলছে। আই এম এফের উপদেষ্টারা বসে আছে তারা কেন্দ্রীয় সরকারের খরচের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলছি কেন্দ্রীয় সরকার কি করেছেন জানেন, এখানকার কাগজে এসে খবরটা পৌঁছায়নি, কেন্দ্রীয় সরকার নিজের মন্ত্রকের সব জায়গায় নিষেধাজ্ঞা লাগিয়ে দিয়েছেন এবং আমাদের কাছে কিছু খবর এসেছে আমাদের রাজ্যের কিছু কেন্দ্রীয় সংস্থা আছে যাদের অনেকের মাইনে হয় নি। লক্ষ্য করুন যখন আমরা বলছি আপনারা দিতে পারবেন না কেন,

এত আপনারা যে কোনও সময় রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে দিতে পারেন কিন্তু আমাদের বলা হল শুধু আপনারা নন এই রকম ৭/৮টি রাজ্য আছে তাদেরকেও আটকে দিয়েছি। এটা তো কোনও সার্বভৌম রাষ্ট্রের ব্যাপার নয়, এটা বলতে পারেন না, কোনও একটি সার্বভৌম্য রাষ্ট্রের যে অর্থ আমরা চাই সেটা দিতে পারছেন না কেন, আপনাকে কি বিদেশের কেউ বাধা দিচ্ছে? ওরা বললেন ওরা হেল্পলেস, ওরা জানেন আমাদের টাকা দেওয়া উচিত, কিন্তু আই.এম.এফের শর্ত মেনেছেন এমনই এই টাকা দিতে পারলেন না। আমরা মনে করি সার্বভৌমত্বের সঙ্গে আপোষ করেছেন। মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় আমি আপনাদের কাছে রাজনীতির উর্ধ্বে উঠে গিয়ে দেশপ্রেমী মানুষ হিসাবে তার থেকে বেরিয়ে এসেছি। কিন্তু জানবেন সেদিন কেউ কেউ প্রশ্ন করেছেন নানা রকমের ভাষ্যকর আছেন তো আমাদের তখন কি করতে হয়েছে স্পষ্ট ভাবে বলছি আমরা যখন জানলাম এই এদের দৌড়, আমাদেরকে তখন টোটাল ব্যাঙ্ককে প্রথমে জানিয়ে দিতে হয়েছে আর খরচ যাতে না বাড়ে কারণ আমি ওভারড্রাফ্‌ট পড়ে যাব। এবং আমি আপনাদের খোলাখুলি বলছি আমাদের বিক্রয় কর আদায়ের দিন থাকে মাসের ২১ তারিখের থেকে এবং আমরা আদায় করতে শুরু করি এবং ঐ যে আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে ঋণ নেওয়ার কথা আগে থেকে ছিল, তাদের থেকে ঋণ নিইনি। আমরা কেন্দ্রীয় সরকারকে বললাম আমরা ২০ শতাংশ সুদের হারে স্বল্প ঋণ নিতে আমাদেরকে আপনারা বাধ্য করছেন, আমাদেরকে এই সুদের অতিরিক্ত বোঝা বইতে হবে—আমাদেরকে এটা করতে আপনারা বাধ্য করালেন। এই স্বল্প মেয়াদী ঋণ আমরা শোধ করে দেব, কিন্তু তিক্ত অভিজ্ঞতা আমাদের মনে রয়ে গেল, অতিরিক্ত সুদের ভার শুধু নয়, এই সমস্ত ব্যাপারটার থেকে আমরা বেরিয়ে এসেছি। এবং আস্তে আস্তে আমরা প্রথমে কর্মচারী বন্ধু মাননীয় শিক্ষকবৃন্দ এদের কারোরই বেতন আটকাইনি, ঐ সময় বেরিয়ে গিয়েছিলাম সামনের মাসে সব রিলিজ অর্ডার দিয়েছি, এরপরে যেগুলি উন্নয়নমূলক কাজের জন্য নিষেধাজ্ঞা দিতে হয়েছিল সেইগুলি ধাপে ধাপে ছেড়ে দেব। আমি বলছি আপনারা জেলাকে জানিয়ে দিতে পারেন, আমরা নিজেদের পায়ে দাঁড়িয়ে ছেড়ে দেব।

[4-40 — 4-50 P.M.]

এখানে দাঁড়িয়ে একটা কথা বলতে চাই, বাকি বছরটা কিভাবে চলবে। আমি এখানে দাঁড়িয়ে বলছি যে এই বাজেটকে আমরা রক্ষা করব। রক্ষা করব নিজের পায়ে দাঁড়িয়ে এবং রাজ্যের সম্পদ সংগ্রহের ক্ষেত্রে যত দিক আছে সব দিকে আমরা যাব এবং আমরা সর্বশেষ বিন্দু পর্যন্ত যাব। বিক্রয় করের ক্ষেত্রে ১৪০০ কোটি টাকার রিভাইজড এস্টিমেট আমরা দিয়েছি। কিন্তু অ্যাকচ্যুয়াল কম হয়েছে ১৪৫০ কোটি টাকা থেকে ১৯০০ কোটি টাকা বিক্রয় করের লক্ষ্যমাত্রা আমরা রেখেছি। এটা ভারতবর্ষের কোনও রাজ্য রাখতে পারেনি। মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়কদের জানাচ্ছি গত মাসটা খুব ক্রুসিয়াল মাস গেছে। আমরা বিক্রয় কর ২৪ পারসেন্ট বৃদ্ধি করতে পেরেছি। তবে বিক্রয় করের অনেক অসম্পূর্ণতা আছে। আমরা এখন পুরো ব্যাপারটা বিকেন্দ্রীকরণ করে দিয়েছি।

ছোট ছোট গ্রুপ করে দিয়েছি এবং তাতে অফিসার ও ইন্সপেক্টাররা থাকে। এক একটি গ্রুপ ৪০০ টি করে দোকানে যাবে ও সমস্ত তথ্যাদি তারা পরীক্ষা করে দেখবে। এই বিক্রয় কর ঠিকভাবে আদায় করতে আমরা সকলের সহযোগিতা চাইছি। কোনও করের ক্ষেত্রেই কোনও ছাড় নেই। বিক্রয় কর সাধারণ মানুষ দেন। আমি ব্যবসায়ীদের বলছি, এই করটা আপনারা ধারণ করেন, কিন্তু এটা আপনারা আপনাদের কাছে রেখে দেবেন না, সরকারকে দিয়ে দেবেন। তবে কোথাও কোনও ব্যবসায়ী এই ব্যাপারে হয়রানি হবে না, হয়রানি হলে আমাকে জানাবেন। তবে কেউ কোথাও কর ফাঁকি দেবেন না। এরপর আমি আপনাদের সহযোগিতা চাইছি আবগারি শুল্কের ব্যাপারে। আবগারি শুল্ক ২০০ কোটি টাকা তোলার যে লক্ষ্যমাত্রা আমাদের ছিল তা আমরা অতিক্রম করতে পেরেছি। তবে বে-আইনি চোলাই মদ এখনও কিছু কিছু জায়গায় চলছে, তবে একটা নজির স্থাপন করছে বর্ধমান জেলা। সেখানে একটা বছরে ৪০ পারসেন্টের বেশি শুধু বে-আইনি মদ রুখেছে। এটা সারা ভারতবর্ষের ক্ষেত্রে একটা নজির স্থাপন করেছে। আমি মাননীয় বিধায়ক বীরেন বাবু—উনি অবশ্য চলে গেছেন—এবং সুভাষ বাবু আছেন, আপনারা যদি একটু সচেষ্ট হন নিজের নিজের এলাকায় তাহলেই হবে। আই.ডি. লিকার শপ যত কমবে তত এক্সাইজ রেভিনিউ বাড়বে। তবে একটা কথা ঠিক যে প্রবেশ করের ক্ষেত্রে আমাদের অনেক ছিদ্র আছে। বড় বড় চেকপোস্টগুলি আছে, সেখানে আমরা প্রশাসনিক নির্বাচিত প্রতিনিধিদের খোলাখুলিভাবে যুক্ত করতে চাই। সুভাষবাবু সঠিকভাবেই বলেছেন বালির খাদ, ইঁট ভাটা, ইট কটা থেকে রয়ালটি আর অর্থ দপ্তর কালেক্ট করবে না, এটা পঞ্চায়েতের মাধ্যমে সরাসরি কালেক্ট হবে। এরপর এক একটা জেলার লক্ষ্যমাত্রা স্থির করে দেওয়া হবে এবং সেই জেলা যদি সেই লক্ষ্যমাত্রা অতিক্রম করে তাহলে সেই অর্থ সেই জেলাতেই রেখে দেওয়া হবে এবং সেই জেলার উন্নয়নের জন্য ব্যবহৃত হবে। হুগলি, বর্ধমান, মেদিনীপুর এই তিনটে বেল্ট থেকে অনেক অর্থ এখানে আসতে পারে। ভি.সি.পি., ভি.সি.আর যেখানে রমরমা চলছে, সেখানে আমরা কাউকে ছেড়ে দেব না। আমরা এই চ্যালেঞ্জ গ্রহণ করলাম। কেন্দ্রীয় সরকার আমাদের কত আঘাত দেবেন? আমি একটা কথা বলতে চাই রাজ্য সরকার কর আদায় করেন তিন হাজার কোটি টাকা, আর আমাদের রাজ্যের সাধারণ মানুষ সঞ্চয় করেন ছয় হাজার কোটি টাকার মতন। এর মধ্যে দু হাজার কোটি টাকার মতন ব্যাঙ্কে জমা পড়ে, আর এক হাজার কোটি টাকা স্বল্প সঞ্চয়ে জমা পড়ে। আমরা সাধারণ মানুষের কাছে পৌঁছাতে চাই। আমাদের রাজ্যের মানুষ সবচেয়ে বেশি সঞ্চয় করেন। আমরা কো-অপারেটিভ ও সমবায় ব্যাঙ্কগুলিকে নিয়ে যাব গ্রামে-গঞ্জে। এই সমবায় ব্যাঙ্কগুলি আমাদের নিজেদের ব্যাঙ্ক হিসাবে কাজ করবে। রাজ্যের মানুষের যে সঞ্চয়—যেমন রাজ্যের ধান, গম যেটুকু রাজ্যের মধ্যে থাকা উচিত সেই রকম সঞ্চয়ও অনেকটা রাজ্যের মধ্যে থাকা উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানাবেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ন্যায্য পাওনা আমরা শেষ বিন্দু পর্যন্ত নেব। আমরা এইভাবেই এগোবো, এগোবো কেন জানেন, মাননীয় বিধায়ক

মান্নান সাহেব চলে গেছেন, আমাদের চোখের সামনে আছে, জানবেন, কৃষিতে আমরা স্বনির্ভরতার দিকে যাবার চেষ্টা করছি এবং একটা কথা একটু বলি, ওঁনারা খুব ভালো করেছেন বলে। মাননীয় স্পিকার মহাশয়, যেটুকু বলবার সুযোগ না থাকে সেটুকু ওঁনারা বললে একটু সুবিধা হয়, ওঁনারা কৃষির ক্ষেত্রে যে প্রশ্নটা তুলেছেন, কৃষি এবং শিল্পের ক্ষেত্রে খুব স্পষ্টভাবেই বলছি, ১৯৯১-৯২ সালে স্বনির্ভরতার লক্ষ্যে পৌছতে পারব এবং তা হবে মানুষের স্বনিযুক্তির উপর দাঁড়িয়েই হবে। আপনাদের নতুন আর্থিক নীতির উপর দাঁড়িয়ে আমরা কৃষিতে ৯১-৯২ সালে, আপনাদের আর্থিক সমীক্ষায় আপনারা বলেছিলেন, খাদ্যশস্যের উৎপাদন—আপনাদের ১.৫ শতাংশ সারা ভারতবর্ষে কমে গেছে, আর পশ্চিমবাংলার ক্ষেত্রে ৯১-৯২ সালে যে বাজেট বক্তব্য রেখেছি খুব সন্তর্পণে বললাম, ১২০ লক্ষ টনে পৌছাব। আমাদের এখানে ৬ শতাংশের মতন বৃদ্ধি হবে। সারা দেশে সেখানে কম। মাননীয় স্পিকার মহাশয়, ১২০ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করতে পারিনি—১২৪ লক্ষ টন উৎপাদন করে রেকর্ড সৃষ্টি করেছি। সারা ভারতবর্ষে খাদ্যশস্যের উৎপাদনের ১.৫ শতাংশ কমে গেছে। কিন্তু পশ্চিমবাংলায় ১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এটা ১৯৯১-৯২ সালে যেখানে এতবড় আঘাত হেনেছেন। শিল্পায়নের বিরুদ্ধে গেছেন। মান্নান সাঁহেব কর্মসংস্থানের প্রশ্ন তুলেছেন, শিল্পের উপরে, অর্থনীতির উপরে বলেছেন—সারাশিল্পে মন্দা এসেছে। আপনাদের আর্থিক সমীক্ষায় দেখা যাচ্ছে ৮ শতাংশ শিল্পের উৎপাদন কমেছে। আগে কখনও এটা হয়নি। পশ্চিমবাংলায় শিল্পের উৎপাদন কমেনি ৮ শতাংশ, তথ্য দেখুন, প্লাস ৪ পারসেন্ট বৃদ্ধি পেয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন যে, ৯১-৯২ সালে দাম নাকি কমিয়ে আনবেন, ১৫ শতাংশের কাছাকাছি বৃদ্ধি পেয়েছে। সর্বভারতীয় মূল্যবৃদ্ধি যেখানে কম করে—১৪ শতাংশ, পশ্চিমবাংলাতে সেখানে ১০.৮ শতাংশ। কনজিউমার প্রাইস ইনডেক্স ধরুন, বড় শহরগুলির মধ্যে পশ্চিমবাংলার কলকাতাতে সবচেয়ে কম। এটা আমরা বলছি, আমরা কর্মসংস্থান, কৃষিতে স্বনির্ভরতার কথা শুধু বলছি তাই না, আমাদের মূল লক্ষ্য. কর্মসংস্থানের জন্য যাবতীয় পদক্ষেপ নেওয়া। আপনারা একটা প্রশ্ন করলেন, কত কর্মসংস্থান সৃষ্টি হয়েছে ৫ বছরে? স্বনিযুক্তি প্রকল্পের কর্মসংস্থানের যে লক্ষ্যমাত্রা রেখেছিলাম—তার মধ্যে সর্বশেষ অ্যাকচ্যুয়াল ডিসবার্সমেন্ট ফিগার হচ্ছে ২.৫ লক্ষের মতন। আমরা আশা করছি মার্চ মাসের শেষে আমরা ৫ লক্ষকে অতিক্রম করতে পারব। আগামী বছরে অষ্টম যোজনায় এই ৫ লক্ষ স্বনিযুক্তি প্রকল্পকে আমরা বাস্তবায়িত করতে পারব। ৮ লক্ষ কর্মসংস্থান আমাদের প্রতি বছরে সৃষ্টি করতে হবে। কারণ প্রতি বছরে যে ৪ লক্ষ নতুন যুবক, যুবতীকে—তাঁদের যে ব্যাকলগ থাকবে, তাঁদের নিউট্রালাইজ করে অতিরিক্ত দিতে গেলে আমাদের আট লক্ষ করতেই হবে। আরও জমিকে সেচের আওতায় আনব, সপ্তম, অষ্টম যোজনায় ২ লক্ষ হেক্টার অতিরিক্ত জমিকে সেচের আওতায় আনতে পারব। আমার মনে হয় প্রতি বছরে এটাই গুরুত্বপূর্ণ কাজ। কাজেই গ্রামেগঞ্জে মিলে অতিরিক্ত প্রায় আট লক্ষ কর্মসংস্থান হবে। এই হিসাব আপনাদের কাছে রাখলাম। একেবারে বিকেন্দ্রীকরণ করে এটা করতে হবে এবং এই ব্যাপারে ব্যাঙ্কের সহযোগিতা ও আপনাদের সহযোগিতা চেয়েছি। এই ক্ষেত্রে আমরা কোনও বাড়ির ছেলে বা মেয়ে তা দেখব না, তিনি কংগ্রেস বা সি পি

এম সেই নিরীখে নয়—তাঁরা শুধুমাত্র গরিব বাড়ির ছেলে বা মেয়ে তার নিরীখেই এর আওতায় আসবেন। প্রার্থী যদি গরিব হয় জানবেন যে কোনও দলের রাজনীতিই তিনি করুন না কেন—তিনি এর আওতায় আসবেন। আপনাদের সঙ্গে মূল তফাৎ কোথায় তা নিশ্চয় লক্ষ্য করছেন। অতীশদা বললেন—অতীশদা, বললাম, কারণ উনি কলেজে আমার বড় ছিলেন, খুব শ্রদ্ধা করতাম। ফিজিক্সের ছাত্র ছিলেন। ওঁকে আমি খুব শ্রদ্ধা করি। কিন্তু সাব কনসাসলি, বা সাব টেরোনিয়ান, আনজাস্টলি একটা কথা উনি বলেছেন ভূমিসংস্কার সম্বন্ধে।

[4-50 — 4-56 P.M.]

আপনাদের নতুন অর্থনীতির মূল কেন্দ্রবিন্দু কি জানেন? সীমিত মালিকানা। সম্পত্তির মালিকানার অসম বন্টনটা থাকুক—জমির ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে। তারপর খোলাবাজার। খোলাবাজার নীতি আনলে কি হয় জানেন? যার কেনার ক্ষমতা বেশি অসম বন্টনের জন্য তিনি বেশি নিয়ন্ত্রণ করেন। কিন্তু আপনারা দরজা তো হাট করে খুলে দিয়েছেন। তাই আপনাদের চেয়ে এখানে ক্ষমতা বেশি বিদেশি পুঁজির। তাই মূল নিয়ন্ত্রণ করে ফেলবেন বিদেশি পুঁজিরা। আমরা তো জানতাম, আপনাদের পার্টি ন্যাশনাল বুর্জোয়াদের পার্টি, জমিদারদের পার্টি। আমরা অপোজিশন করি সেটার। কিন্তু দেশের মধ্যে থেকে চলে কবে থেকে আপনারা মাল্টি-ন্যাশনালদের লেজুড় পার্টি হয়ে গেলেন? আপনাদের মধ্যেও দ্বিধা আছে, তিরুপতিতে সেই দ্বিধা আমরা লক্ষ্য করেছি। আমরা সেখানে যখন বিকল্প পথের কথা বলছি, এই পরিকল্পনা করার ক্ষেত্রে আমরা কিন্তু বিকেন্দ্রীকরণ যা হয়েছে তাতে সন্তুষ্ট নই, আরও বেশি বিকেন্দ্রীকরণ করতে হবে। গ্রামের ক্ষেত্রে, শহরের ওয়ার্ডে এটা খুব ভাল কথা সুভাষবাবু বলছিলেন, এক্ষেত্রে ক্ষমতা শুধু খরচ করার ক্ষেত্রেই বিকেন্দ্রীকরণ নয়, সম্পদ সংগ্রহ করার ক্ষেত্রেও। একটা ছোট এলাকা নিয়ে করতে চাই। আমরা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত, তারপর গ্রাম, মহল্লা পর্যন্ত যাওয়ার কথা চিন্তা করছি। ওয়ার্ডে সেই এলাকায় যে সম্পদ সে তো মানুষের সম্পদ, ভুল পথে কেন্দ্রে চলে গিয়েছিল, তার কিছু আমরা ফেরত এনেছি। কিছু অর্থ দিয়ে তার কাছ থেকে পৌছে দিতে চাইছি, আমরা এখানে এই সিদ্ধান্ত নিয়েছি। সর্বশেষ কথা, গণতান্ত্রিকভাবে বলবেন ওই এলাকার সাধারণ মানুষ। কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা বিদেশে পাচার করতে চান। আমরা সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সাধারণ মানুষের দোর গোড়ার পৌছে দিতে চাই। আমাদের বিকল্প পথের মূল কথা, সাধারণ মানুষকে সম্মান জানানো। আমাদের অ্যাপ্রোপ্রিয়েশন বিল সেখানেই দাঁড়িয়ে আছে। আপনাদের সকলকে আর একবার ধন্যবাদ জানিয়ে, আমার বিলকে সমর্থন করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Presentation of Business Advisory Committee Report

Mr. Speaker : I beg to present the 25th Report of the Business Advisory Committee which met in my Chamber today (19.6.92) and

recommended informing programme of Business from 23rd to 25th June, 1992.

Tuesday, 23.6.92 : i) The West Bengal Mining Settlements (Health & Wel fare) (Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. 1/2 hr.

ii) The West Bengal Clinical Establishments (Amend ment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. 1 hr.

iii) The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College & Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing)

iv) The Calcutta Homoeopathic Medical College & Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing)

v) The D.N. De Homoeopathic Medical College & Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing)

vi) The Midnapore Homoeopathic Medical College & Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. $1\frac{1}{2}$ hr.

vii) The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. 1 hr.

Wednesday: 24.6.92 i) Resolution for Ratification of the Constitution (Seventy-Sixth Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. $\frac{1}{2}$ hr.

ii) The West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. 1 hr.

iii) The Calcutta University (Amendment) Bill, 1992.
(Introduction, Consideration & Passing) .. ½ hr.

iv) The Limitation (West Bengal Amendment) Bill, 1992.
(Introduction, Consideration & Passing) .. ½ hr.

v) The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1992.
(Introduction, Consideration & Passing) .. 1 hr.

vi) The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1992.
(Introduction, Consideration & Passing) .. 1 hr.

vii) The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by promoters) Bill, 1992.
(Indtroduction, Consideration & Passing) .. 1 hr.

viii) The West Bengal Municipal Bill, 1992.
(Indtroduction, Consideration & Passing) .. ½ hr.

Thursday 25.6.92 : i) The West Bengal Panchayat (Amendment) Bill, 1992.
(As reported by the Select Committee).
(Consideration and Passing) .. 4 hrs.

Now I request the Minister-in-charge of Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 25th report of the Business Advisory Committee to presented in the House be agreed to by the House.

The Motion was then put and agreed to.

West Bengal Appropriation (No.2) Bill, 1992

Mr. Speaker : The motion of Dr. Asim Kumar Das Gupta that the West Bengal Appropriation (No. 2) Bill, 1992, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 Schedule and Preamble :

The question that Clauses 1 to 3 Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Das Gupta : Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4-56 P.M. till 11-00 A.M. on Tuesday, the 23rd June, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 23rd June, 1992 at 11.00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 3 Ministers of State and 126 Members.

[11-00 — 11-10 A.M.]

Starred Questions
(to which oral answers were given)

জলপথে বাংলাদেশের সঙ্গে যোগাযোগ স্থাপন

*১১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৭।) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

(ক) জলপথে বাংলাদেশের সঙ্গে যোগাযোগ সাধনের উদ্দেশ্যে রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, গৃহীত পদক্ষেপ কি কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ডাঃ মোতাহার হোসেন ঃ ভারতবর্ষের সঙ্গে এই যোগাযোগ সাধনের উদ্দেশ্যে কোনও ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা ভাবনা করছেন কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ অনেক কিছু করার চিন্তা আছে, তবে তিন বিঘা নিয়ে আপনারা যা করছেন, তাতে এখন কি হবে বলতে পারছি না।

শ্রী আবুল হাসনাত খাঁন ঃ মন্ত্রী মহাশয় বললেন, জলপথের কোন পরিকল্পনা নেই, তবে আমি যতদূর জানি স্থল পথে একটা যোগাযোগ আছে, সেটা ঠিক করবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ কলকাতা ঢাকা একটা রাস্তা আছে সেখানে কুচবিহার দিয়ে কলকাতা থেকে বাংলাদেশের মধ্যে দিয়ে ঢাকা যেতে ১৬ ঘন্টা লাগে। সেটা যাতে আট ঘন্টায় যাওয়া যায়, সেই ব্যবস্থা করা যায়। তবে সবই নির্ভর করছে বাংলাদেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপনের উপর।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলকাতা থেকে আগরতলা যাবার জন্য কোনও রাস্তা করার কথা চিন্তা করছেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এখনও পর্যন্ত নেই। ত্রিপুরা থেকে অতীতে এই রকম একটা স্থল পথের ব্যবস্থা করার জন্য ওরা পাঠিয়েছে কেন্দ্রের কাছে বলে আমরা শুনেছি, নূতন করে কোনও প্রস্তাব পাঠাই নি।

শিলাবৃষ্টিতে মুর্শিদাবাদ জেলায় ক্ষতির পরিমাণ

***১১৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩৯।) **শ্রী ইউনুস সরকার ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

গত ফেব্রুয়ারি মাসে ১৯৯২ সালের শিলাবৃষ্টিতে জেলায় ক্ষতির পরিমাণ কত (আর্থিক মূল্যে)?

শ্রীমতী ছায়া ঘোষ ঃ

জেলা প্রশাসনের কাছ থেকে পাওয়া প্রতিবেদনের ভিত্তিতে বলা যায়, ক্ষতির পরিমাণ হল — ৮৯৩.০৭ লক্ষ টাকা।

(আট কোটি তিরানব্বই লক্ষ সাত হাজার) টাকা মাত্র।

শ্রী আবুল হাসনাত খাঁন ঃ মন্ত্রী মহাশয়া দয়া করে বলবেন কি, এই যে প্রায় ৯ কোটি টাকার মতো ক্ষতি হয়েছে শিলা বৃষ্টিতে মুর্শিদাবাদ জেলায়, এই সম্পর্কে কৃষকদের বিভিন্ন ধরনের অনুদান যেমন কৃষি বীজ, তাদের দেবার ব্যাপারে রাজ্য সরকার কোনও চিন্তা ভাবনা করছেন কি?

শ্রীমতী ছায়া ঘোষ ঃ জেলা প্রশাসনের কাছ থেকে খবর আসা মাত্র, ত্রাণ দপ্তরের মাধ্যমে সেখানে গম, ত্রিপল এবং দু হাজার ব্যাগ তিল ঐ ক্ষতিগ্রস্ত এলাকায় পাঠানো হয়েছে।

'দৈনিক বসুমতী' পত্রিকার শিলিগুড়ি সংস্করণ

***১১৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২০২৫।) **শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

(ক) ৩১শে মার্চ, ১৯৯২ পর্যন্ত 'দৈনিক বসুমতী' পত্রিকার শিলিগুড়ি সংস্করণ চালু করার জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত;

(খ) উক্ত সময়ে কোন কোন খাতে কত টাকা ব্যয় করা হয়েছে; এবং

(গ) ঐ পত্রিকার কতজন সাংবাদিক ও কর্মচারীকে কলকাতা থেকে শিলিগুড়িতে বদলি করা হয়েছে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ

(ক) ২০.০০ লক্ষ টাকা।

(খ) (১) সংস্কার, নির্মাণ এবং স্থাপন	৬,২০,২৭৫.০০ টাকা।
(২) ডি. টি. পি. এবং পি. টি. এস.	৯,৪৩,৮৮৩.০০ টাকা।
(৩) লিথোটেক্স ক্যামেরা এবং সংশ্লিষ্ট যন্ত্রপাতি (পরিবহন খরচ সহ)	২,৩৮,২৫০.০০ টাকা।
(৪) শীতাতাপ নিয়ন্ত্রণের যন্ত্রপাতি	৫২,০০০.০০ টাকা।
(৫) এস. বি. আই. (শিলিগুড়ি)	১,০০,৫০০.০০ টাকা।
(৬) কর্মচারিদের বেতন, মজুরি ইত্যাদি	৮৯,৬২১.৪৫ টাকা।
(৭) জামানত (বিদ্যুৎ)	১৭,৪২০.০০ টাকা।
(৮) বাড়ি ভাড়া	১৩,৫০০.০০ টাকা।
(৯) পি. টি. আই.	১১,২০৫.০০ টাকা।
(১০) ফোটোগ্রাফির যন্ত্রপাতি	১৪,৯৩১.০০ টাকা।
(১১) জীবনবিমার প্রিমিয়াম	৬৬৫.০০ টাকা।
(১২) ব্যাঙ্ক চার্জ	২৫০.০০ টাকা।
(১৩) নিউজ প্রিন্ট	৩,২৮,০০০.০০ টাকা।

(গ) ১০ জন সাংবাদিক এবং ২৯ জন অসাংবাদিক কর্মচারীকে কলকাতা থেকে শিলিগুড়ি বদলি করা হয়েছে।

শ্রী সাধন পান্ডে ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যাঁদের বদলির কথা বললেন তাঁদের মধ্যে একটা বিরাট অসন্তোষ দেখা দিয়েছে। আপনি কি তাঁদের বক্তব্য কন্সিডারেশনে রেখে এই বক্তব্য রাখছেন, না তাঁদের জবরদস্তি অর্ডারে দিচ্ছেন যে, তাঁদের যেতেই হবে?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ বদলির আদেশ দেবার ৬ মাস আগে থেকে তাঁদের সঙ্গে কথাবার্তা বলেছি। দুটো ইউনিয়নের সঙ্গেই কথা বলেছি। কংগ্রেসের ইউনিয়নের সঙ্গে দুবার কথা বলেছি। আমি যত দূর জানি আমাদের কর্মচারিরা, সাংবাদিকরা বেশির ভাগই স্বেচ্ছায় যাচ্ছেন। দু-একজন একটু অন্য রকম করছেন। কিন্তু আমার ধারণা এটাতে আর কোনও সমস্যা নেই।

শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ ওখানে কর্মচারিদের যখন অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল তখন ট্রান্সফার করা যাবে, কি যাবেনা এ সম্বন্ধে কোনও কন্ডিশন তাতে ছিল কি?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ 'বসুমতী'র মতো সরকারি সংস্থার কার্য ক্ষেত্র যে কোনও অবস্থাতেই আমরা পরিবর্তন করতে পারি। এর চেয়েও বড় কথা, মাননীয় সদস্যরা নিশ্চয়ই বুঝবেন যে, একটি সরকারি সংস্থার স্বার্থ কয়েকজন কর্মচারীর সুবিধা, অসুবিধার চেয়ে অনেক বড়। এখানে প্রশ্ন হচ্ছে, 'বসুমতী' রুগ্ন সংস্থা হিসাবে চলবে, না রুগ্নতা কাটিয়ে উঠবে? রুগ্নতা কাটিয়ে উঠে সে যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে, সে দিকটার প্রতিই আমরা বেশি জোর দিচ্ছি। আমরা যে পরিকল্পনা করেছি তা রূপায়িত করতে পারলে 'বসুমতী' রুগ্নতা কাটিয়ে উঠবে বলে আমরা মনে করছি এবং এটা সাংবাদিকদের ও কর্মচারিদের বোঝাবার চেষ্টা করেছি। সুতরাং সংস্থার এবং তাঁদের ভবিষ্যতের স্বার্থেই তাঁদের যেতে হবে। আর আমাকে আমাদের পরিবহন মন্ত্রী বলছেন, 'এ রকম অবস্থায় আমাদের বিরোধীরা সরকারে থাকলে এটা তুলে দিতেন, আমরা তুলে দিচ্ছি না'।

কলকাতায় বৈদ্যুতিক ট্রলি বাস চালু করার পরিকল্পনা

***১১৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৪।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কলকাতায় বৈদ্যুতিক ট্রলি বাস চালু করার পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

(ক) এখনই কোনও প্রস্তাব নেই।

(খ) ভেলের ১৪.২.৯২ তারিখের প্রস্তাব অনুযায়ী ওই সংস্থাকে একটি রিপোর্ট পেশ করতে বলা হয়েছে। রূপায়ণ সম্বন্ধে আলোচনা ওই প্রতিবেদন পাওয়ার পর শুরু হবে।

[11-10 — 11-20 A.M.]

শ্রী সাধন পান্ডে ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ট্রলি বাস সম্বন্ধে যে প্রশ্নটি উঠেছে তাতে এই রাজ্যে কোনও ট্রলি বাস আছে কিনা? এই রকম ট্রলি বাস পেয়েছেন কিনা যেটা চালাতে পারছেন না, পড়ে আছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাদের কোনও ট্রলি বাস কেনা হয় নি। বেশ কয়েক বছর আগে যখন রবীন বাবু এই দপ্তরের দায়িত্বে ছিলেন তখন ওরা কিছু ট্রলি বাস বোম্বেতে চালাবার চেষ্টা করেছিল, কিন্তু বোম্বেতে চলে নি। বোম্বেতে যেটা চলে নি সেটা পরীক্ষামূলক ভাবে চালানোর জন্য এনেছিলেন। তখন আমাদের যাঁরা সরকারে ছিলেন তাঁরা আলোচনা করে ঠিক করলেন অভিজ্ঞতা থেকে, এইসব ট্রলি বাস চালানোর বাস্তব অবস্থা কলকাতায় নেই।

শ্রী সাধন পান্ডে ঃ ট্রলি বাসগুলি এখন কোথায়?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাদের সম্পত্তি নয়, যাদের সম্পত্তি তারা জানে।

ট্রামের সংখ্যা বৃদ্ধি ও আধুনিকীকরণের পরিকল্পনা

***১১৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *২৯২৫।) **শ্রী শক্তি প্রসাদ বল ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

কলকাতা শহরে ট্রামের সংখ্যা বাড়ানোর ও ট্রামগুলির আধুনিকীকরণের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

কলকাতা শহরে ট্রাম সংখ্যা বাড়ানোর অথবা আধুনিকীকরণের কোনও পরিকল্পনা আপাতত নেই।

শ্রী আবুল হাসনাত খাঁন ঃ সংবাদপত্রে লক্ষ্য করলাম কয়েকটি ট্রাম রুট বন্ধ হয়ে যাবে অর্থাৎ বাতিল করে দেওয়া হবে। এই সংবাদের কোনও যথার্থতা আছে কিনা মন্ত্রী মহাশয় কি জানাবেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমি এখন পর্যন্ত কোথাও কোন বিবৃতি দিই নি।

ডাঃ মোতাহার হোসেন ঃ বর্তমানে কলকাতা শহরে মোট ট্রামের সংখ্যা কত এবং আপনি কি ভেবেছেন ট্রাম তুলে দেবেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ কোন বিবৃতি এখন পর্যন্ত দিই নি। তবে ট্রামের সংখ্যা কমেছে, কারণ ট্রাম অত্যন্ত লোকসানে চলছে। ট্রাম নিয়ে সমস্যার মধ্যে আছি। সেইজন্য আমি ট্রাম কর্মচারীর ইউনিয়নদের সঙ্গে আলোচনা শুরু করেছি। একটা পরিকল্পনা নিতে হবে যাতে এই শিল্পের শ্রমিক কর্মচারিদের চাকরি না চলে যায় এইটুকু বলতে পারি আর বেশি কিছু বলতে পারব না। তবে কংগ্রেস থাকলে চলে যেত।

নেহেরু রোজগার যোজনা প্রকল্প

***১১৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৭৭।) **শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯০-৯১, ১৯৯১-৯২ আর্থিক বছরে নেহেরু রোজগার যোজনা প্রকল্পে মোট ব্যয়িত অর্থের পরিমাণ কত; এবং

(খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে উক্ত প্রকল্পে ঋণদানের লক্ষ্যমাত্রা কত?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ

(ক) ১৯৯০-৯১, ১৯৯১-৯২ আর্থিক বৎসরে নেহেরু রোজগার যোজনা প্রকল্পে মোট ব্যয়িত অর্থের পরিমাণ ৭,৪৪,০৪,২৫০ টাকা।

(খ) কোনও নির্দিষ্ট লক্ষ্য মাত্রা নেই।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, নেহেরু রোজগার যোজনার দুটি পার্ট — ওয়েজ কম্পোনেন্ট আর মাইক্রো এন্টারপ্রাইজ। ওয়েজ কম্পোনেন্ট কত ছিল আর মাইক্রো এন্টারপ্রাইজে কত ছিল?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ এটা আলাদা ভাবে নোটিশ দিলে বলতে পারব।

শ্রী অশোক ভট্টাচার্য ঃ ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ এই দুই আর্থিক বছরে মাইক্রো এন্টারপ্রাইজে স্বনির্ভরশীল প্রকল্পে কত টাকার ঋণ দেওয়া গেছে।

শ্রী অশোক ভট্টাচার্য ঃ বিভিন্ন পৌরসভাগুলি মাইক্রো এন্টারপ্রাইজে ১ লক্ষ ৭২

হাজার ৮৭২ জনকে চিহ্নিতকরণ করেছিল। তার মধ্যে ৩৩ হাজার ৫৬৬টি কেস বিভিন্ন বাণিজ্যিক ব্যাঙ্কে পাঠানো হয়েছিল। বিভিন্ন বাণিজ্যিক ব্যাঙ্ক ১০ হাজার ৮৯ জনকে চিহ্নিতকরণ করেছে, অর্থাৎ ৩২ ভাগ ঋণদান করেছিল।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, ঐ যেটা স্পন্সর্ড করা হয়েছিল যা ডিসবার্সমেন্ট হয়েছে এর মধ্যে একটা বিরাট ফারাক রয়েছে। আমাদের অভিজ্ঞতা রয়েছে ব্যাঙ্ক মার্জিন মানী সাবসিডি দেওয়ার পরে ব্যাঙ্কগুলি টাকা দিচ্ছে না প্রচন্ড হয়রানি হতে হচ্ছে। এই কেসগুলির ব্যাপারে ব্যাঙ্কের সঙ্গে কি কথা বলেছেন?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ এই স্বনিযুক্তি প্রকল্পের জন্য ব্যাঙ্কে বেনিফিসিয়ারিজদের নাম পাঠানো হয়েছে, না পাওয়ার মূল কারণ হচ্ছে ব্যাঙ্কের অসহযোগিতা। এখন পর্যন্ত যা দেখা যাচ্ছে ব্যাঙ্ক দীর্ঘ দিন ধরে ফেলে রেখেছে, অনুমোদন দিচ্ছে না। বিভিন্ন পৌরসভা প্রকল্পে যাঁরা আছেন তাঁদের হায়রান করা হচ্ছে, এই ধরনের অভিযোগ আমাদের কাছে এসেছে। ব্যাঙ্ক সহযোগিতা করলে এই প্রকল্পকে আমরা ভাল ভাবে কার্যকর করতে পারব। এই ব্যাপারে ব্যাঙ্কের বিভিন্ন প্রতিনিধিদের সঙ্গে আমরা মাননীয় অর্থমন্ত্রীর ঘরে সভা করেছি। ব্যাঙ্কের কর্তৃপক্ষ আমাদের জানিয়েছেন গভর্নমেন্ট স্পন্সর্ড স্কীমে ঋণ দিতে আপত্তি নেই, ব্যাঙ্ক রাজ্যের এবং কেন্দ্রের কর্তৃপক্ষ বলা সত্ত্বেও স্থানীয় ভিত্তিতে কোনও সহযোগিতা পাওয়া যাচ্ছে না।

শ্রী সাধন পান্ডে ঃ আমি মাননীয় মন্ত্রীর গোচরে দুটি ব্যাপার আনতে চাই। এক হচ্ছে, ব্যাঙ্কের কথাটা বললেন, ব্যাঙ্ক দিচ্ছে না, ব্যাঙ্ক কি আপনাকে বলেছে ঋণ ফেরত পাওয়ার ব্যাপারে যে প্রবলেমগুলি দাঁড়িয়েছে সেজন্য পিছিয়ে যাচ্ছে? আর দ্বিতীয় ব্যাপার হল, এ ক্ষেত্রে এম. এল. এ.-দের রোল কি? জওহর রোজগার যোজনা প্রকল্পে তাদের রেকমেন্ডেশন চলবে কিনা? কোনও কনফিউশন আছে কি? আমি জানতে চাই এম. এল. এ.-দের কী ভূমিকা। যে কোনও কনস্টিটিউয়েন্সির অথবা কলকাতার ব্যাপারে আমাদের রেকমেন্ডেশনের ক্ষমতা আছে কিনা? না কি আমাদের ট্যাগ করে দিচ্ছেন?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ ঋণ দানের ব্যাপারে এম. এল. এ.-দের ভূমিকার কথা জানতে চাইছেন, ব্যাঙ্ক এ কথা বলে নি যে যেহেতু ঋণ পরিশোধ করছে না, তাই আমরা ঋণ দিতে অসম্মত। ব্যাঙ্ক বলেছে এবং আমরাও উপলব্ধি করেছি যে ঋণ গ্রহণের ব্যাপারে পৌরসভাগুলিকে যথেষ্ট ভূমিকা পালন করতে হবে। এম. এল. এ. জন প্রতিনিধিরাও তাঁদের ভূমিকা পালন করতে পারেন। তাঁদের এলাকার কোনও মানুষ নিয়মিত ঋণ পরিশোধ করতে এগিয়ে আসেন তাহলে কোনও আপত্তি নেই।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ২ বছরে ৭,৪৪,৪,২৫০ টাকা খরচ হয়েছে, এর মধ্যে কত শতাংশ রাজ্যের এবং কত শতাংশ কেন্দ্রের?

শ্রী অশোক ভট্টাচার্য ঃ এটা হচ্ছে ৩ রকম। মাইক্রো এন্টারপ্রাইজ, ৫০ ভাগ রাজ্যের এবং ৫০ ভাগ কেন্দ্র দেন। ব্যাঙ্ক ৭৫ ভাগ দেন, ওয়েজ এমপ্লয়মেন্ট শতকরা ৮০ ভাগ কেন্দ্র ২০ ভাগ রাজ্য। এই রকম ঋণের সংখ্যা আছে, যেখানে ঋণের সংখ্যা ৭৩, সেখানে ২০ ভাগ কেন্দ্র দেয়, আর ৫ ভাগ রাজ্য দিয়ে থাকে।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার নূতন ডিপো স্থাপন

***১১৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫৭।) **শ্রী সুভাষ বসু ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

পশ্চিমবঙ্গের কোন কোন স্থানে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস-ডিপো স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

পর্যাপ্ত আর্থিক সংস্থান সাপেক্ষে কল্যাণীতে ও কৃষ্ণনগরে ডিপো স্থাপনের প্রস্তাব আছে। আরও বেশি সংখ্যক বাস রাখা যাবে এরূপ জায়গায় কিছু ডিপো স্থানান্তরিত করার জন্য কিছু জমি সংগ্রহ করা হয়েছে। বর্তমানে আমাদের যে ডিপোগুলি আছে সেই ডিপোগুলির বেশি বাস রাখার সামর্থ নেই। নূতন বাস সেই জেলার জন্য কিনতে হলে আমাদের আরও বড় জায়গা দরকার। ডিপো যা হচ্ছে তা সেই জেলার নামেই হচ্ছে, নূতন জায়গায় সম্প্রসারিত হচ্ছে।

[11-20 — 11-30 A.M.]

শ্রী বিনয়কৃষ্ণ বিশ্বাস ঃ বর্তমানে উত্তরবঙ্গ পরিবহন সংস্থার কয়টি ডিপো আছে জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ উত্তরবঙ্গ পরিবহন সংস্থার ১৮টির মতো ডিপো আছে।

ডাঃ মোতাহার হোসেন ঃ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার যেসব রুটে বাস চালু করেছিলেন তার অনেকগুলিই বন্ধ হয়ে গেছে। রুটগুলি কি কারণে বন্ধ হয়েছে এবং কোন কোন রুটে বন্ধ হয়েছে অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ বাসের নিয়মই হচ্ছে, যত বাস থাকে তার একটা পোরশন রাস্তায় চলে সাধারণ ভাবে, বাকিগুলি মেন্টেনেন্সের জন্য রেখে দিতে হয়। সেটা ১০ থেকে ১৫ পারসেন্ট ভ্যারি করে। আজকে যে বাস ওয়ার্কশপে আছে, কালকে সেই বাস রাস্তায় নামে। হাসপাতাল যেমন খালি থাকে না, ওয়ার্কশপও তেমনি খালি থাকে না।

শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ হুগলি জেলার শিয়াখালায় কোনও বাস ডিপো তৈরি করবার পরিকল্পনা আছে কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমরা জেলা সদর এবং মহকুমা ছাড়া বাস ডিপো তৈরি করবার কোনও পরিকল্পনা নিই নি, ঐ ক্ষেত্রকেই আমরা অগ্রাধিকার দিচ্ছি।

শ্রী সাধন পান্ডে ঃ আজকাল দেখা যাচ্ছে বেশির ভাগ বাস অশোক লেল্যান্ড থেকে নিচ্ছেন। আপনাকে অশোক লেল্যান্ড কি সফট লোন দিচ্ছে বাস কেনার জন্য? আপনি কি সবটাই অশোক লেল্যান্ডের উপর নির্ভর করবেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ সাধন বাবু জেনে খুশি হবেন কিনা জানি না — আমাদের ভারতবর্ষে সেসি নির্মাণের দুটি মাত্র সংস্থা আছে; একটি অশোক লেল্যান্ড এবং অপরটি টাটা। সুতরাং আমাদের যখন কিছু কিনতে হয় সেটা ঐ দুটি সংস্থা থেকেই কিনতে হয়। আর আমাদের বাস কেনার ব্যাপারে ডিপো ওয়াইজ ভাগ করা আছে। যে ডিপোতে অশোক লেল্যান্ড আছে সেই ডিপোতে অশোক লেল্যান্ড, যে ডিপোতে টাটা আছে সেই ডিপোতে টাটার বাস কেনা — এইভাবে ভাগ করা আছে। নূতন বাস কিনতে হলে আমাদের নির্দেশ হচ্ছে, ৫০ পারসেন্ট টাটা এবং ৫০ পারসেন্ট অশোক লেল্যান্ড কিনতে হবে। কোনও কোনও ক্ষেত্রে এর ব্যতিক্রম হয়। সেটা অবস্থাগত কারণে হতে পারে।

শ্রী আবুল হাসনাত খাঁন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন রুটে ফারাক্কায় একটা বাস টার্মিনাস করার জন্য সরকারের একটা পরিকল্পনার কথা আমরা শুনেছি। এই সম্পর্কে মন্ত্রী মহাশয় কোনও আশ্বাস দিতে পারেন কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ ফারাক্কায় আমাদের পরিকল্পনা আছে। এখানে আমাদের জমি দরকার। একটা অন্যতম শহর হিসাবে ফারাক্কায় গড়ে উঠেছে। সুতরাং ফারাক্কায় এটা থাকা দরকার। কিন্তু অসুবিধা হচ্ছে জমি নিয়ে। এই জমি হচ্ছে ব্যারেজের অধীনে। ব্যারেজ কর্তৃপক্ষ জমি চাচ্ছে। এরা আমাদের সরকারকে দেবে না। কিন্তু কোন একটি ধর্মীয় প্রতিষ্ঠানকে দিচ্ছেন, জমি বিক্রয় করতে চাচ্ছেন। আমরা পশ্চিমবঙ্গ সরকার থেকে বলেছি যে এসব জমি বিক্রয় করা যাবে না। যদি ব্যারেজের প্রয়োজনে না লাগে তাহলে পশ্চিমবঙ্গ সরকার নেবে। এই নিয়ে কথাবার্তা হচ্ছে, যদি ব্যারেজ কর্তৃপক্ষকে অর্থাৎ কেন্দ্রীয় সরকারকে রাজি করাতে পারি তাহলে ওখানে ডিপো স্থাপনের কাজ শুরু করতে পারব।

শ্রী বীরেন ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় নূতন বাস ডিপোর ক্ষেত্রে জেলা ও মহকুমা শহরের কথা বললেন। বর্ধমানের কালনা একটা মহকুমা শহর। সেখানে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের একটা বাস চুঁচড়া থেকে মালদহের উপর দিয়ে যাতায়াত করে। সেখানে কোনও ডিপো নেই। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের কোনও সুযোগ কালনাবাসীরা পায় না। কাজেই এই রকম কোনও পরিকল্পনা আছে কিনা জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ অগ্রাধিকার মানেই করব, তা নয়। বিভিন্ন জায়গা থেকে প্রস্তাব এলে করার জন্য অগ্রাধিকার দেওয়া হয়। কিছু কিছু কাজ আমরা করছি। কালনায় এখন করার মতো অবস্থা নেই। আপনারা জানেন যে আসানসোলে দিয়েছি, দুর্গাপুরে ছিল। বর্ধমান শহরকে আমরা ভাল করে ডেভেলপ করার চেষ্টা করছি। এটা করার পরে পরবর্তীকালে পদক্ষেপে আমরা কালনায় করার কথা চিন্তা করব।

শ্রী সৌমিন্দ্রকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কোচবিহার জেলা শহরে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস টার্মিনাস করার জন্য জায়গা অধিগ্রহণ করা ছিল অনেক দিন আগে থেকে। সেই কাজ শুরু করার পরিকল্পনা আছে কিনা বা এই সম্পর্কে চিন্তা ভাবনা করছেন কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ যে বিশাল পরিকল্পনা করা হয়েছিল ৪ কোটি টাকা ব্যয়ে, এত বড় বাস টার্মিনাস করার মতো ক্ষমতা এখন আমাদের নেই। সেজন্য সেটা বাতিল করা হয়েছে। সেটা বাতিল করে ৭৫ লক্ষ থেকে এক কোটি টাকা ব্যয় করে যাতে একটা পরিকল্পনা করা যায় সেই ধরনের একটা পরিকল্পনা করা হয়েছে। তার প্রাথমিক কাজ শুরু হচ্ছে।

শ্রী অজয় দে ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি প্রথমে বলেছেন যে নদীয়া জেলার কল্যাণী এবং কৃষ্ণনগরে ডিপো স্থাপনের জন্য চিন্তা ভাবনা করছেন, এই সিদ্ধান্ত নিয়েছেন। এটা আমরা অনেক দিন ধরে শুনে আসছি। আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে, এটা কি অবস্থায় আছে, জমি হ্যান্ড ওভার হয়েছে কিনা, কত দিনের মধ্যে এটা কৃষ্ণনগরে চালু হবে সেটা জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ পর্যাপ্ত আর্থিক সংস্থান সাপেক্ষে — আমি এই কথাটা ব্যবহার করেছি। বর্তমান যা আর্থিক সংস্থান তাতে এই মুহূর্তে কাজ করার মতো বাস্তব অবস্থা নেই। আমরা সময় নিয়েছি, আমাদের ইচ্ছা আছে, যত তাড়াতাড়ি পারব কাজ শুরু করব।

রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলির প্রাপ্য অর্থ

*১১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩৯।) **শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এ কথা সত্যি যে, ১৯৮৮-৮৯, ১৯৮৯-৯০ ও ১৯৯০-৯১ আর্থিক বছরে কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার জন্য বরাদ্দকৃত অর্থের সম্পূর্ণ অংশ উক্ত সংস্থাগুলি পায় নি; এবং

(খ) সত্যি হইলে, কারণ কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

(ক) সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যা বলেছেন তাতে ঐ ৩ বছরের জন্য যা অর্থ বরাদ্দ ছিল তা সবই পেয়েছেন, এটা বোঝাতে চাচ্ছেন। আমি জানতে চাচ্ছি যে, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় সংস্থার ১৯৯০-৯১ সালের জন্য যে বরাদ্দ ছিল সেটা সব পেয়েছেন কিনা, পেলে তার পরিমাণ কত? অর্থাৎ বাজেটে যা বরাদ্দ ছিল, আপনি বলেছেন যে সবই পেয়েছেন, কত টাকা বরাদ্দ ছিল এবং সব টাকা খরচ হয়েছে কিনা জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ সব খরচ হয়েছে।

শ্রী আব্দুল মান্নান ঃ আমরা দেখছি যে বিভিন্ন সময়ে যখন অফিসারদের ডাকা হয় অ্যাসেম্বলি কমিটিতে তখন তারা বলেন যে টাকা না পাবার জন্য তারা কাজ করতে পারছেন না। বাজেটে টাকা বরাদ্দ হচ্ছে কিন্তু ঠিক সময়ে সেটা দেওয়া হচ্ছে না। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই বরাদ্দকৃত টাকাগুলি ঠিক সময়ে পেয়েছেন, না পরে পেয়েছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আপনি কি ট্রান্সপোর্টের সাবজেক্ট কমিটির সদস্য? তা যদি হন তাহলে আপনার জানা উচিত। আপনি যে কথা বলছেন, যখন যখন যে পরিমাণ টাকা বরাদ্দ করা হয় যোজনা খাতে, তারা করেছেন। আপনি বোধ হয় সালটা ভুল করেছেন।

পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যে রেলপথে যোগাযোগ ব্যবস্থা

***১১৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৭।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যে রেলপথে যোগাযোগ ব্যবস্থা চালু করার প্রস্তাব রাজ্য কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

আমাদের এমন কোনও প্রস্তাব নেই।

[11-30 — 11-40 A.M.]

শ্রী প্রশান্ত প্রধান ঃ পরিবহনের ব্যাপারে আপনি বললেন যে রেল পথে আমাদের

কোনও প্রস্তাব নেই। এই প্রস্তাবটি রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবার কথা চিন্তা ভাবনা করছেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমি বাংলাদেশের ব্যাপারে আগে ২-৩টি প্রশ্নে জবাবে একই কথা বলেছি যে বাংলাদেশ আমাদের প্রতিবেশি দেশ, এই দেশের সঙ্গে যদি সুসম্পর্ক স্থাপন করতে পারি তাহলে এই জাতীয় যোগাযোগ করা কঠিন ব্যাপার হবে না। সেইজন্য যেটা দরকার ছিল সেটা হচ্ছে আপনাদের সহযোগিতা। কিন্তু কি করব জয়নাল আবেদিন সাহেব এই ৩ বিঘা নিয়ে রোজই গোলমাল করছেন।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা সাপ্লিমেন্টারি আছে। বাংলাদেশ এক সময় ভারতবর্ষের অঙ্গ ছিল, আমাদের ভুলে, তৎকালীন নেতৃত্বের ফলে অনেক রক্তক্ষরণের ভেতর দিয়ে অধুনা বাংলাদেশ জন্ম নেয়। তাদের সঙ্গে আমাদের সংস্কৃতির যোগাযোগ, ভাষাগত যোগাযোগ কেউ মুছে দিতে পারবে না, অস্বীকার করতে পারবে না। রেল পথে যোগাযোগ যদি না হয় তাহলে সড়ক পথে যোগাযোগের ব্যবস্থা করা যায় কিনা দেখবেন কি?

মিঃ স্পিকার ঃ এই প্রশ্ন আগে হয়ে গেছে, নট অ্যালাউড।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় এই ৩ বিঘা নিয়ে বেশ চিন্তিত মনে হয়। আমি ওনাকে জানিয়ে দিতে চাই ভয়ঙ্কর বিরোধ আপনাদের সঙ্গে আমাদের। মাননীয় বন্ধুবর মন্ত্রী মহাশয়কে বলতে চাই আপনাদের সঙ্গে আমাদের ভয়ঙ্কর বিরোধ, এক সঙ্গে বসা চলে না। আপনাদের মুখ্যমন্ত্রীকে সাধুবাদ জানাই তিনি এই ৩ বিঘা নিয়ে সঠিক সিদ্ধান্ত এবং সঠিক পদক্ষেপ নিয়েছেন। তাঁর পরামর্শদাতা যদি আপনারা হন তাহলে আপনাদেরও সাধুবাদ জানাই। অকারণে দোষারোপ করে কোনও লাভ নেই। আমি একটা ছবি দিচ্ছি, আপনারা ভেতরে ভেতরে কি ষড়যন্ত্র করছেন তার জন্য আমরা কিন্তু চিন্তিত। কারণ এক সঙ্গে ছবি দেখবেন আদবানি, অটলবিহারী এবং জ্যোতি বাবু। এটার জন্য আমরা বড় চিন্তিত।

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমাদের সঙ্গে ওনারা এক সঙ্গে বসতে পারেন না। আমাদের সঙ্গে ওনারা বসতে পারেন না এই জন্য যে আমাদের সঙ্গে গিয়ে জনগণকে বোঝাতে হবে কেন্দ্রীয় সরকার যে চুক্তি করেছিল। প্রথমে নেহেরু, তারপর ইন্দিরা গান্ধী তারপর নরসিমা রাও যিনি প্রধানমন্ত্রী এবং ওনাদের সভাপতিও বটে, তাঁরা যে চুক্তি করেছিলেন সেই চুক্তি ওনারা মানেন না সাময়িক সুবিধা পাবার জন্য। আপনাদের জানিয়ে দিতে চাই আপনাদের সর্বনাশ হয়ে যাবে, দার্জিলিং-এ আপনাদের বংশে বাতি দিতে কেউ নেই, কুচবিহারে কেউ থাকবে না।

নূতন লঞ্চ কেনার পরিকল্পনা

***১১৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫৯।) **শ্রী সুভাষ বসু ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১৯৯২-৯৩ আর্থিক বছরে নূতন লঞ্চ কেনার কোনও পরিকল্পনা পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম সংস্থার আছে কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

আর্থিক অনিশ্চয়তার জন্য এই বিষয়ে এখনও সিদ্ধান্ত নেওয়া যায় নি।

শ্রী আবুল হাসনাত খাঁন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, কেন্দ্র হলদিয়া থেকে এলাহাবাদ এই যে জলপথ, এটি জাতীয় জলপথ হিসাবে স্বীকৃতি দিয়েছেন এবং ১৯৮৭ সালে তৎকালীন প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী ফারাক্কায় লক গেট উদ্বোধনও করেছিলেন কিন্তু তা সত্ত্বেও এই জলপথ পরিবহনকে ঠিকমতো ব্যবহার করা যায় নি এবং এই সম্পর্কে রাজ্য সরকার কি কি চিন্তা ভাবনা করছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এটি জাতীয় জলপথ পরিবহন হিসাবে ঘোষণা করেছিলেন এবং এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। নৌকা যাতে চলাচল করতে পারে এবং ড্রেজিং করে যাতে পরিবহনের উপযোগী হয় তার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। আমরা এর কি দায়িত্ব নেব, আমাদের পক্ষে ব্যবস্থা নেওয়া অসম্ভব ব্যাপার।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনি বললেন যে আর্থিক অসঙ্গতির জন্য ভূতল পরিবহণ নিগম সারফেস লঞ্চ কিনতে পারছেন না। দক্ষিণবঙ্গ বিশেষ করে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ অঞ্চল লঞ্চের সাহায্যে জল পরিবহন চলাচল করে এবং সেখানে সরকারের আর্থিক অসঙ্গতি যদি থাকে তাহলে বে-সরকারি সংস্থার সাহায্যে লঞ্চ কেনার ব্যবস্থা করছেন কিনা এবং এই ব্যাপারে কোনও চিন্তা ভাবনা করছেন কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমি একথা বলিনি যে সরকারি উদ্যোগে লঞ্চ কিনতে পারব না। আমি বলেছি আর্থিক সংস্থান সাপেক্ষে, অর্থাৎ এই মুহূর্তে আর্থিক বছর শুরু হল, এখনই বুঝতে পারা যাচ্ছে না যে আর্থিক অবস্থাটা কি রকম দাঁড়াবে। সেই জন্যই উত্তর এই রকম দিয়েছি। দ্বিতীয়ত সরকারি উদ্যোগে জল পরিবহনের ক্ষেত্রে আমরা জানি যে সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলে যে জল পরিবহন ব্যবস্থা আছে তা প্রাইভেট মালিকানাতে চলে। প্রাইভেট মালিকানাতে ওখানে লঞ্চ চলাচল করে। সরকারি উদ্যোগে এখানেই কিছু করতে পারি নি। তবে এই ব্যাপারে আলাপ আলোচনা চলছে এবং ১ মাসের মধ্যে এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে পারব।

শ্রী লক্ষ্মণ শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, জল পরিবহনে খুব গুরুত্বপূর্ণ নেওয়া দরকার। জল পরিবহনের ক্ষেত্রে রাজ্য সরকারের মতো কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা আছে তার নাম হচ্ছে ইন্ডিয়ান ওয়াটার ওয়েজ অথরিটি। তাদের কাছে আপনারা কোনও আপনাদের প্রকল্প পাঠিয়েছেন কিনা এবং যদি পাঠিয়ে থাকেন তাহলে তারা কী ব্যবস্থা নিচ্ছেন জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আপাতত এই স্কীমের সহায়তায় আমরা কাজ করছি। আমাদের এই ভূতল জলপথ পরিবহন কর্পোরেশন এটি সেন্ট্রাল গভর্নমেন্টের স্পন্সোর্ড স্কীম। আমরা এই সংস্থার কাছে সাহায্য চেয়েছিলাম এবং ওই স্কীমের জন্য কেন্দ্রীয় সরকার আগাম ৭২ লক্ষ টাকা ঋণ দিয়েছেন। ওই টাকা দিয়ে আমরা ৫টি জেটি তৈরি করব। আমরা আরও ২ কোটি ২৫ লক্ষ টাকা ঋণ চেয়েছি এবং তাতে শতকরা ৫০ ভাগ টাকা আগামী সালে তারা সুদ সমেত ঋণ দিয়েছে। আরও ১ কোটি সাড়ে ১২ লক্ষ টাকা ধার চেয়েছি। এছাড়া ওই কেন্দ্রীয় সংস্থার নিজস্ব কিছু পরিকাঠামো আছে সেগুলোতে আমরা সাহায্য করব এবং লিখিত ভাবে তাই নিয়ে কথাবার্তাও হয়ে গেছে।

Starred Questions

(To which answers were laid on the Table)

শ্রীরামপুর ও কৃষ্ণনগর পৌরসভায় বে-আইনি ভাবে কর্মী নিয়োগের অভিযোগ

***১১৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৬।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি —

শ্রীরামপুর ও কৃষ্ণনগর পৌরসভায় বে-আইনি ভাবে বহু সংখ্যক কর্মীকে নিয়োগ করা হয়েছে — এই মর্মে সরকারের কাছে কোনও তথ্য আছে কি না?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

শ্রীরামপুর ও কৃষ্ণনগর পৌরসভায় কিছু সংখ্যক কর্মীকে বে-আইনি ভাবে নিয়োগ সম্পর্কিত তথ্য সরকারের কাছে আছে।

Adjournment Motion

Mr. Speaker : Today I have received one Notice of Adjournment Motion from Shri Abdul Mannan on the subject of alleged creation of panic in re-election of 46 booths in Ballygunj Assembly Constituency on 22.06.1992.

The subject matter of the Motions does not for Adjounment of the business of the House. The Members may call the attention of the concerned Ministers through calling attention, mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the Motion as amended.

[11-40 — 11-50 A.M.]

শ্রী আব্দুল মান্নান ঃ স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের উপর আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল — গতকাল বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচন ঠিক হলে পুনর্নিবাচনের নামে প্রহসন হয়েছে। ঐ এলাকায় গণতন্ত্রপ্রিয় মানুষ ৮ই জুন নির্বাচনের দিন গুরুত্বপূর্ণ শাসক দলের ব্যাপক সন্ত্রাস এবং পুলিশ ও সমাজ বিরোধীর দৌরাত্মের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে গতকাল ৪৬টি বুথে পুনর্নিবাচনে অংশ গ্রহণ করেন নি। নির্বাচনে অংশ গ্রহণ না করায় সাধারণ মানুষের উপর সমালোচনা করা হয়েছে এবং গুরুত্বপূর্ণ শাসক দলের সমাজ বিরোধীরা নিজেরা এক একজন কয়েক শো ব্যালট পেপারে ছাপ মেরে সাধারণ মানুষকে হুমকি দেওয়া হচ্ছে যাতে তারা এর বিরুদ্ধে কথা না বলেন। বহু মানুষ এখনও ঘর ছাড়া, অবিলম্বে ঐ উপ নির্বাচনকে কেন্দ্র করে যেসব হিংসাত্মক ঘটনা ঘটেছে সেইসবের জন্য বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করা হোক।

Calling Attention

Mr. Speaker : I have received two notices of Calling Attention, namely :—

1. Alleged involvement of many high level officers in the recent scandal of books in the Board of Secondary Education. : Shri Ajoy De.

2. Non-availability of A. R. V. and A. V. injections in the government Hospitals of Hooghly district. : Shri Abdul Mannan.

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of 'Non-availability of A. R. V. and A. V. injections in the government Hospitals of Hooghly district'.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 25th June, 1992.

MENTION CASES

শ্রী মানিক ভৌমিক ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সেই সাথে সাথে মন্ত্রী মহাশয়েরও দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় মাধব পাত্র নামে এক ব্যক্তি দুর্ঘটনায় আহত হয়ে পি. জি. হাসপাতালে ভর্তি হয়। সেখানে ভর্তি থাকাকালীন অবস্থায় তাকে অপারেশন থিয়েটারে নিয়ে গেলে সেখানে অক্সিজেন সিলেন্ডার খুলে অক্সিজেন দেওয়ার কথা সেখানে অক্সিজেন না চালিয়ে অ্যানাসথেসিয়া চালানো হয় ৪৮ ঘন্টা। ফলে সেই লোকটি মারা যায়। তাঁর পরিবারের পক্ষ থেকে এই ব্যাপারে অভিযোগ জানানো হয়েছে যে তাদের পরিবারের একমাত্র উপার্জনশীল ব্যক্তি ছিলেন মাধব বাবু তার একটি বাচ্ছাও আছে। স্যার, এই মুহুর্তে বলতে পারি হাসপাতালগুলির যে অবস্থা হয়েছে এবং বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে স্লোগান দেওয়া হচ্ছে সকলের জন্য স্বাস্থ্য চাই এর মাধ্যমে বামফ্রন্ট সরকার একদিকে যেমন প্রচার চালাচ্ছে, অন্যদিকে তেমনি জনসাধারণকে তারা ধোঁকা দিচ্ছে। এই ব্যাপারে অবিলম্বে একটি তদন্ত হওয়ার দরকার আছে এবং সেই সাথে সাথে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য মন্ত্রীর পদত্যাগ দাবি করছি। আজকে কলকাতার মতো মহানগরীর হাসপাতালে পি. জি. হাসপাতালে অক্সিজেনের বদলে অ্যানাসথেসিস-র মাধ্যমে যে ব্যক্তিকে ৪৮ ঘন্টা ধরে ফেলে রাখা হয় এবং তার জন্য যে ব্যক্তি মারা যায় সেই ব্যাপারে আর কিছুই বলার থাকে না, অথচ এর পরিবারের রোজগার করার মতো কেউ নেই। তাই মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে তাঁর স্ত্রীর একটি আবেদনপত্র মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দিতে চাচ্ছি।

শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় প্রায় এক লক্ষ হিন্দি ভাষা-ভাষী মানুষের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা ভদ্রেশ্বরে এবং চন্দননগরে ছেলেদের জন্য দুটি হিন্দি জুনিয়ার হাই স্কুল আছে এবং মেয়েদের জন্য একটি হিন্দি জুনিয়ার হাই স্কুল আছে। প্রতি বছর এই জুনিয়ার হাই স্কুলগুলি থেকে অনেক ছাত্র ছাত্রী পাশ করেন, কিন্তু এখানে কোনও হিন্দি

মাধ্যমিক স্কুল নেই, যার জন্য সেই সমস্ত ছাত্র ছাত্রীরা ভর্তি হতে পারে না। শুধু হুগলী জেলায় একটা হিন্দি মিডিয়াম স্কুলে আছে, কিন্তু সেখানে সবাই ভর্তি হতে পারে না এবং অনেকে এইভাবে ভর্তি হওয়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তাই ছেলেদের জন্য যে দুটি স্কুল আছে সেই গান্ধী পাড়া শাস্ত্রী হিন্দি জুনিয়ার হাই স্কুল এবং তেলেনী পাড়া মহাত্মা গান্ধী বিদ্যাপীঠ আর মেয়েদের জন্য ইন্দিরা গান্ধী যে স্কুল আছে তাকে আপগ্রেড করা হোক এবং চন্দননগর সাব ডিভিসনে মেয়েদের কোনও স্কুল নেই সেখানে একটি স্কুল করা হোক।

শ্রী অজয় দে ঃ মাননীয় স্পিকার স্যার, আমি একটা বিষয়ের প্রতি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতার পর আমার নির্বাচনী এলাকা ফুলিয়ায় একটা উপনগরী গড়ে উঠেছিল ৩১৫ বিঘে জায়গা নিয়ে এবং সেখানে সীড ফার্ম গড়ে উঠেছিল। সেটা আজকে ধ্বংসের মুখে যেতে বসেছে এবং সেখানে মাত্র ৩০।৪০ বিঘের বেশি জমিতে চাষ হয় না। উন্নত মানের বীজ কৃষকদের সরবরাহ করার জন্য এই সীড ফার্ম গড়ে উঠেছিল, কিন্তু কৃষকদের কোনও বীজ সরবরাহ করা হচ্ছে না এবং সরকারের লক্ষ লক্ষ টাকা ক্ষতি হচ্ছে। ওই এলাকাটি বাউন্ডারী দেয়াল দিয়ে ঘেরা। সেখানে একটা মশলা তৈরির কারখানাও ছিল সেটাও আজকে বন্ধ হয়ে গেছে। তাই আমি কৃষি মন্ত্রীকে বলছি সরকার এই ব্যাপারে দৃষ্টি দিন এবং তদন্ত করুন ও কৃষকরা যাতে উন্নত মানের বীজ পায় তার ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের কাছে একটা বিষয় উপস্থাপিত করতে চাই। আপনি জানেন যে তারকেশ্বর একটি গুরুত্বপূর্ণ পৌরসভা এলাকা এবং তীর্থস্থান হিসাবে সকলের কাছে পরিচিত। তারকেশ্বরের সঙ্গে বাঁকুড়া, বর্ধমান এবং আরামবাগের বাস রুটের সংযোগ আছে। এই সমস্ত বাসে করে হাজার হাজার যাত্রী প্রতিদিন তারকেশ্বরের স্টেশনে এসে উপস্থিত হয়। তারকেশ্বরে অসংখ্য তীর্থযাত্রীদের সঙ্গে ডেলি প্যাসেঞ্জাররা যাতায়াত করাতে একটা দুর্বিষহ অবস্থার সৃষ্টি হয়েছে। কিন্তু তারকেশ্বর সিঙ্গল লাইন, তাই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি তারকেশ্বর লাইনকে ডাবল লাইন করা হোক।

শ্রী শৈলজা দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার দাবি জানাচ্ছি। মন্ত্রী মহাশয় এই হাউসে ঘোষণা করেছিলেন যে জেলায় জেলায় কমিটি তৈরি হয়েছে তারা তদন্ত করার পর টু ক্লাশ জুনিয়ার স্কুলগুলিকে ফোর ক্লাশে আপগ্রেড করা হবে। কিন্তু মে মাসের সেশন শুরু হয়ে গেছে কিন্তু এখনও পর্যন্ত সেই টু ক্লাশ জুনিয়ার স্কুলগুলিকে ফোর ক্লাশে উন্নীত করা হচ্ছে না। আমি জানি আমাদের জেলায় সেই তদন্ত করার কাজ শেষ হয়ে গেছে সেই স্কুলগুলিকে আপগ্রেড করা হোক এবং গুণগত

মানের দিক থেকে যেসব স্কুলগুলি ভাল সেই সিক্স ক্লাশ স্কুলগুলিকে এইট ক্লাশে আপগ্রেড করা হোক।

[11-50 — 12-00 (Noon)]

শ্রী তপন হোড় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার মঙ্গলকোট থানার বালিগ্রাম গ্রাম পঞ্চায়েতের অধীন, মুদিয়ানা গৃহবধূ শ্রীমতী মায়ারাণী খান্ডার গত ৩।২।৯২ তারিখ থেকে নিখোঁজ হয়েছেন এবং এই সম্পর্কে স্থানীয় পঞ্চায়েতে ৪।২।৯২ তারিখে জানানো হয়। এরপর খোঁজাখুঁজির পর থানাতে ৬।২।৯২-তে জানানো হয়। কিন্তু থানা প্রথমেই রিফিউজ করে। অনেক চাপাচাপির পর ১৪। ৫।৯২-তে কেসটা নেয় এবং আজ পর্যন্ত লোকাল থানা বা পুলিশ কোনও রকম ব্যবস্থা নেয় নি। ডি. এম.-এর কাছে, এস. পি.-র কাছে জানানো হয়েছে এবং আমাদের বীরভূমের নানুর থানার পালিটায় এই মেয়েটির বাপের বাড়ি। তাঁরা এসে আমাদের কাছে বারবার অভিযোগ করছেন যে, জেলা প্রশাসন, ডি. এম., এস. পি.-কে বলা সত্ত্বেও কিছু করছেন না। গৃহবধূ যে নিখোঁজ হয়েছেন — তাঁরা সন্দেহ করছেন বাপের বাড়ি থেকে, তাঁকে বোধ হয় খুন করে ফেলা হয়েছে। এই অবস্থায় বারবার বলা সত্ত্বেও স্থানীয় প্রশাসন কোনও ব্যবস্থা নিচ্ছেন না। এই কারণে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি এবং দাবি জানাচ্ছি, নিখোঁজ যে মহিলা — তাঁর সন্ধান কাজ শুরু করা হোক এবং প্রকৃত অবস্থা জ্যানানো হোক।

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। আমাদের হাওড়া জেলার শ্যামপুর থানার অধীন গড়চুমুকে দামোদর নদের উপর একটা সেতু নির্মাণের অত্যন্ত প্রয়োজন। প্রয়োজনটার কারণ, (১) শ্যামপুর থানার পরিবহণ ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, এই ব্রীজটি হলে মানুষ খানিকটা রিলিফ পাবেন, (২) শ্যামপুর থানার চারটে অঞ্চল, এর উপর সেতু হলে পুলিশ প্রশাসন খানিকটা অন্তত কাজ করেত পারবে, (৩) শ্যামপুরের মানুষ সাব-ডিভিসনের আসবার মতন পথ খুঁজে পাচ্ছেন না, এই সেতুটি নির্মাণ হলে ওখানকার মানুষ উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে আসতে পারবেন, মহকুমা শাসকের দপ্তরে আসতে পারবেন। তাই এই সেতুটি নির্মাণের জন্য অত্যন্ত বিনীত ভাবে মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বারাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা গুরুত্বপূর্ণ ও মর্মান্তিক ঘটনার কথা এখানে তুলে ধরছি। গতকাল কুলতলি থানার কৈখালা গ্রামে সি. পি. আই. এম.-এর সমর্থকরা তাঁরা ওই গ্রামে এস. ইউ. সি. আই. কর্মীদের উপর অতর্কিতে আক্রমণ করে এবং এই আক্রমণের ফলে দু পক্ষের মধ্যেই সংঘর্ষ হয়। এই সংঘর্ষে দু পক্ষরই তিনজনের জীবনহানি ঘটে। এস. ইউ. সি. আই.-

এর দু জন, পুতুল ঘোষ এবং বাঁটুল হালদার। আর. সি. পি. এম.-এর সুজাউদ্দিন বলে মারা যান। এস. ইউ. সি. আই.-এর ১৫।১৬ জন সমর্থক গুরুতর অবস্থায় স্থানীয় হাসপাতালে এবং দু জন নীলরতন সরকার হাসপাতলে ভর্তি হয়ে রয়েছেন। এই রকম ঘটনা ঘটল পুলিশের সামনে। যদি পুলিশ প্রশাসন অগ্রগাম ব্যবস্থা নিত তাহলে এই রকম সংঘর্ষ হতে পারত না। ওখানে একটা জমির উপর সি. পি. আই. এম. লোকজন বারবার ঝামেলা করছিল। বারে বারে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, ডি. এম.-এর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। ডি. এম.-র দৃষ্টি আকর্ষণ করেছে। ডি. এম. আগামী ২৫ তারিখে ল অ্যান্ড অর্ডারের কোয়েশ্চেনে মিটিং ডেকেছিলেন। অথচ স্পর্শকাতর এলাকায় পুলিশ থাকা সত্ত্বেও ওই গ্রামে এই ঘটনা ঘটল। আমি স্বারাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে নিরপেক্ষ তদন্তের এবং দোষীরা যাতে উপযুক্ত শাস্তি পায় এবং এই ধরনের অবস্থা যাতে না হয়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে স্বারাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিষয়টা হচ্ছে, গত ১৭ই জুন হরিপাল থানার আলিপুর গ্রামে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কাপালিক বাহিনী গ্রামের পরেশ বাগ নামে এক ক্ষেতমজুরকে তীরবিদ্ধ করেছে। ফলে তিনি চুঁচুড়ার হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। ওখানে একটা কোল্ড স্টোরেজ আছে। ওই কোল্ড স্টোরেজের মালিকের বিরুদ্ধে ক্ষেতমজুরেরা দাবি দাওয়া নিয়ে লড়াই চালাচ্ছে দীর্ঘ দিন ধরে এবং স্থানীয় মানুষ ওই কোল্ড স্টোরেজের শোষণের বিরুদ্ধে এবং তুঘলকি কাজের বিরুদ্ধে লড়াই করছে। ওই গ্রামবাসীরা সবাই ঐক্যবদ্ধ কোল্ড স্টোরেজের ওই মালিকের বিরুদ্ধে এবং ওখানে আলু বাছাই করতেন ক্ষেতমজুরেরা। কিন্তু আমরা দেখতে পেলাম, সেই মালিক এস. পি. জয়সোয়াল, লোকাল থানা এবং সি. পি. এম. নেতৃত্ব মিলিত ভাবে ওই গ্রামের বিভিন্ন জায়গায় ব্যাপক ভাবে হামলা করে। শুধু হামলা নয়, গরু বাছুর এমন কি রান্নার হাঁড়ি-বাসন পর্যন্ত নিয়ে চলে যায় এবং মহিলাদের পঞ্চায়েত অফিসে নিয়ে গিয়ে অত্যাচার করা হয় পুলিশ প্রশাসনের সামনে। বহু লোক ঘরছাড়া। বহু লোক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে এবং এর সঙ্গে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পঞ্চায়েত সমিতির সদস্য জড়িত। কিন্তু গ্রেপ্তার করা হচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে, একটি কোল্ড স্টোরেজের মালিক তার প্রতি মার্কসবাদী কমিউনিস্টদের এত দরদ কেন জানি না। যে শ্রমিকেরা লড়াই করছে তাদের বিরুদ্ধে কেন এই রকম করছে জানি না। দাবি জানাচ্ছি, অবিলম্বে স্বরাষ্ট্র মন্ত্রী অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নিন এবং দোষী পুলিশ অফিসারদের বিরুদ্ধে যাতে ব্যবস্থা নেন, তার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি।

শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় বিভিন্ন গ্রামে বিদ্যুতের জন্য প্রায় দীর্ঘ ৬/৭ বছর বিভিন্ন অফিসে দরখাস্ত করা হয় এবং গ্রামের ম্যাপ দেওয়া হয়। কিন্তু মির্জাপুর,

জানকীনগর, রাধাকান্তপুর, শাজাপুর, পাগলাচন্ডী, রায়পুর প্রভৃতি জায়গার জন্য দীর্ঘ ৬/৭ বছর আবেদন নিবেদন করেও আজ পর্যন্ত বিদ্যুত পায় নি। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শহরাঞ্চলের তুলনায় গ্রামের প্রতি অবহেলা করা হচ্ছে। এইসব গ্রামে যাতে অবিলম্বে বিদ্যুৎ দেওয়া হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। দীর্ঘ দিন ধরে গ্রামের লোকেরা দেবগ্রাম, কৃষ্ণনগরে ডিভিসনাল ইঞ্জিনিয়ারের সাব-অফিসে এবং কল্যাণীতে ঘুরে ঘুরে আজ পর্যন্ত এই সব গ্রামে বিদ্যুতের ব্যবস্থা হয় নি।

[12-00 — 12-10 P.M.]

আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে বলব, উক্ত গ্রামগুলি অবিলম্বে বিদ্যুতায়ণ করা হোক।

শ্রী সাধন পান্ডে ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমাদের কংগ্রেস পরিষদীয় দল থেকে একটি প্রতিনিধি দল তিন বিঘা গিয়েছিলেন। স্যার, আমরা সেখানে দেখেছি মানুষের অবস্থা। আমরা চুক্তির পক্ষে কিন্তু কোনও দমন পীড়নের পক্ষে নেই। সেইজন্য আমরা প্রতিনিধি দল, আমরা প্রধানমন্ত্রীর সঙ্গেও দেখা করি এবং প্রধানমন্ত্রী আমাদের কথা শোনেন এবং কতকগুলি সাজেশন আমরা দিয়েছি। সেই সাজেশনের পরিপ্রেক্ষিতে এ. আই. সি. সি. — থেকে একটি দল স্যার, যাচ্ছে। আজকে হয়ত পৌঁছে যাবে কিন্তু স্যার, যেটা মারাত্মক ব্যাপার সেটা হচ্ছে, কুচলিবাড়ির মানুষ, তাদের তো বোঝানো হয় নি, রাজ্য সরকার বোঝায় নি, সেখানে ওপার থেকে অর্থাৎ বাংলাদেশ থেকে মাইকের মাধ্যমে মারাত্মক সব শ্লোগান দেওয়া হচ্ছে। সেই শ্লোগানে বলছে, 'বেগম জিয়া জিন্দাবাদ, জ্যোতি বসু ধন্যবাদ'। আর বলছে, 'তিন বিঘা পেয়ে গিয়েছি, কুচলিবাড়িকে নিয়ে নেব'। স্যার, এই ধরনের প্ররোচনামূলক শ্লোগান দেওয়া হচ্ছে। আমি রাজ্য সরকারের মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, বাংলাদেশের হাইকমিশনারকে ডাকুন এবং ডেকে বলুন যে এই ধরনের যারা মাইকে ওখানে উত্তেজনা ছড়াচ্ছে, মানুষকে আতঙ্কের মধ্যে ফেলছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। স্যার, শুধু ভারতবর্ষের পুলিশ নয়, ভারতবর্ষের সি. আর. পি. এফ. নয়, ঐ দিকেও যথেষ্ট পরিমাণে এই রকম ফোর্স দেওয়া দরকার যাতে এই ধরনের প্ররোচনামূলক কথা মাইকের মাধ্যমে বলা না হয়। এতে সাইকোলজিক্যালি ইন্ডিয়ার সিটিজেনদের তারা ওখান থেকে বিতাড়িত করছে। স্যার, কুচলিবাড়ি থেকে লোক চলে আসছে। কেন আসছে? এই কারণে আসছে বেশি করে যে আতঙ্ক ওপার থেকে ছড়ানো হচ্ছে। স্যার, আমি বলতে চাই, জ্যোতি বসু ধন্যবাদ পেতে চান পান, অনেক কিছু ব্যাপার, কিন্তু কুচলিবাড়ি নিয়ে নেব এই ধরনের কথা, এই ধরনের শ্লোগান — আমি জানি না, এরা বাংলাদেশের কাছে নিজেদেরকে বিকিয়ে দিয়েছে, এরা বেগম জিয়ার কাছে নিজেদের বিকিয়ে দিয়েছে। স্যার আমি পরিষ্কার বলতে চাই যে চুক্তি রূপায়িত হবে এবং চুক্তির সঙ্গে সঙ্গে আত্মমর্যাদাকেও আমরা বিপন্ন হতে দেব না। কুচলিবাড়ির প্রতিটি মানুষ — ৪০ হাজার

মানুষের পাশে ভারতীয় হিসাবে আমরা তাদের পাশে দাঁড়াব, কোনও রাজনীতি খেলব না। বেগম জিয়ার পায়ে পড়ার রাজনীতি জ্যোতি বাবুরা করতে পারেন ধন্যবাদ পাবার জন্য, গ্যাস পাবার জন্য, অন্যান্য জিনিসের জন্য কিন্তু আমরা তা করব না। আমরা চুক্তি রূপায়ণ করব ভালবাসা পাবার জন্য। কিন্তু স্যার, একটা কথা বলি, বাংলাদেশের হাইকমিশনারকে ডেকে বলে দেওয়া হোক। নিজেদের দেশের মানুষের বিরুদ্ধে আপনি ব্যবস্থা নিচ্ছেন আর ওপারের মানুষ যারা উত্তেজনা ছড়াচ্ছে তাদের বিরুদ্ধে কেন ব্যবস্থা নেওয়া হবে না আমি সেটা জানতে চাই। স্যার, আপনার মাধ্যমে তাই বলছি, মুখ্যমন্ত্রীকে ডেকে পাঠান। বুদ্ধদেববাবু এখানে আছেন। যারা ওপার থেকে মাইকে শ্লোগান দিচ্ছে তাদের রেসট্রেন করার ব্যবস্থা করা হোক। তাদের যদি রেসট্রেন না করেন, তারা যদি উত্তেজনা পূর্ণ শ্লোগান দিয়ে যেতে থাকে তাতে উত্তেজনা ছড়াবে।

(সময় শেষ হওয়ায় এই সময় মাইক বন্ধ হইয়া যায়)

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সম্প্রতি তিন বিঘা প্রশ্নে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাত করতে দিল্লি গিয়েছিলাম। আমাদের বুদ্ধদেববাবু খুব ভয় দেখিয়ে দিয়েছিলেন এই বলে যে আমরা গেলে আমাদের কান মুলে দেবে। আমরা খুব আতঙ্কিত হয়ে গিয়েছিলাম যে সত্যিই যদি আবার ধমক টমক খেতে হয়। যাক, কান আমাদের প্রধানমন্ত্রী মুলে দেন নি। রাত্রি বেলায় তার বাসভবনে বসে দীর্ঘ আধ ঘন্টা ধরে আমরা আলোচনা করেছি। তিনি সম্যকভাবে সমস্যাটা বোঝবার চেষ্টা করেছিলেন। যেটা আমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলে যে তিনি জানতেন যে চুক্তির প্রশ্নটা খুব শান্তি শৃঙ্খলা এবং খুব শান্তিপূর্ণভাবে এগুচ্ছে। কিন্তু ভেতরে ভেতরে যে বিক্ষোভ এত তীব্র এবং এলাকার মানুষের মধ্যে যে সঙ্কট এত ঘনিভূত হয়ে আছে তিনি যে কোনওভাবেই হোক এ সম্পর্কে এত ওয়াকিবহাল ছিলেন না। রাজ্য সরকারকে তিনি যে ইম্পলিমেন্টিং অথরিটি করেছিলেন, রাজ্য সরকার দায়িত্ব ভার নিয়ে কেন্দ্রীয় সরকারকে গোটা বিষয়টা আড়াল করে রেখে কাজকর্ম করার চেষ্টা করছিলেন। বিষয়টা মূল হচ্ছে, এর বিষয়টা মূল হচ্ছে — যেহেতু কমল গুহের নেতৃত্বে এই আন্দোলন চলছে, স্বভাবতই সি. পি. এম. এটা নিয়ে আবার দিল্লির দৃষ্টি গোচর করে। কেন্দ্রীয় সরকার আবার এই সম্পর্কে বলবেন, এবং স্বভাবতই তারা গোটা বিষয়টা গায়ের জোরে বল প্রয়োগ করে রূপায়িত করার চেষ্টা করছেন। যেমন ভাবে বালিগঞ্জের উপ নির্বাচনে বল প্রয়োগ চলছে, যেমন করে দার্জিলিং এর সমস্যা মেটানোর ক্ষেত্রে বল প্রয়োগ চলছে। স্যার, আমাদের যার ফলে মনে হয়েছে যে প্রধানমন্ত্রীর কাছে আমরা যে কথা বলে এসেছি যে, বল প্রয়োগের মাধ্যমে নয়, বোঝাপড়ার মাধ্যমে এই তিন বিঘা চুক্তির রূপায়ণ হওয়া উচিত এবং ২৬ তারিখের হস্তান্তরে যাতে কোনও অবস্থাতেই রক্ত ক্ষয় না হয়, ব্লাড শেড না হয়, সেদিকে রাজ্য সরকার যাতে সম্পূর্ণ ভাবে দৃষ্টি রাখেন এবং যথেষ্ট সংযমের পরিচয় দেন, এটা আমি রাজ্য সরকারকে বলতে

চাই। বি. জে. পি.-কে নিয়ে এখানে মাঝে মাঝে কথা ওঠে। আপনাকে নাকি আব্দুল মান্নান একটা পোস্টার দেখিয়েছে, — এই তো স্যার, পোস্টারের নমুনা! অটলবিহারী বাজপেয়ীর সঙ্গে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু শহিদ মিনার ময়দানে কি সুন্দর ভাবে জনসভা করছেন, এটা তো হয়েছিল বিগিনিং অব দি এন্ড। এটা শুরু হয়েছিল পতনের সূত্রপাত। অটলবিহারী বাজপেয়ীকে নিয়ে জ্যোতিবাবু যে সভা শহিদ মিনার ময়দানে কংগ্রেসকে পরাস্ত করার উদ্দেশ্যে করেছিলেন, আমরা আজও বুঝতে পারছি যে বি. জে. পি.-কে এই রাজ্যে এই ভাবে সুযোগ করে দেবার কারণ কি ছিল! আজকে আমরা বারবার এই কথা বলতে চাই যে আমরা চুক্তির পক্ষে। We are very much in favour of the accord. কিন্তু সেটা শান্তিপূর্ণভাবে হোক, হিংসা এবং বল প্রয়োগের মাধ্যমে নয়।

শ্রী সমর বাওড়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিন বিঘা নিয়ে বর্তমানে যে অবস্থার সৃষ্টি করা হচ্ছে, আমরা এই বিধানসভায় সর্ব দলীয় প্রস্তাব নিলাম এবং সর্ব দলীয় প্রস্তাব নেওয়া শুধু নয়, সর্ব দলীয় টিম পাঠিয়ে সেখানকার মানুষকে বোঝানোর জন্য একটা আন্তর্জাতিক চুক্তি রূপায়ণের ক্ষেত্রে সকলের যে দায়িত্ব ছিল, সেই দায়িত্ব পালন করার জন্য এই বিধানসভা থেকে উদ্যোগ নেওয়া হল। কিন্তু আমরা লক্ষ্য করলাম যে আমাদের কংগ্রেসি বন্ধুরা তারা এখানে এই সভায় প্রস্তাব নিলেন, কিন্তু প্রস্তাব নেবার কিছুক্ষণের তারা সর্ব দলীয় প্রচেষ্টাকে তারা ব্যাহত করলেন এবং আলাদা করে গিয়ে সেখানে বি. জে. পি.-র সমর্থক, বি. জে. পি.-র কর্মী, তাদের সঙ্গে এক হয়ে তারা সেখানে তিন বিঘা চুক্তিকে শান্তিপূর্ণ ভাবে যে রূপায়িত করা, সেই রূপায়িত করার সমস্ত প্রচেষ্টাকে তারা বাধা দিলেন। আমরা লক্ষ্য করেছি, কংগ্রেসি এক নেতা তিনি গনিখান চৌধুরি, তিনি পর্যন্ত বিবৃতি দিলেন যে কংগ্রেসের অভ্যন্তরে কিছু মানুষ কিছু কর্মী, তারা বি. জে. পি.-র সঙ্গে যোগাযোগ রেখে তারা এই ধরনের কাজগুলো চালাচ্ছেন। আজকে পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে, এই হাউসের সদস্য তিনি বক্তব্য রাখার সময় বলছেন যে তিনি যখন সেই তিন বিঘায় গিয়ে বক্তৃতা করেছেন, তখন বি. জে. পি.-র লোকেরা, তারা তাদের পতাকা নাড়িয়ে রেখেছিল। এ এক অদ্ভুত ব্যাপার! তিন বিঘার লোকেরা কি রেলের গার্ড না কি, যে একবার যখন কংগ্রেসের নেতারা বক্তব্য রাখছেন, তখন তারা বি. জে. পি.-র পতাকা নাড়িয়ে কংগ্রেসের পতাকা তুলছেন, আবার যখন বি. জে. পি.-র নেতারা বক্তব্য রাখছেন, তখন সেই একই লোক কংগ্রেসের পতাকা নাড়িয়ে বি. জে. পি.-র পতাকা তুলছেন? আজকে পরিষ্কারভাবে দেখা যাচ্ছে যে এই তিন বিঘার প্রশ্নে, যেটা একটা আন্তর্জাতিক চুক্তি — সেই আন্তর্জাতিক চুক্তি রূপায়ণের পথে আজকে বাধা সৃষ্টি করছে বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়ে কংগ্রেসি সদস্যরা, কংগ্রেস দল এবং তার একাংশ। তারা বুঝছেন না যে আজকে পার্শ্ববর্তী একটা দেশ বাংলাদেশের সঙ্গে যে সুসম্পর্ক বজায় রাখার প্রশ্নে আজকে এই আন্তর্জাতিক চুক্তি রূপায়িত করা অত্যন্ত প্রয়োজন, সেটা তারা সঙ্কীর্ণ স্বার্থে, সঙ্কীর্ণ নিজেদের এলাকাগত সঙ্কীর্ণ স্বার্থে, সমগ্র দেশের স্বার্থে নয়, সঙ্কীর্ণতার দৃষ্টিভঙ্গিতে বিচার করে তারা আজকে অশান্তি সৃষ্টি

করতে চাইছেন। তাই আমি আপনার মাধ্যমে এই সভার সকলের এবং তার মাধ্যমে পশ্চিম বাংলার মানুষের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, যারা কংগ্রেসের নাম করছে, আর কেন্দ্রীয় সরকারের এই চুক্তিকে সমর্থন করছেন, অথচ কার্য ক্ষেত্রে এই চুক্তি রূপায়ণে বিঘ্ন সৃষ্টি করছেন, তাদের মুখোস খুলে দেবার জন্য আমি পশ্চিম বাংলার মানুষের কাছে আবেদন জানাতে চাই এই সভার মাধ্যমে।

[12-10 — 12-20 P.M.]

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ স্যার, আমার এখন উঠে কিছু বলার কথা নয়। বিরোধী দলের মাননীয় সদস্য সুদীপবাবু একটা পোস্টার দেখানোয় একটু উৎসাহিত হয়ে বলতে চাইছি। অনেক বিষয়ে অনেক পোস্টারই এখানে দেখান যায়। ভি. পি. সিং সরকারকে বাজপেয়ীর সঙ্গে হাত মিলিয়ে, আডবানির সঙ্গে হাত মিলিয়ে রাজীব গান্ধী ভেঙ্গে দিয়েছিলেন। সে অপরাধের অনেক ছবি আছে। আমি কংগ্রেসিদের বলি, — আপনারা গোপনে অপরাধ সংঘটিত করেন। আপনারা গোপনে গোপনে অপরাধ করেন। এই মূহুর্তে আমি এই হাউসে এই সংবাদ দিচ্ছি যে, এই মূহুর্তে বি. জে. পি.-র একজন সর্ব ভারতীয় নেতা তিন বিঘায় ছুটে গেছেন। কেন? 'আমরা তিন বিঘা চুক্তি রূপায়ণ করতে দেব না'। এই হচ্ছে তাঁদের বক্তব্য। তাঁরা তিন বিঘা চুক্তি রূপায়ণ করতে দেবেন না। সেখানে কি সমস্যা আছে, মানুষ কি বলছে, তা তাঁরা শুনতে যান নি। আডবানির আসার কথা ছিল, তিনি আসেন নি, কিন্তু তাঁদের দলের প্রেসিডেন্ট যোশী এসেছেন, এবং তিনি গিয়েছেন। আজকে ওখানে আর কে কে গিয়েছেন? এই সভার মাননীয় সদস্য সৌগতবাবু নটবর সিং-কে সঙ্গে নিয়ে আজকেই বি. জে. পি.-র সঙ্গে হাত মিলিয়ে ওখানে গিয়েছেন।

(গোলমাল)

একই দিনে তিনি গিয়েছেন কিনা? তিনি কেন আজকেই গিয়েছেন? বি. জে. পি.-র সাথে হাত মিলিয়ে সিদ্ধার্থবাবু এবং সৌগতবাবু আজেকে এই রাজনীতি করছেন।

(গোলমাল)

কেন্দ্রীয় সরকারের দুজন মন্ত্রী এখানে এসেছিলেন। কংগ্রেস দলের রাজ্য সভাপতি শ্রী সোমেন মিত্র-র অনুরোধে এখানে সর্ব দলীয় মিটিং ডাকা হয়েছিল। সে সময়ে সিদ্ধার্থবাবু আপত্তি জানিয়েছিলেন, এক সঙ্গে মিটিং করায় আপত্তি জানিয়েছিলেন এবং তিনি চান নি যে, মিটিং হোক। এটা সকল সদস্যই জানেন। তারপর প্রধানমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রী শ্রী অজিত পাঁজাকে পাঠিয়েছিলেন। মাননীয় স্পিকার মহাশয়ের ঘরে বসে তাঁর সঙ্গে আমাদের আলোচনা হয়ে ঠিক হয়েছিল যে, তিন বিঘায় একটা সর্ব দলীয় প্রতিনিধি দল যাবে, সেখানে মানুষের কথা শুনবে। কিন্তু সিদ্ধার্থশংকর রায় পেছন থেকে সেই সিদ্ধান্তের বিরোধিতা করেন। ফলে সেটা কার্যকর হয় না।

(গোলমাল)

আজকে বি. জে. পি.-র সঙ্গে একত্রে সৌগতবাবু ওখানে গিয়েছেন। আমরা সবাই জানি আগামী ২৬ তারিখ তিন বিঘা চুক্তি কার্যকর হবে। এটা আমাদের কেন্দ্রীয় সরকারের সঙ্গে বাংলাদেশ সরকারের একটা আন্তর্জাতিক চুক্তি। এই চুক্তির পরিপ্রেক্ষিতে বাংলাদেশের মাননীয়া প্রধানমন্ত্রী আমাদের দেশে এসেছিলেন। সর্বশেষ সিদ্ধান্ত হচ্ছে, আগামী ২৬ তারিখ চুক্তি রূপায়িত হবে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকার যে ভাবে বলছেন সে ভাবে আমরা সমস্ত কাজ করছি। কিন্তু একটা দায়িত্বহীন দল সাম্প্রদায়িক শক্তিকে এখানে প্রতিষ্ঠিত করার জন্য — আজকে বি. জে. পি.-র নেতৃত্বে সৌগত রায় ওখানে গিয়েছেন। কি করতে গেছেন?

(গোলমাল)

আমরা দিল্লিকে এই খবর পৌঁছে দিয়েছি এবং শ্রী নটবর সিংকে অনুরোধ করেছি, — আপনি দয়া করে আজকে ওখানে যাবেন না। ওখানে যা হচ্ছে তা আমরা জানি। আপনি আজকে দয়া করে ওখানে যাবেন না। আপনি আজকে শিলিগুড়ি বা জলপাইগুড়িতে থেকে যান। এ কথা আমাদের শ্রী নটবর সিংকে বলতে হয়েছে। এই সব জিনিস সংঘটিত হচ্ছে এবং এখানকার দুজন বিধায়ক সৌগত রায় ও সিদ্ধার্থশংকর রায় এই কাজ করছেন। এই হচ্ছে আমার কথা।

শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার হরিপাল থানার অলিপুর গ্রামের 'পঞ্চানন হিমঘর' তার জন্মলগ্ন থেকেই ঐ হিমঘর যাতে চালু না হয় তারজন্য কংগ্রেস আই দল ষড়যন্ত্র করতে শুরু করেন। হিমঘরের নিয়মনীতি অগ্রাহ্য করে কংগ্রেসের নেতৃত্বে কিছু সমাজ বিরোধীর সহযোগিতায় তারা গত ১ বছর ধরে ঐ হিমঘরে অনবরত হামলাবাজি করতে থাকে। ঐ হিমঘরের কর্তৃপক্ষ নিয়মনীতির মাধ্যমে ঐ স্টোরেজে স্থায়ী কর্মচারী নিয়োগ করেন। ঐ হিমঘরের কর্মচারিরা সেখানে সিটুর লাল পতাকা তোলে। কিন্তু কংগ্রেসি গুন্ডাবাহিনী গত ১লা মে স্টোরেজের মধ্যে হামলা করে এবং বলে লাল পতাকা তোলা চলবে না, তেরঙ্গা পতাকা তুলতে হবে। তখন এই স্টোরেজের কর্মচারিরা তাদের তাড়িয়ে দেয়। পরবর্তীকালে ঐ কংগ্রেসি গুন্ডাবাহিনী স্টোরেজের কর্তৃপক্ষকে হুঁশিয়ারী দেন এবং বলেন সমস্ত স্থায়ী কর্মচারীকে বার করে দিয়ে তাদের দলের মনোমতো লোককে নিয়োগ করতে হবে। এতে আমরা তার প্রতিবাদ করি এবং কর্মচারিরাও এর প্রতিবাদ করে। এর পরবর্তীকালে ১৭ জুন, কিছু আলু বাছাইকারীর উপর অতর্কিতে হামলা চালায়। এই হামলা চলাকালীন সময় কালাচাঁদ মুর্ম্মুকে মারাত্মক ভাবে জখম করে এবং তাপস ঘোষের ঘড়ি ও টাকা জোর করে ছিনতাই করে নেয়। আমি এই বিষয়ে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার শ্যামপুর ১ নম্বর ব্লকের নবগ্রাম গ্রাম পঞ্চায়েতে

হুগলি নদীর বাঁধে টাওয়ালি খালের মুখে যে একটা উডেন ব্রিজ আছে সেই ব্রিজটি নদীর স্রোতে ভেঙ্গে চলে গেছে। এর ফলে ঐ এলাকার প্রায় ১০ হাজার মানুষ অসহায় অবস্থায় জীবন কাটাচ্ছে। সেখানকার জন জীবন বিপন্ন। ছাত্র, কৃষক এবং সমস্ত স্তরের মানুষ আজকে পারাপার হতে পারছে না। একটা কঠিন অবস্থার মধ্যে ঐ এলাকার ১০ হাজার মানুষ জীবন কাটাচ্ছে। আমি সেচ দপ্তরের হাওড়া ডিভিসন-এর ইঞ্জিনিয়ারকে এই সম্পর্কে বারবার বলেছি। ঐ উডেন ব্রিজটি প্রতি বছর ভেঙ্গে যায় আর টাকা খরচা হয় এবং প্রতি বছরই মানুষ পারাপার হতে পারে না। প্রতি বছর প্রাকৃতিক দুর্যোগে হুগলি নদীর বন্যায় গ্রামের ঘর বাড়ি ভেঙ্গে যাচ্ছে, আমন চাষ নষ্ট হয়ে যাচ্ছে। সেইজন্য ঐ উডেন ব্রিজ না করে সেখানে একটা স্লুইজ নির্মাণ করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, আমি জিরো আওয়ারে আমার বক্তব্য রাখার আগে একটি কথা বলে রাখি। প্রধানমন্ত্রীর প্রেরিত শ্রী নটবর সিং-এর সাথে শ্রী সৌগত রায়ের নাম যা উল্লেখ করলেন মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়, সৌগত বাবু থাকলে নিশ্চয়ই তার উত্তর দিতেন। নিখিল ভারত কংগ্রেস কমিটির সরকারি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর নির্দেশে, স্বরাষ্ট্র মন্ত্রী, চবনের সাথে আলোচনার ভিত্তিতে তাঁরা গেছেন। বি. জে. পি.-র নেতৃত্বে তাঁরা গেছেন — একজন দায়িত্বশীল মন্ত্রী যে কথা উল্লেখ করলেন তা সঠিক হয় নি, বিভ্রান্তিকর। এবার আমি আমার জিরো আওয়ারে বলছি। বালিগঞ্জে যে উপ নির্বাচন হয়েছে তার যে ভোট গণনা পর্ব চলছে তা নিছক প্রহসন। বালিগঞ্জের উপ নির্বাচনকে কেন্দ্র করে যে ঘটনা ঘটেছে সেই সম্বন্ধে গতকাল যুব কংগ্রেস গণ আদালত বসিয়ে দেখিয়েছেন। তারা দেখিয়েছেন, বালিগঞ্জের উপ নির্বাচনে কিভাবে গণতন্ত্রকে হত্যা করা হয়েছে এবং উপ নির্বাচনকে কিভাবে প্রহসনে রূপান্তরিত করা হয়েছে। আজকে সেই বালিগঞ্জের উপ নির্বাচনের গণনা পর্ব চলছে। সেইজন্য আমরা অর্থাৎ কংগ্রেসি বিধায়করা এর বিরুদ্ধে সোচ্চার কণ্ঠে প্রতিবাদ করব বলে মনঃস্থির করেছি।

[12-20 — 12-30 P.M.]

এইভাবে সংসদীয় গণতন্ত্রকে হত্যা করে একটার পর একটা শুধু উপ নির্বাচন নয়, এক দলীয় শাসন ব্যবস্থা কায়েম করতে সি. পি. এম. উদ্যোগী হয়েছে, আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। পশ্চিমবঙ্গের জ্ঞানপীঠ পুরস্কার প্রাপ্ত বুদ্ধিজীবীরা পর্যন্ত কলকাতা শহরের বুকে সেজন্য অবস্থান এবং অনশন সত্যাগ্রহ করছেন। তাই আমরা মনে করি যে বালিগঞ্জের উপ নির্বাচনে রিগিং এবং সন্ত্রাসের মাধ্যমে যিনি জিতে আসছেন তাঁকে এখানে প্রবেশ না করার জন্য অবহিত করা হোক।

শ্রী সাধন পান্ডে ঃ মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে এই হাউসকে জানাতে চাই যে, একটা বিরাট চক্রান্ত পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর চক্রান্তে এই রাজ্যে চলছে।

স্যার, এই বামফ্রন্ট সরকারের কোন নীতি নেই, নীতি বহির্ভূত ভাবে একটার পর একটা পাবলিক সেক্টার, ভাল ভাল জায়গার ভাল ভাল কারখানা তুলে দেওয়া হচ্ছে। উইদাউট এনি অ্যাডভার্টাইজমেন্ট — বিভিন্ন রাজ্যে এই রকম দেওয়া হয়, তবে সেখানে বিজ্ঞাপনের মাধ্যমে দেওয়া হয় যাতে সাধারণ বাঙালিরা দরখাস্ত করতে পারেন —. এই রাজ্যে ডি. পি. এল. চলে যাচ্ছে বিড়লার কাছে, গৌরীপুর আর. পি. ইন্ডাস্ট্রির কাছে, ওয়েবেল এ. সি. সি.-র কাছে চলে যাচ্ছে। সুন্দরবনের ফিশারী ল্যান্ড চন্দন বসুর কাছে চলে যাচ্ছে। আমরা জানতে চাই একটার পর একটা ইন্ডাস্ট্রি দিয়ে দেওয়া হচ্ছে পার্টিসিপেশনের সমস্ত নীতিকে ব্রেক করা হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী বিজ্ঞাপন না দিয়ে একটার পর একটা ইন্ডাস্ট্রি মাল্টিন্যাশনাল শিল্পপতিদের হাতে দেওয়া হচ্ছে। তাই এই বিধানসভায় একটা নীতির কথা বলা হোক যে কিসের ভিত্তিতে এইসব ইন্ডাস্ট্রি দেওয়া হবে? বিজ্ঞাপন দিলে অনেক বাঙালি কো-অপারেশন করতে পারে। মাননীয় বুদ্ধদেব বাবু রয়েছেন এ নিয়ে ওঁরা একটা প্রতিবাদ করতে পারেন না একটা নীতি নিতে পারেন না। এঁদের মধ্যে একটা মেরুদন্ড যুক্ত লোক নেই যে বলতে পারে এই এই সেক্টারকে নেবে তারজন্য বিজ্ঞাপন দেওয়া হোক। জ্যোতি বাবুর দিকে আঙ্গুলি হেলিয়ে বলতে পারেন না যে এটা ঠিক নয় একটার পর একটা ডিরেক্টার পদে — এবার প্রশান্ত বাবুর ছেলেকে আমরা ডিরেক্টার করব, মুখ্যমন্ত্রী মহাশয়ের ছেলেকে করেছি, উনিও তো এবার ইন্ডাস্ট্রিয়ালিস্ট হতে চলেছেন, কারখানায় লেবার কন্ট্রাক্ট আছে — এদের লজ্জা সরম নেই। এরা মানুষকে ধর্মঘট করতে বলে আর নিজের ছেলেকে পাবলিক সেক্টার বোর্ডে ঢুকিয়ে দেয়। এদের লজ্জা থাকলে ডি. পি. এল.-র সম্পর্কে বলতে পারত। দিল্লির সিটু প্রেস কনফারেন্সে কলকাতায় এসে বলেছেন যে এরা ভুল রাজনীতি করছে। একজনও কি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে পারে না যে এই জিনিসগুলি চলবে না। মাননীয় বুদ্ধদেব বাবু আছেন, এক্ষুণি হয়ত মুখ্যমন্ত্রী মহাশয়কে ফোন করবেন, কিন্তু বলতে পারবেন না যে যদি ছাড়তে হয় প্রপারলি বিজ্ঞাপনের মাধ্যমে ছাড়ুন। আমরা এই অবস্থার প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী তপন হোড় ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থ এবং শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমের প্রাথমিক শিক্ষকরা ১৯৮৮ সালের জানুয়ারি মাসের থার্ড পে-কমিশনের প্রদত্ত যে সুযোগ এরিয়ারের টাকা নূতন স্যালারির তার একটা পয়সাও পান নি, এবং জেলা স্কুল বোর্ডে সরকার থেকে এই বাবদে দু কোটি টাকা অ্যালটমেন্ট দেওয়া হয়। সেটা হিসাব করে দেখা যাচ্ছে যে ৮ মাসের টাকা এরিয়ারের, সেটা প্রত্যেকটি প্রাইমারি টীচারকে দেওয়া সম্ভব।

কিন্তু এমবার্গোর কারণে দীর্ঘ দিন ধরে ঐ টাকা শিক্ষকরা পাচ্ছেন না। অথচ মুশকিল হচ্ছে, মাধ্যমিক শিক্ষকরা তাদের ১২ মাসের এরিয়ারের টাকা পেয়েছেন, কিন্তু প্রাথমিক শিক্ষকরা সেটা পাচ্ছেন না। সেজন্য বীরভূমের প্রাথমিক শিক্ষকরা আজকে ক্ষুব্ধ। বিষয়টির প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মানিক ভৌমিক ঃ মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গের সবচেয়ে বধীর মন্ত্রী প্রশান্ত শূর মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ময়নায় ৫টি হাসপাতাল আছে সে হাসপাতালগুলি ২০০ টাকা করে ঔষুধ কিনে কাজ চালাচ্ছে। গড় ময়না ব্লক প্রাইমারি হেলথ সেন্টার — সেখানে ডাক্তার আছেন, ঔষুধ নেই, ফলে রোগীর চিকিৎসা হয় না। আবংকিয়ারনা প্রাইমারি হেলথ সেন্টারও একই অবস্থা। পুনার্নখা প্রাইমারি হেলথ সেন্টার-এতে ডাক্তার বাবু আছেন, হাসপাতাল খোলা আছে, মানুষও চিকিৎসার জন্য সেখানে আসছেন, কিন্তু ডাক্তার বাবু দরজা বন্ধ করে পালাচ্ছেন। এই অবস্থায় অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলতে চাই, আজকে চিকিৎসার নামে এই প্রহসন বন্ধ হোক। ময়নাতে ২৮ বছর পর কংগ্রেস জিতেছে যার জন্য প্রশাসনিক স্তরে ব্যবস্থা নিয়ে ময়নার ঐ ৫টি হাসপাতালে ঔষুধপত্র দেওয়া বন্ধ করা হয়েছে। যাতে অবিলম্বে পর্যাপ্ত ঔষুধপত্র ঐ হাসপাতালগুলিতে সরবরাহ করা হয় তারজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বুদ্ধদেব বাবু একটু আগে বি. জে. পি.-র বিরুদ্ধে কিছু বক্তব্য রাখছিলেন। কিন্তু বি. জে. পি.-র সাম্প্রদায়িকতার বলি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কেউ হয়েছেন কিনা জানি না, তবে তাদের ঐ সাম্প্রয়ায়িকতার বিরুদ্ধে লড়াই করতে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধী প্রাণ দিয়েছেন। তাঁকে আর. এস. এস. ঘাতক বাহিনীর হাতে প্রাণ দিতে হয়েছে। স্বাভাবিক কারণে বি. জে. পি. আমাদের কাছে চরম শত্রু যারা ধর্মনিরপেক্ষতার আদর্শকে তুলে ধরতে চাই। কিন্তু আজকে খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, সারা রাজ্যে বি. জে. পি.-র প্রধান পৃষ্ঠপোষক হচ্ছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি। গত বিধানসভা নির্বাচনের হিসেব যদি দেখেন, বি. জে. পি. আমাদের কিছু ভোট কেটে নেবার কারণে আজকে আপনাদের অনেকে মন্ত্রী এবং বিধায়ক হয়ে এখানে এসেছেন। তা না হলে আসতে পারতেন না। মার্কসবাসী কমিউনিস্ট পার্টি সুকৌশলে কংগ্রেসের মধ্যে থেকে কিছু লোককে বি. জে. পি.-তে ঢুকিয়ে দেবার চেষ্টা করছেন। সমর বাওড়া মহাশয় দেখেছেন হরিপালে সোমেশ্বর মন্ডলকে কিভাবে খুন করা হয়েছে। আজকে গ্রাম বাংলার মানুষ সি. পি. এম.-এর কাপালিক বাহিনীর হাতে এইভাবে অত্যাচারিত হয়ে তারা মার্কসবাদী কমিউনিস্ট পার্টিকে সবচেয়ে বড় শত্রু মনে করছেন এবং বি. জে. পি. তাদের প্রটেকশন দিতে পারবে মনে করে তারা বি. জে. পি.-তে যোগদান করছেন। এইভাবে আজকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সুকৌশলে ভোটে জেতার স্বার্থে কিছু লোককে বি. জে. পি.-তে পাঠিয়ে দেবার চেষ্টা করছে। দয়া করে এই রাজনীতি বন্ধ করা হোক।

শ্রী সুভাষ বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচন কেন্দ্র রাণাঘাটের রামনগরে গত ১৭ই জুন কিছু গন্ডগোল হয়।

[12-30 — 12-40 P.M.]

আমি কথা দিই যে আমাদের ছেলেদের চড় মেরেছে, ঘুসি মেরেছে, কিন্তু তা সত্ত্বেও আমাদের দায়িত্ব বেশি, আমরা চাই বসে একটা মীমাংসা করতে এবং পুলিশকে বলি যে দুই পক্ষকে ডেকে এটা মিটিয়ে দিন। তারপরে হঠাৎ ১৮ তারিখে রাত্রে অতর্কিত ভাবে আমাদের কর্মীদের উপরে ঐ কংগ্রেসি গুন্ডারা ঝাঁপিয়ে পড়ে এবং ৪ জনকে তারা আহত করেছে, তারা হাসপাতালে রয়েছে। সুনীল বিশ্বাস নামে একজন আজকে হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এই হচ্ছে কংগ্রেসের ভূমিকা। আজকে এরা দেউলিয়া হয়ে গেছে। কর্মীদের এখন একটাই পুঁজি যে সি. পি. এম. কর্মীদের উপরে আক্রমণ কর। এরা এখন কি করবে? জিনিসের দাম বাড়ছে, দেশ বিক্রি করে দিয়েছে — এই সব বলে কর্মীদের রাখা যাবে না, তাই আজকে ধুয়া তোলা হয়েছে যে সি. পি. এম.-এর কর্মীদের উপরে আক্রমণ কর। এই হচ্ছে কংগ্রেসের ভূমিকা। ওরা আমার সঙ্গে বিশ্বাসঘাতকতা করল। তাই, আমি একথা বলব যে এই সব দুষ্কৃতকারিকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক। পঞ্চায়েতের নির্বাচন যত এগিয়ে আসবে তত কংগ্রেস আমাদের মরিয়া হয়ে আক্রমণ করবে। আমরাও জনমত তৈরি করছি রাজনৈতিক ভাবে মোকাবিলা করার জন্য, আমরাও মোকাবিলা করব।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আই ড্র ইওর অ্যাটেনশন টু রুল ৩৩১। আপনি জানেন, আপনি অনুমতি দিয়েছেন হাউসে। আমরা আপত্তি করেছিলাম। A motion on Tin Bigha was taken in a beautiful atmosphere and a beautiful debate and discussion took place. তারপরে আপনি ঐ চেয়ারে থাকা সত্ত্বেও Under what rule you have permitted that side a discussion on Tin Bigha ? আপনি কি অ্যামইউজ করছেন? আমি নিজে মনে করি My experience is not that much. I have travelled through out the world. আমি আপনাকে সরাসরি জিজ্ঞাসা করি রিপিটেশন কিম্বা ইরেলিভ্যান্ট স্কোপ বোধ হয় এই হাউসে নেই।

মিঃ স্পিকার ঃ আমি এক্সপাঞ্জ করে দেব সব, আমি আপনার মত জিজ্ঞাসা করছি?

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনার ক্ষমতা তো গণেশের মতো। আপনি যেটা দিলেন, এখানে আমার একটা প্রশ্ন আছে। আপনি এই জাতীয় আন্তর্জাতিক বিষয়কে যদি হাল্কা ভাবে আলোচনার সুযোগ দেন তাহলে এত বড় বিষয়টা লঘু হয়ে যায়। আমি আপনার কাছে নিবেদন করতে চাই, কংগ্রেসের স্ট্যান্ড এখানে পরিষ্কার। It is an international obligation. There is no denial.

Mr. Speaker : What is your point of order ?

Dr. Zainal Abedin : Under rule 331 I draw your attention. The chairman has been kind enough to violate provision of rule 331. এটাই আপনার দৃষ্টিতে আনছি।

মিঃ স্পিকার ঃ ডিবেট হয়ে যাবার পরে আবার ডিবেট হয় না।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি কখনও দেখেন, আবার কখনও দেখেন না। কারণ আপনি গণেশ তো। আপনার শুড় কখনও এদিকে, কখনও ওদিকে, কি করা যাবে। আপনি নিজে রুলিং দিয়েছেন। আজকে সৌগত রায় নেই, লিডার অব দি অপোজিশান নেই, আমি জানি না। থাকলে কি উত্তর দিতেন এলিগেশানের।

মিঃ স্পিকার ঃ আজকে জ্যোতি বসুও নেই, এরা যা বলছে সেটার কি হবে?

ডাঃ জয়নাল আবেদিন ঃ সেটা আপনি করবেন, আপনি দিলেন কেন? Council of ministers have got joint responsibility, but members have not. আপনি যদি দুটো নূতন আইন করেন তাহলে আমাদের বলে দেবেন যে কখন কোন আইনটা প্রয়োগ করবেন, তাহলে আমাদের পক্ষে ভাল হবে।

..... (প্রচন্ড গোলমাল) .....

আমি আপনাকে অনুরোধ করছি, কারও বিরুদ্ধে যদি বলতে যাই, আপনি বলছেন যে জ্যোতি বসুর বিরুদ্ধে বললেন — The council of ministers have got joint responsibility. If one member of the council is there I can speak against the whole council of ministers. But members have no joint responsibility. আপনি এই বিষয়টায় দৃষ্টি দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে, যদি নোটিশ না দেওয়া যায়, ইনফর্ম না করা যায় What they have done, they should defend. আমি এই জিনিসটা আপনার কাছে বারবার তুলে ধরেছি যে এই জিনিস চলে না। আপনি যদি দেন তাহলে দুই পক্ষকে দিতে হবে। লেট আস ফাইট টুগেদার। আমাদের স্ট্যান্ড পরিষ্কার। আমরা আন্তর্জাতিক দায়বদ্ধতা পালন করতে বদ্ধ পরিকর এবং এখানে মুখ্যমন্ত্রীর ভূমিকাকে আমরা প্রশংসা করছি।

উই অ্যাপ্রিসিয়িট দিস রেডিনেস। এখানে আপনি মাঝে মাঝে একে ওকে সুযোগ দিয়ে এই আবওহাওয়া বিষিয়ে তুলছেন বলে মনে করি। এটা হওয়া উচিত নয়। এই হাউসে অন্য দেশের সম্বন্ধে অ্যাসপারশন করা যায় না, এটা হওয়া উচিত নয়। এটা আপনি একটু দেখবেন। এটা হালকা ভাবে দেখার জিনিস নয়। আমি আশা করি সব জিনিস ভালয় ভালয় চলবে। যাঁরা বিপথে গিয়েছেন, যাঁরা প্ররচনা সৃষ্টি করছেন তাঁরা সংযত হবেন এবং এক

সঙ্গে জাতীয় মর্যদা, জাতীয় দায়বদ্ধতা পালন করবেন। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী আরতী দাশগুপ্তা : মাননীয় স্পিকার মহাশয়, আমরা প্রায়সই লক্ষ্য করি মাননীয় জয়নাল আবেদিন সাহেব এবং কংগ্রেসের কয়েক জন বিরোধী দলের নেতা তাঁরা তাঁদের মুখে যা আসে তাঁরা তাই বলে আমাদের সম্বোধন করেন। প্রায়শই দেখি আমাদের মহিলাদের উনি মা-চামুন্ডা, মা-কালি বলে সম্বোধন করেন। আমি আপনার মাধ্যমে তাঁদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই — তাঁরা অবশ্য বোঝে কিনা জানি না মা-চামুন্ডা বলতে কি বলতে চাচ্ছেন, তাঁরা তো কাঁচের ঘরে বাস করেন — আমাদের মা-চামুন্ডা বলার সঙ্গে সঙ্গে আমরা যদি ওঁদের বলি নন্দীর দল, ভৃঙ্গীর দল, ওদের সাঙ্গ-পাঙ্গের দল তাহলে কি হয়। এই জিনিসটা বুঝে দেখবার জন্য ওঁদের কাছে অনুরোধ করছি।

RULING FROM CHAIR

Mr. Speaker : Dr. Abedin has tried to raise the Tin Bigha issue to-day during mention hour and zero hour. Here certain allegations and certain aspersions were made against certain members of both the sides. We generally do not allow allegations and aspersions to be made against any member in their absence. A notice is required to be submitted when allegations are to be made against any member. We follow this according to parliamentary norms. To-day's discussion is of general nature and it is not relating to any particular allegation or aspersion or any misdomeanour, defaulcation or fraud against any particular member, This matter was debated in the House previously and everything have been explained. But to-day's discussion is of political nature. Political parties in course of budget debate are in the habit of making allegations against other members. In case of misdemeanour, defaulcation or nepotism we require prior notice so that the member may get a chance and he may not be undefended or unrepresented. But here allegations regarding political involvement are made by both side. So, how can that be called an allegation or character assassination ? I cannot understand. This is a political allegation.

In parliamentary practice it is always done. If the members decide to behave in this way, then what can I do ? So the question which has been raised by Dr. Abedin with regard to giving prior notice — does not come in. Another point is that this matter has been discussed

here in great details. So the question comes that when a matter is debated in the House once then how can that be discussed again during question hour, mention hour, zero hour and by submitting calling attention notice. This question may come. It can arise. I have noticed that on many occasions, a matter once discussed, again comes in, in the form of mention, calling attention, zero hour mention and so on. Time and again it has been done. I have also drawn the attention of the Hon'ble Members that this is a very bad practice. A matter once debated, once discussed, should not be discussed again in the House. But the Members are in the habit to do so, if they choose to do it what can I do. If I debar then they will call me debarring Speaker. It is upto the Members to decide as to what should be done and what should not be done. I can control the speeches as far as possible. But you have to control your own conduct. You have to make yourself disciplined. If you are disciplined, If each member is disciplined, then there will be no problem. Thats all.

Shri Shovandeb Chattopadhyay : Sir, on a point of information.

Mr. Speaker : Please sit down. Nothing will go on record.

LEGISLATION

The West Bengal Mining Settlement Health and Welfare (Amendment) Bill, 1992.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to introduce the West Bengal Mining Settlement Health and Welfare (Amendment) Bill, 1992.

..... (Secretary then read the Title of the Bill) .....

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the West Bengal Mining Settlement Health and Welfare (Amendment) Bill, 1992 be taken into consideration.

[12-40 — 12-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল মাইনিং সেটেলমেন্টস হেলথ' অ্যান্ড ওয়েলফেয়ার

(অ্যামেন্ডমেন্ট) বিলের যে অরিজিন্যাল অ্যাক্ট ১৯৬৪ আছে, তার সেকশন ২৩, সাব সেকশন (২), ক্লজ ১ এর একটু পরিবর্তন করতে চাইছি। এখানে একটা বোর্ডকে অথরিটি দেওয়া হয়েছে যে স্টেট গভর্নমেন্টের পারমিশন নিয়ে ফিজ বাড়াতে পারে। এই সেকশনে ৪০ টাকা ধরা ছিল কিন্তু ওই অর্থরিটি জানালেন যে ওদের অনেক আর্থিক অভাব অনটন চলছে বলে ওই ৪০ টাকাকে বাড়িয়ে ১০০ টাকা করা হোক। সুতরাং আমরা ওই সেকশনটির অ্যামেন্ডমেন্ট করে ৪০ টাকার থেকে ১০০ টাকা করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই, আপনি কি জানাবেন অবজেক্টস অ্যান্ড রিজিনসয়ে আপনি বলেছেন বিহারে এই যে ৬০০ টাকা এখানে ১০০ টাকার প্রস্তাব আপনি রাখলেন কেন? এটা তো Why this difference ? We are in the same umbrella — one constitution. এটা তো একটা হার্ট বার্নিং হওয়ার কথা, এখানে ৪০ টাকা বিহারে ৬০০ টাকা, এই কারণটা তো আমাদের জানা দরকার — হোয়াই? আজকে ৪০ থেকে সোজা ১০০ টাকা প্রায় বেড়ে গেছে, কেন এটা বাড়িয়ে দিলেন, টু ফিফটি পারেসেন্ট বাড়িয়ে দিলেন। এর এফেক্ট কি হবে এটা তো আপনি বাড়িয়ে দিলেন আপনার অথরিটি আছে। তারপরে এই যে বোর্ডের হিসাবটা আপনি কি পরীক্ষা করে দেখেছেন Are they satisfied with their confinement, their expenditure with this levy of Rs. 40/-. Are they satisfied to that extent ? ওদের অডিট হয়েছে বোর্ডে এবং তাতে তারা যা লেভি পায় সেটায় কুলোচ্ছে না অ্যাট দি রেট অফ রুপিস ফট্টি এটা তো আপনার দেখা দরকার। কারণটা কি জাম্প ফ্রম রুপিস ফট্টি টু রুপিস ১০০ ইট ইজ এ লং জাম্প, ইউ আর মেকিং এ লং লিভ ইন আসানসোল এটা তো আমাদের একটু বলবেন। আর এটা আমাদের একটু জানাবেন বিহার সেম জায়গায় আছে ওরা ৬০০ করল কবে থেকে, যখন করল তখন কেন আপনারা চিন্তা ভাবনা করলেন না এটা একটু বলবেন এবং কম্পোজিশন অফ দি বোর্ড করা উচিত। আমাদের জানা উচিত হাউ ডু ইউ কম্পোজ দি বোর্ড? ৩ নম্বর আইনে এটা যদি ডিফল্ট করে হোয়াট ইজ দি ফোর্স অ্যান্ড কম্পালশন টু রিয়ালাইজ দিস? এটা যদি দিতে ওরা অস্বীকার করে হোয়াট উইল ইউ ডু দেন? হাউ ক্যান উই গো অল অন এ সাডেন ফ্রম রুপিজ ফট্টি টু রুপিজ হান্ড্রেড? যাদের ট্যাক্স দিতে হবে তারা যদি ১০০ টাকা দিতে অস্বীকার করে তাহলে সেক্ষেত্রে আপনাদের হাতে কি আইন আছে, আপনারা কি পি. ডি. আর. এ. করবেন, হোয়াট আদার মেথডস আর অ্যাপ্লিকেবিল? হাউ ডু ইউ রিয়ালাইজ ইট ফ্রম দেম এটায় যারা এফেক্টেড হবে এতে Have they been consulted before the legislation brought to the House ? Have they over been consulted ? কারণ এটা তো বলে দেওয়া যাতে বিহারে অ্যাট দি রেট অফ রুপিজ ৬০০ যেখানে হচ্ছে সেখানে আপনারা এখানে অ্যাট দি রেট অফ রুপিজ ১০০ করছেন, আপনারা কি এটা করছেন উইথ দেয়ার কনসেন্ট? আপনাদের গভর্নমেন্টের পপুলারিটির জন্য বলছি আজকে

ওদের নিয়ে ডিসকাশন হয়েছে কিনা এটাও আমাদের জানবার দরকার আছে। আপনারা যদি কটা কথা বলেন এবং তাতে আপনাদের এখানে রিয়ালাইজেশন কত — হোয়াট ইজ দি বাজেট অফ দি বোর্ড? আপনারা ১০০ টাকা করলেন আর What will be the consequential elevation and escalation of the budget of the Board and consequential expenditure ? এটা যদি আমাদের একটু জানিয়ে দেন আর কিছু বলার নেই, আপত্তি করছি না, ক্লারিফিকেশনগুলি চাচ্ছি।

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মিঃ স্পিকার স্যার, আসানসোল বোর্ড অফ মাইনস অফ হেলথ এটা একটা স্ট্যাটুটরী বডি এবং এই স্ট্যাটুটরী বডি আমাদের সরকারের কাছে আবেদন করেছে আইন সঙ্গতভাবে আমাদের ৪০ টাকার জায়গায় ফিস ১০০ টাকা করতে দেওয়া হোক। এখানে আবেদিন সাহেব যেটা বললেন ঠিকই যে বিহারে ৬০০ টাকা নেয় আমরা কেন ১০০ টাকা নেব, এটা যখন ওরা চাচ্ছে আমরা তাই দিচ্ছি। তারা যদি মনে করত ৬০০ টাকা করা হোক তাহলে নিশ্চয় চিন্তা ভাবনা করে দেখতে হত। তবে খুব বেশি চায় নি আড়াই গুণ চেয়েছে। জয়নাল বাবু আপনি জানেন জিনিসপত্রের দাম বেড়েছে আপনাদের কেন্দ্রীয় সরকারের দয়ায় সেটা বুঝতেই পারছেন, এটা যেটা করা হচ্ছে এটা ওদের পরিচালনা করার সুবিধার্থে, কারণ ওরা অনেকগুলি কাজ করে যেমন মেটারনিটি, চাইল্ড হেলথ, পাবলিক হেলথ ইত্যাদি, সুতরাং কথাটা হল দিস ইজ কোয়াইট রিজনিবিল এটা আমরা দিচ্ছি। আমাদের আর এর চেয়ে বেশি কিছু বলার নেই।

[12-50 — 1-00 P.M.]

ওরা সামান্য একটা বৃদ্ধির কথা বলেছেন। ওদের অডিট হয় এবং ওদের অডিট রিপোর্ট আসে। ওরা তো একটা স্ট্যাটুটারি বডি, সুতরাং এদের অডিট হয় এবং তারই ভিত্তিতে ওরা দরখাস্ত করেছে এবং আমরাও এই বৃদ্ধি করতে রাজি হয়েছি। তাই আপনাদের কাছে আমি এই বিলটা এনেছি।

The Motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal Mining Settlements Health and Welfare (Amendment) Bill, 1992 be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, and Preamble

The question that Clauses 1, 2, and Preamble do stand part of the Bill was put and agreed to.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the West

Bengal Mining Settlements Health and Welfare (Amendment) Bill, 1992 as settled in the Assembly, be passed.

ডাঃ জয়নাল আবেদিন ঃ কিন্তু আমি তো আমার প্রশ্নের উত্তর পেলাম না। হোয়াট ইজ দি বাজেট। ওদের চল্লিশ টাকায় চলছিল না, সেই জন্য ওরা আপনার কাছে রিকোয়েস্ট করেছে। তাহলে তো ওদের ডেফিসিট থাকার কথা ছিল। ওদের আড়াই গুণ বৃদ্ধি করা হয়েছে। আপনি তো এই ব্যাপারটা বলতে পারছেন না। ওদের টোটাল রিয়েলাইজেশন কত? আপনি তো এসব কিছু বলছেন না। আই ডু নট অপোজ দেয়ার।

শ্রী প্রশান্ত শূর ঃ আমি তো আগেই বলেছি যে ওরা একটা স্ট্যাটুটারি বডি, ওরা অডিট প্রেস করেছেন। ওরা সামান্য একটা টাকা বাড়াতে চেয়েছেন এবং সেটা আড়াই গুণ বৃদ্ধি হয়েছে। ওদের কতগুলি অসুবিধা হচ্ছে তাই এটা আমরা বৃদ্ধি করে দিচ্ছি।

The Motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal Mining Settlements Health and Welfare (Amendment) Bill, 1992 as settled in the Assembly, be passed was then put and agreed to.

মিঃ স্পিকার ঃ জয়নাল সাহেব একটা গল্প বলছি, আব্রাহাম লিঙ্কন যখন আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন তখন ক্যাবিনেটের একটা মিটিং-এ ছ জন সদস্য উপস্থিত ছিলেন। একটা দেখা গেল ছ'জনই নো বলছেন এবং তিনি একাই ইয়েস বলেছিলেন এবং বিলটা আইস হ্যাবিট, আইস হ্যাবিট, আইস হ্যাবিট করে পাস হয়ে গেল। সুতরাং ওরা মুখ বুঁজে থাকলেও আইস হ্যাবিটই হবে।

The West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1992

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to introduce the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1992.

..... (Secretary then read the Title of the Bill) .....

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1992 be taken into consideration.

শ্রী প্রশান্তকুমার শূর ঃ আমার বক্তৃতার বিশেষ কিছু নেই। এই বিল যা আনা হয়েছে আপনারা দেখেছেন আমাদের অ্যাক্টের কয়েকটা স্কোপ বাড়িয়ে দিতে চাই। এই যে নার্সিং হোম

গজিয়ে উঠছে চতুর্দিকে, নানা ধরনের ক্লিনিক্যাল এস্টাব্লিশমেন্ট গজিয়ে উঠছে। একে কি করে বেশি করে কন্ট্রোল করা যায় এবং জন স্বাস্থ্যে তাঁদের চিকিৎসা যাতে সঠিক ভাবে হয় তার জন্যই এই বিল। অনেক সময় দেখা যায় লাইসেন্স চায় এবং তখন দেখা যায় যে, ডাক্তার আছে, নার্স আছে কিন্তু তারপর দেখা যায় যে কিছুই নেই। ইন কন্ট্রাভেনশন অফ দি অ্যাক্ট তাঁরা করে এইসব। এইসবের জন্য স্কোপটা বাড়ানোর জন্য, ভালো করে কি করে কন্ট্রোল করা যায় তার জন্যই এই অ্যামেন্ডমেন্টটা আনা হয়েছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ এখন আপনার কাছে যা আইন আছে সেই আইনে এটাকে নিয়ন্ত্রণ করা যাচ্ছে না বলেই আপনি এই অ্যামেন্ডমেন্টটা এনেছেন। কলকাতার মানুষ তো জানেন যে ইন দি লেট ফিফটিস অ্যান্ড আরলি সিক্সটিস ক্লিনিকাল মাসরুম গ্রোথ কি রকম হয়েছিল। ইউ নো দ্যাট। আই অ্যাম নট সিওর এই জাতীয় চক্র এখনও বোধ হয় কলকাতার দু এক জায়গায় প্রচলিত আছে বলেই মনে হয়। যে স্পেসিফিকেশন এবং যে প্রমিস — এটা ভেরিফিকেশন এবং ইন্সপেকশনের আপনার কি ইন্সট্রুমেন্ট আছে? কারণ আপনার কাছে একাধিকবার নালিশ করেও পেটেন্টের প্রতিকার পাই নি। আর কোয়েকারীর কথাও আপনি জানেন।

It is a country where certain diseases are credited to God — the wrath of God — if there is any epidemic chicken pox, cholera etc. etc. It is the wrath of God and people run to the Gods to satisfy them including the Hon'ble Members who are opposing.

আপনি তো জানেন আপনার কি ইন্সট্রুমেন্ট আছে?

What is the machinery and upper administrative apparatus to put a constant vigilance on these nursing homes ?...

আর একটা কথা আপনার জানা দরকার যে,

The amenities available to the patients are not adequate corresponding to the exorbitant fees or corresponding to the exorbitant charges of the nursing homes.

এটা তো আপনি বলছেন

People are forced to like in a very small space.

এটা কি আপনি দিতে পেরেছেন? পসিবলি ক্যান নট। আমি তো প্রায়ই যাই নার্সিং হোমে — নয় আপনাদের কেউ থাকে, নয় আমাদের কেউ থাকে, দেখবার জন্য যেতেই হয়।

[23rd June, 1992]

Not even the patients should be accommodated in such a way in the small spaces they are provided...

এই ব্যাপারে ইন্সপেকশন কি? এবং পেনাল্টি কি? এটা তো আপনার দেখা দরকার এবং আপনি তো জানেন যে আপনার দরবারে — রিপোর্ট প্রচুর পৌছায়। সেটারই বা গ্যারান্টি কোথায়? কম্পিটেন্ট হ্যান্ড কোথায়? আপনার দপ্তর খুব বড়, এরপর স্মল স্কেল এবং তারপর এডুকেশন।

[1-00 — 1-10 P.M.]

রাইটার্সের তিনটে দপ্তর—প্রথম হেলথ, তারপর স্মল স্কেল এবং তারপর এডুকেশন। আপনার দপ্তর তো বড় দপ্তর। তা সত্ত্বেও কমপিটেন্স কত আছে এবং যারা সুপারভিসন এবং ইনস্পেকশন করবেন তাদের এক্সপার্টাইস কত এবং ট্রেনিং কত সেটা দেখা দরকার এবং ভিসা-ভিস পেনালটি থাকা দরকার। তা না হলে চেক করবেন কি করে। পিপল হাসপাতালে জায়গা পায় না, তাই নার্সিং হোমে যায়। সবাইতো বেলভিউতে যেতে পারে না, যাদের পয়সা আছে তারা বেল ভিউতে যেতে পারে। আপনাদের এখন পয়সা হয়েছে, আপনারা বেল ভিউতে যেতে পারেন। দোস হু ক্যান্ট অ্যাফর্ড তাদের জন্য হসপিটালের ট্রিটমেন্টটা তো ভাল করার চেষ্টা করবেন। এইটা করার সাথে সাথে যদি করেসপন্ডিং হসপিট্যালের স্ট্যান্ডার্ডটা বাড়ান তাহলে তো হয়। অব্যবস্থার যে সব অভিযোগ আছে, দূরবস্থা নিয়ে, পথ্য, ঔষধ জি ডি অ্যাটেন্ডেন্স নার্সিং অ্যাটেন্ডেন্স, মেডিক্যাল অ্যাটেন্ডেন্স, সার্জিক্যাল অ্যাটেন্ডেন্স এইগুলো যদি ঠিক থাকে তাহলে মানুষের পয়সা খরচ করে নার্সিং হোমে যাওয়ার দরকার নেই। কলকাতা শহরে নার্সিং হোম কিভাবে গজিয়ে উঠছে তা তো আপনি জানেন, ইভিন ইন দি পেরিফেরিয়াল টাউনে এগুলো গজিয়ে উঠছে। ইন দি পেরিফেরিয়াল টাউন অফ মালদহ সেখানেও দেখছি নার্সিং হোম বানিয়ে দিয়েছে। এই জিনিসগুলো আপনি চেক করবেন কি দিয়ে? এইটা যদি আপনি চেক করতে না পারেন এবং কনস্ট্যান্ট যদি লাইফ সেভিং মেডিসিন অ্যান্ড অক্সিজেন-এর ব্যবস্থা না থাকে, জেনারেটর না থাকে, আরটিফিসিয়াল রেসপিরেশনের ব্যবস্থা না থাকে, এ্যাডিকোয়েসী না থাকে, নার্সিং হোমগুলোর মূল্য থাকে না। মডার্ন ইক্যুইপমেন্ট, লাইফ সেভিং ইক্যুইপমেন্ট অ্যান্ড ব্লাড দরকার হতে পারে এবং ব্লাডের অ্যাভেলিবিলিটি কি করে হতে পারে, উই ডু নট নো। সমস্ত পপুলেশনের রক্তের চেক করা হয় এবং সারটেন গ্রুপ বলে দেওয়া হয় তাহলে সুবিধা হয়। এ বি ও প্রভৃতি গ্রুপগুলো প্রধান। এইগুলো যদি ব্লাড চেক করে বলে দেওয়া যায় তাহলে অল অন এ্যা সাডেন এমার্জেন্সী বেসিসে রক্তের দরকার হবে দেওয়া যেতে পারে। তা না হলে আমি হয়ত রক্ত দিতে চাই, বাট মাই গ্রুপ ডিফার্স অ্যান্ড দি পেশেন্ট ডাইস। সেই ব্যবস্থাগুলোর কি আপনি উন্নতি করতে পারেন? নার্সিং হোমে ইমার্জেন্সী বেসিসে ব্লাড ইজ নেসেসারি। অথচ ব্লাড ব্যাঙ্কের ব্যবস্থা নেই। সুতরাং এর সঙ্গে ইমপর্টেন্ট অ্যান্ড নেসেসারি অ্যারেঞ্জমেন্টের ব্যবস্থা থাকা দরকার, সেটার গ্যারান্টি দরকার। ফ্রিজ অ্যান্ড আদার্স জিনিসও দরকার। কতকগুলো

মেডিসিন প্রিজার্ভেশনের জন্য সারটেন টেম্পারেচার দরকার। ভ্যাকসিন এবং ইভিন অ্যান্টি টিউবারকুলেসিস ভ্যাকসিনসের জন্য সারটেন প্রিজার্ভেশন দরকার। এগুলো যারা দেখবে তাদের প্রয়োজনীয় ট্রেনিং আছে কিনা এবং করেসপন্ডিং পেনালটি দরকার। ডায়েটরি সম্বন্ধে ব্যবস্থা করা দরকার। কিন্তু এই সব নার্সিং হোমে কি খাবার দেওয়া হয় সেটা তো দেখার ব্যবস্থা দরকার। বায়োকেমিস্ট আছে কিনা এবং প্রেসক্রিপশনে আছে কিনা, ফর দিস পেশেন্ট দিস ডায়েট ইজ মাস্ট—এইটা দেখার একটা ব্যবস্থা থাকা দরকার। সেইজন্য একটা আইন এনেছেন, কোথায় যেন সিমপ্লিফিকেশন হয়ে গিয়েছে। এই ধরনের আইন সংশোধনের ক্ষেত্রে পুরানো আইনের এক্সট্রাক্ট দেওয়া দরকার। তা না হলে আমাদের পক্ষে আলোচনার অংশ গ্রহণ করা অসুবিধাজনক। কোনও আইনের সংশোধন আনতে গেলে প্রিন্সিপ্যাল অ্যাক্টের যে জায়গায় অ্যামেন্ডমেন্ট এনেছেন তার এক্সট্রাক্ট দিতে হয়। এটা আমাদের প্রিভিলেজ এবং আমরা এটা ক্লেম করছি। এ্যামেন্ডমেন্টের রিলিভেন্ট এক্সট্রাক্ট দিলে সব মিলিয়ে চিন্তা করে বক্তব্য রাখা যায়। আমরা এই ব্যাপারে আপনাদের সঙ্গে সহযোগিতাই করতে চাই। এবং সর্বোপরি হাসপাতালের অবস্থা যদি ভাল হয় তাহলে এই সমস্ত নার্সিং হোমের রমরমাও আপনা আপনি কমে যাবে। আপনি এই দিকটাও দেখার চেষ্টা করবেন।

শ্রী শ্যামাপ্রসাদ বোস ঃ মাননীয় স্পিকার মহাশয়, আজ এই সভায় উত্থাপিত ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্টস (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, বিরোধী দলের পক্ষ থেকে ডাঃ জয়নাল আবেদিন সাহেব তার বক্তব্য উত্থাপন করার সময় বলেছেন যে এই আইনটা সংশোধনের যে প্রয়োজন হয়েছে এই প্রয়োজনটা শুধুমাত্র একজিস্টিং যে আইন আছে সেই আইনে নার্সিং হোম এবং অন্যান্য যে সংস্থাগুলি আছে তা নিয়ন্ত্রণ করা যাচ্ছে না সেইজন্যই এই সংশোধনীটা আনার প্রয়োজন হয়েছে। আমি ডাঃ আবেদিনকে বলতে চাই যে শুধুমাত্র নিয়ন্ত্রণে আনার প্রশ্ন নয়, আমরা যদি একটু ভাবনা চিন্তা করে দেখি তাহলে দেখব যে ১৯৫০ সালের যে আইনটা হয়েছিল তার পরবর্তী পর্যায়ে প্রায় ৪২টা বছর কেটে গিয়েছে এবং এই ৪২ বছরের মধ্যে পৃথিবীতে চিকিৎসা শাস্ত্রের ক্ষেত্রে অনেক পরিবর্তন ঘটে গিয়েছে। এই সময়ের মধ্যে নতুন নতুন অনেক প্রাণঘাতি অসুখ বা ব্যধি সারা পৃথিবীতে এসেছে—গ্যাসট্রা-এন্ট্রাইটিস, এনকেফেলাইটিস, এডস ইত্যাদি নানান ধরনের প্রাণঘাতি অসুখ এসেছে। সঙ্গে সঙ্গে নতুন নতুন চিকিৎসা প্রণালীও পৃথিবীতে এসেছে। সেগুলি যাতে এই সমস্ত নার্সিং হোম ও সংস্থাগুলিতে পাওয়া যায় তারজন্যই এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। দুর্ভাগ্যবশত আমাদের ভারতবর্ষে স্বাস্থ্য একটা ক্রয়যোগ্য পণ্য। আমরা দেখছি, প্রত্যেক বছর কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে চেষ্টা করা হচ্ছে স্বাস্থ্যের বাজেট অ্যালোকেশন কমানোর। কেটে কেটে ১.৮ পারসেন্ট এনে দাঁড় করানো হয়েছে। একদিকে যেমন হাসপাতালগুলি থাকবে তার পাশাপাশি ব্যক্তিগত মালিকানার কিছু নার্সিং হোমও থাকবে—এটা স্বাভাবিক ব্যাপার। এটা ক্রয়যোগ্য ব্যাপার। যারা কিনতে পারেন তারা সঠিক দামে কিনতে পারছেন কিনা বা সঠিক মান পাচ্ছেন কিনা এটা দেখা সরকারের

কর্তব্য। এটা দেখার জন্য নিয়ন্ত্রণ প্রয়োজন এবং সেই নিয়ন্ত্রণ আনার জন্যই এই সংশোধনী আনা হয়েছে। আমি এই বিলকে সমর্থন করছি।

[1-10 — 1-20 P.M.]

জয়নাল সাহেব অনেক কথা বলেছেন। আমি চিকিৎসা শাস্ত্রের দিকে যেতে চাই না, আমি সাধারণ মানুষ হিসাবে বলতে চাই, শুধু মাত্র নার্সিং হোম যে পশ্চিমবাংলায় গজিয়ে উঠছে তা নয়, ইংল্যান্ডে যেখানে এন.এইচ.এস. এবং ইংল্যান্ডে সেই এন.এইচ.এস. অত্যন্ত পরিচিত এবং প্রচলিত একটা স্কীম, তার দ্বারা সমস্ত ব্রিটেনের নাগরিক কভার্ড হন। কিন্তু সেই ব্রিটেনেও নার্সিং হোম গুলো গজিয়ে উঠছে নিয়ন্ত্রণের বাইরে, ব্যক্তি মালিকানায় আজকে গজিয়ে উঠছে, তেমনি সারা ভারতবর্ষে, যেখানে স্বাস্থ্য এখন এমন ব্যবস্থা চলছে, এই ধরনের ব্যবস্থা ইংল্যান্ডেও আছে, এটা নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না। আজকের দিনে চিকিৎসা ক্রয় হচ্ছে পণ্য হিসাবে। কিন্তু তার সঠিক মান অনুযায়ী যাতে পৌঁছয়, তাকে নিয়ন্ত্রণ করার জন্য এই বিল আনা হয়েছে। এই বিলে যেটা বলা হয়েছে, যেটা হয়ত আবেদিন সাহেব লক্ষ্য করেন নি, আমার মনে হয় যে মেডিক্যাল রেকর্ডস কিপিং নার্সিং হোমগুলোতে রাখার যে ব্যবস্থা, সেই ব্যবস্থায় প্রায়ই দেখা যায় বিভিন্ন জায়গায় নেই। কাজেই সেই মেডিক্যাল রেকর্ডস কিপিং এর ব্যাপারটা যাতে যথাযথ ভাবে করা হয়, সেই ব্যাপারে একটা প্রভিসন রাখার চিন্তা করে দেখার জন্য অনুরোধ করছি।

১) কতকগুলি বিশেষ শর্ত সাপেক্ষে ভ্রূণহত্যা আইন সম্মত হয়েছে ইদানিংকালে। একটি পরিবারের আয়তন, উপার্জনকারী পরিবারের সামর্থ, স্ত্রী—স্বাস্থ্য এবং পরিবারের কল্যাণের প্রয়োজনগুলিকে মাথায় রেখেই ভ্রূণ হত্যা আইন সম্মত হয়েছে।

২) পরিবার কল্যাণ তথা জনসংখ্যা নিয়ন্ত্রনের লক্ষ্যে পুরুষ ও স্ত্রী বন্ধ্যাকরণ পদ্ধতিগুলিও এই পরবর্তী ৪২ বছরে ক্রমে ক্রমে জনসাধারণের কাছে বেশি বেশি করে সমাদৃত হচ্ছে। কোনও কোনও ক্ষেত্রে পিছিয়ে পড়া মানসিকতা কাজ করলেও সামগ্রিক ভাবে পশ্চিমবাংলার ফলাফল ভারতবর্ষের বিচারে এই ক্ষেত্রে অত্যন্ত আশা ব্যঞ্জক। কেন্দ্রীয় সরকারের পরিবার নিয়ন্ত্রণ কর্মসূচি রূপায়ণে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করে সেই সচেতনতার পরিচয় রেখেছে।

৩) রোগ নির্ণয়ের প্রয়োজনেও বিভিন্ন নতুন নতুন রোগ এর গতি প্রকৃতি, শারীরবৃত্তীয় অবস্থার অনুধাবনে এবং নতুন রোগ চিকিৎসা পদ্ধতির উদ্ভাবনে নতুন পরীক্ষা-নিরীক্ষা , গবেষণা এবং যন্ত্রপাতির ব্যবহারের ক্ষেত্রে বিরাট পরিবর্তন ঘটে গেছে উল্লিখিত ১৯৫০ সালের পরবর্তী ৪২ বছরে।

৪) যদিও ভারতে বিকল্প দৃষ্টিভঙ্গি না থাকার কারণেই বাস্তবিকভাবে চিকিৎসা ব্যবস্থা একটি ক্রয়যোগ্য পণ্য ছাড়া কিছুই নয়, তথাপি জনকল্যাণকামী বামফ্রন্ট সরকার এই অবস্থায়

দাঁড়িয়ে একটি অঙ্গ রাজ্যে সমস্ত অর্থনৈতিক সীমাবদ্ধতার মধ্যে থেকেও মানুষকে ন্যূনতম কিছু সুযোগ সুবিধার অঙ্গীকারের পরিবর্তনটুকুও সাধিত হয়েছে এই সময়েই। এর ফলে ভোক্তাদের পয়সা দিয়ে কেনা ব্যবস্থাটুকুর সঠিক মান নির্ণয় করা, তথ্য নিয়ন্ত্রণ করা অবশ্য কর্তব্য বলেই বিবেচিত হচ্ছে।

৫) আধুনিক রোগ প্রতিরোধ ব্যবস্থা, বিভিন্ন রোগের টীকা এবং প্যাথোলজিক্যাল পরীক্ষার প্রণালী প্রভৃতি কতকগুলি বৈজ্ঞানিক ভাবে স্বীকৃত পদ্ধতির উদ্ভাবন হয়েছে যেগুলিকে বিপনন করা হচ্ছে। যারা কিনতে পারেন সেই সব মানুষও এই ব্যবস্থাগুলির সুযোগ গ্রহণে আগ্রহী। তাদের আশা আকাঙ্খার সুযোগ প্রতারণার সম্ভাবনা এবং পূর্ণ সুযোগ সুবিধা না পাওয়ার সম্ভাবনাকেও এই সময়ে অস্বীকার করা যাচ্ছে না। এই সমস্ত ক্ষেত্রগুলির রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ প্রাসঙ্গিকভাবেই অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়ছে।

৬) এইডস, আন্ত্রিক ব্যধি, জাপানিজ এনকেফ্যালাইটিজ প্রভৃতি প্রাণঘাতি ব্যধির-র উদ্ভব ঘটেছে এই সময়কালে। এইগুলির প্রতিরোধ তথা চিকিৎসার গুরুত্বপূর্ণ তথ্যও আবিষ্কৃত হচ্ছে। বিচার্য বিষয়ের মধ্যে এগুলি সম্পর্কে বিশেষ পদক্ষেপের প্রয়োজন সঙ্গত কারণেই অনুভূত হচ্ছে।

৭) আনুষঙ্গিক সেবা যত্ন, শয্যা তথা অপারেশন থিয়েটারের বৈজ্ঞানিক পরিবর্তন সাধিত হয়েছে। অসুস্থ মানুষের অসুস্থ থাকাকালীন আরামের প্রয়োজনে এয়ার কন্ডিশনিং এবং অন্যান্য উন্নত পরিষেবার প্রয়োজন ক্রমশই বেশি করে অনুভূত হচ্ছে। এই সমস্ত কারণেই পরিষেবা ব্যবস্থার বিভিন্ন স্তর নির্ধারণ করা একান্তই প্রয়োজন হয়ে পড়েছে এবং পণ্যের বাজারে বিক্রিত পণ্যের স্তর অনুযায়ী মূল্য নির্ধারিত হওয়ার প্রয়োজন দেখা দিচ্ছে। সামগ্রিক ভাবেও দামের একটা সামঞ্জস্য বিধানের সরকারি দায়িত্বের প্রাসঙ্গিকতা থাকছে।

৮) মেডিক্যাল রেকর্ডস কিপিং এর বৈজ্ঞানিক প্রয়োজন বেশি বেশি করে পরিলক্ষিত হচ্ছে সারা পৃথিবীতে। সারা পৃথিবীতেই সরকারি ব্যবস্থায় চিকিৎসিত মানুষের সংখ্যাকে মেডিক্যাল রেকর্ডস কিপিং এর আওতায় আনা হয়েছে বৈজ্ঞানিক প্রয়োজনকে মাথায় রেখে যেটা কোনও চিকিৎসকের বন্ধু বিধায়করাই অস্বীকার করবেন না। এই ক্ষেত্রেও চিকিৎসা সম্বলিত সমস্ত নথিপত্র অপযুক্ত সংরক্ষণ, প্রয়োজন ভিত্তিক পরীক্ষা নিরীক্ষা, তথ্য বিশ্লেষণ এবং সেগুলির বৈজ্ঞানিক ব্যবহারে চিকিৎসা ব্যবস্থার উন্নতি সাধনের লক্ষ্যে পরিবার কর্ম পদ্ধতি নির্ধারিত হওয়ার প্রয়োজন থাকছে। এই যে সমস্ত সাধারণ অভিজ্ঞতার কথা ব্যক্ত করলাম এইগুলিকে বাস্তবতার কষ্ঠিপাথরে বিচার করলে বর্তমানে বিলটিকে সমর্থন করা ছাড়া আর অন্য কোনও পদক্ষেপের কথা ভাবাই যায় না। এই বিলটি প্রণীত হলে সাধারণভাবে যে লাভ হবে তার উল্লেখ রাখছি।

১) মেডিক্যাল রেকর্ডস কিপিং এর উন্নতি হবে, ২) বৈজ্ঞানিক চিকিৎসা ব্যবস্থার

নিয়ন্ত্রণ ও মান নির্ণয় সম্ভব হবে। ৩) বিক্রিত পণ্যের মান অনুযায়ী মূল্য মান নির্মিত করা সম্ভব হবে। ৪) বেসরকারি ক্ষেত্রে চিকিৎসা ব্যবস্থাকে এবং তার সুফলকে মানুষের কাছে প্রতারণা সম্ভাবনা মুক্ত করা যাবে। ৫) নতুন রোগ প্রতিকার ব্যবস্থায় এবং চিকিৎসা ব্যবস্থায় বেসরকারি শুভ প্রচেষ্টাকে সরকার প্রচেষ্টার সাথে সুযুক্তিকরণ সম্ভব হবে। ৬) আইনি প্রতিকার এবং অভিযোগ সমূহের প্রতিবিধান করা সম্ভব হবে। ৭) আইন লংঘনকারী কোনও প্রতিষ্ঠানকে অর্থনৈতিক শাস্তি বিধানের সুযোগ সৃষ্টি হবে। এই দৃষ্টিভঙ্গি থেকে আমি মনে করি এই সংশোধনী বিলটা নিশ্চয়ই সকলে সমর্থন করব। এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যামেন্ডমেন্ট বিল যেটা মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এনেছেন, আমি এই বিলকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। তিনি যথাযথ ভাবে এটা এনেছেন, কারণ আজকে নার্সিং হোমগুলো যে গজিয়ে উঠছে, অর্থাৎ এই মাসরুম গ্রোথ অব নার্সিং হোম যা গজিয়ে উঠছে, এবং এদের স্ট্যান্ডার্ড যে জায়গায় গেছে তার দ্বারা পশ্চিমবাংলার স্বাস্থ্য সম্পর্কে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। এইগুলোকে যাতে নিয়ন্ত্রণ করা যায়, বা মান উন্নয়ন করা যায়, সেই দৃষ্টিকে সামনে রেখে এই বিল তিনি এনেছেন, এটা খুব ভাল কথা, ফলে আমি নিশ্চয়ই এই বিলকে সমর্থন করছি। তিনি তাঁর বক্তব্যে বলেছেন এইগুলোর ইনফ্রাস্ট্রাকচার দেখিয়ে, ডাক্তার দেখিয়ে, নার্সের সংখ্যা দেখিয়ে এরা লাইসেন্স নেয়, তারপর দেখা যায় সেখানে ডাক্তার নার্স কিছুই থাকে না। নিশ্চয়ই এইগুলোকে কন্ট্রোল করতে হবে। তবে আপনি যদি সেই সঙ্গে রুর‍্যাল হসপিটালগুলোর উপর ঠিক ভাবে নজর দেন তাহলে এই মাসরুম গ্রোথ অব নার্সিং হোম অনেকটা চেক হয়ে যাবে। এই যে মাসরুম গ্রোথ অব নার্সিং হোম যে ভাবে হচ্ছে এবং মানুষ যেভাবে আসতে আসতে এই সব নার্সিং হোমের শিকার হচ্ছে, এটা ভাবিয়ে তুলেছে। আপনি যে আইন এনেছেন, এই আইন প্রণয়নের দ্বারা একটু উন্নতি ঘটানো যাবে। এই মাসরুম গ্রোথ অব নার্সিং হোমগুলো যেভাবে চিকিৎসা ব্যবস্থাকে গ্রাস করছে, এই অ্যামেন্ডমেন্টের দ্বারা এর থেকে খানিকটা ব্যাহত হবে। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি যদি সত্যিই পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে উদ্বিগ্ন হন, তাহলে আপনাকে বুঝতে হবে যে, নার্সিং হোমগুলি আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে এতখানি অংশগ্রহণ করল কেন? কারণ আমাদের সরকারি হাসপাতালে, স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা ব্যবস্থার চূড়ান্ত অবনতি। ফলে মানুষ অসহায় হয়ে, বাধ্য হয়ে নার্সিং হোমগুলির কবলে পড়ছে। পশ্চিমবাংলার সাধারণ মানুষদের নিশ্চয়ই পয়সা বেশি হয় নি। তথাপি তারা সরকারি হাসপাতালে গিয়ে যখন ওষুধ পায় না, চিকিৎসা পায় না তখন বাধ্য হয়ে পয়সা খরচ করে নার্সিং হোমে প্রাণের দায়ে যায়। সরকারি চিকিৎসা ব্যবস্থার সুযোগ না পাওয়ার ফলেই বাধ্য হয়ে প্রাণের দায়ে মানুষ নার্সিং হোমের খপ্পরে গিয়ে পড়ছে। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী, আপনি যদি এই অবস্থা থেকে পশ্চিমবাংলার মানুষদের অব্যাহতি দিতে চান তাহলে আপনাকে সরকারি হাসপাতাল

এবং স্বাস্থ্য কেন্দ্রগুলির প্রতি নজর দিতে হবে। প্রথমেই আপনাকে যে সমস্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ডাক্তার নেই সে সমস্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ডাক্তার পাঠাতে হবে। ভেকেন্ট পোস্টগুলি পূরণ করতে হবে। নার্স থেকে সর্বক্ষেত্রে এ্যাডিকোয়েট স্টাফের ব্যবস্থা করতে হবে। নিয়মিত ওষুধ সরবরাহের ব্যবস্থা করতে হবে। কিন্তু আপনি কি ভাবে করবেন? আপনার ৪৫৯ কোটি টাকার বাজেটের মাত্র ১৪ পারসেন্ট ওষুধ এবং অন্যান্য প্রয়োজনীয় খাতে বরাদ্দ করা হয়েছে। এ দিয়ে আপনি কি করবেন! আপনি হাসপাতালগুলিতে বিভিন্ন রকম চার্জ বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছেন, কার্যকরও করেছিলেন, এখন সাময়িকভাবে সেটা স্থগিত আছে, পরবর্তীকালে করবেন। এর ফলে আপনি মানুষকে আরও বেশি নার্সিং হোমের দিকে ঠেলে দিতে চলেছেন। আপনি চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে এই সংশোধনী বিলটি এখানে এনেছেন। ভাল কথা। কিন্তু আমি আপনাকে অনুরোধ করছি সরকারি স্বাস্থ্য পরিকাঠামোর দিকে আপনি আরও একটু বেশি নজর দিন। পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে আপনি একাই শুধু উদ্বিগ্ন নন, আজকে পশ্চিমবাংলার প্রতিটি মানুষই উদ্বিগ্ন। কারণ পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। সরকারি হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্র, সর্বত্র এক অবস্থা। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিজেই বহু সময়ে ক্ষোভ এবং দুঃখ প্রকাশ করে বলেছেন যে, পশ্চিমবাংলায় হাসপাতাল বলে কিছু আছে নাকি, হাসপাতালে অ্যাডমিনিস্ট্রেশন বলে কিছু আছে নাকি। আমি জানি আপনি এবিষয়ে সাধারণ মানুষদের চেয়েও বেশি ক্ষুব্ধ। এই অবস্থায় আমি আপনাকে শুধু এই-টুকু অ্যাডভাইস করছি, আপনি ক্যাবিনেটের কাছে পশ্চিমবাংলার মানুষদের হয়ে দাবি তুলুন যে, হাসপাতালে মিনিমাম লাইফ সেভিং ড্রাগ সাপ্লাই করতেই হবে। হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ বৃদ্ধি করতে হবে। বরাদ্দ বৃদ্ধির মধ্যে দিয়ে প্রয়োজনীয় মিনিমাম ব্যবস্থাগুলি যদি আপনি করতে পারেন তাহলেই আপনি মাসরুম গ্রোথ অফ নার্সিং হোম কিছুটা চেক করতে পারবেন। আপনি খুবই কারেক্ট কথাই বলেছেন, বাস্তবিকই বেশিরভাগ নার্সিং হোমগুলিতে চিকিৎসার নামে যা হয় তাকে কখনই সুচিকিৎসা বলা যায় না। সেখানে টাকায় টাকা যায়, চিকিৎসা কিছুই হয় না। তাদের ঠমক-ঠামক দেখে মানুষ প্রলুব্ধ হয় এবং প্রাণের দায়ে সেখানে যায়। সুতরাং আজকে সরকারি হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রগুলিকে উন্নত করতে হবে। ক্যাবিনেটের কাছে দাবি করে, অগ্রাধিকারের ভিত্তিতে তাদের উন্নতি সাধন করতে হবে। সরকারের আর্থিক দুরবস্থার কথা অবগত থেকেই আমি এই কথা বলছি এবং সে জন্যই অগ্রাধিকার দেবার প্রশ্ন উঠছে। আমি জানি আপনি এবিষয়ে আমাদের কারও চেয়ে কম উদ্বিগ্ন নন। আপনার উদ্বেগের অংশীদার হয়ে আমরা পশ্চিমবাংলার সমস্ত মানুষরা আপনার হাতকে শক্তিশালী করতে চাই। আপনি ক্যাবিনেটের কাছে দাবি করুন। আমরা জানি আপনি হিউম্যানিটেরিয়ান পয়েন্ট অফ ভিউ থেকে উদ্বিগ্ন এবং সেই পরিপ্রেক্ষিতেই আপনি সোচ্চার হোন, দাবি জানান, আমরা আপনার সঙ্গে আছি। পশ্চিমবাংলার সরকারি হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য যদি আপনি বরাদ্দ বৃদ্ধি করতে পারেন এবং তা যথাযথ ব্যয় করতে পারেন তাহলে আমি মনে করি আজকে আপনি আইনের যে সংশোধনী এখানে এনেছেন তা কার্যকর হবে। এই-টুকু

বলে, এই অ্যামেন্ডমেন্ট বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-20—1-30 P.M.]

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্ট্যাবলিশমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল যেটা এনেছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি। মানুষের যেখানে মরা-বাঁচার প্রশ্ন সেখানে নিশ্চয়ই সরকার নীরব দর্শক হয়ে থাকতে পারে না। সেইজন্য সঙ্গতকারণেই রাজ্যে যে সমস্ত নার্সিং হোম বা মেটারনিটি হোম বা অন্যান্য ক্লিনিক্যাল ল্যাবরেটরীগুলি চলছে এগুলিকে একটু নিয়ন্ত্রণের মধ্যে রাখা অত্যন্ত জরুরি, জনস্বার্থে জরুরি এবং তার বাধ্যবাধকতাকে আরও তীব্র করা দরকার এবং সেই বাধ্যবাধকতা তারা মেনে চলছে কি না সেটা দেখা দরকার। এটা ঘটনা, যেভাবে আইন আছে সেটা ঠিকমতো পালিত হচ্ছে না। অনেক নার্সিং হোম আছে, বিশেষ করে গ্রামাঞ্চলে যাদের কোনও রেজিস্ট্রেশন নেই। হয়তো সেখানে ৬টি বেড রাখার পার্মিশন আছে কিন্তু কার্যক্ষেত্রে ১০/১৫ টি বেড রাখা হয়। যেখানে ১ জন ডাক্তার এবং ১ জন রেজিস্টার্ড নার্স থাকার কথা সেখানে আদৌ রেজিস্টার্ড নার্স নেই। আন-ট্রেন্ড সমস্ত কিছু দিয়ে এই সমস্ত নার্সিং হোম বা মেটারনিটি হোমগুলি চালানো হচ্ছে। এই বিলে সংশোধন করে বলা হচ্ছে যে রাউন্ড দি ক্লক সেখানে ১ জন করে ডাক্তার এবং ১ জন করে রেজিস্টার্ড নার্স প্রত্যেক নার্সিং হোমে থাকতে হবে এবং অনুরূপভাবে মেটারনিটি হোমেও ১ জন ডাক্তার এবং ১ জন মিডওয়াইফ (রেজিষ্টার্ড) রাউন্ড দি ক্লক থাকতে হবে। এটা অবশ্যই দরকার। সংখ্যাটা হয়তো আরও বেশি দরকার যেখানে নার্সিং হোম বড় এবং যেখানে বেডের সংখ্যা বেশি আছে। সেখানে ১ জন ডাক্তার এবং একজন নার্সের পক্ষে সম্ভব হবে না ৫০ টি বেডকে অ্যাটেন্ড করা। গ্রামাঞ্চলে আদপেই নেই, কাগজে-কলমে অস্তিত্ব আছে কিন্তু এরজন্য যে ভেরিফিকেশন, যে ইন্সপেকশনের ব্যবস্থা আছে সেটা কিন্তু আশানুরূপ নয়। এটা যদি সরকারি স্তরে রেখে যায় তাহলে সি.এম.ও.এইচ এবং ডি.এম.ওরা হেল্পলেস হয়ে পড়ছে। কারণ যারা নার্সিং হোম চালান তাঁরা জেলার নামকরা চিকিৎসক আছেন, তাঁদের উপর তাঁরা প্রভাব খাটাতে পারেন না, আইন অনুযায়ী কাজ করতে পারেন না। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে একটা ভিজিটিং টিম করা হোক। প্রত্যেকটি ডিভিসনের জন্য ভিজিটিং টিম। তারা নার্সিং হোম বা মেটারনিটি হোম ঘুরে দেখবেন সেখানে ডাক্তার আছে কিনা, রেজিস্টার্ড নার্স বা মিডওয়াইফ আছে কিনা, যতগুলি বেডের পারমিশন আছে সবচেয়ে আরও বেশি সেখানে বেড আছে কিনা, সেখানে স্বাস্থ্যকর ব্যবস্থা আছে কিনা, পার পেশেন্টের জন্য যে জায়গা থাকা দরকার সেটা মেইনটেন করা হচ্ছে কিনা। এমন অনেক নার্সিং হোম আছে যেখানে পেশেন্টকে অস্বাস্থ্যকর পরিবেশে, আলো-বাতাসহীন, অন্ধকার স্যাঁতসেতে ঘরে রাখা হয়। জানি না, এরা কি করে পারমিশন পায়। যদি ভিজিটিং টিম থাকে তাহলে তারা আয়ত্তের মধ্যে আনতে পারবেন। এক্ষেত্রে শুধুমাত্র মেডিক্যাল ম্যান নিয়ে যেন ভিজিটিং টিম না হয়, সেখানে যেন পঞ্চায়েত যুক্ত থাকে। পঞ্চায়েতের জনস্বাস্থ্যের যিনি কর্মাধ্যক্ষ আছেন তাঁকে যেন যুক্ত করা

হয়। যখন কোনও নার্সিং হোম বা মেটারনিটি হোমের পারমিশন দেওয়া হবে তখন যেন সংশ্লিষ্ট জেলা পরিষদ এবং যে পঞ্চায়েত সমিতির এলাকায় হবে তারা যাতে জানতে পারে যে সেখানে একটা নার্সিং হোম হচ্ছে এবং ক'টা বেডের অনুমতি দেওয়া হয়েছে এবং সেই নার্সিং হোম চালানোর ক্ষেত্রে কর্তৃপক্ষকে কি কি শর্ত মেনে চলতে হবে। এর কটা কপি যেন জেলা পরিষদ এবং সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিকে দিয়ে দেওয়া হয়। তাহলে তাঁরা উপযুক্ত কর্তৃপক্ষের কাছে অভিযোগ আনতে পারবেন যদি কোনও ত্রুটি-বিচ্যুতি তাঁরা দেখেন। কারণ রোগীর জীবন নিয়ে ছিনিমিনি খেলা চলতে পারে না। তাই সঙ্গতভাবেই প্রশংসনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। গ্রামাঞ্চলে নিত্য-নতুন এইরকমভাবে নার্সিংহোম গজিয়ে উঠছে যার মিনিমাম ব্যবস্থাটুকু নেই। তাই এই বিলটিকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বিধায়ক ডাঃ জয়নাল আবেদিন সাহেব অনেকগুলি সঠিক কথা বলেছেন, আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি আমাদের স্বাস্থ্য ব্যবস্থার সম্বন্ধে নিশ্চয়ই বলবেন, কিন্তু আমাদের দপ্তরের যে বাজেট ছিল, সেই সময়ে অনেক আলোচনা হয়েছে, কিন্তু মাননীয় বিধায়ক দেবপ্রসাদ সরকার মহাশয় সব সময়েই শ্মশানের এস.এ. লিখে থাকেন। একটি শিশুকে শিখিয়ে দেওয়া হয়েছে একটাই প্রবন্ধ, সেটা হল যখনই এস.এ. আসবে তখনই শ্মশানের এস.এ. লিখে দেবে, কাজেই যে কোনও এস.এ.ই আসুক না কেন সে শ্মশানের এস.এ. পড়ে যায়। স্বাস্থ্য দপ্তরের বাজেটে আলোচনা হয়েছে, এখানে কমনওয়েলথ পার্লামেন্টারি কমিটি আমাদের সেক্রেটারি, স্টেট কমিটির স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে একটা আলোচনা সভা হয়েছিল, সেখানে সেই কথা বলেছেন। আজকে যে আলোচনা করতে চাইছি এর মধ্যে ঢুকলেন না। চিকিৎসা ব্যবস্থা, হাসপাতাল এটার আলোচনা করছি, বহু স্তরে করেছি, আজকের বিষয় বস্তু অন্য, এই বিষয় বস্তুটির উপরে আলোচনা করলেন না, কাজেই দুঃখের সঙ্গে বলছি যে, সব সময়েই শ্মশানের এস.এ. লিখলে চলবে কি করে? তা হয় না। আমি প্রথমে মাননীয় আবেদিন সাহেবকে যে কথা বলছি, আমাদের অরিজিনাল অ্যাক্টে যে অ্যামেন্ডমেন্টটা আমরা এখানে দিয়েছি অ্যাসেম্বলিতে আমি মনে করি সবাই পেয়েছেন, আমরা কিন্তু এখানে সরবরাহ করে দিয়েছে, এখানে সবারই পাওয়ার কথা। আপনারা জানেন যে আমাদের এই অ্যাসেম্বলিতে যে কমিটি অন পিটিশন তাঁরা ১৯৮৫ সাল থেকে ১৯৮৭ সাল পর্যন্ত অনেকগুলো রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্টের উদ্দেশ্য হল এই জনসাধারণের স্বার্থে যাতে এই সব নার্সিং হোম বা ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট ওরা যেভাবে রুগীদের কাছ থেকে অন্যায়ভাবে টাকা পয়সা সংগ্রহ করে, বা চিকিৎসার যে জিনিসটা দেখা দরকার, ঠিকমতো চিকিৎসা হয় না, তাঁরা এই সবের রিপোর্ট আমাদের কাছে করেছেন। বিলটি অ্যামেন্ড করা দরকার, সেইভাবেই বিলটি অ্যামেন্ডমেন্ট করেছি এবং আপনারা দেখবেন ২,৩,৪,৫,৬,৭, অ্যামেন্ডমেন্টের মতো নয়, তার মধ্যে কথাগুলি বলেছেন সেইসব কথাগুলি আমি পড়ে দিচ্ছি। আমাদের যে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস তাতে ৩নং ক্লজে পাবেন All clinical establishments especially nursing comes and patholog-

ical laboratory should have full time doctors. সেখানে লেখা হচ্ছে All nursing homes and maternity home should be categorised or classified. কোনও ক্লজ এটা আমরা দেখে বলতে পারি, কি ধরনের ব্যবস্থা আছে, ব্যবস্থা দেখে তাকে একটা ক্যাটাগরি করতে হবে the existing license fee should be rationalised and enhanced. যে কথা আবেদিন সাহেব বলেছিলেন আমরা সেই ব্যবস্থা করেছি, একটা হল র‍্যাশনালাইজ করা, আর একটা হল তার হার বৃদ্ধি করা লাইসেন্স ফি, Officers authorised under the said Act should be conferred with the power to seize and confiscate instruments and machineries used illegally in the nursing homes, maternity homes or other clinical establishments. কতকগুলি ইমমরাল কাজ কর্ম নানা ধরনের ইক্যুইপমেন্টস ব্যবহার করা হয়, আমরা চাই যাতে এইগুলি ব্যবহার করা না হয় এবং আমাদের Additional Direction of Health Services. যেমন ক্যালকাটায় আছেন আমাদের ডিস্ট্রিক্টে সি.এম.ও.এইচ. আছেন তাঁরা সেইসব ব্যবস্থাকে পরিদর্শন করে যাতে এই ধরনের অব্যবস্থাগুলি বা আমাদের স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক কতকগুলি জিনিস ইনস্ট্রুমেন্ট ব্যবহার করেন সেগুলি যেন সীজ করতে পারেন।

[1-30—2-15 P.M.(including adjournment)]

তারপর অফেন্স আন্ডার সেকশন ৭ অ্যান্ড ৭(এ) শুড বি মেড কগনিজিবল অ্যান্ড নন-বেলেবেল। এক্ষেত্রে আমরা কিছু চেষ্টা করছি। তবে একথা বলছি না যে, সবটা আমরা করতে পারব, কিন্তু এটাকে নন-বেলেবেল করছি যাতে করে ধরা পড়লে এসে নিয়ে চলে গেল—এইরকম না হয়। এক্ষেত্রে তাদের কোর্টের কাছে হাজির করা হবে এবং তারপর শাস্তি হলে শাস্তি হবে। অর্থাৎ ল্যাকুনা যা ছিল অরিজিনাল অ্যাক্টে সেসব দূর করবার জন্য এটা করছি। হাসপাতালে চিকিৎসা-ব্যবস্থায় ত্রুটির কথা আপনারা বলেছেন। এই নিয়ে আমরাও অনেক আলোচনা করেছি। আমরা চেষ্টা করছি যাতে এর ইমপ্রুভমেন্ট হয়। কিন্তু আপনারা জানেন, নার্সিং হোমে অনেকে ভর্তি হচ্ছেন এবং সেখানে বাইরের ডাক্তাররা অপারেশনও করছেন। আমি আপনাদের শত শত কেস দেখাতে পারি, নার্সিং হোমে চিকিৎসার পর ভাল না হবার পর, ক্ষতিগ্রস্ত হবার কারণে অনেকে আমাদের হাসপাতালে এসে ভর্তি হন; মেডিক্যাল কলেজে, জেনারেল হসপিটালে এসে ভর্তি হন। আজকে নার্সিং হোম শুধুমাত্র পশ্চিমবঙ্গেই নয়, গোটা ভারতবর্ষে এবং গোটা পৃথিবীতে স্বাস্থ্য নিয়ে ব্যবসা করবার চেষ্টা করছে। এই ব্যবসার বিরুদ্ধে কতটুকু নিয়ন্ত্রণ আনতে পারি, রোগীদের স্বার্থ কিভাবে রক্ষা করতে পারি, সেই উদ্দেশ্যে এই বিলটা এনেছি। মাননীয় সদস্য মান্নান সাহেব যে সংশোধনীটা এনেছেন সেটা এই কারণেই নিচ্ছি না, কারণ তিনি দেখবেন তার সংশোধনীটা এখানে কভার্ড আছে। সুতরাং এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1992 be taken into consider-

ation was then put and agreed to.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মিঃ স্পিকার স্যার, গোটাটা একসঙ্গে নিয়ে নিন, কারণ আমরা কোনও অ্যামেন্ডমেন্ট মুভ করছি না।

Clauses 1 to 11 and Preamble

The question that Clauses 1 to 11 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the West Bengal Clinical Establishment (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was then adjourned till 2-15 P.M.)

(After Recess)

[2-15—2-25 P.M.]

Mr. Speaker : All the Bills will be taken together, but moved separately, discussed together and voted separately.

1. **The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.**

2. **The Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill 1992**

3. **The D.N. De Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992**

4. **The Midnapore Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992**

The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent (Acquisition) (Amendment) Bill, 1992

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to introduce the Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Secretary the read the Title of the Bill.)

The Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent (Acquisition) (Amendment) Bill, 1992

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to introduce the Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill.)

The D.N.De Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent (Acquisition) (Amendment) Bill, 1992

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to introduce The D.N. De Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill.)

The Midnapore Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent (Acquisition) (Amendment) Bill, 1992

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to introduce the Midnapore Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(Secretary then read Title of the Bill.)

(1) **Shri Prasanta Kumar Sur** : Sir, I beg to move that the Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992. be taken into consideration.

(2) **Shri Prasanta Kumar Sur** : Sir, I beg to move that the Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, be

taken into consideration.

(3) **Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the D.N. De Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, be taken into consideration.

(4) **Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to move that the Midnapore Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিভিন্ন সময়ে এই মেডিক্যাল কলেজগুলোর ম্যানেজমেন্ট টেক ওভার করেছিলাম। করেছিলাম এই কারণে যে আমাদের হোমিওপ্যাথি মেডিক্যাল কাউন্সিল যেটা আছে সেই হোমিওপ্যাথি মেডিক্যাল কাউন্সিলের যে সব নর্মস আছে সেই নর্মস দেখে চিকিৎসাগুলো হচ্ছিল না। চিকিৎসা ব্যবস্থার উন্নতির জন্য আমরা এইগুলির ম্যানেজমেন্ট টেক-ওভার করেছিলাম। কিন্তু আমাদের কথা ছিল ৫ বছরের মধ্যে আমরা এই গুলি অ্যাকুইজিশন করে নেব। কিন্তু দুঃখের বিষয় সময় মতো আমরা অ্যাকুইজিশন করতে পারিনি। আমরা ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ হাসপাতালটা অ্যাকুইজিশন করেছি। এটার সম্পর্কে আমি আলাদা ভাবে বলব। আরও তিনটি কলেজকে আমাদের অ্যাকুইজিশন করতে হবে, সেই জন্য আমরা টেক ওভার করতে চাইছি। যেমন মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটালের জন্য ৫ বছর চাইছি। চাইছি এই জন্য যে, আমাদের আর্থিক অবস্থা যা আছে তাতে প্রতি বছর যদি একটা করে করি তাহলে আমরা ৩-৪ বছরে কমপ্লিট করতে পারব। ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল আমরা টেক ওভার করেছিলাম এবং এক্সপায়ারি ডেটের মধ্যেই টেকওভার করেছিলাম। কিন্তু বিল আকারে ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল এনেছি। এইজন্য এনেছি যে প্রেসে আমাদের যে নোটিফিকেশন করতে হয় সেখানে একটা লিগাল পয়েন্ট উঠেছে, এটা ফ্রেস করে অ্যাসেম্বলীতে বিল এনে এর ক্লারিফিকেশনটা করে নিতে হবে। সেইজন্য ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল টেক ওভার এক্সপায়ারি ডেটের মধ্যে করা সত্ত্বেও এনেছি। নোটিফিকেশনে হয়ত দেরি হয়েছে, তাই এনেছি যাতে কোনও কমপ্লিকেশন না থাকে। এরপর একটার পর একটা আনছি, এই বছর একটা করব, আগামী বছর আর একটা করব, তার পরের বছর আর একটা করব। সব এক সঙ্গে করা যাবে না। কারণ একটা করতে গেলে প্রায় ১ কোটি টাকা লাগছে। অ্যাসেট আছে, সমস্ত কনসিডারেশন মানি দিতে হয়, সি.সি.এইচ.-এর নিয়ম অনুসারে টিচার অ্যাপয়েন্ট করতে হয়, বেড রাখতে হয়, যে সব ডেফিসিয়েন্সী আছে সেই ডেফিয়েন্সীগুলি করতে হয়। সেইজন্য ৪টি বিল এনেছি, যদিও ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটল আমরা টেকওভার করেছি।

তা সত্ত্বেও কিছু ল্যাকু না থাকতে পারে, টু মেক অফ দিজ ল্যাকুনা সেই জন্য আপনাদের সামনে উত্থাপন করেছি।

[2-25—2-35 P.M.]

শ্রী সাধন পান্ডে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন আমি তাকে সমর্থন করছি। আমি সমর্থন করছি এই কারণে যে দীর্ঘদিন ধরে দাবি ছিল এইসব হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজগুলো অ্যাকোয়ার করার দাবি ছিল এবং ছাত্র ও কর্মচারী যারা কাজ করেন তারা বহুদিন ধরে আন্দোলন করেছেন। তারও পরে ক্যালকাটা হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজটি আমার নির্বাচনী কেন্দ্রে অবস্থিত। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ওটাও এ্যাকুইজিশন হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, আপনি তো খুব ভাল উদ্দেশ্য নিয়ে গত ৫ বছর আগে ওইসব প্রতিষ্ঠানগুলি অধিগ্রহণ করেছিলেন, কিন্তু ৫ বছর ম্যানেজমেন্ট অধিগ্রহণ করার পরেও আপনার দপ্তর কি ব্যবস্থা নিচ্ছেন? এইসব ম্যানেজমেন্ট নেওয়ার পরেও আরও কি সেটার ম্যানেজমেন্ট আপনি দিতে চাইছেন যাতে করে সুষ্ঠভাবে এই প্রতিষ্ঠানগুলো চলতে পারে? আজকে পশ্চিমবঙ্গ কেন সারা ভারতবর্ষের মানুষ, বিশেষ করে মধ্যবিত্ত শ্রেণীর মানুষেরা অ্যালোপ্যাথিক মেডিসিনের খরচ বেশি বলে হোমিওপ্যাথিক ট্রিটমেন্ট করেন। তারা অ্যালোপ্যাথিক মেডিসিনের খরচ বহন করতে পারেন না। স্যার, আপনি জানেন যে, এই ক্যালকাটা হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজটিতে ছাত্রদের ১০০টি বেড ছিল, সেখানে তারা পড়াশুনো করতে পারত এবং কাঁকুরগাছিতে সুন্দর একটা হোস্টেল ছিল। আপনারা অস্থায়ীভাবে হেলেথর ডাইরেক্টরকে দিয়ে গত ৫ বছর ধরে এই হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজটি চালাচ্ছেন। সেখানে কোনও পার্মানেন্ট প্রিন্সিপাল নেই। আগে যেখানে ১০০টি বেড ছিল সেখানে ৫ টি বেডে নেমে এসেছিল এবং এখন নামতে নামতে ২৫টি বেডে দাঁড়িয়েছে। আজকে অবস্থা দাঁড়িয়েছে যে হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ছাত্ররা যখন পাশ করবে ইনটারশিপ করবে তখন তাদের অ্যালোপ্যাথিক হাসপাতাল যথা বাঙ্গুর কিংবা এন আর এসে গিয়ে করতে হবে। অ্যালোপ্যাথিক ট্রিটমেন্টের সঙ্গে তাদের চিকিৎসা করতে হবে। সুতরাং এই হোমিওপ্যাথিক পরীক্ষার কি দরকার? তারা যে ইন্টারশিপ দেবে সেখানে তো হোমিওপ্যাথিক হসপিটালে করবে এবং পেশেন্ট থাকবে, তার কোনও ব্যবস্থা নেই। সুতরাং এই অব্যবস্থার ফলে হোমিওপ্যাথিক স্টুডেন্টদের যে পরীক্ষা দিতে হবে এবং ইন্টারশিপ করতে হবে তারজন্য তাদের পাঠানো হচ্ছে অ্যালোপ্যাথিক হসপিট্যালে। এইগুলো সম্পর্কে আপনার ক্লারিফিকেশান দেওয়ার দরকার আছে। এইগুলো সম্পর্কে আপনাকে উত্তর দিতে হবে। আজকে হোমিওপ্যাথিক স্টুডেন্ট যখন ইন্টারশিপ করতে যাচ্ছে আর এম বি বি এস স্টুডেন্ট যখন ইন্টারশিপ করতে যাবে তাদের দু রকমের মাইনের স্কেল। আজকে হোমিওপ্যাথিক স্টুডেন্টদের আপনি কি রেমুনারেশন দিচ্ছেন? আপনার হোমিওপ্যাথিক ট্রিটমেন্ট সম্বন্ধে পলিসিটা কি সেটা জানার দরকার আছে। আপনার হোমিওপ্যাথিক ইন্টারশিপ পাশাপাশি একজন এম বি বি এস ইন্টারশিপকে দিচ্ছেন আরেক

রকম বেতন, এই দুরকমের বেতন পার্থক্যের কারণ কি? আপনার এই দু রকমের সিগন্যালের কারণ কি জানার দরকার আছে। একটা হোমিওপ্যাথিক ছাত্রকে পাশ করতে ১০ বছর সময় লেগে যাচ্ছে অর্থাৎ ওয়ান ব্যাচ টেক্স এ্যাবাউট ১০ ইয়ার্স টু পাস। যেখানে আপনার ৫ বছরে কোর্স শেষ হয়ে যাবার কথা সেখানে ১০ বছর সময় লেগে যাচ্ছে। তারপরে তো ২৬ শে জুন এই হোমিওপ্যাথিক পরীক্ষা তাতে হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ছাত্রদের সিটগুলো পড়েছে এন আর এস মেডিক্যাল কলেজে। আজকে এই হোমিওপ্যাথিক হসপিট্যালগুলো ডেভেলপ করতে হবে, তাদের নিজের পায়ে দাঁড়াতে দিতে হবে। মানুষ যাতে হোমিওপ্যাথিক ট্রিটমেন্ট পায় তার ব্যবস্থা করতে হবে। ছাত্ররা যাতে হোমিওপ্যাথিক রোগী পায়, তাদের চিকিৎসা করতে পারে তার ব্যবস্থা আপনাকে করতে হবে। সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথি আজকে এখানে ডিগ্রি বা ডিপ্লোমা কোর্সের ব্যাপারে অবজেকশন দিচ্ছে। কেন এই রকম ঘটনা ঘটছে? আপনার দপ্তর ব্যবস্থা করতে পারছে না বলেই তারা ওইসব ছাত্রদের পাশের ক্ষেত্রে অবজেকশন দিচ্ছে। আপনাকে অ্যাসিওর দিয়ে এর ব্যবস্থা করবেন কিনা আমাদের জানাতে হবে। আপনি তো গত ৫ বছর ধরেই অ্যাসিওর দিয়ে যাচ্ছেন কিন্তু তা সত্ত্বেও তো এই ৮ হাজার হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ছাত্ররা এখনও ডিগ্রি পায় নি।

আপনি হোমিওপ্যাথিক ট্রিটমেন্টকে সুন্দর করতে পারতেন, কেন্দ্রীয় সরকার এর কাছ থেকে আরও টাকা পেতে পারতেন। হোমিওপ্যাথি মেডিসিন সারা বিশ্বে এখন পৌঁছে গেছে প্রত্যেকের কাছে দরবার করছে। আমার মনে হচ্ছে যে কোনও কারণেই হোক এই রাজ্যে হোমিওপ্যাথি ট্রিটমেন্ট নেগলেকটেড হচ্ছে। ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ যেটা আপনি অ্যাকুইজিশনের কথা বলেছেন সেটা ৮ লক্ষ টাকা গত বছর গ্রান্ট পেয়েছে, জিনিসপত্র কেনা হয়েছে, ইনস্ট্রুমেন্টস কেনা হয়েছে, ২ লক্ষ টাকার কমপিউটার কেনা হয়েছে, কিন্তু এইগুলি কে চালাবে এটা আপনি কি জানাবেন? এই সমস্ত হোমিওপ্যাথি কাউন্সিলকে দিল্লি থেকে টাকা দিচ্ছে জিনিস কেনা হচ্ছে, ঐ জিনিসগুলি ঠিকভাবে আপনার চালাবার ব্যবস্থা নেই। মেশিনারি নেই। আপনি যদি মেশিনারিকে ক্রিয়েট করতে না পারেন সেইক্ষেত্রে আপনার যদি টাকার দরকার হয় আপনি তো বহু টাকাই খরচ করছেন আপনি ১ কোটি টাকা চেয়েছেন পার ইয়ারে, আপনার যখন টাকা লাগবে আপনি চেয়ে নিন, এটা তো ভালই হবে। আজকে কলকাতার হসপিটালের যে ক্রাইসিস সেই ব্যাপারে বলতে পারি এই অবস্থায় হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজগুলিকে আরও সুন্দরভাবে চালানো যেতে পারে। আপনি আপনার দপ্তর সম্বন্ধে অনেক বক্তৃতা দেন কিন্তু আসলে দেখা যাচ্ছে এটা ঠিকমতো চলছে না। এই ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজের কত প্রপার্টি—চার তলা একটা হসপিটাল বিল্ডিং আছে, ট্যাংরায় অপারেশন করার ল্যান্ড আছে, ২৬৫/৬৬ এ.পি.সি. রোডে প্রচুর প্রপার্টি আছে। আপনি তো বলেছেন হসপিটালে যে কমিটি আছে সেই কমিটিতে লোকাল এম.এল.এ.রা থাকবেন, কিন্তু ম্যানেজমেন্ট কি লোকাল এম.এল.এ.র সঙ্গে কথা বলেন,

আপনি অ্যালোপ্যাথির ক্ষেত্রে অ্যালটমেন্ট করলেও আপনি হোমিওপ্যাথির ক্ষেত্রে দেননি। তার মানে আপনাকে এইগুলিও দেখতে হবে। আপনি অ্যাকুইজিশন করলেও আপনার সমস্যার সমাধান হবে না, এইগুলি নিয়ে ডিপলি চিন্তা করতে হবে। আপনাকে এই হসপিটালের সমস্যাটা বুঝতে হবে। এখানে যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে ১০০টা বেড আছে, এখানে থেকে ১০০ ছাত্র বেরুতে পারে, কিন্তু দেখা যাচ্ছে এখান থেকে ৭ হাজার ছাত্র পাস করেছে এই হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ থেকে কিন্তু তারা অ্যাপ্রুভাল পায়নি, উইদাউট ডিগ্রি তারা ঘুরে বেড়াচ্ছে, সেন্ট্রাল হোমিওপ্যাথির কাউন্সিলের অব্যবস্থার জন্য এদেরকে সার্টিফিকেট দিচ্ছে না। আপনাকে এইগুলি সলিউশন করতে হবে। এইগুলি যারা ভাল বোঝে তাদের হাতে আপনি দায়িত্ব দিন, ডিসেন্ট্রালাইজ করুন, কাজকর্মকে আরও সুন্দর করুন। আপনি অ্যাকুইজিশন করবেন এইগুলিকে সিনসিয়ারলি করুন; আপনাকে আমি সমর্থন করছি। হোমিওপ্যাথি ট্রিটমেন্ট আজকে মধ্যবিত্তরা যদি করায় তাহলে খুব কম পয়সায় সুন্দর ভাবে ট্রিটমেন্ট হতে পারে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রশান্ত প্রধান ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ সম্বন্ধে যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাঁকে আমি সমর্থন করে দু-একটি কথা বলছি। এটা ঠিকই বর্তমানে অ্যালোপ্যাথি চিকিৎসা এবং মেডিসিন বা ঔষধের যা খরচ দিনের পর দিন বাড়ছে এবং আগামী দিনে যে রাজনৈতিক পরিস্থিতি ভারতবর্ষের উপস্থিত হচ্ছে এবং যে প্রস্তাব এসেছে—ডাঙ্কেল প্রস্তাব তার থেকে আরও ব্যয় বহুল হয়ে যাবে ক্রমে ক্রমে। মানুষ অ্যালোপ্যাথির উপর আস্থা হারিয়ে ফেলছে, হোমিওপ্যাথি ট্রিটমেন্ট আমাদের দীর্ঘদিনের ট্রিটমেন্ট, এই ট্রিটমেন্টের দ্বারা অনেক জটিল অসুখ সারে। বিশেষ করে নিম্নবিত্ত গ্রামাঞ্চলের অসংখ্য মানুষ এখনও হোমিওপ্যাথির ট্রিটমেন্টের উপর আস্থাশীল এবং সেই ট্রিটমেন্টের দ্বারা তারা তাদের অন্যান্য অসুখ সারানোর দিকে আগ্রহশীল। আপনার দপ্তর থেকে যে ভাবে এই চারটি মেডিক্যাল কলেজকে অধিগ্রহণ করেছেন সেই সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। এখানে সাধনবাবু বলেছেন কিছু কিছু অব্যবস্থা আছে, সরকার অধিগ্রহণ করে পরিচালন ব্যবস্থার মধ্যে এনে এবং টাকা পয়সার ব্যাপারে যে কমিটি ঠিক হয়, যদি অধ্যাপকরা টাকা পয়সা ঠিকমতো পান তাদের যদি পে স্কেল ঠিকমতো থাকে তাহলে একটা মানসিকতা তৈরি হবে এবং কলেজগুলি যেভাবে ধুঁকছে তার থেকে বেরিয়ে আসলে একটা পথ পাওয়া যাবে।

[2-35—2-45 P.M.]

হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজগুলো থেকে যে ডাক্তাররা পাশ করে বেরোচ্ছেন, সেই ডাক্তাররা চেম্বার করছেন, সেখানে পেশেন্টের ভিড় হচ্ছে, এমন কি অনেক ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে সেইসব ডাক্তাররা ১০০ টাকা, ৮০ টাকা ফি নিচ্ছেন এবং লোকে সেখানে আগে থেকে অ্যাপয়েন্টমেন্ট করে দেখাচ্ছে। আজকে আমরা দেখতে পাচ্ছি যে এই হোমিওপ্যাথিক ট্রিটমেন্টের উপর মানুষের আস্থা বেড়ে গেছে। হাসপাতালের সঙ্গে যারা যুক্ত তারা আজকে

বাইরে প্র্যাকটিস করছেন, তাদের সম্পর্কে আজকে ভাবনা-চিন্তা করা দরকার। অ্যালোপ্যাথিকের ক্ষেত্রে যেমন নিয়ম আছে, হোমিওপ্যাথিকের ক্ষেত্রেও সেই রকম নিয়ম করা দরকার এবং এর জন্য আপনার টাকা লাগবে। মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি কলেজ, কলকাতা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ ইত্যাদির ক্ষেত্রে আপনি টাকা দিয়েছেন, এখন এগুলো একটা সিস্টেমের মধ্যে এসেছে। এটা যদি অন্যান্য জায়গায় হয় তাহলে ডাক্তাররাও ওখানে আগ্রহী হবে এবং হোমিওপ্যাথিক পেশেন্টরা হোমিওপ্যাথিক হাসপাতালের প্রতি আগ্রহী হবে। আরেকটা জিনিস হচ্ছে এই ডাক্তাররা অনেক সার্টিফিকেট পায় না, পরীক্ষা রেগুলারাইজ হয় না, কোর্স পিছিয়ে যাচ্ছে, কোর্সে বেশি সময় লাগছে, পাঁচ-ছয় বছরের কোর্স, সাত বছর সময় লেগে যাচ্ছে, এইসব বিষয়গুলোর প্রতি নজর দেবেন ও যাতে তাদের সার্টিফিকেট ঠিক সময়ে দেওয়া যায় সেই ব্যাপারে নজর দেবেন। আমরা দেখতে পাই পরীক্ষার রেজাল্ট বার করতেও অনেক সময় বেশিদিন লেগে যাচ্ছে, এইসব বিষয়গুলি দেখা দরকার। আমরা আপনার এই অধিগ্রহণকে সমর্থন জানাচ্ছি ও অভিনন্দন জানাচ্ছি এবং দেশের মানুষ হোমিওপ্যাথিক ট্রিটমেন্টের প্রতি যাতে আগ্রহশীল হয় ও আস্তে আস্তে হাসপাতালগুলি যাতে সরকারি আওতায় নিয়ে আসা হয় সেটা দেখা দরকার। আমাদের মিদনাপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া ডিস্ট্রিক্ট হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজে ছাত্ররা পড়াশোনা করে, ট্রিটমেন্ট করতে রোগীরা ওখানে আসেন, কিন্তু পর্যাপ্ত পরিমাণে বা সুষ্ঠ ব্যবস্থা সেখানে এখনও পর্যন্ত হয়নি। পরিচালন ব্যবস্থায় এখনও ক্রটি রয়েছে, সেটাও আপনাকে দেখতে হবে এবং অধিগ্রহণের মাধ্যমে সেই ক্রটি কাটানো যাবে বলে আমি মনে করি। টিচার অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে যে বাঁধা আছে সেটা দূর করবেন ও যারা পাশ করে ডিগ্রি পাচ্ছেন বা অন্যান্য হোমিওপ্যাথিক কলেজে যারা ট্রেনি হিসাবে কোর্স ফিনিশ করে বেড়োচ্ছেন তাদের পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে একটা পরীক্ষা বা অন্যান্য ব্যবস্থার মাধ্যমে তাদের কাজে লাগানোর চেষ্টা করুন। গ্রামে প্রতি পঞ্চায়েতে একটা করে মেডিক্যাল ইউনিট আছে এবং অনেক মেডিক্যাল ইউনিটে ডাক্তার নেই, তাদের যাতে সেইসব ইউনিটে দেওয়া যায় সেই ব্যবস্থা করুন। ডাক্তার যদি থাকেন তাহলে সেই গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে যে ট্রিটমেন্ট হওয়া সম্ভব, মানুষকে যুক্ত করা সম্ভব, এবং যুক্ত করে স্বাস্থ্য দপ্তর গ্রামের মানুষের স্বাস্থ্য পরীক্ষা করতে পারবেন। সেটাকে ত্বরান্বিত করবার প্রয়োজন আছে। সেন্ট্রাল কাউন্সিল অফ মেডিক্যাল সায়েন্স এঁদেরকে ডিপ্লোমা দিতে চান তাহলে ভাল হয়। এই ব্যবস্থাগুলি যদি আপনি করেন তাহলে আগামী দিনে—যেভাবে অ্যাকুইজিশন করেছেন আর্থিক দায়, দায়িত্ব নিয়ে, এটা কাঠামোর মধ্যে দিয়ে নিয়ে আসবার চেষ্টা করছেন, এর জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই যে চারটে হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজ টেক ওভার ম্যানেজমেন্ট এবং সাবসিকোয়েন্ট অ্যাকুইজিশন যে এ্যামেন্ডমেন্ট বিল এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। প্রথমত আজকে এই হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজগুলি, কলেজ হাসপাতালগুলি—এইগুলির

যে স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজনস—আপনি বলেছেন এর ম্যানেজমেন্টের অবস্থার উন্নতির জন্য এই ব্যবস্থাগুলি নিয়েছেন। সেজন্য টেক ওভার ম্যানেজমেন্ট এবং অ্যাকুইজিশন, সরকারের এই যে সদিচ্ছা—এটা আর্থিক অভাবের জন্য তাকে বাস্তবায়িত করা যায় নি। এটা কঠোর সত্য। যে সময়ের মধ্যে এইগুলি অ্যাকুইজিশন করবার কথা ছিল আপনি সেটা করতে পারেন নি এবং বারংবার আপনাকে সময় নিতে হয়েছে। এটা দুর্ভাগ্যজনক ঠিকই তবুও এটা বাঞ্ছিত। এই ক্ষেত্রে আপনি যে ক্যালকাটা হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ যেটা অ্যাকুইজিশন হয়েছিল, অধিগ্রহণ হয়েছে বলছেন—এখনও পর্যন্ত সেখানে, অধিগ্রহণ হওয়ার পরেও অবস্থার কোনও উন্নতি হয় নি। আপনি যা বললেন, যা আশা দিয়েছিলেন সেটা বাস্তবায়িত হয় নি। এখনও পর্যন্ত কলেজে সুপার প্রিন্সিপ্যাল নিয়োগ করা হয় নি। এখনও পর্যন্ত সরকারি প্রতিশ্রুতি অনুযায়ী কোনও অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করা হয়নি। আজকে অ্যাডমিনিস্ট্রেটারের অভাবে সমগ্র বাস্তবতা, সমগ্র আশা, কলেজে হাসপাতালগুলির দুরবস্থা আজকে কোন জায়গায় দাঁড়িয়েছে তা আপনি জানেন। আজকে যে ৯২ সালের সার্কুলার—তাতে ৫০ জন রুগীর কথা বলা হয়েছে কিন্তু রুগী নেই। বাস্তব পরিস্থিতি হচ্ছে, এক্সরে হয় না, লেবার রুম বন্ধ, ও.টি. বন্ধ, এই রকম একটা অবস্থা চলছে এবং আউটডোরের অবস্থাও খারাপ। ছাত্র-ছাত্রীরা আউটডোর এবং ইন্ডোর বিভাগের কোনও সুযোগ সুবিধা পাচ্ছে না। তাঁরা যে এর থেকে অভিজ্ঞতা অর্জন করবে তারও কোনও পথ নেই। আজকে পর্যন্ত কলেজ হাসপাতালে সবেতনে হাউসস্টাফ—তাও চালু করা যায়নি। অর্থাৎ এক কথায় কলেজের যে অন্তর্কাঠামো—অধিগ্রহণ করবার পরও কোনও উন্নতি হয় নি। হোমিওপ্যাথির জন্য আপনারা বাজেটেও কোনও ব্যবস্থা নেই। আর একটা সব চাইতে বড় সংকট, খুব উদ্বেগের ব্যাপার এই যে চারটে ডিগ্রি কলেজ ১৯৭৬ সালে আমাদের পশ্চিমবাংলায় হয়েছিল—এদের যে সর্বভারতীয় যে রেজিস্ট্রেশন দেওয়া হয়, এখান থেকে যাঁরা পাশ করবেন তাঁদের রেজিস্ট্রেশন নাম্বার দেওয়া হত—তা সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথি এদের যে রেজিস্ট্রেশন বন্ধ করে দিয়েছেন। ১৯৮৬ সালে সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথির পরিদর্শকরা যে রিপোর্ট দিয়েছিলেন যে মিনিমাম কন্ডিশনগুলি ফুলফিল করতে হবে টু মেনটেন দি স্ট্যান্ডার্ড অফ হোমিওপ্যাথি ডিগ্রি কলেজ। ৩০ পারসেন্টও ইনফ্রাস্ট্রাকচার নেই। এই সমস্ত রিপোর্টগুলিকে অবিলম্বে পূরণ করা দরকার। কিন্তু কি রাজ্য সরকার, কি বিশ্ববিদ্যালয়, স্বাস্থ্য দপ্তর উভয়পক্ষ থেকে কোনও ব্যবস্থা গ্রহণ না করবার ফলে ৮৮ সাল থেকে রেজিস্ট্রেশন নাম্বার দেওয়া বন্ধ হয়ে গেল।

[2-45—2-55 P.M.]

এই যে ডিগ্রি কলেজগুলোর ছাত্র-ছাত্রী তাদের এই রকম ভয়াবহ পরিস্থিতি। আপনার সঙ্গে আমার কথাবার্তা হয়েছে। ওরা আন্দোলন করেছে, আমরণ অনশন করেছিল, আপনার প্রতিশ্রুতির ভিত্তিতে ওরা অনশন তুলে নেয়। আপনি কেন্দ্রে ছোটাছুটি করেছেন, জানি না, বর্তমানে অবস্থা আছে। আপনি ছোটাছুটি করলেই হবে না, আপনাকে মিনিমাম সি সি এইচ

যেগুলো কন্ডিশন দিয়েছে, সেগুলো যদি একজিকিউট না করা যায় তাহলে তারা স্টাফ এ্যাটিচিউড নেবে। এই হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজ কোন জায়গায় আছে এবং বাকি যেগুলো থাকল সেগুলোর অধিগ্রহণ আপনি টাইম টু টাইম করবেন, আপনি বছরে বছরে করবেন বলেছিলেন প্যাউসিটি অফ ফান্ডের জন্য। বাকি তিনটে কলেজকে করতে আরও তিন বছর লাগবে। কিন্তু বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে অবস্থা আছে, কলকাতা মেডিক্যাল কলেজ অধিগ্রহণ করেও অর্থাভাব বা যেজন্য হোক বাস্তবে রূপ দিতে পারছেন না। বাস্তবে এই জায়গায় পাউসিটি অফ ফান্ড। আপনার ডিপার্টমেন্ট কোন জায়গায় আছে, আপনি কোন জায়গায় দাঁড়িয়ে আছেন। সি সি এইচের ভবিষ্যত বিধি নিষেধ যদি রদ না করতে পারি তাহলে খুবই ক্ষতি হবে। হোমিওপ্যাথির ছাত্ররা প্রচন্ডভাবে অনিশ্চিত অবস্থার মধ্যে রয়েছে। কয়েক বছর ধরে তারা ডিগ্রি পাচ্ছে না। আশা করি আপনি আপনার জবাবি ভাষণে এর জবাব দেবেন। এই কটি কথা বলে আপনার বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী চারটি হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ সংক্রান্ত যে বিলগুলি উত্থাপন করেছেন আমি প্রথমেই তা সমর্থন করছি। প্রকৃতপক্ষে বলা যায় বর্তমানে যে স্বাস্থ্যরক্ষার ব্যবস্থা সেই ব্যবস্থায় বিশেষ করে রোগ নির্ণয় এবং রোগ চিকিৎসা এই ব্যাপারে অ্যালোপ্যাথি খুবই ব্যয়সাধ্য। বিশেষ করে সাধারণ মানুষের পক্ষে তা চালানো সম্ভব নয়। সেক্ষেত্রে হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদিক চিকিৎসা ব্যবস্থা অন্যতম প্রাচীন চিকিৎসা ব্যবস্থা। হোমিওপ্যাথিক চিকিৎসা ব্যবস্থা জনপ্রিয় করার জন্য রাজ্য সরকার ইতিপূর্বে কিছু ব্যবস্থা নিয়েছেন। অধিগ্রহণ হয়েছে, জাতীয়করণের ব্যবস্থা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে বলা যায় যে দৃষ্টিভঙ্গি নিয়ে ছাত্রদের জন্য এই উদ্যোগ নেওয়া হয়েছিল কিছু কিছু কারণে এখনও সফল হতে পারা যায় নি। হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ মানে তার সমস্ত কিছুই থাকবে। মেডিক্যাল কলেজ হাসপাতাল কিন্তু শিক্ষা এ্যালোপ্যাথির যে ট্রেনিং সেটা নিচ্ছে। সেটা ঠিক নয়। স্বয়ং সম্পূর্ণ হোমিওপ্যাথিক ব্যবস্থা আমরা চাই। আমরা এইজন্য চাইছি যে এখনও সাধারণ মানুষের হোমিওপ্যাথিক ঔষধ ক্রয়ের ব্যাপারে যোগ্যতা আছে—সেখানে যদিও দাম বাড়ছে। এখানে একটা প্রসঙ্গ আমি উত্থাপন করব। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যদি দয়া করে শোনেন ভাল হয়। আমাদের বামফ্রন্টের প্রথম চেয়ারম্যান—প্রয়াত শ্রদ্ধেয় প্রমোদ দাশগুপ্ত মহাশয় এবং প্রথম যুক্তফ্রন্ট্রে এবং পরবর্তীকালে বামফ্রন্টের স্বাস্থ্যমন্ত্রী শ্রী ননী ভট্টাচার্য উদ্যোগ নিয়েছিলেন উত্তরবঙ্গের কুচবিহারে একটা কলেজ গড়ে তুলবেন এবং তার ভিত্তি প্রস্তর স্থাপিত হয়েছিল। প্রমোদ দাশগুপ্ত এবং ননী ভট্টাচার্য সঠিকভাবে সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু সেটা করার এক দশক পরে ওই হোমিওপ্যাথিক কলেজ করার কোনও রকম সম্ভাবনা আছে কি না উত্তরবঙ্গের মানুষ বুঝতে পারছে না। প্রমোদবাবু এবং ননীবাবু শুধু হোমিওপ্যাথিক কলেজ নয়, চিকিৎসার ঔষধ, ভেষজ এর ব্যাপারে উদ্যোগ নিয়েছিলেন এবং আমার জায়গার কাছে তপসীকথায় ৬৪ একর জমি নিয়েছিলেন সেটা করার জন্য সব হয়েছিল। আমি জানি না সবটা কলকাতা কেন্দ্রিক কেন

হবে। এখানে যে বিলগুলো এনেছেন সব কলকাতা কেন্দ্রিক। কলকাতাই পশ্চিমবঙ্গ নয়। কলকাতার বাইরে বিরাট পশ্চিমবঙ্গ পড়ে আছে। সুতরাং তাঁরা কুচবিহারে হোমিওপ্যাথিক কলেজের প্রস্তুতি নিয়েছিলেন। যত ভিত্তি প্রস্তর স্থাপিত হয়েছে অতীতে কংগ্রেসের আমলে তা হয় লোক দেখানো না হয় লোক ঠকানো ব্যাপার। বামফ্রন্টের আমলে কিন্তু তা হবার নয়। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়ও সে কথা বলেছেন, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও সে কথা বলেছেন। আমি এই প্রসঙ্গে তাদের কাছে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি যে বামফ্রন্টের সেই যে প্রতিশ্রুতি, প্রয়াত প্রমোদ দাশগুপ্ত এবং শ্রদ্ধেয় বিপ্লবী জননেতা ননী ভট্টাচার্য মহাশয় যা দিয়ে ছিলেন উত্তরবঙ্গের মানুষের কাছে সেটা আপনারা কার্যকর করুন। তারপর আর একটি বিষয় বলতে চাই। আমরা জানি যে কোয়াক ডাক্তারদের যন্ত্রণায় পশ্চিমবাংলার সর্বত্র মানুষের একেবারে পরিত্রাহি অবস্থা। এরকম কিছু কোয়াক ডাক্তার হোমিওপ্যাথিতেও এসে গিয়েছে। কেউ হয়ত সরকারি কর্মচারী, কেউ হয়ত মাস্টার, তারা ঐ বিকেলবেলাতে বসে যায় এবং প্র্যাকটিস করে। এরা আসলে কি জানা যায় না। সেখানে হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থার যে জনপ্রিয়তা সেটাকে তারা কাজে লাগাচ্ছে। আপনারা জানেন যে ক্রনিক ডিসিসে যারা ভোগেন তারা বিশেষ করে হোমিওপ্যাথির উপর নির্ভর করেন এবং ভরসা এখনও করেন। সেখানে ঐ সমস্ত লোকরা সুবিধা নিচ্ছে। যেন ঐ একটা বিকল্প গভর্নমেন্ট চলছে। যারা রেজিস্ট্রেশন নিচ্ছে সেখানে কিছু লোক লিখছে রেজিস্টার্ড হোমিওপ্যাথ, ৪০ বছরের অভিজ্ঞতা। এটা দেখার জন্য বিশেষ করে আমি অনুরোধ জানাচ্ছি। এরজন্য বিশেষ নজরদারি থাকা দরকার বলে আমার মনে হয়। স্যার, অতীতে এ সম্বন্ধে যে অ্যামেন্ডমেন্টগুলি এসেছিল আমরা জানি সেগুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল এবং আমি মনে করি আজকেও সর্বসম্মতিক্রমে এই বিলগুলি গৃহীত হবে। একজন মাননীয় সদস্য বললেন যে আজকে স্বাস্থ্য ব্যাপারটাকে একটা পণ্য হিসাবে দেখা হচ্ছে। যাদের টাকা আছে তারাই চিকিৎসার সুযোগ পাবে। সেই হিসাবে এখনও কিন্তু এই হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদে সুযোগ আছে কম পয়সায় চিকিৎসার কাজেই এর সম্প্রসারণ করা দরকার। আমার মনে হয় এরজন্য কিছু বেশি বাজেট প্রভিশন রাখা দরকার। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, আমরা শুনেছি যে ৫ কোটি টাকা স্বাস্থ্য দপ্তরের জন্য বাড়িয়ে দিয়েছেন। ৫ কোটি টাকা বেড়েছে ঠিকই কিন্তু সেই তুলনায় তো জিনিসপত্রের দাম ১০ কোটি টাকা বেড়ে গিয়েছে। আসলে এ ক্ষেত্রে টাকা কমে গিয়েছে বলেই আমার ধারণা। আমাদের ঐ কংগ্রেসি বন্ধুরা যারা কেন্দ্রে সরকার চালাচ্ছেন তারা যে ভাবে ডিভ্যালুয়েশন করেছেন তাতে আল্টিমেটলি স্বাস্থ্য খাতে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার বাজেট কমে গিয়েছে। সেইজন্য আমি অনুরোধ করব এই খাতের জন্য আরও কিছু টাকার ব্যবস্থা করুন। অ্যালোপ্যাথিতে আর কিছু করা যাবে না। ও ব্যাপারে আমরা একেবারে জেরবার হয়ে গিয়েছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়ও সে কথা বারবার বলেছেন কাজেই আমি মনে করি হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থার সম্প্রসারণের সুযোগ আছে এবং একটি স্বয়ংসম্পূর্ণ হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থা এখানে গড়ে উঠুক রাজ্যবাসীও তা চাইছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এখানে উল্টোপাল্টা কাজ যারা করে তাদের আপনি প্রতিহত করুন। তারপর গ্রামাঞ্চলে যে

সমস্ত হোমিওপ্যাথি ডিসপেন্সারি হয়েছে সেখানে ডাক্তার থাকে না, ঔষুধও থাকে না। আমি দায়িত্ব নিয়ে বলছি, সেখানে ঔষুধ থাকে না। এর পর আর একটি বিষয় মন্ত্রী মহাশয়কে বলছি। বামফ্রন্ট সরকার ঘোষণা করেছেন যে ডিসক্রিমিনেশন হবে না। কিন্তু দেখা যাচ্ছে যারা অ্যালোপ্যাথ এ.বি.বি.এস. ডাক্তার তারা যা বেতন পান অন্যরা তা পান না। বি.এন.দে মেডিক্যাল কলেজের যারা রিটায়ার করেছেন তারা বেনিফিট পাচ্ছেন না। তা ছাড়া তৃতীয় বেতন কমিশনের যে সুযোগ সুবিধা তার থেকে হোমিওপ্যাথি ডাক্তার এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মীদের বঞ্চিত করা ঠিক নয়। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণের সময় এমন কিছু পজিটিভ কাজকর্মের কথা বলবেন যাতে রাজ্যবাসীরা খুশি হবেন। সেখানে কর্মচারিরা দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন বিভিন্ন মেডিক্যাল কলেজে, যে প্রতিশ্রুতি দেওয়া ছিল সেগুলি রক্ষিত হচ্ছে না, এ ব্যাপারটাও আশা করি দেখবেন। আমার কথা হল অধিগ্রহণ করা ভাল কিন্তু অধিগ্রহণের আগের অবস্থার থেকে অধিগ্রহণের পরের অবস্থার মধ্যে যেন কিছু ফারাক হয়। আমি আশা করব, যে দৃষ্টিভঙ্গিতে এই মেডিক্যাল কলেজগুলি অধিগ্রহণ করা হয়েছে সেই দৃষ্টিভঙ্গি অনুযায়ী কাজ করা হবে। পরিশেষে আমি আবার প্রয়াত প্রমোদ দাশগুপ্ত এবং শ্রদ্ধেয় ননী ভট্টাচার্য মহাশয়ের প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দিই যে তারা বলেছিলেন, কুচবিহারে হোমিওপ্যাথি কলেজ এবং আলিপুরদুয়ারে ভেষজ উদ্যান হবে, সেটা করার ব্যবস্থা করুন। গোটা পশ্চিমবাংলার মানুষের কাছে যাতে চিকিৎসার ব্যবস্থাটা সম্প্রসারিত হয় সেটা দেখার জন্য অনুরোধ জানিয়ে এবং এই বিলকে আবার সমর্থন করে এবং মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[2-55—3-05 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মিঃ চেয়ারম্যান মহাশয়, মন্ত্রী মহাশয় একটা নতুন কথা বললেন। আপনি ফাইনান্সিয়াল মেমোরেন্ডাম যেটা দিয়েছেন তাতে এক কোটি টাকা বলেন নি। আপনি বলছেন অ্যাকুইজিশন করতে এই এক কোটি টাকা লাগে। কেন, এটাতে কমপেনসেশন দিতে হচ্ছে না কি? ভাড়া বাড়িতে ছিল, তার জন্য কি কমপেনসেশন দিতে হবে? ট্রাস্টি যদি থাকে তাহলে তাদের কমপেনসেশন দিতে হবে কেন? আমাদের সংবিধানের আর্টিকেল ৩১(এ), তাতে অ্যামাউন্ট বলা আছে। সুতরাং এক কোটির প্রশ্ন আসতে পারে না। ইট ইজ ফর পাবলিক ইউটিলিটি পারপাস। সেখানে ৩১(এ) অ্যাট্রাক্ট করে কি না, এটা দেখবেন। কারণ এক কোটি টাকা ইমপ্রুভমেন্টের জন্য লাগতে পারে না। এখানে সব হোমিওপ্যাথির গুনগান করলেন। আমাদের দেশে জনপ্রিয়তা আছে, অ্যাডভান্সড দেশে, অন্য দেশে কিন্তু আইন করে হোমিওপ্যাথি নিষিদ্ধ করে দিয়েছে। ওখানে বাই লেজিসলেশন চলে না। আমরা ওদের নকল করেছি, আগে ওখানে ছিল, ওরা আইন করে বন্ধ করে দিয়েছে। হোমিওপ্যাথি চলে না। এখন আমাদের এখান থেকে চার্টার্ড প্লেনে হোমিওপ্যাথি ডাক্তার নিয়ে যায়। আমি যে কথা আপনার কাছে জানতে চাইছি যে পাঁচ বছরে আপনি কি পারসেপ্টিবল ডিফিকাল্টি দেখেছেন যে এইগুলোকে কেন রেগুলারাইজ করা যাচ্ছে না, রেগুলারাইজ তো

করবেন? প্রায়ই দেখতে পাচ্ছি কাগজে হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজে ধর্মঘট। ছাত্রছাত্রীরা ধর্মঘট করছে। সেখানে প্রপারলি স্টাফ আছে কি না এবং এর যে কাউন্সিল, সেই কাউন্সিল যে প্রেসক্রিপশন করছে ফর টিচিং স্টাফ অ্যান্ড রিকয়্যারমেন্ট অব হসপিটাল, সেইগুলো আপনি ফলো আপ করতে পারছেন কি না? আপনি তো ১০ লক্ষ টাকা বলেছেন, এখন আবার এক কোটিরও কথা বললেন। এটা একটু চিন্তা করার দরকার। আর যে কথা নির্মল দাস বললেন ওরা কথা বলে কিন্তু কথা রাখে না। বামফ্রন্টে যে নাকি ছিল, কি বলেছিলেন, কিন্তু কথা রাখেন নি। সেই জন্য নির্মল দাস হতাশ হয়েছেন। আজকে আপনি দেখুন সুশ্রুত নগরে ওখানে একটা ডেন্টাল কলেজ হাসপাতাল করতে চান, একটা ডেন্টাল কলেজ ওখানে আছে, ওন্য জায়গায় আর আছে কি না জানি না, নর্থ বেঙ্গলে করতে চাইছিলেন, একটা সোশ্যাল টেনশন যাতে না হয়, সেটা দেখবেন। কারণ নির্মলবাবুর মতো মানুষ আছেন। আপনার দল চিরকাল কথার খেলাপ করেছেন। এতে যদি সোশ্যাল টেনশন কিছু কমানো যায়, নর্থ বেঙ্গলের কোনও একটা জায়গায় সে কুচবিহারে হোক বা আলিপুর দুয়ারে হোক, যে কোনও জায়গায় করতে পারেন, নির্দিষ্ট কোনও জায়গায় করতে হবে এমন কোনও কারণ নেই। আমাদের ভাগ্য ভাল যে, নির্মল দাস দাবি করেন নি তাঁর মাথার ওপরে হোমিওপ্যাথিক কলেজ করতে হবে। নর্থ বেঙ্গলের যেখানে আপনি ভাল মনে করবেন, সেখানেই করতে পারবেন। তবে এটা করা দরকার বলে আমি মনে করি। আমি আরও মনে করি এ বিষয়ে ইনটেন্সিভ গবেষণার প্রয়োজন আছে। কারণ উন্নত দেশগুলো এটাকে ডিসকার্ড করছে এবং আমরা গ্রহণ করছি। আমাদের এক্সপার্টিস ওরা নিয়ে যাচ্ছে ফর টিপিক্যাল কেস কিম্বা বাইরের রুগী এখানে আসছে। সুতরাং এটা আমাদের কাছে একটা গবেষণার বিষয়। আমার মনে হয় দিস ইজ এ সাবজেক্ট হুইচ ডিজার্ভস রিসার্চ। কারণ আজকে উন্নত দেশ থেকে রুগী এখানে চলে আসছে। তাদের যখন জিজ্ঞাসা করা হয়,—কি জন্য এসেছ? উত্তরে বলে, ভোলা চক্রবর্তীকে দেখাতে এসেছি বা বলে পঙ্কজ ব্যানার্জিকে দেখাতে এসেছি। সুতরাং আমাদের রিসার্চের ব্যবস্থা করা প্রয়োজন। অন্য সিস্টেমের মতো সমস্ত কিছুই এ্যাজপার থাকা উচিত। শিক্ষা পেল হোমিওপ্যাথিক কলেজে, আর ইন্টার্নি করবে বাঙ্গুর হাসপাতালে, এটা বাঞ্ছনীয় নয়। আরও একটা জিনিস দেখতে হবে, হোমিওপ্যাথি হসপিটালে পেশেন্টরা যেন প্রপারলি কেয়ার্ড হয় এবং সঠিক হোমিওপ্যাথিক ডিসিপ্লিনেই যেন ট্রিটমেন্ট পায়। সেইভাবে সব দিক দিয়েই একে অ্যাট্রাক্টেড করে তুলতে হবে। এখন বোধ হয় হোমিওপ্যাথিক ডিসিপ্লিনে যারা পড়াশোনা করে তাদের ডি.এইচ.এম.এস., ডিপ্লোমা ইন হোমিওপ্যাথিক মেডিসিন অ্যান্ড সার্জারি দেওয়া হয়। কি সার্জিক্যাল সুযোগ সুবিধা এক্ষেত্রে আছে সেটাও একটু দেখতে হবে। এটা দেখার দরকার আছে। এই সাবজেক্টটা খুবই ডেলিকেট সাবজেক্ট। হোমিওপ্যাথির কোনও কবিরাজ কিম্বা ডাক্তারকে ডাকলে সে বই-এর পাতা উল্টে কি উপসর্গে কি ওষুধ দেবে তা ঠিক করে। এই রকম ডেলিকেট সাবজেক্টে প্রপারলি কোয়ালিফায়েড হয়ে তবেই চিকিৎসা করা উচিত। কারণ একজন চিকিৎসক ডিলস উইথ লাইফ অ্যান্ড ডেথ অফ পার্সনস। নিশ্চয়ই তাদের প্রপার ফেসিলিটিস দিতে হবে। এরা যদি স্ট্যান্ডার্ড অ্যান্ড ক্রাইটেরিয়া ভায়লেট

করে তাহলে কি ব্যবস্থা গ্রহণ করা যায়, সে বিষয়েও চিন্তা ভাবনা করতে হবে। আর আর ড্রাগস অ্যান্ড ক্রাইটেরিয়া ভায়লেট করলে পেনালটির ব্যবস্থা আছে। হোমিওপ্যাথিকে এই জিনিস আছে কি? এটা তো যেখানে সেখানে বিক্রি হয়, যেখানে সেখানে কেনা যায়। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়, এটাও আপনাকে একটু দেখতে হবে। লাইসেন্সের কি ব্যবস্থা আছে? এর রিসার্চের ওপর সব চেয়ে বেশি গুরুত্ব দিতে হবে। এটা একটা স্পেশ্যাল সাবজেক্ট। সভ্য এবং ধনী দেশগুলি আজকে আর এটা গ্রহণ করছে না, আইন করে নিষিদ্ধ করছে। আমি এ কথা বারবার বলছি। অথচ এখানে এটা এখনও পপুলার। অতএব এ নিয়ে কন্ট্রাডিকশন আছে। এই কন্ট্রাডিকশন মেটাবার দায়িত্ব আপনাদের আছে। আপনি ৪৮৭ কোটি টাকা দিয়ে যখন কোনও কাজই করতে পারছেন না, তখন তার ওপর আরও এক কোটি টাকা নিলে কোনও ক্ষতি নেই। আর এর জন্য তো আপনাদের পিয়ারলেস আছে। তাতেও যদি না হয় রেসকোর্স আছে, চিড়িয়াখানা আছে। ব্রিগেডে মিটিং ডাকবেন, সবাইকে চিড়িয়াখানায় পাঠিয়ে দেবেন এবং সেখানে এক টাকা করে টিকিট আদায় করে নেবেন। তাহলেই টাকা উঠে আসবে। যাই হোক মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি এর জন্য আপনার ডিপার্টমেন্টে আপনি একটা সেল গঠন করুন। কারণ এ জিনিসকে সঠিকভাবে পরিচালিত করতে হলে কনস্ট্যান্ট সুপারভিসন ইজ দি ওনলি থিং, সুপারভিসন ছাড়া এ জিনিস হয় না। সাথে সাথে প্রপার ইভ্যালুয়েশন-এরও প্রয়োজন আছে। সেমিনার, আলোচনা এবং ইভ্যালুয়েশনের প্রয়োজন, এগুলি হওয়া উচিত।

[3-05—3-15 P.M.]

এবং ম্যান শুড বি কশান্ড। আজকে ক্যামপোজ নিষিদ্ধ হয় নি। অক্সিডাইজিপাম এই গ্রুপের ড্রাগ নিষিদ্ধ হয় নি। কিন্তু বিলাতে আইন করে নিষিদ্ধ করা হয়েছে যে অক্সিডাইজিপাম গ্রুপের কোনও ড্রাগ চলতে পারে না। Because it affects memory and it affects other human system. আমাদের গরিব দেশ। এখানে even in our country we also try to apply the compose medicine. অন্য দেশে চলে না। অন্য দেশে যে মেডিসিনগুলি ডিসকার্ডেড হয় সেগুলি কিন্তু ভারতবর্ষে চালাবার চেষ্টা হচ্ছে। ইভেন এনট্রোকুইন্যাল ইন অ্যাডভান্সড কান্ট্রিতে চলে না, কিন্তু আমাদের দেশে চলছে। পিপারেশন অফ মেডিসিনের যে ডায়ালেশন ৪০০, ৩-এক্স, ৩০-এটা হচ্ছে কিনা, এর চেক কি? The Campose medicine should be replaced by other prepared medicines and in case any medicine is found spurious. কিনা এটার চেক কি আপনি এই জিনিসটা দেখবেন। যাঁরা ডিল করবেন তাঁরা প্রপারলি কোয়ালিফায়েড কিনা এবং Whether they are called for explanation? যদি ভেজাল থাকে কিম্বা সাব-স্ট্যান্ডার্ড থাকে তারজন্য পেনাল্টি ক্লজ আছে কিনা এরজন্য কনপ্রিহেনসিভ লেজিসলেশন দরকার। আপনি যে লেজিসলেশন এনেছেন উইথ রিগার্ড টু কলেজেস ওনলি বাট দি হোল সিস্টেম অফ মেডিসিন-এরজন্য কমপ্রিহেনসিভ একটা চিন্তা করতে হবে। এবং এর প্রপার লিটারেচার

দরকার। পঞ্জিকাতে দেখি, অ্যাডভার্টাইজমেন্টে দেখি যে এই এই বই পাওয়া যাচ্ছে। প্রপার অথরিটি অ্যাপ্রুভড করতে পারে কিনা যে এই বই চলবে, এই বই চলবে না। মেটিরিয়া মেডিকা এই জাতীয় যে জিনিস এই বই বোথ বেঙ্গলি অ্যান্ড ইংলিশ কিম্বা আদার ল্যাঙ্গুয়েজেও হয়ে থাকে। এরজন্য একটা বিশেষত্ব সেল দরকার। এখানে সুযোগ আছে। ভোলা চক্রবর্তী, পি, ব্যানার্জি মানুষগুলি এখনও আছেন। এদের নিয়ে কনসালটান্ট কিম্বা অ্যাডভাইসারী বডি করতে পারেন কিনা দেখবেন। এঁরা আপনাকে গাইড করবে কিম্বা আপনার দপ্তরকে গাইড করবে। আপনার এই বিলকে আমি অপোজ করছি না বাট আই ওয়ান্ট সার্টেন ক্লারিফিকেশন। এখানে ১০ লক্ষ টাকার ফিনান্সিয়াল মেমোরান্ডাম দিলেন, অর্থাৎ চার দশে চল্লিশ, কিন্তু এখন বলছেন ১ কোটি টাকা, দুটো কন্ট্রাডিকশন হয়ে যাচ্ছে। তারপর রেকারিং বলছি না। আমার মতে All Medical Colleges should be brought into operation. আদার খরচ কি দাঁড়াবে সেকথা বলছি না। সেটার যদি ইঙ্গিত দিতে পারেন তাহলে সুবিধা হয়। সর্বপরি এর প্রচার হওয়ার দরকার যে These are the facilities available and these are the results obtained. যেকথা বলছিলাম এর প্রচার হওয়া দরকার, প্রচার বহু কম হয়। কত ভোট পেলেন এটার প্রচার করার মাধ্যম আছে কিন্তু হোমিওপ্যাথি রিসার্চের কি ফল সেটার সরকারি মাধ্যমে প্রচার হওয়া দরকার এইটি আমি চাইছি। এটা মানুষের কল্যাণে কাজে লাগবে। এতদিন অন্য ব্যবস্থায় অভ্যস্থ ছিলেন, জনসেবায় অভ্যস্থ হোন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রশান্তকুমার শূর ঃ মাননীয় চেয়ারম্যান মহোদয়, আমি যে চারটি বিল এনেছি সকলের সমস্যা একই বলা চলে। মাননীয় বিধায়ক সাধন পান্ডে মহাশয় এখানে বললেন আমাদের হোমিওপ্যাথিক ছাত্রদের পরীক্ষা নিতে অনেক সময় লাগে, প্রায় ১০ বছর। আপনারা জানেন যে, এখানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাথে, ওঁদের অনুমোদন নিয়ে কলেজগুলি প্রতিষ্ঠিত হয়েছে, আমাদের চলতে হয়। অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নেওয়ার কথা। আমি এখানে বিশ্ববিদ্যালয় সম্পর্কে কোনও সমালোচনা করতে চাই না। কথা হল পরীক্ষা নেওয়ার দায়িত্ব দিচ্ছে, পড়াশোনা কি হচ্ছে না হচ্ছে সিলেবাস কি হচ্ছে না হচ্ছে আবার তার সাথে সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথি তাদের যে নর্মস আছে সেই নর্মস আমাদের রক্ষা করতে হয়। তা না হলে অ্যাফলিয়েটেড হচ্ছে না বা এক্সটেন্ড করেন না, সে যাই হোক এখানে আমাদের যে ৪টি হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ আছে এইগুলি আমি ১ কোটি টাকার কথা বলেছি এই কারণে যে সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথির যে সব নির্দেশ আছে সেই নির্দেশগুলি রক্ষা করতে হলে আমাদের যেমন টিচার্স রাখতে হয়, যে সংখ্যক টিচার্স রাখতে হয় এবং এই সংখ্যক টিচার্স রাখতে হলে আমাদের যে ব্যয়ভার বহন করতে হয় অন্যান্য আনুষঙ্গিক যে সব ব্যবস্থা করতে হয় অধিগ্রহণ করার সময়ে যে সব অ্যাসেটস অধিগ্রহণ করতে হয় সেই বাবদ আমাদের টাকা লাগে। এখানে, আপনারা জানেন যে ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিনস আয়ুর্বেদিক, ইউনানী বা হোমিওপ্যাথি এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের নির্দেশে

কোনও অনুদান নেই, যদিও তাঁরা এই কথা বলেন বিভিন্ন কনফারেন্সে এই কথা বলেন। এই সিস্টেমগুলিকে আমাদের আরও বেশি জনপ্রিয় করা দরকার, কিন্তু অনুদান হিসাবে আমরা কিছু টাকা পাই না। এখানে ক্যালকাটা হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজের ব্যাপারে নির্দিষ্টভাবে কিছু টাকা পেয়েছিলাম যেটা মাননীয় সাধনবাবু বললেন সেটা সঠিক নয়। ৮ রকম ইনস্ট্রুমেন্টস আমরা কিনেছি, সেগুলি চালু হয়েছে, শুধু কমপিউটারটা সঠিকভাবে চালু করতে পারে নি। আর শয্যাসংখ্যা আগে ১০০টি ছিল, এখন ৫০টি হয়েছে, এই কারণে যেহেতু সেন্ট্রাল কাউন্সিল অফ হোমিওপ্যাথি তাদের যে নির্দেশ আছে সেই অনুযায়ী সমস্ত কিছু ব্যবস্থা করতে হবে এবং আপনারা জানেন সরকার অধিগ্রহণ করার পরের দিনই আমাদের যে এস্টাবলিশমেন্ট বিল আছে সেটা ৪ গুন হয়ে যাবে। প্রথমে ম্যানেজমেন্টের সময়ে যা মাইনে পেত বা পেত না যা ছিল—ছিল, কিন্তু যেহেতু সরকারি ব্যবস্থাপনায় সরকারি নিয়ম অনুযায়ী বেতন, ভাতা সবই দিতে হবে। সেদিক দিয়ে বহু অর্থের প্রয়োজন, কিন্তু সেই অর্থ আমরা ব্যবহার করতে পারি না বা সে ধরনের বরাদ্দ আমাদের থাকছে না, যে কোনও কারণেই হোক আপনারা জানেন একটা রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতার কথা, আমাদের মাননীয় অর্থমন্ত্রী বার বার এ কথা বলেছেন তা সত্ত্বেও ক্যালকাটা হোমিও মেডিক্যাল কলেজ সম্বন্ধে মাননীয় সাধনবাবু যা বলেছেন তা ঠিক নয়। আমাদের অধিগ্রহণ করার পরে অনেক উন্নতি হয়েছে, আমাদের প্রিন্সিপালের জন্য আমরা পি.এস.সি.তে অ্যাডভারটাইজমেন্ট করেছি, যদিও এখন পর্যন্ত পাইনি। তারপর আমাদের কল্যাণীতে হোমিওপ্যাথি মেডিসিন তৈরি করার জন্য আমরা একটা ব্যবস্থা করছি এবং সেখানে আমরা উপযুক্ত গবেষক যারা এগুলি তৈরি করতে পারে, যদিও এখনও সে ব্যবস্থা আমরা করতে পারি নি। সেজন্য মাননীয় জয়নাল আবেদিন সাহেব যা বললেন একটা গবেষণার ব্যবস্থা করা যদিও বিভিন্ন জায়গায় এটাকে ব্যান করা হয়েছে, কিন্তু আমরা ব্যান করতে চাই না।

[3-15—3-25 P.M.]

বন্ধ করতে চাই না এই কারণে যে, এটা আমাদের প্রয়োজন, কারণ হল আমাদের রাজ্যে যে জনসংখ্যা তার অধিকাংশ যারা গ্রামে বাস করেন তারা এবং শহরাঞ্চলে যেসব গরিব মানুষ আছেন তারা এই চিকিৎসাকে পছন্দ করেন। সুতরাং আমাদের এই চিকিৎসা ব্যবস্থা রাখা দরকার। আমি আপনাদের এই কথা বলতে পারি যে, এক্ষেত্রে আমি চেষ্টা করব। প্রতি বছর একটি কলেজের কথা হয়েছিল তাতে কেন্দ্রীয় সরকারের যে কাউন্সিল, সেই কাউন্সিললের নির্দেশ মেনে চলতে হলে আমাদের অনেক অর্থের প্রয়োজন এবং এক্ষেত্রে সম্পূর্ণ ব্যবস্থা না করতে পারলে তারা অ্যাফিলিয়েশনও দেবেন না এবং ক্যালকাটা ইউনিভার্সিটিও তারজন্য সুপারিশ করতে পারবেন না। সেজন্য সমস্ত ব্যবস্থাটা যাতে পূর্ণাঙ্গভাবে করতে পারি তারজন্য প্রতি বছর একটি কলেজ অধিগ্রহণ করব, কিন্তু তারজন্য সি.সি.এইচ.এর সুপারিশ অনুযায়ী সমস্ত কাজ করতে হবে। আমি সেজন্য মাননীয় বিধায়কদের কাছে এই আবেদন করব, আমাদের যে আর্থিক সীমাবদ্ধতা, এটাকে স্মরণে রেখে যাতে এটা করতে পারি তার

জন্য সাহায্য করবেন। মাননীয় বিধায়ক নির্মল দাস মহাশয় যে কথা বলেছেন সেটা ঠিকই। আপনি জানেন, মেদিনীপুরে একটি কলেজ আছে, হাওড়াতে মহেশ ভট্টাচার্য কলেজ আছে, কুচবিহারেও এরজন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। জয়নাল সাহেব যে কথা বলেছেন সেটা নয়। আমরা আমাদের প্রতিশ্রুতি পালন করব। কিন্তু কথাটা হচ্ছে, সেক্ষেত্রে কিছু সময় লাগছে। আমাদের আর্থিক অবস্থা যা, বাজেট বরাদ্দ যা, সেটা না বাড়াতে পারলে হবে না। একটি মেডিক্যাল কলেজ করতে গেলে ২ কোটি টাকা লাগবে। আমরা বর্তমানে যদিও চারটি ডিগ্রি কলেজের ম্যানেজমেন্ট টেকওভার করেছি সেগুলোর স্যাংশন আনার সাথে সাথে যদি অর্থের ব্যবস্থা করতে পারি তাহলে কুচবিহার, যেখানে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে, সেখানে মেডিক্যাল কলেজ করব বলে আমাদের সরকার যখন দিয়েছেন, সেটা পালন করতে হবে। আমরা কল্যাণীতে ভেষজ উদ্যান করেছি। তার ফলাফল পর্যালোচনা করে আলিপুরদুয়ারেও একটা করবার চেষ্টা করতে পারি।

The motion of Shri Prasanta Kumar Sur that the Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acuisition) (Amendment) Bill, 1992, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 5 and Preamble

The question that Clauses 1,2,3,4 and 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subequent Acquisition) (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker : Now we are taking up the Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

The motion of Shri Prasanta Kumar Sur that the Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble do stand part of

the Bill, was then put and agreed to.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[3-25—3-35 P.M.]

The motion of Shri Prasanta Kumar Sur that the D.N.De Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

Clauses 1,2,3 & Preamble

The question that the Clauses 1-3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the D.N. De Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The motion of Shri Prasanta Kumar Sur that the Midnapore Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, 3 and Preamble

The question that clauses 1-3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the Midnapore Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992, as setted in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[23rd June, 1992]

The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to introduce the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to move that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992, be taken into consideration.

আমাদের রাজ্যে ১৯৫৪ সালে একটি আইন তৈরি হয়, আইনটি হচ্ছে দি ওয়েস্ট বেঙ্গল সিনেমাস রেগুলেশন অ্যাক্ট। এই অ্যাক্টের দ্বারা পশ্চিমবঙ্গের চলচ্চিত্র শিল্পের কেন্দ্রগুলিতে অর্থাৎ সিনেমা লাইসেন্স দেওয়া হয়ে থাকে। এই লাইসেন্সের সঙ্গে আমাদের রাজ্যের সিনেমা হলগুলির কত আসন থাকবে, সেখানে কত আসন ভাগ হবে ইত্যাদি ব্যাপারগুলি জড়িত ছিল। সবচেয়ে বড় হল যে এর মধ্যে দিয়ে সিনেমা হলগুলির টিকিটের উপরে সম্পূর্ণভাবে সরকারি নিয়ন্ত্রণ বা কর্তৃত্ব বজায় ছিল। এই নিয়ন্ত্রণ আমরা অতীতে এবং এখনও পর্যন্ত এতদিন ধরে চালিয়ে এসেছি। তাতে কিছু সুবিধাও যেমন আছে তেমনি কিছু কিছু অসুবিধাও আছে। সেইকারণে বর্তমানে এই সংশোধনী আনা হয়েছে। এই সংশোধনীর দ্বারা সোজাসুজি টিকিটের দামের উপরে নিয়ন্ত্রণ বর্তমানে যেভাবে আছে সেই নিয়ন্ত্রণটাকে খানিকটা আমরা শিথিল করছি। এর পিছনে দু তিনটি জিনিস দু তিনটি ধারণা এবং মনোভাব কাজ করছে। এক্ষেত্রে নীতিগত একটা প্রশ্ন থেকে যাচ্ছে যেমন কিছু কিছু প্রতিষ্ঠানের উপরে যথা বাসের উপরে, হাসপাতালের ক্ষেত্রে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ এবং সামাজিক নিয়ন্ত্রণ আমরা নীতিগতভাবে মনে করি থাকার দরকার। বিশেষ করে সেবামূলক প্রতিষ্ঠান যেমন শিক্ষা, স্বাস্থ্য, এমন কি পরিবহনের উপরেও সরকারি নিয়ন্ত্রণ থাকার দরকার। সেইদিক থেকে জনসাধারণের স্বার্থের কথা বিবেচনা করে আমরা কিন্তু ঠিক একইভাবে যেখানে এই শিল্প সাহিত্যের ক্ষেত্রে এন্টারটেনমেন্টের ব্যাপার আছে, সেখানেও একইভাবে নিয়ন্ত্রণ থাকার দরকার এই প্রশ্নে আমরা মনে করি মনোভাবটা খানিকটা পরিবর্তন করা যেতে পারে। ঠিকই একইভাবে এই কথাটি কিন্তু বাসের ভাড়ার ক্ষেত্রে বলতে পারি না। সেইরকম হসপিট্যাল স্কুলের মাইনের ক্ষেত্রেও বলতে পারি না। কিন্তু সিনেমা হলের টিকিটের ক্ষেত্রেও সেই নিয়ন্ত্রণ থাকার দরকার সেই নীতিতে আমরা মনে করি না এবং এই জায়গাতে নিয়ন্ত্রণ ঠিক সেইভাবে রাখার দরকার নেই। তবে একটা গাইডলাইন থাকার দরকার আছে। তাই বলে যে যত খুশি টিকিটের দাম বাড়াবে তা নয়, আসলে আপনাদের সঙ্গে আমাদের আদর্শের তো একটা তফাৎ আছে। তফাৎটা হচ্ছে কি—আপনারা যেমন মার্কেট ফোর্সে চলেন আমরা সেই হিসাবে চলি না। আমরা একটা গাইড লাইন রেখে চলি। সেই কারণে গাইড লাইন রাখছি এবং এটা রাখার আরেকটা দিক হচ্ছে আমাদের রাজ্যের চলচ্চিত্র শিল্প সম্পূর্ণভাবে ক্ষতি গ্রস্ত হচ্ছে এবং সেখানে এই সিনেমা হল ওনার্সরা অর্থাৎ মালিকরা এই শিল্পকে লাভজনক শিল্প মনে করতে পারছে না। কলকাতা

শহরে কিছু সিনেমা হল একটু লাভজনক হিসাবে রয়েছে কিন্তু আমাদের রাজ্যে ৭০০ টি সিনেমা হল, সেখানে ওই সিনেমা হলের মালিকরা এটাকে লাভজনক শিল্প হিসাবে মনে করতে পারছে না। আমাদের উপরে সরকারি নিয়ন্ত্রণ এত বেশি যে সিনেমা শিল্পকে পুনরুজ্জীবিত করার জন্য নতুন করে পুঁজি বিনিয়োগ করার ক্ষেত্রে আমরা খুবই দ্বিধাগ্রস্ত। সেক্ষেত্রে আমরা মনে করি এই যে সংশোধনীটি এনেছি তাতে এই শিল্পের খানিকটা লাভ হবে এবং সিনেমা হলের মালিকদেরও খানিকটা লাভ হবে। সিনেমা হল মালিকদের যেহেতু লাভ হবে সেইহেতু শ্রমিকদের কথাটাও মনে রাখতে হবে। শ্রমিকদের কিছু দাবি-দাওয়া পড়ে রয়েছে এবং এই মুহূর্তে তারা ৩ দিনের ধর্মঘট করবেন বলেছেন। তাতে যাতে ধর্মঘট করতে না হয় এবং তাদের যা দাবি-দাওয়া আছে সেগুলো জুলাই মাসের মধ্যে মিটে যায় সেইদিকটা দেখতে হবে। এই যে বিলটা সংশোধনী আকারে আনা হয়েছে এটা শ্রমিকদের জন্যেই করা হয়েছে। আমি মালিকদের বলে দিয়েছি যে, ওদের যে লাভ হবে তার লাভের একটা অংশ শ্রমিকদের দিতে হবে। সর্বশেষে যেটা স্টাডি করে দেখেছি সেটা হচ্ছে যে এই যে সংশোধনী আনা হয়েছে বিলে তাতে কিন্তু আমরা কোনওভাবেই ট্যাক্স কমাতে রাজি নই। বর্তমানে ট্যাক্স কত সেই ব্যাপারে আমি যাচ্ছি না। আমাদের ট্যাক্সের যে হার আছে সেটা যেমন আছে থাকবে সরকারের যে প্রমোদকর বা অ্যামিউজমেন্ট ট্যাক্স আছে সেখানে সরকারের যে আয় ছিল তাই থাকবে। কাজেই এই হচ্ছে আমার মোটামুটি সংশোধনীর উদ্দেশ্য।

[3-35—3-45 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহোদয়কে সরাসরি একটা প্রশ্ন করতে চাই, আপনি এই কথা কি জানেন সিনেমা হলগুলি ভিডিও পার্লারের জন্য একটা সঙ্কটে পড়েছে? যদি পড়ে থাকে তাহলে এদের জন্য আপনি কি প্রকৃত চিন্তা করেছেন, এটা জানাবেন কি? আপনি নিজে বললেন সিনেমা শিল্প এখন উৎসাহিত করতে পারছে না এন্টারপ্রেনারদের, এই অবস্থাটা কেন হল সেটা আপনি বলুন। দ্বিতীয়ত বাংলা সিনেমা শিল্প একটা মরিবান্ড, মরিবিটিটি, অবস্থায় এসে পড়েছে ইফ নট মটারলিটি অবস্থায় পড়েছে বলা যায়। আপনি ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন করেছেন, গভর্নমেন্ট থেকে অনুদান দেওয়ার ব্যবস্থা করেছেন, তাহলে কি আমাদের ঐ ১/২ জন ছাড়া—একজন ভারত রত্ন ছাড়া—আর কেউ তেমন উল্লেখযোগ্য নয়? আজকে বাংলা সিনেমা শিল্প ইন কমপারিজিন উইথ বোম্বে ফিল্মস মার খাচ্ছে, এটা নিশ্চয় আপনি বুঝতে পারছেন। তৃতীয়ত একটা কন্ট্রাডিকশন দেখতে পাচ্ছি এদিকে যেমন সিনেমা শিল্প মার খাচ্ছে বুঝতে পারছেন, অন্য দিকে আর একদল তেমনি তৈরি হয়ে গেছে, তাদের ব্যবসা হচ্ছে টিকিট ব্ল্যাক মার্কেটিং করে জীবিকা নির্বাহ করে। ব্ল্যাক মার্কেটিং অফ টিকিটস বিক্রি করা এটা তাদের কাছে একটা প্রফেশন হয়ে গেছে। আমরা বহু জায়গায় দেখেছি এরা জটলা পাকাচ্ছে, জিজ্ঞাসা করেছিলাম কি কাজ কর তারা বলল, টিকিট কিনে রাখি, বেশি দামে বিক্রি করি। এটাও দেখবার সময় এসেছে কারণ এতো ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন, বহু জায়গায় আপনাকে

মেশিনারি দিয়ে পুলিশ দিয়ে মোকাবিলা করতে হচ্ছে। তারপরে গ্রোথ অফ সিনেমা হল এতো ইউনিফর্ম অনুযায়ী হচ্ছে না। ভিডিও পার্লারের জন্য কিন্তু আপনারা এন্টার প্রিনারশিপ ইন সেটিং আপ সিনেমা হল লাইসেন্স লিবারাইজেশন করার পরেও কিন্তু আশানুরূপ গ্রোথ করছে না, এবং যে সিনেমা হলগুলি একজিস্টিং করছে সেগুলি এখন আবার মার খাচ্ছে। বেঙ্গলি সিনেমার সম্বন্ধে কম্পালসারি একজিবিশনের কথা আপনি চিন্তা-ভাবনা করলেন না। এটা নিয়ে আমি আপনার কাছে বিভিন্নভাবে আবেদন-নিবেদন করেছি, এবং আপনি যে পত্রিকাগুলি বার করেন তাতেও দেখি সিনেমা মার খাচ্ছে ইন কমপারিজন উইথ বোম্বে ফিল্মস অ্যান্ড আদার ফিল্মস। আমাদের এখানে ১/২ জন পরিচালক ছাড়া তাদের কথা বাদ দিলে সাধারণ ভাবে যে ফিল্ম প্রোডাকশন হচ্ছে তারা তো কমপিটিশনেই দাঁড়াতে পারছে না, এখানে আর্টিস্টরা তারা তো They are being migrated or being forced to go to Bombay or some other city for their livelihood or for their career. এটাও তো আপনি দেখবেন। আপনি নন্দন করেছেন, অনেক উৎকর্ষ সাধন করেছেন, আপনি ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন করেছেন, অ্যাডভাইসারী কমিটি করেছেন, নানা রকম সুবিধা দিচ্ছেন, তা সত্ত্বেও বাংলা সিনেমা শিল্প মার খাচ্ছে—এটা কি আপনি স্বীকার করবেন, এটা তো আপনার কাছে আমরা জানতে চাইব। আপনি যখন অ্যামেন্ডমেন্ট নিয়ে আসলেন এগুলির উন্নতি সাধনে পিসমিল না করে একটা কমপ্রিহেনসিভ প্রোপোজাল আনলেন না কেন? We want to improve the Bengali Cinema in so and so way. These are the method implied. These are the concessions or package of incentives for both the cinema halls and cinema industry.. এই বক্তব্য তো পাইনি। আপনি তো বললেন, আইনটা পড়িনি, আপনার ১ পাতার আইন কি পড়ব ২ পাতারও নয় ১ পাতার আইন, কি পড়বো? আপনার মতো মানুষের কাছে আমরা কম্প্রিহেনসিভ একটা আইন, কিম্বা কম্প্রিহেনসিভ একটা সংশোধন আশা করেছিলাম। আপনি নিয়ন্ত্রণ শিথিল করতে চাইছেন, কিন্তু আপনাদের যে অলিখিত নিয়ন্ত্রণ আছে সেটা কি আপনি শিথিল করবেন? আপনাদের পার্টি যে অলিখিতভাবে নিয়ন্ত্রণ করে সেটা কি আপনি শিথিল করবেন? যদি করেন তাহলে আমরা উৎসাহিত বোধ করব। আজকে আপনারা অলিখিত একটা লেভি এখান থেকে আদায় করেন। সে যাই হোক আপনাকে তো একটা কম্পিটিশনে দাঁড়াতে হবে, কারণ ইন্ডিয়ার সব জায়গাতেই একটা কম্পিটিশন আছে। আজকে আমাদের মনে হচ্ছে যে বাংলা ফিল্ম যথেষ্ট উৎকৃষ্ট হচ্ছে না, অ্যাট্রাক্টিভ হচ্ছে না, সেইজন্যই বোধ হয় বাংলা সিনেমা মার খাচ্ছে। এই জিনিসটাতো আপনি দেখবেন, এটা তো আপনার দেখার দরকার। সিনেমা শিল্প যাতে ভিডিও-র কাছে অন্যায়ভাবে মার না খায় সেটাও আপনাকে দেখার চেষ্টা করতে হবে। ভি.ডি.ও পার্লারিস আর দি কম্পিটিটার্স অফ দি সিনেমা হল। অলিখিত নিয়ন্ত্রণটাকে আপনি শিথিল করুন, সুপারভিসন অথরিটি পুলিশ ও সিনেমা হলওয়ালাদের যে বন্দোবস্ত আছে সেটাকে আপনি বন্ধ করুন। ভি.ডি.ও-তে যদি এক টাকা দিয়ে সিনেমা দেখা যায় তাহলে পাঁচ টাকা বা আট টাকা টিকিট কেটে কেউ সিনেমা দেখবে না। অর্ডিনেন্স এনে

কমফোর্ট উইথইন দি হল তো আপনি অ্যাশিওর করতে পারেন? হাইজিনিক দিকটা তো আপনি দেখবেন? আপনি হলে নন-স্মোকিং-এর ব্যবস্থা করেছেন সেটা খুব ভাল। কিন্তু এ.সি. এবং এবং আদার ফ্যাসিলিটি যাতে অ্যাভেলেবল হয় সেটা তো আপনি দেখবেন? এগুলি চেক করার কোনও মেশিনারি আপনার নেই। এই ব্যাপারগুলো আপনার কাছে আমরা অনুরোধ করতে পারি। আপনার যখন দায়িত্বে আছে এগুলো তখন তো আপনাকে এগুলো দেখতে হবে। বুদ্ধ এককালে গৌতমে পরিণত হবে। আপনার বিলকে আমি বিরোধিতা করছি না, চাইছি আপনি বুদ্ধ হয়ে এইসব জিনিসগুলো দেখুন। আপনার বিলের আমি বিরোধিতা করছি না, তবে আমি যে প্রশ্নগুলো রাখলাম তার উত্তর নিশ্চয় আপনি দেবেন এই আশা আমি আপনার কাছে রাখি।

PRESENTATION OF B. A. COMMITTEE REPORT

Mr. Speaker : I beg to present the Revised Programme of Business for 24th and 25th June, 1992 and programme of Business for 26th June, 1992 (as adopted by the House on the 26th Report of the Business Advisory Committee presented on the 23rd June, 1992).

Wednesday : 24.6.92

i) The Calcutta University (Amendment) Bill, 1992 (Introduction, Consideration & Passing) .. ½ hr.

ii) The West Bengal Panchayat (Amendment) Bill, 1992. (as reported by the Select Committee) (Consideration & Passing) .. 4 hrs.

Thursday 25.6.92

i) Resolution for Ratification of the Constitution (Seventy-Sixth Amendment) Bill, 1992 .. ½ hr.

ii) The West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1992.
(Indtroduction, Consideration & Passing) .. ½ hr.

iii) The Limitation (West Bengal Amendment) Bill, 1992.
(Introduction, Consideration & Passing) .. ½ hr.

iv) The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1992.
(Introduction, Consideration & Passing) .. 1 hr.

v) The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. 1 hr.

vi) The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) Bill, 1992.

(Introduction, Consideration & Passing) .. 1 hr.

vii) The West Bengal Municipal Bill, 1992.
(Introduction, Consideration & Passing) .. ½ hrs.

Friday, 26.6.92 : Non-Official Business.

There will be no Question for Oral Answer and Mention Case on 24th June and 26th June, 1992.

Now, I request the Minister of Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 26th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to by the House.

The motion was then put and agreed to.

[3-45—3-55 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুলস কমিটিতে আশ্বাস দিয়েছেন রুল খানিকটা এ্যামেন্ড করবেন। রুল প্লেস করেছি এবং কালকে ম্যাচিওর করবে। আফটার সেভেন ডেজ ইট বিকামস অ্যাকসেপ্টেবল। আর তা যদি হয় তাহলে আপনি বলেছিলেন মোশনের সুযোগ দেবেন। এবং যে নতুন পরিবর্তন আনলেন বিধান ইনক্লুড করবার জন্য অনুরোধ করছি।

মিঃ স্পিকার ঃ প্রিলিমিনারি মোশনের কথা বলা হয়ে ছিল। আই উইল নট অ্যালাও দি ডিসকাশন অন দি নো কনফিডেন্স মোশন। আপনারা কোনও নোটিশ দেননি। কোনও নোটিশ দেন নি। আশা করি সবার মতামত আছে, গৃহীত হল।

শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অত্যন্ত প্রবীণ সদস্য। মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব কিছু কিছু বক্তব্য বলেছেন, ঠিক আছে। কিন্তু একটু চিন্তা করবার দরকার আছে। যাঁরা এক সময় শিল্প সংস্কৃতিকে ধূলিসাৎ করে দিয়েছিলেন,

ধ্বংসের দিকে ঠেলে দিয়েছিলেন তাঁরাই আজকে বলছেন বাংলার সংস্কৃতিকে রক্ষা করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভাববার সময় এসেছে যে—কারা আজকে এইসব কথা বলছেন। আজকে উনি আমাদের মাননীয় তথ্যমন্ত্রী সম্বন্ধে অনেক কথা বলে গেলেন কিন্তু আমি বলছি ওঁনাকে উনি যেন বুদ্ধের চরিত্র গ্রহণ করবার জন্য তপস্যা করেন। তাতে ওঁনার সিদ্ধি লাভ হবে। আজকে কোন শিল্প, কোন সংস্কৃতিকে বাঁচাবার প্রচেষ্টা? আমরা বাংলার শিল্প ও সংস্কৃতিকে রক্ষা করবার জন্য প্রচেষ্টা করছি। হ্যাঁ, সিনেমা শিল্পে আজকে সংকট এসেছে এবং সেই সংকট উপস্থিত হয়েছে আর্থিক কারণে। এর মোকাবিলার জন্য আমরা সচেষ্ট এবং সক্রিয়। এখানে আর একটা প্রশ্ন আছে, এটা আমরাও বলেছি এবং উনিও বলেছেন যে, সিনেমা শিল্প মার খাচ্ছে। মার খাবে না কেন? কিছু দেশের সদ্য যে সিনেমা তৈরি হচ্ছে, যে বইগুলি আসছে সেই বইগুলির সম্বন্ধে প্রচারের যদি ব্যবস্থা না করা যায় তাহলে সেই জায়গাগুলিতে অন্যান্য সিনেমা দখল করে বসবেই। আমাদের ভাবতে হচ্ছে কি করে কিছু শিল্প, চলচ্চিত্র শিল্পকে আরও সুযোগ করে দেওয়া যায়। আজকে সিনেমা শিল্পের জন্য ইন্ডাস্ট্রি তৈরি হয়েছে। সরকার সেখানে সাহায্য করবার চেষ্টা করছেন সাধ্যমতন। প্রত্যেকেই আপ্রাণভাবে চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকারের যথেষ্ট গাফিলতি আছে। আমাদের অনেক ভাল ভাল বই তৈরি হচ্ছে। কিন্তু পাঠাতে পারি না। আমরা সুযোগ করতে পারছি না। কেন্দ্রীয় সরকারের কিছু গাফিলতি আছে। আমাদের অনেক ভাল ভাল বই হয়েছে, আমরা পাঠাতে পারি নি সর্বত্র ভারতবর্ষের বাইরে। এখানে অনেক বই যেগুলো উন্নতমানের সেগুলো পাঠাতে পারি নি। বুঝতে হবে, এখানে কেন্দ্রীয় সরকারের করণীয় আছে। কিন্তু বিলের সঙ্গে সম্পর্কিত নয়, তবু বলব, আমরা বাংলা চলচ্চিত্রের উন্নয়নের জন্য যে প্রচেষ্টা গ্রহণ করেছি, সেই প্রচেষ্টার সঙ্গে যুক্ত করতে হবে সিনেমা হলের মালিক যারা তাদেরকেও। সিনেমা রেগুলেশন অ্যাক্টে তাদের যে ক্ষতি হচ্ছে, সেই ক্ষতি যাতে কিছুটা লাঘব করতে পারি। কিন্তু এটা আনরেস্ট্রিকটেড ওয়েতে নয়, অর্থাৎ তার নিজের ইচ্ছেমতো টিকিট ছাপবেন, তিনি গাইড লাইন মানবেন না, এটা চলতে পারে না। অর্থাৎ এখানে নিয়ন্ত্রণ থাকবে। আমাদের নিশ্চয় এটা ভালভাবে দেখতে হবে। সঙ্গে সঙ্গে আমরা বলতে পারি, এটা বিলের সঙ্গে সঙ্গতিপূর্ণ না হলেও বলতে পারি, মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি, গ্রামাঞ্চলে যে ভিডিও পার্লার চলছে সেগুলো শুধুমাত্র পুলিশ প্রশাসনের উপর নির্ভর করে নিয়ন্ত্রণ করা যায় না। সেখানে যদি কিছু কিছু ক্ষেত্রে পঞ্চায়েত ব্যবস্থার মধ্য দিয়ে করা যায় তাহলে নিয়ন্ত্রণ করা যায়। শো একটা দেখাতে হবে এই ব্যবস্থা করা যেতে পারে যদি পঞ্চায়েতের ব্যবস্থা গ্রহণ করা যায়। আমরা বিশ্বাস করি কিছু কিছু সিনেমা হল তৈরি হয়েছে, সেই হলগুলো গাইড লাইন মেনে হয় নি। তারফলে ঘরগুলো ভেঙ্গে পড়ে যায়। এই জায়গায় নিয়ন্ত্রণ করার জন্য এই অ্যাক্টের এই মডিফিকেশন, এই অ্যামেন্ডমেন্ট কার্যকর হবে বলে বিশ্বাস করি। শিল্প, স্বাস্থ্য, পরিবহন—এই সমস্ত পরিষেবাগুলি আছে আমাদের সেগুলো ভরতুকি দিয়ে চালাতে হয়। কিন্তু ইট ডাজ নট মিন যে এটা আমাদের ভরতুকি দিয়ে চালাতে হবে। কিন্তু বিষয়টা এখন দাঁড়াচ্ছে যে এখানে যদি ভরতুকি না দেওয়া হয়, কিন্তু তাহলেও এখানে নিয়ন্ত্রণ

একেবারে ছেড়ে দেবার কথা নয়। সেই নিয়ন্ত্রণ কতটা কার্যকর করতে পারি মনিটরি রিলিফ দিতে পারি, সেইজন্য মন্ত্রী মহাশয় এই বিলটা এনেছেন। এই বিলকে তাই সমর্থন জানাচ্ছি। আর বিশেষ কিছু বলার নেই। টিকিটের দামের উপর ব্যবস্থা করা হয়েছে এবং সিনেমা হলের লাইসেন্স, সিট অ্যারেঞ্জমেন্ট ইত্যাদি ব্যাপারে গাইড লাইনের মধ্যে রেস্ট্রিক্ট করা যায়, এই ব্যবস্থার মধ্যে রেখে যদি তাদের রেস্ট্রিকশন করা যায় তাহলে ভাল হয়। এইজন্য আমার তরফ থেকে বিলকে সমর্থন এবং ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী তপন হোড় ঃ মাননীয় স্পিকার স্যার, আজকে মাননীয় তথ্য এবং সংস্কৃতিমন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন সেই ওয়েস্ট বেঙ্গল সিনেমা রেগুলেশন অ্যাক্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ আমি সেটাকে সর্বতোভাবে সমর্থন জানাচ্ছি এবং জানিয়ে দু-চারটে কথা বলছি। সেটা হচ্ছে, এই বিলের উদ্দেশ্যটা সার্থক হবে তখন যদি এটা ঠিকভাবে কার্যকর করা হয়। এই বিলের উদ্দেশ্য আমরা যেটা বুঝেছি, আগে লাইসেন্সিং অথরিটি সিনেমা হলে রেট নির্ধারণ করে দিতেন। এখন সেটার গাইড লাইন সরকার থেকে দেওয়া হবে এবং সেই গাইড লাইনের অনুসরণে রেট ঠিক করবেন। একটা গাইড লাইন দেওয়া হচ্ছে। এর সুফল ফিল্ম ইন্ডাস্ট্রির সংগঠনের মধ্যে পড়বে।

[3-55—4-05 P.M.]

সেই সংকট থেকে বাঁচাতে গেলে সরকারের কিছু দায়িত্ববোধ থাকতে হবে। সেই দায়িত্ববোধ থেকে অত্যন্ত যথার্থভাবে এবং ন্যায়সঙ্গতভাবে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয় এই বিল উত্থাপন করেছেন। এখন কথা হচ্ছে, এটা তো সে ভাবে এশেন্সিয়াল সার্ভিসের মতন নয় যেমন ট্রান্সপোর্ট এডুকেশন ইত্যাদি কাজেই এই বিল আনার মধ্যে কোনও অন্যায় নেই বরং এই বিলকে আমরা স্বাগত জানাচ্ছি। তবে এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি কথা রাখছি। এই বিলের মাধ্যমে সিনেমা হলের মালিকদের কিছু সুবিধা করে দিতে চাওয়া হয়েছে যাতে এই ফিল্ম ইন্ডাস্ট্রিটা সঠিকভাবে চলতে পারে। এর পাশাপাশি আর একটি ব্যাপারেও সরকারের পক্ষ থেকে মালিকপক্ষদের কাছ থেকে গ্যারান্টি নেওয়া দরকার সেটা হচ্ছে শ্রমিকদের অবস্থা সম্পর্কে। আপনারা জানেন যে সিনেমা শিল্পের সাথে পশ্চিমবাংলার অসংখ্য শ্রমিক কর্মচারী জড়িত আছেন। তাদের যে ন্যূনতম বেতন কাঠামো সে ব্যাপারে পশ্চিমবাংলার সর্বস্তরের সিনেমা কর্মচারিরা সাফার করছেন। সেখানে যে সি.এল.আই. আছে, ভেরিয়েবেল ডি.এ. যাকে বলা হয় সে সম্পর্কে ১৯৭০ সালে একটা কেস বা মামলা হয়। এই সি.এল.আই-এর বিরুদ্ধে মামলা করেন মালিকপক্ষ। ১৯৮০ সালে সেই মামলার একটা বিচার হয় এবং তারপর ডিভিসন বেঞ্চ হয়। ৮০ সালে ডিভিসন বেঞ্চ হয় আর আজকে ১৯৯২ সালেও এই সি.এল.আই. সম্পর্কে আমরা এখনও পর্যন্ত কোনও কিছু জানতে পারলাম না। এ ব্যাপারে কোর্ট এখনও কোনও রায় দেন নি। এর ফলে সি.এল.আই. বা ভেরিয়েবল ডি.এ. সম্পর্কে নির্দিষ্টভাবে শ্রমিক কর্মচারিরা কিছু সুবিধা যা পেতে পারেন সে

ব্যাপারে অসুবিধা থেকে গিয়েছে। এর ফলে ন্যূনতম বেতনের ব্যাপারে একটা কাঠামো গড়ে তোলার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। এই অসুবিধা থাকা সত্ত্বেও আমরা জানি আমাদের মাননীয় তথ্যমন্ত্রী সরকার, মালিকপক্ষ, শ্রমিক কর্মচারিদের মধ্যে নেগোশিয়েশন করে ৮৫ টাকা, ১২০ টাকা এবং ২২০ টাকা এই টাকা তিনটি স্কেলে সেখানে বিভিন্ন হলের কর্মীদের দেবার জন্য মালিকদের বলে দিয়েছেন। কিন্তু দেখা যাচ্ছে কিছু কিছু মালিক ঐ টাকা দেন নি। যারা দিচ্ছেন তারা পে শিটে দিচ্ছেন না। কোথাও ভাউচারে পেমেন্ট করা হচ্ছে, কোথাও অন্য ভাবে পেমেন্ট করা হচ্ছে আবার বিশেষ করে মফস্বলের মালিকরা এই টাকা পেমেন্ট করছেন না। তারপর শপ অ্যান্ড এস্টাবলিশমেন্ট অ্যাক্ট অনুযায়ী যে সপ্তাহে ১।। দিন ছুটি দেওয়ার কথা সেখানে দেখা যাচ্ছে কোনও হলের মালিক ১।। দিন আবার কোনও কোনও হলের মালিক এক দিন ছুটি দিচ্ছেন। স্যার, আপনি জানেন যে ফিল্ম ইন্ডাস্ট্রিকে সংকট থেকে উদ্ধার করার জন্য এই বিল আনা হয়েছে। আমি আশা করি এই বিলের সার্থক রূপায়ণ হবে এবং তার সঙ্গে সঙ্গে আমার এটাও প্রত্যাশা যে সেখানকার শ্রমিক কর্মচারিরা যাতে ন্যূনতম সুযোগসুবিধা পেতে পারেন সে ব্যাপারেও সরকার দৃষ্টি দেবেন। স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে মালিকপক্ষের বিরুদ্ধে সরাসরি একটি অভিযোগ আনতে চাই—আমি বীরভূম জেলার সিনেমা কর্মচারিদের সংগঠনের জেনারেল সেক্রেটারি হিসাবে একথা বলছি যে আমরা আমাদের অভিজ্ঞতায় দেখছি বিশেষ করে মফস্বলের অধিকাংশ মালিক সরকারকে এন্টারটেনমেন্ট ট্যাক্স যতটা দেবার কথা ততটা দেন না। এর ফলে সরকারের কোষাগারে আমোদ প্রমোদের ব্যাপারে যে আয় জমা পড়ার কথা সেটা পড়ছে না, তার অনেকখানি নষ্ট হয়ে যাচ্ছে। মালিকপক্ষ যে কর ফাঁকি দিচ্ছেন সেটা তারা নিজেরাই নিচ্ছেন, সেখানে এর থেকে শ্রমিক কর্মচারিরা কিন্তু কোনও সুযোগ সুবিধা পাচ্ছেন না। মালিকপক্ষ এইভাবে সরকারের ট্যাক্স ফাঁকি দিয়ে বেআইনিভাবে প্রচুর টাকা কামাচ্ছেন। এই দিকটার প্রতি বিশেষ করে নজর দেওয়ার দরকার আছে বলে আমি মনে করি। তারপর আর একটা ব্যাপার বলছি। ফিল্ম একজিবিশন সম্পর্কে কিছু চিন্তা ভাবনা করা দরকার। সিনেমা হল, এগুলি ইন্ডাস্ট্রি নয়, এগুলিকে ইন্ডাস্ট্রি হিসাবে যদি গণ্য করা যায় এবং সে ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখা যায় এবং তার সাথে সাথে এই ফিল্ম একজিবিশনটাও যদি ইন্ডাস্ট্রি হিসাবে আসে তাহলে আমাদের শ্রমিক কর্মচারিরা কিছু সুযোগ সুবিধা পেতে পারেন। ফলে বিষয়টা হচ্ছে ইন্ডাস্ট্রি হলে আরও একটু সুযোগ সুবিধা বাড়তে পারে। ফিল্ম ইন্ডাস্ট্রি না হলে, একজিবিশনটা, ইন্ডাস্ট্রি না হলে একটা বিপদ হচ্ছে—যেমন ধরুন কোনও চার পাঁচ জন বেকার মিলে একটা সিনেমা হল তৈরি করবেন, কিন্তু তারা লোনটা পাবেন না। কাজেই ইন্ডাস্ট্রি যদি হয়, এটা যদি কেন্দ্রীয় সরকার ইন্ডাস্ট্রি হিসাবে ঘোষণা করেন, আমাদের যদি এই দাবি থাকে তাহলে বিষয়টা দাঁড়াবে, চার পাঁচ জন অন্তত বেকার ছেলে, তারা অন্তত একটা সিনেমা হল খুলে একটা অডিটোরিয়াম করে সেখানে ফিল্ম শো এবং আরও নানা বিধ যে সমস্ত কালচারাল প্রোগ্রাম আছে, সেখানে সেই সব তারা করতে পারবে। কাজেই বিষয়টা হচ্ছে—আমাদের সঙ্গে সঙ্গে একটা দাবি থাকা দরকার, ফিল্ম একজিবিশনকে একটা ইন্ডাস্ট্রি হিসাবে গণ্য করা

হোক এবং যাতে সেখানে শিক্ষিত বেকার ছেলেরা বিভিন্ন সংস্থা থেকে বা ব্যাঙ্ক এবং অন্যান্য যে সংস্থা আছে তার থেকে লোন পেতে পারে এবং সিনেমা হল করতে পারে এবং সেখানে আরও সাংস্কৃতিক যে সমস্ত বিষয়গুলো আছে, সেইগুলো তারা প্রদর্শন করতে পারে। এটা আমাদের সামাজিক দিক থেকে এবং অর্থনৈতিক দিক থেকে, সমস্ত দিক থেকে একটা স্বাস্থ্য সম্মত হবে বলে মনে করি। সর্বোপরি আমি এই বিলকে সমর্থন জানাই এবং শ্রমিকদের যে সমস্ত সুযোগ সুবিধা আছে, সেই সুযোগ সুবিধা একটা ন্যূনতম গ্যারান্টি আমি আশা করব রাজ্য সরকারের কাছ থেকে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই বিলের একটি সংশোধনী খুব সীমিত উদ্দেশ্যেই ছিল এবং যে উদ্দেশ্য ছিল, তা মূলত আপনার সব পক্ষেরই সমর্থন করেছেন। এখন সেই আলোচনা তুলতে গিয়ে মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব, তিনি চলচ্চিত্র সম্পর্কেই বেশ কিছু ভারী প্রসঙ্গ, সমস্যা এখানে উপস্থিত করেছেন। আমি ঠিক এই সংশোধনের পরিপ্রেক্ষিতে এত কথা বলতে চাইছি না। তবু সংক্ষেপে তাঁকে কয়েকটি কথা বলছি, তিনি তিনটে মৌলিক সমস্যার কথা বলেছেন। একটা হচ্ছে ভি.ডি.ও বনাম সিনেমা। ভি.ডি.ও বনাম সিনেমার সমস্যা এখন আন্তর্জাতিক। ইউরোপেও এই ট্রাডিশনাল সিনেমাকে শেষ করছে এই ভি.ডি.ও। আমাদের দেশে সেটা এতটা এখনও ঠিক সেইভাবে বিপদ নয়। কারণ আমাদের দেশে এখনও যারা দেখতে চান, তার মধ্যে ৬০/৭০ ভাগ ভি.ডি.ও'র কাছে পৌছতে পারেন না। সেই জন্য আমাদের এই মুহূর্তে লক্ষ্য হচ্ছে, ভি.ডি.ও-র ব্যাপারে, তাকে একটা আইনে নিয়ন্ত্রণ করা। এবং আপনারা জানেন যে আমরা সম্প্রতি যে আইনটা করেছি পশ্চিমবঙ্গের শহরে বা গ্রামে কোথাও লাইসেন্স ছাড়া ভি.ডি.ও দেখানো যাবে না। ভি.ডি.ও. দেখাতে গেলেও ট্যাক্স দিতে হবে। কোনও জায়গায় আন লাইসেন্সড বা আনসেনসার্ড ফিল্ম দেখানো যাবে না। এই তিনটে জিনিস যদি আমরা কয়েক বছরের চেষ্টায় কার্যকর করতে পারি—কিন্তু আপনি তো ভি.ডি.ও. কে বিরোধিতা করতে পারবেন না। ভি.ডি.ও. মাধ্যমটাকে আপনি বলতে পারবেন না এই দেশ থেকে চলে যাও। কোনও দেশই বলতে পারে না। তাই জন্য এই মাধ্যমটাকে তিনটে দিক থেকে লাইসেন্স দিয়ে ট্যাক্স নিয়ে এবং আনসেনসার্ড ফিল্ম বন্ধ করিয়ে, এই তিনটে দিক থেকে ভি.ডি.ও. নিয়ন্ত্রণ করার চেষ্টা হচ্ছে। তবুও আমাদের ধারণা যে আমাদের দেশের বেশির ভাগ সংখ্যা গরিষ্ঠ মানুষ এখনও সিনেমার দিকেই আছেন। কারণ ভি.ডি.ও. বাড়িতে বসে দেখা বা আমাদের দেশে প্রতি পরিবারে ভি.ডি.ও. কেনার অবস্থা এখনও আমাদের দেশে নেই। কমিউনিটি ফিল্ম খানিকটা হয়েছে গ্রামাঞ্চলে। এখনও থাকবে। সেদিক থেকে চলচিত্র শিল্পের মালিকরা আমাদের এই ভয় দেখাচ্ছেন, বলছে সরকারকে, ঠিকই যে আপনারা যদি বেআইনি ভি.ডি.ও.কে নিয়ন্ত্রণ না করেন তাহলে আইনে ব্যবসায় মার খেয়ে যাই। আমরা আইনের পথে আসছি। বেআইনিভাবে সিনেমা হল করা যায় না, কিন্তু বেআইনিভাবে ভি.ডি.ও. সেন্টার করা যাচ্ছে। এদিকটায় আমরা সতর্ক। এবং আমরা খানিকটা কাজ শুরু করেছি। আমি দাবি করতে পারি এখন গ্রামাঞ্চলে প্রধান প্রধান

সেন্টারগুলোতে আমরা লাইসেন্স ইম্পোজ করতে আরম্ভ করেছি। ট্যাক্স সবটা তুলতে পারিনি। গত বছর কিছু তুলেছি। এই বছর তুলব। আর আনসেনসার্ড বই, সেটা আমরা একেবারে নির্মমভাবে বন্ধ করব এই কথা বলতে পারি। এই চেষ্টা আমরা চালাচ্ছি।

[4-05—4-15 P.M.]

আমরা সত্যজিত রায়কে নিয়ে, মৃণাল সেনকে নিয়ে, আরও কয়েক জনকে নিয়ে গর্ববোধ করি। অথচ আমাদের ৭০০ সিনেমা হলের শতকরা মাত্র ১০ ভাগেও বাংলা ফিল্ম চলে না। ৬০০, সাড়ে ছ-শো হলে সারা বছর চুটিয়ে—আমি হিন্দি ফিল্ম বলব না—বোম্বে মার্কা এবং ওয়েসলি মার্কা হলিউড ফিল্ম চলে। শতকরা ৯০ ভাগ সিনেমা হল এই সমস্ত ফিল্ম দখল করে রেখেছে। এটা আমাদের সমস্যা। তবুও আমি বিনীতভাবে বলছি, আমাদের রাজ্যে গত কয়েক বছরে আমরা কিছু উদ্যোগ নেওয়ায় বাংলা ছবির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আপনাদের বোধ হয় জানা নেই যে, পশ্চিম বাংলার যে কোনও প্রযোজক যদি রূপায়ণে ফিল্ম তৈরি করেন তাহলে তিনি আমাদের কাছ থেকে সোজাসুজি ২ লক্ষ টাকা অনুদান পান। বাংলা সিনেমাকে সাহায্য করার উদ্দেশ্যেই আমরা এই সাহায্য দিচ্ছি। আমাদের 'রূপায়ণ' ল্যাবরেটরিতে বাংলা ফিল্ম করার ক্ষেত্রে আমরা ২ লক্ষ টাকা অনুদান দিচ্ছি। এর ফলে গত কয়েক বছরে বাংলা চলচিত্রের সংখ্যা একটু বৃদ্ধি পেয়েছে। এ রাজ্যে বাংলা চলচিত্র নির্মাণের সংখ্যা বছরে ২০-র নিচে নেমে গিয়েছিল। ১৭, ১৮, ১৯-এ চলে গিয়েছিল এবং তার অর্দ্ধেকও রিলিজ হত না। এখন বছরে ৩৫/৪০টি পর্যন্ত বাংলা ফিল্ম নির্মিত হচ্ছে। সংখ্যাটি একটু উঠেছে। অর্থাৎ বাংলা চলচিত্র শিল্পকে বাঁচিয়ে তোলার ক্ষেত্রে রাজ্য সরকার খানিকটা রক্ত সঞ্চালন করতে পেরেছে। ভাল বই আমরা নিজেরাই করি। ব্যবসায়িক ভিত্তিকে যাঁরা বই করছেন তাঁদেরও একটা অনুদান দিচ্ছি। তাঁরা 'রূপায়ণে' গিয়ে কাজ করলে সোজাসুজি ২ লক্ষ টাকা অনুদান পাবেন। এখন আমাদের রাজ্যের ৯৯ ভাগ বই-ই রূপায়ণে হচ্ছে। মাননীয় সদস্যরা হয়ত জানেন না যে, ১০ বছর আগে আমাদের রাজ্যে যে সমস্যা ছিল এখন আর সে সমস্যা নেই। আমাদের রাজ্যে কোনও কালার ফিল্ম ল্যাবরেটরি ছিল না। আমাদের রাজ্যে যারা ফিল্ম করতেন তাঁদের এর জন্য বোম্বে মাদ্রাজ যেতে হত। আমি বিনীত-ভাবে দাবি করতে পারি ভারতবর্ষের সর্বশ্রেষ্ঠ কালার ফিল্ম ল্যাবরেটরি আমাদের 'রূপায়ণ'। বোম্বে, মাদ্রাজের যে কোনও ল্যাবরেটরির চেয়ে এখানে ভাল কাজ হয়। গত ২/৩ বছরে আমরা যে কটা ফিল্ম অ্যাওয়ার্ড পেয়েছি সে কটা ফিল্মই নির্মিত হয়েছে 'রূপায়ণে'। এরজন্য আমরা গর্বিত। আমাদের আগামী বই "পদ্মানদীর মাঝি" এক সঙ্গে ঢাকায় ও কলকাতায় রিলিজ হবে। সেটি যেভাবে নির্মিত হয়েছে তাতে তা ফোটোগ্রাফি এবং টেকনিক্যাল পারফেকশনের জন্য পুরস্কার পাবে বলে আমার ধারণা। বইটি আমাদের 'রূপায়ণ' ল্যাবরেটরিতে সৃষ্টি হয়েছে। আমাদের ল্যাবরেটরিতে বই তৈরি করলেই আমরা অনুদান দিই। এই সব কিছুর মধ্যে দিয়ে আমরা বাংলা বই-এর ঐতিহ্যটাকে বাঁচিয়ে রাখার খানিকটা চেষ্টা করছি। এর চেয়ে বেশি দাবি করতে পারছি না। তার অনেক কারণ আছে। বোম্বাই ফিল্ম-

এর দর্শন দর্শকদের মগজে এমনভাবে ঢুকে গেছে যে, এটা সারা ভারতবর্ষের একটা সমস্যা হয়েছে। দক্ষিণে অ্যান্টি হিন্দি শোভিনিজম—তামিল শোভিনিজম, মালয়ালম শোভিনিজম—খানিকটা হিন্দিকে আটকে রেখেছে। সংখ্যাটা কম হলেও আমাদেরও কিছু বাংলা ফিল্ম খানিকটা চেষ্টা করছে। তবে এখানে বোম্বে ফিল্ম-এর রমরমা মারাত্মক আকার ধারণ করেছে। তথাপি সংখ্যাটা কম হলেও আমরাও খানিকটা চেষ্টা করছি। যে যে বিকল্প পথ আছে সে সে বিকল্প পথ আমরা গ্রহণ করছি।

পশ্চিমবাংলার সিনেমা হল এবং বাংলা সিনেমা শিল্পকে রক্ষা করার জন্য যেমন আমরা উদ্যোগ নিয়েছি তেমন আমাদের এই শিল্পের শ্রমিকদের দিকটাও আমাদের দেখা দরকার। সেই উদ্দেশ্য নিয়েই আজকে এই বিল এখানে উত্থাপন করা হয়েছে। আমাদের রাজ্যে ৭০০ সিনেমা হল আছে। তার মধ্যে ৪৫০ টি স্থায়ী হল আছে এবং ২৫০ টি থেকে ৩০০টি অস্থায়ী সিনেমা হল আছে। আমরা চাই আরও কিছু সিনেমা হল হোক। কিন্তু তার জন্য মালিকদেরও খানিকটা উৎসাহিত করতে হবে, সরকারি নিয়ন্ত্রণ শিথিল করতে হবে, গাইড লাইন' শিথিল করতে হবে। আমরা চাইছি সিনেমা একজিবিশনের সর্ব-নিম্ন টিকিটের দামের ক্ষেত্রেই গাইড লাইন থাকবে, বাকি টিকিটের দাম হল মালিকরা নিজেরাই ঠিক করবেন। তবে এই সঙ্গে তাঁদের ওপর এই শর্ত আরোপ করা হবে যে, তাঁরা যখন লাভবান হবেন, তখন তাঁদের শ্রমিকদের দিকটাও দেখতে হবে। আমি এখানে মাননীয় সদস্যদের কাছে উল্লেখ করছি যে, শ্রমিকদের দাবি-দাওয়াগুলি তাঁরা দীর্ঘদিন ধরে ফেলে রেখেছেন। আগামীকাল মালিক শ্রমিক আলোচনা আছে। আমি মালিকদের অনুরোধ করেছি, আজকে এই বিল বিধানসভার অনুমোদন নিয়ে পাস করাতে পারলে তাঁরা যেন শ্রমিকদের দাবি মেনে নেন, তাদের যেন জুন মাসের ২৮ তারিখ স্ট্রাইক করতে না হয়। আগামীকালও আমি মালিকদের এই কথা বলব। এই উদ্দেশ্য নিয়ে এই সংশোধনীটি এনেছি।

স্যার, এই সংশোধনী বিলটিকে সব পক্ষ সমর্থন করেছেন বলে আমি আপনার মাধ্যমে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেশন) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ যেভাবে সভায় স্থিরিকৃত হয়েছে সেইভাবে পাস করা হোক বলে প্রস্তাব করছি।

The motion of Shri Buddhadeb Bhattacharjee that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 and Preamble

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to move that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992, as settled in the Assembly be passed.

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দেব যে তিনি বাংলার মৃত এই চলচিত্রকে একটু বাঁচাবার জন্য একটা পদক্ষেপ নিয়েছেন। আমি কিন্তু তাঁকে আজকে স্মরণ করিয়ে দিই, আপনি ফিল্ম ইন্ডাস্ট্রির জন্য কিছু ভাল করে দিয়ে সিনেমার উপর যে নিয়ন্ত্রণ ছিল সেটা খানিকটা শিথিল করতে চাইছেন যাতে বাংলা সিনেমা বাঁচে। আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যেহেতু আপনি সাংস্কৃতিক দপ্তরের মন্ত্রী এবং যেহেতু আপনি বিচক্ষণ লোক উত্তমকুমার মারা যাবার আগের কথা আপনি ভাবুন, তখন বাংলা চলচিত্র একটা ভাল জায়গায় ছিল। যদিও বাংলা চলচিত্রের গন্ডি সীমাবদ্ধ তবুও তার মধ্য দিয়ে কিছু কিছু দিক্‌পাল শিল্পী যাঁদের প্রভাবে বাংলা চলচিত্রের অবস্থান একটা ভাল জায়গায় ছিল। যেমন, উত্তমকুমার ছিলেন, সত্যজিত রায় ছিলেন। সত্যজিত রায়ের বই নিঃসন্দেহে সারা ভারতবর্ষে এবং বিশ্বে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছে। এদের পর আপনি বাংলা চলচিত্রকে বাঁচিয়ে রাখার চেষ্টা করছেন সিনেমার উপর কন্ট্রোল তুলে দিয়ে বাংলা চলচিত্র চলার জন্য। কিন্তু আপনি দেখেছেন, বিদেশেও সিনেমা মার খাচ্ছে। জয়নাল সাহেব ভি.ডি.ও.র ব্যাপারে যা বললেন—আপনি যতই কন্ট্রোল করার চেষ্টা করুন, আজকে লোকে সিনেমায় লাইন দিয়ে টিকিট কেটে আর সিনেমা দেখতে চায় না, তারা একটা ভি.ডি.ও. ক্যাসেট বাড়িতে নিয়ে গিয়ে দেখে। বিদেশে বেশির ভাগ লোকই এটা পছন্দ করেন। আমি জানি না, আপনার এই প্রচেষ্টার মধ্য দিয়ে বাংলা চলচিত্র বাঁচতে পারবে কি না সিনেমা বাঁচতে পারবে কিনা? কারণ মৌলিক জায়গায় অসুবিধা হয়ে যাচ্ছে। বোম্বে ফিল্মের সাথে বাংলা ফিল্ম কমপিটিশনে পারছে না। আপনি এরজন্য একটা কমপ্রিহেনসিভ বিল যেটা জয়নাল সাহেব বললেন সেই বিল আনুন, আমরা স্বাগত জানাব। আমরা চাই, বাংলার কৃষ্টি, বাংলার ঐতিহ্য, বাংলা চলচিত্র বেঁচে থাকুক। বাংলার সিনেমা যাতে বেঁচে থাকে, ফিল্ম ইন্ডাস্ট্রি যাতে মার না খায় তারজন্য আপনি চেষ্টা করছেন ঠিকই, কিন্তু কমপ্রিহেনসিভ বিলের কথা ভাবুন। এবারের বিধানসভা শেষ হয়ে যাবে, আগামী সেশানে আনবার চেষ্টা করুন। আজকে বাংলার সিনেমা আমাদের মতন অবস্থায় দাঁড়িয়েছে। আমরা যেমন চারিদিকে জল মাঝখানে বসে আছি, বাংলা সিনেমার অবস্থাও তাই। রবীনসন ক্রুসোর মতন অবস্থায় বসে আছি। আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে বাংলার ফিল্ম ইন্ডাস্ট্রিকে বাঁচাবার জন্য চেষ্টা করবেন এই বিশ্বাস রেখে বক্তব্য শেষ করছি।

The motion of Shri Buddhadeb Bhattacharjee that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992, as settled in the Assembly be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4-15 P.M. till 11-00 A.M. on Wednesday, the 24th June, 1992. at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 24th June, 1992 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 9 Ministers of State and 156 Members.

[11-00—11-10 A.M.]

(At this stage Shri Rabin Deb took the oath)

(Noise)

Starred Questions

(to which oral answers were laid on the Table)

রাজ্যে নতুন তাপবিদ্যুত কেন্দ্র

৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮২) **শ্রী তপন হোড় :** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নতুন কোনও তাপবিদ্যুত কেন্দ্র সংস্থাপনের পরিকল্পনা আছে কি;

(খ) থাকলে, কোথায় কোথায় এবং তার সর্বশেষ পরিস্থিতি;

(গ) চাহিদা অনুযায়ী বর্তমানে বিদ্যুত সরবরাহের কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে; এবং

(ঘ) বর্তমান চাহিদা মতো বিদ্যুত উৎপাদনের জন্য কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা?

বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ।

(খ) (১) বলাগড় তাপবিদ্যুত প্রকল্প (৭৫০ মে.ও.), (২) গৌরিপুর তাপবিদ্যুত প্রকল্প (১২০ মে.ও.), (৩) সাগরদীঘি তাপবিদ্যুত প্রকল্প (১ম পর্যায় ১০০০ মে.ও., ২য় পর্যায় ১০০০ মে.ও.), (৪) বজবজ তাপবিদ্যুত প্রকল্প (৫০০ মে.ও.)।

প্রকল্পগুলির বর্তমান পরিস্থিতি :—

১। বলাগড় তাপবিদ্যুত প্রকল্প

(ক) জমি হস্তান্তর এবং জলের ব্যবহার সম্পর্কে কলকাতা বন্দর কর্তৃপক্ষের অনুমতি পাওয়া গেছে।

(খ) আইন মোতাবেক কেন্দ্রীয় বিদ্যুত কর্তৃপক্ষের কাছে বন্যা সংক্রান্ত পরিসংখ্যান পাঠানো হয়েছে।

(গ) কেন্দ্রীয় পরিবেশ ও বনমন্ত্রকের অনুমোদন পাওয়া গেছে।

(ঘ) রেল ও সড়ক পথের পর্যালোচনার জন্য রাইটার্সকে দায়িত্ব দেওয়া হয়েছে।

(ঙ) প্রকল্পটির রূপায়ণের ভার সি. ই. এস. সি. লিমিটেডকে দিতে রাজ্য সরকার নীতিগতভাবে সম্মত হয়েছেন।

২। **গৌরীপুর তাপবিদ্যুত প্রকল্প**

গোরীপুরের পরিত্যক্ত ৪০ মে.ও.এর বিদ্যুত কেন্দ্রে ৪টি ৩০ মে.ও. ক্ষমতাসম্পন্ন ফ্লুইডাইসড বেড বয়লার ও দুইটি ৬০ মে.ও. ক্ষমতার টারবো জেনারেটার সংস্থাপনের বিষয়টি রাজ্য সরকার বিবেচনা করেছেন এবং রাজ্য বিদ্যুত পর্যদ ও বিড়লা টেকনিক্যাল সার্ভিসেস-এর যৌথ উদ্যোগে প্রকল্পটি স্থাপনের জন্য নীতিগতভাবে সম্মত হয়েছেন। প্রকল্পটি জন্য জাতীয় বিমান বন্দর কর্তৃপক্ষ, কলকাতা বন্দর কর্তৃপক্ষ ও রেল পরিকাঠামোর জন্য রাইটার্স-এর সম্মতি পাওয়া গেছে।

৩। **সাগরদীঘি তাপবিদ্যুত প্রকল্প**

(ক) ভারত সরকারের অসামরিক পরিবহন দপ্তর, জলসম্পদ দপ্তর, পরিবেশ ও বন দপ্তর, কলকাতা বন্দর কর্তৃপক্ষ, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ, পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগ—এদের থেকে সম্মতি পাওয়া গেছে।

(খ) কয়লা সরবরাহের বিষয়টি স্ট্যান্ডিং কোল লিঙ্কেজ কমিটির বিবেচনাধীন।

(গ) রেলইয়ার্ড সংক্রান্ত বিষয় এবং বিদ্যুত কেন্দ্রে কয়লা ও জ্বালানী তেল সরবরাহের ব্যাপারটি নিয়ে সামগ্রিক পরিকল্পনার দায়িত্ব দেওয়া হয়েছে রাইটার্সকে।

৪। **বজবজ তাপবিদ্যুত প্রকল্প**

সি. ই. এস. সি. লিমিটেডের বজবজ তাপবিদ্যুত প্রকল্প (৫০০ মে.ও.) নির্মাণের বিষয়টি বর্তমানে কেন্দ্রীয় বিদ্যুত দপ্তরে আনুষ্ঠানিক ছাড়পত্রের জন্য উক্ত দপ্তরের বিবেচনাধীন আছে, প্রকল্পটি ফিনান্সিং প্যাকেজ কেন্দ্রীয় অর্থমন্ত্রকের অধীন ইকোনমিক অ্যাফেয়ার্স দপ্তরের বিবেচনাধীন আছে এবং এ বিষয়ে উক্ত

দপ্তরের চূড়ান্ত অনুমোদন পাওয়া যায় নাই।

নিয়মানুযায়ী প্রকল্পটির অন্যান্য ছাড়পত্র পাওয়া গেছে।

(গ) চাহিদা অনুযায়ী বিদ্যুত সরবরাহ করার লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া হয়েছে ঃ

(১) কোলাঘাটের নির্মীয়মাণ বাকি ইউনিট দুটি যথা সত্ত্বর চালু করা।

(২) নবীকরণ এবং আধুনিকীকরণ কর্মসূচি অনুযায়ী পুরানো ইউনিটগুলির উৎপাদন বৃদ্ধি এবং অন্যান্য ইউনিটগুলি থেকে সর্বোচ্চ উৎপাদন।

(৩) বিদ্যুত নিয়ন্ত্রণবিধি অনুযায়ী বিভিন্ন নিয়ন্ত্রণের মাধ্যমে চাহিদা হ্রাস।

(ঘ) চাহিদামতো বিদ্যুত উৎপাদনের জন্য নতুন কয়েকটি প্রকল্পের কাজ চলছে ঃ

(১) রাম্মাম জলবিদ্যুত প্রকল্প দ্বিতীয় পর্যায় (৫১ মে.ও.)।

(২) তিস্তা ক্যানেল জলবিদ্যুত প্রকল্প (৬৭.৫ মে.ও.) ছাড়াও পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রকল্প (৯০০ মে.ও.) এবং ফরাক্কা জলবিদ্যুত প্রকল্পের (১২৫ মে.ও.) কাজ কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গেলেই শুরু করা হবে। রাম্মাম ৩য় ও ৪র্থ পর্যায় (সার্বিক প্রকল্প ৬০ মে.ও.) বালাসন প্রথম পর্যায় (১২ মে.ও.) লোধমা ও দিলপা (৪ মে.ও.) এবং মাংপু (৫ মে.ও.) জলবিদ্যুত প্রকল্পগুলির প্রতিবেদন তৈরি এবং তাপডেটিং-এর কাজ চলছে, এছাড়া জলপাইগুড়ি এবং কুচবিহারের রায়ডাক, তোর্সা এবং তিস্তা হাই ড্যাম জলবিদ্যুত প্রকল্পের জন্য প্রোজেক্ট রিপোর্ট তৈরির কাজ হাতে নেওয়া হয়েছে।

রাজ্য বিদ্যুত পর্ষদ রাজ্যের উত্তরাঞ্চলে কতগুলি মিনি ও মাইক্রো জলবিদ্যুত প্রকল্প গ্রহণ করেছে এবং এদের উৎপাদন ক্ষমতা ২০০ কিলোওয়াট থেকে ১.৫ মেগাওয়াট পর্যন্ত হতে পারে। আশা করা যায় এগুলির মধ্যে গোটা দুই প্রকল্প ১৯৯২-৯৩ সালে হাতে নেওয়া হবে।

তৃতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর পরিকল্পনা

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯১।) শ্রী তপন হোড় ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তৃতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে উক্ত বিষয় সম্পর্কে সরকার কোনও বিবেচনা করবেন কি না; এবং

(গ) বিবেচনা করলে, উক্ত বিষয়টি কবে থেকে কার্যকর হবে বলে আশা করা যায়?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) বিবেচনা করেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(গ) প্রশ্ন ওঠে না।

উত্তর চব্বিশ পরগনা জেলার গোবরডাঙ্গায় সুসংহত শিশু-বিকাশ প্রকল্প চালু করার পরিকল্পনা

৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৮।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার গোবরডাঙ্গায় সুসংহত শিশু-বিকাশ প্রকল্প চালু করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

ত্রাণ ও কল্যাণ (সমাজকল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) শহরাঞ্চলে কোনও সুসংহত শিশুবিকাশ প্রকল্প চালু করার ক্ষেত্রে দু'লক্ষ বা তার অধিক জনসংখ্যাবিশিষ্ট শহরাঞ্চলকে অগ্রাধিকার দেওয়া হয়। গোবরডাঙ্গার ১৯৮১ সালের সেন্সাস ভিত্তিক জনসংখ্যা ২ লক্ষের অনেক কম। সেইহেতু, বর্তমানে উত্তর ২৪ পরগনা জেলার গোবরডাঙ্গায় সুসংহত শিশু-বিকাশ প্রকল্প চালু করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

গাইঘাটা অঞ্চলের জলেশ্বরে আদিবাসী ছাত্রাবাস নির্মাণ

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৩।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটার জলেশ্বরে আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য ছাত্রাবাস চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু করা সম্ভব হবে বলে আশা করা যায়?

তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

পাঁচপোতা ভারাডাঙা উচ্চ-বিদ্যালয়ে ডিগ্রি কলেজ স্থাপন

৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৮।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা বিধানসভার অন্তর্গত পাঁচপোতা ভারাডাঙা উচ্চ-বিদ্যালয়ে (উচ্চ মাধ্যমিক) ডিগ্রি কলেজ খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত করা সম্ভব হবে বলে আশা করা যায়?

শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

পুরুলিয়ার বান্দোয়ান রেঞ্জের অসাধু কাঠ ব্যবসায়ী

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৪।) **শ্রী লক্ষ্মীরাম কিসকু ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়ায় বান্দোয়ান রেঞ্জের অধীন গত ৩ বছরে কতজন অসাধু কাঠ ব্যবসাদারদের ধরা সম্ভব হয়েছে;

(খ) এরা কি ধরনের অসাধু ব্যবসায়ের সাথে যুক্ত ছিল; এবং

(গ) এদের শাস্তির কি কি ব্যবস্থা হয়েছে।

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৮৯-৯০ সাল হতে ১৯৯১-৯২ (ফেব্রুয়ারি '৯২) পর্যন্ত ৭৩৫ জন অসাধু কাঠ ব্যবসায়ী ধরা পড়েছে।

(খ) এরা সরকারি জঙ্গলে অনুমতিপত্র ব্যতিরেকে বে-আইনিভাবে বনজসম্পদ চোরাই কাজে লিপ্ত ছিলেন।

(গ) (১) প্রতিটি ঘটনা ঘটার সাথে সাথে নিয়ম অনুযায়ী ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে অপরাধ সংক্রান্ত রিপোর্ট তৈরি করা হয়।

(২) বেশিরভাগ ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী জরিমানা আদায় করে মামলার নিষ্পত্তি করা হয়। গত ৩ বছরে ৬৪ হাজার ৯৭৬ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

(৩) অপহৃত বনজসম্পদ উদ্ধার করে সরকারি গুদামে বাজেয়াপ্ত করা হয়।

(৪) বনজসম্পদ ছাড়া অন্যান্য যে সমস্ত জিনিস ধরা পড়ে তা বাজেয়াপ্ত করা হয়—যেমন ঠেলা, লরি, টেম্পু, রিক্সা বা আগ্নেয়াস্ত্র ইত্যাদি।

(৫) অপরাধের গুরুত্ব বিবেচনাসাপেক্ষে কিছু কিছু অপরাধী ব্যক্তির বিরুদ্ধে কোর্টে মামলা দায়ের করা হয়।

১৯৯১-৯২ আর্থিক বছরে হুগলি জেলায় গভীর নলকূপ স্থাপনের লক্ষ্যমাত্রা

৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৩।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ আর্থিক বছরে (১) সমগ্র হুগলি জেলায় ও (২) হুগলি জেলার গোঘাট থানায় গভীর নলকূপ স্থাপনের লক্ষ্যমাত্রা কত?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৯১-৯২ আর্থিক বছরে গোঘাট থানাসহ মোট গভীর নলকূপের সংখ্যা ৬৩টি। নলকূপগুলির বিবরণ নিম্নরূপ ঃ

মুখ্যবাস্তুকার (পশ্চিমবঙ্গ ক্ষুদ্রসেচ প্রকল্প) অধীন

উচ্চ ক্ষমতার গভীর নলকূপ—

সমগ্র হুগলি জেলায়	৪৩
গোঘাট থানায়	০
মাঝারি ক্ষমতার গভীর নলকূপ—	
সমগ্র হুগলি জেলায়	১২
গোঘাট থানায়	৬
ক্ষুদ্রসেচ নিগমের অধীন	
সমগ্র হুগলি জেলায়	৮
গোঘাট থানায়	০
সমগ্র হুগলি জেলায় মোট	৬৩টি

তন্মধ্যে গোঘাট থানায় মোট ৬টি

সাক্ষরতা কর্মসূচিতে ১৯৯১-৯২ সালে কেন্দ্রের বরাদ্দকৃত অর্থ

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫২।) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে সাক্ষরতা কর্মসূচির জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট থেকে কত টাকা পেয়েছেন;

(খ) সাক্ষরতা অভিযানের মাধ্যমে রাজ্যে এ পর্যন্ত কতজন স্ত্রী পুরুষ সাক্ষর হিসেবে চিহ্নিত হয়েছেন; এবং

(গ) সাক্ষরতা অভিযানকে বাস্তবমুখী করার জন্য রাজ্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের সাহায্য বাবদ বর্ধমান, মেদিনীপুর, হুগলি, বীরভূম, কুচবিহার, বাঁকুড়া ও উত্তর ২৪ পরগনা জেলার সার্বিক সাক্ষরতার জন্য ২০ কোটি ৯৪ লক্ষ ৪৬ হাজার টাকা পাওয়া গিয়েছে।

(খ) এখন পর্যন্ত এ রাজ্যে মোট ১৬.৬৯ লক্ষ নরনারি বর্ধমান ও হুগলি জেলায় সাক্ষর হিসেবে চিহ্নিত হয়েছেন। মেদিনীপুর জেলার মূল্যায়ন সম্প্রতি সমাধা হয়েছে কিনা বিস্তারিত তথ্য এখনও পাওয়া যায়নি। অন্যান্য জেলায় সাক্ষরতার মূল্যায়ন না হওয়াতে সাক্ষর নরনারীর সংখ্যা বলা সম্ভব নয়।

(গ) সাক্ষরতা অভিযানকে বাস্তবমুখী করার জন্য সমগ্র জেলা প্রশাসন, পঞ্চায়েত প্রতিষ্ঠান ও স্থানীয় স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠানসমূহের মিলিত উদ্যোগে সার্বিক সাক্ষরতা কর্মসূচির মাধ্যমে আশানুরূপ ফল পাওয়া সম্ভব হচ্ছে। সাক্ষরতাকে একটি অভিযান হিসাবে গ্রহণ করা হয়েছে।

লক্ষ লক্ষ নব সাক্ষর নরনারীর জন্য সাক্ষরোত্তর কর্মসূচিও গ্রহণ করা হয়েছে।

রাজ্যে গৃহহীন মানুষ

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৩।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে গৃহহীন মানুষের সংখ্যা তথ্য সরকারের আছে কি;

(খ) থাকলে, ঐ সংখ্যা জানুয়ারি, ১৯৯২-তে কত; এবং

(গ) ঐ গৃহহীনদের গৃহ সমস্যা সমাধানের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পৃথকভাবে এই পরিসংখ্যান সংগ্রহের ব্যবস্থা এ পর্যন্ত করা হয়নি।

(খ) তবে ১৯৮১ সালে গৃহীত আদমসুমারির প্রতিবেদনে এই রাজ্যে গৃহহীন পরিবারে (houseless household) সংখ্যা শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে যথাক্রমে ২৪,২৪০টি এবং ১৩,৮৩৫টি দেখানো হয়েছে।

(গ) রাজ্য সরকার আবাসন বিভাগসহ গৃহনির্মাণ কার্যে নিযুক্ত অন্যান্য সরকারি সংস্থাগুলির সহায়তায় পরিকল্পনাভুক্ত বিভিন্ন প্রকার সামাজিক আবাসন প্রকল্প রূপায়ণের মাধ্যমে এই সমস্যা লাঘব করার জন্য সতত সচেষ্ট।

শান্তিপুরের নৈশ বিদ্যালয়ে শিক্ষকের বেতন

৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৬।) **শ্রী অজয় দে ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুরে একটি নৈশ বিদ্যালয়ে শিক্ষকদের মাত্র ৬০ টাকা বেতন দেওয়া হয়—এ সম্পর্কে সরকার অবগত আছেন কি, এবং

(খ) অবগত থাকলে উক্ত শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য সরকার কোনও চিন্তা করেছেন কি না?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, অবগত আছেন। নৈশ উচ্চ বিদ্যালয় একটি পুরাতন প্রকল্প। কোনও অনুমোদিত উচ্চ বিদ্যালয়ে উক্ত বিদ্যালয়ের শিক্ষকদেরই সামান্য পারিশ্রমিক দিয়ে রাতে মাত্র দু'ঘন্টা অতিরিক্ত সময়ের কাজের জন্য এই বিদ্যালয়গুলি চালানোর ব্যবস্থা ছিল। এই নৈশ বিদ্যালয়গুলি পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্যদ কর্তৃক অনুমোদিত নয়।

(খ) উক্ত শিক্ষকদের কোনও বেতন দেওয়া হয় না। কেবলমাত্র কিছু সাম্মানিক ভাতা দেওয়া হয়। ভাতা বৃদ্ধির কোনও পরিকল্পনা আপাতত নেই।

পুরুলিয়া জেলায় বিদ্যালয়বিহীন গ্রাম পঞ্চায়েত

৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৩।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোন কোন গ্রাম পঞ্চায়েত এলাকায় মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক

ও জুনিয়র হাইস্কুল নেই; এবং

(খ) ঐ সকল গ্রাম পঞ্চায়েত এলাকায় নতুন কোনও স্কুল খোলার পরিকল্পনা সরকারের আছে কি?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পুরুলিয়া জেলার ঝালদা ২ নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত নোয়াডি গ্রাম পঞ্চায়েত এলাকায় কোনও জুনিয়র হাই, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় নেই।

(খ) আবেদনের ভিত্তিতে জেলা পরিদর্শক টিম ও জেলা পরিষদের শিক্ষা স্থায়ী সমিতির সুপারিশের সাপেক্ষে বিবেচনা করা যেতে পারে।

উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ

৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৪।) **শ্রী সুভাষ নস্কর ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯২ সালের ফেব্রুয়ারি মাসে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় বিদ্যালয় পর্ষদ থেকে কিছু প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে;

(খ) সত্যি হলে, তাহা সার্কেল পিছু কতজন হিসাবে; এবং

(গ) কোন কোন সার্কেলের প্যানেল থেকে কতজনকে (১) নিয়োগ করা হয়েছে ও (২) পোস্টিং করা হয়েছে?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হাঁ।

(খ) ও (গ) সার্কেলের নাম ও সার্কেল প্রতি কতজনকে নিয়োগ ও পোস্টিং করা হয়েছে তার একটি তালিকা অত্র সংযোজিত হল।

Statement referred to in reply of clause 'Kha' and 'Ga' of Question No. 382

(Admitted Question No. 1634)

জেলা স্কুল বোর্ড (উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা)

২৪ পরগনা (উত্তর)

১।	বসিরহাট (নতুন)	২১
২।	বসিরহাট (পশ্চিম)	৮
৩।	বসিরহাট (দক্ষিণ)	১৪
৪।	হাসনাবাদ	১৫
৫।	হাসনাবাদ (দক্ষিণ)	৮

৬।	বাদুরিয়া	১৩	২৩।	আমডাঙা	৫
৭।	বাদুরিয়া (উত্তর)	২৩	২৪।	দত্তপুকুর	১৯
৮।	হিঙ্গলগঞ্জ	২১	২৫।	রাজারহাট	১৮
৯।	স্বরূপনগর	১৭	২৬।	বারাসাত	৩
১০।	স্বরূপনগর (উত্তর)	২৪	২৭।	বাণীপুর	১৪
১১।	হারোয়া	১২	২৮।	মধ্যমগ্রাম	১১
১২।	মিনাখাঁ	১৯	২৯।	অশোকনগর	২১
১৩।	সন্দেশখালি	১৫	৩০।	হাবড়া (১)	১৫
১৪।	সন্দেশখালি (উত্তর)	৯	৩১।	হাবড়া (২)	১০
১৫।	বাদুরিয়া (পূর্ব)	১৭	৩২।	দেগাঙ্গা	১
১৬।	ব্যারাকপুর	৩	৩৩।	বেড়াচাঁপা	৫
১৭।	ভাটপাড়া	৪	৩৪।	বাগদা (পূর্ব)	১১
১৮।	দমদম	১৫	৩৫।	বাগদা (পশ্চিম)	৯
১৯।	খড়দহ	৮	৩৬।	গাইঘাটা	৬
২০।	পানিহাটি	৭	৩৭।	গাইঘাটা (পূর্ব)	১৫
২১।	শ্যামনগর	৬	৩৮।	বনগাঁ (১)	৩
২২।	নৈহাটি	১৮	৩৯।	বনগাঁ (২)	১৪
৪০।	গোপালনগর এবং নাহাটা	২৮			

	২৪ পরগনা (দক্ষিণ)		১৩।	মথুরাপুর (উত্তর)	২৪
১।	ডায়মণ্ডহারবার (উত্তর)	১৭	১৪।	মথুরাপুর (পশ্চিম)	--
২।	ডায়মণ্ডহারবার (দক্ষিণ)	১৬	১৫।	মগরাহাট (পূর্ব)	১৯
৩।	ডায়মণ্ডহারবার (পশ্চিম)	১৯	১৬।	মগরাহাট (পশ্চিম)	৩৯
৪।	ফলতা	১৩	১৭।	মগরাহাট (মধ্য)	৭
৫।	ফলতা (পশ্চিম)	১৭	১৮।	মগরাহাট (দক্ষিণ)	৫
৬।	কাকদ্বীপ	১৯	১৯।	নামখানা	১৩
৭।	কাকদ্বীপ (দক্ষিণ)	১৬	২০।	পাথরপ্রতিমা	২০
৮।	করনজালী	১৩	২১।	পাথরপ্রতিমা (পূর্ব)	৮
৯।	কুলপি (১)	৯	২২।	সাগর	৪০
১০।	কুলপি (২)	১৩	২৩।	বারুইপুর	২০
১১।	মন্দিরবাজার	১৫	২৪।	বারুইপুর (দক্ষিণ)	১৮
১২।	মথুরাপুর (দক্ষিণ)	১৬	২৫।	বাসন্তী	৩

২৪ পরগনা (দক্ষিণ)

২৬।	বেহালা	৫	৩৭।	জয়নগর	১৩
২৭।	ভাঙর	১৪	৩৮।	জয়নগর (উত্তর)	১৬
২৮।	ভাঙর (উত্তর)	২৩	৩৯।	জয়নগর (পূর্ব)	--
২৯।	বিষ্ণুপুর (১)	৩২	৪০।	কুলতলী	৮
৩০।	বিষ্ণুপুর (২)	১৪	৪১।	কুলতলী (দক্ষিণ)	২
৩১।	বিষ্ণুপুর (৩)	৯	৪২।	মহেশতলা	৬
৩২।	বজবজ	১১	৪৩।	মহেশতলা (পশ্চিম)	৭
৩৩।	বজবজ (দক্ষিণ)	৭	৪৪।	সোনারপুর	৭
৩৪।	ক্যানিং	৩৩	৪৫।	সোনারপুর (পশ্চিম)	৫
৩৫।	বাসন্তী (দক্ষিণ)	৩	৪৬।	টালিগঞ্জ	১১
৩৬।	ঘুটিয়ারীশরীফ	১১	৪৭।	গোসাবা	১১
			৪৮।	গোসাবা (উত্তর)	১১
৪৯।	মহেশতলা (সি.সি.)	১			

বর্তমান আর্থিক বছরে অনুমোদিত মাদ্রাসা স্কুলের সংখ্যা

৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২১।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯২-৯৩ আর্থিক বছরে কতগুলি মাদ্রাসা স্কুল অনুমোদন লাভ করবে বলে আশা করা যায়?

শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

এখনি বলা সম্ভব নয়। তবে বর্তমানে ২৩টি জুনিয়র হাই ও ৯টি জুনিয়র মাদ্রাসাকে উন্নীতকরণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

মেদিনীপুর জেলার শালবনীতে কাজু বাদাম চাযের জমির ও কাজুবাদাম উৎপাদনের পরিমাণ

৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৭।) **শ্রী সুন্দর হাজরা ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার শালবনীতে কাজু বাদাম চাষের জমির ও কাজু বাদাম উৎপাদনের বার্ষিক পরিমাণ কত?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ যথাক্রমে ৬৬০ হেক্টর ও ৫২.৮ মেট্রিক টন।

১৯৯১-৯২ আর্থিক বছরে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা

৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫৪।) **শ্রী আবু আয়াস মণ্ডল ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গের কৃষি পেনশন প্রাপকের সংখ্যা কত (জেলাওয়ারি হিসাবে)?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ ১৯৯১-৯২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে মঞ্জুরীকৃত কৃষি পেনশন প্রাপকের মোট সংখ্যা ২৭,৭৭৫ জন। জেলাওয়ারি হিসাব নিম্নে দেওয়া হল।

জেলাওয়ারি হিসাব

(১)	২৪ পরগনা (উত্তর)	১,৭১৩	জন
(২)	২৪ পরগনা (দক্ষিণ)	২,৬৭৩	"
(৩)	হাওড়া	৭৮০	"
(৪)	হুগলি	১,২২৭	"
(৫)	নদীয়া	৯১২	"
(৬)	মুর্শিদাবাদ	১,৪২৫	"
(৭)	মালদা	৮২২	"
(৯)	পুরুলিয়া	২,১৯২	"
(১০)	বর্ধমান	২,১৯২	"
(১১)	বাঁকুড়া	১,৭০৪	"
(১২)	মেদিনীপুর (পূর্ব)	১,২৬০	"
(১৩)	মেদিনীপুর (পশ্চিম)	৩,৩৬৪	"
(১৪)	পশ্চিম-দিনাজপুর	১,২৬৭	"
(১৫)	জলপাইগুড়ি	১,৯৭৬	"
(১৬)	কোচবিহার	১,৬৮৫	"
(১৭)	দার্জিলিং (কেবল শিলিগুড়ি মহকুমা)	৪৮৮	"
(১৮)	দার্জিলিং (দার্জিলিং পার্বত্য পরিষদের অন্তর্ভুক্ত অংশ)	১,১১৪	"
	মোট	২৭,৭৭৫	"

হাওড়া জেলার শ্যামপুর ১ নং ব্লকে দামোদরের চরে নদী জলোত্তোলন প্রকল্প স্থাপনের পরিকল্পনা

৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫৬।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলার শ্যামপুর ১ নং ব্লকের গোয়ালপোতা ও মাদারীবাগ অঞ্চলে দামোদরের চরে নদী জলোত্তোলন প্রকল্প স্থাপন করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ হাওড়া জেলার শ্যামপুর ১ নং ব্লকের গোয়ালপোতা ও মাদারীবাগ অঞ্চলে দামোদরের চরে কোনও নদী জলোত্তোলন প্রকল্প স্থাপন করার পরিকল্পনা সরকারের নেই।

খড়দহ ও পানিহাটি এলাকার জলনিকাশি খাল সংস্কার

৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭৫।) **শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনা জেলার খড়দহ, পানিহাটি এলাকার জলনিকাশির জন্য খাল সংস্কারের বিষয়ে সরকারের কোনও পরিকল্পনা আছে কি;

(খ) থাকলে উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) পরিকল্পনাটি গঙ্গা অ্যাকশন প্ল্যানের অন্তর্ভুক্ত কিনা?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ। তবে পরিকল্পনাটি বর্তমানে সমীক্ষা ও জরীপ পর্যায়ে আছে।

(খ) উক্ত পরিকল্পনা সরকারি অনুমোদন এবং অর্থ বরাদ্দ সাপেক্ষে ১৯৯৪-৯৫ সাল নাগাদ শুরু করা যাবে বলে আশা করা যায়।

(গ) না।

পুরুলিয়া জেলার কৃষ্ণনগর ও কুঞ্জবন নদী জলোত্তলন প্রকল্প দুটি বৈদ্যুতিকরণের পরিকল্পনা

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৯১।) **শ্রী ভন্দু মাঝি ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলার বরাবাজার পঞ্চায়েত সমিতি এলাকায় কৃষ্ণনগর ও কুঞ্জবন নদী জলোত্তলন প্রকল্প দুটি বৈদ্যুতিকরণের পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) বর্তমানে আর্থিক সঙ্কটের জন্য প্রকল্পের বৈদ্যুতিকরণের কাজগুলি বন্ধ আছে। অর্থের সুরাহা হলেই উক্ত পরিকল্পনা বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়।

পশু-চিকিৎসার জন্য প্রশিক্ষণ কেন্দ্র

৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৭১৬।) **শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে বিভাগীয় অধিকারিক ও জনসাধারণের জন্য পশু-চিকিৎসার ক্ষেত্রে উন্নতমানের প্রশিক্ষণ দেবার উদ্দেশ্যে স্থাপিত প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যা কত (জেলাওয়ারি হিসাব)?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

মোট ৩টি। ৩টি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে ২টি কলকাতায় এবং ১টি মেদিনীপুর জেলায় অবস্থিত। প্রশিক্ষণ কেন্দ্রগুলির বিশদ বিবরণ নিম্নে প্রদত্ত হল ঃ

(১) কম্পাউন্ডারদের জন্য ভে[illegible] কম্পাউন্ডার্স ও ড্রেসার্স ট্রেনিং সেন্টার, ৬৮, বেলগাছিয়া রোড, কলকাতা-৭০০ ০৩৭;

(২) ভেটেরিনারি ডাক্তার ও ফিল্ড অ্যাসিস্ট্যান্টদের জন্য ভেটেরিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং ইনস্টিটিউট, মেদিনীপুর।

প্রতি জেলায় প্রয়োজনমতো খামারে প্রাণী-পালক এবং পঞ্চায়েত কর্তৃক নির্বাচিত স্বেচ্ছাসেবীদের প্রাণী-স্বাস্থ্য কেন্দ্রগুলিতে প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করা হয়। জেলা গ্রামীণ উন্নয়ন সংস্থার উদ্যোগে সার্বিক গ্রাম উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত গো-পালন, মুরগি পালন, শূকর পালন, হিমায়িত গো-বীজ দ্বারা নিবিড় কৃত্রিম প্রজনন প্রকল্প বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।

তুলসীহাটা হাইস্কুলে মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭২৩।) **শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার তুলসীহাটা হাইস্কুলে বর্তমান বৎসরে মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র ছিল কি না এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে তার কারণ কি?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) 'না'।

(খ) উক্ত বিদ্যালয়টি হরিশ্চন্দ্রপুর কেন্দ্রের অন্তর্ভুক্ত। প্রচলিত নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট সেন্টার কমিটি ঐ কেন্দ্রের সব বিদ্যালয় প্রধানদের সঙ্গে সভা করে পরীক্ষা গ্রহণ কেন্দ্র নির্বাচন করেন।

নদীয়া জেলার শ্যামনগর গ্রামের চন্দ্রনাথ বসু অনাথ আশ্রমকে সরকার কর্তৃক প্রদত্ত অর্থ

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ২৭২৬।) **শ্রী কমলেন্দু সান্যাল ঃ** ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৭-৮৮ থেকে ১৯৯১-৯২ পর্যন্ত সময়ে নদীয়া জেলার তেহট্ট ১নং পঞ্চায়েত সমিতি এলাকায় শ্যামনগর গ্রামের চন্দ্রনাথ বসু অনাথ আশ্রমকে সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ কত (বছরওয়ারি হিসাব);

(খ) উক্ত অর্থ কোন কোন খাতে খরচের জন্য দেওয়া হয়েছে;

(গ) উক্ত আশ্রমের আয়-ব্যয়ের হিসাব নিয়মিত নিরীক্ষিত হয় কিনা;

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে ব্যয়ের ক্ষেত্রে কোনওরূপ অপচয়ের সন্ধান পাওয়া গেছে কিনা এবং

(ঙ) 'ঘ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে সে সম্বন্ধে যথাযথ তদন্তের ব্যবস্থা গৃহীত হয়েছে কিনা?

ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক)

বছর	অনুদানের পরিমাণ টাকা
১৯৮৭-৮৮	১,১০,২৫০.০০
১৯৮৮-৮৯	৭৮,০৬৬.০০
১৯৮৯-৯০	৩,৩৩,০৮৯.০০
১৯৯০-৯১	১,৩৬,৮৫২.০০
১৯৯১-[illegible]	১,৩৬,৮৫২.০০

১৯৮৭-৮৮ থেকে	১০,১৬,২৭৩.০০
১৯৯১-৯২ পর্যন্ত	(দশ লক্ষ ষোল হাজার দুইশত তিয়াত্তর টাকা মাত্র)

(খ) উক্ত অর্থ আশ্রমের ছেলেদের ভরণপোষণ, শিক্ষা, স্বাস্থ্য এবং কর্মচারিদের বেতন এবং আশ্রমের বাড়িভাড়া হিসাবে মঞ্জুর করা হয়েছে।

(গ) রেজিস্ট্রিকৃত অডিটফার্ম দ্বারা আশ্রমের হিসাবনিকাশ বৎসরে একবার পরীক্ষা করা হয় এবং ঐ রিপোর্ট আশ্রম ডাইরেক্টরেট অফ সোশ্যাল ওয়েলফেয়ার অফিসে জমা দেওয়া হয়।

(ঘ) না।

(ঙ) কোনও প্রশ্নই ওঠে না।

পশ্চিমবঙ্গে ১৯৯১ সালে বিধানসভা ও লোকসভার নির্বাচনী ব্যয়

৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯১।) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৯১ সালে লোকসভা ও বিধানসভার নির্বাচনে ব্যয়ের পরিমাণ কত ছিল; এবং

(খ) উক্ত ব্যয়ের মধ্যে কত অংশ (১) কেন্দ্রীয় সরকারের এবং (২) রাজ্য সরকারের ছিল (পৃথক পৃথক ভাবে)?

স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে ১৯৯১ সালের লোকসভা ও বিধানসভার নির্বাচনে মোট ব্যয়ের পরিমাণ ধার্য হয়েছিল ৩৫ কোটি টাকা। এর মধ্যে এখন পর্যন্ত ২৯.৪০ কোটি টাকা নগদ খরচের হিসাব পাওয়া গেছে। এছাড়া নির্বাচন আধিকারিক মহাশয়ের প্রদেয় হিসাব মতো আরও প্রায় ৬ কোটি টাকা ঐ নির্বাচন সংক্রান্ত সমস্ত দায়দেনা মেটাতে প্রয়োজন হবে।

(খ) ১৯৯১ সালের লোকসভা ও বিধানসভা নির্বাচনের মোট খরচ যা হবে তার দায়ভার সমহারে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের উপর বর্তাবে, অর্থাৎ (১) কেন্দ্রীয় সরকার ব্যয়ের অর্দ্ধেক দেবেন ও (২) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার বাকি অর্দ্ধেক দেবেন।

কুলপি থানায় বৈদ্যুতিকরণের কাজ

৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪০।) **শ্রী কৃষ্ণধন হালদার ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার কুলপি থানা এলাকার দক্ষিণ নারায়নপুর মৌজা বৈদ্যুতিকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন,

(খ) এটা কি সত্যি যে, উক্ত এলাকায় দু'বছর আগে বিদ্যুতের তার লাগানো সত্ত্বেও আজ পর্যন্ত বিদ্যুত সংযোগ দেওয়া যায়নি ; এবং

(গ) সত্যি হলে উক্ত এলাকায় কবে নাগাদ বিদ্যুত সংযোগ দেওয়া হবে বলে আশা করা যায়?

বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) নারায়নপুর মৌজায় (জে. এল. নং ১৫৭) ১৯৯০ সালের জানুয়ারি মাসে বৈদ্যুতিকরণের ব্যবস্থা করা হয়েছে।

(খ) হ্যাঁ।

(গ) সংযোগ ব্যবস্থার ক্রটি দূরীকরণের সম্ভাব্য সবপ্রকার প্রচেষ্টা চালানো হচ্ছে। যদি আর্থিক আনুকূল্য ঘটে তবে ইহা অতি সত্বর শেষ হবে। কিন্তু ইতিমধ্যে যথেষ্ট সংখ্যক উৎসাহী গ্রাহকের আগ্রহ দেখা যাচ্ছে না।

পুরুলিয়ায় সাামাজিক বন সৃজন

৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫৫) **শ্রী বিন্দেশ্বর মাহাতো ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলায় সামাজিক বনসৃজনের পরিমাণ কত ও সে বাবদ খরচের পরিমাণ কত (পঞ্চায়েত সমিতি ও বছরওয়ারী হিসাব)?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) গত ৫ বছরের বনসৃজন ও ব্যয়িত অর্থের হিসাব দেওয়া হল—

সাল	বনসৃজনের পরিমাণ	ব্যয়িত অর্থের পরিমাণ
১৯৮৭-৮৮	১৯০০ হেঃ	৭.৮৬ লক্ষ টাকা
১৯৮৮-৮৯	৪৮৩০ হেঃ	৪৫.৯০ লক্ষ টাকা

Name of Block	1987-88		1988-89		1989-90		1990-91		1991-92	
	Plantation raised in ha	Expenditure (Rs.in Lakhs)	Plantation raised in ha	Expenditure (Rs.in Lakhs)	Plantation raised in ha	Expenditure (Rs.in Lakhs)	Plantation raised in ha	Expenditure (Rs.in Lakhs)	Plantation raised in ha	Expenditure (Rs.in Lakhs)
Jaypur	760	4.91	697	5.60	533	3.56	815	6.70	1580	14.39
Jhalda-I	160	0.41	138	0.79	423	2.18	290	2.41	1230	10.64
Jhalda-II	20	0.07	12	0.26	203	0.82	480	4.61	645	6.28
Para	—	—	80	0.92	3	0.02	360	4.27	25	0.67
Arsha	70	0.17	150	1.72	223	1.38	215	1.76	345	5.05
Purulia-I	—	—	—	—	53	0.58	510	6.07	905	10.04
Purulia-II	—	—	250	2.86	53	0.57	265	3.73	25	0.67
Manbazar-I	70	0.17	248	2.95	263	1.65	380	3.79	445	6.31
Manbazar-II	—	—	—	—	3	0.02	110	0.52	205	1.51
Raghunathpur-I	—	—	115	1.15	53	0.57	210	2.47	45	1.30
Raghunathpur-II	—	—	126	1.44	3	0.02	60	0.67	5	0.04
Santuri	—	—	121	1.39	53	0.58	210	2.47	45	1.30
Neturia	—	—	105	0.21	3.	0.02	10	0.07	5	0.04
Kashipur	160	0.41	956	11.96	239	2 17	1513	13.50	545	6.40
Balarampur	140	0.34	289	1.99	413	1 90	390	3.61	655	6.60
Barabazar	40	0.14	236	2.44	313	2.20	620	6.84	945	13.33
Hura	60	0.21	540	3.78	183	1.98	620	6.08	1105	14.55
Puncha	70	0.17	306	3.90	173	1.36	740	8.05	865	11.94
Burdwan	150	0.38	206	0.97	887	5.03	·740	4.81	1245	4.42
Basmundi	200	0.48	255	1.57	813	3.50	625	3.13	1228	8.87
Total	**1900**	**7.86**	**4830**	**45.90**	**4890**	**30.11**	**9163**	**85.56**	**12093**	**124.35**

১৯৮৯-৯০	৪৮৯০ হেঃ	৩০.১১ লক্ষ টাকা
১৯৯০-৯১	৯১৬৩ হেঃ	৮৫.৫৬ লক্ষ টাকা
১৯৯১-৯২	১২০৯৩ হেঃ	১২৪.৩৫ লক্ষ টাকা

পুরুলিয়ার জয়পুর পঞ্চায়েত বৈদ্যুতীকরণের কাজ

৩৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫৮।) **শ্রী বিন্দেশ্বর মাহাতো ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার জয়পুর পঞ্চায়েত সমিতির অন্তর্গত মোট কতগুলি মৌজায় বৈদ্যুতীকরণের কাজ শেষ হয়েছে ;

(খ) উক্ত সমিতির এলাকায় কতগুলি মৌজায় ১৯৯২-৯৩ আর্থিক বছরে নতুন করে বৈদ্যুতীকরণের আওতায় নিয়ে আসার পরিকল্পনা আছে ; এবং

(গ) পুরুলিয়া ১নং পঞ্চায়েত সমিতির অধীন সিনধরীচাষ মোড় বৈদ্যুতীকরণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বৈদ্যুতীকরণের কাজ পঞ্চায়েত ও সমিতিভিত্তিক হিসাব রাখা হয় না।

(খ) তবে পুরুলিয়া জেলার জয়পুর থানায় ১০৬টি মৌজার মধ্যে ১০৪টি মৌজা ইতিমধ্যে বিদ্যুতায়িত হয়েছে এবং ১৯৯২-৯৩ সালে পুরুলিয়া জেলার মোট ৮৯টি মৌজা বিদ্যুতায়িত করার কথা আছে। জেলা পরিষদের সাথে আলোচনা করে ৮৯টি মৌজার তালিকা চূড়ান্ত করা হবে।

(গ) এখনও তথ্য সংগ্রহ করা যায়নি, পরে জানানো হবে।

সেচ ও জলপথ বিভাগের ইঞ্জিনিয়ারদের পদের সংখ্যা

৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯৩।) **শ্রী সুভাষ নস্কর ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সেচ বিভাগের (১) সিভিল, (২) ইলেকট্রিক্যাল ও (৩) মেকানিক্যাল শাখায় একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের ও সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ারের পদের সংখ্যা কত (পৃথকভাবে) ;

(খ) উল্লিখিত পদগুলিতে তফসিলি জাতি ও উপজাতিভুক্ত কর্মরত ইঞ্জিনিয়ারের পদসংখ্যা কত (পৃথক পৃথক ভাবে) ; এবং

(গ) উল্লিখিত পদগুলিতে প্রমোশনের সময় "রিজারভেশন রুল" মান্য করা হয় কি না?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) (১) সিভিল শাখা—একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ঃ পদসংখ্যা—১২৮ ; সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার ঃ পদসংখ্যা—৩৩

(২) ইলেক্ট্রিকাল ও (৩) মেকানিকাল শাখা (যুক্তভাবে আছে)—একজিকিউটিভ ইঞ্জিনীয়ার ঃ পদসংখ্যা—৫ ; সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার ঃ পদ সংখ্যা—১

(খ) একজনও নেই।

(গ) নিয়ম হিসেবে মান্য করা হয়ে থাকে কিন্তু সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ আদালতের স্থগিতাদেশ থাকায় ঐ মামলার চূড়ান্ত রায়সাপেক্ষে প্রমোশনের ক্ষেত্রে "রিজারভেশন রুলটিকে" প্রযোজ্য করা হয় না।

বর্ধমান-নবদ্বীপ রুটে সরকারি বাস চালানোর পরিকল্পনা

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯৭।) **শ্রী আবু আয়েস মন্ডল ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান-নবদ্বীপ রুটে সরকারি বাস চালানোর কোনও পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি কার্যকরি হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন কর্তৃক বর্ধমান থেকে নবদ্বীপ ভায়া নাদনঘাট—একটি বাস সার্ভিস চালু করা হয়েছে। আরও একটি রাত্রিকালীন বাস এ বছর চালু করার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

অগভীর নলকূপগুলিতে মাঝারি ক্ষমতাসম্পন্ন নলকূপে পরিণত করার পরিকল্পনা

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৯০৪।) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে যে সমস্ত সরকারি অগভীর নলকূপ আছে সেগুলিকে মাঝারি ক্ষমতাসম্পন্ন নলকূপে পরিণত করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ;

(খ) থাকলে, নদীয়া জেলার কৃষ্ণনগর ১নং ব্লকের ভীমপুর ও আমাননগর এলাকায় উক্ত পরিকল্পনা কার্যকর হবে কি না ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হবে

বলে আশা করা যায়?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) রাজ্যে যে সমস্ত সরকারি অগভীর নলকূপ আছে সেগুলিকে মাঝারি ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপে পরিণত করার কোনও পরিকল্পনা নেই, তবে মাঝারি ক্ষমতাসম্পন্ন নতুন গভীর নলকূপ স্থাপনের কোনও প্রস্তাব এলে তা উপযুক্ত বিবেচনা করা হবে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

অষ্টম পরিকল্পনায় রাজ্যের নগর উন্নয়ন পরিকল্পনা

৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১৫।) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অষ্টম পরিকল্পনায় রাজ্যের নগর বিকেন্দ্রীকরণের জন্য কোন কোন জেলায় কি কি উন্নয়নমূলক কাজের খসড়া প্রস্তাব রাজ্য সরকার যোজনা কমিশনকে প্রেরণ করেছেন?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ নগর বিকেন্দ্রীকরণ সংক্রান্ত প্রশাসনিক বিষয়গুলি মূলত সরকারের নগর উন্নয়ন, পৌরসভা বিষয়ক এবং উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের টাউন ও কান্ট্রি প্ল্যানিং শাখা ভারপ্রাপ্ত আছেন, অষ্টম পরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য নগর বিকেন্দ্রীকরণের প্রস্তাবিত এলাকা এবং সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাবগুলি প্রধানত নিম্নরূপ ঃ

লবণ হ্রদের দক্ষিণে অনুন্নত জলাভূমি ভরাট করে ইলেক্ট্রনিক্স শিল্প ও শিল্প নগরীর প্রয়োজনীয় পরিকাঠামো গঠনের প্রস্তাব রেখেছেন সরকারের নগর উন্নয়ন বিভাগ।

পশ্চিমবঙ্গের পৌরসভাগুলির মধ্যে যেগুলি উন্নতিমূলক প্রকল্প চালু আছে সেগুলিও অষ্টম পরিকল্পনার খসড়ায় অন্তর্ভুক্ত হয়েছে। এই প্রকল্পগুলি প্রধানত পৌরসভাগুলির সামগ্রিক উন্নয়ন, বস্তি উন্নয়ন, জল সরবরাহ, ছোট ও মাঝারি শহরগুলির উন্নয়ন, এ ছাড়া 'নেহেরু রোজগার যোজনা' এবং 'আরবান বেসিক সার্ভিসেস ফর দি পুওর'—এই দুটি প্রকল্পও নাগরিক জীবনের অত্যাবশ্যক পরিষেবামূলক। এ ছাড়া সরকারের উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের অধীন টাউন ও কান্ট্রি প্ল্যানিং শাখা ডেভেলপমেন্ট অথরিটি গঠন করে নিম্নবর্ণিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব গ্রহণ করেছেন ঃ

যেমন—(ক) হলদিয়াকে একটি সম্পূর্ণ শিল্প-নগরী হিসেবে গড়ে তোলার জন্য কতগুলি সুসংহত প্রকল্প। (খ) আসানসোল-দুর্গাপুর অঞ্চলের উন্নয়ন। (গ) শিলিগুলি-জলপাইগুড়ি অঞ্চলের উন্নয়ন। (ঘ) বীরভূম জেলার শান্তিনিকেতন-শ্রীনিকেতন এলাকার উন্নয়ন। এছাড়া বর্ধমান জেলার বর্ধমান সদর শহরের ও দক্ষিণ ২৪-পরগনা জেলার ফলতা মুক্ত বাণিজ্য অঞ্চলের পরিকল্পনামাফিক উন্নয়নের ব্যবস্থা নেওয়া হচ্ছে। দিঘার উন্নয়ন অধিকতর সুসংহত করার জন্য টাউন ও কান্ট্রি প্ল্যানিং ১৯৭৯ সালের আইন মোতাবেক দিঘা পরিকল্পনা

কর্তৃপক্ষ স্থাপন করা হয়েছে। অষ্টম পরিকল্পনায় দিঘায় পানীয় জল সরবরাহ ও পয়ঃপ্রণালীর উপর জোর দেওয়া হবে।

উক্ত পরিকল্পনাগুলিও অষ্টম পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া রাজ্য সকারের নগর উন্নয়ন বিভাগ 'চিন্তা সিং ভেড়ি' ও তৎসংলগ্ন ২৩৭.৪৪ একর জমি উন্নয়নের প্রস্তাবও অষ্টম পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

নন্দীগ্রামে রিয়েপাড়া সাব-স্টেশন

৪০০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৩৯) **শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের 'রিয়েপাড়া' সাব-স্টেশন নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

(খ) ঐ সাব-স্টেশনটির নির্মাণের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে এই কাজের জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুত পর্ষদ-এর বাজেটে ৫ লক্ষ্য টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) আগামি ডিসেম্বর, ১৯৯৩ সালে ঐ সাব-স্টেশনটির নির্মাণের কাজ শেষ হবে বলে আশা করাা যায়।

Adjournment Motion

Mr. Speaker : To-day I have received one notice of Adjournment Motion from Shri Sudip Bandyopadhyay on the subject of disruption of normal civic life in Calcutta due to heavy rainfall.

The subject matter of the Motion does not call for adjournment of the business of the House. The Member may call the attention of the concerned Minister through calling attention, mention, etc.

I, therefore, withhold my consent to the Motion. The Member may, however, read out the text of the Motion as amended.

(noise)

(At this stage Members of the Congress (I) Bench walked out of the Chamber.)

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received two notices of Calling Attention, namely :-

(1) Latest position of Bhaluka Fulahar Embankment due to heavy rain in North Bengal.	: Shri Birendra Kumar Moitra
(2) Alleged death of a person on 23rd June, 1992 under police custody resulting in agitation at Taranipur in Tehatta P.S. under Nadia district.	: Shri Tapan Here

I have selected the notice of Shri Tapan Hore on the subject of Alleged death of a person on 23rd June, 1992 under police custoday resulting in agitation at Taranipur in Tehatta P.S. under Nadia district.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : The Statement will be made on the 25th June.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now the Minister-in-charge of Irrigation and Waterways Department to make a statement on the subject of beginning of work of the flood protection dam over river Jalangi at Nadia.

(Attention called by Shri Chittaranjan Biswas on the 4th June, 1992).

Shri Ganesh Chandra Mondal :

Hon'ble Speaker Sir,

Irrigation & Waterways Department, Government of West Bengal, is not aware about the flood protection bundh of the river Jallangi under the Ganga Action Plan. A comprehensive flood control scheme for protection of the areas from flooding of river Jallangi, Bhairab and Sialmari in the district of Murshidabad and Nadia has been prepared and under examination of Ganga Flood Control Commission. The estimated cost of the scheme is approximately 491 lacs as per 1990-91

estimate.

The schemes are prepared to prevent pollution of river Ganga under Ganga Action Plan and under the Ganga Action Plan generally three types of schemes are prepared such as (a) structures for prevention of pollution (b) structures for treatment of the polluted water and (c) protection work of such structures constructed under the sub-head (a) & (b). Under Ganga Action Plan bank protective works and protection of the Ghats at certain places have been executed for protection of the structures constructed under (a) and (b).

Laying of Report and Accounts

Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the years 1989-90 and 1990-91.

Shri Bidyut Ganguly : Sir, with your permission I beg to lay the Annual Report and Accounts for the years 1989-90 and 1990-91 which incorporate the Audit Report and Comments of the Comptroller and Auditor General of India on the working and affairs of the West Bengal Industrial Development Corporation Limited.

Annual Accounts and Audit Reports for the years 1984-85 to 1989-90 of the West Bengal Industrial Infrastructure Development Corporation

Shri Bidyut Ganguly : Sir with your permission, I beg to lay the Annual Accounts and Audit Reports for the years 1984-85 to 1989-90 which incorporate and Comments of the Accountant General (Audit-I), West Bengal on the working and affairs of the West Bengal Industrial Infrastructure Development Corporation.

The Annual Reports and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1990-91

Shri Bidyut Ganguly : Sir, with your permission, I beg to lay the Annual Reports and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1990-91, which incorporate the Audit Report and the Comments of the Comptroller and Auditor General of India on the working and affairs of the said Corporation.

The Annual Statement of Accounts and the Audit Report thereon of the Durgapur Projects Limited for the year 1990-91

Shri Prabodh Chandra Sinha : Sir, with you permission, I beg to lay the Annual Statement of Accounts and the Audit Report thereon of the Durgapur Projects Limited for the year 1990-91.

The Annual Report of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the year 1985-86

Shri Probodh Chandra Sinha : Sir, with your permission, I beg to lay the Annual Report of the working and affairs of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the year 1985-86

ZERO HOUR

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে কয়েকদিন ধরে আলোচনা হচ্ছে এবং আগামি পরশুদিন আমাদের ভারতবর্ষের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ দিন—২৬ তারিখ। কিন্তু ক্রমাগতভাবে ঘটনা প্রবাহ যে দিকে এগিয়ে চলেছে তাতে এই হাউস থেকে যে আশঙ্কা প্রকাশ করা হয়েছে—একটু আগে সুদীপ বন্দ্যোপাধ্যায় বলছিলেন যে, মাননীয় বিরোধী দলনেতা সিদ্ধার্থশঙ্কর রায় আসবেন—তাতে আপনি যদি তাঁকে এই বিষয়ে বলতে বলেন। বিষয়টি হল, তিনবিঘা—যেটা কার্যকর হতে চলেছে, সেখানে গত কাল বি. জে. পির পক্ষ থেকে গিয়েছিলেন এবং আজকে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী নটবর সিং এর নেতৃত্বে কংগ্রেস সেখানে যাচ্ছে। সৌগত রায় সেখানে গিয়েছিলেন। তাঁর ভূমিকা নিয়ে ইতিমধ্যে আলোচনা হয়েছে। সিদ্ধার্থশঙ্কর রায় এবং সৌগত রায়—তাঁদের যে ভূমিকা তাতে বি. জে. পি কেই সাহায্য করছে, কাছাকাছি নিয়ে এসেছে। সুতরাং ঐ চুক্তি কার্যকর করবার ক্ষেত্রে যাতে কোনওরকম বাধা না আসতে পারে, যড়যন্ত্র না হতে পারে, তারজন্য প্রশাসনকে তৎপর হতে হবে এবং বিরোধী দলনেতাকে বলতে হবে—বি. জে. পির মতো সাম্প্রদায়িক দলের সঙ্গে তাঁদের কোনওরকম আঁতাত নেই। (.....**এই সময় বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ সভায় প্রবেশ করেন...**) আজকে তিনবিঘা চুক্তিকে লন্ডভন্ড করবার জন্য সিদ্ধার্থশঙ্কর রায় এবং সৌগত রায় এবং কংগ্রেসের একটি গোষ্ঠী সক্রিয় হয়ে উঠেছে। এই ষড়যন্ত্রের বিরুদ্ধে প্রশাসনকে কঠোরভাবে ব্যবস্থা গ্রহণ করবার জন্য দাবি জানাচ্ছি। আজকে মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায়কে সোচ্চার ভাবে বলতে হবে ; যখন তাঁর বিরুদ্ধে নানা ধরনের কথা উঠেছে তখন তাঁকে বলতে হবে—'এই চুক্তি আন্তরিকভাবে কার্যকর করতে হবে, এর বিরুদ্ধে কোনও ষড়যন্ত্র হয়নি।' তা যদি না বলেন বুঝব বি. জে. পির সঙ্গে সহযোগিতার যে কথা উঠেছে তা যথার্থ। কাজেই সততার নিদর্শন হিসাবে তাঁর এখানে বলা উচিত। তাদের ভূমিকা ভাল নয়। বি. জে. পি'র সঙ্গে নতুন করে আঁতাত করার চেষ্টা করছে, লন্ড-ভন্ড করার চেষ্টা করছে। তিন বিঘা আন্তরিকভাবে কার্যকর করার জন্য অন্তত পক্ষে মাননীয় বিরোধী দলের নেতা এই মুহূর্তে এখানে আসুন এবং এখানে এসে বলুন যে সাম্প্রদায়িক দলের সঙ্গে আমাদের কোনও সম্পর্ক নেই। আজকে সৌগত রায়ও সেখানে গেছেন। তাদের এসব ভূমিকা রহস্যজনক বলে মনে হচ্ছে। আমি দাবি করছি যে সিদ্ধার্থশঙ্কর রায়কে এখানে এসে বলতে হবে, সৌগত রায়কে এখানে এসে বলতে হবে। আজকে এই

ব্যবস্থাকে কার্যকর করার জন্য সমস্তরকম প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। প্রশাসনের কাছে আমি আবেদন করব যে কংগ্রেসি নেতা হোক, আর যেই হোক, এই ব্যাপারে যারা বাধা দেবার চেষ্টা করবেন, লন্ড-ভন্ড করার চেষ্টা করবেন তাদের গ্রেপ্তার করতে হবে। আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করছি। আপনি জানেন যে এই রাজ্যে বাস, মিনি বাস, ট্যাক্সি পরিবহনের ভাড়া বৃদ্ধি সম্পর্কে মূল্যায়ন করে দেখার জন্য রাজ্য সরকার একটা তদন্ত কমিটি নিয়োগ করেছিলেন, পি. এন. রায় কমিটি সেই কমিটি সম্প্রতি একটা সুপারিশ করেছেন। আমি পরিবহন মন্ত্রীর মাধ্যমে জেনেছি, সেই কমিটি সর্বস্তরে বাস, মিনি বাস, ট্যাক্সির ভাড়া বৃদ্ধির জন্য সুপারিশ করেছেন। বাসের ভাড়া ২০ পয়সা বৃদ্ধির জন্য সুপারিশ করেছেন। আপনি জানেন যে ১৯৯০ সালে সরকার যে ভাবে ভাড়া বৃদ্ধি করেছিলেন, সেই অন্যায়ের বিরুদ্ধে গোটা পশ্চিমবঙ্গ আন্দোলনে ফেটে পড়েছিল। সেই সময়ে মাধাই হালদারকে গুলি করেও সেই আন্দোলনকে স্তব্ধ করতে পারেনি। সেই শিক্ষা মাথায় রেখে আজকে ভাড়া বৃদ্ধির যে সুপারিশ তদন্ত কমিটি করেছেন, সেটাকে কার্যকর করার আগে এই সরকার এটাকে পুনরায় বিবেচনা করবেন এবং ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত থেকে বিরত হবেন, এই দাবি আমি সরকারের কাছে করছি।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ [* * * * * * * * * * *]

মিঃ স্পিকার ঃ উনি শপথ নিয়েছেন, কোনও বক্তব্য রাখেননি। নাথিং উইল বি রেকর্ডেড। নট অ্যালাউড।

শ্রী লক্ষ্মণ শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই রাজ্যের শিল্প বাণিজ্য দপ্তরের মন্ত্রীর প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, একটা আশঙ্কা বারেবারে হচ্ছে। ভারত সরকার পশ্চিমবঙ্গে যে তেলের ভান্ডার আছে সেটা অনুসন্ধান করছে না। আমার নির্বাচনী এলাকা সুতাহাটায় বালেশ্বরচক গ্রামে, শালুকখালি গ্রামে এক ধরনের প্রাকৃতিক গ্যাস পাওয়া যাচ্ছে, মাটির নিচে থেকে নির্গত হচ্ছে। ওখানে ছেলেমেয়েরা বনভোজন করতে গিয়ে গ্যাস দিয়ে রান্না করেছে। এই ব্যাপারে ও. এন. জি. সিকে বলা হয়েছে কিন্তু তারা কোনও ব্যবস্থা গ্রহণ করছে না। ওখানে প্রচুর গ্যাস বের হচ্ছে মাঝেমাঝে তেল ভেসে উঠছে। শালুকখালি গ্রামে গঙ্গা নদীর তীরে এগুলি দেখা গেছে। আমরা ও. এন. জি. সি. কে এই ব্যাপারে বলেছি কিন্তু সাম্রাজ্যবাদী শক্তির চাপে আমাদের ভারতবর্ষের অভ্যন্তরে যে তেলের ভান্ডার আছে সেটা তারা অনুসন্ধান করছে না। বেঙ্গল বেসিন-হলদিয়া থেকে স্যান্ডহেড পর্যন্ত বিস্তৃত বঙ্গোপসাগরের মাটির নিচে তেল আছে। আমি নির্দিষ্টভাবে কয়েকটি জায়গার কথা বলছি, আমার নির্বাচনী কেন্দ্রের সুতাহাটায় শালুকখালি গ্রামে একেবারে হুগলি নদীর পাশে এই গ্যাস বের হচ্ছে এবং এই গ্যাস দিয়ে ছেলেরা বনভোজনের রান্না করেছে। রাস্তায় অনেক জায়গায় তেল ভেসে উঠেছে। আমি

NOTE : *Expunged as ordered by the Chair

এই বিষয়ে রাজ্যের শিল্প বাণিজ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য।

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় স্পিকার স্যার, ৩ বিঘা নিয়ে এখানে অনেকে অনেক কিছু বলেছেন, আজকে রবীনবাবু বললেন। আমরা কালকে গিয়ে আমাদের লেভেলে খবর নেওয়ার চেষ্টা করছি। আমরা যে খবর পেয়েছি তাতে মনে হয়েছে কালকে হাউসে অসত্য সংবাদ পরিবেশন করা হয়েছে এবং আজকে রবীনবাবু অসত্য সংবাদ পরিবেশন করে কংগ্রেস দলকে হেয় করবার চেষ্টা করছেন। এ. আই. সি. সি-র দল কালকে তাঁরা যাননি, আজকে সকালে তাঁরা যাচ্ছেন। তাঁরা কিন্তু কোথাও বলেননি যে তাঁরা ৩ বিঘা চুক্তি রূপায়ণে বাধা দেবেন, এটা যাতে কার্যকর না হয় তার চেষ্টা করবেন। আমরা যেটা বার বার বলেছি, এখানে বি. জে. পি বা অন্য রাজনৈতিক দলের প্রশ্ন আসছে না, কংগ্রেস দলের পক্ষ থেকে বার বার বলেছি কংগ্রেস দলের প্রধানমন্ত্রী এই চুক্তি করেছেন, পররাষ্ট্রমন্ত্রী থাকাকালীন মডিফায়েড চুক্তি করেছিলেন—চুক্তি রূপায়ণ আমরা করতে চাই। কিন্তু সেখানকার মানুষের সেনটিমেন্ট হার্ট না হয় সেটা দেখা দরকার। দুর্ভাগ্যের বিষয় রাজ্য সরকারের প্রতিনিধি সেখানে কোনও দিন এখনও যাননি। কংগ্রেসের লোক সেখানে গিয়েছে, তাদের বক্তব্য শুনেছে। সেখানকার মানুষের সেনটিমেন্ট হার্ট না হয় সেটা চেষ্টা করা হয়েছে। মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা বি. জে. পি-কে বন্ধু হিসাবে পেয়ে আসল জিনিস থেকে দূরে সরে যাচ্ছেন এটাই দুর্ভাগ্যের বিষয়।

Dr. Manas Bhunia : (was not present in the House)

Sri Rabindranath Ghosh : (was not-present in the House)

শ্রী তপন হোড় ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের বোলপুর মহকুমার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিচারমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৪ সালে বোলপুর মহকুমা হবার পর ১৯৮৮ সালের আগস্ট মাসে সেখানে অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট জাজ অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়। তারপর থেকে আজকে ১৯৯২ সাল পর্যন্ত এই অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট জাজ থাকা সত্ত্বেও সেখানে কিন্তু সেশন পাওয়ার দেওয়া হয়নি। এই সেশন পাওয়ার না দেওয়ার ফলে দেখা যাচ্ছে যে সবাইকে জেলা সদর সিউড়িতে যেতে হচ্ছে। বোলপুর মহকুমায় ৪টি থানা হয়েছে, ইলামবাজার, নানুর, বোলপুর এবং লাভপুর এই দিকে জনসংখ্যা ব্যাপক অংশ থাকে বীরভূম ডিস্ট্রিক্টের, তাদের সিউড়ি যেতে হচ্ছে বিভিন্ন কেসের জন্য। তাতে অর্থনৈতিক সমস্যার সৃষ্টি হচ্ছে, যাতায়াতের সমস্যার সৃষ্টি হচ্ছে। এখানকার মানুষের দীর্ঘ দিনের দাবি ছিল এটা। ১৯৮৮ সাল থেকে অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট জাজ হবার পর দেখতে পাচ্ছি সেখানে সেশন পাওয়ার দেওয়া হয়নি। সেশন পাওয়ার না দেওয়ার ফলে বোলপুর মহকুমার ব্যাপক অংশের মানুষের বিভিন্ন ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। আমি এই ব্যাপারে মাননীয় বিচারমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যাতে অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট জাজকে সেশন পাওয়ার দেওয়া হয়।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বালিগঞ্জ উপনির্বাচনে কংগ্রেস

নির্বাচন বয়কট করেছিল অগণতান্ত্রিকভাবে সম্পূর্ণ প্রশাসনকে কুক্ষিগত করে ৩০ হাজার ভোটে সি. পি. এম প্রার্থী জয়যুক্ত হয়েছে। এতে সারা রাজ্যের মানুষ ধিক্কার দিচ্ছে, থুতু ফেলেছে। সারা বাংলাদেশের মানুষ বলছে এখানে গণতন্ত্রের সলিল সমাধি রচনা করেছেন। এই অগণতান্ত্রিক কাজের জন্য আপনাদের ধিক্কার জানাচ্ছে। এটা বাংলাদেশের ইতিহাসে গণতন্ত্রের কালা দিবস হিসাবে চিহ্নিত থাকবে। রাজ্যের ডি.ওয়াই.এফ.আই নেতৃত্বের নেতা, তাঁকে এইভাবে নির্বাচনে জয়যুক্ত হয়ে আসতে হয়েছে!

[11-20 — 11-30 A.M.]

স্বপন চক্রবর্তীর বুকের রক্ত, রিগিং, বুথ জ্যাম, প্রশাসনকে কুক্ষীগত করে পুলিশ প্রশাসনকে হাত করার যে নজির দেখিয়েছেন তা আজকে পশ্চিমবাংলার সংসদীয় গণতন্ত্রে সব থেকে লজ্জার। তাকে ধিক্কার জানাই। এই রাজ্য সরকার সংসদীয় গণতন্ত্রের পক্ষে মারাত্মক ক্ষতিকারক সরকার বলে কংগ্রেস চিহ্নিত করবে। আগামীদিনে এদের চরিত্র উদঘাটনে আমরা সক্রিয় থাকব।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যবাসীর যে আশঙ্কা তা সকলের কাছে তুলে ধরছি। সম্প্রতি বিশ্ব ব্যাঙ্কের কর্তৃপক্ষ যারা ইন্ডিয়া গভর্নমেন্টের উপরে নানা খবরদারী ও নজরদারী করছে, তারা বলছে যে বিদায় নীতি এখানে নাকি ঢিলেঢালা ভাবে চালু করেছেন। সঙ্গত কারণে আমাদের আশঙ্কা, এখানে শিল্পমন্ত্রী উপস্থিত আছেন, তাঁকে অনুরোধ করব, বিদায় নীতিকে কড়াকড়ি করে কার্যকর করার জন্য—ইন্ডিয়া গভর্নমেন্টকে কড়া দাওয়াই দেবার কথা বলেছেন। এই অবস্থায় রাজ্যবাসী, বিশেষ করে সংগঠিত কর্মচারী যাঁরা সেক্টরে কাজ করছেন তাঁদের উপরে আই. এম. এফ. মনিটরিং করার যে কথা বলছেন, যে সমস্ত জায়গায় দুর্বলতা আছে সেই সমস্ত ক্ষেত্রে রাজ্য সরকার-এর পক্ষ থেকে কিছু ব্যবস্থা নেওয়া দরকার।

শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি একটি ব্যাপারে যে, গত ৮ই জুন নদীয়া জেলার কুলগাছি বাস স্ট্যান্ডের মোড়ে পুলিশ বিনা প্ররোচনায় দু'জনকে গুলি করে। সেখানে জালাল শেখ এবং তেঁতুল পালের মধ্যে চল্লিশ টাকা পাওনা নিয়ে একটা বচসা হয়। তাদের বাড়ি হল ছোট নলদাতে, কুলগাছি থেকে এক মাইল দূরে। তাদের মধ্যে যখন বচসা হয় তখন লোকেরা আটক করে পঞ্চায়েত প্রধানকে খবর পাঠান। ছোট নলদাতে একটা পুলিশ ক্যাম্প ছিল। সুব্রত মিত্র, নারায়ণ সাঁতরা—হাবিলদার এবং আরও একজন পুলিশ কিছু বি. জে. পি. সমর্থক নিয়ে আসে এবং ঐ কুলগাছির মোড়ে বিনা প্ররোচনায় হাসিনা বেওয়া, ৪৫ বছর বয়স এবং তানু শেখ, ১৩-১৪ বছরের এক বাচ্চাকে গুলি করে মারে। পুলিশের ভয়ে যখন ওখান থেকে সমস্ত লোক চলে যায় তখন ১৪-১৫টি দোকানপাট পুলিশের উপস্থিতিতে ভাঙচুর করে। সেখানে ছোট চাঁদঘরের আরিজুলকে পুলিশের সামনে লোকজন ধরে। মহিরুদ্দিন বলে একজন হকারি করে বাড়ি ফিরছিল, আহাদ শেখ নামে একজনের ঘরে নিয়ে গিয়ে তাকে নির্মমভাবে খুন করা হয়েছে। তেহট্ট থানার ও. সি. খবর দেয় যে ওকে খুন করা হয়নি, ওকে অ্যারেস্ট করে চালান দেওয়া হয়েছে কৃষ্ণনগরে। কিন্তু ১৩ তারিখ রাত্রিতে তার

মৃতদেহ জার্মাণচাপ অবস্থায় পাওয়া যায়। এই ঘটনার আমি বিচার বিভাগীয় তদন্ত দাবি করছি এবং পুলিশের গুলিতে নিহতদের ক্ষতিপূরণ দাবি করছি এবং দোষীদের শাস্তি দাবি করছি।

শ্রী মানিক ভৌমিক ঃ (উপস্থিত ছিলেন না)

শ্রী অজয় দে ঃ স্যার, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ৮ই জুন জাকাত ভাঙ্গী নামে একজন পঞ্চাশ বছরের প্রৌঢ় মানুষকে বিষ খাইয়ে হত্যা করা হয়েছে। ডাক্তারের রিপোর্টে ধরা পড়েছে যে ফোর্সিবলি বিষ খাওয়ানো হয়েছে। তাঁর ভাই ৮ তারিখে শান্তিপুর থানায় একটি ডায়েরি লিপিবদ্ধ করেন এবং তারপর শান্তিপুর থানা থেকে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও রোগীর কাছ থেকে কোনও রকম স্টেটমেন্ট নেওয়া হয়নি। ১০ তারিখে তিনি মারা গেলেন। ঐ ১০ তারিখে আবার তাঁর ভাই অভিযোগ করেছিলেন। ডাক্তারের রিপোর্ট এসেছে অথচ শাসকদলের চাপে আজকে পুলিশ নিষ্ক্রিয় ভূমিকা গ্রহণ করছে, কাউকে গ্রেপ্তার পর্যন্ত করেনি। গোটা পশ্চিমবাংলায় আজকে শাসকদলের অঙ্গুলি হেলনে পুলিশি রাজ চলছে। আমি এখানে দায়িত্ব নিয়ে বলছি যে, এফ. আই. আর.-এ নাম করে অভিযোগ লিপিবদ্ধ করার পরেও সি. পি. এম. পার্টির আশ্রয়পুষ্ট ও মদতপুষ্ট হওয়ায় অভিযোগ করা সত্ত্বেও আজ পর্যন্ত কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমি এর প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তীব্র ধিক্কার জানাচ্ছি।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় যদিও এটা বিতর্কিত বিষয় নয় তবু উপস্থাপন করছি আপনার মাধ্যমে, বিষয়টি হল সম্প্রতি ইউরোপীয়ান চ্যাম্পিয়ানশিপ বক্সার প্রতিযোগিতা চলছে। আমরা জানি এর আগে ক্রিকেট এবং টেনিসের ক্ষেত্রে যে সেমি ফাইনাল খেলা হত সেগুলো লাইভ টেলিকাস্ট করা হত। সেখানে ফুটবল হচ্ছে কোটি কোটি মানুষের জনপ্রিয় খেলা। কিছুদিন আগে ওয়ার্ল্ড কাপের বেলাতেও লাইভ টেলিকাস্ট হল। অথচ এই ফুটবল খেলায় সেমি ফাইনালের লাইভ টেলিকাস্ট করা হল না। আমরা এর তীব্র প্রতিবাদ জানাই এবং অত্যন্ত গর্হিত কাজ বলে মনে করি। সেমি ফাইনালের তো লাইভ টেলিকাস্ট করা হল না, অন্ততপক্ষে আগামী শুক্রবাদ ফাইনাল খেলা, সেদিন যেন লাইভ টেলিকাস্ট করা হয় তারজন্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর কাছে আবেদন রাখছি। পশ্চিমবঙ্গসহ সারা ভারতবর্ষের কোটি কোটি ক্রীড়ামোদি মানুষেরা যাতে এই খেলা দেখতে পায়। বিশেষ করে ছেলেরা, যারা এই খেলার থেকে শিক্ষা গ্রহণ করতে পারবে তাদের জন্য এই ব্যবস্থা যেন করা হয়। কারণ পশ্চিমবঙ্গ এক সময়ে ফুটবল খেলার ক্ষেত্রে আন্তর্জাতিক সুনাম রেখেছিল, কিন্তু বর্তমানে সেই সুনাম ক্রমশ নষ্ট হয়ে যাচ্ছে। সুতরাং আগামী শুক্রবার এই ফাইনাল খেলাটি যাতে লাইভ টেলিকাস্ট করা হয় এবং ক্রীড়ামোদীরা দেখতে পায় সেই আবেদন রাখছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় বিদ্যুত মন্ত্রী এই বিধানসভাতে আশ্বাস দিয়েছিলেন যে কোথায় ২৪ ঘন্টার মধ্যে ১ ঘন্টার বেশি লোডশেডিং থাকবে না।

আমাদের নদীয়া জেলার সর্বত্র প্রচন্ড লোডশেডিং চলছে। কিন্তু একটা জিনিস আমরা লক্ষ্য করছি যে, ওখানে ৩ মাস অন্তর অন্তর নদীয়া জেলায় সর্বত্র যে বিল আসছে তাতে বিদ্যুতের রিডিংয়ের মিটারে অসঙ্গতি দেখা যাচ্ছে। বিদ্যুত কর্মীরা বাড়ি বাড়ি ঠিকমতো যান না? যেদিন যে ডেটে যাওয়ার কথা সেই ডেটে যান না এবং একটা ভুয়ো বিল বসিয়ে দেন। তার পরিপ্রেক্ষিতে গ্রাহকরা যখন টাকা জমা দিতে যায় তাদের পক্ষে প্রচন্ড অর্থনৈতিক চাপ আসে, কারণ ওই বিদ্যুত কর্মীরা যে রিডিং যে টাকা ধার্য করেন তা ঠিক মিটার ধরে ধার্য করা হয় না। গ্রাহকরা যখন বিদ্যুত কর্মীদের সঙ্গে এই নিয়ে বলতে যান তখন ওই বিদ্যুত কর্মীরা গ্রাহকদের সঙ্গে অত্যন্ত অশালীন ব্যবহার করেন। সুতরাং এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই বিদ্যুত কর্মীরা বিলের রিডিংয়ের ক্ষেত্রে যা খুশি অঙ্কের পরিমাণ ধার্য না করেন সেইদিকে যেন তিনি দৃষ্টি দেন।

শ্রী সুভাষ বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা কাগজে দেখেছেন যে গত সোমবার সন্ধ্যাবেলায় যিশু মল্লিক এবং সুনীল মল্লিককে বাজার থকে বাড়ি ফেরার পথে প্রথমে ছোট ছেলে যিশু মল্লিককে এবং পরে সুনীল মল্লিককে গুলি করে মেরে ফেলা হল। ঘটনাটি ঘটেছে কল্যানী থানার অন্তর্গত সগুনা গ্রাম পঞ্চায়েতের অধীনে। তাদের সঙ্গে কারুর কোনও ঝগড়া ছিল না, কোনও গণ্ডগোল ছিল না। কিন্তু ওই কংগ্রেস গুন্ডারা এবং নেতৃস্থানীয়রা দাঁড়িয়ে থেকে ওদের নৃশংসভাবে গুলি করে মারল। এইভাবে এই কংগ্রেস গুন্ডারা সর্বত্র অশান্তির সৃষ্টি করছে এবং গুলি করে খুন করছে। পঞ্চায়েত নির্বাচন যতো এগিয়ে আসবে ততই ওরা সর্বত্র খুন জখম করে বেড়াচ্ছে। আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অপরাধিদের কঠোর শাস্তির দেওয়ার ব্যবস্থা করা হয়। পশ্চিমবঙ্গ হচ্ছে শান্তিপূর্ণ রাজ্য, তাতে যেন অশান্তি ওরা সৃষ্টি করতে না পারে তার দিকে নজর দিতে হবে।

শ্রী দীপক সেনগুপ্ত ঃ মাননীয় স্পিকার স্যার, আমরা সকলেই এই বিধানসভাতে আমরা সব দলের সদস্যরা যে কোনওভাবেই হোক তিন বিঘা নিয়ে আমরা আমাদের উদ্বেগ প্রকাশ করেছি। এবং এই অস্বীকার করা যাবে না যে গত তিনটি মাস বিশেষ করে লোকসভায় এই ২৬ তারিখ-এর ঘোষণার পরে যে তিনটি মাস সময় গিয়েছে এই তিন মাসের মধ্যে আমরা যদি সকলে একমত হয়ে কুচলিবাড়ি এলাকার মানুষকে আশ্বস্ত করতে পারতাম তাহলে আজকে যে সংবাদ এসেছে কুচলিবাড়ি এলাকায় বিশেষভাবে মানুষ ঘরবাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নিচ্ছেন এই অবস্থা হত না। গত ১৪ তারিখে ঐ এলাকায় গুজব রটে গিয়েছিল, গতকালও একটা গুজব রটেছে লোক মারা গেছে পুলিশের গুলিতে। যারা এই চুক্তি কার্যকর করার বিরুদ্ধে তারা যে কোনওভাবেই হোক তাদের ১।২টি মৃতদেহ না পেলে সেই রকমভাবে তারা আন্দোলনকে উজ্জীবিত করতে পারছে না, তাই এই ব্যাপারে একটা চক্রান্ত চলছে। মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। নানারকম গুজবের মধ্যে দিয়ে ১৭ হাজার মানুষের বসবাসকারী এই যে কুচলিবাড়ি অঞ্চল এখানকার সমস্ত মানুষ অন্যত্র আশ্রয় নিয়েছে, শুধু এলাকায় এক দেড় হাজার পুরুষ মানুষ তারা বসবাস করছেন। চাষবাস সেখানে নষ্ট হয়ে গেছে, এই কথা

ঠিক জনসাধারণ ধরেই নিয়েছে প্রশাসন যে একেবারে তাদের বিরুদ্ধে সেটা আদৌ সত্য নয়। সেই জন্য মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করব এবং পরিষদীয় মন্ত্রীর মাধ্যমে অনুরোধ করব মন্ত্রিসভা থেকে অবিলম্বে ঘোষণা করা প্রয়োজন যে ২৬ তারিখে চুক্তি কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে বিশেষ করে গোটা মাস ধরে অন্তত এলাকার ১৭ হাজার মানুষ তারা যাতে বিনা পয়সার তাদের রেশন সংগ্রহ করতে পারেন, কৃষি কার্যের প্রয়োজনীয় সাহায্য তারা পেতে পারেন এই ব্যবস্থাগুলি সরকারি দপ্তর, খাদ্য দপ্তর, রিলিফ দপ্তর থেকে এবং মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে আগামী দিনে ঘোষণা করে দেওয়া দরকার যাতে লোকেরা ২৬ তারিখের চুক্তির পরে আশ্বস্ত হতে পারে যেটা আমরা মুখে বলেছি, সেটা যদি সত্যি সত্যি হয় তাহলে ২৬ তারিখে যে তিনবিঘা চুক্তি হবে সেটার তারা আশ্বস্ত হবে এবং এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে আগামী দিনে একটা ঘোষণা হওয়া দরকার এবং আমি অনুরোধ করছি একটা মাস বিনা পয়সায় এলাকায় রেশন দেওয়া দরকার, কৃষিকার্যের উন্নতি করতে গেলে প্রয়োজনীয় সাহায্য দেওয়া দরকার এবং স্কুল কলেজগুলি যাতে তাড়াতাড়ি খোলে সেই ব্যাপারেও আমি আপনার মাধ্যমে এবং পরিষদীয় মন্ত্রীর মাধ্যমে রাজ্য সরকারের কাছে আমি দাবি করছি।

মিঃ স্পিকার ঃ মিঃ প্রবোধচন্দ্র সিন্‌হা দীপক, সেনগুপ্তবাবু যে কথা বললেন ঐ এলাকায় কিছু লোকজন যারা গ্রামের বাড়ি ছেড়ে চলে গেছেন, এই ব্যাপারে আপনি মুখ্যমন্ত্রীর সঙ্গে বসে আলোচনা করুন কিছু লোকের জন্য ত্রাণ সাহায্য করতে হতে পারে, সেই ব্যাপারে আপনি একটু দেখুন।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় দীপক সেনগুপ্ত মহাশয় যে প্রশ্নটা তুলেছেন এবং গত কয়েকদিন ধরে যেটি সংবাদপত্রে দেখা গেছে সেটা নিশ্চয় আমাদের সকল-এর পক্ষ থেকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা দরকার। কুচলিবাড়ির লোকেরা তারা আতঙ্কগ্রস্থ হয়ে বিভ্রান্ত হয়ে এখানে চলে আসছে, তাদের পুনর্বাসনের ব্যাপারে তারা যেন আগামী দিনে দুর্দশার মধ্যে না পড়েন এর জন্য আমি মুখ্যমন্ত্রী ও অন্যান্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করব।

EXTENTION OF TIME TO AD-HOC COMMITTEE

মিঃ স্পিকার ঃ এবারে আমাদের যে অ্যাসেম্বলির বিভিন্ন কমিটি আছে সেই ব্যাপারে বলি। যেহেতু আমাদের অ্যাসেম্বলির সেশন ২৬ তারিখে শেষ হয়ে বন্ধ হবে, সেইজন্য আমাদের এই কমিটিগুলির যে মেয়াদ আছে থার্ড সেপ্টেম্বর পর্যন্ত, যেহেতু ঐ সময়ে অ্যাসেম্বলি নাও চলতে পারে, সেইজন্য যাতে কোনওরকম কাজকর্মের অসুবিধা না হয়, কারণ নূতন করে গঠন না হলে অসুবিধা হতে পারে, সেইজন্য আমি একটা রেজলিউশন মুভ করছি আশাকরি আপনারা সকলে সমর্থন করবেন। I beg to move the following motion that—

"Whereas the term of the office of the Members of all the Assembly Committees, Constituted on the 4th September, 1991 shall expire on

the 3rd September, 1992;

And whereas a convention has developed to reconstitute all the Committees on the same date while the House is in session;

And whereas there may not be any session just before the 3rd September, 1992;

The House is , therefore, of opinion that—

Notwithstanding anything contained in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly or Resolutions or Motions, as the case may be, in so far as they relate to the constitution of different Assembly Committees, the term of the office of the Members of all the Assembly Committees including the Ad-hoc Committee on the questions of Subject Committees be, therefore, extended upto the 31st May, 1993."

The motion was then put and agreed to.

LEGISLATION

The Calcutta University (Amendment) Bill, 1992

Shri Satya Sadhan Chakraborty : Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1992.

(Secretary then read the title of the Bill)

Shri Satya Sadhan Chakraborty : Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1992, be taken into consideration.

মি স্পিকার : আপনার কোনও বক্তব্য থাকলে সংক্ষেপে দিতে পারেন,

Shri Satya Sadhan Chakraborty : This Bill is of very technical nature. I think I have very little to say. It is of very technical nature, there is nothing substantial.

শ্রী সঞ্জীবকুমার দাস : মাননীয় স্পিকার মহাশয়, আমাদের উচ্চশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯২ যে হাউসে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি না। এই বিলে কয়েকটা নতুন জিনিস আনা হয়েছে। নতুন জিনিস আনবার চেষ্টা করেছেন। ফ্যাকালটি কাউন্সিল অফ পোস্ট গ্র্যাজুয়েটস স্টাডিস—নারসিং, হোমিওপ্যাথি, আয়ুর্বেদকে আনা হয়েছে। এটা একটা খুব ভাল পদক্ষেপ। কিন্তু আমি মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বিনীতভাবে নিবেদন করতে চাই, আজকে হোমিওপ্যাথি ফ্যাকালটির মধ্যে আনলে এখানেই যদি শেষ হয়ে যায় তাহলে কিন্তু বিলের আসল উদ্দেশ্য

সাধিত হবে না। আমাদের এই হোমিওপ্যাথি সায়েন্সটা যখন অ্যালোপ্যাথির সঙ্গে কমপিটিটিভ ওয়েতে চলতে পারে তার ব্যবস্থা করতে হবে। হোমিওপ্যাথিতে যাতে আরও রিসার্চ করে, গবেষণা করে উন্নতমানে পৌঁছানো যায় তারজন্য ব্যবস্থা করতে হবে। এই ব্যবস্থা নিশ্চিতভাবে করতে হবে। আজকে আমরা বিভিন্ন জায়গায়, বিভিন্ন হেলথ সেন্টারে হোমিওপ্যাথি ডাক্তারের অ্যাপয়মেন্টটাকে বাধ্যতামূলক করতে পারি তাহলে হোমিও প্যাথি সায়েন্সটা, এই বিভাগটা আরও উন্নতমানের হবে। আমরা দেখেছি যে, আমাদের গ্রামবাংলায় একটা প্রচলিত শব্দ আছে—যার নেই কোনও গতি সে পড়বে হোমিওপ্যাথি। আমরা যদি এখান থেকে মুক্ত হতে পারি তাহলে হোমিওপ্যাথি সায়েন্স আরও উন্নত হবে। ভাল ছেলেমেয়েরা যদি এই বিজ্ঞানে পড়াশোনা না করেন তাহলে কিন্তু আমরা আসল লক্ষ্যে পৌঁছাতে পারব না। তাই মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, এটা খুব ভাল পদক্ষেপ, কিন্তু এখানে থেমে থাকলে কোনও লাভ হবে না। ভাল ছেলেমেয়েরা যাতে হোমিওপ্যাথি পড়তে পারে তার ব্যবস্থা করতে হবে। তাঁরা যাতে নিশ্চিতভাবে কিছু করে খেতে পারে তার ব্যবস্থা করতে হবে। ইনটেলিজেন্ট বয় যাঁরা, কোথাও কিছু পাচ্ছেন না—তাঁরা যাতে এই ব্যাপারে আগ্রহী হয় তার ব্যবস্থা করতে হবে।

[11-40 — 11-50 P.M.]

আমাদের ভারতবর্ষের একটা পুরাতন পদ্ধতি আর্য়ুবেদ বিজ্ঞানকে এর মধ্যে স্থান দেওয়ার চেষ্টা করেছেন—এটা নিসন্দেহে ভাল জিনিস। আমাদের ভারতবর্ষের অনেক জায়গায় মানুষের বিশ্বাস আয়ুর্বেদের সাহায্যে আমরা রোগমুক্ত হতে পারি। ডঃ রাধাকৃষ্ণণ, আমাদের প্রাক্তন প্রেসিডেন্ট এক জায়গায় বলেছেন যে আয়ুর্বেদ একটা নির্দোষ চিকিৎসা পদ্ধতি। আমি অন্তত পদ্ধতির দিক থেকে তুলনামূলকভাবে নির্দোষ অন্য কোনও চিকিৎসা পদ্ধতি দেখিনি। আমাদের দেশে আয়ুর্বেদ বিজ্ঞান চর্চা ভালভাবে হচ্ছে বলে মনে হচ্ছে না। যদি আয়ুর্বেদ নিয়ে পড়াশোনা করা যায়, গবেষণা করা যায়, উন্নতমানের করা যায়, তার ব্যবস্থা করতে পারলে ভাল হয়। আপনি হোমিওপ্যাথিক কলেজগুলো, আয়ুর্বেদ কলেজগুলোর অবস্থা সম্পর্কে নিশ্চিতভাবে অবহিত আছেন। সেখানে যদি মান উন্নত না করা যায় তাহলে আপনার যা উদ্দেশ্য তা সাধিত হবে না। সেগুলোকে ঠিকভাবে নার্সিং করতে হবে, তাদের চল বাড়াতে হবে। এটা হলে গ্রামবাংলার মানুষ উপকৃত হবে। আজকে আমাদের পশ্চিমবাংলায় এবং অ্যাসেম্বলিতে হাসপাতালে ডাক্তার নেই, ঔষধ নেই বলা হয়ে থাকে। সেখানে কিন্তু আমাদের দেশে যে রিসোর্স তাকে বৈজ্ঞানিক উপায়ে কাজে লাগাতে হবে। তাহলে মন্ত্রী রিলিফ দেওয়ার জন্য এতদিনে যে বিলটা এনেছেন তার উদ্দেশ্য সাধিত হতে পারে বলে মনে করি। একটু বিনীতভাবে বলতে চাই, পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি অর্থাৎ এম. এস. এম. ডি এবং তার ইকুইভ্যালেন্ট ডিগ্রি তাতে অ্যাডমিশন টেস্ট হয়, সেই অ্যাডমিশন টেস্টে এলিজিবল ক্যানডিডেট তারা সবাই সুযোগ পাচ্ছেনা। অনেক সময় দেখা যায় হাইকোর্টে কেস করে তাদের অ্যাডমিশন নিতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, গত দু বছরে এম. এস. এম. ডি পোস্ট-গ্রাজুয়েট স্ট্যান্ডার্ড কতজন ছাত্র অ্যাডমিশন টেস্টে এলিজিবল হয়ে ভর্তি হয়েছিল এবং কতজন ছাত্রকে হাইকোর্টের দ্বারস্থ হয়ে ভর্তি হতে হয়েছিল, সে ব্যাপারে বিস্তারিত তথ্য দিলে সবাই আমরা উপকৃত হতে পারি। আমাদের যে কনভেনশন আছে

তাতে আমাদের মধ্যে যারা পরীক্ষক হবেন ইনটারন্যাশনাল এবং এক্সটারনাল কনজিকিউটিভ টু ইয়ারস পরীক্ষা নেবেন। কিন্তু আমাদের কাছে যতদূর রিপোর্ট এম. এস. এম. ডির একজন পরীক্ষক কনজিকিউটিভ থ্রি ইয়ারস ইন্টারন্যাশনাল এবং এক্সটারনাল পরীক্ষক হিসাবে কাজ করছেন। এটা আমরা কাগজেও দেখেছি। এই ব্যাপারটা কিভাবে হচ্ছে। এর ফলে অনেক ক্ষেত্রে ভেসটেড ইন্টারেস্ট গ্রো করে যাতে ভাল ছেলেরা এম. এস. এম. ডি পড়ার সুযোগ পাচ্ছেন না। সে বিষয়ে লক্ষ্য করতে হবে যাতে আমাদের দেশের গরিব ছেলেদের এম. এস. এম. ডি পড়ার জন্য বাইরে যেতে না হয়। তারা যাতে আমাদের দেশেই পড়তে পারে এবং আমাদের দেশকে সারভ করতে পারে, সেটা লক্ষ্য রাখার জন্য অনুরোধ করছি এবং এই রকম একটা মানসিকতা নিয়ে অনুরোধ করব আমাদের দেশের ছেলেরা যাতে প্রকৃতপক্ষে কোনও গোলযোগের মধ্যে না পড়ে উচ্চশিক্ষায় বঞ্চিত না হয়, এই ব্যাপারটা আপনি দেখবেন। আর এই বিলটা এনেছেন নার্সিংয়ের ব্যাপারে। এই যে ফ্যাকালটি কাউন্সিল ফর পোস্ট-গ্রাজুয়েট স্টাডিস ইন মেডিসিন অ্যান্ড ডেন্টাল সায়েন্স-এর সঙ্গে যুক্ত করেছেন, এটা নিশ্চিতভাবে ভাল। আমাদের বিভিন্ন জায়গা থেকে হাসপাতালে যে নার্সরা আছেন তাদের সম্পর্কে বহু অভিযোগ পাওয়া যায়। তারা ঠিকমতো কাজ করছেন না, রোগীকে ঔষধ ঠিকমতো দেন না, পথ্য দেন না। জানি না, কিভাবে আপনি এত সমস্যাকে মুক্তি দিতে পারবেন। বলা হয়, নার্সকে দিয়ে কাজ হয় না, হাসপাতালে নার্স ঠিকমতো সময় থাকে না, রোগীকে খাবার দেওয়ার কথা দেয় না, রোগীকে ঔষুধ দেওয়ার কথা দেয় না। কলকাতায় নিশ্চয় এইসব অভিযোগ ওঠে। মফস্বলে এইসব অভিযোগ করার সুযোগ নেই, কারণ মফস্বলে নার্সই নেই। আপনি ফ্যাকালিটি কাউন্সিলের মাধ্যমে নার্সিংয়ের যে উন্নতি করতে চান, আমি অনুরোধ করব, ঠিকমতো চয়েস যেন থাকে। মানুষের উপকার করব এই রকম মানসিকতা থাকলে, মানুষের সেবা করতে পারে। এবং অনেক ক্ষেত্রে গ্রামবাংলায় যেটা ছিল সেটা হচ্ছে যারা ওয়েল ট্রেন্ড নার্স তারা অনেক ক্ষেত্রে ডাক্তারদের অভাব মিটিয়ে দিতে পারত। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে পারি যে এখন অনেক ক্ষেত্রে এই ব্যাপারটার অভাব দেখা দিচ্ছে। আপনার উদ্দেশ্য হয়ত আছে, তাদের এরমধ্যে এনে প্রকৃতপক্ষে নার্সিং-এর কোর্সের আপনি উন্নতি করতে চাইছেন কারণ নার্সরা প্রায় ডাক্তারের সমকক্ষ, তায়া মুমুর্ষু রোগীদের মাথার কাছে দাঁড়িয়ে তাদের সেবা করেন কাজেই সেই উদ্দেশ্য নিয়েই আপনি আনতে চাইছেন কিন্তু এই ব্যাপারটাও ভালভাবে দেখা দরকার। আপনি আপনার প্রারম্ভিক ভাষণে যা বলেছেন সেটা হচ্ছে এটা একটা টেকনিক্যাল ব্যাপার, এটা নিয়ে আলোচনার কিছু নেই কিন্তু আমি আপনাকে বলব, এত আত্মতুষ্ট থাকলে হবে না। কারণ এই বিজ্ঞানগুলি এখানেই থেমে থাকলে হবে না। এর যদি গবেষণার কাজ ঠিকমতোন না হয় তাহলে তার ফল মানুষ পেতে পারবেন না। হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদ নিয়ে পোস্ট গ্রাজুয়েট পড়ার মতোন গবেষণা যদি আরও না হয় তাহলে আমরা অ্যালোপ্যাথি সায়েন্সের সঙ্গে কমপিটিশনে নিশ্চিতভাবে কমপিট করতে পারব না। এ ক্ষেত্রে ধীরে ধীরে আমরা পিছিয়ে পড়ব। আমি এই বিলকে সমর্থন করে এই ব্যাপারগুলি আপনার নজরে আনলাম, আশা করি এই ব্যাপারগুলি আপনি আপনার জবাবি ভাষণের সময় পরিষ্কার করে দেবেন।

[11-50 — 12-00 Noon.]

শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সঞ্জিব দাস মহাশয় এই বিলের ওপর কিছু বক্তব্য রেখেছেন, আমিও সেইজন্য কিছু বক্তব্য রাখছি। আমি যে বিলটা হাউসে বিবেচনার জন্য উপস্থিত করেছি সে ব্যাপারে মুশকিল হচ্ছে যে যদিও এখানে হোমিওপ্যাথি, আয়ুর্বেদ এবং অন্যান্য ব্যাপার আছে এটা কিন্তু আমার দপ্তরের অন্তর্ভুক্ত নয়। মাননীয় সদস্য যা আলোচনা করলেন সেটার জবাব একমাত্র স্বাস্থ্য দপ্তরই দিতে পারেন। আমার উচ্চশিক্ষা দপ্তরের দায়িত্ব হচ্ছে, এটা যেহেতু স্বাস্থ্য দপ্তর মেডিক্যাল এডুকেশনটাকে আলাদা করেছেন ফলে ডাইরেক্টার অব মেডিক্যাল এডুকেশন, তার পোস্ট গ্রাজুয়েটে যে ফ্যাকালটি কাউন্সিল আছে মেডিসিন এবং ইত্যাদির জন্য তাকে অন্তর্ভুক্ত করা। অর্থাৎ এতদিন ডাইরেক্টার অব হেল্‌থ সার্ভিসেস ছিল সেখানে এখন মিটিংগুলিতে থাকবেন ডাইরেক্টার অব মেডিক্যাল এডুকেশন। এইজন্যই আমি বলেছি যে এটা টেকনিক্যাল ব্যাপার। অর্থাৎ স্বাস্থ্য দপ্তর থেকে প্রস্তাব উচ্চশিক্ষা দপ্তরে এসেছে এই বলে যে আমাদের দপ্তরের এই ব্যাপারটা বাইফারকেশন হয়েছে এবং যেহেতু এটা শিক্ষার সঙ্গে যুক্ত সেইহেতু ডাইরেক্টার অব হেল্‌থ সার্ভিসেসের জায়গায় বা বদলে ডাইরেক্টার অব মেডিক্যাল এডুকেশন, তিনি এই পোস্ট গ্রাজুয়েটে, ক্যালকাটা ইউনির্ভাসিটির যে ফ্যাকালটি কাউন্সিল আছে সেই মিটিংগুলিতে অ্যাডিশনাল মেম্বার হিসাবে থাকবেন যেটা কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইনে বলা আছে। মাননীয় সদস্য এ ব্যাপারে বলতে গিয়ে যে কথাগুলি বলেছেন সেটা নিশ্চয় আপনি স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করবেন। এই হোমিওপ্যাথি, আয়ুর্বেদের ব্যাপারে নানান অভিজ্ঞতা নিয়ে আপনি তাদের সঙ্গে আলোচনা করবেন কারণ আমি এর যথাযথ উত্তর দিতে পারব না। মাননীয় সদস্য মহাশয় ভর্তির ব্যাপারে যেটা বলেছেন সে ব্যাপারে বলি, সাধারণত দেখা যায় যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে যে কোনও ভর্তিতে যতজন আবেদন করেন তারা সকলেই স্থান পান না। এটা শুধু আমাদের দেশেই নয়, সারা পৃথিবীতেই এই অবস্থা। পৃথিবীর এমন কোনও দেশ দেখাতে পারবেন না যেখানে একেবারে শিক্ষার উচ্চ স্তরে আবেদন করে সকলেই স্থান পেয়েছেন। এর দুটি কারণ আছে—আসনগুলি থাকে সীমাবদ্ধ, ইচ্ছা করলেই বাড়ানো যায় না এবং দু নং প্রার্থীর উপযুক্ততা যা নাকি নির্রাচকমন্ডলি বাছাই করে নেন। তা সত্ত্বেও আপনার সঙ্গে একমত যে এখানে আমাদের এই ধরনের শিক্ষার সুযোগ আরও বাড়ানো দরকার। দেখা দরকার, যারা উপযুক্ত, এই শিক্ষা লাভের যোগ্যতা যাদের আছে তারা যাতে বঞ্চিত না হয়। এবং আপনি সঠিকভাবে বলেছেন এই সুযোগ না পেলে পরে অনেকে অন্য রাজ্যে চলে যান এবং অনেকে হয়তো দেশের বাইরে চলে যান এবং অনেকে যখন দেশের বাইরে চলে যান, অনেক সময় তারা আর ফিরে আসতে চান না। এটা সত্যই গোটা দেশের একটা বড় সমস্যা। এবং এটা নিয়ে নিশ্চয়ই মাননীয় সদস্য অবগত আছেন যে আমাদের সর্ব ভারতীয় ক্ষেত্রে চিন্তা-ভাবনা করা হচ্ছে এবং বিশেষ করে আমরা এই ধরনের শিক্ষার ক্ষেত্রে আরও সুযোগ কী ভাবে বাড়বে এই নিয়ে নানারকম আলোচনা চলছে। আমাদের রাজ্যেও আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে আমি বলেছি, আমরা কিছু কিছু সুযোগ বাড়াবার চেষ্টা করছি। কিন্তু আপনি নিশ্চয়ই জানেন যে তার মধ্যে কিছু কিছু বাধা আছে, বিশেষ করে এই রকম উচ্চ পর্যায়ের যে শিক্ষা, সেটা

কিন্তু খুব তাড়াতাড়ি বাড়ানো যায় না। কিন্তু তাসত্ত্বেও মাননীয় সদস্য যে কথা বলেছেন তা খুব গুরুত্বপূর্ণ। তার সারবত্তা সম্পর্কে, তাঁর সচেতনতা সম্পর্কে আমাদের মনে কোনও দ্বিধা নেই। কিন্তু বাস্তবে আমরা কতটা পরিমাণে করতে পারব—এটা আমাদের খুব ভাবনা চিন্তা করে করতে হবে। বিশেষ করে আমি গত বাজেট অধিবেশনে আমার বক্তব্যে যে কথা বলেছিলাম যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে আজকে একটা আর্থিক সঙ্কট দেখা দিয়েছেন। সেটা শুধু মাত্র পশ্চিমবাংলায় নয়, গোটা ভারতবর্ষে। এবং আপনারা দেখবেন কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বিশ্ব ভারতী, তাকে ইউ. জি. সি. বলে দিয়েছে আমি এত টাকা দিতে পারি, তার চেয়ে বেশি টাকা দিতে পারব না। এবং কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের যিনি উপাচার্য তিনি বলছেন এই টাকা সংগ্রহ আমি করতে পারছি না। বিশ্ববিদ্যালয় হয়তো আংশিকভাবে হলেও বন্ধ হয়ে যেতে পারে। ঠিক এইরকম অবস্থা কিন্তু শুধু কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে নয়, ভারতবর্ষের প্রায় সমস্ত বিশ্ববিদ্যালয়ে এই রকম অবস্থা তৈরি হয়েছে। তার কারণ ইউ. জি. সি. যে টাকা দেন এবং রাজ্য বিশ্ববিদ্যালয়গুলোকে কেন্দ্র টাকা দেন, ইউ. জি. সি. তার পরিকল্পনা, ডেভেলপমেন্টের জন্য টাকা দেয়। সুতরাং দুটো ক্ষেত্রে যদি আঘাত আসে তাহলে কিন্তু উচ্চ শিক্ষার ক্ষেত্রে একটা বড় আঘাত আসছে। এটা একটা সর্বভারতীয় সমস্যা। পশ্চিমবাংলাতে আমরা কোনও বিশ্ববিদ্যালয়ের কোনও বরাদ্দ কমিয়ে দিইনি। কেন্দ্রীয় সরকারকে যখন তার নিজের বিশ্ববিদ্যালয়ের বরাদ্দ কমিয়ে দিতে হচ্ছে, আপনারা দেখবেন আমরা বিশ্ববিদ্যালয়ের বরাদ্দ কমিয়ে দিইনি বরং বাড়িয়েছি। আপনারা কাগজে দেখেছেন ইতিমধ্যেই আমরা পাঁচ কোটি টাকা আরও বেশি বিশ্ববিদ্যালয়কে দিচ্ছি। তাদের চাহিদার তুলনায় এটা কিন্তু যথেষ্ট নয়। এই যে একটা বড় আর্থিক কারণ, এই আর্থিক কারণে মাননীয় সদস্যের সঙ্গে আমি একমত যে উচ্চ শিক্ষার দ্বার রুদ্ধ হওয়া উচিত নয়, বিশেষ করে যারা উপযুক্ত, যারা এই শিক্ষার এবং যেটা আপনি বললেন যে মেডিক্যাল এডুকেশনের একেবারে সর্বোচ্চ স্তরের যে শিক্ষা, কেন আমাদের ভাল ছেলেরা, যারা উপযুক্ত তারা পাবেন না, কেন আমরা দরজা বন্ধ করে দেব। কিন্তু এখানে একটা সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে তার জন্য যে আর্থিক বরাদ্দ আছে, সেই বরাদ্দগুলো বাড়াতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোর এই যে সঙ্কট, সেই সঙ্কট সমাধানে আজকে আপনারা বলবেন কোনও কিছু হলে আপনারা কেন্দ্রকে বলেন, কী করবেন বলুন, তার কারণ আপনারা জানেন, সংবিধানে বলে দেওয়া হয়েছে ইউ. জি. সি. উচ্চ শিক্ষার—আপনি তো জানেন যে তার একটা দায়িত্ব আছে এবং টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনেক পরিমাণে আনতে হয়। সেখানে যদি কমে যায়, ইউ. জি. সি. বরাদ্দ কমিয়ে দেয়, তাহলে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলোতে সর্বত্র যেমন সঙ্কট, রাজ্য বিশ্ববিদ্যালয়গুলোতেও সেই সঙ্কট আসতে বাধ্য। সুতরাং আমাদের সমস্ত সদিচ্ছা থাকা সত্ত্বেও এবং আপনার সঙ্গে একশো ভাগ একমত এই ব্যাপারে, কিন্তু তা সত্ত্বেও এটা বলছি নিশ্চয়ই আমাদের বিচার বিবেচনা করতে হবে যে আমাদের ভাল ছেলেরা তারা যেন শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত না হয়। এই কথা বলে আজকে আপনারা যে সকলে একমত হয়েছেন সেটা খুব সুখের কথা এবং এখানে দেখেছেন, আমাদের পশ্চিমবাংলায়—স্বাস্থ্যমন্ত্রী এটা বললেন, আমরা হোমিওপ্যাথি এবং অন্যান্য জিনিসগুলো এনেছি এবং এর আগে গতকাল বিল আপনারা পাস করেছেন হোমিওপ্যাথি কলেজগুলোকে অধিগ্রহণ করার বিল। এখানে সরকারের যে দৃষ্টিভঙ্গি, মাননীয় সদ্যদের কাছে স্পষ্ট হয়েছে,

সেটা হচ্ছে আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, এইগুলোকে আমরা উৎসাহিত করতে চাই, যথাযোগ্য মর্যাদা দিতে চাই এবং সেইগুলোর সুযোগ যাতে সাধারণ মানুষ পান তার বন্দোবস্ত আমরা করতে চাই। আমরা নার্সিং-এর উন্নতি করতে চাই, এইগুলো সরকারের একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গি। এবং স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে এইগুলো সম্পর্কে মাননীয় সদস্যদের কাছে বলা হয়েছে। আমি খুব খুশি যে এই বিলটিকে আপনারা সকলে সমর্থন করছেন এবং তার জন্য আপনাদের আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি গোড়াতেই বলেছিলাম, এটা টেকনিক্যাল। এই অর্থে যে, যেহেতু স্বাস্থ্য দপ্তরে বাইফারকেশন হয়েছে সুতরাং ডাইরেক্টর অফ মেডিক্যাল এডুকেশন এবং অন্যান্য ডাইরেক্টর যাঁরা, তাঁরা ফ্যাকালটি কাউনসিলে উপস্থিত থাকতে পারবেন। এই প্রভিসনটুকু করা হচ্ছে। ধন্যবাদ।

The Motion of Shri Satya Sadhan Chakraborty that the Calcutta University (Amendment) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 and Preamble

The Question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill was pu and agreed to.

Shri Satya Sadhan Chakraborty : Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1992 as settled in the Assembly be passed.

The Motion of Shri Satya Sadhan Chakraborty that the Calcutta University (Amendment) Bill 1992 as settled in the Assembly, be passed was then put and agreed to.

[12-00 — 12-10 P.M.]

The West Bengal Panchayat (Amendment) Bill, 1992 as reported by the Select Committee

Dr. Surya Kanta Mishra : Sir, I beg to move that the Calcutta, West Bengal Panchayat (Amendment) Bill 1992 as reported by the Select Committee, be taken into consideration.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মিঃ স্পিকার, স্যার, আমি মাননীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্রকে জিজ্ঞাসা করি। ডাঃ মিশ্র, আপনি এই অ্যামেন্ডমেন্টটি এই সময়ে এই নির্দিষ্ট আকারে কি কি কমপালশনে নিয়ে এসেছেন? প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী 'পঞ্চায়েতি রাজ' এবং 'নগরপালিকা' বিল সম্বন্ধে যে ধ্যান-ধারণা প্রচার করেছিলেন তাতে অনুপ্রাণিত হয়ে কি নিয়ে এসেছেন? তা যদি হয়ে থাকেন তাহলে এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজন্স-এ সে কথা বললেন না কেন? আপনি যদি রাজীব গান্ধীর ধ্যান-ধারণায় উৎসাহিত হয়ে এই সংশোধনী এখানে উপস্থিত করে থাকেন, তাহলে সেই ধ্যান-ধারণার সবটাই এখানে উপস্থিত

করলেন না কেন? কেন হাতের পাঁচ রেখে দিচ্ছেন? রিগিং করবেন বলে? আপনি কোথা থেকে এখানে মন্ত্রিত্ব করতে এসেছেন, আমি জানি না। আগে কোথায় ছিলেন, তাও জানি না। এখন এখানে বিল এনেছেন রিজার্ভেশন ফর উইমেন, রিজার্ভেশন ফর শিডিউলড কাস্টস্ রিজার্ভেশন ফর শিডিউলড ট্রাইবস। কিন্তু এটা কেন নিলেন না ইলেকশনটা ইলেকশন কমিশনকে দিয়ে করাবেন? ডাঃ চন্দ্র আটকে যাবে বলে? ডাঃ চন্দ্র রিগিং করে জিতেছে, ডায়রেক্ট ভোটে জিতে নয়, চুরি করেছে। আই চার্জ ইউ। ডাঃ চন্দ্র ভোটে জেতার ক্ষমতা নেই, রিগিং করে এসেছে যেমন আপনার পাশে যিনি এসেছেন। আজকে সারা ভারতবর্ষে আপনাদের বিরুদ্ধে অভিযোগ কোনও ম্যাজিক বলে যে ইলেকশনটা হল গত জুন মাসে সেখানে ৪ হাজার ভোটে জিতলেন আর এখন এমন কি আপনাদের বুদ্ধি বেরুলো যে এক বুদ্ধিতেই ৩০ হাজার ভোটে জিতে আসে? রিগিং-এর ব্যবস্থাটা রেখেছেন কেন? হোয়াই don't you go to the Election Commission? The Election Commission should take the charge of election.

আপনি নিজেই এসেছেন রিগিং করে। মেদিনীপুরে যত খুনের নায়ক আপনি স্বয়ং। মেদিনীপুরের সমস্ত প্রশাসন আপনার পায়ে আত্মসমর্পণ করেছেন, কারণ [***.........***]

মিঃ স্পিকার ঃ এই কথাগুলি বাদ যাবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি যত পারেন কাটুন, ঘটনা যা তা বলব, Let it be known to the world. আপনি কেন ইলেকশন কমিশনকে দেবেন না? আপনি অস্পষ্ট রেখেছেন কেন? পঞ্চায়েত বিলে বলেছিলাম, যে বিল এনেছেন সেই বিলে রাখবেন। পার্টি থাকবে। আপনি সামারসল্ট করেছেন, ডিগবাজি খেয়েছেন। অরিজিনাল বিল যখন আনলেন সেখানে বলেছিলেন মাস্টার বা ঐসব জাল-জোচ্চর আপনাদের দলে যাঁরা আছেন তাঁদের ঢুকতে দেবেন না, ৬ বছরের ছুটি নিতে হবে। কেন বদলে দিলেন? কেন এইরকম আনলেন? you Cannot consume the time of the house like this. আপনারা সিলেক্ট কমিটি চাননি। পৃথিবীর যে কোনও শক্তিমান এই প্রভিসনে সি. পি. এমকে রুখতে পারবে না। [....**] সি. পি. এম ইজ এ [..] পার্টি অফ ক্রিমিনালস blunderers. intimidators। কোনও ভদ্রলোক নেই। আপনি কোন তথ্যের ভিত্তিতে পঞ্চায়েত সমিতির মেম্বারকে নিয়ে আসছেন গ্রাম-পঞ্চায়েতে?

মিঃ স্পিকার ঃ ঐ কথাগুলি বাদ যাবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি যতই কাটুন, আই উইল Continue to say আজকে আপনাকে আরও জিজ্ঞাসা করি, আপনাদের মেজরিটি নেই, আপনারা মেজরিটি করাচ্ছেন ইনডায়রেক্ট ভোটে। এক্স অফিসিও মেম্বার, পার্লামেন্টের এক্সঅফিসিও মেম্বার, ইত্যাদি করাচ্ছেন। এই এক্স-অফিসিও ব্যাপারে একটা সংশোধনী এনেছিলাম, এখানে নমিনেশনের স্কোপ রেখেছেন, ডেমোক্রাসিতে নমিনেশন থাকা দরকার। রিপ্রেজনটেশন যখন নেই আপনি রিজারভেশন করেছেন। ওদের ভোট দেওয়ার অধিকার নেই। Why? we are meant for

Note : [*Expunged as ordered by the Chair.]

Assembly should we go to the Panchayat Samitis on the other bodies ? এটা কেন? আপনার মেজরিটি করার .জন্য রিগিং করার সুবিধা আছে, ডাকাতি করার সুবিধা আছে। আপনাদের চুরি করার সুবিধা আছে, আপনাদের পুলিশ খেদানোর সুবিধা আছে। আপনারা যা করেন আজকে সে কথাটা বলবেন। আমি জানি ডাঃ জনসন বলেছিলেন চোরকে চোর বললে সে ভয়ানক ক্ষেপে যায়, আমি জানি চোর কে চোর বললে মানুষের তিক্ততা আসে এ'তো [**] আপনার পাশে বসে আছে, কোন আইনে ৪ হাজার ভোট ৩০ হাজার হয়?

মিঃ স্পিকার ঃ কথাগুলি বাদ যাবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি আপনার জবাব দেবেন। আমি বলছি ফিনান্স কমিশনের ডেফিনেশনটা কি হবে? হোয়াট উইল বি দি কমপোজিশন অফ দি ফাইনান্স কমিশন? হোয়াট উইল বি দি পাওয়ার অফ দি ফাইনান্স কমিশন? এটা এখানে ক্লিয়ারলি ডিফাইন করেননি, কেন আজকে অ্যাকাউন্টিবিলিটি অফ দি বডিস আপনি বলেছেন সি. এ. জি. ৩৪১টির একটিও অডিট করা সম্ভব হয়নি, কেন? আমি এ. জি. কে জিজ্ঞাসা করেছিলাম আপনি পারছেন না কেন? তিনি বলেছিলেন আমাদের খবর দেওয়া হয়নি। টু আওয়ার হার্টস এক্সটেন্ট দি এস্টাবলিশমেন্ট উইল বি এক্সপ্যানডেড, আগে থেকে এস্টাবলিশমেন্ট দিয়েছেন, একটা করার পর দুটো করা যায়, কিন্তু অডিট করা যায় না। সি. পি. এমের পক্ষে যারা রয়েছে সেই সব দিনে মন্ত্রিত্ব করে, আর রাতে ডাকাতি করে, ভাল লোকগুলো নেই, এখানে [**] গুলো সব ঢুকে বসে আছে। দলটাতে এই কান্ড করে বসে আছে। আপনার কাছে আমার জিজ্ঞাসা প্রিন্সিপ্যাল, অর্থাৎ নীতির প্রশ্ন, আপনি রিজারভেশনের প্রশ্ন রেখেছেন কোনটা রিজারভেশন পাবে? হোয়াট ফর্মূলা উইল বি দি রিজারভেশন? আপনাদের এখানে নীতি কি হবে? আগে করেছিলেন ১, ২, ৩, করে ৩০ পারসেন্ট, আপনার চারেরটা কি করবে? দিনে অন্য কাজ করে গিয়ে সারা রাত তো [***] ছাড়া কিছু কাজই তো করেন না, এখানে সার্টিফিকেট নিয়ে বসে আছেন।

মিঃ স্পিকার ঃ এই কথাগুলি সব বাদ যাবে।

আই উইল রিকোয়েস্ট ইউ, নট টু ইউজ আনপার্লামেন্টারি ওয়ার্ডস। ইট ইজ নট গুড পার্লামেন্টারি প্র্যাকটিস, বি সিরিয়াস, এ ভাবে হবে না। ডোন্ট ডু ইট।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মিঃ স্পিকার, আপনি এটার অ্যানসার করে বলুন না, বাবা কে বাবা বলব, মা'কে মা বলব, কাকা কে কাকা বলব, আর ডাকাতকে ডাকাত বলতে পারব না?

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, প্লিজ, মনে রাখবেন এ গেম ইজ প্লেড বাই টু সাইডস। আমি আপনাকে ইমপিচ করছি, স্ট্যান্ডার্ড অফ ডিবেট মেনটেন করুন। এত নিম্নমানের ডিবেট করলে এখানকার সভ্যতা থাকে না।

Note : [*Expunged as ordered by the Chair.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ ট্রেজারি পার্টি তো 'ব' কলমে আপনি চালাচ্ছেন, আপনি আমাকে বলে দেবেন যে ৪ হাজার ভোট এক বছরে কি করে ৩০ হাজার হয়? এটা বুঝিয়ে দিতে পারলে আমি আপনার কাছ থেকে দীক্ষা নোব।

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, ইউ আর এ ভেরী সিনিয়ার মেম্বার ডোন্ট ইউজ আনপার্লামেনটারি ওয়ার্ডস, ইউ আর অ্যাওয়ার্ডস অফ দোজ ওয়ার্ডস। অত নিম্নমানের ডিবেটে গেলে রাস্তা ঘাটে, হাটে বাজারে লোকেরা তো আমাদের ছি, ছি, করবে। ডোন্ট ডু ইট।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, নীতিটা আমাকে বলবেন। হোয়াট আর দি প্রিন্সিপল্স অফ রিজারভেশন—উইথ রিগার্ড টু রিজারভেশন ফর এস. সি. উওম্যান অ্যান্ড এস. টি? এই অবস্থা যদি হয় আপনি বলেছেন ৫১ পারসেন্ট প্রত্যেকটি কন্সটিটিউয়েন্সিতে ১৯টি কন্সটিটিউয়েনসি আছে, গ্রাম সভার কনসেপ্ট এনেছেন।

[12-10 — 12-20 P.M.]

আপনার নতুন কনসেপ্ট আছে গ্রাম সভায়। গ্রামসভা যদি হয় তাহলে সেটা কি বাই নাম্বার চিহ্নিত হবে, না কি বাই নেম চিহ্নিত হবে? অরিজিনাল বিলে ছিল, বছরে দুই বার মিটিং করবেন এবং সেই মিটিং মেম্বার প্রিসাইড করবেন, কিন্তু এখানে বলেছেন, প্রধান প্রিসাইড করবেন। আবার এখানে কোনও জায়গায় গ্রাম-পঞ্চায়েত বলেছেন, কোনও কোনও জায়গায় বলেছেন গ্রাম। এই গ্রাম বলতে কি বোঝায়? এটা জানা দরকার যে, এটা গ্রাম পঞ্চায়েত, না গ্রামসভা। যদি গ্রামসভা হয় তাহলে ডিনোমিনেশন কিভাবে আইডেনটিফাই হবে? সেটা কি বাই নাম্বার, না কি বাই নেম্? এখানে ডিফল্ট করে, এখন গ্রাম-পঞ্চায়েত মিটিং হয় না। ইফ দে do not do it twice annually আপনি এই জায়গাটা ছেড়ে দিয়েছেন। আপনার কি পানিশমেন্ট, কি পেনাল ক্লজ আছে যে, তাদের মিটিং করতে বাধ্য করবেন? আপনার কিউরেটিভ মেজার কি আছে? আপনি একে গ্রাস রুট লেভেলে নিয়ে আসছেন, আপটু স্টেট প্ল্যানিং বোর্ড এগুলো অ্যাডপট্ হবে। কিন্তু হোয়ার ইজ এক্সপার্টাইজ? এসব ইমপ্লিমেন্ট করতে যে এক্সপার্টাইজ দরকার তার প্রভিসন কোথায় রাখেননি। একথা বারবার বলে আসছি, মিস্ ইউজ অব অ্যাবিউস্ অফ ফান্ড হচ্ছে। সেখানে ডিউরেবল্ অ্যাসেট তৈরি হবার কথা। এক্ষেত্রে যত টাকা আপনি এই পর্যন্ত খরচ করেছেন, টু হোয়াট extent that have been elected for the people.

এই জিনিসটা আমাদের বলবার চেষ্টা করুন। তারপর আগে ছিল অনারারেয়াম ; এখন কোথায়ও বলছেন রেমুনারেশন, কোথায়ও বলছেন অনারারিয়াম। এক্ষেত্রে ক্রাইটিরিয়া কি? কর্মাধ্যক্ষদের বেলায় বলছেন অনারারিয়াম। দুটোতে তফাৎ করলেন কেন? দুটোই তো অনারারিয়াম। এটা কেন করলেন বলে দেবেন তো যে, এক জায়গায় রেমুনারেশন, আর এক জায়গায় অনারারিয়াম কেন ব্যবহার করলেন? কর্মাধ্যক্ষরা হোল-টাইমার, এরা আর কোনও জায়গায় কাজ করতে পারবেন না। If they are engaged, they are to produce the certificate ওদের দেবেন অনারারিয়াম। (....ধ্বনি ঃ বিলটা ভাল করে

পড়ুন) মন্ত্রী মহাশয়, ডিফাই করুন যে, এটা নয়! কর্মাধ্যক্ষদের অনারারিয়াম দেবেন এবং অন্যের বেলায় রেমুনারেশন। হোয়াট are the quantam of the remuneration. আপনাকে বলছি, আমরা কেন এর অপোজ করছি। মিঃ স্পিকার স্যার, আপনি একজন ভাল ক্রিমিনাল ল'ইয়ার। ফিনান্সিয়াল লস্ হচ্ছে বলে প্রধানদের বেলায় এই ক্লজটা তুলে দিয়েছেন। দে আর incapable in becoming a pradhan and so on আপনি একথা রেখেছেন কেন? আপনি আমাদের বলুন—এটা ফিনান্সিয়াল কনসিডারেশনে করা হয়েছে, দেশ সেবার কারণে নয়। আপনি গান্ধীবাদ জানেন না। আজকে পৃথিবীতে হাভানা ছাড়া মার্ক্সবাদ কোথায়ও নেই, কিন্তু সেক্ষেত্রেও চাল পাঠালে হাভানা বাঁচবে। আজকে সি. পি. এম. এর নাভিশ্বাস উঠেছে। যারা চিনে গিয়েছিলেন দেখেছেন, সেখানে By all standard capitalist has been invited. আজকে সেই জিনিসটা দেখতে হবে। আমি একথা বলতে চাই, এই যে একজিকিউটিভ অফিসার এবং সেক্রেটারি আছেন, এদের জন্য আপনারা কি কোনও মিউনিসিপ্যাল সার্ভিস করেছেন? এতবড় একটা কমপ্রিহেনসিভ বিল আনছেন, আপনারা এটা ভাবতে পারেননি কেন, একটা পঞ্চায়েত সার্ভিস কমিশনের কথা ভাবতে পারেননি কেন? এই যে ১৭টা জেলা পরিষদ এবং একটা মহাকুমা পরিষদ আছে, আপনারা এখানে কলেজ সার্ভিস কমিশনের মতো মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের কথা ভাবতে পারেননি কেন? এটা একটা স্পেশ্যাল টাইপের জব এবং ইট ইজ এ লার্জ জব, আপনারা এখানে এই কথাটা কেন বললেন না? তারপরে হোয়াট উইল বি অ্যাবাউট এমপ্লয়েজ, সে সম্পর্কে কোনও কথা বলা হয়নি। এতবড় একটা কমপ্রিহেনসিভ বিল, তাদের সম্পর্কে কিছু বলা নেই। আপনাকে জিজ্ঞাসা করি হোয়াট will happen to the fate of the chowkidars and dafadars after these are abolished ?

আপনারাতো অ্যাপয়েন্টমেন্ট ডিসকনটিনিউ করেছেন বলে জানি, কোনও নুতন অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে না চৌকিদার, দফাদার ইত্যাদি, বাট what will regard to other jobs.

কি ভাবে এদের সঙ্গে visa-vis অন্যান্য ডিপার্টমেন্টের রিলেশন হবে এগুলি জানা দরকার আমরা সেই জিনিসগুলি দেখতে পাচ্ছি না। আপনারা অনেক পরিশ্রম করেছেন, নিজেদের অভিজ্ঞ বলে মনে করেন, আপনারা এতদিন দায়িত্বে ছিলেন, আপনারা কি কি অসুবিধা বোধ করেছেন, what are the difficulties you have felt while inplementing the programmes.

এটা এখানে প্রতিফলিত হওয়া উচিত ছিল বলে আমি মনে করি। প্রথমতঃ টেকনিক্যাল এক্সপার্টাইজ, দ্বিতীয়ত ফিনান্স। ফিনান্স ঠিকমতো পৌঁছাচ্ছে না, আপনাদের সাসপেন্ড অ্যাকাউন্টে রাখতে হবে। ফিনান্স যাতে রেগুলার ডিস্ট্রিবিউশন হয়, এটা দেখা দরকার। এখানে এনটায়ার মানি যদি স্টেট গভর্নমেন্ট দেয় তাহলে এই ডুপলিকেশন কেন? হোয়াট দেয়ার উইল বি দিস স্কোপ? আজকে আমাদের যারা জিনিস দেয় ইন আওয়ার লিভিং, এটা থাকছে কেন? এটার প্রয়োজনীয়তা হচ্ছে কিসের জন্য যখন এনটায়ার খরচটা স্টেট গভর্নমেন্ট দিচ্ছে? জওহর যোজনা, নেহেরু যোজনায় টাকা আসছে ভারত সরকারের কাছ

থেকে। কাজেই আপনাকে জিজ্ঞাসা করি হোয়াট ইজ দি ফর্মুলা? কোনও কোনও পঞ্চায়েতে ইন্ডাস্ট্রি—অবশ্য ইন্ডাস্ট্রি তো নেই—করার কথা। বেকারি দূর করতে গেলে ইন্ডাস্ট্রি বাড়াতে হবে, কিন্তু তার জন্য কী সিলিং আছে, কী গাইড লাইন আছে? এই ব্যাপারে একটা গাইড লাইন থাকা দরকার। আমি যখন ইউনিয়ন বোর্ডে ছিলাম তখন ১৫০টা এস্ট্যাবলিশমেন্ট করতে পারতাম। আজকে সাপোজ a jute mill is in the panchayat area, or a tea garden.

সেখানে তার রিলেশন কি হবে সেটা এখানে বলে দেবেন। আজকে সব জিনিসের উপরে পরিবেশ একটা বড় জিনিস। রিওতে ১৭৮টা দেশের মিনিস্টাররা গিয়েছিলেন। এখানে আপনারা পঞ্চায়েতের উপরে কতখানি দায়িত্ব দিচ্ছেন সেটা পরিষ্কার করে বলা দরকার। এরা কি শুধু সোশ্যাল ফরেস্ট্রি করবে? তাদের কি দায়িত্ব আছে? কারণ দায়িত্ব থাকলে অ্যাকাউন্টেবিলিটি থাকে। তাদের কি অ্যাকাউন্টেবিলিটি আছে টু মেনটেন দি এনভায়রনমেন্ট? সেদিন মতান্তর বলেছিলাম এই যে নন-ফর্ম্যাল এনার্জি আছে, এই নন-ফর্মাল এনার্জি, বায়ো-গ্যাস, এগুলি আপনার দপ্তরে আসা উচিত। এটা যদি মাল্টিপ্লিকেশন হয় তাহলে ভারতবর্ষ বেঁচে যাবে, পশ্চিমবঙ্গ বেঁচে যাবে। আজকে ফিউয়েল এবং ফায়ার উড, এগুলি ধ্বংস করা হচ্ছে এবং এর জন্য একটা ইকো-ইমব্যালেন্স দেখা গেছে। এই ইকোলজিক্যাল ইমব্যালেন্সের জন্য বৃষ্টিপাত ইউনিফর্ম হচ্ছে না আজকে নির্বিচারে গাছ কেটে ফেলছে। দি ট্রিজ are allowed to be fallen recklessly.

এর জন্য কি প্রভিসন এতে আছে যে তারা পরিবেশ রক্ষার জন্য সচেস্ট হবে? আজকে একটা দেওয়াল তুলতে গেলে বা যে কোনও কনস্ট্রাকশনের ব্যাপারে পার্মিশন নিতে হয়। আমি চ্যালেঞ্জ করছি যে ৩ হাজার ৩৫০টি গ্রামপঞ্চায়েত আছে, তাদের মধ্যে কয়টা পরিবেশ রক্ষার পরিপ্রেক্ষিতে আপনার কাছ থেকে পার্মিশন নিয়েছে সেটা আপনি বলুন?

[12-20 — 12-30 P.M.]

আজকে অলটারেশন অফ buildings, alteration of housing, creation of building, construction of housing. কটার পারমিশন দিয়েছেন? কেন এটা ঠিকমতো হচ্ছে না? এখানে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি এনক্রোচমেন্টের ব্যাপাব নিয়ে। আপনাদের ভূমিরাজস্ব মন্ত্রী বলেছেন এখনও ১ লক্ষ একর জমি বিলি করতে বাকি আছে। সেটা পঞ্চায়েতকে দিয়ে দেব ফর দেয়ার ইউটিলাইজেশন, সেটা পঞ্চায়েত ডিসাইড করবে কাদের দেওয়া হবে। একটা বড় ক্ষমতা পাওয়া যাচ্ছে। হাউ উইল দে ডিসট্রিবিউট, টু হোয়াট এক্সটেন্ট? এই জমি ব্যবহার করছে। কালটিভেবেল ল্যান্ড, পড়ে নেই সামবডি ইজ ইউজিং। গভর্নমেন্টের ল্যান্ড তার জন্য ড্যামেজ ফি দিতে হয়। পঞ্চায়েতের এক্তিয়ার কোথায়? পঞ্চায়েত ওয়াজ টু রিয়ালাইজ দেম এই কথা দেওয়া নেই। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন কো-অর্ডিনেশন দরকার। এই কথা একবারও বলা নেই টু হোয়াট what extent প্রতিটি গ্রাম পঞ্চায়েতের অফিসে কিছু আর. আই., রেভিনিউ ইন্সপেক্টর থাকে, বরকন্দাজ থাকে। সে সি. পি. এম.-এর লোক হলেই হবে সে যে চরিত্রেরই হোক। ওদের সঙ্গে কোরিলেশন কি হবে? হু উইল বি এবাব হুম? এটা কার সঙ্গে কি সম্পর্ক এটা এখানে থাকা দরকার।

আমি বার বার বলেছি, অল অফ দি রুর‍্যাল ট্রাবল্‌স, এই জমি নিয়ে ট্রাবল্‌স, এখন আবাসের সময় এসেছে আবার দেখতে পাচ্ছি হচ্ছে। আপনার মেদিনীপুরে তো জঙ্গলের রাজত্ব চলছে, আমি দেখে এসেছি। এই যে ট্রাবল্‌স হয় ইন চার্জ অফ দিস ল্যান্ড হচ্ছে স্থায়ী সমিতি। এটার টাইম সীমিত করা যায়। এর উপরওয়ালা হচ্ছে সাব-ডিভিসনাল অফিসার, এস. এল. আর. ও করে। এটা যদি ফ্রেম্‌ড অন দি report of the field verification and on the report of this on so and so, this should be disposed of. তাহলে বোন অফ কনটেনশন কমে যায়। এখানে আর গন্ডোগোল হবে না। আনিসুর রহমানের মতো মন্ত্রী গন্ডোগোল বাঁধাবার চেষ্টা করেন, সেটা করতে পারবেন না। আপনি অভিজ্ঞ মানুষ, সর্বক্ষেত্রে দেখার দরকার আছে। পঞ্চায়েতে বাজেটের দিন আমি এই কথা বলেছিলাম। আপনার অডিটচ সব পঞ্চায়েত করেছেন? প্রধান হলে মোটর সাইকেল, সভাপতি হলে জিপসী আর জেলা পরিষদের হলে ৩টি ২-৩ তোলা বাড়ি, তিনটি বাস এবং কয়েকটি গাড়ি। টু হোয়াট এক্সটেন্ট, এনকোয়ারী হবে? ওঁদের আগে কি ছিল দেখতে হবে। আমাদের লোক নিতে হবে না, আপনি ফরোয়ার্ড ব্লকের নেতা নিন, সি. পি. আই-এর শক্তিবল কে নিন, আর. এস. পি-কে নিন। কংগ্রেসকে নিতে হবে না। এই যে পঞ্চায়েত অ্যান্টিসিডেন্ট হচ্ছে—টু হোয়াট এক্সটেন্ট কত অ্যাসেট ছিল? অ্যাসেটস বিফোর becoming functionary of the panchayat and after so many years. তার কত অ্যাসেট হয়েছে এটা দেখা দরকার। এই ব্যাপারে সিদ্ধার্থবাবু বলেছিলেন, সি. পি. এম. মন্ত্রী মহাশয়দের বিরুদ্ধে অভিযোগ শোনা যায়। আমাদের নেবেন ন্যা, আমি মনে করি একটা এনকোয়ারি হওয়া দরকার। আজকে জয়নাল আবেদিনের দেখা রাস্তাগুলো আজকে বিক্রি করে দিচ্ছে। শুধু তাই নয়, জওহর রোজগার যোজনার টাকার কোনও কাজ হচ্ছে না। কোনও স্থায়ী অ্যাসেট তৈরি হচ্ছে না। জল নিয়ে অনেক কষ্ট আছে, এবারেও তো দেখলাম জলের জন্য মানুষের কি কষ্ট। পঞ্চায়েতের মাধ্যমে এটা করতে গেছেন, কিন্তু দেখলাম, সব মানুষ জল পেল না। এখানে হিউম্যান দৃষ্টিভঙ্গি নেবেন বলে আশা করি। মিনিমাম জল তো মানুষকে আপনি দেবেন। এটাকে অ্যাবাভ পলিটিক্স রাখা যায়। বাকি সবগুলোতে পলিটিক্স করুন, কিন্তু মানুষের প্রয়োজন যে জল সেটা মিনিমাম অন্তত দিন। জল মানুষের দরকার। জল নিয়ে এখনও গ্রামাঞ্চলে ছুঁতমার্গ আছে, এই জিনিসটা তো আপনি দেখবেন। আজকে আমরা মনে করি—এই বিলটা সিলেক্ট কমিটিতে গিয়েছিল, বিলটিতে যে পরিবর্তনগুলো এসেছে, এই বিলটির অনেকাংশে আমরা একমত, তবে কতকগুলো জায়গায় আমরা একমত হতে পারব না। প্রিন্সিপিলের দিক থেকে আমরা একমত, যদিও দুটো মেম্বার প্রিন্সিপল আপনারা রাখেন নি। প্রিন্সিপলের দিক থেকে আমরা মনে করি, শুধু একটা জায়গায় আপনি অনুক্ত আছেন এটা বলা উচিত ছিল—দ্যাট উই হ্যাভ অ্যাডেড সামথিং, মেইন প্রিন্সিপলে এটা বলা উচিত ছিল। ইট ইজ দি কনসেপশন অব লেট ইলাসট্রিয়াস প্রাইম মিনিস্টার রাজীব গান্ধী। উই আর গোয়িং টু ট্রানস্লেট দি প্র্যাকটিস ইনটু অ্যাকশন। এটা বলা উচিত ছিল অবজেকটস্ অ্যান্ড রিজনসে। এতে প্রিন্সিপল নেই। আমরা মনে করি দুটো প্রিন্সিপল ইনকর্পোরেট করতে পারলে আমাদের আপত্তির কারণ থাকত না। আপনি যে সামার সল্ট খেয়েছেন, আপনি যদি নতুন করে ভাবতে পারেন তাহলে ভাল হয়। এটা হওয়া উচিত নয়। রবীনবাবুরা মাসোমারা নেন, সুতরাং

বাধা আছে এটা জানি। ওঁরা জানেন যে, ভেড়ি থেকে এত পাব, ওখানে থেকে এত পাব। আমরা জানি, আমরা শাসনে গিয়েছিলাম। আমাদের সাড়ে চার ঘন্টা আটক করে রাখে। তারপর শুনেছি—ওয়াকি টকিতে শুনছি, বলছে, আমাদের যেতে দেওয়া হবে না। আমরা এখানে নাম করতে পারব না, এখানে নাম করা যাবে না। যাইহোক, আজকে আপনি তো এই জিনিসটা চিন্তা করবেন। এখানে নাম করতে পারব না, বিকজ হি ইজ অ্যাবসেন্ট অ্যান্ড হি ক্যাননট ডিফেন্ড। এটা রেকর্ড হয়ে যাবে। এটা কাটবার ক্ষমতা নেই স্পিকার মহাশয়ের। আজকে এইজন্য আপনি দেখুন, এর সঙ্গে আপনি দুটো নিতে পারেন কিনা—ইলেকশন, এক্সপান্ড মেশিনারি অ্যান্ড অডিট। আস্ক সি. এ. জি. টু এক্সপান্ড হিজ এস্টাবলিশমেন্ট। উই উইল বি ফুল্লি কো-অপারেটিভ। এটা করতে পারলে বোধহয় আপনার সঙ্গে আমাদের খুব একটা তফাৎ থাকবে না। আর একটা হচ্ছে গণনার বিষয়। আমরা দেখেছি, আমাদের অভিজ্ঞতা আছে—দেখুন, পুলিশকে মেরে দিল। পুলিশকে মেরে দিয়ে রাইফেল নিয়ে চলে আসছিল। আমরা কেস করেছিলাম। ঘটনাটা অস্বীকার করতে পারল। কিন্তু এখনও আসামী ধরা পড়ল না। সুতরাং গণনাটাতে মহিলাদের পক্ষে নিরাপদ হবে না। ওখানে বলল যে নো কিলিং হ্যাজ টেকেন প্লেস। গণনার ব্যাপারটা একটা সেফ প্লেস—ব্লক লেভেলে না করে—কারণ আমরা দেখেছি যে গণনার পর যখন লিখতে যাচ্ছে তখন সব নিয়ে চলে যাচ্ছে, এই যেমন বালিগঞ্জে হল তেমনি, এই রকম হবে। আজকে ডাকাতি, চুরি এরা করছে—রামদা তো সি. পি. এম. পার্টির লোক ছাড়া কেউ ব্যবহার করে না। সুতরাং গণনাটা কোথায় হবে—সাব-ডিভিসনাল লেভেলে হবে, হোয়ার শী ক্যান বি ফেয়ারলি প্রোটেকটেড, এই রকম একটা জায়গা ঠিক করুন যেখানে থানা থাকবে, সেন্ট্রাল একটা জায়গা ঠিক করুন। কারণ মেয়েদের আপনারা আনছেন, উইকার সেকশন, আমার ওখানে হবে না, সব জায়গায় আমরা পারব না। সুতরাং এমন জায়গায় করবেন না যেখানে দে মে নট বি অ্যাবল্ টু ডিফেন্ড। সেজন্য একটা প্রোটেকটেড প্লেস দরকার, আদারওয়াইজ উই উইল বি হ্যাপি টু কো-অপারেট উইথ ইউ। আপনি যদি এই দুটো নিয়ে আসেন তাহলে উইথ রিগার্ড টু দি অবজেকটিভ অব দি পিপল, বোন অব কনটেনশন থাকে না। এটা রুলসে হওয়া উচিত। আপনি তো নাফার আশায় এটা আনছেন না, এখানে এলিমেন্ট অব সার্ভিসটা দেখুন, তাহলে তো এটা ফ্রিজ করে দেওয়া ভাল ছিল।

[12-30 — 12-40 P.M.]

এই বিলের ব্যাপারে আর বেশি কিছু বলার নেই, বাকি সদস্যরা আরও বলবেন। আমার অনেক কথা মাননীয় স্পিকার মহাশয়ের পছন্দ হয়নি, আমি আশা করি তিনি অভিজ্ঞ মানুষ, বিবেচনা করে এইগুলো গ্রহণ করবেন এবং প্রয়োজনে তিনি আরও ডিফার করতে পারেন বা উইথড্র করতে পারেন। তবে মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ তিনি অক্ষত আমার এই যে কথাগুলো জবাব দেবেন ওঁদের দ্বারা প্রভাবিত হবেন না। কারণ পঞ্চায়েত হচ্ছে আমাদেরই আইডিয়া, আমাদেরই কনসেপ্ট। এই পঞ্চায়েত হচ্ছে মহাত্মা গান্ধীজীর কনসেপ্ট, রবীন্দ্রনাথের কনসেপ্ট, এটাকে নিয়ে সোভিয়েত করার চেষ্টা করবেন না। সোভিয়েত হ্যাজ গন অন লিকুইডিশন। এইকথা বলে মাননীয় মন্ত্রী যে বক্তব্যগুলো এখানে রেখেছেন তাকে অংশত সমর্থন জানিয়ে কিছু সংযোজনের আবেদন

জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমর বাউরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিতর্ক সূচনা পর্বে মাননীয় ডাঃ জয়নাল আবেদিন সাহেব যেভাবে বিতর্ক শুরু করলেন তাতে আমার একটা কথা মনে পড়ে গেল। আমরা পুরানে শুনেছি যে কালিদাস নাকি মুর্খর থেকে পরে পন্ডিত হয়েছিলেন। আমাদের ডাঃ জয়নাল সাহেবকে আমরা পন্ডিত বলে জানতাম কিন্তু এখন মনে হচ্ছে তিনি কালিদাসের উল্টো রথ চালাতে শুরু করেছেন। জানিনা উনি হয়তো পন্ডিত থেকে কালিদাসের পূর্ব অবস্থায় ফিরে যাচ্ছেন, অর্থাৎ কালিদাস যে অবস্থায় আগে ছিলেন সেই অবস্থায় তিনি যেতে শুরু করেছেন কিনা বুঝতে পারছি না। তিনি এই বিলের বিষয়ে কিছু বললেন না, তার ধার পাশেই গেলেন না, যত সব উল্টোপাল্টা কথা বলে গেলেন। আসলে কেউ কেউ থাকেন সব বিদ্যা বিশারদ কিন্তু কোনও কিছুই জানেন না, কোনও বিষয়ে গভীরে যাবার মনোনিবেশ হারিয়ে ফেলেন। আমাদের ডাঃ জয়নাল আবেদিন সাহেবেরও সেই অবস্থা হয়েছে। আমি ওঁনার কাছে আবেদন রাখছি যে এই বিলের ব্যাপারে আপনি একটু ধৈর্য্য ধরে শুনুন তাহলে অন্তত আপনার ওই কালিদাসের উল্টো রথের গতি হয়তো স্তব্ধ হতে পারে। বিরোধীপক্ষ থেকে এই বিলের ব্যাপারে বলতে গিয়ে বললেন যে মাননীয় মন্ত্রী নাকি এই পঞ্চায়েত বিলের ক্ষেত্রে যে উৎসাহ পেয়েছেন তা কংগ্রেসের পক্ষ থেকেই ওঁনারা উৎসাহ পেয়েছেন। রাজীব গান্ধীর দয়ায় নাকি এই উৎসাহ পাওয়া। না, আমরা রাজীব গান্ধীর উৎসাহে এই পঞ্চায়েত বিলে উৎসাহিত হয়নি। এই পঞ্চায়েত বিলের ক্ষেত্রে উৎসাহের পেছনে রাজীব গান্ধী সমাধির দিকে তাকিয়ে থেকে হয়নি। আমরা যদি উৎসাহ পেয়ে থাকি তা হচ্ছে জনগণের কনসেপ্ট, তার থেকেই আমরা এই পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল এনেছি। এই যে কনসেপ্ট এটা হচ্ছে জনগণের কনসেপ্ট, পঞ্চায়েতের কনসেপ্ট, এটা রাজীব গান্ধী কনসেপ্ট নয় বা মহাত্মা গান্ধীজীর কনসেপ্ট নিয়ে নয়। এই কনসেপ্ট হচ্ছে ভারতবর্ষের ঐতিহ্যের মধ্যে অর্থাৎ ভারতবর্ষের গ্রামসভা, সেখানে দিল্লি বা যে কোনও জায়গাই হোক না কেন, রাজা বাদশাহদের আমল থেকে যে কনসেপ্ট চলে আসছে সেই কনসেপ্ট ধরেই এই পঞ্চায়েতি ধরেই এই পঞ্চায়েত ব্যবস্থা চলে আসছে। এই পরিপ্রেক্ষিতে আমার একটা কবিতা মনে পড়ছে আঁবাদ করে বিবাদ করে সুবাদ করে তারা। এই যে গ্রাম স্বশাসনের কনসেপ্ট এটা একেবারে পুরানো ঐতিহ্য ধরে চলে আসছে। এই পুরানো ঐতিহ্য ধরেই এই কনসেপ্ট বা ধারণার মধ্যে দিয়ে এই ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল এসেছে। ১৮৮৫ সালে স্থানীয় স্বায়ত্তশাসন আইনের মধ্যে দিয়ে এর যাত্রা শুরু করা হয়েছিল। এই কনসেপ্টকে আইনসঙ্গত করবার জন্য এবং আইনের নির্দিষ্ট আওতার মধ্যে আনার জন্য ১৯১৯ সালে বঙ্গীয় স্বায়ত্ত শাসন আইন তৈরি হল। ১৯৫৭ সালে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত আইন তৈরি হল এবং ১৯৭৩ সালে আবার পঞ্চায়েত আইন তৈরি হল। কিন্তু সেই ১৯৭৩ সালের আইনটি কার্যকর করা হয়নি। পরবর্তীকালে কিছু কিছু সংশোধনী করে আমরা আসার পরে ১৯৭৮ সালে সেটা কার্যকর করতে অক্ষম হয়েছিলাম। সুতরাং পঞ্চায়েত বিলের মধ্যে দিয়ে যে কনসেপ্ট প্রতিফলিত হচ্ছে তা মহাত্মা গান্ধী বা রাজীব গান্ধীর কনসেপ্ট দিয়ে তৈরি হয়নি। কংগ্রেসিরা অর্থাৎ বিরোধীপক্ষ থেকে পঞ্চায়েতের কথা বলতে গিয়ে বারেবারে ওঁনারা গান্ধীবাদের কথা বলেন। আসলে ওঁনারা গান্ধীজীর নীতিটিতি সব

কিছুকে বাদ দিয়ে গান্ধীজীর ওই লাঠিটাকেই বড় করে দেখেছেন এবং ওই লাঠি দিয়ে ভারতবর্ষের সর্বত্র ঘুরিয়ে বেড়াচ্ছেন। এবং এর ফলে একটা অশান্তির সৃষ্টি করছেন। আজকে পঞ্চায়েত বিলের মধ্যে দিয়ে এটাই পরিলক্ষিত হচ্ছে যে, শুধু নিজের দেশের নয়, বিদেশে পর্যন্ত এর নজর কেড়েছে। পঞ্চায়েতের কাজকর্ম দেখে বিদেশের মানুষ এখানে এসে শিক্ষা নিতে চাইছে। সেখানে এই পঞ্চায়েত ব্যবস্থাকে আরও উন্নত করার জন্য, একে আরও বিকেন্দ্রীকরণ করার জন্য এবং জনগণের প্রতি এর আরও বাধ্য-বাধকতা এবং দায়বদ্ধতা নির্দিষ্ট করা যায় সেইজন্য এই পঞ্চায়েত সংশোধনী বিল নিয়ে আসা হয়েছে। হ্যাঁ, আমরা সেক্ষেত্রে সংরক্ষণ নিয়ে এসেছি।

সেক্ষেত্রে গ্রাম-পঞ্চায়েত বিভিন্ন স্তরে আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে কিছু উন্নয়নপ্রকল্প তৈরি করার অধিকার তাদের দেওয়া হয়েছে। ডেভেলপমেন্ট পরিকল্পনা যা করা হয়েছে, আরবান কনগলোম্যারেশন এবং আগামী পরিকল্পনার রূপায়ণ ল্যান্ড ইউটিলাইজেশনের পরিকল্পনা—এই সমস্ত অধিকার দেওয়া হয়েছে। এছাড়া, ঋণ নিয়ে আর্থিক সংস্থার কাছে থেকে সাধারণ মানুষের স্বার্থে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করা—এই সমস্ত অধিকার দেওয়া হয়েছে। অসুবিধা কিছু ছিল কনটেসটিং ক্যানডিডেটের ক্ষেত্রে যেটা আগেই সংশোধন করা হয়েছে গ্রাম-পঞ্চায়েতের ক্ষেত্রে। সেইগ্রাম পঞ্চায়েত এলাকার মধ্যে নির্বাচনী তালিকায় তিনি সেই গ্রাম-পঞ্চায়েতের যে কোনও এলাকার লোক হলেই হবে। কিন্তু তাঁর প্রস্তাবক এবং সমর্থক তিনি যে এলাকা থেকে দাঁড়াচ্ছেন, সেই এলাকার লোক হতে হবে। অর্থাৎ যেক্ষেত্রে থেকে তিনি দাঁড়াচ্ছেন সেখানকার ভোটার তালিকায় তাঁদের নাম থাকতে হবে। আজকে এই অ্যামেন্ডমেন্ট পঞ্চায়েত সমিতির স্তর, জেলা পরিষদ স্তর পর্যন্ত প্রসার করা হচ্ছে। নোট অফ ডিসেন্ট-এর মধ্যে আছে, রাইট টু রিকল কেন এখানে করা হয়নি। হ্যাঁ, জিনিসটা সবই ভাল কথা। গণতন্ত্রের পক্ষে রাইট টু রিকল ভাল কথা। একটু হোক না কেন, বড় জায়গায়। পার্লামেন্টের ক্ষেত্রে হোক, বিধানসভার ক্ষেত্রে হোক। আমার প্রশ্ন গ্রাম-পঞ্চায়েত যেখানে ছোট এলাকা, ছোট নির্বাচন ক্ষেত্রে, সেই এলাকার নির্বাচিত প্রধান কয়েকটি গ্রামকে সামনে রেখে উন্নয়নমূলক দৃষ্টিভঙ্গি রেখে কাজ চালাচ্ছেন। সেখানে আজকে পরিবেশে বিভিন্ন অশুভ শক্তি সাধারণ মানুষের অগ্রগতির গতিকে কোথাও কমিউন্যালভাবে, কোথাও অন্যভাবে রুদ্ধ করতে চায় এইভাবে তাহলে কি হবে? সেখানে প্রধান নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি সামনে রেখে, একটা সার্থক দৃষ্টিভঙ্গি সামনে রেখে সেখানে সাম্প্রদায়িকতামুক্ত পরিবেশ কাজ চালাতে গিয়ে যদি রিসোর্স নিয়ে গ্রাম পঞ্চায়েতের কাজ করেন এবং কোনও নো-কনফিডেন্স নিয়ে আসা হয় এবং রাইট টু রিকল করা হয় তারা কি সঠিকভাবে কাজ পরিচালনা করতে পারবেন? সেটা কি পঞ্চায়েতকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে না ব্যহত করবে? কোথাও কোনও নির্বাচন ক্ষেত্রে রাইট টু রিকল থাকে তাহলে পঞ্চায়েতের কাজকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে না, বিরোধিতা করবে। নির্বাচিত প্রতিনিধিকে এই ক্ষেত্রে সাহায্য করা হবে না। যেহেতু এটা ছোট এলাকার মধ্যে নির্বাচন, গণতান্ত্রিক আন্দোলনের বিকাশের এই পর্যায়ে সেটা সম্ভব নয় যেটা নোট অফ ডিসেন্টের মধ্যে দেখেছি। এটা নিয়ে ভবিষ্যতে ভাবা যাবে। এটা আগে পার্লামেন্টের ক্ষেত্রে হোক, বিধানসভার ক্ষেত্রে হোক। বামফ্রন্টের আমলে পঞ্চায়েত যেভাবে বিকশিত করার চেষ্টা চলছে, সেই

প্রচেষ্টাকে আরও প্রসারিত করার জন্য এই আইন আনা হয়েছে। তাই আমি এই পঞ্চায়েত বিলের পক্ষে এবং অন্যান্য বিরোধীরা বিলের বিপক্ষে যে সমস্ত বক্তব্য রাখছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[12-40 — 12-50 P.M.]

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী আজকে আমাদের সামনে যে পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন সে সম্বন্ধে কয়েকটি কথা বলছি। স্যার, আমি এই বিলের সিলেক্ট কমিটির সদস্য ছিলাম কিন্তু দুর্ভাগ্যবশত সেই সময় বহরমপুরের উপনির্বাচনে ব্যস্ত হয়ে পড়ায় মাত্র একটি মিটিং-এ আমি যোগদান করতে সক্ষম হয়েছিলাম, বাকি মিটিংগুলিতে যোগদান করতে পারি নি। আমি আমার বক্তব্য মোটামুটি সেই সিলেক্ট কমিটিতে জানিয়েছিলাম কিন্তু দুর্ভাগ্যবশত সেটা নোট অব ডিসেন্ট বলে হয়ত পরিগণিত হয়নি যার ফলে সিলেক্ট কমিটি থেকে যে বিলটা এখানে আনা হয়েছে তাতে আমার সেই বক্তব্যগুলি ছাপা হয়নি। যাইহোক, আমি আমার বক্তব্য রাখার সময় সেগুলি তুলে ধরার চেষ্টা করব। মাননীয় সভাপতি মহাশয়, পঞ্চায়েত সম্বন্ধে কিছু বলতে গেলেই সবচেয়ে প্রথমে আমার মনে আসে যে পঞ্চায়েতে ব্যাপক দুর্নীতি হচ্ছে। এটা ঠিকই যে পঞ্চায়েত ব্যবস্থা নিশ্চয় আমরা সকলেই চাই। আমরা চাই এর পরিধি ও ক্ষমতা আরও বাড়ুক এবং জনগণ এই পঞ্চায়েতের সঙ্গে আরও বেশি করে যুক্ত হোন—আমরাও এটা চাই, আপনারাও নিশ্চয় এটা চান। তবে সঙ্গে সঙ্গে এটা ও দেখতে হবে যে সেখানে কেন্দ্রীয় সরকার যে প্রচুর টাকা দিচ্ছেন এবং রাজ্য সরকারও কিছু কিছু টাকা দিচ্ছেন—মূলত এখানে কেন্দ্রীয় সরকারেরই টাকা। জওহর রোজগার যোজনার যে টাকা আপনারা জানেন যে শতকরা ৮০ ভাগ টাকা সেখানে কেন্দ্রীয় সরকার দেন। আমি পরে এ বিষয়ে বিস্তারিতভাবে বলব তবে এখন বলি, সেই টাকা কিন্তু সব জায়গায় খরচ হচ্ছে না ঠিকমতোন। দুঃখের বিষয় যেটা সেটা হচ্ছে, এই ১৫/১৬ বছর ধরে যে টাকা কেন্দ্রীয় সরকার এখানে দিয়েছেন তাতে সেটা বেশ কয়েক হাজার কোটি টাকা হবে এবং এই টাকা যদি ভালভাবে ব্যবহার করা হত তাহলে আজকে গ্রামবাংলার চেহারা অনেক পাল্টে যেত। এই টাকা ঠিকমতোন ব্যবহার করা হলে প্রতিটি গ্রামের সঙ্গে রাস্তার যে সড়ক যোগাযোগ সেটা আরও উন্নত হতে পারত, গ্রামাঞ্চলে পানীয় জলের সমস্যার অনেকখানি সমাধান করা যেত এবং গ্রামবাংলায় আরও যে সমস্ত গ্রাম্য সমস্যা আছে সেগুলি অনেকখানি সমাধান করা যেত। কিন্তু আপনারা আপনাদের বুকে হাত দিয়ে বলুন, আমরা যেটা বলছি সেটা সত্য কিনা যে, আমাদের অভিজ্ঞতা হচ্ছে, বাস্তবে কিন্তু এই টাকা নয়ছয় হচ্ছে। আমরা জানি যে বহু গ্রামপঞ্চায়েত আছে যেখানে টাকা যাওয়া মাত্র সেখানে গ্রামপঞ্চায়েত পর্যন্ত পৌঁছায় না, সেখানে বি. ডি. ও. অফিস বা ব্যাঙ্ক থেকে টাকা তোলা মাত্র দেখা যায় কোনও জায়গায় বসে গ্রামপঞ্চায়েতের সদস্যদের মধ্যে সেই টাকা ভাগাভাগি হয়ে যাচ্ছে।

(ভয়েস ঃ ওটা কংগ্রেসের গ্রামপঞ্চায়েত।)

না, কংগ্রেসের গ্রামপঞ্চায়েত নয়। আপনাদের আমি অনুরোধ করছি যে আপনারা আত্মসন্তুষ্টিতে ভুগবেন না। আপনারা যদি এইভাবে আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে চলেন

তাহলে আপনারা জেনে রাখবেন যে আপনারা কোনওদিনই পঞ্চায়েতের মাধ্যমে সত্যিকারের গ্রামবাংলার উন্নতি করতে পারবেন না। আপনাদের এই আত্মসন্তুষ্টি শেষ হওয়া দরকার আমি বহু গ্রামপঞ্চায়েত সম্বন্ধে নির্দিষ্ট অভিযোগ আনতে পারি। বিনয়বাবু যখন মন্ত্রী ছিলেন তখন আমি আমার এলাকার পুরন্দরপুর গ্রাম পঞ্চায়েত সম্পর্কে নির্দিষ্ট অভিযোগ এনেছিলাম এটা সি. পি. এমের গ্রামপঞ্চায়েত। সেখানে একটা পুকুর কাটা হয়েছে বলে খবর চলে গেল কিন্তু আসলে দেখা গেল যে সেখানে সেই পুকুরের এক ইঞ্চি মাটিও কাটা হয়নি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলাতে তিনি আমাকে বললেন যে তদন্ত করব। সেখানে তদন্ত হ'ল। বি. ডি. ও. তদন্ত করলেন এবং রিপোর্টে দেখা গেল যে সত্যিকারের সেখানে চুরি হয়েছে, পুকুর কাটা হয়নি। কিন্তু শেষ পর্যন্ত সেখানে কি হল তা শুনলে আপনারা অবাক হয়ে যাবেন। শেষকালে এখান থেকে জেলা পরিষদের সভাধিপতি মহাশয়কে দিয়ে সেই পঞ্চায়েত প্রধানকে ডেকে আনা হল এবং বলা হল যে অতীশবাবু ভীষণ কমপ্লেন করছেন তুমি যদি এইভাবে কাজ কর তাহলে পরবর্তীকালে তোমাকে আর টাকা দেওয়া যাবে না তুমি অন্তত কিছু কাজ করার চেষ্টা কর। এটা তিন/চার বছর আগের কথা বলছি। তারপর থেকে সেই পুরন্দরপুর গ্রামপঞ্চায়েতে কিছু কিছু কাজ হতে শুরু হয়েছে। এই অবস্থা শুধু এই একটি গ্রামপঞ্চায়েতে নয়, বহু গ্রামপঞ্চায়েতেই এই জিনিস হচ্ছে। এটা বিলের ব্যাপার নয়, এটা প্রশাসনিক ব্যবস্থা কিন্তু তবুও এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে এই সমস্ত ব্যাপার যাতে চেক করা যায় এবং দূর করা যায় তারজন্য আপনি যথাসাধ্য চেষ্টা করুন। এটা না করতে পারলে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামবাংলার উন্নতি করা যাবে না আজকাল তো গ্রাম-পঞ্চায়েতের মাধ্যমে জুতো সেলাই থেকে চন্ডিপাঠ পর্যন্ত সমস্ত কিছুই আপনারা করতে চাইছেন কাজেই সেখানে মূল যে দুর্নীতির ব্যাপারটা সেটা যদি বন্ধ করতে না পারেন তাহলে আপনাদের আশা ফলবতি হবে না। সেইজন্য আমরা চাইছিলাম যে যেমন পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদ লেভেল পর্যন্ত সি. এ. জি. কে দিয়ে অডিট করার ব্যবস্থা আছে তেমনি এই ৩ হাজার ২০২ টি গ্রাম-পঞ্চায়েতেরও এই সি. এ. জি কে দিকে অডিট করানোর ব্যবস্থা করা হোক। এটা যদি করানো হয় তাহলে খানিকটা ভয় থাকবে। আপনারা জানেন যে গ্রামপঞ্চায়েতে অডিটের নামে ছেলেখেলা হয়। সেখানে পঞ্চায়েত এক্সটেনশন অফিসার, তিনি অডিট করেন। সেখানে যেভাবে অডিট করা হচ্ছে সেটা না করাই ভাল। সমরবাবু একটু আগে বলছিলেন যে সি. এ. জি. কে দিয়ে অডিট করাতে গেলে পঞ্চায়েত প্রধানকে তার নাতিপুতিদের পাওয়ার নিয়ে যেতে হয়। এটা কিন্তু ঠিক নয়। সি. এ. জি'র রিপোর্ট আমরা জানি যে ৮৪/৮৫/৮৬/৮৭ পর্যন্ত এসে গিয়েছে। আমি পি. এ. কমিটির সদস্য, আমি জানি এই রিপোর্ট এসে গিয়েছে। ৮৬/৮৭ আর কতদিনের ব্যাপার? মাত্র ৫ বছর আগের ব্যাপার। ৫ বছরের মধ্যে কি ভাবে নাতিপুতি তৈরি হয় জীব জগতে এটা আমি জানি না। সুতরাং উনি যেটা বলছিলেন যে নাতিপুতিদের ক্ষমতা দিয়ে যেতে হবে সি. এ. জি. কে দিয়ে অডিট করাতে গেলে গ্রামপঞ্চায়েতের আমি একথার সঙ্গে একমত হতে পারলাম না। এখনও আমি মনে করি যে সি. এ. জি. কে দিয়ে এই গ্রামপঞ্চায়েতগুলির খুব জোরদার অডিট করানো দরকার। যদি আপনারা সি. এ. জি সম্বন্ধে কোনও অন্য মনোভাব পোষণ করেন তাহলে বলব, আপনারা এই অডিটিং সিস্টেমকে আরও স্ট্রেনদেন করুন। সেখানে এমন ব্যবস্থা করুন যে যদি কোনও গ্রামপঞ্চায়েত দুর্নীতির

আশ্রয় নেয় তাহলে সত্যিকারের তার বিরুদ্ধে যেন ব্যবস্থা গ্রহণ করা যায়। এইরকম একটা আবহাওয়া যদি সৃষ্টি করতে না পারেন তাহলে যতই আপনারা বিল আনুন, অ্যামেন্ডমেন্ট আনুন বা নতুন কিছু করার চেষ্টা করুন সবাই বিফলে যাবে। এ ব্যাপারটা আপনাদের চিন্তা করে দেখতে অনুরোধ করেছি। এর পর আমি স্পেসিফিক কয়েকটি ব্যাপারে আসতে চাই। প্রথম কথা হচ্ছে, অরিজিনাল অ্যাক্টের সেকশন ফোরে আছে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনেকবার বলেছি যে, যেখানে প্রভিসন আছে যে প্রত্যেকটা গ্রামপঞ্চায়েতে নট লেস দ্যান ফাইভ এবং নট মোর দ্যান ২৫ মেম্বার হবে আর রুলসে আপনি বলছেন যে প্রতি ৫০০ জনে একজন করে মেম্বার হবে। অর্থাৎ, এই হিসাবে দেখতে গেলে আপনার ৫০০ ইনটু ২৫ অর্থাৎ ১২ হাজার ৫০০ একটা গ্রামপঞ্চায়েতের ম্যাকসিমাম ভোটারের সংখ্যা হতে পারে। এরকম অনেক গ্রামপঞ্চায়েত আছে আমি জানি, আমার নিজের এলাকাতেও এরকম দুটি গ্রামপঞ্চায়েত আছে যেখানে ২৫টা মেম্বার হয়ে গেছে, ১২ হাজার ৫০০ অনেক বেশি, প্রায় ১৭/১৮ হাজার ভোটার আছে। সেখানে সেগুলি এখনও ভাগ করা হয়নি।

[12-50 — 1-00 P.M.]

আমি মন্ত্রী মহাশয়কে বলব এই রকম বড় বড় গ্রাম পঞ্চায়েতগুলো—একটু আগে মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা বলছিলাম, গ্রাম-পঞ্চায়েত কতকগুলো এই রকম আছে—উনি বললেন প্রায় ৩০০ টা হবে। এতগুলো ভাগ করবার হয়তো ক্ষমতা নেই, এখন আপনাদের আর্থিক ক্ষমতায় কুলোবে না। কিন্তু আমি বলব যে আর্থিক ক্ষমতায় কুলোক বা না কুলোক, যদি আপনারা এটাকে কুলোতেও চান, ৩০০ টাকে যদি ১০০তে নিয়ে আসতে চান তাহলে অপনাদের রুলস পাল্টে ৫০০ জনের প্রতি একটা করে মেম্বার আছে সেটাকে তাহলে ৫০০'র জায়গায় হয় ৭০০/৮০০ এই রকম একটা কিছু করতে হবে। কিন্তু এটা আপনাদের করা দরকার। এমন অনেক গ্রাম-পঞ্চায়েত আছে, যেখানে প্রায় ১৭/১৮ হাজার পর্যন্ত ভোটার সংখ্যা হয়ে গেছে এবং এত বিরাট এলাকা যে সেখানে একটা প্রধানের পক্ষে বা সেখানে একটা উপ-প্রধানের পক্ষে এই বিরাট জনসংখ্যার একটু উন্নতি করা, তাদের সকলের সঙ্গে সংযোগ রক্ষা করা, এটা প্রাকটিক্যালি পসিব্‌ল নয়। সেই জন্য আমি আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করব যে এই বড় বড় গ্রাম-পঞ্চায়েতগুলো আপনারা ভাগ করবার জন্য একটা প্রস্তাব গ্রহণ করুন। সেইজন্য একটা অ্যামেন্ডমেন্টও আমাদের তরফ থেকে আনা হয়েছে, সেকশন থ্রি অব দি প্রিন্সিপিল অ্যাক্ট 3(d) a proviso be inserted viz "Provided that the total number of voters in a Gram Panchayat small not be exceed 12,500. এটা যদি মন্ত্রী মহাশয় গ্রহণ করেন তাহলে নিশ্চয়ই আমি বাধিত হব। এই সঙ্গে একটা ছোট্ট কথা বলছি, আপনারা জানেন আগে আগে বড় বড় গ্রাম পঞ্চায়েতগুলো ভাগ করা হয়েছিল, ১৯৭৮ সালে এবং সেই ভাগ করার পর গ্রাম-পঞ্চায়েত যেগুলো ভাগ হল, সেইগুলোকে এক নং, দুই নং, ইত্যাদি ভাবে নির্দিষ্ট করা হয়েছে কিন্তু আপনাদের সেকশন ফোরে আছে, এটা আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছি, Section 4 every Gram, the state Government shall constitute Gram Panchayat bearing the name of the Gram. অর্থাৎ ধরুন গোকর্ণ গ্রাম-পঞ্চায়েত আছে আমার এলাকায়, গোকর্ণ গ্রাম পঞ্চায়েতটা ১৯৭৮ সালে ভাগ হয়ে গোকর্ণ (১) হলো

গোকর্ণ (২) হল। গোকর্ণ (১) এর মধ্যে গোকর্ণ গ্রামটা আছে। কিন্তু গোকর্ণ (২) এর সঙ্গে গোকর্ণ গ্রামের কোনও সম্পর্ক নেই। সুতরাং এই সেকশন ফোরে যেটা বলছে, bearing the name of the gram.

এটা গোকর্ণ (২) এর ক্ষেত্রে প্রযোজ্য হচ্ছে না। তার সঙ্গে গোকর্ণ এর কোনও সম্পর্ক নেই। কিংবা মহানন্দা (১), মহানন্দা (২) মহানন্দা, এক এর সঙ্গে দুই এর কোনও সম্পর্ক নেই। সুতরাং এই যেখানে এই রকম দুই হয়েছে, বিশেষ করে সেইগুলোকে সেই এলাকার কোনও প্রধান গ্রামের নাম দিয়ে নামকরণ যাতে করা হয় সেটা নিশ্চয়ই মন্ত্রী মহাশয় চিন্তা করে দেখবেন। এটা আমি অনুরোধ করছি। দ্বিতীয় কথা হচ্ছে যে এখানে আপনারা জানেন যে গ্রাম-পঞ্চায়েতের সিট অ্যালোকেশন যখন হয়, কোনও কোনও কনস্টিটিউয়েন্সিতে একটা সিট অ্যালোকেট হয় আবার কোনও কোনও জায়গায় দুটো সিট অ্যালোকেট হয় ম্যাকসিমাম দুটো পর্যন্ত প্রভিসন আছে। অ্যাকর্ডিং to section 4(3) (b) allocated one seat to each such constituency. seat not exceed two on the basis of the electorate of the gram. কোথাও একটা আছে, কোথাও দুটো আছে। এখন এটা আমার মনে হয় যে আমাদের আর্টিকল ফোর্টিনকে ভায়লেট করছে। তার কারণ সেখানে ইকোয়ালিটি অব ল' বা ইকয়্যালিটি অব অপারচুনিটির কথা আছে আপনারা জানেন এবং তার মানে একটা জায়গায় কোনও কন্সটিটিউয়েন্সির একটা ভোটার, সে একটা ভোট দিতে পারছে, তার পাশের একটা কন্সটিটিউয়েন্সির একটা ভোটার সে দুটো ভোট দিতে পারছে। এটা আমার মনে হয় যে সংবিধানের ১৪ ধারা এর বিরোধী। সুতরাং এটাকে দূর করা, প্রত্যেক কন্সটিটিউয়েন্সিকে সিঙ্গল সিটেড কন্সটিটিউয়েন্সি করা খুব দুরূহ কিন্তু তাহলেও এটা ভাবনা-চিন্তা করবার জন্য, প্রত্যেকটা সিট যাতে সিঙ্গল সিট হয়, সেটা চিন্তা ভাবনা করবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব।

[1-00 — 1-10 P.M.]

১৯৫৭ সালে যখন পঞ্চায়েত নির্বাচন হয়েছিল তখন প্রতিটি সীটই সিঙ্গল সীটেড ছিল। এরপর বুথে পরিবর্তন করা হ'ল। এখন প্রত্যেকটা বুথকে একটা করে কন্সটিটিউয়েন্সী হিসাবে নির্দিষ্ট করে ধরা হচ্ছে বলেই এই অসুবিধার সৃষ্টি হয়েছে। টোটাল গ্রাম পঞ্চায়েতের নাম্বার অফ্ ভোটারসকে ৫০০ দিয়ে ভাগ করে কতগুলি সীট হয় ঠিক করছেন। প্রথমে সবাইকে একটা করে দিচ্ছেন। তারপর যে বুথে সংখ্যা বেশি সেখানে আরও একটা করে দিয়ে সংখ্যাটাকে খাইয়ে দিচ্ছেন। এই সীট অ্যালোকেশন, এটা পাল্টান একটু কঠিন তা আমি স্বীকার করি। কিন্তু আর্টিকেল ১৪'র কথা চিন্তা করে—প্রত্যেক ভোটার যাতে একটা করে ভোট দিতে পারে এবং প্রতিটি কন্সটিটিউয়েন্সী যাতে সিঙ্গল সীটেড হয়, এটা দেখতে হবে। এবং এটা দেখার বিশেষ প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি আশা করব মন্ত্রী মহাশয় এটা ভাবনা-চিন্তা করে দেখবেন যে প্রতিটি সীটকে সিঙ্গল সীটেড করা যায় কিনা।

এরপর আমি একটা মারাত্মক দুঃখের কথা বলতে চাই। সেটা হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন, 'জওহর রোজগার যোজনা'য় যে টাকা বরাদ্দ করা হয় তার ৮০ ভাগ টাকাই কেন্দ্রীয় সরকার দেন। কিন্তু সে টাকা গ্রাম-পঞ্চায়েতগুলির হাতে গিয়ে পৌঁছচ্ছে

না। আমার মনে হয় এই টাকা আপনাদের মাননীয় অর্থমন্ত্রী মাইনে দেওয়ার জন্য খেয়ে ফেলেছেন। আমি আপনার কাছে স্পেসিফিক দৃষ্টান্ত দিচ্ছি এবং আশা করছি সঠিক তথ্য আপনার উত্তরের সময়ে জানাবেন। আমার নিজস্ব এলাকা, যেখান থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি সেই কান্দীগ্রাম পঞ্চায়েতে ১৯৯১-৯২ সালে জওহর রোজগার যোজনার ৩১ লক্ষ ৯৭ হাজার ৪৮ টাকা অ্যালোকেটেড হয়েছিল। কিন্তু অ্যাকচ্যুয়ালি রিলিজড্ হয়েছে কত জানেন? মাত্র ৮ লক্ষ ২২ হাজার ১৪৮ টাকা! প্রায় ৩২ লক্ষ টাকা অ্যালোকেটেড হয়েছিল, শেষ পর্যন্ত রিলিজড হ'ল ৮ লক্ষ টাকা। অথচ এটা জওহর রোজগার যোজনার টাকা এবং এর ৮০ ভাগই কেন্দ্রীয় সরকার দেয় গ্রাম-পঞ্চায়েতগুলিকে। কিন্তু আপনারা দিচ্ছেন না। তাহলে গ্রাম-পঞ্চায়েতগুলি কি করে জনসাধারণের প্রত্যাশা মেটাবে? তাদের ওপর বিভিন্ন কাজের যে দায়িত্ব অর্পিত হচ্ছে সে দায়িত্ব তারা পালন করবে কি করে? গত ১৮ই জুন 'বর্তমান' কাগজে সংবাদ বেরিয়েছে,—কেন্দ্রের দেওয়া ৮৩ হাজার টন ভরতুকীর গম ফেরত গেল। জওহর রোজগার যোজনায় কেন্দ্র ভরতুকী দিয়ে সস্তায় গম দেয়। অনেক কম দামে, ২ টাকা ৯ পয়সা কে. জি. দামে গম পাওয়া যায়। গ্রামের গরিব মানুষদের জন্য যে গম আসে, সে গম কেন তাদের দেওয়া হচ্ছে না? আপনারা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেন, কেন্দ্রীয় সরকার কিছু দেয় না বলেন। আপনারা বলেন, কেন্দ্র আপনাদের বঞ্চনা করছে, বিমাতৃসুলভ আচরণ করছে। অথচ আমাদের কাছে এ রকম কনট্রাডিক্টরি রিপোর্ট আছে। সুতরাং ৮৩ হাজার টন গম যাতে ফেরত না যায়, পঞ্চায়েত সমিতিগুলির জন্য যে টাকা অ্যালোকেটেড হয়েছে সে টাকা যাতে প্রতিটি পঞ্চায়েত সমিতিতে ঠিকমতো যায়—যে বছরের টাকা সে বছরেই যাতে প্রত্যেকটা পঞ্চায়েত সমিতির হাতে পৌঁছয় তা আপনাকে দেখতে হবে। শুধু পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল এনে কাজ শেষ করে দিলেই চলবে না।

তারপর একটা কথা মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, গ্রাম পঞ্চায়েতগুলির ওপর সমস্ত রকম কাজের যে পরিমাণ দায়িত্ব দেওয়া হয়েছে সে তুলনায় তাদের বিশেষ কোনও স্টাফ দেওয়া হয়নি। যদিও ৩৪ ধারায় স্টাফ নেওয়ার কথা বলা আছে। অন্যান্য ক্ষেত্র থেকে কিছু স্টাফ দেওয়ার কথা বলা আছে। অন্যের কাছ থেকে ধার করে স্টাফ নিলে কি হয় তা নিশ্চয়ই মন্ত্রী মহাশয় জানেন। সে স্টাফ বড় জোর গ্রাম পঞ্চায়েতকে একটা স্কীম করে দেয় বা কাজের ক্ষেত্রে কিছু উপদেশ দেয় বা গ্রাম-পঞ্চায়েতের মিটিং হলে অ্যাটেন্ড করে। কিন্তু তা দিয়ে ভাল করে কোনও কাজ হয় না। এমন অনেক গ্রাম পঞ্চায়েত আছে যেখানে একজন স্টাফও আছে কিনা সন্দেহ। একটা স্টাফ তিনটে গ্রাম-পঞ্চায়েতের স্টাফ হিসাবে কাজ করছে। সে হচ্ছে ঐ একজন সেক্রেটারি। সেক্রেটারি ছাড়া গ্রাম পঞ্চায়েতগুলিকে আর একজন করে স্টাফ দেওয়া হয়—জব্ অ্যাসিস্ট্যান্ট। এই দুটি করে লোক এক একটি গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হয়েছে। আর কি দিয়েছেন? কিছু পুরানো আমলের—চোখে দেখতে পায় না, কানে শুনতে পায় না, বুড়-হাবড়া—চৌকিদার, দফাদার গ্রাম-পঞ্চায়েতগুলিতে আছে।

[1-10 — 1-20 P.M.]

চৌকিদার ও দফাদারের ব্যাপারে আমি পরে আসছি। কিন্তু একটা জব-অ্যাসিস্ট্যান্ট, একটা সেক্রেটারি দিয়ে এই যে বিরাট দায়িত্ব—আজকে মোটামুটি গ্রাম-পঞ্চায়েতে বছরে ৫ লক্ষ টাকা, ৬ লক্ষ টাকা যাচ্ছে—এই ৫ লক্ষ টাকা, ৬ লক্ষ টাকা সত্যিকারের যদি ভালভাবে ইউটিলাইজ করতে হয় তাহলে আমার মনে হয় সেই টাকা কিভাবে খরচ হচ্ছে তার অ্যাকাউন্টস রাখতে হবে এবং এই অ্যাকাউন্টস রাখতে গেলে একজন অ্যাকাউন্টান্ট এবং আর একজন টেকনিক্যাল এক্সপার্ট জব-অ্যাসিস্ট্যান্ট ছাড়াও গ্রাম-পঞ্চায়েতগুলিকে দেওয়া অত্যন্ত জরুরি। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় হয়তো বলবেন, ৩ হাজার ৩০২টি গ্রাম-পঞ্চায়েতে যদি একজন করেও লোক নিয়োগ করতে হয় তাহলে সরকারের অর্থ ভান্ডারের উপর চাপ পড়বে। কিন্তু যতই চাপ পড়ুক এটা অত্যন্ত দরকার। গ্রাম-পঞ্চায়েতে স্টাফ যদি না দেওয়া হয় তাহলে গ্রাম-পঞ্চায়েতের পক্ষে যে দায়িত্ব আপনারা দিতে চাচ্ছেন, যেভাবে আপনারা তাদের কাছ থেকে কাজ আশা করছেন, সাধারণ মানুষ যেভাবে আশা করছেন সেইভাবে কাজ করা তাদের পক্ষে সম্ভব হবে না। চৌকিদার দফাদারের কথা একটু আগে বললাম। এদের জন্য অ্যাক্টের পুরো চ্যাপ্টার ৫ অ্যালোকেটেড করা আছে। আপনি জানেন এরা রুর‍্যাল পুলিশ হিসাবে কাজ করবে সেই আইডিয়া ছিল। মন্ত্রী মহাশয়কে আমি প্রশ্ন করতে চাই, তারা কি সেইকাজ করতে পারছে? তাদের অ্যারেস্ট করার পাওয়ার দেওয়া আছে সেই অ্যাক্টে। আমি জানতে চাইছি, পশ্চিমবাংলায় এতগুলি গ্রাম-পঞ্চায়েতে যে চৌকিদার-দফাদার আছে—তারা ক'টা চোর, ডাকাত বদমায়েস, খুনীকে অ্যারেস্ট করে তার পরের দিন থানায় গিয়ে রিপোর্ট করেছে? কিছু কাজ করছে না। ঐ পঞ্চায়েতের প্রধানের নোটিশগুলি বিভিন্ন জায়গায় পৌঁছে দেওয়া আর অন্যান্য কিছু কাজ করা ছাড়া আর কিছু করে না। এদের চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে গণ্য করুন এবং সরকারি স্কেলে মাহিনা দিন। যাদের চাকরি করার বয়স আছে তাদেরকে সেইভাবে গণ্য করুন আর যাদের বয়স পেরিয়ে গেছে, তাদেরকে রিটায়ার করিয়ে দিয়ে নতুন লোক নিয়োগ করুন। যাতে এই চৌকিদার-দফাদাররা তাদের যে দায়িত্ব, এই অ্যাক্টে যা আছে রুর‍্যাল পুলিশ হিসাবে কাজ করবে, চোর-ডাকাত ধরবে, সেই কাজ যাতে তারা ঠিকভাবে করতে পারে তারজন্য ব্যবস্থা গ্রহণ করুন এবং এটা করার বিশেষ দরকার বলে আমি মনে করি। এই ব্যাপারটা ভেবে দেখবেন। তারপর আর একটা সাজেশন দিতে চাই সেটা হচ্ছে কাউন্টিং অফ ভোটস্। এটা খুব ইমপট্যান্ট, আপনি চিন্তা করে দেখুন। ওয়ান-থার্ড মেয়েদের জন্য সংরক্ষন করেছেন। শিডিউল কাস্টস, শিডিউল ট্রাইবদের টোটাল পপুলেশনের যে অনুপাত সেই অনুপাতে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের জন্য সংরক্ষণ করেছেন। তারমধ্যে শিডিউল কাস্টদের যে সংরক্ষণ তার ওয়ান-থার্ড শিডিউল কাস্ট মেয়ে নিতে হবে। কতদূর যাচ্ছেন আপনি চিন্তা করে দেখুন। কাউন্টিং অফ ভোটের সময় দেখেছেন সেই জায়গায় উত্তেজনা কি রকম হয়। আপনি জানেন, গ্রাম-পঞ্চায়েতের ভোটে ঐ ৩০ হাজার ভোটের ব্যবধান থাকে না যেটায় রবীনবাবু জিতে এলেন। কোথাও ২, ৩, ৪, ৫, ১০, ১২ এই রকম ভোটের ব্যবধান থাকে। তারফলে প্রচন্ড উত্তেজনা চলে, হাতাহাতি পর্যন্ত হয়ে যায়। কারণ একটি ভোট বাতিল হওয়া মানে একজন হেরে যাবার সম্ভাবনা থাকে। ফলে হৈ হৈ করে চারিদিকের গ্রাম-পঞ্চায়েতে যখন

খবর দিল তখনও হয়ত ডবল সিটেড কনস্টিটিউয়েন্সিতে কাউন্টিং চলছে, সেখানে গিয়ে বলে দিল যে অমুক দল জিতেছে, সেখানে হয়ত সি. পি. এম. আর. এস. পি. ফরওয়ার্ড ব্লকের যে প্রার্থী ছিল তার কী মানে হবে? সুতরাং কাউন্টিংয়ের সময়ে এই পরিস্থিতিটা হয় এই কাউন্টিং অফ ভোটস সেই বুথে হওয়া উচিত নয়। কাউন্টিং অফ ভোটস আপনারা বি. ডি. ও. অফিসে নিয়ে যান, যিনি রিটার্নিং অফিসার তাঁর কাছে সেখানে নিয়ে গিয়ে যেমন বিধানসভা বা লোকসভায় করা হয় সেই রকম করতে পারলে অনেক নিরাপদে অনেক ভাল হবে। সেখানে কাউন্টিং হতে পারে, তাহলে উত্তেজনা, মারপিট এই সবের সম্ভাবনা কমে যাবে। আমাদের বাস্তব অভিজ্ঞতা থেকে আমরা বলছি, সেই সময়ে যখন দেখা যায় যে একটা দল হারছে এবং একটা দল জিতছে, যে জিতছে তার দলটাই মোটা হয়ে যায়, সেখানেই সকলে হাজির হয়, আর যে হারছে তার দিকে ভোট পড়ে থাকে, সবগুলো কাউন্টিংই হয় না। এমন একটা অবস্থার সৃষ্টি হয়। কাউন্টিংটা ঠিকমতো হয় না। সুতরাং আমার মনে হয় যে কাউন্টিং অফ ভোটস—আপনারা ভেবে দেখুন, চিৎকার করবেন না—আমি কোনও পার্টিজনের কথা বলছি না, কাউন্টিং অফ ভোটস অ্যাক্টের মাধ্যমে করা যাবে না, রুলস্ এবং অর্ডারের মাধ্যমে করতে হবে। কাউন্টিং অফ ভোটস নির্দিষ্ট জায়গায় না হয়ে পরের দিন বি. ডি. ও. অফিসে ভোট দেখবেন। আর একটি জিনিস আমি আপনার নজরে আনতে চাই, সেটা হচ্ছে সমান সমান ভোট হলে আপনি জানেন টস করে কয়েন দিয়ে। আগে এ নিয়ম ছিল না। কয়েন দিয়ে টস করতে গেলে একবার যদি ছোড়ে তাহলে যে প্রার্থী তার কোনও ভূমিকা থাকে না আগে সিস্টেম ছিল ১ থেকে ১০ কাগজ রাখা হবে, ৫টা ৫টা করে প্রার্থী তার মধ্যে টাই হবে, প্রার্থী জানবেন যার বেশি হবে তিনি জয়ী বলে ঘোষিত হবেন। কয়েন সিস্টেমে সরকারি কর্মচারী সেখানে বসে থাকবেন বলবেন হেড কি টেল, এর থেকে আগে যে সিস্টেম ছিল ১ থেকে ১০, ৫টা ৫টা করে টানা, সেটা চালু করা যায় কিনা ভেবে দেখবেন। গ্রাম-পঞ্চায়েতে ট্যাক্স আদায়কারী বলে একটা লোক থাকে। মাত্র ৪০ টাকা বেতন পায়, আর আদায়ের উপরে একটা কমিশন পান, যদি ৮০ পারসেন্ট আদায় করতে পারে তাহলে শতকরা কমিশন পায় ১০ পারসেন্ট তার কম হলে পায় না। আমার মনে হয় ট্যাক্স আদায়কারীদের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে, নূতন আইন গ্রাম পঞ্চায়েত করে দিয়েছেন, বিভিন্ন ট্যাক্স ধার্য করতে পারেন, গ্রাম-পঞ্চায়েতগুলিকে নিজের পায়ে দাঁড়াতে গেলে কিছু ট্যাক্স আদায় করতেই হবে শুধু মাত্র অনুদানের উপর নির্ভর করে থাকলে চলবে না, কিছু অনুদান গ্রাম-পঞ্চায়েতে তো ৫, ৬ লক্ষ আদায় হতে পারে না, ১০/১৫ হাজার যেটুকু আদায় করতে পারবেন, সেটুকুও ন্যায্যভাবে আদায়ের ব্যাপারে আদায়কারীর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে বলে আমি মনে করি। মিনিমাম বেতন ৪০ টাকা, ওটা কিছু নয়, আজকের দিনে এটাকে বাড়িয়ে দিয়ে তাদের একটু উৎসাহিত করা যায় না? এই ৩৩০২টি গ্রাম-পঞ্চায়েতে আদায় করবেন, পুরস্কার দেওয়া যায় কিনা সেটাও একটু ভেবে দেখবেন। এ ব্যাপারে আমার একটু কমপ্লেন আছে। দু-বছর আগে দুটি এলাকায় আই. আর. ডি. পি. লোনের ব্যাপারে ফার্স্ট এবং সেকেন্ড এদের মধ্যে ১ লক্ষ টাকা এবং তার কিছু কম দেওয়া হবে বলে ডি. এম. এবং আপনাদের তরফ থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, কিন্তু দু-বছর হয়ে গেল এখন পাওয়া যায়নি।

কুমারশন্ড গ্রাম পঞ্চায়েত ফার্স্ট হয়েছে, কিন্তু তারা টাকা পাননি। বিষয়টা আপনি দেখবেন।

আরও কয়েকটি কথা বলতে চাই। আপনি এবারে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের জন্য সিট সংরক্ষণের ব্যবস্থা করেছেন—ভাল কথা। আমি সিলেক্ট কমিটির একটি মিটিং অ্যাটেন্ড করেছিলাম। এখানে ধারাটা একটু পরিষ্কার করা দরকার। এস. সি., এস. টি. পার্সেন্টেজ অফ পপুলেশন টু দি টোটাল পপুলেশন অফ গ্রাম-পঞ্চায়েত যা হবে, সেইভাবে সিট নির্ধারিত হবে। একটি গ্রাম-পঞ্চায়েতে ২০ পারসেন্ট যদি এস. সি., এস. টি. থাকেন এবং সেই গ্রাম-পঞ্চায়েত যদি ২০টি সিট থাকে, তাহলে তার ২০ পারসেন্ট অর্থাৎ ৪টি সিট এস. সি., এস.টিদের জন্য সংরক্ষিত হবে, যার মধ্যে এক-তৃতীয়াংশ হবে মেয়েদের জন্য নির্ধারিত। কিন্তু সেই চারটি সিট কোথায় নির্ধারিত হবে সেটা পরিষ্কার বলা উচিত। সেজন্য সিলেক্ট কমিটি মিটিংয়ে মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, কনসেনট্রেশনের কথা আইনের মধ্যে ঢুকিয়ে দিলে ভাল হয়, কারণ আমাদের ভয়। যদিও তিনি বলেছেন যে, এক্ষেত্রে রাজনীতির কিছু থাকবে না, কিন্তু আমাদের ভয়—কংগ্রেস যদি জেতেও, সেখানে এস. সি. করে দিলেন, কিংবা সিটটা মেয়েদের করে দিলেন। তাই আমাদের আশঙ্কা যাতে দূর হয় তারজন্য আমরা চেয়েছিলাম, এস. সি., এস.টিদের জন্য যেসব সিট অ্যালোকেশন হবে সেক্ষেত্রে পারসেন্টেজ অফ পপুলেশন অ্যান্ড কনসেনট্রেশন অফ পপুলশেনের ভিত্তিতে তাদের সিট নির্ধারণ করতে হবে। সেটা পরিষ্কার করবার জন্য বলছি, ক্লজ-৩(১) (বি), যেটা আন্ডার লাইন করা আছে, সেখান 'সাচ' অনেকবার বলা হয়েছে। বলা হয়েছে—সাচ সিটস্ Subject to allocation of such seats by rotation. in the manner prescribed. to such different constituencies having scheduled Castes on scheduled tribed population. এতবার 'সাচ বালবার মানে কি? সেইজন্য সাজেস্ট করছি—অ্যান্ড সাচ সিট shall be allocated according to the concentration of the scheduled castes on scheduled Tribes population of that constituency এটা যদি যুক্ত করেন তাহলে মানেটা পরিষ্কার হয়ে যায়। যেভাবে খুশি হল দিয়ে দিলেন—এটা যাতে না হয় তারজন্য বলছি। অনুরূপভাবে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের ক্ষেত্রে ক্লজ ১৫(এ) এর বেলাতেও সেটা প্রযোজ্য হবে। এটা আপনি নিশ্চিৎভাবে ভেবে দেখবেন আশা করি।

[1-20 — 1-30 P.M.]

সর্বশেষ বলছি, গ্রাম-পঞ্চায়েতের প্রথম মিটিং কবে হবে সেটা সেকশন-৯ অফ দি প্রিন্সিপাল অ্যাক্টের কোথায়ও লেখা নেই। কতদিনের মধ্যে হবে প্রথম মিটিং হবে বলা নেই। অবশ্য ২১০ ধারায় এস. সি., এস. টি. অ্যান্ড ওম্যানদের দুইজন করে আসবেন যা বলা ছিল সেটা এখন তুলে দিচ্ছেন, কারণ তাদের জন্য সংরক্ষণটা বিলের মধ্যেই হয়ে যাচ্ছে। যেখানে পলেটিক্স হত। ওদের ভোট দেবার প্রভিসন ছিল। সেজন্য আমি বলতে চাই, সেকশন—৯য়ে টাইম নির্ধারণ করে বলে দিন যে, ফাস্ট মিটিং of the Gram Panchayat shall be held within six weeks from the date of general election of Gram

panchayat. ইলেকশনের ৬ সপ্তাহ বা ১ মাসের মধ্যে গেজেট হয়ে যাবে। তারপরে ১৫ দিনের মধ্যে বি. ডি. ও সাহেবের গ্রাম-পঞ্চায়েতের সভা ডাকার ক্ষেত্রে কোনও অসুবিধা নেই। আমার কথা হচ্ছে এখানে একটা নির্দিষ্ট সময় করে দেওয়া দরকার বলে আমি মনে করি।"

আর একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি, ইন সেকশন ১১, সাব-সেকশন ১ তাতে গ্রাম পঞ্চায়েতের সদস্যর ডিসকোয়ালিফিকেশনের কথা বলা হয়েছে। সেখানে বলা হয়েছে যে আনসাউন্ড মাইন্ড হলে, ক্রিমিন্যাল অ্যাকটিভিটিজের সঙ্গে জড়িত হলে, ইনসলভেন্ট হলে সে মেম্বার থাকতে পারবেনা। সেখানে আমার সাজেশন হচ্ছে, ইফ এনি মেম্বার ইলেকটেড বাই এ পার্টি, ডিফাইজ দি পার্টি হুইপ বাই হুইচ হি হ্যাজ বীন ইলেকটেড অর্থাৎ অ্যাডিশন্যাল অ্যামেন্ডমেন্ট হিসাবে এটা ঢোকান যায় কিনা কারণ আমরা দেখেছি যে এক একটা গ্রাম পঞ্চায়েতে সাতবার, আটবার করে প্রধান পাল্টাচ্ছে। এটা যদি করা যায় তাহলে ভাল হয়। এতে এই ধরনের প্রধান পাল্টানোর প্রবণতা কমে যাবে।

আর একটা কথা হচ্ছে, সেসান ১৪ অব দি প্রিন্সিপল অ্যাক্ট, সেখানে দেখবেন যে কোনও সিট খালি হলে—মৃত্যুর জন্যই হোক, আর রেজিগনেশনের জন্যই হোক, বা অন্য যে কোনও কারণেই হোক—সেখানে কতদিনের মধ্যে সেই খালি সিট্ নির্বাচন হবে তার কোনও সময় সীমা নির্ধারিত করা নেই। এটা প্রিন্সিপল অ্যাক্টে নেই। কাজেই সিট খালি হলে ৩ মাসের মধ্যে নির্বাচন করে এটাকে পূরণ করা যাবে এই রকম একটা ব্যবস্থা থাকলে ভাল হয়।

আর একটা কথা বলব। এই বিষয়ে বীরেনবাবুর সঙ্গে আমি একমত। গ্রাম পঞ্চায়েতের কাজকর্ম সম্পর্কে আমরা কিছু জানতে পারি না। আমার এই ব্যাপারে বাস্তব অভিজ্ঞতা আছে। আমার এলাকায় যে গ্রাম পঞ্চায়েত আছে তারা কে কি কাজ করছে, কে কি পরিকল্পনা গ্রহণ করছে সেগুলি আমরা জানতে পারি না। সুতরাং প্রতিটি গ্রাম-পঞ্চায়েত এম. এল. এ প্রতিনিধি হিসাবে রাখা যায় কি না সেটা ভেবে দেখতে বলছি। তা যদি করা যায় তাহলে তাদের মাধ্যমে আমরা বিভিন্ন জিনিসগুলি জানতে পারি। আমার এলাকার ১৩টি গ্রাম-পঞ্চায়েতের মধ্যে তিনটি কংগ্রেসের। তারা আমাদের কাছে খবর দেয়। কিন্তু বাকি যে ১০টা আছে তাদের কোনও খবর আমরা পাইনা। কাজেই গ্রাম-পঞ্চায়েতে এম. এল. এ প্রতিনিধি দেওয়া যায় কি না এটা ভেবে দেখার অনুরোধ করছি। এই এম. এল. এ প্রতিনিধিদের ভোট দেবার অধিকার থাকবে না। এই কথা বলে আমাদের তরফ থেকে যে অ্যামেন্ডমেন্টগুলি দিয়েছি সেগুলি মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গে পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৯২, যা পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। ১৯৭৭ সালের পরে আমরা ৩টি পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার গ্রামীণ মানুষের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে পশ্চিমবাংলার মানুষের যে

কাজ সেই কাজকে দ্রুত উন্নতির পর্যায়ে নিয়ে যেতে পেরেছি। চতুর্থ নির্বাচনের প্রাক্কালে এই বিল আনা হয়েছে। কাজেই সঙ্গতভাবে এই বিলের মধ্যে কয়েকটি ধারা এবং কয়েকটি বিষয়কে যুক্ত করা হয়েছে, যার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের যে ঘোষিত নীতি ও কর্মসূচি গ্রামস্তর পর্যন্ত ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করা এবং সেই বিকেন্দ্রীকৃত ক্ষমতাকে সুষ্ঠুভাবে কার্যে রূপায়িত করা যাতে পশ্চিমবঙ্গের মানুষের এবং গ্রামীণ উন্নতি করা যায়, সেই ব্যাপারে কিছু বিষয় এই বিলের মধ্যে যুক্ত করা হয়েছে। তার মধ্যে প্রথমেই আছে যে তফসিল জাতি এবং উপজাতিভুক্ত সম্প্রদায়ের আসন সংরক্ষিত করা, মহিলাদের আসন সংরক্ষিত করা। এই বিষয়ে এখানে একটু আলোচনা করতে চাই। যদিও সেটা মূল আইনে থাকবে না, কিন্তু রুলসে থাকা দরকার। আমরা জানি, আমাদের যে বিধান আছে, যে-ভাবে সদস্য নির্বাচিত হয়, আমাদের টু সিটেড কেন্দ্র আছে, আবার ওয়ান সিটেড কেন্দ্রও আছে। একটা গ্রাম-পঞ্চায়েতে দেখা যাবে যে সেখানে ১৮টি সিট আছে। কিন্তু দেখা গেল যে তার মধ্যে তিন, চারটি হচ্ছে শিডিউলড কাস্টের রিজার্ভ সিট।

দেখা গেল যে সব চেয়ে বেশি ভোট যেখানে আছে সেটা সিরিয়াসলী শিডিউল কাস্ট রিজার্ভড সিট হবে এটা নিশ্চিতভাবে আশা করি। দেখা গেল সেই এলাকায় যে ভোটার আছে তার পারসেন্টেজের মাত্র ১০ ভাগ শিডিউল কাস্ট ভোট। দেখা যাবে সেটি টু-সিটেড আসন। এই অবস্থায় পরিষ্কারভাবে রুলে থাকা দরকার যে এই টু-সিটেড আসনের মধ্যে দুটিই যেন শিডিউল কাস্ট রিজার্ভড সিট না হয়। কারণ সেখানে দেখা যাবে ৯০ পারসেন্ট ভোটার অন্য জেনারেল কাস্টের, হয়ত মুসলিম কমিউনিটিরও হতে পারে। সেখানে যাতে একটা শিডিউল কাস্ট রিজার্ভড থাকে এবং আর একটা জেনারেল কাস্টের জন্য ওপেন থাকে। সেইভাবে নির্ণয় করা যেন না হয় যেখানে বেশির ভাগ মানুষ সেই এলাকায় থাকবে তাদের প্রতিনিধিত্ব করার সুযোগ থাকবে না। এই প্রস্তাবকে সমর্থন করে এই ক্ষেত্রে আমি এই কথা বলব। মহিলাদের ক্ষেত্রে সিট নির্ধারণ করা হয়েছে। সর্ব ক্ষেত্রে ত্রিস্তর পঞ্চায়েতে যে মোট আসন আছে তার ওয়ান থার্ড মহিলাদের জন্য রিজার্ভেশন হবে এবং সেটা তিনটি টার্মের জন্য নির্ধারণ করা হবে, তিনটি টার্মে সমস্ত সিটগুলি ঘুরে ফিরে মহিলাদের জন্য সিট হবে। সিট রিজার্ভেশনের ক্ষেত্রে যাতে টু সিটেডগুলির ক্ষেত্রে পুরোপুরি রিজার্ভড সিটের আওতায় না থাকে এই ব্যাপারটা রুলে পরিষ্কারভাবে নির্ধারণ করা থাকে এটা দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। সেই সঙ্গে সঙ্গে আমাদের অভিজ্ঞতা দিয়ে আমরা দেখেছি পঞ্চায়েত ব্যবস্থা কার্যকর করতে গিয়ে যে পঞ্চায়েতের সাফল্য বামফ্রন্ট দাবি করতে পারে। কারণ এই কথা ঠিক যে পঞ্চায়েত ব্যবস্থার কথা, পঞ্চায়েত রাজের কথা, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের উন্নয়নের কথা স্বাধীনতার পূর্ব থেকে এই বিষয় নিয়ে চিন্তা-ভাবনা করে আসা হচ্ছে। কিন্তু এটা কার্যকর করার ক্ষেত্রে, এটা মানুষের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার নিশ্চয়ই দাবি করতে পারে এই সাফল্য তাঁদের ভূমিকার মধ্যে দিয়ে তাঁরা করেছেন। কারণ আমরা জানি পঞ্চায়েত আইন প্রবর্তিত হল ১৯৭৩ সালে আইনের কার্যকর ভূমিকা ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকার আসার পর হয়েছে। পর পর তিনবার নির্বাচনের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে ক্ষমতাকে সঠিকভাবে কাজে লাগানোর ক্ষেত্রে এই সরকার নানাভাবে চেষ্টা করেছে। আমরা নিশ্চিতভাবে দাবি

করতে পারি এই যে সাফল্যে পৌঁছানো গেছে এতে সব চেয়ে বেশি কৃতিত্ব বামফ্রন্ট সরকারের। তার সঙ্গে সঙ্গে পঞ্চায়েত সাবজেক্ট কমিটির মাধ্যমে বেশ খানিকটা অগ্রসর হওয়া গেছে। এই সাবজেক্ট কমিটির প্রস্তাব থেকে আমরা এই বিলের মধ্যে কিছু কিছু জিনিস সংযোজন করেছি। সেখানে বলা হয়েছে যে জেলা পরিষদের সভাধিপতি, সহসভাধিপতি, কর্মাধ্যক্ষ, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং সহ-সহাপতিকে সর্ব্বক্ষণের কর্মী হতে হবে, সর্বক্ষণের জন্য কাজ করতে হবে। খুব স্বাভাবিকভাবে এই আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি, যদিও এটা আইনে ছিল না, সভাধিপতি এবং সভাপতি পদাধিকার বলে সমস্ত স্থায়ী সমিতির সদস্য হতে পারবেন, সহসভাধিপতি এবং সহসভাপতির কোনও কার্যকর ভূমিকা ছিল না। এই বিলের মাধ্যমে সংশোধন করে এটা আনার চেষ্টা করা হচ্ছে যে পদাধিকার বলে সেখানকার তাঁরাও সদস্য হবেন। এই ক্ষেত্রে বিরোধী দলের সদস্য একটা ব্যাপারে কটাক্ষ করেছেন। এই বিলের মধ্যে উল্লেখ করা হয়েছে, বর্তমান আইনে আছে পঞ্চায়েত সমিতির সদস্যদের গ্রাম-পঞ্চায়েত-এর ক্ষেত্রে কোনও ভূমিকা নেই, তাঁদের সভায় আসার অধিকার ছিল না। সঠিকভাবে এটা বিলের মধ্যে আনা হয়েছে। আমি বুঝতে পারলাম না বিরোধী দলের মাননীয় সদস্যরা কেন এটাকে বিরোধিতা করলেন।.

[1-30 — 1-40 P.M.]

পঞ্চায়েত সমিতির সদস্যরা গ্রাম পঞ্চায়েতে পদাধিকার বলে তাঁরা সদস্য আছেন, ঠিক একইভাবে জেলা পরিষদের সদস্যরা তাঁরা পদাধিকার বলে সদস্য। সবক্ষেত্রে তাঁদের ভোটাধিকার থাকবে। আমরা যাঁরা এম. এল. এ., আমরা যেমন পদাধিকার বলে সদস্য, জেলা পরিষদে পদাধিকারবলে সদস্য, সেখানে আমাদের ভোটাধিকার আছে। সুতরাং এতে শঙ্কিত হওয়ার কিছু নেই। পঞ্চায়েত সমিতির সদস্যদের কাজের ক্ষেত্রে তাঁদের যে ভূমিকা, বক্তব্য রাখার অধিকার এই আইনের মধ্যে দিয়ে করা হয়েছে, সুতরাং এটা ন্যায় সঙ্গত এবং অত্যন্ত সঠিক ভূমিকা এখানে আসছে। মাননীয় জয়নাল আবেদিন সাহেব এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে যা বলতে চাইছিলেন—চারটি পঞ্চায়েত স্তর হয়ে যাচ্ছে—তা এখানে বলা হয়নি। এটাতে সভা সমিতি করার ক্ষেত্রে আগে যা ছিল, গ্রাম-পঞ্চায়েতে দুটি সভা করলে চলবে, নির্বাচনের ক্ষেত্রে যেটা একটা বাধা, সেটাকে আমরা গ্রামের ক্ষেত্রে বলতে চেয়েছি। সেখানে যারা ভোটার্স, তাদের আমন্ত্রণ জানাতে হবে। সেখানে আমন্ত্রণ সভা করতে হবে। সেখানে কাকে সভাপতি করবেন তা পরিষ্কার করে বলা হয়েছে। সেই এলাকায় সমস্ত কাজকর্মের বিষয়কে পরিষ্কারভাবে আলোচনা করতে হবে, সিদ্ধান্ত নিতে হবে। গ্রাম-পঞ্চায়েতে নীতি নির্দ্ধারণ এবং কর্মসূচি প্রণয়ন করতে হবে—এগুলো আগেও ছিল এখনও থাকছে। আমরা বিভিন্ন সময়ে বারেবারে আলোচনা করছি যে, এই নীতিগুলো গ্রাম-পঞ্চায়েত স্তরে থাকলেও সবক্ষেত্রে সঠিকভাবে সভাগুলো করা হয়নি। অডিটের ক্ষেত্রে, গ্রাম-পঞ্চায়েতে যে অডিট হয়, সেখানে বিভিন্ন বিষয়ের উল্লেখ আছে, আমরা সেটা একটা পয়েন্ট আকারে রাখতে বলেছি যে, অডিটের মধ্যে এটা উল্লেখ করতে হবে যে ঐ সভাগুলো সঠিক সময়ে করেছেন কিনা, সঠিক বিষয়বস্তু আলোচনা করেছেন কিনা এবং মানুষের কাছে সবকিছু নিয়ে যাচ্ছে কিনা—সঠিকভাবে এগুলো হচ্ছে কিনা অডিট রিপোর্টের মধ্যে উল্লেখ রাখতে হবে। তাদের যাতে এটা করতে বাধ্য করা যায় তার ব্যবস্থা এর মধ্যে

আছে। এই বিলের মধ্যে দিয়ে আমাদের অভিজ্ঞতালব্ধ যা তা লিপিবদ্ধ করেছি, এতে কারও কনসেপশনকে ধার করে নিয়ে আসিনি। চারটি অ্যাক্টের জায়গায় পৌঁছুতে গিয়ে, ১৪-১৫ বছর যাবৎ পঞ্চায়েত পরিচালনা করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে, যে ত্রুটি-বিচ্যুতি লক্ষ্য করেছি তা থেকে পঞ্চায়েত ব্যবস্থাপনাকে আরও বেশি করে মানুষের কাছাকাছি কি করে নিয়ে আসা যায় তারই প্রচেষ্টা এই বিলের মধ্যে দিয়ে আমরা করেছি। স্বাভাবিকভাবে আমি এটাকে সমর্থন করি। সঙ্গে সঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করতে চাই গোটা নির্বাচন প্রক্রিয়া এখন পর্যন্ত যা আছে, রুলস্ গঠন করে সেই নির্বাচন প্রক্রিয়াতে যাতে কম সময়ের মধ্যে করা যায়—কারণ এখন যেটা আছে তা অনেক দীর্ঘ সময়ের—তাহলে অনেক সুবিধা হয়। নির্বাচনের দিন ঘোষণা থেকে মনোনয়নপত্র প্রত্যাহারের দিন, সময়সীমা নির্ধারণ করার বিষয়, নির্বাচনের পর ভোট গণনার ক্ষেত্র ইত্যাদি আমরা রুলসের মধ্যে উল্লেখ করতে পারি। এখন ভোট বুথে বুথে গণনা করা হয়। এই ক্ষেত্রে আমার প্রস্তাব হচ্ছে, গণনার বিষয়টি পোলিং স্টেশনে না করে সমস্ত বুথ থেকে মূল ব্লক হেডকোয়ার্টারে নিয়ে এসে করার ব্যবস্থা করতে পারলে ভাল হয়। কারণ এখন মহিলাদের জন্য রিজার্ভেশন থেকে গেল। ভোট গণনার দিন নির্বাচনের দিন ভোট গণনা না করে সমস্ত ভোট মূল কেন্দ্র'এ নিয়ে এসে ব্লক অফিসে পোলিং স্টেশন থেকে ব্যালট বাক্সগুলোকে নিয়ে এসে গণনার ব্যবস্থা করা যায় কিনা, গোটা নির্বাচন প্রক্রিয়া যাতে সময়সীমার মধ্যে করানো যায়, সেই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব। পরবর্তীকালে অ্যামেন্ডমেন্ট এনে পঞ্চায়েত ব্যবস্থাকে আরও সুষ্ঠুভাবে করার জন্য আইন করে করার জন্য যে কথাগুলো রাখা হয়েছে এটা যাতে প্রশাসনিক স্তরে সুষ্ঠুভাবে প্রতিপালিত হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখা দরকার। কারণ পঞ্চায়েত ব্যবস্থা পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় সাফল্য। সেটা যাতে আরও বেশি করে কার্যকর করতে পারি, সেটা যাতে বজায় থাকে সেদিকে লক্ষ্য রাখা দরকার। আজকে যে ভাবে পঞ্চায়েত সম্বন্ধে বলতে গিয়ে দুর্নীতিগ্রস্ত বা অন্য সব কথা বলে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করা হচ্ছে, এই অবস্থায় মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও বেশি সতর্ক থাকতে হবে। পঞ্চায়েতের কোনও স্তরে দুর্নীতি যদি থাকে, কোথাও যদি নীতি গত নিয়ম মেনে না চলে, সেই সমস্ত বিষয়গুলোকে খন্ডন করে পঞ্চায়েত ব্যবস্থায় আমরা একটা দৃষ্টান্ত স্থাপন করেছি। এটা একটা ঐতিহাসিক দৃষ্টান্ত হিসাবে যাতে আমরা চিহ্নিত করতে পারি, মাননীয় মন্ত্রী মহাশয় সেদিকে একটু দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় সভাপাল মহাশয়, আজকে ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯২, যেটি মন্ত্রী মহাশয় এনেছেন সেটাকে আমি সমর্থন করছি এবং সাধুবাদ জানাচ্ছি। এই বিলে কয়েকটি গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটানো হয়েছে, যেগুলি ঐতিহাসিকও বলা যায়। বিশেষত কয়েকটি ধারার, এখানে মোট ৩৩টি সেকশনের পরিবর্তন আনা হয়েছে। কোনও কোনও আবার নতুন সেকশন যুক্ত করা হয়েছে, কোথাও আবার কোনও সেকশনকে বাদ দেওয়া হয়েছে, আবার কোনও সেকশনের সংশোধনী আনা হয়েছে। এইভাবে মোট ৩৩টি সেশনের পরিবর্তন আনা হয়েছে। মাননীয় জয়নাল সাহেব, আলোচনার শুরুতেই কয়েকটি কথা বললেন, আইনের যে ধারাগুলির পরিবর্তন ঘটাতে চাওয়া হচ্ছে তার ধারকাছ

দিয়ে গেলেন না। তাঁদের পক্ষ থেকে সিলেক্ট কমিটিতে যে সদস্য ছিলেন, তারমধ্যে আবদুল মান্নান সাহেব একটি নোট অফ ডিসেন্ট দিয়েছেন। সেখানে তাঁর উত্থাপিত বিষয়গুলো এই বিলের সংশোধনীর সঙ্গে অসঙ্গতিপূর্ণ। শুধু দুটি জায়গায় কিছুটা সংযোগ আছে, একটি জায়গায় সমর্থন করেছেন, সেটা হচ্ছে রিজারর্ভেশন অফ শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস্। আরেকটি জায়গায় তাঁরা একটি প্রশ্ন উত্থাপন করেছেন। পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের সদস্য যাঁরা হবেন তারা নিজের টায়ারে সদস্য হিসাবে সভাপতিত্ব করতে পারবেন এবং ভোট দিতে পারবেন এই ক্ষেত্রে তাঁরা প্রশ্ন তুলেছেন। কিন্তু আজ পর্যন্ত তাঁদের তো দেখলাম না যে বিধানসভার সদস্য হিসাবে পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের ক্ষেত্রে ভোট দিচ্ছেন না। একজন এম. এল. এ তো জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতিতে ভোট দিয়ে থাকেন তাহলে এক্ষেত্রে আপত্তি কিসের? আজকে ঠিক একই জিনিস এখানে ঘটছে। কনসার্ন এলাকা থেকে যারা জেলা পরিষদের প্রতিনিধিত্ব করবেন তারা রেসপেকটিভ পঞ্চায়েত সমিতির সদস্য হবেন। আবার রেসপেকটিভ এলাকার থেকে যারা পঞ্চায়েত সমিতির সদস্য হবেন তারা রেসপিকটিভ গ্রাম-পঞ্চায়েতের সদস্য থাকবেন। সুতরাং তাঁদের যে প্রশ্ন সেটা আদৌ এক্ষেত্রে ধোঁপে টেকে না। আর বাকি যে নোট অফ ডিসেন্ট এই বিলের বিষয়ে এনেছেন সেগুলো অপ্রাসঙ্গিক। এই সংশোধনীর সঙ্গে এর কোনও সামঞ্জস্য নেই। ডাঃ জয়নাল আবেদিন সাহেব অনেক কথার অবতারণা করেছেন এবং সর্বশেষে দুর্নীতির কথা দিয়ে শেষ করেছেন। আবার মাননীয় সদস্য অতীশ সিন্‌হা মহাশয় তাঁর বক্তব্যটা শুরুই করলেন দুর্নীতির কথা তুলে। আসলে তাদের মধ্যে এই দুর্নীতির ভূত ঝোপে ঝাড়ে ঢুকে আছে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে, পশ্চিমবঙ্গে প্রায় ৩৩০০ মতো গ্রাম-পঞ্চায়েত আছে।

[1-40 — 1-50 P.M.]

এতো গ্রাম-পঞ্চায়েতের সংখ্যা যেখানে সেখানে আমাদের পক্ষ থেকে কখনই এটা দাবি করা হয়নি কোথাও ত্রুটি বিচ্যুতি হচ্ছে না, দুর্নীতি হচ্ছে না, কোথাও কোথাও হচ্ছে নিশ্চয় কিন্তু কোনটা দেখার জিনিস সেটা বিবেচনার যোগ্য এইক্ষেত্রে সরকারের ভূমিকা কি, পঞ্চায়েতে যদি কোথাও দুর্নীতি হয়, ত্রুটি-বিচ্যুতি হয়, অনিয়মের অভিযোগ ওঠে সরকার সেই ক্ষেত্রে কি ভূমিকা পালন করে থাকে। সরকার কি সেইক্ষেত্রে শুধু প্রতিশ্রুতি দিয়ে থাকেন না সরকার সেইক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা নিয়ে থাকেন রেকর্ড দেখলেই সেটা বোঝা যাবে। ইতিমধ্যে পশ্চিমবাংলার বেশ কিছু গ্রাম-পঞ্চায়েতের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এসেছে এবং সেই সমস্ত পঞ্চায়েতের কর্মকর্তা প্রধান যাঁরা আছেন তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে এই উদাহরণ আছে এই বিধানসভাতেই, পঞ্চাতের মন্ত্রী যারা ছিলেন এবং আছেন তারা এই কথা স্বীকার করেছেন, এটা অস্বীকার করবার উপায় নেই। কিন্তু আমরা যে জায়গায় বাস করছি যে অবস্থার মধ্যে বাস করছি সেখানে কোনও দুর্নীতি হবে না এই প্রতিশ্রুতি কারুর পক্ষে দেওয়া সম্ভব নয়। এটা হবে এবং হলে তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে আমরা সেটা এনসিওর করতে চাই। পঞ্চায়েত বিলে তাদের একটা রক্ষাকবচ করা হয়েছে এখন যেটা ঐতিহাসিক দিক যারা তফসিলি জাতি উপজাতি আছেন যাদের উপযুক্ত প্রতিনিধি ছিল না এই বলে সেখানে একটা বিধান দেওয়া হয়েছে যেমন

সেখানে উপযুক্ত সংখ্যায় তাদের প্রতিনিধি থাকে এবং তাদের আনুপাতিক হারে যে প্রতিনিধি আছে সিট রিজার্ভের ক্ষেত্রে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস দের এবং সেই সাথে মহিলাদেরও এক তৃতীয়াংশ স্থান সংরক্ষণ থাকবে—এটা সত্যিই একটা ভাল দিক। পঞ্চায়েত যে সমস্ত মানুষ আছেন যারা প্রতিনিধিত্ব করেন তারা হচ্ছেন গ্রামের মানুষের কাছে একটা সরকারের মতো। সেই সরকার উপযুক্ত ভূমিকা পালন করুন এটা আমরা চাই। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে এই পঞ্চায়েতগুলি যেগুলির বিরুদ্ধে অভিযোগ আছে বা প্রায় ওঠে সেখানে পঞ্চায়েতগুলিকে কুক্ষিগত করে রাখার একটা ঝোঁক দেখা যাচ্ছে। পঞ্চায়েতকে একটা স্বৈরাচারী পথে পরিচালনা করার জন্য ওয়ান ম্যান পঞ্চায়েতে পরিণত হয়ে যাচ্ছে, এই ঝোঁকটা আমাদের পরিবর্তন করা দরকার। গণতান্ত্রিকভাবে পঞ্চায়েতগুলি চালাতে হলে পঞ্চায়েতের সিদ্ধান্ত যাতে পঞ্চায়েতের সভাতেই হয় সেটা এনসিওর করতে হবে। এতদিন যারা অন্য মনোবৃত্তি নিয়ে পঞ্চায়েত চালাতেন তারা যে ভাবে চলেছেন এতদিন ধরে এখানে যে সংশোধনী আনা হচ্ছে সেটাতো নিঃসন্দেহে অনেক ক্ষেত্রে গার্ড করে যাবে, চেক করে যাবে। বর্তমানে তাদের যে অ্যাকাউন্টেবিলিটি রয়েছে জনগণের কাছে ভোটারদের কাছে যাওয়ার ব্যাপারে, এখন থেকে তাদেরকে সেই জনগণের দরবারে যেতে হবে যে এলাকার তারা প্রতিনিধি সেই ওয়ার্ডে গিয়ে ৬ মাস অন্তর একটা হাফ ইয়ারলি অথবা অ্যানুয়ালি মিটিং করার কথা বলা হয়েছে, সেখানে তাদেরকে দিয়ে জবাবদিহি করতে হবে। সেই এলাকার উন্নতির জন্য তারা কত টাকা দিয়েছেন এবং কি কি জিনিস রূপায়িত করা সম্ভব হয়। এই সমস্ত হিসাব নিকাশ জনগণের কাছে পৌঁছে দিতে হবে। এবং শুধু তাই নয় আগামী দিনে সেই এলাকার কোন কোন কাজ অগ্রাধিকার পাবে সেটা গ্রাম সভাতেই ঠিক করতে হবে এবং শুধু তাই নয় সেটার জন্য গ্রাম-পঞ্চায়েতের মিটিংয়ে সিদ্ধান্ত নিতে হবে। যদি গ্রহণ করা হয় তাহলে সেটা গ্রহণযোগ্য হবে না হলে সেটা তাদেরকে জানিয়ে দিতে হবে কারণ পঞ্চায়েতের সদস্যরা জনগণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ যে তারা সেটা ঠিকভাবে পালন করবে। না হলে জনগণ তাদেরকে ছেড়ে কথা বলবে না, এই সুযোগটা এখানে করে দেওয়া হয়েছে। আর একটি কথা আমি বলতে চাইছি সেটা হচ্ছে আপনারা মাঝে মাঝে তোতা পাখির মতো বলে থাকেন পঞ্চায়েতে অনেক টাকা খরচ হচ্ছে, এক এক বছর ৩ লক্ষ ৪ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে, তাতে নাকি সম্পদ সৃষ্টি হচ্ছে না। এটা কি তারা সত্যি বলছেন, তাঁদের যদি চোখ থাকে, তারা যদি গ্রামে থাকেন তাহলে এই কথা বলতে পারতেন না। তারা হয়ত, গ্রামে যাননা না হলে জেনেশুনে সব অসত্য কথা এখানে পরিবেশ করছেন। যে কোনও একটি পঞ্চায়েতে গেলে এটা পরিষ্কার হয়ে যাবে। আমরা দেখেছি, আমরা পঞ্চায়েতের সঙ্গে যুক্ত থাকি তাদের বিভিন্ন সময়ে অ্যাডভাইস দিয়ে থাকি এবং দেখেছি সেখানে বেশ কিছু এমন স্থায়ী সম্পদ সৃষ্টি হয়ে গেছে যেটা অতীতে কল্পনাও করা যায়না।

পঞ্চায়েতের মাধ্যমে এই সমস্ত কর্মকান্ড, উন্নয়নমূলক কাজ করা সম্ভব হবে। আমরা জানি, পাবলিক প্রতিষ্ঠান বলতে যা আছে—ধরুন একটা স্কুলবাড়ি, আগে কি অবস্থায় ছিল আমরা জানি। ১৯৭৭ সালের আগে এক একটা পঞ্চায়েতে যত স্কুল আছে ১৫।২০টা হোক, এক একটা ব্লকে বলছি, সরকারি পাকাবাড়ি সেটা দেখতে পাওয়া যেত না। প্রাইমারি

স্কুল বিল্ডিং বলতে কিছু ছিল না। বেশিরভাগ স্কুলেই বৃষ্টির জল ঢুকত, রোদ ঢুকত এবং অনাচ্ছাদিত অবস্থায় ছিল। বর্ষার জল নিয়ে, রোদ নিয়ে পিঠে ক্লাশ করতে হত। বৃষ্টির জল এসে স্কুলগুলি বন্ধ হয়ে যেত। আজকে গত কয়েক বছরের মধ্যে, এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামে ৭০ থেকে ৭৫ শতাংশ স্কুল পাকাবাড়িতে পরিণত হয়েছে। আজকে গিয়ে দেখুন গ্রামের চেহারা পাল্টে গেছে। রাস্তাঘাটের সংস্কার করা হয়েছে। অসংখ্য ছোট ছোট কালভার্ট করা হয়েছে। প্রতিটা গ্রাম পঞ্চায়েতেই হয়েছে। তফসিলি জাতি, উপজাতি যাঁরা আছেন তাঁদের জন্য—একটা জায়গায় বসে যাতে তাঁরা শলা পরামর্শ করতে পারে তার জন্য বিভিন্ন জায়গাতে কমিউনিটি সেন্টার করে দেওয়া হয়েছে। সেচের নালা করে দেওয়া হয়েছে, পানীয় জলের ব্যবস্থা হয়েছে। এইসব ব্যবস্থা হওয়ার ফলে পঞ্চায়েতে একটা সম্পদ সৃষ্টি করা গেছে আর তাঁরা যখন ছিলেন—সরকারে, আমাদের বন্ধু সুব্রতবাবু ছিলেন—তখন কি হয়েছিল? ওই সুব্রতবাবু, তিনি অফিস ফাইলে একটা নোট দিয়ে সমস্ত মন্ত্রীদের কাছে পাঠিয়েছিলেন যে, আপনাদের বিভাগীয় বরাদ্দ থেকে শতকরা ১ টাকা পঞ্চায়েতের মাধ্যমে খরচা করুন। এবং এতে গ্রামের অবস্থাগুলি সচল করা যাবে। একজনও মন্ত্রীর সায় দিয়েছিলেন? প্রত্যেকটা ফাইল ফেরত এলো। রিগ্রেট, রিগ্রেট, রিগ্রেট। কেউ এক পয়সাও দিতে চাইলেন না। এই তো তাঁদের নমুনা। উল্টো দৃষ্টিভঙ্গি নিয়ে চলতেন। কোনও কাজ করেননি তাঁরা। তাঁরা ক্ষমতা এক জায়গায় কুক্ষিগত করে রাখতেন। কিন্তু আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি। আর দুর্নীতির কথা বলছেন? হ্যাঁ, পঞ্চায়েতে ত্রুটি, বিচ্যুতি আছে, দুর্নীতি আছে, কিন্তু এর কোনও অলটার নেই। এর কোনও বিকল্প নেই। তাঁরা কি চেয়েছেন? ক্ষমতা কি থাকবে ব্লক অফিসে, মানুষকে কি ব্লক অফিস মুখাপেক্ষী করে তুলবেন? এটা কাম্য নয়। গ্রামের মানুষের হাতে ক্ষমতা থাকবে না সরকারি আমলাদের হাতে ক্ষমতা থাকবে—আপনারা কোন জিনিসটা চান, সেটা খুলে বলুন। যে সময় সংশোধনী আনা হয়েছে খুবই সময়পোযোগী হয়েছে। একটা কথা উঠেছে জায়গার ব্যাপারে, অনেক অপ্রীতিকর ঘটনা ঘটেছে—এক একটা ব্লক এলাকায় ভোট গ্রহণ কেন্দ্র আছে ১০০।১২৫। অসংখ্য আসন, গ্রাম-পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, অসংখ্য প্রার্থী এক থেকে দেড় হাজার প্রার্থী, কাউন্টিং এজেন্ট যদি আসে তাহলে তিন হাজার লোক কোথায় বসবে? কোথায় কাউন্টিং হবে? কতদিন লাগবে? এটা যদি ব্লক অফিসে না করে গ্রাম-পঞ্চায়েতের মধ্যেই যদি অন্য কোথাও করা যায় তাহলে ভালো হয় এবং অনেক অপ্রীতিকর ঘটনা এড়ানো সম্ভব হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-50 — 2-00 P.M.]

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় সভাপতি মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ যেটা আমাদের সামনে রাখা হয়েছে তার কিছু অংশের সমর্থন করে, কিছু অংশের বিরোধিতা করে এবং আমাদের পক্ষের যে সমস্ত সংশোধনীগুলি দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমি গুটি কয়েক কথা বলতে চাই। আমার আগে মাননীয় সুভাষ গোস্বামী মহাশয় বলছিলেন যে আজকে কংগ্রেস পক্ষের দুর্নীতির বিরুদ্ধে কথা বলার অধিকার নেই। আমি সুভাষবাবুসহ শাসক দলের সমর্থকদের স্মরণ করিয়ে দিতে চাই যে এই যে পঞ্চায়েত অ্যাক্ট এটা ১৯৭৩ স্যালে তৈরি হয়েছিল। তার পরবর্তীকালে

রুলস্ তৈরি করা হয়েছিল এবং সেটা পশ্চিমবঙ্গে কংগ্রেস রাজত্বকালে হয়েছিল। কারণ এই কথা আমরা উপলব্ধি করেছিলাম এবং একথা আমরা বলেছিলাম যে ধীরে ধীরে গোটা আর্থিক সামাজিক কাঠামোর পরিবর্তন ঘটছে দেশময়। তার সাথে সঙ্গতি রেখে গ্রামীণ মানুষের উন্নতি করতে গেলে গোটা পঞ্চায়েত ব্যবস্থার খোলনলচে পালটে দিতে হবে। তাই ১৯৭৩ সালে যখন পঞ্চায়েত আইন তৈরি হল তখন ফোর-টায়ার পঞ্চায়েত ছিল। সেই ফোর-টায়ার পঞ্চায়েত থেকে সেই সময়েই থ্রি-টায়ার পঞ্চায়েত ব্যবস্থা করা হল। এই কথা বলতে গেলে শাসক দলের মাননীয় সদস্যরা বলবেন আপনারা তো নির্বাচন করেননি। হ্যাঁ, আমরা সেই সময় নির্বাচন করে যেতে পারিনি। কিন্তু এই কথা শাসক দলের বামফ্রন্টের সদস্যদের জানা উচিত যে ১৯৭৩ সালে নতুন আইন তৈরি হওয়ার আগে পশ্চিমবাংলায় নির্বাচিত পঞ্চায়েত ১৯৬৪ সালে হয়েছিল। তার থেকে চার বছর বাদে যে পঞ্চায়েত নির্বাচন হওয়ার কথা, সেই পঞ্চায়েত নির্বাচন যখন হবে তখন পশ্চিমবাংলায় ক্ষমতাসীন ছিলেন যুক্তফ্রন্ট সরকার। আজকে যাঁরা বামফ্রন্টের নেতৃত্বে তাঁরাই ১৯৬৭ এবং ১৯৬৯ সালে ক্ষমতাসীন ছিলেন। তাঁদেরই পঞ্চায়েত নির্বাচন করার কথা ছিল, তা তাঁরা করেননি। বরং পরবর্তীকালে আমরা দেখেছি ভারতবর্ষে যখন আমরা কৃষিতে, প্রযুক্তিতে, বিজ্ঞানে শিল্পে উন্নত হয়েছে, তখন তার উন্নতির ফলভোগ গ্রামের মানুষের কাছে পৌঁছে দিতে পঞ্চায়েত ব্যবস্থাকে জোরদার করার দরকার আছে। তাই ১৯৭৩ সালে এই আইন তৈরি হয়েছিল এবং তৈরি করার পরবর্তীকালে নির্বাচনের ব্যবস্থা করতে করতে আমরা বিদায় নিয়েছিলাম। আজকে নিঃসন্দেহে কতকগুলো গুরুত্বপূর্ণ সংশাধনী মন্ত্রী মহাশয় এনেছেন। এই ব্যাপারে যেমন মহিলাদের ক্ষেত্রে আপনারা এনেছেন, এটা আপনাদের কৃতিত্ব নয়। রাজীব গান্ধী যে বিল এনেছিলেন, যার বিরোধিতা আপনারা করেছিলেন প্রথম থেকে শেষ অবধি সেই পঞ্চায়েতরাজ বিল সেখানেও রাজীব গান্ধী বলেছিলেন ৩০ পারসেন্ট সিট মহিলাদের জন্য রিজারভেশন করা হবে।

[1-55 — 2-05 P.M.]

এখানে বরং ওকেই ধন্যবাদ জানানোর দরকার আছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, আপনি বলেছেন, ওয়ান থার্ড সিট সে গ্রামপঞ্চায়েতেই হোক, পঞ্চায়েত সমিতি বা জেলাপরিষদেই হোক মহিলাদের জন্য রিজার্ভ থাকবে। কিন্তু সেখানে অ্যাট লিস্ট এই কথাটা বলা আছে তাহলে সেখানে আরও বেশি হতে পারে। এ ব্যাপারটি স্পষ্ট করে আমাদের তিনি বলবেন যে বেশি হলে কত হ'তে পারে। আপনি এখানে একটা ন্যূনতম সংখ্যার কথা বলেছেন কাজেই স্বাভাবিক ভাবেই আমাদের জানতে ইচ্ছা করে যে মহিলাদের জন্য যে ৩ ভাগের এক ভাগ রিজার্ভ থাকবে সেটা কিসের ভিত্তিতে সেই সিটগুলি ঠিক করা হবে এবং কোন সিটগুলিতে মহিলারা প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন? তারপর আমরা দেখছি যে আর একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে গ্রাম পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। এখানে বলা হয়েছে গ্রামপঞ্চায়েতের কোনও স্কীমে অর্থের অভাব হলে অথবা বড় ধরনের স্কীম হাতে নিয়ে তা রূপায়ণ করতে গেলে সেখানে অর্থের অভাব হলে সরকার থেকে টাকার যোগান না থাকলে ব্যাঙ্ক থেকে তারা লোন করতে পারবে! ব্যাঙ্কের কাছ থেকে লোন করতে যাবার আগে তাদের সরকারের কাছে আগাম অনুমোদন নিতে হবে। কিন্তু

আজকে আমরা দেখতে পাচ্ছি যে গ্রামাঞ্চলে গ্রামীণ ব্যাঙ্কগুলির যা অবস্থা তাতে সেগুলির নাভিশ্বাস উঠছে। গ্রামপঞ্চায়েতের বিভিন্ন স্কীমের জন্য টাকা দিয়ে বা লোন দিয়ে তারা তা ফেরত পাচ্ছে না। সরকার থেকে এ ব্যাপারে যদি গ্যারান্টার না হন বা সেখানে যদি সরকার থেকে গ্যারান্টি বন্ড না দেওয়া হয় তাহলে তাদের ব্যাঙ্ক থেকে লোন পাওয়ার ব্যাপারে অসুবিধা হবে। স্যার, আমরা একথা নিশ্চয় অস্বীকার করব না যে পশ্চিমবাংলার বেশিরভাগ জায়গাতে বামফ্রন্টের লোকরা গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদগুলি দখল করে আছে। আবার সঙ্গে সঙ্গে এও দেখা গিয়েছে যে কোথাও নিজেদের ঝগড়ার জন্য, কোথাও দুর্নীতির জন্য তারা বেরিয়ে এসে প্রধানের বিরুদ্ধে অনাস্থা আনছে। সেই অনাস্থার ক্ষেত্রে তলবি সভার জন্য যে নোটিশ দেওয়ার কথা সেখানে বলা হয়েছে সেই তলবি সভার নোটিশ মিটিং ডাকার জন্য ৩৫ দিনের মধ্যে সেই মিটিং-এর নোটিশ দিতে হবে। কিন্তু বিভিন্ন জায়গায় অভিজ্ঞতা থেকে বলছি, নোটিশ দিলেও ৩৫ দিনের মধ্যে সেখানে সভা কতদিনের মধ্যে হবে সেকথা বলা হচ্ছে না। সেখানে আমার বক্তব্য হচ্ছে, স্পষ্টভাবে বলে দিতে হবে যে এতদিনের মধ্যে সভা করতে হবে। তারপর গ্রামপঞ্চায়েতের আইনে বলা আছে যে গ্রামপঞ্চায়েতের প্রতি মাসে সভা ডাকতে হবে। সেটা কিন্তু হয় না। তারপর আর একটা কথা বলতে চাই যেটা শাসকদলের সদস্যরাও বলেছেন যে গ্রামপঞ্চায়েতের যে বুথগুলিতে ভোট হয় সেগুলির কাউন্টিংটা যেন বুথে না হয়। কারণ দেখা গিয়েছে যে সন্ধ্যার সময় কাউন্টিং শুরু হলেও তা শেষ হতে হতে পরের দিন সকাল হয়ে যায়। সেখানে কি রকম উত্তেজনা থাকে তা সকলেই জানেন। কাজেই এ ব্যাপারটিও মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর মাননীয় মন্ত্রী মহাশয়কে আর একটি ব্যাপার বলছি। পঞ্চায়েতের নির্বাচন ডিউ হচ্ছে আগামী ফেব্রুয়ারি মাসে। আপনি এই নির্বাচনটা ফেব্রুয়ারি মাসেই করুন বা তার আগেই করুন সেটা বর্তমানে যে ভোটার লিস্ট আছে তার ভিত্তিতে করবেন, না, সামনের আগস্ট মাসে যে ইনটেনসিভ ভোটার লিস্ট তৈরি হচ্ছে তার ভিত্তিতে করবেন। তার উপর ভিত্তি করে আপনি নির্বাচন করবেন, কারণ ইনটেনসিভ ভোটার লিস্ট করতে অনেক সময় লেগে যায়। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ স্যার, আমি পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিলকে সমর্থন করতে গিয়ে মাননীয় কংগ্রেস সদস্য শৈলজা দাস তিনি বললেন তিনি অর্দ্ধেকটা সমর্থন করেন আর অর্দ্ধেকটা বিরোধিতা করেন। এই কথাটা শুনে একটা গল্প মনে পড়ে গেল। চাচির তরকারিতে জায়গায় জায়গায় ঝাল। সেই রকমভাবে কংগ্রেস সদস্য অর্দ্ধেকটা সমর্থন করলেন, অর্দ্ধেকটা বিরোধিতা করলেন। স্যার, আমি দু-একটা কথা বলব, মাননীয় বিরোধী দলের সদস্যদের উদ্দেশ্যে বলব। আমি ডাঃ জয়নাল আবেদিন থেকে আরম্ভ করে অতীশবাবু পর্যন্ত যাঁরা বক্তৃতা করলেন তাঁদের উদ্দেশ্যে একটা কথা বলতে চাই ভারতবর্ষে কোনও জায়গায় কোনও রাজ্যে এই পঞ্চায়েত বিলের অ্যামেন্ডমেন্ট এসেছে, যেটা শিডিউল কাস্ট এবং মহিলাদের সংরক্ষণ করার জন্য? সেই রাজ্যের নাম কী বলুন। যদি থাকে তাহলে একটু ভেবে দেখা যেতে পারে। আমাদের গর্বের কথা যে এই সব অবহেলিত শ্রেণীর জন্য এই ব্যবস্থা করা হয়েছে। ওরা বড় বড় কথা বলেন, কিন্তু সমাজের অবহেলিত শ্রেণীর

জন্য ওরা কী করেছেন? যাকে কবির ভাষায় বলা যায়, দেবতার সাথে মোরা কী ভাগাভাগি, হাসিতে হাসিতে লব বাণী। যে কথা আমরা চিরকাল বলে এসেছি, আজকে সংবিধানের ফান্ডামেন্টাল রাইটস যাদের পক্ষে যাওয়া উচিত ছিল, আজকে ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল এর মাধ্যমে সেই সব শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইব্স এবং মহিলাদের আসন সংরক্ষণের যে অধিকার অর্জন, যে নৈতিক দায়িত্ব পালন, তা সঙ্গতভাবে এই বিলের মধ্যে দিয়ে করা হয়েছে। আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের নৈতিকভাবে আবেদন করব, এটা বিরোধিতা করা যায় না। এটা বিরোধিতা করা মানে অবহেলিত শ্রেণীর কথা যা আপনারা বলেন, তাদের বিরোধিতা করা, যার মানে হচ্ছে সংবিধানের ফান্ডামেন্টা রাইট্স এর বিরোধিতা করা। যা এতদিন ছিল, এই বিলের মাধ্যমে সেই জিনিস করা হচ্ছে। গ্রাম স্তরে গণতন্ত্রের প্রসার ঘটানো হচ্ছে। মাননীয় সদস্যরা ত্রুটির কথা বললেন, নিশ্চয়ই ত্রুটি থাকলেও থাকতে পারে। কিন্তু সবচেয়ে বড় কথা গ্রামের মানুষের অবহেলিত শ্রেণীর রাইট্সকে এস্টাবলিশ করা হয়েছে। আজকে অবহেলিত মানুষের আসন রিজার্ভ করা হল। আমি একটা কথা বলব, মহিলাদের ক্ষেত্রে আপনি করেছেন এই বিলে এটা খুব অভিনন্দনযোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীশবাবু যে কথা বললেন যে কোনও সিটকেই নাকি এস. সি. এস. টি করে দেওয়া যায়। কিন্তু এখানে পরিষ্কারভাবে লেখা আছে টোটাল সিটের ওয়ান থার্ড হতে হবে এস. সি. এস. টি.। এই সম্পর্কে আশঙ্কার কোনও কারণ নেই। যে কোনও সিটকে, এস. সি. এস. টি করে দেওয়া যাবে না। বিলে এই সম্পর্কে বলা হয়েছে যে সংখ্যাধিক্যের ভিত্তিতে এস. সি. এস. টি সিট নির্ধারণ করা হবে এই প্রসঙ্গে আমি একটা আশঙ্কার কথা বলে রাখি। আমি এই বিলের বিরোধিতা করছি না। আমার নিজের কনস্টিটিউয়েন্সিতে আমার একটা অভিজ্ঞতা সম্পর্কে বলছি এবং এই সম্পর্কে আপনাদের ভাবতে বলব। আমার এলাকায় মহম্মদপুরে একটি অঞ্চল, তারাচাঁদ বাগ গ্রাম-পঞ্চায়েত, এটা এস. সি. সিট হয়ে যাবে এই বিল অনুযায়ী। কিন্তু ওখানকার পপুলেশনের বেশির ভাগ হচ্ছে ম্যাইনরিটি সেকশনের।

[2-00 — 2-10 P.M.]

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি এবিষয়ে ভাবতে অনুরোধ করছি। তবে আমি এখনও পর্যন্ত এবিষয়ে কোনও ভাবনা-চিন্তা করিনি, যার ফলে আমি এখনই কোনও সাজেশন দিতে পারছি না। অ্যাট দিস স্টেজ হটাৎ বিলটা পড়ে যেটুকু মনে হ'ল সেটুকুর পরিপ্রেক্ষিতে আমি এই অনুরোধ করছি। এখানে অনেক বিদগ্ধ সদস্য আছেন, তাঁদেরও আমি এবিষয়ে চিন্তা-ভাবনা করার জন্য অনুরোধ করছি। তাঁরাও চিন্তা ভাবনা করে তাঁদের সাজেশন দিন মাইনরিটি সেকশনকে নিয়ে ফান্ডামেন্টালিস্টরা, মৌলবাদীরা যাতে কোনওরকম ঘোঁট পাকাবার সুযোগ না পায়, তার জন্যই আমি সকলকে ভাবতে অনুরোধ করছি। এর মধ্যে আর অন্য কিছু নেই।

এই বিলের সব চেয়ে উল্লেখযোগ্য বিষয় হচ্ছে, মিটিং ডাকাটাকে বাধ্যতামূলক করা হচ্ছে। এখানে বাধ্যমূলক নিয়ম করে দেওয়া হচ্ছে, প্রতি ৬ মাসের মধ্যে মিটিং ডাকতেই হবে। এটার খুবই দরকার। এটা হলে আমি মনে করি বিরোধী সদস্যরা পঞ্চায়েতের ক্ষেত্রে

যে দুর্নীতির কথা বলেন সেটা অনেক পরিমাণে বন্ধ হবে। যখন একটা গ্রাম-পঞ্চায়েতের মিটিং হয় তখন সাধারণ মানুষদের সেখানে উপস্থিত হওয়ার সুযোগ হয়। সুতরাং ৬ মাস অন্তর অন্তর মিটিং হলে বিগত ৬ মাসের মধ্যে কি কাজ হ'ল, না হ'ল, কি প্রক্রিয়ায় হ'ল, না হল তা গ্রামের মানুষ অবগত হতে পারবে এবং সেখানে ত্রুটি-বিচ্যুতি দেখলে তারা পরবর্তীকালে সে বিষয়ে সোচ্চার হতে পারবে। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের মিটিং-এ এম. এল. এ. রাও উপস্থিত হতে পারেন, কারণ তাঁরাও এক্স-অফিসিও মেম্বার, তাঁরা সেখানে তাদের সাজেশন রাখতে পারেন। সুতরাং এটা ঠিকই হচ্ছে, এতে কোনও অসুবিধা নেই, এটা ভালই হচ্ছে।

এখানে আর একটা বড় জিনিস করা হচ্ছে, নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে যদি ৬ মাসের বেশি সময় চলে যায় তাহলে বিধানসভার অনুমতি নিতে হবে। এটা শুধু ডেমোক্রেসির প্রসারই নয়, একটা চূড়ান্ত জিনিস করা হচ্ছে। এর চেয়ে বড় কথা আর কি বলার থাকতে পারে! বিধানসভার অনুমতি নিতে হবে, না হলে করা যাবে না। এটা মূল বিলে ছিল না, এখানে এই নতুন ধারা যোগ করা হচ্ছে। এর জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

আর একটা গুরুতর বিষয়ের জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। সেটা হচ্ছে, গ্রাম-পঞ্চায়েতকে বাতিল করার প্রশ্নে জেলা পরিষদের এক্তিয়ারকে কিছুটা কন্ট্রোল করা হচ্ছে। পঞ্চায়েত সমিতিকেও এ বিষয়ে কিছুটা যৌথ দায়িত্ব দেওয়া হচ্ছে। এটাকে আমি সমর্থন করি।

মাননীয় মন্ত্রী মহাশয়, আমার আপনার কাছে গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান এবং পঞ্চায়েত সমিতির সহ-সভাপতিদের বিষয়ে একটা সাজেশন আছে। এদের ক্ষেত্রে আপনি যা করছেন তার আমি বিরোধিতা করছি না। কিন্তু আমি আপনাকে ভাবতে বলছি, গ্রাম-পঞ্চায়েতের প্রধানদের এবং পঞ্চায়েত সমিতির সভাপতিদের যেমন কিছু আর্থিক ক্ষমতা আছে তেমন যথাক্রমে উপ-প্রধান এবং সহকারি সভাপতিদেরও কিছু আর্থিক ক্ষমতা দেওয়া যায় কিনা যে বিষয়ে আপনি একটু ভেবে দেখুন। উভয় ক্ষেত্রে দুটো পোস্টই ইলেক্টেড পোস্ট। সুতরাং তাদেরও কিছু পাওয়ার শেয়ারিং করা যায় কিনা সেটা একটু ভেবে দেখুন।

শেষ কথা আমি যেটা বলতে চাই, সেটা হচ্ছে, পঞ্চায়েতের যে সমস্ত সদস্যরা শিক্ষকতা করেন তাঁদের সম্বন্ধে আপনি কি বলতে চাইছেন সেটা যদি আমাদের একটু পরিষ্কার করে বলেন তাহলে ভাল হয়। সাথে সাথে ট্যাক্স আদায়ের বিষয়টিও আরও একটু পরিষ্কার করে বলা উচিত। আমরা যাঁরা শিক্ষকতা করি, আমরা ৬ মাস, ১ বছর উইথ পে ছুটি নিতে পারি। সুতরাং এ সম্বন্ধে আপনি কি ভাবছেন তা আমাদের একটু পরিষ্কার করে বলবেন। বর্তমানে যে অ্যামেন্ডমেন্ট বিল এসেছে সেটার সবচেয়ে প্রয়োজন ছিল বহু আগে। গণতন্ত্রের প্রসারের সবচেয়ে বড় নমুনা বলে আমি মনে করি। আজকে লেফ্টফ্রন্ট যে আদর্শের কথা বলে, যে গণতন্ত্রের প্রসার করতে চায় এই পঞ্চায়েত বিলই আজকে প্রমাণ হয়ে গেল যে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে একটা মাত্র রাজ্য যেখানে পঞ্চায়েত

অ্যামেন্ডমেন্ট বিলের মাধ্যমে সবচেয়ে অবহেলিত শ্রেণী শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের আসন সংরক্ষণ করা হয়েছে। এইজন্য এই বিলকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল এখানে এনেছেন, সেই বিল সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছিল এবং সেই সিলেক্ট কমিটির সদস্যদের মধ্যে আমি একজন সদস্য ছিলাম। এখানে এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনে পঞ্চায়েত ব্যবস্থায় মহিলাদের প্রতিনিধিত্ব, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের প্রতিনিধিত্বের প্রভিসন এই বিলে যেটা রাখা হয়েছে সেটা দীর্ঘদিন ধরে সাধারণ মানুষের গণতান্ত্রিক আন্দোলনে দাবি ছিল। সেই অর্থে এই প্রভিসন রাখা হয়েছে বলে আমি সেই কারণে, সেইদিক থেকে সমর্থন জানাচ্ছি। কিন্তু শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের জন্য যে প্রভিসন রাখা হয়েছে সেখানে বলা হয়েছে লোকসংখ্যার আনুপাতিক হারে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের সিট রিজারর্ভেশন হবে। কিন্তু এখানে দেখা যাচ্ছে, প্রভিসন যেভাবে লেখা হয়েছে তাতে কিন্তু শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের সিট রিজারর্ভেশনের ক্ষেত্রে যে উদ্দেশ্য প্রভিসনটা লেখা হল সেটা কিন্তু ঠিকঠিকভাবে কার্যকর নাও হতে পারে। এই বিলের মধ্যে সেটা রয়ে গেল। কিন্তু এখানে সরাসরি শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের সিট রিজারর্ভেশন কিভাবে হবে, কিভাবে সিটগুলি এয়ারমার্ক করা হবে, এখানে স্ট্রেট-কাট বলা হল না যে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের পপুলেশন কনসেনট্রেশন অনুযায়ী এই সিট রিজারর্ভেশন হবে, সিটগুলি এয়ারমার্ক করা হবে। বলা হল, বাই রোটেশন সিট রিজারর্ভেশন হবে। এই যে ফাঁক রয়ে গেল এতে আরবিট্রারি সিট রিজারর্ভেশনের স্কোপ থাকবে। এটা কিন্তু রুলিং পার্টির সেকটারিয়ান কোটারি ইন্টারেস্টে কাজ করার সুযোগ থেকে গেল এবং বিলের যে মূল উদ্দেশ্য, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের রিজারর্ভেশনের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য কিন্তু ব্যাহত হতে পারে এই ফাঁক থাকার ফলে। সেইজন্য নোট অফ ডিসেন্ট দিয়েছি। যদি স্ট্রেটওয়ে বলতেন কনসেনট্রেশন অফ শিডিউল কাস্ট অব শিডিউল ট্রাইব পলুলেশনের ভিত্তিতে সিট রিজারর্ভেশন হবে, এয়ারমার্ক করা হবে তাহলে কিন্তু ব্যাপারটা থাকত না, কিন্তু সেটা করা হয়নি। ফলে এর সমস্যাটা থেকে যাচ্ছে। ক্লজ ৬, ১৫ এবং ২২ এগুলি দেখলে বুঝতে পারবেন। সেকেন্ড পয়েন্ট এখানে ফাংশনারি ত্রিস্তর পঞ্চায়েত সেখানে যারা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম-পঞ্চায়েত সেখানে একটা কথা যথার্থভাবে বলা হয়েছে, যারা প্রধান, সভাপতি, সভাধিপতি বা জেলা পরিষদের সভাধিপতি সহকারি সভাধিপতি বলছেন, পঞ্চায়েতে প্রধান, উপ-প্রধান এদের হোলটাইম ফাংশনারি হিসাবে থাকবে না পাওয়া গেলে ফর দি এফেকটিভ ওয়ার্কিং এফিসিয়েন্সি সেটা আমরা চাচ্ছি, এই পঞ্চায়েত সমিতির সর্বক্ষণের কর্মী হিসাবে কাজ ব্যহত হতে পারে সেই দৃষ্টিভঙ্গিতে এখানে হোল টাইম ফাংশনারি থেকে প্রধান সহকারি সভাপতিদের রাখা হয়েছে। কিন্তু এটা জেলা পরিষদের স্তরে করা হল, পঞ্চায়েত সমিতির স্তরে করা হল কিন্তু বাকি অংশ গ্রাম-পঞ্চায়েতে কেন করা হল না? গ্রাম-পঞ্চায়েতের কাজ তো কম নয়, অনুরূপ একেবারে লোয়েস্ট লেবেলে সেখানে কিন্তু প্রধান, উপ-প্রধান তাদের হোল টাইম ফাংশনারি হিসাবে রাখা হল না। সেখানে পসিটি অফ ফান্ড

এই সব নাকি সরকারের সমস্যা, এই জন্য যে কারণে বা যে উদ্দেশ্য নিয়ে আপনি এই অ্যামেন্ডমেন্টটা আনলেন তাহলে এটার সঙ্গতি রক্ষা হচ্ছে না। সেই উদ্দেশ্য ব্যহত হচ্ছে। পঞ্চায়েত ব্যবস্থা করতে গিয়ে পঞ্চায়েতগুলি যদি এফেকটিভ্যাল ফাংশন করতে না পারে প্রধান এবং উপ-প্রধান হোল টাইম ফাংশনারি যাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হয় ত্রিস্তর পঞ্চায়েতে ফর পসিটি অফ ফান্ড অফ ফান্ড অর সাম আদার লিমিটেশনস আপনি নীতিগতভাবে এটা চাইলেও সেটাকে ইমপ্লিমেন্ট করতে পারলেন না। আইনে সে প্রভিসন রইল না। ফলে আমি মনেকরি এটা এখানেও করা উচিত ছিল যে ভাবে এই লিমিটেশন ওভার কাম করে এই জায়গাটা করেছেন পঞ্চায়েত স্তরে এটা করা উচিত ছিল, সেটা করা হয়নি। তাই আমি এই নোট অফ ডিসেন্ট দিয়েছি। থার্ডলি, এখানে একটা জিনিস এই যে, ট্যাক্সেশন এর ব্যাপারে ট্যাক্স, টোল, লাইসেন্স ফি, আমরা উইকার সেকশন গ্রামের যারা দুর্বলতম অংশের মানুষ তাদের দিকে তাকিয়ে এদের যাতে সমস্ত দিক থেকে রিলিফ দেওয়া যায় সেই দৃষ্টিভঙ্গি পঞ্চায়েতে ব্যবস্থা হয়, যে ট্যাক্স থেকে মুক্ত করা যায়, দায় দায়িত্ব রাজ্য এবং কেন্দ্রীয় সরকার কে বহন করতে হবে এই বিষয়ে যে দৃষ্টিভঙ্গি কাজ করছে সেখানে দেখা যাবে যে বিল এনেছেন তাতে পঞ্চায়েত স্তরে গ্রামের মানুষের উপর পভার্টি ট্রিকেন পিপল, অর্থাৎ দারিদ্র ক্লিস্ট মানুষ তাদের উপর আরও ব্যাপক হারে ট্যাক্স, টোল, ফি এইগুলি করবার ব্যবস্থা রেখেছেন যেরকমভাবে পারা যায়। এটা মারাত্মক, ফলে আমি এই জায়গাটা সহমত পোষণ করতে পারি না, তাই এই জায়গায় নোট অফ ডিসেন্ট দিয়েছি। ফোর্থ, যেখানে একটা মস্তবড় জিনিস পঞ্চায়েতের কাজে লাগান ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিংয়ের জন্য ৫০ পারসেন্ট, প্ল্যান বাজেটে ৫০ পারসেন্ট পঞ্চায়েতের মাধ্যমে হচ্ছে, কিন্তু এর জন্য টাকা দেওয়া হচ্ছে সেটার প্রপার ইউটিলাইজেশন, তার অ্যাকাউন্টেবিলিটি, গভর্নমেন্টের, বিধানসভার, পার্লামেন্টের যেমন অ্যাকাউন্টেবিলিটি, পাবলিকের কাছে জবাবদিহী করতে হয় সেই রকম এই ত্রিস্তরে অ্যাকান্টিবিলিটির একটা প্রশ্ন এতবড় আর্থিক দায়িত্ব তাদের উপর তুলে দিচ্ছেন, প্রপার ইউটিলাইজেশন, অ্যাকাউন্টিং, ভেরিফিকেশন হচ্ছে কিনা, দেখা দরকার। এগুলি এবং মনিটারিং অত্যন্ত জরুরি।

[2-10 — 2-20 P.M.]

এই ভীষণভাবে ল্যাক করছে। এই শর্ট কামিংস থেকে পঞ্চায়েত-ব্যবস্থাকে রক্ষা করবার জন্য আপনি কোনও অ্যাডিকোয়েট প্রভিসন রাখেননি। এক্ষেত্রে যতটুকু ব্যবস্থা নিয়েছেন সেটা যথেষ্ট নয়। বছরের পর বছর অ্যাকাউন্ট অডিট হচ্ছে না। সেসব চেক করবার জন্য ব্যবস্থা নিন প্রপারলি! এসব সি. এ. জির আওতায় আসা উচিত, কারণ ডিপার্টমেন্টাল অডিটকে তারা অনেক সময় পরোয়া করেন না। সেগুলো এজন্য সি. এ. জির আওতায় আসা উচিত যাতে প্রপার অডিট ভেরিফিকেশন হয়। কিন্তু তারজন্য যথাযথ প্রভিসন এই আইনে নেই এবং তারজন্য এই জায়গায় সহমত পোষণ করতে পারছি না। কারণ অ্যাকাউন্টেবিলিটি এবং প্রপার ইউটিলাইজেশন অফ মানি হচ্ছে কিনা সেই প্রশ্ন এখানে জড়িত।

সর্বশেষ বলব, পঞ্চায়েতি ব্যবস্থা সম্পর্কে আপনি বিলের অবজেকটস্ অ্যান্ড রিজিনল

বলেছেন যে, এক্ষেত্রে শর্ট-কামিংস্ যা রয়েছে সেগুলো মুক্ত করবার জন্য এই বিল এনেছেন। কিন্তু পঞ্চায়েত নির্বাচন, যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, সেই নির্বাচন যাতে সুষ্ঠুভাবে এবং যথাযথভাবে নিরপেক্ষ এবং অবাধ হয় সেটা অ্যাসিওর গ্যারান্টেড করতে যা দরকার—নিরপেক্ষ নির্বাচন কমিশন, যারা শাসক দলের সমস্তরকম প্রভাব মুক্ত হয়ে কাজ করতে পারবেন, নিরপেক্ষ পঞ্চায়েত নির্বাচন পরিকল্পনা করতে পারবেন, সেই গ্যারান্টি অ্যাসিওর করবার কোনও প্রভিসন এই বিলে নেই। ফলে এই কোয়েশ্চেন থেকে যাচ্ছে। আর একটি হচ্ছে, যেটা সবচেয়ে মিনিমাম গ্যারান্টি অফ পার্লামেন্টারী ডেমোক্র্যাসী, যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সর্বস্তরে, সেখানে দেখা যাচ্ছে, দুর্ভাগ্যের বিষয়, অনেক সময় ইলেকটেড রিপ্রেজেন্টেটিভ নির্বাচিত হবার পর নির্বাচকমন্ডলীকে তারা যেসব প্রতিশ্রুতি দিয়ে নির্বাচিত হয়েছেন সেইসব প্রতিশ্রুতি তারা পালন করেন না, পাঁচ বছরের জন্য নির্বাচিত হয়ে এসে নির্বাচক মন্ডলীর স্বার্থবিরোধী কাজ করেন, নানাভাবে দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েন। এই জায়গায় যথাযথভাবে নিমন্ত্রণ করতে গেলে পার্লামেন্টারি ডেমোক্রেসীর সিস্টেমের মধ্যে একটা প্রভিসন আছে, সেটা হচ্ছে—রাইট টু রিকল্, অর্থাৎ নির্বাচক মন্ডলীর হাতে হাতিহার থাকবে। যদি তারা দেখেন নির্বাচিত প্রতিনিধি তাদের স্বার্থবিরোধী কাজ করছেন, তাহলে সংখ্যা গরিষ্ঠ নির্বাচকমন্ডলী তাঁকে রিকল্ করতে পারলেন। পার্লামেন্টারী ডেমোক্র্যাটিক সিস্টেমের মধ্যে এই যে অধিকার দেওয়া আছে, আপনারা বলছেন এটা উপর থেকে—পার্লামেন্ট থেকে, বিধানসভা থেকে হোক। আপনারা তো নিজেদের বামপন্থী হিসাবে দাবি করেন, ডেমোক্র্যাসীকে রক্ষা করছেন, আনহোল্ড করছেন বলেন। এক্ষেত্রে আপনারা একটা দৃষ্টান্ত স্থাপন করুন! আপনারাও স্বীকার করেন পঞ্চায়েতে অনেক জটিলতা আছে, কমপ্লিকেশনস্ আছে সেক্ষেত্রে নির্বাচকমন্ডলীর একটা ভূমিকা থাকা দরকার। তারজন্য মেজরিটির ভিত্তিতে রিকল্ করবার প্রভিসন থাকা দরকার। আপনারা যদি নির্বাচকমন্ডলীর হাতে এই অস্ত্র তুলে দেন তাহলে এসব প্রচণ্ডভাবে নিয়ন্ত্রণ করতে পারবেন এবং তাঁরা হিসেব করে কাজ করবেন। ফলে তাঁরা জনস্বার্থবিরোধী কাজ করতে সাহসী হবেন না। এই প্রভিসন রাখলে এই সীমাবদ্ধতার মধ্যেও একটা আদর্শ পঞ্চায়েতি ব্যবস্থা গড়ে তুলতে পারতেন। কিন্তু সেই অর্থে এই বিলে কিছু কিছু জায়গায় বিচ্যুতি রয়েছে, সেই সমস্ত জায়গায় সহমত পোষণ করছি না। কাজেই নোট অব ডিসেন্ট দিয়ে সেই অর্থে বিরোধিতা করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মিঃ চেয়ারম্যান, স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার।.....

মিঃ চেয়ারম্যান ঃ আপনি পরে বলবেন। আপনাকে সময় দেওয়া হবে। এখন বসুন। ....(গোলমাল)....

(এই সময়ে মিঃ স্পিকার আসন গ্রহণ করেন)

মিঃ স্পিকার ঃ ডাঃ আবেদিন, বলুন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, সাধারণ কনভেনশন হচ্ছে, সিলেক্ট কমিটিতে যারা থাকেন তারা পার্টিসিপেট করেন না, নোট অব ডিসেন্ট দেন। কিন্তু আমরা দেখছি যে সিলেক্ট কমিটির লোকেরাই বলে যাচ্ছেন। আমরা জানি যে এই সরকার ব্যাঙ্কড্রাফট নিয়েছেন,

পিয়ারলেসের কাছ থেকে টাকা নিয়েছেন। কিন্তু বুদ্ধির দিক থেকেও ব্যাঙ্করাফট হয়েছে বলে জানিনা।....(গোলমাল) আজকে যদি দরকার হয় কাবুলিওয়ালার কাছ থেকে টাকা নিন তাতে আমাদের আপত্তি নেই কারণ এদের তো লজ্জা বলে কিছু নেই। প্রথমে দেখলাম যে আমার বক্তৃতায় অপোজ করলেন সমর বাউড়ী যার লিস্টে এক নম্বরে নাম আছে। আজকে কি হচ্ছে?......(গোলমাল).......এখানে চেয়ারম্যান আছেন, প্রফেসর প্রবোধ সিন্‌হা আছেন, এদের কি বক্তৃতা রাখার লোকের অভাব হয়েছে? কারণ যারা সিলেক্ট কমিটিতে আছেন, তারাই বক্তৃতা দিয়ে যাচ্ছেন একের পর এক?

[2-20 — 2-30 P.M.]

Mr. Speaker : Dr. Zainal Abedin, take your seat. Dr. Abedin, I entirely agree with you. It is a parliamentary convention and very good parliamentary practice. ডাঃ জয়নাল আবেদিন, সিলেক্ট কমিটির সদস্য যারা থাকেন তারা হাউসে ডিবেটে অংশগ্রহণ করেন না। এটাই পার্লামেন্টারি প্র্যাকটিস But I talked back into the past and remind you that when we first started the Subject Committee system, your party was not to cooperate with the Subject Committee system, on the plea that those who were not the members of the Subject Committee would be allowed to participate in the debate. And unless they be allowed to participate in the debate, they would not participate in the Subject Committee. Please remember that. Let us got back. It is your party to point out that in all party meeting. The SUCI and your party took that stand. It was told to them that it was a parliamentary convention that those who are members of the Subject Committees, don't participate. Other members may participate, because there are so many members. Those who are the members of the Committee should not participate so that other members can participate, on the plea that those who were not the members of the Subject Committee would be allowed to participate in the debate, as such they were not going to participate in the Subject Committee. They could participate there and be relaxed. Now those who are the members of the Committee can participate in the debate, then you join the debate which is taking place. Now Mr. Atish Sinha was the member of the Select Committee and he participated in the debate. But what is good for Ram that is good for Jadu. If your member can participate then other members can also participate. You cannot be one-sided. If you have broken the convention of the law, they too have broken the convention of the law. At the same time, for the future, you first hold your own members responsible and then accuse others. Otherwise that may be a very bad system. Don't hit below the belt. First control yourself then control them.

শ্রী সঞ্জীবকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় মাননীয়

পঞ্চায়েতমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন পঞ্চায়েতের উপর সেই সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন, এই বিলের মধ্যে দিয়ে পঞ্চায়েতের স্ট্রাকচারটা আরও ভাল ভাবে তৈরি করে পঞ্চায়েতকে আরও ভালভাবে চালাবার জন্য। এটা নিশ্চয়ই বিলের উদ্দেশ্য। আমরা গ্রাম-পঞ্চায়েত এলাকায় থাকি। গ্রাম-পঞ্চায়েতের হাতে অধিক ক্ষমতা দেওয়া উচিত বলে মনে করি। কিন্তু গ্রাম-পঞ্চায়েতে কারা আছে? প্রধান আছে, সচিব আছে, জব অ্যাসিস্ট্যান্ট আছে এবং ফাদার-চৌকিদার আছে। এই সচিবের অবস্থাটা কি, আপনি নিশ্চয়ই জানেন। ১৯৭১ সাল থেকে লড়াই করছে, তারা এখনও সরকারি কর্মচারী হিসাবে গণ্য হয়নি। আমি দায়িত্ব নিয়ে বলছি, আপনি এটা দেখবেন। পঞ্চায়েত সিস্টেমটাকে আরও ভালো করে তৈরি করে তৃণমূলে পৌঁছানো যাবে, দর্শন ভাল, থিওরী ভাল কিন্তু প্র্যাকটিস এত সহজ নয়, আমি বিনীতভাবে এটা স্মরণ করিয়ে দিতে চাই। আপনি বলেছেন পঞ্চায়েত প্রধানকে হোলটাইমার হতে হবে, পঞ্চায়েত সচিব, তারা সরকারি কর্মচারী হবে না, একজিকিউটিভ অফিসার হিসাবে গ্রাম-পঞ্চায়েতে থাকবে সেই গ্রাম পঞ্চায়েতের হাতে প্রচুর ক্ষমতা দিলেন এটা বাস্তবে কতখানি ইমপ্লিমেন্ট হবে সেটা ভেবে দেখার দরকার আছে। আপনি এক জায়গায় বলেছেন গ্রাম-পঞ্চায়েতের প্রধান গ্রামে সভা করে মানুষকে এক জায়গায় জড়ো করে বক্তৃতা দেবে কি কাজ হয়েছে না হয়েছে পঞ্চায়েতে। দর্শন ভাল। কিন্তু রাজনৈতিক পরিবেশ কি তাই? সামান্য ভোট দিলে যেখানে হাত কেটে নেয় সেখানে গ্রাম-পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে কথা বলবে, এই সাহস কেউ দেখাবে না। প্রধান যদি দুর্নীতি করে গ্রাম-সভায় দাঁড়িয়ে সেই প্রধানের বিরুদ্ধে কথা বলবে সেই পরিবেশ, সেই রাজনৈতিক কাঠামো তৈরি হয়নি। দর্শন ভাল কিন্তু বাস্তবে এই জিনিস হওয়া কঠিন। আপনি পঞ্চায়েত মন্ত্রী, আপনি মেদিনীপুর জেলার লোক, মেদিনীপুরে এই রকম প্রচুর আছে যেখানে বিরোধী দল পঞ্চায়েতে ক্যান্ডিডেড দিতে পারেনি। সেই পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে কথা বলবে? আমি এখনও পঞ্চায়েত প্রধান জানি যিনি বলেছেন আমার এলাকা পুলিশ ঢুকলে আমার পারমিশন নিতে হবে। সেই গ্রাম-পঞ্চায়েতের মিটিং হবে, সেখানে চিৎকার করে কোনও মানুষ যদি পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে কথা বলে তাহলে তো তাকে জ্যান্ত কেটে ফেলবে। জেনে শুনে এই কাজ কেউ করতে যাবে?

এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আপান গ্রামসভার কথা বলছেন। আমি আপনাকে বিনীতভাবে বলি, চলুন, রাধাপুর গ্রাম-পঞ্চায়েতে চলুন। সেখানকার গ্রাম-পঞ্চায়েতের প্রধান ডিক্লারেশন দিয়েছেন, সি. পি. এম.'এর প্রধান, যে তাঁর এলাকায় পুলিশকে ঢুকতে হলে তাঁর পারমিশন নিতে হবে। একজন পুলিশ অফিসার সেখানে ঢুকেছিল, তার কলার ধরে বার করে দেওয়া হয়েছিল। কারণ সেই এস. আই. ঐ প্রধানের পারমিশন নেননি। আপনাদের সবকিছু খাতা কলমে লেখা আছে, বলা আছে যে বছরে দুবার করে সভা করতে হবে। কিন্তু বাস্তবে কি তা রূপায়িত হচ্ছে? আপনি পঞ্চায়েতের শর্টকামিং দূর করতে যাচ্ছেন। আমি আপনাকে শ্যামপুর ১ নং গ্রাম-পঞ্চায়েতের কথা বলি। শুনে অবিশ্বাস্য মনে হলেও এটা সত্যি ঘটনা। শ্যামপুর ১ নং গ্রাম-পঞ্চায়েতের এক জায়গায় ঢালাই হয়েছে রডের বদলে ঢোল কল্মির ডগা দিয়ে। শ্যামপুর ১ নং পঞ্চায়েত অফিসে রডের জায়গায় ঢোল কল্মির ডাটা দিয়ে ঢালাই হয়েছে। এটা অবিশ্বাস্য মনে হলে চলুন শ্যামপুর ১নং গ্রাম-

পঞ্চায়েতে, দেখবেন, সেখানে এটা হয়েছে। পঞ্চায়েতের মধ্যে ফার্স্ট হয়ে গেছে—এই হচ্ছে ঘটনা। এই পঞ্চায়েতের দুর্নীতি সম্বন্ধে এখানে কে যেন বলছিলেন, সুভাষবাবু বলছিলেন যে পঞ্চায়েতে দুর্নীতি থাকবে না। আমি বিনীতভাবে আপনাকে আবেদন করব, আপনি চলুন, দেখুন, দেখবেন কি দুর্নীতি সেখানে চলছে। দেখবেন, পঞ্চায়েতের কোনও রেজোলিউশন নেওয়া হয়নি, পঞ্চায়েতের কোনও সদস্য নয়, কন্ট্রাক্টর নিয়োগ করে কাজ হচ্ছে। কনট্রাক্টর শব্দটা এখন আর ব্যবহার হচ্ছে না, জব ওয়ার্কার হিসাবে নাম ব্যবহার করা হচ্ছে এবং সেই ভাবে কাজ হচ্ছে। আপনি পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেবেন। যেখানে কংগ্রেসের গ্রাম-পঞ্চায়েত আছে সেখানে—দিঙাখোলা গ্রাম-পঞ্চায়েতের কচুবেড়িয়াতে ইন্দিরা আবাসন প্রকল্পে ৬০ হাজার টাকা খরচ হয়েছে, অথচ বেনিফিশিয়ারি ঠিক হয়নি। বেনিফিশিয়ারি কে তা পঞ্চায়েতের প্রধান জানেন না, বিডিও জানেন না। অথচ দেখানো হয়েছে যে সেখানে ৬০ হাজার টাকা খরচ হয়েছে। সেখানে বাড়িগুলো এখনও কমপ্লিট হয়নি। যেখানে কংগ্রেসের পঞ্চায়েত আছে, সেখানে পঞ্চায়েত সমিতির উপরে আপনি ক্ষমতা দিয়েছেন। পঞ্চায়েত সমিতিও জানে না কে তার বেনিফিশিয়ারি, অথচ ইন্দিরা আবাসন-এর কাজ চালু হয়েছে। আপনাকে আমি বলব, আপনি একটু শক্ত হয়ে দাঁড়ান। আপনি পঞ্চায়েত সিস্টেমকে ভাল করার জন্য বিল এনেছেন। কিন্তু পঞ্চায়েতের ভাল করতে গেলে শর্টকামিংগুলোকে দূর করতে হবে তা না হলে এই দুর্নীতি চলবে আর আপনাকে বলতে হবে যে, 'আমার কিছু করার নেই।' আপনি বলুন তো, তাহলে পঞ্চায়েত ব্যবস্থা কখনও সুষ্ঠুভাবে চলতে পারে! আপনি কল্যাণপুর গ্রাম-পঞ্চায়েতের বর্ষপূর্তি উপলক্ষে শুভেচ্ছা বাণী পাঠিয়েছিলেন। পঞ্চায়েত প্রধান স্মরণিকাতে কি লিখেছেন তা আমি সমস্ত হাউসের কাছে পড়ে শোনাতে চাই। সি. পি. এম.-এর পঞ্চায়েত প্রধান, প্রধানগিরি অনুশোচনায় লিখেছেন—"রাজনৈতিক সুবিধা (ভোট) আদায়ের জন্য আমরা অনেক সময়ই ন্যায়নীতি, সততা, নিরপেক্ষতা বিসর্জন দিয়ে থাকি। বেআইনি, অন্যায় ও অসামাজিক কাজের প্রতিবাদ করতে সাহস করি না পাছে লোকটি বা লোকগুলো আমার বা আমার দলের বিরুদ্ধে চলে যায়। সেজন্য না দেখার, না জানার বা এড়িয়ে যাওয়ার ভান করি, অর্থাৎ পরোক্ষে অন্যায়কে সমর্থন করি, কেউ প্রতিবাদ করলে অন্যরা তাকে ধামাচাপা দেবার চেষ্টা করে।

উপরোক্ত কারণে নিরপেক্ষতা হারিয়ে ফেলি। অর্থাৎ নিজ স্বার্থে বা দলের স্বার্থে নিজের বা দলের লোককে পাইয়ে দেবার চেষ্টা করি। দলমত নির্বিশেষে অপেক্ষাকৃত দরিদ্র মানুষ বাছাই না করে পক্ষপাতিত্ব করে থাকি। এলাকার প্রয়োজনের দিকটাও উপেক্ষা করে থাকি।"

[2-30 — 2-40 P.M.]

এই কথা আমার নয়, কল্যানপুর গ্রাম-পঞ্চায়েত প্রধানের। নিজেদের স্মরণিকায় বর্ষপূর্তি উপলক্ষে শেষ পর্যন্ত অনুশোচনার ভিত্তিতে এই কথা লিখেছেন। এতে আপনার শুভেচ্ছা বাণীও লেখা আছে।

আপনি সব জিনিসটাই হেসে উড়িয়ে দেবেন না। আমি একবার বলছি পঞ্চায়েত সিস্টেমের সবচেয়ে দুর্বল জায়গা হচ্ছে ইন্সপেকশন। আমি নিজে একটি দুর্নীতির ব্যাপারে

ডি. এমকে পর্যন্ত বলেছিলাম, তিনি তদন্তও করতে বললেন কিন্তু আজ পর্যন্ত তার কোনও তদন্ত হয়নি। আমি আপনার কাছে দরখাস্ত প্লেস করছি। গ্রাম-পঞ্চায়েতের ক্ষেত্রে এই জায়গাতেই সোচ্চার হয়ে দাঁড়িয়ে বলুন যে গ্রাম-পঞ্চায়েতের সদস্য, যাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে আমি তাদের বিরুদ্ধে তদন্ত করছি। আপনি কোনও তদন্ত করছেন না। আপনি কাদের হাতে ক্ষমতা দিয়েছেন—ওই বি. ডি. ওদের ক্ষমতা আছে প্রধানদের বিরুদ্ধে কিছু বলার? তাদের তো তাহলে চাকুরি চলে যাবে। আজকে আমরা দেখতে পাচ্ছি একটার পর একটা ই ও পি গ্রাম-পঞ্চায়েতে বছরের পর বছর কাজ করে যাচ্ছেন, ফলে তাদের মধ্যে একটা ভেস্টেড ইন্টারেস্ট গ্রো করে যাচ্ছে। আপনি এর কিছুই এখানে থেকে বুঝতে পারছেন না, পঞ্চায়েত অফিসে অডিট হয় না। ১৯৪৮ সাল থেকে কাজ করছে, ৬ বছর ৮ বছর ধরে কাজ করছে তাদের কোনও ট্রান্সফার হচ্ছে না। আমি জানি ১৯৭৮ সাল থেকে ই ও পি এবং ১৯৮৪ সাল থেকে বি. ডি. ও একইভাবে কাজ করে যাচ্ছেন, তাদের কোনও ট্রান্সফার হয়নি। আসলে এই পঞ্চায়েতি সিস্টেমেই কোনও ট্রান্সফার সিস্টেম থাকছে না। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি রবীনবাবুর কেন্দ্র শ্যামপুর বালিচাতুরি গ্রাম-পঞ্চায়েত ১৯৮৮ সাল থেকে সেক্রেটারি নেই। ১৯৮৮ সালে সেক্রেটারি মারা যান, কিন্তু এখনও পর্যন্ত সেখানে কোনও সেক্রেটারি অ্যাপয়েন্টমেন্ট হয়নি। আমার এলাকার একটি গ্রাম-পঞ্চায়েতে ১৯৯০ সাল থেকে সেক্রেটারি নেই এবং আজ পর্যন্ত, আজকে ২৪শে জুন ১৯৯২ সাল অবধি কোনও সেক্রেটারি নেই। সেখানে এই পঞ্চায়েতগুলো চলবে কি করে? আপনি ভেবে দেখুন ৪ থেকে ৫ বছর ধরে এক-একটা গ্রাম-পঞ্চায়েতে সেক্রেটারি নেই, সেখানে প্রধানরা একা কিভাবে দায়িত্ব নিয়ে কাজ পরিচালনা করবেন? আপনি দয়া করে পঞ্চায়েত এলাকাতে সেক্রেটারি নিযুক্ত করুন। তবে আপনি যে ১ এর ৩ ভাগ মহিলা রিজার্ভ করার ব্যবস্থা করেছেন একে সাধুবাদ জানাই। কিন্তু একজন কংগ্রেস মেম্বার যেখানে ভোটকেন্দ্রে দাঁড়িয়ে কিছু করতে পারেন না সেখানে মহিলা ক্যান্ডিডেট কিভাবে থাকবেন? শিডিউল কাস্টস্‌দের থেকে রিজার্ভেশনের ব্যবস্থা করেছেন তাকে আমি সমর্থন করছি, কারণ প্রয়াত রাজীব গান্ধী এই রিজার্ভেশন ব্যবস্থা করেছিলেন এবং আপনারা তাকেই সমর্থন করে নতুন করে এনেছেন। নিশ্চয়ই তাকে আমরা সমর্থন করছি। কিন্তু এক্ষেত্রেও একটা প্রশ্ন থেকে যাচ্ছে যে, বাই রোটেশনে এই ১এর ৩ ভাগ মহিলা সিটের ক্ষেত্রে এই ৮জন মহিলার ক্ষেত্রে কে ঠিক করবে? কেমনভাবে ঠিক করা হবে তার কোনও বিষয় বলা হয়নি। আপনার কংগ্রেস ছেলেরাই যেখানে ভোট কাউন্টিংয়ের ক্ষেত্রে কিছু করতে পারছে না, সেখানে একজন মহিলা কি করবে? তার দৃষ্টান্ত তো বালিগঞ্জ নির্বাচনি দেখিয়ে দিয়েছে। আমাদের এই রাজনৈতিক কাঠামোর দেশ, এখানে আপনারা কি সেইভাবে নিরপেক্ষভাবে নির্বাচন করতে পারবেন? পঞ্চায়েত সিস্টেমের মধ্যে একটা নিরপেক্ষ নির্বাচন, সুষ্ঠু নির্বাচন কি আপনি করতে পারবেন? তা কখনোই করা সম্ভব নয়। সুতরাং আমি আপনাকে বলি সব দিক বিচার বিবেচনা করে কাজ করুন। একটা বিরাট মহৎ উদ্দেশ্য এরমধ্যে থেকে যাচ্ছে এবং একে বাস্তবে রূপায়িত করা খুবই কঠিন জিনিস। মাননীয় মন্ত্রী মহাশয় তো জেলা পরিষদের সভাধিপতি ছিলেন, তাঁর অভিজ্ঞতাও আছে, তাঁকে আমি বিনীতভাবে আবেদন করছি যে, তিনি যদি এই বিলকে বাস্তবে রূপায়িত করতে চান তাহলে এই পঞ্চায়েত সিস্টেম ইন্সপেকশনের দরকার। তার অ্যাকাউন্টস যদি ঠিক না থাকে তাহলে

কোনও কাজই হবে না। আপনি তো লিখে দিলেন যে এতগুলো গাছ লাগানো হয়েছে, কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে একটি জায়গাতেও গাছ লাগানো হয়নি। আপনি এনকোয়ারি করে দেখুন যে কথাগুলো সত্যি কিনা। সুতরাং আপনি যে সৎ উদ্দেশ্য নিয়েই কাজ করুন না কোনও কোনও কাজেই লাগবে না। রাজনৈতিক মতাদর্শের উর্ধ্বে থেকে কোনও বিল আনা সম্ভব কিন্তু তাকে ইমপ্লিমেন্ট করার ব্যাপারে অসুবিধা আছে। আপনি যে বিল এনেছেন তাকে যদি ঠিকমতো প্রয়োগ করতে না পারেন এবং আপনার যদি সৎ উদ্দেশ্য চরিতার্থ না হয় তাহলে পশ্চিমবঙ্গবাসী আপনাকে ক্ষমা করবে না। এই কথা বলে এই পঞ্চায়েত বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে পঞ্চায়েত বিল পেশ করা হয়েছে সেই ব্যাপারে আমি কিছু বলতে চাই। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন সেই বিলের জন্য তাঁকে সি. পি. এম. দলের পক্ষ থেকে সাধুবাদ জানালেও তারা পশ্চিমবঙ্গের নির্বাচনী আবহাওয়াকে যে কলুষিত করেছে, সামনে যে পঞ্চায়েতি নির্বাচন হবে সেই নির্বাচন সম্বন্ধে যে অ্যামেন্ডমেন্ট হয়েছে সেই অ্যামেন্ডমেন্টের কোথাও তিনি বলেননি বিশেষ করে পঞ্চায়েত নির্বাচন বুথে গণনা হলে পরে সেই গণনা সঠিকভাবে হবে কিনা! কারণ কলকাতার বুকে যখন বালিগঞ্জের নির্বাচন নিয়ে প্রহসন হয়েছে তখন সুদুর গ্রামাঞ্চলে আগামী জানুয়ারি বা ফেব্রুয়ারি মাসে যখন পঞ্চায়েত নির্বাচন করবেন তখন তার ফলে আরও সুদূরপ্রসারী হবে এবং প্রতিটি বুথে বুথে দাঁড়িয়ে নির্বাচনের পর আমরা দেখব খুন খারাপি চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে বিল এনেছেন তা থেকে আমি দুইটি জিনিস জানতে চাই একটা হচ্ছে জনসংখ্যার ভিত্তিতে এলাকা নির্ধারিত হয় কিন্তু ওনার বিলের মধ্যে কোথাও কন্টিনিউয়িটি নেই কোনও জায়গা থেকে কোনও জায়গার সঙ্গে যুক্ত হয়ে ৫০০ ভোটার থেকে একজন নির্বাচিত প্রতিনিধি হবে, এমন কথা কোথাও নেই। বিশেষ করে পশ্চিমবঙ্গ খুব কম জায়গা আছে যেখানে শুধুমাত্র ৫০০ জনে একজন হবে, প্রতিটি এলাকায় ৫০০-র বেশি আছে অথচ সেখানে একজন করে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়, কি করে এই অল্প সময়ের মধ্যে ডেলিমিনেশন করবেন এবং কি করে একটা জায়গায় কন্টিগুইটি করে তফসিলি জাতি এবং উপজাতির স্থান নির্ধারণ করবেন? দুই নম্বর হচ্ছে মহিলারা কোন কোন আসনে দাঁড়াবেন উনি কি ভাবে কাদের দ্বারা এটা সঠিকভাবে করবেন এই জিনিসটা এই বিলের মধ্যে নেই। অথচ উনি পঞ্চায়েতি নির্বাচন করার জন্য বিল আনছেন ওনাদের সাধুবাদ জানাচ্ছি এর জন্য পশ্চিমবঙ্গে ১৪ বছর আগে এটা ওনারা জানতে পারতেন যেখানে '৭৭ সাল থেকে '৯২ সাল পর্যন্ত ওনারা ক্ষমতায় আছে, ওনাদের টনক নড়েনি, টনক নড়েছে যখন প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী পঞ্চায়েত বিল এবং নগর পালিকা বিল লোকসভায় পেশ করলেন তখন সেই জায়গা থেকে বিভিন্ন অংশ বিশেষ নিয়ে এই অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে এসেছেন অথচ তারা বলছেন সমস্ত জিনিস তারা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমি একটা সাজেশন রাখছি যে উনি এলাকা ভিত্তিক করবেন সেই এলাকা ভিত্তিক করার সময় সর্বদলীয় মিটিং করে জনসংখ্যা ভিত্তিতে যেন করে, কারণ যাদের দ্বারা করা হবে পঞ্চায়েত যিনি অফিসার আছেন তিনি সরকার পক্ষের কথাই শুনবেন। যে সমস্ত পঞ্চায়েত কংগ্রেস দল আছে বা সি. পি. এম. বিরোধীরা

আছে, আমি ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি.-র কথা বলছি কাগজে দেখেছি মুর্শিদাবাদে সি. পি. এম., আর. এস. পি.-র মধ্যে খুনোখুনির খবর সেই খুনোখুনি হওয়ার পরে পঞ্চায়েত সদস্য মারা গেছেন। তাই বলছি ভোটের সময় সি. পি. এম.-এর অপদার্থতার বিরুদ্ধে দাঁড়ালে ফরোওয়ার্ড ব্লক, আর. এস. পি. যারা রয়েছেন তারাও সেদিন ভোট করতে পারবেন কিনা সন্দেহ আছে। এখানে মাননীয় মন্ত্রী বসে রয়েছেন তাঁকে অনুরোধ করব জেলা পরিষদের বা বিধানসভার গণনা যেমন এস. ডি. ও. অফিসে সমস্ত বুথ থেকে বাক্স এনে করা হয়, তেমনি আমি মনে করি এস. ডি. ও. অফিস না হোক, জেলা শাসকের অফিস না হোক, বি. ডি. ও.-র অফিসে এনে করা হোক। আমরা দেখোছ দুই ভোট বা তিন ভোটের যখন পার্থক্য হয় তখন টস দেবার জন্য একজন লোক থাকে তিনি টস করেন—তার অবস্থা কি রকম হয় জানেন পাঁঠাকে যেমন বলি দেবার আগে সে ঠকঠক করে কাঁপে ঠিক তেমনি। তার পক্ষে নিরপেক্ষভাবে কোনও কিছু করা সম্ভব নয়। মাননীয় মন্ত্রী মহাশয়, কিছু গ্রামসভার কথা বলেছেন, বিগত দিনের পঞ্চায়েতের অনেক সদস্য এখানে আছেন এবং মাননীয় মন্ত্রীও জেলা পরিষদের সভাপতি ছিলেন, তিনিও জানেন, বিগত দিনে বলা হয়েছিল অডিট রিপোর্ট খোলাখুলিভাবে একটা জায়গায় টাঙিয়ে দেওয়া হবে, এইরকমভাবে ঘোষণা করা হয়েছিল। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই আপনি উত্তর দেবেন কি, কোন কোন গ্রাম-পঞ্চায়েত সমস্ত হিসাব টাঙিয়ে দিয়ে জনসাধারণের কাছে দেখানো হয়েছে? আমার মনে হয় মাননীয় মন্ত্রী একটি গ্রাম-পঞ্চায়েতের নামও করতে পারবেন কিনা সন্দেহ .আছে। নদীয়া জেলার কথায় আসি। পঞ্চায়েতের মাধ্যমে যে টিউবওয়েলগুলো বসানো হচ্ছে, সেই টিউবওয়েলগুলো কিভাবে বসানো হচ্ছে। নদীয়া জেলায় এমন কতকগুলো পাইপ দিয়ে বসানো হচ্ছে, আমি আগেও হাউসে মেনশন করেছি বিগত অধিবেশনে, আমাদের কালীগঞ্জ, কৃষ্ণনগর, শান্তিপুরে সেই জল উঠলে আর্সেনিক রোগে মানুষ ভুগছে। দিনের পর দিন মানুষ মরে যাচ্ছে। কিন্তু পঞ্চায়েতের হুঁস নেই। এমন সব কন্ট্রাক্টর টিউবওয়েল বসাচ্ছে, তারা দু-তিনটে পাইপ দিয়ে বসাচ্ছে। তার জল মানুষ পান করছে এবং পেটের রোগে ভুগছে। আপনারা দেখছেন সংবাদপত্রে, রিডিওতে, টিভিতে মন্ত্রী মহাশয় বলছেন, এটা আমরা দেখছি। এইসব রোগ গ্রামের লোকের হচ্ছে, মানুষ মরে যাচ্ছে। প্রতিদিন আর্সেনিক রোগে মানুষ মারা যাচ্ছে। কিন্তু মন্ত্রী মহাশয়ের হুঁশ নেই। তাঁর কাছে আবেদন করব তিনি যেন মানুষের প্রাণ রক্ষা করেন। মন্ত্রী মহাশয় দুর্নীতির কথা বলছেন, একজন সদস্য এখন নেই, তিনি হচ্ছেন, নাকাশীপাড়ার এম. এল. এ। নাকাশীপাড়া পঞ্চায়েতের ৪/৫ বছরের হিসাব নেই বি. ডি. ও সাসপেন্ড। মন্ত্রী মহাশয়ের যদি সাহস থাকে নাকাশীপাড়ার ব্যাপার তদন্ত করুন। সেই বি. ডি. ওকে সাসপেন্ড করতে জেলাশাসক বাধ্য হয়েছেন। লক্ষ লক্ষ টাকার হিসাব নেই নাকাশীপাড়ার। মন্ত্রী মহাশয় কৃষ্ণনগর এলাকার ভীমপুর পঞ্চায়েত, কৃষ্ণনগর কোতয়ালী আজকে সেখানে হিসাবপত্র দেওয়া হচ্ছে না। তাই সাহস থাকে তো এগুলো একটু দেখুন।

[2-50 — 3-00 P.M.]

শ্রী ত্রিলোচন দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েতমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন, সেই বিলকে আমি সর্বতোভাবে সমর্থন করে দুচারটে কথা বলতে চাই।

আজকে বিরোধী পক্ষের সদস্যরা এই বিলের বিরোধিতা করে চলেছেন এবং কিছু কিছু ক্ষেত্রে আংশিক সমর্থন করছেন। কিন্তু পশ্চিমবাংলার বুকে তফসিলি জাতি এবং উপজাতি, মহিলা, মেহনতি এবং দীর্ঘদিন বঞ্চিত মানুষ, আজকে সমস্ত অবহেলিত মানুষ তাদের জন্য অ্যামেন্ডেডমেন্ট বিলে যে সংরক্ষিত আসন করা হচেছ তারজন্য এরা আতঙ্কিত। তাই কোনও সদস্য দাবি করছেন এই অ্যামেন্ডমেন্ট রাজীব গান্ধী এনেছিলেন। তা যদি হয়ে থাকে তাহলে এর বিরোধিতা করছেন কেন? আজকে সর্বতোভাবে সকলে সমর্থন করলে আজকে এই বিরোধিতা করার মানে হয় না। আজকে বামফ্রন্ট সরকার আছেন। কংগ্রেসিরা দাবি করেন বর্গাদার আইন তাঁরাই তৈরি করেছিলেন। কিন্তু আপনারা বলতে পারেন কটা বর্গাদারকে আপনারা প্রতিষ্ঠা করেছিলেন। আপনারা আইন করেছেন সেটা কাগজে-কলমে থাকে। আজকে বামফ্রন্ট সরকার সেটা বাস্তবে রূপায়িত করেছেন এবং রূপায়িত করে মানুষের উপকার হতে পারে। কংগ্রেসের লোকেরাও পঞ্চায়েতে আছেন। তারা বর্গাদারদের বিরোধিতা করেন। আজকে শিডিউলড কাস্ট, শিডিউলড ট্রাইবস্, মহিলা যারা দীর্ঘদিন অবহেলিত, বঞ্চিত আজকে এই বিলের দ্বারা তারা অনুপ্রাণিত হবেন। আজকে গ্রামের সার্বিক উন্নয়নের জন্য সকলের থাকা দরকার। সেইজন্য বামফ্রন্ট সরকার অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন এবং অ্যামেন্ডমেন্ট বিলকে সর্বতোভাবে সমর্থন করছি। আপনারা দেখাতে পারেন এমন কোনও রাজ্য আছে কি যেখানে এই সংরক্ষণ ব্যবস্থা চালু করেছে?

গ্রামের মেহনতি মানুষেরা আজকে তাদের পরিকল্পনা রচনা থেকে শুরু করে তার রূপায়ণ পর্যন্ত সমস্ত কাজ করছেন এবং তার মধ্যে দিয়ে দেশের সম্পদ সৃষ্টি করছেন। আপনারা জনগণ থেকে বিচ্ছিন্ন তাই আপনারা আতঙ্কিত এবং এগুলি আপনারা না দেখে খালি দুর্নীতির কথা বলেছেন। সত্যি কথা বলার সৎ সাহস আপনাদের নেই। যদি কোনও প্রধান দুর্নীতি করে থাকে তাহলে কেন সেটা আপনারা বলতে পারবেন না? প্রধানের ভয়ে বলতে পারবেন না এটা কেমন কথা। এখানে গণতন্ত্র প্রতিষ্ঠিত কিন্তু আপনারা পশ্চিমবাংলার জনগণ থেকে যেহেতু বিচ্ছিন্ন সেইহেতু আপনারা আসল কথা না বলে খালি দুর্নীতি ইত্যাদি বলে যাচ্ছেন। আপনারা আজকে বুঝতে পারছেন না যে পশ্চিমবাংলার জনগণ থেকে আপনারা কতখানি বিচ্ছিন্ন। আমরা যে ব্যবস্থা গ্রহণ করেছি তাতে আপনারা জানবেন যে এখানে সার্বিক উন্নয়ন হবেই। আপনারা চিরকাল মানুষকে অবহেলা করে এসেছেন পঞ্চায়েতে নির্বাচন করেন নি তাই আজকে উল্টো-পাল্টা বলে এই বিলের জোর গলায় বিরোধিতা করছেন। লজ্জা করা উচিত জয়নাল সাহেবের তিনি যে কথা বললেন সেজন্য। সঞ্জিব দাস অবাস্তব কথা বললেন যে কোথায় পঞ্চায়েতে কলমিলতা দিয়ে ঢালাই করা হয়েছে। আপনারা কি মনে করেন যে পশ্চিমবাংলার মানুষরা এগুলি বিশ্বাস করবেন? এ'সব খুনি, ডাকাত ইত্যাদি যা জয়নাল সাহেব বললেন তা এই অ্যামেন্ডমেন্টের আলোচনায় আসে কি করে জানি না। স্যার, এই প্রসঙ্গে ছোটবেলায় পড়া একটি গল্পের কথা বলি। এক জায়গায় দুটি তোতা পাখি ছিল। সেখানে দুজন লোক—একজন ডাকাত এবং অন্যজন সাধু। একটা পাখি ডাকাতটি নিয়ে চলে গেল এবং সেই পাখিটা সে পুষতে লাগল। তোতা পাখি যা শোনে তা বলে কাজেই সে খুন, ডাকাতি চুরি ইত্যাদি কথাই সেখানে শিখতে লাগলো। আজকে বিরোধীদলের অবস্থাও তাই। এদের মুখে গঠনমূলক কোনও কথা নেই। স্যার, পঞ্চায়েতের মতোন একটা

গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান এর উপর গ্রামের উন্নয়ন নির্ভরশীল। আজকে পশ্চিমবাংলার বুকে যে পঞ্চায়েতি ব্যবস্থা গড়ে উঠেছে তা সর্বত্র প্রশংসিত হয়েছে। আজকে পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন গ্রামের মানুষদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে আমি তাই সর্বোতভাবে এই বিলকে সমর্থন করছি। পশ্চিমবাংলার গ্রামের মানুষ তারাই এখন পরিকল্পনা রচনা থেকে রূপায়ণ সমস্ত কিছু করছে এই পঞ্চায়েতের মাধ্যমে এবং তাদের সমস্যার কথা সেখানে তারা বলছেন। জয়নাল সাহেব একজন বয়ঃজেষ্ঠ মানুষ, তিনি শিক্ষিত, আমরা আশা করেছিলাম তিনি গঠনমূলক কিছু কথা বলবেন কিন্তু তিনি সে দিকে গেলেন না। এই বিলে নানা রকমের প্রভিসন রাখা হয়েছে, আমি সেগুলি সমর্থন করছি। সঙ্গে সঙ্গে বিরোধীদের বক্তব্যের বিরোধিতা করছি। এই বলে বিল কে আবার সমর্থন করে শেষ করছি।

[3-00 — 3-10 P.M.]

শ্রী সুনীলকুমার ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত ও গ্রাম-উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় আজ এই সভায় যে 'দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ এনেছেন তা সম্পূর্ণরূপে সমর্থন করে কয়েকটি কথা বলছি। সঙ্গে সঙ্গে যারা এর বিরোধিতা করেছেন আমি তাদের বক্তব্যের বিরোধিতা করছি। মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে আমরা নাকি নগরপালিকা বিল থেকে অনুপ্রাণিত হয়ে এই ধরনের বিল এনেছি। আমি তাঁকে জানাতে চাই যে শ্রী রাজীব গান্ধী যখন বেঁচে ছিলেন তখন সল্টলেকে উত্তর পূর্ব যে পঞ্চায়েত সম্মেলন হয়েছিল সেটা অবশ্য এর জানার কথা নয়, উনি সেখানে যেতে পারেননি কিন্তু মাননীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র সেখানে সেই সম্মেলনে উপস্থিত ছিলেন। সেখানে রাজীব গান্ধী পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থা দেখে অনুপ্রাণিত হয়েছিলেন, আমরা রাজীব গান্ধীর নগর পালিকা বিল থেকে অনুপ্রাণিত হয়নি। রাজীব গান্ধী পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থা দেখে অনুপ্রাণিত হয়েছিলেন এবং তিনি এই পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থাকে অশেষ ধন্যবাদ জানিয়েছিলেন, এই কথাগুলো আপনাদের জানা দরকার। আবেদিন সাহেব সম্পর্কে আমাদের বেশি কিছু বলার অপেক্ষা রাখেনা, কারণ তিনি যে ভাবে কথাবার্তা বলছিলেন, এই অ্যামেন্ডমেন্ট বিলের ভেতর তিনি আদৌ পড়াশুনা করেছেন এটা আমাদের মনে হয়নি। এবং যদি পড়াশুনা করে এটা বলে থাকেন তাহলে আমরা বলব তিনি অসুস্থ্য, তাকে আপাত মস্তক চিকিৎসার জন্য—যেহেতু আমরা তাঁর দীর্ঘায়ূ কামনা করি, তাঁকে হাসপাতালে পাঠানো দরকার। যাইহোক এর পরে আরও আছে, অতীশ সিংহ মহাশয় একেবারে দুর্নীতি দিয়ে শুরু করলেন। তিনি তো একটা প্রকল্প ফাঁদলেন যে পুকুর কাটা তা নিয়ে সি. পি. এম. যা দুর্নীতি করেছে। গল্পটা ওখানে শেষ হয়নি। এই গল্পের শেষ আছে অন্যরকম। সেটা হলো কংগ্রেস আমলে এক পুকুর কাটা হত, গ্রামের মানুষ তারা জল পাচ্ছে না, গরু-বাছুর জল খেতে পাচ্ছে না, একটা ভূয়ো দরখাস্ত হল, সেখানে পুকুর কাটা হল দেখানো হল। তারপর আবার আর একটা দরখাস্ত এল, এমন পুকুর কেটেছে কচুরী পানায় ভর্তি হয়ে গেছে, মশার কামড়ে আমরা ব্যতিব্যস্ত, পুকুর এখনি ভরাট করতে হবে। তারপর আবার সেই পুকুর ভরাট হল, তাহলে একবার পুকুর কাটার টাকা চুরি হল, আর একবার পুকুর ভরাট করার টাকা হলো। অতএব একবারও

সেখানে এক ঝুড়ি মাটিও কাটা হলো না, এটা ছিল পঞ্চায়েতি ব্যবস্থা কংগ্রেসি আমলে। অতএব কংগ্রেসি পঞ্চায়েত ব্যবস্থা এই রকম ছিল। এই জিনিসগুলো আপনাদের জানা দরকার, এই রকম অধাখ্যাপচা ভাবে বললে এটা সঠিকভাবে বলা হয় না। আপনারা বলেছেন যে সি. এ. জি. অডিট রিপোর্ট করবে। সি. এ. জি. তো পঞ্চায়েত সমিতি লেভেল পর্যন্ত তারা সেখানে করে থাকেন। কিন্তু সমরবাবু যে কথা বলেছেন সেটা অত্যন্ত সঠিক এবং বাস্তবোচিত। অতএব এ বিতর্কে আমি যেতে চাইছি না। এছাড়া অনেকে বললেন ইলেকশন কমিশন করতে হবে ইলেকশনের ক্ষেত্রে, ইলেকশন কমিশন কেন করতে হবে? সর্ব ভারতীয় যখন কোনও নির্বাচন হয়, কিংবা রাজ্য স্তরের কোনও নির্বাচন হয়, সেখানে ইলেকশন কমিশনের প্রয়োজন হয়, পঞ্চায়েত লেভেলে যার সর্বোচ্চ অবস্থান হলো জেলা পরিষদ, তার মানে জেলার যিনি সর্বময় কর্তা, প্রশাসনিক ক্ষেত্রে জেলার শাসক তার দায়িত্বে থাকবেন এটাই তো বিধি হওয়া উচিত এবং সেই বিধি আছে। সেখানে জেলা শাসক, এস. ডি. ও. এবং বি. ডি. ও., তারাই এই ধরনের পঞ্চায়েতি নির্বাচনগুলো সেখানে পরিচালনা করেন এবং এটা অত্যন্ত সঠিকভাবে সেখানে করা হয়েছে। এখানে ইলেকশন কমিশনের কোনও প্রয়োজন আছে বলে মনে করি না। এরা জনগণ থেকেই শুধু বিচ্ছিন্ন নয়, আজকে এরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস. ডি. ও. এবং বি. ডি. ও. এদেরও আর ভরসা করতে পারছেন না। এরাও বোধ হয় রিগিং-এ হাত বাড়িয়ে দিয়েছে, এইরকম একটা চিন্তা-ভাবনা এরা করছেন। যাই হোক এই বিষয়গুলোর কোনও প্রয়োজন আছে বলে আমি মনে করি না। তারপর এম. এল. এ.-দের গ্রাম-পঞ্চায়েতে যেতে হবে তা নাহলে মাতব্বরী করা যাবে কেন? কেন, আপনি তো পঞ্চায়েত সমিতির এক্স-অফিসিও মেম্বার, সেখানে পঞ্চায়েত সমিতির মিটিং-এ প্রতিটি গ্রাম-পঞ্চায়েতের প্রধান সেখানে আসেন। আপনার জানার দবকার আছে, সেখানে গ্রাম-পঞ্চায়েতে কোনও প্রশ্ন থাকলে, আপনি সেখানে প্রশ্ন করতে পারেন। অতএব আপনার জানার কোনও ব্যবস্থা নেই এটা আদৌ সঠিক নয়। তেমনি করে জেলা পরিষদের আপনি এক্স অফিসিও মেম্বার, পঞ্চায়েত সমিতির সভাপতিরা সেখানে মেম্বার অতএব সেখানে আপনার কোনও প্রশ্ন দেখা দিলে সেখানে আপনি প্রশ্ন করতে পারেন জেলা পরিষদ স্তরে। অতএব এটা আপনি জানবার চেষ্টা করেন না, জনগণের প্রতি আপনাদের কোনও দরদ নেই বলে এই ধরনের অবান্তর প্রশ্ন আপনারা এখানে রাখেন। আজকে আমি একটু পেছনে ফিরে যাই। আজকে দুর্নীতির কথা ওরা বলছেন, কেন বলছেন, এই কথা আমরা বুঝতে পারি না। দুর্নীতি করে যারা আজকে দেশটাকে বিকিয়ে দিচ্ছে, আজকে আই. এম. এফ. এর ঋণের দায়ে গোটা ভারতের মানুষ জর্জরিত। আজকে যখন শেয়ার কেলেঙ্কারী ঘটে, তার জন্য কংগ্রেস দুর্নীতি করে না, আর এই পঞ্চায়েতি ব্যবস্থার নেতৃত্বে যখন বামফ্রন্ট রয়েছে, তারা নাকি দুর্নীতি করে। আজকে এই ধরনের কথা যখন এখানে ওঠে তখন এর বিরুদ্ধে ধিক্কার জানাবার কোনও ভাষা থাকে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের এক বন্ধু বললেন, ১৯৭৩ সালে ওঁরা পঞ্চায়েত আইন তৈরি করেছিলেন এবং আমরা এখন তা নিয়ে বাহাদুরি করছি। আবার আর একজন বললেন, কলমিলতা নিয়ে নাকি ঢালাই-এর কাজ হচ্ছে। এই ধরনের কথা যাঁরা বলেন তাঁদের কোথায় পাঠানো উচিত তা আমি জানি না! এ কথা যিনি বললেন তিনি নাকি

ফিজিক্স-এর প্রোফেশর ! তিনি কলমিলতাকে স্টীল বানিয়ে দিলেন। এঁদের কোথায় পাঠানো উচিত? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ধরনের অবান্তর কথাবার্তা যাঁরা বলেন তাঁদের আমরা কি বলব তা আপনিই ঠিক করে দিন। আজকে এখানে আলোচনার বিষয়বস্তু হচ্ছে পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল। এটা পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে বা পঞ্চায়েতের কাজকর্ম নিয়ে কোনও বিতর্ক নয়। ওঁরা কেউ এই অ্যামেন্ডমেন্ট বিলের আলোচনার মধ্যে গেলেন না। সারাটা সময় শুধু দুর্নীতি, দুর্নীতি বলে নানান কথা বলে গেলেন। ওঁদের মধ্যে তো অনেক শিক্ষিত মানুষ আছেন, অথচ ওঁরা কেউ এই বিলটি পড়েছেন বলে তো মনে হ'ল না। আর পড়ে থাকলে বিলের ভাষা বুঝতে পেরেছেন কিনা তা আমি বুঝতে পারছি না! আইনটা ১৯৭৩ সালে হয়েছিল ঠিকই। কিন্তু ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওঁরা এস্মা, নাসা, মিশা, জরুরি অবস্থার মধ্যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের পরিবর্তে ক্ষমতা আরও কুক্ষিগত করে গোটা ভারতবর্ষকে কারাগারে পর্যবসিত করেছিলেন। বুদ্ধিজীবী, কলাকুশলী থেকে শুরু করে সমাজের কোনও স্তরের মানুষদেরই ওঁরা রেহাই দেননি। আজ ওঁরা বলছেন, গণতন্ত্রের প্রসার চান, পঞ্চায়েত ব্যবস্থার রূপায়ণ চান, কিন্তু কাঁঠালের আমসত্ত্ব কখনই হতে পারে না। ১৯৭৭ সালে বামফ্রন্ট মন্ত্রিসভা এখানে প্রতিষ্ঠিত হবার পর ওঁদের কি অবস্থা হয়েছিল, তা কি ওঁরা এর মধ্যেই ভুলে গেছেন? ১৯৭৭ সালে বামফ্রন্ট মন্ত্রিসভা প্রতিষ্ঠিত হবার পর আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সগর্বে বলেছিলেন, "আমরা রাইটার্স" বিল্ডিং থেকেই শুধু ক্ষমতা পরিচালনা করব না। আমরা জনগণকে শিক্ষিত করে, তাঁদের মধ্যে থেকে—গ্রাসরুট থেকে সমস্ত কিছু পরিকল্পনা গ্রহণ করব এবং সেখান থেকেই পশ্চিমবাংলাকে পরিচালনা করব। "অতএব এটা ওঁরা জেনে রাখতে পারেন, '৭৭ সালের পর '৭৮ সালে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের নেতৃত্বে প্রথম পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। সেই থেকে আজ ১৪ বছর ধরে যে পঞ্চায়েত ব্যবস্থা চলছে তার মধ্যে গণতন্ত্রকে প্রসার করার ক্ষেত্রে যে ত্রুটি-বিচ্যুতিটুকু আছে তা আজকে দূর করা হচ্ছে। রাজ্যের ৯৫ ভাগ মানুষের মধ্যে গণতন্ত্রকে প্রসারিত করা হচ্ছে। আমরা জানি আমাদের রাজ্যের মোট জনসংখ্যার অর্দ্ধেক নারী এবং একটা বিরাট অংশের মানুষ শিডিউলড কাস্ট ও শিডিউলড ট্রাইবস সম্প্রদায়ভুক্ত, যারা যুগ যুগ ধরে শোষিত, বঞ্চিত, নিপীড়িত। নারীদের এবং এ'সব মানুষদের আজকে এই বিলের মধ্যে দিয়ে অধিকার দেওয়া হচ্ছে। অথচ ওঁরা এই বিলের সম্বন্ধে আলোচনা করতে উঠে উল্টো-পাল্টা কথা বলছেন। আমি ওঁদের বলতে চাই যে, ওঁদের কারও মাথার ঠিক নেই। ওদের এ কথা জেনে রাখা দরকার যে, ওঁদের পায়ের-তলার মাটি সরে যাচ্ছে এবং সে জন্য আপনাকে ওঁরা উল্টো-পাল্টা কথা বলতে শুরু করেছেন। একের তিন অংশ সীট মহিলাদের জন্য রিজার্ভ রাখার ব্যবস্থা করা হচ্ছে। এতে ওঁদের আপত্তির কারণ কি? এটা তো এর চেয়েও বেশি করা যায়। পঞ্চায়েত শুধু মহিলাদের দিয়েই পরিচালিত হোক না, তাতেই বা আপত্তির কি আছে! এখানে ব্যবস্থা করা হচ্ছে ঘুরে ঘুরে তিনটে টার্মের মধ্যে সমস্ত সীটগুলি শিডিউলড কাস্টস এবং মহিলাদের জন্য সংরক্ষিত হবে। বিলের মধ্যে এটা পরিষ্কারভাবে উল্লেখ থাকা সত্ত্বেও এখানে কেন এ'সব কথা বলা হচ্ছে! তারপর এখানে ব্যবস্থা করা হচ্ছে,—পঞ্চায়েত সমিতির সভাপতি, সহকারি সভাপতি, কর্মাধক্ষকে সর্বক্ষণের কর্মী হতে হবে। আমি জানি, আমি পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে যুক্ত ছিলাম, পঞ্চায়েতে গুরুত্বপূর্ণ পদে থেকে যদি কেউ স্কুলে শিক্ষকতা করেন তাহলে তিনি

উভয় ক্ষেত্রে ঠিক মতো কাজ করতে পারেন না। হয় স্কুলের ক্ষতি হয়, না হয় পঞ্চায়েতের কাজ কর্মের ক্ষতি হয়। এক সঙ্গে দুটো কাজ ঠিকমতো হয় না। সে জন্যই আজকে পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকারের তরফ থেকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় এই অ্যামেন্ডমেন্ট বিলটি এনেছেন। একে অবশ্যই আমাদের সমর্থন করতে হবে। ভালভাবে পঞ্চায়েত ব্যবস্থা গড়ে তুলতে হবে, গ্রামের উন্নয়ন করতে হবে—এটা খুবই সাধু প্রস্তাব, এর বিরোধিতা আপনারা করবেন না। তারপর স্থায়ী সমিতিগুলি মৃত প্রায় অবস্থা হয়েছিল। সেখানে কর্মাধ্যক্ষ যাঁরা ছিলেন তাঁদের কোনও ব্যবস্থা ছিল না। কোনওভাবেই বলা ছিল না কবে আসবেন, না আসবেন, কিভাবে হবে, না হবে, দেখাশুনার দায়-দায়িত্ব ছিল না। আজকে সেই জায়গায় তাঁদের সর্বক্ষণের কর্মী করে দেওয়া হয়েছে। তাঁদের ঘাড়ে আরও বেশি দায়িত্ব ন্যস্ত করা হয়েছে। সেই দায়িত্বগুলি তাঁরা নিজ নিজ পালন করবেন। তাই বলছি, আজকে পশ্চিমবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে যে অবস্থার সৃষ্টি হয়েছে, আজকে শুধু সারা ভারতবর্ষে নয়, ভারতবর্ষের বাইরেও এই পঞ্চায়েত ব্যবস্থাকে প্রশংসা করতে বাধ্য হয়েছে। সর্বোপরি বলতে চাই, এই যে ফিনান্স কমিশন গঠন করা হয়েছে তা সঠিক হয়েছে। ৮০ পারসেন্ট টাকা খরচ করা হচ্ছে। এই ফিনান্স কমিশন কোন পঞ্চায়েত কত টাকা পাবে, কোন জেলা কত টাকা পাবে, কিভাবে আদায় হবে, না হবে তারা ঠিক করে দেবে। আমি পরিশেষে বলতে চাই, সবার নিচে, সবার পিছে, সর্ব হারাদের মাঝে বামফ্রন্ট সরকার দাঁড়িয়েছে অত্যন্ত দৃঢ়তার সঙ্গে। তাই আজকে মাননীয় মন্ত্রী যে পঞ্চায়েত সংশোধনী বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীরা যে সমস্ত ব্যাপারে বিরোধিতা করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারছি না আমাদের বিরোধী পক্ষের যে বক্তা সূচনা করলেন সেই জয়নাল সাহেব কোথায় গেলেন? নিশ্চয়ই তিনি ফিরে আসবেন। তিনি সুরু করতে গিয়ে যা বলেছেন আগেও দেখেছেন বা দেখে থাকবেন, যখন বাজেট নিয়ে আলোচনা হয় তখন বিল নিয়ে আলোচনা করেন আর যখন বিল নিয়ে হয় তখন বাজেট বক্তৃতা করেন। এইরকম গোলমাল প্রায়ই হয়ে যায়। গোলমাল আরও হয় সেটাও আপনি দেখেছেন এবং আপনার হস্তক্ষেপের জন্য আমি কৃতজ্ঞ। এটা ঠিকই, লোকে বাবাকে বাবা বলবেন, মাকে মা বলবেন, কাকাকে কাকা বলবেন, জ্যাঠাকে জ্যাঠা বলবেন, তস্কর হলে তস্কর বলে সম্বোধন করবেন। এইরকম বলতে বলতে যদি বাবাকে তস্কর বলে সম্বোধন করেন তাহলে মস্তিষ্ক বিকৃতির লক্ষ্যণ দেখা যায়। সেইরকম কিছু ঘটনা ঘটেছে। আর একটি কথা ওরা অনেকেই বলেছেন এবং আপনিও শুনেছেন, ৬৪তম সংবিধান সংশোধন যেটা রাজীব গান্ধী এনেছিলেন আমরা নাকি তার দ্বারা অনুপ্রাণিত হয়েছি। আমার আগের বক্তা, সরকারপক্ষ থেকে বললেন, ঘটনাটা উল্টো। রাজীব গান্ধী এখানে এসে আমাদের পঞ্চায়েতি ব্যবস্থা দেখে অনুপ্রাণিত হয়ে থাকলেও থাকতে পারেন। আমি বিনীতভাবে বলতে পারি, আমাদের যে পঞ্চায়েত ব্যবস্থা আছে সেই পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে আমার যোগাযোগ মোটামুটি ১৫ বছরের মতন। ১৫ বছর ধরে আমরা অনেকেই পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে যুক্ত আছি, ছিলাম। মাননীয় রাজীব গান্ধী ১৫ বছর আগে রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন না, কাজেই কে কার দ্বারা অনুপ্রাণিত হয়েছে সে বিতর্কের প্রয়োজন

নেই। তবে এটা ঠিক যে, মাননীয় রাজীব গান্ধী যখন ৬৪ তম সংবিধান সংশোধন নিয়ে আসেন আমরা তার তীব্র বিরোধিতা করেছিলাম। আবার যদি ৬৪ তম সংবিধান সংশোধন বিল আনা হয় তাহলে আমরা নীতিগতভাবে তার তীব্র বিরোধিতা করব। এতে কোনও সন্দেহ নেই। আমরা আমাদের অবস্থান পরিত্যাগ করব না। কারণ ৬৪তম সংবিধান সংশোধনের সময়ে বিকেন্দ্রীকরণের নামে যা বলা হয়েছিল তা কেন্দ্রীয়করণ করা হয়েছিল। আমি এজন্য এটা বলছি যে এখানে বলা হচ্ছে ৬৪ তম সংবিধান সংশোধনে যে যে বিষয় ছিল সি. এ. জি. ইলেকশন কমিশন ইত্যাদি, মাননীয় জয়নাল আবেদিন সাহেব আমাকে প্রশ্ন করেছেন এতসব করেছেন সি. এ. জি. এবং ইলেকশন কমিশনটা করলেন না কেন? কেন এখান থেকে পিছিয়ে এলেন? আমি বলি আমি পিছিয়ে আসিনি, উনি কেন্দ্রীয় সরকারকে জিজ্ঞাসা করলে ভাল করতেন। আমি যে দপ্তরে আছি দিল্লিতে সেই দপ্তরে খোদ প্রধানমন্ত্রী মহাশয় রয়েছেন। তাঁকে জিজ্ঞাসা করলে জানতে পারতেন যে ৬৪তম সংবিধান সংশোধনে যদি কেউ পিছিয়ে এসে থাকেন তাহলে তিনি স্বয়ং প্রধানমন্ত্রী শ্রী নরসিংহ রাও মহাশয়। তাঁরা ৭২তম সংবিধান সংশোধনের পাস করার জন্য সিলেক্ট কমিটিতে পাঠিয়েছেন, তার কপি আমার কাছে আছে, ওঁদের কাছে মাননীয় সদস্যদের কাছেও আমি কপি দিয়েছি। ওগুলি ওঁদের নিজেদের জোগাড় করা উচিত ছিল, ওঁরা তো কেন্দ্রীয় সরকারের বিলগুলি আনেন, এ নিয়ে পড়াশোনা করা উচিত ছিল। ওঁদের নীতিটা কি তাও ওঁরা জানেন না ভাল করে, সেটা হচ্ছে ৭২তম সংবিধান সংশোধনের সি. এ. জি. বা ইলেকশন কমিশনের কথা নয়, সেটা পরিত্যক্ত হয়েছে, ওঁরা ইতিহাস থেকে শিক্ষা নিয়েছেন। ওঁরা ওঁদের অবস্থান থেকে সরে এসেছেন, কয়েকটি ব্যাপারে পরিত্যাগ করেছেন ভাল করেছেন। উনি আমাকে বলছেন আমরা কেন সরে এলাম, এটা আশ্চর্য্য ব্যাপার। স্যার, আমি আপনাকে এটা বলতে পারি আমাদের বিধানসভার বিতর্কের মান কি রকম হবে সেটা বিরোধীদলের উপর নির্ভর করে, প্রবীণ বিরোধী সদস্য নিজের দল যাঁরা পরিচালনা করেন। তাঁদের অবস্থান সম্পর্কে পড়াশোনা না করে এই রকম বলেন তাহলে এই রকম হয়। ইলেকশন কমিশন করলে সব সমস্যার সমাধান হয়? সব বিধানসভার নির্বাচন ভারতবর্ষে ঠিকভাবে হয়েছে, আমি জানিনা। পাঞ্জাব, জম্মু, কাশ্মীরে কোনও নির্বাচন হয় না। সেখানে পুলিশ সি. আর. পি. ৩৫৬ ধারা এই সবের উপর নির্ভর করে ভোট হয়, না বিধানসভা চলতে পারে? সি. এ. জি.-র কথা বলছেন, এটা আমি যখন বাজেট বক্তব্যের তথ্য, দিয়েছি, আমি আজকেও তথ্য জোগাড় করে নিয়ে এসেছি, কাজেই বক্তব্য আজ পর্যন্ত যা হয়েছে একটা হিসাব নিয়ে বোঝবার চেষ্টা করুন। পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ এদের যে অডিটের দায়িত্ব আমরা দিয়েছি সেটা নূতন নয়, ১৫ বছর ধরে হচ্ছে, ১৫ বছর কি হয়েছে? আপনারা এ' অডিটটা কটা করেছেন? দুটো জেলা পরিষদে ১৯৮৭-৮৮ আর ১৯৮৮-৮৯ এই দুই সময়ে? ১৯৯০ বা সবসময় তো ছেড়ে দিলাম।

[3-30 — 3-40 P.M.]

১৯৮৬-৮৭ সালে করেছেন ৪টি জেলা, ১৯৮৫-৮৬ সালে করেছেন ৯টি জেলা, ১৯৮৪-৮৫ সালে করেছেন ১২টি জেলা। তার মানে ১৯৮৪-৮৫ পর্যন্ত জেলা পরিষদের অডিট কমপ্লিট হল না! পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে ১৯৮৯-৯০ পর্যন্ত অডিট কমপ্লিট করেছেন।

ওদের গ্রাম-পঞ্চায়েত অডিটের ভার দিলে আমরা কোথায় থাকব? ওঁরা বলছেন এসব কথা! কি করে হবে? জানি সি. এ. জির অসুবিধা আছে, লোকজন নেই। কিন্তু সি. এ. জির লোকজন নেবার ক্ষেত্রে দায়িত্ব কি আমাদের? এটা আমরা বারবার বুঝবার জন্য বলেছি। ওঁরা বলেছেন, বুঝেছেন এবং সেজন্য ৭২তম সংশোধনীতে সি.এ.জি. ইত্যাদি রাখিনি। ওঁরা বলেছেন, অডিট কেন জোরদার করছি না? আমাদের ক্লজ ৩০, ৩১ এবং ৩২শে এটা জোরদার করা হয়েছে, অডিটরের পাওয়ারের উপর জোর দেওয়া হয়েছে। কয়েকটা বিষয়ে আমার বাজেট বক্তৃতার সময় জয়নাল সাহেব বলেছিলেন। বলেছিলেন যে, কারও বিরুদ্ধে যদি দুর্নীতি প্রমাণিত হয় তাহলে তার নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতার অধিকার কেড়ে নেওয়া উচিত। আমি জিজ্ঞাসা করছি, উনি বিলটা পড়ে দেখেছেন তো? এতে রয়েছে, এইরকম ক্ষেত্রে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা থেকে কয়েক বছরের জন্য রাজ্য সরকার তাদের বিরত করতে পারবেন। তাদের প্রতিদ্বন্দ্বীতা থেকে বঞ্চিত করতে পারবেন। এসব তো করেছি! না পড়েই বলছেন। অনুগ্রহ করে বিলটা যদি পড়তেন, যদি নিজেদের জন্য পড়তেন, ভাল হত। আর একটি হচ্ছে রিজার্ভেশনের ব্যাপার। মহিলাদের আসন সংরক্ষণ, তফসিলি ও আদিবাসীদের জন্য আসন সংরক্ষণের ব্যাপারটা ওরা নীতিগতভাবে সমর্থন করছেন বলেছেন। আমি বলছি, আমরা আজকে নয়, ৬৪তম সংশোধনের সময় বলেছি, তার আগেও বলেছি—আমরা মহিলাদের আসন সংরক্ষণের পক্ষে, তফসিলি ও আদিবাসীদের জন্য আসন সংরক্ষণের পক্ষে। এই ব্যাপার নিয়ে বিরোধিতা হয়নি ; বিরোধিতা হয়েছিল, যখন রাজ্যের ব্যাপারে কেন্দ্র হস্তক্ষেপ করেছেন। পঞ্চায়েত রাজ্যের বিষয়। কেন্দ্র ক্রমশ ক্ষমতা কুক্ষিগত করছেন রাজ্যের এক্তিয়ারভুক্ত বিষয়গুলোতে বিকেন্দ্রীকরণের নামে তাঁরা ক্ষমতা কেন্দ্রীকরণ করছেন। আজকে ওঁরা বলছেন—সমর্থন করছি এবং সমর্থন করে অ্যামেন্ডমেন্ট মুভ করছেন, নোট অফ ডিসেন্টও দিয়েছেন। তাতে বলা হয়েছে এসব কথা। বলেছেন, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের জন্য কোন কোন আসন সংরক্ষিত হবে তা কনসেনট্রেশনের ভিত্তিতে ঠিক করে দিন। ভাল কথা। আমরা এটা নিয়ে সিলেক্ট কমিটিতে আলোচনা করেছি। উনি বলেছেন—সিলেক্ট কমিটিতে নাকি জোর করে এটা করেছি। কিন্তু সিলেক্ট কমিটিতে তো এই নিয়ে আলোচনা হয়েছে এবং এক কথায় সিলেক্ট কমিটিতে ওঁরা রাজিও হয়েছেন। বিষয়টা ভাল করে জানুন। যাঁরা সিলেক্ট কমিটিতে ছিলেন তাদের কাছ থেকে বুঝে নিতে পারতেন। বলছেন, আমরা খুশিমতো এমন আসন শিডিউল্ড ট্রাইবদের জন্য হয়ত সংরক্ষণ করে দিলাম যেখানে শতকরা হয়ত ৪০ ভাগ শিডিউল্ড ট্রাইব এবং ৬০ ভাগ জেনারেল কাস্ট। এসব নিয়ে তো সিলেক্ট কমিটিতে আলোচনা হয়েছিল! সেজন্য বলছি, এই ব্যাপারে ঐক্যমত হবার চেষ্টা করুন। এক্ষেত্রে আমরা ন্যূনতম সংখ্যা ঠিক করে দিয়েছি যে, কি অনুপাত হবে। জেনারেল কাস্ট ৫০ পারসেন্ট কম হবে যে কনস্টিটিউয়েন্সীতে সেগুলো রিজার্ভেশনের আওতায় আসবে বাকিগুলি রোটেশন। এটাই তো ৭২তম সংশোধনে এবারে এখানে এসেছে। এখানে এর বিরোধিতা করছেন? তারপরে বলেছেন—এটা খুশিমতো করে দেবেন না। আপনারা এতদিন এখানে আছেন, জানেন না যে, আইন পাস করলেই হবে না, রুল্‌স মোতাবেক এটা হবে এবং সেটা এখানে রাখা হবে। এসব কি জানেন না? একটা হচ্ছে আইন, একটি রুল্‌স। এসব পার্থক্য তো বুঝবেন! সেজন্য বলছি, আপনাদের আশঙ্কার কোনও কারণ নেই। এটা কেউ কারও রাজনৈতিক ইচ্ছা বা উদ্দেশ্য চরিতার্থ

করার জন্য যা ইচ্ছা খুশি করে দেবে, এই আশঙ্কা করার কোনও কারণ নেই। নিয়ম, নীতি, বিধি যা হবে তার ভিত্তিতে হবে। সুতরাং সেখানে এসব করার কোনও কারণ নেই। আর একটা কথা বলেছেন—গ্রাম-পঞ্চায়েত এলাকা থেকে যারা পঞ্চায়েত সমিতিতে নির্বাচিত হয়েছেন, সভাপতি, সহ-সভাপতি ছাড়া তারা গ্রাম-পঞ্চায়েতের সদস্য হন, এক্স-অফিসিও। অনুরূপভাবে জেলা পরিষদের ২জন তারা তারা পঞ্চায়েত সমিতির সদস্য হবেন, যদি সভাপতি, সহ-সভাপতি না হন। এখানে এরা সদস্য হবেন, এতে ওদের আপত্তি! আমরা ত্রিস্তরের মধ্যে দিয়ে একটা সমন্বয় করতে চাচ্ছি। এখানে এক্স-অফিসিও মেম্বার আছেন, আমাদের বিধায়করা আছেন, পঞ্চায়েত আছেন, জেলা পরিষদে আছেন, গ্রাম-পঞ্চায়েতে নেই, পঞ্চায়েত সমিতিতে আছেন, এম-পি'রা আছেন। এতে অসুবিধা কি হচ্ছে? আর ওনারা থাকবেন সদস্য কিন্তু ভোটাধিকার থাকবে না! ওরা কি দ্বিতীয় শ্রেণীর সদস্য হবেন? আমি আপনাদের জিজ্ঞাসা করছি, আপনারা কি সেই রকম দ্বিতীয় শ্রেণীর সদস্যের মর্যাদা মেনে নেবেন, আপনি থাকবেন অথচ আপনারা ভোটাধিকার থাকবে না? আমি জেলা পরিষদের একজন সদস্য তাকে পঞ্চায়েতের সদস্য করে দিলাম, তিনি থাকবেন অথচ তার ভোটাধিকার থাকবে না। মাননীয় শৈলজাবাবু বক্তৃতা করলেন। উনি ভাল করে জানেন না। ওনার যদি ভোটাধিকার না থাকে তাহলে কাঁথী দুই নম্বর পঞ্চায়েত সমিতি কালকেই পড়ে যাবে। উনি জানেন না, এসব কথা বলছেন। এই হচ্ছে ব্যাপার। এসব কথা কেন বলবেন, শুধু বলবার জন্যই বলছেন। এসব কথা কেন বলছেন সেটা বুঝে নিন। বলছেন যে, পঞ্চায়েত সমিতির মেম্বাররা যদি ভোট দেয় তাহলে গ্রাম-পঞ্চায়েতের প্রধান ওরা জিতে নেবেন। এর মানে ওরা আগে থেকে ধরে নিয়েছে যে পঞ্চায়েত সমিতিতে ওরা জিততে পারবেন না। আগে থেকেই হার স্বীকার করে নিচ্ছেন। এই সব কথা বলতে আরম্ভ করলেন এবং তার থেকে বলছেন যে প্রধানটা কেন বাদ দিলেন? ওরা আমাদের থেকে বেশি বুঝেছেন, বলছেন যে প্রধানদের কেন আওতা থেকে বাদ দিলেন? আমি বলেছি যে এসব আপনারা কেন বুঝবেন, আপনাদের ওসব কখনও হবে না। সেজন্য এসব কথা আসছে। এটা ওরা আমাকে তখনও বলেছেন। জয়নাল সাহেব আছেন, উনি খেয়াল রাখেন, উনি উঠে চলে গেলেন। আপনারা দু'জন ছিলেন। বিনয়বাবুর সামনে কথা হচ্ছিল। ওদের একজন বললেন যে এটা বাদ দেওয়া উচিত। এটা আপনারা করছেন সর্বক্ষণের জন্য, এটা বাদ দেওয়া উচিত। তারপরে উনি বাধা দিয়ে বললেন, না না, এসব ওদেরই ব্যাপার, এসব করলে ওরাই অসুবিধায় পড়বে। তাহলে বুঝুন—প্রধানদের যদি সর্বক্ষণের জন্য করা হয় তাহলে অসুবিধাটা আমাদের হবে সেটা ওরা বুঝেছেন। ওরাতো জানেন যে ওরা সব জিততে পারবেন না। সেজন্য ওরা বলছেন যে এটা করলেন কেন? এই হচ্ছে বক্তব্য। আগে থেকে এসব ওরা বুঝে নিয়েছেন। আর তার থেকে আরও কতকগুলি কথা বলেছেন। বলছেন যে ফিনান্সের কি ব্যবস্থা করেছেন? আমরা একটা ফিনান্স কমিশনের ব্যবস্থা করেছি। পড়ে দেখবেন ৭২তম সংবিধান সংশোধন, আর ৬৪তম, যা নিয়ে উনি এত বক্তৃতা করছেন, সেখানে ফিনান্স কমিশন কি বলেছিল এবং পরে ওরা কি সংশোধন করেছিলেন। এটা আমার কথা নয়, এটা ওরা করেছিল। আমরা বিরোধিতা করেছিলাম। ফিনান্স কমিশন এটা রাজ্যের এক্তিয়ারভুক্ত বিষয়। আমরা সেইভাবে করেছি। আর কেন্দ্রীয় সরকার, আমরা যেভাবে করেছিলাম সেই ভাবে বিলটা সংশোধন করেছিলেন। সেইভাবে

এখন সিলেক্ট কমিটি স্তরে আছে। আমরা সেই ভাবে করেছি। কাজেই এসব কথা বলছেন—ধারাটা পড়ে দেখেছেন? ফিনান্স কমিশনের কন্সটিটিউশন, তার পাওয়ার, কি ব্যাপার ইত্যাদি এসব আমরা দিয়েছি। তারপরে বলছেন যে স্টাফের কি হবে? এটাও আমরা করেছি। এটা ৩৪ নম্বর ক্লজে আছে। আমাদের অনেক স্টাফ আছে তাদের হয়ত পঞ্চায়েতকে দেওয়া হয়েছে। পঞ্চায়েতে অনেক কাজ আছে কিন্তু তা করবার স্টাফ নেই। আবার যেখানে লোক আছে কিন্তু কাজ নেই। তাহলে কি খালি লোক নিতে হবে? যেখানে কাজ আছে অথচ লোক নেই, সেখানে লোক দেওয়া হবে যেখানে লোক আছে কিন্তু কাজ নেই সেখান থেকে এনে। আপনারা পড়ে দেখবেন, সে জন্য ৩৪ নং ক্লজটা অ্যামেন্ডমেন্ট করেছি। সেখানে এই ব্যবস্থা করেছি। সুতরাং এই এক্সপার্টাইজ, অমুক-তমুক ইত্যাদি বলছেন, সেই সব এখান থেকে আসবে এবং তার জন্য আমরা ব্যবস্থা করেছি। আর একটা কথা বলা হয়েছে, আমরা নাকি এক জায়গায় অনারারিয়াম, আর এক জায়গায় রেমুনারেশন রেখেছি। আমরা এটা করিনি। আমরা রেমুনারেশনই করব। অনারারিয়াম কথাটা ছিল, আমরা সেটাকে রেমুনারেশন করছি। আর কিছু ভাষার ভুল থাকতে পারে, সেটা সম্পর্কে আপনারা বলেছেন, যা কিছু সংশোধন এসেছে, সেগুলি নিয়ে যখন আলোচনা হবে, ভাষাগুলি পরিষ্কার করার জন্য, সেগুলি আমাদের করতে হবে। সেটা ঐ স্তরে যখন আসবে তখন সেটা আমাদের করতে হবে। তারপরে আরও কিছু কথা হয়েছে। বলা হয়েছে যে গ্রাম-পঞ্চায়েতকে ভাগ করা। ভাগ করা না করা, এটা আইনের ব্যাপার নয়, এটা পরের কথা। তারপরে নামকরণ কি হবে, কোথায় ভোট গণনা করা হবে ইত্যাদি বলা হয়েছে। সেটা আমাদের অনেকে বলেছেন যদিও কারণ ভিন্ন ভিন্ন। ভোট গণনার ব্যাপারে আইন আছে, রুল্স ইত্যাদি আছে, সেইভাবে হবে। এটা আমাদের দেখতে হবে, সেটার মধ্যে এখন যাচ্ছি না, সেটা এখন আলোচনার বিষয় নয়। কিন্তু কংগ্রেসের পক্ষে যখন বলেন এসব কথা, বিরোধী পক্ষ যখন বলেন তখন তাদের বলার উদ্দেশ্য কি সেটা আপনারা বুঝতে পারেন। ওরা বলেছেন যে গ্রাম পঞ্চায়েতে যেখানে ভোট হচ্ছে, মেয়েদের যেখানে তাদের বাড়ি—মহিলাদের জন্য ওরা খুবই চিন্তিত। মহিলাদের খুবই বিপদ যখন ওরা মহিলাদের জন্য এত চিন্তা করছেন।

[3-40 — 3-50 P.M.]

সেই জন্য মহিলারা নিরাপত্তা বোধ করবেন না! কোথায় করবেন? নিজের গ্রামে তাঁর বাড়ির সামনে যে বুথটা আছে ; সেখানে নিরাপত্তা বোধ করবেন না, তারজন্য সরে যেতে হবে ব্লকে! আসলে ওনারা গ্রামে নিরাপত্তা বোধ করেন না, কেন করেন না আমি জানি না। এর পর আপনারা ব্লক থেকে কি বলবেন? এই তো বলছেন টালিগঞ্জ এটা তো মহানগরী এখানেও অপনারা নিরাপত্তা বোধ করেন না! তারপর ওঁরা বলবেন দিল্লি ছাড়া আর কোথাও নিরাপত্তা বোধ করেন না। তারপর বলবেন ওয়াশিংটনে নিরাপত্তার জন্য যেতে হবে, আর কোথাও আপনাদের নিরাপত্তা থাকবে না। ওখানে সি. আই. এ-র হেড কোয়াটার হচ্ছে পেনটাগণ, সেখানে গিয়ে আপনাদের নিরাপত্তা খুঁজতে হবে। এটা হচ্ছে ওঁদের দৃষ্টিভঙ্গির ব্যাপার, মানুষকে ওঁরা বিশ্বাস করেন না, মানুষের উপর আস্থা রাখতে পারেন না। ওঁদের শেষ পর্যন্ত দেশ ছেড়ে বাইরে নিরাপত্তার জন্য যেতে হবে, এই হচ্ছে

ওঁদের দৃষ্টিভঙ্গি। সেই জন্য আমি বলছি ওঁদের দৃষ্টিভঙ্গি আলাদা। অন্যরা যেটা বলছেন সেটা আমাদের দেখতে হবে, সুযোগ-সুবিধা দেখতে হবে, কোনও রকম অসুবিধা আছে কিনা দেখতে হবে। এটা অনেক আলোচনার ব্যাপার, তার মধ্যে আমি যাচ্ছি না। তারপর সেই ধান ভানতে শিবের গীত, জওহর রোজগার যোজনা যেন বাজেট বক্তৃতা হচ্ছে, জওহর রোজগার যোজনায় কি হল ইত্যাদি কোথায় গম কি সব পাচ্ছে কাগজ থেকে পড়ে দিলেন। এতো আমরা দিই। কিন্তু জেনে রাখা ভাল গম-ফম আমাদের কেউ বিনা পয়সায় দেয় না। টাকা দিয়ে আমাদের গম কিনতে হয় জওহর রোজগার যোজনায়। এটা জানবেন এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের গাইড লাইন আছে। আমি তার মধ্যে বেশি যাচ্ছি না। আর টাকা দিয়েও গম পাওয়া যায় না। আর সেই গম পাওয়া না পাওয়ার দায়িত্ব আমাদের উপর নেই। আমাদের এখানে কেউ রেলমন্ত্রী নেই, যিনি গম বয়ে আনবেন, আমাদের এখানে খাদ্যমন্ত্রী নেই। যিনি এফ. সি. আই. পরিচালনা করেন। এই সব বোঝেন তো—এত দিন আছেন কারা খাদ্য, কারা রেল, কারা বা এই সব—কেন আমরা টাকা দিয়ে গম পাইনা, এই সব বোঝেন এই সব বোঝেন বলেই বলে দিলেন, গম বরাদ্দ ছিল চলে গেল এই সব—এই সব সস্তা কথা কোথা থেকে পেলেন যেটা বললেন? অনেক কথা ওনারা বলেছেন—ধান ভানতে শিবের গীত—সেইগুলি-এর মধ্যে আসে না, সেই জন্য আমি এতে বেশি যাচ্ছি না। কিছু অ্যামেন্ডমেন্ট ইত্যাদি আছে এবং এখানে আলোচনার সময় বলেছেন। এখানে এই যে টু সিটেড কন্সটিটিউয়েন্সী আছে, এক-একটা গ্রাম-পঞ্চায়েতের সিটে দুজন মেম্বার নির্বাচিত হন, সেটা নাকি সংবিধানের কোনও ধারার বিরোধী হচ্ছে। এতো দিন সংবিধানের বিরোধিতা করে কি করে আছি সেটা আমি বুঝতে পারছি না। কারণ আমাদের শুধু টু-সিটেড নয়, এক-একটা কন্সটিটিউয়েন্সিতে থ্রি সীটেড ছিল এক সময়। ১৯৭৮ সাল ভুলে গেলেন, এটা তো খুব মুশকিল! যাই হোক, এটা জানবেন ভোটার লিস্ট আমাদের নয়, নির্বাচন কমিশন যে ভোটার লিস্ট করেন সেটা নিয়ে নির্বাচন হয়। বুথের ব্যাপারে কোথাও ১২০০ আছে একজন হবে আবার ৫০০ জনেও একজন হবে। এটাতো আমরা করিনি, সেই জন্য ওঁরা আছেন। আর এই সমস্ত ওয়ান সিটেড কন্সটিটিউয়েন্সী করে দিলে অনেক বুথ নুতন তৈরি করতে হবে। সেই সব তো আমরা তৈরি করতে পারি না। আমাদের যে তালিকা আছে সেই তালিকার উপর আমাদের সব করতে হবে। এই সব অ্যামেন্ডমেন্ট দিয়েছেন আপনারা, সেইজন্য আমাদের উল্লেখ করতে হচ্ছে, না বললে নয় সেই জন্য আমাকে বলতে হচ্ছে, আলোচনার সময়, বক্তৃতার সময় বলেছেন বলে বলতে হচ্ছে। তারপর বলেছেন ৬ সপ্তাহের মধ্যে গ্রাম-পঞ্চায়েত কন্সটিটিউট করতে হবে, অ্যামেন্ডমেন্ট আছে এবং বক্তৃতায় বলেছেন। অতীশবাবু বললেন আমাকে, আমি ওনাকে বোঝালাম, উনি এটা জানতেন না, এখন বোধ হয় জেনে গিয়েছেন, তারপর বলবেন কিনা জানিনা। আমার কাছে এসেছিলেন উনি, আমি বুঝিয়ে দিয়েছি। বুঝে গিয়ে থাকেন ভাল। ব্যাপারটা হচ্ছে যে আমাদের রুলে আছে ওঁদের মিটিং করতে হবে ১৫ দিনের মধ্যে গেজেট নোটিফিকেশনের পর। এটা বলা আছে যে ১৫ দিনের মধ্যে গ্রাম-পঞ্চায়েত কন্সটিটিউট করতে হবে। আমাদের তো আছে গেজেট নোটিফিকেশনের পর ১৫ দিনের মধ্যে, আপনারা ৬ সপ্তাহ চাচ্ছেন কেন? নির্বাচনের পর গেজেট নোটিফিকেশন করে, সমস্ত কিছু করে ৬ সপ্তাহের মধ্যে হয়ে যায়। এটা বাড়াবার কোনও দরকার আমি দেখছি না। কোনও অসুবিধা

হয়ত হয়ে যায় নির্বাচন প্রথমে করে দিন। ধরুন আমাদের ফেব্রুয়ারি মাসে নির্বাচন, কোনও কারণে রাজ্য সরকার ঠিক করলো ফেব্রুয়ারি মাসের অসুবিধা, ৩ মাস আগে করবেন, কিংবা মে মাসে আছে ফেব্রুয়ারি মাসে করবেন, তিন মাস আগে করবেন। নির্বাচন হয়ে গেল, একটা পঞ্চায়েতের মেয়াদ ফুরোয়নি তার মধ্যে তাদের আপনারা হাটিয়ে দেবেন? এটা করতে পারা যায় না। সেইজন্য আগে নির্বাচন, তারপর গেজেট নোটিফিকেশন তারপর গেজেট নোটিফিকেশনের পর ১৫ দিন সময় ইত্যাদি এই সব বলা আছে।

সেজন্যই আমি বলছি যে এখানে সবগুলো আছে। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার কিছু বলেছেন। আমি আগে কিছু জবাব দিয়েছি। ওঁর বক্তব্য টোল ট্যাক্স, রেভেনিউ ইত্যাদি আমরা করেছি। সেটাতে ক্ষমতার বিকেন্দ্রীকরণ আছে। আয়ের বিকেন্দ্রীকরণ হবে। ওঁরা কেবল পঞ্চায়েতে উপরের দিকে তাকিয়ে থাকবে সেটা কি করে হবে? আমরা চাইছি ক্ষমতার বিকেন্দ্রীকরণের সাথে সাথে আয়ের উৎস যেগুলো আছে সেগুলোর বিকেন্দ্রীকরণ করা দরকার, যে জন্য আমরা ফিনান্স কমিশনের কথা বলেছি। আমরা চাই তারা নিজেদের পায়ে দাঁড়াবেন। কোনটা ওঁরা করবেন, কোনটা আমরা করব, কোনটা রাজ্য সরকারকে দিতে হবে, তারজন্য আমরা ফিনান্স কমিশনের ব্যবস্থা করেছি। আমরা বিকেন্দ্রীকরণ করছি। ওঁরা বলছেন কেন করবেন। আপনারা পঞ্চায়েতে সব সময় উপরের দিকে তাকিয়ে থাকবেন? ওঁদের দু-পাঁচটা আছে, সেগুলো কি করে চলবে? দিল্লিতে ওঁদের অবস্থা খারাপ, আমাদের কি করে দেবেন? তারপর গ্রাম-পঞ্চায়েতে জওহর রোজগার যোজনা যা একটা কথা শিখে রেখেছেন, সেইসব কথা আছে। সেজন্যই তো বলছি যে নিজের পায়ে দাঁড়াতে হবে। আপনারা পিয়ারলেসের কথা বলছেন, এটা তো আমাদের দেশের মধ্যে। কিন্তু আপনারা যেটা করেছেন, সেটা তো দেশের বাইরে। কোন্‌টা কি তা জানেন না, এটা আত্মসম্মান বোধের ব্যাপার। এখানে রাইট টু কল নিয়ে বলেছেন, ভাল কথা। তারপরে একটা কথা, রাইট টু কল'এর ব্যাপারে আমাদের চেষ্টা করতে হবে। রুল্‌স প্রসিডিওর ইত্যাদি আছে, এইসব একটু ভাল করে পড়ে দেখবেন। অ্যামেন্ডমেন্ট বিলে যেসব সেকশন আছে তার বাইরে কখনও আলাদা আনতে পারি না। দলত্যাগ ইত্যাদি সম্পর্কে আমাদের দৃঢ় অবস্থান নেওয়া দরকার। তবে সেই ব্যাপারে আমাদের সময় আছে। দলত্যাগের ব্যাপারে পঞ্চায়েত আইনে আমরা কার্যকর ব্যবস্থা করতে চাই। কিন্তু এটা আমরা এখনই করতে চাই না। আমাদের সামনে অভিজ্ঞতা আছে। লোকসভা, বিধানসভার ব্যাপারে কি হচ্ছে, সব কোর্টে চলে যাচ্ছে, মামলা হয়ে যাচ্ছে। আমরা তাড়াহুড়ো করে কিছু করতে চাই না। এখানে অতীশবাবু বললেন, একটা করে দিন, যদি হুইপ না মানে তাহলে মেম্বারশিপ খারিজ হয়ে যাবে, এটা করে দিন। কে করে দেবেন? ওখানে কি স্পিকার আছেন? যেখানে স্পিকার আছেন সেখানে মামলা মোকর্দ্দমা হয়ে যাচ্ছে, আপনাদের তো এইসব জানা আছে। ওখানে রিভিউ হচ্ছে, অনেক লেখালেখি হচ্ছে। কথাটা ভাল কিন্তু একটু দেখেশুনে করা ভাল। আমাদের তো সময় আছে। সেজন্য এইসব আমরা ভাবনা-চিন্তা করে করতে পারি। আমরা নীতিগতভাবে এটা দেখব। রাইট টু রিকল সম্বন্ধে দেবপ্রসাদবাবু বললেন। আমি ওঁকে জিজ্ঞাসা করেছিলাম, আমি বলেছিলাম কমিটিতে, রিকল কি ভাবে করবেন? গণ-দরখাস্ত করবেন? ভোটারদের কাছে ভাল করে বোঝাবেন কি করা যায় না। আবার বলেছেন, এই

আইনের ব্যাপারে আমরা একমত, আমরা প্রায় একমত। আপনাদের ডিরেকশন ভাল। আপনাদের তো এইসব জানা আছে। ওখানে রিভিউ হচ্ছে, অনেক লেখালেখি হচ্ছে। কথাটা ভাল কিন্তু একটু দেখেশুনে করা ভাল। আমাদের তো সময় আছে। সেজন্য এইসব আমরা ভাবনা-চিন্তা করে করতে পারি। আমরা নীতিগতভাবে এটা দেখব। রাইট টু রিকল সম্বন্ধে দেবপ্রসাদবাবু বললেন। আমি ওঁকে জিজ্ঞাসা করেছিলাম, আমি বলেছিলাম কমিটিতে, রিকল কি ভাবে করবেন? গণ-দরখাস্ত করবেন? ভোটারদের কাছে ভাল করে বোঝাবেন কি করা যায়, কি করা যায় না। আবার বলেছেন, এই আইনের ব্যাপারে আমরা একমত, আমরা প্রায় একমত। আপনাদের ডিরেকশন ভাল। আপনাদের অবজেক্টস্ ভাল, রিজনস্ ভাল, কিন্তু কার্যত কি হবে ইত্যাদি বলেছেন। আবার বলেছেন রাইট টু রিকল—এইসব বলেছেন কেন বুঝতে পারছি না। এখানে যদি বিরোধিতার জন্য বিরোধিতা করে থাকেন তাহলে কি করে বলব? আমাদের ইলেকশন কমিশনের যে ভোটার লিস্ট, সেই ভোটার লিস্ট আছে। এখানে যখন নির্বাচন হবে তখন আমাদের যে ভোটার লিস্ট আছে তার সঙ্গে করব, যখন নির্বাচন হবে তখন দেখতে হবে।

[3-50 — 4-00 P.M.]

আমি আর খুব বেশি কথা বলতে চাইনা, লালবাতি জ্বলে গেছে। আমি একটি কথা বলে শেষ করতে চাই সেটা হচ্ছে যে, আমি একটি লাইন পড়ে দিতে চাই, এল. সি. জৈন একজন বিখ্যাত পন্ডিত, প্ল্যানিং কমিশনের সদস্য ছিলেন, তিনি প্রয়াত রাজীব গান্ধীর সঙ্গে আলোচনা করেছিলেন এবং তাতে কি বলেছিলেন তার বড় অংশটা না পড়ে, কেবল ছোট অংশটি পড়ে শোনাচ্ছি।

"Within a few days Rajib Gandhi called all the Chief Minister belonging to the Congress (I) and said, "Look, we have done so well in Karnataka. So, why don't we have Panchayats all over the country? What is wrong with them?" But the Chief Ministers of some of the big Congress (I) ruled States are believed to have said, "yes, Sir, in Karnataka our people have come back but, imagine, in U.P. they (the Opposition) will come." I was invited among a small group by Rajib Gandhi to have a discussion on Panchayats. He smiled and said, "You know, the Chief Ministers do not want Panchayats. "And I asked him which Chief Ministers was he referring to. He laughed at off."...

মিঃ স্পিকার: মাননীয় সদস্যগণ, এই বিলের সময়সীমা ছিল ৩.৫০ মি.। এই সময়ের মধ্যে বিলটি শেষ করা যাবে না, সেই কারণে আমি আরও আধ ঘন্টা সময়সীমা বাড়াতে চাই। আশা করি এতে সকলের সম্মতি আছে।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেন)

আরও আধঘন্টা সময় বাড়ানো হল।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : সেখানে তিনি হাসি মুখে বলেছিলেন এবং এর থেকে কি বোঝালো জানেন? রাজনৈতিক ইচ্ছা ছাড়া পঞ্চায়েত হয় না এবং পশ্চিমবঙ্গ তার দৃষ্টান্ত দেখিয়েছে। তার উপরে দাঁড়িয়ে রাজনৈতিক ইচ্ছায় আজকে ভূমি-সংস্কার এবং বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে এই বিল এনেছি। আশা করি এই বিলকে সকলে সমর্থন করবেন এবং সর্বসম্মতিক্রমে এই বিলের সমর্থন পেয়ে আমরা আরও একটা ধাপ এগিয়ে নিয়ে যাব। সারা ভারতবর্ষের সামনে এক নতুন দৃষ্টান্ত স্থাপনের আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Suryakanta Mishra that the West Bengal Panchayat (Amendment) Bill, 1992, as reported by the Select Committee, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker : There is one amendment to Clause 2 by Shri Sobhandeb Chattopadhyay, which is in order and taken as moved.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that—as reported the Select Committee that after Clause 2(2), the following Sub-Clause be added :

"(3) In Sec. 2 (19) of the Act, for the words "Prescribed Authority" whenever it occurs in connection with the constitution of Gram Panchayat, Panchayat Samiti, Zilla Parishad, "Election Commission of India" should be inserted.

Dr. Surjya Kanta Mishra : Sir, I don't accept the amendment.

The motion of Shri Sovandeb Chattopadhyay, as reported the Select Committee that after Clause 2(2), the following Sub-Clause be added :

"(3) In Sec. 2 (19) of the Act, for the words "Prescribed Authority" whenever it occurs in connection with the constitution of Gram Panchayat, Panchayat Samiti, Zilla Parishad, "Election Commission of India" should be inserted. was then put and lost.

The question that Clause 2, as reported by the Select committee do stand part of the Bill was then put and agreed to.

Claluse 3

Mr. Speaker : There is amendment to Clause 3 by Shri Lakshmi Kanta Dey. I new call upon Shri Lakshmi Kanta Dey to move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in sub-clause (1) of clause 3, in proposed first provise to sub-section (2), for the words "such seats subject to allocation of such seats by retatian", the words "such seats shall be subject to allocation by retation" be substituted.

Dr. Surjya Kanta Mishra : I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in sub-clause (1) of Clause 3, in propossed first provise to sub-section (2), for the words "such seats subject to allocation of such seats by retation." the words "such seats shall be subject to allocation by retation", was then put and agreed to.

The question that Clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that Clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 5, 6, 7

The question that Clasues 5, 6, 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Mr. Speaker : There is amendment to clause 8 by Shri Lakshmi Kanta Dey. I now call upon Shri Lakshmi Kanta Dey to move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in sub-clause (3) of clause 8, for the words "following sub-section", the words "following sub-section" be substituted.

Dr. Surjya Kanta Mishra : I accept the amendment :

The motion of Shri Lakshmi Kanta Dey that in sub-clause (3) of clause 8, for the words "following sub-section", the words "following sub-section" be substituted, was then put and agreed to.

The question that clause 8, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clasues 9-14

The question that Clasues 9 to 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Mr. Speaker : There is amendment to clause 15 by Shri Lakshmi Kanta Dey. I now call upon Shri Lakshmi Kanta Dey to move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in sub-clause (a) of clause 15, in proposed first proviso to clause (ii) of sub-section (2), for the words "such seats subject to allocation of such seats by rotation", the words "such seats shall be subject to allocation by rotation" be substituted.

Dr. Surjya Kanta Mishra : I accept the amendment :

The motion of Shri Lakshmi Kanta Dey that in sub-clasue (a) of cluause (a) of clause 15, in proposed first proviso to clause (ii) of sub-section (2), for the words "such seats subject to allocation of such seats by rotation", the words "such seats shall be subject to allocation by a rotation" be substituted, was then put and agreed to.

The question that Clasue 15, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

Mr. Speaker : There is no amendment to Clause 16.

The question that Clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

Mr. Speaker : There is amendment to Clause 17 by Shri Lakshmi Kanta Dey. The Amendment is in order. Shri Dey may now move his Amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in clause 17, for sub-clause (2), the following sub-clasue shall be substituted :

"(2) In sub-section (8), for the word "honoraira", the word "remuneration" be substituted" ;

Dr. Surjya Kanta Mishra : I am accepting the Amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in Clause 17, for sub-clause (2), the following sub-clause shall be substituted :-

"(2) In sub-section (8), for the word "honoraria", the word "remuneration" be substituted", was then put and agreed to.

The question that Clause 17, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause-18

Mr. Speaker : There is no amendment to Clause 18.

The question that Clause 18 do stand part of the Bills, was then put and agreed to.

Clause-19

Mr. Speaker : There is an amendment to Clause 19 by Shri Lakshmi Kanta Dey. The Amendment is in order. Shri Dey may now move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in clause 19,—

(a) in sub-clause (9), for the words "by a such notice", the words "by any such notice" be substituted ;

and

(b) in sub-clause (15), for the words "such conditions as laid down", the words "such conditions as may be laid down" be substituted ;

and also

(c) in sub clause (16)—

(i) in third Proviso, for the words "this Sub-Divisional Officer", the words "the Sub-Divisional Officer" be substituted ;

and

(ii) in fourth Proviso, for the words "Sub-Divisional officer and appeal", the words "Sub-Divisional Officer on an appeal" be substituted ;

Dr. Surya Kanta Misra : Sir, I am accepting the amendments.

The motion of Shri Lakshmi Kanta Dey that in Clause 19,—

(a) in sub-clause (9), for the words "by a such notice", the words "by any such notice" be substituted ;

and

(b) in such-clause (15), for the words "such conditions as laid down", the words "such conditions as may be laid down" be substituted ;

and also

(c) in sub-clause (16)—

(i) in third Proviso, for the words "this Sub-Divisional Officer", the words "the Sub-Divisional officer" be substituted ;

and

(ii) in fourth Proviso, for the words "sub-divisional Officer an appeal", the words "Sub-Divisional Officer on an appeal" be substituted ; was then put and agreed to.

The question that Clause 19, as amended, do stand part of the Bills, was then put and agreed to.

Clause-20

Mr. Speaker : There is an amendment to Clasue 20 by Shri Lakshmi Kanta Dey. The Amendment is in order. Shri Dey may now move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in Clause 20, sub-clause numbered "(c)" shall be renumbered "(b)".

Dr. Surjya Kanta Mishra : Sir, I am accepting the Amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in Clause 20, sub-clause numbered "(c)" shall be renumbered "(b)", was then put and agreed to.

The question that Clause 20, as amended, do stand part of the bill, was then put and agreed to.

Clause-21

Mr. Speaker : There are Amendments to Clause 22 by Shri Sobhandeb Chattopadhyay and Shri Lakshmi Kanta Dey. The Amendments are in order. Shri Chattopadhyay may now move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that In clause 22(b), for the underlined words beginning with "and such seats" and ending with "in that Zilla Parishad area" the following words be substituted :

"and such Seats shall be allocated according to the concentration of Scheduled Caste and Scheduled Tribe population of that seat".

Dr. Surjya Kanta Mishra : I don't accept the Amendment.

The motion of Shri Sobhandeb Chattopadhyay that In clause 22(b), for the underlined words beginning with "and such Seats" and ending with "in that Zilla Parishad area" the following words to substituted ;-

"and such Seats shall be allocated according to the concentration of Scheduled Caste and Scheduled Tribe population of that seat", was then put and lost.

Mr. Speaker : Now Shri Lakshmi Kanta Dey may move his Amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in sub-clause (b) of clause 22, in proposed first Proviso to clause (ii) of sub-section (2), for the words "such seats subject to allocation of such seats by rotation", the words "such seats shall be subject to allocation by rotation" be substituted.

Dr. Surjya Kanta Mishra : Sir, I am accepting the Amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in sub-clause (b) of clause 22, in proposed first Proviso to clause (ii) of sub-section (2), for the words "such seats subject to allocation of such seat by rotation", the words "such seats shall be subject to allocation by rotation" be substituted, was then put and agreed to.

The question that Clause 22, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 23 to 27

Mr. Speaker : There is no Amendment to Clauses 23 to Clause 27.

The question that Clauses 23 to 27 do stand part of the bill, was then put and agreed to.

Clause-28

Mr. Speaker : There is Amendment to Clause 28 by Shri Lakshmi Kanta Dey. The Amendment is in order. Shri Dey may now move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in sub-clause (a) of clause 28,—

(a) for item (2), the following item shall be substituted :-

"(2) in sub-section (6), for the word "honoraria", the word "remuneration" shall be substituted" ;

and

(b) item (3) shall be omitted and the proposed sub-section (7) shall be inserted after proposed sub-section (6) in sub-clause (b)

Dr. Surjya Kanta Mishra : Sir, I am accepting the Amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in sub-clause (a) of clause 28,—

(a) for item (2), the following item shall be substituted :

"(2) in sub-section (6), for the word "honoraria", the word "remuneration" shall be substituted" ;

and

(b) item (3) shall be omitted and the proposed sub-section (7) shall be inserted after proposed sub-section (6) in sub-clause (b), was then put and agreed to.

The question that Clause 28, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clasue-29

Mr. Speaker : There is Amendment to Clasue 29 by Shri Lakshmi Kanta Dey. The Amendment is in order. Shri Dey may now move his amendment.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in sub-clause

(b) of clause 29, in proposed first Proviso to clause (ii) of sub-section (3), for the words "subject to allocation of such seats by rotation", the words, "such seats shall be subject to allocation by rotation" be substitued.

Dr. Surjya Kanta Mishra : Sir, I am accepting the Amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in sub-clause (b) of clause 29, in proposed first proviso to clause (ii) of sub-section (3), for the words "subject to allocation of such seats by rotation", the words "such seats shall be subject to allocation by rotation" be substituted, was then put and agreed to.

The question that Clause 29, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 30 to 36 and Preamble

The Question that clauses 30 to 36 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) bill, 1992 as reported by the select committee as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4.01 p.m. till 11.00 a.m. on Thursday, the 25th June, 1992 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 25th June, 1992 at 11-00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 3 Ministers of State and 154 Members.

[11-00 — 11-10 A.M.]

Starred Questions
(to which oral answers were given)

Re-Employment of Superannuated Government Employees

*1191. (Admitted Question No. *257) **Shri Sukumar Das and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department be pleased to state—

(a) the number of Superannuated employees who have been re-employed by the State Government during 1989-90 and 1991-92 (up to January, 1992);

(b) the Gradewise break up of (a) above; and

(c) the brief outlines of the policy of the Left Front Government regarding granting extensions to State Government employees ?

Shri Jyoti Basu :

(a) During	Nos.
1989-90	482
1990-91	435
1991-92 (upto January—1992)	359

(b) Year	Group			
	A	B	C	D
1989-90	384	96	2	×
1990-91	377	50	3	5
1991-92	319	24	3	3

(c) As a matter of policy re-employment is discouraged. In compeleing circumstances, when substitute of a retiring person is essential in public interest, and if the substitute is not readily available re-employment is granted for 3-6 months as a special case.

Shri Saugata Roy : Sir, from the reply of the Chief Minister it is clear that a large number of Grade 'A' special employees have been given extension during the last 3 years. may I ask the Chief Minister whether the consideration for this re-employment of the superannuated employees was made on administrative or political reasons ? Is it loyalty to the State Government or extra loyalty, rather personal loyalty to the Chief Minister which was responsible for giving superannuated employees extension ?

Shri Jyoti Basu : During the Congress regime it was done.

Mr. Speaker : Necessary reply has been given in 'C'.

Shri Saugata Roy : May I ask the Hon'ble Chief Minister whether the policy of giving extention to the superannuated employees will make a bar to the employment of the huge educated unemployed youths ?

Shri Jyoti Basu : It is a shilly question. The reason for giving re-employment has already been given in my reply.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, গ্রুপ 'এ' সুপারঅ্যানুয়েটেড কর্মীদের এত বেশি সংখ্যায় রি-এমপ্লয়মেন্ট দেওয়া হচ্ছে কেন? আপনাদের পি এস সি— কি ঠিকমতো কাজ করছে না? যদি পি এস সি-কে সময় মতো নোটিশ করা হয় তাহলে রি-এমপ্লয়মেন্টের প্রশ্ন ওঠে কেন?

শ্রী জ্যোতি বসু ঃ কেন রি-এমপ্লয়মেন্টে দিতে হয় তা আমি ইতিপূর্বেই বলেছি। তাড়াতাড়ি লোক পাওয়া যায় না। পি এস সি থেকে সময় মতো লোক দেয় না। এ রকম অনেকগুলি কারণ আছে। এই সব কারণে কিছু কিছু ক্ষেত্রে ৩ মাস থেকে ৬ মাস পর্যন্ত রি-এমপ্লয়মেন্ট দেওয়া হয়, তার বেশি দেওয়া হয় না।

আর্সেনিক দূষণ

*১১৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৯) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের গ্রামাঞ্চলে নলকূপের জলে আর্সেনিক দূষণ সম্পর্কে কোনও তথ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, এ সমস্যা দূর করার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী গৌতম দেব ঃ

(ক) আছে।

(খ) ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ অনুসন্ধান এবং আর্সেনিক দূরীকরণের জন্য অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ, সেন্টার ফর স্টাডি অব ম্যান অ্যান্ড এনভায়রনমেন্ট, সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড, স্টেট ওয়াটার ইনভেস্টিগেটিং ডাইরেক্টরেট, স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন, জি এস আই, যাদবপুর বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং পি এইচ ই-র বিশেষজ্ঞদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। আশা করা যায় এই কমিটির বিশেষজ্ঞরা ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ বিষয়ে যথাযথ পরামর্শ দিতে পারবেন।

[11-10 — 11-20 P.M.]

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে হ্যাঁ, তথ্য আছে। আমাদের রাজ্যের কোন অঞ্চলে কোন এলাকায় এই ধরনের আর্সেনিক দূষণ হচ্ছে সেই তথ্য আপনার কাছে আছে কিনা এবং সেই এলাকার নামগুলি বলবেন কি?

শ্রী গৌতম দেব ঃ আমাদের সেন্ট্রাল গভর্নমেন্টের সাথে যুক্তভাবে যে টেকনোলজি মিশন তার একটা সাব-মিশন ছিল আর্সেনিকের বিষয়ে, সেই অনুযায়ী যে কমিটি ছিল তারা সার্ভে করে যে রিপোর্ট জমা দিয়েছে তাতে মালদা থেকে শুরু করে আপটু বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা অর্থাৎ মালদা মুর্শিদাবাদ, নদীয়া উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনা এইরকম একটা ট্রাক তার বিভিন্ন জায়গায় আর্সেনিক কম বেশি আছে বলে রিপোর্ট দিয়েছেন এবং রিপোর্ট ছিল গঙ্গার পশ্চিমদিকে আর্সেনিকের সমস্যা কম, কিন্তু পরবর্তীকালে বর্ধমানে পূর্বস্থলীতে কতকগুলি আর্সেনিকের জায়গা পাওয়া গেছে এ রিপোর্টও আছে।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ আপনি বললেন, আমাদের রাজ্যের বিস্তীর্ণ এলাকায় ভূগর্ভস্থ জলে আর্সেনিকের দূষণের বিষয়ে আপনার নজরে এসেছে। কিন্তু জলে আর্সেনিক দূষণের কারণ কি? এ বিষয়ে কোনও তথ্য আছে কিনা কি কারণে এইসব এলাকায় জলে আর্সেনিক দূষণ হচ্ছে?

শ্রী গৌতম দেব ঃ এই যে আমি বললাম ঐ কমিশনের কাজ শেষ হয়ে গেছে এবং তার রিপোর্টও জমা পড়েছে। কিন্তু বিষয়টির গুরুত্ব অনুভব করে এখন স্টেট গভর্নমেন্ট কমিটি তৈরি করেছেন অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলিকে নিয়ে। আর্সেনিক কোথা থেকে আসছে এই নিয়ে নানা রকম বক্তব্য আছে। এই কন্ট্রামিনেশনকে স্টপ করার ব্যাপারে মাটির তলায় এটা রিমুভ করা অসম্ভব কিন্তু উপরে যে জলটা আসছে সেটা কোথা থেকে আসছে তারা দেখছেন। জল তোলার পর কিভাবে আর্সেনিক রিমুভ করা যায় এইসব নিয়ে বিশেষজ্ঞরা আলোচনা করছেন। এই বিশেষজ্ঞের রিপোর্ট পাবার পর বিস্তারিতভাবে বলা যাবে।

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, বিভিন্ন জেলায় যেমন, নদীয়া, মুর্শিদাবাদ, মালদা প্রভৃতি জেলায় আর্সেনিক যুক্ত জল আছে। আমার প্রশ্ন হচ্ছে, এই আর্সেনিকযুক্ত জল পান করে নদীয়া জেলায় কতজন মৃত্যু বরণ করেছেন?

শ্রী গৌতম দেব ঃ এইভাবে সংখ্যা বলা যাবে না। আমি তো বললাম, কিছু কিছু জায়গা অ্যাফেকটেড হয়েছে কিন্তু কেউ মারা গেছে কিনা সেটা হেলথ ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করে বলতে হবে। আমি আক্রান্তের কথা বলতে পারি, কিন্তু কোন ব্লকে কতজন মারা গেছে সেই রকম তথ্য এখন আমার কাছে নেই।

শ্রী শিবদাস মুখার্জি ঃ কালিগঞ্জের ঘটনার কতজন মারা গেছে এইরকম সংবাদ আপনার জানা আছে কি?

শ্রী গৌতম দেব ঃ না।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, টিউবওয়েলে যে আর্সেনিক যুক্ত জল পাওয়া যাচ্ছে সেই জল বেরুবার পর, তার রিপোর্ট পাবার পর কি করে তা দূর করা যাবে এটা ভবিষ্যতের ব্যাপার কিন্তু বর্তমানে যে সমস্ত টিউবওয়েলে আর্সেনিক যুক্ত জল পাওয়া যাচ্ছে সেগুলি সিল করার ব্যবস্থা করছেন কি এবং কোনও এলাকায় কতগুলি টিউবওয়েল সিল করা হয়েছে?

শ্রী গৌতম দেব ঃ এইভাবে সংখ্যাতত্ব দেওয়া যায় না। জেলা পরিষদ থেকে ডি এইচ ই ডাইরেকটারকে বলা হয়েছে যে সমস্ত টিউবওয়েলের জলে আর্সেনিক পাওয়া যাচেছে সেগুলি সিল করে দিতে হবে। ঘটনাটা হচ্ছে তাহলে কি জল খাবে? একটা ব্লকে ১ হাজার টিউবওয়েলের মধ্যে ৫০০ টিউবওয়েলে আর্সেনিক থাকে তাহলে সেই ৫০০টা সিল করে দেওয়া হল, অলটারনেট জলের ব্যবস্থা না করে সেটা হয় না। তাই পাইপ ওয়াটার করে দূরের থেকে জল আনার দরকার। আমরা এই নিয়ে মিটিং করেছি। দেখা যাবে কয়েক কোটি টিউবওয়েল সিল হয়ে গেল, কনডেমন্ড হয়ে গেল। এখানে দেখা যাচ্ছে বিশেষজ্ঞরা বলেছেন ফার্স্ট এবং সেকেন্ড অ্যাকুইফারের জল নেওয়া যাবে না। থার্ড অ্যাকুইফারের জল নিতে হবে। অশোকনগর থার্ড অ্যাকুইফার, ডিপটিউবওয়েলেও আর্সেনিক দেখা গেছে। এই জন্য আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে কথা বলেছি। বিস্তীর্ণ অঞ্চলের টিউবওয়েল এমন কি ডিপ টিউবওয়েল এর জল খাবে কি করে? ৫০ কিলোমিটার দূরের নদীর জল ট্রিটমেন্ট করে খেতে গেলে হিউজ এক্সপেন্ডিচারের দরকার। বিষয়টি নিয়ে আমরা আলাপ আলোচনা করছি এবং দিল্লির সরকারের সঙ্গেও কথা বলছি।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, আর্সেনিক মিশ্রিত জলখেয়ে অনেক মৃত্যুর ঘটুনা ঘটেছে। উনি সেটা স্বীকার করেছেন। এমন কোনও সহজ উপায় আছে কিনা যাতে গ্রামবাসীরা জল খাবার আগে তা স্টেট করে নিতে পারে? জল খাবার আগে তা কোনও পিল দিয়ে খাওয়া, বা কোনও কেমিক্যাল দিয়ে টেস্ট করে নিতে পারেন যে এতে আর্সেনিক আছে কিনা। এই রকম কোনও ব্যবস্থা ইন্ট্রোডিউস করতে পেরেছেন কি, তাতে মৃত্যুর হাত থেকে তারা বাঁচবে?

শ্রী গৌতম দেব ঃ আমি এবারের বাজেটে ৫.৫ প্যারায় এই আর্সেনিক নিয়ে আমাদের প্ল্যানিং কি সেটা বলেছি। এর সাথে বিশেষজ্ঞদের রিপোর্টের কপিও মাননীয় সদস্যদের দেওয়া হয়েছে। আমরা নিয়েছি যে ১৬টি জেলার জল কলকাতায় নিয়ে এসে স্টেট করা হবে স্পেকটোমিটারের দ্বারা, একটা স্পেকটোমিটারে ৩০ হাজার টাকা খরচ পড়বে, ১৬টি জেলাতে ১৬টি স্পেকটোমিটার জেলা হেড কোয়ার্টার্সে এনে সেই জেলার জল টেস্ট করা হবে, এই ব্যবস্থা করা হয়েছে।

শ্রী নাজমূল হক ঃ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি গ্রামেগঞ্জে যে সমস্ত শ্যালো টিউবওয়েল আছে, কিছু কিছু জায়গায় ঐ শ্যালো টিউবওয়েলের পাশে—বর্ধমান, মেদিনীপুর, এইসব জায়গায় এক্সট্রা পাইপ গাড়া আছে। ভূগর্ভস্থ লেয়ারের জল যাতে তাড়াতাড়ি উপরে পৌছায় সেজন্য, মন্ত্রী মহাশয়ের এ খবর জানা আছে কিনা, থাকলে এটা বন্ধ করার কিছু ব্যবস্থা আছে কিনা?

শ্রী গৌতম দেব ঃ এটার সাথে পি এইচ ই সম্পর্ক আছেবলে মনে হয় না। বিশেষজ্ঞরা যেটা বলেছেন, এটা কমনম্যান্স আইডিয়া। শ্যালো—ইরিগেশন এবং মাইনর ইরিগেশনের আছে, এগ্রিকালচার ডেভেলপ করেছে। জিওলজিক্যাল রকের জন্য হচ্ছে এই রকম একটা ধারণা চলে গেছে, কিন্তু সেজন্য হচ্ছে তা নয়।

[11-20 — 11-30 A.M.]

শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ আমার কালীগঞ্জ জমপুকুর গ্রামে ৭ জন মারা গেছেন এবং ২৫ জন গুরুতরভাবে আক্রান্ত হয়েছেন। তাদের সারা দেহে বিভিন্নরকম চর্মরোগ হয়ে মরার উপক্রম হয়েছে।

মিঃ স্পিকার ঃ মিঃ মুন্সি, আপনি খবর জানাচ্ছেন, নাকি জানতে চাইবেন? এটা হবে না। নট অ্যালাউড।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ বিভিন্ন জেলাতে আর্সেনিক পাওয়া যাচ্ছে বলছিলেন। কয়েক দিন আগে প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, অশোকনগরের জলে আর্সেনিক পাওয়া গেছে। আপনার স্টেটমেন্টে কিছু রেমেডিয়াল মেজারের কথা বলেছিলেন। এই মুহূর্তে আপনার কাছে কি ইনফর্মেশন আছে অশোকনগরের জলের আর্সেনিক রিঅ্যাকশন করবার ব্যাপারে অগ্রগতি সম্পর্কে?

শ্রী গৌতম দেব ঃ অশোনগরের ব্যাপারে মেনশনের বিবৃতি বলেছি। অশোক নগরের বৈশিষ্ট হচ্ছে, এখন পর্যন্ত বিশেষজ্ঞদের অভিমত হচ্ছে—সেকেন্ড অ্যাকোইফার থেকে জল তুলবেন না, কিন্তু অশোকনগরে থার্ড অ্যাকোইফারেও আর্সেনিক পাওয়া যাচ্ছে। তাহলে জলটা কোথা থেকে সেখানে পাওয়া যাবে? এই ব্যাপারে আমরা অসুবিধার মধ্যে রয়েছি। সেখানে আর একটু দূর থেকে জল আনতে হবে। তারজন্য একটু দূরে একটা ডিপ টিউবওয়েল বসাবার ব্যবস্থা হয়েছে। হাসপাতালে ট্যাঙ্কারে করে এনে জল দেবার ব্যবস্থা করা হয়েছে।

বাঁকুড়া ও বীরভূম জেলাতে প্রাপ্ত গ্রানাইট পাথর

*১১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, বাঁকুড়া জেলাতে প্রাপ্ত গ্রানাইট পাথর ব্যাপকভাবে চোরাই পথে রাজ্যের বাইরে চলে যাচ্ছে ;

(খ) সত্যি হলে, তা প্রতিরোধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) ঐ জেলাগুলি থেকে প্রাপ্ত গ্রানাইট পাথর সংরক্ষণ ও জেলাগুলিতে পরিপূরক শিল্প গড়ে তোলার বিষয়ে সরকার কোনও চিন্তা-ভাবনা করছেন কি না?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ

(ক) এরূপ কোনও ঘটনা রাজ্য সরকারের জানা নেই ;

(খ) প্রশ্ন ওঠে না ;

(গ) সম্প্রতি এ ব্যাপারে কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শ্রী আব্দুল মান্নান ঃ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে বললেন। সিদ্ধান্তটা কি নেওয়া হয়েছে জানাবেন কি?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ আমরা সিদ্ধান্ত নিয়েছি, যে গ্র্যানাইট পাথর বাঁকুড়া এবং পুরুলিয়াতে ডিপোজিট আছে সেটা যাতে ব্যবসায়িক ভিত্তিতে উত্তোলন করা যায়, তাকে রপ্তানি করা যায় এবং মূল্যায়ন বাড়ানো যায়। সেখানে অনেক মূল্যবান গ্র্যানাইট আছে যার চাহিদা দেশে এবং বিদেশে অনেক রয়েছে। সেজন্য আমরা ওয়েস্ট বেঙ্গল মিনারাল ট্রেডিং ডেভেলপমেন্ট কর্পোরেশনকে সমস্ত খনিগুলি লিজ দিয়েছি। এক্ষেত্রে আনুসঙ্গিক নিয়ম-কানুন কিছু পরিবর্তন করা হয়েছে। এইভাবে গ্র্যানাইট শিল্পকে অধিকতর লাভজনক করবার সিদ্ধান্ত নিয়েছি।

শ্রী আব্দুল মান্নান ঃ কি পরিমাণ কোয়ান্টিটির গ্র্যানাইট ওর সেখান থেকে পাওয়া যেতে পারে তার কোনও হিসাব আছে কি?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ এই সম্পর্কে স্পষ্ট কোনও রিপোর্ট নেই। আমাদের জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়ার ভূতাত্ত্বিকদের রিপোর্ট এক্ষেত্রে পৃথক পৃথক হচ্ছে। কারও কারও মতে যা ডিপোজিট আছে সেটা তুলতে ১০, ১৫, ২০ বছর লাগতে পারে, আবার কারও কারও মতে ১০০ বছরও চলে যেতে পারে। প্রকৃত পরিমাণ তাই বলা মুশকিল। অন্য রাজ্যে এই ডিপোজিটটা রয়েছে মাটির উপর, কিন্তু আমাদেরটা রয়েছে মাটির নিচে। সেজন্য এর প্রকৃতপক্ষে কত ডিপোজিট আছে সেই তথ্য এখনও পর্যন্ত সংগ্রহ করা সম্ভব হয়নি।

শ্রী কৃষ্ণধন হালদার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আমাদের ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনকে এটা লিজ দেওয়া হচ্ছে এবং এটা ব্যবসা ভিত্তিক

যাতে ঠিকমতো শিল্প গড়ে তোলা যায় তার চেষ্টা হচ্ছে। এখনও এর সঠিক পরিমাণ নির্ধারিত হয় নি। আপনি জানেন কয়লা খাদগুলিতে যেমন ইললিগ্যাল মিনিং হয়, চুরি হয় এখানে তেমনি আপনি কি সঠিক তথ্য জোগাড় করেছেন ইললিগ্যালি তোলার ব্যবস্থা হচ্ছে? এখানে যাতে এই রকম মূল্যবান মিনারেলস চুরি না হয় তারজন্য প্রকৃত ব্যবস্থা কি নিচ্ছেন?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ আমি আগেই বলেছি এই ব্যাপারে। প্রথম প্রশ্নের প্রথম অংশে ছিল কতটা চুরি ইত্যাদি হয়। এই সম্পর্কে তথ্য আমার কাছে নেই। মিনারেলস ট্রেডিং ডেভেলপমেন্ট কর্পোরেশনকে সমস্তটা লিজ দেওয়া হচ্ছে এবং অন্যান্য সিদ্ধান্তগুলি গ্রহণ করা হচ্ছে। যদি এই রকম কিছু হয় তাহলে সেটা বন্ধ করার জন্য কঠোর পদ্ধতি গ্রহণ করা হবে। সঙ্গে সঙ্গে গ্র্যানাইট পাথর বিভিন্ন ধরনের আছে, তার যাতে উচ্চ মানের করা যায় তার কারিগরি ব্যবস্থা গ্রহণ করে সেইগুলি মার্কেটিং করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ কবে নাগাদ এর কাজ শুরু হবে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ এখন ওদের লিজ দেওয়া হচ্ছে। সেপ্টেম্বর মাসের মধ্যে এই যে নতুন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সেটাকে কার্যকর করতে বলা হয়েছে।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বাঁকুড়া, বীরভূম জেলার কোন কোন জায়গায় পাথর স্টক আছে বলে জানা গিয়েছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ বাঁকুড়া, পুরুলিয়া জেলায় আছে, বীরভূমে আছে বলে আমার জানা নেই। বাঁকুড়া এবং পুরুলিয়ার অনেক জায়গায় আছে।

শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় গ্র্যানাইট এবং সিনিমিনাইট এই সমস্ত মিনারেলস স্টক আছে। এবং এইগুলিকে মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশনকে লিজ দেওয়া হয়েছে এবং বিদেশে যাচ্ছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই সমস্ত মিনারেল নিয়ে আমাদের রাজ্যে কোনও শিল্প গড়ে তোলা যায় কিনা, গ্র্যানাইট এবং সিনিমিনাইট নিয়ে সহায়ক শিল্প গড়ে তোলা যায় কিনা সরকার চিন্তা ভাবনা করছেন কি?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ আমি একথা বলিনি যে মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশন বিদেশে রপ্তানি করছে, বিদেশে রপ্তানি করার জন্য একটা প্রচেষ্টা নেওয়া হয়েছে ওদের তরফ থেকে। বিদেশের বিভিন্ন জায়গা থেকে অনুরোধ উপরোধ আসছে ওদের কাছে। এখন আমাদের নতুন সিদ্ধান্ত যেটা সেটা হচ্ছে মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশনকে সমস্ত গ্র্যানাইট ডিপোজিট লিজ দেওয়া হল, এবার ওরা এটাকে নিয়ে শিল্প হিসাবে গড়ে তোলা যায়, অনুসঙ্গ শিল্প হিসাবে গোড়ে তোলা যায় সেটা দেখবে। তার জন্য যে টেকনোলজি দরকার, কারিগরি সুযোগ সুবিধা দরকার তারা সেটা সংগ্রহ করবে, তার জন্য যে টাকা পয়সা দরকার সেইগুলি তারা সংগ্রহ করবে। এইগুলির সমস্ত কিছু মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশন করবে। এই জন্য সমস্ত গ্র্যানাইট ডিপোজিটগুলি লিজ দেওয়া হয়েছে।

শ্রী অমিয় পাত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই যে মিনিং মিনারেলস আছে লিজ হোল্ডাররা এইগুলি তুলে প্রচুর রয়্যালটি ফাঁকি দিচ্ছে। এই ফাঁকি বন্ধ করার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ জেলা শাসককে এই বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হয়েছে। জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতিকে এই কাজের সাথে যুক্ত করতে বলেছি। এই ভাবে যে বিষয়ে আপনি বলছেন সেটা বন্ধ করার চেষ্টা করছি।

আনন্দমার্গী কর্তৃক হামলা

*১১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৪) **ডাঃ দীপক চন্দ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ৩রা সেপ্টেম্বর, ১৯৯১ তারিখে বারাসতে স্থানীয় মানুষের উপর আনন্দমার্গীদের হামলার কোনও ঘটনা ঘটেছিল কি ; এবং

(খ) ঘটে থাকলে, উক্ত ঘটনা সম্পর্কে বিশদ জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) স্থানীয় মানুষের সাথে আনন্দমার্গীদের একটা সংঘর্ষ ঘটে।

(খ) বিগত ৩১-৮-৯১ তারিখে শনিবার বারাসাতের নোয়া পাড়ায়, আনন্দমার্গী কিন্ডার গার্ডেন প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষয়িত্রী আচার্য উৎপলা যখন নিজের চুল কাটছিলেন তখন ছট্টু নামে আড়াই বছরের একটি স্থানীয় ছেলে তারও চুল কাটার জন্য আব্দার করায় ঐ শিক্ষয়িত্রী তার কিছু চুল কেটে দেন বলে অভিযোগ করা হয়। এই ঘটনার পর ঐ ছেলের মা ও মাসি শনিবারে চুল কাটার প্রতিবাদ জানায়। তারপর ছেলেটি অসুস্থ হয়ে পড়ে। স্থানীয় "ইয়ং অ্যাশোসিয়েশন ক্লাব" ও গণতান্ত্রিক মহিলা সমিতির সদস্যারাও ঐ প্রতিবাদে সামিল হন। শিক্ষয়িত্রী অভিযোগ অস্বীকার করেন। ৩-৯-৯১ তারিখে বিষয়টির নিষ্পত্তির জন্য আলোচনার দিন ধার্য হয়। আনন্দমার্গীকে হেড কোয়ার্টার এবং নিউ ব্যারাকপুর ও মধ্যমগ্রাম ইউনিট থেকে আনন্দমার্গের কিছু আনুগামী ঐ বিদ্যালয়ে উপস্থিত হন। আলোচনা উত্তেজনাপূর্ণ হয়ে উঠলে স্থানীয় লোকজন আনন্দমার্গীদের মারধর করে এবং সেলাই মেশিন, হার্মোনিয়াম ইত্যাদি সমেত স্কুলের দরজা, জানলা, চেয়ার, টেবিল ইত্যাদি ভাঙ্গচুর করে। আনন্দমার্গীরাও চারটি ছেলের চোখে ক্ষতিকারক পদার্থ নিক্ষেপ করে। এই ঘটনায় কয়েকজন আহত হন এবং পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে।

[11-30 — 11-40 A.M.]

শ্রী দেবেশ দাস ঃ আমি জানতে চাইছি যে আনন্দমার্গীদের বেআইনি কার্যকলাপ সম্পর্কে সরকারের কাছে কোনও তথ্য আছে কিনা?

শ্রী জ্যোতি বসু ঃ এটা তো সাধারণ প্রশ্ন। আমি নির্দিষ্ট প্রশ্নের জবাব দিয়েছি। ওরা নানা রকম বেআইনি কাজ বিভিন্ন জায়গায় বিভিন্ন জেলায় করে যাচ্ছে।

Introduction of Variable D.A. in N.T.C. Mills

*1195. (Admitted Question No. *2648) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) whether Variable D.A. of Rs. 1.65 per point has been introduced in the N.T.C. Mills in West Bengal ; and

(b) is so, whether the same has been introduced in Kalyani Spinning Mills also, and from when ?

Shri Patit Paban Pathak :

(a) The N.T.C Mills in West Bengal do not come under the purview of the Government of West Bengal.

(b) No.

Shri Atish Chandra Sinha : We all know the N.T.C Mills have not come to West Bengal. I would like to know the Hon'ble Minister whether this variable D.A. of 1.65 per point which has been introduced in many of the N.T.C Mills through out the country, whether the same is going to be introduced in Kalyani Spinning Mills also ?

Shri Patit Paban Pathak : A separate rules of wages and D.A. has been obtained for Kalyani Spinning Mills under which the Variable D.A. is 1.30 per point. There has been a report of the Third Pay Commission in which the workers and operators and not included for the benefit recommended by the Third Pay Commission. The West Bengal Government has been considering for appointment of a high powered Committee towards the question of revision of wages as well as the variable D.A.

Shri Atish Chandra Sinha : Mr. Speaker, Sir, the Hon'ble Minister knows about that the Kalyani Spinning Mill's workers. They are being deprived of proper Pay Scales introduction for a very long time. I would like to know as to when this High Powered Pay Committee is going to be formed, within what time the pay scale revisions for these poor workers are going to be actually implemented ?

Shri Patit Paban Pathak : Setting up of this Committee is al-

ready under process. In the mean time, the workers had been given an interim relief of Rs. 50 per month.

Shri Saugat Roy : Sir, I would like to know from the Hon'ble Minister that workers in the State public sector undertakings have been totally deprived even two years after this State Government has implemented the Third Pay Commission's recommendation for these employees. The workers in public sector undertakings have not been given the new Pay Scales. This is not only the case in Kalyani Spinning Mills but similar situation is prevalent in West Dinajpur Spinning Mills also. May I know the Hon'ble Minister, why it is not introducing immediately the D.A. neutralisation at 1.65 per point in Kalyani and West Dinajpur Spinning Mills ? Why the workers are being deprived ? I would like to know the answer from the Hon'ble Minister.

Shri Patit Paban Pathak : I have already answered that the matter is under consideration and the result will be made known shortly.

চা-পর্ষদ বে-সরকারিকরণ

*১১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় অবস্থিত চা-পর্ষদ (টি বোর্ড)-এর পরিচালনভার বে-সরকারিকরণের বিষয়ে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত সম্পর্কে কোনও তথ্য সরকারের কাছে আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কিরূপ?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ

(ক) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টি বোর্ড বেসরকারিকরণের কোনও সিদ্ধান্ত রাজ্য সরকারের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সম্প্রতি খবর পাওয়া গিয়েছিল এই কথা কি সত্য বেসরকারিকরণের প্রথম ধাপ হিসাবে চা বোর্ডের কর্মচারিদের ছাঁটাই এবং বিদায় নীতি নিয়ে কিছু কর্মচারিদের বিদায় দেবার ব্যবস্থা ওরা করছেন, সেই খবর আপনাদের কি জানা আছে, জানা থাকলে কতজনকে এই রকম করছেন বলবেন কি?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক নীতি অনুযায়ী এই ধরনের খবর

শোনা গেছে, কিন্তু এই রকম কোনও সরকারি সিদ্ধান্ত আমাদের কাছে আসেনি।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ স্যার আর একটি অতিরিক্ত প্রশ্ন, আপনি কি জানেন যে টি বোর্ডের হেড কোয়ার্টার কলকাতা থেকে সরাসরি নিয়ে যাবার একটা চক্রান্ত হচ্ছে বা চলেছে এবং সেই নিয়ে টি বোর্ডের কর্মচারিরা তাদের প্রতিবাদ করেছিলেন সেই বিষয়ে সরকারি কী পদক্ষেপ নিয়েছেন জানতে চাই?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ টি বোর্ডের অফিস সরিয়ে নিয়ে যাওয়া সম্পর্কে কোনও পরিকল্পনা ওদের থাকতে পারে কিন্তু আমাদের কাছে সেই রকম কোনও খবর সরকারি ভাবে এখনও জানা যায়নি, আমরা জানতে চেয়েছিলাম ওরা সেটা অস্বীকার করেছে টি বোর্ড থেকে।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আমি খুশি যে মাননীয় মন্ত্রী মাননীয় সদস্যর চক্রান্ত শোনা যাচ্ছে এই ধরনের ভাষাভাষা প্রশ্নের কোনও উত্তর দেননি। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি কি টি বোর্ড সাধারণত চা শিল্পের উন্নয়ন নিয়ে কাজকর্মের ব্যাপারে সাহায্যে করে থাকে উপদেশ দিয়ে থাকে। কিন্তু টি বোর্ড-এর কাজ সম্পর্কে অভিযোগ করার সুযোগ আছে, টি বোর্ডের কাজকে যাতে আরও ভাল করা যায় আরও এফেকটিভলি করা যায় সেই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে এই ধরনের কোনও প্রস্তাব কেন্দ্রীয় সরকারের বাণিজ্য মন্ত্রককে দিয়েছেন কি?

শ্রী বিদ্যুত.গাঙ্গুলি ঃ এই ব্যাপারে সাম্প্রতিক কোনও প্রস্তাব দেওয়া হয়নি, এই বিষয়ে আগেই অনেকবার আলোচনা হয়েছে প্রস্তাব দেওয়া হয়েছে এবং যাতে টি বোর্ডের কাজ শক্তিশালী হয় সেই ব্যাপারে ওদের সঙ্গে আলোচনা করতে হবে।

শ্রী নির্মল দাস ঃ টি বোর্ডের হেড কোয়ার্টার কলকাতায়, ওদের অফিস কোয়েম্বাটুরে এবং গোয়াহাটিতে। এই ধরনের আরও যাতে অফিস টি বোর্ডের কার্যকলাপ সম্বন্ধে যাতে করে চা শিল্পের বিভিন্ন ক্ষেত্রে সম্প্রসারিত হয় সেটা দেখা দরকার, কারণ এদের অফিস তিনটি জায়গাতেই সীমাবদ্ধ আছে। সেই অবস্থায় রাজ্য সরকারের পক্ষ থেকে টি বোর্ড কর্তৃপক্ষকে এমন কোনও প্রস্তাব দেওয়া হয়েছে বা সুযোগ আছে কিনা যাতে করে এই সমস্ত এলাকায় যে চা শিল্প রয়েছে, চা বাগান রয়েছে সেই সমস্ত জায়গাতেও চা পর্ষদ বা টি বোর্ডে-র অফিস করে সেখানে কিভাবে তাদের উন্নয়ন হয় বিশেষ করে চা শিল্পের ব্যাপারে আপনারাদের কোনও উদ্যোগ আয়োজন আছে কিনা জানাবেন কি?

[11-40 — 11-50 A.M.]

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ মাননীয় সদস্য সুনির্দিষ্টভাবে জানালে সেটা আমরা ওদের সাথে আলোচনার স্তরে নিয়ে আসব।

কাঁথিতে পুলিশ কর্তৃক গুলি চালনা

*১১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮৬) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ২৫শে ও ২৬শে আগস্ট, ১৯৯১ কাঁথিতে পুলিশ কর্তৃক এক মহিলাকে ধর্ষণ এবং ঐ ঘটনায় বিক্ষোভকারীদের উপর পুলিশের গুলি চালনায় দু'জনের মৃত্যু ও কয়েকজনের আহত হওয়ার ঘটনার তদন্তে রিপোর্ট পাওয়া গিয়েছে কি না ;

(খ) পেয়ে থাকলে, ঐ রিপোর্টের ভিত্তিতে এ পর্যন্ত কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) গুলিতে আহত ও নিহত ব্যক্তিদের পরিবারকে ক্ষতিপূরণদানের কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না ?

শ্রী জ্যোতি বসু ঃ

(ক) ঘটনাটি ২৮/২৯শে আগস্ট ১৯৯১সালে ঘটেছিল, তদন্তের রিপোর্ট পাওয়া গিয়েছে।

(খ) ঘটনার পর কাঁথী থানার ভারপ্রাপ্ত অফিসারকে বদলি করা হয়। ধর্ষণের অভিযোগে অভিযুক্ত এস আইকে গ্রেপ্তার না করার জন্য দায়ী কর্মচারিদের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয় এবং তদনুযায়ী থানার তৎকালীন ভারপ্রাপ্ত অফিসারকে ভর্ৎসনা করা হয়েছে। অভিযুক্ত এ এস আইকে সাসপেন্ড করা হয়েছে এবং ঐ এ এস আই সহ অভিযুক্ত চারজনের বিরুদ্ধে চার্জশীট দেওয়া হয়েছে।

(গ) না। তবে কিছু অনুদান দেওয়ার প্রশ্নটি সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমি জানি না যে, আপনি তদন্তের নির্দেশ দিয়েছিলেন, বিভাগীয় তদন্তের তাতে টার্মস অফ রেফারেন্স কী ছিল? আপনি এখানে যা উত্তর দিলেন এবং আমার যেটা জিজ্ঞাসা এই তদন্তের রিপোর্টের ভিত্তিতে শাস্তি দেবার বিষয়টি বলেছেন এখানে। ওই অফিসার-ইন-চার্জ, ভারপ্রাপ্ত অফিসার তাকে ভর্ৎসনা করা হয়েছে, বদলি করা হয়েছে। দুটো অভিযোগের মধ্যে একটা হচ্ছে ধর্ষণ এবং আর একটা হচ্ছে গুলি চালনার অভিযোগ। এবং এতে দু-জন মারা গেছেন এবং অনেকে আহত হয়েছিলেন। এই ধরনের ঘটনা ভবিষ্যতে দৃষ্টান্তমূলক শাস্তি হিসাবে এটাই কি যথেষ্ট? ওখানে এস ডি ও ছিলেন, স্টোন থ্রো ফ্রম অফিস। গুলি চালনার মতোন এতবড় ঘটনা ঘটল, আমি গিয়েছিলাম ওখানে ১১ পার্টির পক্ষ থেকে, সরেজমিনে দেখে এসেছি, সকলের সঙ্গে কথা বলেছি কিন্তু সেই এস ডি ও তার শাস্তি হল না—তিনি প্রাইজ পেয়ে গেলেন, তার প্রোমোশন হয়ে গেল। আমার প্রশ্ন হচ্ছে এই যে, এতবড় ঘটনা ঘটল এবং এর পরিপ্রেক্ষিতে—এটাই কি যথেষ্ট শাস্তি?

মিঃ স্পিকার ঃ ইটস এ ম্যাটার অফ অপিনিয়ন। অপিনিয়ন ক্যান নট বি এ কোয়েশ্চেন। পুট ইওর কোয়েশ্চেন।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ স্যার, এই যে ঘটনা ঘটল ভবিষ্যতে যাতে এটা বন্ধ হয় তার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী জ্যোতি বসু ঃ কি উত্তর দেব? যাতে কোনওদিন না হয়, এটা আমাদের দেখবার কথা প্রত্যেকেরই। কিন্তু আমি কি করে বলব কোনওদিন হবে না। আমরা কাউকে ছেড়ে দি না। এ ছাড়া মামলাও হচ্ছে তাদের বিরুদ্ধে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ এত বড় ঘটনা এবং ২ জন মারা গেছে, নিরপরাধ মানুষ, এতগুলো মানুষ আহত হয়েছেন, ১ বছর ঘুরে যেতে চলল ক্ষতিপূরণ এখনও পর্যন্ত দেওয়া হয়নি। বিবেচনাধীন আছে। এখনও বলছেন যে বিবেচনাধীন আছে। সরকারের এই সম্পর্কে নির্দিষ্ট কী বক্তব্য? ক্ষতিপূরণের কী ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী জ্যোতি বসু ঃ উত্তরে বলেই দিয়েছি কিছু অনুদান দেবার প্রশ্ন সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ কত অনুদান? এক বছর ঘরে যেতে চলল, এখনও পর্যন্ত ক্ষতিপূরণ দিতে পারেন নি।

শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ৩রা সেপ্টেম্বর এই বিধানসভায় দাঁড়িয়ে তৎকালীন ভারপ্রাপ্ত মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন অতি শীঘ্রই তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে। আজকে পর্যন্ত কোনও ক্ষতিপূরণ দেওয়া হয়নি। এই ক্ষতিপূরণ কতদিনে দেওয়া হবে, আপনি দয়া করে বলবেন কি? দ্বিতীয় নম্বর, বর্ধমানের ডিভিসনাল কমিশনার যে তদন্ত করেছিলেন..........।

মিঃ স্পিকার ঃ মাননীয় মুখ্যমন্ত্রী আপনি প্রথম পার্ট কোয়েশ্চেনের উত্তর দেবেন, দ্বিতীয় পার্টটা নট অ্যালাউড।

শ্রী জ্যোতি বসু ঃ মানুষ মরে গেলে আর ক্ষতিপূরণ কি হবে? সেইজন্য বলেছি অনুদান দেওয়া হবে বলে আমাদের বিবেচনাধীন আছে।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মুখ্যমন্ত্রী আপনি জানালেন কিছু অনুদান দেওয়ার কথা বিবেচনা করছেন। আমরা এই সরকারের তৎপরতা দেখেছি। কিছুদিন আগে একজন স্বপন চক্রবর্তী খুন হল, এক সপ্তাহের মধ্যেই শ্রাদ্ধের দিন অনুদানের ব্যবস্থা করলেন। এই ক্ষেত্রে যেখানে পুলিশ নিজে জড়িয়ে পড়েছিল, পুলিশের গাফিলতি ছিল, সেখানে অনুদান দিতে দেরি হচ্ছে কেন? এক ক্ষেত্রে এক সপ্তাহের মধ্যেই দিলেন, আর এক ক্ষেত্রে ৯ মাস হতে চলল তাও দিতে পারছেন না—এই দেরির কারণ কি? এখনও বিবেচনার পর্যায়ে রয়েছে কেন?

শ্রী জ্যোতি বসু ঃ দুটোর মধ্যে অনেক পার্থক্য আছে। যেটা কাঁথিতে হয়েছিল তাতে দুজন মারা যায়। কিন্তু একজিকিউটিভ এনকোয়ারি হয়। রিপোর্ট আছে, তাতে দেখা যায় বহু পুলিশ আহত হয়েছে। জানি না, মাননীয় সদস্যর অসুবিধা হচ্ছে কিনা ওদের সাহায্য করার জন্য। ওদের সাহায্য করছে বলে ওনার অসুবিধা হলে বলে দেবেন, দেখব।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মুখ্যমন্ত্রীর কাছে যে বিষয়টা জানতে চাই—পুলিশের গুলিতে

বিভিন্ন সময়ে মানুষের মৃত্যুর ঘটনা ঘটে যাচ্ছে ১৯৪৭ সালের ১৫ই আগস্ট দেশ স্বাধীন হওয়ার পর থেকেও। আমাদের কোনও নির্দিষ্ট আইন বা নীতি আছে কিনা যে পুলিশের গুলিতে মৃত্যু হলে ক্ষতিপূরণ দেওয়া হবে বা দিতে পারি?

শ্রী জ্যোতি বসু ঃ এই রকম আইন বা নীতি নেই। বিশেষ ক্ষেত্রে আমরা চিন্তা করে ব্যবস্থা করি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি এই ঘটনার জন্য বর্ধমান বিভাগের কমিশনার তদন্ত করেছিলেন। সেই তদন্তে রিপোর্টে কি আছে এবং কি কি পদক্ষেপ বা ব্যবস্থা গ্রহণের জন্য সেই রিপোর্টে সাজেস্ট করেছিলেন? সেই রিপোর্ট সভাকে দেবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ রিপোর্ট সব সময় আমরা দিই না অ্যাসেম্বলিতে। কিন্তু সেই রিপোর্টে যেটা বলা হয়েছে ওই ফায়ারিং সম্বন্ধে, দুটো আলাদা জিনিস, একটা হচ্ছে ধর্ষণের ঘটনা, আর একটা হচ্ছে গুলি চালনার। সেই গুলি চালনার যে রিপোর্ট দিয়েছেন, তাতে বলেছেন যে ব্যবস্থা নেওয়া হয়েছিল সেটা জাস্টিফায়েড হয়েছে, বহু পুলিশ আহত হয়েছে। কিন্তু সেটা আমরা এখানে উপস্থিত করছি না।

উত্তরবঙ্গে চা-শিল্পের উন্নয়ন

*১১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮৮) **শ্রী দীপক মুখার্জি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গে চা-শিল্পের উন্নয়নে রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ;

(খ) করে থাকলে, সেগুলি কি কি ;

(গ) উত্তরবঙ্গে ১৯৯১-৯২ বছরে কি পরিমাণ চা উৎপন্ন হয়েছে ; এবং

(ঘ) এর মধ্যে কত পরিমাণ চা রপ্তানি হয়েছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ

(ক) হ্যাঁ, করেছেন।

(খ) রাজ্য সরকার পরিচালিত পশ্চিমবঙ্গ চা উন্নয়ন নিগম উত্তরবঙ্গে ১৩৮১.৩৬ হেক্টর জমিতে চা চাষ করেছেন। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই চাষের উন্নয়ন বাবদ মোট চার কোটি আটাত্তর লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব আছে। এই অর্থ প্রধানত চা চাষ ও চা চাষের এলাকা বৃদ্ধি, জল সরবরাহ, কর্মচারিদের বাসস্থানের ব্যবস্থা, বনসৃজন ইত্যাদি খাতে ব্যবহৃত হবে।

(গ) দার্জিলিং ডুয়ার্স ও তরাইসহ উত্তরবঙ্গে ১৯৯১-৯২ বছরে আনুমানিক ১৬১৮ লক্ষ ৩২ হাজার কোটি চা উৎপন্ন হয়েছে। এরমধ্যে পশ্চিমবঙ্গ চা উন্নয়ন নিগম

১৯৯১-৯২ বছরে প্রায় ৭ লক্ষ ৫৮ হাজার কেজি চা উৎপন্ন করেছে।

(ঘ) কমবেশি ১৭১ কোটি টাকা মূল্যের চা রপ্তানি হয়েছে (১৯৯০-৯১)। তবে পশ্চিমবঙ্গ চা উন্নয়ন নিগম ১৯৯১-৯২ বছরে সরাসরি কোনও চা রপ্তানি করেনি।

[11-50 — 12-00 Noon]

শ্রী দীপক মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, চা বাগান অধিগ্রহণ সংক্রান্ত কোনও মামলা সুপ্রিম কোর্টের বিবেচনাধীন আছে কি ; থাকলে সে সম্পর্কে রাজ্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ হ্যাঁ, কাজকর্ম সম্প্রসারণ সংক্রান্ত মামলা আছে, মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করছি।

শ্রী দীপক মুখার্জি ঃ রাজ্যে সরকারি অধিগৃহীত চা-বাগানগুলির জমি কেউ জবরদখল করে আছে কি ; থাকলে, তা মুক্ত করার জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ চা বাগানের জমি জবরদখল করার চেষ্টা মাঝে মাঝেই হয়, কিন্তু যাতে তা সফল না হয় তার জন্য প্রশাসন সব সময় সতর্ক আছে।

শ্রী দীপক মুখার্জি ঃ সরকার অধিগৃহীত চা বাগানগুলির গাছগুলোর বয়স অনেক বেশি বলে আমরা শুনেছি। ওখানে যে ইরিগেশন ফেসিলিটিস আছে তার পাশাপাশি নিউ প্ল্যান্টেশন-এর জন্য এবং পুরানো গাছগুলোর নিউট্রেশনের জন্য সরকার কী কী পদক্ষেপ নিয়েছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ এ বিষয়ে আমরা ওয়েস্ট বেঙ্গল টি ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে অনেকগুলি পরিকল্পনা গ্রহণ করেছি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তরবঙ্গে চা শিল্পের প্রসারের জন্য কিছু কিছু চা বাগান চাষের জমি দখল করছে, এ রকম কোনও তথ্য কি আপনার কাছে আছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ চা চাষের জন্য জমি দেওয়ার ব্যাপারে রাজ্য সরকারের যে নিয়মাবলি আছে সেই নিয়মাবলি অনুযায়ীই শুধু চা চাষের জন্য জমি দেওয়া হয় এবং চা চাষের অনুমতি দেওয়া হয়। এ ছাড়া অন্য কোনও ভাবে কেউ চা চাষ করতে পারেনা।

শ্রী মনোহর টিরকি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন চা বাগান বাড়াবার জন্য সরকার অনেক প্রচেষ্টা নিচ্ছেন। আমি জানতে চাইছি সরকার এখন পর্যন্ত কত জমি কোন কোন কোম্পানি বা মালিককে দিয়েছেন নতুন চা বাগান করার জন্য?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ এই তথ্য এখনই আমার কাছে নেই। এখনই এটা বলা মুশকিল। পরবর্তীকালে নির্দিষ্ট করে প্রশ্ন দিলে বলতে পারব।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় চা বাগানগুলির পক্ষ থেকে বেআইনিভাবে তফসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষদের ধান চাষের জমি জবরদখল করা হচ্ছে বা জমি হস্তান্তর হয়ে যাচ্ছে। আপনি নিশ্চয়ই জানেন যে, তফসিলি এবং আদিবাসী মানুষদের জমি হস্তান্তর করা যায় না। কিন্তু আমরা জানি বেআইনিভাবে হস্তান্তর হচ্ছে। এ বিষয়ে আপনার কাছে কি কোনও তথ্য আছে ; থাকলে সরকার কী কী ব্যবস্থা নিচ্ছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ আমাদের জেলা প্রশাসনকে এবং জলপাইগুড়ির ডিভিসনাল কমিশনারকে এই ব্যাপারে কঠোর ভাবে নির্দেশ দেওয়া আছে। কিন্তু মাঝে মাঝে এই রকম চেষ্টা কেউ কেউ শিল্পপতি তারা করে। আদিবাসী, উপজাতিদের চাষের জমি তারাদখল করারজন্য চেষ্টা করে। এবং তাদের থেকে মুক্ত করাও হয়। এই সম্পর্কে আমাদের যা গাইড লাইন আছে সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়। মাঝে মাঝে এই ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী মানব মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যেটা জানতে চাইছি, তা হল. এই যে উত্তরবঙ্গের চা বাগানের একটা বড় অংশ বেসরকারি মালিকানা নিয়ন্ত্রণে। সেই ক্ষেত্রে চায়ের ব্যবসায়ে এই মুহূর্তে তারা প্রচুর মুনাফা করছে। সুতরাং ঐ অঞ্চলে চা শিল্পের মুনাফার একটা অংশ যাতে মালিকরা অন্যান্য শিল্পে রিইনভেস্ট করেন, চা সংক্রান্ত বা অন্যান্য শিল্প স্থাপনের জন্য, কারণ এটা দীর্ঘদিনের ঐ জেলার জনসাধারণের দাবি আছে, সেই সম্পর্কে রাজ্য সরকার কখনও ওদের সঙ্গে কোনও প্রস্তাব দিয়ে আলোচনা করেছেন কি না, না করে থাকলে ভবিষ্যতে এই সম্পর্কে আলোচনা করবেন কি না?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ ব্যবসায়ীদের লাভের অংশ পুনরায় উন্নয়নের কাজে বা অন্যান্য শিল্পোন্নয়নের কাজে বাধ্যতামূলকভাবে লগ্নি করার এমন কোনও আইন আমাদের দেশে নেই, তবে ওরা যে প্রচুর টাকা মুনাফা করে, তার একটা অংশ যাতে উত্তরবঙ্গের শিল্পায়নের কাজে লাগে, সেই জন্য একটা প্রস্তাব গুচ্ছ তৈরি করা হয়েছে এবং এই সম্পর্কে তাদের সঙ্গে আলোচনা করা হবে।

শ্রী সৌগত রায় ঃ মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন, উত্তরবাংলার পশ্চিম দিনাজপুরের ইসলামপুরে এমন কি তিস্তা প্রোজেক্টের কমান্ড এরিয়ার জমিতে চা বাগান করার অনুমতি দেওয়া হচ্ছে। চা বাগান করছে দুটো বড় সংস্থা, একটা হচ্ছে ডানকান, আর একটা হচ্ছে আর পি গোয়েঙ্কার মালিকানায় হ্যারিশন মালয়ালম, এছাড়া অনেক ছোট ছোট ইন্ডিভিজুয়্যালস তারা প্ল্যান্টেশন করছে এবং তারা নতুন ভাবে সেখানে চা বাগান তৈরি করতে চলেছে। কোন কোন ইন্ডিভিজুয়্যাল গোষ্ঠী তারা জমি অধিগ্রহণ করছে, কোন কোন বড় বড় শিল্প গোষ্ঠী এসেছে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

[12-00 — 12-10 P.M.]

শ্রী জ্যোতি বসু ঃ আমি এই সম্পর্কে কিছু জানি না বলে বলছি, জলপাইগুড়িতে একটা প্রশ্ন এখান থেকে হয়েছিল, আমাদের কাছে কিছু তথ্য এসেছে কিছু অভিযোগ এসেছে, বিশেষ করে তফসিলি জাতি, উপজাতি তাদের জমি বেশি টাকা দিয়ে কিনে নেওয়া হচ্ছে এবং কমান্ড এরিয়া যেমন রাজগঞ্জে সেখানে এই রকম ঘটনা ঘটেছে। আমরা আইনানুগ যে

ব্যবস্থা নেবার, তা নিচ্ছি। চা বাগানের মালিকদের বলেছি, এটা যদি করেন তাহলে আপনারা অনুমোদন পাবেন না, যদিও তারা সেখানে ছোট ছোট চারা গাছ লাগাচ্ছে। আমরা তাদের বলেছি এটা করবেন না আপনারা অনুমোদন পাবেন না, আপনাদের টাকা খরচ হবে, চা গাছ নষ্ট হবে। তবে এরা এত টাকা অফার করছে যাতে করে কিছু কিছু জায়গা বিক্রি করে দিয়েছে। পশ্চিমদিনাজপুরে সেখানেও দরখাস্ত এসেছে। আগে চা বাগান হত না জানতাম, সেখান থেকে কয়েকটি দরখাস্ত এসেছে। সেগুলি আমি দেখছি, এখনও অনুমোদন দেওয়া হয়নি।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন যে একটা রেগুলেশন আছে—ইংরেজ আমলের সময়ও ছিল, ডাঃ রায়ের আমলেও ছিল, প্রফুল্ল সেন সরকারের আমলেও ছিল, আমার সময়েও ছিল, আপনার সময়ও আছে, সব সময় আছে, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইব বা অন্যান্য জাতের মানুষের কোনও জমি ট্রান্সফার করা যাবে না। কাউকে Until commissioner of the division given the sanction। আর কখনও সাংশন দেয়নি, এই প্রথম স্যাংশন দিতে শুরু করেছে। আপনি দেখুন, ভাল করে, অনেকগুলি স্যাংশন দেওয়া হয়েছে। কতগুলি কোম্পানি জমি পেয়েছে, কারা কারা ডায়রেক্টর সেই কোম্পানির সেটা আপনি ভাল করে দেখুন। আমি বলতে চাই না। কোন এলাকায় কোন পারমিশন দিতে পারে সেটা দয়া করে বলতে পারেন? আপনি সময় নিন, নাম-ধাম ভাল করে দিন। কেউ পায়নি ঠিক নয়, আপনি খবর নিন কাদের কাদের দিয়েছেন? খোঁজ করুন? আমাকে বেশি ঘাঁটাবেন না। আপনি কবে দেবেন বলুন?

শ্রী জ্যোতি বসু ঃ বেআইনি যদি কিছু হয়ে থাকে, নির্দিষ্ট ঘটনা যদি থাকে আমাকে জানাবেন, আমি দেখব। গাইডলাইন মানেনি, আমি অনুমোদন করেছি, তারা জমিতে চারা লাগিয়েছে বা কিছু করেছে এই রকম কিছু আমার জানা নেই।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ উত্তরবাংলার উৎপাদিত চায়ের কোয়ালিটি ইমপ্রুভ করে রপ্তানি করে আরও বেশি বৈদেশিক মুদ্রা আনার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে?

শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ এটা শুধু রাজ্য সরকার করতে পারে না, এইসব টী-বোর্ড করে। রাজ্য সরকারের নিজস্ব টী ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে। এর পরিধিকে আরও বাড়াবার চেষ্টা করছি। উৎপাদিত চায়ের কোয়ালিটি ক্রমশ ভাল হচ্ছে এবং সেইসব ভাল করে যাতে রপ্তানির দিকে যেতে পারি সেই চেষ্টা করছি। সামগ্রিকভাবে সমগ্র চা শিল্পের ব্যাপারটা রাজ্য সরকার করতে পারে না রপ্তানির বিষয়ে।

Starred Question
(to which written answers were laid on the Table)

উত্তরপ্রদেশে ভূমিকম্পে মৃতের সংখ্যা

***১১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫২) শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১ সালে উত্তরপ্রদেশে ভূমিকম্পের ঘটনায় এ রাজ্যের কতজন পর্যটক বা তীর্থযাত্রীর মৃত্যু ঘটেছে ; এবং

(খ) ঐ সময়ে কলকাতায় খোলা পুলিশ কন্ট্রোলরুমে ভূমিকম্প প্রভাবিত এলাকায় ভ্রমণরত কতজন পর্যটক ও তীর্থযাত্রীর নাম তালিকাভুক্ত করা হয়েছিল?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) একজনের নয়।

(খ) ৭,৫০০ জনের।

নদীয়া জেলায় নলকূপের জলে আর্সেনিক

*১২০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১১) **শ্রী কমলেন্দু সান্যাল ঃ** স্বাস্থ্য (কারিগরি) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার তেহট্ট ১ ও তেহট্ট ২ পঞ্চায়েত সমিতির এলাকায় বেশ কয়েকটি নলকূপের জলের ক্ষতিকারক পরিমাণ আর্সেনিক পাওয়া গেছে ;

(খ) সত্যি হলে, ঐ এলাকায় পানীয় জলের বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(গ) হলে, তা কি কি?

স্বাস্থ্য (কারিগরি) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ভূগর্ভ জলে আর্সেনিক দূষণ অনুসন্ধান ও সমীক্ষার জন্য গঠিত বিশেষজ্ঞ কমিটির প্রতিবেদনে তেহট্ট ১নং ও ২নং পঞ্চায়েত সমিতি এলাকার নলকূপে আর্সেনিক দূষণ বিষয়ে কোনও উল্লেখ নাই। তা সত্ত্বেও ঐ এলাকার পানীয় জলের নমুনার গুণগত মান পরীক্ষা করে দেখার জন্য যথাযথ নির্দেশ পাঠানো হয়েছে।

(খ এবং গ) পানীয় জলের গুণগত মান পরীক্ষার রিপোর্ট পাওয়ার পরে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

টেলিকম কারখানা

*১২০১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অষ্টম যোজনাতে রাজ্য টেলিকম কারখানা নির্মাণের জন্য রাজ্য সরকারের সাথে কেন্দ্রীয় সরকারের কোনও চুক্তি হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, ঐ কারখানা নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে দেবার প্রতিশ্রুতি দিয়েছেন কি না?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কোনও চুক্তি হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

দুর্গাপুর শিল্পাঞ্চলে ফ্ল্যাট নির্মাণ

*১২০২। (অনুমোদিত প্রশ্ন নং *১২১) **শ্রী দিলীপ মজুমদার ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দুর্গাপুর শিল্পাঞ্চলে নিম্ন আয়সম্পন্ন ব্যক্তিদের জন্য বর্তমানে কোনও ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কোথায় কোথায় এবং মোট ক'টি?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না

(খ) প্রশ্ন ওঠে না।

ভারতীয় জলসীমানায় বিদেশী ট্রলারের অনুপ্রবেশ

*১২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩০) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভারতীয় জলসীমায় পশ্চিমবঙ্গের উপকূলে বিদেশী ট্রলারের অনুপ্রবেশের ঘটনা সম্পর্কে সরকারের কাছে কোনও তথ্য আছে কি না ; এবং

(খ) থাকলে, অনুপ্রবেশ বন্ধ করার জন্য কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ

(খ) রাজ্য সরকার সীমান্তরক্ষী বাহিনী এবং কোস্ট গার্ড (Coast Guard) বাহিনী অনুপ্রবেশ বন্ধে আরও তৎপর হতে বলেছেন। বাহিনীদ্বয় রাজ্য সরকারকে জানিয়েছে যে ভারতীয় জলসীমায় টহলদারি ব্যবস্থা জোরদার করা হয়েছে।

গ্রামীণ জলসরবরাহ প্রকল্পে বিলম্ব

*১২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার বিশেষত শালতোড়া, নড়রা, মানকানালী, পুরন্দরপুর, বড়জোড়া, বেলিয়াতোড় প্রভৃতি এলাকাতে গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের কাজ আরম্ভ হয় নি ;

(খ) সত্যি হলে, এর কারণ কি ; এবং

(গ) ১৯৮৭ সালের জানুয়ারি থেকে১৯৯২ সালের জানুয়ারি পর্যন্ত উক্ত প্রকল্পগুলির জন্য কোনও অর্থ বরাদ্দ করা হয়ে থাকেল তার পরিমাণ কত?

জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) শালতোড়া এবং বেলিয়াতোড় জলসরবরাহ প্রকল্পের কাজ আরম্ভ হয়েছে। বড়জোড়া প্রকল্পের জন্য কিছু মালপত্র মজুত করা করা হয়েছে।

(খ) নড়রা, মানকানালী ও পুরন্দরপুর এই ৩টি এলাকার জন্য এখনও পর্যন্ত কোনও প্রকল্প তৈরি করার প্রস্তাব আমাদের কাছে নেই।

(গ) বরাদ্দকৃত ব্যয় নিম্নরূপ ঃ

শালতোড়া —১৬৫.২৮ লক্ষ টাকা

বড়জোড়া — ১৯.১৫ লক্ষ টাকা

বেলিয়াতোড় — ১২.৬১ লক্ষ টাকা

বাঁকুড়া পলিয়েস্টার ফিলামেন্ট ইয়ার্ন প্রকল্প

*১২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলার বড়জোড়ায় যৌথ উদ্যোগে প্রস্তাবিত পলিয়েস্টার ফিলামেন্ট ইয়ার্ন নির্মাণ প্রকল্পে পরিকাঠামো তৈরিতে সাহায্য করার জন্য কোনও বিদেশি কনসালট্যান্ট সংস্থাকে নিয়োগ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কোন দেশের কোন সংস্থাকে নিয়োগ করা হয়েছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

হলদিয়া পেট্রো-কেমিক্যালস্ প্রকল্পে ডাউনস্ট্রিম ইউনিট স্থাপন

*১২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬১) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রো-কেমিক্যালস্‌ প্রকল্পে ডাউনস্ট্রিম ইউনিট সংস্থাপনের ব্যাপারে কোনও পদক্ষেপ নেওয়া হয়েছে কি না ; এবং

(খ) নেওয়া হলে, তা কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, নেওয়া হয়েছে।

(খ) হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রকল্পে প্রধানত বিভিন্ন ধরনের পলিমার উৎপাদিত হবে। এছাড়াও পলিবুটী ডাইন, কার্বন-ব্লাক-ফিড-স্টক, অ্যাসিটিলিন ব্ল্যাক, স্টাইরিন ইত্যাদিও উৎপাদিত হবে। রাজ্য সরকার পশ্চিমবঙ্গে পলিমার ভিত্তিক শিল্পের বর্তমান অবস্থা পর্যবেক্ষণের জন্য ও হলদিয়া পেট্রো-কেমিক্যাল লিমিটেড-এর অনুষঙ্গ শিল্প সম্ভাবনা খতিয়ে দেখার ও রিপোর্ট প্রস্তুত করার জন্য এবং প্রয়োজনীয় উন্নয়ন তরান্বিত করার লক্ষ্যে একটি (টাস্কফোর্স) কমিটি গঠন করেছে। কমিটি কাজ শুরু করেছে। এছাড়া রাজ্য সরকারের কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরও একটি কমিটি গঠন করেছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received four notices of Adjournment Motion. The first is from Shri Sovan Deb Chattopadhyay on the subject of alleged order of the State Government to stop D.A. payment of its employees. The second is from Shri Ajoy Dey on the subject of alleged deplorable condition of law and order in West Bengal. The third is from Dr. Manas Bhunia on the subject of alleged deplorable condition of law and order situation in Midnapoure district. The last one is from Shri Saugata Roy on the subject of alleged disquieting situation in Tin Bigha and Kuchlibari on the eve of the agreement date.

The subject matters of the Motions do not call for adjourn of business of the House. The Members may call the attention of the concerned Ministers through calling attention, mention etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member may, however, read out the text of his Motion as amended.

ডাঃ মানস ভুঁইয়া ঃ জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ— সমগ্র মেদিনীপুর জেলায় গরিষ্ঠ শাসকদল আজ ব্যাপক সন্ত্রাস কায়েম করেছে প্রশাসনের সহযোগিতায়। বাড়ি লুঠ, ফসল লুঠ, জোর করে জমি দখল, দৈহিক নির্যাতন,

বাড়িতে আগুন, প্রতিদিনকার স্বাভাবিক ঘটনায় এসে দাঁড়িয়েছে। কংগ্রেস কর্মীরা নির্যাতিত হয়ে গৃহ হারা। প্রশাসন কোনও পদক্ষেপ নিচ্ছেন না। পরিস্থিতি এমন জায়গায় গেছে যখন প্রশাসনের কর্তারাও খুন হচ্ছেন, দৈহিকভাবে নির্যাতিত হচ্ছেন। ঝড়গ্রামের বেলপাহাড়ীতে একজন ডব্লু বি সি এস অফিসার খুন হলেন, মোহনপুর ব্লকের বি ডি ও দৈহিকভাবে নির্যাতিত হয়েছেন। নন্দীগ্রাম থানার ও সি গরিষ্ঠ শাসকদলের লোকেদের হাতে মার খেয়েছে। প্রশাসন নীরব।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received four notices of Calling Attention, namely :

1. Alleged brutal torture on the B.D.O of Mohanpur Block in Midnapore district : Dr. Manas Bhunia
2. Demand for subsidiary Health Centres at Nandanpur, Batai, Paulsunda and Nazirpur of Nadia district : Shri Kamalendu Sanyal
3. Alleged molestration of a woman at Rabindra Sarobar Station of Metro Railway on 24.6.1992 : Shri Abdul Mannan
4. Alleged attempt to murder looting, burning of huts at Olipur, Haripal in Hooghly district on 17.6.1992 : Shri Sovan Deb Chattopadhyay

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of alleged molestation of a woman at Rabindra Sarobar Station of Metro Railway on 24.6.92.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date. It it is not possible to make the statement tomorrow, the statement will be sent to the member concerned.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on the 26th June, 1992 or if it is not possible, the reply will be sent to the concerned member.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now, the Minister-in-charge of Labour Department will make a statement on the subject of reported lock-out of Hunuman Jute Mill at Howrah.

(Attention called by shri Lakshman Seth on the 18th June, 1992)

Shri Proboth Chandra Sinha : Mr. Speaker, Sir, with your permission and in response to the Calling Attention notice of the Hon'ble Member, Shri Lakshman Seth, I seek your permission to make the following statement.

The Management of M/s. Eastern Packaging (Pvt.) Ltd. suspended the working of their Sree Hanuman Jute Mill situation at Ghusuri, Howrah from 17.6.92 on the grounds of alleged low production/ productivity, go-slow and indisciplened activities of the workmen by a notice dated 17.6.92. The Mill employes about 3800 workmen.

The present management of Sree Hanuman Jute Mill i.e. M/s. Eastern Packaging (Pvt.) Ltd. took over the Mill on lease from Sree Hanuman Jute Mills Ltd. on a monthly rent of Rs. 6 lakhs and a variable rent of Rs. 7.21 Lakhs per month. The variable rent is reportedly linked to the reduction of Rs. 425/- per month from the wages of the workmen. As a consequence the workmen of the Mill had been geting Rs. 425/- less than the prevailing industry-wide wage rate since its take-over by the present Management. Such reduction of wages was reportedly effected in terms of a bi-partite arrangement between the Management and the union.

The workmen of this Mill participated in the industrywide strike which took place form 28.12.92. The workmen of this Mill continued their strike as the Management declined to sign the industrywide settlement dated 17th March, 1992. Subsequently, however, the parties had entered into a bipartite arrangement on 12.5.92 in terms of which the strike was called off and the factory reopened on 13.5.92. The industrywide wage rate was not, however, implemented in terms of the aforesaid, bipartite arrangement dated 12.5.92. The Mill was again put under lock-out by the management from 17.6.92. According to information available from the Union sources the present Management is not interested in running the Mill and seeks to return it to the lessor because of financial constraints. This may be the primary reason for declaring the lock-out.

A tripartite meeting was convened on 20.6.92 at the Labour Directorate over the aforesaid lock-out but discussions could not be held becasue of the non-participation of the Management.

It is understood that a bipartite discussion between the Management and the operating Unions was held on 19.6.92 without any result. The Unions assured the Management to render all sorts of co-operation including further improvement in production/productivity of the Mill. In

response the Management sought some time to re-think over the matter. The next bipartite discussion is likely to be held on 27.6.92 following which a tripartite meeting will be held on 30.6.92 at the Labour Directorate.

[12-10 — 12-20 P.M.]

Mr. Speaker : Mr. Zainal Abedin please take your seat... (noise).. I 'am no my legs .. (noise).. Mr. Siddhartha Shankar Ray, Leader of the Opposition, please control your member, when the Minister is speaking. He is being disturbed.

Shri Siddhartha Shankar Ray : I want to know if the Hon'ble Chief Minister is kind enough to tell the House whether a W.B.C.S. officer has been murdered or not ? This is a very important thing. It is a matter of highest important for us to know if a W.B.C.S. officer has been found lying dead. It is a serious matter. The Chief Minister should let us know whether he is aware of the fact that a W.B.C.S officer has been brutally murdered ? Otherwise it is impossible to keep the House quiet. Please ask the Hon'ble Chief Minister to answer, otherwise it is impossible to keet quiet. We want a statement from him.

Mr. Speaker : I will decide which Minister should make what statement and which member should speak. I am not to be guided by certain Members. I hope you know it. You have to understand that. I have to follow certain norms of Parliament to maintain the business of the House. I am not guided by the whims of any one .. (noise)...

STATEMENT ON CALLING ATTENTION

The Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of ransancking of Howrah Municipal Corporation Office on 18.6.92.

(Attention called by Shri Subhas Goswami on the 19th June, 1992)

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I rise to make this statement in response to the Calling Attention Notice from Shri Subhas Goswami regarding demonstration inside the office of the Howrah Municipal Corporation on the 18th June, 1992, resulting in damage and loss of property of the Corporation and subsequent road blockades at some places of Howrah town and the police action which followed these incidents.

On the 18th June, 1992 about 500 Congress-I supporters led by

Shri Jatu Lahiri, M.L.A. Assembled under the fly-over bridge in Howrah to voice protest against inadequate supply of water and bad condition of roads. They moved in a procession and finally came to the Howrah Municipal Corporation Complex and moved around the H.M.C building shouting slogans against the Mayor. A good number of processionists forcibly entered the Mayor's office all of a sudden under the leadership of Shri Jatu Lahiri, M.L.A. Some agitationists entered the Mayor's office and started ransancking the office by breaking furniture, electrical fittings, an expensive Grand father clock, even the Commode, basins and other sanitary fittings of the attached toilet. When the Mayor arrived in his office, they manhandled him. The policemen on duty over-powered the miscreants and arrested fifteen persons on the spot. A case was registered in Howrah P.S. on the complaint of the Assistant Secretary, Howrah Municipal Corporation against Shri Jatu Lahiri, M.L.A. and others.

Following the arrest of the afore-mentioned fifteen persons the Congress-I supporters started agitation inside the Municipal building demanding their release. 444 persons were arrested under Section 151 Cr. P.C., but they were subsequently released on bail. Some Congress-I leaders including several Congress-I Councillors assembled at Howrah Police Station demanding immediate release on bail of the fifteen persons arrested at the H.M.C. Office. On refusal, they resorted to a stay-in-demonstration inside the Howrah Police Station. Some Congress-I supporters resorted to road blockades at several places in the town. They indulged in widespread violence and brickbatting including throwing of bombs. The Police had to resort to lathi charge to remove the blockades. 133 persons were arrested.

On the 19th June, 1992. Shri Jatu Lahiri, M.L.A. two Councillors were also arrested in connection with the incident at Howrah Municipal Corporation on the 18th June, 1992. All the eighteen accused persons were forwarded to Court. The Court enlarged them on bail.

Intensive patrolling was introduced in the troubled areas of the town and senior officers supervised the case. Investigation into this unprovoked vandalism and violence by the Cong(I) leaders and their supporters is continuing. The Mayor's room ransaked by the hooligans has not kept open for visitors.

(Noise & Interruptions)

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ স্যার, হাওড়া কর্পোরেশনে যে ঘটনা ঘটেছে সেটা হুলিগানিজম

ওরা সেইজন্য স্টেটমেন্ট করতে দিচ্ছেন না।

(noise)

STATEMENT UNDER RULE-346

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, The State Government has decided to institute an Inquiry under the Commissions of Inquiry Act, 1952, into the incidents that occurred on 8th June, 1992, in South Calcutta. The Terms of Reference are being finalised. A sitting or a retired Judge of the Calcutta High Court will conduct this inquiry. The Commission will inquire into all the facts and circumstances of the incidents including injury caused to policemen on duty and police firing in which one person was injured and which resulted in the death of one Swapan Chakraborty.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now the Minister-in-charge of Health & Family Welfare Deptt. to make a statement on the subject of non-availability of A.R.V. and A.V. injections in the Govt. Hospitals of Hooghly district.

(Attention called by Shri Abdul Mannan on the 23rd June, 1992)

শ্রী প্রশান্তকুমার শূর : মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান মহাশয় হুগলি জেলার সরকারি হাসপাতালগুলিতে সাপে কামড়ানো এবং কুকুরে কামড়ানোর প্রতিষেধক ইনজেকশনের (এ আর ভি ও এ ভি এস) অপ্রতুলতা বিষয়ে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব উত্থাপন করেছিলেন তার উত্তরে আমি বলতে চাই যে তার এই উক্তি যথার্থ নয়। হুগলি জেলার ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোরে ১৯৯১-৯২ সালে সেন্ট্রাল মেডিক্যাল স্টোর থেকে ১৮৭০ ভায়াল সাপে কামড়ানোর প্রতিষেধক ইনজেকশন (এ ভি এস) সরবরাহ করা হয়। এবং ঐ বছরের এপ্রিল মাস থেকে জুনের গোড়া পর্যন্ত সরবরাহ করা হয় ৫৩০ ভায়াল। অনুরূপভাবে কুকুরে কামড়ানো প্রতিষেধক ইনজেকশন (এ আর ভি)-র ক্ষেত্রে উক্ত স্টোরে পাস্তুর ইনস্টিটিউট কলকাতা থেকে ১৯৯১-৯২ সালে সরবরাহ করা হয় ১,৫৬,৩৫০ মিলি লিটার এ আর ভি ইনজেকশন এবং এ বছরের এপ্রিল ও মে এই দুই মাসে উক্ত ইনজেকশন সরবরাহ করা হয় যথাক্রমে ৬,৫৫০ মিলি লিটার ও ৬,৫৪০ মিলি লিটার। নিয়ম অনুযায়ী সরকারি হাসপাতালগুলিতে এ ভি এস, এ আর ভি সহ বিভিন্ন ধরনের ঔষধ সরবরাহ করা হয় ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোর থেকে। সুতরাং উপরোক্ত তথ্য থেকে এটা পরিষ্কার যে হুগলি জেলার সরকারি হাসপাতালগুলিতে এ ভি এস ও এ আর ভি-র সরবরাহ স্বাভাবিকই আছে।

(গোলমাল)

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় : স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে, মাননীয় অধ্যক্ষ

মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে

(গোলমাল)

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now the Minister-in-charge of Irrigation & water-ways Deptt. to make a statement on the subject & latest position of Bhaluka-Phulahar embankment due to heavy rain in North Bengal.

(Attention called by Shri Birendra Kumar Maitra on the 24th June, 1992)

(noise)

Shri Debabarata Bandyopadhyay : Hon'ble Speaker Sir, Flood of low intensity passing down all the rivers in North Bengal. All embankments and spurs are safe. Weather cloudy and it is drizzling as reported at 12-45 hours on 24.6.92.

The present position of Bhaluke—Phulahar embamkment is good and safe. The water level of river Phulahar at Bhaluka is at present more or less steady at R.L.27 ft. against danger level of R.L. 90 ft. Rainfall is occuring at Malda in a scattered manner. The Bhaluka embankment facing river Phulahar has not yet any problem so far as erosion and damage due to flood is concerned. Protective work to embankment costing about Rs. 90 lacs is going on full swing at Bhaluka.

LAYING OF REPORTS

Reports of the Comptroller and Auditor General of India

Shri Probodh Chandra Sinha : With your kind permission Sir, I beg to lay the :

(i) Report of the Comptroller and Auditor General of India for the year 1989-90, No.3 (Commercial) :

(ii) Report of the Comptroller and Auditor General of India for the year 1989-90, No. 1 (Revenue Receipts) ;

(iii) Report of the Comptroller and Auditor General of India for the year 1989-90, No.2 (Commercial).

(At this stage the Hon'ble members of Congress walked out of the House).

MENTION CASE

[12-20 — 12-30 P.M.]

শ্রী অবিনাশ প্রামানিক ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কেন্দ্র বলাগড়ে দুটি ফ্যাক্টরি অবস্থিত, একটি হচ্ছে রেয়ন ফ্যাক্টরি এবং আর একটি হচ্ছে ত্রিবেণী টিসু। এই ফ্যাক্টরি দুটির মধ্যে দু মাস আগে রেয়ন ফ্যাক্টরিটি বন্ধ হয়েছে। তারা লক-আউট করেছে। ত্রিবেণী টিসু আজ একমাস হতে চলল বন্ধ হয়ে রয়েছে। এই দুটি ফ্যাক্টরিতে পাঁচ হাজার শ্রমিক কাজ করেন। তাদের পরিবারবর্গ অনাহারে অর্দ্ধাহারের মধ্যে রয়েছেন। ত্রিবেণী টিসুতে দু হাজার শ্রমিক কাজ করেন। তাদের পরিবারবর্গও অনাহার অর্দ্ধাহারের সম্মুখীন হয়েছেন। এই টিসু শ্রমিকদের মাসের মাহিনা না দিয়ে গত ২৭-৫ তারিখে লক-আউট করেছে। এমন কি কনজুমার্স কো-অপারেটিভ সোসাইটি সেখানে বন্ধ করে দেওয়া হয়েছে। এরফলে শ্রমিকরা জিনিসপত্র কিনতে পারছেন না। আজকে তারা এক ভয়াবহ অবস্থার মধ্যে পড়েছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ফ্যাক্টরি দুটি অবিলম্বে খোলা হয় তার ব্যবস্থা তারা করুন।

শ্রী আবু আয়েস মন্ডল ঃ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিগত ১৯৯১-৯২ আর্থিক বছরে অর্থ দপ্তরের বাজেট বরাদ্দ পেশ করার সময় এই কথা ঘোষণা করা হয়েছিল যে কৃষকদের বার্ধক্য ভাতা, কৃষি পেনশন ও বিধবা ভাতা ৬০ টাকা থেকে বৃদ্ধি করে ১০০ টাকা করা হবে। কিন্তু আজ পর্যন্ত বিধবাদের ভাতাটা ৬০ টাকা থেকে ১০০ টাকা করা হয়েছে। কেবলমাত্র কৃষি পেনশন ৬০ টাকাতেই পড়ে আছে। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যারা এই ভাতা পাচ্ছেন তাদের মধ্যে একটা অসন্তোষ এবং ক্ষোভ আছে। বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করা দরকার। কৃষকরা যাতে ১০০ টাকা করে পান সেই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন রাখছি।

শ্রীমতী আরতি দাশগুপ্ত ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং রেল মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার মেট্রো রেলের কাজকর্ম হচ্ছে। আপনি জানেন যে, এই মেট্রো রেলের কাজ ১৯৭২ সালে ভিত্তি স্থাপন আজ প্রায় ২০ বছর ধরে এই কাজ করতে গিয়ে যে কাজ হবার কথা ছিল ১৪০ পয়েন্ট ২.৩ কোটি টাকা তা আজকে দাঁড়িয়েছে ১৬শো কোটি টাকার উপর। আজও শোনা যাচ্ছে এই মেট্রো রেলের কাজ সম্পন্ন করতে ৯৫ সাল পর্যন্ত হয়ে যাবে তার জন্য লাগবে আরও ৩শো কোটি টাকার মতোন। সেই কাজের জন্য ১৪০ কোটি ২.৩ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, আজকে তা ক্রশ করতে ১৯ শো কোটি টাকা লাগবে আরও কত লাগবে আমরা জানিনা। কিন্তু স্পিকার মহাশয়, আমি আপনার একটা দিকে দৃষ্টি আকর্ষণ করছি এই যে মেট্রো রেলের কাজের জন্য যাকে কন্ট্রাক্ট দেওয়া হয়েছে একটা প্রাইভেট কন্ট্রাক্টারকে এটা দেওয়া হয়েছে। এরা থাকে বোম্বেতে, তারা ২০ বছর ধরে যেটুকু কাজ করবে বলেছিল সেটুকুও তারা করে উঠতে পারছে না। অন্যদিকে রাষ্ট্রায়ত্ত সংগঠন যেগুলি ছিল হিন্দুস্থান কনস্ট্রাকশন লিঃ, এন পি সি সি, গভর্নমেন্ট পরিচালিত তারা কিন্তু তাদের কাজ শেষ করেছেন। আজকে কলকাতার গর্ব

মেট্রো রেল এই হিন্দুস্থান কনস্ট্রাকশন যারা বোম্বে থেকে কাজ চালাচ্ছেন জানি না কাদের সুপারিশে তারা কন্ট্রাক্ট পেয়েছেন। তারা নিজেরা একটা মার্জিন রেখে ছোট ছোট কন্ট্রাক্টারদের কাছে কন্ট্রাক্ট দিয়ে দিচ্ছেন। কাজ শেষ করার ব্যাপারে তাদের ইচ্ছা নেই, তারা যেটা করছেন নিজেদের কন্ট্রাক্টারদের মধ্যে নিজেরাই বিরোধ লাগাবার চেষ্টা করছেন এবং শ্রমিকদের মধ্যে বিরোধ লাগিয়ে দেবার চেষ্টা করছেন। তাই আপনার কাছে অনুরোধ যাতে এই ব্যাপারে দেখেন। যাতে বর্ষার আগে হিন্দুস্থান কনস্ট্রাকশন যারা ২০ বছরের মধ্যে ৫৯৬ দিন কাজ বন্ধ করেছেন, সেখানে শ্রমিকদের কাজ বন্ধ করার সংখ্যা হচ্ছে ৬০ দিন। তারা যাতে আবার কাজ বন্ধ করে না দেন তার জন্য দৃষ্টি দেবার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরভিন কুমার সাউ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। টিটাগড় পেপার মিল নাম্বার ওয়ান দীর্ঘদিন ধরে বন্ধ আছে, এটা খোলার জন্য বি আই এফ আর যে একটা চুক্তি হয়েছিল ৩১শে জানুয়ারি ৯০, উড়িষ্যা গভর্নমেন্ট ৬ কোটি টাকা দেবেন, রাজ্য সরকার সাড়ে ৬ কোটি টাকা দেবেন আর আই ডি বি আই সাড়ে ১৮ কোটি টাকা দেবার কথা ছিল ২০শে জুন ৯০। এই বছরে খোলার কথা ছিল, কিন্তু আজকে পরিস্থিতি এমন দাঁড়িয়েছে উড়িষ্যা গভর্নমেন্টের যে টাকা দেবার কথা ছিল ৬ কোটি টাকা তারা দিয়ে দিয়েছেন রাজ্য সরকার সাড়ে ৬ কোটি টাকা দিয়ে দিয়েছেন, কিন্তু আই ডি বি আই-এর কাছে সবচেয়ে বেশি শেয়ার আছে, ওনারা এই টাকাটা দেননি। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে উনি সেন্ট্রাল গভর্নমেন্টকে প্রেসারাইজ করুন আর আই ডি বি আই যাতে দিয়ে দেয় টাকাটা সেটা দেখুন এবং টিটাগড় পেপার মিল নাম্বার ওয়ানটা খোলার ব্যবস্থা করুন।

[12-30 — 12-40 P.M.]

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত ও সড়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবঙ্গ সরকারের অধীনে পি ডবলিউ ডি-র যে রাস্তা ৩৪ নম্বর জাতীয় সড়কের লিঙ্ক রোডগুলিতে আমরা ইতিমধ্যে দেখেছি যেটা আগে ছিল না, পরবর্তীকালে দেখছি ঝুপড়ীর ঘর তুলে চাটাই-এর দোকান করে চায়ের দোকান করেছে। কিন্তু বর্তমানে আমরা দেখতে পাচ্ছি সেখানে কংক্রিটের পায়া তৈরি করে সেখানে বড় বড় ইমারত তৈরি করছে। ফলে সেখানে যাত্রীদের অসুবিধা হচ্ছে, বাস চলাচলের অসুবিধা হচ্ছে, এটা বামফ্রন্ট সরকারের উল্লেখযোগ্য সাফল্য। কিন্তু আমরা দেখছি যে শহরাঞ্চলে যে উদ্বৃত্ত বাড়ি আছে, একাধিক বাড়ি আছে সেগুলিকে অধিগ্রহণ করা হচ্ছে না এবং আমরা দেখতে পাচ্ছি যে, একটা বাড়ির মূল্য যা গ্রামাঞ্চলে ১০০ বিঘা জমির মূল্য তার থেকে অনেক কম এবং ১০০ বিঘা জমিতে যা আয় হয় মাসে বা বছরে, শহরাঞ্চলে তার থেকে বেশি আয় হয়। আমি মন্ত্রী মহাশয়কে বলছি, যেখানেতে গ্রামাঞ্চলে ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বন্টন করা হয়েছে। শহরাঞ্চলে হাজার হাজার ছিন্নমূল, গৃহহীন লোক আছে উদ্বৃত্ত বাড়িগুলি অধিগ্রহণ করা হোক তাদের স্বার্থে। যারা গৃহহীন, যারা ছিন্নমূল তাদের স্বার্থে এই ব্যবস্থা অবলম্বন করা হোক।

শ্রী জটু লাহিড়ী ঃ (অনুপস্থিত।)

শ্রী তপন হোড় ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে যে, ম্যাসানজোড় ড্যাম্পে ময়ূরাক্ষী ক্যনেলে চারটে পাম্প অকেজো হয়ে পড়ে রয়েছে। অকেজো হয়ে পড়ে থাকবার ফলে এবারে গ্রীষ্মে বিস্তীর্ণ এলাকাতে জল সরবরাহ করতে খুবই অসুবিধার মধ্যে পড়তে হয়েছে ময়ূরাক্ষী ক্যানেল দিয়ে। সেচের জল দেওয়া সম্ভব হয়নি। আপনারা জানেন যে, বীরভূম রাড় এলাকা হিসাবে সুবাদ আছে। জলের সমস্যাও আছে। গত দশ বছরে যে জল সরবরাহ করা গেছে, এই চারটে পাম্প বিকল হওয়ার জন্য সেই জল সরবরাহ করা সম্ভব হয়নি। ফলে বীরভূমে চাষের একটা বিরাট ক্ষতি হয়ে গেছে এবং প্রায় ১২ কোটি টাকার মতোন ক্ষতির পরিমাণ। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যাতে চারটে পাম্প অবিলম্বে সারাই করে জল সরবরাহের সুষ্ঠু ব্যবস্থা করা হয়।

শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ (অনুপস্থিত।)

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী এবং ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা বন্দর হলদিয়াতে বন্দর করবার জন্য জমি অধিগ্রহণ করেছে। যাদের জমি অধিগ্রহণ করেছে তাদের ২ হাজার টাকা করে ক্ষতিপূরণ দিয়েছে। কিন্তু বর্তমানে বন্দর কর্তৃপক্ষ ১০-১২ বছরের লিজ দিচ্ছে একর পিছু ১৫ লক্ষ টাকা করে এবং এককালীন চার বছরের সেলামী নিচ্ছে। এক লক্ষ টাকা সিকিউরিটি মানি হিসাবে নিচ্ছে। এক একর জমির জন্য বন্দর কর্তৃপক্ষের কাছ থেকে এককালীন প্রায় ৫ লক্ষ টাকা করে দিতে হবে। মাসে ১৫-২০ লক্ষ টাকা একর পিছু লিজ রেন্ট হিসাবে নিচ্ছে। এই জমি নিয়ে ফাটকাবাজি চলছে। রাজ্যের জমি নিয়ে ফটকাবাজি করছে। ভারতীয় সংবিধান অনুযায়ী এই জমির মালিক রাজ্য সরকার। যে জমিটা লাগছে না বন্দর কর্তৃপক্ষের সেটা রাজ্যে উন্নয়নের কাজে লাগবে। কল-কারখানা গড়ে উঠবে। এতবেশি লিজ রেন্ট বলে জমি নিতে চাইছে না। বিষয়টা খুব গুরুত্বপূর্ণ। রাজ্যের জমি নিয়ে ফাটকাবাজি করছেন। এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রবীন ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় উত্তর গঙ্গারামপুর এবং দক্ষিণ গঙ্গারামপুরের মাঝ খান দিয়ে মেদিনীপুর ক্যানেল আছে। ওখানে ১০-১৫ হাজার ব্যবসাদার আছেন, স্কুলের ছাত্র-ছাত্রীরা যাতায়াত করেন এবং গ্রামের মানুষও যাতায়াত করেন। সেখানে একটি কাঠের ব্রিজ আছে কিন্তু ব্রিজটি ভেঙ্গে গেছে। প্রতি বছর সেচ দপ্তরের টাকা খরচা হয় এবং কিছু ঠিকাদার এবং এক শ্রেণীর সরকারি কর্মচারির আঁতাতে ওই কাঠের ব্রিজটি মেরামতি করা হয় কিন্তু ঠিকভাবে নির্মাণ করা হয় না। বর্তমানে কাঠের ব্রিজটি ভেঙ্গে পড়ে গেছে। চার, পাঁচজন হাসপাতালে ভর্তি হয়ে রয়েছেন। স্থানীয় লোক পথ অবরোধ করেছিলেন সংস্কারের দাবিতে। মহকুমা শাসক প্রতিশ্রুতি দিয়েছিলেন ব্রিজটি যাতে হয় তার ব্যবস্থা করবেন। আমি

এই বিষয়ে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই ব্রিজটি সংস্কার করা হয় স্থানীয় মানুষের সুবিধার্থে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুচবিহার জেলার কুচলিবাড়ি সংলগ্ন বিভিন্ন অঞ্চলে সি আর পি এবং পুলিশ বাহিনীর তান্ডব এবং অত্যাচার কোন পর্যায়ে গিয়েছে তার জ্বলন্ত নজির, গতকাল বিকাল ৫টার সময় কুচলিবাড়ি সংলগ্ন ফুলকাডাবরী অঞ্চল ডাঙ্গারহাটে স্থানীয় এস ইউ সি অফিস সি আর পি বাহিনী হানা দেয় এবং ভেঙ্গে দেয়। অফিস থেকে সমস্ত কাগজপত্র নিয়ে যায়। এস ইউ সি কর্মীদের বাড়িতে বাড়িতে তল্লাসি চালাচ্ছে, ১৮ কোম্পানি সি আর পি অগণিত সশস্ত্র পুলিশ বাহিনী আজকে গোটা কুচলিবাড়ি এলাকায় দেখে মনে হয় যেন সাধারণ মানুষের বিরুদ্ধে সরকার যুদ্ধ ঘোষণা করেছেন। সেখানে একটা অঘোষিত জরুরি অবস্থা জারি করা হয়েছে। সেখানে মানুষের মতামতকে পদদলিত করে আজকে যেভাবে আন্তর্জাতিক চুক্তির নামে তিনবিঘা চুক্তি জনগণের উপর চাপিয়ে দিতে চাইছেন তাতে দুটো দেশের জনগণের মধ্যে যে সুসম্পর্ক ছিল, সেটা তিক্ত করে সমস্যাকে জটিল করে তুলছে। সুযোগ পাচ্ছে মৌলবাদী শক্তি। সুযোগ পাচ্ছে পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষে বি জে পি-র মতো মৌলবাদী শক্তি। এরা তার সুযোগ নিচ্ছে। গতকাল কমল গুহ এবং এস ইউ সি-র যৌথ পদযাত্রা হয়েছিল। পুলিশ সেখানে লাঠি চালিয়েছিল এবং সেখানে স্থানীয় এস ইউ সির নেতা শঙ্কর গাঙ্গুলি সহ ১০ জন এস ইউ সি কর্মীকে গ্রেপ্তার করেছে।

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা জরুরি বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে রেল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। সাউথ ইস্টার্ন রেলওয়ের আদ্রা-খড়গপুর সেকশন সেটা রেল কর্তৃপক্ষের অবহেলার চূড়ান্ত শিকার হয়েছে। তার ফলে মানুষকে চরম দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। সেখানকার রেলে বৈদ্যুতিকরণ করা হয়নি। সেখানে স্টিম ইঞ্জিনে রেল চলছে। সেখানে পুরী-আসানসোল প্যাসেঞ্জার আছে, সেটা পুরীও যায় না, আসানসোলও যায় না। আদ্রা থেকে খড়গপুর যায়। হাওড়া-হাতিয়া প্যাসেঞ্জার, সেটা হাতিয়াও যায় না, হাওড়াও যায় না। আদ্রা-খড়্গপুরের মধ্যে যাতায়াত করে। রাত্রে কলকাতায় আসার ট্রেন হাওড়া-চক্রধরপুর, তাতে বোকারোর কয়েকটা গাড়ি জুড়ে দেওয়া হয়েছে। তার ফলে অ্যাভারেজে এক ঘন্টা করে লেটে রান করছে। এই অবস্থায় যাত্রী সাধারণ চরম দুর্ভোগ ভোগ করছেন। ওখানে পি ডি আর রেলপথ তুলে দেওয়ার কথা হয়েছে। অথচ ন্যারোগেজকে যদি ব্রডগেজ করা হয় এবং তারকেশ্বরের সঙ্গে যুক্ত করা হয় তাদের লাভজনক হয়। তাই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

[12-40 — 12-50 P.M.]

শ্রী শিবদাস মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের অবতারণা করছি। পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু কয়েকদিন আগে বিধানসভায় দাঁড়িয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন, পুলিশের লক-আপে মারা গেলে এবং অত্যাচার হলে তদন্ত করে দেখা হবে। আমি নদীয়া জেলার তেহট্ট থানার কথা বলছি। গত মঙ্গলবার ৩০ বছরের ছেলে তার নাম জানু শেখ তাকে গ্রেপ্তার করে ধরে নিয়ে যায়। সেই জানু শেখ

পুলিশের লক-আপে তেহট্ট থানায় মারা যায় পুলিশের অমানুষিক অত্যাচারের ফলে। আমি মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি। কারণ তিনি বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন লক-আপে কারও মৃত্যু হওয়া উচিত নয়। মাননীয় মুখ্যমন্ত্রীর কথা পুলিশ বিভাগ শোনে না। নদীয়ার বিভিন্ন থানায় এরকম হচ্ছে। আমাদের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এস বি চ্যবন একটা কমিটি করেছেন, যে কমিটি মানবাধিকার লঙ্ঘনের ব্যাপারটা দেখবেন। তাতে অ্যামেনেস্টি ইন্টারন্যাশনালের লোকও আছেন। তারা লক-আপে খুন, ধর্ষণ অত্যাচার পশ্চিমবঙ্গের বিভিন্ন থানায় যেন দেখেন। নদীয়া জেলার কয়েকটি থানায়—করিমপুর, তেহট্ট, চাপড়ায় এই জিনিস চলছে। এমনই অবস্থা হয়েছে যে, পুলিশ আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কোনও কথা শুনছে না। তথাপি আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে বিচার চাইছি। সেই পুলিশ অফিসারের বরখাস্ত দাবি করছি। মুখ্যমন্ত্রীর পদত্যাগও দাবি করছি।

শ্রী মহঃ মহামুদ্দিন ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকা পশ্চিম দিনাজপুর জেলার চোপরা একটি সীমান্ত এলাকা। ওখানে বি এস এফ-এর লোকেরা সাধারণ মানুষদের উপর ভীষণ অত্যাচার চালাচ্ছে। এমনই অবস্থা হয়েছে, সীমান্ত থেকে ১৫ কিলোমিটার দূরবর্তী অঞ্চলের সাধারণ মানুষদের গরু, বাছুর, মহিষ সিজ করে অকশনে বিক্রি করে দিচ্ছে। তাদের জিজ্ঞাসা করলে বলে, গরু, মহিষ বাংলাদেশে পাচার হচ্ছিল, তাই তারা ধরেছে। সীমান্ত থেকে ১৫-২০ কিলোমিটার দূরে গ্রামের মধ্যে ঢুকে তারা এই জিনিস করছে। ফলে সাধারণ মানুষরা ভীষণ অসহায় বোধ করছে। সুতরাং অবিলম্বে এ বিষয়টা দেখার প্রয়োজন আছে। বিভিন্ন ভাবে বি এস এফ-এর লোকেরা ওখানে সাধারণ মানুষদের হয়রানি করছে। হাট বাজারে জিনিস নিয়ে যাওয়ার পথের মধ্যে তারা মানুষকে হয়রানি করছে, অত্যাচার করছে, জিনিসপত্র কেড়ে নিচ্ছে। এমনই অবস্থার তারা সৃষ্টি করছে যা ভাষায় বোঝানো সম্ভব নয়। সুতরাং এ বিষয়ে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী অজয় দে ঃ স্যার, আজকে সরকারের ভুল নীতির ফলে পশ্চিমবাংলার অর্থনীতি দেউলে হয়ে গেছে। বেসরকারি সংস্থার কাছ থেকে ঋণ নিয়েও সরকারি কর্মচারিদের নির্দিষ্ট সময়ে বেতন দেওয়া যাচ্ছে না। পে কমিশনের রিপোর্ট দীর্ঘদিন আগে প্রকাশিত হওয়া সত্ত্বেও রাজ্য সরকারি কর্মচারিদের আজও প্রাপ্য বকেয়া পাওনা থেকে বঞ্চিত করা হচ্ছে। শুধু তাই নয়, স্যার, এমবার্গো চালু করে বিভিন্ন রকমের উন্নয়নমূলক কাজ বন্ধ রাখা হয়েছে। আমার মনে হয় এই প্রথম এ মাসে সরকারি কর্মচারিরা ১ তারিখে বেতন পাবেন না। আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি বেতন সহ সরকারি কর্মচারিদের বিভিন্ন বকেয়া পাওনা অবিলম্বে মিটিয়ে দেওয়া হোক।

শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এখানে হাজির করতে চাই। স্যার, বর্তমানে হুগলি জেলার গ্রামাঞ্চলে গরুদের মধ্যে ব্যাপকভাবে এঁশে রোগ শুরু হয়েছে এবং এটা এপিডেমিক আকারে ছড়িয়ে পড়ছে। বহু গর্ভবতী গরু, দুধ দেওয়া গরু মারা যাচ্ছে। এঁশে রোগ প্রতিষেধক ভ্যাকসিন

সাধারণত সরকার থেকে দেওয়া হয়। কিন্তু বর্তমানে আইন হয়েছে, এর জন্য অর্দ্ধেক টাকা সরকার দেবে, অর্দ্ধেক টাকা সাধারণ চাষীরা দেবে। এর ফলে আমলাতান্ত্রিক জটিলতার মধ্যে দিয়ে সেই ভ্যাকসিন গ্রামে গিয়ে পৌঁছাচ্ছে না। শুধু হুগলি জেলাতেই কেন, বর্ষকালে সারা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলেই এঁশে রোগ এপিডেমিক আকারে ছড়িয়ে পড়ে। প্রতি বছরই এই পরিস্থিতির সৃষ্টি হয়। সুতরাং এ বছর যাতে সেই পরিস্থিতির সৃষ্টি ব্যাপক ভাবে না হতে পারে তার জন্য অবিলম্বে রাজ্য স্তরে থেকে জেলা স্তরের গ্রামাঞ্চলে টিম পাঠিয়ে গরুদের ভ্যাকসিন দেওয়ার ব্যবস্থা করা হোক। এই দাবি আমি প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে রাখছি। সেই উদ্দেশেই বিষয়টির প্রতি তার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সর্বাগ্রে মুখ্যমন্ত্রী, পরবর্তী কৃষিমন্ত্রী এবং পরিশেষে ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ২৫শে জুন, আগামীকাল ২৬শে জুন, আমাদের আন্তর্জাতিক চুক্তি তিন বিঘা ওপেন হবে। সেই স্পর্শকাতর বিষয়ের উপর আমার যেটুকু বক্তব্য আমার নির্বাচনী কেন্দ্র ময়নাগুড়ি কুচলিবাড়ির সবচেয়ে নিকটস্থ এলাকা। সেই কুচলিবাড়ির শতকরা ৮০ ভাগ পরিবারের কর্তা তারা শুধু সেখানে বাড়ি পাহারা দিচ্ছে, বাদ বাকি মহিলা এবং শিশু বেশির ভাগ আমার এলাকায় পাঠিয়ে দিয়েছে। যাদের সঙ্গতি আছে তারা বিভিন্ন গ্রামের বাড়ির মধ্যে ঢুকিয়ে আশ্রয় দিয়েছে এবং যাদের কোনও সঙ্গতি নেই, কৃষি মজুর, দিন আনে দিন খায়, তারা হাটখোলায় আশ্রয় নিয়েছে। হেলাপাকড়ি হাট, ভোটপট্টি হাট এবং ময়নাগুড়ি দুর্গাবাড়িতে তারা আশ্রয় নিয়েছে। আমি মনে করি এই যে সব দিন এনে দিন খাওয়া মানুষ এদের কিছু রিলিফের ব্যবস্থা করা হোক। কারণ আন্তর্জাতিক দায় আগামীকাল উত্তীর্ণ হয়ে যাবে, কিন্তু জাতীয় দায় আমাদের থেকে যাচ্ছে। সেইজন্য তাদের রিলিফের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি এবং ঐ সমস্ত আশ্রিত মানুষকে আবার কুচলিবাড়িতে ফিরিয়ে আনার ব্যবস্থা যেন যথাযথ ভাবে করা হয়। এখন কৃষি মরশুমে চলছে, অন্যান্য জমিতে তিনটি চাষ হয়ে গেছে। কিন্তু ওখানে মাত্র এক চাষ হয়েছে, কোথাও আবার পতিত পড়ে রয়েছে। এই সম্পর্কে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবদুস সালাম মুন্সি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিদ্যুতমন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে দেবগ্রাম সাব পাওয়ার স্টেশন থেকে বিদ্যুত সরবরাহ করা হয়। কিন্তু ঐ গোবরা, মাটিয়ারি, ফরিদপুর, এই তিনটি গ্রামসভা এলাকা যে সমস্ত বিদ্যুত চালিত সেচ ব্যবস্থা রয়েছে এবং কুটির ও ক্ষুদ্রশিল্পের ব্যবস্থা আছে, বিদ্যুতায়নের মাধ্যমে সেইগুলো চালিত হয়। কিন্তু বিদ্যুত সরবরাহে লো ভোল্টেজের ফলে সেই সেচ এবং ক্ষুদ্র ও কুটির শিল্প মার খাচ্ছে। সেই সমস্ত এলাকায় সেচ ব্যবস্থা এবং মাটিয়ারি এবং কাঁসা শিল্প এই সমস্ত যে ক্ষুদ্র শিল্প, এইগুলোকে বাঁচানোর জন্য নিয়মিত যাতে পর্যাপ্ত বিদ্যুত সরবরাহ করা যায় তার জন্য গোবরা অঞ্চলে আকুন্দবেড়িয়ায় একটা মিনি পাওয়ার স্টেশন স্থাপন করার জন্য বিদ্যুত মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় শ্রম মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন আমাদের রাজ্যে হাজার হাজার অসংগঠিত

বিড়ি শ্রমিক আছে। এই সমস্ত অসংগঠিত বিড়ি শিল্পের যে সমস্ত হাজার হাজার শ্রমিক আছে, তার মধ্যে শিশু থেকে আরম্ভ করে, মহিলা থেকে আরম্ভ করে সকলেই কাজ করছেন। তাদের ওয়েলফেয়ারের জন্য বিশেষ কোনও ব্যবস্থা নেই। এই ব্যাপারে শ্রম দপ্তরে আলোচনাও হয়েছে, অবিলম্বে তাদের প্রটেকশন দেবার জন্য এবং কয়েকটি বিধিও চালু করা হয়েছে। আমি এই সম্পর্কে একটা কথা বলতে চাই, এই সব অসংগঠিত বিড়ি শ্রমিকদের জন্য যাতে আইডেন্টিটি কার্ড, প্রভিডেন্ট ফান্ডে এবং মিনিমাম বেতন দেবার ব্যবস্থা করা হয়, এই সম্পর্কে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামীকাল তিনবিঘা চুক্তি কার্যকর হবে, এই তিন বিঘা চুক্তি কার্যকর করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে চুক্তি করেছিলেন ১৯৭৪ সালে, বামফ্রন্ট সরকার বিশেষ করে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং তার দল সেই সময় এই চুক্তির বিরোধিতা করেছিলেন। আজকে আমরা লক্ষ্য করছি, সংবাদ পত্রে লোকসভার বিরোধী দল নেতা মুখ্যমন্ত্রী (**) উদ্ধারের একটা প্রয়াস আছে বলে লোকসভার বিরোধী দল নেতা এই উক্তি করেছেন।

মিঃ স্পিকার ঃ মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর ব্যক্তিগত সম্পত্তি, এই সব কথা বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ (****)

মিঃ স্পিকার ঃ বাদ যাবে, বাদ যাবে এই সব বাদ যাবে।

[12-50 — 1-00 P.M.]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ির বিভিন্ন চা-বাগানে ১৯৭২ সালের মতোন সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। একশ্রেণীর পুলিশ অফিসার ট্রেড-ইউনিয়ন কর্মীদের উপর সমাজবিরোধীদের আক্রমণে মদত দিচ্ছে। ইতিমধ্যে বীরপাড়া দলগাঁও চা-বাগান ডিভিসনের ৫ জন শ্রমিককে হত্যা করা হয়েছে। ফালাকাটা কাদম্বিনী চা-বাগানে গজু উরাওকে গত ৮ জুন হত্যা করা হয়েছে। এই হত্যাকারীদের ধরা হচ্ছে না। হত্যাকারীরা বিভিন্ন ট্রেড ইউনিয়নের কর্মীদের উপর ডুয়ার্স চা-বাগান ওয়াকার্স ইউনিয়ন কর্মীদের হুমকি দিচ্ছে, বলছে, ডুয়ার্স চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়ন তোমরা যদি ছেড়ে না দাও তাহলে গজু উরাওয়ের মতোন অবস্থা হবে। আমি ওখানকার পুলিশ অফিসারকে ঘটনাটা বললাম। উনি বললেন, আমরা তিনবিঘা নিয়ে ব্যস্ত আছি। আমি স্বরাষ্ট্র সচিবকে এই কথা বললাম। উনি বললেন, তিনবিঘার ব্যাপারে সবাইকে দায়িত্ব দেওয়া হয়নি, ল-অ্যান্ড অর্ডার দেখার ব্যাপার পুলিশ অফিসারদের। সেইজন্য আমি মনে করি একশ্রেণীর পুলিশ অফিসার ষড়যন্ত্র করে বামফ্রন্টের ভাবমূর্তিকে নষ্ট করার চেষ্টা করছে। ডুয়ার্স চা-বাগানে ওয়ার্কাস ইউনিয়ন যারা করছে তাদের উপর যে হামলা হচ্ছে তা প্রতিহত করার কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমি অনুরোধ করছি, পুলিশ অফিসারদের এই সমস্ত কার্যকলাপ বন্ধ করা হোক এবং দোষী যে সমস্ত খুনি ব্যক্তিরা আছে তাদের

**Note :- [Expunged as ordered by the Chair]

অবিলম্বে গ্রেপ্তার করার ব্যবস্থা নেওয়া হোক।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন তার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ১৯৮৩ সালে আমাদের রাজ্যে ব্যক্তিগত রেশন কার্ড চালু হয়েছে। এই ব্যক্তিগত রেশন কার্ড চালু করবার পর গ্রামে মানুষের সাশ্রয় হয়েছে এবং তারা উপকৃত হয়েছে। কিন্তু দীর্ঘ ১০ বছর হতে চলল এই সমস্ত কার্ড বিভিন্ন জায়গায় ছিঁড়ে গেছে, নষ্ট হয়ে গেছে। সেগুলির পরিবর্তে নতুন রেশন কার্ড দেওয়ার জন্য এবং যে সমস্ত শিশু জন্মাছে তাদের জন্য যে পরিমাণ রেশন কার্ড দরকার তা সরবরাহ করা যাচ্ছে না। আমি ব্যক্তিগতভাবে মাননীয় খাদ্যমন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে কথা বলেছি। এরফলে গ্রামাঞ্চলে সঙ্কট দেখা দিয়েছে। সরকার ইতিমধ্যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন কতকগুলি নিত্যপ্রয়োজনীয় জিনিস রেশনের মাধ্যমে সরবরাহ করবে যাতে যাদের রেশন কার্ড আছে তাদের কাছ সঠিকভাবে পৌছায় এবং তারা উপকৃত হয়। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, আমি তাকে অনুরোধ করছি তিনি এই ব্যাপারে যেন হস্তক্ষেপ করেন।

শ্রী শান্তি গাঙ্গুলি ঃ (নট প্রেজেন্ট)

শ্রী কমলেন্দু সান্যাল ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার করিমপুর ২নং পঞ্চায়েত সমিতি, তেহট্ট ১ নম্বর পঞ্চায়েত সমিতি তেহট্ট ২ নম্বর পঞ্চায়েত সমিতি এলাকায় ৪টি জায়গার কথা উল্লেখ করব। যেমন, নন্দনপুর, নাজিরপুর, বেতাই এবং কলশুন্ডা এই ৪টি জায়গা থেকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দূরত্ব কমপক্ষে ১২ থেকে ১৫ কিলোমিটার হবে। রাত্রিবেলা এবং দিনেরবেলা গর্ভবতী মা, সাপে কাটা রোগী এবং বিশেষ করে আন্ত্রিকের যে যন্ত্রণা প্রত্যেক জায়গায় দেখা দিয়েছে, এদেরকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে গেলে পথের মধ্যে মৃত্যু হচ্ছে কিম্বা দুর্ঘটনা হচ্ছে। সুতরাং ওখানে সাবসিডিয়ারি হেলথ সেন্টার যাতে হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : Mr. Saugata Roy. Your mention is out of order.

ZERO HOUR

(গোলমাল)

শ্রী তপন হোড় ঃ মিঃ স্পিকার স্যার, আমি একটি বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এই যে গতকাল এবং গত দুদিন ধরে বৃষ্টির জন্য কলকাতায় যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে অনেক পথচারীর অসুবিধা হচ্ছে। যে সব জায়গায় বেশি জল জমছে সেইসব জায়গাগুলিকে চিহ্নিত করা দরকার, এবং চিহ্নিত করে পাম্প করে সেইসব জল তুলে ফেলার ব্যাপারে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে যথেষ্ট ভূমিকা নেবার দরকার আছে। তা ছাড়া পরিবহন বিভাগের বাসগুলি বৃষ্টির সময়ে যথাযথভাবে চলে না, যার জন্য অসংখ্য মানুষ বৃষ্টির সময়ে ভিজে গিয়ে কষ্ট পান, লোকে যাতে বৃষ্টির সময়ে

চলাচল করতে পারে আমি সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী অজয় দে ঃ স্যার, আজ শুধু কলকাতায় নয়, বাইরে থেকে লক্ষ লক্ষ মানুষ প্রতিদিন রুজি রোজগারের জন্য কলকাতায় আসছেন। গত বছর কলকাতার ৩০০ বছর পূর্ণ হয়েছে এবং সেজন্য অনেক ঘটা করে কলকাতার শহিদ মিনারকে আলোকোজ্জ্বল করা হয়েছে এবং ভিক্টোরিয়ায় লাইট অ্যাড সাউন্ড নামে ঝর্ণা তৈরি করা হয়েছে। সরকারি অর্থব্যয়ে নানা জাঁক জমক করে ঐস সব হয়েছে অথচ বৃষ্টিতে কলকাতায় হাঁটু ভর্তি জলে মানুষের হাঁটা চলার অসুবিধা হচ্ছে সেদিকে সরকারি কোনও ব্যবস্থা নেই। মহাকরণ, বিধানসভা এবং সর্বত্র জলে থৈ থৈ করছে, সেদিকে নজর না দিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করে লাইট অ্যান্ড সাউন্ড তৈরি হয়েছে।

[1-00 — 1-10 P.M.]

শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ সংবাদের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সাম্রাজ্যবাদী মার্কিন মুলুক থেকে একটি পত্রিকা প্রকাশিত হয়েছে, টাইম পত্রিকা। সেই পত্রিকার সংবাদে সেই সাম্রাজ্যবাদের ভারত বিরোধী আর একটি যে চক্রান্ত সেই চক্রান্ত প্রতিভাত হয়েছে। টাইম পত্রিকাটি আমার সঙ্গে রয়েছে। ডেমন ওয়ালেসের লেখা এই পত্রিকায় দি সোর্ড অফ ইসলাম বলে যে আর্টিকেলটি লেখা হয়েছে তাতে ২৪ পাতায় যে দেশগুলির বিন্যাস দেখানো হয়েছে সেখানে কাশ্মীরকে আবার একটা পৃথক রাষ্ট্র হিসাবে দেখানোর প্রচেষ্টা মার্কিন যুক্তরাষ্ট্রে প্রকাশিত এই টাইম পত্রিকায়। আমি জানতে চাই, এবং আমি উদ্বিগ্ন এই কারণে যে আজকে ঐ কাশ্মীরকে ভারতবর্ষের সঙ্গে একীকরণের যে প্রশ্ন সে সম্বন্ধে তাদের বিরোধিতা বার বার মার্কিন যুক্তরাষ্ট্র জাতি সংঘে আলোচনা করেছে, কিন্তু জানতাম তখন সমাজতান্ত্রিক সোভিয়েত ৪১ বার ভেটো প্রয়োগ করে ভারতবর্ষের অখন্ডতার প্রশ্নে কাশ্মীরকে ভারতবর্ষের মধ্যের একটা রাজ্য হিসাবে দেখাতে চেয়েছিলেন। আমাদের উদ্বেগের কারণ এই যে, আজ সমাজতান্ত্রিক সোভিয়েত, ইতিহাস হয়ে গেছে। জাতি সংঘে ভারতের অখন্ডতার প্রশ্নে দাঁড়াবার আমাদের জায়গা নেই। সেজন্য আমি এই সভা এবং মাননীয় বিরোধী সদস্য বন্ধু ও সকল মাননীয় সদস্যদের কাছে বলতে চাই যে সংবাদটি পরিবেশিত হয়েছে তাতে ভারতের বিচ্ছিন্নতাবাদী শক্তি কাশ্মীর লিবারেশন ফ্রন্ট কাশ্মীরকে আলাদা করে দিতে চাইছে। তাই আমি এই সভার কাছে আবেদন করতে চাই যে বিষয়টিকে দলীয় মতামতের মধ্যে সীমাবদ্ধ না রেখে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের এই আবেদন করতে হবে এবং এই সংবাদের বিরোধিতা করতে হবে। আজকে মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে কেন্দ্রীয় সরকারকে অবস্থান গ্রহণ করতে হবে, সাম্রাজ্যবাদ বিরোধী ভূমিকা গ্রহণ করতে হবে আমাদের দেশের স্বাধীনতা সার্বভৌমত্বের স্বার্থে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার, মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি অত্যন্ত বেদনাদায়ক অবস্থার মধ্যে। আমরা এই বিষয় নিয়ে মুলতুবি প্রস্তাব তুলতে চেয়েছিলাম, কিন্তু সেটা আপনি পড়ার অনুমতি দিয়েছেন, মুলতুবি প্রস্তাব অনুমোদন করেন নি। তাতে এই কথা বলতে চেয়েছিলাম যে, সারা মেদিনীপুর জেলায়

সন্ত্রাসের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। সেটা এমন জায়গায় গেছে যে, শাসক দলের পদক্ষেপে সেখানে একজন ডব্লু বি সি এস অফিসারকে গলা কেটে হত্যা করা হয়েছে যা নিয়ে সি পি এম কর্মীরা মিছিল করেছে। সেখানে একজন বিডিও একটি ভিডিও হলে অশ্লীল ছবি ধরতে গেলে মারা যান ; যখন নন্দীগ্রাম থানার সামনে কংগ্রেস কর্মীরা সি পি এম এর সশস্ত্র বাহিনীর হাতে আক্রান্ত হন, সেখানে তাদের বাধা দিতে গিয়ে পুলিশ মার খান। আমি এর জন্য শঙ্কিত নই। আমি উদ্বিগ্ন এই কারণে, বিগত কয়েক বছর ধরে যে কথা বলছি, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি একদলীয় শাসন-ব্যবস্থা প্রতিষ্ঠিত করবার জন্য পরিকল্পনামাফিক খুন করছে, লুঠ করছে, বাড়িতে আগুন দিচ্ছে এবং তারা এখন প্রশাসনের কর্তা-ব্যক্তিদেরও খুন করা শুরু করেছেন।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি খুব গুরুত্বপূর্ণ বিষয়ে সভার এবং মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে জানাতে চাই। বিষয়টা হচ্ছে সম্প্রতি প্রকাশিত, আমেরিকা সাম্রাজ্যবাদীরা তাদের গুপ্ত বিভাগ সি আই-এর মাধ্যমে ভারতসহ ৬টি দেশের বিরুদ্ধে তদন্ত চালাবে। এটা আমাদের গণতান্ত্রিক অধিকার এবং স্বাধীনতার উপর হস্তক্ষেপ। সেজন্য আমাদের এই বিধানসভা থেকে কেন্দ্রীয় সরকারের কাছে মুখ্যমন্ত্রী এবং আপনার মাধ্যমে এই কাজের প্রতিবাদ করা উচিত, কারণ আপনারা দেখেছেন যে, আই এম এফ-এর লোন নিয়ে আমাদের দেশের স্বাধীনতা বিক্রি করা হয়েছে। আজকে সি আই এ যদি এটা চালায় তাহলে পাঞ্জাব, কাশ্মীর এবং আসামের বোরোরা আরও বেশি বিচ্ছিন্নতাবাদী হয়ে উঠবে। আপনি জানেন, সি আই এ, বিভিন্ন দেশের সরকারের পরিবর্তন ঘটাচ্ছে, অন্যের স্বাধীনতা সার্বভৌমত্ব নষ্ট করছে। কাজেই আমাদের ভারতবর্ষে যাতে সি আই এ তাদের কার্যকলাপ চালাতে না পারে এই দাবি কেন্দ্রীয় সরকারের কাছে জানানো উচিত।

মিঃ স্পিকার ঃ মিঃ সৌগত রায়, আপনি আপনার জিরো আওয়ার মেনশন রাখুন।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্য সরকার তিনবিঘা চুক্তি কার্যকর করবার নামে কুচলিবাড়িকে একটা পুলিশ ক্যাম্পে পরিণত করেছে। আমরাও তিনবিঘা চুক্তি কার্যকর করবার পক্ষে। বি জে পি এই নিয়ে যদিও সাম্প্রদায়িক প্রপাগান্ডা করছে, কিন্তু তার মানে এই নয় যে, তারজন্য কুচলিবাড়ির মানুষদের বাড়িতে বাড়িতে গিয়ে পুলিশ.........।

মিঃ স্পিকার ঃ মিঃ রায়, আপনার জিরো আওয়ার মেনশন তিনবিঘা নিয়ে নয়, দার্জিলিং নিয়ে আছে। এটা হবে না। নট অ্যালাউড।

শ্রী সৌগত রায় ঃ তিনবিঘা নিয়ে মেনশন দিয়েছিলাম, কিন্তু আমাদের বলতে দেননি। সেজন্য আমরা আমাদের কথা বলতে চাই।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে এই সভাতে আপনার চেয়ারকে উদ্দেশ্য করে ব্যক্তি হিসাবে আপনাকে নয় আপনার চেয়ারের উদ্দেশ্য আগস্ট হাউসের যে মর্যাদা তাতে মাননীয় সদস্য সৌগত রায় এবং সত্যরঞ্জন বাপুলি অশালীন মন্তব্য করেছেন। আমার দাবি এই দুজনকে এই সভা থেকে আজকের মতো বহিষ্কার করে দেওয়া

হোক। আমি সিরিয়াসলি এই দাবি করছি তাদের সভা থেকে বার করে দেওয়া হোক সভার মর্যাদা রক্ষার জন্য, আপনার মর্যাদা রক্ষার জন্য। আশালিন, অসভ্য আচরণ এখানে তারা করেছেন। আমাদের একটা শিক্ষা আছে, সংস্কৃতি আন্দোলনের একটা ঐতিহ্য আছে, আমি তাদের এই সভা থেকে বহিষ্কারের দাবি জানাচ্ছি। এই সভা থেকে তাদের বহিষ্কার করে দেওয়া হোক অশালীন এবং অশোভন আচরণের জন্য।

(গোলমাল)

(সেভারেল কংগ্রেস (আই) মেম্বার রোজ টু স্পিক)

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া, শ্যামপুর এবং বাগনান এলাকার ২০ হাজার মৎস্যজীবী হুগলি এবং রূপনারায়ণ নদীতে মাছ ধরে। তারা সেখানে ইলিশ মাছ পাচ্ছে না। ২০ হাজার মৎস্যজীবী ব্যাঙ্ক লোন পেয়েছে। আজকে তারা মাছ পাচ্ছে না, তারা অনাহারে দিন যাপন করছে। এখন ব্যাঙ্ক থেকে নোটিশ করে তাদের লোনের জন্য তাদের নৌকা ক্রোক করছে। তাই আমি আপনার মাধ্যমে মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই মৎস্যজীবী জীবন-যাপন করতে পারে, তারা আজকে বিপন্ন, না খেয়ে দিন যাপন করছে, তাদের কিছু সুরাহা করা হোক, কিছু সাহায্য করা হোক।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ মাননীয় স্পিকার স্যার, মাত্র ২-৩ দিনের বর্ষায় কলকাতা জলমগ্ন হয়ে গিয়েছে। বর্ষা হলে কলকাতায় জল জমবে এটা কোনও নতুন কথা নয়, কিন্তু কলকাতা পৌরসভার অপদার্থতার কথা আপনাকে বলি। বালিগঞ্জ ড্রেনেজ পাম্পিং স্টেশন যেখান দিয়ে কলকাতার জল বেরোবে সেখানে দুটি মেশিন খারাপ হয়ে রয়েছে। পামার বাজার ড্রেনেজ পাম্পিং স্টেশন যেটা দিয়ে কলকাতা শহরের জল বেরোনোর জায়গা সেখানকার তিনটি মেশিন খারাপ। এই সমস্ত পাম্পিং স্টেশনগুলি মেশিন দিয়ে কলকাতা শহরের জল বের করে দেয়। মনসাতলা পাম্পিং স্টেশন, যাদবপুর পার্ক পাম্পিং স্টেশন এই রকম ৫টি পাম্পিং স্টেশনের মেশিন খারাপ হয়ে পড়ে রয়েছে। সেই কারণে কলকাতা জলে ভাসছে। এখানে ট্রাম নেই, বাস নেই, কোনও গাড়ি চলতে পারে না। কলকাতার যিনি মেয়র তার দায়িত্ব কলকাতা শহরের সমস্ত কিছু সঠিকভাবে দেখা তিনি সেখানে প্রমোদ ভ্রমণ করছেন, বেড়াচ্ছেন। এর মাধ্যমে তার অপদার্থতা প্রকাশ পাচ্ছে।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ডুয়ার্স অঞ্চলের বিশেষ করে জলপাইগুড়ি জেলায় বর্ষাতে বিচ্ছিন্ন হয়ে যায়। ইতিমধ্যে নানা কারণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অভাবে ম্যালেরিয়ায় ৬০ জনের মৃত্যু হয়েছে। সম্প্রতি আবার উদরাময় রোগ হতে শুরু করেছে। সম্প্রতি আমি এই ব্যাপারে জানিয়েছি এবং আজকেও জানাচ্ছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি একটা মেডিক্যাল স্টোর আলিপুরদুয়ারে করা হোক। এখানে প্রায়ই বলা হয়ে থাকে এবং স্বাস্থ্য দপ্তর থেকে বলা হয়েছে প্রিভেনশন ইজ বেটার দ্যান কিয়োর। সেখানে পরিশ্রুত জলের অভাব দেখা দিয়েছে। বনাঞ্চলে এবং চা-বাগিচা অঞ্চলে বিশেষ করে প্রিভেনশনের জন্য কিছু ঔষুধপত্র ডুয়ার্স অঞ্চলের জন্য

আলিপুরদুয়ারে এই বর্ষার সময় রাখা হয় তার জন্য আমি বিশেষ ভাবে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-10 — 2-00 P.M.(including adjournment)]

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় স্পিকার স্যার, একটি বিষয় নিয়ে বহুবার আলোচনা হয়েছে এবং আমরা, পশ্চিমবাংলার মানুষ উৎসুক দৃষ্টিতে তাকিয়ে ছিলাম ঐ বক্রেশ্বর থার্মাল প্রোজেক্টের দিকে। বক্রেশ্বর তাপবিদ্যুত কেন্দ্র করা হবে এটা আমরা অনেকবার শুনেছিলাম। রক্ত দিয়ে করব, এই প্রতিশ্রুতি শুনেছিলাম। সোভিয়েত রাশিয়ার উপরে নির্ভর করার পর, আজকে সোভিয়েত রাশিয়ার অস্তিত্ব পৃথিবীর মানচিত্রে নেই। তাই আমরা পরবর্তীকালে ও ই সি এফ একটি জাপানী সংস্থা এর কাছ থেকে ঋণ নিয়ে তাপবিদ্যুত কেন্দ্রটি হবার কথা শুনেছিলাম। কিন্তু আজাকে সংবাদপত্রে দেখলাম, বক্রেশ্বরের ব্যাপারে ও ই সি এফ-এর আপত্তি আছে। কারণ ওদের শর্ত হচ্ছে গ্লোবাল টেন্ডার করে করতে হবে। সেক্ষেত্রে গ্লোবাল টেন্ডার না ডেকে বেআইনি ভাবে কিছু পেটোয়া সংস্থাকে কাজ দেওয়া হয়েছে। যারফলে তারা সাহায্য দেবে না। এটা খুব উদ্বেগের বিষয়। আপনি মুখ্যমন্ত্রীকে বলুন এ সম্বন্ধে তিনি হাউসকে জানান। তাকে প্রকৃত তথ্য জানাতে বলুন।

श्री मनोहर तिरकी : माननीय स्पिकर सर, मे आपके माध्यम से बहुत ही महत्वपूर्ण विषय की और अर्थ मंत्री का ध्यान दिलाना चाहता हुँ। स्माल सेविंग स्कीम जैसे जिलेक्स फिनान्स एन्ड इन्भेस्टमेन्ट कम्पनी लिमिटड, फेभरिट स्माल सेविंग में लोग जो पेसा जमा करते है उनका मेच्युरिटी पेमेन्ट नही कर रही हे। गरीव लोग जो थोड़ा बहुत जमा किए है उनका पैसा नही दिया जा रहा है। शेयर घोटाला जो अभी चल रहा है इसमे लोग और चिन्तित हो गए हैं। अनः मे आपके माध्यम से अर्थ मंत्री से अनुरोध करँगा कि सरकार उसकी लाइसेन्स देती है, रिर्जव वैंक लाइसेन्स देती दै। अतः ऐसी कम्पनी में जन साधारण जो पैसा जमा करती है उनका पैसा जल्द-से-जल्द मिले यही अर्थ मंत्री के सामने आपके माध्यम से मे प्रस्ताव रखता हूँ।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ (********)

Mr. Speaker : Everything will be expunged from the record. Nothing will go on record.

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে যে বিষয়টি আমি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আনতে চাই, আমার ধারণা বিরোধী পক্ষ এই বিষয়ে আমার সাথে

Note : *[Expunged as ordered by the Chair]

একমত হবেন। স্যার, গতবারে ইউরোপীয়ান সরকার চাম্পিয়নশিপ যখন চলছিল তখন আমাদের দূরদর্শন গোটা দেশের মানুষকে তাদের ফাইনাল খেলা দেখিয়েছিল। এবারেও তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন গোটা সেমি-ফাইনাল এবং ফাইনাল খেলা সরাসরি সম্প্রচার করবেন। তারা ঘোষণা করেছিলেন—সেমি-ফাইনালের দুটি খেলাই হয়ে গেছে তাসত্ত্বেও এখনও দেখান নি। ফাইনাল খেলা যেটি আগামীকাল হবে সে সম্পর্কে তাদের কোনও ঘোষণা নেই। স্যার, আপনি জানেন যে, পশ্চিমবাংলার মানুষ ফুটবলপ্রেমী। আপনার মাধ্যমে আমি কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাতে চাই যাতে আগামীকাল ইউরোপীয়ান কাপের যে ফাইনাল খেলা হবে, সেই খেলাটি যেন সরাসরি ভারতবর্ষে দেখানো হয়।

শ্রীমতী মায়ারানী পাল : মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর কাছে একটি জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর পৌরসভার কর্মচারিরা ৯ মাস ধরে মাহিনা পায়নি, তাদেরকে ৯ মাসের বেতন দেওয়ার জন্য রাজ্য সরকারের কাছে ও পৌরমন্ত্রীর কাছে আমি দাবি জানাচ্ছি। এই সমস্ত কর্মচারিরা তারা নিদারুণ অভাব অনটন-এর মধ্যে দিন কাটাচ্ছেন, রাজ্য সরকার তাদের ব্যাপারে সম্পূর্ণ উদাসীনভাবে চলছেন এবং তাদের প্রতি বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে। তাই আমি আবেদন জানাচ্ছি অবিলম্বে যেন বহরমপুর পৌরসভার কর্মচারিদের ন্যায্য প্রাপ্য পাওনা টাকা দিয়ে দেওয়া হয়—এই ব্যাপারে আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2 P.M.)

(After Adjournment)

[2-00 — 2-10 P.M.]

Shri Siddhartha Shankar Ray : Sir, I beg to make a statement. We are deeply hurt and mortified at what and had happened before the mid-day adjournment hour. Points of order were not allowed to be raised. Serious charges of corruption all documented were not allowed to be mentioned. Various legitimate mention were declared out of order and parliamentary expressions ordinarily allowed were deleted and expunged. We feel that all this has been rather disgraceful and since we cannot move a vote of no confidence against you because the change of procedure has not yet became effective, Sir, with all humility and with great respect we have decided to go out of the House never to turn back for the rest of the session this time. Thank you.

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার : মাননীয় স্পিকার স্যার, আপনি আমাদের এই হাউসের কাস্টোডিয়ান। আপনি সভার মর্যাদা রক্ষা করেন। আপনি বিরোধীপক্ষকে আমাদের রুলসে যা আছে তার চেয়েও বেশি গণতান্ত্রিক অধিকার দিয়েছেন বিরোধীপক্ষের সদস্যদের এবং বিরোধীপক্ষের নেতাকে। ওরা সেটাকে মিসইউজ করেছেন। সৌগত রায় থেকে আরম্ভ করে প্রত্যেকে অশালীন আচরণ করেছেন। আমরা মনে করি, শুধু আপনার প্রতি নয় সভাকে

অবমাননা করেছেন। হাউসকে আবমাননা করেছেন। আমরা দাবি করেছিলাম, অভদ্র সৌগত রায়ের নাম করে সভা থেকে বহিষ্কার করা হোক। কিন্তু আপনি সহ্য করেছেন। বিরোধীপক্ষের সদস্য শ্রী সৌগত রায় এবং কংগ্রেসের বিরোধী নেতা শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় যা পয়েন্ট অফ অর্ডার যা বলেছেন তা আপনার প্রতি অবমাননা করা এবং বেরিয়ে গেলেন (walkout) করলেন তাতে আপনার প্রতি অবমাননা করা হয়েছে। সভাকে অমার্যাদা করা হয়েছে। যারা অভদ্রতা করবেন তাদেরকে বের করে দেবার অধিকার আপনার আছে। আপনি সভার মর্যাদাকে তুলে ধরেছেন। বারে বারে তারা অশালীন মন্তব্য করেছেন। আমরা এর তীব্র প্রতিবাদ করছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার স্যার, একটা আশঙ্কাজনক ঘটনা বিধানসভায় ঘটে গেল। আজ স্যার, সকাল থেকে বিরোধী দলের নেতা ব্যক্তিগত উদ্যোগে স্পিকারের চেয়ারকে লক্ষ্য করে এবং কংগ্রেস দল অশালীন মন্তব্য সাংবিধানিক নয় এমন মন্তব্য করেছেন। তা বাস্তবায়িত হল, এই মাত্র নাটকিয়ভাবে সভা ছেড়ে চলে যাবার মধ্য দিয়ে। আজকে বিধানসভায় যেটা ঘটেছে, সেটা বিচ্ছিন্ন ঘটনা বলে মনে করি না। যখন থেকে বিরোধী দলের নেতা সিদ্ধার্থ রায় হয়েছেন তখন থেকে এই অ্যাসেম্বলির ভিতরে এবং বাইরে গণতান্ত্রিক এবং পার্লামেন্টারি শিষ্টাচার ও পদ্ধতি বাদ দিয়ে বিশৃঙ্খলা এবং হিংসার মধ্য দিয়ে যাবার একটা প্রবণতা এই কংগ্রেস দলের মধ্যে আছে। এক দিকে হাউসের বাইরে হিংসাত্মক রাজনীতি আমদানি করে, অন্যদিকে হাউসের মধ্যে দাঁড়িয়ে এতদিনের প্রচলিত নিয়মের বিরোধিতা এবং তার নানা প্রতিফলন চেয়ারের উদ্দেশ্যে অশালীন মন্তব্য করার মধ্য দিয়ে। আমি দাবি করব, ওরা ওয়াক আউট করলেন কিনা সেটা জানি না, কিন্তু মাননীয় বিরোধী দলনেতা যে ভঙ্গিতে চেয়ারকে আক্রমণ করেছেন, যেভাবে সিদ্ধার্থ রায়, সৌগত রায় রাজনৈতিক দায়ীত্বজ্ঞানহীন কাজ করেছেন, কংগ্রেস নেতা উৎসাহ দিয়েছেন তা নিন্দার্হ। আমাদের বিধানসভা তারা যে ওয়াকআউট করে গিয়েছেন কিনা জানি না, কিন্তু এই সেশনের বাকি সময়ের জন্য সিদ্ধার্থ রায়, সৌগত রায় এবং সত্য বাপুলি চেয়ারের প্রতি এবং গোটা সভার প্রতি অশালীন মন্তব্য করার জন্য বহিষ্কার করার জন্য আমি প্রস্তাব রাখছি।

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমরা একটু আগেই দেখলাম বিরোধী পক্ষ এই সভা পরিত্যাগ করে চলে গেলেন এবং অভিযোগ কতকগুলো রেখে গেলেন। আমরা সকাল থেকে হাউসে লক্ষ্য করছি চেয়ারের উদ্দেশ্যে যে ভাষায় মন্তব্য করা হচ্ছিল, লেজিসলেচারে যারা দায়ীত্ব নিয়ে এসেছেন জনপ্রতিনিধি তারা এই ভাষা ব্যবহার করতে পারেন কিনা? লেজিসলেচার এই ভাষা ব্যবহার করে না চেয়ারের উদ্দেশ্যে। চেয়ারকে তারা 'তুই' বলে সম্বোধন করলেন যেটা রেড লাইট এরিয়াতে যে শব্দ ব্যবহার করা হয় সেই রকম শব্দ তারা ব্যবহার করলেন। তা সত্ত্বেও আমরা মনে করলাম আপনি যথেষ্ট সহনশীলতা দেখিয়ে তাদের বক্তৃতা করতে দিলেন এবং তারা বক্তৃতা দিচ্ছিলেন। আমি জানি না, অন্য কোনও অ্যাসেম্বলিতে এই জিনিস চলে কিনা। আপনি যথেষ্ট সহনশীলতার পরিচয় দিয়েছেন, এই জিনিসটা দেখেছি। উনি পরিকল্পিতভাবে চেয়ারকে উদ্দেশ্য করে গালাগলি করে গেলেন। একটু আগে মুখ্যমন্ত্রী এসেছিলেন, তার উদ্দেশ্যেও গালাগালি দিলেন এবং প্যানডামোনিয়াম সৃষ্টির চেষ্টা করছিলেন। সেই ব্যাপারটা চরিতার্থ না হওয়ার ফলে তারা চলে গেলেন। আমি

বলতে চাইছি, ভবিষ্যত প্রজন্মের কাছে কি উদাহরণ আমরা রাখতে যাচ্ছি? এই যদি লেজিসলেচরের ব্যবহার হয়, এই যদি উদাহরণ হয়ে থেকে যায়, ভবিষ্যতে যারা অ্যাসেম্বলিতে আসবেন তারা কি ভাববেন আমাদের সম্বন্ধে? কি নিয়ে আমরা দাঁড়াব তাদের সামনে? কংগ্রেস বন্ধুরা যা করে গেলেন এমনভাবে করে গেলেন তাতে একটা পরিকল্পনার প্রতিফলন ঘটেছে। হাউসের আইন-শৃঙ্খলার অবনতি ঘটাবার একটা গভীর চক্রান্ত চলছে যেটা ওরা হাউসে থাকার সময়েও বোঝা গিয়েছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই, এই চক্রান্তকারীরা সারা রাজ্যে আইন-শৃঙ্খলার অবনতি ঘটাবার চেষ্টা করছে এবং সেটা ছড়িয়ে দিচ্ছে। সেই চক্রান্তের বিরুদ্ধে যথেষ্ট তৎপরতা নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। আমি আশা করব তারা হাউসে যে ব্যবহার করেছেন সে সম্পর্কে যথেষ্ট ব্যবস্থা নেবেন এবং বহিষ্কার করার যে দাবি উঠেছে, আমি বলব, এমনকি বহিষ্কার করলেও আমি আপত্তি করব না।

[2-10 — 2-20 P.M.]

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ স্যার, কিছুক্ষণ আগে বিরোধী দলের পক্ষ থেকে আপনার প্রতি এবং হাউসের প্রতি যে অপমানজনক আচরণ করা হল তাকে নিন্দা করার ভাষা আমার জানা নেই। আমি অতীতে দেখেছি কংগ্রেস দলের সদস্যদের মধ্যে থেকে কিছু কিছু সদস্য কখনও কখনও এই জাতীয় আচরণ করেছেন। কিন্তু আজকে আমি বিরোধী দলের নেতা এবং বিশিষ্ট কংগ্রেসি সদস্যদের আচরণ দেখে আশ্চর্য হয়ে গেলাম। এই হাউসের বিশিষ্ট বিরোধী নেতাদের এই জাতীয় আচরণের অতীত নজির আছে কিনা আমার জানা নেই। এই হাউসে আমি দীর্ঘদিন আছি, ৬৭ সাল থেকে আছি, অতীতে কখনও এ জিনিস আমি দেখি নি। আমি ভাবতেও পারি নি সিদ্ধার্থবাবুর মতো ব্যক্তি এই জিনিস করতে পারেন। আমি আজ এখানে দেখলাম, তাই আমি বিশ্বাস করতে বাধ্য হচ্ছি। অবশ্য পশ্চিমবাংলার মানুষরা তাকে চেনেন। কিন্তু এত নিচে যে তিনি নামতে পারেন বোধ হয় এই ধারণা তাদের নেই। কাজেই আজকে মানববাবু এখানে যে প্রস্তাব এনেছেন—তাদের বহিষ্কার কবা যায় কিনা তা তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা—তা আপনি চিন্তা ভাবনা করবেন। আমরা জানি একজন বিরোধী দলের সদস্য কয়েক দিন আগে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়রের ঘর ভাঙচুর করেছেন। আমরা কালকে সেখানে গিয়েছিলাম। আমরা দেখে এসেছি পৌরসভার প্রচুর সম্পত্তির ক্ষতি করা হয়েছে। বিরোধী দলের পক্ষ থেকে আজকে বিভিন্ন জায়গায় এই ধরনের ঘটনা ঘটাবার চেষ্টা চলছে। আগামী দিনে আরও ভীষণ কিছু ঘটাবার জন্য আজকে এখান থেকেই উদ্যোগ শুরু করলেন। এত দিন বিচ্ছিন্নভাবে কিছু কিছু ঘটনা ঘটাচ্ছিলেন, এখন থেকে বড় আকারে ঘটাবার চেষ্টা করবেন। আইন-শৃঙ্খলার অবনতি ঘটাবার চেষ্টা করবেন। সেজন্য আমাদের সকলের সচেতন থাকা দরকার। আমাদের সচেতন থাকতে হবে এবং কড়া হাতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সমস্ত সদস্যরা আজকে এখানে চেয়ারের অবমাননা করেছেন, হাউসের প্রতি অবমাননা প্রদর্শন করেছেন তাদের বিরুদ্ধে কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে যে নক্কারজনক ঘটনা ঘটানো হল তা পরিষদীয় গণতন্ত্রের ইতিহাসে একটা কলঙ্কজনক

অধ্যায়। আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভা শুধু ভারতবর্ষের মধ্যেই নয়, বিশ্বের দরবারে একটা বিশিষ্ট স্থান অধিকার করে আছে। এটি একটি ঐতিহ্যশালী সভা এবং আপনার নেতৃত্বে পৃথিবীতে একটা বিশিষ্ট স্থান অধিকার করেছে। ভাবতেও অবাক লাগছে বিরোধী সদস্যরা এই সভার প্রতি চরম অপমানজনক ব্যবহার প্রদর্শন করলেন। আজকে ওরা যে কান্ড করলেন তাতে অবশ্যই আমাদের ওদের সম্বন্ধে চিন্তা ভাবনা করতে হবে। আমার মনে হয় ওরা পরিষদীয় গণতন্ত্রকে কবর দিতে চান। আজকে ওরা যে ঘটনা ঘটালেন তা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এর পেছনে ওদের সুপরিকল্পিত চক্রান্ত আছে। গতকাল আমরা হাওড়া পৌরসভায় গিয়ে দেখে এসেছি ওদেরই একজন মাননীয় সদস্য জটু লাহিড়ী সেখানে কি করেছেন। আজকে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী সে কথা এখানে উল্লেখ করেছেন এবং বলেছেন, সেখানে জটু লাহিড়ীর নেতৃত্বে কি রকম ভাঙচুর হয়েছে, কিভাবে সম্পত্তি নষ্ট হয়েছে। ওখানে যা হয়েছে তা আমরা গতকাল গিয়ে দেখে এসেছি এবং তা স্বচক্ষে না দেখলে বিশ্বাস করা যায় না। আজকে এখানে একই কায়দায় ওরা অশালীন আচরণ করে গেলেন। ওদের দলের সদস্যদের আচরণের পরিপ্রেক্ষিতে আপনি ওদের দলের দায়িত্বশীল নেতাকে সতর্ক করে দিয়ে বললেন, 'আপনি আপনার দলের সদস্যদের সাবধান করুন।' তথাপি ওরা ঐ রকম আচরণ করে গেলেন। ওদের দলের একজন প্রবীণ নেতা, আগে মন্ত্রী ছিলেন, গতকাল পঞ্চায়েত বিলের বিতর্কে অংশ গ্রহণ করে অশালীন শব্দ ব্যবহার করে বিভিন্ন মন্তব্য করে বক্তব্য রাখলেন। ফলে তার বক্তব্যের বহু অংশই আপনাকে বাদ দিতে হয়েছে। তাকে সতর্ক করে দিয়ে আপনি বললেন, 'আজকে আপনার ডিবেটের মান কোথায় নেমে যাচ্ছে দেখুন।'

আপনি পরিষদীয় গণতন্ত্রের কাস্টোডিয়ান, আপনি আমাদের বারবার বললেন, হাউসে অনেকবার বলেছেন, এমন কি বিভিন্ন সভাতে বলেন যে পরিষদীয় গণতন্ত্রে বিরোধী দলের সুযোগ বেশি। আমরা সব নির্দেশ মেনে চলি সব সময়। কিন্তু আজকে এই বদ্ নজির করতে দেওয়া ঠিক হবে না, যা আগামীদিনে পরিষদীয় গণতন্ত্রের কবর রচনা করার পথ পরিষ্কার করে দেবে। কংগ্রেসের মতো একটা বিচ্ছিন্নশক্তি এই জিনিস করতে চাইছে। কালকে নাকি একটা বেসরকারি প্রস্তাব আলোচনা হওয়ার কথা ল অ্যান্ড অর্ডারের উপর। এই রাজ্যে নাকি আইন শৃঙ্খলা নেই। যদি কেউ আইন শৃঙ্খলা নষ্ট করার মূলে থেকে থাকে, সে হচ্ছে ঐ কংগ্রেস। যদি কেউ এই সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করতে চান হাওড়া পৌরসভায় গেলে সেই অভিজ্ঞতা অর্জন করতে পারবেন। একজন ভূতপূর্ব কেন্দ্রীয় মন্ত্রী, তিনি বুক ফুলিয়ে বলেছেন, ওটা বামফ্রন্টের লোকেরা ঐ ভাঙচুর করেছে। আমি আপনার কাছে খুব বিনীত ভাবে আবেদন করব যে এই জিনিসটা ক্ষমা করা ঠিক হবে না। পরিষদীয় নিয়ম অনুযায়ী কঠোর হস্তে সভা পরিচালনা করে এই সভা থেকে একটা নির্দিষ্ট প্রস্তাব নেওয়া হোক, যারা পরিষদীয় গণতন্ত্রের কবর রচনা করবার জন্য জঘন্যতম ঘটনা এখানে ঘটালেন এই সিদ্ধার্থ বাবু, জয়নাল সাহেব, সৌগত রায়, সত্য বাপুলি এরা যে কান্ড ঘটিয়ে গেল। এটা পরিষদীয় গণতন্ত্রের পক্ষে একটা বিপদ। আমি খুব আতঙ্কিত, আশঙ্কিত হয়ে এই কথা বলছি যে পরিষদীয় নিয়ম অনুযায়ী এদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা যা নেবার কথা, আমি আশা করি, আপনি তা নেবেন। তাতে পশ্চিমবাংলার গর্ব আরও রক্ষিত হবে এবং ক্ষুন্ন হবে না। আশা করি সেই ব্যবস্থা নেবার ব্যাপারে আপনি একটুও দ্বিধাগ্রস্ত হবেন না, আমি আপনার দৃঢ়

সিদ্ধান্তকে সমর্থন করব।

[2-20 — 2-30 P.M.]

শ্রী লক্ষীকান্ত দে ঃ মিঃ স্পিকার স্যার, গতকাল থেকে আমরা দেখলাম কংগ্রেসি বন্ধুরা সংসদীয় রীতি, সংসদীয় আইন সমস্ত উপেক্ষা করে বিভিন্ন রকম কথাবার্তা বললেন, যার ফলে আপনাকে তাদের বিভিন্ন বক্তব্যকে এক্সপাঞ্জ করতে হয়। বিরোধী দল এবং তাদের নেতাদের একটা দায়িত্ব থাকে, সেই দায়িত্ব আইনসভার মধ্যে বিভিন্ন বিতর্কে অংশ গ্রহণ করা। অংশ গ্রহণ করে নিশ্চয়ই পশ্চিমবাংলার বিশেষ কোনও গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করা এবং তা নিয়ে দ্বন্দ্ব হয় বিভিন্ন ক্ষেত্রে এবং প্রতিফলিত করার ব্যাপারে বিভিন্ন ঘটনা ঘটে। এবারের অন্তত বিধানসভায় আপনি কোন বিষয়টা উত্থাপন করতে দেননি বিরোধী দলকে আমাদের জানা নেই। ল অ্যান্ড অর্ডার বা অন্যান্য যে কোনও বিষয়ে আপনি কোথাও জিরো আওয়ারে বলতে দিয়েছেন, কোথাও আপনি এমনি বলতে দিয়েছেন, কোথাও আবার আধ ঘণ্টার জন্য আলোচনা করতে দিয়েছেন, কোথাও কোয়েশ্চেন আওয়ার সাসপেন্ড করে বলতে দিয়েছেন। বহু রকম ঘটনা বিধানসভায় ঘটেছিল। নতুন কোনও ইমপর্টান্ট ঘটনা যেটা বিধানসভার মধ্যে উত্থাপন করার জরুরি হয়ে দাঁড়াল, না হলে হৈ চৈ, অশালীন কথা বিধানসভার রীতি নীতি বহির্ভূত কাজ কর্ম করা, সর্বোপরি আপনার চেয়ারের প্রতি অবমাননা করা। পশ্চিমবাংলার কোন ঘটনা যেটা এখানে আলোচনা হয়নি? আজকে এমন কি ঘটনা ঘটল? আসলে আমার মনে হয়েছে এমন কিছু ঘটনা ঘটতে চলেছে পরিকল্পিত ভাবে কংগ্রেস দল যেটা করতে চাইছেন, যেটা এখান থেকে সূত্রপাত করতে চাইছেন। শক্তিবাবু বলেছেন কালকে ১৮৫ মোশন কিছু আইন শৃঙ্খলার প্রশ্ন নিয়ে আলোচনা করা যেত খুব ভাল ভাবে। এবং সেই আলোচনার মধ্যে যে বক্তব্য ছিল সেটা সমালোচনার দৃষ্টিভঙ্গিতে করতেন, কোনও অসুবিধা ছিল না। নীতিটা কি? নীতিটা হচ্ছে, আমার কাছে যা মনে হয়েছে, বিভিন্ন ক্ষেত্রে আমাদের এই বেঞ্চ থেকে যা উত্থাপন করা হয়েছে যে তিন বিঘার প্রশ্নকে কেন্দ্র করে বি জে পি-র সঙ্গে ওদের একটা যোগাযোগ তৈরি হয়েছে নিচের তলায় গভীরে গিয়ে। কেন্দ্রীয় সরকার চুক্তি রূপায়ণ করার জন্য তৈরি হয়েছে। কেন্দ্রীয় সরকারের সেই চুক্তি রাজ্য সরকারের কেবলমাত্র কাজ হচ্ছে চুক্তি রূপায়ণ করার ব্যাপারটা, আর কিছু নয়। সেখানে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকারের সেই চুক্তি রাজ্য সরকার রূপায়ণ করতে যাচ্ছেন এবং আগামীকাল হচ্ছে চুক্তি রূপায়ণের দিন। এইরকম ঘটনা ঘটানোর জন্য বোধ হয় সিদ্ধার্থবাবু তৈরি হয়ে এসেছিলেন এবং গতকাল থেকে ঘটনাগুলি ঘটানোর চেষ্টা হচ্ছিল বলে মনে হচ্ছে। এ ছাড়া অন্য কোনও বিষয় আমি খুঁজে পাচ্ছি না। গুলি গোলা প্রশ্নের বিষয়ে আগেই উত্থাপিত হয়ে গেছে, আগামীকাল তার সুযোগও ছিল। আগামীকাল তারা ব্যবহার না করে এই জিনিস করলেন। আমি এই বিষয়টি দেখতে অনুরোধ করব, এই ব্যাপারটা দেখা উচিত, আমি অন্য কিছু বলব না এটা কেন এটাই কি তার মর্মবেদনা যে সিদ্ধার্থবাবু, তিনবিঘা নিয়ে কিছু করতে পারলেন না! এটা কি তার মর্মবেদনা গনিখান চৌধুরি মহাশয় প্রকাশ্যে বলেছেন, রাজ্যস্তরে কংগ্রেসের সঙ্গে কিছু বি জে পি নেতার যোগসূত্র স্থাপিত হয়েছে, এটা খবর কাগজে বেরিয়েছে। এটা কি মর্মবেদনা এতকরেও সিদ্ধার্থবাবু অন্য কিছু করতে পারলেন না। তিন বিঘাকে কেন্দ্র করে বি জে পি পিছনে থেকে যাচ্ছে এটাই কি তার মর্মবেদনা? আমার মনে হয়েছে এইসব

বিষয়গুলি সামনে রেখে ঘটনাগুলি ঘটিয়ে দিলেন প্রত্যক্ষভাবে। বিরোধী দলের নেতা যখন হাউসে থাকেন তখন হাউসের চেহারা অন্য হয়, বক্তব্য থেকে শুরু করে সব কিছু অন্য রকম হয়। ২ দিন বিরোধী দলের নেতা উপস্থিত ছিলেন, হাউসের চেহারা বদলে দিলেন। বিভিন্নভাবে অশালীন বক্তব্য কংগ্রেসি মেম্বাররা শুরু করেছিলেন। তিনি নির্দেশ দিচ্ছেন আর কংগ্রেসি বক্তারা অশালীন বক্তব্য রাখছেন। গতবারেও দেখলাম ঠিক শেষের দিনের আগের দিন ওরা বিধানসভা বয়কট করলেন, ২ দিন কি ১ দিন আগে, ঠিক মনে করি, তবে শেষের দিন ওরা ছিলেন না। এবারেও একদিন আগে বয়কটের কথা বলে চলে গেলেন। সুতরাং আপনার কাছে বলব, পশ্চিমবঙ্গ সরকারের ভাবা উচিত এবং কেন্দ্রীয় সরকারের ভাবা উচিত—কেবলমাত্র তিন বিঘা চুক্তি যাতে সুষ্ঠুভাবে রূপায়ণ না হয়, তাকে বানচাল করে দেবার চক্রান্ত করে এইভাবে তারা চলে গেলেন। আপনি বিভিন্ন ক্ষেত্রে সংসদীয় রীতিনীতি রক্ষা করছেন এবং রক্ষা করবেনও। আপনাকে যে কথা বললেন, বাইরে চলে আসুন তা ভাবা যায় না। সংসদীয় রীতিনীতির ক্ষেত্রে এইভাবে চেয়ারের প্রতি, ব্যক্তির নয়, চেয়ারের প্রতি যে অশালীন মন্তব্য করেছেন তার বিরুদ্ধে আপনার কিছু মন্তব্য করা উচিত, কিছু কথা বলা উচিত যাতে করে আগামীদিনে বিধানসভা শুধু নয়, সংসদীয় গণতন্ত্র রক্ষা করার ক্ষেত্রে আপনি ভূমিকা পালন করবেন এবং আমরাও পালন করব। এই হচ্ছে আমার মোটামুটি বক্তব্য।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই অধিবেশন প্রায় শেষ হতে চলল, তাই এই শেষ সময়ে এই বিধানসভায় আজকে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে এটা বাঞ্ছিত নয়। সংসদীয় গণতন্ত্রের যেটুকু অস্তিত্ব আমাদের দেশের আজও আছে, এই মঞ্চটিকে শেষ পর্যন্ত রক্ষা করা, সংসদীয় গণতন্ত্রের মানকে এই সংসদের মর্যাদা, চেয়ারের মর্যাদা সব টুকু রক্ষা করার দায়িত্ব বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ এই দু'পক্ষকে নিয়ে সংসদীয় গণতন্ত্রে, উভয়ের উপরই বর্তায়। ফলে এর মান যদি নিচে নামে তাহলে সেটা সকলের পক্ষে এবং দেশের পক্ষেও ক্ষতিকারক। আমি অন্য কোনও রকম মন্তব্য করতে চাই না, আমি শুধু এটুকু বলতে চাই যে, সংসদীয় রীতি নীতিকে বজায় রেখে এই মঞ্চটিকে যাতে উভয় পক্ষ ব্যবহার করতে পারেন—সরকার এবং বিরোধী পক্ষের মধ্যে মতাদর্শের পার্থক্য থাকতে পারে, সরকার এবং বিরোধী পক্ষের মধ্যে আলোচনা হতে পারে, তবে পরিবেশ এবং পরিস্থিতি এমন হওয়া উচিত নয় যাতে করে মঞ্চটিকে ব্যবহার করার ক্ষেত্রে নষ্ট হয়। ফলে সংসদীয় গণতন্ত্রের স্বার্থে আমি আশা করব অন্য কোনও কথা না বলে সেই পরিবেশ এবং পরিস্থিতি যাতে ফিরে আসে সেদিন থেকে একটা সর্বাত্মক উদ্যোগ হওয়া দরকার। এই পরিস্থিতি বাঞ্ছিত নয় এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 P.M.]

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু অন্য কথা বলব। কথাটা হল এই যে, আমি একটুও আশ্চর্য হই নি, কারণ যে মুহূর্তে মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় এই সভায় আসতে শুরু করেছেন তখনই ভেবেছি যে একটা কিছু ঘোঁট পাকাবেন। ওর অতীত খুব একটা গৌরবের নয়, আমি জানি উনি ঠিক এমন একটা পরিবার থেকে এসেছেন যার

ঐতিহ্য দিয়ে গর্ব অনুভব করা চলে। কিন্তু ১৯৭২ সালে ঐ ভদ্রলোকের নেতৃত্বে ১১০০ জন খুন হয়েছেন এবং বহু নারীর ইজ্জত নষ্ট হয়েছে এবং ঐ সময়ে ঐ ভদ্রলোকের নেতৃত্বেই গণতন্ত্রীদের জবাই হয়েছিল। ইতিমধ্যে উনি নির্বাচিত হয়ে এসে যে সব কথা বার্তা বাইরে এবং ভিতর বলছেন সেটা অন্তত ওর পারিবারিক কালচারের সঙ্গে মেলে না। গত বিধানসভা শেষ হবার আগের—আগের দিন উনি সিধু-কানহু ডহরে মাননীয় মুখ্যমন্ত্রীর সম্বন্ধে যে ভাষা প্রয়োগ করেছিলেন এই সভাতে অন্তত আমি তা বলতে পারব না। এই সভাতেও একজন মাননীয় মন্ত্রীর প্রতি ঐরকম—ও, ওকে ঐ গরুর মন্ত্রী—এই রকম বলেছিলেন, এই হল তার কালচার। উনি যাদের সঙ্গে ভেড়ি দখল করতে গিয়েছিলেন আমি এই সভাতে তাদের নাম, সংখ্যা এবং তাদের বিরুদ্ধে কেস সবই বলেছিলাম। আমি সেই বিপদের কথা ভাবছি, ভবিষ্যতে আমাদের গণতন্ত্র এই রাজ্যের ভিতরে যেখানে যাচ্ছে এই সভাতে মাননীয় মানব মুখার্জি এবং আমাদের পক্ষ থেকে আমরা বলেছিলাম, এই রকম নানাভাবে বি জে পি দলের সঙ্গে যোগাযোগ এবং তিন বিঘার যে চুক্তি যা আগামী দিনে কার্যকর হতে চলেছে—আমি জানি না তা তার নেতৃত্বে কোন ইঙ্গিত বহন করে নিয়ে আসছে। এই মুহূর্তে থেকে মাননীয় মুখ্যমন্ত্রীকে আরও বেশি সতর্ক হয়ে দেখতে হবে যে কোন গভীরে এর ষড়যন্ত্র লুকিয়ে আছে। আমি এটাই ভাবছি যে তাই এই ব্যর্থতা কোনও একটা ইস্যু নিয়ে—তা সে দার্জিলিং নিয়েই হোক, আর যে কোনও কিছু নিয়েই হোক—এই রাজ্যকে লন্ডভন্ড করে দিতে পারে। আগামীদিনে সভা শেষ হয়ে যাচ্ছে, আমাদের কংগ্রেস দলের এই চেহারা আমি সৌগত রায় বা সত্য বাপুলির সম্বন্ধে বলছি না—এটা একটা লজ্জার বিষয় যে সৌগত রায় শিক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্ত। গণতন্ত্রদের প্রতি যে অশালীন ভাষা ব্যবহার করেছেন, কংগ্রেস দলের পক্ষ থেকে আমি আপনার মাধ্যমে গণতন্ত্র প্রেমী মানুষদের ওদের কার্যকলাপ সম্বন্ধে সতর্ক থাকতে বলছি। বামপন্থী দলগুলিকেও সতর্ক থাকতে হবে কারণ কংগ্রেস বাহিরে গিয়ে মাঠে ময়দানে নানা দিকে ইস্যু নিয়ে লন্ড ভন্ড করার চেষ্টা করবে। আমি দেখছি ওদের একজন নেত্রী সৌভাগ্য এবং দুর্ভাগ্যবশতই হোক, তিনি কেন্দ্রের নেতৃত্বে আছেন, তিনি বিভিন্ন স্থানে বিভিন্ন রাউডিদের ঐক্যবদ্ধ করছেন, এবং মাননীয় সিদ্ধার্থবাবু বিভিন্ন জায়গায় আহ্বান জানাচ্ছেন যে সমস্ত সমাজবিরোধীদের এক হও। নিজের হাতে আইন-শৃঙ্খলা তুলে নেন, লন্ডভন্ড করেন এবং রাজ্যের আইন-শৃঙ্খলা ভঙ্গ করেন, সেখানে গণতন্ত্রের বিপদ সিদ্ধার্থশঙ্কর রায় স্বয়ং। আপনি আইনজ্ঞ, কিন্তু আমি আইনের কথা জানি না—কোন হত্যার পেছনে যারা প্রভোকেটর, ইনস্টিগেটর যারা, তাদের বিরুদ্ধে কিভাবে আইনজ্ঞ ব্যবস্থা নেওয়া যায় জানতে চাই। আগামী দিনে কংগ্রেস নেতৃত্বে যেসব খুন-খারাপি চলবে তার ষড়যন্ত্রকারী হিসাবে মদতদাতা হিসাবে ত্যর ঐ ভূমিকার জন্য যাতে তাকে পরবর্তীকালে অ্যারেস্ট করা হয় তার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি; বামফ্রন্ট সরকার এবং প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি। সেজন্য আজকে ওদের এই কাজের তীব্র নিন্দা করছি, তীব্র ভাষায় ধিক্কার দিচ্ছি। কংগ্রেসের এই যে রূপ, এটাই শেষ কথা নয়। তবে আমাদের গণতান্ত্রিক যে ঐতিহ্য সেই ঐতিহ্যকে সামনে, প্রগতিশীল গণতান্ত্রিক লড়াই করে, অতীতে তাদের সমস্ত চক্রান্তকে ব্যর্থ করে আমরা রাজ্যের গণতান্ত্রিক আন্দোলনকে এত সম্মানের জায়গায় প্রতিষ্ঠিত করেছি। আমরা সেই সম্মান নিয়ে রাজনৈতিক সচেতন মানুষের সহযোগিতায় ভবিষ্যতেও কংগ্রেসের সমস্ত চক্রান্তকে ব্যর্থ করে নিত্য নতুন জয়ের পথে এগিয়ে যাব। এই কংগ্রেসের সম্পূর্ণ জনবিরোধী ভূমিকার

তীব্র বিরোধিতা করে এবং বিরোধী দলের ধিক্কার জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধচন্দ্র সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় বিরোধী দলের পক্ষ থেকে যে ঘটনা সংঘটিত হল অত্যন্ত নিন্দনীয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভা শুরু হবার সময় থেকে বিধানসভার ভেতরে বিরোধী দলের মাননীয় সদস্যদের আচরণ সংসদীয় গণতন্ত্রের পক্ষে যথেষ্ট ক্ষতিকর ছিল। আমরা এখান থেকে শুনছিলাম, একজন সদস্য আপনার দিকে লক্ষ্য করে কিভাবে কটু মন্তব্য করছিলেন। বিধানসভার সদস্যদের যতটুকু আচার-আচরণ মেনে চলা উচিত সেই আচরণ না মেনে যদি কেউ কটু মন্তব্য প্রয়োগ করেন তাহলে আজকে যেসব সদস্য এখানে স্পিকার মহাশয়ের নিরপেক্ষতা সম্পর্কে কটাক্ষ করেছেন, ব্যক্তিগতভাবে তার প্রতি অপমানসূচক মন্তব্য করেছেন, তাদের নিশ্চয়ই শাস্তিবিধান হওয়া বাঞ্ছনীয়। এমন কোনও ঘটনা ঘটেনি যে কারণের জন্য আর দুই দিন সভা চলবে, আজকে এবং আগামীকাল—বয়কট করবার প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। আমরা সকলেই জানি যে, যে সদস্যরা মেনশনের সময় হাউসে উপস্থিত থাকেন না, তার নাম ডাকেন—তিনি উপস্থিত নেই। পরবর্তীকালে তাকে বলবার জন্য ডাকেন না। অতীতে এই ঘটনা অনেক ঘটেছে মেনশনের সময় নাম ডেকে না পাওয়ায় পরবর্তীকালে আর ডাকা হয়নি। আজকে ঐ একই ঘটনা ঘটেছে। এই সামান্য ঘটনাকে কেন্দ্র করে অধিবেশন বয়কট করবার মতো এতবড় কঠোর এবং কঠিন ভূমিকা গ্রহণ করবার প্রয়োজনীয়তা ছিল বলে মনে করি না। এর উদ্দেশ্য হচ্ছে, একটা পরিমন্ডল তৈরি করে পশ্চিমবঙ্গের জনগণকে বোঝানো যে, বিধানসভায় বিরোধী দলকে দমন করবার চেষ্টা হচ্ছে। কিন্তু আজকে সবার বুঝতে বাকি নেই যে, এখানকার অবস্থাটা ঠিক তার উল্টো, কারণ সভায় অনেককেই বলতে শুনা যায় যে, বিরোধী দলকে অধ্যক্ষ মহাশয় বেশি সুযোগ দিয়ে থাকেন। কোনও ক্ষেত্রে বিরোধী দলের অধিকার খর্ব করা হয়েছে বা কোনও বক্তাকে বলবার সুযোগ দেওয়া হয় নি এইরকম কোনও ঘটনা এখানে নেই। আমার মনে হয় আপনি অত্যন্ত উদার মানসিকতা নিয়ে তাদের প্রতি যে সহানুভুতিশীল আচার আচরণ করেছেন, তাদের অধিকার রক্ষার জন্য যে ভাবে তাদের প্রোটেকশন দিয়েছেন তার সঠিক তাৎপর্য্য তারা উপলব্ধি করতে পারেন নি। যার ফলে হয়ত তারা আজকে এই রকম অবাঞ্ছিতভাবে অমর্যাদাকর মন্তব্য করতে সাহস পেয়েছে। এই কথা ঠিক বিরোধী দলের নেতার আমাদের সঙ্গে রাজনৈতিক মতো পার্থক্য থাকতে পারে, কিন্তু ভারতবর্ষের রাজনীতিতে তিনি খুব সুপরিচিত। তার মতো ব্যক্তির উপস্থিতিতে এই জিনিস ঘটবে, সংসদীয় গণতন্ত্রে কালিমা লেপন হবে এটা অত্যন্ত নিন্দনীয়। আগামী দিনে বিধানসভা পরিচালনার ক্ষেত্রে এই ধরনের অবাঞ্ছিত ঘটনার পুনরাবৃত্তি না ঘটে প্রতিটি সদস্যকে তা মনে রাখতে হবে। এই হাউসের নিয়ম এবং আচরণ বিধি মেনে সমস্ত কিছু হলে এই হাউসের মর্যাদা বাড়বে। আমাদের এখানে সংসদীয় গণতন্ত্রের একটা ঐতিহ্য আছে, পশ্চিমবঙ্গ বিধানসভার একটা ঐতিহ্য আছে। পশ্চিমবঙ্গ বিধানসভার যেন কোনও কালিমা লেপন না হয় তার ব্যবস্থা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

RULING FROM CHAIR

Mr. Speaker : Today certain unpleasant incidents have taken place and certain allegations have been made against the Chair. This is very

unfortunate. In a Parliamentary system of democracy there are two sides—Ruling Party and the Opposition. In Parliamentary Democracy also the House belongs to the Opposition in the sense that it is a forum where the Opposition will get a chance to debate and to voice their grievances and to raise important and relevant matters relating to administration of State Government and Government policy. At the same time there are certain rights to which the Ruling party or parties are entitled. Once such right is the right to make their submissions and to be heard. No member of either side—the Opposition or the Ruling Party has a right to obstruct any member of either side while he is making his speech in the House. Parliament is the forum of unfettered speech or free speech. That is why according to Constitution, law and rules any statement made on the floor of the House or in Parliament cannot be challenged in a Court of Law. So, the speech has to be unfettered speech, it has to be a free speech. The speech or any part of his speech cannot be hindred or barred by any member. If a person while making his speech is embarrassed or obstructed by continuous noise, disturbances, then it would be unhindred speech. Leader of the House, who is the Chief Minister, has a role to play through the Chief Government Whip and the Parliamentary Affairs Minister to control the Members of the Ruling Party or to maintain the decorum of the House on behalf of the Ruling Party. At the same time leader of the Opposition has also a duty to control his members so that the decorum of the House on behalf of the Opposition is maintained. The member of the Opposition or the Ruling Party cannot come and claim, "While I am making my speech nobody will disturb me, but when somebody will make his speech I have the right to disturb him. It only creates obstruction and it should never be encouraged.

[2-40 — 2-50 P.M.]

That is not free speech and that should never be encouraged. I have completed ten years as Presiding Officer of the State. I am the seniormost Speaker in India. The people of the State, the people of my constituency have repeatedly elected me and members of this House have elected me to this position recognising the responsibilities that the chair holds and demands. I with all my failings, with all my inadequacies, with all my shortcomings have never claimed that I am competent and capable of holding the position. But in my humble way I have tried to fulfil the obligation that this chair demands. It is not on one occasion but on several occasions when the Opposition has praised me not only as a very good speaker but very best speaker in India. Records are there. It becomes very unfortunate when at times for personal gain or

personal vendatta certain situations are created which hinders the working of Parliament because this is the collective opinion of the State. The people of West Bengal have in their wisdom sent their representatives here. This represents the Collective wisdom of people of West Bengal. For five years they have sent their representatives here to work for them, to frame laws for them, to decide economic policies and to administer the State for them the ruling party and the opposition. And we are workers as such.

Allegations against me are that I have expunged parliamentary words. The allegations are that I have not allowed members to raise mention. I call upon the Leader of the Opposition to control his members. But what does he say? He says. "I will control them if the Chief Minister makes statement, if he talks." What does he want to say? What does it mean?

What does he want to say then—that he can control them on a condition that if the Chief Minister makes a statement. Otherwise he refuese to control them. Then the whole House is to be held at ransom according to dictates of the Leader of the Opposition. This is most unhealthy state of affairs for any Parliament to function and it is the self-respect of a Parliament not to bow down to this request. No Parliament should bow down to this request. It can never held at ransom either by the ruling party or by the opposition. We have allowed all subjects to be discussed. I do not know anywhere in India or even in national Parliament the time we allot, the subjects we discuss are allowed to be discussed. I do not know. Threadbare discussions have taken place time and again. Tinbigha issue has come time and again. Not one. It is coming and coming and coming. What you want to mention has to be written. Details have to be given. Parliament is not meant for vague expression. If it is vague it cannot be allowed.

It should not be allowed. I have not allowed it. In the Zero Hour some subjects have been given on Darjeeling. But a member chooses to mention about Tinbigha. I cannot allow it. If I allow it then I will be a weak person. Then I am not entitled to sit on this Chair. The convention and the practices of the Parliament do not allow it. If you have given the notice that you are going to raise a certain subject, then you have to raise that subject and nothing more. So if somebody thinks in this way—because I belong to the Opposition, because the common parlance of the House belongs to the Opposition, I can say whateveer I want good or bad then everybody will say that is a wrong understanding. I think this should not be done and they should correct

the understanding and understand the real meaning that Parliament belongs to the Opposition means that it is the forum for the Opposition to use the House according to the parliamentary conventions, practice and procedures. Not out of it and not in violation of it. But in support of it. I will again appeal to all members that there are times when the Ruling Party also behaved in an unruly manner. There have been very tough and difficult times. Sometimes the members were very adamant at that time. It is also the responsibility of the Ruling Party to behave themselves. At times they should control themselves because it has two parts—Ruling Party and the Opposition. If both can work together then Parliament functions properly. If one part does not function properly then it does not function. If the Opposition are not here then the Parliament does not function properly. We in our Rules Committee have decided to reduce the number required for moving a motion of no confidence against the Speaker and the Government. Because the Opposition does not have the requisite strength to move a no-confidence motion and I agreed to that. I am the Chairman of the Rules Committee. I wrote to the Government and the Government agreed to that and said. "Yes, you can reduce the number. Bring it to the limit so that they can move a no-confidence motion. We have agreed to that." What do they want to say ? We are not debarring them from moving a motion. In the next session they will have a chance to move a no-confidence motion against the Government, against myself. There will be a debate on that. We are giving all opportunities which they don't have today. They didn't that even today the requuisite number to move an adjournment motion. They don't have it most of the days. But everyday adjournment motions are filed. Why ? Why they are taking it casually ? Why they are taking the House casually ? When a political party files a notice of adjournment motion it means that they have the requisite strength to support that motions. But most of the days they don't have the strength to support a motion. But motions are filed. Why they are taking the House casually ? That is not a parliamentary procedure. Why it is being taken casually ? It is not that parliamentary practice. That should never be done. But it is being done everyday in and day after. I tested it one day. They did not have the strength. The motion failed. Then you will say that you are not admitting our motions. We are giving adjournment motions but you are not admitting it. So you are a very bad Speaker. Because you are belonging to CPI(M). Yes, I belong to a political party. Becasue the Constitution of our country, the laws of our country have entiled me to belong to a political party. I have told the Opposition on the last occasion that you shall try to amend the laws to make the office of the Speaker neutral. It is your responsibilty

not mine. Because you are governing at the centre. When you amend the law then I will decide whether I will remain as a Speaker or belong to the State Government of the party. The law still stands today. I am entitled to both. But as regards the application of the rules, show me where I have gone wrong. I would say. "No". I would like to say that you cannot show me a single incident. But you want to make a political game out of these things. It is unfortunate. It should never be done. I hope to see in the next session that there is a healthy parliamentary practice and procedure in the House. We should join together and make this system worked. Because if this collapses, then the system collapses, then the system may hang. It is not good for the people and the country. We should make all attempts to see that the system works sustained. Thank you.

Resolution for Ratification of the Constitution (Seventy-sixth Amendment) Bill, 1992

[2-50 — 3-00 P.M.]

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that this House ratifies the amendment to the Constitution of India falling within the purview of clause (a) of the proviso to clause (2) of article 368 thereof, proposed to be made by the Constitution (Seventy-sixth Amendment) Bill, 1992. as passed by the House of Parliament....মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রেজলিউশন এই সভায় উত্থাপন করা হয়েছে। এবং এর পটভূমিকায় আমি সভার সদস্যদের কাছে আমার বক্তব্য পেশ করতে চাইছি। আমাদের সংবিধানে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য যে বিধিব্যবস্থা আছে তাতে সংবিধানের ৫৪ ধারায় রাষ্ট্রপতিকে কারা নির্বাচন করবেন সেই সম্পর্কে ইলেক্ট্রোরাল কলেজের কথা বলা আছে। সেই ইলেক্ট্রোরাল কলেজে পার্লামেন্টের সদস্যগণ এবং রাজ্যের বিধানসভার সদস্যগণ ইলেক্ট্রোরাল কলেজের মেম্বার এবং তারাই কেবলমাত্র ভোট দিতে পারেন। কিন্তু যে সমস্ত ইউনিয়ন টেরিটরি, যেমন পন্ডিচেরি কিম্বা সম্প্রতি যে ন্যাশনাল ক্যাপিটাল টেরিটরি অফ দিল্লি যেটা তৈরি করা হয়েছে তার যারা নির্বাচিত সদস্য এবং সেখানে যে কাউন্সিলস অফ মিনিস্টারস আছেন তাদের কিন্তু এই রাষ্ট্রপতি নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবার অধিকার নেই। সেই কারণে ন্যাশনাল কাউন্সিলস টেরিটেরি অফ দিল্লি-র অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ কি আছে সেই সম্পর্কে কেন্দ্রীয় সরকার বালকৃষ্ণ নামে একটি কমিটি গঠন করেছেন এবং সেই কমিটির সুপারিশ অনুযায়ী সংবিধানের ৭৪তম সংশোধনী বিল পেশ করেছেন এবং এটা পেশ করা হয়েছে যাতে দিল্লির লেজিসলেটিভ অ্যাসেম্বলি এবং কাউন্সিল অফ মিনিস্টারস থাকবেন এবং দিল্লি প্রশাসন তাঁরা এটা পরিচালনা করবেন। এই দাবিটা অনেকদিন ধরেই উত্থাপিত হয়েছিল। রাষ্ট্রপতি ভারতবর্ষের শাসন ক্ষমতার সর্বোচ্চ শিখরে অধিষ্ঠিত রয়েছেন। তাকে নির্বাচন করবার যে পদ্ধতি রয়েছে সেই প্রক্রিয়ার মাধ্যমে সমস্ত বিধানসভার এবং কোনও রাজ্যের যারা নির্বাচিত সদস্য লেজিসলেটিভ অ্যাসেম্বলির তারা যাতে এই ভোটাধিকারের সুযোগটা পায় তার জন্যই এই ব্যবস্থা করা

হয়েছে। এটা আগে উন্নতি করা সম্ভব হয়নি। আমাদের সংবিধানে দুই রকমের সংশোধন করবার ব্যবস্থা আছে, একটা পার্লামেন্টের মাধ্যমে আইন সংশোধন করা যায়, আর একটি হচ্ছে, কিছু কিছু বিষয় আছে যে সংবিধান সংশোধন করতে গেলে পার্লামেন্টের কক্ষে টু থার্ডস সংখ্যাধিক্যের জোরে সেই বিল পেশ করতে হবে। ভারতবর্ষে যতগুলি রাজ্য আছে সেই রাজ্যের মধ্যে পঞ্চাশ শতাংশ রাজ্যকে সেই বিলের স্বপক্ষে মত দিতে হবে তবেই সংবিধান সংশোধন করা যায়। আমাদের সংবিধানের ৩৬৪ নম্বর ধারায় বা ধারামতে অর্থাৎ আর্টিকেল ৫৫/৭৩/১৬২/২৪১/- এইগুলিকে পরিবর্তন করতে গেলে পার্লামেন্টে আইন পাস করেই পরিবর্তন করতে পারবে না। পন্ডিচেরিতে আমাদের যে ইউনিয়ন টেরিটরি আছে, কেন্দ্রশাসিত রাজ্য আছে, তার লেজিসলেটিভ অ্যাসেম্বলির সদস্য এবং আমাদের দিল্লির ন্যাশনাল ক্যাপিটাল যেটা তৈরি হয়েছে তার যারা বিধানসভার সদস্য হবেন এবং তারা যাতে অর্থাৎ রাষ্ট্রপতি নির্বাচনে অর্থাৎ ইলেক্ট্রোরাল ক্লজের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারেন তার জন্যই এই সংশোধনী আনা হয়েছে। অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ আমাদের যেখানে ইলেক্ট্রোরাল ক্লজের কথা বলা হয়েছে সেই ইলেক্ট্রোরাল ক্লজে 'দি স্টেটস' শব্দটা ব্যবহার করা হয়েছে Explanation in this article and in article 55. "State" includes the National Capital Territory of Delhi and the Union territory of Pondicherry. দিল্লি কিম্বা পন্ডিচেরির সদস্য যারা তারা এই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। এই উদ্দেশ্য নিয়েই এই বিল সংশোধন করা হয়েছে এবং লোকসভাতে ও রাজ্যসভাতে পেশ করা হয়েছে। এই সিদ্ধান্ত গ্রহণ করবার জন্য আমরা মনে করি রাষ্ট্রপতি নির্বাচনের মতো গুরুত্বপূর্ণ নির্বাচন দেশের সমস্ত অংশের জনপ্রতিনিধির অধিকার থাকাটা সঙ্গত এবং বাঞ্ছনীয়। সুতরাং যে রেজলিউশন আনা হয়েছে সেই রেজলিউশন সকলে গ্রহণ করবেন আশা করি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে র‍্যাটিফিকেশনের জন্য যে রেজলিউশন এসেছে তা আন্তরিকভাবে সমর্থন করছি। আমরা চাই গণতন্ত্র সবচেয়ে বেশি লোক অংশ গ্রহণ করুন তাতে ভালভাবে কাজ হবে। আমরা দিল্লির অযৌক্তিক কাজের বিরোধিতা করলেও সব সময় দিল্লির ভাল কাজকে সমর্থন করে থাকি। আজকে আশ্চর্য হলাম এইটা এসেছে দিল্লির পার্লামেন্টে পাশ হয়ে, এখানে আমাদের মত নেবার জন্য। কংগ্রেস নেতারা এইটা পাস করে দিয়ে বাইরে গেলে পারতেন। কিন্তু এইটার ব্যাপারে মতামত না রেখে বাইরে চলে গেলেন। ওরা কি দিল্লিকে মানেন না? দিল্লিতে ওদের রাজত্ব চলুক এটা চান না? আজকে এইটা সমর্থন না করে চলে গেলেন। আজকে উচিত ছিল এই কনস্টিটিউশন চেঞ্জে তাদের মতামত জানিয়ে এক সঙ্গে সর্বসম্মতিক্রমে পাস করার। কিন্তু আশ্চর্য হয়ে গেলাম, এটা একটা ইমপর্টেন্ট ব্যাপার, অথচ এই ব্যাপারে মতামত না দিয়ে চলে গেলেন। তবুও আশ্চর্য হই নি এইজন্য যে কালকে শেষ দিন, স্পিকারকে ধন্যবাদ দিতে হয়। আপনি ওদের অনেক সুযোগ-সুবিধা দিয়েছেন, কেমন করে অসভ্যতা করেন, তাই এই রকম অসভ্যতার করে চলে গেলেন এবং পার্লামেন্ট থেকে যে ভাল জিনিস পাস করেছেন তাকে সমর্থন করলেন না। আমি আন্তরিকভাবে সমর্থন করছি এবং পার্লামেন্ট এবং দিল্লি থেকে যে একটা ভাল জিনিস পাস হয়েছে সেজন্য ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে রেজলিউশন এসেছে এতে বিরোধী দলের সদস্যরা উপস্থিত থাকলে তারা সমর্থন করতেন নিশ্চয়। লোকসভা এবং রাজ্যসভা এইটা পাস করেছে। এইটা সরকার এবং বিরোধী পক্ষ ঐক্যমত হয়ে পাস করতে পারলে ভাল হত। কিন্তু দুঃখের বিষয় এই রকম যে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ না করে তারা সভা বয়কট করে চলে গেলেন। তাদের যে দায়িত্ব ছিল সেই দায়িত্ব পালনে অবহেলা করে চলে গেলেন। এই রেজলিউশন সম্পর্কে নতুন করে আর বলার কিছু নেই। এর উদ্দেশ্য সাধু এবং মহৎ। ভারতবর্ষে গণতন্ত্র আছে এবং সেই গণতন্ত্রে সমস্ত মানুষ যাতে সুযোগ ভোগ করতে পারে সেটা দেখা দরকার। ১৯৬৩ সালে পন্ডিচেরি ইউনিয়ন টেরিটোরি হিসাবে সংগঠিত হয়। তখন পন্ডিচেরি বিধানসভা বা লেজিসলেটিভ অ্যাসেম্বলি ভোটের অধিকার থেকে বঞ্চিত ছিলেন এই ব্যাপারে। সেই ভোটের অধিকার দেওয়া হল। আগামী দিনে ন্যাশনাল ক্যাপিটাল টেরিটরি করার জন্য ডেলিমিটেশনের কাজ চলছে। সেই ডেলিমিটেশনের কাজ হয়ে গেলে তার সদস্যরা এর সুযোগ ভোগ করতে পারবেন। এই রেজলিউশনটা সমর্থন করার জন্য আমাদের সদস্যরা যারা আছেন তাদের ধন্যবাদ জানাচ্ছি এবং এই রেজলিউশনটা পাস করার জন্য সভার সকলের কাছে অনুরোধ জানাচ্ছি।

The motion of Shri Prabodh Chandra Sinha that—

"That this House ratifies the amendment to the Constitution of India falling within the purview of clause (a) of the proviso to clause (2) of article 368 thereof, proposed to be made by the Constitution (Seventy-sixty Amendment) Bill, 1992, as passed by the Houses of Parliament."

was then put and agreed to.

LEGISLATION

The West Bengal Eemployment Schemee Loans (Recovery) Bill, 1992

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1992 be taken into consideration.

Mr. Spaker : The Hon'ble Minister-in-charge will please explain the circumstances, necessitating the introduction of the Bill.

Shri Benoy Krishna Chowdhury : Sir, there is a legislation, viz., West Bengal Credit Operation Act whereby bank loans given for Agricultural purposes can by recovered as public demand by resorting to certificate proceeding. But there is no similar provision for recovery of bank loans given for non-Agricultural purposes, especially in connection with self Employment Scheme for the Registered Unemployment

(SESRU).

There was an old legislation, namely, West Bengal Employment Loan (Recovery) Act 1976 which was applicable only to loans sanctioned under the Additional Employment Programme (AEP). The State Government intends to make the legislation much more broad based so as to include all kinds of bank financed Self Employment Schemes. Not only the bank loans but also margin money loans sanctioned by the State Government, loans issued by Financial Corporations or Cooperative Credit Societies and Land Development Banks would also be recoverable as public demand. Already there has been huge investment, both by the State Government and the banks for financing the Self Employment Schemes. The State Government should therefore be armed with necessary legislation for recovery of loan particularly form wilful defaulters. Hence in the bill.

[3-00 — 3-10 P.M.]

শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি সদ্ব্যবহার মন্ত্রী মহোদয় যে বিলটি উত্থাপন করেছেন,—'দি ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট স্কীম লোনস (রিকভারি) বিল, ১৯৯২ :' এটাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করে দু-একটি কথা আপনার সামনে উপস্থাপিত করতে চাই। একজিসটিং ল—'দি ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট স্কীম লোন (রিকভারি) অ্যাক্ট, ১৯৭৬ এটা শুধু মাত্র এ ই পি অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের ক্ষেত্রেই অ্যাপ্লিকেব্‌ল। ফলে এর দ্বারা এ ই পি ছাড়া বাকি ক্ষেত্রগুলিকে কভার করা যাচ্ছে না। ফলে ওটাকে রিপিল্ড করা হচ্ছে ' দি ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট স্কীম লোনস (রিকভারি) বিল, ১৯৯২-র দ্বারা। অর্থাৎ আগের অ্যাক্টকে পরিবর্তন করতেই এই বিলটা আনা হয়েছে। এই বিলটি অ্যাক্টে পরিণত হলে সেলফ এমপ্লয়মেন্ট স্কীম ফর রেজিস্টার্ড আন-এমপ্লয়েড 'সেসরু' এবং অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম—যেটা আগে ছিল, এই দুটো ক্ষেত্রেরই লোন রিকভার করা সম্ভব হবে। যে অসুবিধাগুলি এখন আছে সেগুলি দূর করা যাবে। স্যার, আপনি জানেন এখন 'সেসরু' এবং 'এ ই পি', এই দুটো প্রোগ্রামের প্রচুর টাকা লোন দেওয়া হচ্ছে। 'AEP is administered by the Development and Planning Department through cottage and Small Scale Industries Department, Transport Department and Youth Services Department. 10 percent of the Project cost under this programme is provided as margin money assistance which is a loan recoverable after the realisation of bank loan or after 8 years since the sanction of margin money whichever is earlier'. Therefore, under the AEP, 90 percent of the project cost is provided by the bank as loan. In the case of Scheduled Castes and Scheduled Tribes, physically handicapped entrepreneurs, ex-servicemen snd industrial cooperatives, the margin money assistance may be extended upto 20 percent of the total project cost and the balance amount is provided by banks

as loan. এই যেগুলো আছে, এই রিকভারি করার উদ্দেশ্যে এই বিলটা আনা হয়েছে। আমরা এর অবজেক্টিভের মধ্যে দেখতে পাচ্ছি The State Government should, therefore, be armed with broadbased law so as to include all kinds of bank-financed self employment schemes. Not only the bank finance, but also the margin money loans sanctioned by the State Government, should be recoverable as public demand. Furthermore, apart from loans sanctioned by banks, loans issued by any financial corporation or co-operative credit society or land development bank should also be similarly recoverable. Already there has been huge investment, both by the State Government and the banks for financing the self employment schemes. The recovery position has not been staisfactory so far, and the banks are feeling reluctant to go all out in the self employment sector without being armed with necessary legislation for recovery of the loan, particularly from the wilful defaulters. আমরা এটা দেখতে পাচ্ছি যে সেন্ট্রাল গভর্নমেন্টের যে সমস্ত শিডিউল ব্যাঙ্কগুলো আছে বা ন্যাশনালাইজ ব্যাঙ্কগুলো আছে, সেইগুলো তারা দায়িত্ব নিতে চাইছে না। এই লোনগুলো রিকভার করার ব্যপারে। তার ফলে আমাদের যে সমস্ত এখনও যারা দারিদ্রসীমার নিচে রয়ে গেছে, তাদের যদি আমাদের লোন দিতে হয়, তাহলে ব্যাঙ্ক দায়িত্ব নিতে চাইছে না এবং সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে তাই সেই সমস্ত লোনগুলো রিকভার করার প্রয়োজন, এই উদ্দেশ্য ব্যাঙ্কগুলো বলছে যদি ঠিকমতো আইন না থাকে তাহলে আমরা এই সমস্ত ডিফলটারদের কাছে যেতে পারব না। তাই বায়না ধরা হয়েছে পুরানো যে ৭৬ সালের আইন সেই আইন চলবে না। এতে শুধু এ ই পি, এখন সেসরুকেও এরমধ্যে ঢোকাতে হবে। banks are feeling reluctant to go all out in the self employment sector without being armed with necessary legislation for reovery of the loan, particularly from wilful defaulters. আমরা এটা দেখেছি, আজকে যারা এখান থেকে একটা ষড়যন্ত্র করে ছুতোনাতা করে পালিয়ে গেল, আমরা দেখেছি তারাই— আমি ৭৮ সালে একটা ব্লকের পঞ্চায়েত সমিতির সদস্য ছিলাম, যাদের লোন দেওয়া হয়েছিল তাদের তারা বললেন, কংগ্রেসের তরফ থেকে বলা হয়েছিল, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের লোন, এটা ফেরত দিতে হবে না। এই সব প্রোপাগান্ডা তারা করেছিলেন। বামফ্রন্ট সরকার লোন দিয়ে যারা দারিদ্র সীমার নিচে বাস করে তাদেরকে উপরে তোলার সেই পথটা তারা বন্ধ করে দেবার চেষ্টা করেছিলেন। সেই জন্যই আজকে এই বিলটা আনতে হয়েছে। The State Government therefore considers it expedient and necessary to enact a law so as to facilitate the recovery of all kinds of loan to be provided under the self-employment programme of the state. এই কারণে এই বিলটি আনা হয়েছে এবং এর উদ্দেশ্য এখানে ব্যাখ্যা করা হয়েছে। সুতরাং আমি সম্পূর্ণভাবে এই বিলটিকে সমর্থন করছি এবং এটা যাতে আইনে পরিণত হয় তার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। আমার জেলায় দেখেছি, ব্যাঙ্কের কাছে

আমরা ২০০-৩০০টি কেস রেকমেন্ড করলে দেখা গেল ১৯ থেকে ২০ জন লোক লোন পাচ্ছে। তার কারণ হল, তাদের বক্তব্য হচ্ছে টাকা আদায় হয় না, এটা ঠিকই। এখানে কো-অপারেটিভ ব্যাঙ্ক বা অন্যান্য ব্যাঙ্কে ইনক্লুড করা হয়েছে। এই বিল সময় উপযোগী হয়েছে এবং কাজের সুবিধা হবে বলে মনে করি। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি কথা বলতে চাই, এই সম্বন্ধে প্রভিসন এখানে দেখলাম না। ১ নম্বর হচ্ছে, এই যে টাকা দিচ্ছে, এই টাকা আদায় করার ইনফ্রাস্ট্রাকচার কোনও ব্যাঙ্ক যদি না রাখে অর্থাৎ টাকা আদায়ের তাগিদ না দেয় তাহলে এইসব বেকার যুবকরা অসুবিধার মধ্যে পড়ে যাবে। একটা বেকার যুবককে ঋণ দেওয়া হল কিন্তু ঋণ দেওয়ার পর আদায় করার ক্ষেত্রে ব্যাঙ্কের কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। আমি আমার জেলায় দেখেছি, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া টাকা আদায় করছে না। এখানে আইনে প্রয়োগ হয়েছে কিন্তু টাকা অদায় করার ক্ষেত্রে যদি ইনফ্রাস্ট্রাকচার না রাখে তাহলে কোনও টাকা আদায় হবে না। এই আইনের ব্যবস্থা হলে ব্যাঙ্ক মনে করছে, আইন আছে, শেষ মুহূর্তে যখন ল্যাপ্স করবে তখন মামলা করে সব নিয়ে নেব। টাইম টু টাইম যদি নোটিশ না দেয়, অর্থাৎ আদায় করার চেষ্টা না করে, সেই টাকা বাই ইনস্টলমেন্ট না নেওয়া হয়, এককালীন নেওয়া হয়, তাহলে তাদের ব্যবসা বন্ধ হয়ে যাবে। সুতরাং এই কথাটা চিন্তা করতে বলছি। আমি প্রপার নোটিশ দেবার ব্যবস্থা দেখলাম না। কো-অপারেটিভ ব্যাঙ্ক সম্বন্ধে বলছি, কো-অপারেটিভ ব্যাঙ্ক ইনক্লুড করা হয়েছে। আমরা দেখি, যখন লোন রিপেমেন্ট করা হয় তখন দেখি ব্যাঙ্ক সুদটা জমা করল। কিন্তু আসলের উপর সুদ হতে থাকল। এই জিনিসটা ডিফাইন করা দরকার। তবে এইসব আপনার ব্যাপার নয়, কো-অপারেটিভ ডিপার্টমেন্টের ব্যাপার। এই যে লোন মাপ হয়েছিল যে সালে তার ১ বছর পরে গভর্নমেন্ট টাকা দিয়েছে। ১ বছর পরে গভর্নমেন্টের কাছ থেকে ব্যাঙ্কে টাকা গেছে। কিন্তু ১ বছরের যে সুদ হয়েছে সেটা কার ঘাড়ে বর্তাবে, এটা কিন্তু ডিফাইন হয়নি। আইনের প্রয়োগ যাতে ঠিক হয় তারজন্য যত রকম সম্ভব রক্ষা কবচ রাখা দরকার তা রাখবেন। তা নাহলে ব্যাঙ্কগুলি অর্থাৎ যেগুলি কমার্শিয়াল ব্যাঙ্ক তারা কোথাও তাগিদ দেবে না। তারা একদিনে সার্টিফিকেট নিয়ে হাজির হবে। এতে করে বেকার যুবকরা একসঙ্গে টাকা না দিতে পারলে অটো-রিক্সা, বাস, দোকান সব টেনে নিয়ে যাবে। কাজেই এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলটিকে আমি সমর্থন করছি, কিন্তু কোথাও আমি দেখলাম না রুলসের কোনও ব্যবস্থা আছে। টাইম টু টাইম যদি নোটিশ না দেওয়া হয়, একসঙ্গে যদি আদায় করার চেষ্টা করা হয় তাহলে বেকার যুবকরা বেকায়দায় পড়ে যাবে এবং প্রতি বছর লোন দেওয়ার যে ব্যবস্থা সেটা বন্ধ হয়ে যাবে। এই বিলটি আনার ফলে দীর্ঘদিন ধরে ব্যাঙ্কের যে অজুহাত ছিল যে টাকা দিলে টাকা আদায় হবে না সেই অজুহাত থেকে রক্ষা পাবে। সেইজন্য এই বিল আনার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মনোহর তিরকি ঃ মিঃ স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল নিয়ে এসেছেন তাকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। লোন দেওয়ার পরে রিকভারি করার ক্ষেত্রে আগে যে সিস্টেম ছিল মাননীয় মন্ত্রী তার থেকে বেরিয়ে আসতে চাইছেন। যারা এগ্রিকালচার সাইজে লোন পেত তাদের কথা আলাদা, কিন্তু অন্যান্য স্কীমে ইন্ডাস্ট্রি করলে বা গাড়ি, ঘোড়া কিনলে তাদের লোন রিকভারির সুযোগটা কম ছিল। প্র্যাকটিকালি আমরা তা

দেখেছি, ব্যাঙ্কে যান, অন্যান্য জায়গায় যান, আগে টাকা পয়সা দেওয়া আছে। ১০০ টাকার প্রোগ্রাম, ১০ টাকা ৫ টাকা দিচ্ছে। এদের অভিযোগ, সরকারি টাকা, দান বা খয়রাতি নয়, রিফান্ড না করলে অচল অবস্থা হয়ে যাবে। এবারের প্রচেষ্টা রিকভারি করার ক্ষেত্রে সব কিছু আনা হবে। এই ক্ষেত্রে সার্টিফিকেট অফিসার গিয়ে অ্যাসেসমেন্ট করবেন, তারপরে টাকা পয়সা দেওয়া হবে। এখানেও ফাঁকিবাজি থাকতে পারে। অফিসার, ভিজিলেন্স না থাকলে অ্যাসেসমেন্ট হল ৫০ হাজার টাকা, দুই হাত মিল করে নিল ২৫ হাজার নিজেরা নিল, ১৫ হাজার জমা দিল, ওকে দিল ১০ হাজার। কাজেই এ ব্যাপারে ভিজিলেন্স থাকা দরকার, অ্যাসেসমেন্ট যদি সঠিক হয়, তাহলে টাকা, পয়সা ঠিকমতো আদায় হয়। কাজেই সার্টিফিকেট অফিসারের ঠিকমতো কাজ করার দরকার। লোনের ক্ষেত্রে দেখা গেল যে, নিজেরা গাড়ি, অটো, ইন্ডাস্ট্রি মেশিন করেছে, পয়সা দিচ্ছে না, সার্টিফিকেট অফিসার এনকোয়ারি করতে গিয়ে দেখলেন কিছু পাওয়া গেল না. সম্পত্তিটা নষ্ট করে হয়ত অন্য জায়গায় বেনামি সম্পত্তি করেছে। এই ক্ষেত্রে এনকোয়ারি করতে গিয়ে দেখা দরকার ফ্যামিলি হিসাবে কোথায় নিয়ে যাচ্ছে। আমরা শেয়ার কেলেঙ্কারি দেখছি, ওদের সম্পত্তিগুলো ক্রোক করা হচ্ছে, এদিকে দেখা দরকার, না হলে বেনামি টাকা আসবে। আমি টাকা নিয়ে গাড়ি কিনলাম, বউয়ের অথবা ছেলের নামে সম্পত্তি করলাম, ফলে কিছুই হল না, আমার নামে তো সম্পত্তি নেই—তাই কিছু করা যাবে না—এ ব্যাপারে ভিজিলেন্সের দেখা দরকার। লোন গভর্নমেন্ট থেকে দেওয়া হয়, এখন সব কিছুর ভ্যালুয়েশন কমে গেছে, 'সেসরু' সম্বন্ধেও দেখা দরকার। যেহেতু আমি 'চা' বাগানের লোক সেজন্য চা বাগানের বেকার যুবকদের জন্য অ্যাডিশনাল এমপ্লয়মেন্টের কোনও ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখা দরকার। গতবার একটা সেমিনার হয়েছিল তাতে চা বাগানের বেকার যুবকদের লোনের টাকা পাওয়ার ব্যাপারে যে কথা হয়েছিল সেটা ভেবে দেখার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। মাননীয় লেবার এবং ফরেস্ট মিনিস্টার ওখানে যে সব স্কীম নেওয়ার কথা বা সেগুলি এক্সপান্ড করার কথা বলেছিলেন, ওখানকার বঞ্চিত বেকার যুবকরা যাতে লোন পায় সেটা একটু ভেবে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। ছোট ব্যাপার নয়, বড় ব্যাপার দেখছি, ওখানে আলিপুরদুয়ারে যে প্লাই উড ইন্ডাস্ট্রির জন্য গভর্নমেন্ট টাকা দিয়েছিলেন সেই প্লাই উড ইন্ডাস্ট্রির রিকভারির সম্বন্ধে দেখা দরকার কারণ সে গভর্নমেন্ট এবং ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হয়েছিল। এই ক্ষেত্রে সরকারের হাত শক্ত করা দরকার, এই কথা বলে বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 P.M.]

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ মিঃ স্পিকার স্যার, শুধু একটা উদ্দেশ্যে বিলটা আনা হয়েছে, লোন দেবার নতুন স্কীম হয়েছে। অন্য সব স্কীমে এটা কভার্ড, কিন্তু এখানে কভার্ড নয়, পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্টে এটা ইনট্রোডিউসড হচ্ছিল না, যেটা বাদ আছে সেটার জন্য এটা রাখা হচ্ছে। মাননীয় সদস্যরা যেটা বলছিলেন, সেক্ষেত্রে দেখতে হবে ইমপ্লিমেন্টেশনে কি অসুবিধা আছে। হয়ত আইনের সংশোধন করেই সেটা করতে পারব না। রুলসে কিভাবে সেটা করা যায় দেখতে হবে। এখানে একটি পারপাস এই স্কীমে নতুন ইনট্রোডিউস করা হয়েছে, কারণ সময় পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্টে এটা বলা হয়নি। সেটা এক্সক্লুডেড হয়েছে বলেই এটা ঢুকাতে হচ্ছে। কারণ আমরা তথ্য নিয়ে দেখেছি যে, জুন ১৯৮৯তে এই

রকম কমপ্লিট হয়েছে তাতে ২৬ পারসেন্ট আদায় হয়েছে, জুন ১৯৯০তে আদায় হয়েছে ২০ পারসেন্ট, জুন ১৯৯১তে ১৭ পারসেন্ট আদায় হয়েছে। কিন্তু আদায়টা যদি কোনও স্কীম ৮০ পারসেন্ট না হয় তাহলে কোনও স্কীম চলতে পারে না। সেজন্য এটা করা হয়েছে। ইমপ্লিমেন্টেশনের দিক থেকে এটা রিজনেবল। এটাকে বলা হচ্ছে, কনসিকোয়েশিয়াল চেঞ্জ। এটা ইনক্লুডেড হয়নি, ওভার-সাইড হয়েছিল। সেজন্য এটা করা হচ্ছে। মিঃ স্পিকার স্যার, বিলে একটা প্রিন্টিং মিস্টেক আছে। বিলের প্রথম দিকে যেখানে রয়েছে—হোয়াইল দি রিকভারি অ্যাজ পাবলিক ডিমান্ড অফ দি লোন অ্যাডভান্সড বাই ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যান্ড দি স্টেট গভর্নমেন্ট টু ইনক্লুড, সেখানে 'অফ' এর জায়গায় 'টু' হবে—ডিলিট 'অফ' অ্যান্ড পুট 'টু'। এটা মুভ করে বক্তব্য শেষ করছি।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 6 and Preamble

The question that Clause 1 to 6 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Limitation (West Bengal Amendment) Bill 1992

Shri Abdul Quiyom Molla : Sir I beg to introduce the Limitation (West Bengal Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

Shri Abdul Quiyom Molla : Sir, I beg to move that the Limitation (West Bengal Amendment) Bill, 1992, be taken into Consideration. এই বিষয়টা এমন কিছু নয়। ইলেকট্রিসিটি বোর্ডে বিভিন্ন কনজিউমারদের থেকে ডিউজ আদায় করতে গিয়ে ৩ বছরের মধ্যে আদায় করতে হয়, ৩ বছরের পর আর আদায় করতে পারা যায় না, স্টেট গভর্নমেন্ট এবং সেন্ট্রাল গভর্নমেন্ট-এর আদায় করার জন্য ৩ বছর আছে, এটা ৩০ বছর করে নিচ্ছি।

Mr. Speaker : Now, Dr. Zainal Abedin. He is absent. Now I call upon Shri Nirmal Das.

[3-30 — 3-40 P.M.]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী এখানে যে অ্যামেন্ডমেন্ট নিয়ে দি লিমিটেশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ এনেছেন আমি তা সমর্থন করছি। অতীতে আমরা দেখেছি যেটা সেই রকম উদোর পিন্ডি বুদোর ঘাড়ে না চাপে বিল তাড়াতাড়ি করার জন্য সেই দিক থেকে এটা ঠিক আছে। অন্য দিকে যে জিনিসটা মনে হয়েছে সাধারণ মানুষকে তো কিছু টাকা ৩ বছরের মধ্যে বিলের টাকা জমা দিতে হবে। আদায়ের ব্যাপারে দুটি পক্ষ আছে। সাধারণ মানুষ অব্যাহতি পেয়ে যায়। গভর্নমেন্ট বা ইলেক্ট্রিসিটি বোর্ড তাদের পাওনা থেকে বঞ্চিত হয়। মারাত্মক হচ্ছে সাধারণ মানুষ নয়, তাদের টাকার পরিমাণ কম, বিভিন্ন যে কোম্পানি আছে তাদের ক্ষেত্রে মারাত্মক। আমরা জানি অনেক কোম্পানি আছে তারা ধরে নিয়েছে ৩ বছরে নানা কায়দা করে কাটিয়ে দিতে পারলে, পত্রালাপ বা নানা করসপনডেন্স করে, নানা রকম ফাঁক দিয়ে ৩ বছর সময়কাল কাটিয়ে দিতে পারলে আর দিতে হবে না। দেখা গেছে এই নিয়ে অনেক রকম ক্ষোভ আছে, রাজ্যের বিভিন্ন জায়গায় কানেকশন কেটে দিয়েছে। কেন না আমি বলেছি যে মিটার রিডিং যে নেওয়া হয় সেই মিটার রিডিং-এ গাফিলতি ছিল। এই বিলকে সমর্থন করছি এই জন্য যে এর ফলে সময় অনেক বেশি পাওয়া যাবে আদায় করার ক্ষেত্রে। রাজ্যের ইলেক্ট্রিসিটি ডিপার্টমেন্ট উপযুক্ত সময় পেলে, নানা কায়দায় যারা আইনের সুযোগ নিয়ে ৩ বছর সময়কাল কাটিয়ে দিয়ে ইলেক্ট্রিক চার্জ রেহাই পেয়ে যাচ্ছিল, সেটা আদায় করা যাবে, তারা কিন্তু আর রেহাই পাবে না। যদি অবশ্য আমাদের বিশেষ করে ইলেক্ট্রিসিটি ডিপার্টমেন্ট এই সংক্রান্ত ব্যাপারে ভারপ্রাপ্ত আধিকারিকরা আছেন তারা উদ্যোগ নেন। এর ফলে আমার মনে হয় অর্থ সঙ্কটের জন্য যে সমস্ত অ্যাপারেটরস দরকার যে সমস্ত জিনিসপত্র দরকার যেগুলি কেনা যাচ্ছে না, দ্রুত বিদ্যুতায়ণ ব্যহত হচ্ছে সেই বিদ্যুতায়ণের কাজ ব্যহত হবে না। হবে না এই জন্য টাকা বেশি আদায় হবে। ডাঃ সেন বলছিলেন যত টাকা আদায় হওয়া উচিত ছিল সেটা হয় না, নানারকম গাফিলতি আছে। এই যে গাফিলতি তার একটা কারণ আছে যেটা আমরা সকলেই জানি। সেটা হচ্ছে বিখ্যাত প্রাক্তন মন্ত্রী যিনি বিদ্যুত দপ্তরে ছিলেন ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তার নাম উচ্চারণ না করে বলছি সেই পিরিয়ডে অনেক অ্যাপয়েন্টমেন্ট হয়েছিল সিগারেটের বাক্সের মধ্যে লিখে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল তারা এখন জাঁকিয়ে বসেছে। তারা চেষ্টা করছে গভর্নমেন্টকে কিভাবে বিব্রত করবে, কিভাবে গভর্নমেন্টের ডিসক্রেডিট এনে দেবে। এই যে ৩ বছরের জায়গায় ৩০ বছর করা হচ্ছে এটা একটা ভাল কাজ হচ্ছে বলে মনে করি। কারণ ওই সমস্ত কর্মচারী সরকারকে সাবটেজ করতে চাইছে। তা না হলে এই সরকারের যে সমস্ত অর্থনৈতিক দৈনদশা আছে সেইগুলির ব্যাপার নিয়ে তারা এত সরব কেন? সমস্ত দিক বিবেচনা করে এটা ভাল কাজ হয়েছে। প্রকৃতপক্ষে আমাদের রাজ্যে সর্বস্তরে বিদ্যুতায়ণের যাতে গ্যারান্টি থাকে, ওই টাকা রিয়ালাইজ করে নতুন নতুন জায়গায় বিদ্যুতায়ণ হতে পারে, বিদ্যুত গ্রাহকদের যে অসুবিধা আছে তা দূর হতে পারে, কনজিউমারদের দিকে নজর দিতে পারা যায় এই দিক বিবেচনা করে এই কাজ খুব ভাল হয়েছে। অল্প পয়সায় যে সমস্ত জিনিসপত্র, অফিসের সাজসরঞ্জাম সারানো দরকার অর্থের কারণে হচ্ছে না সেইগুলি নিশ্চয়ই এর ফলে দূর হবে। ৩ বছরের জায়গায়

৩০ বছর যে করা হচ্ছে, রাজ্য সরকারের ভেতর দিয়ে যে অধিকার পাওয়া যাচ্ছে প্রকৃত পক্ষে এতে সকলের মঙ্গল হবে। যারা এই টাকা ফাঁকি দিচ্ছিল নানা কায়দায় যারা ফাঁকি দেবার সুযোগ পাচ্ছে তারা আর ফাঁকি দিতে পারবে না। এতে সাধারণ মানুষের কিছু হবে না, তাদের টাকার পরিমাণ কম, কিন্তু যাদের আমরা বলি অসাধারণ মানুষ, যাদের লক্ষ লক্ষ কোটি কোটি টাকা আছে তাদের ধরা যাবে। সামগ্রিকভাবে আলাপ আলোচনা করে এই বিল আনা হয়েছে। আমরা যদি সামগ্রিক ভাবে বিচার বিশ্লেষণ করি বা অঙ্কের হিসাব ধরি, সেই টাকা যা দেওয়া হয়, এই আইন করার ফলে বিদ্যুত দপ্তরে টাকা আসবে। এতে সামগ্রিকভাবে রাজ্যের মঙ্গল হবে, বিদ্যুত দপ্তরের মঙ্গল হবে। আমি রাজ্য সরকারকে ধন্যবাদ দেব। আইন দপ্তরের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সর্বান্তঃকরনে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ এটা এমন বেশি কিছু নয়। সেন্ট্রাল গভর্নমেন্ট বা স্টেট গভর্নমেন্ট ৩০ বছরের মধ্যে আদায় করে, এটা হয়ে আছে। বিদ্যুত দপ্তরে এটা তিন বছর ছিল। নানা কারণে কনজুমাররা তিন বছরের মধ্যে দিতে পারছিল না। গভর্নমেন্টের ক্ষেত্রে আছে—এটা তিরিশ বছর করা হচ্ছে। এটাই হচ্ছে বিলের মূল কথা আমি আশা করছি সমস্ত সদস্য যারা আছেন তারা এই বিলকে সমর্থন করবেন।

The motion of Shri Abdul Quiyam Molla that the Limitation (West Bengal Amendment) Bill, 1992 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4 and Preamble

The question that Clauses 1,2,3 and 4 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Abdul Quiyam Molla : Sir, I beg to move that the Limitation (West Bengal Amendment) Bill, 1992 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

PRESENTATION OF 27TH B.A COMMITTEE REPORT

Mr. Speaker : I beg to present the 27th Report of the Business Advisory Commitee. The Committee met in my chamber to-day and recommended the following programme.

Friday, 26.6.92 : (i) Motion under rule 185 regarding refusal of Dunkel's proposal—Notice given by Dr. Dipak Chanda, Shri Manabendra Mukherjee and Shri Lakshmi Kanta Dey—1 hour

(ii) Motion under 185 regarding deterioration of Law and Order situation in the State—Notice given by Shri Sudip Bandyopadhyay, Shri Abdul Mannan and Dr. Manas Ranjan Bhunia—1 hour

(iii) Motion under rule 185 regarding exit policy of Central Government—Notice given by Shri Goutam Roy Chowdhury, Shri Lakshman Seth, Shri Subhas Goswami, Shri Sakti Bal, Shri Santi Ranjan Ganguly and Shri Haripada Jana—1 hour.

(iv) Motion under rule 185 regarding Metro Rail fare hike—Notice given by Shri Deba Prasad Sarkar—1 hour.

Mr Speaker : Now I request the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs Department to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 27th Report of the Business Advisory Committee as presented in the House this day be adopted.

The motion was then put and agreed to.

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1992

Shri Abdul Quiyam Mollah : Sir, I beg to introduce the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

Shri Abdul Quiyom Mollah : Sir, I beg to move that the Code of Criminal procedure (West Bengal Amendment) Bill, 1992, be taken into consideration. মিঃ স্পিকার স্যার, এই বিলটি দুটি ভাগে বিভক্ত। প্রথম ভাগ যেটা করা হয়েছে সেটা হল যে, ২৪ ক্লজ সিকসে (সি আর পি সি) যে প্রভিসন ছিল সেটা উইথড্র করে নেওয়া হচ্ছে। কারণ হল, ৯০ সালে আমি ক্লজ সিকসে 'শ্যালটা 'মে' করেছিলাম। এখন এই প্রভিসনের প্রয়োজন নেই। দ্বিতীয় বিষয় হচ্ছে, আমাদের এখানে বর্তমানে যে বাজার, জিনিসপত্রের দাম বেশি হওয়ায় অর্থের মূল্য কমে গেছে, ক্রিমিন্যাল কোর্টে মহিলারা যে খোরপোষ দাবি করতেন তা সর্ববৃহৎ পাঁচশো টাকার বেশি দাবি করতে পারতেন না। এইজন্য বিলটি নিয়ে এসেছি। এখন তারা দেড় হাজার টাকা দাবি করতে

পারবেন। এই বিষয়ে একটা রুলিং ছিল সুপ্রিম কোর্টের একটা রুলিং ছিল এতে বেশি টাকা দেওয়া যেতে পারে। সুপ্রিম কোর্টের আর একটা রুলিং ছিল, মোকর্দ্দমায় খোরপোষ আইনে ম্যাজিস্ট্রেট যদি মনে করনে তাহলে এই টাকা দিতে পারেন। আমি এটুকু আইন নিয়ে এসেছি যে দেড় হাজার টাকা করা হল, তার সঙ্গে মোকদ্দমা চলাকালীন সেই মহিলার ব্যাপারে ম্যাজিস্ট্রেট ইচ্ছা করলে অন্তর্বর্তীকালীন কিছু খোরপোষ দিতে পারবেন এবং তার সাথে সাথে মোকদ্দমার যে খরচ তাও দিতে পারবেন। এই জন্য এই বিলটা আমি নিয়ে এসেছি। এই বিলটা বর্তমানে আমাদের বিভিন্ন সমাজের মহিলাদের উপর যে অত্যাচার হয় এবং তার সঙ্গে সংসারের যে নানা রকম বিরোধ রয়েছে এই খোরপোষ হচ্ছে তারই জন্য, তাই আমি এই আইনটা নিয়ে এসেছি, আশাকরি মাননীয় সদস্যরা আপনারা সকলে সমর্থন করবেন।

[3-40 — 3-50 P.M.]

শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই, মাননীয় আইনমন্ত্রী যে ফৌজদারি কার্যবিধি আইনের যে সংশোধনটা এনেছেন তা সেকশন ২৪-এর ৬ ধারায় যেটা আছে ওটার কিছু করতে হবে না, ৫ উপ ধারাই যথেষ্ট। ৬ ধারাটি একটি অতিরিক্ত ব্যয়-বরাদ্দ, এটা লাক্সারি। কারণ এই স্পেশ্যাল নিয়োগ করে দেখা যায় যারা আমাদের অ্যাডিশনাল পি পি আছে তারা যা পান সেখানে অনেক বেশি টাকা বরাদ্দ হয়, সেইজন্য এই লোভটা। এ নিয়ে অ্যাডমিনিস্ট্রেশন চালাতে অসুবিধা হয় না। সেইজন্য ৬এর উপধারাটি বাতিল করে দিলে কোর্টে অ্যাডমিনিস্ট্রেশন চালাতে কোনও অসুবিধা হয় না। এখানে যেটা এসেছে ফৌজদারি কার্যবিধি ১২৫ ধারাতে যেখানে ৫০০ টাকা বরাদ্দ করতে পারেন একজন ম্যাজিস্ট্রেট সেই জায়গায় দেড় হাজার টাকা একটা প্রস্তাব আনা হয়েছে। এটা ঠিকই যে আজকে যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে যাদের ৩-৪টি ছেলেপুলে আছে তাদেরকে যখন তাড়িয়ে দেওয়া হল, সমাজের একজন মহিলাকে যখন তাড়িয়ে দেওয়া হল, তাকে মেনটেনান্স দেওয়া হল না, যার ফলে দেখা গেল তাকে একটা ঘর ভাড়া নিতে হল, যেটা দরকার, এছাড়াও খাবার-দাবার কাপড় চোপড়, ঔষধপত্র ইত্যাদি বাবদের জন্য সেখানে ৫০০ টাকায় কিছু হয় না। সেইজন্য ম্যাজিস্ট্রেটের হাতটা শক্ত করা হয়েছে দেড় হাজার টাকা ধরা হয়েছে। এটা সকলের ক্ষেত্রে হবে না, যার সঙ্গতি আছে তার ক্ষেত্রেই বিবেচনা করে করা হবে। এখানে তার একটা বিল রয়েছে, সেকশন ১২৫ যেটা দরকার তার কারণ হচ্ছে ভারতের নাগরিক যারা আছেন, এমন মানুষ আছেন, এমন শ্রেণীর মানুষ আছেন, যাদের উপর আমরা কিছু করতে পারছি না। সেই কঠিন অবস্থার উপর দাঁড়িয়ে আমি বলছি, আমাদের মুসলিম মহিলা যারা আছেন তারা কিছুতেই ৪৯৮(এ) যেতে চান না, তারা কখনই চান না স্বামীর ঘর থেকে নির্যাতিত অবস্থায় তাড়িয়ে দেওয়া হলেও তালাক পেয়ে গেলেও কিন্তু দেখা যাচ্ছে অপর দিকে যে লোকের মনে রঙ লেগেছে সে কিন্তু সেই রঙের জন্য তাকে ছেড়ে দিচ্ছে, কিন্তু তবুও তারা স্বপ্ন দেখেন ভবিষ্যতে ঐ স্বামীর ঘরে আবার ফিরে যাবার। কিন্তু আমরা দেখছি সেই মহিলা যখন ১২৫ ধারায় মামলা করলেন ডিক্রি পেলেন, যখন স্বামীর বিরুদ্ধে ডিক্রিটা একজিকিউশন করল তখন একটা পাশুপাদ অস্ত্র হিসাবে তালাক নামাটি ধরিয়ে দেওয়া হয়, তাকে তালাক দিয়ে দেওয়া হয়েছে ; অর্থাৎ দেবার আগে ডিক্রি তুলেও সেই টাকা দেওয়া যাবে না এর অর্থ হচ্ছে এখানে কাজীর কাছ থেকে গোপনে

গোপনে তালাকনামা করে তাকে ধরিয়ে দেওয়া হল। এখানে কলকাতার মাননীয় হাইকোর্ট একটা রুল জারি করেছেন ১৯৮৯-এ, যে তারিখে তালাক দেওয়া হবে তার আগেতেও যদি তার কোনও মেনটেনান্সের টাকা পাওনা থাকে তাহলেও সে স্বামীর কাছ থেকে ঐ টাকা পাবে না। তাই ওমেন্স প্রটেকশন আইনে তালাকপ্রাপ্ত মেয়েদের জন্য যে আইন সেই আইনে যাতে এই অসহায় মেয়েদের পক্ষে বিচারের জন্য সাক্ষী আনতে, মামলা করতে গিয়ে যে প্রচুর খরচ হয় যখন এই অবস্থা চলছে তখন দেখা যায় তাদের বাঁচার ক্ষেত্রে কোনও রাস্তা নেই। তারা চোখের জল মুছতে পারছে না। তাদের যাতে কল্যাণ হয় তারজন্য আপনার কাছে নিবেদন করছি। আমি হাউসের কাছে ও নিবেদন করছি ওদের কল্যাণের জন্য চেষ্টা করুন। কেন্দ্রীয় যে আইনগুলি আছে আমাদের রাজ্যে কল্যাণের জন্য নতুন করে অ্যামেন্ডমেন্ট করে যাতে ওদের উপকার হয়, উপকার করা যায় তারজন্য চেষ্টা করতে হবে। নির্যাতিত মহিলাদের রিলিফ দিন। সংশোধনগুলি অ্যামেন্ডমেন্ট করে নতুন কিছু আনুন যাতে মুসলমান মহিলাদের রিয়েলি প্রটেকশন দেওয়া যায় তার ব্যবস্থা করুন। অনেক কিছুর স্খলন তাদের হয়েছে। তাদের যে চোখের জল তা মোছাবার ব্যবস্থা করতে হবে। তাদের পাশে দাঁড়াতে হবে। পশ্চিমবাংলায় দলমত নির্বিশেষে আমি সমস্ত বিধানসভার সদস্যদের কাছে আবেদন করছি পশ্চিমবাংলার যেসব মুসলমান ভাইবোন আছেন তাদের দুঃখ মোচন করতে হবে। তাদের চোখের জল মোছাতে হবে। সুতরাং যে সংশোধন এনেছেন তাকে সমর্থন করে পশ্চিমবাংলার মানুষের স্বার্থে সমর্থন করে এবং তাদের চোখের জল মোছাবার জন্য যে পদক্ষেপ নিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ল মিনিস্টার যে কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিওর (ওয়েস্ট বেঙ্গল) অ্যামেন্ডমেন্ট বিল ৯২, এই হাউসে নিয়ে এসেছেন তাকে পুরোপুরি সমর্থন করে একটা হিউমারের মধ্য দিয়ে দু-একটি কথা বলতে চাই। কলকাতার শহরাঞ্চলে সমস্যাটা একটু অন্য রকম। গ্রামাঞ্চলে অনেক কিছুর সুবিধা নাই যেগুলি কালকাতা শহরে আছে। শহরাঞ্চলে বাস বা ট্যাক্সি পাওয়া যায় কিন্তু গ্রামাঞ্চলে এ সবের সুবিধা নাই। সুতরাং গ্রামাঞ্চলের সঙ্গে কলকাতার শহরাঞ্চলের তুলনা প্রযোজ্য নয়। একটা কথা বলি, মুসলমানদের ক্ষেত্রে এটা অত্যন্ত জরুরি ছিল, আমাদের মুসলমানদের মধ্যে একটা প্রথা আছে, একটা স্ত্রী থাকতে আর একটা স্ত্রী নিয়ে আসে। আবার অনেক সময় দেখা যায়, নিয়ে আসবার পরে বিচ্ছেদ ঘটে। খোরপোষের দায়িত্বটা কি? এই সম্বন্ধে একটু জানাতে চাই। অনেকে ৫০০ টাকাও দেয় না। কিন্তু আজকাল জিনিসপত্রের দর বেড়েছে, কাপড়ের দর বেড়েছে। সুতরাং যে আইনটা নিয়ে এসেছেন এটা অত্যন্ত ভালো হয়েছে এবং যুগোপযোগী হয়েছে। এটাকে ৫০০ টাকা থেকে বাড়িয়ে, ১৫০০ টাকা করা হয়েছে এর জন্য খুশি। অনেকে আবার খেতেও দেয় না। এমনও ঘটনা আছে যে একজনের হয়তো একটা বিবাহ করবার ক্ষমতা নেই অথচ সে দুটো বিয়ে করে বসে আছে। কিন্তু খেতে দিচ্ছে না। আবার যাদের ক্ষমতা আছে তারাও খেতে দিচ্ছে না। এই সম্বন্ধে কি ভাবছেন? এই সম্বন্ধে একটা স্পেসিফিক আইন আনবার চেষ্টা করুন। দেখা যাচ্ছে কোনও মহিলা চাকরি করেন, স্বামী চাকরি করেন না। মহিলা কিন্তু স্বামীকে খেতে দেয় না। এই সম্বন্ধে কি ভাবছেন? সুতরাং আপনাকে সেদিক দিয়ে ভাবতে হবে। এটাও তো করবার দায়িত্ব রয়েছে। পুরুষের ক্ষেত্রেও

প্রযোজ্য, অনেক সময় দেখা যায় নারী চাকরি করছে, বি ডি ও অফিসে চাকরি করছে, স্বামী রান্না করে দিচ্ছেন। আবার অনেক এঁটোও খাওয়াচ্ছেন। এইসব চিন্তাভাবনা করে যে বিল আনা হয়েছে তা অত্যন্ত সময়পোযোগী হয়েছে। এই আইনটা যাতে কার্যকর হয় তার জন্য আমাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আবার শাহবানু মামলাতে কি, না খোরপোষ নেওয়া যাবে না। সুতরাং এইগুলি সম্বন্ধে আজকে চিন্তা ভাবনা করতে হবে এবং আরও কিভাবে উন্নতি করা যায় সেটা দেখতে হবে এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে এই বিলটা আনার সঙ্গে নানা রকম কথা এসে গিয়েছে। প্রথম কথা সুপ্রীম কোর্টে শাহবানু মামলাকে কেন্দ্র করে যে নারী রক্ষা বিল তার অ্যামেন্ডমেন্ট-এর জন্য আসি নি। এখানে কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিওর অ্যাক্টের অ্যামেন্ডমেন্টের জন্য এনেছি। যদিও সমর্থন করেছেন কিন্তু কিছু কিছু কথা এসেছে। দ্বিতীয় বিবাহ হিন্দু আইনে নেই, অতএব দ্বিতীয় বিবাহের কথা এখানে আসছে না। তারপরে বলছি, যে মেয়েরা চাকরি করেন, তাদের খোরপোষ দাবি করার অধিকার নেই। তৃতীয়ত দরিদ্র মানুষ কি খোরপোষ দাবি করবেন না করবেন সেটা কনসারনড ম্যাজিস্ট্রেট তারা দেখবেন। এইটা চাকরি-বাকরি করেন, কিছুটা ভাল অবস্থা, সেটা ৫০০ টাকা ছিল সেটা ১৫০০ টাকায় নিয়ে এসেছি। মুসলিম মহিলাদের তালাক ইত্যাদির কথা বলা হল। যাইহোক সবাই সমর্থন করেছেন, আশা করি এই বিলটা পাস হবে।

The motion of Shri Abdul Quiyom Molla that the Code of Criminal proceedure (West Bengal Amendment) Bill, 1992, to taken into consideration, was then put and agreed to.

Clasues 1 to 4 and Preamble

The question that Clauses 1 to 4 and Preamble do stand part of the Bill, was then put and argeed to.

Shri Abdul Quiyom Molla : Sir, I beg to move that the Code of Criminal proceedure (West Bengal Amendment) Bill, 1992 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Apartment Ownership (Amentdment) Bill, 1992

Shri Gautam Deb : Sir, I beg to introduce the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1992

(Secretary then put the Title of the Bill)

Shri Gautam Deb : Sir, I beg to move that the West Bengal

Apartment Ownership (Amendment) Bill, 1992 be taken into consideration.

শ্রী সুভাষ বসু ঃ স্পিকার মহাশয়, আমি এই বিলটা সমর্থন করছি। কোনও কোনও জায়গায় দেখা যায় একশোটা বাড়ি আছে, কিন্তু কোনও অ্যাশোসিয়েশন তার মধ্যে ৯০টা বাড়ি নিলেন, আর ১০টা বাড়ি তারা নিলেন না। তখন সেই বাড়ি গভর্নমেন্টের থাকবে এবং সেই বাড়িতে যারা থাকবেন তারা গভর্নমেন্টের ভাড়াটে হিসাবে থাকবেন এবং অ্যাশোসিয়েশনের যে নিয়ম কানুন তা মেনে চলবেন। এইভাবে করা উচিত বলে মনে করি। এই কথা বলে বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় আজকে এই সভায় যে বিলটি উত্থাপন করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। এটা খুবই সময়োপযোগী হয়েছে। কারণ দেশের বর্তমান সোসিও-ইকনমিক পরিস্থিতিতে বেশিরভাগ মানুষের পক্ষে আর ব্যক্তিগত ভাবে বাড়ি তৈরি করা সম্ভব হচ্ছে না। ফ্ল্যাট সিস্টেমে ফ্ল্যাট হচ্ছে। আমি এ প্রসঙ্গে একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—হাউসিং কমপ্লেক্সগুলি মেনটিনান্সের ক্ষেত্রে কো-অপারেটিভ ব্যবস্থা সম্পর্কে এ বিলের মধ্যে কোনও কিছু উল্লেখ নেই। অবশ্য আমার মনে হয় এই অ্যাক্টের যখন রুলস তৈরি হবে তখন এটা তার মধ্যে থাকবে। তা যদি থাকে তাহলে এ বিষয়ে আর কিছু বলার নেই। এই সমস্ত বাড়িগুলির আবাসিকরা প্রত্যেকে আলাদা আলাদা ভাবে রক্ষণা-বেক্ষণ করতে পারে না। সুতরাং কো-অপারেটিভ-এর মাধ্যমে রক্ষণা-বেক্ষণ ব্যবস্থা করা একান্ত প্রয়োজনীয়। আর একটা কথা হচ্ছে আজকালকার দিনে এই সমস্ত ফ্ল্যাটগুলিকে রক্ষা করার জন্য এদের নিজস্ব গার্ডের ব্যবস্থা করা দরকার। কমনভাবে সে ব্যবস্থাতে করা যায় কিনা তা মন্ত্রী মহাশয়কে বিবেচনা করার জন্য আমি অনুরোধ করছি। বিলটি খুবই সময়োপযোগী বিল, তাই আমি মন্ত্রী মহাশয়কে আর একবার আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গৌতম দেব ঃ মাননীয় স্পিকার মহাশয়, এই অ্যামেন্ডমেন্টটি প্রধানত তিনটি উদ্দেশ্যে আনা হয়েছে এবং মাননীয় সদস্যদের কাছে বিলের যে কপি দেওয়া হয়েছে তাতে উল্লেখ করা হয়েছে।

প্রথম উদ্দেশ্য হচ্ছে ১৯৭২ সালে অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট এখান থেকে পাস হবার পর রাষ্ট্রপতির অনুমতি লাভ করে আইনে পর্যবসিত হয়। সেই আইনে প্রপার সাবমিশন করার ব্যপারাটা অপশনাল ছিল। এই বিলের মাধ্যমে সেটাকে আমরা কম্পালসারি করতে চাইছি।

দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে সরকারের যে ফ্ল্যাট বাড়িগুলি আছে, যেগুলি ভাড়া দেওয়া হয়েছে সেগুলির টেন্যান্টরা যদি সেগুলি কিনতে চান, ফ্ল্যাটের ওনার হতে চান তাহলে তারা ফ্ল্যাট কিনে তা হতে পারবেন। এই ব্যবস্থা এই বিলের মধ্যে দিয়ে করা হচ্ছে। এ বিষয়ে এখন পর্যন্ত আইনগত যে অসুবিধা আছে, এই বিলের মধ্যে দিয়ে আমরা সেই অসুবিধা দূর করতে চাইছি।

তৃতীয় উদ্দেশ্য হচ্ছে, প্রোমোটার যে বিভিন্ন বাড়িগুলি করেন সে বাড়িগুলির ক্ষেত্রে এখন পর্যন্ত যে পদ্ধতি চালু আছে, তা হচ্ছে—বাড়ি তৈরি শুরু হল না, অথচ প্ল্যানের ওপর দাঁড়িয়েই বহু মানুষ বাড়ি কিনে ফেলছেন, পার্ট পেমেন্ট করছেন এবং বহু দিন বাদে আবার পার্ট পেমেন্ট করছেন এবং তার বহু দিন বাদে অ্যালটমেন্ট পাচ্ছেন। তখনও বাড়ি তৈরি হচ্ছি এবং আরও কিছু পার্ট পেমেন্ট করে তারা পজিশন পাচ্ছেন। কিন্তু তখনও তারা বাড়ির সম্পূর্ণ মালিক হতে পারছেন না। পজিশন পাওয়ারও কয়েক বছর পরে তারা মালিক হচ্ছেন। অর্থাৎ অ্যালটমেন্ট, পজিশন এঁবং ওনারশিপ-এর মধ্যে একটা বিরাট দূরত্ব রয়েছে। এর মধ্যে বেশিরভাগই আবার হায়ার পার্চেস হচ্ছে। তাদেরও পার্ট, পার্ট পেমেন্ট করতে হচ্ছে এবং অ্যালটমেন্টের ৫-৭ বছর পরে তারা ওনার হচ্ছেন। এখন পর্যন্ত আমাদের যে অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট রয়েছে তাতে ওনার না হওয়া পর্যন্ত অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্টের কোনও সুবিধাই পাচ্ছেন না। আমরা এই আইনের পরিবর্তন দরকার মনে করি এবং সে অনুযায়ী এই অ্যামেন্ডমেন্টটি এনেছি। এখানে বলা হচ্ছে, যখনই কেউ বাড়ি কিনবেন ঠিক করে পার্ট পেমেন্ট করবেন এবং ফ্ল্যাটের অ্যালটমেন্ট পাবেন—হায়ার পার্চেসের ক্ষেত্রেও যে মুহূর্তে পার্ট পেমেন্ট করে পজিশন পাবেন— সে মুহূর্ত থেকে তিনি ডিমান্ড টু বি ওনার বা ফিউচার ওনার হিসাবে ওনারের সমান অধিকারী হবেন। তিনি অ্যাশোসিয়েশন ফর্ম করতে পারবেন, অ্যাশোসিয়েশনের মেম্বার হতে পারবেন। যে মুহূর্তে অ্যালটমেন্ট পাবেন সে মুহূর্তে থেকে ওনার হিসাবে সেই বাড়ির বাকি কাজকর্ম তার মতামত প্রোমোটরকে দিতে পারবেন। অর্থাৎ তিনতলায় অ্যালটমেন্ট পেলেন, তখনও বাড়ির চারতলা, পাঁচতলা তৈরি হচ্ছে, সেই তৈরির ক্ষেত্রে ওনার রাইট এনজয় করার অধিকারে তিনি খবরদারি করতে পারবেন। কিভাবে তৈরি হচ্ছে দেখবার অধিকার পাবেন। যদিও বাড়িটা তখন তৈরি হচ্ছে, কিভাবে হচ্ছে না হচ্ছে, সমস্ত বিষয়ে সেটা দেখভাল করবার ক্ষমতা থাকবে। এই উদ্দেশ্য সামনে রেখে অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট ১৯৭২ সেটা আমরা পরিবর্তন এখানে করতে চাইছি। আমি আশা করছি এটাকে সকলে সমর্থন করবেন।

The motion of Shri Goutam Deb that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1992 be taken into consideration was then put and agreed to.

Clauses 1 & 2

The question that the Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker : There is amendment to Clause 3 given by Shri Subhas Basu. It is in order and I now request Shri Subhas Basu to move his amendment.

Shri Subhas Basu : Sir, I beg to move that "(f)" "Promoter" means a person who constructs or causes to be constructed a building on a plot of land for the purpose of transfer of such building by sale.

gift or otherwise to any other person or to a company, co-operative society or association of persons, and includes—

(i) his assignee, if any,

(ii) the person who constructes, and the person who transfers by sale, gift or otherwise, the building, if the two are different persons.

(iii) the Government.

(iv) an undertaking of the Government, or

(v) any board or corporation established by or under any law for the time being in force.

Shri Goutam Deb : Sir, I accept the amendment.

The motion of Shri Subhas Basu was then put and agreed to.

The question that Clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 4 to 8 and Preamble

The question that Clauses 4 to 8 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Goutam Deb : Sir, I beg to move that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1992 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[4-00 — 4-04 P.M.]

The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) Bill, 1992

Shri Gautam Deb : Sir, I beg to introduce the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) Bill 1992.

(Secretary then read the Title of the Bill.)

Shri Gautam Deb : Sir, I beg to introduce the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) Bill 1992 be referred to the Select Committee consisting of

the following members, namely :-

Shri Rabindra Nath Mondal

Shri Jagadish Chandra Das

Shri Md. Nizamuddin

Shri Rabin Deb

Shri Dipak Mukherjee

Smt. Anuradha Putatunda

Shri Padmanidhi Dhar

Shri Deb Narayan Chakraborty

Shri Dilip Kumar Mazumdar

Shri Santi Ganguly

Shri Kshiti Goswami

Shri Kamakshyanandan Das Mahapatra

Shri Deba Prasad Sarkar

Shri Saugata Roy

Shri Sadhan Pande

Shri Sudip Bandyopadhyay and

Shri Gautam Deb, Minister-in-charge of Housing Department with instruction to submit its report to the House by November, 1992.

The Motion was then put and agreed to.

The West Begnal Municipal Bill, 1992

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to introduce the West Bengal Municipal Bill, 1992.

(Secretary then read the Title of the Bill.)

Shri Buddhadeb Bhattacharjee : Sir, I beg to introduce the West Bengal Municipal Bill, 1992 be refered to the Select committe consisting of the following members, namely :-

Shri Lakshman Chandra Seth

Shri Prabhat Acharya

Shri Madan Mohan Nath

Shri Gautam Roy Chodhury

Shri Abu Hasanat Khan

Shri Santasri Chattopadhyay

Shri Abul Basar

Shri Nirmal Mukherjee

Shri Biswanath Mitra

Shri Sailendra Nath Mondal

Shri Kripa Sindhu Saha

Shri Nirmal Das

Shri Kamakshya Ghosh

Shri Trilochan Das

Shri Deba Prasad Sarkar

Shri Satya Ranjan Bapuli

Shri Ajoy Dey

Shri Bhupendra Nath Seth

Shri Narayan Mukherjee and

Shri Ashoke Bhattacharyya, Minister of State of Municipal Affairs and Urban Development Department, with instruction to submit its to the House by the next Session.

The motion was put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4-04 p.m. till 11-00 A.M. on Friday, the, 26th June 1992. At the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 26th June 1992 at 11-00 A.M.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 7 Ministers of State and 136 Members.

[11-00 — 11-10 A.M.]

(At this stage, several members belonging to the Ruling Parties rose to speak)

POINT OF ORDER

শ্রী সুভাষ বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনবিঘা আন্তর্জাতিক চুক্তি যা ভারত সরকার সম্পন্ন করছেন তাতে যোগ্য প্রতিনিধিত্ব করছেন বামফ্রন্ট সরকার এবং তার নেতৃত্ব করছেন জ্যোতি বসু। সেই তিনবিঘা চুক্তিকে কার্যকর করবার জন্য এবং মানুষকে ঐক্যবদ্ধ করবার জন্য যখন কুচলিবাড়ির মানুষদের শান্ত করে আজকে সেই আন্তর্জাতিক চুক্তি সম্পন্ন করছেন তখন কংগ্রেসের একটি অংশ বি জে পি-কে মদত দিচ্ছেন প্রত্যক্ষভাবে। সেখানে একজন কেন্দ্রীয় মন্ত্রী বি জে পি-কে মদত দিচ্ছেন যাতে তিনবিঘা চুক্তি সম্পন্ন না হয়। ঐ কেন্দ্রীয় মন্ত্রী পদত্যাগ করা উচিত আন্তর্জাতিক ঐ চুক্তি বানচাল করবার ব্যাপারে বি জে পি-কে মদত দেবার জন্য।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনবিঘা আন্তর্জাতিক চুক্তি বানচাল করবার চেষ্টা করছে বি জে পি। এটা স্বাভাবিক, কারণ বি জে পি সাম্রাজ্যবাদীদের মদতে এই চুক্তি বাতিল করতে চায়। কারণ এই চুক্তি সম্পন্ন হলে দুই দেশের সম্পর্ক মধুর হবে এবং তাতে পশ্চিমবঙ্গ বিশেষভাবে উপকৃত হবে। এই চুক্তির মধ্যে দিয়ে দুই দেশের মধ্যে সাংস্কৃতিক সম্পর্ক, যোগাযোগ গড়ে উঠুক এটা সাম্রাজ্যবাদীরা চায় না। তাই তারা এটা বানচাল করবার চেষ্টা করছেন। কিন্তু কংগ্রেসের একটি অংশও এই চক্রান্ত করছেন। গতকাল এই বিধানসভায় এক মাননীয় সদস্য উল্লেখ করেছেন যে, বি জে পি-র কয়েকজন যারা হাসপাতালে ভর্তি রয়েছেন তাদের সৌগত রায় দেখতে গিয়েছিলেন এবং তাতে কুচবিহার জেলা কংগ্রেস সভানেত্রী সবিতা রায় তাকে বাধা দিয়েছিলেন। কিন্তু তা সত্ত্বেও তিনি হাসপাতালে বি জে পি সমর্থকদের দেখতে গিয়েছিলেন। এই অভিযোগ শ্রীমতী রায় লিখিতভাবে দিল্লিতে পাঠিয়েছেন। আমরা বার বার অভিযোগ করেছি এর আগে যে, ওরা বি জে পি-র সঙ্গে চক্রান্ত করছেন। আবার এটা নজরে আনলাম। বিষয়টা বিশেষ গুরুত্বপূর্ণ।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ একটা ঐতিহাসিক দিন। পশ্চিমবঙ্গ আমাদের মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু, তিনি আজকে বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছেন আন্তর্জাতিক

চুক্তি রূপায়ণের ব্যাপারে যা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে করা হয়েছিল এবং তার দ্বারা সংবিধান কেন্দ্র-রাজ্য সম্পর্কে যে কথা বলা হয়েছে সেই সম্পর্কেও তিনি বাস্তবে রূপায়িত করেছেন। আমাদের পক্ষ থেকে করা হয়েছে। সেটাকে বাস্তবায়িত করা হচ্ছে। কিন্তু দুঃখের কথা হচ্ছে বিরোধী দলের কংগ্রেসের যারা কেন্দ্রীয় সরকারে আছেন, তাদের যে দায়িত্ব, তাদের যে রাজনৈতিক অপরিপক্কতা তার ফলে সাম্প্রদায়িক শক্তি, মৌলবাদী শক্তি বি জে পি, তার শক্তিশালী হচ্ছে। তার কি করলেন? একত্রিত ভাবে সর্বদলীয় বিধান সভার সদস্য হিসাবে যাবার ব্যাপারে তারা গেলেন না। অপর দিকে তারা এমন একটা কাজ করলেন বি জে পি যে কথা বলেছিলেন এবং আগে যে কথা বলা হয়েছিল, [***********]

মিঃ স্পিকার ঃ কোনও পার্সোনাল এলিগেশন করা যাবে না, এটা বাদ যাবে।

শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ আচ্ছা, তারা অসৎ কাজ করেন। আজকে তারা যা করছেন তাতে কেন্দ্রেরই বিরোধিতা করছেন, আন্তর্জাতিক চুক্তির বিরোধিতা করছেন, একটা শর্ট সাইটেড পলিটিকস করতে গিয়ে। ওরাই ভিন্দ্রেনওয়ালাকে জন্ম দিয়েছেন, ওরাই পাঞ্জাবের খালিস্তান পন্থীদের হাত শক্ত করেছেন, আসামে করেছেন, কাশ্মীরে করেছেন, এখানে গোর্খা ল্যান্ড করেছেন, ঘিসিংকে সমর্থন করে পরে আবার সরে এসেছেন। কেন্দ্র-রাজ্য মিলে গোর্খা ল্যান্ড পার্বত্য পরিষদ গঠিত হয়েছে অনেক সম্বিত ফিরে আসার পরে। এই যে আন্তর্জাতিক চুক্তি হয়েছে তবে এটা ঠিক কথা যে কুচলিবাড়ির যে সমস্যা আছে, সেখানকার মানুষের রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা করতে হবে, তাদের আশ্বাস দিতে হবে, সেখানে যাতে বাংলাদেশিরা অনুপ্রবেশ করে তাদের উপরে অত্যাচার না করে সেটা দেখতে হবে। আমাদের সদস্যারা বলেছেন যে ওরা যাতে কোনও রকম অসুবিধা ফিল না করে সেটা দেখতে হবে। আজকে বাংলাদেশ এবং ভারতবর্ষের মধ্যে এই যে আন্তর্জাতিক চুক্তি, এটা হচ্ছে সুপ্রতিবেশী হিসাবে দুটি দেশ যাতে গড়ে উঠতে পারে, যেটা আমাদের পররাষ্ট্রনীতির অন্যতম স্তম্ভ সেটাকে কার্যকর করার ব্যাপারে আজকে রাজ্য সরকার তার যথাযোগ্য ভূমিকা নিয়েছেন। আজকে যেখানে কেন্দ্র আমাদের ৭৫ কোটি টাকা দিল না সেখানে কেন্দ্রের বিরুদ্ধে আমাদের বিক্ষোভ জানানো উচিত ছিল কিন্তু যেহেতু আমাদের একটা রাজনৈতিক পটভূমিকা আছে, আমাদের একটা দায়িত্ব আছে, আমরা সেই দায়িত্ব পালন করছি। এই কথা বলে এবং ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[11-10 — 11-20 A.M.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আন্তর্জাতিক চুক্তির দোহাই দিয়ে এই সরকারের পক্ষ থেকে কুচলিবাড়ির সাধারণ মানুষের মতামতকে উপেক্ষা করে সি আর পি এবং পুলিশ বাহিনী নামিয়ে গত ১৪ তারিখ থেকে সেখানে একটা অঘোষিত জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে। কুচলিবাড়ির হাজার হাজার মানুষকে বাস্তুচ্যুত করে, জনমতকে পদদলিত করে, গণতান্ত্রিক আন্দোলনকে পদদোলিত করে আজকে তিন বিঘা চুক্তি যেভাবে জনগণের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে, যেভাবে পুলিশি অত্যাচার দমন নীতি প্রয়োগ করা হচ্ছে তা

Note * [Expunged as ordered by the Chair]

নিন্দা করার ভাষা আমার জানা নেই। সেখানে ১৮ কোম্পানি সি আর পি সরবরাহ করা হয়েছে, সেখানে পুলিশ বাহিনী এবং বি এস এফ প্রকাশ্যে সেখানকার মানুষের উপর অত্যাচার চালিয়েছে। এখানে আপনাদের সেলফ কন্ট্রাডিকটারি স্টেটমেন্ট পাওয়া গিয়েছে। এই বিধানসভা থেকে আপনাদের দলের পক্ষ থেকে স্বীকার করা হয়েছে কুচলিবাড়ির মানুষ বাস্তুচ্যুত, তাদের পুনর্বাসন দরকার। কেন এই কথা বলা হচ্ছে? কেন না সি আর পি এবং পুলিশের অত্যাচারে তারা বাস্তু হারা। ফলে এটা ঐতিহাসিক দিন না কি ইতিহাসের কলঙ্কিত দিন এটা আমার জানা নেই। আজকে এখানে আন্তর্জাতিক দায়বদ্ধতার কথা বলা হচ্ছে। দুই দেশের সার্বিক জনগণের স্বার্থে বিরোধী যে চুক্তি সেই চুক্তির সমালোচনা করা যাবে না? বেরুবাড়িতে আন্দোলন হয়েছিল নেহেরু নুন চুক্তির বিরুদ্ধে, সেখানে স্বয়ং জ্যোতিবাবু থেকে শুরু করে সকলেই সেই চুক্তির বিরোধিতা করেছিলেন। আন্তর্জাতিক চুক্তির দোহাই দিয়ে জনবিরোধী চুক্তিকে মেনে নিয়ে মৌলবাদীদের সুযোগ করে দেওয়া হচ্ছে, তাদের ক্রিয়ার অ্যাডমিশনের সুযোগ করে দেওয়া হচ্ছে, এটা একটা ফ্যাক্ট। এই ভুল পদক্ষেপের ফলে বি জে পি-র পশ্চিমবাংলায় ঢোকার জমি পেয়ে গেল, মৌলবাদী শক্তি জমি পেয়ে গেল। উভয় দেশের সম্প্রীতি ও সৌহার্দ্য ফিরিয়ে আনার বদলে এই চুক্তির দ্বারা উভয় দেশের সম্প্রীতি এবং সৌহার্দ্য তিক্ত করতে সাহায্য করল। আজকে সমস্যা সমাধানের নামে সমস্যাকে যেভাবে জটিল করল কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার আমি তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী তপন হোড় ঃ মাননীয় স্পিকার স্যার, আজকে একটা ঐতিহাসিক দিন, যে দিন ভারতবর্ষ এবং বাংলাদেশের মধ্যে সাংস্কৃতিক বন্ধন সামাজিক বন্ধনের নতুন দিনের সূচনা হল। সেখানে দাঁড়িয়ে আমাদের রাজ্যে আজকে দেখতে পাচ্ছি কংগ্রেস দল প্রত্যক্ষ ভাবে আগে বলতাম পরোক্ষ, এখন বলছি প্রত্যক্ষ বি জে পি-র সঙ্গে থেকে পশ্চিমবাংলায় একটা গভীর ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। যার মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলার যে একটা সুস্থ ব্যবস্থা ছিল সেই ব্যবস্থাকে ভেঙ্গে দেবার চক্রান্ত করছে। সেই চক্রান্ত আজ খুব পরিষ্কার। মাননীয় বিরোধী দলের বিধায়ক সৌগত রায়ের ভূমিকা লক্ষ্য করলাম। সেই ভূমিকা আমাদের কাছে খুব পরিষ্কার। আজকে বি জে পি-র নেতৃত্বে সঙ্গে থেকে সেখানে যিনি অসুস্থতার ভান করে হাসপাতালের পড়ে আছেন তিনি তার শুশ্রষা করতে গেলেন। এটা পরিষ্কার যে বিরোধী পক্ষের কংগ্রেস দলের সদস্য শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় এবং সৌগত রায় বি জে পি-র সঙ্গে আছেন। এই কথা আমরা বারে বারে আপনার মাধ্যমে জানিয়ে দেবার চেষ্টা করেছি। কাজেই আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে গভীর ষড়যন্ত্র ঐ আসছে, সেই ষড়যন্ত্রে সিদ্ধার্থ বাবু কংগ্রেস দলকে নিয়ে করতে চাই। সেই সম্পর্কে যাতে রাজ্য সরকার পুরোপুরি ওয়াকিবহাল থাকেন, যেন যথাযথ ব্যবস্থা নেন, আইন-শৃঙ্খলার দিক থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেন সেই ব্যাপারে আগে থেকে নজর দেবার জন্য জানিয়ে রাখছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌমিদ্রচন্দ্র দাস ঃ বহু বিতর্কের সাথে জড়িত যে তিনবিঘা চুক্তিটি ছিল সেই চুক্তি আজকে কার্যকর হচ্ছে। আমরা বারে বারে লক্ষ্য করেছি রেডিও, টি ভি এবং সংবাদপত্রের মাধ্যমে, এবং আমরা যারা বারে বারে মেখলিগঞ্জে গিয়েছি, তারা দেখেছেন সেখানে সাম্রাজ্যবাদী শক্তি ধারাবাহিক ভাবে এবং এখানকার কিছু রাজনৈতিক দল উত্তরবঙ্গের সরল সাধারণ

মানুষকে বিভ্রান্ত করে সাম্রাজ্যবাদী স্বার্থকে চক্রান্ত করার জন্য এক গভীর ষড়যন্ত্রে লিপ্ত ছিল। উত্তরবঙ্গের খেটে খাওয়া মানুষ, শ্রমজীবী মানুষ যারা লড়াইয়ের মধ্যে দিয়ে, ভারতবর্ষের কোটি কোটি মানুষের সাথে লড়াইয়ের যে পথ, সেই পথে একই ভাবে চিন্তিত। সেই শক্তিগুলো সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে তিন মাস ধরে সদা সতর্কভাবে গণতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে সাম্রাজ্যবাদী শক্তির মুখোশকে খুলে দেবার চেষ্টা করছে। কিন্তু তা সত্ত্বেও বিশেষ করে উগ্র হিন্দু মৌলবাদী বি জে পি এবং সঙ্কীর্ণ বামপন্থী চিন্তা চেতনায় বিশ্বাসী এস ইউ সি তার সাথে পুঁজিবাদী শক্তির সাথে ধারাবাহিক ভাবে কোটি কোটি মানুষের গণতান্ত্রিক আন্দোলনকে নস্যাৎ করে দিতে চাইছে। কংগ্রেস দল তাদের সঙ্কীর্ণ দলীয় স্বার্থ চরিতার্থ করবার জন্য কুচলিবাড়ি মানুষের মধ্যে, মেখলিগঞ্জ এবং কুচবিহারের মানুষের মধ্যে এক আতঙ্ক ও ভীতির সঞ্চার করছিল। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ঐ কুচলিবাড়ি এলাকার মানুষ যারা অহেতুক এই রাজনৈতিক দলগুলোর জন্য বাড়িঘর সংসার ছেড়ে পালিয়ে গেছে বিভিন্ন জায়গায়, সেই মানুষগুলোর কাছে যাতে ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া হয়। এই বর্ষার মরশুমে কৃষকরা যাতে তাদের ফসল ফলাতে পারে সেজন্য রাজ্যের কৃষি দপ্তর থেকে যাতে সাহায্য দেওয়া হয় সেই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[11-20 — 11-30 A.M.]

শ্রী শক্তিপ্রসাদ বল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে শুভ মুহূর্তে আমাদের আন্তর্জাতিক চুক্তি রূপায়িত হল, এটা আমাদের গর্বের ব্যাপার। বিশেষ করে আজকে এমন একটা সময়ে আমরা এই সভায় এই ব্যাপারে আলোচনা করছি যখন উভয় দেশের জেলা শাসকদের মধ্যে আলোচনার পর ওখানকার করিডোর দিয়ে তারা হাঁটছেন। আজকে এই যে চুক্তি রূপায়িত হল, এরজন্য যদি কেউ কৃতিত্ব দাবি করতে পারে তা পশ্চিমবঙ্গ সরকারের সততা এবং নিষ্ঠার ফলেই সম্ভব হয়েছে। আন্তর্জাতিক এই চুক্তিটি দীর্ঘদিন ধরে রূপায়িত হয়নি, দীর্ঘদিন ধরে এটা পড়েছিল। আজকে তা রূপায়িত হল। এবং আন্তর্জাতিক সম্পর্ক আমাদের সুদৃঢ় ভাবে প্রতিষ্ঠিত হল। এটা হল আমাদের পশ্চিমবাংলার মানুষের কাছে গর্বের ব্যাপার। সবচেয়ে লজ্জাজনক ব্যাপার আমাদের লক্ষ্য কর:েত হয়েছে, আজকে সংবাদপত্রে এ সম্পর্কে বেরিয়েছে এবং এখানে সুভাষবাবু বলেছেন যে, সৌগতবাবু অসুস্থ বি জে পি নেতাকে দেখতে হাসপাতালে গেছেন। তিনি যদি ওর আত্মীয় হতেন তাহলে দেখতে যেতে পারতেন, কিন্তু তা নয়, হঠাৎ কি আত্মীয়তা গজালো? তিনি তো আন্দোলন করতে গিয়ে অসুস্থ হয়েছেন। এই চুক্তি রূপায়িত হবার ব্যাপারে আমরা যে খবর পেয়েছিলাম, এই খবর পূর্ব পরিকল্পিত এবং চক্রান্ত মূলক। বি জে পিকে সঙ্গে নিয়ে যে এটা বানচাল করার চেষ্টা হচ্ছে এটা সরকার পক্ষ থেকে তুলে ধরা হয়েছিল। এই বিষয় নিয়ে আলোচনার সময়ে এটা তুলে ধরা হয়েছে যে সৌগত রায় সহ অন্যান্য, যেমন তার মধ্যে সিদ্ধার্থ রায় এরমধ্যে জড়িত। যখন এই আন্তর্জাতিক চুক্তি রূপায়িত হতে চলেছে তখন, যখন এখানে সর্বদলীয় প্রস্তাব গৃহীত হল এবং ওদের কেন্দ্রীয় নেতা অজিত পাঁজা যৌথ ভাবে মিটিং করে যখন ওখানে সর্বদলীয় প্রতিনিধি যাবেন বলে ঠিক হয়, তখন আমরা দেখলাম যে কংগ্রেস বাদ সাধলেন যাতে এই আন্তর্জাতিক চুক্তি রূপায়িত না হতে পারে এবং বি জে পি-র আইডিয়াটা শক্তিশালী হয়

এবং প্রতিক্রিয়াশীল শক্তি শক্তিশালী হয় সাম্রাজ্যবাদী দুনিয়া যাতে শক্তিশালী হয়। এটা কংগ্রেসের একটা চক্রান্ত ছিল। আমি আপনার মাধ্যমে শুধু একটি কথা বলতে চাই, শেষ কথা, কংগ্রেসের আজকে যে ভূমিকা তা পশ্চিমবাংলার মানুষ জানতে পেরেছিল। আমাদের তাই জ্যোতি বসুর নেতৃত্বে আমাদের বামফ্রন্ট সরকার যে গৌরবোজ্জল ভূমিকা আর মাননীয় দেব প্রসাদ সরকার গতকাল এবং আজকে যে কথাবার্তা বলেছেন তা হচ্ছে তারা ওখানে যে ভূমিকা গ্রহণ করেছেন সেটাই প্রমাণিত হচ্ছে। উনি বললেন ওখানে পুলিশের অত্যাচার হচ্ছে, কে কার উপর অত্যাচার করছে আমাদের জানা নেই। আসলে সমস্ত অসত্য কথা পরিবেশন করে তিনি একটা বিভ্রান্তের সৃষ্টি করছেন। এই যে অসন্তোষ সৃষ্টি করা হচ্ছে তাতে এস ইউ সি (আই) এবং প্রাক্তন সদস্য যতীন চক্রবর্তী মহাশয় বি জে পি-র সঙ্গে হাত মিলিয়ে একটা গন্ডগোল লাগাবার চেষ্টা করছে। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ সচেতন, তারা এইসব কথাতে ভুলবে না। এখন যদি বলা হয় যে ওখানকার জনসাধারণ খাদ্য ঠিকমতো পাচ্ছে না, সেইসব দিকে না হয় আলাপ আলোচনা করে ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু আমাদের সরকার এই ব্যাপারে যথেষ্ট সতর্ক। সুতরাং ভুল একটা তথ্য পরিবেশন করে দেশে বিচ্ছিন্নতাবাদের আগুন জ্বালাবার চেষ্টা করা হচ্ছে এবং বি জে পি-র সঙ্গে হাত মিলিয়ে একটা গন্ডগোল বাধাবার চেষ্টা করা হচ্ছে। সুতরাং এটা খুবই লজ্জার এবং ধিক্কার বিষয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় স্পিকার মহাশয়, এটা সকলেরই সন্তোষের কারণ যে অনেক দুর্যোগ দুর্ভাবনা সত্ত্বেও এই তিনবিঘা সংক্রান্ত যে বিষয়, যা বাংলা দেশের কাছে আমরা প্রতিশ্রুতি বদ্ধ এবং কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে তা সেই প্রতিশ্রুতি আজকে আমরা রাখতে পেরেছি। যেখানে এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয়, সেখানে দেবপ্রসাদবাবু যে কথা বললেন তাতে তাকে এটুকুই বলতে পারি তিনি খুব ভালো কথাই বলেছেন। তিনি এই পবিত্র বিধানসভাতে বসে অনেকগুলো অসত্য কথা বলে গেলেন। উনি আক্ষেপ করছেন কি, না কুচলিবাড়িতে বি জে পি নাকি চ্যাম্পিয়ান হয়ে গেছেন। আমি বলি আপনারাও চ্যাম্পিয়ান হতে বাধাটা কোথায় ছিল? হলেই তো পারতেন। কে আপনাকে চ্যাম্পিয়ান হতে বারণ করেছিল? সবচেয়ে দুঃখের বিষয়, সবচেয়ে বড় একটা ব্যাপার, একটা দেশের সঙ্গে চুক্তির মতো গুরুত্বপূর্ণ প্রশ্নে তিনি বিরোধিতা করছেন। এতবড় একটা গুরুত্বপূর্ণ প্রশ্নে কংগ্রেস নেতৃত্বের একটি অংশ রাজ্য সরকারের বিরোধিতা করছেন, কংগ্রেস একটি অংশ কথাটি ব্যবহার করছি এই কারণে যে প্রদেশ কংগ্রেস (আই)-এর পক্ষ থেকে এই যে সরকারি স্টেটমেন্ট হয়েছে তাতে সম্মতি আছে। তিনবিঘার উপর দিয়ে বাংলাদেশের নাগরিকদের চলাচলের অধিকার দেওয়ার বিষয় কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের বক্তব্যের বিষয়ে একমত প্রদেশ কংগ্রেস (আইয়ের) পক্ষ থেকে। কিন্তু সিদ্ধার্থশঙ্কর রায়, তার সমবেত কিছু কংগ্রেস সদস্য এবং জনৈক্য কেন্দ্রীয় মন্ত্রী এই প্রস্তাবের বিরোধিতা করে একটা ফ্রাকশন এনে একটা অন্য ইস্যুতে নিয়ে যাবার চেষ্টা করেছেন। কংগ্রেস এটাকে একটা ফ্রাকশন ইন্টারেস্টে দেখবার চেষ্টা করছে। কিন্তু এইরকম একটা আন্তর্জাতিক চুক্তিকে কেন্দ্র করে ফ্রাকশনলিজিমে ফেটে পড়লেন যে বলার কিছু নেই। আন্তর্জাতিক চুক্তি বিশেষ করে যেখানে বাংলাদেশি নাগরিকদের অনুপ্রবেশের ব্যাপার রয়েছে সেখানে এই ধরনের ফ্রাকশন ইন্টারেস্টকে বড় করে

দেখার কোনও যুক্তি নেই। সুতরাং এই দলের কাছ থেকে আপনি প্রত্যাশা করতে পারেন, ওদের কাছ থেকে কোনওরকম সাহায্যই আশা করা যায় না। তারা বালিগঞ্জ উপ নির্বাচনকে কেন্দ্র করে যেভাবে গন্ডগোল করেছেন তাতে ফ্রাকশনালিজিম স্পষ্ট হয়ে উঠেছে। কিন্তু তিনবিঘার মতো আন্তর্জাতিক ইস্যু নিয়ে এবং যেখানে কেন্দ্রীয় সরকারের কমিটমেন্ট রয়েছে তাকে নিয়ে এই ধরনের বিভ্রান্ত সৃষ্টি করার কোনও কারণ নেই। আসলে তাদের কাছে অনেক বড় বিষয় হচ্ছে পি সি পি (আই)-এর মধ্যে কে ক্ষমতায় আসেন এবং খবরের কাগজে কিভাবে হেড লাইন হওয়া যায়। বড় বড় নেতারা চাইছেন ক্ষমতায় আসতে আর তাদের অনুগামীরা চাইছেন কিভাবে খবরের কাগজের হেড লাইনে থাকা যায়। এই তো কংগ্রেসের চরিত্র, এদের কাছ থেকে ভালো জিনিস চাওয়াটাই বৃথা। তারা ক্ষমতা পাবার জন্য দরকার হলে, সুযোগ পেলে শয়তানের সঙ্গেও হাত মেলাতে পিছপা হন না। এই তো ওদের নেতৃস্থানীয়দের চরিত্র এবং তা তাদের কার্যকলাপের মধ্যে দিয়ে ছবি ফুটে উঠেছে। এইরকম আচরণ করে খবরেকর কাগজে কিম্বা অন্যত্র তুলে ধরা যায় কিন্তু বাস্তবে কাজে লাগানো যায় না। আসলে কংগ্রেসের কিছু অংশের নেতারা চাইছেন ক্ষমতার আসন আর তাদের অনুগামীরা তার সাথে হাত মিলিয়ে খবরের কাগজের হেড লাইন হতে চাইছেন। সুতরাং এইভাবে বিচ্ছিন্নতাবাদের আগুন জ্বালিয়ে দেশের ক্ষতি করে লাভ কি? আজকে কংগ্রেসের সঙ্গে হাত মিলিয়ে দেব প্রসাদ বাবু যেভাবে অসত্য কথা পরিবেশন করলেন তাতে আমাদের যথেষ্ট চিন্তা এবং আশঙ্কার কারণ হয়ে দাঁড়িয়েছে। আজকে কংগ্রেসের কিছু অংশ এইভাবে একটা অভিযোগের ইস্যু এনে দলের ফ্রাকশনালিজিমের ঊর্ধ্বে উঠতে পারবেন না। সুতরাং এইভাবে দেবপ্রসাদ বাবু যেভাবে কংগ্রেসের সঙ্গে হাত মিলিয়ে এই তিনবিঘা নিয়ে একটা মক অ্যাসেম্বলি করলেন তাতে তাকে অভিনন্দন জানাচ্ছি। কংগ্রেসিরা মকারি অফ ডেমোক্রেসি করে চলেন কিন্তু আপনিও আজকে একই পথ অনুসরণ করলেন। আপনাকে তারজন্য বিশেষ ধন্যবাদ জানাই। আজকে আপনি যে এই অ্যাসেম্বলিতে যে মকারি করলেন, আপনি জেনে রাখুন এটা লিপিবদ্ধ হয়ে রইল, ভবিষ্যতে এর থেকে অনেক কিছু জানা যাবে। ভবিষ্যতে এই ভাষণ আমাদের পক্ষে শুধু নয়, সবার পক্ষেই কাজে লাগবে এবং এতে আপনার চরিত্রও ফুটে উঠল। ভবিষ্যত গবেষণার ক্ষেত্রে দেশের প্রতি আপনার কি মনোভাব সেটা লিপিবদ্ধ হয়ে গেল। মানব দেহের মধ্যে এ-মোজিন এবং জিন এই দুই রক্ত থাকে। আপনাদের মধ্যে জিনের রক্তটাই নেই। মাথা তুলে দাঁড়িয়ে সাধারণ কথা বলার মতো কোনও স্বাভাবিক চরিত্র আপনাদের নেই, ভালই করেছেন কথাটা বলেছেন। এটা লেখা থাকবে, আপনার আর সিদ্ধার্থশঙ্কর রায়ের মতো গুরুত্বহীন ব্যক্তিরা কিভাবে বি জে পি-র দালালি করেছিলেন।

শ্রী নিত্যানন্দ অধিকারি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের যে আন্তর্জাতিক চুক্তি পালন করা হল সেই পরিপ্রেক্ষিতে আমাদের জাতীয় যে দায় সেটা আমাদের পালন করতে হবে। কুচলিবাড়ির ব্যাপারে আমি যেটা বলছি সেটা হচ্ছে গত মাসের ১০ তারিখে আমি মেখলিগঞ্জের মোড়ে দাঁড়িয়েছিলাম সেখানে বি জে পি-র যে আস্ফালন আমি লক্ষ্য করেছি তাদের সেই দুর্গা বাহিনী ন্ম চামুন্ডা বাহিনী আছে তাদের যে কার্যকলাপ এবং তাদের যে নৃত্য শ্মশানের নৃত্য পরিবেশ করেছিল তারা চেয়েছিল মেখলিগঞ্জকে শ্মশানে পরিণত

করতে। আজকে তাদের ট্রাপে আমাদের পশ্চিমবঙ্গের কংগ্রেসি নেতারা বিশেষ করে আমাদের বিরোধী দলের নেতা সিদ্ধার্থশঙ্কর রায়ের কথা বলছি তিনি তো অনেক কিছু করতে পারেন, তাদের আমলে আমরা দেখেছি জাতীয় কবি রবীন্দ্রনাথের কোটেশন খবরের কাগজে তুলে দেওয়া হয়নি। আমরা জানি সেই কোটেশন ছিল সাম্প্রদায়িকতার বিরুদ্ধে। আমি শুনেছি কাগজের একজন সম্পাদকের কাছ থেকে তার কাগজে মহাত্মা গান্ধীর কোটেশন তুলতে দেওয়া হয়নি। তিনি বলেছিলেন, আমি সেই ভারতবর্ষ গড়তে চাই, যে ভারতে দারিদ্রতম ব্যক্তি মনে করবে এ তার দেশ, আমি অপরের শত্রু হব না, অপরকে শোষণ চালাতেও দেব না, এ আমার ধ্যানের ভারত। সেই মহাত্মা গান্ধীর কোটেশন সিদ্ধার্থশঙ্কর রায় তখন তুলতে দেননি। আজকে বি জে পি যে অবস্থাটা ওখানে তৈরি করেছে আমি মনে করি সেটা কোনও রাজনৈতিক ব্যাপার হওয়া উচিত নয়, এটা সম্ভব হয়েছে সম্মোহন করে শিক্ষিত, আধাশিক্ষিত মানুষকে সম্মোহন করে। বামফ্রন্ট সরকারের মিটিংয়ে আমরা দেখেছি সেখানে প্রত্যেকটি মানুষের মনে প্রত্যয় এসেছিল। পরবর্তীকালে তাদের সমস্ত রাজনৈতিক কার্যকলাপের দরুন, বি জে পি-র জন্য তারা ঐ এলাকা ছেড়ে চলে এসেছে তাদের পুনর্বাসনের জন্য যে কাজ সেই কাজের দায়িত্ব আমাদের বহন করতে হবে।

[11-30 — 11-40 A.M.]

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই কুচলিবাড়িসহ কুচবিহারের জনগণকে অভিনন্দন জানাচ্ছি আজকে এই আন্তর্জাতিক চুক্তিটি কার্যকর করবার জন্য। প্রথমে বলি পাশের রাষ্ট্রের সঙ্গে সৌভাতৃমূলক সম্পর্ক স্থাপন করতে কুচবিহারের মানুষ যে ভূমিকা পালন করলেন আমি তার জন্য এই সবার পক্ষ থেকে আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। স্যার এই প্রসঙ্গে আমি সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই, আমি মনে করি গতকালকে কংগ্রেসের যে ভূমিকা ছিল তাদের এই সমগ্র ঘটনাটার থেকে আমার কাছে খুব পরিষ্কার যে সি আই-এর চক্রান্ত চলছে। কিন্তু রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করবার জন্য লক্ষ লক্ষ মানুষ স্বতঃস্ফূর্তভাবে যে চুক্তি সম্পাদন করল তা বানচাল করবার জন্য রাজনৈতিক আদর্শকে বিসর্জন দিয়ে নিজেদের স্বার্থে তারা তিনবিঘার বিষয়কে কাজে লাগাবার চেষ্টা করল। এস ইউ সি-র ভূমিকা সম্পর্কে আমি কিছু কথা বলতে চাচ্ছি না দেবপ্রসাদ সরকার মহাশয়রা কোথা থেকে টাকা পান এ নিয়ে পশ্চিমবাংলার রাজনৈতিক সচেতন মানুষ-এর মনে অনেক প্রশ্ন আছে। আমি সেইদিকে যাচ্ছি না। আমার কাছে খবর আছে জর্জিয়ার প্রখ্যাত অভিনেত্রী এই দল থেকে প্রতি মাসে ২৫ হাজার টাকা করে পায়, আর উনি এখানে যে মিটিংগুলি করেন তারজন্য এক একটাতে যে খরচ হয় সেটা হচ্ছে ১০/১২ হাজার টাকা করে। এইজন্য কয়েক লক্ষ টাকা খরচ হয়, এই টাকা কোথা থেকে আসছে সেটা তাদের নিজেদের ব্যাপার। কিন্তু আমি মনে করি এর সঙ্গে একটা রাজনৈতিক চক্রান্ত জড়িত আছে। কংগ্রেসের বিরোধী দল নেতা একজন ভদ্রমহিলা এবং একজন প্রফেসার আমি প্রফেসার বলছি, গতকাল আমি বলেছি শিক্ষার লজ্জা এরা সকলে মিলে যে রাজনৈতিক চক্রান্ত, রাজনৈতিক ঘূর্ণাবর্তায় কংগ্রেসের একটা অংশ, এস ইউ সি পার্টি এবং প্রত্যাখ্যাত জনগণের দ্বারা যতীন চক্রবর্তী এই সমস্ত এনিমিদের সঙ্গে সি আই-র একটা নক্কারজনক যোগ আছে। গতকাল সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে আপনার চেয়ারকে যেভাবে অবমাননা করা হয়েছে এর পিছনে সি আই-র চক্রান্ত

আছে বলে আমরা মনে করি। পড়েছে কংগ্রেসের একাংশ। তারা আজকে দেশের মান, মর্যাদা, আত্মসম্মান সব বিক্রি করে দিতে চাইছে। পশ্চিমবাংলার রাজনৈতিক সচেতন জনগণ এই ধোঁকাবাজিতে বিভ্রান্ত হবেন না। যদিও কুচবিহারের মানুষকে বিভ্রান্ত করতে এই সমস্ত রাজনৈতিক দিক থেকে প্রত্যাখ্যাত যারা—তারা এই আন্তর্জাতিক চক্রান্তে লিপ্ত। আমাদের রাজ্যের জনগণ সেচষ্টা থাকবেন। এই রাজ্যে সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামের যে ঐতিহ্য আছে আজকে এই আন্তর্জাতিক চুক্তি রূপায়ণের ফলে সেই ভূমিকাকে তারা গৌরাবন্বিত করবেন। আজকে আমাদের রাজ্যে যারা গণতন্ত্র প্রিয় মানুষ—তারা আজকে বুঝতে পেরেছেন কংগ্রেসের একটা অংশের কি নক্কারজনক ভূমিকা। পশ্চিমবাংলার মানুষ তাদের প্রত্যাখ্যাত করবে। এটাই আমার আবেদন।

শ্রী মহারাণী কোঙর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা একটা জিনিস লক্ষ্য করলাম যে, যারা ওই বিরোধী পক্ষে আছেন তারা মানুষকে—মানুষ বলে মনে করেন না। তারা মানুষকে পশু মনে করে বা কি মনে করে সেটা তারা চিন্তা করবেন। কিন্তু আমরা মনে করি যে তারা মানুষকে মানুষ বলে মনে করেন না। তারা বলছেন ওখানে না কি মানুষকে নির্যাতন করা হয়েছে, মানুষ চলে গেছেন। কিন্তু সেটা সৃষ্টি করেছেন ওনারা। ওনারা মানুযের ওপর যে চাপ সৃষ্টি করেছেন। মানুষ আজকে ভয়ে চলে গেছেন, মানুষ আজকে ওদের ভয়ে চলে যাচ্ছেন। বিরোধী পক্ষের আজকে কোনও নীতি, আর্দশ কিছু নেই। তারা কিছু মানেন না। দিল্লিতে যারা ক্ষমতায় আছেন, তারা যে কাজ করলেন—আমাদের মুখ্যমন্ত্রী সেটা বিবেচনা করে দেখলেন যে কোনটা ন্যায়, কোনটা অন্যায় এবং সেগুলি সব ভালো করে আলোচনা করলেন। কিন্তু এটা কার্যকর করবার ক্ষেত্রে ওরা সম্পূর্ণভাবে বিরোধিতা করেছে। আর বিরোধিতা করে কি করেছে—মানুষের ওপর চাপ সৃষ্টি করেছে। তারা বলছেন ওখানকার মানুষ চলে যাচ্ছে, মানুষ থাকছে না। ওনাদের কোনও নীতি নেই, আদর্শ নেই। ওরা প্রধানমন্ত্রীকেও মানেন নি। বি জে পি-কার হয়ে কাজ করছেন। এইজন্য করছে, কারণ ওখানে যদি করতে পারে তাহলে এখানে ওরা মুসলিম, হিন্দু রায়ট লাগাতে পারবে খুব সুকৌশলেই এই কাজটা ওরা করছেন। তাই আপনার মাধ্যমে আমি মানুষকে বলব, সবাইকে বলব, অনুরোধ করব যে, আমরা, পশ্চিমবাংলার মানুষ সবদিকেই সজাগ থাকব। এরা যেভাবে বি জে পি-র সঙ্গে হাত মিলিয়ে চক্রান্ত করছে তাকে ধ্বংস করতে হবে।

শ্রী পান্নালাল মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় শেষ দিন সেজন্য উল্লেখ করছি। ডাক্তার অমিয় ঘোষ, বর্ধমানের অ্যাসিস্ট্যান্ট সি এম ও এইচ গত ১১ই মে থেকে তাকে পাওয়া যাচ্ছে না। তিনি বর্ধমানে অফিস করে বাড়ি ফিরছিলেন। বালি স্টেশনে শেষ পর্যন্ত তাকে দেখা গেছে, তারপর আর তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। চারিদিকে খবর দেওয়া হয়েছে, রেডিও টিভি সবাইকে বলা হয়েছে। ডি আই জি, সি আই জি ওদেরকেও ব্যবস্থা করতে বলা হয়েছে। পেপার, টেপার সব দেওয়া হয়েছে। কিন্তু ট্রেস পাওয়া যাচ্ছে না। সে মৃত কি জীবিত তাও বোঝা যাচ্ছে না। তার স্ত্রী শয্যাশায়ী এবং খাওয়া, দাওয়া ছেড়ে দিয়েছেন। আত্মীয়স্বজন হতাশ হয়ে গেছে। সেজন্য আজকে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এই ব্যাপারটি গুরুত্ব দিয়ে দেখবার জন্য অনুরোধ করছি এবং উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য দাবি করছি।

শ্রী সুশান্তকুমার ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে উল্লেখ করছি এবং সেটা হচ্ছে যে, সরকারের যখন আর্থিক সঙ্কট চলছে তখন আমার এলাকায় মেদনীপুরের শেষ সীমা, বাঁকুড়া এবং হুগলি সীমান্ত এলাকায় প্রায় আড়াইশো, তিনশো লরি পাথর নিয়ে চলে আসছে কিছু অসাধু ব্যবসায়ী এবং যার রেভিনিউয়ের পরিমাণ ২৫/৩০ হাজার টাকা। মাসে কয়েক লক্ষ টাকা। এই রেভিনউয়ের টাকাটা সরকার পেতে পারেন। উক্ত এলাকার পঞ্চায়েত থেকে মাননীয় মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং রাজস্ব মন্ত্রীর কাছে জানানো হয়েছে। এখানে মাননীয় অর্থমন্ত্রী আছেন। আমি আপনার মারফত অনুরোধ করছি উপযুক্ত ব্যবস্থাবলম্বনের জন্য। এইসবের জন্য একটা মাফিয়া চক্র আছে এবং এর সঙ্গে কংগ্রেস জড়িত আছে। এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য দাবি করছি।

শ্রী সুশীল কুজুর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের চা শ্রমিকদের প্রতি রাজ্য সরকারের কিছু কিছু কাজ করা দরকার। কেন না সেখানে ৯০ পারসেন্ট ট্রাইবল অধিবাসী বসবাস করছে। সেই হিন্দি ভাষাভাষীদের জন্য শিক্ষা, যানবাহন, স্কুল বিজলি প্রভৃতির প্রতি সরকারের দৃষ্টি রাখা দরকার। কারণ সরকার যদি দৃষ্টি না দেন তাহলে মৌলবাদী শক্তি—ঝাড়খন্ড এবং বি জে পি মাথাচাড়া দিয়ে উঠার চেষ্টা করছে। তাই আপনার মাধ্যমে রাজ্য সরকারকে আবেদন করছি, রাজ্য সরকার দৃষ্টি দিন আদিবাসী এলাকায় চিকিৎসা এবং এইসব যা বলেছি তা যাতে করেন।

শ্রী নির্মল দাস ঃ স্যার, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের অর্থমন্ত্রী রয়েছেন, পরিষদীয় মন্ত্রী রয়েছেন, বংশগোপাল চৌধুরি রয়েছেন এবং অন্যান্য মন্ত্রীরা রয়েছেন। এটা বংশগোপালবাবুরই দপ্তর। আই টি আইতে যারা ট্রেনিং নিয়েছে উত্তরবঙ্গে, সেই ট্রেনিংপ্রাপ্ত বিভিন্ন ট্রেডে তারা বেকার এবং কাজকর্মের জন্য বিভিন্ন দপ্তরের সেক্ষেত্রে দেখা যায় যেমন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন, বিদ্যুত পর্ষদ, পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এ কাজ দেওয়া হয় না এবং স্থানীয় অফিসাররা বলেন, আমাদের উপরের নির্দেশ আছে। এখানে বংশগোপালবাবু আছেন, তাকে জিজ্ঞাসা করি, এই সম্পর্কে কোনও নির্দেশ আছে কি। আই টি আই সরকারি সংস্থা। তারা সেখানে যে ট্রেনিং পাশ করছেন তারা কেন সরকারি সংস্থায় চাকরি পাবেন না? রাজ্য সরকার কি কোনও এমবার্গো করেছেন যে আই টি আই থেকে পাশ করেছে তাদের চাকরিতে নেওয়া হবে না? এইটা যদি দয়া করে অবহিত করেন তো ভাল হয়। আজকে একদিকে অসংখ্য বেকার ছেলে হন্যে হয়ে ঘুরছে আর অন্যদিকে বিভিন্ন দপ্তর বলছে, আমাদের কাছে উপরের নির্দেশ আছে। তাহলে কি আই টি আই পাশ ছেলেরা চাকরি পাবেনা এইসব সংস্থায়? আপনি যদি অবহিত করেন বাধিত হব।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট অধিবেশনের শেষ দিন। ফিরে যাব নিজের এলাকায়, তখন স্কুলের শিক্ষকরা প্রশ্ন করবেন, আমাদের কি হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা হচ্ছে, এইটা প্রেসটিজ ইস্যু না করে শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬৫ বছর মেনে নেওয়ার জন্য। এইটা আমি আবার অনুরোধ করছি। কারণ ১৯৮১ সালের স্কেল যারা নিয়েছেন তাদের ৬৫ বছর মেনে নেওয়া হয়েছে। অথচ ১৯৮৬ সালে

স্কেলের ক্ষেত্রে এটা মেনে নেওয়া হচ্ছে না। আমার কথা হচ্ছে এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর যাদের অ্যাপয়েনমেন্ট তাদের ৬০ বছর করা হোক, আর বাকি মুষ্টিমেয় তাদের ক্ষেত্রে ৬৫ বছর মেনে নেওয়া ভাল। সুতরাং আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করব এইটা প্রেসটিজ ইস্যু না করে ওই গুটি কয়েক টিচারের ক্ষেত্রে এটা মেনে নেওয়ার জন্য। আমি এটা বিশেষভাবে অনুরোধ করছি। আমি মনে করি এই শিক্ষকরা আমাদের মুখে ভাষা দিয়েছেন, এই শিক্ষকরা আমাদের আলোকের দিকে নিয়ে এসেছেন। সুতরাং এদের ভুলে যাওয়া উচিত নয়। সেই জন্য অনুরোধ করব এইটা মেনে নিন।

[11-40 — 11-50 A.M.]

শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে বিষয়টি সরকারের দৃষ্টিতে আনবো বলে ঠিক করেছিলাম আমি খুশি হয়েই ঘোষণা করছি যে বিষয়টির সুমীমাংসা হয়েছে। এ মাসের ২৪ তারিখে থেকে আমাদের রাজ্যের কয়েক হাজার সমবায় কর্মচারী লাগাতার ধর্মঘট শুরু করেছিলেন সমবায় আবাসনের ৭ জন কর্মীকে অন্যায়ভাবে সাসপেন্ড করার প্রতিবাদে। স্যার, আমি আনন্দিত যে আমাদের সরকারের সময়মতো হস্তক্ষেপে বিষয়টির মীমাংসা হয়েছে এবং ৭ জন কর্মচারী সম্মানজনকভাবে তাদের কাজে ফিরে যেতে পেরেছেন। আমি আশা করব যে কর্মচারিদের সঙ্গে সমবায়ের যে দপ্তর সেই দপ্তরের কর্মকর্তাদের সম্পর্ক সুস্থ হবে, স্বাভাবিক হবে যাতে করে সমবায় আন্দোলন আমাদের এই পশ্চিমবঙ্গে প্রসারিত হয় কর্মচারিদের সহযোগিতায়। স্যার, আমি রাজ্য সরকারকে এরজন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীপক মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, প্রয়াত সত্যজিৎ রায়ের অন্যতম মহান সৃষ্টি হচ্ছে, 'হীরক রাজার দেশ'। স্যার, দূরদর্শন কর্তৃপক্ষ, তারা এটা ঠিক করেছেন যে যেহেতু তাতে কেন্দ্রীয় সরকারের শিক্ষানীতির সমালোচনা আছে বলে তারা মনে করছেন অতএব তারজন্য 'হীরক রাজার দেশে' দূরদর্শনে দেখানো হবে না। এইভাবে একটা নীতিগত সিদ্ধান্ত মান্ডি হাউস নিয়েছেন। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় তথ্য মন্ত্রীকে অনুরোধ করছি যে, বিষয়টি তিনি কেন্দ্রীয় সরকারের গোচরে আনুন এবং দেখুন যাতে তারা এই ধরনের সিদ্ধান্ত নেওয়া হোক বিরত থাকেন ও বিষয়টি পুনর্বিবেচনা করেন। 'হীরক রাজার দেশে' অবিলম্বে টেলিভিশনে দেখানো উচিত এবং তাতে শ্রী সত্যজিৎ রায়কে সম্মানই জানানো হবে। কেন্দ্রীয় সরকারের সমালোচনা থাকলেই সেই ছবি দেখানো হবে না—এই ধরনের নীতি গণতন্ত্রের পরিপন্থী। গণ মাধ্যমকে এইভাবে ব্যবহার করার বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received two notices of Calling Attention, namely :

1. Situation of Tinbigha and Sitalkunchi on the execution of the Tinbigha

agreement today	: Shri Subhas Goswami.
2. Alleged molestation of a woman at Rabindra Sorobar station of Metro Railway on 24/6/92	: Shri Shish Mohammad and Shri Id Mohammad

The second notice is out of order. Because I have already admitted it yesrterday and called upon the Minister-in-charge to make a statement on the subject, if possible.

The first notice is out of order. Because it is too early to make any statement on the subject. It is being executed. When the Minister will get the full informations, then he may make a statement on this subject.

Neither of the notices is accepted.

As regards the molestation of a woman at Rabindra Sarobar Station of the Metro Railway, the Minister concerned will make a statement today, if possible. If it is not possible, the replies will be sent to the members concerned.

PRESENTATION OF REPORT

Presentation of the Sixth Report of the Committee on Public Accounts, 1991-92

Shri Subhas Goswami : Sir, with your permission. I beg to present the Sixth Report of the Committee on Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the year 1984-85 (Civil) relating to the Housing Department.

Presentation of the Fifteenth Report of the Committee on Subordinate Legislation, 1991-92

Shri Debnarayan Chakraborty : Sir, I beg to present the Fifteenth Report of the Committee on Subordinate Legislative, 1991-92

Mr. Speaker : Now, discussion on the Motions under Rule 185.

MOTION UNDER RULE 185

Shri Manabendra Mukherjee : Sir, I beg to move that—এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছে যে,

"শুল্ক ও বাণিজ্য সংক্রান্ত চুক্তি সংস্থার (General Agreement on Trade and Tariff) অধিকর্তা সদস্য দেশগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য একটি চূড়ান্ত খসড়া প্রস্তাব

পেশ করেছেন। এই প্রস্তাবের প্রধান প্রধান দিকগুলি হল ঃ—

(ক) **বাণিজ্য সংক্রান্ত মেধাসত্ব (Trade Related Intellectual Property Rights বা TRIPS) সম্পর্কিত প্রস্তাব ঃ** এই প্রস্তাব অনুযায়ী আমাদের দেশের গৃহীত পেটেন্ট আইনটি বাতিল হবে যা ১৯৭০ সাল থেকে আমাদের দেশকে শিল্প প্রযুক্তির ক্ষেত্রে স্বনির্ভরতার প্রশ্নে অনেকখানি এগিয়ে দিয়েছে। এই প্রস্তাবে 'জৈবিক প্রক্রিয়া' (Bioligical Process) ছাড়া প্রতিটি বিষয়কে দীর্ঘ ২০ বছর সময়সীমায় পেটেন্ট আইনের আওতায় আনা হবে। অথচ আমাদের দেশের প্রচলিত আইনে কৃষিজাত দ্রব্য, গবাদি পশুর জন্য ব্যবহৃত ওষুধ, জীবনদায়ী ওষুধ, খাদ্য ও ওষুধ উৎপাদনেরর জন্য প্রয়োজনীয় রাসায়নিক, শল্য চিকিৎসার যন্ত্রাদি, কীটনাশক ও ফসল সংরক্ষনের জন্য প্রয়োজনীয় রাসায়নিক, পরমাণুশক্তি ও দেশের প্রতিরক্ষা সংক্রান্ত কোনও বিষয়ে কেউ পেটেন্ট নিতে পারবে না। অন্য সবক্ষেত্রে পেটেন্টের ঊর্ধ্বসীমা কোনও অবস্থাতেই ৭ বছরের বেশি হবে না। এছাড়া অন্য পদ্ধতিতে পেটেন্টভুক্ত বস্তুটি তৈরি করার পথও উক্ত অধিকর্তার প্রস্তাব অনুযায়ী বন্ধ হবে ;

(খ) **কৃষিপণ্য ও কৃষিক্ষেত্র সম্পর্কিত প্রস্তাব ঃ** এই প্রস্তাব অনুযায়ী খাদ্যশস্যে ভরতুকি পরিমাণ কখনও সামগ্রিক মূল্যের ১০ শতাংশ-এর বেশি হবে না। অর্থাৎ খাদ্যশস্যের মূল্য নিয়ন্ত্রণে সরকারের ভূমিকা থাকবে নামমাত্র।

এই প্রস্তাব অনুযায়ী আমদানি বাধ্যতামূলক হবে। ধাপে ধাপে ২০০৩ সালের মধ্যে অভ্যন্তরীণ চাহিদার ৩.৩৩ শতাংশ আমদানি করতে হবে। অর্থাৎ খাদ্যশস্যে স্বয়ংসম্পূর্ণ হলেও আমদানি করতেই হবে ;

(গ) **বাণিজ্য বিনিয়োগ (Trade Related Investment Measures বা সংক্ষেপে TRIMS) সংক্রান্ত প্রস্তাব ঃ** এই প্রস্তাব অনুযায়ী বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে সব ধরনের বাধানিষেধের অবলুপ্তি ঘটানো হবে। স্থানীয় কাঁচামাল ব্যবহার, বাধ্যতামূলক রপ্তানি প্রভৃতি কোনও ধরনের বিধিনিষেধ প্রয়োগ করা যাবে না। এই প্রস্তাবে উন্নয়নশীল দেশগুলির মধ্যেকার প্রধান দেশগুলিকে ৫ বছর সময় দেওয়া হচ্ছে অবাধ বিনিয়োগ ও অবাধ আমদানির জন্য আইনগুলি সংশোধন করতে। এমনকি বাণিজ্য ঘাটতি কমাতে আমদানির কোটাও বিনা অনুমতিতে কমানো যাবে না ; এবং

(ঘ) **পরিষেবামূলক ক্ষেত্রে বাণিজ্য অধিকার (General Agreement on Trade in Service বা GATS) সংক্রান্ত প্রস্তাব ঃ** এতদিন আমাদের দেশে ব্যাঙ্কিং, বিমা, টেলিকমিউনিকেশন, পরিবহন, প্রভৃতি পরিষেবামূলক বাণিজ্যের ক্ষেত্রে বহুজাতিক সংস্থাগুলির অবাধ প্রবেশাধিকার ছিল না। দরিদ্র মানুষ কিছু ক্ষেত্রে পরিষেবার সুযোগ পেত এই সব ক্ষেত্রে কিছুটা ভরতুকি থাকার জন্য এই প্রস্তাব অনুযায়ী এই পরিষেবার ক্ষেত্রেও বিদেশি সংস্থার অনুপ্রবেশ ঘটবে। অনুমতি ছাড়া

পরিষেবার ক্ষেত্রে ভরতুকির ব্যবস্থাও করা যাবে না।

এই প্রস্তাব অনুযায়ী একটি সংস্থা মাল্টিল্যাটারাল ট্রেড অর্গানাইজেশন (MTO) গঠিত হবে, যা প্রস্তাব অনুযায়ী একটি দেশ চলছে কি না তা পরীক্ষা করে দেখবে এবং প্রয়োজনে পাল্টা ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করবে। অথচ এই প্রস্তাব অনুযায়ী অভিযোগের সত্যতা প্রমাণ করার দায়িত্ব বর্তাবে অভিযুক্তের ওপর, অভিযোগকারীর নয়। এই ধরনের প্রস্তাবের অর্থ হল উন্নয়নশীল দেশগুলিকে উন্নত পশ্চিমী দেশগুলির অনুকম্পার উপর নির্ভরশীল থাকতে হবে। এই প্রস্তাব হল তৃতীয় বিশ্বের উপর সাম্রাজ্যবাদীদের অবাধ লুণ্ঠনকে আইনসঙ্গত করার একটি কুৎসিত প্রচেষ্টা।

এই সভা মনে করে, GATS অধিকর্তার উপরোক্ত প্রস্তাবগুলি গ্রহণের অর্থ হবে আমাদের দেশের অর্থনৈতিক সার্বভৌমত্ব এবং স্বনির্ভরতা বিপন্ন করা।

এই সভা তাই উক্ত প্রস্তাব প্রত্যাখ্যান করার জন্য এবং জোট নিরপেক্ষ আন্দোলনের নেতা হিসাবে উন্নয়নশীল দেশগুলিকে নিয়ে উক্ত প্রস্তাবকে ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ করার জন্য, রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব আপনি অ্যাডমিট করেছেন এখানে উত্থাপন করার জন্য রুল ১৮৫ অনুসারে তাতে প্রস্তাবক হিসাবে শ্রী দীপক চন্দ, শ্রী লক্ষ্মীকান্ত দে এবং আমার নাম আছে। আলোচনার ভিত্তিতে যারা এর সঙ্গে ঐক্যমত পোষণ করেছেন আমার আবেদন, তাদের নামও প্রস্তাবক হিসাবে গ্রহণ করা হোক। তারা হচ্ছেন শ্রী কৃপাসিন্ধু সাহা, শ্রী সুভাষ গোস্বামী, শ্রী শক্তি বল, শ্রী দেবপ্রসাদ সরকার। অর্থাৎ এই প্রস্তাবের প্রস্তাবক হিসাবে শ্রী দীপক চন্দ, শ্রী মানব মুখার্জি, শ্রী লক্ষ্মীকান্ত দে, শ্রী কৃপাসিন্ধু সাহা এবং শ্রী শক্তি বল, শ্রী সুভাষ গোস্বামী ও শ্রী দেবপ্রসাদ সরকারের নামও যুক্ত করা হোক। আমি আমার প্রস্তাব এই অনুরোধ জানিয়ে উত্থাপন করছি। যেহেতু অ্যামেন্ডমেন্ট ফর্মালি উত্থাপিত হয়নি এবং অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় যেটা মুভ করেছেন, স্বভাবত এই সংক্রান্ত বিষয়ে জবাব দেবার দায় বা এই সংক্রান্ত বিষয়ে কোনও উত্তর দেবার দায় আমাদের থাকে না। কিন্তু স্যার, আপনার মাধ্যমে একটু সভার দৃষ্টি আকর্ষণ করছি, এতে কংগ্রেস দলের এই সম্পর্কে দৃষ্টিভঙ্গি এটা আপনার কাছে পরিষ্কার হবে। যে অ্যামেন্ডমেন্ট তারা মুভ করতে চেয়েছিলেন, সেই অ্যামেন্ডমেন্টটা চমৎকার, তাতে দাঁড়াচ্ছিল আমাদের এই এক পৃষ্ঠায় বেশি বিস্তারিত প্রস্তাবের বদলে তারা যেটা বলতে চেয়েছিলেন যে শিল্প এবং বাণিজ্য সংক্রান্ত সংস্থা গ্যাট, অধিকর্তা সদস্য দেশগুলোর চূড়ান্ত অনুমোদনের জন্য একটি খসড়া প্রস্তাব পেশ করেছে, উনাদের বক্তব্য ছিল, বাকি কথা কিছু দরকার নেই, এটা লাইন যুক্ত করে দেওয়া হোক, এই প্রস্তাবের প্রধান বিষয়গুলো সম্পর্কে আলোচনার জন্য এই বিধানসভা একটা সর্ব দলীয় প্রতিনিধি দল মাননীয় রাজ্য অর্থমন্ত্রীর নেতৃত্বে ভারত সরকারের সংশ্লিষ্ট দপ্তর সমূহের ভারপ্রাপ্ত মন্ত্রী গণের নিকট অগৌন প্রেরণ করবার সুপারিশ করছে। এতে একটা রাজনৈতিক দলের দৃষ্টিভঙ্গি বোঝা যায়। ডাঙ্কেল প্রস্তাবের বিপদজনক দিকগুলো নিয়ে তারা আলোচনা করতে রাজি নয়। তাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রী মনমোহন সিং শিক্ষকের মর্যাদা পেতে

পারেন। কিন্তু আমাদের পশ্চিমবাংলার বিধানসভার এই দৈন্যতা দেখা যায়নি যে ডুক্‌লে প্রস্তাব সম্পর্কে বিস্তারিত কোনও কথা না বলে আমরা গালে হাত দিয়ে বসে শুনতে যাব কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা কে কি বলছেন। তাদের এই না তোলা সংশোধনী থেকে তাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি কি এটা পরিষ্কার হয়। মাননীয় স্পিকার মহাশয়, আমি দীর্ঘ সময় না নিয়ে সামান্য কথায় এই প্রস্তাবটি আনুষ্ঠানিকভাবে উত্থাপন করতে চাই। ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে যে বিষয় আমাদের গ্যাটের ডিরেক্টার আর্থার ডুক্‌লে ৫০০ পৃষ্ঠার যে প্রস্তাব পৃথিবীর ১০৮টি দেশের কাছে পাঠিয়েছেন, সেই ৫০০ পৃষ্ঠার বিস্তারিত প্রস্তাব সম্পর্কে কথা বলার সামগ্রিক জায়গা এই বিধানসভার অধিবেশন নয়, তার সংক্ষিপ্ত রাজনৈতিক সার যেটুকু সেটুকুই এই প্রস্তাবের মধ্যে উত্থাপিত হয়েছে। এখনও পর্যন্ত মাননীয় স্পিকার মহাশয়, আপনি দেখেছেন যে ভারতবর্ষের বুকে অ্যাসোসেন এবং ফিকি, চেম্বার অব কমার্স এবং মালিকদের যে দুটো সংগঠন আছে অ্যাসোসেন এবং ফিকি, দুটো সংস্থা ছাড়া ভারতবর্ষের কেউ, কোনও সংস্থার কোনও ব্যক্তি এই ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে সমর্থন সূচক একটাও কথা বলেন নি। শুধু লক্ষ্যণীয় হচ্ছে, আমাদের কেন্দ্রীয় সরকারের রহস্য জনক নীরবতা কখনও কখনও পরস্পর বিরোধী বক্তা আজকে কংগ্রেস দলের এই বিধানসভা অধিবেশন বয়কট করা ছাড়া আর কোনও উপায় ছিল না। কারণ ডাঙ্কেল প্রস্তাবের মতো একটি অপমানজনক প্রস্তাব নিয়ে তাদের কেন্দ্রীয় সরকারের যা দৃষ্টিভঙ্গি, তাকে ডিফেন্ড করা তাদের পক্ষে সম্ভব ছিল না বলেই সুকৌশলে আজকে তারা বিধানসভা অধিবেশনটাকে এড়িয়ে গেলেন। আমি প্রস্তাবের দীর্ঘ অংশের মধ্যে ঢুকছি না। চারটি পয়েন্ট আমি কেবল উত্থাপন করতে চাই যা ডুক্‌লে সংক্রান্ত বিষয়ের মূল রাজনৈতিক দৃষ্টিভঙ্গি। স্যার, এক নং বিষয় হচ্ছে এগ্রিকালচার বা কৃষি ক্ষেত্রে ডুক্‌লের যে প্রস্তাব, তার একটা প্রধান দিক হচ্ছে পৃথিবীর তৃতীয় বিশ্বের দেশগুলোকে বাধ্য করা তাদের খাদ্য শস্যের যা প্রয়োজন, তার অন্তত ৩.৩৩ শতাংশ তারা যাতে বাধ্যতামূলক ভাবে আমদানি করতে বাধ্য হয় উন্নত দেশগলো থেকে, এটা হচ্ছে ডাঙ্কেল প্রস্তাবের একটা অন্যতম প্রধান উদ্দেশ্য। আপনি জানেন উন্নত কৃষি টেকনোলজির মাধ্যমে পশ্চিম ইউরোপের কিছু দেশ এবং মার্কিন যুক্ত রাষ্ট্রে যে বিপুল পরিমাণে খাদ্য শস্য উৎপাদন হচ্ছে, তা যদি তৃতীয় বিশ্বের দেশগুলিকে কিনতে বাধ্য না করা যায় তাহলে এই ব্যাপাক পরিমাণ কৃষি উৎপাদনকে তাদের কিছু করবার থাকছে না। অথচ মাননীয় স্পিকার মহাশয়, আপনি জানেন যে গত কয়েকটি বছর ধরে পশ্চিম এবং মধ্য অফ্রিকার বিস্তীর্ণ অঞ্চল ধারাবাহিক দুর্ভিক্ষতে জ্বলে যাচ্ছে। কয়েক লক্ষ লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে মধ্য আফ্রিকা এবং পশ্চিম আফ্রিকার দেশগুলোতে। কিন্তু আমাদের এই তথাকথিত উন্নত পশ্চিমী দেশগুলো, তারা তাদের খাদ্য সম্ভার জমিয়ে রাখছে এবং ডাঙ্কেল প্রস্তাবের মাধ্যমে তারা বাধ্য করছে তাদের নির্ধারিত দামে আমাদের মতো পিছিয়ে পড়া দেশগুলোকে খাদ্য শস্য কিনতে। দু নং বিষয় হচ্ছে যে তারা যে জিনিসটা দাবি করেছে, তাদের ইনভেস্টমেন্টের ক্ষেত্রে মাল্টি ন্যাশনাল কর্পোরেশন এবং পশ্চিমী সংস্থাগুলো তৃতীয় বিশ্বে বা পৃথিবীর যে কোনও দেশে ঢুকতে চাইলে কোনও ধরনের বাধা নিষেধ তাদের ক্ষেত্রে আরোপ করা যাবে না। অর্থাৎ সোভিয়েত ইউনিয়নের বিধানের পর গোটা পৃথিবীকে অর্থনৈতিক ভাবে নিয়ন্ত্রণ করার যে মনোবাসনা মার্কিন যুক্তরাষ্ট্র ই ই সি এবং জাপান সেই মনোবাসনাকে আইন সিদ্ধ করার চেষ্টা করা হচ্ছে এই ডাঙ্কেল প্রস্তাবের মধ্যে দিয়ে। সব চেয়ে মারাত্মক জিনিস হচ্ছে ওয়ার্ল্ড

ব্যাঙ্ক এবং আই এম এফ তৃতীয় বিশ্বের দেশগুলির জন্য যে প্রেসক্রিপশন দিচ্ছে ডাঙ্কেল প্রস্তাবের প্রতিটি ছত্রের সঙ্গে তার মিল রয়েছে।

[11-50 — 12-00 Noon]

প্রকৃত পক্ষে ঐ প্রেসক্রিপশন ডাঙ্কেল প্রস্তাবেরই অন্তর্ভুক্ত। এম টি ও নামক একটি সংস্থা গঠন করে ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই এম এফ এবং এম টি ও এই তিনটি সংস্থার মাধ্যমে পৃথিবীর যে কোনও দেশের অর্থনীতিকে নিয়ন্ত্রণ করার একটা কুৎসিত প্রচেষ্টা চালাচ্ছে। মেধাসত্ব সম্পর্কিত প্রস্তাবের মাধ্যমে বিভিন্ন দেশের জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে অগ্রগতিকে রুদ্ধ করে দিয়ে, মেধাসত্বকে এনক্যাস করে তা নিয়ে ব্যবসা করতে ছাইছে। এখন পর্যন্ত আমাদের আশঙ্কা এটাই কারণ যে, ডাঙ্কেল প্রস্তাবে যে শর্তগুলি আরোপিত হয়েছে আমাদের ভারত সরকার এখনও পর্যন্ত সেগুলি সম্পর্কে তাদের সামগ্রিক প্রতিক্রিয়া ব্যক্ত না করলেও, তাঁদের কাজের মধ্যে ইতিমধ্যেই ঐ প্রস্তাবকে মেনে নেওয়ার চিহ্ন আমরা দেখতে পাচ্ছি। ডাঙ্কেল প্রস্তাবে বলা হয়েছে খাদ্য শস্যের দামে ১০% -এর বেশি ভরতুকি দেওয়া চলবে না। গত ১২ মাস ধরে আমাদের কেন্দ্রীয় সরকার খাদ্য শস্যে ভরতুকির পরিমাণ কমিয়ে কমিয়ে ডাঙ্কেল প্রস্তাবে নির্ধারিত লক্ষ্য মাত্রার কাছাকাছি চলে এসেছেন। অর্থাৎ কৃষিপণ্য ও কৃষিক্ষেত্রে সম্পর্কিত ডাঙ্কেল নির্দিষ্ট পদক্ষেপ ক্রমশ নেওয়া হচ্ছে। বাণিজ্য বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাবে বলা হয়েছে, মাল্টি ন্যাশনাল কর্পোপেরশনগুলিকে অবাধ বিনিয়োগের সুযোগ করে দিতে হবে। তাদের ওপর থেকে সমস্ত রকম বাধানিষেধের অবলুপ্তি ঘটাতে হবে এবং অবাধ বিনিয়োগ ও অবাধ আমদানির জন্য আইনগুলি সংশোধন করতে হবে। যদিও ভারত সরকার এখনও পর্যন্ত আইন সংশোধন করেন নি, তথাপি তারা যে প্রস্তাব মেনে নিতে চলেছেন তার প্রমাণ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন 'পেপসি কোলা'র মতো আন্তর্জাতিক সংস্থা, মাল্টি ন্যাশনাল কর্পোরেশনকে ভারতের বাজারে ঢুকতে দেওয়া হয়েছে, কিন্তু যখন 'পেপসি কোলা'কে ঢুকতে দেওয়া হয়েছিল তখন গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার সঙ্গে তাদের চুক্তি হয় যে, তারা সারা বছর ভারতে যা উৎপাদন করবে তার একটা বড় অংশ ভারতবর্ষের বাইরে এক্সপোর্ট করবে এবং এর থেকে আমরা কিছু বিদেশি মুদ্রা পাব। মাননীয় স্পিকার স্যার, 'পেপসি কোলা', তাদের প্রোডাকশনের ১%-ও বাইরে এক্সপোর্ট করছে না। অথচ আমাদের ভারত সরকারের এই ক্ষমতা হচ্ছে না যে, তারা 'পেপসি কোলা'-কে বলেন, 'তোমাদের সঙ্গে যে চুক্তি হয়েছিল সে চুক্তি তোমরা খেলাপ করছ, অতএব ভারতবর্ষ থেকে ব্যবসা গুটোও। প্রকৃত প্রস্তাবে ডাঙ্কেল প্রস্তাবের পরিপ্রেক্ষিতেই তাদের এখানে ব্যবসায়ে ইন্‌ভেস্টমেন্ট করতে দেওয়া হচ্ছে। গত ১২ মাসে কেন্দ্রীয় সরকারের কাজের মধ্যে দিয়ে আমরা ডাঙ্কেল প্রস্তাবকে গ্রহণ করার ক্ষেত্রে এক পা, এক পা করে এগিয়ে যাওয়াই লক্ষ্য করছি। এই অবস্থায় আজকে আমাদের এই প্রস্তাব ঐক্যমত হওয়া উচিত এবং দৃঢ়ভাবে ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করা উচিত। ভারত সরকারকে ডাঙ্কেল প্রস্তাব কার্যকর করা থেকে বা গ্রহণ করা থেকে বিরত করার জন্য এই প্রস্তাবের মাধ্যমে দাবি জানানো উচিত।

ডাঙ্কেল প্রস্তাবে প্রায় সব কথাই আছে, আর একটা কথা থাকলেই প্রস্তাবটি পূর্ণাঙ্গ হত। শুধু যদি ওখানে বলা থাকত—লাল কেল্লা থেকে তেরঙ্গা পতাকা নামিয়ে নিয়ে মার্কিন

যুক্ত রাষ্ট্রের 'স্টারস আন্ড স্ট্রাইপস' তুলে দিতে হবে তাহলে প্রস্তাবটি পূর্ণাঙ্গ হত। সুতরাং ভারত সহ তৃতীয় বিশ্বের দেশগুলিকে পরাধীন করার চক্রান্তের দলিলকে সর্বশক্তি দিয়ে যে কোনও মূল্যে প্রতিহত করা দরকার। সে উদ্দেশ্যে এই প্রস্তাব আজকে এখানে উত্থাপন করা হয়েছে। এই প্রস্তাবের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষদের অভিমত প্রতিফলিত হচ্ছে। তাই আমি আজকে এই প্রস্তাবটি বিধানসভায় উত্থপান করলাম।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ডাঙ্কেল প্রস্তাব প্রত্যাখ্যানের দাবি নিয়ে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, আমি মনে করি এই প্রস্তাব অত্যন্ত সময়পোযোগী এবং সকলের এই প্রস্তাবের পিছনে সমর্থন থাকবে। এই ডাঙ্কেল প্রস্তাব এককথায় যেটা বলা যায় সেটা হচ্ছে নয়া ঔপনিবেশিক আক্রমণের একটা নয়া নক্শা এবং আমরা সবাই জানি যে, ১৯৪৭ সালে যে গ্যাট জেনারেল এগ্রিমেন্ট অন ট্রেড অ্যান্ড- টারিফ—আমেরিকার নেতৃত্বে ১০৮টি সাম্রাজ্যবাদী, পুঁজিবাদী সদস্য দেশগুলিকে নিয়ে আন্তজার্তিক ফোরাম গঠিত হয় এবং বাহ্যিকভাবে এই ফোরামের উদ্দেশ্য ছিল অবাধ বাণিজ্যের সুযোগ করে দেওয়া। বাণিজ্যের ক্ষেত্রে সমান অধিকার, বৈষম্য দূর করা। কিন্তু কার্যক্ষেত্রে এই অবাধ বাণিজ্যের কথা বলে অসম বাণিজ্য ব্যবস্থাকে পাকাপোক্ত করা এবং অপেক্ষাকৃত দুর্বল রাষ্ট্রগুলির সস্তায় শ্রমশক্তি,কাঁচমাল এবং বাজার লুণ্ঠিত করার উদ্দেশ্য নিয়ে এই যে গ্যাট গঠিত হয়েছিল একথা প্রমাণিত হয়। গ্যাট গঠিত হওয়ার ৪৫ বছর পরেও লেটেস্ট রিপোর্ট যেটা রাষ্ট্রসংঘের ১৯৯২ সালের হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট—তাতে দেখা যাচ্ছে যে সর্বাপেক্ষা ধনী রাষ্ট্র এবং সর্বাপ্রেক্ষা দরিদ্র রাষ্ট্র এদের মধ্যে বাণিজ্যিক আয়ের যে তারতম্য সেটা দরিদ্র রাষ্ট্রগুলির তুলনায় ধনী রাষ্ট্রের ১৫০ গুণ। এই ব্যবধানকে হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্টে অত্যন্ত বিপদজনক বলে বলা হয়েছে। ফলে মার্কিন যুক্তরাষ্ট্রের এই অবাধ বাণিজ্য নীতি—কি রকম সমতা আনছে, কি রকম অবাধ বাণিজ্য হচ্ছে সেটা আমরা উপলব্ধি করতে পারি এবং আমরা জানি, ১৯৪৭ সালে জেনেভার প্রথম সম্মেলন থেকে শুরু করে ১৯৮৬ সালের এই যে উরুগুয়ে সম্মেলন—এক-একটা সম্মেলনকে ওরা রাউন্ড বলে—এই অষ্টম রাউন্ড পর্যন্ত বাস্তবিক বর্তমান আন্তর্জাতিক ক্ষেত্রে যে শক্তির ভারসাম্যের পরিবর্তন এবং সাম্রাজ্যবাদী দেশগুলির যে অভ্যন্তরীণ সঙ্কট তীব্র রূপ নিয়েছে তারই পটভূমিতে আজকে গ্যাটের মধ্যে এই উরুগুয়ের সম্মেলনের যে পারস্পরিক দ্বন্দ্ব, যে আলোড়ন সৃষ্টি হয়েছে সেটা অতীতের সমস্ত নজিরকে ছাড়িয়ে গেছে এবং আমরা জানি, এই অভ্যন্তরীণ সঙ্কটটা কোন জায়গায় দাঁড়িয়ে আছে। আমেরিকার সামনে আজ জাপান একটা চ্যালেঞ্জ। জাপান একদিন যে আমেরিকার অর্থনীতি নিয়ে, আর্থিক সাহায্য নিয়ে, তার ইনফ্রাস্ট্রাকচার নিয়ে, তার শিল্প কৌশল নিয়ে উন্নত হয়েছে সেই জাপান আজকে আমেরিকাকে চ্যালেঞ্জ করছে। অপরদিকে পশ্চিম-জার্মানি ইউরোপিয়ান কান্ট্রিগুলিকে নিয়ে, ইউরোপিয়ান কমিউনিটিদের নিয়ে নিজস্ব যে বাজার করে নিয়েছে সেখানে আমেরিকার অনুপ্রবেশ খানিকটা বন্ধ হয়েছে। এইরকম একটা পরিস্থিতির সামনে দাঁড়িয়ে আমেরিকার ১৯৮৭ সালের অর্থনেতিক সঙ্কট একটা মারাত্মক অবস্থায় এসে দাঁড়িয়েছে। সারা বিশ্বে আমেরিকা আজকে সর্ববৃহৎ রাষ্ট্রগুলি পরিগণিত হয়েছে এবং তার যে স্টক মার্কেট সেই স্টক মার্কেটে আজকে ধ্বস নেমেছে এবং তার বাণিজ্য ঘাটতি একটা মারাত্মক অবস্থায় এসে পৌছেছে। এই রকম একটা পরিস্থিতিতে, তার যে ডুবন্ত আর্থিক সঙ্কট

তার হাত থেকে অব্যাহতি পাবার জন্য তৃতীয় বিশ্বের রাষ্ট্রগুলির মধ্যে অনুপ্রবেশ করতে চাইছে। আজকে মাল্টি ন্যাশনাল সমস্ত কর্পোরেশনগুলির অনুপ্রবেশ চাইছে। যে আজকে হুমকি দিচ্ছে, সে আজকে বাজার চাইছে। আজকে ভরতুকি দিয়ে যেমন, ইউরোপিয়ান মার্কেট কমিউনিটি

[12-00 — 12-10 P.M.]

চলছে, সেখানে পশ্চিম ইউরোপিও দেশগুলি চাল, গম এবং অন্যান্য জিনিস, দুধ, মাংস এগুলির উপর ব্যাপকভাবে ভরতুকি দিয়ে তারা বাজার আজকে যে অবস্থায় রেখেছে, আজকে তারফলে আমেরিকার কৃষিপণ্য সেখানে প্রবেশের সুযোগ পাচ্ছে না। আজকে ইউনাইটেড কমিউনিটি ভরতুকি তুলে দিতে চায়, কারণ পশ্চিম ইউরোপের দেশগুলি চাল, গম, দুধ, মাংস এবং অন্যান্য জিনিসের উপর ব্যাপকভাবে ভরতুকি দিয়ে বাজারটা যেভাবে রেখেছেন, তারফলে আমেরিকা কৃষিপণ্য অবকাশের সুযোগ পাচ্ছে না। আমেরিকার দাবি, তাদের সেই সুযোগ দিতে হবে, ইউরোপের মার্কেট তাদের জন্য খুলে দিতে হবে। তাই তাদের দাবি এসব ক্ষেত্রে ৯০ শতাংশ ভরতুকি কমিয়ে দিতে হবে। এই ব্যাপারে ভারতের উপরও নানাভাবে চাপ আসছে। আগে আমেরিকা থেকে ওষুধ আমদানি করতে গেলে কিছু ছাড় ছিল। সেটা তারা তুলে দিতে চাইছেন। তাদের নিজস্ব বাণিজ্যিক আইন সুপার ৩০১ এর মাধ্যমে আমাদের বাণিজ্যিক সুবিধা কার্টেল করছেন। এসব ক্ষেত্রে একটি জায়গায় আসার জন্য তারা ডাঙ্কেল সাহেবের উপর দায়িত্ব দিয়েছিলেন। কিন্তু ডাঙ্কেল সাহেব যে প্রস্তাব রেখেছেন সেটা মারাত্মক। সেটা এখানে তুলে ধরা হয়েছে। তার উদ্দেশ্য, তৃতীয় বিশ্বের দেশগুলির উপর একচ্ছত্র বাজারের অধিকার, একাধিপত্য কায়েম করা। কাজেই আত্মসম্ভ্রম বোধ আছে এমন কোনও দেশ এই প্রস্তাব সমর্থন করতে পারেন না ফলে অত্যন্ত ন্যায়সঙ্গতভাবে এই প্রস্তাবে ঐ ডাঙ্কেল প্রস্তাব প্রত্যাখ্যান করবার দাবি রাখা হয়েছে। আপনি দেখেছেন, এখানে চারটি পয়েন্ট রয়েছে। ট্রেড রিলেটেড ইনটেলেকচুয়াল প্রপার্টি রাইটস বা মেধাসত্ব সম্পর্কিত প্রস্তাব আপনি দেখেছেন। আমাদের ১৯৭০ সালের যে পেটেন্ট অ্যাক্ট সেই পেটেন্ট অ্যাক্ট অনুযায়ী ওষুধ তৈরি এবং তার নিয়ন্ত্রণের ক্ষেত্রে আমাদের নিজস্ব ইনডজেনাস প্রসেস, তার বিকাশের জন্য হাইটেক জোরদার করবার যে সুযোগ বৃদ্ধি পাচ্ছিল, ওই প্রস্তাব যদি কার্যকর হয় তাহলে সেই সুযোগ আমাদের বন্ধ হয়ে যাবে। কাজেই পেটেন্টের ক্ষেত্রে এটা মারাত্মক। কোনও আত্মসম্ভ্রম বোধ সম্পন্ন রাষ্ট্র একে সমর্থন করতে পারেন না। কৃষিক্ষেত্রেও শুনছি, আমরা যদি, কৃষিতে স্বয়ংসম্পূর্ণও হই তাহলেও এই প্রস্তাবের ভিত্তিতে আমাদের খাদ্য-শস্য আমদানি করতে হবে। এটাও আর একটা মারাত্মক দিক। একটি ওয়েলফেয়ার স্টেটে ভরতুকি দিয়ে মানুষকে মিনিমাম খাওয়াবার দায়িত্বটা থাকে। কিন্তু ডাঙ্কেল প্রস্তাব মানতে গেলে সেই ভরতুকি তুলে দিতে হবে, কারণ ভরতুকি না তুলে দিলে আমেরিকা এসে তাদের কৃষির বাজারটা দখল করতে পারবে না। ভরতুকি মূল্যে সস্তায় যদি খাদ্যদ্রব্য পাওয়া যায় তাহালে বেশি দামে তারা সেসব বিক্রি করতে পারবেন না। তারজন্য মার্কেট কনডিশন ইমপোজ করছেন। ফলে এটা অত্যন্ত মারাত্মক। আজকে পরিষেবামূলক ক্ষেত্রে ব্যাঙ্ক, টেলি-কমিউনিকেশন এসবের ক্ষেত্রে মাল্টি ন্যাশনালদের অবাধে প্রবেশাধিকার দিতে হবে। কারণ আজকে আমেরিকা পড়ে যাচ্ছে. তাদের বাজার পড়ে যাচ্ছে ; তাই তাদের সর্বক্ষেত্রে একচ্ছত্র অধিকার চাই। আজকে ডাঙ্কেল প্রস্তাবের কাছে আত্মসমর্পন করার মানে নিজেদের সার্বভৌমত্ব স্বাধীনতাকে বিকিয়ে

দেওয়ার সামিল হবে। ঐ প্রস্তাবে বলা হয়েছে মাল্টি-ন্যাশনাল ট্রেড অর্গানাইজেশন গঠিত হচ্ছে। ঐ প্রস্তাবগুলি কোনও দেশ মানছে, কি মানছে না, সেটা ডিসাইড করবেন তারা। সব কিছু তারা ডিকটেট করবেন। ফলে সাম্রাজ্যবাদী দেশের কাছে আমাদের মাথা নত করে থাকতে হবে। ফলে কোনও আত্মসম্ভ্রম বোধ সম্পন্ন রাষ্ট্র এটা মেনে নিতে পারেন না। তাই আজকে ডাঙ্কেল প্রস্তাবের বিরুদ্ধে যথাযথ প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে। যদি কেন্দ্রীয় সরকার এর কাছে নতি স্বীকার করেন তাহলে দেশের সর্বনাশ হবে! এবং ভারতবর্ষের মানুষের প্রতি সেটা বিশ্বাসঘাতকতা করা হবে, সাম্রাজ্যবাদী মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে আত্মসমর্পণ করা হবে, দেশকে বিকিয়ে দেওয়া হবে। কাজেই সর্বনাশা এই যে ডাঙ্কেল প্রস্তাব, এই প্রস্তাব প্রত্যাখ্যান করার জন্য এখানে জোট নিরপেক্ষ দেশের নেতৃত্বকারী ভূমিকায় ভারতবর্ষের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। সেই গুরুত্বপূর্ণ ভূমিকা ভারত রাষ্ট্র পালন করবে। এই প্রস্তাবের বিরোধিতা করে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে সেই আবেদন রাখার জন্য এই প্রস্তাব রাখা হয়েছে। আমি মনে করি এই প্রস্তাব সেলফ এক্সপ্লারেটোরি এবং এই প্রস্তাব শুধু হাউসের ভিতরেই নয়, হাউসের বাইরেও সমস্ত গণতন্ত্রপ্রিয়, স্বাধীনতাকামী মানুষও এটাই আশা করবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-10 — 1-00 P.M. (including Adjournment)]

শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ডাঙ্কেল প্রস্তাব খুব ভাল ভাবে পার্লামেন্টে আসা উচিত ছিল। কিন্তু দুঃখের বিষয় সেখানে তারা এই জিনিসটা ভাল ভাবে ডিসকাস করেনি, কিছু করেছি। আমরা ঠিক রেকমেন্ডেটোরি বডি হিসাবে পাঠাচ্ছি। কিন্তু যেটা ডাইরেক্ট ওদের ক্ষমতা ছিল সেটা তারা না করায় আমাদের একটু অসুবিধা হচ্ছে। আমরা যেটা পাঠাচ্ছি সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে রেকমেন্ডেশন হিসাবে পাঠাচ্ছি। কিন্তু ডাইরেক্ট এটা পার্লামেন্টে আলোচনা করে বাতিল করলে অত্যন্ত ভাল হত বলে আমি মনে করি। আর একটা কথা হচ্ছে, সাউথের সঙ্গে নর্থ-এর অর্থনৈতিক যে লড়াই অর্থাৎ ডেভেলপ কান্ট্রির সঙ্গে ডেভেলপিং কান্ট্রির যে অর্থনৈতিক লড়াই, এই লড়াইয়ের একটা করোলারি হিসাবে এই ডাঙ্কেল প্রস্তাবটি আনতে পারি। কেন একথা বলছি? একথা এজন্য বলছি যে কয়েক বছরের মধ্যে একটা লড়াইয়ের অবস্থা আসছে ডেভেলপিং কান্ট্রির সঙ্গে ডেভলপ কান্ট্রির অর্থাৎ এমন অবস্থা তারা সৃষ্টি করতে যাচ্ছে যে ডেভেলপিং কান্ট্রিগুলি কোনও দিন যাতে উঠতে না পারে। এটা হচ্ছে সব চেয়ে বড় কথা। কারণ আমেরিকা শুধু নয়, আরও কয়েকটি দেশ, হাতে গুণলে ১০টি ১৫টির বেশি নয়, সেই ডেভেলপ কান্ট্রিগুলি চেষ্টা করছে ডেভেলপিং কান্ট্রিগুলি যাতে উঠতে না পারে। এই জন্য ডাঙ্কেল প্রস্তাব, যিনি একজন জেনারেল সেক্রেটারি, তার মুখ দিয়ে এগুলি বলানো হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, যে কয়টা কথা ডাঙ্কেল বলেছেন, অর্থাৎ ৭টি বিষয়ে যা বলা হয়েছে, সেই ৭টি বিষয়ই খুব মারাত্মক এবং এতে আমাদের যে ডেভেলপিং কান্ট্রিগুলি আছে সেই ডেভেলপিং কান্ট্রিগুলির উপরে ইনডাইরেক্টলি একটা এমন প্রেসার দেওয়া হয়েছে যে আমরা কিছু করতে পারব বললেও কিছু করতে পারব না। এবং সর্বনাশ করে দেবে এই একটা আইনের ফাঁক দিয়ে, কথার ফাঁক দিয়ে। আমি বলতে চাইছি যে পরিষেবার ক্ষেত্রে শিল্পের ক্ষেত্রে তাদের প্রস্তাবের ব্যাপারগুলি আমরা যদি ওয়ান বাই ওয়ান অ্যানালিসিস করে দেখি তাহলে দেখব যে ওরা আমাদের

দেশের প্রতি সর্বনাশ ঘটাবে। এই সর্বনাশের কথা চিন্তা করে আজকে যে থার্ড ওয়ার্ল্ড কান্ট্রিগুলো .আছে, যে ডেভেলপিং কান্ট্রি আছে তারা সারা বিশ্বে এক হয়ে যদি এই ডেভেলপ কান্ট্রিকে সাপোর্ট করার জন্য যে ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করে তাহলে আমরা তার অংশ হিসাবে লড়তে পারব।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

স্যার, আমাকে একটু সময় দিন, আমি আর দু-একটা কথা বলতে চাই। আমি আপনাদের কাছে বলছি দুটি গ্লারিং-এর ব্যাপার। একটা হচ্ছে যে বর্তমানে আমাদের দেশে যে আইন, আমাদের যে জুরিসপ্রুডেন্স ঠিক তার বিপরীত কথা তারা বলছেন। দোষীকে প্রমাণ করতে হবে যে সে দোষী নয়। অর্থাৎ ফ্রান্সে যে জুরিসপ্রুডেন্স আছে সেটারই খানিকটা নিয়ে এই জিনিস করতে চাইছে। সেটা আমাদের দেশের পক্ষে সম্পূর্ণ অপরিচ্ছন্ন এবং অন্যায় এবং এটা নিয়ে আপনারা নিশ্চয়ই আলাপ আলোচনা করবেন। আলাপ আলোচনা করলে এই জিনিস দাঁড়ায় যে এটা কোনও রকমে আমরা করতে পারি না। দ্বিতীয় কথা যেটা সেটা হচ্ছে আমরা যে রিসার্চগুলি করছি, অর্থাৎ ডেভেলপিং কান্ট্রিগুলি যে রিসার্চ করছে সেটা এখন খুব লো ওয়েভে আছে ডেভেলপ কান্ট্রিগুলি অ্যাডভানটেজ নিয়ে বলছে যে এইগুলি করতে পারবে না, এইগুলি আমরা করে রেখেছি। তার নামে চিরকালের মতো বসিয়ে দেওয়া অবস্থা সেই অবস্থার দিকে নিয়ে যাচ্ছে। আমি মনে করি তাদের যত মানুষ কমে আসছে ডেভেলপ কান্ট্রিতে তারা তত বদবুদ্ধি বার করছে। কিছু কাল পরে দেখা যাবে তৃতীয় বিশ্বের লোক, ডেভেলপিং কান্ট্রির লোকেরা একত্রিত হয়ে ওই লোকদের শেষ করে দিচ্ছে এই কথা আমি বলছি। এইভাবে ব্রডলি যদি চিন্তা করা যায় তাহলে এটা বিরোধিতা করা যেতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলে জানি গত ২৩শে ডিসেম্বর তারিখে সেনেটর আরথার ডাঙ্কেল ৫০০ পৃষ্ঠার মতো একটা প্রস্তাব পেশ করেছেন যার মূল উদ্দেশ্য হল, এত দিন ধরে পৃথিবীতে যে ধরনের পেটেন্ট ব্যবস্থা চালু ছিল তাকে পরিবর্তিত করে নতুন করে মেধাসত্বজাত যে কৃতিকৌশল এবং তার থেকে উৎপাদিত বস্তু তার নিয়ন্ত্রণ ব্যবস্থা নতুন করে চালু করা। আমরা দেখেছি এই ব্যবস্থার প্রবর্তন করবার পদক্ষেপ নেওয়া হচ্ছে যখন তখন উন্নয়নশীল দেশগুলি প্রতিবাদী হয়ে উঠছে। 'গ্যাট' এর সঙ্গে যুক্ত ১০৪টি দেশ তাদের বেশির ভাগ উন্নয়নশীল দেশ, তারা এই বিষয়টার প্রতিবাদ করছে। প্রতিবাদ করবার যথার্থতা, বিশেষ করে আমাদের ভারতবর্ষের মতো দেশ, যে দেশ উন্নয়নশীল দেশগুলোর মধ্যে একটা সম্ভাবনার জায়গায় দাঁড়িয়ে আছে সেই দেশের পক্ষে এই প্রস্তাব মারাত্মক প্রতিক্রিয়া নিয়ে দেখা দেবে। এতদিন পর্যন্ত আমরা যেটা জানতাম সেটা হচ্ছে, পেটেন্ট যেটা চালু ছিল, উৎপাদন করবার যে কৃতকৌশলের উপরে পেটেন্ট ব্যবস্থাটা চালু ছিল। কিন্তু আর্থার ডাঙ্কেল যে প্রস্তাব নিয়ে আসছেন তাতে উৎপাদিত বস্তুর পেটেন্টাইজ করা হবে। উৎপাদিত বস্তুর যদি পেটেন্টাইজ করতে হয়, তাহলে ভারতবর্ষের ক্ষেত্রে ১৯৭০ সালে যে আইন আমরা পাস করেছি, পেটেন্টের ক্ষেত্রে যে আইন ভারতবর্ষের যুগান্তকারী পরিবর্তন নিয়ে এসেছে। ভারতবর্ষে যে জিনিসগুলো উৎপাদিত হবে সেগুলো এদেশে শুধুমাত্র

উৎপাদিত হবে এবং এদেশের বাইরে বাজার খুঁজবে। ভারতবর্ষের ১৯৭০ সালে পাস করা আইন ভারতবর্ষে পাস করা আছে। সেখানে দেখা যাচ্ছে, বিশেষ করে আমরা মার্কিনযুক্ত রাষ্ট্রকে জানি, তারা এখন একটা বিপদের মধ্যে আছে। তারা এতদিন যুদ্ধাস্ত্র নির্মাণের উপরে নির্ভর করে চলত। এখন তারা অন্যান্য বাণিজ্যের ক্ষেত্রে প্রসারতা লাভ ঘটানোর চেষ্টা করছে এবং তারা ভারতবর্ষের মধ্যে অনুপ্রবেশ করতে চাইছে। এই ক্ষেত্রে ভারতবর্ষের পেটেন্ট তাদের অনুপ্রবেশের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়িয়েছে। মার্কিনযুক্ত রাষ্ট্রের সেনেটর কার্লা হিলস্ ভারতবর্ষকে ভয় দেখাচ্ছেন যে তারা ৩০১ ধারা প্রয়োগ করবেন। মার্কিন যে আইন ১৯৮৮ সালে পাশ করা আছে তাতে মার্কিনযুক্ত রাষ্ট্রের সঙ্গে অন্য যে দেশ ব্যবসা করবে তাদের বিরুদ্ধে তারা শাস্তিমুলক ব্যবস্থা নেবে। অর্থাৎ আমরা ভারতবর্ষে পেটেন্ট প্রয়োগ করব না এবং সেটা দেখে তারা আমাদের বিরুদ্ধে ৩০১ ধারা প্রয়োগ করবার চেষ্টা করবে। আমরা বারবার করে বলি যে, সাম্রাজ্যবাদী দেশগুলো উন্নয়নশীল দেশগুলোর কাছে মৃগয়াক্ষেত্র। ভারতবর্ষের মতো দেশকে ঋণজালে আবদ্ধ করার চেষ্টা করছে সাম্রাজ্যবাদী দেশগুলো। আমরা এই অ্যাসেম্বলিতে বারবার বলেছি, ভারতবর্ষ যেভাবে যে শর্তে আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে ঋণ গ্রহণ করবে, যে শর্তগুলো আছে তা আমাদের চারিদিক থেকে ধ্বংস করবে—আমাদের তারা ধ্বংস করবার চেষ্টা করছে। কাজেই আমাদের স্বনির্ভরতাকে ধ্বংস করবার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে একটা চক্রান্ত চলছে। ঐ 'গ্যাট' যে নতুন প্রস্তাব নিয়ে এসেছে তা আমাদের দেশকে একটা ভয়াবহ বিপদের মুখে এনে দাঁড় করিয়ে দেবে। আমাদের রাসায়নিক শিল্প, ওষুধ শিল্পকে ধ্বংস করবে। এবারের প্রস্তাবে বলা হয়েছে যে, জড়বস্তু নয়, নতুন প্রস্তাবে এবারে বলা হয়েছে, জীবন্ত বস্তুর ক্ষেত্রে—উৎপাদনের ক্ষেত্রে—পেটেন্টাইজ করতে হবে। কৃষিক্ষেত্রে ভারতবর্ষ জৈব বস্তুকে ব্যবহার করে উন্নয়নের পর্যায়ে পৌঁছেছে এবং ভারতবর্ষ খাদ্যে স্বয়ংম্ভরতা অর্জন করেছে। আজকে ভারতবর্ষে যে ওষুধপত্র তৈরি হচ্ছে তাতে ভারতবর্ষে ওষুধের দাম অনেক কমে যাচ্ছে। অথচ মাল্টিন্যাশনাল কর্পোরেশন ভারতবর্ষে ওষুধ বিক্রি করার ক্ষেত্রে ঐ প্রস্তাব গ্রহণের মার্ধ্যমে আমাদের অর্থনীতিকে ধ্বংস করবার জন্য, আমাদের দেশের স্বনির্ভরতাকে ধ্বংস করার চেষ্টা করছে। আমাদের দেশের স্বনির্ভরতা এবং দেশকে বাঁচাতে গেলে আমাদের এই প্রস্তাবের বিরোধিতা করতেই হবে।

(এই সময় বেলা ১টা পর্যন্ত হাউস বিরতি থাকে)

(After Adjournment)

[1-00 — 1-10 P.M.]

STATEMENT ON TINBIGHA BY CHIEF MINISTER

Mr. Speaker : Now, the Chief Minister will make a statement.

শ্রী জ্যোতি বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটা ছোট বিবৃতি দিতে চাই। ভারত সরকারের এবং বাংলাদেশ সরকারের যে তিনবিঘা চুক্তি হয়েছিল, আজকে ২৬ তারিখ কথা ছিল সেটা সম্পন্ন হবে, এবং আপনাকে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, আজকে সকাল সাড়ে ১০টা (১০.৩০ মি) সময়ে সেই চুক্তি কার্যকর হয়েছে। বাংলাদেশের

কিছু অফিসার এবং কিছু নাগরিক তারা যে রাস্তা আমরা নির্মাণ করেছি, সেই রাস্তা দিয়ে এসেছেন। আসার সঙ্গেসঙ্গে কোনও কাজ না থাকায় ফেরত চলে গেছে তারপরে আমরা পরবর্তী সময়ে অফিসারদের সঙ্গে কথা বলব এবং কর্মসূচি কি কি প্রয়োজন তা নিয়ে কথা হবে। কতখানি প্রয়োজন এইসব নিয়ে কথা হবে। এই কথা জানাবার জন্য আমি এসেছি। তার সাথে সাথে জানাচ্ছি যে, বিকেলের দিকে কতগুলি ঘটনার কথা জানাব তিন বিঘার থেকে দূরে কতগুলি ঘটনা ঘটেছে, সেগুলো আলাদাভাবে সরকারের থেকে সাধারণ মানুষকে জানাব। এই অবধি যে রিপোর্ট এসেছে তাতে জানা গেছে যে বাইরে থেকে অর্থাৎ আমাদের রাজ্যের বাইরে থেকে কিছু মানুষ এসেছে। নিউ জলপাইগুড়ি নেমেছে, বিভিন্ন জায়গা দিয়ে যাবার চেষ্টা করছে। তারা নাকি বজরঙ্গ দলের লোক। তারা কিছু লাঠি নিয়ে এসেছিল, পুলিশ সব সমেত গ্রেপ্তার করেছে। এবং ৫০০ জন গ্রেপ্তার হয়েছে। তারা তাদের লাঠিগুলো সারেন্ডার করে দিয়েছে সেখানে বসে আছে। এখন এই অবধি শুনেছি। তারপরে কুচলিবাড়িতেও দু-একটি ঘটনা ঘটেছে, সেগুলো বিকেলের মধ্যে জানা যাবে। তারপরে প্রেস নোট দেব সরকারি পক্ষ থেকে। ধন্যবাদ।

Mr. Speaker : Now discussion on the Motion under Rule 185 regarding the refusal of Dunkel's proposal.

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৮৫ ধারায় ডাঙ্কেল প্রস্তাব নিয়ে যে মোশন এসেছে এবং মুভ হয়েছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সবচেয়ে দুঃখের কথা যে, ভারত সরকারের পক্ষ থেকে পার্লামেন্টে আলোচিত হয়ে এর বিরোধিতা করা উচিত ছিল কিন্তু সেখানে সেই আলোচনার দায়িত্ব পশ্চিমবঙ্গ বিধানসভাকে আমাদের নিতে হচ্ছে। এটাই আমাদের সবচেয়ে ভাবার কথা এবং চিন্তার বিষয় যে ভারতবর্ষের জনগণ বা যে কোনও নাগরিক যদি এর বিরোধিতা না করেন বা যেকোনও উন্নয়নশীল দেশ যদি এর বিরেধিতা না করেন তাহলে পশ্চিমী দুনিয়ার কাছে তারা অনুকম্পার উপরে বসবাস করবে। এতে দেশের সার্বভৌমত্ব, সমস্ত গণতান্ত্রিক অধিকার আজকে বিসর্জিত। এই ধরনের একটা নির্লজ্জজনক প্রস্তাব, ডাঙ্কেল প্রস্তাব গত ২০শে ডিসেম্বর এসেছে। পেটেন্ট ব্যবহার পরিবর্তনের জন্য যে ডাঙ্কেল প্রস্তাব এসেছে তার বিরোধিতা না করে পারা যায় না। এই প্রস্তাব নিয়ে আলোচনা করতে গেলে অনেক সময় লেগে যাবে তাই আমি দু-একটি কথা বলে এই প্রস্তাবটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। আজকে সমস্ত সাম্রাজ্যবাদী শক্তিগুলো তথা আমেরিকা সারা দুনিয়ার উন্নয়ন শীল দেশগুলিকে এবং তাদের বাণিজ্যিক ব্যবস্থা নিজেদের কন্ট্রোল করে সমস্ত জায়গায় খরবদারী করে চলেছে। সমস্ত জায়গায় খবরদারী করা তার আর্থিক স্বাধীনতাকে হরণ করার এই অবস্থায় আজকে এই প্রস্তাব এবং তার একটা নগ্নরূপ আমরা দেখতে পাচ্ছি। এই প্রস্তাব যদি আজকে কার্যকর হয় তাহলে সমস্ত ভেষজ দ্রব্য থেকে আরম্ভ করে যাবতীয় গবাদি পশু থেকে আরম্ভ করে সবচেয়ে যে বিপদজনক ঘটনা কৃষিজাত দ্রব্য তার ভরতুকি দেওয়া পর্যন্ত আজকে হটিয়ে দিতে হবে তা সঙ্কুচিত করতে হবে। এই প্রস্তাবের মধ্যে এমন কি ব্যাঙ্ক টেলিকমিউনিকেশন থেকে আরম্ভ করে যাবতীয় যে সংস্থাগুলি আছে এদেরকে আজকে নির্দেশনামা মেনে চলতে হবে। এই প্রস্তাব আজকে সাম্রাজ্যবাদী দুনিয়ার ও পৃথিবীর সমস্ত উন্নত দেশগুলির তাদের স্বাধীনতা হরণ করে তাদের সমস্ত

গণতান্ত্রিক ব্যবস্থাকে হরণ করার যে চক্রান্ত তার একটা নগ্নরূপ আমরা দেখতে পাচ্ছি। আমার তৃতীয় দুনিয়ার একটা উন্নত দেশ, সেই দেশের সরকার যারা কেন্দ্রে আছে সেই ভারত সরকারের পক্ষ থেকে এই প্রস্তাবকে ঘৃণা ভরে প্রত্যাখ্যান করা উচিত ছিল। যে ভারত সরকার আছে যারা কোটি কোটি মানুষের প্রতিনিধি তারা আজকে নমঃ নমঃ করে এটাকে আলোচনা করেছেন এবং কংগ্রেস পক্ষ থেকে একটা প্রস্তাব এসেছে এটাকে নিয়ে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আলোচনা করা হচ্ছে, কংগ্রেসের এই প্রস্তাবের আমরা বিরোধিতা করছি। এবং বাস্তবিক কারণে আমি এখানে বিরোধিতার জন্য বলছি এবং কেন্দ্রীয় সরকারেব .সঙ্গে আলোচনা করতে শেষ পর্যন্ত হয়ত আমাদেরকে যেতেই হবে। তারা যে সমস্ত কোটি কোটি মানুষের প্রতিনিধিত্ব করেন যেখানে ভারতবর্ষের সার্বভৌমত্ব আজকে খুন্ন হচ্ছে সেই মাল্টিন্যাশনাল কম্পারাইজেশনের প্রতিটি প্রস্তাবের যারা সমর্থন করবেন. তারা আজকে সার্বভৌমত্বের দেশের অধিকারকে হরণ করবেন, তারজন্য আমাদের ভাবতে হবে। তাই আমি এখানে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1-10 — 1-20 P.M.]

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করে যে প্রস্তাব এখানে আনা হয়েছে তার সমর্থনে আমি বক্তব্য রাখছি। বক্তব্য রাখতে গিয়ে আমাদের মূল কথা হল এই আন্তর্জাতিক অর্থভান্ডার এবং বিশ্বব্যাঙ্ক থেকে যে শর্তগুলির কাছে আত্মসর্মপণ করে কেন্দ্রীয় সরকার দেশের সার্বভৌমত্ব আমার আপনার স্বাধীনতাকে জলাঞ্জলি দেওয়ার যে সর্বনাশা খেলা শুরু করেছেন সেই সর্বনাশা খেলার আরও একটা বিপদজ্জনক মাত্রা হচ্ছে এই ডাঙ্কেল প্রস্তাব। এখন মূল ধারণা হল এই যে বাজারে অর্থনীতি বিদেশের কাছে দরজা খুলে দিয়ে সেই বাজারের অর্থনীতি দেশের প্রতিটি ক্ষেত্রে প্রবেশ দেওয়া, কিন্তু বাজারের অর্থনীতি মানে তো এই যার হাতে আর্থিক ক্ষমতা বেশি তিনি নিয়ন্ত্রণ করবেন সিদ্ধান্ত। যদি বিদেশি পুঁজিকে ঢুকতে দেওয়া হয় তার মানে এই যেহেতু অনেক ক্ষেত্রে দেশি পুঁজি তার চেয়ে অনেক বেশি শক্তিশালী বিদেশি পুঁজি তাই মূল নিয়ন্ত্রণ ক্ষমতা তাদের হাতে চলে যাবে। ক্ষমতার অনুপ্রবেশের তিনটে মূল বিষয় আছে। যা প্রস্তাব এখানে আনা হয়েছে রাখা আছে এবং তার উপর আমি সংক্ষেপে বক্তব্য রাখছি। বাণিজ্য সংক্রান্ত পুঁজির যে ট্রেড রিলেটেড ইনভেস্টমেন্ট মেজারস বা সংক্ষেপে ট্রিমস এখানে কি বলা হয়েছে? আন্তর্জাতিক অর্থ ভান্ডার এবং বিশ্বব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার সময় তার চেয়ে বাড়তি কথা কি বলা হয়েছে? এখানে বলা হয়েছে যে, বিদেশি পণ্য যেমন সহজে ঢুকতে পারে এবং তার জন্য আমদানি শুল্ক কমিয়ে দিতে হবে আর আমদানি শুল্ক কে কমানো কেন্দ্রীয় বাজেটেই শুরু হয়েছিল। মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে, কতকগুলো বিষয়ে আমাদের সন্দেহ হচ্ছে, এবং তা কেন্দ্রীয় বাজেটে উত্থাপিতও হয়েছে এবং সেই বাজেট পাসও হয়ে গেছে। এখন অধিবেশন নেই কিন্তু এখনও লক্ষ্য করবেন যে বিদেশি শুল্ক কমানোর যে খেলা সেটা কিন্তু লাগাতার চলছে। এর মধ্যে ডাঙ্কেলের পদধ্বনি শুনতে পাচ্ছি না তো? দুই , আর একটা বিশেষ ক্ষেত্রে আসছে, শুধু যে কোনও পণ্য নয়, এখন বিদেশ থেকে কৃষিপণ্য, খাদ্যশস্য বিদেশ থেকে এনে আমাদের দেশে বিক্রি করবার চেষ্টা হচ্ছে। সেই পণ্য বিক্রি করতে গিয়ে যারা অসুবিধার মধ্যে পড়বেন গণবন্টন ব্যবস্থার মধ্যে দিয়ে যদি

সস্তাদরে দেশের মানুযরা পান সেখানে বিদেশি খাদ্যশস্য কিনবেন কেন? কিন্তু কিনবেন কখন, তখন কিনতে পারেন যখন যে ভরতুকি দেওয়া হচ্ছে দেশের মধ্যে সেই ব্যবস্থাকে যদি খর্ব করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই সর্বনাশা খেলাই শুরু হয়েছে। আমাদের ভয়, ডাঙ্কেল প্রস্তাবের মানুষ যে গণবন্টন ব্যবস্থার মধ্যে দিয়ে খাদশস্য পাচ্ছেন তার উপর আঘাত আসবে। কারণ বিদেশ থেকে কিছু ব্যবসায়ী বেশি দামে খাদ্যশস্য বিক্রি করবে। আর একটা বিষয় আছে, শুধু বিদেশি পণ্য বিক্রি তা নয়, বিদেশি পুঁজির অনুপ্রবেশ করতে দিতে হবে। ইতিমধ্যে আমরা জানি, ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের অনুমতি নিয়েই এই অনুপ্রবেশের পথ প্রশস্ত করা হয়েছে। এক একটা সংস্থায় ৫১ পারসেন্ট তারা বিদেশিরা শেয়ার কিনতে পারবেন। অতিরিক্ত কি? আপনার মাধ্যমে এটা জানাচ্ছি, একটু চিন্তার কারণ ঘটেছে। বিদেশি মুদ্রা নিয়ন্ত্রণ আইনকে শিথিল করা হয়েছে, তার মানে দাঁড়াচ্ছে, কোনও বিদেশি সংস্থা—ভারতবর্ষের যে কোনও সম্পত্তি নিয়ন্ত্রণ করতে পারেন এবং কিনতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলছি, ভারতবর্ষের যে কোনও জায়গায়, পশ্চিমবাংলার যে কোনও জায়গায় জলাশয়—বিদেশিরা কিনতে পারেন এবং সেই জলাশয়ে কোনও মাছের চাষ হবে এবং সেই মাছ দেশের বাজারের জন্য না বিদেশের বাজারের জন্য সেই সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা আমরা হারিয়ে ফেলবো। বিদেশি পণ্য, বিদেশি পুঁজির অনুপ্রবেশ, তার মাধ্যমে উৎপাদন সিদ্ধান্তের উপর শুধু হস্তক্ষেপ নয় এর চেয়েও অন্য ধরনের বাজেট। শুধু কোনও পুঁজি নয়, মেধার পুঁজি তার উপর নিয়ন্ত্রণ, তার উপর আঘাত এসেছে। দ্বিতীয়, বিষয় যেটা সেটা আসছে, সেটা হচ্ছে মেধার পুঁজির ক্ষেত্রে পেটেন্টের যে আইন ছিল আমাদের দেশে তার উপরেও আঘাত এসেছে। এতদিন পেটেন্ট আইন কি ছিল? পেটেন্ট আইনে ছিল যে কোনও পণ্য একটা , ধরুন উদাহরণ হিসাবেই একটা বলছি, একটা ওযুধ, মাথাধরার ওযুধ সেই ওযুধের একজন উৎপাদক তার জন্য একটা পেটেন্ট তিনি পেয়েছেন। এমন অবস্থায় পেটেন্টটা ছিল। উৎপাদনের পদ্ধতির উপরে অর্থাৎ ওযুধ পণ্যর উপর নয়। ওই একই ওযুধ, আর একজন উৎপাদক, দেশের গবেযকরা নতুন পদ্ধতিতে করতে পারতেন, হয়তো সস্তায় প্রস্তুত হতে পারত এবং একই পদ্ধতিতে না করলেও করতে পারতেন। আমাদের দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা কেন্দ্রতে মেধার গবেষণা চলছিল এতদিন পর্যন্ত। কিন্তু অসুবিধা একটা জায়গাতে বহুজাতিক সংস্থাগুলি যে ওযুধ তৈরি করেন সেই ওযুধ আর বিক্রি হবে না, কেউ কিনবেন না যদি নিজের দেশের মধ্যে পূর্বোক্ত পদ্ধতিতে কেউ ওযুধ তৈরি করেন।

তাই দ্বিতীয় আঘাতটা আসছে ডাঙ্কেল প্রস্তাবের মাধ্যমে। আঘাতটা কি? পেটেন্ট এইবার পদ্ধতির উপর নয়, ঔযুধের উপর। অর্থাৎ সেই ঔযুধ যদি একবার বিদেশি সংস্থা করে, সেই ঔযুধ দেশের মধ্যে অন্যান্য পদ্ধতিতে করা যাবে না। তার মানে এতগুলো গবেষণাগার, এতগলো বিশবিদ্যালয়, এত ছাত্র-অধ্যাপক গবেষণা করছেন, তার ফলে কিন্তু তারা উৎপাদন করতে পারবেন না। প্রথম যেগুলো ছিল শুধু পুঁজি, এখন আপনার আমার চিন্তার স্বাধীনতার উপর আঘাত আসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দল চলে গিয়েছেন দূরে যদি বসে থাকেন, যদি থাকেন এই বাড়ির মধ্যে আমি যে কথাগুলো বলছি সেই কথাগুলো তাদের কাছে পৌঁছে দিতে চাই। আজকে ভারতবর্ষের গবেষণা করছেন এমন ছাত্র এখানে বা বাইরে

যদি থাকেন এবং এখানে গণ মাধ্যমের যারা উপস্থিত আছেন, মামুলি বিষয় এর মধ্যে আনতে চাইছি না, আপনারা চিন্তা করুন, জানবেন আমাদের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করা হচ্ছে। এর ফলে ছোট উৎপাদক, বড় উৎপাদক, মাঝারি উৎপাদক ক্ষতিগ্রস্ত হবে। আর কৃষক ক্ষতিগ্রস্ত হবে, দরিদ্র মানুষ ক্ষতিগ্রস্ত হবে, নিম্ন মধ্যবিত্ত মানুষ ক্ষতিগ্রস্ত হবে, মধ্যবিত্তও মানুষ ক্ষতিগ্রস্ত হবে। এদের ক্ষতিগ্রস্ত করে কোনও মুষ্টিমেয় মানুষ রাত্রে অন্ধকারের ডাঙ্কেল প্রস্তাব নিয়ে মানুষকে না জানিয়ে এগোবার চেষ্টা করছে? তৃতীয় আঘাত আসছে, সাধারণ মানুষ সঞ্চয় করে রাখে। লক্ষ্য করুন সঞ্চয়ের অধিকারের উপর হস্তক্ষেপ আসছে। তার মানে কি? এতদিন মানুষ যে সঞ্চয় করত তা করত স্বল্প সঞ্চয় প্রকল্পের মাধ্যমে। তৃতীয় পরিযেবামূলক ক্ষেত্রে ডাঙ্কেল প্রস্তাবের মাধ্যমে আঘাত আসছে। আমরা আগে বুঝতে পারি নি। এখন বুঝতে পারছি। স্বল্প সঞ্চয়ের উপর আঘাত বিচ্ছিন্ন ব্যাপার নয়। এক হাজার কোটি টাকা স্বল্প সঞ্চয়ে মানুষ রাখতো। আমরা দেখলাম মিউচিয়াল ফান্ড বেসরকারি উদ্যোগের মাধ্যমে মানুষকে আকর্ষণীয় করা হচ্ছে। মানুষের সঞ্চয় সেখানে নিয়ে যাওয়া হচ্ছে। কি করা হল? সেই অর্থগুলো শেয়ার মার্কেটে ঢেলে দেওয়া হল। উৎপাদন নেই, শেয়ার মার্কেটে ঢেলে দেওয়ার ফলে ধ্বস নামল। রাজ্যে স্বল্প সঞ্চয় রাজ্য সরকারের অধিকার। তাই দিয়ে আমরা রাস্তাঘাট, বিদ্যালয় করতাম। সেই স্বল্প সঞ্চয়ের অধিকার তুলে নেওয়া হল বেসরকারিকরণ করে। সেটা শেয়ার মার্কেট কেলেঙ্কারিতে পরিণত হল। শুধু তাই নয়, স্বল্প সঞ্চয়ে বিদেশি ব্যাঙ্ক ঢুকতে পারত না। আমরা আগে বুঝতে পারি নি। নরসিংহ কমিটির রিপোর্ট কেন্দ্রীয় সরকার দেখছেন। একেবারে এর মাধ্যমে ব্যাঙ্ক বেসরকারিকরণ করে বিদেশি ব্যাঙ্ককে প্রবেশ করিয়ে আমার আপনার সঞ্চয়ের মধ্যেও হস্তক্ষেপের অধিকার দিচ্ছেন। তৃতীয় এই প্রস্তাবের ফলে কি হবে? জিনিসপত্রের দাম আই এম এফ এবং বিশ্বব্যাঙ্কের ঋণ সাধারণ মানুষের স্বার্থে আঘাত করে জিনিসপত্রের দাম বাড়িয়ে দিয়েছে। এই রকম লাগাতার মূল্যবৃদ্ধি আগে হয় নি। জিনিসপত্রের দাম লাগাম ছাড়া হয়ে মানুষের ক্রয় ক্ষমতাকে নামিয়ে এনেছে। এর পর বৃদ্ধি পেয়েছে ব্যাপক হারে আমদানি এবং রপ্তানির ব্যবধান বাড়াচ্ছে এইভাবে আমাদের দেশ এবং আমাদের বেঁধে ফেলার চেষ্টা হচ্ছে।

[1-20 — 1-30 P.M.]

শুধু চেষ্টা তো নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনা ঘটে গিয়েছে। সি এ জি-র সর্বশেষ রিপোর্টে দেখতে পাচ্ছি আমাদের বিদেশি ঋণের বোঝা—সি এ জি-র সর্বশেষ রিপোর্ট যেটা দেখতে পাচ্ছি সেই তথ্য অনুযায়ী এক লক্ষ কোটি টাকা আমরা অতিক্রম করে গিয়েছি। এক একটা বছরে যা ঋণ নিচ্ছি তার ৬৪ শতাংশ পুরানো ঋণ ফেরত দিতেই চলে যাচ্ছে। আর এরমধ্যে একটা ঋণ আছে ব্যবসায়িক ঋণ ২৭ হাজার কোটি টাকার সেই যা ঋণ নেওয়া হয়েছে তার ১০০ ভাগই চলে যাচ্ছে সেই ঋণ ফেরত দিতে। আমরা বিদেশি ঋণের ফাঁদে জড়াবো এটা তো ভবিষ্যতের ব্যাপার নয়, আমরা জড়িয়ে গিয়েছি এবং আমরা মনে করছি যে আমাদের সার্বভৌমত্বের উপর আঘাত এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অ্যাপ্রোপ্রিয়েশন বিলের আলোচনার সময় বলেছিলাম যে আমাদের কিছুদিন আগে একটা অদ্ভুত অভিজ্ঞতা হয়। আমরা এই অভিজ্ঞতায় আগে কখনও পড়িনি। রাজ্য সরকারের প্রাপ্য অর্থ ছিল এই জুনের প্রথম দিকে পাবার কথা ছিল ৭৫ কোটি টাকার মতোন। আমরা যখন

এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করলাম এবং বললাম কোথায় সেই অর্থ তখন ওরা বললেন যে ওদের একটু অসুবিধা হচ্ছে এই কারণে যে ওদের অর্থের অভাব হয়েছে। আমরা বললাম, আপনাদের আবার অর্থের অভাব কি? আপনার তো যে কোনও সময় অর্থ দিতে পারেন। ওরা বললেন, মানে এই যে বিদেশি উপদেষ্টারা বসে আছেন, তাদের শর্ত অনুযায়ী নানান নিষেধাজ্ঞা আরোপ করছেন যার জন্য কেন্দ্রীয় সরকার তাদেরযে দেয় অর্থ রাজ্যগুলিকে তা তারা দিতে পারছেন না। শুধু পশ্চিমবঙ্গকে নয় ৮/৯টি রাজ্যকে ওরা এইভাবে বিপদে ফেললেন। এই অবস্থায় দাঁড়িয়ে আমাদের বাধ্য করা হয়েছে ঋণ নিতে। এসব জিনিস কি কোনওদিন ভুলতে পারি আমরা? এই কাজ তো ওরা করেছেন বিদেশের কাছে আত্মসমর্পণ করে। মাননীয় স্পিকার মহাশয়, একই সঙ্গে বলে রাখি যে কেন্দ্রীয় সরকারও নিষেধাজ্ঞা লাগিয়ে দিয়েছেন নিজেদের মন্ত্রকে। আজকের কাগজেই পড়লাম যে কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা আগে মাসের মাহিনা দিতে পারেন নি। স্যার, আমরা যখন কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছিলাম তখন ওরা বলেছিলেন যে এই অর্থ ওরা দিতে পারছেন না কারণ বিদেশি উপদেষ্টারা বসে আছেন। এটা শুনে হঠাৎ মনে হচ্ছিল যেন কোনও সার্বভৌম রাষ্ট্রের মধ্যে আমরা নেই, মনে হচ্ছিল যাদের সঙ্গে কথা বলছি তাদের যেন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা ও স্বাধীনতা হরণ করে নিয়ে চলে গিয়েছে। এখানে দাঁড়িয়ে তাই ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করে যে প্রস্তাব এসেছে তাকে শুধু সমর্থন করছি তাই নয়, একটা বিকল্প প্রস্তাবও আবার রাখছি। এই বিকল্প প্রস্তাব আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কিছুদিন আগেই রেখেছেন জাতীয় উন্নয়ন পর্ষদের বৈঠকে। আমি খুব সংক্ষেপে আর একবার সেটা বলছি। এক নং বক্তব্য হচেছ, ওরা কিসের জন্য নতজানু হচ্ছেন? বিদেশি মুদ্রার তহবিল এখন ১৩ হাজার কোটি টাকায় মতোন। এর ৫ হাজার কোটি টাকা ওরা ঋণটিন হিসাবে পেয়েছেন ঠিকই কিন্তু তারচেয়েও বেশি অর্থ তো বিদেশে বসবাসকারী অনাবাসী ভারতীয়রা পাঠিয়েছেন। এই ১৩ হাজার কোটি টাকা তো অনেক অর্থ। এখানে দাঁড়িয়ে তাই আমাদের প্রথম বক্তব্য, বিদেশ থেকে ঋণ নেওয়াটা আমরা কমিয়ে ফেলতে পারি এবং মুহূর্তে। দু নং কথা হচ্ছে, স্বনির্ভরতার পতাকা আমরা তুলে ধরতে চাই। আমাদের বিরাট দেশ, আমাদের বিশাল জনসম্পদ, প্রাকৃতিক সম্পদ। সাধারণ মানুষের যা প্রয়োজন তাদের খাদ্যশস্য, বস্ত্র, ওষুধ এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিস এর একবারও তো হিসাব আগে কখনও করা হয়নি। এর অনেকটাই তো দেশের সম্পদ দিয়ে তৈরি করা যায়। বিদেশের কাছে তো যাবার প্রয়োজন নেই। আমরা স্বনির্ভরতা মানে এই বলছি না যে বহির্বাণিজ্য শূন্য করে দাও। আমরা বলছি, যতটা আমরা করতে পারি সেটা আমরা করি আর যেখানে পারব না সেখানে নিশ্চয় বিদেশ থেকে আমদানি করব। আর শুধু সেইটুকু রপ্তানি করব কিন্তু নিজের পায়ে দাঁড়িয়ে। আর প্রযুক্তির ক্ষেত্রে আমরা বলছি যে আমাদের বিভিন্ন গবেষণাগার যেসব বিজ্ঞানিরা কাজ করছেন তাদের উপর আমাদের আস্থা আছে। খোলা মনে বিদেশের বক্তব্য আমরা শুনব কিন্তু প্রয়োগ করব নিজেদের মতোন করে। আর ওরা বলেন অর্থ নেই, ওরা বলেন ঘাটতি কমাতে হবে। ঘাটতি কমাতে চান ৩।। হাজার কোটি টাকা কিন্তু তার জন্য এত বক্র পথ কেন? রাজ্যগুলির উপর আঘাত কেন? পরিকল্পনার উপর আঘাত কেন? নিজেদের লাভজনক সংস্থা বিক্রি করে দেওয়া কেন? প্রতি বছর যে ৫০ হাজার কোটি কালো টাকা জমা হচ্ছে তার একটা ভগ্নাংশ যদি আমরা নিতে পারি তাহলেই তো মিটে যায়। আমরা বারং বার বলেছি

যে লাভলজক সংস্থা বিক্রি করবেন না। আমরা বলেছি যে বন্ধ কলকারখানা যেগুলি আছে তার প্রতিটি নিয়ে আসুন আলোচনা করা যাক যে কিভাবে খোলা যায়। তারপর প্রতিযোগিতার কথা। মাঝে মাঝে একটা কথা শোনা যায় সেটা হচ্ছে প্রতিযোগিতার কথা। প্রতিযোগিতার কথা ওরা মুখে বলেন কিন্তু প্রতিযোগিতায় ওরা বিশ্বাস করেন না।

প্রতিযোগিতা মানে কি? প্রতিযোগিতা মানে সমান প্রতিযোগিতা, সমান সুযোগ। মাননীয় স্পিকার মহাশয় ওরা প্রতিযোগিতা বলতে শুধু বোঝেন বিদেশি পুঁজির সঙ্গে দেশি বড় পুঁজির প্রতিযোগিতা। কিন্তু প্রতিযোগিতার ব্যাপক অর্থ এই, দেশের মধ্যে ছোট উৎপাদক, তাকে সমান সুযাগ দেবেন বড় শিল্পপতিদের সঙ্গে। তার তো কোনও উল্লেখ নেই? তার মানে দাঁড়ায় এই সেই উৎপাদক দিল্লিতে থাকতে পারেন, কলকাতায় থাকতে পারেন, বম্বেতে থাকতে পারেন, তাকে সহজ সুদের হারের তো কোনও কথা বলা নেই? আর আমরা বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যে, আপনারা প্রতিযোগিতার কথা বলছেন? সমান প্রতিযোগিতা? কংগ্রেসের ক্ষেত্রে তার মানে কি? তার মানে কৃষি উৎপাদনের মূল উপাদান জমি, তার অধিকারের ক্ষেত্রে সমান সুযোগ তার মানে তো ভূমি সংস্কার মাননীয় অধ্যক্ষ মহাশয়? তার কোনও উল্লেখ তো ওদের নেই? আমরা যে বিকল্প প্রস্তাব বলছি, রাজ্য সরকারের মধ্যে যেটুকু করা সম্ভব, আমরা তো এই ভূমি সংস্কার দিয়েই যাত্রা শুরু করেছি। যেটুকু ক্ষমতা তার সিদ্ধান্ত নেবার ক্ষমতা, আমরা গ্রামঞ্চলে পঞ্চায়েতের আমরা যতদূর পারি আমরা বিকেন্দ্রীয়করণ করেছি মাননীয় অধ্যক্ষ মহাশয়। অর্থ কার? এই যে অর্থ ওঠে, কেন্দ্রীয় সরকারের তো নিজের কোনও জমি নেই ছিঁটে ফোঁটাও ইউনিয়ন টেরিটোরিতে কিছু আছে, এতে রাজ্য থেকে রাজ্যের মানুষ তুলে দেন, সাধারণ মানুয তুলে দেন। সেই অর্থ ভুল পথে চলে গিয়েছিল দিল্লিতে। তার একটা অংশ ফেরত আসছে। যখন আমরা তা খরচ করা দরকার তা সাধারণ মানুষের হাতে তুলে দিতে চাই। কেন্দ্রীয় সরকার ডাঙ্কেল প্রস্তাবের ক্ষেত্রে দোদুল্যমানতা দেখিয়ে আই এম এফ, বিশ্ব ব্যাঙ্কের ঋণের শর্তের কাছে আত্মসমর্পণ করে তারা কি করেছে—এই বাজারের অর্থনীতি এনে মূলত সিদ্ধান্ত নেবার ক্ষমতা, দেশের গরিব মানুষ তো দূরে থাক, দেশের বাইরে বিদেশি পুঁজির কাছে ক্ষমতা হস্তান্তর করে দিয়েছে। আমরা ঠিক উল্টো পথে যেতে চাই। আমরা সেই ক্ষমতা সাধারণ মানুষের হাতে পৌঁছে দিতে চাই। তাই আরও একবার মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করে যে প্রস্তাব এসেছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ দীপক চন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব ডাঙ্কেল প্রস্তাবের বিরোধিতা করে আমরা এনেছি, মূল কথা যে অতীতে প্রায় ১৯৭০ সাল পর্যন্ত আমাদের পেটেন্ট রাইট ড্রাগ শিল্পে ওষুধ ইত্যাদির ক্ষেত্রে মাল্টি ন্যাশনালরা, যারা ওযুধ তৈরি করে তাদের পক্ষে পেটেন্ট রাইট ভারতবর্ষে ছিল। ডবলিউ এইচ ও, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন ১৯৬৯ সালে তারা সমীক্ষা করে দেখে যে ডেভেলপিং কান্ট্রিকে এক্সপ্লয়েট করার জন্য এই পেটেন্ট রাইট ওযুধ শিল্পে কিভাবে ব্যবহার হচ্ছে, তার দৃষ্টান্ত স্বরূপ তারা টেট্রাসাইক্লিন অর্থাৎ টেরামাইসিন বলে একটা ওযুধ, সেই ওষুধটা তুলে ধরে যে এটা ডেভেলপিং কান্ট্রিজ-এ, যেমন ভারতবর্ষে ৮০ পয়সাতে ওরা বিক্রি করছে, তৈরি করতে আট পয়সা লাগছে এবং ঐ ফাইজার কোম্পানি, মাল্টি ন্যাশনাল কোম্পানি ডবলিউ এইচ ও বলছে যে তারা এই যে বাকি ৭২ পয়সা

মুনাফা করছে এবং পেটেন্ট রাইটের সুযোগ নিয়ে ফাইজার কোম্পানি মুনাফা করছে। ফাইজার কোম্পানি বলছে আমাদের রিসার্চ করতে হয়, তার জন্য অর্থ ব্যয় করতে হয়, সেই অর্থব্যয়ের জন্য আমাদের এই মুনাফা দরকার। কিন্তু ডবলিউ এইচ ও আবার তাৎক্ষণিক সেই সমীক্ষাতে বলেছিল যে ৭২ পয়সার মধ্যে মাত্র ৬ পারসেন্ট, তার মানে ৭২ পয়সার

[1-30 — 1-40 P.M.]

মাত্র ৬ পারসেন্ট প্রায় পাঁচ পয়সা মতো তারা রিসার্চে ব্যয় করছে এবং সেই রিসার্চও কোনও মৌলিক রিসার্চের জন্য ঐ পাঁচ পয়সা খরচ হচ্ছে না। ঐ টেট্রাসাইক্লিন বা ঐ জাতীয় ওষুধ যেটা তারা বাজারে ছেড়েছে তার একটা ডেরিভেটিভ, সেটা বাজারে ছাড়ার জন্য, বার করে নিয়ে আসার জন্য ঐ পাঁচ পয়সা ব্যবহার করছে এবং করবার পর বলছে, আগের ওষুধের থেকে এটা ভাল। এবং ডবলিউ এইচ ও বলছে যে ডেভেলপিং কান্ট্রিগুলোতে যে শোষণ চলছে সেটা বন্ধ হওয়া দরকার। আমরা ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশনে, মনে আছে ১৯৬৯ সালে মনিপালে আমরা একটা রেজলিউশন নিয়েছিলাম। ১৯৭০ সালে সেই পেটেন্ট রাইটের মৌলিক কতকগুলো পরিবর্তন করা হয় সাধারণ মানুষের কথা ভেবে। আজকে যে ও আর এস, ওরাল রিহাইড্রেশন সলিউশন, একটা কমবিনেশন অব সল্টস, জন হফকিনন্স ইনস্টিটিউট, এটা নিয়ে রিসার্চ করছিল ১৯৬৮ সাল থেকে ভারতবর্ষে। এবং ১৯৭৫-৭৬ সাল পর্যন্ত তারা রিসার্চ করে দেখে যে ডায়েরিয়া হলে বাচ্চাগুলোর যে জল এবং ইলেক্ট্রোলাইট বেরিয়ে যাচ্ছে, সল্ট বেরিয়ে যাচ্ছে, সেই সল্ট যদি আমরা শুধু শুধু এমনি খাওয়াই তাহলে বাচ্চা সেইগুলো অ্যাবজর্ভ করতে পারে না। তার কমবিনেশন ঠিক করে দিয়েছিল যে এর সঙ্গে যদি গ্লুকোজ বা চিনি জাতীয় জিনিস মেশানো হয় তাহলে ইনটেসটাইন সেইগুলো অ্যাবজর্ভ করে নেবে এবং ঐ অ্যাবজর্ভশন করার জন্য একটা ফিক্সড ডোজ ঠিক করে দিলেন এবং সেই ডোজটা যেহেতু পেটেন্ট রাইট, আমরা তার মৌলিক পরিবর্তন করতে বলেছিলাম ১৯৭০ সালে। আর ডেভেলপিং কান্ট্রিজ, ভারতবর্ষ, এই জায়গার মতো অন্যান্য দেশে এই ও আর এস ব্যবহার হবে এই ডায়োরিয়্যাল ডিজিজের জন্য। জন হফকিন্স, ডবলিউ এইচ ও-র মাধ্যমে সাধারণ মানুষের কাছে এটা উপস্থিত করেছিল। কিন্তু যদি এই পেটেন্ট রাইট থাকত যা ডাঙ্কেল প্রস্তাব নিয়ে আসছে, ভারতবর্ষের উপর চাপিয়ে দেওয়া থাকত তাহলে যে কোটি কোটি শিশুর আজকে এই গত ১৫/১৬ বছর ধরে জীবন রক্ষা করতে পারছি তা পারতাম না। গত ১৫/১৬ বছর ধরে মোটামুটি আমরা শিশুদের জীবন রক্ষা করতে পারছি। কিন্তু ডাঙ্কেল প্রস্তাব যদি ইতিপূর্বে কার্যকর হত তাহলে আমরা তা পারতাম না। কেন্দ্রীয় মন্ত্রী চিদাম্বরম নিজেই বলেছেন, ডাঙ্কেল প্রস্তাব মেনে নিলে প্রায় ১০ গুণ ওষুধের দাম বেড়ে যাবে। বিভিন্ন রকম প্রতিটি অ্যান্টিবায়োটিক্স-এর দাম এবং অক্সিড ডোজ কমবিনেশন ড্রাগস সহ বিভিন্ন রকম কমবিনেশন ড্রাগস-এর দাম ১০ গুণ বেড়ে যাবে। সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাবে। ও আর এস পর্যন্ত সাধারণ মানুষ ব্যবহার করতে পারবে না। আজকে যা অত্যন্ত সস্তায় পাওয়া যাচ্ছে, তাও মানুষ ব্যবহার করতে পারবে না। কিডনি ট্রান্সপ্লান্টে যে রিজেকশন হয় তাকে প্রিভেন্ট করার জন্য যে সাইক্লোস্পেরিন বা অ্যান্টি ক্যান্সার ড্রাগস বা আদার কমবিনেশন অব ড্রাগস-এর আগামী দিনে এমন জায়গায় চলে যাবে যে ৯০ ভাগ মানুষ আর ঐসব ড্রাগস কিনে রোগের

চিকিৎসা করতে পারবে না।

মিঃ স্পিকার ঃ ডাঃ চন্দ্র , একটু বসুন। আলোচ্য বিষয়ের ওপর আলোচনা দেড়টার সময়ে শেষ হবার কথা। কিন্তু আমার মনে হচ্ছে তা সম্ভব হচ্ছে না। সুতরাং আমি সভার অনুমতি নিয়ে আরও ১৫ মিনিট সময়টা বাড়িয়ে দিতে চাইছি। আশা করছি এতে কারও আপত্তি নেই।

(১৫ মিনিট সময় বৃদ্ধি করা হয়।)

ডাঃ দীপক চন্দ ঃ আজকে ব্ল্যাড প্রেসারের ওষুধ বা বিশেষভাবে দরকারি ওষুধ, যা হার্ট অ্যাটাক্ হলে ব্যবহার করা হয়, নেফিডাইলফিন, বিটা ব্লকারস, এইচ-২ ব্লকারস প্রভৃতি ওষুধ—যে সমস্ত ওষুধ করোনারি ব্ল্যাড ভেসেলগুলিকে ডাইলুট করার জন্য ব্যবহার করা হয় সে সমস্ত প্রত্যেকটা ওষুধের ডাঙ্কেল প্রস্তাব যদি আমাদের দেশে প্রযোজ্য হয় তাহলে ১০ গুণ দাম বাড়বে। যে মেট্রোনিডাজোল ট্যাবলেট মে অ্যান্ড বেকার অতীতে বাজারে এক একটি বিক্রি করত ৬৮ পয়সা করে, পেটেন্ট ড্রাগ আইনের মৌলিক পরিবর্তনের ফলে সেই ওষুধের দাম রাতারাতি ১৮ পয়সায় নেমে এসেছিল। টেট্রাসাইক্লিন তখনকার দিনে যেটা ১ টাকা ৫০ পয়সা দাম ছিল, সেটা ঐ আইনের পরিবর্তনের ফলে ৬৫ পয়সায় নেমে এসেছিল। অ্যাম্পিসিলিন-এর দামও অনেকটা কমে গিয়েছিল। ৫০-এর দশকে টাইফয়েড ছিল ভারতবর্ষে একটা মারাত্মক রোগ। টাইফয়েডের ওষুধ ক্লোরামফেনিক্যাল 'মে অ্যান্ড বেকার' বাজারে এনেছিল। যেহেতু ক্লোরামফেনিক্যাল ছাড়া টাইফয়েড থেকে রক্ষা পাওয়া যেত না, সেহেতু প্রচুর টাকা দাম দিয়ে ওদের সেই ওষুধ মানুষকে কিনতে হচ্ছিল। দুটি দেশের মাল্টি ন্যাশনাল কোম্পানি তখন এই ওষুধ সারা বিশ্বে তৈরি করত। তাদের মধ্যে একটা হচ্ছে ইতালি, তারা পেটেন্ট রাইট মানত না। তারা ঐ ওষুধ তৈরি করেছিল এবং তাদের তৈরি ওষুধ ভারতবর্ষে আনা সম্ভব হয়েছিল। তারা সস্তায় তাদের ওষুধ ভারতবর্ষের বাজারে ছেড়ে ছিল, ফলে তাদের ওষুধে ভারতবর্ষের বাজার ছেয়ে গিয়েছিল। তার ফলে ভারতবর্ষে অনেক টাইফয়েড রুগী বেঁচেছিল। তাদের ওষুধ বাজার দখল করে নেবার পরের দিনই 'মে অ্যান্ড বেকার' তাদের ওষুধের দাম কমাতে বাধ্য হয়েছিল। ব্রেজিল আগে পেটেন্ট রাইট মানত না। ৮১ সাল থেকে ডাঙ্কেল প্রস্তাব অনুসারে তারা মানতে বাধ্য হয়। ফলে আজকে ব্রেজিলের আধুনিক চিকিৎসা ব্যবস্থা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। এখন যদি ভারতবর্ষে ঐ প্রস্তাব প্রযোজ্য হয় তাহলে ভারতবর্ষের সাধারণ মানুষের অবস্থাও তাই হবে। শ্রীমতী গান্ধী আর যাই করুন না কেন, একটা কাজ অন্তত করেছিলেন ভারতবর্ষের সাধারণ মানুষের জন্য। তিনি পেটেন্ট রাইট সংক্রান্ত আইনের মৌলিক পরিবর্তন ঘটিয়েছিলেন। মানুষের উপকার করেছিলেন। কংগ্রেস (আই) দল ইতিপূর্বে মানুষের এই উপকারটুকু করেছে। আজকে যদি সেই দলই ডাঙ্কেল প্রস্তাব ভারতবর্ষে কার্যকর করে তাহলে তারা সাধারণ মানুষের সঙ্গে চূড়ান্ত বিশ্বাসঘাতকতা করবে। চিকিৎসার অভাবে হাজার হাজার লক্ষ, লক্ষ, মানুষ মারা যাবে। বর্তমানে ভারতবর্ষের মোট জনসংখ্যার ৩০ শতাংশ মানুষ আধুনিক চিকিৎসার সুযোগ গ্রহণ করে। যদি ওষুধ পত্রের ১০ গুণ দাম বেড়ে যায় তাহলে মাত্র ১০ শতাংশ মানুষ চিকিৎসার সুযোগ গ্রহণ করতে পারবে। ৯০ শতাংশ মানুষই মৃত্যুর দিন গুনবে। সুতরাং আমাদের ঐ

প্রস্তাব প্রত্যাখ্যান করা উচিত। আজকে ভারতবর্ষের প্রতিটি মানুষকে এক সঙ্গে আওয়াজ তুলতে হবে—যে সর্বনাশা ডাঙ্কেল প্রস্তাব আমাদের ঘাড়ে চাপাবার চেষ্টা করা হচ্ছে তা আমরা রক্ত দিয়েও প্রতিরোধ করব। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : There are two amendments by Dr. Zainal Abedin And Shri Atish Chandra Sinha. I find the Members are not present in the House and as such the amendments are not moved.

The motion of Shri Manabendra Mukherjee that—এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছে যে,

"শুল্ক ও বাণিজ্য সংক্রান্ত চুক্তি সংস্থার (General Agreement on Trade and Tariff) অধিকর্তা সদস্য দেশগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য একটি চূড়ান্ত খসড়া প্রস্তাব পেশ করেছেন। এই প্রস্তাবের প্রধান প্রধান দিকগুলি হল ঃ—

(ক) **বাণিজ্য সংক্রান্ত মেধাসত্ব (Trade Related Intellectual Property Rights বা TRIPS) সম্পর্কিত প্রস্তাব ঃ** এই প্রস্তাব অনুযায়ী আমাদের দেশের গৃহীত পেটেন্ট আইনটি বাতিল হবে যা ১৯৭০ সাল থেকে আমাদের দেশকে শিল্প প্রযুক্তির ক্ষেত্রে স্বনির্ভরতার প্রশ্নে অনেকখানি এগিয়ে দিয়েছে। এই প্রস্তাবে 'জৈবিক প্রক্রিয়া' (Bioligical Process) ছাড়া প্রতিটি বিষয়কে দীর্ঘ ২০ বছর সময়সীমায় পেটেন্ট আইনের আওতায় আনা হবে। অথচ আমাদের দেশের প্রচলিত আইনে কৃষিজাত দ্রব্য, গবাদি পশুর জন্য ব্যবহৃত ওষুধ, জীবনদায়ী ওষুধ, খাদ্য ও ওষুধ উৎপাদনের জন্য প্রয়োজনীয় রাসায়নিক, শল্য চিকিৎসার যন্ত্রাদি, কীটনাশক ও ফসল সংরক্ষনের জন্য প্রয়োজনীয় রাসায়নিক, পরমাণুশক্তি ও দেশের প্রতিরক্ষা সংক্রান্ত কোনও বিষয়ে কেউ পেটেন্ট নিতে পারবে না। অন্য সবক্ষেত্রে পেটেন্টের ঊর্ধ্বসীমা কোনও অবস্থাতেই ৭ বছরের বেশি হবে না। এছাড়া অন্য পদ্ধতিতে পেটেন্টভুক্ত বস্তুটি তৈরি করার পথও উক্ত অধিকর্তার প্রস্তাব অনুযায়ী বন্ধ হবে ;

(খ) **কৃষিপণ্য ও কৃষিক্ষেত্র সম্পর্কিত প্রস্তাব ঃ** এই প্রস্তাব অনুযায়ী খাদ্যশস্যে ভরতুকি পরিমাণ কখনও সামগ্রিক মূল্যের ১০ শতাংশ-এর বেশি হবে না। অর্থাৎ খাদ্যশস্যের মূল্য নিয়ন্ত্রণে সরকারের ভূমিকা থাকবে নামমাত্র।

এই প্রস্তাব অনুযায়ী আমদানি বাধ্যতামূলক হবে। ধাপে ধাপে ২০০৩ সালের মধ্যে অভ্যন্তরীণ চাহিদার ৩.৩৩ শতাংশ আমদানি করতে হবে। অর্থাৎ খাদ্যশস্যে স্বয়ংসম্পূর্ণ হলেও আমদানি করতেই হবে ;

(গ) **বাণিজ্য বিনিয়োগ (Trade Related Investment Measurs বা TRIMS) সংক্রান্ত প্রস্তাব ঃ** এই প্রস্তাব অনুযায়ী বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে

সব ধরনের বাধা নিষেধের অবলুপ্তি ঘটানো হবে। স্থানীয় কাঁচামাল ব্যবহার, বাধ্যতামূলক রপ্তানি প্রভৃতি কোনও ধরনের বিধিনিষেধ প্রয়োগ করা যাবে না। এই প্রস্তাবে উন্নয়শীল দেশগুলির মধ্যেকার প্রধান দেশগুলিকে ৫ বছর সময় দেওয়া হচ্ছে অবাধ বিনিয়োগ ও অবাধ আমদানির জন্য আইনগুলি সংশোধন করতে। এমনকি বাণিজ্য ঘাটতি কমাতে আমদানির কোটাও বিনা অনুমতিতে কমানো যাবে না ; এবং

(ঘ) **পরিষেবামূলক ক্ষেত্রে বাণিজ্য অধিকার (General Agreement on Trade in Service বা GATS) সংক্রান্ত প্রস্তাব ঃ** এতদিন আমাদের দেশে ব্যাঙ্কিং, বিমা, টেলিকমিউনিকেশন, পরিবহন, প্রভৃতি পরিষেবামূলক বাণিজ্যের ক্ষেত্রে বহুজাতিক সংস্থাগুলির অবাধ প্রবেশাধিকার ছিল না। দরিদ্র মানুষ কিছু ক্ষেত্রে পরিষেবার সুযোগ পেত এই সব ক্ষেত্রে কিছুটা ভরতুকি থাকার জন্য এই প্রস্তাব অনুযায়ি এই পরিষেবার ক্ষেত্রেও বিদেশি সংস্থার অনুপ্রবেশ ঘটবে। অনুমতি ছাড়া পরিষেবার ক্ষেত্রে ভরতুকির ব্যবস্থাও করা যাবে না।

এই প্রস্তাব অনুযায়ী একটি সংস্থা মাল্টিল্যাটারাল ট্রেড অর্গানাইজেশন (MTO) গঠিত হবে, যা প্রস্তাব অনুযায়ী একটি দেশ চলছে কি না তা পরীক্ষা করে দেখবে এবং প্রয়োজনে পাল্টা ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করবে। অথচ এই প্রস্তাব অনুযায়ী অভিযোগের সত্যতা প্রমাণ করার দায়িত্ব বর্তাবে অভিযুক্তের ওপর, অভিযোগকারীর নয়। এই ধরনের প্রস্তাবের অর্থ হল উন্নয়নশীল দেশগুলিকে উন্নত পশ্চিমী দেশগুলির অনুকম্পার উপর নির্ভরশীল থাকতে হবে। এই প্রস্তাব হল তৃতীয় বিশ্বের উপর সাম্রাজ্যবাদীদের অবাধ লুণ্ঠনকে আইনসঙ্গত করার একটি কুৎসিত প্রচেষ্টা।

এই সভা মনে করে, GATS অধিকর্তার উপরোক্ত প্রস্তাবগুলি গ্রহণের অর্থ হবে আমাদের দেশের অর্থনৈতিক সার্বভৌমত্ব এবং স্বনির্ভরতা বিপন্ন করা।

এই সভা তাই উক্ত প্রস্তাব প্রত্যাখ্যান করার জন্য এবং ছোট নিরপেক্ষ আন্দোলনের নেতা হিসাবে উন্নয়নশীল দেশগুলিকে নিয়ে উক্ত প্রস্তাবকে ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ করার জন্য, রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে" was then put and agreed to.

MOTION UNDER RULE 185

Motion under rule 185 regarding deterioration of Law and Order situation in the State—Notice given by Shri Sudip Bandyopadhya, Shri Abdul Mannan and Dr. Manas Ranjan Bhunia.

Mr. Speaker : I find the Members are not present in the House and as such the motion is not moved.

MOTION UNDER RULE 185

Motion under rule 185 regarding exit policy of Central Government—Notice given by Shri Goutam Roy Chodhuri, Shri Lakshman Seth, Shri Subhas Goswami, Shri Sakti Bal, Shri Santi Ranjan Ganguly and Shri Haripada Jana

Shri Lakshman Chandra Seth : Sir I beg to move that—"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, কেন্দ্রীয় সরকার তার ঘোষিত শিল্পনীতিকে রূপায়ণের উদ্দেশ্যে যে 'বিদায়নীতি' গ্রহণ করেছেন তার ফলে বেসরকারি শিল্পসংস্থাগুলিকে ঢালাওভাবে ছাঁটাই করার অধিকার দেওয়া হয়েছে। এমন কি, এই নীতি রাষ্ট্রায়ত্ত শিল্পের ক্ষেত্রেও প্রযোজ্য। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে ৯৮টি রাষ্ট্রায়ত্ত শিল্পকে রুগ্ন হিসেবে চিহ্নিত করে তালিকাভুক্ত করেছেন। তার মধ্যে পশ্চিমবঙ্গের ২৪টি সহ মোট ৫৮টি শিল্পকে ' বি আই এফ আর'-এ পাঠানো হয়েছে। এই সব শিল্পের প্রায় ৯ লক্ষ শ্রমিক-কর্মচারী ছাঁটাইয়ের মুখে। এ ছাড়াও সরকারি দপ্তরে ১০ ভাগ কর্মচারী ছাঁটাইয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নরসিমা কমিটি ব্যাঙ্ক শিল্পে ৩ লক্ষ শ্রমিককে উদ্বৃত্ত বলে সুপারিশ করেছেন ;

এই সভা আরও লক্ষ্য করছে যে, কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে কর্মসংস্থান সঙ্কুচিত হচ্ছে এবং দেশি ও বিদেশি পুঁজিপতিদের মুনাফা অবাধ স্বাধীনতা দেওয়া হচ্ছে। রুগ্ন ও বন্ধ শিল্পের সংখ্যাও দিন দিন বেড়ে চলেছে ;

এই সভা মনে করে যে, বিশ্বব্যাঙ্ক ও আন্তর্জাতিক অর্থ-ভাণ্ডারের নির্দেশে কেন্দ্রীয় সরকার এই নীতি প্রণয়ন করেছেন এবং তাদের নিদেশেই 'পুনর্বাসন তহবিল' গঠন করেছেন ;

সুতরাং এই সভা কেন্দ্রীয় সরকারের এই জনস্বার্থ বিরোধী বিদায়নীতির তীব্র প্রতিবাদ করছে এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই নীতি প্রত্যাহারের দাবি জানাচ্ছে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রস্তাবটি লিখিত আকারে পেশ করা হয়েছে। আমরা কয়েকজন মিলে এই প্রস্তাবটি উত্থাপন করেছি। কয়েকটি বিষয় আমরা এখানে উল্লেখ করেছি। এই প্রস্তাবে কেন্দ্রীয় সরকার যে বিদায়নীতি ঘোষণা করেছেন তার বিরুদ্ধে এই প্রস্তাব গ্রহণ করেছি। কেন্দ্রীয় সরকার যে শিল্পনীতি ঘোষণা করেছেন তাকে সঙ্গতি রেখে এই বিদায়নীতি চালু করার কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন। নতুন শিল্পনীতির মূল কথা হল বেসরকারি করণ, ঢালাওভাবে বেসরকারিকরণ মানে মুনাফার বেসরকারিকরণ এবং তাকে নিশ্চিত করা অর্থাৎ নতুন শিল্পনীতির মধ্য দিয়ে আমাদের দেশের শিল্প সংস্থায় বিদেশি এবং দেশি পুঁজিপতিদের অবাধ বিচরণ ক্ষেত্র তৈরি করা হয়েছে। এই শিল্পনীতির মধ্য দিয়ে বেসরকারি মালিকদের ঢালাওভাবে অধিকার দেওয়া হয়েছে এবং তারা যদি মনে করেন যে, কোনও কারখানা চলছে না, তাতে লাভ হচ্ছে না—তাদের মনে করাটাই যথেষ্ট হবে সেই মনে করে সেই কারখানা বন্ধ করে দিতে পারেন, শ্রমিকদের ছাঁটাই করে দিতে পারেন। তার মানে এই

নতুন শিল্পনীতির মধ্য দিয়ে বেসরকারি মালিকদের হাতে অধিকার তুলে দেওয়া হয়েছে। যে কোনও মূল্যে, যেকোনও সময়ে শ্রমিকদের ছাঁটাই করে দেওয়া যেতে পারে এটাই হচ্ছে বিদায়নীতির মূল কথা। শুধু তাই নয়, রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রেও এই শিল্পনীতি প্রযোজ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয় আপনার নজরে আনতে চাই, কেন্দ্রীয় সরকার এমনভাবে বলার চেষ্টা করছেন যে আমদের দেশে রাষ্ট্রায়ত্ত শিল্পের পাশাপাশি বেসরকারি শিল্প সংস্থাগুলি থেকে ঢালাওভাবে ক্ষতি হচ্ছে, লোকসান হচ্ছে, এটা কিন্তু ঠিক নয়। আমি পরিসংখ্যান দিয়ে প্রমাণ করতে পারি।

[1-40 — 1-50 P.M.]

আমাদের দেশে শিল্প সংস্থা বেশিরভাগ ক্ষেত্রে সরকারি এবং বেসরকারি মালিকানাধীন আছে। যেমন উদাহরণ দিতে পারি, জাতীয় অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে সরকারি ও বেসরকারি ক্ষেত্রের শতকরা শেয়ারের হিসাব দিলেই বুঝতে পারবেন। কৃষি, বন, বৃক্ষ বেসরকারি ক্ষেত্রে ৯৯.৭। খনিজ ক্ষেত্রে, বেসরকারি ৩৭.০। উৎপাদন ও অন্যান্য ক্ষেত্রে ৯৩.৪। বিদ্যুৎ, গ্যাস ও জলের ক্ষেত্রে বেসরকারি মালিকানার শেয়ার ৪.৯। নির্মাণ শিল্প ক্ষেত্রে বেসরকারি মালিকানা আছে ৬৯.৮। পরিবহন ও যোগাযোগ ক্ষেত্রে ৫৫.৬। ব্যাঙ্কি এবং ইনসুরেন্স (সংগঠিত) ক্ষেত্রে ২৩.০। ব্যবসা এবং হোটেল ইত্যাদি ক্ষেত্রে ৯৮.৯। আমাদের দেশে বেশিরভাগ শিল্প ক্ষেত্র বেসরকারি মালিকানায় আছে। কেন্দ্রীয় সরকারের বক্তব্য হচ্ছে, রাষ্ট্রায়ত্ত কারখানাগুলি লাভ করতে পারে না সেই জন্য সমস্ত কারখানা বেসরকারিকরণ করতে চলেছে। এই তথ্য আদৌ সত্য নয়। কয়েকদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী লোকসভায় বলেছেন রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রেও কিভাবে লাভ হয়েছে। ১৯৮৮-৮৯ সালে ২৯৯৩ কোটি টাকা, ১৯৮৯-৯০ সালে ৩৭৮৮ কোটি টাকা, ১৯৯০-৯১ ২৩৬৭ কোটি টাকা। শুধু তাই নয়, আমাদের দেশ স্বাধীন হওয়ার পর থেকে আজ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বিনিয়োগ করেছেন ৭০ হাজার কোটি টাকা। রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থা থেকে কেন্দ্রীয় সরকার আবার টাকা পেয়েছেন ১ লক্ষ কোটি টাকার বেশি। অর্থাৎ আমাদের দেশের সম্পদ সংগ্রহের ক্ষেত্রে, মূলধন গঠনের ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত সংস্থা এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তার উদাহারণ হিসাবে বলতে পারি, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রাষ্ট্রায়ত্ত শিল্পে সম্পদ সৃষ্টি হয়েছে ২৮৭ কোটি টাকা। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা ১ হাজার ২৬০ কোটি টাকা, পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩ হাজার ৪৩৯ কোটি টাকা। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৩ হাজার ৭৭৫ কোটি টাকা। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৭ হাজার ৬৭৯ কোটি টাকা। অর্থাৎ প্রত্যেকটি পরিকল্পনার ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত শিল্পসংস্থাগুলি আমাদের দেশে সম্পদ তারা জুগিয়ে দিয়েছে। বেসরকারি ক্ষেত্রে শিল্প গড়ে তুললে দেশ এগিয়ে চলবে এটা বিশ্বাস করি না। এই পরিসংখ্যান সেটা বলছে না। কেন্দ্রীয় সরকার আসলে বেসরকারিকরণের মধ্যে দিয়ে আমাদের দেশের বেকার সমস্যাকে আরও তীব্রতর করতে চাইছেন যেখানে বর্তমানে সারা দেশে বেকার সংখ্যা ৪ কোটি এবং গ্রামাঞ্চলে বেকারদের ধরলে সেটা ১৫ কোটি হবে। কিভাবে বেড়ে চলেছে তার পরিসংখ্যান দিচ্ছি। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে বেকার সংখ্যা ছিল ৫৩ লক্ষ, দ্বিতীয় পরিকল্পনাকালে ছিল ৭১ লক্ষ, তৃতীয় পরিকল্পনাকালে ছিল ৯৬ লক্ষ, চতুর্থ পরিকল্পনা কালে ছিল ১ কোটি ৭১ লক্ষ, পঞ্চম পরিকল্পনা কালে ছিল ২ কোটি ২১ লক্ষ, ষষ্ঠ পরিকল্পনা কালে ছিল ২ কোটি ৫১

লক্ষ, সপ্তম পরিকল্পনা কালে ছিল ৩ কোটি ৫০ লক্ষ। এইভাবে এক একটা পরিকল্পনা হয়েছে, সঙ্গে সঙ্গে বেকার বেড়ে চলেছে। এই অবস্থায় বেসরকারি মালিকদের হাতে ওয়ার্কার ছাঁটাই এর অধিকার দেওয়া থাকলে তার ফল আমাদের দেশে ভয়ঙ্কর হবে, আরও তীব্রতর বেকার বাড়বে। কিভাবে বেকার বাড়ছে সেই তথ্য এখানে হাজির করেছি। আজকে রাষ্ট্রায়ত্ত সরকারি সংস্থার ক্ষেত্রে বলা হচ্ছে ১০ শতাংশ কর্মচারী ছাঁটাই করা হবে। নরসিমা কমিটির সুপারিশ অনুযায়ী আজকে ৩ লক্ষ শ্রমিক-কর্মচারীকে উদ্বৃত্ত বলে ঘোষণা করা হয়েছে। এইভাবে বিদায় নীতির সঙ্গে শিল্পনীতির সম্পর্ক রক্ষা করা হয়েছে। এরই বিরুদ্ধে গত ১৬ই জুন ধর্মঘট হয়েছে। এই বিদায় নীতি ভারতবর্ষের আর্থিক ক্ষেত্রে মারাত্মক সর্বনাশ সৃষ্টি করবে। গত নির্বাচনের প্রাক্কালে ওরা বলেছিলেন যে, বছরে এক কোটি মানুষকে চাকরি দেবেন। সেই এক কোটি তো দূরের কথা, যে বিদায় নীতি এবং শিল্পনীতি তারা গ্রহণ করেছেন তার মধ্যে দিয়ে আমাদের দেশে বেকার সমস্যা আরও ভয়াবহ আকার ধারণ করছে। আজকে ওরা আমাদের অর্থনীতির ক্ষেত্রকে বিদেশি পুঁজিপতিদের মুনাফা অর্জনের বিচরণ ক্ষেত্র করতে চাইছেন। ভারতবর্ষকে তারা নাকি গড়ে তুলবেন! উল্টে তারা আমাদের দেশকে শোষণ করবেন। আজকে বহু বিদেশি পুঁজিপতিকে ভারতবর্ষে কল-কারখানা গড়ে তুলবার সুযোগ দেবার ফলে তারা মুনাফা অর্জনের স্বার্থে যেখানে ৫,০০০ শ্রমিক দরকার সেখানে ৫০০ শ্রমিক নিয়ে কাজ করাবেন। এইভাবে তারা মুনাফা লুট করে নিয়ে চলে যাবেন। বেসরকারি শিল্পের পাশাপাশি যদি সরকারি নিয়ন্ত্রণ বেশি করে কাজ করে, সে দেশের স্বাধীনতা, স্বনির্ভরতা দুর্বল হয়ে যেতে পারে না। কিন্তু আজকে নতুন শিল্প নীতির মধ্যে দিয়ে তারা বিদায় নীতি কার্যকর করবার চেষ্টা করছেন। এর বিরোধিতা করছি। এই বিদায় নীতির ভেতর দিয়ে তারা দেশের সর্বনাশ ডেকে আনবেন। আজকে আমরা এই যে প্রস্তাব করছি এটা ঐ বিদায় নীতির বিরুদ্ধে। আশা করি সবাই একে গ্রহণ এবং সমর্থন করবেন।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় গৌতম রায়চৌধুরি এবং অন্যান্য কেন্দ্রীয় সরকারের বিদায় নীতি এবং শিল্পনীতি প্রত্যাখ্যান এর দাবি জানিয়ে যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাবকে নীতিগতভাবে আমি সমর্থন করি। কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির যে উদ্দেশ্য কর্মসংস্থান সঙ্কোচনের মাধ্যমে দেশে এবং বিদেশি পুঁজিপতিদের অবাধ মুনাফা পুঁজিপতিদের অবাধ মুনাফা লুণ্ঠনের সুযোগ করে দেওয়া, সেই শিল্পনীতির পরিপূরক হিসাবে এই বিদায়নীতি কার্যকর করছেন। যে বিদায় নীতির ফলে রাষ্ট্রায়ত্ত শিল্পের অধিকার বেসরকরি মালিকদের হাতে ছেড়ে দেওয়া হল, এটা অত্যন্ত মারাত্মক। ওরা যে কথা বলছেন, বাস্তবে ঘটনা তা নয়। বলেছেন, রাষ্ট্রায়ত্ত শিল্পে লোকসান হয়। কিন্তু স্ট্যাটিসটিক্স থেকে দেখতে পাচ্ছি, রাষ্ট্রায়ত্ত শিল্পে মুনাফার পরিমাণ কম নয় এবং এই মুনাফা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। কিন্তু তারা এইভাবে প্রচার করবার চেষ্টা করছেন যে, রাষ্ট্রায়ত্ত শিল্পে লোকসান হচ্ছে, সুতরাং বেসরকারিকরণ প্রয়োজন। এবং তার অবশ্যম্ভাবী পরিণতি ৯৮টি শিল্প সংস্থাকে রুগ্ন বলে ঘোষণা করে বি আই এফ আর পাঠিয়েছে। আজকে পশ্চিমবঙ্গও তার ভুক্তভোগী, তার ২৪টি প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গের মধ্যে পড়েছে। এর ফলেপ্রায় ১০ লক্ষের মতো শ্রমিক কর্মচারী আগামীদিনের তাদের ছাটাইয়ের আশঙ্কা রয়েছে। এই সঙ্গে কেন্দ্রীয় সরকারের নরসিমা রাও কমিটি ব্যাঙ্ক শিল্পে আরও ৩ লক্ষ উদ্বৃত্ত বলে সুপারিশ করেছেন এবং তার ফলে একটা

মারাত্মক পরিস্থিতির সৃষ্টি করেছে। এই বিদায় নীতি কার্যকর হওয়ার ফলে আগামীদিনে বেকার সমস্যার একটা মারাত্মক রূপ নেবে। স্বভাবতই এই বিদায় নীতির সম্পর্কে যে প্রস্তাব আনা হয়েছে জনস্বার্থে এবং শ্রমিকস্বার্থে তাকে আমি সমর্থন করছি। সেই সঙ্গে সঙ্গে একথা বলব যে রাজ্য সরকারের পক্ষ থেকে এই বিদায় নীতির বিরোধিতা করা হলেও, ক্ষেত্র বিশেষ নীতিগত বিরোধিতা করা হলেও, বিদায় নীতির মতো কিছু কিছু পদক্ষেপ আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে গৃহীত হয়েছে। সেগুলি সম্পর্কে আমি বিবেচনা করার কথা বলব। আমি নির্দিষ্ট করে বলতে পারি যে বিদ্যুত পর্ষদের ক্ষেত্রে সেখানে কর্মচারিরা কর্মরত অবস্থায় অক্ষম হলে, মারা গেলে তাদের পোষ্যদের চাকুরি দেবার যে ব্যবস্থা ছিল, রাজ্য সরকার সেই সুযোগ থেকে তাদের বঞ্চিত করেছেন তাদের পরিবারের পোষ্যদের এককালীন থোক টাকা দেবার প্রস্তাব নিয়েছেন। এটা এক অর্থে ওই বিদায় নীতির পর্যায়ে পড়ে। আমি আশা করব যে আপনারা এই পদক্ষেপ থেকে বিরত হবেন। আরও কতকগুলি ক্ষেত্রে ডি পি এল সেখানে বেসরকারিকরণ করা হচ্ছে, ৪৯ পারসেন্ট বিড়লার হাতে তুলে দেওয়া হচ্ছে। ডি পি এল প্রায় ৮ হাজার কর্মচারী কাজ করেন। সেখানে স্বেচ্ছায় অবসর গ্রহণ করানো হচ্ছে এবং তার ফলে দেড় হাজারের মতো কর্মচারীকে স্বেচ্ছায় অবসর গ্রহণ করানো হচ্ছে। আমি আপনাদের অনুরোধ করব যে এই পদক্ষেপ থেকে আপনারা বিরত থাকবেন। আজকে শিক্ষকদের ক্ষেত্রে কি অবস্থা দেখছি? এতদিন শিক্ষকদের ৬৫ বছর পর্যন্ত চাকুরি করার অধিকার ছিল। আপনারা সেটাকে ৫ বছর কমিয়ে ৬০ বছর করলেন। এটাও এক দিকে থেকে ৫ বছর আগে তাদের বিদায় করা হল। এটাও এক অর্থে বিদায় নীতির মধ্যে পড়ে। কাজেই আমি বলব যে এগুলি থেকে আপনারা বিরত হন। আজকে এই বিদায় নীতি সম্পর্কে যে প্রস্তাব এসেছে, এটা কার্যকর হবে এই আশা রেখে এবং একে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-50 — 2-00 P.M.]

শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের জনবিরোধী বিদায় নীতির বিরুদ্ধে এখানে যে প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে সমর্থন করে এবং কেন্দ্রীয় সরকারের বিদায় নীতিকে ধিক্কার জানিয়ে আমি এখানে কয়েকটি কথা বলব। ভারতবর্ষ একটি পুঁজিবাদী রাষ্ট্র, ক্যাপিটালিস্ট কান্ট্রি। ভারতবর্ষের শ্রেণী বিভক্ত সমাজের রাষ্ট্রীয় ক্ষমতা রয়েছে মূলত ক্যাপিট্যালিস্ট বা পুঁজিবাদীর ধারক-বাহক একটা রাজনৈতিক দল, তার নাম হচ্ছে কংগ্রেস। আর কংগ্রেস ভারতবর্ষের রাষ্ট্রীয় ক্ষমতায় বসে সাম্রাজ্যবাদী শক্তির সঙ্গে ওতপ্রোত ভাবে সমস্ত দিক থেকে জড়িয়ে আছে। সাম্রাজ্যবাদী যে সঙ্কট তার সঙ্গে ভারতবর্ষ জড়িয়ে থাকাতে পুঁজিবাদী এবং সাম্রাজ্যবাদীর যে অর্থনৈতিক অমোঘ তার ফলশ্রুতি হিসাবে ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থাও সঙ্কটের দিকে গেছে এবং ভারতবর্ষ আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। ভারত সরকার এই অবস্থায় মুখোমুখি দাঁড়িয়ে দীর্ঘ কয়েক বছর থেকে বিভিন্ন সময় আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে বিভিন্ন আন্তর্জাতিক ঋণ সংস্থার কাছ থেকে বিভিন্ন অপমানজনক অসম্মানজনক শর্তে ঋণ নিয়েছে। তাঁরই ফলশ্রুতি হিসাবে নয়া শিল্পনীতি, নয়া শিক্ষানীতি, নয়া অর্থনীতির প্রবর্তন করছে। সমস্ত নয়া নীতির মধ্যে দিয়ে দেশের ক্ষেত্রে একটা বিপর্যয় সৃষ্টি হচ্ছে। নয়া নীতির মধ্যেদিয়ে বিদেশিদের অবাধে লুন্ঠন করবার ছাড় দেওয়া হয়েছে।

আজকে গোটা দেশে বিভিন্ন শিল্পে সে রাষ্ট্রায়ত্ত হোক আর রাষ্ট্রায়ত্তের বাইরে হোক, সমস্ত শিল্প সংস্থাগুলিতে বিদেশি পুঁজির অনুপ্রবেশ ঘটতে পারে তার সমস্ত রকম সুযোগ সুবিধার, বন্দোবস্ত করে দিয়েছে এই নয়া শিল্প নীতি। তার ফলশ্রুতি হিসাবে দেশের হাজার হাজার কারখানায় লক্ষ লক্ষ শ্রমিক কর্মচারী ছাঁটাই হয়ে যাচ্ছে। শুধু তাই নয় এই বিদায় নীতির মধ্যে দিয়ে কর্মসংস্থানের অধিকার দূরের কথা, কর্মসংস্থানের নতুন নতুন প্রকল্পের কথা দূরে থাক যারা কর্মরত আছে তাদের বিদায় দেওয়া হচ্ছে। ফলে কর্মীদের দুর্বিসহ যন্ত্রণার সৃষ্টি হয়েছে। ভারতবর্ষ উন্নয়নশীল দেশ, ভারতবর্ষের অর্থনীতি মূলত কৃষির উপর নির্ভরশীল। অথচ কৃষির ক্ষেত্রে আধুনিকীকরণের এবং উন্নয়নের যে সুসংহত পরিকল্পনা সেটা স্বাধীনতার ৪৪ বছর পরেও কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন নি, কার্যকর করেন নি। তার ফলে এখানে আমরা শিল্পের ক্ষেত্রে পেছিয়ে আছি। আজকে মানুষের ক্রয় ক্ষমতা চলে গিয়েছে। যার ফলে শিল্পের যে বিকাশ সেই বিকাশ সম্ভব হয় নি, ওনারা করবার প্রচেষ্টাও গ্রহণ করেন নি। এই নয়া শিল্প নীতির মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের মধ্যে রিজিওনাল পুঁজি এবং ন্যাশনাল পুঁজির দ্বন্দ্ব এসে যাচ্ছে। তার ফলে রিজিওনাল দল তৈরি হচ্ছে, উত্তরখন্ডী, ঝাড়খন্ডী দল উঠে আসছে। এই নয়া শিল্পনীতির একটা অংশ হিসাবে এই বিদায় নীতি কার্যকর হয়েছে এবং কার্যকর করছে। যার মধ্যে দিয়ে দেশের মানুষের যাদের এখনও পেশীতে বল আছে, যাদের মনে কাজ করার ইচ্ছা আছে তাদের নতুন করে বেকার হয়ে যেতে হচ্ছে। যারা স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়ে আসছে তারা চোখে অন্ধকার দেখছে। এই অবস্থায় মুখোমুখি দাঁড়িয়ে এই বিদায়নীতির এবং শিল্প নীতির বিরুদ্ধে এখান থেকে সর্বদলীয় প্রস্তাব নেওয়ার দরকার ছিল। কিন্তু কংগ্রেস দল এই সভা বয়কট করেছে, এখান থেকে কেন্দ্রীয় সরকারের এই নীতির বিরুদ্ধে তাদের বিবেকের তাড়নায় কিছু বলতে হবে, যার জন্য তারা এখান থেকে বেরিয়ে গিয়েছেন। সরকার পক্ষের বিভিন্ন সদস্য এবং বিরোধী পক্ষের মধ্যে একজন এখানে আছেন এস ইউ সি আই দলের তিনি এই প্রস্তাবকে সমর্থন করেছেন। কেন্দ্রীয় সরকারের নয়া শিল্প নীতির মাধ্যমে কেন্দ্রীয় সরকার একদল মুনাফাখোর ব্যবসায়ী এবং সাম্রাজ্যবাদী পশ্চিমী দুনিয়ার হাতে ভারতবর্ষের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব বিকিয়ে দেওয়ার চক্রান্তে লিপ্ত এই চক্রান্তের বিরুদ্ধে জনমত সংগঠিত করবার জন্য বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে সকলকে এগিয়ে আসতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এখানে ভারত সরকারের সম্প্রতি ঘোষিত শিল্পনীতি এবং বিদায় নীতির বিরুদ্ধে বা বিদায় নীতি প্রত্যাহারের দাবিতে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তা সমর্থন করছি এবং ওদের প্রস্তাব প্রত্যাহারের জন্য দাবি জানাচ্ছি। আমরা জানি যে সারা দুনিয়ার বিশেষ করে সাম্রাজ্যবাদী দুনিয়ার বা ধনবাদী দুনিয়ার সঙ্কট চলছে। তারা হাত থেকে বাঁচার জন্য সাম্রাজ্যবাদীরা বা ধনবাদীরা নতুন নতুন এলাকা খুঁজছে। তারা সেখানে বাজার অর্থনীতির অনুসন্ধান করছে, নতুন বাজার খুঁজে পেতে চাইছে। আমরা লক্ষ্য করছি, আমাদের দেশ ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম দেশ, আমাদের দেশের বিপুল বাজার যাতে তারা পায় তারজন্য সচেষ্ট। সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার তারা সংখ্যালঘু সরকার, এখনও সংখ্যালঘু—পার্লামেন্টের তোয়াক্কা না করে, পার্লামেন্টে এই ধরনের কোনও প্রস্তাব গ্রহণ না করে, পার্লামেন্ট থেকে সরিয়ে রেখে যে শিল্পনীতি ঘোষণা করেছেন তারফলে

বিরাট সংখ্যক মানুষ আমাদের দেশের বেকার হবে। আমাদের ভারতবর্ষে প্রকৃতপক্ষে কর্মক্ষম মানুষ পৃথিবীর মধ্যে সবচাইতে বেশি। এখানে প্রতি তিনজনের মধ্যে দুজনের কাজ নেই। ভারত সরকার যে পলিসি নিয়েছেন তাতে আগামীদিনের শতকরা তিরিশ জন মানুষ কাজ পাবেন না। সাম্রাজ্যবাদীদের যে পলিসি তা ভারত সরকার স্বাগত জানিয়েছে। আমরা দেখছি, ভারত সরকার নির্লজ্জভাবে গতকাল অর্ডিন্যান্স জারি করেছেন। বিধানসভায় যখন এই বিষয়ে আজ আলোচনা চলছে, গতকাল ভারত সরকার রাষ্ট্রপতিকে দিয়ে এক অর্ডিন্যান্স জারি করিয়েছেন যাতে বিদায়নীতি দ্রুত কার্যকর হয়। এরফলে আমাদের দেশের সর্বনাশ হয়ে যাবে। আমাদের দেশের সর্বনাশ করার জন্য সুপরিকল্পিত ভাবে শ্রমজীবী মানুষের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে, তাতে কে জয়লাভ করবে? সাম্রাজ্যবাদী শক্তি জয়লাভ করবে, না, মনমোহন সিংহের গভর্নমেন্ট যুদ্ধে জয়লাভ করবে? এরফলে আমাদের দেশের আপামর মানুষ যারা কর্মহীন হয়ে রয়েছেন, তাদের বিরুদ্ধে ভারত সরকার যুদ্ধে নেমেছে দেখছি। আমরা দেখছি, এটা খুবই দুর্ভাগ্যজনক, কোনও কোনও জায়গায় কংগ্রেস দল ভারতবর্ষের মানুষের সর্বনাশ করবে। এর আগে এই কথা বলা হয়েছে—বণিকের মানদন্ড পোহালে শর্বরী, দেখা দিল শাসকের রাজদন্ডরূপে। সেই ভাবে এই দেশকে লুণ্ঠন করার জন্য, যে ভাবে অতীতে ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তি আমাদের দেশে এসেছিল এবং রাজত্ব করেছিল, সেইভাবে এটা আসছে। নানা কৌশল করে তারা যেভাবে গোটা ভারতবর্ষের রাজনীতিকে পলিউটেড করছে, আমরা দেখছি কেন্দ্রীয় সরকারের বড় বড় আমলারা ওয়ার্ল্ড ব্যাঙ্ক সারা পৃথিবীর ধারক-বাহক—অন্যান্য দেশের মতো আমাদের এখানেও বিক্রি হয়ে যাচ্ছে। শুধু কেন্দ্রীয় সরকারের আমলারা কেন, বহু কেন্দ্রীয় কংগ্রেস নেতাও বিক্রি হয়ে যাচ্ছে। তার নমুনা দেখছি পশ্চিমবাংলার কংগ্রেসিদের মধ্যে দেখা যাচ্ছে। ইতিহাস ক্ষমা করে না। ওদের মধ্যে কেউ প্রগতিশীল লোক নেই, ওদের মধ্যে প্রগতিশীল লোক খুঁজলে আমরা ভুল করব। এই কৌশল করার পিছনে চরণ সিংহের পিছনে কে ছিল? ছিল ইন্দিরা গান্ধী। এরা সাম্রাজ্যবাদীদের পিছনে আছে। কৌশল করে এরা সাম্রাজ্যবাজীদের কাছে দেশকে বিক্রি করার চেষ্টা করছে আমরা এক সাংঘাতিক অবস্থার মধ্যে এসে দাঁড়িয়েছে, এই অবস্থায় আমাদের এখন চলতে হচ্ছে। এই রাজ্যে একটা প্রচার চলছে, সেটা কতটা সত্যি বা সত্যি নয়, এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে সুস্পষ্ট বক্তব্য থাকা দরকার। এখানে বিদায় নীতির জন্য চেষ্টা হচ্ছে এটা বলা হচ্ছে। সেখানে রাজ্য সরকারকে স্পষ্ট করে বলতে হবে। কারণ আমাদের আনুগত্য বিভিন্ন সাম্রাজ্যবাদী গোষ্ঠী এবং তাদের দালালদের কাছে নয়। আমাদের রাজ্য সরকারের আনুগত্য হচ্ছে শ্রমজীবী মানুষের কাছে, পশ্চিমবাংলার গরিব মানুষের কাছে। সেজন্য পশ্চিমবাংলার মানুষ যাতে এই ধরনের প্রচারে বিভ্রান্ত না হন, তারা যাতে বুঝতে পারেন যে রাজ্য সরকার কোনও রকম কন্ডিশনের কাছে মাথানত করেনি, এটা সুস্পষ্ট ভাবে বলতে হবে।

[2-00 —2-10 P.M.]

আজকে আমাদের এই ব্যাপারে বলার দরকার হয়ে পড়েছে। আজকে কেন্দ্রীয় সরকার যে বিদায় নীতি ঘোষণা করেছেন এবং তাঁরজন্য যে অর্ডিন্যান্স নিয়ে এসেছেন, সেই অর্ডিন্যান্সের ফলে গোটা ভারতবর্ষের লক্ষ লক্ষ মানুষ কাজ হারাবে। আগামীদিনে গোটা দেশ নিরন্ন দেশে পরিণত হবে। সমস্ত ভারতবর্ষটিকে নিয়ন্ত্রণ করবে মাত্র শতকরা ৩০ জন মানুষ। গোটা

ভারতবর্ষটাকে নিয়ন্ত্রণ করবে আমেরিকার মতো সাম্রাজ্যবাদী শক্তি এবং আই এম এফের কর্তৃত্ব। আমি অতীতেও বলেছি এবং এখনও বলছি এই যে আজকে ডাঙ্কেল পলিসির বিরোধিতা করে এখানে প্রস্তাব গৃহীত হল তাতে নিহিত আছে যে গোটা পৃথিবীকে অর্থাৎ একদিকে স্থলে, জলে অন্তরীক্ষে সর্বত্র গ্রাস করতে চলেছে এই পলিসি। এবং বসুন্ধরা সম্মেলনে আমরা এই নিয়ে আলোচনাও করেছিলাম যে কিভাবে এই পলিসি গোটা পৃথিবীকে গ্রাস করতে চলেছে। আজকে এই বিদায় নীতি বা শিল্প নীতির ফলে গোটা দেশ নিরন্ন মানুষ হয়ে হাহাকার করে বেড়াবে। সুতরাং আজকে এই বিদায় নীতিকে প্রতিহত করার জন্য যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে সেটা নিয়ে সমস্ত মানুষের আন্দোলন এবং সংগ্রাম করার দরকার। এইজন্য এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে যে, এটা হচ্ছে বাঁচার সংগ্রাম এটা কোনও রাজনৈতিক সংগ্রাম নয়, সমস্ত মানুষের সংগ্রাম এবং আগামী দিনে ভারতবর্ষের মানুষ ভারতবর্ষের মানুষের দ্বারা শাসিত হবে কিনা সেই প্রশ্ন দেখা দিয়েছে। এই সাম্রাজ্যবাদী শক্তি গোটা দেশটাকে গ্রাস করতে চলেছে। বিশেষ করে ডঃ দাশগুপ্ত যে কথা বলেছেন ঠিকই বলেছেন, এরফলে ছোট ছোট কলকারখানা যেটুকু চলছিল এবং বেসরকারি কারখানা বন্ধ হয়ে যাবে। এরফলে আজকে ইটালির থেকে, জাপান থেকে, জার্মানি থেকে, আমেরিকানরা এখানে এসে শিল্প করতে থাকবেন এবং ভারতীয়দের আর কোনও স্থান থাকবে না। এই কথাটি কংগ্রেস বন্ধুরা বুঝতে পারছেন না? আসলে তারা বিক্রিত হয়ে গেছে, পারচেজ হয়ে গেছে। আমেরিকা এবং আই এম এফ তাদের কিনে নিয়েছে। আমাদের দেশের যে সমস্ত অর্থনীতিবিদরা আছেন, বড় বড় ব্রেনের পন্ডিতরা আছেন তাদেরও পারচেজ করছে। কেন্দ্রীয় সরকারকে তো পারচেজ করেছে, এবার রাজ্য সরকারগুলিকে পারচেজ করার চেষ্টা করছে। সেইখানেই আমাদের সাবধান হতে হবে এবং সেখানে কোনওভাবেই আমরা নতি স্বীকার করব না। এইভাবে আমাদের চলতে হবে। আমেরিকা এবং আই এম এফ প্রধানমন্ত্রী পি ভি নরসিমা রাওকে এবং অর্থমন্ত্রী মনমোহন সিংকেও পারচেজ করেছে। শুধু তাই নয়, গোটা কেন্দ্রীয় গভর্নমেন্টটাকেই তারা কব্জা করে নিয়েছে। সুতরাং আজকে যে প্রস্তাব গৃহীত হচ্ছে সেটা শুধু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য নয়, গোটা ভারতবর্ষব্যাপী এর বিরুদ্ধে যাওয়া উচিত। সেই কারণে গত ১৬ তারিখে যে শিল্প ধর্মঘট যা বন্ধ হয়েছে তা শুধু পশ্চিমবঙ্গের মধ্যে সীমাবদ্ধ থাকেনি, ভারত বন্ধ হয়েছিল। সারা ভারতবর্ষব্যাপী এই শিল্প ধর্মঘট ডাক দিয়েছিল। লাগাতার শ্রেণী সংগ্রামের মধ্যে দিয়ে এই নীতিকে চূড়ান্তভাবে ব্যর্থ করব। যেকোনও ভাবে রাজনৈতিক সংগ্রামের ভেতর দিয়ে এই বিদায় নীতির শিল্প নীতিকে প্রতিহত করতে হবে। এইকথা বলে এই যে প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই প্রস্তাবকে আন্তরিকভাবে সমর্থন করছি। ভারতবর্ষের শ্রমজীবী মানুষ এই নীতির বিরুদ্ধে রুখে দাঁড়াবে এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় স্পিকার মহাশয়, কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি এবং বিদায়নীতির পরিপ্রেক্ষিতে বিরোধিতা করে যে প্রস্তাব এখানে ১৮৫ ধারায় উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। মাননীয় অর্থমন্ত্রী আমাদের কাছে সমস্ত বিপদের কথা তুলে ধরেছেন এবং স্বাধীনতার সময় থেকে যে ভারতের সোর্স অফ ইকোনমি বা সম্পদ ব্যবহৃত হয় নি সেই কথা উল্লেখ করেছেন। ভারতের সোর্স অফ ইকোনমি স্বাধীনতার

সময়ে থেকে আজ অবধি ব্যবহৃত হয় নি। কেন্দ্রীয় সরকারের নির্দেশিত যে বাজেট তা পেশ হয়েছিল ২৪শে জুলাই কিন্তু সবচেয়ে অবাক ব্যাপার এবং অভূতপূর্ব ঘটনা যা কোনওদিনই ঘটেনি তা এক্ষেত্রে ঘটেছে। বাজেট পেশ হবার ৩ ঘন্টা আগে অর্থাৎ বাজেট পেশ হয়েছে বিকেল ৫টায়, আর ২টার সময়ে এই শিল্পনীতি ঘোষিত হল।

এটা হয়েছে একমাত্র আই এম এফ-র নির্দেশে এর অনেক তথ্য আছে বলা যায়, কিন্তু সেই তথ্য আমি এখানে বলার সময় পাব না। আজকে যে শিল্প নীতি বা অবাধ বাণিজ্য নীতি ঘোষিত হল বিশেষ করে সারা ভারতবর্ষে আজকে শিল্পের যে অবস্থা এবং আমাদের রাজ্যের শিল্পের যে অবস্থা সমগ্র অবস্থার মধ্যে আমি দু-একটি কথা বলি। বাজেট ৩ ঘণ্টা আগে যে শিল্পনীতি ঘোষণা করা হল এবং তাতে কর্পোরেট সেক্টরে যে ছাড় দেওয়া হল—যারা স্বর্গে যাবে বলে ভেবেছিল তাদের ছাড় দেওয়া হল— এবং আন্তর্জাতিক অর্থভান্ডার-এর নিদের্শে আমাদের দেশে যে জিনিসটা ঘটল লাইসেন্সিং প্রথা শিথিল করে দেওয়া হল মাত্র ১৮টি লিমিটেড জায়গায় এম আর টি পি-র আইন শিথিল করে দেওয়া হল, এফ ই আর এ সেটায় যা হত সেটাও শিথিল করে দেওয়া হল সেটায় বৈদেশিক মুদ্রা ৪০ পারসেন্ট ব্যবহার করা যেত না সেটা ৫১ পারসেন্ট করে দেওয়া হল অবাধ বাণিজ্য নীতি চালাবার জন্য। বিদেশি মুদ্রাকে লুণ্ঠন করবার একটা সুযোগ দেওয়ার জন্য এই দরজা খুলে দেওয়া হল। সেই উদ্দেশ্য নিয়েই বলা হচ্ছে অলাভজনক সংস্থাগুলিকে ব্যক্তিগত মালিকানার হাতে ছেড়ে দেওয়া হোক, রাষ্ট্রায়ত্ত শিল্প লাভজনক ব্যবসা যেটা মাননীয় অর্থমন্ত্রী বলেছেন সেটার আমি পুনরায় উল্লেখ করতে চাই রাষ্ট্রায়ত্ত শিল্প এই দেশে সমস্ত অর্থভান্ডার থেকে দেশের যে অর্থ নিয়ে শিল্প তৈরি হয়েছিল সেটা কেন রুগ্ন হয়েছে তা নিয়ে আলাপ আলোচনা করার দরকার নেই। বি আই এফ আর নামে একটা সংস্থা আছে তাদের হাতে তুলে দিলে সমস্যার সমাধান হয়ে যাবে, বি আই এফ আর কে দিলে শিল্পে উন্নতি হবে, শিল্প আবার উৎপাদনমুখী হবে এই রকম যদি কোনও শিল্প নীতি ঘোষিত হত তাহলে সেটা নিয়ে চিন্তা-ভাবনা করত। কিন্তু এটা হচ্ছে একটা স্রেফ ধোঁকাবাজি। রুগ্ন শিল্পনীতির জন্যই আজকে শিল্প রুগ্ন হচ্ছে, আমাদের সরকারি সংস্থা যে আজকে রুগ্ন হয় তার বড় একটা উদাহরণ আমি দিচ্ছি। আমাদের হলদিয়া শিল্প নগরীতে যে একটা বৃহৎ সার কারখানা হয়েছিল সেখানে ৭৫০ কোটি টাকা খরচ হয়ে গেছে কিন্তু উৎপাদন হয়নি এর মূলে দায়ী হচ্ছে সরকারি ম্যানেজমেন্ট। যে ম্যানেজমেন্ট ওখানে অর্থ ব্যবহার করেছিল তাদের কোনও উৎপাদন ওখানে হয়নি, তার জন্য দায়ী কে শ্রমিকদের আন্দোলন দায়ী, তার জন্য শ্রমিকদের দাবি দাওয়া কি দায়ী, সেখানে কি ধর্মঘট হয়েছে? শ্রমিকরা একদিনও সেখানে তাদের দাবি দাওয়ার জন্য আন্দোলন করেনি, বরঞ্চ ওখানে যে ঘটনা ঘটেছে সমস্ত ট্রেড ইউনিয়ন সংগঠন তারা সেখানে আন্দোলন করেছে এবং আপনারা জানেন এই সভা থেকে বহুবার সর্বদলীয় প্রস্তাব নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করা হয়েছে উৎপাদন ব্যবস্থাকে চালু করতে হবে। সরকারি সংস্থাকে রুগ্ন করে সেখানে বহুজাতিক সংস্থাকে সার কারখানা করবার জন্য লাইসেন্স দেওয়া হয়েছে। ডেস্ট্রাকশন করবার জন্য লাইসেন্স দেওয়া হয়েছে। এটা একটা চক্রান্ত, আমি এই কারণে বলতে চাই সরকারি সংস্থাকে রুগ্ন রেখে এবং সারা ভারতবর্ষের লক্ষ লক্ষ ছোট বড় কারখানা আজকে হয় রুগ্ন না হয় বন্ধ। সেইজন্য দায়ী আজকে সরকারের শিল্প নীতি।

[2-10 — 2-20 P.M.]

যে শিল্পনীতির ফলে ভারতবর্ষে আমাদের দেশের শিল্প, কলকারখানা ব্যক্তিগত মালিকানার হাতে চলে যাবে। বিদেশি পুঁজি হাত শক্ত হবে। এই সমস্ত আইন যা করা হয়েছে, যেভাবে চলছেন, যে অর্ডিন্যান্স কালকে জারি করেছেন—এর ফলে মারাত্মক অবস্থা হবে। আগামীদিনে দেশের অর্থনীতরি উপর প্রচন্ড পরিমাণে আঘাত আসবে। শিল্পনীতি যেভাবে ঘোষিত হয়েছে তাতে দেশের মধ্যে আর কলকারখানা থাকবে না। সমস্ত ব্যক্তিগত মালিকানায় পরিণত হয়ে যাবে। যেভাবে বোঝানোর চেষ্টা চলছে—ব্যক্তিগত মালিকানার ফলে উৎসাহব্যঞ্জক ভাবে উৎসাহিত হবে। ভারতবর্ষে আজকে বহু কল কারখানা আজকে ব্যক্তিগত পুঁজির হাতে। যারা আজকে সরকার থেকে, ব্যাঙ্ক থেকে হাজার, হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। আমি এই কথাই বলতে চেয়েছি, ভারতবর্ষের আজকে হাজার হাজার কোটি টাকা অনেকেই নিয়েছে। যার ফলস্বরূপ আজকে হর্ষদ মেহেতার জন্মলাভ ঘটেছে। স্টেট ব্যাঙ্ক থেকে হাজার হাজার কোটি টাকা ড্রেনেজ হয়েছে। আজকে শেয়ার কেলেঙ্কারিতে ব্যাঙ্কের বড় বড় অফিসাররা জড়িত রয়েছেন। দেশে শিল্প আজকে রুগ্ন হয়ে যাচ্ছে। সেখানে আজকে শিল্প বিদেশিদের হাতে সঁপে দেওয়া হবে। এটাতেই আমাদের আপত্তি। পশ্চিমবঙ্গ বিধানসভায় আজকে যে প্রস্তাব আনা হয়েছে—আগামীদিনে দেশের অর্থনীতিকে চাঙ্গা করবার জন্য, শিল্পনীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করবার জন্য এই প্রস্তাব। এই শিল্পনীতি যদি পরিবর্তিত না হয় তাহলে ভারতবর্ষের আগামীদিনে কালোদিন আসছে। সর্বনাশ এখনি হয়েছে। সুতরাং এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ মাননীয় স্পিকার স্যার, এখানে কেন্দ্রীয় সরকারের একজিট পলিসির সম্বন্ধে আমাদের দু, একজন বন্ধুর কথা শুনে মনে হল তারা রাজ্য সরকারের মধ্যেও এই রকম একটা কিছু দেখতে পেয়েছেন। কেন্দ্রীয় সরকারের একজিট পলিসি—তার বিরুদ্ধে তাদের প্রতিবাদ, তার প্রত্যাহারের দাবিতে যে প্রস্তাব এসেছে এই প্রস্তাবকে আমি সমর্থন করছি। যদিও একটা আমাদের সৌভাগ্য দেশের শ্রমিক কর্মচারিরা তারা ইতিমধ্যেই রাস্তায় নেমে পড়েছেন। বার বার কয়েকটা প্রতিবাদও হয়েছে। ১৬ই জুন ভারতবর্ষে শিল্প ধর্মঘট হয়েছে। আমাদের রাজ্যেও বন্ধ হয়েছে এবং তাতে সমস্ত শ্রেণীর কর্মচারিরা যোগ দিয়েছেন। যদিও কিছু কিছু কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন তাদের নানা রকমের অসুবিধা ছিল হয়তো কিন্তু আংশিকভাবে তারাও আসেন নি। কিন্তু তাদের অনুগামীরা তারা এসেছেন। লড়াইয়ের ময়দানে সামিল হয়েছেন। এটা হচ্ছে আগামীদিনের আশা। এখন আমি নীতিগত দিকটাতে যাচ্ছি না। অনেক আলোচনা হয়েছে, অনেক কিছু আছে, অনেক ব্যাপার ইত্যাদি। ওঁরা তিনটে জিনিস একসঙ্গে ধরেছেন, একটা হচ্ছে, এক্সপোর্ট ইমপোর্ট পলিসি, আর একটা হচ্ছে একজিট পলিসি, আর একটা হচ্ছে ন্যাশনাল রিনিউয়াল ফান্ড। এই তিনটে যেটা হয়েছে—ভারত সরকারের যে ফিসক্যাল পলিসি, তার ইন্ডাস্ট্রিয়াল পলিসি, তারসঙ্গে পরিপূরক।

এখন কিভাবে এর প্রয়োগ হচ্ছে? ধরুন একজিট পলিসির কথা। আমাদের প্রধানমন্ত্রী জাপান থেকে ঘুরে এলেন। ইতিমধ্যে জাপানের সঙ্গে একটা ব্যবস্থা হয়েছে। সেটা হচ্ছে আমাদের এই দেশের যে সমস্ত সূতিকলের মেশিন তৈরি হয়—যেমন স্পিনিং মেশিন, উইভিং

মেশিন সে জায়গায় জাপানের পুরানো মরচে ধরা মেশিনগুলো এইখানে আসবে এবং সেগুলো থ্রো অ্যাওয়ে প্রাইসে অর্থাৎ সস্তায় ওরা দেবে। তার ফল কি হচ্ছে? আমাদের এস্ট্যাবিলশ যে টেক্সটাইল মেশিনের কিছু ইন্ডাস্ট্রি আছে তারা ইতিমধ্যেই অসুবিধায় আছে, তার একটা কারণ সুতি বস্ত্রের একটা সঙ্কট। অন্যান্য কারণ কি তা আর জানাচ্ছি না, সকলেই জানেন। এদের যে প্রবলেম হয়েছে তাতে এই মেশিনগুলোর বিক্রি কমে গিয়েছে। কিন্তু পৃথিবীর যে কোনও দেশের মেশিনের সঙ্গে কমপিট করতে পারে। আজকে জাপান বা অন্যত্র থেকে সস্তায় মেশিন আসছে, ব্যবসায়ীরা কিনছে। যার ফলে আমাদের এখানকার অ্যাস্ট্যাবলিশ শিল্প সেগুলো বন্ধ হতে থাকবে এবং লক্ষ্মণ শেঠ যেটা আশঙ্কা করেছেন প্রাইভেট সেক্টরের বেশ কিছু শ্রমিক-কর্মচারী ছাঁটাই হবেন। আমাদের এই রাজ্যে চটকল শিল্প একটা বড় শিল্প। এখানে সিমেন্ট কারখানা, ফার্টিলাইজার কারখানায় প্যাকেজিংয়ের ক্ষেত্রে সিন্থেটিক ব্যাগ ব্যবহার করতে শুরু করেছিল। তাই নিয়ে প্রতিবাদ হয়, প্রয়াত রাজীব গান্ধীর আমলে হয় এবং সেই আন্দোলনের ফলে ৭০ পারসেন্ট প্যাকেজিংয়ের ক্ষেত্রে জুট ব্যাগ, মিক্সড ব্যাগ ব্যবহার করা হবে বলে স্থির হয়। তার ফলে আমাদের জুটের একটা মার্কেট ছিল। আজকে সেটা কমের দিকে যাচ্ছে। সেটা বলছেন, সব সিন্থেটিক হবে। সম্পতি গ্রানুউল আসছে, তারা বলছেন, গ্রানুউল তোমাদের কিনতে হবে। এরা কিনছে এবং সিন্থেটিক ব্যাগ কমপিটিশন জুট ব্যাগের থেকে সস্তা হয়। কাস্টম ডিউটি কমিয়ে দিয়েছেন এবং বলছেন জুট ব্যাগের দাম কম করতে এবং এর ফলে মালিকেরা শ্রমিক ছাঁটাই করবে এবং উৎপাদন বাড়াতে বলবে। আমাদের যে বড় শিল্প, বেশি লোক কাজ করে তারা অ্যাফেকটেড হবে, পাট চাষী অ্যাফেকটেড হবে। এই দুটো বললাম, এদের পরিকল্পনা আছে। ওদের আরও পরিকল্পনা হয়েছিল, আমাদের কাগজপত্র দিয়েছিল সাড়ে চার লক্ষ লোককে বিদায় দিতে হবে এবং এটা হবে সেন্ট্রাল পাবলিক সেক্টারে। দুটো মিটিং হয়েছিল আমাদের। সেই বিদায় দেওয়ার ৬ হাজার কোটি টাকা লাগবে। ওরা দু কোটি টাকা খুদ-কুড়ো মিশিয়ে রেখেছিলেন। তারপর বলছেন, সেই টাকা আসবে এখানে যে পাবলিক সেক্টার আছে সেখান থেকে। তারপর বললেন, তার ওয়ার্কিং ক্যাপিটল কমাও কমালো, কিন্তু টাকা আসছে না। তারপর পাবলিক সেক্টরের শেয়ার বিক্রি করার ঘোষণা নয়, একটা কাজ শুরু হয়ে গিয়েছে। মেশিন স্টার্ট হয়েছে, তাদের কাজ শুরু হয়ে গিয়েছে। এই থেকে এক হাজার কোটি টাকা আসবে। আর আসবে আই এম এফ থেকে। ৪ লক্ষ ২৫ হাজার, এর পরে আরও বাড়বে এবং বলছেন পাবলিক সেক্টারে আমরা এক্সপেরিমেন্ট করি নি। এর সঙ্গে মডার্নাইজেশন আছে। মডার্নাইজেশনের ফলে যে সারপ্লাস হবে সেটা এখানে ঢোকানো হবে।

[2-20 — 2-30 P.M.]

শুধু সিক ইন্ডাস্ট্রি নয়, বলছেন প্রাইভেট সেক্টারকে যে তোমরা ঘাবড়ে যেও না। তোমাদের আমরা টাকা দেব, তোমরা এইভাবে চলো। এবারে তোমাদের ওখানে শুরু কর। আজকে স্যার, সাংমার একটা বিবৃতি বেরিয়েছে, ইকনমিক টাইমসে বেরিয়েছে, সাংমা পরিষ্কার বলে দিয়েছেন এতদিন বলছিলেন না, আমি কয়েকবার জিজ্ঞাসা করেছিলাম, বলেছিলাম যে আসল কথাটা বলুন না, সাংমা বলে দিয়েছেন যে একজিট পলিসি যাতে সার্থকভাবে প্রয়োগ করা যায় তারজন্য লেবার ল'স অ্যামেন্ডমেন্ট করতে হবে। এটা দিল্লিতে আই এম এফের

যে লোকরা বসে আছেন তারা ক্রমাগত তাগাদা দিচ্ছেন যে কথা তো বলছো কিন্তু করছো না কেন, আগে এটা কর। সাংমা কিছু বাজে কথাও বলেছেন। যেমন উনি বলেছেন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কনস্ট্রাকটিভ অ্যাপ্রোচ নিয়েছেন। এটা বাজে কথা। এর আগে একবার বলেছিলেন, জ্যোতিবাবু চিঠি দিয়েছেন। আমি বলেছিলাম, চিঠিটা দেখান আমাকে। কি ব্যাপার? না কয়লা, কোলের ব্যাপার। জ্যোতিবাবুর চিঠিটা কি? জ্যোতিবাবু বলেছিলেন, সারপ্লাস ওয়ার্কার যদি থাকে কোথাও তাদের একটা পারসেন্টেজ যদি রিডান্ডান্ট হয় এবং সেখানে যদি রিক্রুটমেন্ট করতে হয় কোথাও তাহলে সারপ্লাস ওয়ার্কার থাকলে তাদের একটা পারসেন্টেজ নেবেন এবং আর অন্য যারা আছেন, লোকাল যারা আছেন তাদের একটা পারসেন্টেজ নেবেন। উনি সেটা প্রচার করেছেন। আমি কয়েকবার বলেছি যে চিঠিটা দিন না, চিঠিটা দেখি কিন্তু সেই চিঠি আজ পর্যন্ত নেই। এটা হচ্ছে লেবার ল'স, তারা সেইভাবে নিয়ে যাচ্ছেন। এখন অসুবিধাটা কোথায়? অসুবিধা হচ্ছে, কারখানা বন্ধ করতে গেলে সে পাবলিক সেক্টারই হোক বা প্রাইভেট সেক্টারই হোক রাজ্য সরকারের অনুমতি নিতে হবে যেখানে ১০০ জনের বেশি কাজ করেন। ওরা অন্তত জানেন যে আমরা রাজ্য সরকারের থেকে অনুমতি দেব না। অন্যান্য রাজ্য সরকারের পক্ষেও অনুমতি দেওয়া খুব মুশকিল। আজকে ছাঁটাই লে অফ করতে গেলে সেকশন ২৫ এফ এফ যা আছে তাতে রাজ্য সরকারের অনুমতি নিতে হয়। এই আইনগুলি যতক্ষণ না অ্যামেন্ডমেন্ট হচ্ছে ২৫ ও, ২৫ এফ এফ ততক্ষণ সহজে কারখানা বন্ধ করা যাবে না এবং ছাঁটাই করা যাবে না। মাঝখানে সুপ্রিম কোর্টও ওদের অসুবিধায় ফেলে দিয়েছেন। সুপ্রিম কোর্ট আই ডি অ্যাক্টের যে ধারাগুলি আছে তারা সেটা বহাল রাখার জন্য বলেছেন। সুতরাং সামগ্রিকভাবে তারা আইনটা বদলাতে চাইছেন। আর তার সঙ্গে অন্য যা কিছু ব্যবস্থা আছে সেটাও তারা করবেন। এখন এখানে হিসাব টা ভুল আছে। আমাদের এই রাজ্যে আমরা জানি যে আর আই সি মাহিনা দেয় নি। আমাদের কাছে হিসাব আছে। আর আই সি-র মাহিনা বন্ধ শুধু তাই নয়, এন জি এম সি-র মাহিনা বন্ধ, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের মাহিনা বন্ধ। এছাড়া আরও কতকগুলি আছে যেখানে মাহিনা বন্ধ হবে। বন্ধ হচ্ছে বলছেন, জানি নির্দেশ এসে গিয়েছে। বলছেন মাহিনা জোগাড় করে নিয়ে এসো কিন্তু কাজটা করতে হবে।

এমন কি যেখানে একজিট পলিসি তে ভলান্টারি রিটায়ারমেন্টের জন্য কেউ কেউ নাম লিখিয়েছেন—যেমন এম এম সি-তে ৮।। হাজার লোক, তারা টাকা পান নি, রানীগঞ্জ বার্ড সিরামিক সেখানে এখনও পায়নি টাকা। এন জে এম সি সেখানে যারা নাম লিখিয়েছে তারা এখনও টাকা পায়নি। এন টি সিতে যারা নাম লিখিয়েছে তারা এখনও টাকা পায়নি। আমাদের এই রাজ্যে সবচেয়ে খারাপ অবস্থা। যে ৫৮টার কথা বলেছেন যাদের কোনও আশা নেই তারও হিসাব আছে। ২৪ টা বি আই এফ আরে গিয়েছে। ২৪টা কোম্পানি। সেটার ইউনিট হিসাবে যদি ধরি তাহলে প্রায় ৪৮টা কারখানা হিসাবে। আর কয়েক লক্ষ শ্রমিক কর্মচারী এর সঙ্গে জড়িত আছেন। এখন এই যে সেখানে বি আই এফ আরে দিয়েছেন এইজন্য মাহিনা বন্ধ হয়েছে—বি আই এফ আরে দিলে বি আই এফ আর থেকে অর্ডার দেবে ব্যাঙ্ক-এ দু বছর লোকসান হলে বি আই এফ আরে যায়। আগে পাবলিক সেক্টারে বি আই এফ আর চালু ছিল না, পার্লামেন্টে সেটা সংশোধন করে পাবলিক সেক্টারকে বি

আই এফ আরের আওতায় নিয়ে এলেন এবং সরাসরি বলা হচ্ছে ব্যাঙ্ক-এ যে টাকা দিও না। টাকা আসবে না, মাহিনা হবে না। এই হচ্ছে অবস্থা। ওরা একটা প্রচার করার চেষ্টা করছেন যে উপায় নেই এ ছাড়া। কিন্তু উপায় আছে। আমাদের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বার বার বলেছেন, চিঠিও লিখেছেন। আমরাও বার বার বলেছি যে উপায় আছে। আপনারা ব্যাঙ্কের যে সমস্ত ঋণ ইত্যাদি সেইগুলোকে দেখুন এবং একটা কমিটি করুন সারা দেশে একটা কনসালটেটিভ করুন, সরকার থাকুন, ইন্ডাস্ট্রিয়ালিস্টরা থাকুন, ট্রেড ইউনিয়নিস্টরা থাকুন, রাজ্য ভিত্তিক কমিটি করুন, পাবলিক সেক্টার এবং ইউনিট ওয়াইজ কমিটি করুন, সেখানে আলোচনা করুন।

আলোচনা করে কি কি দরকার, কি ভাবে সেটা রিভাইভ করা যায়, ইন্ডাস্ট্রিতে ছাঁটাই না করে, সেই মানুষগুলোর রুটি রুজি কিভাবে ব্যবস্থা করা যায় তা করুন। সেটা করবেন না, কারণ আই এম এফ এর লোন আগে তিন মাস অন্তর মনিটারিং হত, এখন হচ্ছে প্রতি মাসে দিল্লিতে। সেই মনিটারিং করে বলে দিচ্ছে সে—আর আই সিকে বলে দিচ্ছে যে আর আই সি-র টাকা বন্ধ। যে সমস্ত পাবলিক সেক্টার ঐ লোকসানে চলছে, সেইগুলোর টাকা বন্ধ মাইনে এই হচ্ছে অবস্থা। সেই কারণে এই প্রস্তাব যেটা এসেছে সেটা সময়পোযোগী প্রস্তাব। কিন্তু যেটা হচ্ছে যে শুধু আমরা এখানে বিধানসভায় প্রস্তাব নিচ্ছি তা ভাল কথা কিন্তু আরও ব্যাপক ভাবে এর বিরুদ্ধে যদি প্রতিবাদ না করা যায় তাহলে এই জিনিসটা ঠেকাতে পারা যাবে না এবং ইতিমধ্যেই আমাদের সেলফ রিলায়েন্স চলে গেছে। ইতিমধ্যেই আমরা যেগুলো দেখছি, সময় নেই, আমাদের যে সব ঘটনা আছে, তাতে আমি বলতে পারব না যে ওরা স্বাধীন ভাবে কিছু করতে পারেন। করতে পারবেন না। ওরা বলতে পারবেন না সেই অবস্থায় এসে গেছে এবং আমাদের দুর্ভাগ্য হচ্ছে এই যে আমাদের এখানকার শিল্পপতি যারা আছেন, তাদের সঙ্গে যখন আলাদা কথা হয় তখন বলেন খুব খারাপ হচ্ছে। ঠিক হচ্ছে না। কিন্তু প্রকাশ্যে তারা কিছু বলতে সাহস করেন না। আমি সেদিক থেকে তাদেরও বলছি, তারাও এটা ভেবে দেখবেন। আজকে অনেক আছে যেমন চিত্তরঞ্জন। চিত্তরঞ্জন কারখানা বন্ধ হয়ে যাবে। তার কারণ বাইরে থেকে লোকোমোটিভ আনা হচ্ছে। যে লোকোমোটিভ এখানে করা যায় এবং যে লোকোমোটিভ আমাদের যে রেল লাইন, এখানে আছে সেই রেল লাইনের উপর দিয়ে চলতে পারে কি না এর কোনও পরীক্ষা হয়নি। কিন্তু নিয়ে আসা হচ্ছে। রেলওয়ে ওয়াগান কারখানা বন্ধ হয়ে যাবে কারণ বলা হচ্ছে প্রাইভেট মালিকদের যে তোমরা নিজেরা ওয়াগান প্রকিয়োর করতে পার এবং আস্তে আস্তে সেইগুলো বন্ধ হবে। বিভিন্ন ভাবে রেলওয়ে সার্ভিস প্রাইভেটাইজেশন করে দিচ্ছে। টেলিকমিউনিকেশনের যন্ত্র সেইগুলো প্রাইভেটাইজেশন করে দিচ্ছে এবং অন্যরা হাতে নিয়ে নিচ্ছে। সেই কারণে আমি যেহেতু পাঁচ মিনিট সময় চেয়েছিলাম, উনি আমাকে দিয়েছেন, আমি কৃতজ্ঞ। আমার এটাই হচ্ছে কথা, এর বিরুদ্ধে সর্ব ব্যাপক যদি প্রতিবাদ না হয়, সেই প্রতিবাদ না হলে এই জিনিসটা ঠেকানো যাবে না। এই কথা বলে আমি এই প্রস্তাব সমর্থন করছি আর আমার বন্ধুরা একটা আশঙ্কা করেছে, আমি তাদের বলব আপনারা জল ঘোলা করবেন না, সোজাকে সোজা ভাবে বলুন, জল ঘোলা করে কোনও লাভ নেই এবং পশ্চিমবাংলায় আমরা প্রচুর টাকা লোকসান দিয়েও যে স্টেট সেক্টারকে চালু রেখেছি, তা আমরা চালু রাখব।

শ্রী গৌতম রায়চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবটা সম্পর্কে একটা পরিবর্তন, দু-একটা ভাষার করতে হচ্ছে। এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে কেন্দ্রীয় সরকার তার ঘোষিত শিল্প নীতিকে রূপায়ণের উদ্দেশ্যে যে বিদায় নীতি গ্রহণ করেছে তার ফলে রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থাগুলোতে ঢালাও ভাবে ছাঁটাই করা হচ্ছে। এর পরে এমন কি এই নীতি বেসরকারি শিল্পের ক্ষেত্রেও তা প্রযোজ্য, এটা উল্লেখ করতে হবে।

মিঃ স্পিকার ঃ এটা সংশোধনী হল না, কারেকশন হল, কি হল?

শ্রী গৌতম রায়চৌধুরি ঃ এটা কারেকশন হল। বেসরকারিটা উপরে চলে গিয়েছিল,

[2-30 — 2-40 P.M.]

নিচে আসবে। আর রাষ্ট্রায়ত্ত কথাটা ওপরে চলে যাবে। বিষয়টা হচ্ছে যারা সমর্থন করলেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি, অধিকাংশই অবশ্য সমর্থন করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন, তা ঠিকই বলেছেন, এর সঙ্গে পশ্চিমবঙ্গের রাজ্য সরকারের নীতিকে জড়িয়ে ফেলার দরকার নেই। এই প্রস্তাব সেই কারণে কোনও ধোঁয়াশা এর মধ্য আছে বলে মনে হয় না। নিশ্চয়ই এই বিদায় নীতি কি সাংঘাতিক বিষয়, যে একজন শ্রমিক কর্মচারী, একে দেশের লক্ষ লক্ষ বেকার, চাকরির কোনও রকম ব্যবস্থা নেই। তাদের জন্য কোন পরিকল্পনা নেওয়া হচ্ছে। অপর ক্ষেত্রে যে শ্রমিক কাজ পাচ্ছেন, কাজ করছেন, তাকে বিদায় করে দেওয়া হবে। তিনি কাজ হারাবেন, তার ঐ কারখানাটি জমি জমা সহ বিক্রি করে দেওয়া হবে এবং তিনি ফিরে যাবেন তার জায়গায়, এইভাবে আরও লক্ষ কোটি বেকারের যে বাহিনী তৈরি হচ্ছে, তার সঙ্গে নতুন লোক যোগ হবে। একটা অনৈতিক নীতিকে 'বিদায়নীতি' আখ্যা দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বলা হচ্ছে প্রথম দফায় কেন্দ্রীয় সরকারি উদ্যোগগুলি থেকে সাড়ে চার লক্ষ শ্রমিক কর্মচারী ছাঁটাই করা হবে। এরজন্য ৬০০০ কোটি টাকার একটা ফান্ডের প্রস্তাব করা হয়েছে। বাজেট থেকেই ২০০ কোটি টাকা এ বছর দেওয়া হয়েছে। বাকিটা আই এম এফ-এর টাকা থেকে দেওয়া হবে। আই এম এফ-এর কাছে নতজানু হয়ে কেন্দ্রীয় সরকার এই নীতি গ্রহণ করেছেন। ৫৮টি শিল্পকে বি আই এফ আর এ দেওয়া হয়েছে, তার মধ্যে ৪৭টিকে এখনই বন্ধ করে দিতে বলা হয়েছে। আগামী জুলাই মাসের মধ্যে সাড়ে তিন শো শ্রমিক কর্মচারী কাজ হারাবেন। আইন সংশোধন করে পাবলিক সেক্টরকে বি আই এফ আর-এর কাছে পাঠাবার ব্যবস্থা করা হয়েছে। এই শিল্পগুলিতে ওয়ার্কিং ক্যাপিটাল পর্যন্ত খরচ করা হচ্ছে না। আমি এ বিষয়ে নাম করে এক একটা শিল্প সম্বন্ধে বলতে পারি। সাইকেল কর্পোরেশন, যা আগে 'সেন র‍্যালে' নামে পরিচিত ছিল, সেই এশিয়া বিখ্যাত সাইকেল কারখানাটিতে আগে ৫ হাজার শ্রমিক কর্মচারী কর্মে নিযুক্ত ছিলেন গোল্ডেন শেক হ্যান্ড নীতি মেনে ভলান্টারি রিটায়ারমেন্ট ফান্ড টাকা পয়সা দিয়ে শ্রমিক ছাঁটাই করে করে সেখানে এখন শ্রমিকের সংখ্যাটাকে ১৮০০ এনে দাঁড় করানো হয়েছে। ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানিতে আগে যেখানে ৫০ হাজার শ্রমিক কাজ করত গত ৭ বছর ধরে শ্রমিক কমিয়ে কমিয়ে এখন সেখানে ৩৫ হাজার শ্রমিক কাজ করছে। এম এ এম সি, সার কারখানা, হিন্দুস্থান কেবলস, রিফ্রাক্টরি, সর্বত্র এই জিনিস হচ্ছে।

আমাদের সব চেয়ে বড় সংস্থা রেল যেখানে ২২ লক্ষ কর্মচারী ছিল, সেখানে ৭৪ সালের পর থেকে সেই সংখ্যা ১৩ লক্ষতে এসে নেমে দাঁড়িয়েছে। এছাড়াও রেলওয়ে বোর্ড এফিসিয়েন্সি রিসার্চ ডাইরেক্টরেটকে এ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে দায়িত্ব দিয়েছিল। তারা জানিয়েছেন, ৪ লক্ষ কর্মচারীকে এখনই ছাঁটাই করতে হবে এবং নতুন আড়াই লক্ষ শ্রমিক কর্মচারী নিয়োগ বন্ধ করতে হবে। ৫৭টি গুডস শেড, ৯০টি ইন্ডাস্ট্রিয়াল শেড ইতিমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে। এই হচ্ছে 'বিদায়নীতি'। আমাদের রাজ্যে ইস্টার্ন কোল ফিল্ডের ৩২টি কোলিয়ারি বন্ধ করে দেওয়া হচ্ছে, এগুলি বেসরকারিকরণের কথা বলা হচ্ছে। একদিকে নতুন নিয়োগের কোনও ব্যবস্থা নেই, অপর দিকে যারা চাকরিতে ছিলেন তারা চাকরি হারাচ্ছেন। গত মার্চ মাসে মনমোহন সিং রাজ্যসভার একজন সদস্যকে জানিয়েছেন শতকরা ১০ ভাগ কেন্দ্রীয় সরকারি কর্মচারীকে অন্যত্র সরিয়ে দেওয়া হবে। কারণ তাদের কাজ নেই। তবে তারা কাজ হারাবেন না, তাদের অন্য জায়গায় কাজেতে নিয়ে যাওয়া হবে। কেন্দ্রীয় সরকার এই নীতি গ্রহণ করেছেন। ব্যাঙ্ক, এল আই সি থেকে শুরু করে সর্বত্র এই নীতি গ্রহণ করা হচ্ছে। নরসিংহম কমিটির' রিপোর্ট অনুযায়ী শ্রমিক কর্মচারিদের সাথে সাথে একইসঙ্গে অফিসারদের ওপরও ছাঁটাই নেমে আসছে। এত দিন যারা শ্রমিক কর্মচারিদের সঙ্গে এক সঙ্গে আন্দোলন করতে লজ্জা পেতেন তারাও আজকে শ্রমিক কর্মচারিদের সঙ্গে এক সঙ্গে এই নীতির প্রতিবাদে আন্দোলনের পথে নেমে এসেছেন। কারণ তারাও আজকে লক্ষ্য করেছেন যে, এই ভয়ঙ্কর সর্বনাশা নীতির কোপ তাদের ওপরেও এসে পড়ছে। কেন্দ্রীয় সরকার বলছেন যে, কেন্দ্রীয় উদ্যোগগুলিতে লোকসান হচ্ছে। অথচ আমরা ১৯৯০-৯১ সালের তথ্যে দেখতে পাচ্ছি যে, ২০৪টি সংস্থার মধ্যে ১৩৮টি সংস্থা লাভ করছে ৫,৭৮২ কোটি টাকার মতো। অপর দিকে ১০৬টি রাষ্ট্রায়াত্ব সংস্থায় লোকসান হচ্ছে। যে সংস্থাগুলিতে লাভ হচ্ছে তারা সরকারকে একসাইস ডিউটি দিচ্ছে ১৫০০ কোটি টাকা, 'বিদায়নীতি' অনুসারে শ্রমিক কর্মচারিদের কাজ থেকে বিদায় করার জন্য ৬০০০ কোটি টাকা ব্যয় করা হচ্ছে। কল-কারখানাগুলিকে বেসরকারি মালিকদের হাতে তুলে দেবার জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে। যেখানে লাভ হচ্ছে সেখানেও শ্রমিক ছাঁটাই হচ্ছে। অনেকগুলি সংস্থা রয়েছে যেগুলিতে লোকসান হচ্ছে ঠিকই, কিন্তু সেগুলিকে যথাযথ ওয়ার্কিং ক্যাপিটাল দিলে এবং কিছু পরিকল্পনা গ্রহণ করলেই সেগুলিকে লাভজনক সংস্থায় রূপায়িত করা যায়। অথচ সেদিকে কোনও উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। আই এম এফ-এর কাছে নতজানু হয়ে যদি এই নীতি গ্রহণ করা না হয় তাহলেই সেগুলিকে বাঁচানো যায়। সেগুলি বাঁচলে তাদের সহায়ক শিল্প হিসাবে অনেক ছোটছোট কারখানা তৈরি হতে পারত এবং বেকার যুবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হতে পারত। এই নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে গত ১৬ই জুন সারা ভারতবর্ষে শিল্প ধর্মঘট এবং পশ্চিমবাংলায় বন্ধ পালিত হয়েছে যা আমাদের আজকের এই প্রস্তাবের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির বিরুদ্ধে আমাদের সকলকে এক সঙ্গে এই প্রস্তাবের পক্ষে দাঁড়িয়ে এই প্রস্তাবকে একটি ঐতিহাসিক প্রস্তাবে পরিণত করতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

The motion of Shri Lakshman Seth

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, কেন্দ্রীয় সরকার তার ঘোষিত

শিল্পনীতিকে রূপায়ণের উদ্দেশ্যে যে 'বিদায়নীতি' গ্রহণ করেছেন তার ফলে বেসরকারি শিল্পসংস্থাগুলিকে ঢালাওভাবে ছাঁটাই করার অধিকার দেওয়া হয়েছে। এমন কি, এই নীতি রাষ্ট্রায়ত্ত শিল্পের ক্ষেত্রেও প্রযোজ্য। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে ৯৮টি রাষ্ট্রায়ত্ত শিল্পকে রুগ্ন হিসেবে চিহ্নিত করে তালিকাভুক্ত করেছেন। তার মধ্যে পশ্চিমবঙ্গের ২৪টি সহ মোট ৫৮টি শিল্পকে ' বি আই এফ আর'-এ পাঠানো হয়েছে। এই সব শিল্পের প্রায় ৯ লক্ষ শ্রমিক-কর্মচারী ছাঁটাইয়ের মুখে। এ ছাড়াও সরকারি দপ্তরে ১০ ভাগ কর্মচারী ছাঁটাইয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নরসিংহম কমিটি ব্যাঙ্ক শিল্পে ৩ লক্ষ শ্রমিককে উদ্বৃত্ত বলে সুপারিশ করেছেন ;

এই সভা আরও লক্ষ্য করছে যে, কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে কর্মসংস্থান সঙ্কুচিত হচ্ছে এবং দেশি ও বিদেশি পুঁজিপতিদের মুনাফা অবাধ স্বাধীনতা দেওয়া হচ্ছে। রুগ্ন ও বন্ধ শিল্পের সংখ্যাও দিন দিন বেড়ে চলেছে ;

এই সভা মনে করে যে, বিশ্বব্যাঙ্ক ও আন্তর্জাতিক অর্থ-ভান্ডারের নির্দেশে কেন্দ্রীয় সরকার এই নীতি প্রণয়ন করেছেন এবং তাদের নিদের্শেই 'পুনর্বাসন তহবিল' গঠন করেছেন ;

সুতরাং এই সভা কেন্দ্রীয় সরকারের এই জনস্বার্থ বিরোধী বিদায়নীতির তীব্র প্রতিবাদ করছে এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই নীতি প্রত্যাহারের দাবি জানাচ্ছে। was then put and agreed to.

MOTION UNDER RULE 185

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ স্যার, আমি আমার মোশন মুভ করছি।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, গত ১-৪-৯২ থেকে আকস্মিকভাবে মেট্রো রেলে একশত ভাগ ভাড়া বৃদ্ধি করে যাত্রীসাধারণের উপর দুঃসহ আর্থিক বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। এক টাকার টিকিট, দুই টাকার এবং দেড় টাকার তিন টাকা করা হয়েছে। কুপনের সাথে একটা টিকিটের মূল্য ছাড় দেওয়ার যে ব্যবস্থা ছিল তাও উঠিয়ে দেওয়া হয়েছে। উপযুক্ত এয়ার সার্কুলেশনের ব্যবস্থাও দীর্ঘদিন ধরে মেট্রো রেলে নেই। মান্থলি টিকিট বা স্টুডেন্টস কনসেশনের কোনও ব্যবস্থা আজ পর্যন্ত করা হয়নি।

এই সভা আরও লক্ষ্য করছে যে, গড়িয়া, নাকতলা, অশোকনগর, বাঁশদ্রোণী, নেতাজিনগর, রানীকুঠি, কুঁদঘাট, পুঁটিয়ারি, হরিদেবপুর প্রভৃতি অঞ্চল থেকে যারা মেট্রো রেলে যাতায়াত করেন সেইসব যাত্রীদের মেট্রো রেলের ভাড়া ছাড়াও বাস বা অটোরিক্সার ভাড়া দিয়ে মেট্রো রেল ধরতে আসতে হয়। এছাড়া অফিসের সময় ধর্মতলা পৌছে ডালহৌসী যেতেও বাসভাড়া দিতে হয়। এর ফলে এইসব অঞ্চলের একজন যাত্রীকে ভাড়াবৃদ্ধির পর যাতায়াতের জন্য কমপক্ষে দৈনিক দশ টাকা খরচ করতে হচ্ছে। এমতাবস্থায় বাধ্য হয়ে বহু যাত্রী ইতিমধ্যে মেট্রো রেল বর্জন করেছেন এবং এই ভাড়া বৃদ্ধির ফলে কলকাতার মতো জনবহুল নগরের সাধারণ মানুষ মেট্রো রেলের যেটুকু সুযোগ-সুবিধা পাচ্ছিলেন তার থেকে বঞ্চিত হচ্ছেন। অথচ ভাড়া বৃদ্ধি না করলে মেট্রো রেলে যাত্রীসংখ্যা ক্রমশই বেড়ে চলত এবং অধিক সংখ্যক যাত্রী বহন করে মেট্রো রেল কর্তৃপক্ষ তাদের আয় বৃদ্ধি করতে পারতেন।

অতএব এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,—

(১) অবিলম্বে মেট্রো রেলে বর্ধিত ভাড়া আদায়ের নির্দেশ প্রত্যাহার করা হোক ;

(২) মেট্রো রেলে এয়ার সার্কুলেশন ব্যবস্থার উন্নতি করা হোক ; এবং

(৩) নিত্যযাত্রীদের জন্য মাস্থলি টিকিট ও ছাত্র-ছাত্রীদের জন্য কনসেশনের ব্যবস্থা করা হোক।

Mr. Speaker : There are two amendments given by Shri Lakshmi Kanta Dey. The amendments are in order.

Shri Lakshmi Kanta Dey : Sir, I beg to move that in line 5 of 2nd para, the words "এর ফলে এইসব অঞ্চলের একজন যাত্রীকে ভাড়া বৃদ্ধির পর যাতায়াতের জন্য কমপক্ষে দৈনিক দশ টাকা খরচ করতে হচ্ছে।" be omitted. and at the end of the last para the following be added

(৪) অবিলম্বে মেট্রোরেলের কাজ শেষ করতে হবে,

(৫) মেট্রোরেলের দ্বিতীয় এবং তৃতীয় ফেজের কাজ শুরু করার জন্য রেলমন্ত্রককে অর্থবরাদ্দ করতে হবে, এবং

(৬) মেট্রো রেলের কাজের জন্য ক্ষতিগ্রস্ত বাড়ি ও মানুষদের অবিলম্বে ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে।"

[2-40 — 2-50 P.M.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে মোশন আমি এনেছি সেই মোশনটির পরিপূরক যে অ্যামেন্ডমেন্ট মাননীয় চিফ হুইপ শ্রী লক্ষ্মীকান্ত দে মহাশয় এনেছেন আমি সেই অ্যামেন্ডমেন্টকে সমর্থন করে আমি আলোচনা করছি। আপনি জানেন স্যার, কলকাতার এই জনবহুল রাস্তায় মেট্রোরেল একটা অত্যন্ত আবশ্যকীয় পরিবহন। কিন্তু এই মেট্রো রেলের ভাড়া গত ১ এপ্রিল থেকে হঠাৎ করে দ্বিগুণ ভাড়া করে দেওয়া হয়েছে। এটা আপনারা সবাই জানেন, ১টাকার ভাড়া ২ টাকা, দেড় টাকার ভাড়া ৩ টাকা করা হয়েছে। এই ভাড়া বৃদ্ধির ফলে জনসাধারণের উপর মারাত্মকভাবে চাপ সৃষ্টি করবে। অথচ মেট্রোরেলের ক্ষেত্রে জনসাধারণের দীর্ঘদিন যে দাবিগুলি ছিল সেই দাবিগুলি এখনও মেটানো হয়নি। একটা কুপন নিলে একটা টিকিটের যে কনসেশন পেতেন এই ভাড়া বৃদ্ধির সিদ্ধান্তের পর সেই সুযোগ জনসাধারণের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে এবং এতাবৎকাল জনসাধারণ মান্থলি টিকিটের কোনও সুযোগ পাচ্ছিল না, তার কোনও ব্যবস্থা হয়নি, ছাত্রদের জন্যও কোনও কনসেশনের ব্যবস্থা হয়নি। এয়ার সার্কুলেশনের যে ব্যাপার সেটার পরিস্থিতি খুব খারাপ। এইরকম একটা অবস্থায় মেট্রোরেল চলছিল। তারপর এই ভাড়া বৃদ্ধি জনসাধারণের উপর মারাত্মক চাপ আসবে। শুধু ভাড়া বৃদ্ধি হয়, নানা এলাকা থেকে জনসাধারণ আসেন, যেমন, অশোকনগর, নাকতলা, বাঁশদ্রোণী, নেতাজিনগর, রানীকুঠি, হরিদেবপুর প্রভৃতি অঞ্চল

থেকে যারা মেট্রো রেলে যাতায়াত করেন সেইসব যাত্রীদের মেট্রোরেলের ভাড়া দেওয়া ছাড়াও বাস বা অটোরিক্সার ভাড়া দিয়ে মেট্রোরেল ধরতে আসতে হয়। তাদের বাস ধরে আসতে হয়। আবার অফিস টাইমে এসপ্লানেডে নেমে ডালহৌসি যেতে তাদের আবার অন্য পরিবহন ধরতে হয়। ফলে সামগ্রিকভাবে বিরাট চাপ যাত্রী সাধারণের উপর এসে পড়বে এই ভাড়া বৃদ্ধির ফলে। এই অবস্থায় পরিবহন হিসাবে কাজ করছিল, এই অস্বাভাবিক ভাড়া বৃদ্ধির ফলে সেই মেট্রো রেল তাঁদের বর্জন করতে হচ্ছে। আপনি জানেন, মেট্রো রেলে টিকিট বিক্রির সংখ্যা বাড়ছিল। কাজেই ভাড়া বৃদ্ধি না করলেও ক্রম বর্ধমান যাত্রীর মেট্রো রেলের লোকসান হবার কথা নয়। ভাড়া বৃদ্ধি না করেও আয় বৃদ্ধি হতে পারে। তাই যাত্রীসাধারণের স্বার্থে যে দাবিগুলি রেখেছি অবিলম্বে বাড়তি ভাড়া প্রত্যাহার করা হোক, মেট্রো রেলে এয়ার সার্কুলেশনের উন্নত ব্যবস্থা করা হোক, মেট্রো রেলে মান্থলি টিকিট এবং স্টুডেন্টস কনসেশনের ব্যবস্থা করা হোক এবং এর সঙ্গে শ্রী লক্ষ্মী দে তার অ্যামেন্ডমেন্টে যে দাবি রেখেছেন মেট্রো রেলের বকেয়া কাজ শেষ করা, দ্বিতীয় ও তৃতীয় ফেজের কাজ শুরু করা এবং তারজন্য অর্থ বরাদ্দ করা এবং মেট্রো রেলের কাজে যে সমস্ত বাড়ি এবং মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন তারজন্য উপযুক্ত ক্ষতিপূরণের ব্যবস্থা এই দাবিগুলি নিয়ে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে রাখার জন্য প্রস্তাব আমি এখানে উত্থাপন করছি। আশা করি সকলে জনস্বার্থে এই প্রস্তাবকে সমর্থন করবেন। এই কথা বলে আমার বক্তব্য আপাতত শেষ করছি।

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ মিঃ স্পিকার স্যার, দেবপ্রসাদবাবু তার প্রস্তাব সংশোধন করেছেন, তারজন্য তাকে ধন্যবাদ জানাই। আমি কয়েকটা কথা বলছি এই সম্পর্কে সেটা হচ্ছে, কেন্দ্রীয় সরকার কলকাতায় মেট্রো রেল এক্সটেনশনের ব্যাপারে রাজি নন এবং যে কাজ করছেন তাতেও দেরি করছেন। অন্য সমস্ত ব্যাপার আপনারা জানেন। সাম্প্রতিক কালে হিন্দুস্থান কনস্ট্রাকশন কোম্পানির প্রধান কন্ট্রাক্টর এবং মেট্রো রেল কর্তৃপক্ষ এই দুই পক্ষের মধ্যে বাংলিং চলছে। এটা একটা গ্র্যান্ড বাংলিং বেশ কয়েক বছর ধরে এটা দেখছি, যার ফলে প্রায়ই তারা এমন নীতি নেন শ্রমিক সম্পর্কে যাতে গোলমাল হয়। জিনিসপত্রের সরবরাহ ঠিকমতো থাকে না এবং টেকনিক্যাল এক্সপার্টাইজ দেবার ক্ষেত্রেও ত্রুটি থাকে। সেখানে শ্রমিক নীতির কারণে বেশ কিছু গোলমাল হয়েছিল। সেই সম্পর্কে আমাদের সরকার বৈঠকও করেছিলেন। তাতে আমাদের চিফ মিনিস্টার একটা মনিটারিং কমিটি করে দিয়েছিলেন চিফ সেক্রেটারিকে নিয়ে। সেখানে মাটির নিচে যারা কাজ করেন, বাইরে যখন উঠে আসেন তখন তাদের নানা রোগ হয়। সে ব্যাপারে একটা সিদ্ধান্ত হল যে, আমাদের সরকারি দপ্তরে যে সমস্ত ডাক্তার রয়েছেন ইন্ডাস্ট্রিয়াল হাইজিন সম্পর্কে, মেট্রো রেলের ঐসব শ্রমিকদের তাদের কাছে হেলথ একজামিনেশন হবে—অ্যানিমিয়া হচ্ছে, নাকি ব্রংকাইটস হচ্ছে, নাকি রেসপিরেশন ট্রাবল হচ্ছে, সেসব পরীক্ষা হবে এবং সেই পরীক্ষার খরচটা এইচ সি সি এবং মেট্রো রেল—এই দুইপক্ষ দেবেন এবং তারপর চিকিৎসার ব্যবস্থা তারা করবেন। আজকে এক বছরের উপর হয়ে গেছে, আজকে কে দেবে সেই টাকা তা নিয়ে দুই পক্ষে বাংলিং হচ্ছে। এইচ সি সি বলছে আমি দেব না, মেট্রো রেল বলছে আমি দেব। আমার সন্দেহ, এইচ সি সি পালিয়ে যাবার চেষ্টা করছে, কারণ মাঝখানে তারা বলছিলেন যে, তারা যে কন্ট্রাক্ট

পেয়েছেন সেটা আন্ডার ভয়েস ছিল। অর্থাৎ বলতে চাইছেন, কম টাকায় কন্ট্রাক্ট নিয়েছেন, সুতরাং লাভ হচ্ছে না, তাই একসকালেশন না করলে হবে না। আগে চিফ মিনিস্টার এবং তারপর চিফ সেক্রেটারি লেভেলে কথাবার্তা হল, কিছু এসকালেশনের ব্যবস্থা হল, মেট্রো রেল একটা আর্বিট্রেশনের ব্যবস্থা করলেন এবং কিছু টাকা পয়সারও ব্যবস্থা হল। তারপরে দেখা গেল যে তারা কিছু সেকশনের কাজ বন্ধ করে ছাঁটাই ইত্যাদি শুরু করে দিল। সম্প্রতিকালে এইচ সি সি তাদের যে কন্ট্রাক্টর, সেই কন্ট্রাক্টর তাদের সঙ্গে ঝগড়া হয়ে গেছে, নানা রকম গোলমাল আছে। মেট্রো রেল নতুন কন্ট্রাক্টর নিয়োগ করেছে। এইচ সি সি-র কন্ট্রাক্টর কাজ করবে, না মেট্রো রেলের কন্ট্রাক্টর কাজ করবে এই নিয়ে ঝগড়া চলছে। এমনও আছে যে প্রায় এক কোটি টাকার Material আত্মসাৎ করেছে সেই রকম কন্ট্রাক্টর, তারাও সেখানে আছেন এবং যার ফলে সবচেয়ে বিপদজনক যে সেকশন, বেলগাছিয়া সেকশন, সেই সেকশনের কাজ আটকে আছে। অলরেডি দেওয়ালে ফাটল ধরে গেছে। কালকের কাগজে দেখেছি যে কিছু ক্রাক হয়ে গেছে। এই হচ্ছে অবস্থা। বাংলিং বা অন্য কিছু আছে কিনা আমি বলতে চাই না, তবে নানা রকম রিপোর্ট আছে আমার কাছে, এই অফিসাররা চলে যান, যাবার সময়ে কেউ বিশেষ ধরনের বিদেশি গাড়ি পান, নানা রকম জিনিস পান ইত্যাদি আছে। সুতরাং আমি আর কথা বাড়াতে চাইনা, আমি শুধু এইটুকু বলতে চাই, এই যে প্রস্তাব আছে, এই প্রস্তাব সময়োপোযোগী প্রস্তাব। কিন্তু শুধু প্রস্তাব নিলেই হবে না, মেট্রো রেল কর্তৃপক্ষ অর্থাৎ ভারত সরকার যাতে এটা সিরিয়াসলি নেন এবং মেট্রো রেলের কাজে তারা যাতে আর দেরি না করেন সেটাও দেখতে হবে। এর ফলে যে প্রাইস এসকালেশন হচ্ছে সেটাও আমাদের গুণতে হচ্ছে। এখানে অসীমবাবু আছেন, এটা আমাদের রাজ্য সরকারের ঘাড়ে এসে পড়ছে। কাজেই তারা আর দেরি না করে এটা তাড়াতাড়ি করাবেন এবং রাজ্য সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করে সহযোগিতা নিয়ে মেট্রো রেলের বাকি যে কাজ আছে সেটা যাতে তাড়াতাড়ি হয়, সুষ্ঠু ভাবে হয় সেটা তারা দেখবেন এবং যে এক্সটেনশনের কথা ছিল সেটা তারা চালু করবেন। এই কথা বলে প্রস্তাবে অন্য যেগুলি আছে সেগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শান্তি গাঙ্গুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেট্রো রেল সম্পর্কে যে প্রস্তাব এসেছে, এই সম্পর্কে আমি বলব যে এটা নতুন কিছু নয়। মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে জবাব দিয়েছেন। আমি একথা বলতে চাই যে কেন্দ্রীয় সরকারের যে অর্থনীতি তারই মূল্যায়ন মেট্রো রেলের এই ফল। এবং কেন্দ্রীয় সরকারের যে শিল্প নীতি, যে বাণিজ্য নীতি এবং যে মৌলিক চিন্তা ধারা সেই অনুসারে রেলের ভাড়াও তারা বাড়িয়েছেন এবং মেট্রো রেলের ভাড়াও বাড়াতে বাধ্য হবে। যে বিদায় নীতি সম্পর্কে ইতিপূর্বে আমরা প্রস্তাব গ্রহণ করেছি সেই বিদায় নীতিকে এরা এখানে প্রয়োগ করবে। যদিও শ্রমমন্ত্রী মহাশয় বললেন যে সবটাই কেন্দ্রীয় সরকারের নয়, পশ্চিমবঙ্গ সরকারেরও খানিকটা দায়িত্ব আছে। আমি বলব কেন্দ্রীয় সরকার মৌলিক ভাবে যে কন্ট্রাক্টরের উপরে দায়িত্ব দিয়েছিল এবং শ্রমিকশ্রেণীর জন্য সেই কাজ তরান্বিত করাতে পারেনি, এটা ঠিক কথা নয়। শ্রমিকশ্রেণী সব সময়ে কাজ চায়, তারা কাজ হাতে রেখে বসে থাকতে চায়না, তাদের অন্যায় ভাবে বসিয়ে রাখা হয়েছে এবং যার ফলে মেট্রো রেলের কাজ তরান্বিত হয়নি। এখনও মেট্রো রেল জলের তলায় বিরাজ করছে

এবং এই অবস্থার মধ্যে তারা ভাড়া বৃদ্ধি করছেন। এক টাকার ভাড়া দুই টাকা করছেন এবং দেড় টাকার ভাড়া তিন টাকা করছেন। যাত্রীরা বহু দুর দুর থেকে এসে মেট্রো রেলে চড়ে তারা আসে। তাদের বাসে, অটো রিক্সা করে যাতায়াত করতে প্রায় ১০ টাকা খরচ হয়, একথা ঠিক আজকে যদি ভাড়া না বাড়ত তাহলে মেট্রো রেলে অল্প সময়ের মধ্যে তাদের নিজ নিজ কাজের স্থলে তারা এসে পৌছাতে পারত এবং মেট্রো রেলের লোকসানের কোনও সম্ভাবনা ছিল না। এই ভাড়া বৃদ্ধির ফলে মানুষ মেট্রো রেলের প্রতি বিরূপ হবে এবং মেট্রো রেল চলবে না। আজকে এরফলে ভাড়া বৃদ্ধি হবে এবং শ্রমিক ছাঁটাইয়ের দিকে যেতে হবে, বিদায় নীতি গ্রহণ করবে। আজকে এর প্রতিবাদে কঠোর আন্দোলন করা উচিত। এই বক্তব্য রেখে প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 P.M.]

শ্রী ক্ষিতি গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেট্রো রেলের ভাড়ার প্রতিবাদে এখানে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি এবং আপনার মাধ্যমে এই দাবি তুলছি যে মেট্রো রেলের ভাড়া কমাতে হবে। মেট্রো রেল এখানে তৈরি হল, সারা পশ্চিমবাংলার মানুষ দেখল যে কি একটা বিস্ময়কর জিনিস তৈরি হয়েছে, ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ ছুটে এল কলকাতা শহরে কি এক বিস্ময়কর জিনিস তৈরি হয়েছে। আমাদের এই যে মহানগরী এখানে আমরা জানি রাস্তার পরিমাণ খুব কম। ভারতবর্ষের অন্যান্য মহানগরীর তুলনায় আমাদের এখানে রাস্তা কম, এখানে রাস্তা বাড়াবার কোনও সুযোগ নেই। অথচ এখানে জনসংখ্যা দিনের পর দিন বাড়ছে। এক স্থান থেকে আর এক স্থানে যেতে হয় কাজের জন্য জীবিকা নির্বাহ করার জন্য। তাতে এখানে একটা ভয়ঙ্কর অবস্থা চলে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। মেট্রো রেল তৈরি করার জন্য আমাদের কষ্ট হয়েছে, দীর্ঘ দিন ধরে খোঁড়াখুঁড়ি চলেছে। কলকাতার মানুষের জন্য উত্তর থেকে দক্ষিণ যোগাযোগ রক্ষা করছে এই মেট্রো রেল। ১০ বছর কষ্ট ভোগ করে কলকাতার মানুষ এই মেট্রো রেল পেল। এবং যেটা পাওয়া গিয়েছে তাতে এত বেশি পয়সা লাগছে ব্যবহার করতে গিয়ে, একটা যোগাযোগের মাধ্যমে পাওয়া গিয়েছে বলেই মানুষ এটাকে ব্যবহার করছে। এই শহরের বুকে যোগাযোগের মাধ্যমে যতটুকু হয়েছে যে পরিমাণ কাজ হওয়ার কথা ছিল দ্রুত গতিতে না হওয়ার জন্য কাজ হয় নি। যে পর্যন্ত পরিকল্পনা নেওয়া হয়েছিল সেই পরিকল্পনার অসম্পূর্ণ পরিকল্পনা। মেট্রো রেলের ব্যাপারে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে, বিভিন্ন দলের পক্ষ থেকে বলা হয়েছিল মেট্রো রেলকে যদি উপোযোগী করতে হয় এই মহানগরীর বুকে তাহলে গড়িয়া থেকে দমদম পর্যন্ত সম্প্রসারিত করতে হবে এবং তারপর চক্র রেল চালু করে মানুষের যোগাযোগ সমস্যা মেটানো সম্ভব হবে। এই কথা আমরা বারে বারে বলেছি। কয়েক দিন আগে সব দলীয় কমিটিতে দিল্লি গিয়েছিলাম, সেখানে আমরা বলেছিলাম মেট্রো রেলের কি হবে। এই কাজটা আপনারা তাড়াতাড়ি শেষ করে দিন, এটাকে গড়িয়া পর্যন্ত নিয়ে যান, তাহলে মেট্রো রেল কলকাতার মানুষের ব্যবহারের উপোযোগী হবে। তারা আমাদের কোনও কথার কর্ণপাত করেন নি। যেটা ছিল সেই ১২৫ কোটি টাকার মধ্যে কাজ শেষ করতে হবে। এই মেট্রো রেলকে একটা লাভজনক প্রতিষ্ঠান করবার চেষ্টা করছেন তার যেভাবে ভাড়া বাড়ানো হয়েছে। আমরা বারে বারে বলি যে কোনও দেশের যোগাযোগ ব্যবস্থা মানুষের

উপোযোগী করার জন্য ভরতুকি দিয়ে চালায়, লাভজনক প্রতিষ্ঠান হিসাবে দেখে না। উন্নত দেশে, ধনবাদী দেশেও ভরতুকি দিয়ে মানুষের উপোযোগী করে রাখে যাতায়াত ব্যবস্থা। ভারতবর্ষ পেছিয়ে পড়া দেশ সেই দেশের কলকাতার মহানগরীতে বেশির ভাগ মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত মানুষ বসবাস করে। এই মেট্রো রেলকে কলকাতার মানুষের ব্যবহারের অযোগ্য করার যে প্রচেষ্টা ভাড়া বৃদ্ধির মাধ্যমে করা হয়েছে এটা কি করে সমর্থন করা যাবে? এটা সমর্থন করা যায় না। যে ভাড়া বেড়েছে সেটা নিম্নমধ্যবিত্ত কেন মধ্যবিত্ত লোকেরা সেটা ব্যবহার করা সম্ভব নয়। প্রস্তাবে সঠিক ভাবেই বলা হয়েছে মেট্রো রেল ধরবার জন্য বিভিন্ন জায়গা থেকে আসতে তার জন্য খরচ হয় এবং ধর্মতলা নেমে বিভিন্ন জায়গায় যেতে খরচ হয়। সেই জন্য মধ্যবিত্তদের পক্ষে সেটা ব্যবহার করা সম্ভব নয়। অনেক সময় পরিবার নিয়ে আসতে হয়, সেখানে যদি পরিবারে ৫ জন থাকেন তাহলে তাদের ৫০ টাকা খরচ হয়ে যায়। যদি ৫০ টাকা খরচই হয় তাহলে সেটা ট্যাক্সি করে আসতে পারে, তাতে ট্যাক্সি ভাড়া কম লাগবে। পাঁচজন মানুষ ট্যাক্সিতে অ্যালাউড। সেইক্ষেত্রে যে টাকা লাগে অনেক কম টাকা লাগে। আমরা বলেছিলাম, আপনারা এটা কি করলেন? হাজার হাজার কোটি টাকা ব্যয় হয়ে গেল, এখন আবার শুনছি যে দু হাজার কোটি টাকা ব্যয় হয়ে যাবে। এইসব না করে মহানগরীর উন্নয়নের জন্য আপনারা যদি অন্যভাবে আমাদের টাকা দিতেন তাহলে আমাদের ইস্টার্ন বাইপাস যেটা আছে সেটাকে চওড়া করা যেত, আরও যে সমস্ত রাস্তা আছে সেগুলোর জন্য ব্যয় করা যেত। কিন্তু তারা আমাদের সেজন্য কোনও টাকা দিলেন না এবং না দিয়ে মাটির নিচে লোহা, সিমেন্ট এইসব ঢুকিয়ে দিলেন। তারা বললেন যে এটা হলে আমরা অত্যাধুনিক ব্যবস্থা নিয়ে গর্ব করতে পারব ইত্যাদি কথাবার্তা বলা হল। মেট্রো যখন চালু হল তখন সবাই নিচে নেমে দেখলেন সুন্দর ব্যবস্থা করা হয়েছে। এটাকে বলা হয়েছে পৃথিবীর সর্বাধুনিক ব্যবস্থা। যারা বাইরের দেশে গেছেন তারা নিশ্চয়ই জানেন যে, পৃথিবীর অন্যান্য দেশে মেট্রো রেল যা করা হয়েছে তা অনেক ভাল ব্যবস্থা। যেমন, মস্কোর মেট্রোর তো তুলনাই হয়না, তারা অত্যাধুনিক ভাবে মেট্রো রেলের ব্যবস্থা করেছেন। আমাদের দেশের এই মেট্রো রেল ব্যবস্থার পিছনে যে সমস্ত বড় মানুষ আছেন তারা নানাভাবে কথা বলে আমাদের কিভাবে ভুলিয়ে রাখা যায় তারজন্য ব্যবস্থা রেখেছেন। আমরা মাটির নিচে দেখলাম রবীন্দ্র সঙ্গীত বাজছে, সব ঝক ঝক করছে, আর্ট রাখা হয়েছে। আমাদের যেন মনে হত যে আমরা নরক থেকে স্বর্গে এসে উপস্থিত হয়েছি। কংগ্রেসিরা বলত যে নরক থেকে স্বর্গে পৌছুবেন। কিন্তু সেই স্বর্গে যাওয়ার দাম এতবেশি যে আমরা তো গরিব মানুষ, এমনিতে তো আমরা মহাপাতকি, মহাপাতকির পক্ষে স্বর্গে অনুপ্রবেশ করাটা খুবই অসুবিধাজনক হয়ে দাঁড়িয়েছে। কাজেই, আজকে এই সভায় যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করছি এবং কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি যে, অবিলম্বে মেট্রো রেলের ভাড়া কমাতে হবে। কলকাতা মহানগরীর মানুষ যে আর্থিক স্ট্যান্ডার্ডে বসবাস করেন তাদের আর্থিক দিক থেকে ক্ষতি হয়ে যাচ্ছে। কিছুদিন পরে আবার দেখা যাবে, ওরাই এই ক্ষতির জন্য আমাদের দায়ী করবেন। এই প্রস্তাবকে আমি সমর্থন করছি এবং ভাড়া কমানোর জন্য আন্দোলন তৈরি হোক।

[3-00 — 3-10 P.M.]

শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ মাননীয় স্পিকার স্যার, মেট্রো রেলের ভাড়া সংক্রান্ত যে প্রস্তাব এবং তারসঙ্গে আমার অ্যামেন্ডমেন্ট, ভাড়া বাড়াকে কেন্দ্র করো আমরা বিভিন্ন সময়ে বিভিন্ন আন্দোলন করেছি, আন্দোলন সংগঠিত করেছি। মেট্রো এখন যেখান থেকে যায়, ধর্মতলা থেকে টালিগঞ্জ পর্যন্ত, সেই পর্যন্ত যদি কেউ এক্সপ্রেস বাসে চড়ে তাহলে একটাকা দিতে হয়। তারা করেছেন সেই জায়গায় তিন টাকা। স্বাভাবিক কারণে এই ভাড়ার তারতম্যটা ট্রেন এবং বাসের মধ্যে দারুণ ভাবে ভাড়া বেড়েছে। আমাদের এম এল এ যারা যাতায়াত করেন, তাদের কাছ থেকে শুনেছি যে, ৪২ কিমি ট্রেনের ভাড়া যেখানে ৯ টাকা, সেখানে ৪২ কিমি এক্সপ্রেস বাসের ভাড়া সাড়ে চার টাকা। এই তারতম্যটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে তারা পরিবহনকে একটা লাভজনক সংস্থার পরিণত করার জন্য। এতে সাধারণ মানুষের ক্ষতি হচ্ছে, তারা অসুবিধার মধ্যে পড়ছেন। এবং সমস্ত মানুষের চাপ পরিবহনের উপরে এসে পড়ছে—বিভিন্ন সময়ে পড়েছে এখনও পড়ছে। অথচ আমরা দেখি, পরিবহন সমস্যা সমাধানের জন্য কেবল এখান থেকে নয়, মেট্রো বলুন বা সার্কুলার বলুন, সকলকে নিয়ে চলার চেষ্টা করেছিলেন। এটা নিয়ে ভেবেছিলেন, আজ থেকে নয়, এমনকি বিধানবাবুর আমল থেকে কলকাতা পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য মেট্রো রেল নিয়ে কথা হয়েছিল। তখন বোম্বে শহরে সার্কুলার রেলের মতো এখানে ঐ রকম রেল ব্যবস্থা চালু করা যায় কিনা তা নিয়ে বিধানবাবু পর্যন্ত বলেছিলেন। তিনি বলেছিলেন—আমি কেন্দ্রীয় সরকারকে বলছি তারা টাকা দিন, এটা হোক। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বিভিন্ন সময়ে তারা বিভিন্ন কমিটিও করেছিলেন। যেমন ১৯৪৭ সালে গিনওয়ালা কমিটি তৈরি হয়েছিল পরিবহন সমস্যা নিয়ে। কি করে রেল ব্যবস্থাকে কলকাতা শহরের মানুষকে বিভিন্ন অঞ্চলে নিয়ে যাওয়া যায় তারজন্য কমিটি তৈরি হয়েছিল। ওই কমিটি সুপারিশ করার পরে আবার পরবর্তী সময়ে রায় কমিটি কেন্দ্রীয় সরকার তৈরি করলেন, তারও সুপারিশ দিলেন। আবার পরে দেখলাম সারঙ্গ কমিটি বলে আরেকটি কেন্দ্রীয় সরকার তৈরি করলেন। এই কারণে করা হল যে রেলগুলোকে মানুষের পরিবহনের উপযোগী করে তুলতে হবে এবং তাকে ঢেলে সাজানো উচিত। আমরা খুশি হলাম যখন দেখলাম যে পশ্চিমবঙ্গের স্বার্থে মেট্রো রেল তৈরি হল। মাটির তলা দিয়ে রেল চলবে এতে কলকাতা বাসীরা খুশিতো হবেই। কলকাতায় যারা অন্তত বসবাসকারী, যারা দীর্ঘদিন ধরে এখানে থাকে তারা নিশ্চয় খুশি হবে যে কলকাতার উন্নতির জন্য মেট্রো রেল হচ্ছে। কিন্তু তাতে আমরা কি দেখলাম, কলকাতায় মেট্রো রেল হয়েছে, যদিও সেটা শুরু হয়েছে কবে শেষ হবে আমরা জানি না। শেষ হবার কথা ছিল ১৯৮২ সালে কিন্তু এখনও অবধি শেষ হয়নি। কবে শেষ হবে এই মুহূর্তে বলতে পারা যাচ্ছে না। কেন্দ্রীয় সরকারের টাকা গতি যেভাবে চলছে তাতে কাজও সেইরকম চলছে। সেই গতিতে চলে এতদিন ধরেও কাজ শেষ হচ্ছে না। মেট্রোর পরিকল্পনা যে তৈরি হয় এতে ঠিক হয় যে পশ্চিমবঙ্গের কলকাতার মধ্যে পরিবহনের ক্ষেত্রে একটা বিশেষ সুবিধা দেওয়া হবে। এই মেট্রোরেল শহরের চারপাশ দিয়ে চলবে এবং এতে জনসাধারণের বিশেষ উপকার হবে। এই সিদ্ধান্ত অনুসারে ঠিক হয় যে ৩টে জায়গায় মেট্রোর লাইন বসবে। একটা লাইন যে খানিকটা চলছে এবং বাকি লাইনটা রয়েছে, তারকাজ হচ্ছে এটা হচ্ছে প্রথম ফেজের একটা লাইনের

কাজ। দ্বিতীয় লাইন হবে বরানগর থেকে সার্কুলার রোড হয়ে খিদিরপুর পর্যন্ত এবং তৃতীয় লাইন মেট্রোর যেটা হবে সেটা হচ্ছে যে, সেই লাইনে সল্ট লেক থেকে সোজা বিবেকানন্দ রোড হয়ে গঙ্গার তলা দিয়ে হাওড়া পর্যন্ত যাবে। এর কোনও কাজেই হাত পড়ে নি। সুতরাং মেট্রোর অর্ধেক কাজই বাকি আছে কেন্দ্রীয় সরকার যে মূল পরিকল্পনা করেছিলেন তা কোনও সময়ে শেষ হবে এবং জনসাধারণের কাজে লাগবে। এই ৩টে ফেজের যে পরিকল্পনা করা হয়েছিল তাতে এই দক্ষিণ থেকে উত্তর পূর্ব, পশ্চিম যে কোনও জায়গাতেই যেতে চাও না কেন দ্রুত মাটির তলা দিয়ে পৌঁছে যাওয়া যাবে এই চিন্তাভাবনা করেই করা হয়েছিল। উপরের তলা দিয়ে যাবার চেয়ে নিচের মাটিরতলা দিয়ে দ্রুততার সঙ্গে যেকোনও অবস্থাতে যাওয়া যাবে এই চিন্তা করেই এটা করা হয়েছিল। কিন্তু আজকে আমরা বিশেষ করে উত্তর কলকাতার বাসিন্দারা যারা, তারমধ্যে আমি ও উত্তর কলকাতার লোক, সেই হিসাবে সবাই ভাবছি যে এই মেট্রোর কাজ কবে শেষ হবে। একে তো কলকাতার রাস্তায় মাত্র ৬ ভাগ, তারমধ্যে দিয়েই পরিবহন যেতে পারে। তার উপরে আবার চিত্তরঞ্জন অ্যাভিনিউয়ের রাস্তার যে অবস্থা তাতে কবে যে মেট্রো রেলের কাজ শেষ হবে জানি না। কেন্দ্রে টাকার গতি যেভাবে চলছে তাতে উত্তর কলকাতার লোকেরা কেউ জানে না কবে শেষ হবে। এক বিভৎস অবস্থার মধ্যে ওখানকার আশেপাশে মানুষেরা বাস করছে। এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে যে এই মেট্রো রেলের জন্য পৌরসভার সমস্ত বানচাল হয়ে যাচ্ছে। মেট্রোর কাজ শেষ না হলে কিছু করা যাচ্ছে না আমি যে অঞ্চলে রয়েছি তার খানিকটা জায়গায় দুর্বিসহ অবস্থায় পড়ে আছে এই মেট্রোর কাজের জন্য। এত অসুবিধা সত্ত্বেও উত্তর কলকাতার মানুষেরা দীর্ঘদিন ধরে অপেক্ষা করে আছে যে মেট্রো যদি হয়ে যায় তাহলে এটা ভালো কাজ হবে। এই কলকাতা শহরের উত্তর থেকে দক্ষিণে যোগাযোগের একটা সামঞ্জস্য হবে। তাতো হচ্ছেই না উল্টে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে বিভিন্ন জায়গাতে ভেঙ্গে তো যাচ্ছেই, এমন কি বাড়িগুলোতে পর্যন্ত ফাটল ধরেছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন শুধু বাড়িগুলোতে নয়, ট্রপিক্যাল হসপিটালেও ফাটল ধরেছে। সেখানে রুগী রাখা যাচ্ছে না। অন্য জায়গায় সরিয়ে নিয়ে যেতে হচ্ছে। এই মেট্রোর কর্তৃপক্ষকে বললে পরে তারা বলছেন যে সারিয়ে দেবেন কিন্তু কবে যে সারানো হবে কেউ জানে না। সুতরাং এর দায়িত্ব কে নেবেন? এতো না হয় ট্রপিক্যাল হসপিটাল সরকারি হাসপাতাল একটা ব্যবস্থা হবে, কিন্তু আশেপাশের যে বাড়িগুলো ফাটল ধরেছে সেগুলো তো ধ্বংস হয়ে যাবে তার কি ব্যবস্থা হবে? বহু বাড়ির ছাদে ক্রাক হয়েছে এবং একটা দূরবস্থার মধ্যে দীর্ঘদিন ধরে চলছে। সুতরাং আমরা দাবি করছি এবং বিভিন্ন ক্ষেত্রে এই নিয়ে আলোচনাও করেছি যে এই যে ভেঙ্গে যাচ্ছে বা ফাটল ধরছে বাড়িগুলোতে এগুলো কবে মেট্রো কর্তৃপক্ষ সারাবেন আমাদের জানান।

কি ক্ষতিপূরণ দেবেন আমরা জানিনা। অথচ আমদের পশ্চিমবাংলার সরকারের দায়িত্ব ছিল মেট্রো দ্রুত করার জন্য বিভিন্ন ক্ষেত্রে যেখানে মানুষ উচ্ছেদ হচ্ছেন, মানুষকে চলে যেতে হচ্ছে বাড়ি ছেড়ে দিতে হচ্ছে, তাদের ক্ষেত্রে কি করে সুযোগ সুবিধা দেওয়া যায় পশ্চিমবাংলার সরকার যে ব্যবস্থা করছেন। একটা পিকিউলার অবস্থা এক্ষেত্রেও আছে, আপনারা জানেন যে পশ্চিমবাংলার সরকার শিয়ালদহে ফ্লাইওভার তৈরি করে, সেই ফ্লাইওভার দিয়ে আমরা কলকাতার শহরের মানুষরা যাই, আমরা দেখেছি ফ্লাইওভার তৈরি করার সময় হকার যারা

ছিলেন তাদের আমরা অন্য জায়গায় বসাবার ব্যবস্থা করেছি। কিন্তু মেট্রোর আইন হচ্ছে কিছু টাকা আমরা দিয়ে দিলাম সেই টাকা কোথায় যাবে, কিভাবে যাবে কি হবে জানি না। বাড়ি ক্রাক করলে কিছু টাকা দিয়ে দেব, টাকা তো দিয়ে দেবে, কিন্তু সেটা কত টাকা, কি অ্যাসেসমেন্ট হবে, কিভাবে করলে হবে, এই ব্যাপারে কিন্তু রেল মন্ত্রক ভাবেন না, কোনও অ্যাসেসমেন্ট করেন না। এখান থেকে দিল্লিতে, দিল্লি থেকে এখানে মেট্রোর হেড কোয়ার্টার্স থেকে শুরু করে সেন্ট্রাল গভর্নমেন্টের রেল মন্ত্রক থেকে শুরু করে সমস্ত জায়গায় উত্তর কলকাতার মানুষ ডেপুটেশন দিয়েছে কিন্তু কোনও কাজ হয়নি। বিভিন্ন জায়গায় বিভিন্ন সময় ডেপুটেশন দিয়ে বলেছে যে এটা করতে হবে, কলকাতার মানুষরা তো কলকাতার ট্রামে বাসে এমনিতেই চলে না এটা ঠিকই এখানে লেখা হয়েছে। কলকাতায় কয়েক লক্ষ মানুষ প্রতিদিন আসেন শিয়ালদহ দিয়ে আসেন, হাওড়া দিয়ে আসেন কলকাতা শহরে কাজকর্ম করেন আবার কলকাতা থেকে চলে যান, আজকে মেট্রো বলুন কলকাতার সার্কুলার বলুন, সমস্তটা যদি হতে পারে তাহলে কলকাতার মানুষের কিছুটা সুরাহা হয়। এইগুলির জন্য কলকাতার পরিবহন সমস্যা বাঁচে। আমরা এও দেখেছি একটা চক্র রেল হল তাও আবার সেটা অর্ধ চক্র, পূর্ণ হওয়ার সৌভাগ্য পশ্চিমবাংলার মানুষ আর দেখল না অর্দ্ধ চক্র ফেলে রাখা হল। এই চক্রের ব্যাপারে সুপারিশগুলি দেখবেন তার সঙ্গে যে সুপারিশগুলি ছিল মধ্যে ইলেকট্রিফিকেশনের কথাও ছিল। উত্তর থেকে দক্ষিণ যে ট্রেনগুলি চলে সেইগুলি কলকাতার ভেতরে দিয়ে এসে কলকাতাকে সার্কেল করে দক্ষিণ দিকে চলে যাবে—কিন্তু তা হল না, মেট্রো হচ্ছে না, ভাড়া বাড়ছে। এইভাবে দেখা যাচ্ছে যে দিল্লির রেলমন্ত্রক তারা চেষ্টা করছেন যে কিভাবে এটাকে লাভজনক সংস্থায় নিয়ে যাওয়া যায়। কোনটাতে লাভ হবে। মানুষের কি হবে, আমরা যে স্বাধীন ভারতবর্ষে বাস করছি সেখানে আমরা চিন্তা করতে পারছি না স্বাধীন একটা সরকারের দায়িত্ব কি হবে, কি করে দেশের মানুষের উপকার করা যায়, দেশের মানুষের সুযোগ-সুবিধা বাড়ানো যায়, দেশের মানুষকে কি করে সুস্থভাবে যাতায়াত করানো যায় এটা দেখা। এই ক্ষেত্রে সমস্তটাই উল্টে গেছে, কেন্দ্রীয় সরকারের বর্তমান নীতি যেটা সেটাকে উল্টে দিয়ে তারা কিভাবে লাভ করা যায়, কোন লাইনটায় লাভ হবে, মেট্রোতে লাভ হবে কি হবে না, আজকে সমস্তটা তারা বিচার বিশ্লেষণ করে চলার চেষ্টা করছেন। যার ফলে আমরা কলকাতার মানুষ ঐ দূরাবস্থার অবস্থার মধ্যে দিয়ে দীর্ঘদিন ধরে চলছে, তাই ভাড়া বাড়ানোর জন্য যে বাড়তি চাপ কলকাতার মানুষের উপর পড়েছে, তারই পরিপ্রেক্ষিত যে দাবি উত্থাপন করেছেন ১৮৫ মোশনে সেখানে আমরা যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি তা গ্রহণ করে নিয়েছেন, তাই আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি আমি আশা করি এই অ্যামেন্ডমেন্টগুলি নিয়ে প্রস্তাবটা পাস হবে, এই আশা করে আমার বক্তব্য শেষ।

[3-10 — 3-20 P.M.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমি যে প্রস্তাব উত্থাপন করেছিলাম এবং এখানে প্রস্তাবের পরিপূরক সংশোধনী মাননীয় মন্ত্রী লক্ষ্মীকান্ত দে মহাশয় এনেছেন তা আমি সমর্থন করি। জবাবি ভাষণে নতুন করে আমার কিছু বলার নেই, সকলেই এর যৌক্তিতা স্বীকার করে, অবিলম্বে এটা কার্যকর হওয়ার জন্য প্রস্তাবের পক্ষে সকলেই এই সভায় বলেছেন। আমি শুধু এই কথা বলব, আজকে বিধানসভা থেকে যে সর্বসম্মত প্রস্তাব

গৃহীত হল, আজকে সমস্যার গুরুত্বের প্রতি দৃষ্টি রেখে কেন্দ্রীয় সরকার তারা বিষয়টা বিচার করবেন। এই সাথে আমি বলব আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী প্রয়োজনবোধে তিনি এই সর্বসম্মত প্রস্তাবের গুরুত্ব উপলব্ধি করে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট রেল মন্ত্রকের সঙ্গে আলাপ-আলোচনা করে যাতে এই ভাড়া বৃদ্ধি প্রত্যাহার করে নেওয়া হয় এবং এই মেট্রো রেলের কাজ যাতে দ্রুত সম্পন্ন হয় এবং সমস্ত ত্রুটি-বিচ্যুতি যেগুলি আছে মেট্রো রেলের ক্ষেত্রে সেইগুলি যাতে দূর করা যায় সেটা দেখার জন্য অনুরোধ করব। এই মেট্রো রেল নির্মাণের ক্ষেত্রে কি করে ত্রুটি বিচ্যুতিগুলি মুক্ত করা যায় এই ব্যাপারটা গুরুত্ব সহকারে আমি মুখ্যমন্ত্রীকে টোন আপ করবার জন্য অনুরোধ করছি এবং অবিলম্বে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি। এবং প্রত্যেককে এই প্রস্তাব সমর্থন করবার জন্য অনুরোধ করছি।

The motion of Shri Lakshmi Kanta Dey that—1. In line 5 of the 2nd para, the wors "এর ফলে এইসব অঞ্চলের একজন যাত্রীকে ভাড়া বৃদ্ধির পর যাতায়াতের জন্য কমপক্ষে দৈনিক দশ টাকা খরচ করতে হচ্ছে।" be omitted, was then put and agreed to.

The motion of Shri Deba Prasad Sarker, as amended that—At the end of the last para the follwoing be added.

"(৪) অবিলম্বে মেট্রো রেলের কাজ শেষ করতে হবে,

(৫) মেট্রোরেলের দ্বিতীয় এবং তৃতীয় ফেজের কাজ শুরু করার জন্য রেলমন্ত্রককে অর্থ বরাদ্দ করতে হবে, এবং

(৬) মেট্রো রেলের কাজের জন্য ক্ষতিগ্রস্ত বাড়ি ও মানুষদের অবিলম্বে ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। was then put and agreed to.

দি মোশন অফ শ্রী ডি পি সরকার দ্যাট, অ্যাজ অ্যামেন্ডডেড

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, গত ১-৪-৯২ থেকে আকস্মিকভাবে মেট্রো রেলে একশত ভাগ ভাড়া বৃদ্ধি করে যাত্রী সাধারণের উপর দুঃসহ আর্থিক বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে। উপযুক্ত এয়ার সার্কুলেশনের ব্যবস্থাও দীর্ঘদিন ধরে মেট্রো রেলে নেই। মান্থলি টিকিট বা স্টুডেন্টস কনসেশনের কোনও ব্যবস্থা আজ পর্যন্ত করা হয়নি। এই সভা আরও লক্ষ্য করেছে যে, গড়িয়া, নাকতলা, অশোকনগর, বাঁশদ্রোণী নেতাজিনগর, রানীকুঠি, কুঁদঘাট, পুঁটিয়ারি, হরিদেবপুর প্রভৃতি অঞ্চল থেকে যারা মেট্রো রেলে যাতায়াত করেন সেইসব যাত্রীদের মেট্রো রেলের ভাড়া ছাড়াও বাস বা অটোরিক্সার ভাড়া দিয়ে মেট্রো রেল ধরতে আসতে হয়। এছাড়া অফিসের সময়ে ধর্মতলা পৌছে ডালহৌসী যেতেও আবার বাস ভাড়া দিতে হয়। এমতাবস্থায় বাধ্য হয়ে বহু যাত্রী ইতিমধ্যে মেট্রো রেল বর্জন করেছেন এবং এই ভাড়া বৃদ্ধির ফলে কলকাতার মতো জনবহুল নগরের সাধারণ মানুষ মেট্রো রেলের যেটুকু সুযোগ-সুবিধা পাচ্ছিলেন তার থেকে বঞ্চিত হচ্ছেন। অথচ ভাড়া বৃদ্ধি না করলে মেট্রো রেলে যাত্রীসংখ্যা ক্রমশই বেড়ে চলত এবং অধিক সংখ্যক যাত্রী বহন করে মেট্রো

রেল কর্তৃপক্ষ তাদের আয় বৃদ্ধি করতে পারতেন। অতএব এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে,—

(১) অবিলম্বে মেট্রো রেলের বর্ধিত ভাড়া আদায়ের নির্দেশ প্রত্যাহার করা হোক,

(২) মেট্রো রেলে এয়ার সার্কুলেশন ব্যবস্থার উন্নতি করা হোক, এবং

(৩) নিত্যযাত্রীদের জন্য মাস্থলি টিকিট ও ছাত্র-ছাত্রীদের জন্য কনসেশনের ব্যবস্থা করা হোক।

(৪) অবিলম্বে মেট্রো রেলের কাজ শেষ করতে হবে,

(৫) মেট্রোরেলের দ্বিতীয় এবং তৃতীয় ফেজের কাজ শুরু করার জন্য রেলমন্ত্রককে অর্থ বরাদ্দ করতে হবে, এবং

(৬) মেট্রো রেলের কাজের জন্য ক্ষতিগ্রস্ত বাড়ি ও মানুষদের অবিলম্বে ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে।

Was then put and agreed to.

Mr. Speaker : Due to the death of Shri Sachin Sen and Shri Sankar Das Paul vacancies have been caused on the Committee on Subordinate Legislation, on the Committee on Petitions and on the Subject Committee on Public Works. As such I nominate Shri Robin Deb in place of Late Sachin Sen on the Committee on Subordinate Legislation and I nominate Shri Subhas Chandra Saren in place of Late Sachin Sen on the Committee on Petitions, and I nominate Shrimati Maya Rani Paul in place of Late Sankar Das Paul on the Subject Committee on Public Works.

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই মুহূর্তে যে সংবাদ পেলাম তা অত্যন্ত উদ্বেগের সঙ্গে আমি এই হাউসে জানাচ্ছি। আজকে তিনবিঘা চুক্তি কার্যকর করবার কথা হাজার হাজার সাধারণ মানুষ শান্তিপূর্ণভাবে বিক্ষোভ করেছিলেন কিন্তু সেখানে সি আর পি নির্বিচারে গুলি চালিয়েছে। ক্ষিতেন অধিকারী মারা যায়। স্যার, আপনি জানেন বাড়িতে বাড়িতে গিয়ে পুলিশ এবং সি আর পি অত্যাচার চালিয়েছে। আজকে যে চুক্তি কার্যকর হল তা শান্তিপূর্ণভাবে হল না। অনেক রক্তপাত ঘটানো হল। সি আর পি পুলিশ নির্বিচারে গুলি চালিয়েছে। আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। ধিক্কার জানাচ্ছি। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় যেভাবে এই রক্তক্ষয়ীর পথ অবলম্বন করে চুক্তি সম্পাদন করলেন এবং হস্তান্তর করলেন পশ্চিমবাংলার মানুষ তাকে ক্ষমা করবে না, তীব্র ধিক্কার জানাচ্ছি, ধিক্কারের প্রতিবাদে ওয়াক আউট করছি।

(At this stage the Hon'ble SUC(I) Members walked out of the Chamber)

PRIVILEEGE MOTION

Mr. Speaker : There was notice given by Shri Manabendra Mukherjee on a question of privilege on 19/6/92. The notice was moved by Shri Manabendra Mukherjee against Ananda Bazar Patrika as regards the misreporting of the statement on Hon'ble Chief Minister in the House on 9.6.92.

We had written to Ananda Bazar Patrika for their Comments to be furnished to us by 24-6-92. Ananda Bazar Patrika has not given any comments but has wanted further time.

I regret no further time can be given. As such I seek the opinion of the House as regards sending this matter to the Privileges Committee.

The question before the House as regards the motion of Manabendra Mukherjee referring to the matter to Privileges Committee.

The motion was then put and agreed to.

(The Matter is sent to the Privileges Committee)

Mr. Speaker : Shri Deba Prasad Sarkar had also moved a notice of breach of privilege against the Eastern Railway authority.

We have written to the Eastern Railway Authority for there comments thereon and they have not chosen to reply. As such I seek consensus and opinion of the House as regards sending the notice of Shri Deba Prasaed Sarkar to the Privilege Committee.

The motion that the notice of Breach of Privilege against the Eastern Railway moved by Shri Deba Prasad Sarkar be referred to the Privilege Committee was then put and agreed to.

The matter is referred to the Privilege Commitee.

There was a notice of Breach of privilege given by Dr. Manas Ranjan Bhunia against Shri Mehoboob Zahedi, Hon'ble Minister-in-charge, Animal Husbandry and Dairy Services relating to certain information supplied by him, claiming that the statistics given by him were wrong. Giving wrong statistics is by itself no matter of breach of privilege and as such the notice is rejected.

There was a notice of privilege given by Shri Trilochan Das against the Ananda Bazar Patrika to which the Ananda Bazar Patrika has replied that it is a bonafide mistake. I have mentioned in the House

earlier that the newspaper should give a note of regret in their newspaper and mention this matter that it was a bonafide mistake and the news item published by them referring to the name of Shri Trilochan Das was a mistake. I hope they will do it in future. They will publish that in their news item and give a note of regret. It is expected that newspapers will do such things when they make such mistakes.

Now the notice given by Shri Nani Kar against Shri Satya Ranjan Bapuli. It has been disposed of. No breach of privilege is made.

Now the notice given by Shri Nasiruddin Khan against the police. We had called for a statement form the House Department. The notice by itself reveals that Shri Nasiruddin Khan went to the police in connection with all his activities related to this Assembly or Parliamentary works but nevertheless we will send a reminder to the Home Department for thier comments on the same.

BRIEF RESUME OF BUSINESS

Today the 26th June, 1992 is the last day of the Second Session of the Eleventh Assembly. Before I adjourn the House sine-die I would like to make an announcement regarding qeustions. Starreed Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as Un-starred ones and replies thereto would be circulated to the Members.

Now I shall narrate in brief about the business transacted during the Second (March-June) Session of the Eleventh Assembly.

(position as on the 26th June, 1992)

Questions :

(1) Total numbr of notices of Question received —3109

(a) Short Noice — 1

(b) Starred —2420

(c) Unstarred — 688

(2) Total number of notices of Half-an-Hour Discussion received 2

(3) Number of Questions admitted as

(a) Short Noice — 1

(b) Starred	—1111
(c) Unstarred	— 669
(4) Total number of notices of Half-an-Hour Discussion received	2
(5) Number of Questions replied as—	
(a) Short Noices	— 1
(b) Starred	— 921
(c) Unstarred	— 400
Total number of Questions replied	—1322
Total number of Half-an-Hour Discussion replied	— 2
Total number of Question disallowed	— 99

GOVERMENT BILLS :

No. of Bills Introduced	— 31
No. of Bills passed	— 29
No. of Bills referred to Selected Committee	— 3
Presentation of report of Selected Commitee	— 1

RULES :

Notices received for laying of Rules	.. 1
Rules laid	.. 1

ORDINANCE :

Notices received for laying of Ordinance	.. 3
Ordinance laid	.. 3

ADJOURNMENT MOTION :

Notices received	.. 71
Consent given but leave of the House refused	.. 1
Consent withheld	.. 64
Notics out of order	.. 6

CALLING ATTENTION NOTICE :

Notices received	.. 205

Notices admitted	.. 35
Statement made	.. 34
Notices out of order	.. 7
MOTION UNDER RULE—185	
Notices received	.. 27
Admitted	.. 21
Disallowed	.. 3
Under correspondence	.. 3
Discussed and adopted	.. 5
Discussed and lost	.. 2
Not moved	.. 1
RESOLUTIONS :	
(i) Government :-	
Notices received	.. 2
Discussed and adopted	.. 2
(ii) Resolution for Ratification :-	
Notice received	.. 1
Discussed and adopted	.. 1

laying of Annual Reports and Accounts of Government Companies and Undertakings

Reports laid	.. 28

Privilege Issues

Notices Received	.. 8
Disallowed	.. 5
Disposed of by the House	.. 1
Case referred to the Privilege Committee	.. 2
Mention cases	.. 684
Zero Hour Mention	.. 126
Number of Sitting	.. 42
Total Hour of Sittings	202 Hours 02 Minutes

(Upto 3-10 p.m.)

[3-20 — 3-30 P.M.]

FELECITATION

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট অধিবেশনের শেষ দিন। স্যার, এই অধিবেশন আমাদের মানে থাকবে একাধিক কারণে। এই অধিবেশন চলার সময় এই বিধানসভার বাইরে অনেক গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে গেল। সেখানে তিন বিঘার উপর যে আন্তর্জাতিক চুক্তি তা কার্যকর হল। বিধানসভার মধ্যে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সুযোগ্য পরিচালনায় আমাদের মতে আরও কতকগুলি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে। এখানে বিষয় কমিটি নিয়ে পরীক্ষা আপনি শুরু করেছিলেন এই বাজেট অধিবেশনে তাও একটা নতুন মাত্রা পেয়েছে। আমি মনে করি বিষয় কমিটির আলোচনা থেকে সরকারপক্ষ, সরকার এবং সকলেই যথেষ্ট উপকৃত হয়েছেন। তারপর স্যার, খুব গুরুত্বপূর্ণ বিল এই বাজেট অধিবেশনে এসেছে। আমাদের মনে থাকবে পঞ্চায়েত বিলের কথা। সারা দেশের মধ্যে বোধ হয় এই প্রথম মহিলাদের ব্যাপক হারে এবং তফসিল সম্প্রদায়কে ব্যাপক হারে প্রতিনিধিত্ব করার সুযোগ দেওয়া হয়েছে এবং এ ক্ষেত্রে একটা নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। স্যার, এবারের বাজেট অধিবেশন শুরু হয়েছে সারা দেশে এক ব্যাপক আর্থিক সঙ্কটের মধ্যে। তার ছায়া রাজ্যের উপর এসে পড়েছে, রাজ্যের বাজেটেও পড়েছে। যদিও এই সঙ্কট শুধু আর্থিক নয়, আমরা বারংবার বলেছি যে এই সঙ্কট মূলত এখানেও যে আমাদের সার্বভৌমত্ব, স্বাধীনতার উপর আঘাত এসেছে। সে কথা আমরা বিধানসভায় বারংবার বলেছি। আজকে বিধানসভার এবারের অধিবেশন শেষ হল, এবারে সাধারণ মানুষের কাছে গিয়ে বলব। এ বিষয়ে আমরা মনে করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু আমরা বামপন্থীরা নই, আমরা মনে করি অনেক ক্ষেত্রে রাজনীতির উর্ধ্বে উঠে গিয়ে সমস্ত দেশপ্রেমিক শক্তিকে একত্রিত হতে হবে। এই স্বীধানতার উপর যে আঘাত এসেছে সেটাকে মোকাবিলা করার জন্য এই সংগ্রাম আমরা বাইরে করব গণতান্ত্রিক পদ্ধতি, গণতন্ত্রের পতাকা বাইরে তুলে ধরব এবং গণতান্ত্রের পতাকা এই বিধানসভার মধ্যে আমরা তুলে ধরবই, যত বিরোধিতা আসুক। আমরা তুলে ধরব গণতন্ত্রের পতাকা, সেইকাজ করার ক্ষেত্রে আপনি সুযোগ্য নেতৃত্ব দিয়েছেন, পরিচালনা করেছেন, আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। উপাধ্যক্ষ মহাশয় অনুপস্থিত, আপনার মাধ্যমে তাকে ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষের সদস্যরা উপস্থিত থাকলে ভাল হত, অনেক মত পার্থক্য হয়েছে, তবুও শেষ দিনে আমি আপনার মাধ্যমে তাদের ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি এই বিধানসভার কাজকে সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে সকল স্তরের কর্মীরা যে সহায়তা করেছেন তাদের প্রত্যেককেও। ধন্যবাদ জানাচ্ছি সংবাদপত্র এবং গণ মাধ্যমের প্রতিনিধি বন্ধুরা দীর্ঘ সময় ধরে আমাদের সঙ্গে একত্রিত হয়ে কাজ করেছেন বলে আপনার মাধ্যমে তাদেরও ধন্যবাদ জানাচ্ছি। আপনাকে আরও একবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় পার্টির পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি এই হাউসের সমস্ত পদস্থ এবং সাধারণ কর্মচারিদের, ধন্যবাদ জানাচ্ছি, যে সমস্ত সংবাদপত্রের প্রতিনিধিরা আমদের সঙ্গে এখানে কাজ করেছেন তাদের।

ধন্যবাদ জানাচ্ছি আমাদের চিফ হুইপ লক্ষ্মী দে মহাশয়কে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যেভাবে এই সভা নিরপেক্ষ ভাবে এবং সুযোগ্য ভাবে পরিচালনা করেছেন, সেই সম্পর্কে আমাদের এই রাজ্যের কারও কোনও দ্বিমত নেই। শুধু এই রাজ্যের নয়, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে আপনার সুপরিচালনা এবং নিরপেক্ষ পরিচালনার জন্য আপনার খ্যাতি আছে। ভারতবর্ষের বাইরে, আপনার খ্যাতি আছে। আপনাকে ভারতবর্ষের নেতৃত্বে অনেক সময় দিতে হয়, ভারতবর্ষের বাইরে যখন পার্লামেন্টারি কনফারেন্স হয় সেই সময়। অথচ আশ্চর্য হয়ে গেলাম রাজ্যের বিরোধী দলরা গতকাল যখন আপনার প্রতি খারাপ আচরণ করল, তখন আমদের মনে ব্যথা লাগল। যে মানুষটা শুধু আমাদের রাজ্যেই নয়, ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে, যার সুনাম দিনের পর দিন ছড়িয়ে পড়ছে, সেই মানুষটির তাদের অশ্লীল ব্যবহার করতে একটু বাধলো না। সেই আজ বিরোধী দল, তারা মুখ দেখাতে পারছে না বলে কালকে তারা এই সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে। কারণ তারা জানে যে আপনি যেভাবে পরিচালনা করেন, আমাদের সুযোগ সুবিধা নিশ্চয়ই দেন, কিন্তু তার চেয়ে অনেক সময় আমার মনে হয় তাদের অনেক বেশি সুযোগ সুবিধা দেন। কারণ আমরা জানি হাউস বিরোধী দলের হাউস। সেই জন্য তাদের সুযোগ সুবিধা দেওয়া হয়। কিন্তু সুযোগ সুবিধা পেতে পেতে বিরোধী দল এমন একটা পর্যায়ে পৌঁছে গেছে সেটা তাদের অধিকার বলে তারা মনে করে। সেই জন্যই তারা কালকে সেই ঘটনা ঘটিয়েছে। তারা বুঝতে পারেনি যে তাদের অধিকার কতটা। এই হাউসের নিয়ম কানুন আছে, সেটাকে যে আপনি ঠিক ভাবে পরিচালনা করতে চান, সেটা তারা বুঝতে চায়নি। যার জন্য কালকে তুচ্ছ কারণে আপনার প্রতি এবং হাউসের প্রতি অবমাননা করেছে সেটা অত্যন্ত নিন্দনীয়। আমি আর বিশেষ কিছু বলতে চাইছি না, তারা থাকলে ভাল হত। অনেক দিন ধরে হাউস চলেছে। সেইজন্য আমাদের মধ্যে একটা আত্মীয়তার ভাব গড়ে উঠেছিল। তাই আজকে বিরোধী দল থাকলে ভাল হত। আজকে আমরা বিরোধী দল না থাকলেও ভারাক্রান্ত মনে আবার আমাদের এলাকায় ফিরে যাবে। আশা করি আগামী দিনে আবার সকলের সঙ্গে দেখা হবে, এই বলে আমরা বক্তব্য শেষ করছি।

[3-30 —3-40 P.M.]

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের দল আর এস পি-র পক্ষ থেকে আপনাকে আমাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে এবং গোটা বিশ্বে দক্ষ স্পিকার হিসাবে আপনার খ্যাতি ছড়িয়ে পড়েছে। কমনওয়েলথ কনফারেন্সে আমাদের দেশের প্রতিনিধিত্ব করতে গিয়ে আপনি যে সুনাম অর্জন করেছেন তারজন্য সত্যিই আমরা গর্বিত। দীর্ঘদিন ধরে আপনি আমাদের এই বিধানসভা পরিচালনার ক্ষেত্রে সম্পূর্ণরূপে নিরপেক্ষ ভূমিকা পালন করে আসছেন। সব সময়েই আপনি আমাদের সরকার পক্ষের সদস্যদের চেয়ে বিরোধী দলের সদস্যদের অনেক বেশি সুযোগ সুবিধা দেন। অথচ আমরা গতকাল দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম যে, বিরোধী দলের সদস্যরা আপনার বিরুদ্ধে কটু মন্তব্য করলেন। গতকাল বিরোধী দলের কয়েকজন সদস্য যে ব্যবহার এখানে প্রদর্শন করলেন, আমার মনে হয় তা তাদের দলের সকল সদস্য সমর্থন করেন না। এক শ্রেণীর বিরোধী সদস্যের কালকের ঐ ব্যবহার,

চেয়ারের প্রতি অবমাননা খুবই নিন্দনীয় কাজ হয়েছে বলে আমি মনে করি। তাদের মধ্যেও অনেক শিক্ষিত লোক আছেন, তাদের কি এটা রুচি ও মর্যাদায় আঘাত করছে না? অত কিছুর পরেও আজকের কাগজে দেখলাম সভার কাজে যোগদান করার জন্য আপনি তাদের আহ্বান জানিয়েছেন। সুতরাং আপনার মহত্ব যে কত প্রশংসনীয় তা আমার ভাষায় প্রকাশ করার ক্ষমতা নেই।

স্যার, এবারের এই দীর্ঘতম অধিবেশন আপনি সম্পূর্ণ নিরপেক্ষতা বজায় রেখে সুষ্ঠুভাবে পরিচালনা করেছেন, এর জন্য আমি আমার দলের পক্ষ থেকে আপনাকে আবার অভিনন্দন জানাচ্ছি এবং ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে বিধানসভার সচিব এবং সর্বস্তরের কর্মীদেরও অভিনন্দন জানাচ্ছি। তারা এই সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে আপনাকে অক্লান্ত সহযোগিতা দিয়েছেন। আমি অভিনন্দন জানাচ্ছি সাংবাদিক বন্ধুদের। তারা নিরপেক্ষভাবে বিধানসভার কার্যাবলি খবরের কাগজে প্রকাশ করেছেন। আমি আরও অভিনন্দন জানাচ্ছি এই বিধানসভার মার্শালকে, তিনি এই সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে সব সময়ে সতর্কতার সঙ্গে সহযোগিতা করেছেন। পরিশেষে এই সভার সকল সদস্যকে আমার দলের পক্ষ থেকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, সুদীর্ঘ বাজেট অধিবেশনের সমাপ্তির মুহূর্তে আজকে আপনাকে অভিনন্দন জানানোটা আমি মনে করি কোনও ফর্মাল ব্যাপার নয়। আমরা এই সভার সদস্যরা বাস্তবিকই আপনার জন্য গর্বিত। সারা ভারতবর্ষে যোগ্যতম স্পিকার হিসাবে আপনি যে পরিচয় লাভ করেছেন তার জন্য পশ্চিমবঙ্গের অধিবাসী হিসাবে আমরা গর্ব বোধ করি। কমনওয়েলথ স্পিকার সম্মেলনে আপনার ভূমিকা খবরের কাগজের মাধ্যমে যা প্রকাশিত হয়েছে তারজন্য বাঙালি হিসাবে আমরা গর্বিত। আমরা জানি আপনি এই হাউসে এবং হাউসের বাইরে গণতন্ত্রকে সম্প্রসারিত করার জন্য সর্বদা সচেষ্ট। এবং গণতন্ত্রকে রক্ষা করার জন্য সর্বদা সতর্ক। আপনি বিশ্বাস করেন এবং সব সময় বলেন, "পরিষদীয় গণতন্ত্রের হাউসে বিরোধী দলের সুযোগ সুবিধা বেশি হওয়া উচিত।" সে অনুযায়ী আপনি আমাদের চেয়ে বিরোধী দলের সদস্যদের অনেক বেশি সুযোগ সুবিধা দিয়ে থাকেন। অনেক সময় অনেক বিষয়ে আমাদের অ্যালাও করেন না, কিন্তু ওদের বেশিরভাগ সময়েই সুযোগ দেন। আমরা আপনার কাছে অভিযোগ জানালে, আপনি বলেন, "হাউসটা বিরোধীদের, সুতরাং ওদের সুযোগ দিতে হবে।" আমরা জানি গণতন্ত্রের প্রসারের উদ্দেশ্যেই আপনার এই প্রচেষ্টা। গণতন্ত্র প্রসারের উদ্দেশ্যে আপনি আপনার সব রকমের প্রচেষ্টা নিরন্তর চালিয়ে যাচ্ছেন এবং আপনি সব সময়ই সতর্ক যাতে গণতন্ত্র কোনও ভাবেই আঘাত প্রাপ্ত না হয়। গতকাল বিরোধী সদস্যরা এখান থেকে বেরিয়ে যাবার আগে পর্যন্ত আপনি অনেক চেষ্টা করেছেন যাতে ওদের হাউসের মধ্যে রেখে সঠিকভাবে কার্য পরিচালনা করতে পারেন। কিন্তু দুঃখের বিষয় তা সম্ভব হয় নি। এরপর ভবিষ্যত কি হবে তা আমি জানি না। সেটা ওদের ব্যাপার, ওরা সেটা বুঝলেন।

এই দীর্ঘতম বাজেট অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য আমি আমার দলের পক্ষ থেকে আপনকে ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে আমি অভিনন্দন জানাচ্ছি সমস্ত খবরের কাগজের, দূরদর্শনের, আকাশবাণীর প্রতিনিধি সাংবাদিক বন্ধুদের। তারা প্রতিদিন দীর্ঘ সময়

এখানে উপস্থিত থেকে এই সভার সংবাদ দেশের মানুষের কাছে নিরপেক্ষ-ভাবে পরিবেশন করেছেন। আমি অভিনন্দন জানাচ্ছি এই সভার সর্বস্তরের কর্মচারী বন্ধুদের, যারা আপনার অধীনে এই দীর্ঘতম বাজেট অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে অক্লান্ত পরিশ্রম করেছেন। তারা যে ভাবে যোগ্যতার সঙ্গে অক্লান্ত পরিশ্রম করে এই সভা পরিচালনা করতে আপনাকে সাহায্য করেছেন, তা দেখে আমরা অনেক সময়ে আশ্চর্য হয়ে গেছি। আমি তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি তাকে ধন্যবাদ জানাই এবং বিধানসভার সমস্ত কর্মী যারা বিভিন্ন কার্যে নিযুক্ত আছেন তাদেরকে ধন্যবাদ জানাই এবং আপনাকে আমাদের দলের পক্ষ থেকে ধন্যবাদ জানাই। আপনি পরিষদীয় গণতন্ত্রের পতাকা উর্ধ্বে তুলে রেখে পশ্চিমবাংলার মান সারা ভারতবর্ষে এবং বিশ্বের দরবারে যেভাবে তুলে ধরেছেন তারজন্য আপনার দীর্ঘায়ু কামনা করি এবং আপনি দেশে এবং বিদেশে এইভাবে গণতন্ত্রের পতাকা উর্ধ্বে তুলে ধরে নিয়ে যাবেন এই কামনা করে পশ্চিমবাংলার মানুষের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কেও ধন্যবাদ জানাচ্ছি। সর্বস্তরের কর্মচারিদের ধন্যবাদ জানাচ্ছি এবং প্রতিটি সাংবাদিক (রিপোর্টার) এবং হাউসের প্রতিটি সদস্যকে ধন্যবাদ জানিয়ে দু-একটি কথা বলছি। এবারে এই বাজেট অধিবেশন দীর্ঘদিন ধরে চলল। কিছু গুরুত্বপূর্ণ বিল এই অধিবেশনে পাস হল। বিরোধী দলের সদস্যরা আজকে উপস্থিত থাকলে ভাল হত। গতকাল আমি হাউসে ছিলাম না, কল্যাণীতে নারী কল্যাণ বিষয়ে একটা আলোচনা সভায় সেখানে উপস্থিত ছিলাম। রাত্রিবেলা খবরে দেখি হাউস উত্তাল হয়েছে এবং কংগ্রেসিরা আপনাকে কটাক্ষ করেছেন। এটা খুবই দুঃখজনক ঘটনা। আজকে হাউসে এসে দেখলাম বিরোধীরা নেই, দেশে খুবই খারাপ লাগলো। আজকে হাউসের শেষ দিন, বিরোধী দলের সদস্যরা সবাই উপস্থিত থাকবে। একটা আনন্দের ব্যাপার ছিল। আমি দেখলাম, এই হাউস চালাবার সময় অনেক ঝড়-ঝাপটা এসেছে, কিন্তু আপনি ট্যাক্টফুলি হাউস চালান। এটা আপনার দারুণ যোগ্যতা বলতে হবে এবং আপনি পশ্চিমবাংলার অধ্যক্ষ হিসাবে সারা ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে (বিদেশে) অনেক সুনাম অর্জন করেছেন—কাগজের মাধ্যমে দেখলাম। এটা আমাদের কাছে গর্বের বিষয়। তাই আপনাকে এবং প্রতিটি মানুষকে আমাদের পার্টির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

श्री ममताज हसन : जनाव स्पिकर साहव, आपके में अपनी और अपनी पार्टी की ओर से धन्यवाद देता हूँ। धन्यवाद सिर्फ म वास के लिए नही कि आपने असेम्बली का सही संचालन किए, वल्कि धन्यवाद तो इस वात पर देना चाहता हुँ कि स्पिकर साहव असेम्वली को एक परिवार की तरह चलाते है। स्टे सदसीं को मनाते है। मार्शल को फी मेरा धन्यवाद। उन्हे भी धन्यवाद जो अवसर भाग जाया करते हे। उन्हे विशेप रुप से मेरे ओर से ओर मेरी पार्टी जनता दल की ओर से धन्यवाद, रीन्वस, सुक्रिया। भिजिटर को भी मेरा धन्यवाद जो दूर-दूर से आज आकर काफी तत्परता से असेम्वली

को देखते है। उन्हे भी धन्यवाद जो सरकार के कार्य-कलाप को जनता के सामने सही रुप मे पेश करते है। उन्हे भी धन्यवाद जो सरकार द्वारा उठाए गए कदम को मरीढ़ कर जनता के सामने पेश करते है। असेम्वली स्टाफ की भी भी धन्यवाद जो कढ़ी मेहनत कर असेम्वली चलाने मे स्पिकर साहव का सहयोग करते है। इन्ही चन्द शब्दी के साथ अन्त में एक वार फिर सवीं की सुक्रिया अदा करते हुए अपना वक्तव्य शेश करता हुँ।

Miss Gillian Rose Mary Hart : Mr. Speaker, Sir, on this ultimate day of the Budget Session of 1992, first of all I wish to congratulate our Government, the Chief Minister and also our Finance Minister. I also wish to thank all the Honourable Members who have participated with their valuable suggestions and points. Most of all I think that the biggest Vote-of-Thanks is due to our Honourable Speaker for the way in which he has guided and helped us through the debates and discussions which went on the this House. There were times when he has given us a word of advise : some times he has cautioned us : some times he had to censure us. Most of his time he had been pouring oil over the troubled water. I can say that the position of the Speaker is not a very enviable one, and I feel that as a new and inexperienced Member I have to say and thank him for the impartial ways in which he has conducted the proceedings of this House despite the derogatory remarks and statements which were made during the course of the debates. I must also thank all those staff of the Assembly who have helped and co-operated with us throughout the Session. I would also like to thank the Members of the Press for their co-operation. Last but not the least, I would like to thank each Member, present and absent, for their help and co-operation which have made this Session a great success. Thank you.

[3-40 — 3-50 P.M.]

শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ মিঃ স্পিকার স্যার, আজকে শেষ দিন, শেষ সময়। বিধানসভা এবারে অনেক দিন চলেছে। বিধানসভার মধ্যে বহুরকম ঘটনা এবারে ঘটে গেছে। এবারকার বিধানসভা বসবার পর আমাদের দুইজন সদস্য মারা গেছেন, নতুন তিনজন বিধানসভায় সদস্য হিসাবে এসেছেন এবং শপথ গ্রহণ করেছেন। এই দীর্ঘদিনের সেশনে আপনি বিধানসভার সদস্যদের তাদের ভ্যালুয়েবল বক্তব্য উপস্থাপন করতে দিয়েছেন। এই পশ্চিমবঙ্গের বিধানসভা এখনও পর্যন্ত এমন কিছু জিনিস সারা ভারতের বিভিন্ন আইনসভার সামনে উপস্থাপন করতে পেরেছেন যারজন্য আমরা গর্বিত এবং তার নেতৃত্ব দিচ্ছেন আপনি। আপনি সাবজেক্ট কমিটি করে দিয়েছেন। এই কমিটি কেরালা এবং আমাদের বিধানসভায় রয়েছে। কিন্তু কেরালায় সাবজেক্ট কমিটির চেয়ারম্যান থাকেন মন্ত্রী এবং সেখানে সেটা ঠিকমতো চলছে না বলে জানি। আর দিল্লিতে আমার জানা আছে, সব সাবজেক্টের কমিটি নেই। আগে তিনটির মতো ছিল,

এখন তার দুই একটি বাড়লেও বাড়তে পারে। আপনি এখানে বিভিন্ন সাবজেক্টে সাবজেক্ট কমিটি করে দিয়ে প্রি-বাজেট স্ক্রুটিনি প্রথা চালু করেছেন। এতে আমাদের এম এল এ যারা রয়েছেন তার বিভিন্ন দপ্তরের বিভিন্ন বিষয়ে জেনে বাজেট সংক্রান্ত ব্যাপারে নিজেদের তৈরি করতে পারছেন এবং আগামী দিনে আরও ভাল করে তারা বিভিন্ন সরকারি কাজে সুষ্ঠুভাবে করবার ক্ষেত্রে ওয়াকিবহাল হয়ে উঠে সরকারকে সাহায্য করতে পারবেন। আমাদের পশ্চিমবঙ্গের এই হাউসের অন্য আইনসভা থেকে সুযোগ অনেক বেশি বিশেষত বিরোধীদের এটা আপনারও উল্লেখ করেছেন। আমরা এক এক সময়ে অধীর হয়ে যেতাম, কিছু ক্ষেত্রে বেশি বেশি করে সুযোগ আপনি তাদের দিয়েছেন। আমরা দেখেছি যে এবারের সেশানে বেশি হাউস বন্ধ হয়নি, অন্য আলোচনা বন্ধ হয়নি, কোনওদিন কোয়েশ্চেন বাদ দিয়ে, কোনও দিন মেনশন বাদ দিয়ে বিরোধীদের আলোচনার সুযোগ করে দিয়েছেন, আবার কোনও ক্ষেত্রে সরকারি পক্ষকে সুযোগ দিয়েছেন। কিন্তু সংখ্যার দিক থেকে যদি দেখা যায় তাহলে দেখবো যে বেশিরভাগ সুযোগ বিরোধীদের দিয়েছেন। এখানে আপনি হাফ-অ্যান-আওয়ার ডিসকাশন করার সুযোগও দিয়েছেন। কাজেই অন্যান্য বিধানসভার কথা যদি ধরি তাহলে দেখা যাবে যে এই সুযোগগুলি অন্য জায়গায় কম। এখানে এক ঘণ্টা ধরে মেনশন করার সুযোগ আপনি দেন কিন্তু পার্লামেন্টে এই সুযোগ নেই। আপনি আধ ঘণ্টা সরকারি পক্ষের সদস্যদের এবং আধ ঘণ্টা বিরোধী পক্ষের সদস্যদের এই সুযোগ দিয়ে হাউস পরিচালনা করেছেন। আমরা জানি যে অন্যান্য জায়গায় লটারির মাধ্যমে হয় যেহেতু সরকারি পক্ষের সদস্যরা বেশি থাকে সেজন্য তারা বেশি সুযোগ পায় মেনশনের ক্ষেত্রে। অন্যান্য বিষয়েও সরকারি সদস্যদের থেকে বিরোধীদের আপনি বেশি সুযোগ দিয়েছেন। সেদিক থেকে আজকে বিরোধীদের যে উপস্থিত থাকলেন না, আজকে শেষ দিন জেনেও তারা এখানে উপস্থিত থাকলেন না, প্রতিবাদ করে চলে গেলেন। আমরা খুবই দুঃখিত যে বিরোধীরা কালকে আপনার প্রতি এইভাবে কটাক্ষ করেছেন। আপনি এত সুযোগ দেবার পরেও এই ধরনের ব্যবহার আপনার সঙ্গে করা হল। আমরা জানি যে কেবলমাত্র পশ্চিমবঙ্গের ক্ষেত্রেই নয়, সারা ভারতবর্ষে কোথাও আইনের ক্ষেত্রে কোনও সমস্যা দেখা দিলে আপনাকে ডাকা হয়। আমরা জানি যে আপনি শুধু ভারতবর্ষের ক্ষেত্রেই নয়, আপনি কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাশোসিয়েশনের ইস্টার্ন জোনের চেয়ারম্যান হিসাবে কাজ করেন। অর্থাৎ আন্তর্জাতিক ক্ষেত্রেও আইনসভা পরিচালনা ক্ষেত্রে আপনার ভূমিকা আছে। আজকে শুধু ভারতবর্ষই নয়, ভারতবর্ষের বাইরেও আপনার স্বীকৃতি আছে। অথচ কালকে কোনও কারণ না দেখিয়ে কংগ্রেস সদস্যরা যেভাবে আপনার প্রতি কটাক্ষ করেছেন তাতে এই হাউসের মর্যাদা খুন্ন করা হয়েছে, শুধু আপনি নয়। এতদিন ধরে এই হাউসকে যে সুষ্ঠুভাবে পরিচালনা করেছেন তার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তাছাড়া আপনার মাধ্যমে মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, যিনি আজকে উপস্থিত হতে পারেন নি অসুস্থতার জন্য তাকেও আমি ধন্যবাদ জানাচ্ছি। তাছাড়া যে সমস্ত সদস্য এখানে উপস্থিত আছেন এবং আমাদের অ্যাসেম্বলির যে সমস্ত কর্মচারী কাজ করে আমাদের সাহায্য করেছেন তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

[3-50 — 4-00 P.M.]

আমার দপ্তরের কর্মীরা আছেন. অ্যাসেম্বলির কর্মচারিদের সঙ্গে যতক্ষণ অ্যাসেম্বলি চলে

শুরু থেকে শেষ পর্যন্ত তারা কাজ করেন। আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। সাংবাদিক যারা আছেন যে, সমস্ত মিডিয়া আছে তারা সকল সময় উপস্থিত থেকে আমাদের সাহায্য করেন, আমাদের রাজ্য বিধানসভার বিভিন্ন বিষয় গ্রামের সাধারণ মানুষের কাছে নিয়ে গিয়ে হাজির করেন, আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি অ্যাসেম্বলির সমস্ত কর্মচারী যারা আছেন, গ্রুপ ডি স্টাফ থেকে শুরু করে সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আপনার সুদক্ষ পরিচালনার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বাজেট অধিবেশনের শেষ দিন। গত ৪ মাস ধরে এই বিধানসভা চলছে এই অধিবেশন আপনি যেভাবে যোগ্যতার সাথে, দক্ষতার সাথে নিরপেক্ষ ভাবে পরিচালনা করেছেন তার জন্য আমি আপনাকে আমার অভিবাদন জ্ঞাপন করছি। আমাদের এই বাজেট অধিবেশন নানা দিক থেকে স্মরণীয় হয়ে থাকবে। বিধানসভার মূল কাজ এক দিকে যেমন বাজেট পেশ করা অন্য দিকে ঠিক তেমনি এমন কিছু ব্যবস্থা গ্রহণ করা, এমন কিছু আইনের রূপান্তর ঘটানো এমন কিছু নতুন আইন প্রণয়ন করা যার মধ্যে দিয়ে দেশের আর্থ-সামাজিক কাঠামোর পরিবর্তন ঘটবে। যার মধ্যে দিয়ে যারা বঞ্চিত মানুষ, সমাজে সুযোগ সুবিধা পাওয়ার ক্ষেত্রে আরও অধিকতর সুযোগ লাভ করতে পারবে। সেই সমস্ত দিক চিন্তা করে এই বিধানসভার অধিবেশন অনেক কার্যকর ভূমিকা গ্রহণ করেছে। আমরা কেবলমাত্র বাজেট পাস করে আমাদের দায়িত্ব সম্পন্ন করি না, এই অধিবেশনে আমাদের রাজ্যবাসীর স্বার্থে এমন কতকগুলি আইন প্রণয়ন করেছি যাতে আগামী দিনে পশ্চিমবাংলার আর্থ-সামাজিক কাঠামোর পরিবর্তনে সহায়ক হবে তাই নয়, গণতন্ত্র তৃণমূল পর্যন্ত পৌঁছে যেতে পারে তাই নয়, আগামী দিনে পশ্চিমবাংলা একটা নতুন নেতৃত্বে এগিয়ে আসবে। পঞ্চায়েত আইনের মাধ্যমে যে ব্যবস্থাগুলি গ্রহণ করা হয়েছে সেইগুলি গণতন্ত্রের ভিত সুদৃঢ় করার ক্ষেত্রে অনেক সহায়ক হবে। এইগুলি করার ক্ষেত্রে এক দিকে যেমন সরকার পক্ষের একটা ভূমিকা থাকে তেমনি ভাবে বিরোধী পক্ষের একটা দায়িত্বশীল গঠনমূলকভাবে ভূমিকা থাকার কথা। সংসদীয় ব্যবস্থায় বিরোধী পক্ষের সঙ্গে সরকার পক্ষের একটা মত পার্থক্য থাকে, এটা স্বাভাবিক। আমরা এটাকে রেসপনসেবেল ডেমোক্রেসি বলি। সেখানে বিরোধী পক্ষ সরকার পক্ষের গঠনমূলক সমালোচনা করবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এখানে বিরোধী পক্ষের যে ভূমিকা দেখেছি বিশেষ করে কংগ্রেস দলের পক্ষ থেকে সেটা হচ্ছে নেতিবাচক ভূমিকা। সরকারের যে সমস্ত ইতিবাচক ভূমিকা অর্থনীতিকে সুদৃঢ় করার ক্ষেত্রে ভাল ভাল কাজগুলির তারা বিরোধিতা করেছেন। করুন, অসুবিধা নেই, যে দৃষ্টিভঙ্গি নিয়ে তারা চলবার চেষ্টা করছেন সেটা নিশ্চয়ই রাজ্যবাসী মূল্যায়ন করবে। এই মূল্যায়নের ফল নিশ্চয়ই হয়েছে। এই অধিবেশনে যেটা ঘটলো সেটা একটা ঘটনা নয়, আগেও দেখেছি কয়েকটি অধিবেশনের যে ঠিক অধিবেশন শেষ হওয়ার ২-৪ দিন আগে এমন একটা পরিস্থিতি তারা তৈরি করেন যাতে শেষের কয়েকদিন তারা অধিবেশনে থাকেন না, বিধানসভা বয়কট করেন। এবারে যে ঘটনাকে কেন্দ্র করে ওরা বিধানসভা বয়কট করেছেন এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। কারণ বিধানসভার অধ্যক্ষ তিনি পশ্চিমবঙ্গের সমস্ত জনগণের প্রতীক। তিনি গণতন্ত্রের যে পীঠস্থান এই বিধানসভায় উচ্চ মর্যাদার আসনে প্রতিষ্ঠিত, তার আসনের প্রতি অবমাননা করে আপনার প্রতি কটাক্ষ করে আপনার নিরপেক্ষতা সম্পর্কে অহেতুক কারণে

মন্তব্য করেছেন। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং আমাদের কাছে ব্যথার বিষয়। তাদের আচরণের বিষয় নিয়ে গতকাল আমরা এখানে উল্লেখ করেছি, আজকে সে সম্পর্কে কিছু বলতে চাইছি না শেষ দিনে। তাদের সঙ্গে আমাদের নানা মতপার্থক্য থাকতে পারে, গণতন্ত্রে এটাই হচ্ছে রুলস অব গেম। আজ বিধানসভা শেষ হবে, এই সময়ে তারা যদি থাকতেন তাহলে নানা বাক বিতন্ডার মধ্যে দিয়ে আমরা নিজেদের মধ্যে মত বিনিময় করতে পারতাম, অনেক গঠনমূলক কাজে অংশ গ্রহণ করতে পারতাম। এটা হলে ভাল হত, কিন্তু সেটা হল না। ওরা যাই বলুন না কেন, ওরা কালকে আপনার প্রতি যে তীর্যক মন্তব্য করেছেন—দেশে এবং বিদেশে আপনার যোগ্যতা এবং সংসদীয় ব্যবস্থায় বিধি সংক্রান্ত বিষয়ে আপনার যে পারদর্শিতা তা স্বীকৃতি লাভ করেছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এবারে যে সাবজেক্ট কমিটির অবতারণা করা হয়েছে এবং যেভাবে কার্যকর করার চেষ্টা করা হয়েছে আমাদের মূল যে বক্তব্য, একজিকিউটিভ-এর লেজিসলেচারের কাছে অ্যাকউন্টেবিলিটি থাকবে। কিন্তু এতদিন ধরে যেটা চলছিল তার মধ্যে দিয়ে এটাকে বাস্তবে—সাবজেক্ট কমিটির মাধ্যমে একজিকিউটিভের লেজিসলেচারের কাছে দায়বদ্ধ করার যে প্রক্রিয়াটা শুরু হয়েছে, এটাকে যদি সম্প্রসারিত করতে পারি তাহলে ভালভাবে সবকিছু পরিচালনা করতে পারব। গণতন্ত্রে এই প্রক্রিয়ার মাধ্যমে যে একটা সুস্থ নজির তৈরি হয়েছে সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। আপনি যে ভাবে কাজ পরিচালনা করেছেন পশ্চিমবাংলার জনগণ তা অ্যাপ্রিশিয়েট করবে। বিধানসভার সদস্যগণ আপনার দক্ষতা নিয়ে এর আগে বলেছেন, এখনও বলছেন। সংসদীয় গণতন্ত্রের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বিধানসভার যে একটা উজ্জ্বল অতীত আছে, আপনার মাধ্যমে তা বর্ধিত হয়েছে, কখনও মলিন হয়নি। আপনি সংসদীয় গণতন্ত্রের মর্যাদাকে অক্ষুন্ন রাখার জন্য যথাযোগ্য যে ভূমিকা পালন করেছেন সেজন্য আমাদের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি সমস্ত সদস্যদের। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় তিনি এখানে উপস্থিত নেই, তাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার অফিসারদের এবং কর্মচারিদের যারা অক্লান্ত পরিশ্রম করে বিগত চারমাস বিধানসভার কাজকে পরিচালনা করতেম সহায়তা করেছেন। সংবাদপত্র ও গণমাধ্যমের প্রতিনিধিরা প্রতিদিন উপস্থিত থেকে নানা অসুবিধার মধ্যে দিয়েও বিধানসভার কার্যবিবরণীকে মানুষের কাছে তুলে ধরেছেন, তারজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। আপনাকে পুনরায় ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-05 P.M.]

Mr. Speaker : Members, I am thankful to the Chief Minister and each of his Cabinet colleagues. I am thankful to the Leader of the opposition, to the Chief Whip of the Govt., to the whip of the opposition, to whips of different groups in the House. I am thankful to the smaller opposition members and groups, to the individual members and to all the members of the House for the unstinted and valuable support that they have extended during this long session. Many valuable and useful works have been done. We have not only passed the budget. Very important legislative changes have taken place the Panchayats and various bills that we have passed. Attempts have been made to being

about social changes through legislative process and through Parliamentary process.

And we have been all here, sent by the people, to help to bring about their changes. It is all very slow and a very difficult process. We have not yet been able to change the entire system, but quality of life is changing. Attempts should be made to make it faster. I am grateful to the media, to the Secretariat staff end to all, seen and unseen persons, to make this system work smoothly and Deficiently. It is unfortunate that the Opposition is not here today. I am sure they will be here on the next occasion. I look forward to them to be here become they make the family complete. On my part, I am sure that I am not deserving the praises that have been showered on me. I do make attempts to run this Assembly better and to enhance the prestige. It has been an enormous goodwill in our country and in the abroad when we speak of the West Bengal Legislative Assembly. Its past history is much glorious. Various eminent persons had been sitting here, sitting in those benches over the years in the past. They made history for us. We succeeded the great heritage. It is our duty to see that it should not only be protected but also enhanced and we on our part should not do anything that would degrade or reduce the prestige of this august House. I shall be proceeding to the Commonwealth Parliamentary Association on the 15th July in London to hold a brief meeting with the new Head of Administration—he is form Sri Lanka Mr. Rajib Gomes. We will also be having new Secretary General who is form Canada—Arther Danihood. He will join on 1st of January. Things are changing there also and the whole world is changing. The whole system is changing—changes the man and also changes on earth coming before us. We have to gear us to meet this situation. I will also be attending the Seminar organised by the Commonwealth people on the 12th and return on the 13th morning to cast my vote in the Presidential Election.

I am trying to go via Dacca because we are trying to arrange Seminar in Dacca sometimes in January. The Seminar is Commonwealth region Seminar—South and South East Asia region. Their Parliamentary Secretary had been in Calcutta and we had some preliminary discussion then. I am trying to go via Dacca to see the developments. I am sure, Pakistan and Dacca will come back in the Commonwealth and will play their important role in the Commonwealth and Commonwealth nations. Nambia—the new member of the Commonweatlh have join and participated in the discussion. We expect that South Africa will be coming in the Commonwealth after their election. I had been in South Africa. We had invited President D. Clark and Nelson Mandela

on the drafting of Constitution. Unfortunately there has been a set back in the South Africa and we hope that would be sorted out. They will be able to hold election on one person one vote basis. That is the philosophy we have given to them. We have had extensive discussions with wide range with the people in South Africa. Lastly, I want to express my thanks to our Deputy Speaker. Unfortunately he is now in hospital. He has undergone open heart surgery. We all wish him well and a speedy recovery. He will be active very soon and will come here in the next Session. I will also be proceeding to Montreal and Cuba to participate in the bi-centenary celebration—200 years of their Parliamentary.system, Sometimes in September and again proceeding to Bahama for the Commonwealth Conference in October. I do not think that we would be meeting before October. I am just giving you a resume what I would be doing. I hope that we will meet again Thank you. The House stands abjourn sine die.

Adjournment

The House was then accordingly adjourned Sine die at 4-05 p.m. at Assembly House, Calcutta.

Note : The Assembly was subsequently prorouged with effect from the 26th June, 1992 under Notification No. 610-P.A/ PA/L-A/91 dated 29.6.1992 of Parliamentary Affairs Deptt. Govt. of W.B.

INDEX TO THE
West Bengal Legislative Assembly Proceedings
(Official Report)

Vol: 99 No-IV (Ninety-ninth Session) (February to June, 1992)

(The 1st, 2nd, 3rd, 4th, 5th, 9th, 18th, 19th, 23rd, 24th, 25th & 26th June, 1992)

Bill

The West Bengal Correctional Services Bill, 1992 PP-276-292

The West Bengal Appropriation (No.2) Bill 1992 P-813-870

The West Bengal Mining Settlement Health & Welfare (Amendment) Bill, 1992 PP-901-904

The West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1992 PP-904-915

The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992 PP-932-943

The Calcutta University (Amendment) Bill, 1992 PP-976-987

The West Bengal Panchayat (Amendment) Bill, 1992, as reported by the Select Committee PP-981-1038

1.) The Mahesh Bhattacharyya Homeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992

2) The Calcutta Homeopathic Medical College & Hospital (Taking over of Management & Subsequent Acquisition) (Amendment) Bill, 1992

3) The D.N. De Homeopathic Medical College & Hospital (Taking over of Management & Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

4) The Midnapore Homeopathic Medical College & Hospital (Taking

over of Management & Subsequent Acquisition) (Amendment) Bill, 1992 PP-916-932

Resolution for Ratification of the Constitution (Seventy-Sixth Amendment) Bill, 1992 PP-1089-1091

The West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1992 PP-1091-1096

The Limitation (West Bengal Amendment) Bill, 1992 P-1096

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1992 P-1099

The West Bengal Apartment Ownership/Amendment) Bill, 1992 PP-1102-1105

The West Bengal Building (Regulation of Promotion of Construction & Transfer by Promoters) Bill, 1992 PP-1105-1106

The West Bengal Municipal Bill, 1992 PP-1106-1107

Brief Resume of Business PP-1165-1167

Demand for Grants

Voting on Demands for Grants —Demand Nos.47, 48, 55 & 58. PP-460-510

Voting on Demand for Grants —Demand Nos.30 & 45 PP-130-193

Voting on Demand for Grants— Demand No.40 PP-50-60

Voting on Demand for Grants— Demand Nos.-54 & 86 PP-60-86

Voting on Demand for Grants— Demand Nos.-32, 33 & 39 PP-223-276

Voting on Demand for Grants— Demand Nos.-24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96, 97, 74 & 92 PP-348-421

Voting on Demand for Grants— Demand Nos.-4 8 PP-38-46

Voting on Demand for Grants— Demand No.-41 PP-585-602

Voting on Demand for Grants— Demand No.-64 PP-693-709

Voting on Demand for Grants— Demand No.-38 PP-602-614

Voting on Demand for Grants— Demand Nos.-12, 77, 78, 80 & 81 PP-750-772

Voting on Demand for Grants— Demand Nos.-25 & 79 PP-712-749

Discussion on the Alleged harassment of journalists at Calcutta Airport

by—Shri Deba Prasad Sarkar PP-23-24

by—Shri Jyoti Basu PP-27-30, P-31

by—Shri Sadhan Pande PP-21-22

by—Shri Satya Ranjan Bapuli PP-18-19

by—Shri Saugata Roy PP-19-21

by—Shri Sidhartha Sankar Roy PP-24-27

by—Shri Sudip Bandyopadhyay PP-22-23

by—Dr. Zainal Abedin PP-16-17

Discussion on the Incident of Ballygunge By-Election

by—Shri Deba Prasad Sarkar P-541

by—Shri Jyoti Basu PP-549-551

by—Shri Rajdeo Goala PP-541-542

by—Shri Sadhan Pande PP-532-533

by—Shri Saugata Roy P-532

by—Shri Shyamal Chakraborty PP-535-540

by—Shri Siddhartha Sankar Ray PP-531-532, PP-543-549

by—Shri Sobhan Deb Chattapaddhya PP-533-535

by—Shri Subrata Mukherjee PP-540-541

by—Dr. Zaïnal Abedin P-542

Discussion on Motion Under Rule-185—Regarding Indo-Bangladesh

land boundray agreement (Tinbigha)

by—Shri Brahmamoy Nanda PP-564-565

by—Shri Deba Prasad Sarkar PP-560-561, PP-575-576

by—Shri Dipak Sengupta PP-561-563

by—Shri Jyoti Basu PP-570-574

by—Shri Kshiti Goswami P-563

by—Lakshmi Kanta Dey PP-558-560, P-575

by—Saktiprasad Bal PP-563-564

by—Shri Samar Hazra P-564

by—Shri Siddhartha Shankar Ray PP-565-570, P-574

by—Shri Trilochan Das P-564

by—Dr. Zainal Abedin PP-576-577

Discussion on Motion Under Rule 185—Regarding the final approval of Member Countries with respect to the General Agreement on Trade & Tariff

by—Dr. Asim Kumar Dasgupta PP-1130-1134

by—Shri Bhakti Bhusan Mondal PP-1126-1127

by—Shri Deba Prasad Sarkar PP-1124-1126

by—Dr. Dipak Chanda PP-1134-1138

by—Shri Kshiti Goswami PP-1127-1128

by—Shri Manabendra Mukherjee PP-1119-1124

by—Shri Shaktiprasad Bal PP-1129-1130

Discussion on Motion Under Rule 185—Regarding deterioration of Law & order situation in the State & the exit policy of central Government.

by—Shri Deba Prasad Sarkar PP-1141-1142

by—Shri Gautam Roychowdhury PP-1151-1153

by—Shri Lakshman chandra Seth PP-1139-1141

by—Shri Nirmal Das PP-1143-1145

by—Shri Santi Ranjan Ghatak PP-1147-1150

by—Shri Shaktiprasad Bal PP-1145-1147

by—Shri Soumindra Chandra Das PP-1142-1143

Discussion on Motion under Rule-185—Regarding the heavy monetary load put on passengers due to sudden increase in Metro Rail fares

by—Shri Deba Prasad Sarkar PP-1161-1163, PP-1153-1155

by—Shri Santi Ganguli PP-1156-1157

by—Shri Kshiti Goswami PP-1157-1158

by—Shri Lakshmi Kanta Dey PP-1159-1161

by—Shri Santi Ranjan Ghatak PP-1155-1156

Discussion and Voting on Demand for Grants— Demand No.-4 & 8

by—Shri Abdul Qiiyom Molla PP-43-45

by—Shri Abu Ayes Mondal PP-38-41

by—Shri Birendra Kumar Moitra P-43

by—Shri Prabodh Chandra Purkait PP-41-42

Discussion and Voting on Demand for Grants— Demand No.-40

by—Shri Prabodh Chandra Purkait PP-53-55

by—Shri Prasanta Kumar Sur PP-57-60

by—Shri Subhas Basu PP-51-53

by—Shri Tapan Hore PP-55-57

Discussion and Voting on Demand for Grants— Demand No-54 & 86

by—Shri Dhiren Sen PP-74-75

by—Shri Narendranath Dey PP-77-82

by—Shri Nishikanta Mehata PP-70-72

by—Shri Prabodh Chandra Purkait PP-60-67

by—Shri Ranjit Patra PP-76-77

by—Shri Sekh Khabiruddin Ahmed PP-67-70

by—Subhas Naskar PP-72-74

Discussion and Voting on Demand for Grants— Demand No-30 & 45

by—Shri Abdul Mannan PP-149-153

by—Shri Achinta Krishna Ray PP-181-183

by—Shri Ajoy De PP-164-166

by—Shri Amiya Patra PP-158-161

by—Shri Anisur Rahman PP-175-176

by—Smt. Anju Kar PP-176-178

by—Shri Bansagopal Chowdhury PP-179-180

by—Shri Deba Prasad Sarkar PP-170-174

by—Shri Naren Hansda P-174

by—Dr. Nirmal Sinha PP-166-168

by—Shri Prabir Banerjee PP-156-158

by—Shri Rabindra Nath Mondal PP-137-139

by—Shri Ranjit Patra PP-163-164

by—Shri Sailendra Nath Mondal PP-146-149

by—Shri Sanjib Kumar Das PP-161-163

by—Shri Satyasadhan Chakrabortty PP-183-188

by—Shri Saugata Ray PP-139-145

by—Shri Shibdas Mukherjee PP-169-170

by—Shri Subhas Goswami PP-153-155

by—Shri Subrata Mukherjee PP-130-137

by—Shri Tapan Ray PP-178-179

Discussion and Voting on Demand for Grants— Demand Nos-32, 33 & 39

by—Dr. Anupam Sen PP-237-239

by—Smt. Chhaya Bera PP-263-266

by—Dr. Gauripada Dutta PP-232-237

by—Shri Id. Mahammed PP-244-247

by—Shri Jatu Lahiri PP-251-253

by—Dr. Manas Bhunia PP-223-232

by—Shri Md. Yakub PP-239-242

by—Shri Narayan Mukherjee PP-249-251

by—Shri Prabir Banerjee PP-256-257

by—Shri Prabodh Chandra Purkait PP-255-256

by—Shri Prasanta Kumar Sur PP-267-270

by—Shri Raicharan Majhi PP-262-263

by—Shri Ranjit Patra PP-254-255

by—Shri Sanjib Kumar Das PP-242-244

by—Shri Sobhandeb Chattopadhyay PP-247-249

by—Shri Sunirmal Paik PP-257-258

by—Dr. Tarun Adhikary PP-258-262

Discussion and Voting on Demand for Grants— Demand Nos-24, 53, 74, 76, 87, 88, 93, 94, 95, 96, 97 & 92

by—Shri Abdur Rezzak Mollah PP-395-396

by—Shri Bidyut Ganguli PP-396-399

by—Shri Deba Prasad Sarkar PP-387-390

by—Shri Jyoti Basu PP-401-408

by—Shri Kshitiranjan Mondal PP-384-385

by—Shri Lakshman Chandra Seth PP-364-368

by—Shri Malin Ghosh PP-390-391

by—Shri Nirmal Das PP-381-384

by—Shri Patit Paban Pathak PP-399-401

by—Shri Sailendra Nath Mondal PP-372-376

by—Shri Saktiprasad Bal PP-385-387

by—Shri Saugata Ray PP-350-364

by—Shri Sudip Bandyopadhyay PP-368-372

by—Shri Sukumar Das PP-379-381

by—Dr. Zainal Abedin PP-391-395

Discussion and Voting on Demand for Grants— Demand No-47, 48, 55 & 58

by—Shri Abdul Mannan PP-475-480

by—Shri Brahmamoy Nanda PP-501-502

by—Shri Birendra Kumar Moitra PP-480-484

by—Shri Kalimuddin Shams PP-489-493

by—Shri Nayan Sarkar PP-471-475

by—Shri Nazmul Haque PP-502-504

by—Shri Nihar Kumar Basu PP-504-509

by—Shri Nityananda Adhikari PP-487-489

by—Shri Prabodh Chandra Purakait PP-496-499

by—Shri Sailaja Kumar Das PP-493-496

by—Shri Sukumar Das PP-484-487

by—Shri Jogesh Chandra Barman PP-499-501

by—Dr. Zainal Abedin PP-461-471

Discussion and Voting on Demand for Grants— Demand No-41

by—Shri Debnath Murmu PP-591-593

by—Shri Dinesh Chandra Dakua PP-596-600

by—Shri Kamalakhmi Biswas PP-588-589

by—Shri Naren Hansda PP-585-586

by—Shri Salib Toppo PP-589-591

by—Shri Shibaprasad Doloi PP-586-588

by—Shri Trilochan Das PP-593-594

by—Shri Upen Kisku PP-594-596

Discussion and Voting on Demand for Grants— Demand No-38

by—Shri Brahmamoy Nanda PP-610-611

by—Shri Buddhadeb Bhattacharya PP-611-614

by—Shri Deba Prasad Sarkar PP-602-604

by—Shri Kshiti Goswami PP-607-609

by—Shri Md. Yakub PP-606-607

by—Shri Prabhat Acharjee PP-604-606

by—Shri Saktiprasad Bal PP-609-610

Discussion and Voting on Demand for Grants— Demand No-64

by—Shri Jyoti Basu PP-704-709

by—Shri Manabendra Mukherjee PP-699-701

by—Shri Sadhan Pande PP-698-699

by—Shri Saugata Ray PP-701-704

by—Shri Sudip Bandyopadhya PP-693-696

by—Dr. Zainal Abedin PP-696-698

Discussion and Voting on Demand for Grants— Demand No-25 & 79

by—Shri Abdul Mannan PP-712-715

by—Shri Ajoy De PP-728-730

by—Shri Benoy Krishna Biswas PP-736-738

by—Shri Brahmamoy Nanda PP-738-739

by—Shri Hrishikesh Maity PP-715-717

by—Shri Kshiti Goswami PP-730-734

by—Shri Matish Ray PP-743-747

by—Shri Saugata Ray PP-718-725

by—Shri Shibdas Mukherjee PP-734-736

by—Shri Swatick Kumar Ray PP-725-728

by—Dr. Zainal Abedin PP-739-743

Discussion on Voting on Demand for Grants— Demand Nos-12, 77, 78, 80 & 81

by—Shri Atish Chandra Sinha PP-750-755

by—Dr. Dipak Chanda PP-763-766

by—Shri Monohar Tirkey PP-761-763

by—Shri Sailaja Kumar Das PP-757-759

by—Shri Shyamal Chakraborthy PP-767-772

by—Shri Soumindra Chandra Das PP-759-761

by—Shri Subhas Ray PP-755-757

Discussion on the West Bengal Correctional Service Bill, 1992

by—Shri Birendra Kumar Moitra PP-281-282

by—Shri Biswanath Choudhury PP-276-277

by—Shri Prabodh Chandra Purkait PP-280-281

by—Shri Satya Ranjan Bapuli PP-277-279

by—Shri Subhas Naskar PP-282-284

Shri Subhendu Choudhury PP-279-280

Discussion on the West Bengal Appropriation (No.-2) Bill, 1992

by—Shri Abdul Mannan PP-827-833

by—Dr. Asim Kumar Dasgupta PP-813-814, PP-854-867

by—Shri Atish Chandra Sinha PP-839-844

by—Shri Birendra Kumar Maitra PP-834-839

by—Shri Jahangir Karim PP-847-849

by—Shri Md. Nizamuddin PP-822-827

by—Shri Sailaja Kumar Das PP-852-854

by—Shri Satya Ranjan Bapuli PP-814-822

by—Shri Shibaprasad Doloi PP-849-852

by—Shri Subhas Goswami PP-844-847

Discussion on the West Bengal Mining Settlement Health & Welfare (Amendment) Bill, 1992

by—Shri Prasanta Kumar Sur PP-901-902 ; 903-904

by—Dr. Zainal Abedin PP-902-903

Discussion on the West Bengal Clinical Establishment (Amendment) Bill, 1992

by—Shri Deba Prasad Sarkar PP-910-912

by—Shri Prasanta Kumar Sur PP-913-915, PP-904-905

by—Shri Shyamaprasad Bose PP-907-910

by—Shri Subhas Goswami PP-912-913

by—Dr. Zainal Abedin PP-905-907

Discussion on the following four Bill were held together.

(i) The Mahesh Bhattacharyya Homeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(2) The Calcutta Homeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(3) The D. N. De Homeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

(4) The Midnapore Homeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992.

by—Shri Deba Prasad Sarkar PP-921-923

by—Shri Nirmal Das PP-923-925

by—Shri Prasanta Kumar Sur PP-916-918, PP-928-930

by—Shri Prasanta Pradhan PP-920-921

by—Shri Sadhan Pande PP-918-920

by—Dr. Zainal Abedin PP-925-928

Discussion on the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1992

by—Shri Buddhadeb Bhattacharjee PP-940-943, PP-932-933

by—Shri Prabhanjan Mondal PP-937-938

by—Shri Satya Ranjan Bapuli PP-943-944

by—Shri Tapan Hore PP-938-940

by—Dr. Zainal Abedin PP-933-935

Discussion on the West Bengal Panchayat (Amendment) Bill, 1992, as reported by the Select Committee.

by—Shri Atish Ch. Sinha PP-991-999

by—Shri Deba Prasad Sarkar PP-1010-1012

by—Shri Sailaja Kumar Das PP-1005-1007

by—Shri Sailendra Nath Mondal PP-999-1002

by—Shri Samar Baora PP-989-991

by—Shri Sanjib Kumar Das PP-1014-1017

by—Shri Shaktiprasad Bal PP-1007-1010

by—Shri Sibdas Mukherjee PP-1017-1018

by—Shri Subhas Goswami PP-1002-1005

by—Shri Sunil Kumar Ghose PP-1020-1023

by—Dr. Suryakanta Mishra PP-1023-1030

by—Shri Trilochon Das PP-1018-1020

by—Dr. Zainal Abedin PP-981-989

Discussion on Resolution for Ratification of the Constitution (Seventy Sixth Amendment) Bill, 1992

by—Shri Birendra Kumar Moitra P-1090

by—Shri Prabodh Chandra Sinha P-1089-1090, P-1091

Discussion on the West Bengal Employment Scheme Loans (Recovery) Bill, 1992

by—Shri Benoy Krishna Chowdhury PP-1095-1096, PP-1091-1092

by—Shri birendra Kumar Moitra PP-1093-1094

by—Shri Manohar Tirkey PP-1094-1095

by—Shri Padmanidhi Dhar PP-1092-1093

Discussion on the Limitation (West Bengal Amendment) Bill, 1992

by—Shri Abdul Quiyom Molla PP-1096-1098

by—Shri Nirmal Das PP-1096-1098

Discussion on the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1992

by—Shri Birendra Kumar Moitra P-1103

by—Shri Gantam Deb PP-1103-1104

by—Shri Subhas Basu PP-1102-1103

Discussion on the Code of Criminal Procedure West Bengal Amendment) Bill, 1992

by—Shri Abdul Quiyom Mollah P-1102, PP-1099-1100

by—Shri Deb Narayan Chakraborty PP-1100-1101

by—Shri Shish Mohammed PP-1101-1102

Discussion on the Calcutta University (Amendment) bill, 1992

by—Shri Sanjib Kumar Das PP-976-978

by—Shri Satyasadhan Chakraborty PP-979-981

Discussion on Co-incidence at Calcutta Air Port

PP-1-6

Extension of Time To Ad hoc Committee

PP-975-976

Felicitation

PP-1168-1177

Laying of Accounts & Reports

Laying of Annual Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd. together with the Audit Report and Audit Certificate thereon for the year 1988-89

PP-109-110

Laying of a booklet regarding a package proposal Containing all aspects of refugee rehabilitation.

P-216

The Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Ltd. in Corporating the Audit Report and Comments of the CAG of India for the year 1987-88

Laying the 66th Annual Reports and Accounts of the Westing house Saxby Farmer Limited for the year 1987-88

P-329

Laying of the Sixth Report of the committee on Rules 1991-92

P-689

Reports of the Comptroller & Auditor General of India

P-1065

Annual Report & Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the years 1989-90 & 1990-91

P-968

Mention Cases

PP-886-900, PP-329-346, PP-110-124, PP-33-36, PP-1066-1073

Oath or Affirmation of Allegiance

of—Shrimati Mayarani Paul P-615

Message under rule-181

P-33

Obituary References

of—Shri Kamal Sarkar PP-615-616

of—Shri Manoranjan Ray PP-616-617

of—Shri Sachin Chowdhury P-617

Point of Order

PP-458-460 ; PP-448-455, PP-293-302, PP-455-458

Privilege Motion

PP-808-810, PP-1164-1165

Presentation of Report

Presentation of the Thirty Ninth Report of the Committee on Estimates 1991-92

P-553

Presentation of the Report of the Select committee on West Bengal Panchayat (Amendment) Bill, 1992

P-689

The Fifth Report of the Committee on Public Accounts 1991-92—relating to irrigation and waterways Deptt.

P-216

Annual Accounts & Audit Reports for the year 1984-85 to 1989-90 of the West Bengal Industrial Infrastructure Development Corporation.

P-968

Presentation of the Fifteenth Report of the Committee on Subordinate Legislation, 1991-92

P-1119

The Annual Report & Accounts of the West Bengal Pharmaceutical & Phytochemical Development Corporation Limited for the year 1990-91

P-968

The Annual Report of the West Bengal Diary & Poultry Development Corporation Limited for the year 1985-86

P-969

The Annual Statement of Accounts and the Audit Report thereon of the Durgapur Projects Limited for the year 1990-91

P-968-969

Presentation of the Twelfth Report of the Committee on the Welfare of Scheduled Castes & Scheduled Tribes, 1991-92

P-443

Presentation of the Second Report of the Subject committee on Power and Commerce and Industries (1991-92)

P-689

Presentation of the Sixth Report of the Committee on Public Accounts, 1991-92

P-1119

Presentation of the 22nd Report of the Business Advisory Committee

PP-376-379

Presentation of 24th Report of the Business Advisory Committee

PP-618-620

26th Report of the Business Advisory Committee

PP-935-936

Presentation of the 25th Business Advisory Committee Report

PP-867-869

Presentation of 27th B.A. Commiittee Report

PP-1098-1099

Point of Order

Questions

PP-1109-1118

Allotment of Fund Under Neheru Rojgar Yojana for Kandi Municipality

by—Shri Atish Chandra Sinha P-676

Arrested Persons Under the Essential Commodities Act.

by—Shri Chowdhury Abul Karim & Shri Saugata Ray PP-307-308

Bachawat Wage Board Recommendation

by—Shri Deoki Nandan Poddar & Shri Saugata Roy PP-433-436

Development of Kuchlibari

by—Shri Sadhan Pande PP-314-319

Financial Assistance to Medical Practitioners/Radiologists for purchase of Electro Medical equipments

by—Dr. Tarun Adhikary PP-210-211

Home Guards

by—Shri Atish Chandra Sinha P-640

Implementation of recommendations of Third Pay commission in Kalyani Spining Mills

by—Shri Atish Chandra Sinha PP-648-649

Industrial Traning Institutes Centres

by—Dr. Tarun Adhikary and Shri Saugata Ray PP-8-9

Introduction of Variable D.A. in N.T.C. Mills

by—Shri Atish Chandra Sinha PP-1047-1048

Legal Aid

by—Shri Saugata Roy P-6

Memorandum of Demands from Home Guard Men's Federation

by—Shri Atish Chandra Sinha P-323

National Power Grid

by—Shri Abdul Mannan P-647

Number of Undertrial Persous Under Narcotic Drugs and Psychotropic Substances Act.

by—Shri Ambica Banerjee and Shri Saugata Ray PP-303-306

Perspective Plan of Calcutta till 2011

by—Shri Ambica Banerjee and Shri Saugata Ray P-652

Promulgation of Cr. Pc 144 in Baidyabati Municipality areas

by—Shri Abdul Mannan PP-649-650

Re-Employment of Superannuated Government Employees

by—Shri Sukumar Das & Shri Saugata Roy PP-1039-1040

Total value of State Governments' Advertisements

by—Shri Saugata Ray PP-93-97

Utilisation of the Vacant land of Calcutta Port and in Alipore

by—Shri Chowdhury Abul Karim and Shri Saugata Ray PP-626-627

অগভীর নলকূপগুলিতে মাঝারি ক্ষমতাসম্পন্ন নলকূপে পরিণত করার পরিকল্পনা

—শ্রী সুশীল বিশ্বাস PP-964-965

অপুষ্টিজনিত রোগে আক্রান্ত শিশু

—ডাঃ মানস ভূঁইয়া PP-787-791

অলাভজনক কাপড়ের কল

—শ্রী দিলীপ মজুমদার PP-627-628

অশোক মিত্র মহাশয়ের নেতৃত্বে শিক্ষা কমিশন গঠন

—শ্রী আব্দুল মান্নান PP-205-206

অষ্টম পরিকল্পনায় রাজ্যের নগর উন্নয়ন পরিকল্পনা

—ডাঃ জয়নাল আবেদিন PP-965-966

অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে গবাদি পশুসম্পদ বিকাশের প্রস্তাব

—শ্রী সুব্রত মুখার্জি P-513

অষ্টম যোজনাতে পশ্চিমবঙ্গে নতুন অগ্নি নির্বাচক কেন্দ্র স্থাপন

—শ্রী আব্দুল মান্নান P-512

আইনজীবীদের সমাজিক নিরাপত্তা

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-10
আই এ এস ও অন্যান্য অফিসারদের জন্য ট্রেনিং সেন্টার
—শ্রী সুন্দর হাজরা PP-324-325
আনন্দমার্গী কর্তৃক হামলা
—ডাঃ দীপদ চন্দ্র PP-1046-1047
আনন্দমার্গীদের ক্রিয়াকলাপ
—শ্রী দিলীপ মজুমদার P-320
আরামবাগে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন
—শ্রী শিবপ্রসাদ মালিক PP-97-98
আদিবাসী ছেলেমেয়েদের খেলাধুলার জন্য ব্যয়িত অর্থ
—শ্রী লক্ষ্মীরাম কিস্কু PP-652-653
আলিপুরদুয়ার মহকুমায় শিল্প স্থাপন
—শ্রী নির্মল দাস PP-622-625
আর্সেনিক দূষণ
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-1040-1043
ইষ্টার্ন বাইপাস সংলগ্ন জমির ডেভেলপমেন্ট ম্যাপ
—শ্রী দেবপ্রসাদ সরকার PP-90-93
উত্তর চব্বিশ পরগনা জেলার গোবরডাঙ্গায় সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু করার পরিকল্পনা
—শ্রী প্রবীর ব্যানার্জি P-948
উত্তরপ্রদেশে ভূমিকম্পে মৃতের সংখ্যা
—শ্রী সুব্রত মুখোপাধ্যায় PP-1055-1056
উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ
—শ্রী সুভাষ নস্কর PP-953-955
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার নূতন ডিপো স্থাপন
—শ্রী সুভাষ বসু PP-878-880
উত্তর চা-শিল্পের উন্নয়ন
—শ্রী দীপক মুখার্জি PP-1052-1055
এস টি কে কে রাস্তাটির সম্প্রসারণ
—শ্রী অবিনাশ প্রামাণিক P-803

উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা

—শ্রী রবীন্দ্র ঘোষ PP-785-787

উত্তর চব্বিশ পরগনা জেলায় বলিদাপুকুর ভবানীপুর মার্কেটিং লিংক রোডটির নির্মাণ কাজ

—শ্রী কমলাক্ষী বিশ্বাস P-521

উত্তর পূর্বাঞ্চলের লোক-সংস্কৃতি উৎসব

—শ্রী নটবর বাগদী PP-106-107

এন টি সি-র কারখানার জমি বিক্রয়

—শ্রী দিলীপ মজুমদার P-15

১৯৯১-৯২ আর্থিক বছরে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা

—শ্রী আবু আয়েস মন্ডল P-956

১৯৯১-৯২ আর্থিক বছরে হুগলি জেলায় গভীর নলকূপ স্থাপনের লক্ষ্যমাত্রা

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-950-951

১৯৯১ সালে শিলাবৃষ্টিতে ফসলের ক্ষতি

—শ্রী তোয়াব আলি PP-671-672

১৯৯২-৯৩ সালে বিভিন্ন জেলায় গভীর নলকূপ বসানোর পরিকল্পনা

—শ্রী সুশীল বিশ্বাস PP-676-679

১৯৯১-৯২ আর্থিক বছরে পুরুলিয়া জেলায় শুল্ক বাবদ আয়

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-214-215

১৯৯১-৯২ আর্থিক বছরে বাঁকুড়া, পুরুলিয়া ও হুগলি জেলায় নিবন্ধভুক্ত কুটির ও ক্ষুদ্র শিল্পের সংখ্যা

—শ্রী আব্দুল মান্নান P-215

১৯৮৮-৮৯, ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ আর্থিক বছরগুলিতে বে-সরকারি কলেজের ছাত্র-বেতনের ৫০ শতাংশ হিসাবে সরকারি আয়

—শ্রী বিদ্যুৎকুমার দাস P-212

১৯৯২-৯৩ আর্থিক বছরে নতুন কর্মসংস্থান

—শ্রী সত্যরঞ্জন বাপুলি P-213

১৯৯১-৯২ আর্থিক বছরে রাজ্য লটারি থেকে সরকারের আয়

—শ্রী শিবপ্রসাদ মালিক P-214

১৯৯১-৯২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে বন্যাজনিত কারণে ক্ষতির পরিমাণ

—ডাঃ দীপক চন্দ P-513

কলকাতায় বড়বাজার থেকে সব্জি বাজারটির স্থানান্তকরণ
—শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ P-517
কলকাতায় বৈদ্যুতিক ট্রলি বাস চালু করার পরিকল্পনা
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-874-875
কলকাতায় পার্ক, উদ্যান বাবদ জমির পরিমাণ
—ডাঃ দীপক চন্দ PP-107-108
কলকাতায় সার্কুলার ক্যানেলের মাধ্যমে যাতায়াত ব্যবস্থা উন্নয়ন
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-512-514
কমার্স শিক্ষায় মহিলাদের স্থান
—শ্রী আব্দুল মান্নান P-518
কম্পিউটার প্রশিক্ষণ বিদ্যালয়
—শ্রী দীপক মুখার্জি P-14
কালিয়াগঞ্জ ও হেমতাবাদ সমষ্টি উন্নয়ন কেন্দ্রে ব্যয়
—শ্রী রমনীকান্ত দেব শর্মা P-521-524
কালিয়াসপুর কোলিয়ারির জন্য অধিগৃহীত জমির ক্ষতিপূরণ
—শ্রী অঙ্গদ বাউরি P-7
কাঁথিতে পুলিশ কর্তৃক গুলি চালনা
—শ্রী দেবপ্রসাদ সরকার PP-1049-1052
ক্যানিং-এ সরকারি আবাসন
—শ্রী বিমল মিস্ত্রি P-682
ক্যানিং বাসষ্টান্ডিং থেকে রায়বাঘিনীর মোড় পর্যন্ত রাস্তাটির সংস্কার
—শ্রী বিমল মিস্ত্রি P-805
কালোবাজারি, মজুতদার, ভেজালদার গ্রেপ্তারের সংখ্যা
—শ্রী শিবপ্রসাদ মালিক P-796
কাটোয়ায় গ্রামীণ হাসপাতাল
—শ্রী অঞ্জন চাটার্জি P-804
কুলপি থানায় বৈদ্যুতিকরনের কাজ
—শ্রী কৃষ্ণধন হালদার P-961
কুন্দখালি—গোছাবর গ্রাম পঞ্চায়েতে দুর্নীতি

—শ্রী প্রবোধ পুরকায়েত P-11

কুসুমগ্রাম—সমসপুর রাস্তাটির নির্মাণ কাজ

—শ্রী আবু আয়েস মণ্ডল PP-806-807

কুলতলি ব্লকে বে-আইনি ইঁটভাটা

—শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত P-15

কেতুগ্রাম থানা এলাকায় বিদ্যুতের সাব-ষ্টেশন

—শ্রী রাইচরণ মাঝি P-621

কেন্দ্র কর্তৃক দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে কমিটি

—শ্রী দিলীপ মজুমদার PP-423-426

কৃষি শ্রমিকদের স্থায়ীভাবে নিযুক্ত করার পরিকল্পনা

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-105

কৃষি প্রযুক্তি সহায়কের সংখ্যা

—শ্রী রমনীকান্ত দেবশর্মা PP-672-673

কৃষি বাজারগুলির উন্নতির জন্য বরাদ্ধকৃত অর্থ

—শ্রী সুভাষ নস্কর P-666

কৃষ্ণনগরে রাস্তা নির্মাণ বাবদ ব্যয়

—শ্রী শিবদাস মুখার্জি P-666

খড়দহ ও পানিহাটি এলাকার জলনিকাশি খাল সংস্কার

—শ্রীমতী তানিয়া চক্রবর্তী P-957

খেজুরী তফসিলি এলাকায় পর্যটন কেন্দ্র

—শ্রী সুনির্মল পাইক PP-430-433

গাইঘাটায় বি এড কলেজ স্থাপন

—শ্রী প্রবীর ব্যানার্জি P-516

গাইঘাটা পঞ্চায়েত সমিতিকে উন্নয়ন খাতে বরাদ্দ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-10

গাইঘাটা অঞ্চলের জলেশ্বরে আদিবাসী ছাত্রাবাস নির্মাণ

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-948-949

গ্রামীণ বৈদ্যুতিকরনের ব্যয়

—শ্রী সুশান্ত ঘোষ PP-629-632

গ্রামীণ কর্মসংস্থানে বরাদ্দকৃত অর্থ
—শ্রী সত্যরঞ্জন বাপুলী PP-13-14
গ্রামীণ জলসরবরাহ প্রকল্পে বিলম্ব
—শ্রী আব্দুল মান্নান PP-1057-1058
গ্রামাঞ্চলে রেশনের মাধ্যমে নিত্য-প্রয়োজনীয় দ্রব্য সরবরাহ
—শ্রী আবু আয়েস মন্ডল PP-439-440
গাড়ি-দূষণ রোধে ব্যবস্থা
—ডাঃ দীপক চন্দ PP-321-322
গোকুলপুরে পিগ আয়রণ কারখানার জন্য জমি
—ডাঃ মানস ভুঁইয়া P-8
ঘরে ঘরে তরকারি সরবরাহের পরিকল্পনা
—শ্রী সুভাষ নস্কর P-514
চটকল ধর্মঘট
—শ্রী সুব্রত মুখোপাধ্যায় PP-436-439
চর্মশিল্পীদের কল্যাণের সরকারি পদক্ষেপ
—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-211-212
চর গোবিন্দরামপুর মৌজার জমির পরিমাণ
—শ্রী আবুল হাসনত খান PP-10-11
চলচ্চিত্র উৎসবে আগন্তক ছবিটির কিছু অংশ না দেখানোর কারণ
—ডাঃ জয়নাল আবেদিন P-513
চা-পর্ষদ বে-সরকারিকরণ
—শ্রী দিলীপ মজুমদার PP-1048-1049
জনসাধারণ কর্তৃক নিগৃহীত দমকল কর্মীর সংখ্যা
—শ্রী সোমেন্দ্র নাথ মিত্র P-105
জনস্বাস্থ্য কারিগরি বিভাগের বিভিন্ন শাখায় ইঞ্জিনিয়ারের অনুমোদিত পদ
—শ্রী সুভাষ নস্কর PP-681-682
জলপথে বাংলাদেশের সঙ্গে যোগাযোগ স্থাপন
—ডাঃ জয়নাল আবেদিন PP-871-872
জলপাইগুড়ি জেলায় ম্যালেরিয়া রোগ দূরীকরণের ব্যবস্থা

—শ্রী মনোহর তিরকী PP-802-803

জলবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-644-645

জয়নগরে সুসংহত শিশু বিকাশ প্রকল্প

—শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত P-680

ঝাউগঙ্গায় পশুচিকিৎসালয় স্থাপন

—শ্রী প্রবীর ব্যানার্জি P-650

ঝাড়খণ্ড সমস্যা

—ডাঃ মানস ভুঁইয়া PP-322-323

বানিবন ওয়াটার রিজার্ভার প্রকল্প

—শ্রী রাজকুমার মণ্ডল P-628

ট্রামের সংখ্যা বৃদ্ধি ও আধুনিকীকরণের পরিকল্পনা

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-875-876

টেলিকম কারখানা

—শ্রী আব্দুল মান্নান PP-1056-1057

ডানকুনি থানা ভবন

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-323

ডায়মন্ডহারবার মহকুমায় নতুন আদালত ভবন

—শ্রী কৃষ্ণধন হালদার PP-12-13

ডায়মন্ডহারবার মহকুমায় ডাকাতি ও নারী নির্যাতনের ঘটনা

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-306-307

ডাঙ্কেল প্রস্তাব

—ডাঃ জয়নাল আবেদিন P-639

ডি আর ডি এ স্কীম

—শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ PP-675-676

ডি ভি সি'র বিদ্যুত

—ডাঃ জয়নাল আবেদিন PP-645-646

ডিস্ট্রিক্ট প্ল্যানে বরাদ্দকৃত অর্থ

—শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ PP-666-667

ডোমজুড় থেকে ডানলপ পর্যন্ত সরকারি বাস চালানোর পরিকল্পনা
—শ্রী পদ্মনিধি ধর P-797
তফসিলি জাতি ও আদিবাসীদের জন্য বিশেষ কর্মবিনিয়োগ কেন্দ্র
—শ্রীমতী আরতী হেমব্রত P-16
তুলসীহাটা হাইস্কুলে মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র
—শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র PP-958-959
তুলসিবেড়িয়া জগরামপুর নতুন বাঁধ
—শ্রী রাজকুমার মন্ডল P-670
তৃতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর পরিকল্পনা
—শ্রী তপন হোড় PP-947-948
থানার ওসিদের বিরুদ্ধে অভিযোগ
—শ্রী শীশ মহম্মদ PP-633-634
দক্ষিণ ২৪ পরগনা জেলায় ব্যাঙ্ক ডাকাতির ঘটনা
—শ্রী সুব্রত মুখার্জি PP-639-640
দক্ষিণ ২৪ পরগনায় নতুন থানা
—শ্রী কৃষ্ণধন হালদার PP-323-324
দমকল কর্মীদের নিরাপত্তা বিধান
—শ্রী সুব্রত মুখার্জি PP-98-100
দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী সেচ প্রকল্প
—শ্রী আব্দুল মান্নান P-214
দীঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার জন্য জমি অধিগ্রহণ
—শ্রী মৃণালকান্তি রায় PP-11-12
দুর্গাপুর শিল্পাঞ্চলে ফ্ল্যাট নির্মাণ
—শ্রী দিলীপ মজুমদার P-1057
দুঃস্থ লেখক ও শিল্পীদের সাহায্য প্রদান
—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-106-107
দেগঙ্গায় ডিগ্রি কলেজ স্থাপন
—শ্রী মহঃ ইয়াকুব P-665
'দৈনিক বসুমতী' পত্রিকার শিলিগুড়ি সংস্করণ

—শ্রী আব্দুল মান্নান PP-873-874
ধূপগুড়িতে হিমঘর নির্মাণ
—শ্রী যোগেশচন্দ্র বর্মন P-672
নতুন গ্রামীণ হাসপাতাল স্থাপন
—শ্রী সুশান্ত ঘোষ PP-781-785
নদীয়া জেলার শান্তিপুর থেকে বর্ধমান ও হুগলী জেলার মধ্যে সরকারি বাস চলাচল
—শ্রী অজয় দে P-525
নদীয়া জেলার শ্যামনগর গ্রামের চন্দ্রনাথ বসু অনাথ আশ্রমকে সরকার কর্তৃক প্রদত্ত ও অ
—শ্রী কমলেন্দু সান্যাল PP-959-960
নদীয়া জেলায় নতুন প্রাথমিক বিদ্যালয়
—শ্রী অজয় দে P-663
নদীয়া জেলায় নলকূপের জলে আর্সেনিক
—শ্রী কমলেন্দু সান্যাল P-1056
নদীয়া জেলায় বেতাইয়ে বি আর আম্বেদকর কলেজে নতুন বিষয় চালু
—শ্রী কমলেন্দু সান্যাল P-669
নদীয়ার বেতাইয়ে ডাঃ বি আর আম্বেদকর কলেজ সংলগ্ন পুকুর
—শ্রী কমলেন্দু সান্যাল P-681
নন্দীগ্রামে রিয়েপাড়া সাব-স্টেশন
—শ্রী শক্তিপ্রসাদ বল P-966
নলবাহী পানীয় জলসরবরাহ প্রকল্প
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-646-647
নলহাটি শহরে রেলওয়ে ক্রসিং-এ উড়ালপুল
—শ্রী সাত্ত্বিককুমার রায় PP-805-806
নহাটা যোগেন্দ্রনাথ মন্ডল মহাবিদ্যালয়
—শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ P-666
নারী ধর্ষণের ঘটনা
—শ্রী প্রবীর ব্যানার্জি PP-302-303
নিত্য-প্রয়োজনীয় দ্রব্য রেশনের দোকান থেকে সরবরাহ
—শ্রী শিবপ্রসাদ মালিক P-436

নিম্ন আদালতে বাংলা ভাষা চালু করার সিদ্ধান্ত
—শ্রী দেবনারায়ন চক্রবর্তী P-669
নিয়ন্ত্রিত বাজারগুলির পরিচালন পদ্ধতি
—শ্রী দীপক মুখার্জি P-514
নূতন লঞ্চ কেনার পরিকল্পনা
—শ্রী সুভাষ বসু PP-883-884
নেতাজীর নামে মেট্রোরেলের ভবানীপুর স্টেশনের নামকরণ
—ডাঃ দীপক চন্দ P-103-104
নেহেরু রোজগার যোজনা প্রকল্প
—শ্রী অঞ্জন চ্যাটার্জি PP-876-878
পঞ্চায়েতগুলির অডিট
—শ্রী আব্দুল মান্নান P-12
পরিবার বিতাড়ণ ঘটনার অভিযোগ
—শ্রী প্রবীর ব্যানার্জি P-319
পলাশীর নাম পরিবর্তন
—শ্রী সত্যরঞ্জন বাপুলি P-319
পশুচিকিৎসার জন্য প্রশিক্ষণ কেন্দ্র
—শ্রী আবু আয়েস মন্ডল P-958
পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যে রেলপথে যোগাযোগ ব্যবস্থা
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-881-882
পশ্চিমবঙ্গ বিদ্যুত উন্নয়ন নিগমের আর্থিক বরাদ্দ
—ডাঃ মানস ভুঁইয়া PP-641-642
পশ্চিমবঙ্গে ১৯৯১ সালে বিধানসভা ও লোকসভার নির্বায়নী ব্যয়
—শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ P-960
পশ্চিমবঙ্গে এস ডি পি এ সেন্টার গঠন
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় P-667
পশ্চিমবঙ্গে সরকারি কৃষি খামারের সংখ্যা
—শ্রী ইউনুস সরকার PP-525-526
পাঁচপোতা ভারাডাঙা উচ্চ-বিদ্যালয়ে ডিগ্রি কলেজ স্থাপন

—শ্রী প্রবীর ব্যানার্জি P-949

পাতিপুকুরে পূর্ত বিভাগের কর্মীদের কুটির

—ডাঃ দীপক চন্দ P-798

পান থেকে ভেষজ শিল্প গড়ে তোলার পরিকল্পনা

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-107

পানীয় জল সরবরাহ খাতে ব্যয়িত অর্থ

—শ্রী সত্যরঞ্জন বাপুলী PP-669-670

পুরুলিয়া জেলার কৃষ্ণনগর ও কুঞ্জবন নদী জালোর্ত্তলন প্রকল্প দুটি বৈদ্যুতিকরণের পরিকল্পনা খাতে

—শ্রী ভন্দু মাঝি PP-957-958

পুরুলিয়া জেলায় কৃষি পেনশন প্রাপকের সংখ্যা।

—শ্রী ভন্দু মাঝি P-520

পুরুলিয়া জেলায় কৃষি সম্প্রসারণ আধিকারকের শূন্য পদ

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-673-674

পুরুলিয়া জেলায় ঝালদা পৌরসভাকে সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থ

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-653-654

পুরুলিয়া জেলায় ফল ও সব্জী সংরক্ষক কেন্দ্র স্থাপন

—শ্রী ভন্দু মাঝি এবং শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-511

পুরুলিয়া জেলায় বিদ্যালয়বিহীন গ্রাম-পঞ্চায়েত

—শ্রী সত্যরঞ্জন মাহাতো PP-952-953

পুরুলিয়া জেলায় স্ব-নিযুক্তি প্রকল্প

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-441-442

পুরুলিয়ার জয়পুর পঞ্চায়েত বৈদ্যুতিকরণের কাজ

—শ্রী বিন্দেশ্বর মাহাতো P-963

পুরুলিয়ার বান্দোয়ান রেঞ্জের অসাধু কাঠ ব্যবসায়ী

—শ্রী লক্ষ্মীরাম কিস্কু PP-949-950

পুরুলিয়ায় সামাজিক বন সৃজন

—শ্রী বিন্দেশ্বর মাহাতো P-961-963

পুলিশ খাতে ব্যয়

—শ্রী সত্যরঞ্জন বাপুলি P-642

পুলিশ হেফাজতে বিচারাধীন বন্দির মৃত্যু
—শ্রী অরুণ গোস্বামী PP-309-312
পূর্বানুখা উপস্বাস্থ্য কেন্দ্র
—শ্রী মানিক ভৌমিক P-806
প্রশাসনিক সংস্কার কমিটির সুপারিশ
—শ্রী প্রবোধ পুরকাইত PP-635-636
প্রেস অ্যাক্রিডেশন কার্ডের বিষয়ে সাংবাদিকদের স্মারকলিপি
—শ্রী শীশ মহম্মদ P-515
ফলতায় সরকার অধিগৃহিত শিশু কানন
—শ্রী সত্যরঞ্জন বাপুলী PP-679-680
ফরাক্কা তাপবিদ্যুত কেন্দ্র
—শ্রী আবুল হাসনাৎ খান PP-642-643
ফোর্ট উইলিয়াম
—শ্রী সুব্রত মুখোপাধ্যায় P-645
বর্তমান আর্থিক বছরে অনুমোদিত মাদ্রাসা স্কুলের সংখ্যা
—শ্রী শিবপ্রসাদ মালিক P-955
বর্ধমান জেলার মন্তেশ্বর এলাকায় সরকারি বাস চালানোর পরিকল্পনা
—শ্রী আবু আয়েস মন্ডল PP-680-681
বর্ধমান জেলার সরকারি কৃষি খামার
—শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি PP-515-516
বর্ধমান জেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিশু ভর্তির সংখ্যা
—শ্রী অঞ্জন চ্যাটার্জি P-663
বর্ধমান জেলায় পূর্ত দপ্তরের অধীনে রাস্তার পরিমাণ
—শ্রী সমর বাওরা P-802
বর্ধমান-নবদ্বীপ রুটে সরকারি বাস চালানোর পরিকল্পনা
—শ্রী আবু আয়েস মন্ডল P-964
বনগাঁয় রেশন ব্যবস্থা
—শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ P-442
বনগ্রাম পঞ্চায়েত সমিতিকে উন্নয়ন খাতে বরাদ্দ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-16

বাঁকুড়া ও বীরভূম জেলাতে প্রাপ্ত গ্রানাইট পাথর

—শ্রী আব্দুল মান্নান PP-1044-1046

বাঁকুড়া জেলায় সেচ ব্যবস্থা

—শ্রী অমিয় পাত্র PP-197-198

বাঁকুড়া-দামোদর রেলপথ বন্ধ করার প্রস্তাব

—শ্রী আব্দুল মান্নান P-103

বাঁকুড়া পলিয়েস্টার ফিলামেন্ট ইয়ার্ন প্রকল্প

—শ্রী দিলীপ মজুমদার P-1058

বাকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা

—ডাঃ মানস ভুঁইয়া PP-791-794

বাঁকুড়ায় তফসিলি ছাত্রদের হোস্টেল

—শ্রী হারাধন বাউরি PP-519-520

বাস দুর্ঘটনা

—শ্রী অরুণকুমার গোস্বামী PP-87-90

বারাবনি ও সালানপুর ব্লকে পানীর জল

—শ্রী এস আর দাস P-668

ব্যারাকপুরের জুট রিসার্চ ইনস্টিটিউটের স্থানান্তরকরণ

—শ্রী দিলীপ মজুমদার PP-670-671

বাসন্তী পশু চিকিৎসালয়টির স্থানান্তরকরণ

—শ্রী সুভাষ নস্কর P-674

বিদ্যাসাগর মহাশয়ের বসতবাটি এবং তার প্রতিষ্ঠিত বিদ্যালয়কে সরকার কর্তৃক অধিগ্রহণের পরিকল্পনা

—শ্রীমতী কুমকুম চক্রবর্তী PP-195-196

বিদায় নীতি

—শ্রী দিলীপ মজুমদার P-645

বিদ্যুৎ ঘাটতি দূরীকরণে গৃহীত ব্যবস্থাদি

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-661-662

বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-321

বিধায়কদের মধ্যে ফ্ল্যাট বন্টন

—শ্রী কৃষ্ণধন হালদার P-632

বিবেকানন্দ সেতু ও জুবিলি সেতুর মধ্যে নতুন সেতু নির্মাণ

—শ্রী অরুণকুমার গোস্বামী PP-795-796

বিভিন্ন প্রকল্পের জন্য কেন্দ্রের নিকট আর্থিক দাবি

—ডাঃ দীপক চন্দ PP-200-204

বিভিন্ন পুরসভার অনাদায়ি পুরকর

—শ্রী সুব্রত মুখোপাধ্যায় PP-657-661

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় উত্তর ২৪ পরগনা জেলায় নলকূপ স্থাপন

—শ্রী রবীন্দ্রনাথ মন্ডল P-651

বিষ্ণুপুর গ্রামে হাসপাতাল নির্মাণ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-798

বীরভূম জেলার বিভিন্ন রাস্তায় বাম্প

—শ্রী সাত্ত্বিককুমার রায় P-804

বীরভূম জেলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামীর সংখ্যা

—শ্রী সাত্ত্বিককুমার রায় P-673

"ব্লু ফিল্ম"

—শ্রী মনোহর তিরকি PP-312-313

বুড়িখালি-ঘাসখালি গভীর নলকূপে বিদ্যুত সংযোগ

—শ্রী রাজকুমার মন্ডল PP-621-622

বে-সরকারি কলেজ শিক্ষকদের জন্য পেনশন চালু

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-206-209

বেওয়ারিশ মৃতদেহ সৎকার

—শ্রী সুব্রত মুখার্জি P-321

বেসরকারী হিমঘরগুলি অধিগ্রহণের পরিকল্পনা

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-100-102

বৈদ্যবাটি পুরসভাকে নেহেরু রোজগার যোজনা খাতে বরাদ্দকৃত অর্থ

—শ্রী আব্দুল মান্নান P-654

বোলপুরে এগ্রিকালচারাল মার্কেটিং কমপ্লেক্স স্থাপন
—শ্রী তপন হোড় P-671
বোরো চাষের জন্য জল সরবরাহ
—ডাঃ জয়নাল আবেদিন PP-198-200
ভগবানপুর গ্রামীণ হাসপাতালের কাজ
—শ্রী প্রশান্ত প্রধান PP-800-801
ভারতীয় জলসীমানায় বিদেশী ট্রলারের অনুপ্রবেশ
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-1057
মহকুমা ভাগ
—শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত P-324
মহেশাইন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ডাক্তার খুনের ঘটনা
—শ্রী শীশ মহম্মদ P-322
ময়না-মেদিনীপুর রুটে চলাচলরত বাসের সংখ্যা
—শ্রী মানিক ভৌমিক P-674
মাদক ব্যবসায়ি
—শ্রী দেবপ্রসাদ সরকার P-627
মালডাঙ্গা-কুবাইজপুর সেতু পর্যন্ত রাস্তা নির্মাণ
—শ্রী আবু আয়েস মন্ডল P-805
মালিক কর্তৃক কারখানার জমি বিক্রয়
—শ্রী রাজদেও গোয়ালা PP-620-621
মালদহ পশ্চিম দিনাজপুর ও মুর্শিদাবাদ জেলার বন্যাত্রাণ বাবদ বরাদ্দকৃত অর্থ
—ডাঃ জয়নাল আবেদিন PP-511-512
মালয়েশিয়া থেকে ভোজ্য তৈল আমদানি
—ডাঃ মানস ভুঁইয়া P-440
মাসুল সমীকরণ
—শ্রী মনোহর তিরকি P-642
মীন দ্বীপে হেলিপ্যাড নির্মাণ
—শ্রী সত্যরঞ্জন বাপুলি P-807
মুখ্যমন্ত্রী নিরাপত্তায় বিশেষ পুলিশ

—ডাঃ জয়নাল আবেদিন PP-320-321
মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্লকের জন্য অনুমোদিত নলকুপ স্থাপনের প্রকল্প
—শ্রী আবুল হাসনাৎ খান PP-664-665
মুর্শিদাবাদ জেলায় অকেজো নলকূপের সংখ্যা
—শ্রী নুরুল ইসলাম চৌধুরী PP-654-656
মেট্রো রেলে যাতায়াতের ক্ষেত্রে বিধায়কদের সুযোগ-সুবিধা প্রদান
—শ্রী আবু আয়েস মন্ডল P-514
মেদিনীপুর জেলার শালবনীতে কাজুবাদাম চাষের জমির ও কাজুবাদাম উৎপাদনের পরিমাণ
—শ্রী সুন্দর হাজরা PP-955
মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় কৃষি বিপনণ কেন্দ্রে সংখ্যা
—শ্রী মৃনালকান্তি রায় P-525
মুর্শিদাবাদ জেলায় নবাব এস্টেটের জলকর
—শ্রী তোয়াব আলি P-7
রপ্তানি বাণিজ্য বৃদ্ধি হেতু কর্পোরেশন গঠন
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-634-635
রাজনগরের সিসল ফার্মে উৎপন্ন চারা গাছের রপ্তানি
—শ্রী ধীরেন সেন P-526-527
রাজ্য বিদ্যুৎ পর্ষদের লোকসান
—ডাঃ জয়নাল আবেদিন PP-518-519
রাজ্যে আইনের সাহায্য প্রদান
—শ্রী ইউনিস সরকার PP-663-664
রাজ্যে গৃহহীন মানুষ
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-951-952
রাজ্যে জলবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রস্তাব
—শ্রী দীপক মুখার্জি P-648
রাজ্যে নতুন তাপবিদ্যুৎ কেন্দ্র
—শ্রী তপন হোড় PP-945-947
রাজ্যে শিল্প সম্প্রসারণে আন্তর্জাতিক সংস্থার পরামর্শ
—শ্রী দেবপ্রসাদ সরকার P-649

রাজ্যের পুরসভাগুলির জন্য মহার্ঘভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ
—ডাঃ মানস ভুঁইয়া P-104
রাজ্যের মন্ত্রীদের দেশে এবং বিদেশে ভ্রমণ বাবদ ব্যয়
—শ্রী মনোহর তিরকি P-213
রাজ্যের রাস্তাঘাট সংস্কারের জন্য ব্যয়ের পরিমাণ
—ডাঃ জয়নাল আবেদিন PP-798-799
রাজ্যের হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালগুলির প্রশাসনিক ব্যবস্থা
—শ্রী সোমেন্দ্রনাথ মিত্র P-800
রানাঘাটে খনিজ তেলের সন্ধান
—শ্রী রাজদেও গোয়ালা P-644
রানাঘাটে চূর্ণী নদীর উপর সেতু নির্মাণ
—শ্রী সুভাষ বসু PP-196-197
রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিধানসভায় গৃহীত বিল
—শ্রী দিলীপ মজুমদার ও শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-9
রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলির নতুন বাস চালানার পরিকল্পনা
—শ্রী মনোহর তিরকি এবং শ্রী সুভাষ বসু PP-104-105
রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলির প্রাপ্য অর্থ
—শ্রী আব্দুল মান্নান PP-880-881
রূপনারায়ণপুরে পরিবেশ দূষণ
—শ্রী এস আর দাস PP-667-668
রেশনে ভর্তুকি সম্পর্কে কেন্দ্রীয় নীতি
—শ্রী দিলীপ মজুমদার PP-442-443
লবন শিল্প
—শ্রী মৃনালকান্তি রায় P-643
লেভি ফ্রি সিমেন্টের দাম
—শ্রী আব্দুল মান্নান PP-799-800
লোড ডেসপ্যাচ কেন্দ্র
—শ্রী দীপক মুখার্জি PP-643-644
ল্যাম্পস-এর মাধ্যমে কেন্দু পাতা সংগ্রহ

—শ্রী লক্ষ্মীরাম কিস্কু PP-617-518
শালবণিতে টাকশাল
—শ্রী আব্দুল মান্নান P-639
শান্তিপুরের বৈশ বিদ্যালয়ে শিক্ষকের বেতন
—শ্রী অজয় দে P-952
শিল্প, ধর্মঘটের ফলে শ্রমদিবস নষ্ট
—শ্রী সুব্রত মুখোপাধ্যায় P-443
শিল্প কাঠামো
—শ্রী সোমেন্দ্রনাথ মিত্র P-641
শিলা বৃষ্টিতে মুর্শিদাবাদ জেলায় ক্ষতির পরিমাণ
—শ্রী ইউনুস সরকার P-872
শীল তোরষা নদীর উপর অস্থায়ী সেতু নির্মাণ
—শ্রী মনোহর তিরকী P-807
শ্রীরামপুর ও কৃষ্ণনগর পৌরসভার বে-আইনিভাবে কর্মী নিয়োগের অভিযোগ
—শ্রী দিলীপ মজুমদার P-884
সময়মতো ঋণ পরিশোধে সুবিধাদান
—শ্রী শিশিরকুমার সরকার P-803
সমবায় ব্যাঙ্ক
—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-797-798
সরকারী গ্রন্থাগারের সংখ্যা ও খরচের পরিমাণ
—শ্রী কমলেন্দু সান্যাল P-670
সপ্তম যোজনায় রাজ্যের বিভিন্ন প্রকল্পের জন্য কেন্দ্রীয় অনুদান
—শ্রী অজয় দে P-212
ায়েন্স ভিলেজ
–শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-650
াক্ষরতা কর্মসূচিতে ১৯৯১-৯২ সালে কেন্দ্রে বরাদ্দকৃত অর্থ
–শ্রী আব্দুল মান্নান P-951
টার থিয়েটার অধিগ্রহণের পরিকল্পনা
–শ্রী সুব্রত মুখার্জি P-107
স্ট্যাম্প ভেন্ডারদের ন্যূনতম আয়
–শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি PP-213-214

সি এ ডি সি কেন্দ্র
—শ্রী নটবর বাগদি PP-14-15
সি এইচ জি কর্মীদের ভাতা বাড়ানোর সিদ্ধান্ত
—শ্রী মানিক ভৌমিক P-801
সুন্দরবন সুগারবিট প্রসেসিং কোং
—শ্রী দিলীপ মজুমদার P-649
সুতি থানা এলাকায় খুনের ঘটনা
—শ্রী শীশ মহম্মদ PP-308-309
সেচ ও জলপথ বিভাগের ইঞ্জিনিয়ারদের পদের সংখ্যা
—শ্রী সুভাষ নস্কর PP-963-964
সেচের অভাবে ক্ষতিগ্রস্থ বোরো চাষ
—ডাঃ জয়নাল আবেদিন P-106
সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড কর্তৃক ধার্য কর
—শ্রী সুব্রত মুখোপাধ্যায় PP-656-657
ষ্টেডিয়াম নির্মাণের জন্য কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ
—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-426-430
সোনাখালিতে ভ্রাম্যমান পশু চিকিৎসালয়
—শ্রী সুভাষ নস্কর P-665
হলদিয়া পেট্রো-কেমিক্যালস্ প্রকল্পে ডাউনস্ট্রিম ইউনিট স্থাপন
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-1058-1059
হলদিয়া প্লাষ্টিক ডেভেলপমেন্ট সেন্টার স্থাপন
—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-651-652
হলদিয়া বন্দর সম্প্রসারণ ও আধুনিকীকরণ
—ডাঃ দীপক চন্দ PP-636-638
হাওড়া জেলার শ্যামপুর ১নং ব্লকে দামোদরের চরে নদী জলোত্তোলন প্রকল্প স্থাপনের পরিকল্পনা
—শ্রী রবীন্দ্র ঘোষ PP-956-957
হাওড়ার শ্যামপুর থানায় বৈদ্যুতিকরণ
—শ্রী রাজকুমার মন্ডল P-682
হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ডুমুর জলায় ষ্টেডিয়াম নির্মাণ

—শ্রী জটু লাহিড়ী PP-662-663

হিমঘরগুলিতে আলু রাখার জন্য ভাড়ার হার

—শ্রী আব্দুল মান্নান P-515

হুগলী জেলায় পুলিশ দপ্তরে শূন্য পদ

—শ্রী অরুণকুমার গোস্বামী P-322

হোষ্টেলে পাঠরত আদিবাসী ছাত্রছাত্রী

—শ্রী লক্ষ্মীরাম কিসকু P-517

ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য কেন্দ্রিয় সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকী

—ডাঃ জয়নাল আবেদিন PP-102-103

ক্ষুদ্রসেচ পাম্পের বিদ্যুত চার্জ

—ডাঃ জয়নাল আবেদিন PP-625-626

Ruling from Chair PP-900-901, PP-1085-1089

Statement on Calling Attention

Regarding leakage of Poisonous gas from Bengal Distillery Factory of Shaw Wallace Company at Bhadrakhali Under Uttarpara P.S at Hooghly District

by—Dr. Ambarish Mukhyopadhyay PP-688-689

Regarding alleged dacoity in 54 Down Gour Express on 31.5.92

by—Shri Jyoti Basu P-328-329

Regarding alleged ransacking of twenty houses at Pingla under PS. Pingla on 15th May '92

by—Shri Jyoti Basu PP-326-328

Regarding the beginning of work of the flood protection dam over river Jalangi at Nadia

by—Shri Ganesh Chandra Mondal PP-967-968

Regarding the reported illegal lockout of Tribeni Tissue Company at Bansbaria, Hooghly

by—Shri Santi Ranjan Ghatak PP-445-447

Regarding ransacking at Howrah Municipal Corporation office on 18.6.92

by—Shri Jyoti Basu PP-1062-1063

Regarding non-availability of A.R.V & A.V.S injections in the Govt.